

উপন্যাস সমগ্র


বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

প্রথম খণ্ড



উপন্যাস সমগ্র

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়



প্রথম খণ্ড

উপন্যাসগুলির তালিকা

পথের পাঁচালি
অপরাজিত
আরণ্যক
আদর্শ হিন্দু হোটেল
দৃষ্টি প্রদীপ
দেবযান
বিপিনের সংসার
অনুবর্তন
দুই বাড়ী

পথের পাঁচালী

নিশ্চিন্দিপুর গ্রামের একেবারে উত্তরপ্রান্তে হরিহর রায়ের ক্ষুদ্র কোঠাবাড়ী। হরিহর সাধারণ অবস্থার গৃহস্থ, পৈতৃক আমলের সামান্য জমিজমার আয় ও দু-চার ঘর শিষ্য সেবকের বার্ষিকী প্রণামীর বন্দোবস্ত হইতে সাদাসিধাভাবে সংসার চালাইয়া থাকে।

পূর্বদিন ছিল একাদশী। হরিহরের দূরসম্পর্কীয় দিদি ইন্দির ঠাকুরগণ সকালবেলা ঘরের দাওয়ায় বসিয়া চালভাজার গুঁড়া জলখাবার খাইতেছে। হরিহরের ছয় বৎসরের মেয়েটি চূপ করিয়া পাশে বসিয়া আছে ও পাত্র হইতে তুলিবার পর হইতে মুখে পুরিবার পূর্ব পর্যন্ত প্রতিমুঠা ভাজার গুঁড়ার গতি অত্যন্ত করুণভাবে লক্ষ্য করিতেছে এবং মাঝে মাঝে ক্রমশূন্যায়মান কাঁসার জামবাটির দিকে হতাশভাবে চাহিতেছে। দু-একবার কি বলি বলি করিয়াও যেন বলিতে পারিল না। ইন্দির ঠাকুরগণ মুঠার পর মুঠা উঠাইয়া পাত্র নিঃশেষ করিয়া ফেলিয়া খুকীর দিকে চাহিয়া বলিল, ও মা, তোর জন্যে দুটো রেখে দেলাম না?—ওই দ্যাখো!

মেয়েটি করুণ চোখে বলিল, তা হোক পিতি, তুই খা—

দুটো পাকা বড় বাঁচে—কলার একটা হইতে আধখানা ভাদ্দিয়া ইন্দির ঠাকুরগণ তাহার হাতে দিল। এবার খুকীর চোখ-মুখ উজ্জ্বল দেখাইল—সে পিসিমার হাত হইতে উপহার লইয়া মনোযোগের সহিত ধীরে ধীরে চুষিতে লাগিল।

ও ঘর হইতে তাহার মা ডাকিল, আবার ওখানে গিয়া ধন্য দিয়ে বসে আছে? উঠে আয় ইদিকে।

ইন্দির ঠাকুরগণ বলিল, থাক বৌ—আমার কাছে বসে আছে, ও কিছু করতে নাই। থাক বসে—

তবুও তাহার মা শাসনের সুরে বলিল, না, কেনই বা খাবার সময় ওরকম বসে থাকবে? ওসব আমি পছন্দ করি নে; চলে আয় বল্চি উঠে—

খুকী ভয়ে ভয়ে উঠিয়া গেল।

ইন্দির ঠাকুরগণের সঙ্গে হরিহরের সম্পর্কটা বড় দূরের। মামার বাড়ীর সম্পর্কে কি রকমের বোন। হরিহর রায়ের পূর্বপুরুষের আদি বাড়ী ছিল পাশের গ্রামে যশড়া-বিশুপুুর। হরিহরের পিতা রামচাঁদ রায় মহাশয় অল্প-বয়সে প্রথমবার বিপত্নীক হইবার পরে অত্যন্ত ক্ষোভের সহিত লক্ষ্য করিলেন যে দ্বিতীয়বার তাঁহার বিবাহ দিবার দিকে পিতৃদেবের কোন লক্ষ্যই নাই। বছরখানেক কোনরকমে চক্ষুলজ্জায় কাটাইয়া দেওয়ার পরও যখন পিতার সেদিকে কোন উদ্যম দেখা গেল না, তখন রামচাঁদ মরীয়া হইয়া প্রত্যক্ষে ও পরোক্ষে নানারূপ অস্ত্র ব্যবহার করিতে বাধ্য হইলেন। দুপুরবেলা কোথাও কিছু নাই, সহজ মানুষ রামচাঁদ আহালাদি করিয়া বিছানায় ছটফট করিতেছেন—কেহ নিকটে বসিয়া কি হইয়াছে জানিতে চাহিলে রামচাঁদ সুর ধরিতেন, তাঁহার আর কে আছে, কে-ই বা আর তাঁহাকে দেখিবে—এখন তাঁহার মাথা ধরিলেই বা কি—ইত্যাদি। ফলে এই নিশ্চিন্দিপুর গ্রামে রামচাঁদের দ্বিতীয় পক্ষের বিবাহ হয়, এবং বিবাহের অল্পদিন পরে পিতৃদেবের মৃত্যু হইলে যশড়া-বিশুপুুরের বাস উঠাইয়া রামচাঁদ স্থায়ীভাবে এখানেই বসবাস শুরু করেন। ইহা তাঁহার অল্প বয়সের কথা—রামচাঁদ এ গ্রামে আসিবার পর শ্বশুরের যত্নে টোলে সংস্কৃত পড়িতে আরম্ভ করেন, এবং কালে এ অঞ্চলের মধ্যে ভাল পণ্ডিত হইয়া উঠিয়াছিলেন। তবে কোন বিষয়কর্ম কোনদিন তিনি করেন নাই, করার উপযুক্ত তিনি ছিলেন কিনা, সে বিষয়েও ঘোরতর সন্দেহের কারণ আছে। বৎসরের মধ্যে নয় মাস তাঁহার স্ত্রী-পুত্র শ্বশুরবাড়ীতেই থাকিত। তিনি নিজে পাড়ার পতিরাম মুখুয়্যের পাশার আড্ডায়

অধিকাংশ সময় কাটাওয়া দুইবেলা ভোজনের সময় শ্বশুরবাড়ী হাজির হইতেন মাত্র; যদি কেহ জিজ্ঞাসা করিত—পণ্ডিতমশায়, বৌটা ছেলোটো আছে, আখেরটা তো দেখতে হবে? রামচাঁদ বলিতেন—কোন ভাবনা নেই ভায়া, ব্রজো চকোড়ির ধানের মরাই-এর তলা কুড়িয়ে খেলেও এখন ওদের দু-পুরুষ হেসে-খেলে কাটবে। পরে তিনি ছক্কা ও পঞ্জুড়ির জোড় কি ভাবে মিলাইলে ঘর ভাঙিতে পারিবেন, তাহাই একমনে ভাবিতেন।

ব্রজ চক্রবর্তীর ধানের মরাই-এর নিত্যতা সম্বন্ধে তাঁহার আস্থা যে কতটা বে-আন্দাজী ধরনের হইয়াছিল, তাহা শ্বশুরের মৃত্যুতে পরে রামচাঁদের বুদ্ধিতে বেশী বিলম্ব হয় নাই। এ গ্রামে তাঁহার জমিজমাও ছিল না, নগদ টাকাও বিশেষ কিছু নয়। দুই চারিটি শিষ্য-সেবক এদিকে ওদিকে জুটিয়াছিল, তাহাদের দ্বারা কোন রকমে সংসার চালাইয়া পুত্রটিকে মানুষ করিতে থাকেন। তাঁহার পূর্বে তাঁহার এক জ্ঞাতি-ভ্রাতার বিবাহ তাঁহার শ্বশুরবাড়ীতেই হয়। তাহারাও এখানেই বাস করিয়াছিল। তাহাদের দ্বারাও রামচাঁদের অনেক সাহায্য হইত। জ্ঞাতি-ভ্রাতার পুত্র নীলমণি রায় কমিসেরিয়েটে চাকরি করিতেন, কিন্তু কর্ম উপলক্ষে তাঁহাকে বরাবর বিদেশে থাকিতে হইত বলিয়া তিনি শেষকালে এখানকার বাস একরূপ উঠাইয়া বৃদ্ধা মাতাকে লইয়া কর্মস্থলে চলিয়া যান। এখন তাঁহাদের ভিটাতে আর কেহ নাই।

শোনা যায়, পূর্বদেশীয় এক নামজাদা কুলীনের সঙ্গে ইন্দির ঠাকুরগের বিবাহ হইয়াছিল। স্বামী বিবাহের পর কালেভদ্রে এ গ্রামে পদার্পণ করিতেন। এক-আধ রাতি কাটাওয়া পথের খরচ ও কৌলীন্য-সম্মান আদায় করিয়া লইয়া, খাতায় দাগ আঁকিয়া পরবর্তী নম্বরের শ্বশুরবাড়ী অভিমুখে তলপী-বাহক সহ-রওনা হইতেন, কাজেই স্বামীকে ইন্দির ঠাকুরগ ডাল মনে করিতেই পারে না। বাপ-মায়ের মৃত্যুর পর ভাই-এর আশ্রয়ে দু-মুঠা অন্ন পাইয়া আসিতেছিল, কপালক্রমে সে ভাইও অল্প বয়েসে মারা গেল। হরিহরের পিতা রামচাঁদ অল্প পরেই এ ভিটাতে বাড়ি তুলিলেন এবং সেই সময় হইতেই ইন্দির ঠাকুরগের এ সংসারে প্রথম প্রবেশ। সে সকল আজিকার কথা নহে।

তাহার পর অনেকদিন হইয়া গিয়াছে, শাঁখারীপুকুরে নাল ফুলের বংশের পর বংশ কত আসিয়াছে, চলিয়া গিয়াছে। চক্রবর্তীদের ফাঁকা মাঠে সীতানাথ মুখুয্যে নতুন কলমের বাগান বসাইল এবং সে সব গাছ আবার বৃদ্ধা হইতেও চলিল। কত ভিটায় নতুন গৃহস্থ বসিল, কত জনশূন্য হইয়া গেল, কত গোলক চক্রবর্তী, ব্রজ চক্রবর্তী মরিয়া হাজিয়া গেল, ইছামতীর চলোমি-চঞ্চল স্বচ্ছ জলধারা অনন্ত কালপ্রবাহের সঙ্গে পাল্লা দিয়ে কুটার মত, ডেউয়ের ফেনার মত, গ্রামের নীলকুঠির মত জনসন টমসন সাহেব, কত মজুমদারকে কোথায় ভাসাইয়া লইয়া গেল।

শুধু ইন্দির ঠাকুরগ এখনও বাঁচিয়া আছে। ১২৪০ সালের সে ছিপছিপে চেহারার হাস্যমুখী তরুণী নহে, পঁচাত্তর বৎসরের বৃদ্ধা, গাল তোবড়াইয়া গিয়াছে, মাজা ঈষৎ ভাঙিয়া শরীর সামনে ঝুকিয়া পড়িয়াছে, দূরের জিনিস আগের মত চোখে ঠাহর হয় না, হাত তুলিয়া যেন রৌদ্রের ঝাঁজ হইতে বাঁচাইবার ভঙ্গিতে চোখ ঢাকিয়া বলে, কে আসে? নবীন? বেহারী? না, ও তুমি রাজু...

এই ভিটারই কি কম পরিবর্তনটা ইন্দির ঠাকুরগের চোখের উপর ঘটয়া গেল। ঐ ব্রজ চক্রবর্তীর যে ভিটা আজকাল জঙ্গল হইয়া পড়িয়া আছে, কোজাগরী লক্ষ্মী-পূর্ণিমার দিন গ্রামসুন্দ লোকের সেখানে পাত পাড়িত। বড় চণ্ডীমণ্ডপে কি পাশার আড্ডাটাই বসিত সকালে বিকালে। তখন কি ছিল ঐ রকম বাঁশবন। পৌষ-পার্বণের দিন ঐ টেকিশালে একমণ চাল কোটা হইত পৌষ-পাঁঠার জন্য-চোখ বুজিয়া ভাবিলেই ইন্দির ঠাকুরগ সে সব এখনও দেখিতে পায় যে! ঐ রায়বাড়ীর মেজবৌ লোকজন সঙ্গে করিয়া চাল কুটাইতে আসিয়াছেন, টেকিতে দমাদম পাড় পড়িতেছে, সোনার বাউট রাঙা হাতে একবার সামনে সরিয়া আসিতেছে আবার পিছাইয়া যাইতেছে, জগদ্ধাত্রীর মত রূপ, তেমনি স্বভাবচরিত্র। নতুন যখন ইন্দির ঠাকুরগ বিধবা হইল, তখন প্রতি দ্বাদশীর দিন প্রাতঃকালে নিজের হাতে জলখাবার গোছাইয়া আনিয়া তাহাকে খাওয়াইয়া যাইতেন। কোথায় গেল কে! সেকালের আর কেহ বাঁচিয়া নাই যার সঙ্গে সুখদুঃখের দুটো কথা কয়।

তারপর ঐ সংসারে আশ্রয়দাতা রামচাঁদ মারা গেলেন, তাঁর ছেলে হরিহর তো হইল সেদিন।

রাখিয়া দেশছাড়া হইয়া গেল। আট দশ বছর প্রায় কোন খোঁজখবর ছিল না—কালেভদ্রে এক-আধখানা চিঠি দিত, কখনো কখনো দু'পাঁচ টাকা বুড়ীর নামে মনি অর্ডার করিয়া পাঠাইত। এই বাড়ী আগুলিয়া কত কষ্টে, কতদিন না খাইয়া প্রতিবেশীর দ্বারায় চাহিয়া চিন্তিয়া তাহার দিন গিয়াছে।

অনেকদিন পরে হরিহর আজ ছয় সাত বৎসর আসিয়া ঘর-সংসার পাতিয়াছে, তাহার একটি মেয়ে হইয়াছে—সেও প্রায় ছয় বৎসরেরটি হইতে চলিল। বুড়ী ভাবিয়াছিল এতদিনে সেই ছেলেবেলার ঘর-সংসার আবার বজায় হইল। তাহার সঙ্কীর্ণ জীবনে সে অন্য সুখ চাহে নাই, অন্য প্রকার সুখ-দুঃখের ধারণাও সে করিতে অক্ষম—আশৈশব-অভ্যস্ত জীবনযাত্রার পুরাতন পথে যদি গতির মোড়টা ঘুরিয়া দাঁড়ায় তাহা হইলেই সে খুশী, তাহার কাছে সেইটাই চরম সুখের কাহিনী।

হরিহরের ছোট্ট মেয়েটাকে সে একদণ্ড চোখের আড়াল করিতে পারে না—তাহার নিজেরও এক মেয়ে ছিল, নাম ছিল তার বিশ্বেশ্বরী। অল্প বয়সেই বিবাহ হয় এবং বিবাহের অল্প পরেই মারা যায়। হরিহরের মেয়ের মধ্যে বিশ্বেশ্বরী মৃত্যুপারের দেশ হইতে চল্লিশ বছর পরে তাহার অনাথা মায়ের কোলে আবার ফিরিয়া আসিয়াছে। জল্লিশ বছরের নিভিয়া-যাওয়া ক্ষুদ্র মাতৃহ্ন মেয়েটার মুখের বিপন্ন অপ্রতিভ ভঙ্গিতে, অবোধ চোখের হাসিতে—একমুহূর্তে সচকিত আগ্রহে, শেষ-হইতে চলা জীবনের ব্যাকুল ক্ষুধায় জাগিয়া উঠে।

কিন্তু যাহা সে ভাবিয়াছিল তাহা হয় নাই। হরিহরের বৌ দেখিতে সুন্দরী হইলে কি হইবে, ভারী ঝগড়াটে, তাহাকে তো দুই চক্ষু পাড়িয়া দেখিতে পারে না, বসিয়া বসিয়া অন্তর্দ্বন্দ্ব করিতেছে।

সে খুঁটিনাটি লইয়া বুড়ীর সঙ্গে দুবেলা ঝগড়া বাধায়। অনেকটা ঝগড়া চলিবার পর বুড়ী নিজস্ব একটি পিতলের ঘটী কাঁখে ও ডান হাতে একটা কাপড়ের পুঁটলি ঝুলাইয়া বলিত—চল্লাম নতুন বৌ, আর যদি কখনো এ বাড়ীর মাটি মাড়াই, তবে আমার—। বাড়ী হইতে বাহির হইয়া গিয়া বুড়ী মনের দুঃখে বাঁশবাগানে সারাদিন বসিয়া কাটাইত। বৈকালের দিকে সন্ধান পাইয়া হরিহরের ছোট্ট মেয়েটা তাহার কাছে গিয়া আঁচল ধরিয়া টানটানি আরম্ভ করিত—ওঠ পিতিমা, মাকে বলবো আলু তোকে বক্বে না, আয় পিতিমা। তাহার হাত ধরিয়া সন্ধ্যার অন্ধকারে বুড়ী বাড়ী ফিরিত। সর্বজয়া মুখ ফিরাইয়া বলিত, ঐ এলেন! যাবেন আর কোথায়! যাবার কি আর চুলো আছে এই ছাড়া?...তেজটুকু আছে এদিকে ষোল আনা।

এ রকম উহারা বাড়ী আসার বৎসর-খানেকের মধ্যেই আরম্ভ হইয়াছে-বহবার হইয়া গিয়াছে এবং মাঝে মাঝে প্রায়ই হয়।

হরিহরের পূর্বের ভিটায় খড়ের ঘরখানা অনেকদিন বে-মোরামতি অবস্থায় পড়িয়া আছে। এই ঘরটাতে বুড়ী থাকে। একটা বাঁশের আল্‌নায় খান দুই ময়লা ছেঁড়া থান। ছেঁড়া জায়গাটার দুই প্রান্ত একসঙ্গে করিয়া গেরো বাঁধা। বুড়ী আজকাল ছুঁচে সুতা পরাইতে পারে না বলিয়া কাপড় সেলাই করিবার সুবিধা নাই, বেশী ছিঁড়িয়া গেলে গেরো বাঁধে। একপাশে একখানা ছেঁড়া মাদুর ও কতকগুলি ছেঁড়া কাঁথা। একটা পুঁটলিতে রাজ্যের ছেঁড়া কাপড় বাঁধা। মনে হয় কাঁথা বুনিবার উপকরণ স্বরূপ সেগুলি বহুদিন হইতে সমস্তে সঞ্চিত আছে, কখনও দরকার হয় নাই, বর্তমানে দরকার হইলেও কাঁথা বুনিবার মত চোখের তেজ আর তাহার নাই। তবুও সেগুলি পরম যত্নে তোলা থাকে, ভাদ্রমাসে বর্ষার পর রৌদ্র ফুটিলে বুড়ী সেগুলি খুলিয়া মাঝে মাঝে উঠানে রৌদ্রে দেয়। বেতের পেঁটুরটার মধ্যে একটা পুঁটলি বাঁধা কতকগুলো ছেঁড়া লালপাড় শাড়ী—সেগুলি তাহার মেয়ে বিশ্বেশ্বরীর; একটা পিতলের চাদরের ঘটী, একটা মাটির ছোবা, গোটা দুই মাটির ভাঁড়। পিতলের ঘটিতে চালভাজা ভরা থাকে, রাত্রি হামানদিস্তা দিয়া গুঁড়া করিয়া তাই মাঝে মাঝে খায়। মাটির ভাঁড়গুলার কোনটাতে একটুখানি তেল, কোনটাতে একটু নুন, কোনটাতে সামান্য একটু খেজুরের গুড়। সর্বজয়ার কাছে চাহিলে সব সময় মেলে না বলিয়া বুড়ী সংসার হইতে লুকাইয়া আনিয়া সেগুলি বিবাহের বেতের পেঁটুরার মধ্যে সঞ্চয় করিয়া রাখিয়া দেয়।

সর্বজয়া এ ঘরে আসে ক্ৰটিং কালেভদ্রে কখনো। কিন্তু সন্ধ্যার সময় তার মেয়ে ঘরের দাওয়ায় ছেঁড়া-কাঁথা-পাতা বিছানায় বসিয়া অনেকক্ষণ পর্যন্ত একমনে পিসিমার মুখে রূপকথা শোনে। খানিকক্ষণ

এ-গল্প ও-গল্প শুনিবার পর খুকী বলে,—পিতা, সেই ডাকাতে গল্পটা বল তো! গ্রামের একঘর গৃহস্থবাড়ীতে পঞ্চাশ বছর আগে ডাকাতি হইয়াছিল, সেই গল্প। ইতিপূর্বে বহুবার বলা হইয়া গেলেও কয়েকদিনের ব্যবধানে উহার পুনরাবৃত্তি করিতে হয়, খুকী ছাড়ে না। তাহার পর সে পিসিমার মুখে ছড়া শোনে। সেকালের অনেক ছড়া ইন্দির ঠাকরণের মুখস্থ ছিল। অল্পবয়সে ঘাটে পথে সমবয়সী সঙ্গিনীদের কাছে ছড়া মুখস্থ বলিয়া তখনকার দিনে ইন্দির ঠাকরণ কত প্রশংসা আদায় করিয়াছে। তাহার পর অনেক দিন সে এরকম ধৈর্যশীল শ্রোতা পায় নাই; পাছে মরিচা পড়িয়া যায়, সেইজন্য তাহার জন্য সব ছড়াগুলিই আজকাল প্রতি সন্ধ্যায় একবার ক্ষুদ্র ভাইঝিটির কাছে আবৃত্তি করিয়া ধার শানাইয়া রাখে। টানিয়া টানিয়া আবৃত্তি করে—

ও ললিতে চাঁপকলিতে একটা কথা শুনসে,
রাধার ঘরে চোর ঢুকেছে—

এই পর্যন্ত বলিয়া সে হাসি-হাসি মুখে প্রতীক্ষার দৃষ্টিতে ভাইঝির দিকে চাহিয়া থাকে। খুকী উৎসাহের সঙ্গে বলে—চূড়োবাঁধা এক-মিনসে।—‘মি’ অক্ষরটার ওপর অকারণ জোর দিয়া ছোট মাথাটি সামনে তাল রাখিবার ভাবে ঝুঁকাইয়া পদটার উচ্চারণ শেষ করে। ভারি আমোদ লাগে খুকীর।

তাহার পিসি ভাইঝিকে ঠকাইবার চেষ্টায় এমন সব ছড়া আবৃত্তি করে ও পাদপূরণের জন্য ছাড়িয়া দেয়, যাহা হয়তো দশ পনের দিন বলা হয় নাই—কিন্তু খুকী ঠিক মনে রাখে, তাহাকে ঠকানো কঠিন। খানিক রাত্রে তাহার মা খাইতে ডাকিলে সে উঠিয়া যায়।

পথের পাঁচালী

দ্বিতীয় পরিচ্ছেদ

হরিহর রায়ের আদি বাসস্থান যশড়া-বিষ্ণুপুরের প্রাচীন ধনী-বংশ চৌধুরীরা নিষ্কর ভূমি দান করিয়া যে কয়েক ঘর ব্রাহ্মণকে সেকাল গ্রামে বাস করাইয়া ছিলেন, হরিহরের পূর্বপুরুষ বিষ্ণুরাম রায় তাহাদের মধ্যে একজন।

বৃটিশ শাসন তখনও দেশে বদ্ধমূল হয় নাই। যাতায়াতের পথ সকল ঘোর বিপদসঙ্কুল ও ঠগী, ঠ্যাঙাড়ে, জলদস্যু প্রভৃতিতে পূর্ণ থাকিত। এই ডাকাতে দল প্রায়ই গোয়ালা, বাগ্দী, বাউরী শ্রেণীর লোক। তাহারা অত্যন্ত বলবান—লাঠি এবং সড়কী চালানোতে সুনিপুণ ছিল। বহু গ্রামের নিভৃত প্রান্তে ইহাদের স্থাপিত ডাকাতে-কালীর মন্দিরের চিহ্ন এখনও বর্তমান আছে। দিনমানে ইহারা ভালমানুষ সাজিয়া বেড়াইত, রাত্রে কালীপূজা দিয়া দূর পল্লীতে গৃহস্থ-বাড়ী লুণ্ঠ করিতে বাহির হইত। তখনকার কালে অনেক সমৃদ্ধিশালী গৃহস্থও ডাকাতি করিয়া অর্থ সঞ্চয় করিতেন। বাংলা দেশে বহু জমিদার ও অবস্থাপন্ন গৃহস্থের অর্থের মূলভিত্তি যে এই পূর্বপুরুষ-সঞ্চিত লুণ্ঠিত ধনরত্ন, যাঁহারা ই প্রাচীন বাংলার কথা জানেন, তাঁহারা ইহাও জানেন।

বিষ্ণুরাম রায়ের পুত্র বীর রায়ের এইরূপ অখ্যাতি ছিল। তাঁহার অধীনে বেতনভোগী ঠ্যাঙাড়ে থাকিত। নিশ্চিন্দীপুর গ্রামের উত্তরে যে কাঁচা সড়ক ওদিকে চূয়াডাঙা হইতে আসিয়া নবাবগঞ্জ হইয়া টাকী চলিয়া গিয়াছে, ওই সড়কের ধার দিকান্তবিন্দুত বিশাল সোনাডাঙার মাঠের মধ্যে, ঠাকুরঝি পুকুর নামক সেকালকার এক বড় পুকুরের ধারে ছিল ঠ্যাঙাড়েদের আড্ডা। পুকুরের ধারে প্রকাণ্ড বটগাছের তলে তাহারা লুকাইয়া থাকিত এবং নিরীহ পথিককে মরিয়া তাহার যথাসর্বস্ব অপহরণ করিত। ঠ্যাঙাড়েদের কার্যপ্রণালী ছিল অদ্ভুত ধরনের। পথ-চলতি লোকের মাথায় লাঠির আঘাত করিয়া আগেই তাহাকে মারিয়া ফেলিয়া তবে তাহার কাছে অর্থাৎস্বয়ং করিত—মারিয়া ফেলিবার পর এরূপ ঘটনাও বিচিত্র ছিল না, দেখা গেল নিহত ব্যক্তির কাছে সিকি পয়সাও নাই। পুকুরের মধ্যে লাশ গুঁজিয়া রাখিয়া ঠ্যাঙাড়েরা পরবর্তী শিকারের উপর দিয়া এ বৃথা শ্রমটুকু পোষাইয়া লইবার আশায় নিরীহমুখে পুকুরপাড়ের গাছতলায় ফিরিয়া যাইত। গ্রামের উত্তরে এই বিশাল মাঠের মধ্যে সেই বটগাছ আজও আছে, সড়কের ধারের একটা অপেক্ষাকৃত নিম্নভূমিকে আজও ঠাকুরঝি পুকুর বলে। পুকুরের বিশেষ চিহ্ন নাই, চৌদ্দ আনা ভরাট হইয়া গিয়াছে—ধান আবাদ করিবার সময় চাষীদের লাঙলের ফালে সেই নাবাল জমিটুকু হইতে আজও মাঝে মাঝে নরমুণ্ড উঠিয়া থাকে।

শোনা যায় পূর্বদেশীয় এক বৃদ্ধ ব্রাহ্মণ বালক-পুত্রকে সঙ্গে করিয়া কালীগঞ্জ অঞ্চল হইতে ঢাকা শ্রীপুরের ওদিকে নিজের দেশে ফিরিতেছিলেন। সময়টা কার্তিকমাসের শেষ, কন্যার বিবাহের অর্থসংগ্রহের জন্য ব্রাহ্মণ বিদেশে বাহির হইয়াছিলেন, সঙ্গে কিছু অর্থ ও জিনিসপত্র ছিল। হরিদাসপুরের বাজারে চটিতে রন্ধন-আহারাদি করিয়া তাঁহার দুপুরের কিছু পরে পুনরায় পথে বাহির হইয়া পড়িলেন, ইচ্ছা রহিল যে সম্মুখে পাঁচক্রোশ দূরের নবাবগঞ্জ বাজারের চটিতে রাত্রি যাপন করিবেন। পথের বিপদ তাঁহাদের অবিদিত ছিল, কিন্তু আশ্চর্য্য করিতে কিরূপ ভুল হইয়াছিল—কার্তিক মাসের ছোট দিন, নবাবগঞ্জের বাজারে পৌঁছিবার অনেক পূর্বে সোনাডাঙ্গা মাঠের মধ্যে সূর্যকে ডুবুডুবু দেখিয়া তাঁহার দ্রুতপদে হাঁটিতে আরম্ভ করিলেন। কিন্তু ঠাকুরঝি পুকুরের ধারে আসিতেই তাঁহার ঠ্যাঙাড়েদের হাতে পড়েন।

দস্যুরা প্রথম ব্রাহ্মণের মাথায় এক ঘা লাঠি বসাইয়া দিতেই তিনি প্রাণভয়ে চীৎকার করিতে করিতে পথ ছাড়িয়া মাঠের দিকে ছুটিলেন, ছেলেও বাবার পিছু পিছু ছুটিল। কিন্তু একজন বৃদ্ধ অপরে বালক—ঠ্যাঙাড়েদের সঙ্গে কতক্ষণ দৌড়পাল্লা দিবে? অল্পক্ষণেই তাহারা আসিয়া শিকারের নাগাল ধরিয়া ঘেরাও করিয়া ফেলিল। নিরুপায় ব্রাহ্মণ নাকি প্রস্তাব করেন, যে তাঁহাকে মারা হয় ক্ষতি নাই, কিন্তু তাঁহার পুত্রের জীবনদান—বংশের একমাত্র পুত্র—পিডলোপ ইত্যাদি। ঘটনাক্রমে বীরু রায়ও নাকি সেদিনের দলের মধ্যে স্বয়ং উপস্থিত ছিলেন। ব্রাহ্মণ বলিয়া চিনিতে পারিয়া প্রাণভয়াত বৃদ্ধ তাঁহার হাতে-পায়ে পড়িয়া অন্তত পুত্রটির প্রাণরক্ষার জন্য বহু কাকুতি-মিনতি করেন—কিন্তু সরল ব্রাহ্মণ বুঝেন নাই, তাঁহার বংশের পিডলোপের আশঙ্কায় অপরের মাথাব্যথা হইবার কথা নহে, বরং তাঁহাদিগকে ছাড়িয়া দিলে ঠ্যাঙাড়ে দলের অন্যরূপ আশঙ্কার কারণ আছে। সন্ধ্যার অন্ধকারে হতভাগ্য পিতাপুত্রের মৃতদেহ একসঙ্গে ঠাঙ্গা হেমন্ত রাতে ঠাকুরঝি পুকুরের জলে টোকাপানা ও শ্যামাঘাসের দামের মধ্যে পুঁতিয়া ফেলিবার ব্যবস্থা করিয়া বীরু রায় বাটা চলিয়া আসিলেন।

এই ঘটনার বেশী দিন পরে নয়, ঠিক পর বৎসর পূজার সময়। বাংলা ১২৩৮ সাল। বীরু রায় সপরিবারে নৌকাযোগে তাঁহার স্বশুরবাড়ী হলুদবেড়ে হইতে ফিরিতেছিলেন। নকীপুরের নীচের বড় নোনা গাঙ পার হইয়া মধুমতীতে পড়িবার পর দুই দিনের জোয়ার খাইয়া তবে আসিয়া দক্ষিণ শ্রীপুরের কাছে ইছামতীতে পড়িতে হইত। সেখান হইতে আর দিন-চারেকের পথ আসিলেই স্বগ্রাম।

সারাদিন বাহিয়া আসিয়া অপরাহ্নে ঢাকীর ঘাটে নৌকা লাগিল। বাড়ীতে পূজা হইত। ঢাকীর বাজার হইতে পূজার দ্রব্যাদি কিনিয়া রাত্রিতে সেখানে অবস্থান করিবার পর প্রত্যুষে নৌকা ছাড়িয়া সকলে দেশের দিকে রওনা হইলেন। দিন দুই পরে সন্ধ্যার দিকে ধবলচিত্তের বড় খাল ও ইছামতীর মোহনায় একটা নির্জন চরে জোয়ারের অপেক্ষায় নৌকা লাগাইয়া রন্ধনের যোগাড় হইতে লাগিল। বড় চর, মাঝে মাঝে কাশঝোপ ছাড়া অন্য গাছপালা নাই। একস্থানে মাঝিরা ও অন্যস্থানে বীরু রায়ের স্ত্রী রন্ধন চড়াইয়াছিলেন। সকলেরই মন প্রফুল্ল, দুইদিন পরেই দেশে পৌঁছানো যাইবে। বিশেষত পূজা নিকটে, সে আনন্দ তো আছেই।

জ্যোৎস্না উঠিয়াছিল। নোনা গাঙের জল চক্‌চক্ করিতেছিল। হ-হ হাওয়ায় চরের কাশফুলের রাশি আকাশ, জ্যোৎস্না, মোহনার জল একাকার করিয়া উড়িতেছিল। হঠাৎ কিসের শব্দ শুনিয়া দু-একজন মাঝি রন্ধন ছাড়িয়া উঠিয়া দাঁড়াইয়া চারিদিকে চাহিয়া দেখিতে লাগিল। কাশঝোপের আড়ালে যেন একটা হুটপাট শব্দ, একটা ভয়াকর্ষণ কণ্ঠ একবার অস্বুট চীৎকার করিয়া উঠিয়াই তখনি থামিয়া যাইবার শব্দ। কৌতূহলী মাঝিরা ব্যাপার কি দেখিবার জন্য কাশঝোপের আড়ালটা পার হইতে না হইতে কি যেন একটা হুডুম করিয়া চর হইতে জলে গিয়া ডুব দিল। চরের সেদিকটা জনহীন—কিছু কাহারও চোখে পড়িল না।

কি ব্যাপার ঘটিয়াছে, কি হইল, বুঝিবার পূর্বেই বাকি দাঁড়ি-মাঝি সেখানে আসিয়া পৌঁছিল। গোলমাল শুনিয়া বীরু রায় আসিলেন, তাঁহার চাকর আসিল। বীরু রায়ের একমাত্র পুত্র নৌকাতে ছিল, সে কই? জানা গেল রন্ধনের বিলম্ব দেখিয়া সে খানিকক্ষণ আগে জ্যোৎস্নায় চরের মধ্যে বেড়াইতে বাহির হইয়াছে। দাঁড়ি-মাঝিদের মুখ শুকাইয়া গেল, এদেশের নোনা গাঙ সমুহের অভিজ্ঞতায় তাহারা বুঝিতে পারিল কাশবনের আড়ালে বালির চরে বৃহৎ কুমীর শুইয়া ওৎ পাতিয়া ছিল। ডাঙা হইতে বীরু রায়ের পুত্রকে লইয়া গিয়াছে।

তাহার পর অবশ্য যাহা হয় হইল। নৌকার লগি লইয়া এদিকে ওদিকে খোঁজা-খুঁজি করা হইল, নৌকা ছাড়িয়া মাঝনদীতে গভীর রাত্রি পর্যন্ত সকলে সন্ধান করিয়া বেড়াইল—তাহার পর কান্নাকাটি, হাত-পা ছোঁড়াছুঁড়ি। গত বৎসর দেশের ঠাকুরঝি পুকুরের মাঠে প্রায় এই সময়ে যে ঘটনা ঘটিয়াছিল, যেমন এক অদৃশ্য বিচারক এ বৎসর ইছামতীর নির্জন চরে তাহার বিচার নিষ্পন্ন করিলেন। মুর্খ বীরু রায় ঠকিয়া শিখিলেন যে সে অদৃশ্য ধর্মানধিকরণের দন্ডকে ঠাকুরঝি পুকুরের শ্যামাঘাসের দামে প্রতারিত করিতে পারে না, অন্ধকারেও তাহা আপন পথ চিনিয়া লয়।

বাড়ী আসিয়া বীরু রায় আর বেশী দিন বাঁচেন নাই। এইরূপে তাঁহার বংশে এক অদ্ভুত ব্যাপারের সূত্রপাত হইল। নিজের বংশ লোপ পাইলেও তাঁহার ভাইয়ের বংশাবলী ছিল। কিন্তু বংশের জ্যেষ্ঠ সন্তান কখনও বাঁচিত না, সাবালক হইবার পূর্বেই কোন-না কোন রোগে মারা যাইত। সকলে বলিল, বংশে ব্রহ্মশাপ চুকিয়াছে। হরিহর রায়ের মাতা-তারকেশ্বর দর্শনে গিয়া এক সন্ন্যাসীর কাছে কাঁদাকাটা করিয়া একটি মাদুলি পান। মাদুলির গুণেই হৌক বা ব্রহ্মশাপের তেজ দুই পুরুষ পরে কর্পুরের মত উবিয়া যাওয়ার ফলেই হৌক, এত বয়সেও হরিহর আজও বাঁচিয়া আছে।

পথের পাঁচালী

তৃতীয় পরিচ্ছেদ

দিন কতক পরে।

খুকী সন্ধ্যার পর শুইয়া পড়িয়াছিল। বাড়ীতে তাহার পিসীমা নাই, অদ্য দুই মাসের উপর হইল একদিন তাহার মায়ের সঙ্গে কি বগড়া-ঝাঁটি হওয়ার পর রাগ করিয়া দূর গ্রামে কোন এক আশ্রয়বাড়ীতে গিয়া আছে। মায়েরও শরীর এতদিন বড় অপটু ছিল বলিয়া তাহাকে দেখিবারও কোন লোক নাই। সম্প্রতি মা কাল হইতে আঁতুড় ঘরে ঢোকা পর্যন্ত সে কখন খায় কখন শোয় তাহা কেহ বড় দেখে না।

খুকী শুইয়া-শুইয়া যতক্ষণ পর্যন্ত ঘুম না আসিল, ততক্ষণ পিসিমার জন্য কাঁদিল। রোজ রাত্রে সে কাঁদে। তাহার পর খানিক রাত্রে কাহাদের কথাবার্তা শুনিয়া জাগিয়া উঠিয়া দেখিল, কুড়ুনীর মা দাই রান্নাঘরের ছেঁচতলায় দাঁড়াইয়া কথা বলিতেছে, পাড়ার নেড়ার ঠাকুরমা, আরও কে কে উপস্থিত আছেন। সকলেই যেন ব্যস্ত ও উদ্বিগ্ন। খুকী খানিকটা জাগিয়া থাকিয়া আবার শুইয়া পড়িল।

বাঁশবনে হাওয়া লাগিয়া শিরশির শব্দ হইতেছে, আঁতুড় ঘরে আলো জ্বলিতেছে ও কাহারো কথাবার্তা কহিতেছে। দাওয়ায় জ্যাৎনা পড়িয়াছে, ঠান্ডা হাওয়ায় একটু পরে সে ঘুমাইয়া পড়িল। খানিক রাত্রে ঘুমের ঘোরে একটা অস্পষ্ট আওয়াজ ও গোলমাল শুনিয়া আবার তাহার ঘুম ভাঙিয়া গেল। তাহার বাবা ঘর হইতে বাহির হইয়া আঁতুড় ঘরের দিকে দৌড়িয়া ব্যস্তভাবে বলিতে বলিতে যাইতেছে—কেমন আছে খুড়ী? কি হয়েছে? আঁতুড় ঘরের ভিতর হইতে কেমন ধরণের গলার আওয়াজ সে শুনিতে পাইল। গলার আওয়াজটা তার মায়ের। অন্ধকারের মধ্যে ঘুমের ঘোরে সে কিছু বুঝিতে না পারিয়া চুপ করিয়া খানিকক্ষণ বসিয়া রহিল। তাহার কেমন ভয়-ভয় করিতেছিল। মা ও-রকম করিতেছে কেন? কি হইয়াছে মায়ের?

সে আরও খানিকক্ষণ বসিয়া থাকিয়া কিছু বুঝিতে না পারিয়া শুইয়া পড়িল এবং একটু পরেই ঘুমাইয়া পড়িল। কতক্ষণ পরে সে জানে না—কোথায় যেন বিড়াল ছানার ডাকে তাহার ঘুম ভাঙিয়া গেল। চট্ করিয়া তাহার মনে পড়িল পিসিমার ঘরের দাওয়ায় ভাঙা উনুনের মধ্যে মেনী বিড়ালের ছানাগুলো সে বৈকালবেলা লুকাইয়া রাখিয়া আসিয়াছে—ছেট তুলতুলে ছানা কয়টি, এখনও চোখ ফুটে নাই। ভাবিল—ঐ যাঃ—ওদের হলো বেড়ালটা এসে বাচ্চাগুলোকে সব খেয়ে ফেললে...ঠিক্। ঘুমচোখে উঠিয়া তাড়াতাড়ি সে অন্ধকারের মধ্যে পিসিমার দাওয়ায় গিয়া উনুনের মধ্যে হাত পুরিয়া দেখিল বাচ্চা কয়টি নিশ্চিন্ত মনে ঘুমাইতেছে। হলো বেড়ালের কোন চিহ্ন নাই কোনও দিকে। পারে সে অবাক হইয়া আসিয়া শুইয়া পড়িল এবং একটু পরেই ঘুমাইয়া পড়িল।

ঘুমের ঘোরে আবার কিন্তু কোথায় বিড়ালছানা ডাকিতেছিল।

পরদিন উঠিয়া সে চোখ মুছিতেছে, কুড়ুনীর মা দাই বলিল, ও খুকী, কাল রাত্তিরে তোমার একটা ভাই হয়েছে দেখবা না? ওমা, কাল রাত্তিরে এত চোঁচামেচি, এত কাণ্ড হয়ে গেল—কোথায় ছিলে তুমি? যা কাণ্ড হলো, কালপুরের পীরির দরগায় সিম্নি দেবানে—বড্ডো রক্ষে করেছেন রাত্তিরে।

খুকী এক দৌড়ে ছুটিয়া আঁতুড় ঘরের দুয়ারে গিয়া উঁকি মারিল। তাহার মা আঁতুড়ের খেজুর পাতার বেড়ার গা ঘেঁষিয়া শুইয়া ঘুমাইতেছে। একটি টুকটুকে অসম্ভব রকমের ছোট্ট, প্রায় একটা কাচের বড় পুতুলের চেয়ে কিছু বড় জীব কাঁথার মধ্যে শুইয়া—সেটিও ঘুমাইতেছে। গুলের আঙনের মন্দ মন্দ ধোঁয়ায় ভালো দেখা যায় না। সে খানিকক্ষণ দাঁড়াইয়া থাকিতে থাকিতেই জীবটা চোখ মেলিয়া মিটমিট করিয়া চাহিয়া অসম্ভব রকমের ছোট্ট হাত দুটি নাড়িয়া নিতান্ত দুর্বলভাবে অতি ক্ষীণ সুরে কাঁদিয়া উঠিল। এতক্ষণ পরে খুকী বুঝিল রাত্রিতে বিড়ালছানার ডাক বলিয়া যাহা মনে করিয়াছিল তাহা কি। অবিকল বিড়ালছানার ডাক—দূর হইতে শুনিলে কিছু বুঝিবার জো নাই। হঠাৎ অসহায়, অসম্ভব রকমের ছোট্ট নিতান্ত ক্ষুদে ভাইটির জন্য দুঃখে, মমতায়, সহানুভূতিতে খুকীর মন পরিপূর্ণ হইয়া উঠিল। নেড়ার ঠাকুরমা ও কুড়ুনীর মা দাই বারণ করাতে সে ইচ্ছা সত্ত্বেও আঁতুড় ঘরে ঢুকিতে পারিল না।

মা আঁতুড় হইতে বাহির হইলে খোকাক ছোট্ট দোলাতে দোল দিতে দিতে খুকী কত কি ছড়া গান করে। সঙ্গে সঙ্গে কত সন্ধ্যাদিনের কথা, পিসিমার কথা মনে আসিয়া তাহার চোখ জলে ভিজিয়া যায়। এই রকমের কত ছড়া যে পিসিমা বলিত! খোকা দেখিতে পাড়ার লোক ভাঙ্গিয়া আসে। সকলে দেখিয়া বলে, ঘর-আলো-করা খোকা হয়েছে, কি মাথায় চুল, কি রং! বলাবলি করিতে করিতে যায়—কি হাসি দেখেচ ন' দি?

খুকী কেবল ভাবে, তাহার পিসিমা একবার যদি আসিয়া দেখিত! সবাই দেখিতেছে, আর তাহাদের পিসিমাই কোথায় গেল চলিয়া—আর কখনো ফিরিয়া আসিবে না? সে ছেলমানুষ হইলেও এটুকু বুঝিয়াছে যে, এ বাড়ীতে বাবা কি মা কেহই পিসিমাকে ভালবাসে না, তাহাকে আনিবার জন্য কেহ গা করিবে না। দিনমানে পিসির ঘরের দিকে চাহিলে মন কেমন করে, ঘরের কপাটটা এক এক দিন খোলাই পড়িয়া থাকে। দাওয়ায় চামচিকার নাদি জমিয়াছে। উঠানে সে-রকম আর ঝাঁট পড়ে না, এখানে শেওড়ার চারা, ওখানে কচু গাছ—পিসিমা বুঝি হইতে দিত? খুকীর বড় বড় চোখ জলে ভরিয়া যায়—সেই ছড়া, সেই সব গল্প খুকী কি করিয়া ভোলে।

সেদিন হরি পালিতের মেয়ে আসিয়া তাহার মাকে বলিল, তোমাদের বুড়ী ঘাটের পথে দেখি মাঠের দিক থেকে একটা ঘটা আর পুঁটলি হাতে করে আসছে—এসে চক্কোত্তি মশায়দের বাড়ীতে ঢুকে বসে আছে, াও দুগগাকে পাঠিয়ে দাও, হাত ধরে ডেকে আনুক, তাহ'লে রাগ পড়বে এখন—

হরি পালিতেরই বাড়ী বসিয়া বুড়ী তখন পাড়ার মেয়েদের মুখে হরিহরের ছেলে হওয়ার গল্প শুনিতেছিল।

ও পিতি!

বুড়ী চমকিয়া চাহিয়া দেখিল দুর্গা হাঁপাইতেছে, যেন অত্যন্ত ছুটিয়া আসিয়াছে। বুড়ী ব্যগ্রভাবে দুর্গাকে হাত বাড়াইয়া ধরিতে গেল—সঙ্গে সঙ্গে দুর্গা ঝাঁপাইয়া বুড়ীর কোলে পড়িল—তাহার মুখে হাসি অথচ চোখে জল—উঠানে ঝি-বউ যাঁহার উপস্থিত ছিলেন, অনেকের চোখে জল আসিল। প্রবীণ হরি পালিতের স্ত্রী বলিলেন—নেও ঠাকুরবি, ও তোমার আর জন্মে মেয়ে ছিল, সেই মেয়েই তোমার আবার ফিরে এসেছে—

বাড়ী আসিলে খোকাকে দেখিয়া তো বুড়ী হাসিয়া কাঁদিয়া সারা হইল। কতদিন পরে ভিটায় আবার চাঁদ উঠিয়াছে।

বুড়ী সকালে উঠিয়া মহা খুশিতে ভিতর উঠান ঝাঁট দেয়, আগাছার জঙ্গল পরিষ্কার করে। দুর্গার মনে হয় এতদিনে আবার সংসারটা যেন ঠিকমত চলিতেছে, এতদিন যেন কেমন ঠিক ছিল না।

দুপুরে আহার করিয়া বুড়ী খিড়কির পিছনে বাঁশবনের উপর বসিয়া কঞ্চি কাটে। সেদিকে আর নদীর ধার পর্যন্ত লোকজনের বাস নাই, নদী অবশ্য খুব নিকটে নয়, প্রায় একপোয়া পথ—এই সমস্তটা শুধু বড় বড় আমবাগান ও বুপসি বাঁশবন ও অন্যান্য জঙ্গল। কঞ্চি কাটার সময় দুর্গা আসিয়া কাছে বসে, আবোল-তাবোল বকে। ছোট এক বোঝা কাটা কঞ্চি জড়ো হইলে দুর্গা সেগুলি বহিয়া বাড়ীর মধ্যে রাখিয়া আসে। কঞ্চি কাটিতে কাটিতে মধ্যাহ্নের অলস আমেজে শীতল বাঁশবনের ছায়ায় বুড়ীর নানা কথা মনে আসে।

সেই কতকাল আগের কথা সব।

সেই তিনি বার-তিনেক আসিয়াছিলেন—স্বপ্নের মতো মনে পড়ে। একবার তিনি পুঁটুলির মধ্যে কি খাবার আনিয়াছিলেন। বিশেষরী তখন দুই বৎসরের। সকলে বলিল, ওলা—চিনির ডেলার মত। ঘটীর জলে গুলিয়া সেও একটু খাইয়াছিল। সেই একজন লোক আসিল—পুরানো সেই পেয়ারা গাছটার কাছে ঠিক সন্ধ্যার সময় আসিয়া দাঁড়াইল, শ্বশুরবাড়ীর দেশ হইতে আসিয়াছে, একখানা চিঠি। চিঠি পড়িবার লোক নাই, ভাই গোলোকও পূর্ব বৎসর মারা গিয়াছে—ব্রজকাকার চণ্ডীমন্ডপে পাশার আড্ডায় সে নিজে পত্তরখানা লইয়া গেল। সেদিনের কথা আজ স্পষ্ট মনে হয়—ন-জ্যেঠা, মেজ জ্যেঠা, ব্রজ কাকা, ও-পাড়ার পতিত রায়ের ভাই যদু রায়, আর ছিল গোলোকের সম্বন্ধী ভজহরি। পত্তর পড়িলেন সেজ জ্যেঠা। অবাক হইয়া জিজ্ঞাসা করিলেন—কে আনলে এ চিঠি রে ইন্দির? তাহার পর ইন্দির ঠাকুরগকে বাড়ী আসিয়া তখনই হাতের নোয়া ও প্রথম যৌবনের সাধের জিনিস বাপ-মায়ের দেওয়া রূপার পৈছেজোড়া খুলিয়া রাখিয়া কপালের সিন্দুর মুছিয়া নদীতে স্নান করিয়া আসিতে হইল। কত কালের কথা—সে সব স্বপ্ন হইয়া গিয়াছে, তবু যেন মনে হয় সেদিনের!...

নিবারণের কথা মনে হয়—নিবারণ, নিবারণ! ব্রজ কাকার ছেলে নিবারণ! ষোল বৎসরের বালক, কি টকটকে গায়ের রং কি চুল! ঐ সে চণ্ডীমন্ডপের পোতা জঙ্গলে ঢাকা পড়িয়া আছে, বাঁশবনের মধ্যে—ওই ঘরে সে কঠিন জ্বররোগে শয্যাগত হইয়া যায়-যায় হইয়াও দুই-তিন-দিন রহিল। আহা, বালক সর্বদা জল জল করিত কিন্তু ঈশান কবিরাজ জল দিতে বারণ করিয়াছিলেন—মৌরীর পুঁটুলি একটু করিয়া চুষানো হইতেছিল। নিবারণ চতুর্থ দিন রাত্রে মারা গেল, মৃত্যুর একটু আগেও সেই জল জল তার মুখে বুলি—তবুও একবিন্দু জল তাহার মুখে ঠেকানো হয় নাই। সেই ছেলে মারা যাওয়ার পর পাঁচদিনের মধ্যে বড় খুড়ীর মুখে কেউ জল দেওয়াইতে পারে নাই—পাঁচদিনের পর ভাঙ্গুর রামচাঁদ চক্কোত্তি নিজে ভাত্ববধুর ঘরে গিয়া হাত জোড় করিয়া বলিলেন—তুই চলে গেলে আমার কি দশা হবে? এ বুড়ো বয়সে কোথায় যাব মা? বড় খুড়ী বনিয়াদী ধনী ঘরের মেয়ে ছিলেন—জগদ্ধাত্রীর মত রূপ, অমন রূপসী বধু এ অঞ্চলে ছিল না। স্বামীর পদোদক না খাইয়া কখনও জল খান নাই—সেকালের গৃহিনী, রন্ধন করিয়া আত্মীয়-পরিজনকে খাওয়াইয়া নিজে তৃতীয় প্রহরে সামান্য আহার করিতেন। দান-ধ্যানে, অন্ন-বিতরণে ছিলেন সাক্ষাৎ অন্নপূর্ণা। লোককে রাখিয়া খাওয়াইতে বড় ভালবাসিতেন। তাই ভাঙ্গুরের কথায় মনের কোমল স্থানে বৃষ্টি যা লাগিল—তাহার পর তিনি উঠিয়াছিলেন ও জলগ্রহণ করিয়াছিলেন বটে কিন্তু বেশীদিন বাঁচেন নাই, পুত্রের মৃত্যুর দেড় বৎসরের মধ্যেই তিনিও পুত্রের অনুসরণ করেন।

একটু জল দে মা—এতটুকু দে—

জল খেতে নেই, ছিঃ, বাবা—কবরেজ মশায় যে বারণ করেচেন—জল খায় না—

এতটুকু দে—এক টোক খাই মা—পায়ে পড়ি...

দুপুরের পাখপাখালির ডাকে সুদূর পঞ্চাশ বছরের পার হইতে বাঁশের মর্ মর্ শব্দ কানে ভাসিয়া আসে।

খুকী বলে—পিতা, তোর ঘুম নেগেচে? আয় শুবি চল্।

হাতের দা-খানা রাখিয়া বুড়ী বলে—ওই দ্যাখো, আবার পোড়া ঝিমুনি ধরেছে—অবেলায় এখন আর শোবো না মা—এইগুলো সাক্ষ করে রাখি—নিয়ে আয় দিকি ঐ বড় আগালেডা?

খোকা প্রায় দশ মাসের হইল। দেখিতে রোগা রোগা গড়ন, অসম্ভব রকমের ছোট্ট মুখখানি। নীচের মাড়িতে মাত্র দু'খানি দাঁত উঠিয়াছে। কারণে অকারণে যখন-তখন সে সেই দু'খানি মাত্র দুধে-দাঁতওয়ালা মাড়ি বাহির করিয়া হাসে। লোকে বলে—বৌমা, তোমার খোকার হাসিটা বায়না করা। খোকাকে একটুখানি ধরাইয়া দিলে আর রক্ষা নাই, আপনা হইতে পাগলের মত এত হাসি সুরু করিবে যে, তাহার মা বলে—আচ্ছা খোকন, আজ থামো, বড্ড হেসেচো, আজ বড্ড হেসেচো—আবার কালকের জন্যে একটু রেখে দাও। মাত্র দুইটি কথা সে বলিতে শিখিয়াছে। মনে সুখ থাকিলে মুখে বলে জে-জে-জে-জে এবং দুধে-দাঁত বাহির করিয়া হাসে। মনে দুঃখ হইলে বলে, না-না-না-না ও বিশ্রী রকমের চীৎকার করিয়া কাঁদিতে শুরু করে। যাহা সামনে পায়, তাহারই উপর ঐ নতুন দাঁত দু'খানির জোর পরখ করিয়া দেখে—মাটির ঢেলা, এক টুকরো কাঠ, মায়ের আঁচল; দুধ খাওয়াইতে বসিলে কে এক সময় সে হঠাৎ কাঁসার ঝিনুকখানাকে মহা আনন্দে নতুন দাঁত দু'খানি দিয়া জোরে কামড়াইয়া ধরে। তাহার মা খিল্ খিল্ করিয়া হাসিয়া উঠিয়া বলে—ওকি, হাঁরে ও খোকা, ঝিনুকখানাকে কামড়ে ধল্লি কেন?—ছাড় ছাড়—ওরে করিস কি—দু'খানা দাঁত তো তোর মোটে সম্বল—ভেঙে গেলে হাসবি কি করে শুনি? খোকা তবুও ছাড়ে না। তাহার মা মুখের ভিতর আঙুল দিয়া অতিকষ্টে ঝিনুকখানাকে ছাড়াইয়া লয়।

খুকীর উপর সব সময় নির্ভর করিয়া থাকা যায় না বলিয়া রান্নাঘরের দাওয়া খানিকটা উঁচু করিয়া বাঁশের বাখারি দিয়া ঘিরিয়া তাহার মধ্যে খোকাকে বসাইয়া রাখিয়া তাহার মা নিজের কাজ করে। খোকা কাটরার মধ্যে শুনানি হওয়া ফৌজদারী মামলার আসামীর মত আটক থাকিয়া কখনো আপন মনে হাসে, অদৃশ্য শ্রোতাগণের নিকট দুর্বোধ ভাষায় কি বকে, কখনো বাখারির বেড়া ধরিয়া দাঁড়াইয়া উঠিয়া বাঁশবনের দিকে চাহিয়া থাকে। তাহার মা ঘাট হইতে মান করিয়া আসিলে—মায়ের ভিজ়ে কাপড়ের শব্দ পাইতেই খোকা খেলা হইতে মুখ তুলিয়া এদিক-ওদিক চাহিতে থাকে ও মাকে দেখিতে পাইয়া একমুখ হাসিয়া বাখারির বেড়া ধরিয়া উঠিয়া দাঁড়ায়। তার মা বলে—একি, ওমা, এই কাজল পরিয়ে মুখ মুছিয়ে দিয়ে গেলাম, একেবারে হাঁড়িচাচা পাখী সেজে বসে আছে? দেখি, এদিকে আয়। জোর করিয়া নাকমুখ রগড়াইয়া কাজল উঠাইতে গিয়া খোকার রাঙা মুখ একেবারে সিঁদুর হইয়া যায়—মহা আপত্তি করিয়া রাগের সহিত বলে, জে-জে-জে-জে, তাহার মা শোনে না।

ইহার পর মায়ের হাতে গামছা দেখিলেই খোকা খল্বল করিয়া হামাগুড়ি দিয়া একদিকে ছুটিয়া পালাইতে যায়, এক একদিন ঘাট হইতে আসিয়া সর্বজয়া বলে— খোকন বলে টু—উ—উ! দোলা তো খোকা' দোলে দোলে খোকন দোলে—! খোকা অমনি বসিয়া পড়িয়া সামনে পিছনে বেজায় দুলিতে থাকে ও মনের সুখে ছোট্ট হাত দুটি নাড়িয়া গান ধরে—

(গীত)

জে—এ—এ—জে—জে—জে—এ—এ—ই

জে—জে—জে—জে—এ

জে—জে—জে—জে—জে—জে

তার মা বলে, আচ্ছা থামো আর দুলো না খোকা, হয়েছে। কখনো কখনো কাজ করিতে করিতে সর্বজয়া কান পাতিয়া শুনিত, খোকার বেড়ার ভিতর হইতে কোন শব্দ আসিতেছে না—যেন সে চূপ করিয়া গিয়াছে। তাহার বুক ধড়াস্ করিয়া উঠিত—শেষালে নিয়ে গেল না তো? সে ছুটিয়া আসিয়া দেখিত খোকা সাজি উপড়-করা একরাশ চাঁপা ফুলের মত মাটির উপর বে-কায়দায় ছোট্ট হাতখানি রাখিয়া কখন ঘুমাইয়া পড়িয়াছে, চারিদিক হইতে নালসে পিঁপড়ে, মাছি ও সূড়সুড়ি পিপড়ের দল মহালোভে ছুটিয়া আসিতেছে, খোকার পাতলা পাতলা রাঙা ঠোঁট দুটা ঘূমের ঘোরে যেন একটু একটু কাঁপিতেছে, ঘূমের ঘোরে সে যেন মাঝে মাঝে টোক গিলিয়া জোরে জোরে নিশ্বাস ফেলিতেছে—যেন জাগিয়া উঠিল, আবার তখনই এমন ঘুমাইয়া পড়িতেছে যে নিশ্বাসের শব্দটিও পাওয়া যাইতেছে না।

সকাল হইতে সন্ধ্যা ও সন্ধ্যা হইতে অনেক রাত্রি পর্যন্ত তাহাদের বাঁশবাগানের ধারে নির্জন বাড়ীখানি দশ মাসের শিশুর অর্থহীন আনন্দ-গীতি ও অবোধ কলহাস্যে মুখরিত থাকে।

মা ছেলেকে স্নেহ দিয়া মানুষ করিয়া তোলে, যুগে যুগে মায়ের গৌরবগাথা তাই সকল জনমনের বার্তায় ব্যক্ত। কিন্তু শিশু যা মাকে দেয়, তাই কি কম? সে নিঃশ্ব আসে বটে, কিন্তু তার মন-কাড়িয়া-লওয়া হাসি, শৈশবতারল্য, চাঁদ ছানিগাড়া মুখ, আধ আধ আবেল-তাবেল বকুনির দাম কে দেয়? ওই তার ঐশ্বর্য, ওরই বদলে সে সেবা নেয়, রিক্ত ভিক্ষকের মত নেয় না।

এক একদিন যখন হরিহর বাজারের হিসাব কি নিজের লেখা লইয়া ব্যস্ত আছে—সর্বজয়া ছেলেকে লইয়া গিয়া বলে, ওগো, ছেলেটাকে একটু ধরো না? মেয়েটা কোথায় বেরিয়েছে—ঠাকুরবি! গিয়েচে ঘাটে...ধরো দিকি একটু! আমি নাইবো, না, ছেলে ঘাড়ে করে বসে থাকলেই হবে? হরিহর বলে—উঁহু, ওসব গোলমাল এখন এখানে নিয়ে এসো না, বড় ব্যস্ত। সর্বজয়া রাগিয়া ছেলেকে ফেলিয়া রাখিয়া চলিয়া যায়। হরিহর হিসাবপত্র লিখিতে লিখিতে হঠাৎ দেখে ছেলে তার চটিজুতার প্যাটিটা মুখে দিয়া চিবাইতেছে। হরিহর জুতাখানা কাড়িয়া লইয়া বলে—আঃ, দ্যাখো, বাধিয়ে গেল এক কাণ্ড, আছি একটা কাজ নিয়ে।

হঠাৎ একটা চুড়ই পাখী আসিয়া রোয়াকের ধারে বসে। খোকা বাবার মুখের দিকে চাহিয়া অবাক হইয়া সেদিকে দেখাইয়া হাত নাড়িয়া বলে—জে—জে—জে—জে—

হরিহরের বিরক্তি দূর হইয়া গিয়া ভারি মমতা হয়।

অনেক দিন আগের এক রাত্রির কথা মনে পড়ে।

নতুন পশ্চিম হইতে আসিয়া সেদিন সে গ্রামের সকলের পরামর্শে শ্বশুরবাড়ী স্ত্রীকে আনিতে গিয়াছিল। দুপুরের পর শ্বশুরবাড়ীর গ্রামের ঘাটে নৌকা পৌঁছিল। বিবাহের পর একটিবার মাত্র সে এখানে আসিয়াছিল, পথঘাট মনে ছিল না, লোককে জিজ্ঞাসা করিয়া সে শ্বশুরবাড়ীর সম্মুখে উপস্থিত হইল। তাহার ডাকাডাকিতে একটি গৌরঙ্গী ছিপছিপে চেহারার তরুণী কে ডাকিতেছে দেখিবার জন্য বাইরের দরজায় দাঁড়াইল, এবং তাহার সহিত চোখাচোকি হওয়াতে সেখান হইতে চট করিয়া সরিয়া বাড়ীর মধ্যে ঢুকিয়া পড়িল—হরিহর ভাবিতে লাগিল, মেয়েটি কে? তাহার স্ত্রী নয় তো? সে কি এত বড় হইয়াছে?

রাত্রিতে সন্ধান মিলিল। সর্বজয়া দারিদ্র্য হইতে রক্ষিত তাহার মায়ের একখানা লালপাড় মটকা শাড়ী পরিয়া অনেক রায়ে ঘরে আসিল। হরিহর চাহিয়া দেখিয়া বিস্মিত হইল। দশ বৎসর আগেকার সে বালিকাপত্নীর কিছুই আর এই সুন্দরী তরুণীতে নাই—কে যেন ভাগিয়া নতুন করিয়া গড়িয়াছে। মুখের সে কচিভাবটুকু আর নাই বটে, কিন্তু তাহার স্থানে যে সৌন্দর্য ফুটিয়াছে তাহা যে খুব সুলভ নহে হরিহরের সেটুকু বুঝিতে দেরি হইল না। হাত-পায়ের গঠন, গতিভঙ্গি সবই নিখুঁত ও নতুন।

ঘরে ঢুকিয়া সর্বজয়া প্রথমটা খতমত খাইয়া গেল। যদিও সে বড় হইয়াছে, এ পর্যন্ত স্বামীর সহিত দেখা একরূপ ঘটে নাই বলিলেই চলে। নববিবাহিতার সে লজ্জাটুকু তাহাকে যেন নতুন করিয়া পাইয়া বসিল। হরিহর প্রথমে কথা কহিল। স্ত্রীর ডানহাতখানা নিজের হাতের মধ্যে লইয়া বিছানায় বসাইয়া বলিল—বঁসো এখানে, ভাল আছো?

সর্বজয়া মৃদু হাসিল। লজ্জাটা যেন কিছু কাটিয়া গেল। বলিল—এতদিন পরে বুঝি মনে পড়লো? আচ্ছা, কি বলে এতদিন ডুব মেরে ছিলে? পরে সে হাসিয়া বলিল—কেন, কি দোষ করেছিলাম বলো তো?

স্ত্রীর কথাবার্তায় আজ পাড়াগাঁয়ের টান ও ভঙ্গিটুকু হরিহরের নতুন ও ভারি মিষ্টি বলিয়া মনে হইল। পরে সে লক্ষ্য করিয়া দেখিল স্ত্রীর হাতে কেবল গাছকয়েক কড় ও কাঁচের চুড়ি ছাড়া অন্য কোন গহনা নাই। গরিব ঘরের মেয়ে, দিবার কেহ নাই, এতদিন খবর না লইয়া ভারি অন্যায় করিয়াছে সে। সর্বজয়াও চাহিয়া চাহিয়া স্বামীকে দেখিতে ছিল। আজ সারাদিন সে চারি-পাঁচ বার আড়াল হইতে উঁকি মারিয়া দেখিয়াছে—স্বাস্থ্যময় যৌবন হরিহরের সুগঠিত শরীরের প্রতি অঙ্গে যে বীরের ভঙ্গি আনিয়া দিয়াছে, তাহা বাংলা দেশের পত্নীতে সচরাচর চোখে পড়ে না। বাপমায়ের কথাবার্তায় আজ সে শুনিয়াছে তাহার স্বামী পশ্চিম হইতে নাকি খুব লেখাপড়া শিখিয়া আসিয়াছে, টাকাকড়ির দিক হইতেও

দু'পয়সা না আনিয়াছে এমন নয়। এতদিনে তাহার দুঃখ ঘুটিল, ভগবান বোধ হয় এতদিনে মুখ তুলিয়া চাহিয়াছেন। সকলেই বলিত স্বামী তাহার সন্ন্যাসী হইয়া গিয়াছে—আর কখনো ফিরিবে না। মনে-প্রাণে একথা বিশ্বাস না করিলেও স্বামীর পুনরাগমন এতকাল তাহার কাছে দুরাশার মতই ঠেকিয়াছে। কত রাত্রি দুশ্চিন্তায় জাগিয়া কাটাইয়াছে, গ্রামের বিবাহ উপনয়নের উৎসবে ভাল করিয়া যোগ দিতে পারে নাই—সকলেই আহা বলে, গায়ে পড়িয়া সহানুভূতি জানায়; অভিমানে তাহার চোখে জল আসিত—অনাবিল যৌবনের সোনালী কল্পনা এতদিন শুধু আড়ালে আবড়ালে নির্জন রাত্রিতে চোখের জলে ঝরিয়া পড়িয়াছে, কাহারও কাছে মুখ ফুটিয়া প্রকাশ করে নাই, কিন্তু বসিয়া বসিয়া কতদিন ভাবিত—এই তো সংসারের অবস্থা, যদি সত্যসত্যই স্বামী ফিরিয়া না আসে, তবে বাপমায়ের মৃত্যুর পরে কোথায় দাঁড়াইবে—কে আশ্রয় দিবে?

এতদিনে কিনারা মিলিল।

হরিহর হাসিয়া জিজ্ঞাসা করিল—আচ্ছা, আমাকে যখন তুমি ওবেলা দরজার বাইরে দেখলে—তখন চিনতে পেরেছিলে? সত্যি কথা বোলো কিন্তু—

সর্বজয়া হাসিয়া বলিল—নাঃ, তা চিনবো কেন! প্রথমটা ঠিক বুঝতে পারিনি, তারপর তখুনি—
—আন্দাজে—

—আন্দাজে নয় গো, আন্দাজে নয়—সত্যি-সত্যি! দেখলে না, তখুনি মাথায় কাপড় দিয়ে বাড়ীর মধ্যে ঢুকলাম? তারপর একটু চুপ করিয়া থাকিয়া জিজ্ঞাসা করিল, আচ্ছা, তুমি বল তো, আমায় চিনতে পেরেছিলে? বল তো গা ছুঁয়ে?

নানা কেজো-অকেজো কথাবার্তায় রাত বাড়িতে লাগিল। পরলোকগত দাদার কথা উঠিতে সর্বজয়ার চোখের জল আর বাঁধ মানে না। হরিহর জিজ্ঞাসা করিল—বীণার বিয়ে কোথায় হল? ছোট শালীর নাম জানিত না, আজই শ্বশুরের মুখে শুনিয়াছে।

—তার বিয়ে হোল কুড়ুলে বিনোদপুর—ওই যে বড় গাঙ, কি বলে? মধুমতী।—সেই মধুমতীর ধারে।

একটা প্রশ্ন বার বার সর্বজয়ার মনে আসিতে লাগিল—স্বামী তাকে লইয়া যাইবে তো? না, দেখাশুনা করিয়া আবার চলিয়া যাইবে সেই কাশী গয়া? বলি বলি করিয়াও মুখ ফুটিয়া সে কথাটা কিন্তু কোনরূপেই জিজ্ঞাসা করিতে পারিল না—তাহার মনের ভিতর কে যেন বিদ্রোহ ঘোষণা করিয়া বলিল—না নিয়ে যাক্ গে—আবার তা নিয়ে বলা, কেন এত ছোট হতে যাওয়া?—

হরিহর সমস্যার সমাধান নিজ হইতেই করিল। বলিল—কাল চল তোমাকে বাড়ী নিয়ে যাই নিশ্চিন্দিপুর্নে—

সর্বজয়ার বুক ধড়াস করিয়া যেন ঢেকীর পাড় পড়িল—সামলাইয়া লইয়া মুখে বলিল—কালই কেন? এ্যাদিন পরে এলে—দুদিন থাকো না কেন? বাবা মা কি তোমায় এখন ছেড়ে দেবেন? পরশু আবার আমার বকুলফুলের বাড়ী তোমায় নেমন্তন্ন করে গিয়েছে—

—কে তোমার বকুলফুল?...

—এই গায়েই বাড়ী—এ পাড়ায়, আমার ও-পাড়াতে বিয়ে হয়েছে। পরে সে আবার হাসিয়া বলিল, কাল সকালে তোমাকে দেখতে আসবে বলেচে যে—

কথাবার্তার স্রোত একইভাবে চলিল—রাত্রি গভীর হইল। বাড়ীর ধারেই সজনে গাছে রাতজাগা পাখী অদ্ভুত রব করিয়া ডাকিতেছিল। হরিহরের মনে হইল বাংলার এই নিভৃত পল্লীপ্রান্তের বাঁশবনের ছায়ায় একখানি স্নেহব্যগ্র গৃহকোণ যখন তাহার আগমনের আশায় মাসের পর মাস, বৎসরের পর বৎসর অভ্যর্থনাসজ্জা সাজাইয়া প্রতীক্ষা করিয়াছে, কিসের সন্ধ্যানেই সে তখন পশ্চিমের অনুর্বর অপরিচিত মরু-পাহাড়ের ফাঁকে ফাঁকে গৃহহীন নিরাশ্রয়ের ন্যায় ঘুরিয়া মরিতেছিল যে!

রাত-জাগা পাখীটা একঘেষে ডাকিতেছিল, বাহিরের জ্যোৎস্না ক্রমে ক্রমে স্নান হইয়া আসিতেছে। এক হিসেবে এই রাত্রি তাহার কাছে বড় রহস্যময় ঠেকিতেছিল, সম্মুখে তাহাদের নবজীবনের যে পথ

বিস্তীর্ণ ভবিষ্যতে চলিয়া গিয়াছে—আজ রাতটি হইতেই তাহার শুরু। কে জানে সে জীবন কেমন হইবে? কে জানে জীবন-লক্ষ্মী কোন্ সাজি সাজাইয়া রাখিয়াছেন তাহাদের সে অনির্দিষ্ট ভবিষ্যতের পাথের-রূপে?

দুজনেরই মনে বোধ হয় অনেকটা অস্পষ্টরূপে একই ভাব জাগিতেছিল। দুজনেই চুপ করিয়া জানালার বাহিরের ফাঁকে জ্যোৎস্নারাত্রির দিকে চাহিয়া রহিল।

তারপর কতদিন কাটিয়া গিয়াছে। তখন কোথায় ছিল এই শিশুর পাত্তা?

পথের পাঁচালী

পঞ্চম পরিচ্ছেদ

ইন্দির ঠাকুরাণ ফিরিয়া আসিয়াছে ছয় সাত মাইল, সর্বজয়া কিন্তু ইহার মধ্যে একদিনও বুড়ীর সঙ্গে ভাল করিয়া কথা কহে নাই। আজকাল তার আরও মনে হয় বুড়ী ডাইনি সাতকুলখাগীটাকে তাহার মেয়ে যেন তাহার চেয়েও ভালবাসে। হিংসা তো হয়ই, রাগও হয়। পেটের মেয়েকে পর করিয়া দিতেছে। দু'বেলা কথায় কথায় বুড়ীকে সময় থাকিতে পথ দেখিবার উপদেশ ঈঙ্গিতে জানাইয়া দেয়। সে পথ কোন দিকে—জ্ঞান হইয়া অবধি আজ পর্যন্ত সন্তর বৎসরের মধ্যে বুড়ী তাহার সন্ধান পায় নাই, এতকাল পরে কোথায় তাহা মিলিবে, ভাবিয়াই সে ঠাহর পায় না।

বর্ষার শেষদিকে বুড়ী অবশেষে এক যুক্তি ঠাওরাইল। ছয় ক্রোশ দূরে ভান্ডারহাটিতে তাহার জামাইবাড়ী। তাহার জামাই চন্দ্র মজুমদার বাঁচিয়া আছেন। জামাইয়ের অবস্থা বেশ ভাল, সম্পন্ন গৃহস্থ, অবশ্য মেয়ে মারা যাওয়ার সঙ্গে সঙ্গেই জামাই-এর সঙ্গে সম্পর্ক উঠিয়া গিয়াছে—আজ পঁয়ত্রিশ-ছত্রিশ বৎসরের আগেকার কথা—তাহার পর আর কখনও দেখাশোনা বা খবরাখবরের লেন-দেন হয় নাই। তবুও যদি সেখানে যাওয়া যায়, জামাই একটু আশ্রয় দিতে কি গররাজী হইবে?

সন্ধ্যার পূর্বে ভান্ডারহাটি গ্রামে ঢুকিয়া একখানা বড় চণ্ডীমন্ডপের সম্মুখে গাড়োয়ান গাড়ী দাঁড় করাইল। গাড়োয়ানের ডাক-হাঁকে একজন চব্বিশ-পঁচিশ বৎসরের যুবক আসিয়া বলিল—কোথাকার গাড়ী? তাহার পিছনে পিছনে একজন বৃদ্ধ বাড়ীর ভিতর হইতে জিজ্ঞাসা করিতে করিতে বাহির হইলেন—কে রাধু? জিগ্যেস করো কোথা থেকে আসছেন?

বুড়ী চিনিল—কিন্তু অস্বাক হইয়া রহিল—এই সেই তাহার জামাই চন্দ্র! চল্লিশ বৎসর পূর্বের সে সবল দোহারা-গড়ন সুচেহারা ছেলেটির সঙ্গে এই পঙ্ককেশ প্রবীণ ব্যক্তির মনে মনে তুলনা করিয়া সে যেন হাঁপাইয়া উঠিল। পরক্ষণেই কেমন এক বিভিন্ন ভাবের সংমিশ্রণে উৎপন্ন—না-হাসি-না-দুঃখ গোছের মনের ভাবে সে বিহুলের মত ডাক ছাড়িয়া কাঁদিয়া উঠিল। অনেক দিন পরে মেয়ের নাম ধরিয়া কাঁদিল।

বিস্ময়বিমুঢ় চন্দ্র মজুমদার প্রথমটা আকাশ-পাতাল হাতড়াইতেছিলেন, পরে ব্যাপারটা বুঝিলেন ও আসিয়া শাশুড়ীর পায়ের ধূলা লইয়া প্রণাম করিলেন। একটু সামলাইয়া বুড়ী মাথায় কাপড় তুলিয়া দিয়া ভাঙাগলায় বলিল—তোমার কাছে এয়েচি বাবাজী এতদিন পরে—একটুখানি আচ্ছয়ের জন্য—আর কড়া দিনই বা বাঁচবে! কেউ নেই আর ত্রিভুবনে—এই বয়সে দুটো ভাত কাপড়ের জন্য—

মজুমদার মহাশয় বড়ছেলেকে গাড়ীর দ্রব্যাদি নামাইতে বলিলেন ও ছেলের সঙ্গে শাশুড়ীকে বাড়ীর মধ্যে পাঠাইয়া দিলেন। দ্বিতীয়পক্ষের বিধবা মেয়ে ও বড় পুত্রবধু সংসারের গৃহিণী। আরও তিনটি পুত্রবধু আছে। নাতি-নাতিনীও তিন-চারটি।

তালগাছের গুঁড়ির খুঁটি ও আড়াবাঁধা প্রকাণ্ড প্রকাণ্ড দুইখানা দাওয়া উঁচু আটচালা ঘর জিনিসপত্র, সিঁদুকতোরঙ্গ বোঝাই, পা ফেলিবার স্থানাভাব। মজুমদার মহাশয়ের বিধবা মেয়েটির নাম হৈমবতী। খুব ভাল মেয়ে—সে নিজের হাতে ফল কাটিয়া জলখাবার সাজাইয়া অত্যন্ত আপ্যায়িত করিয়া কাছে বসাইয়া খাওয়াইল; একথা ওকথা জিজ্ঞাসা করিতে লাগিল, বলিল—দিদিমা, আমায় কখনো দেখেননি, না? কখনো তো এদিকে পায়ের ধুলো দ্যাননি এর আগে! আক কেটে দেবো দিদিমা? দাঁত আছে? পাশের রান্নাঘরে ছেলেমেয়েরা সন্ধ্যাবেলা ভাত খাইতে বসিয়া হৈ চৈ করিতেছে। একজন টেঁচাইয়া

বলিতেছে, ও মা দ্যাখো, উমি সব ডালটুকু আমার পাতে দিচ্ছে! পুত্রবধু টেঁচাইতেছে, ওর কাছে খেতে বসিস্ কেন? রোজ না বলচি আলাদা বসবি—এই উমি, বড্ড বাড় হয়েছে, না?

কিন্তু দশ-বারো দিন কাটিয়া গেল, বুড়ীর সব কেমন নতুন নতুন ঠেকিতে লাগিল, তেমনি স্বস্তি পাওয়া যায় না—নতুন ধরণের ঘরদোর, নতুন পথঘাট, নতুন ভাবের গৃহস্থালী। কেমন যেন মনে হয় এ ঠিক তাহার নিজের নয়, সব পর। প্রতিদিন সন্ধ্যার সময়ই মনে পড়িত নিরিবিলি দাওয়া আর খুকী-খোকার মুখ। দিন কুড়িক পরে বুড়ী যাইবার জন্য ছটফট করিতে লাগিল। এখানে আর মন টেকে না। কর্তার প্রথম পক্ষের শাশুড়ীর এ আকস্মিক আবির্ভাব ও তাঁহার মতলব শুনিয়া বাড়ীর বড়বধু প্রথম হইতেই সন্তুষ্ট ছিলেন না, অন্তর্দ্বন্দ্বনে খুশী ছাড়া অ-খুশী হইলেন না। চন্দ্র মজুমদারের ইচ্ছা কি ছিল ভগবান জানেন, কিন্তু বড়ছেলে ও বড়বধুর ভয়ে কিছু বলিতে পারিলেন না।

অনেকদিন পরে আবার নিজের ঘরের দাওয়ায় দুর্গাকে কাছে লইয়া খোকাকে কাছে লইয়া বসিয়া জ্যোৎস্না-ঝরা নারিকেলশাখার মৃদু কস্পন দেখিতে দেখিতে সুখে বুড়ীর ঘুমের আমোজ আসে।

খুকী প্রথমে ভারী অভিমান করিয়াছিল, কথা কহিবে না, কাছে আসিবে না। নানা কথায় সান্ত্বনা দিবার পর আজকাল ভাব হইয়াছে। বুড়ী ভাইবির মাথায় আদর করিয়া হাত বুলাইয়া বলে,—বেশ লাল একজোড়া টেকি বুঝকো হয় তো দিব্যি মানায়, না আজকাল কি উঠেচে—ওগুলোকে বলে কি ছাই—

শীত আসিল। বুড়ী—ও পাড়ার গাঙ্গুলী বাড়ী গিয়া বুড়া রামনাথ গাঙ্গুলী মহাশয়ের কাছে বলিল—ও রাম, জাড় পড়লো বড্ড আবার—তা গায়ে একখানা বস্তুর এমন নেই যে, সকালসন্দের একটু মুড়িসুড়ি দিয়ে বসি, তা আমায় যদি একখানা—

রাম গাঙ্গুলী বলিলেন—আচ্ছা দিদি, একদিন এসো, এ মাসটায় আর হবে না—ও মাসে বরণ দেখবো।

বহুদিন যাবৎ হাঁটাহাঁটি ঘোর-ফেরার পরে একদিন কৃষ্টিয়ার রাঙা ছিটের সূতী চাদর একখানা বাহির করিয়া হাতে দিয়া বলিলেন—এই নাও দিদি, ভারি গরম জিনিস—সাড়ে ন’ আনা দাম—এর চেয়ে ভাল জিনিস আর নবাবগঞ্জে পাওয়া যায় না—বুধবার এনে রেখেচি—দ্যাখো না খুলে?

বুড়ীর তখনও যেন বিশ্বাস হইতেছিল না। আহ্লাদে একগাল হাসিয়া সে সেখানাকে খুলিয়া গায়ে জড়াইয়া বলিল—দিব্যি, কেমন ওম্—মোটা-সোটা দিব্যি কাপড়—আঃ দাদা, বেঁচে থাকো—কানাই বলাই বেঁচে থাকুক, অক্ষয় প্রমাই হোক—কাস্তাল গরিবকে কেউ দেয় না, ওই অন্নদার কাছে একখানা গায়ের কাপড় চাচ্ছি আজ তিন বছর থেকে—দেব দেব বলে, তা দিলে না—সখটা মিটিয়ে নি, কড়া দিনই আর বা?

সর্বজয়াকে আহ্লাদ করিয়া দেখাইতেই সে বলিল, দ্যাখো ঠাকুরবি, এ বাড়ি থেকে যে তুমি সাত দোর মেগে বেড়াবে তা হবে না, স্পষ্ট বলে দিচ্ছি। ভিক্ষে মাগতে হয়, আলাদা বান্দোবস্ত করো—

বুড়ী সে কথা হজম করিয়া লইল। এরূপ অনেক কথাই তাহাকে দিনের মধ্যে দশবার হজম করিতে হয়। সকালের ছড়াটা সে এখনও ভোলে নাই—

লাথি ঝাঁটা পায়ের তল,
ভাত পাথরটা বুকের বল—

দুর্গা ভারি খুশী হইয়া বলে, ক’ পয়সা দাম পিতিমা—কেমন নাঙা—না? আশ্বাসের সুরে পিসি বলে, আমি মরে গেলে তোকে দিয়ে যাবো, তুই গায়ের দিস্ বড় হলে। নতুন চাদরের সোঁদা সোঁদা মাড়ের গন্ধটা বুড়ীর কাছে ভারি উপাদেয়, ভারি শৌখীন বলিয়া মনে হয়। সকালে চারখানা গায়ে জড়াইয়া ঝাঁট দিবার সময় মাঝে মাঝে নিজের দিকে চাহিয়া দেখে। নিশ্চয়োজনে ঘাটের পথে দাঁড়াইয়া থাকে, পথ-চলতি নিরীহ ঝি-বউকে ডাকিয়া বলে, কে যায়? রাজীর মা?—এত বেলা যে? ভূমিকা আর বেশী দূর না করিয়া একটু হাসিয়া নিজের গায়ের দিকে চাহিয়া বলে, এই গায়ের কাপড়খানা এবার ও-পাড়ার রামচাঁদ—সাড়ে ন’ আনা দাম—

দু’ একটা দুষ্ট মেয়ে বলে—উঃ, ঠাক্মাকে রাঙা কাপড়ে যা মানিয়েচে। ঠাক্মার বুঝি বিয়ে!

ও পাড়ার দাসীঠাকরণ আসিয়া হাসিমুখে বলিল—পয়সা দুটোর জন্য এয়েছিলাম বৌ, ইন্দির পিসি কাল আমার কাছ থেকে একটা নোনা নিয়ে এল, বল্লে, কাল দাম গিয়ে চেয়ে নিয়ে এসো—

সর্বজয়া ঘরের কাজকর্ম করিতেছিল, অবাক হইয়া বলিল—নোনা কিনে এনেছে তোমার কাছ থেকে? দাসীঠাকরণ ঘোর ব্যবসাদার মানুষ। সামান্য তেঁতুল আমড়া হইতে একগাছি শাক পর্যন্ত পয়সা না লইয়া কাহাকেও দেয় না। দাসীর অমায়িক ভাব অন্তর্হিত হইয়া গেল। বলিল—এনেচে কিনা জিজ্ঞেস করো না তোমার ননদকে! সকালবেলা কি মিথ্যা বলতে এলাম দুটো পয়সার জন্য? চার পয়সার কমে আমি দেবো না—বললে বুড়োমানুষ খাবার ইচ্ছে হয়েছে—তা যাক দু'পয়সাতেই—

রাগে সর্বজয়ার মুখ দিয়া কথা বাহির হইল না। নোনার মত ফল যাহা কিনা এত অপখ্যাগুণ বনে জঙ্গলে ফলে যে গরু বাছুরের পর্যন্ত খাইয়া অরুচি হইয়া যায়, তাহা আবার পয়সা দিয়া কিনিয়া খাইবার লোক যে পাড়াগাঁয়ে আছে, তাহা সর্বজয়ার ধারণায় আসে না।

ঠিক এই সময় ইন্দির বুড়ী কোথা হইতে আসিয়া উপস্থিত হইল। সর্বজয়া তাহার উপর যেন ঝাঁপাইয়া পড়িয়া বলিল—বলি হ্যাঁগা, তিন কাল গিয়েচে এককালে তো ঠেকেচ, যার বসে খাই তার পয়সার তো একটু দুখ-দরদ করে চলতে হয়? নোনা গিয়েচ কিনতে? কোথা থেকে তোমায় বসিয়ে আজ নোনা কাল দানা খাওয়াব? শখের পয়সা নিজে থেকে নিয়ে দাওগে যাও, পরের ওপর দিয়ে শখ করতে লজ্জা হয় না?

বুড়ীর মুখ শুকাইয়া গিয়াছিল, একটুখানি হাসি আনিবার চেষ্টা করিয়া বলিল—তা দে বৌ—পাকা নোনাডা, তা ভাবলাম নিই খেয়ে, কড়া দিনই বা বাঁচবো? তা দিয়ে দে দুটো পয়সা—

সর্বজয়া চতুর্গুণ চাঁৎকার করিয়া বলিল—বড় পয়সা সস্তা দেখেচ কিনা? নিজের ঘটি-বাটি আছে বিক্রী করে দাও গিয়ে পয়সা—

পরে সে ঘড়া লইয়া খিড়কী দুয়ার দিয়া ঘাটের পথে বাহির হইয়া গেল।

দাসী খানিকটা দাঁড়াইয়া থাকিয়া বলিল—আমার নাকে খৎ কানে খৎ, জিনিস বেচে এমন হয়রান তো কখনো হইনি! তোমায়ও বলি ইন্দির পিসি, নিজের পয়সাই যদি না ছিল তবে তোমার কাল নোনাটা আনা ভাল হয়নি বাপু, ও-রকম ধারে জিনিসপত্রের আর এনো না। তা তোমাদের ঝগড়া তোমরা কর, আমি গরিব লোক, ও বেলা আসবো, আমার পয়সা দুটো বাপু ফেলে দিও—

দাসীর পিছু পিছু খুকী বাহিরের উঠান পর্যন্ত আসিল। বলিতে বলিতে আসিল—পিসিমা বুড়ো মানুষ, একটা নোনা এনেছে, তা বুঝি বকে? খেতে ইচ্ছে হয় না, হ্যাঁ দাসীপিসি? বেশ নোনা, তোমায় আধখানা কাল দিয়েছে—তোমার বাড়ী বুঝি গাছ আছে পিসি?—পরে সে ডাকিয়া কহিল—শোনো না দাসীপিসি, আমি একটা পয়সা দেবো এখন, পুতুলের বাস্কে আছে, মা ঘরে চাৰি দিয়ে ঘাটে গেল, এলে নুকিয়ে দেবো এখন, মাকে বোলো না যেন পিসি।

দুপুরের কিছু পূর্বে ইন্দির বুড়ী বাড়ী হইতে বাহির হইয়া যাইতেছে। বাঁ হাতে ছোট একটা ময়লা কাপড়ের পুঁটলি, ডানহাতে পিতলের চাদরের ঘটিটা ঝুলানো, বগলে একটা পুরোনো মাদুর, মাদুরের পাড় ছিড়িয়া কাটিগুলি ঝুলিতেছে।

খুকী বলিল, ও পিসি, যাস্নে—ও পিসি কোথায় যাবি? পরে সে ছুটিয়া আসিয়া মাদুরের পিছনটা টানিয়া ধরিল। তুই চলে গেলে আমি কাঁদবো পিসি—ঠিক—

সর্বজয়া ঘরের দাওয়া হইতে বলিল, তা যাবে যাও, গেরস্তর অকল্যাণ করে যাওয়া কেন? ছেলেপিলে নিয়ে ঘর করি, এতকাল যার খেলে তার একটা মঙ্গল তো দেখতে হয়, অনখ সময়ে না খেয়ে চলে গিয়ে তারপর গেরস্তর একটা অকল্যাণ বাধুক, এই তোমার ইচ্ছে তো? ঐ রকম কুচক্রের মন না হলে কি আর এই দশা হয়?...

বুড়ী ফিরিল না। খুকী কাঁদিতো কাঁদিতো অনেক দূর পর্যন্ত সঙ্গে সঙ্গে গেল।

বুড়ী গিয়া গ্রামের ও-পাড়ার নবীন ঘোষালের বাড়ী উঠিল। নবীন ঘোষালের বউ সব শুনিয়া গালে হাত দিয়া বলিল—ওমা, এমন তো কখনো শুনিনি, হ্যাঁগো বুড়ী? তা থাকো তুমি, এইখানেই থাকো। মাস-দুই সেখানে থাকার পর বুড়ী সেখান হইতে বাহির হইয়া তিনকড়ি ঘোষালের বাড়ী ও তথা হইতে পূর্ণ চক্রবর্তীর বাড়ী আশ্রয় লইল। প্রত্যেক বাড়ীতেই প্রথম আপ্যায়নের হৃদয়তটুকু কিছুদিন পর উবিয়া যাওয়ার পরে বাড়ীর লোকে নানা রকমে বিরক্তি প্রকাশ করিত। পরামর্শ দিত ঝগড়া মিটাইয়া ফেলিয়া বাড়ী ফিরিয়া যাইতে। বুড়ী আরও দু'এক বাড়ী ঘুরিল, সব সময়ই তাহার ভরসা ছিল বাড়ী হইতে আর কেহ না হয়, অন্তত হরিহর ডাকিয়া পাঠাইবে। কিন্তু তিনমাস হইয়া গেল, কেহই আগ্রহ করিয়া ডাকিতে আসিল না। দুর্গাও আসে নাই। বুড়ী জানে ও-পাড়া হইতে এ-পাড়া অনেক দূরে, ছোট মেয়ে এতদূর আসিতে পারে না। সে আশায় আশায় ও-পাড়ায় দু'একবার গেল, খুকীর সঙ্গে দেখা হইল না।

বারো মাস লোকের বাড়ী আশ্রয় হয় না। পূব-পাড়ার চিন্তে গয়লাণীর চালা ঘরখানি পড়িয়া ছিল—মাস দুই পরে সকলে মিলিয়া সেই ঘরখানি বুড়ির জন্য ঠিক করিয়া দিল এবং ঠিক করিল পাড়া হইতে সকলে কিছু কিছু সাহায্য করিবে। ঘরখানা নিতান্ত ছোট, ছিটে বেড়ার দেয়াল, পাড়া হইতে দূরে, একটা বাঁশবনের মধ্যে। লোকের মুখে শুনিত সর্বজয়া নাকি বলিয়াছে—তেজ দেখুক পাঁচজনে। এ বাড়ী আর না, আমার বাছাদের মুখের দিকে যে তাকায়নি—তাকে আর আমার দোরে মাথা গলাতে হবে না, ভাগাড়ে পড়ে মরুক গিয়ে। যাহাদের সাহায্য করিবার কথা ছিল, তাহারা কেন সেদিন অত উৎসাহের সঙ্গে যোগাইল, ক্রমে কিন্তু তাহাদের আগ্রহও কমিয়া গেল। বুড়ী ভাবে, কেন সেদিন অত রাগ করে চলে এলাম? বৌ বারণ কল্পে, খুকী কত কাঁদলে, হাত ধরে টানটানি কল্পে—। নিজের উপর অত্যন্ত দুঃখে চোখের জলে দুই তোবড়ানো গাল ভাসিয়া যায়। বলে—শেষ কালডা এত দুঃখও ছিল অদৃষ্টে—আজ যদি মেয়েটা থাকতো—

চৈত্র মাসের সংক্রান্তি। সারাদিন বড় রৌদ্রের তেজ ছিল, সন্ধ্যার সময় একটু একটু বাতাস বহিতেছে, গোসাঁইপাড়ায় চড়কের ঢাক এখনও বাজিতেছে, মেলা এখনও শেষ হয় নাই।

রৌদ্রে এ বাড়ী ও-বাড়ী ঘুরিয়া ও দুর্ভাবনায় বুড়ীর রোজ সন্ধ্যার পরে একটু জ্বর হয়। সে মাদুর পাতিয়া দাওয়ায় চূপ করিয়া শুইয়া আছে, মাথার কাছে মাটির ভাঁড়ে জল। পিতলের চাদরের ঘটিটা ইতিমধ্যে চার আনায় বাঁধা দিয়া চাল কেনা হইয়াছে। জ্বরের তৃষ্ণায় মাঝে মাঝে একটু একটু জল মাটির ভাঁড় হইতে খাইতেছে।

—পিসিমা!...বুড়ী কাঁথা ফেলিয়া লাফাইয়া উঠিল, দাওয়ার পৈঠায় খুকী উঠিতেছে, পিছনে তাহাদের পাড়ার বেহারী চকত্তির মেয়ে রাজী। খুকীর পরনে ফর্সা কাপড়, আঁচলের প্রান্তে কি সব পৌঁটলা-পুঁটলি বাঁধা। বুড়ীর মুখ দিয়া বেশী কথা বাহির হইল না। প্রবল আগ্রহে সে শীর্ণ হাত বাড়াইয়া তাকে জ্বরতপ্ত বুকে জড়াইয়া ধরিল।

—বলিসনে কাউকে পিসি, কেউ যেন টের পায় না, চড়ক দেখে সন্দেবেলা চুপি চুপি এলাম, রাজীও এল আমার সঙ্গে, চড়কের মেলা থেকে এই দ্যাখ্ তোঁর জন্যে সব এনেচি—

খুকী পুঁটলি খুলিল—

—মুড়কি পিসিমা, তোঁর জন্যে দু'পয়সার মুড়কি আর দুটো কদমা আর খোকার জন্যে একটা কাঠের পুতুল—। বুড়ী ভাল করিয়া উঠিয়া বসিল। জিনিসগুলো নাড়িতে নাড়িতে বলিল—দেখি দেখি, ও আমার মাণিক, কত জিনিস এনেচে দ্যাখো। রাজরাণী হও, গরিব পিসির ওপর এত দয়া। দেখি খোকার কাঠের পুতুলডা ! বাঃ দিবি পুতুল—কড়া পয়সা নিলে?...

এক ঝাঁক কথাবার্তার পরে খুকী বলিল—পিসি, তোঁর গা যে বড্ড গরম?

—সমস্ত দিন টউরে বেড়িয়ে এই রকমডা হয়েছে, তাই বলি একটু শুয়ে থাকি—

ছেলেমানুষ হইলেও দুর্গা পিসিমার রৌদ্রে ঘুরিবার কারণ বুঝিল। দুঃখে ও অনাহারে শীর্ণ পিসিমার

গায়ে সে সম্মেহে হাত বুলাইয়া বলিল, তুই অবশ্যি করে বাড়ী যাস্—সন্দে বেলা গল্প শুনতে পাইনে কিছু না—কাল যাবি—কেমন তো?

বুড়ী আনন্দে উচ্ছ্বসিত হইয়া উঠিল, বলিল, বৌ বুঝি তোকে কিছু বলে দিয়েছে আজ?

রাজী বলিল—খুড়ীমা তো কিছু বলে দেয়নি পিসিমা, ওকে তো এখানে খুড়ীমা আসতে দেয় না। আমরা বন্ধে বন্ধে, তবে তুমি যেও পিসিমা। তুমি একটুখানি ব'লে। তাহলে খুড়ীমা আর কিছু বলবে না—

খুকী বলিল—কাল তুই ঠিক যাস্ পিসি, মা কিছু বলবে না—তা'হলে এখন বাড়ী যাই পিসি, কাউকে যেন বলসনে? কাল সকালে ঠিক যাস্ কিন্তু।

সকালে উঠিয়া বুড়ী দেখিল শরীরটা একটু হালকা। একটু বেলা হইলে ছোট পুটুলিতে ছেঁড়া-খোঁড়া কাপড় দু'খানা ও ময়লা গামছাখানা বাঁধিয়া বুড়ী বাড়ীর দিকে চলিল। পথে গোপী বোষ্টমের বৌ বলিল, দিদি ঠাকরুণ তা বাড়ী যাচ্ছে বুঝি? বৌদিদির রাগ চলে গিয়েচে বুঝি?

বুড়ী একগাল হাসিল, বলিল—কাল দুর্গা যে সন্দে বেলা ডাকতে গিয়েছিল, কত কাঁদলে, বন্ধে, মা বলেচে—চ' পিসি বাড়ী চ'—তা আমি বন্ধাম—আজ তুই যা, সকালে বেলাডা হোক, আমি বাড়ী গিয়ে উঠবো—মেয়ের আমার কত কান্না, যেতে কি চায়!...তাই সকালে যাচ্ছি।

বুড়ী বাড়ী ঢুকিয়া দেখিল কেহ বাড়ী নাই। কাল সারারাত জ্বর ভোগের পর এতটা পথ রৌদ্রে দুর্বল শরীরে আসিয়া বোধ হয় অবসন্ন হইয়া পড়িয়াছিল, পুটুলিটা নামাইয়া সে নিজেঘর ঘরের দাওয়ায় পৈঠায় বলিয়া পড়িল।

একটু পরেই খিড়কী দোর ঠেলিয়া সর্বজয়া স্নান করিয়া নদী হইতে ফিরিল। এদিকে চোখ পড়িলে বুড়ীকে বসিয়া থাকিতে দেখিয়া সে বিস্ময়ে নির্বাক হইয়া একটুখানি দাঁড়াইল, বুড়ী হাসিয়া বলিল—ও বৌ, ভাল আছিস্? এই অ্যালাম এ্যাদ্দিন পরে, তোদের ছেড়ে আর কোথায় যাবো এ বয়সে—তাই বলি—

সর্বজয়া আগাইয়া আসিয়া বলিল—তুমি এ বাড়ী কি মনে করে?

তার ভাবভঙ্গী ও গলার স্বরে বুড়ীর হাসিবার উৎসাহ আর বড় রহিল না। সর্বজয়া কথার উত্তর দিতে না দিয়াই বলিল—এ বাড়ী আর তোমার জায়গা কিছুতেই হবে না—সে তোমাকে আমি সেদিন বলে দিয়েছি—ফের কোন্ মুখে এয়েচ?

বুড়ী কাঠের মত হইয়া গেল, মুখ দিয়া আর কোন কথা বাহির হইল না। পরে সে হঠাৎ একেবারে কাঁদিয়া বলিল—ও বৌ, অমন করে বলসনে—একটুখানি ঠাই দে আমারে—কোথায় যাবো আমার শেষকালডা বল দিকিনি—তবু এই ভিটেটাতে—

—ন্যাও, আর ভিটের দোহাই দিতে হবে না, ভিটের কল্যাণ ভেবে আমার তো ঘুম নেই, যাও এক্ষুনি বিদেয় হও, নৈলে অনর্থ বাধাবো—

ব্যাপার এরূপ দাঁড়াইবে বুড়ী বোধ হয় আদৌ প্রত্যাশা করে নাই। জলমগ্ন ব্যক্তি যেমন ডুবিয়া যাইবার সময় যাহা পায় তাহাই আঁকড়াইয়া ধরিতে চায়, বুড়ী সেইরূপ মুঠা আঁকড়াইয়া আশ্রয় খুঁজিতে লক্ষ্যহীন ভাবে এদিক ওদিক চাহিল—আজ তাহার কেমন মনে হইল যে বহুদিনের আশ্রয় সত্য সত্যই তাহার পায়ের তলা হইতে সরিয়া যাইতেছে, আর তাহাকে ধরিয়া রাখিবার উপায় নাই।

সর্বজয়া বলিল—যাও আর বসে থেকো না ঠাকুরবি, বেলা হয়ে যাচ্ছে আমার কাজকর্ম আছে, এখানে তোমার জায়গা কোনোরকমে দিতে পারবো না—

বুড়ী পুটুলি লইয়া অতিকণ্ঠে আবার উঠিল। বাহির দরজার কাছে যাইতে তাহার নজর পড়িল তাহার উঠান-ঝাঁটের ঝাঁটাগাছটা পাঁচিলের কোণে ঠেস দেওয়ানো আছে, আজ তিন-চার মাস তাহাতে কেহ হাত দেয় নাই। এই ভিটার ঘাসটুকু, ঐ কত যত্নে পোঁতা লেবু গাছটা, এই অত্যন্ত প্রিয় ঝাঁটাগাছটা, খুকী, খোকা, ব্রজ পিসের ভিটা—আর সন্তর বৎসরের জীবনে এ সব ছাড়া সে আর কিছু জানেও নাই, বুঝেও নাই।

চিরকালের মত তাহারা আজ দূরে সরিয়া যাইতেছে।

সজনেতলা দিয়া পুটুলি বগলে যাইতে পিছন হইতে রায়বাড়ীর গিন্নী বলিল—ঠাকুমা, ফিরে

যাচ্ছে কোথায়? বাড়ী যাবে না? উত্তর না পাইয়া বলিল—ঠাক্‌মা আজকাল কানের মাথা একেবারে খেয়েছে।

বৈকালে ও-পাড়া হইতে কে আসিয়া বলিল—ও মা-ঠাক্‌রুণ, তোমাদের বুড়ী বোধ হয় মরে যাচ্ছে, পালিতদের গোলার কাছে দুপুর থেকে শুয়ে আছে, রোদ্দুরে ফিরে যাচ্ছিল, আর যেতে পারেনি—একবার গিয়ে দেখে এস—দাদাঠাক্কুর বাড়ী নেই? একেবার পাঠিয়ে দেও না!

পালিতদের বড় মাচার তলায় গোলার পাশে ইন্দির ঠাক্করুণ মরিতেছিল একথা সত্য। হরিহরের বাড়ী হইতে ফিরিতে ফিরিতে তাহার গা কেমন করে, রোদ্দুরে আর আগাইতে না পারিয়া এইখানেই শুইয়া পড়ে। পালিতেরা চণ্ডীমণ্ডপে তুলিয়া রাখিয়াছিল। বৃকে পিঠে তেল মালিশ, পাখার বাতাস, সব করিবার পরে বেশী বেলায় অবস্থা খারাপ বুঝিয়া নামাইয়া রাখিয়াছে। পালিত-পাড়ার অনেকে যিরিয়া দাঁড়াইয়া আছে। কেহ বলিতেছে—তা রোদ্দুরে বেরলেই বা কেন? সোজা রোদ্দুরটা পড়েছে আজ? কেহ বলিতেছে—এখন সামলে উঠবে এমন, ভিন্নি লেগেচে বোধ হয়—

বিশু পালিত বলিল—ভিন্নি নয়। বুড়ী আর বাঁচবে না, হরিজেঠা বোধ হয় বাড়ী নেই, খবর তো দেওয়া হয়েছে, কিন্তু এতদূর আসে কে?

শুনিতে পাইয়া দীনু চক্রবর্তীর বড় ছেলে ফণী ব্যাপার কী দেখিতে আসিল। সকলে বলিল—দাও দাদাঠাক্কুর, ভাগ্যিস এসে পড়েচ, একটুখানি গঙ্গাজল মুখে দাও দিকি। দ্যাখো তো কাণ্ড, বামুনপাড়া না কিছু না—কে একটু মুখে জল দেয়?

ফণী হাতের বৈঁচিকাঠের লাঠিটা বিশু পালিতের হাতে দিয়া বুড়ীর মুখের কাছে বসিল। কুশী করিয়া গঙ্গাজল লইয়া ডাক দিল—ও পিসিমা।

বুড়ী চোখ মেলিয়া ফ্যাল ফ্যাল করিয়া মুখের দিকে চাহিয়াই রহিল, তাহার মুখে কোন উত্তর শুনা গেল না। ফণী আবার ডাকিল—কেমন আছেন পিসিমা? শরীর কি অসুস্থ মনে হচ্ছে? পরে সে গঙ্গাজলটুকু মুখে ঢালিয়া দিল। জল কিন্তু মুখের মধ্যে গেল না, বিশু পালিত বলিল—আর একবার দাও দাদাঠাক্কুর—

আর খানিকক্ষণ পরে ফণী বুড়ীর চোখের পাতা বুজাইয়া দিতেই কোটরগত অনেকখানি জল শীর্ণ গাল-দুটা বাহিয়া গড়াইয়া পড়িল।

ইন্দির ঠাক্করণের মৃত্যুর সঙ্গে সঙ্গে নিশ্চিন্দিপুর গ্রামে সেকালের অবসান হইয়া গেল।

পথের পাঁচালী

সপ্তম পরিচ্ছেদ

ইন্দির ঠাক্করণের মৃত্যুর পর চার-পাঁচ বৎসর কাটিয়া গিয়াছে। মাঘ মাসের শেষ, শীত বেশ আছে। দুই পাশে বোম্পে-বোম্পে-যেরা সরু মাটির পথ বাহিয়া নিশ্চিন্দিপুরের কয়েকজন লোক সরস্বতীপূজার বৈকালে গ্রামের বাহিরের মাঠে নীলকণ্ঠ পাখী দেখিতে যাইতেছিল।

দলের একজন বলিল, ওহে হরি, ভূষণো গোয়ালার দক্ষণ কলাবাগানটা তোমরা কি ফের জমা দিয়েচো নাকি?

যাহাকে উদ্দেশ্য করিয়া বলা হইল তাহাকে দেখিলে দশ বৎসর পূর্বের সে হরিহর রায় বলিয়া মনে হয় না। এখন মধ্যবয়সী, পুরদস্তুর সংসারী, ছেলেমেয়েদের বাপ হরিহর খাজনা সাধিয়া গ্রামে ঘোরে, পৈতৃক আমলের শিষ্যসেবকের ঘরগুলি সন্ধান করিয়া বসিয়া গুরুগিরি চালায়, হাটেমাঠে জমির ঘরামির সঙ্গে বিঙ্গে-পটলের দর-দস্তুর করিয়া ঘোরে, তাহার সঙ্গে আগেকার সে অবাধগতি, মুক্তপ্রাণ, ভবঘুরে যুবক হরিহরের কোন মিল নাই। ক্রমে-ক্রমে পশ্চিমের সে-জীবন অনেক দূরের হইয়া গিয়াছে—সেই চূর্ণার দুর্গের চওড়া প্রাচীরে বসিয়া বসিয়া দূর পাহাড়ের সূর্যাস্ত দেখা, কেদারের পথে তেজপাতার

বনে রাতকটানো, শাহ্ কাশেম সুলেমানীর দরগার বাগান হইতে টক কমলালেবু ছিড়িয়া খাওয়া, গলিত রৌপ্যধারার মত স্বচ্ছ, উচ্ছল হিমশীতল স্বর্গনদী অলকানন্দা, দশাশ্বমেধ ঘাটের জলের ধারের রাণা—একটু একটু মনে পড়ে, যেন অনেকদিন আগেকার দেখা স্বপ্ন।

হরিহর সায়সূচক কিছু বলিতে গিয়া পিছন ফিরিয়া বলিল, ছেলোট আবার কোথায় গেল? ও খোকা, খোকা-আ-আ—

পথের বাঁকের আড়াল হইতে একটি ছয় সাত বছরের ফুটফুটে সুন্দর, ছিপছিপে চেহারার ছেলে ছুটিয়া আসিয়া দলের নাগাল ধরিল। হরিহর বলিল—আবার পিছিয়ে পড়লে এরি মধ্যে? নাও এগিয়ে চলো—

ছেলেটা বলিল—বনের মধ্যে কি গেল বাবা? বড় বড় কান?

হরিহর প্রশ্নের দিকে কোনো মনোযোগ না দিয়া নবীন পালিতের সঙ্গে মৎস্যশিকারের পরামর্শ আঁটিতে লাগিল।

হরিহরের ছেলে পুনরায় আগ্রহের সুরে বলিল—কি দৌড়ে গেল বাবা বনের মধ্যে? বড় বড় কান?

হরিহর বলিল—কি জানি বাবা, তোমার কথার উত্তর দিতে আমি আর পারিনে। সেই বেরিয়ে অবধি শুরু করেচো এটা কি, ওটা কি—কি গেল বনের মধ্যে তা কি আমি দেখেচি? নাও এগিয়ে চলো দিকি!

বালক বাবার কথায় আগে আগে চলিল।

নবীন পালিত বলিল, বরং এক কাজ করো হরি, মাছ যদি ধরতে হয়, তবে বঁয়শার বিলে একদিন চलो। যাওয়া যাক—পূব-পাড়ার নেপাল পাড়ই বাচ্ দিচ্ছে, রোজ দেড়মণ দু'মণ এইরকম পড়চে—পাঁচ-সেরের নীচে মাছ নেই। শুনলাম, একদিন শেষরাঙিরে নাকি বিলের একেবারে মধ্যখানে অথৈ জলে সাঁ সাঁ করে ঠিক যেন বকনা বাছুরের ডাক—বুঝলে।

সকলে একসঙ্গে আগাইয়া আসিয়া নবীন পালিতের মুখের দিকে চাহিয়া রহিল।

—অনেক-কেলে পুরোনো বিল, গঁহিন জল, দেখেছো তো মধ্যখানে জল যেন কালো শিউগোলা, পদ্মগাছের জঙ্গল, কেউ বলে রাঘব বোয়াল, কেউ বলে যক্ষি—যতক্ষণ ফর্সা না হোলো ততক্ষণ তো মশাই নৌকার ওপরে সকলে বসে ঠক ঠক করে কাঁপতে লাগলো—

বেশ জমিয়া আসিয়াছে, হঠাৎ হরিহরের ছেলেটি মহা-উৎসাহে পাশের এক উলু-খড়ের ঝোপের দিকে আঙুল তুলিয়া চীৎকার করিতে করিতে ছুটিয়া গেল—ঐ যাচ্ছে বাবা, দ্যাখো বাবা, ঐ গেল বাবা, বড় বড় কান ঐ—

তাহার বাবা পিছন হইতে ডাক দিয়া বলিল,—উঁহ উঁহ উঁহ—কাঁটা কাঁটা কাঁটা—পরে তাড়াতাড়ি আসিয়া খপ্ করিয়া ছেলের হাতখানি ধরিয়া বলিল,—আঃ বড্ড বিরক্ত কল্পে দেখচি তুমি, একশবার বারণ কছি তা তুমি কিছুতেই শুনবে না, ঐ জন্যেই তো আনতে চাচ্ছিলাম না।

বালক উৎসাহে ও আগ্রহে উজ্জ্বল মুখ উঁচু করিয়া বাবার দিকে তুলিয়া জিজ্ঞাসা করিল—কি বাবা?

হরিহর বলিল—কি তা কি আমি দেখেচি! শূওর-টুওর হবে—নাও চলো, ঠিক রাস্তার মাঝখান দিগ্গে হাঁটো—

—শূওর না বাবা, ছোট্ট যে! পরে সে নীচু হইয়া দৃষ্ট বস্তুর মাটি হইতে উচ্চতা দেখাইতে গেল।

—চল চল—হ্যাঁ—আমি বুঝতে পেরেচি, আর দেখাতে হবে না—চল দিকি!....

নবীন পালিত বলিল—ও হোলো খরগোশ, খোকা খরগোশ। এখানে খড়ের ঝোপে খরগোশ থাকে, তাই। বালক বর্ণপরিচয়ে 'খ'-এ খরগোশের ছবি দেখিয়াছে কিন্তু তাহা যে জীবন্ত অবস্থায় এ রকম লাফাইয়া পালায় বা তাহা আবার সাধারণ চক্ষুতে দেখিতে পাওয়া যায়, এ কথা সে কখনো ভাবে নাই।

খরগোশ।—জীবন্ত!—একেবারে তোমার সামনে লাফাইয়া পালায়;—ছবি না, কাচের পুতুল না—একেবারে কানখাড়া সত্যিকারের খরগোশ। এইরকম ভাঁটগাছ বেঁচিগাছের ঝোপে!—জল-মাটির তৈরী নম্বর পৃথিবীতে এ ঘটনা কি করিয়া সম্ভব হইল, বালক তাহা কোনমতেই ভাবিয়া ঠাঠর করিতে পারিতেছিল না।

সকলে বনে ঘেরা সরু পথ ছাড়িয়া মাঠে পড়িল। নদীর ধারের বাবলা ও জীওল গাছের আড়ালে একটা বড় ইঁটের পঁজার মত জিনিস পড়ে, ওটা পুরানো কালের নীলকুঠির জ্বালঘরের ভগ্নাবশেষ। সেকালে নীলকুঠির আমলে এই নিশ্চিন্দপুর বেঙ্গল ইণ্ডিগো কনসারনের হেড কুঠি ছিল, এ অঞ্চলের চৌদ্দটা কুঠির উপর নিশ্চিন্দপুর কুঠির ম্যানেজার জন্ লারমার দোর্দণ্ডপ্রতাপে রাজত্ব করিত। এখন কুঠির ভাঙা চৌবাচ্চাঘর, জ্বালঘর, সাহেবের কুঠি, আপিস জঙ্গলাকীর্ণ ইঁটের স্তুপে পরিণত হইয়াছে। যে প্রবল-প্রতাপ লারমার সাহেবের নামে একসময় এ অঞ্চলে বাঘে-গরুতে এক ঘাটে জল খাইত, আজকাল দু'একজন অতিবৃদ্ধ ছাড়া সে লোকের নাম পর্যন্ত কেহ জানে না।

মাঠের ঝোপঝাপগুলো উলুখড়, বনকলমী, সোঁদাল ও কুলগাছে ভরা। কলমীলতা সারা ঝোপগুলোর মাথা বড় বড় সবুজ পাতা বিছাইয়া ঢাকিয়া দিয়াছে—ভিতরে স্নিগ্ধ ছায়া, ছোট গোয়ালে, নাটাকাঁটা, ও নীল বন-অপরাজিতা ফুল সূর্যের আলোর দিকে মুখ উঁচু করিয়া ফুটিয়া আছে, পড়ন্ত বেঁলার ছায়ায় স্নিগ্ধ বনভূমির শ্যমলতা, পাখীর ডাক, চারিধারে প্রকৃতির মুক্ত হাতে ছড়ানো ঐশ্বর্য রাজার মত ভাঙার বিলাইয়া দেয়, কোথাও এতটুকু দারিদ্র্যের আশ্রয় খুঁজিবার চেষ্টা নাই, মধ্যবিভ্রের কার্পণ্য নাই। বেলাশেষের ইন্দ্রজালে মাঠ, নদী, বন মায়াময়।

মাঠের মধ্যে বেড়াইতে বেড়াইতে নবীন পালিত মহাশয় একবার এই মাঠের উত্তর অংশের জমিতে শাঁকআলুর চাষ করিয়া কিরূপ লাভবান হইয়াছিলেন, সে গল্প করিতে লাগিলেন। একজন বলিল, কুঠির ইঁটগুলো নাকি বিক্রি হবে শুনছিলাম, নবাবগঞ্জের মতি দাঁ নাকি দরকস্তুর কচ্ছে। মতি দাঁর কথায় সে ব্যক্তি সামান্য অবস্থা হইতে কিরূপে ধনবান হইয়াছে সে কথা আসিয়া পড়িল। ক্রমে তাহা হইতে বর্তমান কালের দুর্মূল্যতা, আবাড়র বাজারে কুণ্ডদের দোকান পুড়িয়া যাইবার কথা, গ্রামের দীনু গাঙ্গুলীর মেয়ের বিবাহের তারিখ কবে পড়িয়াছে প্রভৃতি বিবিধ আবশ্যকীয় সংবাদের আদান-প্রদান হইতে লাগিল।

হরিহরের ছেলে বলিল—নীলকণ্ঠ পাখী কে বাবা?

—এই দেখো এখন, বাবলাগাছে এখুনি এসে বসবে—

বালক মুখ উঁচু করিয়া নিকটবর্তী সমুদয় বাবলাগাছের মাথার দিকে চাহিয়া দেখিতে লাগিল। মাঠের ইতস্তত নীচু নীচু কুলগাছে অনেক কুল পাকিয়া আছে, বালক অবাধ হইয়া লুক্কুদৃষ্টিতে সেদিকে চাহিয়া চাহিয়া দেখিল। কয়েকবার কুল পাড়িতে গিয়া বাবার বকুনিতে তাহাকে নিবৃত্ত হইতে হইল। এত ছোট গাছে কুল হয়? তাহাদের পাড়ায় যে কুলের গাছ আছে, তাহা খুব উঁচু বলিয়া ইচ্ছা থাকিলেও সে সুবিধা করিতে পারে না। ভারী আঁকুর্ষিটা দুই হাতে আঁকড়াইয়া ধরিয়াও তুলিতে পারে না, কুপথ্যের জিনিস লুকাইয়া খাওয়া কষ্টসাধ্য হইয়া পড়ে—এ সে টের পায়। খবর পাইয়া মা আসিয়া বাড়ী ধরিয়া লইয়া যায়, বলে—ওমা আমার কী হবে! এমন দুষ্টু ছেলে হয়েচ তুমি? এই সেদিন উঠলে জুর থেকে আজ অমনি কুলতলায় ঘুরে বেড়াচ্ছ! একটুখানি পিছন ফিরেচি, আর অমনি এসে দেখি বাড়ী নেই! কটা কুল খেয়েচিস্, দেখি মুখ দেখি?

সে বলে, কুল খাইনি তো মা, তলায় একটাও কুল পড়ে নেই, আমি বুঝি পাড়তে পারি?

পরে সে টুকটুকে মুখটি মায়ের অত্যন্ত নিকটে লইয়া গিয়া হাঁ করে। তাহার মা ভাল করিয়া দেখিয়া পুত্রের নবীর মত গন্ধ বাহির হওয়া সুন্দর মুখে চুমা খাইয়া বলে—ককখনো খেও না যেন খোকা! তোমার শরীর সেরে উঠুক, আমি কুল কুড়িয়ে আচার করে হাঁড়িতে তুলে রেখে দেবো—তাই বোশেক জষ্টি মাসে খেও; লুকিয়ে লুকিয়ে ককখনো আর খেও না—কেমন তো?

হরিহর বলিল—কুঠি কুঠি বলছিলে, ঐ দ্যাখো খোকা, সাহেবদের কুঠি, দেখেচো?

নদীর ধারের অনেকটা জায়গা জুড়িয়া সেকালের কুঠিটা প্রাগৈতিহাসিক যুগের অতিকায় হিংস্র জন্তুর কঙ্কালের মত পড়িয়া ছিল, গতিশীল কালের প্রতীক নির্জন শীতের অপরাহ তাহার উপর অল্পে অল্পে তাহার ধূসর উত্তরচ্ছদবিশিষ্ট আস্তরণ বিস্তার করিল।

কুঠির হাতার কিছু দূরে কুঠিয়াল লারমার সাহেবের এক শিশুপুত্রের সমাধি পরিত্যক্ত ও জঙ্গলাকীর্ণ অবস্থায় পড়িয়া আছে। বেঙ্গল ইণ্ডিগো কনসার্নের বিশাল হেডকুঠির এইটুকু ছাড়া অন্য কোনও চিহ্ন আর অখণ্ড অবস্থায় মাটির উপর দাঁড়াইয়া নাই। নিকটে গেলে অনেক কালের কালো পাথরের ফলকে এখনও পড়া যায়—

Here lies Edwin Lermor,
The only son of John & Mrs. Lermor,
Born May 13, 1853, Died April 27, 1860.

অন্য অন্য গাছপালার মধ্যে একটি বন্য সৌদাল গাছ তাহার উপর শাখাপত্র ছায়াবিস্তার করিয়া বাড়িয়া উঠিয়াছে, চৈত্র বৈশাখ মাসে আড়াই-বাঁকীর মোহনা হইতে জোর হাওয়ায় তাহার পীত পুষ্পস্তবক সারা দিনরাত ধরিয়া বিস্মৃত বিদেশী শিশুর ভগ্ন-সমাধির উপর রাশি রাশি পুষ্প বারাইয়া দেয়। সকলে ভুলিয়া গেলেও বনের গাছপালা শিশুটিকে এখনও ভোলে নাই।

বালক অবাধ হইয়া চারিদিক চাহিয়া দেখিতেছে। তাহার ছয় বৎসরের জীবনে এই প্রথম সে বাড়ী হইতে এতদূরে আসিয়াছে। এতদিন নেড়াদের বাড়ী, নিজেদের বাড়ীর সামনেটা, বড়জোর রাণুদিদিদের বাড়ী, ইহাই ছিল তাহার জগতের সীমা। কেবল এক এক দিন তাহাদের পাড়ার ঘাটে মায়ের সঙ্গে স্নান করিতে আসিয়া সে স্নানের ঘাট হইতে আবছা দেখিতে পাওয়া কুঠির ভাঙা জ্বালঘরটার দিকে চাহিয়া দেখিত—আঙ্গুল দিয়া দেখাইয়া বলিত, মা, ওদিকে কি সেই কুঠি? সে তাহার বাবার মুখে, দিদির মুখে, আরও পাড়ার কত লোকের মুখে কুঠির মাঠের কথা শুনিয়াছে, কিন্তু আজ তাহার প্রথম সেখানে আসা। ঐ মাঠের পর ওদিকে বুঝি মায়ের মুখের সেই রূপকথার রাজ্য? শ্যাম-লকীর দেশে বেঙ্গমা-বেঙ্গমীর গাছের নীচে, নির্বাসিত রাজপুত্র যেখানে তলোয়ার পাশে রাখিয়া শুইয়া রাত কাটায়? ও-পারে আর মানুষের বাস নাই, জগতের শেষ সীমাটাই এই। ইহার পর হইতেই অসম্ভবের দেশ, অজানার দেশ শুরু হইয়াছে।

বাড়ী ফিরিবার পথে সে পথের ধারের একটা নীচু ঝোপ হইতে একটা উজ্জ্বল রং-এর ফলের থোলো ছিঁড়িতে হাত বাড়াইল। তাহার বাবা বলিল, হাঁ হাঁ, হাত দিও না—আলকুশী আলকুশী। কি যে তুমি করো বাবা! বড্ড জ্বালালে দেখছি। আর কোনদিন কোথাও নিয়ে বেরুচ্চিনে বলে দিলাম—এক্ষুনি হাত চুলকে ফোঁস্কা হবে—পথের মাঝখান দিয়ে এত করে বলচি হাঁটতে—তা তুমি কিছুতেই শুনবে না।

—হাত চুলকুবে কেন বাবা?

—হাত চুলকুবে, বিষ বিষ—আলকুশীতে কে হাত দেয় বাবা? শুঁয়ো ফুটে রি রি করে জ্বলবে এক্ষুনি—তখন তুমি চীৎকার শুরু করবে।

গ্রামের মধ্যে দিয়া হরিহর ছেলেকে সঙ্গে করিয়া খিড়কির দোর দিয়া বাড়ী ঢুকিল। সর্বজয়া খিড়কির দোর খোলার শব্দে বাহিরে আসিয়া বলিল—এই এত রাত হোল! তা ওকে নিয়ে গিয়েচ, না একটা দোলাই গায়ে না কিছু।

হরিহর বলিল—আঃ, নিয়ে গিয়ে যা বিরক্ত! এদিকে যায়, ওদিকে যায়, সামলে রাখতে পারিনে—আলকুশীর ফল ধরে টানতে যায়। পরে ছেলের দিকে চাহিয়া বলিল—কুঠির মাঠ দেখবো, কুঠির মাঠ দেখবো—কেমন, হোল তো কুঠির মাঠ দেখা?

পথের পাঁচালী

অষ্টম পরিচ্ছেদ

সকাল বেলা। আটটা কি নয়টা। হরিহরের পুত্র আপন মনে রোয়াকে বসিয়া খেলা করিতেছে, তাহার একটা ছোট টিনের বাক্স আছে, সেটার ডালা ভাঙা। বাক্সের সমুদয় সম্পত্তি সে উপুড় করিয়া মেঝেতে ঢালিয়াছে। একটা রং-ওঠা কাঠের ঘোড়া, চার পয়সা দামের, একটা টোল খাওয়া টিনের ভেঁপু-বাঁশী, গোটা কতক কড়ি। এগুলি সে মায়ের অজ্ঞাতসারে লক্ষ্মীপূজার কড়ির চূপড়ী হইতে খুলিয়া

লইয়াছিল ও পাছে কেহ টের পায় এই ভয়ে সর্বদা লুকাইয়া রাখে—একটা দু'পয়সা দামের পিস্তল, কতকগুলো শুকনো নাটা ফল। দেখিতে ভাল বলিয়া তাহাঃ দিদি কোথা হইতে অনেকগুলি কুড়াইয়া আনিয়াছিল, কিছু তাহাকে দিয়াছে, কিছু নিজের পুতুলের বাক্সে রাখিয়া দিয়াছে। খানকতক খাপরার কুচি। গঙ্গামুনা খেলিতে এই খাপরাগুলির লক্ষ্য অব্যর্থ বলিয়া বিশ্বাস হওয়ার সে এগুলি সযত্নে বাক্সে রাখিয়া দিয়াছে, এগুলি তাহার মহামূল্যবান সম্পত্তি। এতগুলি জিনিসের মধ্যে সবে সে টিনের বাঁশীটা কয়েকবার বাজাইয়া সেটির সম্বন্ধে বিগত কৌতুহল হইয়া তাহাকে এক পাশে রাখিয়া দিয়াছে। কাঠের ঘোড়া নড়াচড়া করা হইয়া গিয়াছে। সেটিও একপাশে পিঁজরাপোলের আসামীর ন্যায় পড়িয়া আছে। বর্তমানে সে গঙ্গা-যমুনা খেলিবার খাপড়াগুলিকে হাতে লইয়া মনে মনে দাওয়ার উপর গঙ্গা-যমুনার ঘর আঁকা কল্পনা করিয়া চোখ বুজিয়া খাপরা ছুঁড়িয়া দেখিতেছে তাক ঠিক হইতেছে কিনা।

এমন সময়ে তাহার দিদি দুর্গা উঠানের কাঁঠালতলা হইতে ডাকিল—অপু—ও—অপু—। সে প্রতক্ষণ বাড়ী ছিল না, কোথা হইতে এইমাত্র আসিল। তাহার স্বর একটু সতর্কতামিশ্রিত। মানুষের গলার আওয়াজ পাইয়া অপু কলের পুতুলের মত লক্ষ্মীর চুপড়ির কড়িগুলি তাড়াতাড়ি লুকাইয়া ফেলিল। পরে বলিল—কি রে দিদি?

দুর্গা হাত নাড়িয়া ডাকিল—আয় এদিকে—শোন্—

দুর্গার বয়স দশ এগারো বৎসর হইল। গড়ন পাতলা পাতলা, রং অপূর মত অতটা ফর্সা নয়, একটু চাপা। হাতে কাচের চুড়ি, পরনে ময়লা কাপড়, মাথার চুল রুক্ষ—বাতাসে উড়িতেছে, মুখের গড়ন মন্দ নয়, অপূর মত চোখগুলি বেশ ডাগর ডাগর। অপু রোয়াক হইতে নামিয়া কাছে গেল, বলিল,—কি রে?

দুর্গার হাতে নারিকেলের মালা। সেটা সে নীচু করিয়া দেখাইল, কতগুলি কচি আম কাটা। সুর নীচু করিয়া বলিল—মা ঘাট থেকে আসে নি তো?

অপু ঘাড় নাড়িয়া বলিল—উঁহ—

দুর্গা চুপি চুপি বলিল—একটু তেল আর একটু নুন নিয়ে আসতে পারিস? আমার কুসী জারাবো—অপু আহ্লাদের সহিত বলিয়া উঠিল—কোথায় পেলি রে দিদি?

দুর্গা বলিল—পটলিদের বাগানে সিঁদুরকোটোর তলায় পড়ে ছিল—আন্ দিকি একটু নুন আর তেল?

অপু দিদির দিকে চাহিয়া বলিল—তেলের ভাঁড় ছুঁলে মা মারবে যে? আমার কাপড় যে বাসি?—তুই যা না শিগগিরি করে, মা'র আসতে এখন ঢের দেরি—ক্ষার কাচতে গিয়েচে—শীগগিরি যা—অপু বলিল—নারিকেলের মালাটা আমায় দে। ওতে ঢেলে নিয়ে আসবো—তুই খিড়কী দোরে গিয়ে দ্যাখ মা আসচে কিনা।

দুর্গা নিম্নস্বরে বলিল—তেল টেল যেন মেঝেতে ঢালিসনে, সাবধানে নিবি, নইলে মা টের পাবে—তুই তো একটা হাবা ছেলে—

অপু বাড়ীর মধ্য হইতে বাহির হইয়া আসিলে দুর্গা তাহার হাত হইতে মালা লইয়া আমগুলি বেশ করিয়া মাখিল,—বলিল, নে হাত পাত।

—তুই অতগুলো খাবি দিদি?

—অতগুলি বুঝি হোল? এই তো—ভারি বেশী—যা, আচ্ছা নে আর দু'খানা—বাঃ, দেখতে বেশ হয়েছে রে, একটা লক্ষা আনতে পারিস? আর একখানা দেবো তাহলে—

—লক্ষা কি করে পাড়বো দিদি? মা যে তক্তার ওপর রেখে দ্যায়, আমি যে নাগাল পাইনে?

—তবে থাকগে যাক—আবার ওবেলা আন্বো এখন—পটলিদের ডোবার ধারের আমগাছটায় গুটী যা ধরেচে—দুপুরের রোদে তলায় ঝরে পড়ে—

দুর্গাদের বাড়ীর চারিদিকেই জঙ্গল। হরিহর রায়ের জ্ঞাতি-ভ্রাতা নীলমণি রায় সম্প্রতি গত বৎসর মারা গিয়াছেন, তাহার স্ত্রী পুত্রকন্যা লইয়া নিজ পিত্রালয়ে বাস করিতেছেন। কাজেই পাশের এ ভিটাও জঙ্গলাবৃত্ত হইয়া পড়িয়া আছে। নিকটে আর কোন লোকের বাড়ী নাই। পাঁচ মিনিটের পথ গেলে তবে ভুবন মুখুজ্যের বাড়ী।

হরিহরের বাড়ীটাও অনেক দিন হইয়া গেল মেরামত হয় নাই, সামনের দিকের রোয়াক ভাঙা, ফাটলে বন-বিছুটির ও কালমেঘ গাছের বন গজইয়াছে—ঘরের দোর-জানালার কপাট সব ভাঙা, নারিকেলের দড়ি দিয়া গরাদের সঙ্গে বাঁধা আছে।

বিড়কী দোর বনাৎ করিয়া খুলিবার শব্দ হইল এবং একটু পরেই সর্বজয়ার গলা শুনা গেল—
দুগ্গা, ও দুগ্গা—

দুর্গা বলিল—মা ডাকছে, যা দেখে আয়—ওখানা খেয়ে যা—মুখে যে নুনের গুঁড়ো লেগে আছে, মুছে ফ্যাল—

মায়ের ডাক আর একবার কানে গেলেও দুর্গার এখন উত্তর দিবার সুযোগ নাই, মুখ ভর্তি। সে তাড়াতাড়ি জারানো আমের চাকলাগুলি খাইতে লাগিল। পরে এখনো অনেক অবশিষ্ট আছে দেখিয়া কাঁঠালগাছটার কাছে সরিয়া গিয়া গুঁড়ির আড়ালে দাঁড়াইয়া সেগুলি গোত্রাসে গিলিতে লাগিল। অপু তাহার পাশে দাঁড়াইয়া নিজের অংশ প্রাপণে গিলিতেছিল, কারণ চিবাইয়া খাওয়ার আর সম্বন্ধ নাই। খাইতে খাইতে দিদির দিকে চাহিয়া সে দোষ সম্বন্ধে সচেতনতা-সূচক হাসি হাসিল। দুর্গা খালি মালাটা একটান্ মারিয়া ভেরেণাকচার বেড়া পার করিয়া নীলমণি রায়ের ভিটার দিকে জঙ্গলের মধ্যে ছুঁড়িয়া দিল। ভাইয়ের দিকে চাহিয়া বলিল—মুখটা মুছে ফ্যাল না বাঁদর, নুন লেগে রয়েছে যে...

পরে দুর্গা নিরীহভাবে বাড়ীর মধ্যে ঢুকিয়া বলিল—কি মা?

—কোথায় বেরনো হয়েছিল শুনি? একলা নিজে কতদিকে যাবে? সকাল থেকে ক্ষার কেচে গা-গতর ব্যথা হয়ে গেল, একটুখানি কুটোগাছটা ভেঙে দু'খানা করা নেই, কেবল পাড়ায় পাড়ায় টো টো টোকলা সেধে বেড়াচ্ছেন—সে বাঁদর কোথায়?

অপু আসিয়া বলিল, মা, খিদে পেয়েছে।

—রোসো রোসো, একটুখানি দাঁড়াও বাপু...একটুখানি হাঁপ জিরোতে দ্যাও। তোমাদের রাতদিন খিদে আর রাতদিন ফাই-ফরমাজ। ও দুগ্গা, দ্যাখ তো বাছুরটা হাঁক পাড়ছে কেন?

খানিকটা পরে সর্বজয়া রান্নাঘরের দাওয়ায় বাঁট পাতিয়া শসা কাটিতে বসিল। অপু কাছে বসিয়া পড়িয়া বলিল—আর এটু আটা বের করো না মা, মুখে বড্ড লাগে।

দুর্গা নিজের ভাগ হাত পাতিয়া লইয়া সঙ্কুচিত সুরে বলিল—চালভাজা আর নেই মা?

অপু খাইতে খাইতে বলিল—উঃ, চিবানো যায় না। আম খেয়ে দাঁত টকে—

দুর্গার ভুকুটিমিশ্রিত চোখ-টেপায় বাধা পাইয়া তাহার কথা অর্ধপথেই বন্ধ হইয়া গেল। তাহার মা জিজ্ঞাসা করিল,—আম কোথায় পেলি?

সত্য কথা প্রকাশ করিতে সাহসী না হইয়া অপু দিদির দিকে জিজ্ঞাসাসূচক দৃষ্টিতে চাহিল। সর্বজয়া মেয়ের দিকে চাহিয়া বলিল—তুই ফের এখন বেরিয়েছিলি বুঝি?

দুর্গা বিপন্নমুখে বলিল—ওকে জিগ্যেস করো না? আমি—এই তো এখন কাঁঠালতলায় দাঁড়িয়ে—
তুমি যখন ডাকলে তখন তো—

স্বর্ণ গোয়ালিনী গাই দুহিতে আসায় কথাটা চাপা পড়িয়া গেল। তাহার মা বলিল—যা বাছুরটা ধরগে যা—ডেকে ডেকে সারা হোল—কমলে বাছুর, ও সন্ন, এত বেলা ক'রে এলে কি বাঁচে? একটু সকাল করে না এলে এই তেতল্পর পজ্জন্ত বাছুর বাঁধা—

দিদির পিছনে পিছনে অপুও দুধ দোয়া দেখিতে গেল। সে বাহির উঠানে পা দিতেই দুর্গা তাহার পিঠে দুম্ করিয়া নির্ঘাত এক কিল বসাইয়া দিয়া কহিল—লক্ষ্মীছাড়া বাঁদর। পরে মুখ ভ্যাঙচাইয়া কহিল—আম খেয়ে দাঁত টকে গিয়েছে—আবার কোনো দিন আম দেবো খেও—ছাই দেবো—এই ওবেলাই পটলিদের কাঁকুড়তলির আম কুড়িয়ে এনে জারাবো, এত বড় বড় গুটি হয়েছে, মিষ্টি যেন গুড়—দেবো তোমায়? খেও এখন? হাবা একটা কোথাকার—যদি এতটুকু বুদ্ধি থাকে!

দুপুরের কিছু পরে হরিহর কাজ সারিয়া বাড়ী ফিরিল। সে আজকাল গ্রামের অন্নদা রায়ের বাটাতে গোমস্তার কাজ করে। জিজ্ঞাসা করিল—অপুকে দেখচিনে?

সর্বজয়া বলিল—অপু তো ঘুমুচ্ছে।

—দুগগা বুঝি—

—সে সেই খেয়ে বেরিয়েছে—সে বাড়ী থাকে কখন? দুটো খাওয়ার সঙ্গে যা সম্পর্ক। আবার সেই খিদে পেলে তবে আসবে—কোথায় কার বাগানে কার আমতলায় জামতলায় ঘুরছে—এই চন্ডির মাসের রোদ্দুরে, ফের দ্যাখো না এই জুরে পড়লো বলে—এত বড় মেয়ে, বলে বোঝাবো কত? কথা শোনে, না কানে নেয়?

একটু পরে হরিহর খাইতে বসিয়া বলিল—আজ দশঘরায় তাগাদার জন্যে গেছলাম, বুঝলে? একজন লোক, খুব মাতব্বর, পাঁচটা ছয়টা গোলা বাড়ীতে, বেশ পয়সাওয়ালা লোক—আমায় দেখে দণ্ডবৎ করে বসে—দাদাঠাকুর আমায় চিনতে পাচ্ছেন? আমি বললাম—না বাপু, আমি তো কৈ—? বসে—আপনার কর্তা থাকতে তখন পূজা-আচ্চায় সব সময়েই তিনি আসতেন, পায়ের ধূলা দিতেন। আপনারা আমাদের গুরুতুল্য লোক, এবার আমরা বাড়ীসুদ্ধ মস্তুর নেবো ভাবচি—তা আপনি যদি আশ্চর্য করেন, তবে ভরসা করে বলি—আপনিই কেন মস্তুরটা দেন না? তা আমি তাদের বলেচি আজ আর কোন কথা বলব না, ঘুরে এসে দু-এক দিনে—বুঝলে?

সর্বজয়া ডালের বাটি হাতে দাঁড়াইয়া ছিল, বাটি মেঝেতে নামাইয়া সামনে বসিয়া পড়িল। বলিল—হ্যাঁগো, তা মন্দ কি? দাও না ওদের মস্তুর? কি জাত? হরিহর সুর নামাইয়া বলিল—ব'লো না কাউকে।—সদগোপ। তোমার তো আবার গল্প করে বেড়ানো স্বভাব—

—আমি আবার কাকে বলতে যাবো, তা হোক গে সদগোপ, দাও গিয়ে দিয়ে, এই কষ্ট যাচ্ছে—ঐ রায়বাড়ীর আটটা টাকা ভরসা, তাও দু'তিন মাস অন্তর তবে দ্যায়—আর এদিকে রাজ্যের দেনা। কাল ঘাটের পথে সেজ ঠাকুরণ বসে—বৌমা, আমি বন্দক ছাড়া টাকা ধার দিইনে—তবে তুমি অনেক করে বসে—বলে দিলাম—আজ পাঁচ পাঁচ মাস হয়ে গেল, টাকা আর রাখতে পারবো না। এদিকে রাখা বোষ্টমের বৌ তো ছিড়ে খাচ্ছে, দুবেলা তাগাদা আরম্ভ করেছে। ছেলেটার কাপড় নেই—দু'তিন জায়গায় সেলাই, বাছা আমার তাই পরে হাসিমুখে নেচে নেচে বেড়ায়—আমার এমন হয়েছে যে ইচ্ছে করে একদিকে বেরিয়ে যাই—

—আর একটা কথা ওরা বলছিল, বুঝলে? বলছিল গাঁয়ে তো বামুন নেই, আপনি যদি এই গাঁয়ে উঠে আসেন, তবে জায়গা-জমি দিয়ে বাস করাই—গাঁয়ে একঘর বামুন বাস করানো আমাদের বড় ইচ্ছে। তা কিছু ধানের জমিটিমি দিতেও রাজী—পয়সার তো অভাব নেই। আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা—ভদ্রর লোকেরাই হয়ে পড়েছে হা ভাত যো ভাত—

আগ্রহে সর্বজয়ার কথা বন্ধ হইবার উপক্রম হইল—এখুনি। তা তুমি রাজী হলে না কেন? বললেই হত 'য আচ্ছা আমরা আসবো। ও-রকম একটা বড় মানুষের আশ্রয়—এ গাঁয়ে তোমার আছে কে? শুধু ভিটে কামড়ে পড়ে থাকা—

হরিহর হাসিয়া বলিল—পাগল! তখুনি কি রাজী হতে আছে? ছোটলোক, ভাববে ঠাকুরের হাঁড়ি দেখছি শিকের উটেচে—উঁহু, ওতে খেলো হয়ে যেতে হয়—তা নয়, দেখি একবার চুপি চুপি মজুমদার মহাশয়ের সঙ্গে পরামর্শ করে—আর এখন ওঠ বসেই কি ওঠা চলে? সব বেটা এসে বলবে টাকা দাও, নৈলে যেতে দেবো না—দেখি পরামর্শ করে কি রকম দাঁড়ায়—

এই সময়ে মেয়ে দুর্গা কোথা হইতে পা টিপিয়া টিপিয়া আসিয়া বাহিরের দুয়ারের আড়াল হইতে সতর্কতার সহিত একবার উঁকি মারিল এবং অপর পক্ষ সম্পূর্ণ সজাগ দেখিয়া ও-ধারে পাঁচিলের পাশ বাহিয়া বাহির-বাটার রোয়াকে উঠিল। দালানের দুয়ার আস্তে আস্তে ঠেলিয়া দেখিল উহা বন্ধ আছে। এদিকে রোয়াকে দাঁড়ানো অসম্ভব, রৌদ্রের তাপে পা পুড়িয়া যায়, কাজেই সে স্থান হইতে নামিয়া গিয়া উঠানের কাঁঠালতলায় দাঁড়াইল। রৌদ্রে বেড়াইয়া তাহার মুখ রাঙা হইয়া উঠিয়াছে, আঁচলের খুঁটে কি কতকগুলো যত্ন করিয়া বাঁধা। সে আসিয়াছিল এইজন্য যে, যদি বাহিরের দুয়ার খোলা পায় এবং মা ঘুমাইয়া থাকে, তবে ঘরের মধ্যে চুপি চুপি ঢুকিয়া একটু শুইয়া লইবে। কিন্তু বাবার, বিশেষত মার সামনে সন্মুখ দুয়ার দিয়া বাড়ী ঢুকিতে তাহার সাহস হইল না।

উঠানে নামিয়া সে কাঁঠালতলায় দাঁড়াইয়া কি করিবে ঠিক করিতে না পারিয়া নিরুৎসাহভাবে এদিক ওদিক চাহিতে লাগিল। পরে সেখানেই বসিয়া পড়িয়া আঁচলের খুঁট খুলিয়া কতকগুলি শুকনা রড়া ফলের বাঁচি বাহির করিল। খানিকক্ষণ চাহিয়া থাকিয়া সে আপন মনে সেগুলি গুণিতে আরম্ভ করিল, এক—দুই—তিন—চার...ছাব্বিশটা হইল। পরে সে দুই তিনটা করিয়া বাঁচি হাতের উপর পিঠে বসাইয়া উঁচু করিয়া ছুঁড়িয়া দিয়া পরে হাতের সোজা পিঠ পাতিয়া ধরিতে লাগিল। মনে মনে বলিতে লাগিল—অপুকে এইগুলো দেবো—আর এইগুলো পুতুলের বাস্কে রেখে দেবো—কেমন বাঁচিগুলো তেল চুকচুক কচ্ছে—আজই গাছ থেকে পড়েচে, ভাগ্যিস আগে গোলাম, নৈলে সব গরুতে খেয়ে ফেলে দিতো, ওদের রাজী গাইটা একেবারে রাক্ষস, সব জায়গায় যাবে, সেবার কতকগুলো এনেছিলাম আর এইগুলো নিয়ে অনেকগুলো হোল।

সে খেলা বন্ধ করিয়া সমস্ত বাঁচি আবার সযত্নে আঁচলের খুঁটে বাঁধিল। পরে হঠাৎ কি ভাবিয়া রক্ষ চুলগুলি বাতাসে উড়াইতে উড়াইতে মহা খুশীর সহিত পুনরায় সোজা বাটার বাহির হইয়া গেল।

পথের পাঁচালী

নবম পরিচ্ছেদ

অপুদের বাড়ী হইতে কিছু দূরে একটা খুব বড় অশ্বখ গাছ ছিল। কেবল তাহার মাথাটা উহাদের দালানের জানালা কি রোয়াক হইতে দেখা যায়। অপু মাঝে মাঝে সেইদিকে চাহিয়া দেখিত। যতবার সে চাহিয়া দেখে, ততবার তাহার যেন অনেক—অনেক—অনেক দূরের কোন দেশের কথা মনে হয়—কোন দেশ, এ তাহার ঠিক ধারণা হইল না—কোথায় যেন কোথাকার দেশ—মা'র মুখে ঐ সব দেশের রাজপুত্রদের কথাই সে শোনে।

অনেক দূরের কথায় তাহার শিশুমনে একটা বিস্ময়মাখানো আনন্দের ভাবের সৃষ্টি করিত। নীল রং-এর আকাশটা অনেক দূর, ঘুড়িটা—কুঠির মাঠটা অনেক দূর—সে বুঝাইতে পারিত না বলিতে পারিত না কাহাকেও, কিন্তু এসব কথায় তাহার মন যেন কোথায় উড়িয়া চলিয়া যাইত—এবং সর্বাপেক্ষা কৌতুকের বিষয় এই যে, অনেক দূরের এই কল্পনা তাহার মনকে অত্যন্ত চাপিয়া তাহাকে যেন কোথায় লইয়া ফেলিয়াছে—ঠিক সেই সময়ের মায়ের জন্য তাহার মন কেমন করিয়া উঠিত, যেখানে সে যাইতেছে সেখানে তাহার মা নাই, অমনি মায়ের কাছে যাইবার জন্য মন আকুল হইয়া পড়িত। কতবার যে এ রকম হইয়াছে। আকাশের গায়ে অনেক দূরে একটা চিল উড়িয়া যাইতেছে—ক্রমে ছোট—ছোট—ছোট হইয়া নীলদের তালগাছের উঁচু মাথাটা পিছনে ফেলিয়া দূর আকাশে ক্রমে মিলাইয়া যাইতেছে—চাহিয়া দেখিতে দেখিতে যেমন উড়ন্ত চিলটা দৃষ্টিপথের বাহির হইয়া যাইত, অমনি সে চোখ নামাইয়া লইয়া বাহিরবাট হইতে একদৌড়ে রান্নাঘরের দাওয়ায় উঠিয়া গৃহকার্যরত মাকে জড়াইয়া ধরিত। মা বলিত—দ্যাখো দ্যাখো ছেলের কাণ্ড দ্যাখো—ছাড়—ছাড়—দেখছিস সর্কড়ী হাত? ...ছাড়ো মাণিক আমার, সোনা আমার, তোমার জন্য এই দ্যাখো চিংড়িমাছ ভাজছি—তুমি যে চিংড়িমাছ ভালোবাসো? হ্যাঁ, দুষ্টুমি করো না—ছাড়ো—

আহারাদির পর দুপুরবেলা তাহার মা কখনো কখনো জানালার ধারে আঁচল পাতিয়া শুইয়া ছেঁড়া কাশীদাসী মহাভারতখানা সুর করিয়া পড়িত। বাড়ীর ধারে নারিকেল গাছটাতে শঙ্খচিল ডাকিত, অপু নিকটে বসিয়া হাতের লেখা ক-খ লিখিতে লিখিতে একমনে মায়ের মুখের মহাভারত পড়া শুনিত। দুর্গাকে তাহার মা বলিত, একটা পান সেজে দে তো দুগ্গা। অপু বলিত, মা সেই ঘুঁটে কুড়ানোর গল্পটা? তাহার মা বলে—ঘুঁটে কুড়ানোর কোন গল্প বল তো—ও সেই হরিহোড়ের? সে তো অন্নদামঙ্গ লে আছে, এতে তো নেই? পরে পান মুখে দিয়ে সুর করিয়া পড়িতে থাকিত—

রাজা বলে শুন শুন মুনির নন্দন।

কহিব অপূর্ব কথা না যায় বর্ণন।।

সোমদত্ত নামে রাজা সিদ্ধদেশে ঘর।

দেবদ্বিজ হিংসা সদা অতি—

অপু অমনি মায়ের মুখের কাছে হাতখানি পাতিয়া বলিত, আমায় একটু পান? মা চিবানো পান নিজের মুখ হইতে ছেলের প্রসারিত হাতের উপর রাখিয়া বলিত—এঃ, বড্ড তেতো—এই খয়েরগুলোর দোষ, রোজ হাটে বারণ করি ও-খয়ের যেন আনে না, তবুও—

জানলার বাহিরে বাঁশবনের দুপুরের রৌদ্র-মাখানো শেওড়া খেঁটু বনের দিকে চাহিয়া চাহিয়া মহাভারতের—বিশেষত কুরুক্ষেত্রের যুদ্ধের কথা শুনিতে শুনিতে সে তন্ময় হইয়া যায়। মহাভারতের সমস্ত চরিত্রের মধ্যে কর্ণের চরিত্র বড় ভাল লাগে তাহার কাছে। ইহার কারণ কর্ণের উপর তাহার কেমন একটা মমতা হয়। রথের চাকা মাটিতে পুঁতিয়া গিয়াছে—দুই হাতে প্রাণপণে সেই চাকা মাটি হইতে টানিয়া তুলিবার চেষ্টা করিতেছেন—সেই নিরস্ত্র অসহায়, বিপন্ন কর্ণের অনুরোধ মিনতি উপেক্ষা করিয়া অর্জুন তীর ছুঁড়িয়া মারিয়া ফেলিলেন। মায়ের মুখে এই অংশ শুনিতে শুনিতে দুঃখে অপূর শিশু হৃদয় পূর্ণ হইয়া উঠিত, চোখের জল বাগ মানিত না—চোখ ছাপাইয়া তাহার নরম, তুলতুলে গাল বাহিয়া গড়াইয়া পড়িত—সঙ্গে সঙ্গে মানুষের দুঃখে চোখে জল পড়ার যে আনন্দ, তাহা তাহার মনোরাজ্যে নব অনুভূতির সজীবত্ব লইয়া পরিচিত হইতে লাগিল। জীবন-পথের যে দিক মানুষের চোখের জলে, দীনতায়, মৃত্যুতে আশাহত, ব্যর্থতায় বেদনায় করুণ—পুরোনো বইখানার ছেঁড়া পাতার ভরপুর গন্ধে, মায়ের মুখের মিষ্ট সুরে, রৌদ্রভরা দুপুরের মায়া-অঙ্গুলি-নির্দেশে, তাহার শিশুদৃষ্টি অস্পষ্টভাবে সে পথের সন্ধান পাইত। বেলা পড়িলে মা গৃহকর্মে উঠিয়া গেলে, সে বাহিরে আসিয়া রোয়াকে দাঁড়াইয়া দূরের সেই অশ্বখ গাছটার দিকে এক এক দিন চাহিয়া দেখে—হয়তো কড়া চৈত্র-বৈশাখের রৌদ্রে গাছটার মাথা ধোঁয়া-ধোঁয়া অস্পষ্ট, নয়তো বৈকালের রাঙা রোদ অলসভাবে গাছটার মাথায় জড়াইয়া আছে—সকলের চেয়ে এই বৈকালের রাঙা-রোদ-মাখানো গাছটার দিকে চাহিয়াই তাহার মন কেমন করিত। কর্ণ যেন ঐ অশ্বখ গাছটার ওপারে আকাশের তলে, অনেক দূরে কোথায় এখনও মাটি হইতে রথের চাকা দুই হাতে প্রাণপণে টানিয়া তুলিতেছে—রোজই তোলে—রোজই তোলে—মহাবীর, কিন্তু চিরদিনের কৃপার পাত্র কর্ণ। বিজয়ী বীর অর্জুন নহে—যে রাজ্য পাইল, মান পাইল, রথের উপর হইতে বাণ ছুঁড়িয়া বিপন্ন শত্রুকে নাশ করিল; বিজয়ী কর্ণ—যে মানুষের চিরকালের চোখের জলে জাগিয়া রহিল, মানুষের বেদনায় অনুভূতিতে সহচর হইয়া বিরাজ করিল—সে।

এক-একদিন মহাভারতের যুদ্ধের কাহিনী শুনিতে শুনিতে তাহার মনে হয় যুদ্ধ জিনিসটা মহাভারতে বড় কম লেখা আছে। ইহার অভাব পূর্ণ করিবার জন্য এবং আশ মিটাইয়া যুদ্ধ জিনিসটা উপভোগ করিবার জন্য সে এক উপায় বাহির করিয়াছে। একটা বাখারি কিংবা হালকা কোন গাছের ডালকে অস্ত্ররূপে হাতে লইয়া সে বাড়ীর পিছনে বাঁশবাগানের পথে অথবা বাহিরের উঠানে ঘুরিয়া বেড়ায় ও আপন মনে বলে—তারপর দ্রোণ তো একেবারে দশ বাণ ছুঁড়লেন, অর্জুন করলেন কি, একেবারে দুশোটা বাণ দিলেন মেরে। তারপর—ওঃ—সে কি যুদ্ধ! বাণের চোটে চারিদিক অন্ধকার হয়ে গেল। (এখানে সে মনে মনে যতগুলি বাণ হইলে তাহার আশা মিটে তাহার কল্পনা করে, যদিও তাহার কল্পনার ধরা মার মুখে কাশীদাসী মহাভারতে বর্ণিত যুদ্ধের প্রণালী সম্বন্ধে যাহা শুনা আছে তাহা অতিক্রম করে না) তারপর তো অর্জুন করলেন কি, ঢাল তরোয়াল নিয়ে রথ থেকে লাফিয়ে পড়লেন—পরে এই যুদ্ধ! দুর্ঘোষন এলেন—ভীম এলেন—বাণে বাণে আকাশ অন্ধকার করে ফেলেচে—আর কিছু দেখা গেল না। মহাভারতের রথিগণ মাত্র অষ্টাদশ দিবস যুদ্ধ করিয়া নাম কিনিয়া গিয়াছেন, কিন্তু রক্ত-মাংসের দেহে জীবন্ত থাকিলে তাঁহারা বুঝিতে পারিতেন যশোলাভের পথ ক্রমশই কিরূপ দুর্গম হইয়া পড়িতেছে। বালকের আকাঙ্ক্ষা নিবৃত্তি করিতে তাঁহারা মাসের পর মাস সমানভাবে অস্ত্রচালনা করিতে পারিতেন কি?

গ্রীষ্মকালের দিনটা, বৈশাখের মাঝামাঝি।

নীলমণি রায়ের ভিটার দিকে জঙ্গলের ধারে সেদিন দুপুরের কিছু পূর্বে দ্রোণগুরু বড় বিপদে পড়িয়াছিলেন—কপিধ্বজ রথ একেবারে তাঁহার ঘাড়ের উপরে, গাণ্ডীব-ধনু হইতে ব্রহ্মাস্ত্র মুক্ত হইবার বিলম্ব চক্ষের পলক মাত্র, কুরুসৈন্যদলে হাহাকার উঠিয়াছে—এমন সময় শেওড়া বনের ওদিক হইতে

হঠাৎ কে কৌতূকের কণ্ঠে জিজ্ঞাসা করিল,—ও কি রে অপু? অপু চমকিয়া উঠিয়া আকর্ণ টানা জ্যা-কে হঠাৎ ছাড়িয়া দিয়া চাহিয়া দেখিল তাহার দিদি জঙ্গলের মধ্যে দাঁড়াইয়া তাহার দিকে চাহিয়া খিল-খিল করিয়া হাসিতেছে। পরে চাহিতেই বলিল—হ্যারে পাগল, আপন মনে কি বক্চিস্ বিড়বিড় করে, আর হাত পা নাড়চিস্? পরে সে ছুটিয়া আসিয়া সম্মুখে ভাইএর কচি গালে চুমু খাইয়া বলিল—পাগল! কোথাকার একটা পাগল, কি বখছিলি রে আপন মনে?

অপু লজ্জিতমুখে বার বার বলিতে লাগিল—যাঃ...বক্ছিলাম বুঝি?....আচ্ছা, যাঃ—

অবশেষে দুর্গা হাসি থামাইয়া বলিল—আয় আমার সঙ্গে...

পরে সে অপূর হাত ধরিয়া বনের মধ্যে লইয়া চলিল। ঋনিক দূর গিয়া হাসিমুখে আস্তুল দিয়া দেখাইয়া বলিল—দেখেচিস্?....কত নোনা পেকেচে?....এখন কি করে পাড়া যায় বল্ দিকি?

অপু বলিল—উঃ, অনেক রে দিদি!—একটা কঞ্চি দিয়ে পাড়া যায় না?

দুর্গা বলিল—তুই এক কাজ কর, ছুটে গিয়ে বাড়ীর মধ্যে থেকে আঁকুষিটা নিয়ে আয় দিকি? আঁকুষি দিয়ে টান দিলে পড়ে যাবে দেখিস্ এখন—

অপু বলিল—তুই এখানে দাঁড়া দিদি, আমি আনচি—

অপু আঁকুষি আনিতে দুজনে মিলিয়া বহু চেষ্টা করিয়াও চার-পাঁচটার বেশী পাড়িতে পারিল না—খুব উঁচুগাছ, সর্বোচ্চ ডালে যে ফল আছে তাহা দুর্গা আঁকুষি দিয়াও নাগাল পাইল না। পরে সে বলিল—চল আজ এইগুলো নিয়ে যাই, নাইবার বেলায় মাকে সঙ্গে আনবো—মার হাতে ঠিক নাগাল আসবে। দে নোনাগুলো আমার কাছে, তুই আঁকুষিটা নে। নোলক পরবি?

একটা নীচু ঝোপের মাথায় ওড়কলমী লতায় সাদা সাদা ফুলের কুঁড়ি, দুর্গা হাতের ফলগুলো নামাইয়া নিকটের ফুলের কুঁড়ি ছিঁড়িতে লাগিল। বলিল—এদিকে সরে আয় নোলক পরিয়ে দি—

তাহার দিদি ওড়কলমী ফুলের নোলক পরিতে ভালবাসে, বনজঙ্গল সন্ধান করিয়া সে প্রায়ই খুঁজিয়া আনিয়া নিজে পরে ও ইতিপূর্বে কয়েকবার অপুকেও পরাইয়াছে। অপু কিন্তু মনে মনে নোলক-পরা পছন্দ করে না। তাহার ইচ্ছা হইল, বলে, নোলক তাহার দরকার নেই। তবে দিদির ভয়ে সে কিছুই বলিল না। দিদিকে চটাইবার ইচ্ছা তাহার আদৌ নাই, কারণ দিদিই বনজঙ্গল ঘুরিয়া কুলটা, জামটা, নোনাটা, আমড়াটা সংগ্রহ করিয়া তাহাকে লুকাইয়া খাওয়ায়, এমন সব জিনিস জুটাইয়া আনে, যাহা হয়তো কুপথ্য হিসাবে উহাদের খাইতে নিষেধ আছে, কাজেই অন্যায্য হইলেও দিদির কথা না শুনা তাহার সাহসে কুলায় না।

একটা কুঁড়ি ভাঙিয়া সাদা জলের মত যে আঠা বাহির হইল, তাহার সাহায্যে দুর্গা অপূর নাকে কুঁড়িটা আঁটিয়া দিল, পরে নিজেও একটা পরিল—তারপর ভাইয়ের চিবুকে হাত দিয়া নিজের দিকে ভাল করিয়া ফিরাইয়া বলিল—দেখি, কেমন দেখাচ্ছে? বাঃ বেশ হয়েছে, চল মাকে দেখাইগে—

অপু লজ্জিতমুখে বলিল—না দিদি—

—চল না—খুলে ফেলিসনে যেন—বেশ হয়েছে—

বাড়ী আসিয়া দুর্গা নোনাফলগুলি রান্নাঘরের দাওয়ায় নামাইয়া রাখিল। সর্বজয়া রাঁধিতেছিল—দেখিয়া খুব খুশি হইয়া বলিল—কোথায় পেলি রে?

দুর্গা বলিল—ঐ লিচু-জঙ্গলে—অনেক আছে, কাল গিয়ে তুমি পাড়বে মা? এমন পাকা—একেবারে সিঁদুরের মত রাঙা—

সে আড়াল ছাড়িয়া দাঁড়াইয়া বলিল—দ্যাখো মা—

অপু নোলক পরিয়া দিদির পিছনে দাঁড়াইয়া আছে। সর্বজয়া হাসিয়া বলিল—ও মা! ও আবার কে রে?—কে চিন্তে তো পারচি নে?—

অপু লজ্জায় তাড়াতাড়ি নাকের ডগা হইতে ফুলের কুঁড়ি খুলিয়া ফেলিল। বলিল—ঐ দিদি পরিয়ে দিয়েচে—

দুর্গা হঠাৎ বলিয়া উঠিল—চল্ রে অপু, ঐ কোথায় ডুগডুগী বাজচে, চল্, বাঁদর খেলাতে এসেচে ঠিক, শীগগির আয়—

আগে আগে দুর্গা ও তাহার পিছনে পিছনে অপু ছুটিয়া বাটীর বাহির হইয়া গেল। সম্মুখের পথ বাহিয়া, বাঁদর নয়, ও-পাড়ার চিনিবাস ময়রা মাথায় করিয়া খাবার ফেরি করিতে বাহির হইয়াছে। ও-

পাড়ায় তাহার দোকান, তা ছাড়া সে আমার গুড়ের ও ধানের ব্যবসাও করে। কিন্তু পুঁজি কম হওয়ায় কিছুতেই সুবিধা করিতে পারে না, অল্পদিনেই ফেল মারিয়া বসে। তখন হয়তো মাথায় করিয়া হাটে হাটে আলু পটল, কখনও পান বিক্রয় করিয়া বেড়ায়। শেষে তাতেও যখন সুবিধা হয় না, তখন হয়তো সে বুলি ঘাড়ে করিয়া জাত-ব্যবসা আরম্ভ করে। পরে হঠাৎ একদিন দেখা যায় যে, আমার পাথুরে চুন মাথায় করিয়া বিক্রয় করিতে বেড়াইতেছে। লোকে বলে একমাত্র মাছ ছাড়া এমন কোনো জিনিস নাই, যাহা তাহাকে বিক্রয় করিতে দেখা যায় নাই। কাল দশহরা, লোকে আজ হইতেই মুড়কী সন্দেহ কিনিয়া রাখিবে। চিনিবাস হরিহর রায়ের দুয়ার দিয়া গেলেও বাড়ী ঢুকিল না। কারণ সে জানে এ বাড়ীর লোক কখনো কিছু কেনে না। তবুও দুর্গা-অপুকে দরজায় দাঁড়াইয়া থাকিতে দেখিয়া জিজ্ঞাসা করিল—চাই নাকি?

অপু দিদির মুখের দিকে চাহিল। দুর্গা চিনিবাসের দিকে ঘাড় নাড়িয়া বলিল—নাঃ—

চিনিবাস ভুবন মুখুয়ের বাড়ী গিয়া মাথার চাঙারী নামাইতেই বাড়ীর ছেলেমেয়েরা কলরব করিতে করিতে তাহাকে ঘিরিয়া দাঁড়াইল। ভুবন মুখুয়ে অবস্থাপন্ন লোক, বাড়ীতে পাঁচ-ছয়টা গোলা আছে, এ গ্রামে অন্নদা রায়ের নীচেই জমিজমা ও সম্পত্তি বিষয়ে তাঁহার নাম করা যাঁতে পারে।

ভুবন মুখুয়ের স্ত্রী বহুদিন মারা গিয়াছেন। বর্তমানে তাঁহার সেজ ভাইয়ের বিধবা স্ত্রী এ সংসারের কর্ত্রী।

সেজ-বৌ-এর বয়স চল্লিশের উপর হইবে, অত্যন্ত কড়া মেজাজের মানুষ বলিয়া তাঁহার খ্যাতি আছে।

সেজ-বৌ একখানা মাজা পিতলের সরায় করিয়া চিনিবাসের নিকট হইতে মুড়কী, সন্দেহ, বাতাসা দশহরা পূজার জন্য লইলেন। ভুবন মুখুয়ের ছেলেমেয়ে ও তাঁহার ছেলে সুনীল সেইখানেই দাঁড়াইয়া ছিল, তাহাদের জন্যও খাবার কিনিলেন। পরে অপুকে সঙ্গে লইয়া দুর্গা চিনিবাসের পিছন পিছন ঢুকিয়া উঠানে আসিয়া দাঁড়াইয়া আছে দেখিয়া সেজ-বৌ নিজের ছেলে সুনীলের কাঁধে হাত দিয়া একটু ঠেলিয়া দিয়া বলিলেন—যাও না, রোয়াকে উঠে গিয়ে খাও না। এখানে ঠাকুরের জিনিস, মুখ থেকে ফেলে এঁটো করে বসবে।

চিনিবাস চাঙারী মাথায় তুলিয়া পুনরায় অন্য বাড়ী চলিল। দুর্গা বলিল—আয় অপু, চল দেখিগে টুনুদের বাড়ী—

ইহারা সদর দরজা পার হইতেই সেজ-বৌ মুখ ঘুরাইয়া বলিয়া উঠিলেন—দেখতে পারিনে বাপু। ছুঁড়িটার যে কী হ্যাংলা স্বভাব—নিজের বাড়ী আছে, গিয়ে বসে কিনে খেগে যা না? তা না, লোকের দোর দোর, যেমন মা তেমনি ছা—

ইহাদের বাটীর বাহির হইয়া দুর্গা ভাইকে আশ্বাস দিবার সুরে বলিল—চিনিবাসের ভারি তো খাবার! বাবার কাছ থেকে দেখিস্ রথের সময় চারটে পয়সা নেবো—তুই দুটো, আমি দুটো। তুই আর আমি মুড়কী কিনে খাবো—

খানিকটা পরে ভাবিয়া ভাবিয়া অপু জিজ্ঞাসা করিল—রথের আর কতদিন আছে? রে দিদি?

পথের পাঁচালী

দশম পরিচ্ছেদ

কয়েক মাস কাটিয়া গিয়াছে।

সর্বজয়া ভুবন মুখুয়ের বাড়ীর কুয়া হইতে জল তুলিয়া আনিল; পিছনে পিছনে অপু মায়ের আঁচল মুঠা পাকাইয়া ধরিয়া ও-বাড়ী হইতে আসিল। সর্বজয়া ঘড়া নামাইয়া রাখিয়া বলিল—তা তুই পেছনে পেছনে অমন করে ঘুরতে লাগলি কেন বল্ দিকি? ঘরকন্নার কাজ-কর্ম সারবো তবে তো ঘাটে যাবো? কাজ কর্তে দিবি না—না?

অপু বলিল—তা হোক—কাজ তুমি ও-বেলা করো এখন মা, তুমি যাও ঘাটে। পরে মায়ের সহানুভূতি আকর্ষণের আশায় অতীব করুণথরে কহিল—আচ্ছা আমার খিদে কি পায় না? আজ চারদিন যে খাইনি!

—খাওনি তো করবো কি? রোদ্দুরে বেড়িয়ে বেড়িয়ে জ্বর বাধিয়ে বসবে, বল্লে কথা কানে নাও নাকি তোমরা? ছিষ্টির কাজ করবো তবে তো ঘাটে যাব। বসে তো নেই? যা ও-রকম দুষ্টুমি করিস্ নে—তোমাদের ফরমাজ মত কাজ করবার সাধ্য আমার নেই, যা—

অপু মায়ের আঁচল আরও জোর করিয়া মুঠা পাকাইয়া ধরিয়া বলিল—কক্ষনো তোমায় কাজ কর্তে দেবো না। রোজই তো কাজ করো, একদিন বুধি বাদ যাবে না? এক্ষনি ঘাটে যাও—না, আমি শুন্বো না...করো দিকি কেমন কাজ করবে?

সর্বজয়া পুত্রের দিকে চাহিয়া বলিল—ও রকম দুষ্টুমি করো না, ছিঃ—এই হয়ে গ্যালো বলে, আর একটুখানি সবুর করো—ঘাটে যাবো, ছুটে এসে তোমার ভাত চড়িয়ে দোব—দুষ্টুমি করে কি? ছাড় আঁজল, ক'খানা পল্‌তার বড়া ভাজা খাবি বল দিকি?

ঘণ্টাখানেক পরে অপু মহা উৎসাহের সহিত খাইতে বসিল।

গ্রাস তুলিয়া সে ঢকঢক করিয়া অর্ধেকখানি খালি করিয়া ফেলিয়া, পরে আরও দু'এক গ্রাস খাইয়া কিছু ভাত পাতের নীচে ছড়াইয়া বাকি জলটুকু শেষ করিয়া হাত তুলিয়া বসিল।

—কৈ খাচ্ছিস কৈ? এতক্ষণ তো ভাত ভাত করে হাঁপাচ্ছিলে—পল্‌তার বড়া—পল্‌তার বড়া—ঐ তো সবই ফেলে রাখলি, খেলি কি তবে?

সর্বজয়া একবাটি দুধ-ভাত মাখিয়া পুত্রকে খাওয়াইতে বসিল। দেখি হাঁ কর—তোমার কপালখানা—মণ্ডা না মেঠাই না, দুটো ভাত আর ভাত—তা ছেলের দশা দেখলে হয়ে আসে—রোজ ভাত খেতে বসে মুখ কাঁচুমাচু—বাঁচতে কি খেয়ে? বাঁচতে কি এসেচ? আমায় জ্বালাতে এসেচ বৈ তো নয়—ওরকম মুখ ঘুরিও না, ছিঃ—হাঁ করো লক্ষ্মী—দেখি এই দলাটা হ'লেই হোয়ে গেল—আবার ওবেলা টুনদের বাড়ীতে ভাসান হবে। তুই জানিস নে বুধি? শীগগির শীগগির খেয়ে নিয়ে চলো। আমরা সব—

দুর্গা বাড়ী ঢুকিল। কোথা হইতে ঘুরিয়া আসিতেছে। এক পা ধূলা, কপালের সামনে একগোছা চুল সোজা হইয়া প্রায় চার আঙুল উঁচু হইয়া আছে। সে সব সময় আপন মনে ঘুরিতেছে—পাড়ার সময়সী ছেলেমেয়ের সঙ্গে তাহার বড় একটা খেলা-ধূলা নাই—কোথায় কোন্‌ ঝোপে বঁচি পাকিল, কাদের বাগানে কোন্‌ গাছটায় আমার গুটি বাঁধিয়াছে, কোন্‌ বাঁশতলায় শেয়াকুল খাইতে মিষ্টি—এ সব তাহার নখদর্পণে। পথে চলিতে চলিতে সে সর্বদা পথের দুই পাশে সতর্ক দৃষ্টিতে চাহিয়া দেখিতে দেখিতে চলিয়াছে—কোথাও কাঁচপোকা বসিয়া আছে কি না। যদি কোথাও কন্টিকারী গাছের পাকা ফল দেখিতে পাইল, তৎক্ষণাৎ খেলাঘরের বেগুন করিবার জন্য তাহা তুলিতে বসিয়া যাইবে। হয়তো পথে কোথাও বসিয়া সে নানারকমের খাপরা লইয়া ছুঁড়িয়া পরীক্ষা করিয়া দেখিতেছে, গঙ্গা-যমুনা খেলায় কোন্‌খানায় ভাল তাক হয়—পরীক্ষায় যেখানা ভাল বলিয়া প্রমাণিত হইবে, সেখানা সমস্তে আঁচলে বাঁধিয়া লইবে। সর্বদাই সে পুতুলের বাস্ত্র ও খেলাঘরের সরঞ্জাম লইয়া মহাব্যস্ত।

সে ঢুকিয়া অপরাধীর দৃষ্টিতে মায়ের দিকে চাহিল। সর্বজয়া বলিল—এলে! এসো, ভাত তৈরী। খেয়ে আমায় উদ্ধার করো—তারপর আবার কোন দিকে বেরুতে হবে বেরোও। বোশেখ মাসের দিন সকলের মেয়ে দ্যাখো গে যাও সঁজুতি করচে, শিবপূজো করচে—আর এত বড় ধাড়ী মেয়ে—দিনরাত কেবল টো টো। সেই সকাল হতে না হতে বেরিয়েচে, আর এখন এই বেলা দুপুর ঘুরে গিয়েছে, এখন এল বাড়ী—মাথাটার ছিরি দ্যাখো না। না একটু তেল দেওয়া, না একটু চিরুনি ছোঁয়ানো—কে বলবে বামুনের মেয়ে, ঠিক যেন দুলে কি বাগদীদের কেউ—বিয়েও হবে ঐ দুলে-বাগদীদের বাড়ীতেই—আঁচলে ওগুলো কী ধনদৌলত বাঁধা—খোল—

দুর্গা ভয়ে ভয়ে আঁচলের খুঁট খুলিতে খুলিতে কহিল—ওই রায়কাকাদের বাড়ীর সামনে কালকাসুন্দে গাছে—পরে টোক গিলিয়া কহিল—এই অনেক বেনেবৌ তাই—

বেনেবৌয়ের কথায় হৃদয় গলে না এমন পাষণ জীবও জগতে অনেক আছে। সর্বজয়া তেলেবেগুনে জুলিয়া কহিল—তোর বেনেবৌয়ের না নিকুচি করেচে, যত ছাই আর ভসুসো রাতদিন বেঁধে নিয়ে ঘুরচেন—আজ টান মেরে তোমার পুতুলের বাস্ত্র ঐ বাঁশতলায় ডোবায় যদি না ফেলি তবে—

সর্বজয়ার কথা শেষ হইবার পূর্বেই এক ব্যাপার ঘটিল। আগে আগে মুখুয়ের বাড়ীর সেজ-ঠাকুরগণ, পিছনে পিছনে তাঁহার মেয়ে টুনু ও দেওরের ছেলে সতু, তাহাদের পিছনে আর চার-পাঁচটি ছেলেমেয়ে সম্মুখ দরজা দিয়া বাড়ী ঢুকিল। সেজ-ঠাকুরগণ কোনো দিকে না চাহিয়া বাড়ীর কাহারও সহিত কোনো আলাপ না করিয়া সোজা হন্ হন্ করিয়া ভিতরের দিকের রোয়াকে উঠিলেন। নিজের ছেলের দিকে ফিরিয়া বলিলেন—কৈ নিয়ে আয়—বের কর পুতুলের বাস্ক, দেখি—

এ বাড়ীর কেহ কোনো কথা বলিবার পূর্বেই টুনু ও সতু, দুজনে মিলিয়া দুর্গার টিনের পুতুলের বাস্কটা ঘর হইতে বাহির করিয়া আনিয়া রোয়াকে নামাইল এবং টুনু বাস্ক খুলিয়া খানিকটা খুঁজিবার পর একছড়া পুঁতির মালা বাহির করিয়া বলিল—এই দ্যাখো মা, আমার সেই মালাটা—সেদিন যে সেই খেলতে গিয়েছিল, সেদিন চুরি করে এনেচে।

সতু বাস্কের এক কোণ সন্ধান করিয়া গোটাকতক আমার গুটি বাহির করিয়া বলিল—এই দ্যাখো জেঠিমা, আমাদের সোনামুখী গাছের আম পেড়ে এনেচে।

ব্যাপারটা এত হঠাৎ হইয়া গেল বা ইহাদের গতিবিধি এ বাড়ীর সকলের কাছেই এত রহস্যময় মনে হইল যে এতক্ষণ কাহারও মুখ দিয়া কোন কথা বাহির হয় নাই। এতক্ষণ পরে সর্বজয়া কথা খুঁজিয়া পাইয়া বলিল—কি, কি খুঁড়ীমা? কি হয়েছে? পরে সে রান্নাঘরের দাওয়া হইতে ব্যগ্রভাবে উঠিয়া আসিল।

—এই দ্যাখো না কি হয়েছে, কীর্তিখানা দ্যাখো না একবার—তোমার মেয়ে সেদিন খেলতে গিয়ে টুনুর পুতুলের বাস্ক থেকে এই পুঁতির মালা চুরি করে নিয়ে এসেচে—মেয়ে কদিন থেকে খুঁজে খুঁজে হয়রান। তারপর সতু গিয়ে বললে যে, তোর পুঁতির মালা দুগগাদিদির বাস্কের মধ্যে দেখে এলাম—দ্যাখো একবার কাণ্ড—তোমার ও মেয়ে কম নাকি? চোর—চোরের বেহদ চোর—আর ওই দ্যাখো না—বাগানের আমগুলো গুটি পড়তে দেরি হয় না—চুরি করে নিয়ে এসে বাস্কে লুকিয়ে রেখেচে।

যুগপৎ দুই চুরির অতর্কিততায় আড়ষ্ট হইয়া দুর্গা পাঁচিলের গায়ে ঠেস দিয়া দাঁড়াইয়া ঘামিতেছিল। সর্বজয়া জিজ্ঞাসা করিল—এনিচিস্ এই মালা ওদের বাড়ী থেকে?

দুর্গা কথার উত্তর দিতে না দিতে সেজ-বৌ বলিলেন,—না জানলে কি আর মিথ্যে করে বলচি নাকি! বলি এই আম কটা দ্যাখো না? সোনামুখীর আম চেন, না কি? এও কি মিথ্যে কথা?

সর্বজয়া অপ্রতিভ হইয়া বলিল—না সেজখুড়ী, আপনার মিথ্যে কথা তা তো বলিনি! আমি ওকে জিগ্যেস করচি।

সেজ-ঠাকুরগণ হাত নাড়িয়া ঝাঁজের সহিত বলিলেন—জিগ্যেস করো আর যা করো বাপু, ও মেয়ে সোজা মেয়ে হবে না আমি বলে দিচ্ছি—এই বয়সে যখন চুরি বিদ্যে ধরেচে, তখন এর পর যা হবে সে টেরই পাবে! চল রে সতু—নে আমার গুটিগুলো বেঁধে নে—বাগানের আমগুলো লক্ষ্মীছাড়া ছুঁড়ীর জ্বালায় যদি চোখে দেখবার জো আছে। টুনু, মালা নিইচিস্ তো?

সর্বজয়ার কি জানি কেমন একটু রাগ হইল—বাগড়াতে সে কিন্তু পিছু হাঁটবার পাত্র নয়, বলিল—পুঁতির মালার কথা জানিনে, সেজ-খুড়ী, কিন্তু আমার গুটিগুলো সেগুলো পেড়েছে কি তলা থেকে কুড়িয়ে এনেচে, তার গায়ে তো নাম লেখা নেই সেজখুড়ী—আর ছেলেমানুষ যদি ধরো এনেই থাকে—

সেজ-ঠাকুরগণ অগ্নিমূর্তি হইয়া বলিলেন—বলি কথাগুলো তো বেশ কেটে কেটে বল্চো? বলি আমার গুটিতে নাম লেখা না-হয় নেই-ই, তোমাদের কোন্ বাগান থেকে এগুলো এসেচে তা বলতে পার? বলি টাকাগুলোতেই তো নাম লেখা ছিল না—তা তো হাত পেতে নিতে পেরেছিলে? আজ এক বছরের ওপর হয়ে গ্যালো, আজ দেবো কাল দেবো—আসবো এখন ওবেলা টাকা দিয়ে দিও—ও আমি আর রাখতে পারবো না—টাকার যোগাড় করে রেখো বলে দিচ্ছি।

দলবলসহ সেজ-ঠাকুরগণ দরজার বাহির হইয়া গেলেন। সর্বজয়া শুনিতে পাইল পথে কাহার উত্তরে তিনি বেশ উচ্চকণ্ঠেই বলিতেছেন—ওই এ-বাড়ীর ছুঁড়ীটা, টুনুর বাস্ক থেকে এই পুঁতির মালাছড়াটা চুরি করে নিয়ে গিয়ে করেছে কি নিজের বাস্কে লুকিয়ে রেখেচে—আর দ্যাখো না এই

আমগুলো পাশেই বাগান, যত হচ্ছে পাড়লেই হোল—তাই বলতে গেলাম, তা আমায় আবার কেটে কেটে বল্চে (এখানে সেজ-বৌ সর্বজয়ার কথা বলিবার ভঙ্গী নকল করিলেন)—তা—এনেচে ছেলেমানুষ—ও রকম এনেই থাকে—ওতে কি তোমাদের নাম লেখা আছে নাকি? (সুর নীচু করিয়া) মা-ই কি কম চোর নাকি, মেয়ের শিক্ষে কি আর অমনি হয়েছে? বাড়ীসুদ্ধ সব চোর—

অপমানে দুগ্ধে সর্বজয়ার চোখে জল আসিল। সে ফিরিয়া দুর্গার রুক্ষ চুলের গোছা টানিয়া ধরিয়া ডাল ভাত মাখা হাতেই দুড়দাড় করিয়া তাহার পিঠে কিলের উপর কিল ও চড়ের উপর চড় মারিতে মারিতে বলিতে লাগিল—আপদ্বালাই একটা কোথেকে এসে জুটেছে—ম'লে আপদ চুকে যায়—মরেও না যে বাঁচি—হাড় জুড়ায়—বেরো বাড়ী থেকে, দূর হয়ে যা—যা এখনি বেরো—

দুর্গা মার খাইতে খাইতে ভয়ে খিড়কী-দোর দিয়া ছুটিয়া বাহির হইয়া গেল। তাহার ছেঁড়া রুক্ষ চুলের গোছা দু-এক গাছা সর্বজয়ার হাতে থাকিয়া গেল।

অপু খাইতে খাইতে অবাक হইয়া সমস্ত ব্যাপার দেখিতেছিল। দিদি পুঁতির মালা চুরি করিয়া আনিয়াছিল কিনা তাহা সে জানে না—পুঁতির মালাটা সে ইহার আগে কোনও দিন দেখে নাই—কিন্তু আমের গুটি যে চুরির জিনিস নয় তাহা সে নিজে জানে। কাল বৈকালে দিদি তাকে সঙ্গে করিয়া টুনুদের বাগানে আম কুড়াইতে গিয়াছিল এবং সোনামুখীর তলায় আম কটা পড়িয়া ছিল, দিদি কুড়াইয়া লইল, সে জানে কাল হইতে অনেকবার দিদি বলিয়াছে—ও অপু, এবার সেই আমের গুটিগুলো জারাবো, কেমন তো? কিন্তু মা অসুবিধাজনকভাবে বাড়ী উপস্থিত থাকার দরুণ উক্ত প্রস্তাব আর কার্যে পরিণত করা সম্ভব হয় নাই। দিদির অত্যন্ত আশার জিনিস আমগুলো এভাবে লইয়া গেল, তাহার উপর আবার দিদি এরূপ ভাবে মারও খাইল। দিদির চুল ছিড়িয়া দেওয়ার মায়ের উপর তাহার অত্যন্ত রাগ হইল। যখন তাহার দিদির মাথার সামনে রুক্ষ চুলের এক গোছা খাড়া হইয়া বাতাসে উড়ে তখনই কি জানি কেন, দিদির উপর অত্যন্ত মমতা হয়—কেমন যেন মনে হয় দিদির কেহ কোথাও নাই—সে যেন একা কোথা হইতে আসিয়াছে—উহার সাথী কেহ এখানে নাই। কেবলই মনে হয়, কেমন করিয়া সে দিদির সকল দুঃখ ঘুচাইয়া দিবে—সকল অভাব পূরণ করিয়া তুলিবে। তাহার দিদিকে সে এতটুকু কষ্টে পড়িতে দিবে না।

খাওয়ার পরে অপু মায়ের ঘরের মধ্যে বসিয়া পড়িতে লাগিল। কিন্তু তাহার মত থাকিয়া থাকিয়া কেবলই বাহিরে ছুটিয়া যাইতেছিল। বেলা একটু পড়িলে সে টুনুদের বাড়ী, পটলিদের বাড়ী, নেড়াদের বাড়ী—একে একে সকল বাড়ী খুঁজিল—দিদি কোথাও নাই। রাজকৃষ্ণ পালিতের স্ত্রী ঘাট হইতে জল লইয়া আসিতেছিল—তঁাহাকে জিজ্ঞাসা করিল—জেঠিমা, আমার দিদিকে দেখেচো? সে আজ ভাত খায়নি, কিছু খায়নি—মা তাকে আজ বড্ড মেরেচে—মার খেয়ে কোথায় পালিয়েচে—দেখেচো জেঠিমা?

বাড়ীর পাশের পথ দিয়া যাইতে যাইতে ভাবিল—বাঁশ-বাগানে সে যদি বসিয়া থাকে? সেদিকে গিয়া সমস্ত খুঁজিয়া দেখিল। সে খিড়কী-দরজা দিয়া বাড়ী ঢুকিয়া দেখিল, বাড়ীতে কেহ নাই। তাহার মা বোধ হয় ঘাটে কি অন্য কোথাও গিয়ছে। বাড়ীতে বৈকালের ছায়া পড়িয়া আসিয়াছে। সম্মুখের দরজার কাছে যে বাঁশঝাড় ঝুকিয়া পড়িয়াছে, তাহার একগাছা ঝুলিয়া-পড়া শুকনো কঞ্চিতে তাহার পরিচিত সেই লেজঝোলা হলুদে পাখীটা আসিয়া বসিয়াছে। রোজই সন্ধ্যার কিছু পূর্বে সে কোথা হইতে আসিয়া এই বাঁশঝাড়ের ঐ কঞ্চিখানার উপর বসে—রোজ—রোজ—রোজ। আরও কত কি পাখী চারিদিকের বলে কিচ-কিচ করিতেছে। নীলমণি রায়দের পোড়ো ভিটা গাছপালার ঘন ছায়ায় ভরিয়া গিয়েছে। অপু রোয়াকে দাঁড়াইয়া দূরের সেই অশ্বখ গাছটার মাথার দিকটায় চাহিয়া দেখিল—একটু একটু রাঙা রোদ গাছের মাথায় এখনো মাখানো, মগডালে একটা কি সাদা মত দুলিতেছে, হয় বক, নয় কাহারও ঘুড়ি ছিড়িয়া আটকাইয়া ঝুলিতেছে—সমস্ত আকাশ জুড়িয়া যেন ছায়া আর অন্ধকার নামিয়া আসিতেছে। চারিদিক নির্জন...কেহ কোনদিকেই নাই...নীলমণি রায়ের পোড়া ভিটায় কচুঝাড়ের কালো ঘন সবুজ নতুন পাতা চক্ চক্ করিতেছে। তাহার মন হঠাৎ হ-হ করিয়া উঠিল। কতক্ষণ হইল, সেই গিয়াছে, ঝাড়ী আসে নাই—কোথায় গেল দিদি?

ভুবন মুখুয়ের বাড়ীর ছেলেমেয়েরা মিলিয়া উঠানে ছোটোছোটো করিয়া লুকোচুরি খেলিতেছে। রাণু তাহাকে দেখিয়া ছুটিয়া আসিল—ভাই, অপু এসেচে...ও আমাদের দিকে হবে, আয় রে অপু।

অপু তাহার হাত ছাড়াইয়া লইয়া জিজ্ঞাসা করিল—আমি খেলবো না রাণুদি,—দিদিকে দেখেচো? রাণু জিজ্ঞাসা করিল—দুগ্গা? না, তাকে তো দেখিনি। বকুলতলায় নেই তো?

বকুলতলার কথা তাহার মনেই হয় নাই। সেখানে দুর্গা প্রায়ই থাকে বটে। ভুবন মুখুয়ের বাড়ী হইতে সে বকুলতলায় গেল। সন্ধ্যা হইয়া আসিয়াছে—বকুলগাছটা অনেক দূর পর্যন্ত জুড়িয়া ডালপালা ছড়াইয়া বুপসি হইয়া দাঁড়াইয়া আছে—তলাটা অন্ধকার। কেহ কোথাও নাই...যদি কোনো দিকে গাছপালার আড়ালে থাকে। সে ডাক দিল—দিদি, ও দিদি! দিদি?

অন্ধকার গাছটায় কেবল কতকগুলো বক পাখা ঝটপট করিতেছে মাত্র। অপু ভয়ে ভয়ে উপরের দিকে চাহিয়া দেখিল। বকুলতলা হইতে একটু দূরে ডোবার ধারে খেজুর গাছ আছে, এখন ডাঁশা খেজুরের সময়, সেখানে তাহার দিদি মাঝে মাঝে থাকে বটে। কিন্তু অন্ধকার হইয়া গিয়াছে, ডোবাটার দুই ধারে বাঁশবন, সেখানে যাইয়া দেখিতে তাহার সাহস হল না। বকুলগাছের গুঁড়ির কাছে সরিয়া গিয়া সে দুই-একবার চিংকার করিয়া ডাকিল—ভাঁটশেওড়া বনে কি জন্তু তাহার গলার সাড়া পাইয়া খস্ খস্ শব্দ করিয়া ডোবার দিকে পলাইল।

বাড়ীর পথে ফিরিতে ফিরিতে হঠাৎ সে থমকিয়া দাঁড়াইল। সামনে সেই গাব গাছটা। একা সন্ধ্যার পর এ গাবগাছের তলার পথ দিয়া যাওয়া। সর্বনাশ! গায়ে কাঁটা দিয়া ওঠে। কেন যে তাহার এই গাছটার নীচে দিয়া যাইতে ভয় করে, তাহা সে জানে না। কোন কারণ নাই, এমনিই ভয় করে এবং কারণ কিছু নাই বলিয়া ভয় অত্যন্ত বেশী করে। এত দেরি পর্যন্ত সে কোনো দিন বাড়ীর বাহিরে থাকে নাই—আজ তাহার সে খেয়াল হইল না। মন ব্যস্ত ও অন্যান্যনস্ক না থাকিলে সে কখনই এপথে আসিত না।

অপু খানিকক্ষণ অন্ধকার গাবতলাটার দিকে চাহিয়া দাঁড়াইয়া থাকিয়া ফিরিল। তাহাদের বাড়ী যাইবার আর একটা পথ আছে—একটুখানি ঘুরিয়া পটলিদের বাড়ীর উঠান দিয়ে গেলে গাবতলার এ অজানা বিভীষিকার হাত হইতে নিষ্কৃতি পাওয়া যায়।

পটলির ঠাকুরমা সন্ধ্যার সময় বাড়ীর রোয়াকে ছেলেপিলেদের লইয়া হাওয়ায় রসিয়া গল্প করিতেছেন। পটলির মা রান্নাঘরে রাঁধিতেছেন। উঠানের মাচাতলায় বিধু জেলেনী দাঁড়াইয়া মাছ বিক্রয়ের পয়সা তাগাদা করিতেছে।

অপু বলিল—দিদিকে খুঁজতে গিয়েছিলাম ঠাকুমা—বকুলতলা থেকে আসতে আসতে—

ঠাকুরমা বলিলেন—দুগ্গা এই তো বাড়ী গেল। এই কতক্ষণ যাচ্ছে—ছুটে যা দিকি—বোধ হয় এখনও বাড়ী পৌঁছয়নি—

সে এক দৌড়ে বাড়ীর দিকে ছুটিল। পিছন হইতে পটলির বোন রাজী চাঁচাইয়া বলিল—কাল সকালে আসিস্ অপু—আমরা গঙ্গা-যমুনা খেলার নতুন ঘর কেটেচি! টেকশালের পেছনে নিমতলায় দুগ্গাকে বলিস—

তাহাদের বাড়ীর কাছে পৌঁছিয়া হঠাৎ সে থমকিয়া দাঁড়াইয়া গেল—দুর্গা আত্মবরে চিংকার করিতে করিতে বাড়ীর দরজা দিয়া দৌড়াইয়া বাহির হইতেছে—পিছনে পিছনে তাহার মা কি একটা হাতে মারিতে মারিতে তাড়া করিয়া ছুটিয়া আসিয়াছে। দুর্গা গাবতলার পথ দিয়া ছুটিয়া পলাইল, মা দরজা হইতে ধাবমানা মেয়ের পিছনে চাঁচাইয়া বলিল—যাও বেরোও—একেবারে জন্মের মতো যাও—আর কক্ষনো বাড়ী যেন ঢুকতে না হয়—বলাই, আপদ চুকে যাক—একেবারে ছাতিমতলায় দিয়ে আসি।

ছাতিমতলায় গ্রামের শ্মশান। অপূর সমস্ত শরীর যেন জমিয়া পাথরের মত আড়ষ্ট ও ভারী হইয়া গেল। তাহার মা সবমাত্র ভিতরের বাড়ীতে ঢুকিয়া মাটির প্রদীপটা রোয়াকের ধার হইতে উঠাইয়া লইতেছে। সে পা টিপিয়া টিপিয়া বাড়ী ঢুকিতেই তাহার মা তাহার দিকে চাহিয়া বলিল—ভূমি আবার এক রাত পর্যন্ত কোথায় ছিলে শুনি? মোটে তো আজ ভাত খেয়েচো?

তাহার মনে নানা প্রশ্ন জাগিতেছিল। দিদি আবার মার খাইল কেন? সে এতক্ষণ কোথায় ছিল? দুপুর বেলা দিদি কি খাইল? সে কি আবার কোন জিনিস চুরি করিয়া আনিয়াছে? কিন্তু ভয়ে কোন কথা না বলিয়া সে কালের পুতুলের মত মায়ের কথামত কাজ করিয়া ঘরের মধ্যে ঢুকিল। পরে ভয়ে ভয়ে প্রদীপ উস্কাইয়া নিজের ছোট বইয়ের দপ্তরটি বাহির করিয়া পড়িতে বসিল। সে পড়ে মোটে তৃতীয় ভাগ—কিন্তু তাহার দপ্তরে দুখানা মোটা মোটা ভারী ইংরাজী কি বই, কবিরাজী ঔষধের তালিকা, একখানা পাতা ছেঁড়া দাশুরায়ের পাঁচালি, একখানা ১৩০৩ সালের পুরাতন পাঁজি প্রভৃতি আছে। সে নানাস্থান হইতে চাহিয়া এগুলি যোগাড় করিয়াছে এবং এগুলি না পড়িতে পারিলেও রোজ একবার করিয়া খুলিয়া দেখে।

খানিকক্ষণ দেওয়ালের দিকে চাহিয়া সে কি ভাবিল। পরে আর একবার প্রদীপ উস্কাইয়া দিয়া পাতা-ছেঁড়া দাশুরায়ের পাঁচালীখানা খুলিয়া অন্যমনস্কভাবে পাতা উল্টাইতেছে, এমন সময়ে সর্বজয়া এক পাটি দুধ হাতে করিয়া ঢুকিয়া বলিল—এস, খেয়ে নাও দিকি!

অপু দ্বিরুক্তি না করিয়া বাটি উঠাইয়া দুধ চুমুক দিয়া খাইতে লাগিল। অন্যদিন হইলে এত সহজে দুধ খাইতে রাজী করানো খুব কঠিন হইত। একটুখানি মাত্র খাইয়া সে বাটি মুখ হইতে নামাইল। সর্বজয়া বলিল—ওকি? নাও সবটুকু খেয়ে ফেলো—ওইটুকু দুধ ফেললে তবে বাঁচবে কি খেয়ে—

অপু বিনা প্রতিবাদে দুধের বাটি পুনরায় মুখে উঠাইল। সর্বজয়া দেখিল সে মুখে বাটি ধরিয়া রহিয়াছে কিন্তু চুমুক দিতেছে না—তাহার বাটিসুদ্ধ হাতটা কাঁপিতেছে... পরে অনেকক্ষণ মুখে ধরিয়া রাখিয়া হঠাৎ বাটি নামাইয়া সে মায়ের দিকে চাহিয়া ভয়ে কাঁদিয়া উঠিল। সর্বজয়া আশ্চর্য হইয়া বলিল—কি হোল রে? কি হয়েছে, জিভ কামড়ে ফেলেছিস?

অপু মায়ের কথা শেষ হইবার সঙ্গে সঙ্গে ভয়ের বাঁধ না মানিয়া ডুকরিয়া কাঁদিয়া উঠিয়া বলিল—দিদির জন্য বড্ড মন কেমন করছে!...

সর্বজয়া অল্পক্ষণ মাত্র চূপ করিয়া বসিয়া পরে সরিয়া আসিয়া ছেলের গায়ে হাত বুলাইতে বুলাইতে শান্তসুরে বলিতে লাগিল—কেঁদো না অমন করে কেঁদো না,—ঐ পটলিদের কি নেড়াদের বাড়ী বসে আছে—কোথায় যাবে অন্ধকারে? কম দুই মেয়ে নাকি? সেই দুপুর বেলা বেরুল—সমস্ত দিনের মধ্যে আর চুলের টিকি দেখা গেল না—না খাওয়া, না দাওয়া, কোথায় ও-পাড়ার পালিতদের বাগানে বসে ছিল, সেখানে বসে কাঁচা আম আর জামরুল খেয়েছে, এফ্ফনি ডাকতে পাঠাচ্ছি—কেঁদো না অমন করে—আবার জ্বর আসবে—ছিঃ।

পরে সে আঁচল দিয়া ছেলের চোখের জল মুছাইয়া দিয়া বাকী দুধটুকু খাওয়াইবার জন্য বাটি তাহার মুখে তুলিয়া ধরিল—হাঁ করো দিকি, লক্ষ্মী সোনা, উনি এলেই ডেকে আনবেন। এখন—একেবারে পাগল—কোথেকে একটা পাগল এসে জন্মেছে—আর এক চুমুক—হ্যাঁ—

রাত অনেক হইয়াছে। উত্তরের ঘরের তক্তাপোশে অপু ও দুর্গা শুইয়া আছে। অপূর পাশে তাহার মায়ের শুইবার জায়গা খালি আছে। কারণ মা এখনও রান্নাঘরের কাজ সারিয়া আসে নাই। তাহার বাবা আহারাди সারিয়া পাশের ঘরে বসিয়া তামাক খাইতেছেন। বাবা বাড়ী আসিয়া দুর্গাকে পাড়া হইতে খুঁজিয়া আনিয়াছেন।

বাড়ী আসিয়া পর্যন্ত দুর্গা কাহারও সঙ্গে কোনো কথা বলে নাই। খাওয়া-দাওয়া সারিয়া আসিয়া চূপ করিয়া শুইয়াছে। অপু দুর্গার গায়ে হাত দিয়া জিজ্ঞাসা করিল—দিদি, মা কি দিয়ে মেঝেছিল রে সন্দে বেলা? তোর চুল ছিড়ে দিয়েচে?

দুর্গার মুখে কোন কথা নাই।

সে পুনরায় জিজ্ঞাসা করিল—আমার উপর রাগ করেছিস দিদি? আমি তো কিছু করিনি।

দুর্গা আস্তে আস্তে বলিল—না বৈকি! তবে সত্ব কি করে টের পেলে যে পুঁতির মালা আমার বাস্কে আছে?

অপু প্রতিবাদের উত্তর নায়া উঠিয়া বসিল।—না—সত্যি আমি তোর গা ছুঁয়ে বলচি দিদি, আমি তো দেখাইনি। আমি জানিনে যে তোর বাস্কে আছে—কাল সত্ব বিকেল বেলা এসেছিল, ওর সেই বড়

রাঙা ভাঁটাটা নিয়ে আমরা খেলছিলাম—তার পর, বুঝলি দিদি, সতু তোর পুতুলের বাস্তু খুলে কি দেখছিল—আমি বললাম, ভাই, তুমি আমার দিদির বাস্তু হাত দিও না—দিদি আমাকে বকে—সেই সময় দেখেচে—

পরে সে দুর্গার গায়ে হাত বুলাইয়া বলিল—খুব লেগেচে রে দিদি? কোথায় মেরেচে মা? দুর্গা বলিল—আমার কানের পাশে মা একটা বাড়ি যা মেরেছে—রক্ত বেরিয়েছিল, এখনও কন কন কচ্ছে, এইখানে এই দ্যাখ হাত দিয়ে! এই—

—এইখানে? তাই তো রে! কেটে গিয়েছে যে? একটু পিদিমের তেল লাগিয়ে দেব দিদি?

—থাকগে—কাল পালিতদের বাগানে বিস্কেল বেলা যাব বুঝলি? কামরাঙ্গা যা পেকেছে! এই এত বড় বড়, কাউকে যেন বলিসনে! তুই আর আমি চুপি চুপি যাবো—আমি আজ দুপুরবেলা দুটো পেড়ে খেয়েছি—মিষ্টি যেন গুড়—

পথের পাঁচালী

একাদশ পরিচ্ছেদ

এদিনের ব্যাপারটা এইরূপে ঘটিল।

অপু বাবার আদেশে তালপাতে সাতখানা ক খ হাতের লেখা শেষ করিয়া কি করা যায় ভাবিতে ভাবিতে বাড়ীর মধ্যে দিদিকে খুঁজিতে গেল। দুর্গা মায়ের ভয়ে সকালে নাহিয়া আসিয়া ভিতরের উঠানে পৈঁপেতলায় পুণ্ড্রপুকুরের ব্রত করিতেছে। উঠানে ছোট্ট চৌকোণা গর্ত কাটিয়া তাহার চারিধারে ছোলা, মটর ছড়াইয়া দিয়াছিল—ভিজে মাটিতে সেগুলির অঙ্কুর বাহির হইয়াছে—চারিদিকে কলার ছোট বোগ পুঁতিয়া ধারে পিঁটুলি গোলার আলপনা দিতেছে—পদ্মলাতা, পাখী, ধানের শীষ, নতুন ওঠা সূর্য।

দুর্গা বলিল—দাঁড়া, এই মন্তরটা বলে নিয়ে চল এক জায়গায় যাবো।

—কোথা রে দিদি?

—চল না, নিয়ে যাবো এখন, দেখিস এখন—। পরে আনুষঙ্গিক বিধি-অনুষ্ঠান সাজ করিয়া সে এক নিশ্বাসে আবৃত্তি করিতে লাগিল—

পুণ্ড্রপুকুর পুষ্পমালা কে পূজে রে দুপুর বেলা?

আমি সতী লীলাবতী ভায়ের বোন্ ভাগ্যবতী—

অপু দাঁড়াইয়া শুনিতেছিল, বিদ্রূপের ভঙ্গিতে হাসিয়া বলিল—ইঃ।

দুর্গা ছড়া থামাইয়া ঈষৎ লজ্জা-মিশানো হাসির সঙ্গে বলিল—তুই ও-রকম কচ্চিস্ কেন? যা এখন থেকে—তোর এখানে কি?—যা।

অপু হাসিয়া চলিয়া গেল। যাইতে যাইতে আবৃত্তি করিতে লাগিল—আমি সতী লীলাবতী ভাই বোন্ ভাগ্যবতী, হি হি—ভাই বোন ভাগ্যবতী—হি হি—

দুর্গা বলিল, তোমার বড় ইয়ে হয়েছে, না? মাকে বলে তোমার ভ্যাংচানো বার করবো এখন—ব্রতানুষ্ঠান শেষ করিয়া দুর্গা বলিল, চল গড়ের পুকুরে অনেক পানফল হয়ে আছে—ভোঁদার মা বলছিল, চল নিয়ে আসি—

গ্রামের একেবারে উত্তরাংশে চারিধারে বাঁশবন ও আগাছা এবং প্রাচীন আম-কাঁঠালের বাগানের ভিতর দিয়া পথ। লোকালয় হইতে অনেক দূরে গভীর বন যেখানে শেষ হইয়াছে, সেখানে মাঠের ধারে মজা পুকুরটা। কোনকালে গ্রামের আদি বাসিন্দা মজুমদারদের বাড়ীর চতুর্দিকে যে গড়খাই ছিল তাহার অন্য অংশ এখন ভরাট হইয়া গিয়াছে—কেবল এইখানটাতে বারো মাস জল থাকে, ইহারই নাম গড়ের পুকুর। মজুমদারদের বাড়ীর কোন চিহ্ন এখন নাই।

সেখানে পৌঁছিয়া তাহারা দেখিল পুকুরে পানফল অনেক আছে বটে, কিন্তু কিনারার ধারে বিশেষ কিছু নাই, সবই জল হইতে দূরে। দুর্গা বলিল—অপু, একটা বাঁশের কঞ্চি দ্যাখ তো খুঁজে—তাই দিয়ে টেনে আনবো। পরে সে পুকুরধারের ঝোপের শেওড়া গাছ হইতে পাকা শেওড়ার ফল তুলিয়া খাইতে লাগিল। অপু বনের মধ্যে কঞ্চি খুঁজিতে খুঁজিতে দেখিতে পাইয়া বলিল—ও দিদি, ও ফল খাসনি!—দূর—আশ-শ্যাওড়ার ফল কি খায় রে! ও তো পাখীতে খায়—

দুর্গা পাকা ফল টিপিয়া বীজ বাহির করিতে করিতে বলিল—আয় দিকি—দ্যাখ দিকি খেয়ে—
মিষ্টি যেন গুড়—কে বলেচে খায় না? আমি তো কত খেইচি।

অপু কঞ্চি কুড়ানো রাখিয়া দিদির কাছে আসিয়া বলিল—খেলে যে বলে পাগল হয়? আমায়
একটা দে দিকি, দিদি—

পরে সে খাইয়া মুখ একটু কাঁচুমাচু করিয়া বলিল—এটু এটু তেতো যে দিদি—

—তা এটু তেতো থাকবে না? তা থাক কেমন মিষ্টি বল দিকি—কথা শেষ করিয়া দুর্গা খুব খুশির
সহিত গোটাকতক পাকা ফল মুখের মধ্যে পুরিল।

জন্মিয়া পর্যন্ত ইহারা কোনো ভাল জিনিস খাইতে পায় নাই। অথচ পৃথিবীতে ইহারা নূতন
আসিয়াছে, জিন্মা ইহাদের নূতন—তাহা পৃথিবীর নানা রস, বিশেষত মিষ্টি রস আহ্বাদ করিবার জন্য
লালায়িত। সন্দেহ মিঠাই কিনিয়া সে পরিভৃষ্ণি লাভ করিবার সুযোগ ইহাদের ঘটে না—বিশ্বের অনন্ত
সম্পদের মধ্যে তুচ্ছ বনগাছ হইতে মিষ্টরস আহরণরত এই সব লুরু দরিদ্র ঘরের বালকবালিকাদের
জন্য তাই করুণাময়ী বনদেবীরা বনের তুচ্ছ ফুলফল মিষ্টি মধুতে ভরাইয়া রাখেন।

খানিকটা পরে দুর্গা পুকুরের জলে একটু নামিয়া বলিল—কত নাল ফুল রয়েছে অপু! দাঁড়া
তুলচি। জলে আরও নামিয়া সে দুইটা ফুলের লতা ধরিয়া টানিল—ডাঙায় ছুঁড়িয়া বলিল—ধর অপু।
অপু বলিল—পানফল তো খুব জলে—ওখানে কি ক'রে যাবি দিদি? দুর্গা একটা কঞ্চি দিয়া দূর
জলের পানফলের গাছগুলো টানিবার চেষ্টা করিয়া পারিল না। বলিল—বড্ড গড়ানো পুকুর রে—
গড়িয়ে যাচ্ছি ডুবজলে—নাগাল পাই কি ক'রে? তুই এক কাজ কর, পেছন থেকে আমার আঁচল
ধ'রে টেনে রাখ দিকি, আমি কঞ্চি দিয়ে পানফলের ঐ ঝাঁক টেনে আনি।

বনের মধ্যে হলদে কি একটা পাখী ময়না কাঁটা গাছের ডালের আগায় বসিয়া পাখা নাচাইয়া ভারি
চমৎকার শিষ দিতেছিল। অপু চাহিয়া দেখিয়া বলিল—কি পাখী রে দিদি?

—পাখী-টাখী এখন থাক—ধর দিকি বেশ ক'রে আঁচলটা টেনে, গড়িয়ে যাবো—জোর করে—

অপু পিছন হইতে আঁচল টানিয়া রহিল। দুর্গা পায়ে পায়ে নামিয়া যতদূর যায় কঞ্চি আগাইয়া
দিল। কাপড়-চোপড় ভিজিয়া গেল তবু নাগাল আসে না—আরও একটুখানি নামিয়া আঙুলের
আগায় মাত্র কঞ্চিখানাকে ধরিয়া টানিবার চেষ্টা করিল। অপু টানিয়া ধরিয়া থাকিতে থাকিতে শক্তিতে
আর কলাইতেছে না দেখিয়া পিছন হইতে হাসিয়া উঠিল। হাসির সঙ্গে আঁচল টিলা হওয়াতে দুর্গা
জলের দিকে ঝুঁকিয়া পড়িল কিন্তু তখনই সামলাইয়া হাসিয়া বলিল—দূর, তুই যদি কোনো কাজের
ছেলে—ধর ফের। অতিকষ্টে একটা পানফলের ঝাঁক কাছে আসিল—দুর্গা কৌতূহলের সহিত দেখিতে
লাগিল কতগুলো পানফল ধরিয়াছে। পরে ডাঙায় ছুঁড়িয়া দিয়া বলিল—বড্ড কচি, এখনও দুধ হয়নি
মধ্যে, আর একবার ধ'র তো। অপু আবার পিছন হইতে টানিয়া ধরিয়া রহিল। খানিকটা থাকিবার পর
সে দিদির দিকে ঝুঁকিবার সঙ্গে সঙ্গে টানের চোটে আবার দু-এক পা জলের দিকে আগাইয়া আসিতে
লাগিল—পরে কাপড় ভিজিয়া যায় দেখিয়া হি হি করিয়া হাসিয়া উঠিল।

দুর্গা হাসিয়া বলিল—দূর!

ভাইবানের কলহাস্যে খানিকক্ষণ ধরিয়া পুকুরপ্রান্তের নির্জন বাঁশবাগান মুখরিত হইতে লাগিল।
দুর্গা বলিল—এতটুকু যদি জোর থাকে তোর গায়ে! গাবের টেকি কোথাকার!

খানিকটা পরে দুর্গা জলে নামিয়া আর একবার চেষ্টা করিয়া দেখিতেছে, অপু ডাঙায় দাঁড়াইয়া
আছে, এমন সময় অপু পাশের একটা শেওড়া গাছের দিকে আঙুল দেখাইয়া চেঁচাইয়া বলিয়া
উঠিল—দিদি, দ্যাখ কি এখানে!...পরে সে ছুটিয়া গিয়া মাটি খুঁড়িয়া কি তুলিতে লাগিল।

দুর্গা জল হইতে জিজ্ঞাসা করিল—কি রে? পরে সেও উঠিয়া ভাইয়ের কাছে আসিল।

অপু ততক্ষণে মাটি খুঁড়িয়া কি একটা বাহির করিয়া কৌঁচার কাপড় দিয়া মাটি মুছিয়া সাফ
করিতেছে। হাতে করিয়া আহ্বাদের সহিত দিদিকে দেখাইয়া বলিল—দ্যাখ দিদি, চক্ষুক কছে—কি
জিনিস রে?

দুর্গা হাতে লইয়া দেখিল—গোলমত একদিক ছুঁচোলো পল-কাটা-কাটা চক্চকে কি একটা জিনিস। সে খানিকক্ষণ আগ্রহের সহিত নানাভাবে উন্টাইয়া পান্টাইয়া দেখিতে লাগিল।

হঠাৎ কি ভাবিয়া তাহার রুক্ষ চুলে-ঘেরা মুখ উজ্জ্বল হইয়া উঠিল। সে ভয়ে ভয়ে চারিদিকে চাহিয়া দেখিল কেহ দেখিতেছে কিনা। চুপিচুপি বলিল—অপু, এটা বোধ হয় হীরে! চুপ কর, চেষ্টাসনে। পরে সে ভয়ে ভয়ে আর একবার চারিদিকে চাহিয়া দেখিল।

অপু দিদির দিকে অবাক হইয়া চাহিয়া রহিল। হীরক বস্ত্রটি তাহার অজ্ঞাত নয় বটে, মায়ের মুখে রূপকথার রাজপুত্র ও রাজকন্যার হীরামুক্তার অলঙ্কারের ঘট। সে অনেকবার শুনিয়াছে; কিন্তু হীরা জিনিসটা কি রকম দেখিতে, সে সম্বন্ধে তাহার মনে একটু ভুল ধারণা ছিল। তাহার মনে হইত হীরা দেখিতে মাছের ডিমের মত, হলদে হলদে, তবে নরম নয়—শক্ত।...

সর্বজয়া বাড়ী ছিল না, পাড়া হইতে আসিয়া দেখিল—ছেলেমেয়ে বাড়ীর ভিতর দিকে দরজার কাছে দাঁড়াইয়া আছে। কাছে যাইতে দুর্গা চুপিচুপি বলিল—মা, একটা জিনিস কুড়িয়ে পেয়েছি আমরা। গড়ের পুকুরে পানফল তুলতে গিইছিলাম মা। সেখানে জঙ্গলের মধ্যে এইটে পোঁতা ছিল।

অপু বলিল—আমি দেখে দিদিকে বললাম, মা।

দুর্গা আঁচল হইতে জিনিসটা খুলিয়া মায়ের হাতে দিয়া বলিল—দ্যাখো দিকি কি এটা মা?

সর্বজয়া উন্টাইয়া পান্টাইয়া দেখিতে লাগিল। দুর্গা চুপিচুপি বলিল—মা, এটা ঠিক হীরে—নয়?

সর্বজয়ারও হীরক সম্বন্ধে ধারণা তাহাদের অপেক্ষা বেশী স্পষ্ট নহে। সে সন্দিদ্ধ সুরে জিজ্ঞাসা করিল—তুই কি করে জানলি হীরে?

দুর্গা বলিল—মজুমদারেরা বড়লোক ছিল তো মা? ওদের ভিটের জঙ্গলে কারা নাকি মোহর কুড়িয়ে পেয়েছিল—পিসি গল্প করতো। এটা একেবারে পুকুরের ধারে বনের মধ্যে পোঁতা ছিল, রোদ্দুর লেগে চক্চক্ কচ্ছিল, এ ঠিক মা হীরে।

সর্বজয়া বলিল—আগে উনি আসুন, ওঁকে দেখাই।

দুর্গা বাহিরে উঠানে আসিয়া আত্মাদের সহিত ভাইকে বলিল—হীরে যদি হয় তবে দেখিস্ আমরা বড়মানুষ হয়ে যাবো।

অপু না বুঝিয়া বোকার মত হি হি করিয়া হাসিল।

ছেলেমেয়ে চলিয়া গেলে জিনিসটা বাহির করিয়া সর্বজয়া ভাল করিয়া দেখিতে লাগিল। গোলমত, ধারকাটা ও পলতোলা, এক মুখ ছুঁচোলো—যেন সিন্দুর কোঁটার ঢাকনির উপরটা। বেশ চক্চকে। সর্বজয়ার মনে হইল যেন অনেক রকম রং সে ইহার মধ্যে দেখিতে পাইতেছে। তবে কাচ যে নয়—ইহা ঠিক। এ রকম ধরণের কাচ সে কখনো দেখিয়াছে বলিয়া তো মনে হয় না। হঠাৎ তাহার সমস্ত গা দিয়া যেন কিসের স্রোত বহিয়া গেল, তাহার মনের এক কোণে নানা সন্দেহের বাধা ঠেলিয়া একটা গাঢ় দুরাশা ভয়ে ভয়ে একটু উঁকি মারিল—সত্যিই যদি হীরে হয়, তা হোলো?

হীরক সম্বন্ধে তাহার ধারণাটা পরশপাথর কিংবা সাপের মাথার মণি জাতীয় ছিল। কাহিনী কথা মাত্র, বাস্তব জগতে বড় একটা দেখা যায় না। আর যদি বা দেখা যায়, তবে দুনিয়ার ঐশ্বর্য বোধ হয় এক টুকরো হীরার বদলে পাওয়া যাইতে পারে।

খানিকটা পরে একটা পুঁটুলি হাতে হরিহর বাড়ী ঢুকিল।

সর্বজয় বলিল—ওগো, শোনো, এদিকে এসো তো! দ্যাখো তো এটা কি!

হরিহর হাতে লইয়া বলিল—কোথায় পেলে?

—দুর্গা গড়ের পুকুরে পানফল তুলতে গিয়েছিল, কুড়িয়ে পেয়েছে। কি বলো দিকি?

হরিহর খানিকটা উন্টাইয়া দেখিয়া বলিল—কাচ, না-হয় পাথর-টাথর হবে—এতটুকু জিনিস, ঠিক বুঝতে পারচি নে।

সর্বজয়ার মনে একটুখানি ক্ষীণ আশার রেখা দেখা দিল—কাচ হইলে তাহার স্বামী কি চিনিতে পারিত না? পরে সে চুপিচুপি, যেন পাছে স্বামী বিরুদ্ধযুক্তি দেখায় এই ভয়ে বলিল—হীরে নয় তো? দুর্গা বলছিলো মজুমদার বাড়ীর গড়ে তো কত লোক কত কি কুড়িয়ে পেয়েচে। যদি হীরে হয়?

হ্যাঁ, হীরে যদি পথেঘাটে পাওয়া যেতো তবে আর ভাবনা কি ছিল? তুমিও যেমন! তাহার মনে মনে ধারণা হইল ইহা কাচ। পরক্ষণেই কিন্তু মনে হইল হয়তো হইতেও পারে। বলা যায় কি? মজুমদারেরা বড়লোক ছিল। বিচিত্র কি যে হয়তো তাহাদেরই গহনায়-টহনায় কোনো কালে বসানো ছিল, কি করিয়া মাটির মধ্যে পুঁতিয়া গিয়াছে। কথায় বলে, কপালে না থাকিলে গুপ্তধন হাতে পড়িলেও চেনা যায় না—শেষে কি দরিদ্র ব্রাহ্মণের গল্পের মত ঘটিবে!

সে বলিল—আচ্ছা দাঁড়াও, একবার বরং গাঙ্গুলী-বাড়ী দেখিয়ে আসি।

রাঁধিতে রাঁধিতে সর্বজয়া বার বার মনে মনে বলিতে লাগিল—দোহাই ঠাকুর, কত লোক তো কত কি কুড়িয়ে পায়! এই কষ্ট যাচ্ছে সংসারের—বাছাদের দিকে মুখ তুলে তাকিও—দোহাই ঠাকুর! তাহার বুকের মধ্যে টিপ টিপ করিতেছিল।

খানিকটা পরে দুর্গা বাড়ী আসিয়া আগ্রহের সুরে বলিল—বাবা এখনও বাড়ী ফেরেনি, হ্যাঁ মা?

সঙ্গে সঙ্গে হরিহর বাড়ীর ভিতরে ঢুকিয়া বলিল—হুঁ, তখনই আমি বললাম এ কিছুই নয়। গাঙ্গুলী মশায়ের জামাই সত্যাবাবু কলকাতা থেকে এসেছেন—তিনি দেখে বলেন, এ একরকম বেলোয়ারী কাচ—ঝাড়-লঠনে ঝুলানো থাকে। রাস্তাঘাটে যদি হীরে জহরৎ পাওয়া যেত তা হলে—তুমিও যেমন!

পথের পাঁচালী

দ্বাদশ পরিচ্ছেদ

বৈশাখ মাসের দিন। প্রায় দুপুর বেলা।

সর্বজয়া বাটনা বাটিতে বাটিতে ডান হাতের কাছে রক্ষিত একটা ফুলের সাজিতে (অনেকদিন হইতে ফুলের সহিত ইহার কোনো সম্পর্ক নাই, মশলা রাখিবার পাত্র হিসাবে ব্যবহৃত হয়) মশলা খুঁজিতে গিয়া বলিল—আবার জিরে-মরিচের পুঁতুলিটা কোথায় নিয়ে পালালি? বড় জ্বালাতন কচ্চিস্ অপু—রাঁধতে দিবিনে? তারপর একটু পরেই বোলো এখন—মা ক্ষিদে পেয়েছে!

অপুর দেখা নাই।

—দিয়ে যা বাপ আমার, লক্ষ্মী আমার—কেন জ্বালাতন কচ্চিস বল দিকি? দেখচিস বেলা হয়ে যাচ্ছে।

অপু রান্নাঘরের ভিতর হইতে দুয়ারের পাশ দিয়া ঈষৎ উঁকি মারিল; মায়ের চোখ সেদিকে পড়িতেই তাহার দুইমির হাসি-ভরা টুকটুকে মুখখানা শামুকের খোলার মধ্যে ঢুকিয়া পড়িবার মত তৎক্ষণাৎ আবার দুয়ারের আড়ালে অদৃশ্য হইয়া গেল। সর্বজয়া বলিল—দ্যাখ দিকি কান্ড—কেন বাপু দিক করিস দুপুরবেলা? দিয়ে যা—

অপু পুনরায় হাসিমুখে ঈষৎ উঁকি মারিল।

—এ আমি দেখতে পেয়েছি—আর লুকুতে হবে না, দিয়ে যা—

—হি-হি-হি—আমাদের হাসি হাসিয়া সে আবার দুয়ারের আড়ালে মুখ লুকাইল।

সর্বজয়া ছেলেকে ভালরূপেই চিনিত। যখন অপু ছোট্ট খোকা দেড়বছরেরটি, তখন দেখিতে সে এখনকার চেয়েও টুকটুকে ফর্সা ছিল। সর্বজয়ার মনে আছে, সে তাহার ডাগর চোখ দুটিতে বেশ করিয়া কাজল পরাইয়া কপালের মাঝখানে একটা টিপ পরাইয়া দিত ও তাহার মাথায় একটা নীল রং-এর কম দামের ঘণ্টিওয়ালা পশমের টুপি পরাইয়া, কোলে করিয়া সন্ধ্যার পূর্বে বাহিরের রকে দাঁড়াইয়া ঘুম পাড়াইবার উদ্দেশ্যে সুর টানিয়া টানিয়া বলিত—

আয় রে পাখী—ই—ই লেজঝোলা,

আমার খোকনকে নিয়ে—এ—এ—গাছে তোলা....

খোকা ট্যাপা-ট্যাপা ফুলো-ফুলো গালে মায়ের মুখের দিকে হাঁ করিয়া চাহিয়া থাকিত, পরে হঠাৎ কি মনে করিয়া সম্পূর্ণ দহন্তীল মাড়ি বাহির করিয়া আহ্লাদে আটখানা হইয়া মল-পরা অসম্ভবরূপ ছোট্ট

পায়ে মাকে আঁকড়াইয়া ধরিয়া মায়ের পিঠের দিকে মুখ লুকাইত। সর্বজয়া হাসিমুখে বলিত—ওমা, খোকা আবার কোথায় লুকুলো? তাই তো, দেখতে তো পাচ্ছিনে! ও খোকা!... পরে সে ঘাড়ের দিকে মুখ ফিরাইতেই শিশু আবার হাসিয়া মুখ সামনের দিকে ফিরাইত এবং নির্বোধের মত হাসিয়া মায়ের কাঁধে মুখ লুকাইত। যতই সর্বজয়া বলিত—ওমা, কৈ আমার খোকা কৈ—আবার কোথায় গেল কৈ দেখি, ততই শিশুর খেলা চলিত। বার বার সামনে পিছনে ফিরিয়া সর্বজয়ার ঘাড়ে ব্যথা হইলেও শিশুর খেলা শেষ হইত না। সে তখন একেবারে আনকোরা টাটকা, নতুন সংসারে আসিয়াছে। জগতের অফুরন্ত আনন্দভান্ডারের এক অণুর সন্ধান পাইয়া তাহার অবেধ মন তখন সেইটাকে লইয়াই লোভীর মত বার বার আশ্বাদ করিয়াও সাধ মিটাইতে পারিতেছে না—তখন তাহাকে থামায় এমন সাধ্য তাহার মায়ের কোথায়? খানিকক্ষণ এরূপ করিতে করিতে তাহার ক্ষুদ্র শরীরে শক্তির ভান্ডার ফুরাইয়া আসিত—সে হঠাৎ যেন অনামনক হইয়া হাই তুলিতে থাকিত—সর্বজয়া ছোট্ট হাঁ-টির সামনে তুড়ি দিয়া বলিত—ষাট ষাট—এই দ্যাখো দেয়ালা কঁরে কঁরে এইবার বাছার আমার ঘুম আস্চে। পরে সে মুঞ্চ নয়নে শিশুপুত্রের টিপ-কাজলপরা কচি মুখের দিকে চাহিয়া বলিত—কত রঙ্গই জানে সনকু আমার—তবুও তো এই ষেটের দেড় বছরের! হঠাৎ সে আকুল চুবনে খোকার রাঙা গাল দু'টি ভরাইয়া ফেলিত। কিন্তু মায়ের এই গাঢ় আদরের প্রতি সম্পূর্ণ ঔদাসীন্য প্রদর্শন করিয়াই শিশুর নিদ্রাতুর আঁখিপাত চলিয়া আসিত, সর্বজয়া খোকার মাথাটা আস্তে আস্তে নিজেই কাঁধে রাখিয়া বলিত—ওমা, সন্দেবেলা দ্যাখো ঘুমিয়ে পড়লো! এই ভাবছি সন্ডেটা উৎকলে দুধ খাইয়ে ঘুম পাড়াবো—দ্যাখো কান্ড!...

সর্বজয়া জানিত—ছেলে আট বছরের হইলে কি হইবে, সেই ছেলেবেলাকার মত মায়ের সহিত লুকাচুরি খেলিবার সাধ তাহার এখনও মিটে নাই।

এমন সব স্থানে সে লুকায় যেখন হইতে অন্ধও তাহাকে বাহির করিতে পারে; কিন্তু সর্বজয়া দেখিয়াও দেখে না। এক জায়গায় বসিয়াই এদিকে ওদিকে চায়, বলে—তাই তো! কোথায় গেল? দেখতে তো পাচ্ছিনে!...অপু ভাবে—মাকে কেমন ঠকাইতে পারা যায়! মায়ের সহিত এ খেলা করিয়া মজা আছে। সর্বজয়া জানে যে, খেলার যোগ দিবার ভান করিলে এইরূপ সারাদিন চলিতে পারে, কাজেই সে ধমক দিয়া কহিল—তা হোলে কিন্তু থাকলো পড়ে রান্নাবান্না। অপু, তুমি ঐ রকম করো, খেতে চাইলে তখন দেখবে মজাটা—

অপু হাসিতে হাসিতে গুপ্তস্থান হইতে বাহির হইয়া মশলার পুঁটলি মায়ের সামনে রাখিয়া দিল।

তাহার মা বলিল, যা একটু খেলা করগে যা বাইরে। দেখগে যা দিকি তোর দিদি কোথায় আছে! গাবতলায় দাঁড়িয়ে একটু হাঁক দিয়ে দ্যাখ দিকি। তার আজ নাইবার দিন—হতছাড়া স্নেয়ের নাগাল পাওয়ার যো আছে? যা তো লক্ষ্মী ছেলে—

কিন্তু এখানে মাতৃ-আদেশ পালন করিয়া সুপুত্র হইবার কোনো চেষ্টা তাহার দেখা গেল না। সে বাটনা-বাটা-রত মায়ের পিছনে গিয়া কি করিতে লাগিল।

—হু-উ-উ-উ-উম্—

সর্বজয়া পিছন ফিরিয়া দেখিল অপু বড়ি দেওয়ার জন্য চালের বাতায় রক্ষিত একটা পুরানো চট আনিয়া মুড়ি দিয়া মেঝেতে হামাগুড়ি দিয়া বসিয়া আছে।

—দ্যাখো দ্যাখো, ছেলের কান্ড দ্যাখো একবার। ও লক্ষ্মীছাড়া, ওতে যে সাতরাজ্যের ধুলো। ফ্যাল ফ্যাল—সাপ-মাকড় আছে না কি আছে ওর মধ্যে—আজ কদিন থেকে তোলা রয়েছে—

—হু-উ-উ-উম্ (পূর্বাপেক্ষা গভীর সুরে)

—নাঃ, বল্লে যদি কথা শোনে—বাবা আমার, সোনা আমার, ওখানা ফ্যাল—আমার বাটনারহাত—দুইমি কোরো না, ছিঃ!

থলে মোড়া মূর্ত্তি হামাগুড়ি দিয়া এবার দুই কদম আগাইয়া আসিল। সর্বজয়া বলিল—ছুঁবি ছুঁবি—ছুঁও না মাণিক আমার—ওঃ, ভয়ে একেবারে কাঠ হয়ে গিইচি—ভারি ভয় হয়েছে আমার!

অপু হি-হি করিয়া হাসিয়া খেলখানা খুলিয়া এক পাশে রাখিয়া উঠিয়া দাঁড়াইল। তাহার মাথার

চুল, মুখ, চোখের ভুরু, কান ধূলায় ভরিয়া গিয়াছে। মুখ কাঁচুমাচু করিয়া সে সামনের ক্ষুদ্র ক্ষুদ্র দাঁত কিচ্ কিচ্ করিতেছে।

—ওমা আমার কি হবে! হাঁরে হতভাঙ্গা, ধুলো মেখে যে একেবারে ভূত সেজেছিস? উঃ—ওই পুরানো থলেটার ধুলো! এক্কেবারে পাগল!

ধূলিধূসরিত অবোধ পুত্রের প্রতি করুণা ও মমতায় সর্বজয়ার বুক ভরিয়া আসিল; কিন্তু অপূর পরনে বাসি কাপড়—নাহিয়া-ধুইয়া ছোঁয়া চলে না বলিয়া বলিল—ঐ গামছাখানা নে, ঐ দিয়ে ধুলোগুলো আগে ঝেড়ে ফ্যাল! ছেলে যেন কি একটা!

খানিকটা পরে ছেলেকে রান্নাঘরে পাহারার জন্য বসাইয়া সে জল আনিতে বাহির হইয়া যাইতেছে, দেখে দরজা দিয়া দুর্গা বাড়ী ঢুকিতেছে। মুখ রৌদ্রে রাঙা, মাথার চুল উসকোখুসকো, অথচ ধুলোমাখা পায়ে আলতা পরা। একেবারে মায়ের সামনে পড়াতে আঁচলে বাঁধা আম দেখাইয়া টোক গিলিয়া কহিল—এই পুণ্যপুকুরের জন্যে ছোলার গাছ আনতে গেলাম রাজীদেব বাড়ী, আম পেড়ে এনেচে ভাগ হচ্ছে, তাই রাজীর পিসিমা দিলে।

—আহা, মেয়ের দশা দ্যাখো, পায়ে খড়ি উড়চে, মাথার চুল দেখলে গায়ে জ্বর আসে;—পুণ্যপুকুরের জন্য ভেবে তো তোমার রাত্তিরে ঘুম নেই!—পরে মেয়ের পায়ের দিকে চাহিয়া কহিল—ফের বুঝি লক্ষ্মীর চুবড়ী থেকে আলতা বের করে পরা হয়েছে?

দুর্গা আঁচল দিয়া মুখ মুছিয়া উসকোখুসকো চুল কপাল হইতে সরাইয়া বলিল—লক্ষ্মীর চুবড়ীর আলতা বৈকি! আমি সেদিন হাটে বাবাকে দিয়ে আলতা আনালাম এক পয়সার, তার দরুণ দু'পাতা আলতা আমার পুতুলের বাঞ্চে ছিল না বুঝি?

হরিহর কলকে হাতে রান্নাঘরের দাওয়ায় আঙুন লইতে আসিল।

সর্বজয়া বলিল—ঘন্টায় ঘন্টায় তামাকে আঙুন দি কোথা থেকে? সুঁদরীকাঠের বন্দোবস্ত করে রেখেচো কিনা একেবারে! বাঁশের চেলার আঙুন কতক্ষণ থাকে যে আবার ঘড়ি-ঘড়ি তামাক খাওয়ার আঙুন যোগাবো? পরে আঙুন তুলিবার জন্য রক্ষিত একটা ভাঙা পিতলের হাতাতে খানিকটা আঙুন উঠাইয়া বিরক্তমুখে সামনে ধরিল। পরে সুর নরম করিয়া বলিল—কি হোল?

—এই রকম ছিল তো সবই ঠিক, বাড়ীসুদ্ধ সবাই মস্তুর নেবার কথাই হয়েছিল, কিন্তু একটু মুঞ্চিল হয়ে যাচ্ছে। মহেশ বিশ্বেসের শ্বশুরবাড়ীর বিষয়-আশয় নিয়ে কি গোলমাল বেধেছে, বিশ্বেস মশায় গিয়েচে সেখানে চলে—সে-ই আসল মালিক কিনা। তাই আবার একটু পিছিয়ে গেল; আবার এদিকেও তো অকাল পড়চে আষাঢ় মাস থেকে।

—আর সেই যে বাসের জায়গা দেবে, বাস করাবে বলছিল, তার কি হোল?

—এই নিয়ে একটু মুঞ্চিল বেঁধে গেল কিনা! ধরো যদি মস্তুর নেওয়া পিছিয়ে যায়, তবে ও-কথা আর কি ক'রে ওঠাই?

সর্বজয়া খুব আশায় আশায় ছিল, সংবাদ শুনিয়া আশাভঙ্গ হইয়া পড়িল। বলিল, তা ওখানে না হয়, অন্য কোন জায়গায় দ্যাখো না? বিদেশে মান আছে, এখানে কেউ পোঁছে? এই দ্যাখো আম-কাঁঠালের সময় একটা আম-কাঁঠাল ঘরে নেই—মেয়েটা কাদের বাড়ী থেকে আজ দুটো আধপচা আম নিয়ে এল।—পরে সে উদ্দেশ্যে বাড়ীর পশ্চিম দিকে মুখ ফিরাইয়া বলিল—এই ঘরের দোর থেকে ঝুড়ি-ঝুড়ি আম পেড়ে নিয়ে যায়—বাহারা আমার চেয়ে চেয়ে দ্যাখে,—এ কি কম কষ্ট!

বাগানের কথার উল্লেখে হরিহর বলিল—উঃ, ও কি কম ধড়িবাজ নাকি! বছরে পঁচিশ টাকা খাজনা ফেলে-ঝেলে হোত, তাই কিনা লিখে নিলে পাঁচ টাকায়! আমি গিয়ে এত করে বললাম, কাকা আমার ছেলেটা মেয়েটা আছে, ঐ বাগানে আম-জাম কুড়িয়ে মানুষ হচ্ছে। আমার তো আর কোথাও কিছু নেই। আর ধরুন, আমাদের জ্ঞাতির বাগান—আপনার তো ঈশ্বর ইচ্ছেয় কোনো অভাব নেই, দুটো অত বড় বাগান রয়েছে, আম জাম নারকেল সুপারি—আপনার অভাব কি? বাগানখানা গিয়ে ছেড়ে দিন গে যান! তা বললে কি জানো? বললে নীলমনি দাদা বেঁচে থাকতে ওর কাছে নাকি তিনশো টাকা ধার করেছিল, তাই অমনি করে শোধ করে নিল। শোন কথা! নীলমনিদাদার বড্ড অভাব ছিল

কিনা, তাই তিনশো টাকার জন্যে গিয়েছে ভুবন মুখুয্যের কাছে হাত পাততে! বৌদিকে ভালমানুষ পেয়ে মাথায় হাত বুলিয়ে নিলে আর কি!

—ভালমানুষ তো কত! সেও নাকি বলেছে, জ্ঞাতিশত্রু—পর-হাতে বাগান থাকলে তো আর কিছু পাওয়া যাবে না, ফল-পাকুড় এমনিই থাকবে, তার চেয়ে কিছু কম জমাতেও যদি বন্দোবস্ত হয়, খাজনাটা তো পাওয়া যাবে।

হরিহর বলিল—খাজনা কি আর আমি দিতাম না? বাগান জমা দেবে, তাই কি আমায় জানতে দিলে? বৌদিকে—লুচি-মোহনভোগ খাইয়ে হাত ক'রে চুপি চুপি লিখিয়ে নিলে!....

পথের পাঁচালী

ত্রয়োদশ পরিচ্ছেদ

বৈকালের দিকটা হঠাৎ চারিদিক অন্ধকার করিয়া কালবৈশাখীর ঝড় উঠিল। অনেকক্ষণ হইতে মেঘ-মেঘ করিতেছিল, তবুও ঝড়টা যেন খুব শীঘ্র আসিয়া পড়িল। অপূদের বাড়ীর সামনে বাঁশঝাড়ের বাঁশগুলো পাঁচিলের উপর হইতে ঝড়ের বেগে হটিয়া ওধারে পড়াতে বাড়ীটা যেন ফাঁকা ফাঁকা দেখাইতে লাগিল—ধূলা বাঁশপাতা, কাঁটালপাতা, খড় চারিধার হইতে উড়িয়া তাহাদের উঠান ভরাইয়া ফেলিল। দুর্গা বাটার বাহির হইয়া আম কুড়াইবার জন্য দৌড়িল—অপুও দিদির পিছু পিছু ছুটিল। দুর্গা ছুটিতে ছুটিতে বলিল—শীগগিরি ছোট্ট, তুই বরং সিঁদুরকৌটা-তলায় থাক্ আমি যাই সোনামুখী-তলায়—দৌড়ো—দৌড়ো। ধূলায় চারিদিক ভরিয়া গিয়াছে—বড় বড় গাছের ডাল ঝড়ে বাঁকিয়া গাছ নেড়া-নেড়া দেখাইতেছে। গাছে গাছে সোঁ সোঁ, বোঁ বোঁ শব্দে বাতাস বাধিতেছে—বাগানে শুকনা ডাল, কূটা, বাঁশের খোলা উড়িয়া পড়িতেছে—শুকনা বাঁশপাতা ছুঁচালো আগাটা উঁচুদিকে তুলিয়া ঘুরিতে ঘুরিতে আকাশে উঠিতেছে—কুশিমা গাছের শূঁয়োর মত পালকওয়ালা সাদা সাপা ফুল ঝড়ের মুখে কোথা হইতে অজস্র উড়িয়া আসিতেছে—বাতাসের শব্দে কান পাতা যায় না!

সোনামুখী-তলায় পৌঁছিয়াই অপু মহা-উৎসাহে চীৎকার করিতে করিতে লাফাইয়া এদিক ওদিক ছুটিতে লাগিল—এই যে দিদি, ওই একটা পড়লো রে দিদি—ঐ আর একটা রে দিদি! চীৎকার যতটা করিতে লাগিল তাহার অনুপাতে সে আম কুড়াইতে পারিল না। ঝড় ঘোর রবে বাড়িয়া চলিয়াছে। ঝড়ের শব্দে আম পড়ার শব্দ শুনিতে পাওয়া যায় না, যদিবা শোনা যায় ঠিক কোন জায়গা বারবর শব্দটা হইল—তাহা ধরিতে পারা যায় না। দুর্গা আট-নয়টা আম কুড়াইয়া ফেলিল, অপু এতক্ষণের ছুটোছুটিতে মোটে পাইল দুইটা। তাহাই সে খুশির সহিত দেখাইয়া বলিতে লাগিল—এই দ্যাখ দিদি, কত বড় দ্যাখ—ঐ একটা পড়লো—ওই ওদিকে—

এমন সময় হৈ-হই শব্দে ভুবন মুখুয্যের বাড়ীর ছেলে-মেয়েরা সব আম কুড়াইতে আসিতেছে শোনা গেল। সতু চৈঁচাইয়া বলিল—ও ভাই, দুগ্গাদি আর অপু আঁম কুড়ুচ্ছে—

দল আসিয়া সোনামুখী-তলায় পৌঁছিল। সতু বলিল—আমাদের বাগানে কেন এয়েচ আম কুড়ুতে? সেদিন মা বারণ করে দিয়েচে না? দেখি কতগুলো আম কুড়িয়েচো?

পরে দলের দিকে চাহিয়া বলিল—সোনামুখীর কতগুলো আম কুড়িয়েচে দেখেছিস তুঁনু?—যাও আমাদের বাগান থেকে দুগ্গাদি—মাকে গিয়ে নইলে বলে দেবো।

রাণু বলিল—কেন তাড়িয়ে দিচ্ছিস সতু? ওরাও কুড়ু ক—আমরাও কুড়ুই।

—কুড়োবে বই কি! ও এখানে থাকলে সব আম ওই নেবে। আমাদের বাগানে কেন আসবে ও?—না, যাও দুগ্গাদি—আমাদের তলায় থাকতে দেবো না।

অন্য সময় হইলে দুর্গা হয়তো এত সহজে পরাজয় স্বীকার করিত না—কিন্তু সেদিন ইহাদের কৃত অভিযোগে মায়ের নিকট মার খাইয়া তাহার পুনরায় বিবাদ বাধাইবার সাহস ছিল না। তাই খুব সহজেই পরাজয় স্বীকার করিয়া লইয়া সে একটু মনমরা ভাবে বলিল—অপু, আয় রে চল। পরে হঠাৎ মুখে কৃত্রিম উল্লাসের ভাব আনিয়া বলিল—আমরা সেই জায়গায় যাই চল অপু, এখানে থাকতে না দিলে ব'য়ে গেল—বুঝলি তো?—এখানকার চেয়েও বড় বড় আম—তুই আমি মজা করে কুড়োবো

এখন—চলে আয়—এবং এখানে এতক্ষণ ছিল বলিয়া একটা বৃহত্তর লাভ হইতে বঞ্চিত ছিল, চলিয়া যাওয়ায় প্রকৃতপক্ষে শাপে বর হইল, সকলের সম্মুখে এইরূপ ভাব দেখাইয়া যেন অধিকতর উৎসাহের সহিত অপুকে পিছনে লইয়া রাংচিতার বেড়ার ফাঁক গলিয়া বাগানের বাহির হইয়া গেল। রাণু বলিল—কেন ভাই ওদের তাড়িয়ে দিলে—তুমি ভারি হিংসুক কিন্তু সতুদা! রাণুর মনে দুর্গার চোখের ভরসা-হারা চাহনি বড় ঘা দিল।

অপু অতশত বোঝে নাই, বেড়ার বাহিরের পথে আসিয়া বলিল—কোন জায়গায় বড় বড় আম রে দিদি? পুটুদের সলতেখাগী-তলায়? কোন তলায় দুর্গা তাহা ঠিক করে নাই, একটু ভাবিয়া বলিল—চল্ গড়ের পুকুরের ধারের বাগানে যাবি—ওদিকে সব বড় বড় গাছ আছে—চল্—। গড়ের পুকুর এখন হইতে প্রায় পনেরো মিনিট ধরিয়া সুঁড়িপথে অনবরত বন-বাগান অতিক্রম করিয়া তবে পৌঁছানো যায়। অনেককালের প্রাচীন আম ও কাঁঠালের গাছ—গাছতলায় বন-চালতা ময়না-কাঁটা ঝাঁড়া গাছের দুর্ভেদ্য জঙ্গল। দূর বলিয়া এবং জনপ্রাণীর বাসশূন্য গভীর বনের মধ্যে বলিয়া এসব স্থানে কেহ বড় একটা আম কুড়াইতে আসে না। কাছির মত মোটা মোটা অনেককালের পুরানো গুলঞ্চ লতা এ-গাছে ও-গাছে দুলিতেছে—বড় বড় প্রাচীন গাছের তলাকার কাঁটাভরা ঘন ঝোপ-জঙ্গল খুঁজিয়া তলায় পড়া আম বাহির করা সহজসাধ্য তো নহেই, তাহার উপর ঘনায়মান নিবিড়-কৃষ্ণ ঝোড়ো মেঘে ও বাগানের মধ্যের জঙ্গলে গাছের আওতায় এরূপ অন্ধকারের সৃষ্টি করিয়াছে যে, কোথায় কি ভাল দেখা যায় না। তবু খুঁজিতে খুঁজিতে নাছোড়বান্দা দুর্গা গোটা আট-দশ আম পাইল।

হঠাৎ সে বলিয়া উঠিল—ওরে অপু—বৃষ্টি এল!

সঙ্গে সঙ্গে ঝড়টা যেন খানিকক্ষণ একটু নরম হইল—ভিজে মাটির সোঁদা সোঁদা গন্ধ পাওয়া গেল—একটু পরেই মোটা মোটা ফোঁটায় চড়বড় করিয়া গাছের পাতায় বৃষ্টি পড়িতে শুরু করিল।

—আয় আমরা এই গাছতলায় দাঁড়াই—এখানে বৃষ্টি পড়বে না—

দেখিতে দেখিতে চারিদিক ধোঁয়াকার করিয়া মুষলধারে বৃষ্টি নামিল—বৃষ্টির ফোঁটা পড়িবার জোরে গাছের পাতা ছিঁড়িয়া উড়িয়া পড়িতে লাগিল—ভরপুর টাটকা ভিজা মাটির গন্ধ আসিতে লাগিল। ঝড় একটু যেন নরম পড়িয়াছিল—তাহাও আবার বড় বাড়িল—দুর্গা যে গাছতলায় দাঁড়াইয়াছিল, এমনি হয়তো হঠাৎ তথায় বৃষ্টি পড়িত না, কিন্তু পূর্বে হাওয়ার ঝাপটা গাছতলা ভাসাইয়া লইয়া চলিল। বাড়ী হইতে অনেক দূরে আসিয়া পড়িয়াছে—অপু ভয়ের স্বরে বলিল—ও দিদি—বড় যে বৃষ্টি এল!

—তুই আমার কাছে আয়—দুর্গা তাহাকে কাছে আনিয়া আঁচল দিয়া ঢাকিয়া কহিল—এ বিষ্টি আর কতক্ষণ হবে—এই ধরে গেল বলে—বিষ্টি হোল ভালই হোল—আমরা আবার সোনামুখী-তলায় যাবো এখন, কেমন তো?

দুজনে চোঁচাইয়া বলিতে লাগিল—

নেবুর পাতায় করমচা,

হে বিষ্টি ধ'রে যা—

কড়-কড়-কড়াৎ...প্রকাণ্ড বন বাগানের অন্ধকার মাথাটা যেন এদিক হইতে ওদিক পর্যন্ত চিরিয়া গেল—চোখের পলকের জন্য চারিধারে আলো হইয়া উঠিল—সামনের গাছের মগডালে থোলো থোলো বন-ধুঁধুল ফল ঝাড়ে দুলিতেছে। অপু দুর্গাকে ভয়ে জড়াইয়া ধরিয়া বলিল—ও দিদি!

—ভয় কি রে! রাম রাম বল্—রাম রাম রাম রাম—নেবুর পাতায় করমচা হে বিষ্টি ধরে যা—

নেবুর পাতায় করমচা হে বিষ্টি ধ'রে যা—নেবুর পাতায় করমচা—

বৃষ্টির ঝাপটায় তাহাদের কাপড় চুল ভিজিয়া টস্‌টস্‌ করিয়া জল ঝরিতে লাগিল—গুম্-গুম্-গুম্-ম্-ম্—চাপা গভীর ধ্বনি—একটা বিশাল লোহার রুল কে যেন আকাশের ধাতব মেঝেতে এদিকে হইতে ওদিকে টানিয়া লইয়া বেড়াইতেছে—অপু শঙ্কিত সুরে বলিল—ঐ দিদি, আবার—

—ভয় নাই, ভয় কি?—আর একটু সরে আয়—এঃ, তোর মাথাটা ভিজে যে একেবারে জুবাড়ি হয়ে গিয়েছে—

চারিধারে শুধু মুঘলধারে বৃষ্টিপতনের হুস্-স্-স্-স্ একটানা শব্দ, মাঝে মাঝে দমকা ঝড়ের সোঁ-ও-ও-ও, বোঁ-ও-ও-ও-ও রব, ডালপালার ঝাপটের শব্দ—মেঘের ডাকে কানে তালি ধরিয়া যায়। এক-একবার দুর্গার মনে হইতেছিল সমস্ত বাগানখানা ঝড়ে মড়-মড় করিয়া ভাসিয়া উপড় হইয়া তাহাদের চাপা দিল বুঝি।

অপু বলিল—দিদি, বিষ্টি যদি আর না থাকে?

হঠাৎ বাটিকাঙ্কুর অন্ধকার আকাশের এ-প্রান্ত হইতে লকলকে আলো জিহা মেলিয়া বিদূপের বিকট অট্টহাস্যের রোল তুলিয়া এক লহমায় ও-প্রান্তের দিকে ছুটিয়া গেল।

কড়-কড়-কড়াৎ!

সঙ্গে সঙ্গে বাগানের মাথায় বৃষ্টির ধোঁয়ার রাশি চিরিয়া ফাড়িয়া উড়াইয়া, ভৈরবী প্রকৃতির উন্মত্ততার মাঝখানে ধরা পড়া দুই অসহায় বালক-বালিকার চোখ ঝলসাইয়া তীক্ষ্ণ নীল বিদ্যুৎ খেলিয়া গেল।

অপু ভয়ে চোখ বুজিল।

দুর্গা শুষ্ক গলায় উপরের দিকে চাহিয়া দেখিল,—বাজ পড়িতেছে নাকি?—গাছের মাথায় বন-ধুঁধুলের ফল দুলিতেছে।

সেই বড় লোহার রুলটাকে আকাশের ওদিক হইতে কে যেন আবার এদিকে টানিয়া আনিতেছিল—শীতে অপূর ঠক্ ঠক্ করিয়া দাঁতে দাঁত লাগিতেছিল—দুর্গা তাহাকে আরও কাছে টানিয়া আনিয়া শেষ আশ্রয়ের সাহসে বার বার দ্রুত আবৃত্তি করিতে লাগিল—নেবুর পাতায় করমুচা হে বিষ্টি ধরে যা—নেবুর পাতায় করমুচা...ভয়ে তাহার স্বর কাঁপিতেছিল।

সন্ধ্যা হইবার বেশী বিলম্ব নাই। ঝড়-বৃষ্টি খানিকক্ষণ থামিয়া গিয়াছে। সর্বজয়া বাহিরের দরজায় দাঁড়াইয়া আছে। পথে জমিয়া যাওয়া বৃষ্টির জলের উপর ছপ্-ছপ্ শব্দ করিতে করিতে রাজকৃষ্ণ পালিতের মেয়ে আশালতা পুকুর ঘাটে যাইতেছিল। সর্বজয়া জিজ্ঞাসা করিল—হাঁ মা, দুর্গা আর অপুকে দেখেছিস্ ওদিকে?

আশালতা বলিল—না খুড়ীমা, দেখিনি তো। কোথায় গিয়েচে? তারপর হাসিয়া বলিল—কি ব্যাঙ-ডাকানি জল হয়ে গেল খুড়ীমা!

—সেই ঝড়ের আগে দুজনে বেরিয়েচে আম কুড়োতে যাই বলে, আর তো ফেরিনি—এই ঝড়-বিষ্টি গেল, সন্দে হলো, ও মা, কোথায় গেল তবে?

সর্বজয়া উদ্বিগ্ন মনে বাড়ীর মধ্যে ফিরিয়া আসিল। কি করিবে ভাবিতেছে এমন সময় থিড়কীর দরজা ঠেলিয়া খুলিয়া আপাদমস্তক সিক্ত অবস্থায় দুর্গা আগে আগে একটা বুনা নারিকেল হাতে ও পিছনে পিছনে অপু একটা নারিকেলের বাগলো টানিয়া লইয়া বাড়ী ঢুকিল। সর্বজয়া তাড়াতাড়ি ছেলে-মেয়ের কাছে গিয়া বলিল—ওমা আমার কি হবে! ভিজ্জে যে সব একেবারে পান্ডা ভাত হয়েচিস্! কোথায় ছিলি বিষ্টির সময়? ছেলেকে কাছে আনিয়া মাথায় হাত দিয়া বলিল—ওমা, মাথাটা যে ভিজ্জে একেবারে জুবড়ি। পরে আহ্লাদের সহিত বলিল—নারকোল কোথা পেলি রে দুর্গা?

অপু ও দুর্গা দুজনেই চাপা কণ্ঠে বলিল—চুপ চুপ মা—সেজ্জেঠিমা বাগান যাচ্ছে—এই গেল—ওদের বাগানের বেড়ার ধারের দিকে যে নারকোল গাছটা ওর তলায় পড়ে ছিল। আমরাও বেরুচ্ছি, সেজ্জেঠিমাও ঢুকলো।

দুর্গা বলিল—অপুকে তো ঠিক দেখেচে—আমাকেও বোধ হয় দেখেচে। পরে সে উৎসাহের সঙ্গে অথচ চাপা সুরে বলিতে লাগিল—একেবারে গাছের গোড়ায় পড়ে ছিল মা, আগে আমি টের পাইনি, সোনামুখী-তলায় যদি আম পড়ে থাকে তাই দেখতে গিয়ে দেখি বাগলোটা পড়ে রয়েছে। অপুকে বললাম—অপু বাগলোটা নে—মার ঝাঁটার কষ্ট, ঝাঁটা হবে। তারপরই দেখি—হস্তস্থিত নারিকেলটার দিকে উজ্জ্বল মুখে চাহিয়া বলিল—বেশ বড়, না মা?

অপু খুশির সুরে হাত নাড়িয়া বলিল—আমি অমনি বাগলোটা নিয়ে ছুট—

সর্বজয়া বলিল—বেশ বড় দোমালা নারকোলটা। ছেঁচতলায় রেখে দে, জল দিয়ে নেবো—

অপু অনুমোদের সুরে বলিল—তুলি বলো মা নারকোল নেই, নারকোল নেই,—এই তো হোল নারকোল! এইবার কিন্তু বড়া করে দিতে হবে। আমি ছাড়বো না—কথখনো—

বৃষ্টির জলে ছেলেমেয়ের মুখ বৃষ্টিধোয়া জুঁই ফুলের মত সুন্দর দেখাইতেছিল। ঠান্ডায় তাহাদের ঠোঁট নীল হইয়া গিয়াছে, মাথার চুল ভিজিয়া কানের সঙ্গে লেপটাইয়া লাগিয়া গিয়াছে। সর্বজয়া বলিল—আয় সব, কাপড় ছাড়িয়ে দিই আগে, পায়ে জল দিয়ে রোয়াকে ওঠ সব—

খানিক পরে সর্বজয়া কুয়ার জল তুলিতে ভুবন মুখুজ্যের বাড়ী গেল। ভুবন মুখুজ্যের খিড়কী-দোর পর্যন্ত যাইতেই সে শুনিল সেজঠাকুরের বাড়ীর মধ্যে চীৎকার করিয়া বাড়ী মাথায় করিতেছেন।

—এক মুঠো টাকা খরচ করে তবে বাগান নেওয়া—মাগনা তো নয়। তার কোনো কুটোটা যদি হাঘরেদের জন্যে ঘরে ঢুকবার যো আছে! ঐ ছুঁড়ীটা রাঙ্গিন বাগানে বসে আছে, কুটোগাছটা নিয়ে গিয়ে ঘরে তুলবে—এতে মাগীরও শিক্ষে আছে, ও মাগী কি কম নাকি?—ও মা, ভাবলাম বিষ্টি খেমেচে, যাই একবার বাগানটা গিয়ে দেখে আসি—এই এত বড় নারকোলটা কুড়িয়ে নিয়ে একেবারে দুড়ু দুড়ু দৌড়!—এত শতুরতা যেন ভগবান্ সহি না করেন—উচ্ছন্ন যান্, উচ্ছন্ন যান্—এই ভস্ সন্দে বেলা বলচি, আর যেন নারকোল খেতে না হয়—একবার শীগগির যেন ছাতিমতলা সই হন—

সর্বজয়া খিড়কীর বাহিরে কাঠ হইয়া দাঁড়াইয়া রহিল। ছেলেমেয়ের বর্ষণসিক্ত কচিমুখ মনে করিয়া সে ভাবিল যদি গালাগাল ওদের লাগে! বাবা যে লোক! দাঁতে বিষ আছে! কি করি? কথাটা ভাবিতেই তাহার গা শিহরিয়া উঠিয়া সর্বশরীর যেন অবশ হইয়া গেল। সে আর মুখুয্যেবাড়ী ঢুকিল না—আশশেওড়া বনে, বাঁশঝাড়ের তলায় বর্ষণসিক্ত সন্ধ্যায় জোনাকী জ্বলিতেছে, পা যেন আর উঠিতে চাহে না—ভয়ে ভয়ে সে জল তুলিবার ছোট্ট বালতিটা ও ঘড়া কাঁখে লইয়া বাড়ীর দিকে ফিরিল।

পথে আসিতে আসিতে ভাবিল—যদি নারকোলটা ওদের ফেরত দিই—তাহলেও কি গাল লাগবে? তা কেন লাগবে—যার জিনিস তাকে তো ফেরৎ দেওয়া হোল, তা কখনো লাগে?

বাড়ীতে পা দিয়েই মেয়েকে বলিল—দুর্গা, নারকোলটা সতুদের বাড়ী দিয়ে আয় গিয়ে।

অপু ও দুর্গা অবাক হইয়া মায়ের মুখের দিকে চাহিয়া রহিল—

দুর্গা বলিল—এখখুনি?

—হ্যাঁ—এখখুনি দিয়ে আয়। ওদের খিড়কীর দোর খোলা আছে। চট করে যা। বলে আয়, আমরা কুড়িয়ে পেইছিলাম, এই নাও দিয়ে গেলাম।

—অপু আমাকে একটু দাঁড়াবে না, মা? বড্ড অন্ধকার হয়েছে, চল্ অপু আমার সঙ্গে।

ছেলেমেয়ে চলিয়া গেলে সর্বজয়া তুলসীতলায় প্রদীপ দিতে দিতে গলায় আঁচল দিয়া প্রণাম করিয়া বলিল—ঠাকুর, নারকোল ওরা শতুরতা করে কুড়ুতে যায়নি সে তো তুমি জানো, এ গাল যেন ওদের না লাগে। দোহাই ঠাকুর, ওদের তুমি বাঁচিয়ে-বর্তে রেখো ঠাকুর। ওদের তুমি মঙ্গল করো। তুমি ওদের মুখের দিকে চেও। দোহাই ঠাকুর।

পথের পাঁচালী

চতুর্দশ পরিচ্ছেদ

গ্রামের প্রসন্ন গুরুমহাশয় বাড়ীতে একখানা মুদীর দোকান করিতেন। এবং দোকানেরই পাশে তাঁহার পাঠশালা ছিল। বেত ছাড়া পাঠশালায় শিক্ষাদানের বিশেষ উপকরণ-বাহুল্য ছিল না। তবে এই বেতের উপর অভিভাবকদেরও বিশ্বাস গুরুমহাশয়ের অপেক্ষা কিছু কম নয়। তাই তাঁহার গুরুমহাশয়কেও বলিয়া দিয়াছিলেন, ছেলেদের শুধু পা খোঁড়া এবং চোখ কানা না হয়, এইটুকু মাত্র নজর রাখিয়া তিনি যত ইচ্ছা বেত চালাইতে পারেন। গুরুমহাশয়ও তাঁহার শিক্ষাদানের উপযুক্ত ক্ষমতা ও উপকরণের অভাব একমাত্র বেতের সাহায্যে পূর্ণ করিবার চেষ্টায় এরূপ বেপরোয়া ভাবে বেত চালাইয়া থাকেন যে ছাত্রগণ পা খোঁড়া ও চক্ষু কানা হওয়ার দুর্ঘটনা হইতে কোনরূপে প্রাণে বাঁচিয়া যায় মাত্র।

পৌষ মাসের দিন। অপু সকালে লেপ মুড়ি দিয়া রৌদ্র উঠিবার অপেক্ষায় বিছানায় শুইয়া ছিল,

মা আসিয়া ডাকিল—অপু, ওঠ শীগগির করে, আজ তুমি যে পাঠশালায় পড়তে যাবে! কেমন সব বই আনা হবে তোমার জন্যে, শেলেট। হ্যাঁ ওঠো, মুখ ধুয়ে নাও, উনি তোমায় সঙ্গে করে নিয়ে পাঠশালায় দিয়ে আসবেন।

পাঠশালার নাম শুনিয়া অপু সদ্য-নিদ্রাখিত চোখ দুটি তুলিয়া অবিশ্বাসের দৃষ্টিতে মায়ের মুখের দিকে চাহিয়া রহিল। তাহার ধারণা ছিল যে যাহারা দুষ্ট ছেলে, মার কথা শোনে না, ভাইবোনদের সঙ্গে মারামারি করে, তাহাদেরই শুধু পাঠশালায় পাঠানো হইয়া থাকে। কিন্তু সে তো কোনদিন ওরূপ করে না, তবে সে কেন পাঠশালায় যাইবে?

খানিক পরে সর্বজয়া পুনরায় আসিয়া বলিল—ওঠ অপু, মুখ ধুয়ে নাও, তোমায় অনেক করে মুড়ি বেঁধে দেবো এখন, পাঠশালায় ব'সে ব'সে খেও এখন লক্ষ্মী মাণিক!

মায়ের কথায় উত্তরে সে অবিশ্বাসের সুরে বলিল—ইঃ! পরে মায়ের দিকে চাহিয়া জিভ বাহির করিয়া চোখ বুজিয়া একপ্রকার মুখভঙ্গী করিয়া রহিল, উঠিবার লক্ষণ দেখাইল না।

কিন্তু অবশেষে বাবা আসিয়া পড়াতে অপূর বেশী জারিজুরি খাটিল না, যাইতে হইল। মার প্রতি অভিমানে তাহার চোখে জল আসিতেছিল, খাবার বাঁধিয়া দিবার সময় বলিল—আমি কখনো আর বাড়ী আসচিনে, দেখো!

—ষাট, ষাট, বাড়ী আসবিনে কি! ওকথা বলতে নেই, ছিঃ! পরে তাহার চিবুকে হাত দিয়া চুমু খাইয়া বলিল—খুব বিদ্যে হোক, ভাল করে লেখাপড়া শিখো, তখন দেখবে তুমি কত বড় চাকরি করবে, কত টাকা হবে তোমার, কোনো ভয় নেই।—ওগো, তুমি গুরুমহাশয়কে ব'লে দিও যেন ওকে কিছু বলে না।

পাঠশালায় পৌঁছাইয়া দিয়া হরিহর বলিল—ছুটি হবার সময়ে আমি আবার এসে তোমাকে বাড়ী নিয়ে যাবো, অপু ব'সে ব'সে লেখো, গুরুমহাশয়ের কথা শুনো, দুষ্টুমি কোরো না যেন! খানিকটা পরে পিছন ফিরিয়া অপু চাহিয়া দেখিল বাবা ক্রমে পথের বাঁকে অদৃশ্য হইয়া গেল। অকূল সমুদ্র! সে অনেকক্ষণ মুখ নীচু করিয়া বসিয়া রহিল। পরে ভয়ে ভয়ে মুখ তুলিয়া চাহিয়া দেখিল, গুরুমহাশয় দোকানের মাচার বসিয়া দাঁড়িতে সৈন্ধব লবণ ওজন করিয়া কাহাকে দিতেছেন, কয়েকটি বড় বড় ছেলে আপন আপন চাটাইএ বসিয়া নানারূপ কুস্বর করিয়া কি পড়িতেছে ও ভয়ানক দুলিতেছে। তাহার অপেক্ষা আর একটু ছোট ছেলে খুঁটিতে ঠেস দিয়া আপন মনে পাততাড়ির তালপাতা মুখে পুরিয়া চিবাইতেছে। আর একটি বড় ছেলে, তাহার গালে একটা আঁচিল, সে দোকানের মাচার নীচে চাহিয়া কি লক্ষ্য করিতেছে। তাহার সামনে দুজন ছেলে বসিয়া শ্লেটে একটা ঘর আঁকিয়া কি করিতেছিল। একজন চুপিচুপি বলিতেছিল, আমি এই ঢায়া দিলাম, অন্য ছেলেটি বলিতেছিল, এই আমার গোল্লা, সঙ্গে সঙ্গে তার শ্লেটে আঁক পড়িতেছিল ও মাঝে মাঝে আড়চোখে বিক্রয়রত গুরুমহাশয়ের দিকে চাহিয়া দেখিতেছিল। অপু নিজের শ্লেটে বড় বড় করিয়া বানান লিখিতে লাগিল। কতক্ষণ পরে ঠিক জানা যায় না, গুরুমহাশয় হঠাৎ বলিলেন—এই ফনে, শ্লেটে ওসব কি হচ্ছে রে? সম্মুখের সেই ছেলে দুটি অমনি শ্লেটখানা চাপা দিয়া ফেলিল, কিন্তু গুরুমহাশয়ের শ্যানদৃষ্টি এড়ানো বড় শক্ত, তিনি বলিলেন, এই সতে, ফনের শ্লেটটা নিয়ে আয় তো! তাঁহার মুখের কথা শেষ হইতে না হইতে বড় আঁচিলওয়ালা ছেলেটি ছোঁ মারিয়া শ্লেটখানা উঠাইয়া লইয়া গিয়া দোকানের মাচার উপর হাজির করিল।

—ঊঁ, এসব কি লেখা হচ্ছে শ্লেটে?—সতে, ধরে নিয়ে আয় তো দুজনকে, কান ধরে নিয়ে আয়! যেভাবে বড় ছেলেটা ছোঁ মারিয়া শ্লেট লইয়া গেল, এবং যেভাবে বিপন্ন মুখে সামনের ছেলে দুটি পায়ে পায়ে গুরুমহাশয়ের কাছে যাইতেছিল, তাহাতে হঠাৎ অপূর বড় হাসি পাইল, সে ফিক করিয়া হাসিয়া ফেলিল। পরে খানিকটা হাসি চাপিয়া রাখিয়া আবার ফিক ফিক করিয়া হাসিয়া উঠিল। গুরুমহাশয় বলিলেন, হাসে কে? হাস্চো কেন খোকা, এটা কি নাট্যশালা? অ্যাঁ? এটা নাট্যশালা নাকি?

নাট্যশালা কি, অপু তাহা বুঝিতে পারিল না, কিন্তু ভয়ে তাহার মুখ শুকাইয়া গেল।

—সতে, একখানা থান ইট নিয়ে আয় তো তেঁতুলতলা থেকে বেশ বড় দেখে?

অপু ভয়ে আড়ষ্ট হইয়া উঠিল, তাহার গলা পর্যন্ত কাঠ হইয়া গেল, কিন্তু ইট আনীত হইলে সে দেখিল, ইটের ব্যবস্থা তাহার জন্য নহে, ঐ ছেলে দুটির জন্য। বয়স অল্প বলিয়াই হউক বা নতুন ভর্তি বলিয়াই হউক, গুরুমহাশয় সেযাত্রা তাকে রেহাই দিলেন।

পাঠশালা বসিত বৈকালে। সবসুদ্ধ আট-দশটি ছেলেমেয়ে পড়িতে আসে। সকলেই বাড়ী হইতে ছোট ছোট মাদুর আনিয়া পাতিয়া বসে; অপূর মাদুর নাই, সে বাড়ী হইতে একখানা জীর্ণ কার্পেটের আসন আনে। যে ঘরটায় পাঠশালা হয়, তার কোনো দিকে বেড়া বা দেওয়াল কিছু নাই, চারিধারে খোলা; ঘরের মধ্যে সারি দিয়া ছাত্রগণ বসে। পাঠশালা ঘরের চারিপাশে বন, পিছন দিকে গুরুমহাশয়ের পৈতৃক আমলের বাগান। অপরাহ্নের তাজা গরম রৌদ্র বাতাবীলেবু, গাব ও পেয়ারাফুলী আম গাছটার ফাঁক দিয়া পাঠশালার ঘরের বাঁশের খুঁটির পায়ে আসিয়া পড়িয়াছে। নিকটে অন্য কোনোদিকে কোনো বাড়ী নাই, শুধু বন ও বাগান, একধারে একটা যাতায়াতের সরু পথ।

আট-দশটি ছেলেমেয়ের মধ্যে সকলেই বেজায় দুলিয়া নানারূপ সুর করিয়া পড়া মুখস্থ করে; মাঝে মাঝে গুরুমহাশয়ের গলা শোনা যায়,—এই ক্যাবলা, ওর শেলেটের দিকে চেয়ে কি দেখচিস? কান ম'লে ছিঁড়ে দেবো একেবারে! নুট, তোমার ক'বার নেতি ভিজুতে হবে? ফের যদি দেখি নেতি ভিজুতে উঠেচ....

গুরুমহাশয় একটা খুঁটি হেলান দিয়া একখানা তালপাতার চাটাই-এর উপর বসিয়া থাকেন। মাথার তেলে বাঁশের খুঁটির হেলান-দেওয়ার অংশটি পাকিয়া গিয়াছে। বিকালবেলা প্রায়ই গ্রামের দীনু পালিত কি রাজু রায় তাঁহার সহিত গল্প করিতে আসেন। পড়াশনার চেয়ে এই গল্প শোনা অপূর অনেক বেশী ভাল লাগিত। রাজু রায় মহাশয় প্রথম যৌবনে 'বাণিজ্যে লক্ষ্মীর বাস' স্মরণ করিয়া কিভাবে আষাঢ়ুর হাটে তামাকের দোকান খুলিয়াছিলেন সে গল্প করিতেন। অপূ অবাক হইয়া শুনিত। বেশ কেমন নিজের ছোট্ট দোকানের ঝাঁপটা তুলিয়া বসিয়া দা দিয়া তামাক কাটা, তারপর রাত্রে নদীতে যাওয়া, ছোট্ট হাঁড়িতে মাছের ঝোল ভাত রাঁধিয়া খাওয়া, হয়তো মাঝে মাঝে তাদের সেই মহাভারতখানা কি বাবার সেই দাশুরায়ের পাঁচালীখানা মাটির প্রদীপের সামনে খুলিয়া বসিয়া বসিয়া পড়া। বাহিরে অন্ধকারে বর্ষারাতে টিপ টিপ বৃষ্টি পড়িতেছে, কেহ কোথাও নাই, পিছনের ডোবায় ব্যাঙ ডাকিতেছে— কি সুন্দর! বড় হইলে সে তামাকের দোকান করিবে।

এই গল্পগুজব এক এক দিন আবার ভাব ও কল্পনার সর্বোচ্চ স্তরে উঠিত, গ্রামের ও-পাড়ার রাজকৃষ্ণ সন্ন্যাল মহাশয় যেদিন আসিতেন। যে কোনো গল্প হউক, যত সামান্যই হউক না কেন, সেটি সাজাইয়া বলিবার ক্ষমতা তাঁহার ছিল অসাধারণ। সন্ন্যাল মহাশয় দেশভ্রমণ-বাতিক-গ্রন্থ ছিলেন। কোথায় দ্বারকা, কোথায় সাবিত্রী পাহাড়, কোথায় চন্দ্রনাথ, তাহা আবার একা দেখিয়া তাঁহার তৃপ্তি হইত না, প্রতিবারই স্ত্রী-পুত্র লইয়া যাইতেন এবং খরচপত্র করিয়া সর্বস্বান্ত হইয়া ফিরিতেন। দিব্য আরামে নিজের চণ্ডীমন্ডপে বসিয়া খেলো হুঁকা টানিতেছেন, মনে হইতেছে সন্ন্যাল মহাশয়ের মতন নিতান্ত ঘরোয়া, সেকলে, পাড়াগাঁয়ের প্রচুর অবসরপ্রাপ্ত গৃহস্থ বেশী আর বুঝি নাই, পৈতৃক চণ্ডীমন্ডপে শিকড় গাড়িয়া বসিয়াছেন। হঠাৎ একদিন দেখা গেল সদর দরজায় তালাবন্ধ, বাড়ীতে জনপ্রাণীর সাড়া নাই। ব্যাপার কি? সন্ন্যাল মহাশয় সপরিবারে বিদ্যাচল না চন্দ্রনাথ ভ্রমণে গিয়াছেন। অনেকদিন আর দেখা নাই, হঠাৎ একদিন দুপুর বেলা ঠুকঠুক শব্দে লোকে সবিস্ময়ে চাহিয়া দেখিল, দুই গরুর গাড়ী বোঝাই হইয়া সন্ন্যাল মহাশয় সপরিবারে বিদেশ হইতে প্রত্যাগমন করিয়াছেন ও লোকজন ডাকাইয়া হাঁটুসমান উঁচু জলবিছুটি ও অর্জুন গাছের জঙ্গল কাটিতে কাটিতে বাড়ী চুকিতেছেন।

একটা মোটা লাঠি হাতে তিনি লম্বা লম্বা পা ফেলিয়া পাঠশালায় আসিয়া উপস্থিত হইতেন— এই যে প্রশ্ন, কি রকম আছো, বেশ জাল পেতে বসেছ যে! ক'টা মাছি পড়লো!

নামতা-মুখস্থ-রত অপূর মুখ অমনি অসীম আত্মদে উজ্জ্বল হইয়া উঠিত। সন্ন্যাল মহাশয় যেখানে তালপাতার চাটাই টানিয়া বসিয়াছেন সেদিকে হাতখানেক জমি উৎসাহে আগাইয়া বসিত। শ্লেট বই মুড়িয়া একপাশে রাখিয়া দিত, যেন আজ ছুটি হইয়া গিয়াছে, আর পড়াশনার দরকার নাই; সঙ্গে সঙ্গে তাহার ডাগর ও উৎসুক চোখ দুটি গল্পের প্রত্যেক কথা যেন দুর্ভিক্ষের ক্ষুধার আগ্রহে গিলিত।

কুঠির মাঠের পথে যে জায়গাটাকে এখন নাল্তাকুড়ির জোল বলে, এখানে আগে—অনেক কাল আগে—গ্রামের মতি হাজরার ভাই চন্দর হাজরা কি বনের গাছ কাটিতে গিয়াছিল। বর্ষাকাল—এখানে ওখানে বৃষ্টির জলের তোড়ে মাটি খসিয়া পড়িয়াছিল, হঠাৎ চন্দর হাজরা দেখিল এক জায়গায় যেন একটা পিতলের হাঁড়ির কানামত মাটির মধ্য হইতে একটুখানি বাহির হইয়া আছে। তখনই সে খুঁড়িয়া বাহির করিল। বাড়ী আসিয়া দেখে—এক হাঁড়ি সেকেলে আমলের টাকা। তাই পাইয়া চন্দর হাজরা দিনকতক খুব বাবুগিরি করিয়া বেড়াইল—এসব সামান্য মহাশয়ের নিজের চোখে দেখা।

এক এক দিন রেলভ্রমণের গল্প উঠিত। কোথায় সাবিলী পাহাড় আছে, তাহাতে উঠিতে তাঁহার স্ত্রীর কি রকম কষ্ট হইয়াছিল, নাভিগয়ায় পিন্ড দিতে গিয়া পাভার সঙ্গে হাতাহাতি হইবার উপক্রম। কোথাকার এক জায়গায় একটা খুব ভাল খাবার পাওয়া যায়, সামান্য মশায় নাম বলিলেন—প্যাঁড়া। নামটা শুনিয়া অপূর ভারি হাসি পাইয়াছিল—বড় হইলে সে ‘প্যাঁড়া’ কিনিয়া খাইবে।

আর একদিন সামান্য মশায় একটা কোন্ জায়গায় গল্প করিতেছিলেন। সে জায়গায় নাকি আগে অনেক লোকের বাস ছিল, সন্ধ্যার সময় তেঁতুলের জঙ্গলের মধ্যে দিয়া তাঁহারা সেখানে যান—সামান্য মশায় বার বার যে জিনিসটা দেখিতে যান তাহার নাম বলিতেছিলেন—‘চিকামসজিদ’। কি জিনিস তাহা প্রথমে সে বুঝিতে পারে নাই, পরে কথাবার্তার ভাবে বুঝিয়াছিলেন একটা ভাঙা পুরানো বাড়ী। অন্ধকারপ্রায় হইয়া আসিয়াছিল—তাঁহারা ঢুকিতেই এক ঝাঁক চামচিকা সাঁ করিয়া উড়িয়া বাহির হইয়া গেল। অপূ বেশ কল্পনা করিতে পারে—চারিধারে অন্ধকার তেঁতুল জঙ্গল, কেউ কোথাও নাই, ভাঙা পুরানো দরজা, যেমন সে ঢুকিল অমনি সাঁ করিয়া চামচিকার দল পলাইয়া গেল—রাণুদের পশ্চিমদিকের চোরাকুঠুরির মত অন্ধকার ঘরটা।

কোন্ দেশে সামান্য মহাশয় একজন ফকিরকে দেখিয়াছিলেন, সে এক অশখতলায় থাকিত। এক ছিলিম গাঁজা পাইলে সে খুশি হইয়া বলিত—আচ্ছা কোন্ ফল তোমরা খাইতে চাও বল। পরে ঈঙ্গিত ফলের নাম করিলে সে সম্মুখের যে কোনো একটা গাছ দেখাইয়া বলিত—যাও, ওখানে গিয়া লইয়া আইস। লোকে গিয়া দেখিত হয়তো আমগাছে বেদনা ফলিয়া আছে কিংবা পেয়ারা গাছে কলার কাঁদি বুলিয়া আছে।

রাজু রায় বলিতেন—ও সব মস্তুর-তন্তরের খেলা আর কি! সেবার আমার এক মামা—দীন পালিত কথা চাপা দিয়া বলিতেন—মস্তুরের কথা যখন ওঠালে, তখন একটা গল্প বলি শোনো। গল্প নয়, আমার স্বচক্ষে দেখা। বেলেডাঙার বুধো গাড়োয়ানকে তোমরা দেখেচো কেউ? রাজু না দেখে থাকো, রাজকৃষ্ণ ভায়া তো খুব দেখেচো। কাঠের দড়ি-বাঁধা এক ধরণের খড়ম পায়ে দিয়ে বুড়ো বরাবর নিতে-কামারের দোকানে লাঙলের ফাল পোড়াতে আসতো। একশ’ বছর বয়সে মারা যায়, মারাও গিয়েছে আজ পঁচিশ বছরের ওপর। জোয়াশ বয়সে আমরা তার সঙ্গে হাতের কজির জোরে পেরে উঠতাম না। একবার—অনেক কালের কথা—আমার তখন সবই হয়েছে উনিশ-কুড়ি বয়স, চাকদা থেকে গঙ্গাচান ক’রে গরুর গাড়ী ক’রে ফিরছি। বুধো গাড়োয়ানের গাড়ী—গাড়ীতে আমি, আমার খুড়ীমা, আর অনন্ত মুখুয়ের ভাইপো রাম, যে আজকাল উঠে গিয়ে খুলনায় বাস করছে। কানসোনার মাঠের কাছে প্রায় বেলা গেল। তখন ওসব দিকে কি রকম ভয়ভীতি ছিল, তা রাজকৃষ্ণ ভায়া জানো নিশ্চয়। একে মাঠের রাস্তা, সঙ্গে মেয়েমানুষের দল, কিছু টাকাকড়িও আছে—বড্ড ভাবনা হোল! আজকাল যেখানে নতুন গাঁ-খানা বসেচে—ওই বরাবর এসে হোল কি জানো? জন-চারেক ষণ্ডামাক্কোগোছের মিশকালো লোক এসে গাড়ীর পেছন দিকের বাঁশ দুদিক থেকে ধল্লে। এদিকে দুজন, ওদিকে দুজন। দেখে তো মশাই আমার মুখে আর রা-টা নেই, কোনো রকমে গাড়ীর মধ্যে ব’সে আছি, এদিকে তারাও গাড়ীর বাঁশ ধরে সঙ্গেই আসচে, সঙ্গেই আসচে, সঙ্গেই আসচে। বুধো গাড়োয়ান দেখি পিট পিট ক’রে পেছন দিকে চাইচে। ইশারা করে আমাদের কথা বলতে বারণ ক’রে দিলে। বেশ আছে! এদিকে গাড়ী একেবারে নবাবগঞ্জে থানার কাছাকাছি এসে পড়ল। বাজার দেখা যাচ্ছে, তখন সেই লোক ক’জন বল্লে—ওস্তাদজী, আমাদের ঘাট হয়েছে, আমরা বুঝতে পারিনি, ছেড়ে দাও। বুধো গাড়োয়ান বল্লে—সে হবে না ব্যাটারা। আজ সব থানায় নিয়ে গিয়ে বাঁধিয়ে দাও। অনেক কাকুতি-মিনতির পর বুধো বল্লে—আচ্ছা যা, ছেড়ে দিলাম এবার, কিন্তু কক্ষনো এরকম

আর করিসনি! তবে তারা বুঝে গোড়ায়ানের পায়ের ধুলো নিয়ে চলে গেল। আমার স্বচক্ষে দেখা। মস্তুরের চোটে ওঁই যে ওরা বাঁশ এসে ধরেছে, অমনি ধ'রেই রয়েছে—আর ছাড়াবার সাধি নেই—চলেছে গাড়ীর সঙ্গে। একেবারে পেরেক-আঁটা হয়ে গিয়েছে। তা বুঝলে বাপু? মস্তুর-তস্তুরের কথা—

গল্প বলিতে বলিতে বেলা যাইত। পাঠশালার চারিপাশের বনজঙ্গলে অপরাহ্নের রাঙা রৌদ্র বাঁকা ভাবে আসিয়া পড়িত। কাঁঠাল গাছের জগড়মুর গাছের ডালে ঝোলা গুলঞ্চ লতার গায়ে টুনটুনি পাখী মুখ উঁচু করিয়া বসিয়া দোল খাইত। পাঠশালাঘরে বনের গন্ধের সঙ্গে লতাপাতার চাটাই ছেঁড়াঝোড়া বই-দপ্তর, পাঠশালার মাটির মেজে ও কড়া দা-কটা তামাকের ধোঁয়া, সবসুদ্ধ মিলিয়া এক জটিল গন্ধের সৃষ্টি করিত।

সে গ্রামের ছায়া-ভরা মাটির পথে একটি মুগ্ধ গ্রাম্য বালকের ছবি আছে। বইদপ্তর বগলে লইয়া সে তাহার দিদির পিছন পিছনে সাজিমাটি দিয়া কাচা, সেলাই করা কাপড় পরিয়া পাঠশালা হইতে ফিরিতেছে, তাহার ছোট মাথাটির অমন রেশমের মত নরম চিক্ণ সুখ-স্পর্শ চুলগুলি তাহার মা যত্ন করিয়া আঁচড়াইয়া দিয়াছে—তাহার ডাগর ডাগর সুন্দর চোখ দুটিতে কেমন যেন অবাক ধরনের চাহনি—যেন তাহারা এ কোন্ অদ্ভুত জগতে নতুন চোখ মেলিয়া চাহিয়া চাহিয়া দিশাহারা হইয়া উঠিয়াছে। গাছপালায় ঘেরা এইটুকুই কেবল তার পরিচিত দেশ—এখানেই মা রোজ হাতে করিয়া খাওয়ায়, চুল আঁচড়াইয়া দেয়, দিদি কাপড় পরাইয়া দেয়, এই গভীটুকু ছাড়াইলেই তাহার চারিধারে ঘিরিয়া অপরিচয়ের অকুল জলধি! তাহার শিশুমন থেে পায় না।

এ যে বাগানের ওদিকে বাঁশবন—ওর পাশ কাটিয়া যে সরু পথটা ওধারে কোথায় চলিয়া গেল—তুমি বরাবর সোজা যদি ও-পথটা বাহিয়া চলিয়া যাও তবে শাঁখারীপুকুরের পাড়ের মধ্যে অজানা গুপ্তধনের দেশে পড়িবে—বড় গাছের তলায় সেখানে বৃষ্টির জলে মাটি খসিয়া পড়িয়াছে—কত মোহরভরা হাঁড়ি-কলসীর কানা বাহির হইয়া আছে, অন্ধকার বনঝোপের নীচে, কচু ওল ও বন-কলমীর চকচকে সবুজ পাতার আড়ালে চাপা—কেউ জানে না কোথায়।

একদিন পাঠশালায় এমন একটি ঘটনা হইয়াছিল, যাহা তাহার জীবনের একটি নতুন অভিজ্ঞতা। সেদিন বৈকালে পাঠশালায় অন্য কেহ উপস্থিত না থাকায় কোন গল্পগুজব হইল না, পড়াশুনা হইতেছিল—সে গিয়া বসিয়া পড়িতেছিল শিশুবোধক—এমন সময় গুরু-মহাশয় বলিলেন—শেলেট নেও, শ্রুতিলেখন লেখো—

মুখে মুখে বলিয়া গেলেও অপু বুঝিয়াছিল গুরু-মহাশয় নিজের কথা বলিতেছেন না, মুখস্থ বলিতেছেন, সে যেমন দাশুরায়ের পাঁচালী ছড়া মুখস্থ বলে তেমনি।

শুনিতে শুনিতে তাহার মনে হইল অনেকগুলো অমন সুন্দর কথা একসঙ্গে পর পর সে কখনো শোনে নাই। ও 'সকল' কথার অর্থ সে বুঝিতেছিল না, কিন্তু অজানা শব্দ ও ললিত পদের ধ্বনি, ঝঙ্কার-জড়ানো এক অপরিচিত শব্দসঙ্গীত, অনভ্যস্ত শিশুকর্ণে অপূর্ব ঠেকিল এবং সব কথার অর্থ না বোঝার দরুণই কুহেলি-ঘেরা অস্পষ্ট শব্দ-সমষ্টির পিছন হইতে একটা অপূর্ব দেশের ছবি বারবার উঁকি মারিতেছিল।

বড় হইয়া স্কুলে পড়িবার সময় সে বাহির করিয়াছিল ছেলেবেলাকার এই মুখস্থ শ্রুতিলিখন কোথায় আছে—

“এই সেই জনস্থান-মধ্যবর্তী প্রস্রবণ-গিরি। ইহার শিখরদেশ আকাশপথে সতত-সমীর-সঞ্চারণ-জলধর-পটল সংযোগে নিরন্তর নিবিড় নীলিমায় অলঙ্কৃত—অধিত্যাকাপ্রদেশ ঘন-সন্নিবিষ্ট বন-পাদপসমূহে সমাচ্ছন্ন থাকাতে মিন্ধ শীতল ও রমণীয়....পাদদেশে প্রসন্ন-সলিলা গোদাবরী তরঙ্গ বিস্তার করিয়া....।”

সে ঠিক বলিতে পারে না, বুঝাইতে পারে না, কিন্তু সে জানে—তাহার মনে হয়, অনেক সময়েই মনে হয়—সেই যে বছর দুই আগে কুঠির মাঠে সরস্বতী পূজার দিন নীলকণ্ঠ পাখী দেখিতে গিয়াছিল, সেদিন মাঠের ধার বাহিয়া একটা পথকে দূরে কোথায় যাইতে দেখিয়াছিল সে। পথটার দু'ধারে যে কত কি অচেনা পাখী, অচেনা গাছপালা, অচেনা বনঝোপ, —অনেকক্ষণ সেদিন সে পথটার দিকে একদৃষ্টে চাহিয়া ছিল। মাঠের ওদিকে পথটা কোথায় যে চলিয়া গিয়াছে তা ভাবিয়া সে কুল পায় নাই।

তাহার বাবা বলিয়াছিল—ও সোনাডাঙা মাঠের রাস্তা, মাধবপুর দশঘরা হয়ে সেই ধলচিতের খেয়াঘাটে গিয়ে মিশেচে।

ধলচিতের খেয়াঘাটে নয়, সে জানিত, ও পথটা আরও অনেক দূর গিয়াছে; রামায়ণ-মহাভারতের দেশে।

সেই অশখু গাছের সকলের চেয়ে উঁচু ডালটার দিকে চাহিয়া থাকিলে যাহার কথা মনে উঠে—সেই বহুদূরের দেশটা।

শ্রুতিলিখন শুনিতে শুনিতে সেই দুই-বছর-আগে-দেখা-পথটার কথাই তাহার মনে হইয়া গেল।

ঐ পথের ওধারে অনেক দূরে কোথায় সেই জনস্থান-মধ্যবর্তী প্রস্রবণ-পর্বত! বনঝোপের স্নিগ্ধ গন্ধে, না-জানার ছায়া নামিয়া আসা বিকিমিকি সন্ধ্যায়, সেই স্বপ্নলোকের ছবি তাহাকে আবাক করিয়া দিল। কতদূরে সে প্রস্রবণ-গিরির উন্নত শিখর, আকাশপথে সতত-সঞ্চরমাণ মেঘমালায় যাহার প্রশান্ত, নীল সৌন্দর্য সর্বদা আবৃত থাকে?

সে বড় হইলে যাইয়া দেখিবে।

কিন্তু সে বেতসীকষ্টকিত তট, বিচিত্রপুলিনা গোদাবরী, সে শ্যামল জনস্থান, নীল মেঘমালায় ঘেরা সে অপূর্ব শৈলপ্রস্থ, রামায়ণে বর্ণিত কোনো দেশে ছিল না। বাস্তবিক বা ভবভূতিও তাহাদের সৃষ্টিকর্তা নহেন। কেবল অতীত দিনের কোনো পাখীডাকা গ্রাম্য সন্ধ্যায় এক মুগ্ধমতি গ্রাম্য বালকের অপরিণত শিশু-কল্পনার দেশে তাহারা ছিল বাস্তব, একেবারে খাঁটি, অতি সুপরিচিত। পৃথিবীপৃষ্ঠে যাহাদের ভৌগোলিক অস্তিত্ব কোনোকালে সম্ভব ছিল না, শুধু এক অনভিজ্ঞ শৈশবমনেই সে কল্পজগতের প্রস্রবণ-পর্বত তাহার সতত-সঞ্চরমাণ মেঘজালে ঢাকা নীল শিখরমালার স্বপ্ন লইয়া অক্ষয় আসন পাতিয়া বসিল।

পথের পাঁচালী

পঞ্চদশ পরিচ্ছেদ

দুর্গা ভাইকে খুঁজিতে বাহির হইয়াছিল। পাড়ার নানাস্থানে খুঁজিয়া কোথাও পাইল না। অন্নদা রায় মহাশয়ের বাড়ীর কাছে আসিয়া ভাবিল—একবার এখানে দেখে যাই, খুড়ীমার সঙ্গেও দেখাটা হবে এখন—

অন্নদা রায়ের বাড়ী ঢুকিতেই একটা হৈ হৈ চীৎকার ও কান্নাকাটির কলরব তাহার কানে গেল। বাড়ীর মধ্যে ঢুকিয়া সে দরজার কাছে দাঁড়াইল। রোয়াকের একপাশে দাঁড়াইয়া অন্নদা রায়ের বিধবা ভগ্নী সখী ঠাকরণ চীৎকার করিয়া বাড়ী ফাটাইতেছেন :

—তাই কি মনে একটু ভয় আছে নাকি? ঢের ঢের জাঁহাবাজ মেয়েমানুষ দেখিচি, এমন আর কক্ষনো দেখিনি রে বাপু, পায়ে গড় করি—বলে ঐ যমের মত সোয়ামী, রাগলে হাড়ে মাসে এক রাখে না—তাই না হয় বাপু, একটু সমঝে চলি? সত্যিই তো, আজ তিন দিন ধরে বলচে ধানগুলো একটু রোদে দাও, ওগো ধানগুলো একটু রোদে দাও—কথা কি গেরাহি হয় নাকি? না, কানে যায়? কার কথা কে শোনে! গেরস্ত ঘরের বৌ ধান ভানবে, কাজ করবে এই জানি—তা না, রাদিন পটের বিবি সেজে বসে আছে!—‘পটের বিবি’ জিনিসটি পরিস্ফুট করিবার জন্য উত্তমরূপে সাজিয়া যেরূপ ভাবে বসিয়া থাকা উচিত বলিয়া সখী ঠাকরণের ধারণা তিনি এখানে তাহার অভিনয় করিলেন—এ তো বাপু কখনো কোথাও বাপের জন্মে দেখিনি, শুনিওনি—

দালানের মধ্য হইতে অন্নদা রায়ের পূত্রবধু নাকীসুরে কাঁদিতে কাঁদিতে বলিল—পটের বিবি হয়ে সেজে বসে থাকি নাকি! কাল যে দশ সের মুগের ডাল ভাজলাম সারা বিকেল ধ’রে? দুপুর বেলা খেয়েই আরম্ভ করিচি, আর যখন পাঁচটার গাড়ী যাওয়ার শব্দ পেলাম তখনও খোলার তাতেই বসে আছি, দু-ধামা ডাল ভাজা রে, ভাঙা রে—ক’রে অন্ধকার হয়ে গিয়েচে তখন উঠিচি—সে কি অমনি হয়? গা-গতর ব্যথা হয়ে গেছে, রাত্তিরে বলি বুঝি জ্বর হোল, এমনি গায়ে-হাতে ব্যথা—তা কি কেউ

দ্যাখে? তার ওপর সকাল বেলা বিনি দোষে এই মার—কেন সংসারে কি বসে বসে খাই?

এমন সময় অন্নদা রায়ের ছেলে গোকুল এক হাতে একখানা কাঁচা বাঁশের পাতাসুদ্ধ ডগা ও আর এক হাতে দা লইয়া বাড়ী ঢুকিল। স্ত্রীর কান্নার শেষ অংশ শুনিতে পাইয়া গর্জন করিয়া কহিল—এখনও তোমার হয়নি—এখনও তোমার অদেষ্টি বেসুর দুক্খ আছে দেখচি—আমার রাগ বাড়িও না মেলা সন্ধ্যা বেলা! আজ তিনদিন ধরে ধানগুলো রোদ্দুরে দেওয়ার জন্যে বলে বলে হয়রান—এই মেঘলা মেঘলা যাচ্ছে, এর পর ধানগুলো যদি কলিয়ে যায়, তবে তোমার কোন্ বাবা এসে সামলাবে?...সারা বছরের পিন্ডি জুটেবে কোথেকে?

গোকুলের বউ হঠাৎ কান্না বন্ধ করিয়া তেজের সহিত জোর গলায় বলিয়া উঠিল—তুমি আমার বাবা তুলে গালাগালি করো না বলে দিচ্ছি—আমার বাবা কি করেছে তোমার, কেন তুমি বাবার নামে যখন তখন যা তা বলবে?

তাহার কথা শেষ হইতে না হইতে গোকুল হাতের বাঁশ নামাইয়া রাখিয়া দা হাতে এক লাফে রোয়াকের সিঁড়ি বাহিয়া উঠিয়া কহিল—তবে রে! আজ তোমার একদিন কি আমার একদিন—তোমার বাপের বাড়ী আবদার না ঘুটিয়ে আমি আজ—

একটা খুনোখুনি ব্যাপার বুঝি বা হয় দেখিয়া বাড়ীর কৃষাণ উঠান হইতে ডাকিয়া কহিল—কি করেন দা-ঠাকুর—কি করেন, থামুন, থামুন—পরে সে ছুটিয়া রোয়াকে উঠিল—দুর্গাও ছুটিয়া আসিল—সখী ঠাকুরগণও রোয়াক হইতে দালানের মধ্যে ঢুকিলেন—খুব একটা হৈ চৈ হইল। দালানের মধ্যে গোকুলের স্ত্রী স্বামীর উদ্যত আক্রমণের সম্মুখে পিছাইয়া গিয়া মার ঠেকাইবার জন্য দুই হাত তুলিয়া দেওয়ার গায়ে প্রাণপণে ঠেস দিয়া জড়সড় হইয়া দাঁড়াইয়াছে, চোখে তার ভয়ের দৃষ্টি—কৃষাণ গিয়াই গোকুলের হাত হইতে দা-খানা কাড়িয়া লইল; পরে তাহাকে ধরিয়া দালানের বাহিরে আনিতে আনিতে বলিতে লাগিল—কি করেন দা-ঠাকুর, থামুন—আঃ—আসুন নেমে।

গোকুলের বয়স পঁয়ত্রিশ-ছত্রিশের কম নয়, কিন্তু দেহ তেমন সবল নহে, বলিষ্ঠ কৃষাণের সহিত ম্যালেরিয়া-দুর্বল দেহ লইয়া হাত ছাড়াছাড়ির চেষ্টা করিতে গেলে দুর্বলতাই অধিকতর প্রকাশ হইয়া পড়িবে বুঝিয়া বলিতে বলিতে নামিল—দ্যাখো না—একটা ডোল ধান, বীজ ধান, জল পেয়ে যদি কলিয়ে যায়, ও কি আর রোয়া হবে? আজ তিনদিন ধরে বল্টি—আবার তেজডা দেখলে তো?—তোমার তেজ আমি—

দুর্গা নিঃশ্বাস ফেলিয়া বাঁচিল, কিন্তু এ সময় খুড়ীমার সঙ্গে আলাপ-পরিচয় কথাবার্তার সময় নহে বুঝিয়া সে একপ্রকার নিঃশব্দেই অন্নদা রায়ের স্তম্ভিত বাহির হইয়া পড়িল।

পাঁচু বাঁড়ুয়ের বাড়ীর কাছে জামতলায় একজন লোক ঘাটবান্দ সারাইতে বসিয়াছে। কাঠের কয়লার হাপরে গনগনে আশুন, পাড়ার লোকের অনেক ভাঙা ঘটবাটি জড় করা। বেঁটে ধরণের লোকটা, পাকসিটে গড়নের চেহারা, বয়স কত বুঝিবার উপায় নেই, ত্রিশও হইতে পারে, পঞ্চাশও হইতে পারে, গলায় ত্রিকণ্ঠ তুলসীর মালা, মুখের ডান দিকে একটা কাটার দাগ—হাতের কজিতে দড়ির মত শির বাহির হইয়া আছে; পরনে আধময়লা ধুতি। পাড়ার অনেক ছেলেমেয়ে তাহাকে ঘিরিয়া ঘটবাটি সারানো দেখিতেছে। দুর্গাও গেল। লোকটা বলিল—কি চাই খুকী?

সে বলিল—কিছু না, দেখবো।

বাড়ী ফিরিয়া মার কাছে বলিল—আজ মা গোকুল কাকা খুড়ীমাকে যা মেরেছে সে কি বলবো—পরে সে আনুপূর্বিক বর্ণনা করিল।

সর্বজয়া বলিল—গোয়ার-গোবিন্দ চাষা একটা বৈ তো নয়!—আর্হা ভালমানুষ বোটা এমন হাতে আর এমন বাড়ীতে পড়েচে—ঠেঙা খেতে খেতেই জীবনটা গেল।

—আমাকে তো বড্ড ভালবাসে—যখন যা বাড়ীতে হবে, আমার জন্যে তুলে রেখে দেবে। খুড়ীমার কান্না দেখে এমন কষ্ট হোল মা! সখী ঠাকমা আবার এখন উলটে খুড়ীমাকেই বকে—

সে তিন-চার দিন জামতলায় ঘটিবাটি সারানো দেখিতে গেল। লোকটি তাহার বাড়ী, বাপের নাম সব খুঁটিনাটি জিজ্ঞাসা করিয়া। বলিল—তোমাদের বাড়ীর জিনিসপত্তর সারাবে না? নিজে এসো না খুকী?

দুর্গা বাড়ী আসিয়া মাকে বলিল—আমাদের ভাঙা ঘটি-গাডুগুলো দেবে মা, একজন বেশ ভালমানুষ লোক এসেচে—ওপাড়ার পথে জামতলায় বসে সারাচ্ছে—

লোকটা তার নাম বলে পিতম—জাতে নাকি কাঁসারী। হাপর জ্বলাইতে জ্বলাইতে এক একবার সোজা হইয়া বসিয়া বলে—জয় রাধে!—রাধে গোবিন্দ! সকাল বেলা তাহার কাছে পাড়ার অনেকে আসিয়া জোটে। সে চিমটা দিয়া হাপর হইতে আঙুন উঠাইয়া অনবরত তামাক সাজিয়া ভদ্রলোকদের হাতে দিতেছে—দিবার সময় মুখখানা বিনয়ে কাঁচুমাচু করিয়া ঘাড় একধারে কাৎ করিয়া বলে—হেঁ হেঁ, তামাক ইচ্ছে করুন বাবাঠাকুর! রাধারাণী-পদ ভরসা!...নারকেলের কথা আর বলবেন না বাবাঠাকুর, আর বছর জপ্তিমাसे বলি দিই গোটাকতক চারা বসিয়ে!—আধকাঠা-খানেক জমিতে ছগুণা চারা কিনে লাগিয়ে দিলাম—তা ব্যাঙের উপদ্রুতে—একেবারে মূলশেকড়-টুলশেকড় সবসুন্দ...কটা টাকাই মাটি।

মুখুয়ে মশায় সকাল হইতে ঠায় বসিয়া আছেন, কোনো রকমে মিষ্ট কথায় তুষ্ট করিয়া পিতলের ঘড়া বিনামূল্যে সারাইয়া লইবেন। তামাক খাইতে খাইতে পূর্ব কথার খেই ধরিয়া বলিলেন—এই তো গেল কান্ড বাপু—তা—এবারও তো ভেবেছিলাম কুড়িখানেক চারা বাড়ীর পেছনে—তা এমন ম্যালেরিয়া ধরল—তোমাদের ওদিকে কি রকম হে কারিগর? (তিনি সকাল হইতেই তাহাকে কারিগর বলিয়া ডাকিতেছেন)।

—পরিপনু—আজ্ঞে পরিপনু—ম্যালেরিয়ার কথা বলবেন না বাবাঠাকুর—হাড় জ্বালিয়ে খেয়েচে—এই নিন্ আপনার ঘড়াটা, ছটা পয়সা দেবেন—

মুখুয়ে মশায় ঘড়াটা হাতে লইয়া উঠিয়া পড়িয়া বলেন—হ্যাঁ! এর জন্যে অধ্বার পয়সা—দিলে একটা জিনিস ব্রাহ্মণকে সারিয়ে অমনি কার্তিক মাসের দিনটা—তার আবার—

পিতম তাড়াতাড়ি মুখুয়ে মশায়ের ঘড়াটা ধরিয়া অত্যন্ত অমায়িক ভাবে হাসিয়া বলে—আজ্ঞে না, মাপ করবেন বাবাঠাকুর, এমনি সারিয়ে দিতে পারবো না—এখনো সকাল বেলা বউনি হয়নি। আজ্ঞে না—তা পারবো না—ঘড়াটা রেখে যান্—বাড়ী গিয়ে পহা কটা পাঠিয়ে দেবেন—

দুর্গার মা বলে—দেখিস দিকি—ভাঙা বাসন-কোসন বদলে নতুন বাসন-কোসন অনেক সময় ওরা দেয়—জিজ্ঞেস করিস তো।

পিতম খুব রাজী। দুর্গা বাড়ী হইতে বহিয়া বহিয়া এক রাশ পুরানো গাডু ঘটিবাটি ঘড়া তাহাব. কাছে লইয়া গিয়া হাজির করে। অর্ধেক দিনটা সে জামতলাতেই কাটায়—হাপর জ্বালানো, রাং ঝাল করা বসিয়া বসিয়া দেখে। পিতম বলিয়াছে তাহাকে একটা পিতলের আংটি গড়াইয়া দিবে—ইহাও বলিয়াছে যে, সারাইবার পয়সা তাহাদের লাগিবে না। সর্বজয়া শুনিয়া বলে—আহা বড্ড ভাল লোকটা তো! আসচে বুধবার অপূর জন্মবারটা, বলিস্ তাকে আসতে—আমাদের এখানে দুটো ডাল-ভাত পেরসাদ পেয়ে যাবে এখন—

বুধবার সকালে উঠিয়া দুর্গা জামতলায় গিয়া দেখিল লোকটা নাই। জিজ্ঞাসা করিয়া শুনিল পূর্বদিন সন্ধ্যার পর কোন্ সময়ে সে দোকান উঠাইয়া চলিয়া গিয়াছে—হাপরের গর্ত ও পোড়া কমলা রাশি ছাড়া অন্য কোন চিহ্ন নাই। দুর্গা এখানে ওখানে খোঁজ করিল—একে ওকে জিজ্ঞাসা করিল, কেহ জানে না সে কোথায় গিয়াছে। ভয়ে দুর্গার মুখ শুকাইয়া গেল—মা শুনিলে কি বলিবে! সংসারের অর্ধেক বাসন তাহার কাছে যে! সে দুর্গাকে বলিয়াছিল, ঝিকরহাটির বাজারে তাহার কাঁসারির দোকান আছে, সেখানে সে খবর পাঠাইয়াছে—তাহার ভাই একদিনের মধ্যে নতুন বাসন লইয়া আসিয়া পড়িল বলিয়া—আসিলেই ভাঙাচোরা বাসনগুলো সব বদলাইয়া দিবে। কোথায়ই বা সে—আর কোথায়ই বা তাহার ভাই! কোথায় সে যে গেল তাহা দুর্গা অনেক খুঁজিয়াও পাইল না। কেবলমাত্র তাহাদেরই জিনিস গিয়াছে—অন্য হুঁশিয়ার লোকের এক টুকরো পিতলও খোয়া যায় নাই।

সারাদিনের পর সন্ধ্যার সময় দুর্গা কাঁদো কাঁদো মুখে মাকে সব বলিল। হরিহর বিদেশে—কেই বা খোঁজ করে, কেই বা দেখে। সর্বজয়া অবাক হইয়া যায়! বলে—একবার তোর রায় জেঠামশায়কে গিয়ে বল তো! ওমা এমন কথা তো কখনো শুনিনি!....হরিহর বাড়ী আসিলে বিকরহাটির বাজারে খোঁজ করা হইয়াছিল—পিতম নামক কোন লোকের সেখানে কাঁসারির দোকান নাই বা উক্ত চেহারার কোনো লোকও সেখানে নাই।

কয়েক মাস কাটিয়া গিয়াছে। ভাদ্র মাস।

অপু বেকাল হোয়া বেড়াইতে যাইবার সঙ্কল্প করিতেছে, এমন সময় তাহার মা পিছনে ডাকিয়া বলিল—কোথায়! বেকচিস রে অপু?—চাল ভাজা আর ছোলা ভাজা ভাজি—বেরিও না যেন!....এক্ষুনি খাবি—

অপু শুনিয়াও শুনিল না—যদিও সে চাল-ছোলা ভাজা খাইতে ভালবাসে বলিয়াই মা তাহার জন্য ভাজিতে বসিয়াছে ইহা সে জানে—তবুও সে কি করিতে পারে?—এতক্ষণে কি খেলাটাই চলিতেছে নীলুদের বাড়ীতে? সে যখন বাহির দরজার পা দিয়াছে, মার ডাক আবার কানে গেল—বেকলি বুঝি!—ওঁ অপু, বা রে দ্যাখো মজা ছেলের! গরম গরম খাবি—আমি তাড়াতাড়ি ঘাট থেকে এসে ভাজতে লাগলাম—ও অপু-উ-উ—

অপু এক ছুট দিয়া নীলুদের বাড়ী গিয়া পৌঁছিল। অনেক ছেলে জুটিয়াছিল, অপু আসিবার আগেই খেলা সঙ্গ হইয়া গিয়াছে। নীলু বলিল—চল অপু, দক্ষিণ মাঠে পাখীর ছানা দেখতে যাবি? অপু রাজী হইলে দুজনে দক্ষিণ মাঠে গেল। ধান ক্ষেতের ওপারেই নবাবগঞ্জের বাঁধা সড়কটি পূর্ব পশ্চিমে লম্বা হইয়া যেন মাঠের মাঝখান চিরিয়া চলিয়া গিয়াছে। গ্রাম হইতে এক মাইলের উপর হইবে। অপু এতদূর কখনো বেড়াইতে আসে নাই—তাহার মনে হইল যেন সমস্ত পরিচিত জিনিসের গন্তী ছাড়াইয়া কোথায় কতদূরে নীলুদা তাহাকে টানিয়া আনিল! একটুখানি পরেই সে বলিল, বাড়ী চল নীলুদা, আমায় মা বকবে, সন্দেহ হয়ে যাবে, আমি একা গাবতলার পথ দিয়ে যেতে পারবো না। তুমি বাড়ী চল—

ফিরিতে যাইয়া নীলু পথ হারাইয়া ফেলিল। ঘুরিয়া ফিরিয়া কাহাদের একটা বড় আমবাগানের ধার দিয়া একটা পথ মিলিল। সন্ধ্যা হইবার তখনও কিছু বিলম্ব আছে, আকাশে আবার মেঘ ঘনাইয়া আঁটিতেছে—এমন সময় চলিতে চলিতে নীলু হঠাৎ থমকিয়া দাঁড়াইয়া অপূর কনুই-এ টান দিয়া সম্মুখ দিকে চাহিয়া ভয়ের সুরে বলিল—ও ভাই অপু!

অপু সঙ্গীর ভয়ের কারণ বুঝিতে না পারিয়া বলিল—কি রে নীলুদা? পরে সে চাহিয়া দেখিল, একশুড়িপথটা দিয়া তাহারা চলিতেছিল, তাহা কাহাদের উঠানে গিয়া শেষ হইয়াছে—উঠানে একখানা ছোট্ট চালাঘর ও একটা বিলাতী আমড়ার গাছ। তাহার কোন কথা জিজ্ঞাসা করিবার পূর্বেই নীলু ভয়ের সুরে বলিয়া উঠিল—আতুরী ডাইনীর বাড়ী!

অপূর মুখ শুককিয়া গেল....আতুরী ডাইনীর বাড়ী!....সন্ধ্যাবেলা কোথায় আসিয়া তাহারা পড়িয়াছে! কে না জানে যে ওই উঠানের গাছে চুরি করিয়া বিলাতী আমড়া পাড়িবার অপরাধে ডাইনীটা জেলপাড়ার কোন এক ছেলের প্রাণ কাড়িয়া লইয়া কচুর পাতায় বাঁধিয়া জলে ডুবাইয়া রাখিয়াছিল, পরে মাছে তাহা খাইয়া ফেলিবার সঙ্গে সঙ্গে বেচারীর আমড়া খাইবার সাধ এ জন্মের মত মিটিয়া যায়! কে না জানে সে ইচ্ছা করিলে চোখের চাহনিতে ছোট ছেলেদের রক্ত চুষিয়া খাইয়া তাহাকে ছাড়িয়া দিতে পারে, যাহার রক্ত খাওয়া হইল, সে কিছুই জানিতে পারিবে না, কিন্তু বাড়ী গিয়া খাইয়া-দাইয়া সেই যে বিছানায় শুইবে আর পরদিন উঠিবে না! কতদিন শীতের রাত্রে লেপের তলায় শুইয়া দিদির মুখে আতুরী ডাইনীর গল্প শুনিতে শুনিতে সে বলিয়াছে—রাত্রিতে তুই ওসব গল্প বলিসনে দিদি, আমার ভয় করে,—তুই সেই কুঁচবরণ রাজকন্যের গল্পটা বল দিকি?

ঝাপসা দৃষ্টিতে সে সম্মুখে চাহিয়া দেখিতে গেল বাড়ীর কেহ আছে কিনা এবং চাহিবার সঙ্গে সঙ্গেই তাহার সমস্ত শরীর যেন জমিয়া হিম হইয়া গেল....বেড়ার বাঁশের আগড়ের কাছে....অন্য কেহ

নয়, একেবারে স্বয়ং আতুরী ডাইনী তাহাদের—এমন কি যেন শুধু তাহারই দিকে চাহিয়া দাঁড়াইয়া!....
যাহার জন্য এত ভয়, তাহাকে একেবারে সম্মুখেই এভাবে দাঁড়াইয়া থাকিতে দেখিয়া অপূর সামনে
পিছনে কোনো দিকেই পা উঠিতে চাহিল না।

আতুরী বুড়ী ভুঙ্ক কুঁচকাইয়া তোবড়ানো গালটা আরও বুলাইয়া ভাল করিয়া লক্ষ্য করিবার
ভঙ্গীতে মুখটা সামনের দিকে একটু বাড়াইয়া দিয়া পায়ে পায়ে তাহাদের দিকে আগাইয়া আসিতে
লাগিল। অপূ দেখিল সে ধরা পড়িয়াছে, কোনো দিকেই আর পলাইবার পথ নাই—যে কারণেই হউক
ডাইনীর রাগটা তাহার উপরেই—এখনই তাহার প্রাণ সংগ্রহ করিয়া কচুর পাতায় পুরিবে!

মুখের খাবার ফেলিয়া, মায়ের ডাকের উপর ডাক উপেক্ষা করিয়া সে যে আজ মায়ের মনে কষ্ট
দিয়া বাড়ী হইতে বাহির হইয়া আসিয়াছে তাহার ফল এই ফলিতে চলিল। সে অসহায়ভাবে চারিদিকে
চাহিয়া বলিল—আমি কিছু জানিনে—ও বুড়ী পিসি—আমি আর কিছু করবো না—আমায় ছেড়ে
দাও, আমি ইদিকে আর কখনো আসবো না—আজ ছেড়ে দাও ও বুড়ী পিসি—

নীলু তো ভয়ে প্রায় কাঁদিয়া ফেলিল—কিন্তু অপূর ভয় এত হইয়াছিল যে, চোখে তাহার জল
ছিল না।

বুড়ী বলিল—ভয় কি মোরে, ও বাবারা? মোরে ভয় কি?...পরে খুব ঠাট্টা করা হইতেছে ভাবিয়া
হাসিয়া বলিল, মুই কি ধ'রে নেবো খোকারা? এস মোর বাড়ীতি এস—আমচুর দেবানি এস—
এখন সে কি করে!...উপায়?

বুড়ী তাহার দিকে আরও খানিক আগাইয়া আসিতে আসিতে বলিল—ভয় কি ও মোর বাবারা?
মুই কিছু বলবো না, ভয় কি মোরে?

আর কি, সব শেষ! মায়ের কথা না শুনিবার ফল ফলিবার আর দেরি নাই, হাত বাড়াইয়া তাহার
প্রাণটা সংগ্রহ করিয়া এখন কচুর পাতায় পু—রিল! প্রতি মুহূর্তেই তাহার আশঙ্কা হইতেছিল যে এখন
এ বুড়ী হাসিমুখ বদলাইয়া ফেলিয়া বিকট মূর্তি ধরিয়া অট্টহাস্য করিয়া উঠিবে—রাক্ষসী রাণীর গল্পের
মত! বনের অজগর সাপের দৃষ্টির কুহকে পড়িয়া হরিণশিশু নাকি অন্য দিকে চোখ ফিরাইতে পারে
না, তাহারও চোখদুটির কুহক-মুঞ্চ দৃষ্টি সেরূপ বুড়ীর মুখের উপর দৃঢ়নিবন্ধ ছিল—সে আড়ষ্ট কণ্ঠে
দিশাহারা ভাবে বলিয়া উঠিল, ও বুড়ী পিসি, আমার মা কাঁদবে, আমায় আজ আর কিছু বোলো না—
আমি তোমার গাছে কোনো দিন আমড়া নিতে আসিনি—আমার মা কাঁদবে—

আতঙ্কে সে নীলবর্ণ হইয়া উঠিয়াছে...বাড়ী, ঘরদোর, গাছপালা, নীলু, চারিধার যেন ঘোঁয়া
ঘোঁয়া। কেহ কোনোদিকে নাই...কেবল একমাত্র সে আর আতুরী ডাইনীর ত্রুণ দৃষ্টি মাখানো
একজোড়া চোখ...আর অনেক দূরে কোথায় যেন মা আর তাহার চাল-ভাজা খাওয়ার ডাক!....

পরক্ষণেই কিন্তু অত্যধিক ভয়ে তাহার একরূপ মরীয়া সাহস যোগাইল, একটা অস্পষ্ট আর্তরব
সে প্রাণভয়ে দিশাহারা অবস্থায় সে সম্মুখের ভাঁট, শেওড়া, রাংচিতার জঙ্গল ভাঙিয়া ডিঙাইয়া সন্ধ্যার
আসন্ন অন্ধকারে যেদিকে দুই চোখ যায় ছুটিল—নীলুও ছুটিল তাহার পিছনে পিছনে!....

ইহাদের ভয়ের কারণ কি বুঝিতে না পারিয়া বুড়ী ভাবিল—মুই মাস্তিও যাইনি, ধস্তিও যাইনি—
কাঁচা ছেলে, কি জানি মোরে দেখে কেন ভয় পালে সন্দেবেলা? খোকাডা কাদের?

অপূ যখন বাড়ী আসিল, তখন সন্ধ্যা উত্তীর্ণ হইয়া গিয়াছে। সর্বজয়া সবে উনুন ধরাইয়া তালের
বড়া ভাজিবার আয়োজন করিতেছে, দুর্গা নিকটে বসিয়া তাল চাঁচিয়া রস বাহির করিতেছে—ছেলেকে
দেখিয়া বলিল—কোথায় ছিলি বল্ দিকি? সেই বেরিয়েচো বিকেলবেলা, কিছুই তো আজ খাবার
খেলিনে—খিদেতেষ্টা পায় না?

মায়ের নিকট বলিবার জিনিস অপূর মনে স্তূপাকার হইয়া সকলেই একসঙ্গে বাহিরে আসিবার
জন্য একরূপভাবে চেষ্টা পাইতেছিল যে, পরস্পরের ঠেলাঠেলিতে পরস্পরের নির্গমনপথ এককালীন
রুদ্ধ হইয়া গিয়া অপূকে একেবারে নির্বাক করিয়া দিল। সে শুধু বলিল—আমি কি কাপড় ছাড়বো
মা? আমার এখানা ওবেলার কাপড়—

পরে সে বিস্ময়ের সহিত দেখিল যে, মা তাকে চালভাজা দিবার কোনো আগ্রহই না দেখাইয়া তালের রসটা ঘন না পাঁতলা হইয়াছে, তাহাই অত্যন্ত মনোযোগের সহিত পরীক্ষা করিতেছে। পরীক্ষা শেষ হইয়া গেলে দুর্গাকে বলিল—দু-চারখানা ভেজে দেখি, না হয়, বড় তক্তপোশের নীচেটায় চালের গুঁড়ো আছে, আর দুটো নিয়ে আসিস এখন—পরে ছেলের দিকে চাহিয়া বলিল—দাঁড়া অপু, তোকে গরম গরম ভেজে দিচ্ছি।

অপু বলিল—কেন মা, চাল-ভাজা কৈ?

—তা চাল ভাজা তুই খেলি কৈ? এতবার ডাকলাম, তুই বেরিয়ে চলে গেলি—ঠাণ্ডা হয়ে গেল, দুর্গা খেয়ে ফেল্লে, তা এই বড়া তো হয়ে গেল বলে। ভাজবো আর দেবো—

অপু সেই বৈকালবেলা হইতে মনের মধ্যে যে তাসের ঘর নির্মাণ করিতেছিল, এক ফুঁয়ে কে তাহা একেবারে ভূমিসাৎ করিয়া দিল। এই তাহার মা তাকে ভালবাসে! সে বৈকালবেলা বাটীর বাহিরে যাওয়ার পর হইতে অনবরত ভাবিতেছে—মা না জানি কত দুঃখই করিতেছে তাহার জন্য! অপু আমার এখনও কেন যে এলো না, তার জন্যে এত ক'রে ঘাট থেকে এসে ভাজলাম, আহা সে দুটো খেলে না—হাঁ, দায় পড়িয়াছে, তাহার জন্যে ভাবিয়া তো মায়ের ঘুম নাই—মা দিব্যি সেগুলি দিদিদিকে খাওয়াইয়া দিয়া নিশ্চিত হইয়া বসিয়া আছে—সে-ই শুধু এতক্ষণ মিছামিছি ভাবিয়া মরিতেছিল।

দুর্গা বলিল—মা শীগগির শীগগির ভেজে নাও। বড্ড মেঘ ক'রে আসচে, বিষ্টি এলে আর ভাজা হবে না,—ঘরে যে জল পড়ে!—সেদিনকার মত হবে কিন্তু—

দেখিতে দেখিতে চারিধার ঘিরিয়া ঘনাইয়া-আসা মেঘের ছায়ায় বাঁশবনের মাথা কালো হইয়া উঠিল। খুব মেঘ জমিয়া আকাশ অন্ধকার হইয়াছে, অথচ বৃষ্টি এখনও নামে নাই,—এ সময় মনে এক প্রকার আনন্দ ও কৌতূহল হয়—না জানি কি ভয়ঙ্কর বৃষ্টিই আসিতেছে, পৃথিবী বৃষ্টি ভাসাইয়া লইয়া যাইবে—অথচ বৃষ্টি হয় প্রতিবারই, পৃথিবী কোনবারেই ভাসায় না, তবুও এ মোহটুকু ঘোড়ে না! দুর্গার মন সেই অজানার আনন্দে ভরিয়া উঠিল, সে মাঝে মাঝে দাওয়ার ধারে আসিয়া নীচু চালের ছাঁচ হইতে মুখ বাড়াইয়া মেঘাঙ্ককার আকাশের দিকে চাহিয়া দেখিতেছিল।

সর্বজয়া খানকতক বড়া ভাজিয়া বলিল—এই বাটিটা ক'রে ওকে দে তো দুগ্গা।—ওর খিদে পেয়েছে, বিকেল থেকে কিছু তো খায় নি! এই শেষ কথাই কাল হইল—এতক্ষণ অপু যা হয় এক রকম ছিল কিন্তু মায়ের শেষের দিকের আদরের সুরে তাহার অভিমানের বাঁধ একেবারে ভাঙিয়া পড়িল, সে বড়সুদ্ধ বাটিটা ছুঁড়িয়া দিয়া বলিল—আমি খাবো না তো বড়া, কখখনো খাবো না—যাও—

সর্বজয়া ছেলের কাণ্ড দেখিয়া অবাক হইয়া রহিল। গরীবের ঘরকন্না, কত কষ্টে যে কি যোগাড় করিতে হয় সে-ই জানে। আর হতভাগা ছেলেটা কিনা দু-দু'বার সেই কত কষ্টে সংগৃহীত মুখের জিনিস নষ্ট করিল! ক্ষোভে, রাগে সে ছেলের দিকে চাহিয়া বলিল—তোমার আজ হয়েছে কি! তোমার অদৃষ্টে আজ ছাই লেখা আছে, খেও এখন তাই গরম গরম—

এবার অপূর পালা। এ রকম কথা মা'র মুখে সে কখনো শোনে নাই। কোথায় সে চাহিতেছে, মা দুটো আদরের কথা বলিয়া সান্ত্বনা করিবে, না সন্ধ্যাবেলা এমন নিষ্ঠুর কথা! সে দাঁড়াইয়া উঠিয়া বলিল, আচ্ছা মা, আমি চালভাজা খাইনি তাতে আমার মনে কষ্ট হয় না? আমি বিকেল থেকে ভাবছিলাম বৃষ্টি? আমি—আমি কখখনো তোমার বাড়ী আর আসচিনে—আমি ছাই খাবো, কেন আমি ছাই খাবো? আর দিদি বৃষ্টি সব ভাল ভাল জিনিস খাবে? আমি আসবো না তোমার বাড়ী, কখখনো আসবো না—।

পরে সে আতুরী বুড়ীর বাড়ী হইতে এইমাত্র যেরূপ অন্ধকার, কাঁটাবন, আমবন না মানিয়া ছুটিয়াছিল এখনও রাগে আত্মহারা হইয়া দাওয়া হইতে নামিয়া বাহিরের উঠানের দিকে ঠিক সেইরূপ মরীয়ার মত ছুটিল। ভাই-এর অভিমান-ভরা দৃষ্টি, ফুলা ঠোঁট ও কথা বলিবার ধরণ দুর্গার নিকট এরূপ হাস্যকর ঠেকিল যে সে হাসিয়া প্রায় গড়াইয়া পড়িল।—হি হি—অপুটা—একেবারে পাগল মা, কেমন বল্লে—পরে ভাই-এর কথা বলিবার উক্তির নকল করিয়া বলিল—আমি চালভাজা খাইনি—হি হি—তাতে বৃষ্টি আমার কষ্ট হয় না? বোকা একেবারে যা—ও অপু, শুনে যা ও অপু-উ-উ—

অপু ছুটিয়া পাঁচিলের পাশের পথ দিয়া পিছনের বাঁশবাগানের দিকে ছুটিল। আকাশে মেঘ তখনও খমকিয়া আছে; বাঁশবনের তলাটা ঝোপেঝোপে নির্জন বর্ষাসন্ধ্যায় ঘুটঘুটে অন্ধকার। সহজ অবস্থায় একরূপ স্থানে এ-সময় একা আসিবার কল্পনাই সে করিতে পারিত না কোনদিনও। কিন্তু বর্তমানে চারিধারের নির্জনতা ও অন্ধকার, বাঁশঝাড়ের মধ্যে কিসের খড়খড় শব্দ, অদূরে সলতেখাগী আমগাছে ভূতের প্রবাদ প্রভৃতি সম্পূর্ণ বিস্মৃত হইয়া দাঁড়াইয়া দাঁড়াইয়া ভাবিতে লাগিল—আমি কখনো বাড়ী যাবো না তো!—এ জন্মে আর বাড়ী যাবো না—

অভিমানের প্রথম বেগটা কাটিয়া গেলে তাহার একটু গা ছমছম করিতে লাগিল—ভয়ে ভয়ে সে একবার দূরের সলতে-খাগী আমগাছটার দিকে চাহিয়া দেখিল। তাহার মনে হইল—এখন যদি একটা ভূতে আমায় তুলে একবারে মগডালে নিয়ে যায় তো বেশ হয়—মা খুঁজে খুঁজে কেঁদে মরে—ভাবে, কেন সন্দেবেলা ছাই খাও বল্লাম, তাই তো খোকা আমার রাগ করে কোথায় অন্ধকারে মেঘ মাথায় বেরিয়ে চলে গেল, আর ফিরে এলো না। ভূতের হাতে সে মরিয়া গেলে মা'র কি রকম কষ্ট হইবে তাহা সে খানিকক্ষণ প্রতিহিংসার আনন্দে উপভোগ করিল। পরে সেখান হইতে সে গিয়া পাঁচিলের পাশের পথে দাঁড়াইল। তাহার ভয়-ভয় করিতেছিল—সন্ধ্যার বাঁশঝাড়ে একটা যেন অস্পষ্ট শব্দ হইল, অপু একবার ভয়ে ভয়ে চোখ উঁচু করিয়া চাহিয়া দেখিল। তাহার মা ও দিদি রাগুদের বাড়ীর দিকে ডাকিতেছে—ও অপু-উ-উ! বাঁশঝাড়ে আবার যেন একটা শব্দ হইল। সে মনে মনে বড় অস্বস্তি বোধ করিতে লাগিল। কিন্তু মুস্কিল এই যে, তাহাকে খোসামোদ না করিলে সে নিজেই অত রাগের মাথায় বাড়ী গিয়া ঢুকিবে, সত্য সত্য এতটা আত্মসম্মানজ্ঞানশূন্য সে নয় নিশ্চয়ই। এবার তাহার দিদি রাগুদের বাড়ীর খিড়কী দিয়া বাহির হইয়া আসিতেছে যেন। সে ছুটিয়া দরজার সামনে পাঁচিলের কোণটাতে দাঁড়াইল। হঠাৎ আসিতে আসিতে পাঁচিলের পাশে চোখ পড়িতেই দুর্গা চোঁচাইয়া বলিয়া উঠিল, ওই দাঁড়িয়ে রয়েছে মা!...এই দ্যাখো পাঁচিলের পাশে। পরে সে ছুটিয়া গিয়া ভাইয়ের হাত ধরিল। (ছুটিবার আবশ্যিকতা ছিল না)—ওরে দুষ্ট, এখানে চুপটি করে দাঁড়িয়ে থাকা হয়েছে, আর আমি আর মা সমস্ত জায়গা খুঁজে বেড়াচ্ছি, এই দ্যাখো।

দুজনে মিলিয়া তাহাকে বাড়ীর মধ্যে ধরিয়া লইয়া গেল।

পথের পাঁচালী

ষোড়শ পরিচ্ছেদ

এবার বাড়ী হইতে যাইবার সময় হরিহর ছেলেকে সঙ্গে করিয়া লইয়া চলিল। বলিল—বাড়ী থেকে কিছু খেতে পায় না, তবুও বাইরে বেরুলে দুধটা, ষিটা—ওর শরীরটা সারবে এখন।

অপু জন্মিয়া অবধি কোথাও কখনো যায় নাই। এ গাঁয়েরই বকুলতলা, গোসাঁইবাগান, চালতেতলা, নদীর ধার—বড়জোর নবাবগঞ্জ যাইবার পাকা সড়ক—এই পর্যন্ত তাহার দৌড়। মাঝে মাঝে বৈশাখ কি জ্যৈষ্ঠ মাসে খুব গরম পড়িলে তাহার মা বৈকালে নদীর ঘাটে দাঁড়াইয়া থাকিত। নদীর ওপারের খড়ের মাঠে বাবলা গাছে গাছে হলুদ রংএর ফুল ফুটিয়া থাকিত, গরু চরিত, মোটা গুলঞ্চলতাদুলানো শিমুল গাছটাকে দেখিলে মনে হইত যেন কতকালের পুরাতন গাছটা। রাখালেরা নদীর ধারে গরুকে জল খাওয়াইতে আসিত, ছোট্ট একখানা জেলেডিসি বাহিয়া তাহাদের গাঁয়ের অক্রুর মাঝি মাছ ধরিবার দোয়াড়ি পাতিতে যাইত, মাঠের মাঝে মাঝে ঝাড় ঝাড় সৌদালি ফুল বৈকালের বিরবিরে বাতাসে দুলিতে থাকিত—ঠিক সেই সময়ে হঠাৎ এক-একদিন ওপারের সবুজ খড়ের জমির শেষে নীল আকাশটা যেখানে আসিয়া দূর গ্রামের সবুজ বনরেরখার উপর ঝুকিয়া পড়িয়াছে, সেদিকে চাহিয়া দেখিতেই তাহার মনটা কেমন হইয়া যাইত—সে সব প্রকাশ করিয়া বুঝাইয়া বলিতে জানিত না। শুধু তাহার দিদি ঘাট হইতে উঠিলে সে বলিত—দিদি, দিদি, দ্যাখ দ্যাখ এদিকে—পরে সে মাঠের শেষের দিকে আঙুল দিয়া দেখাইয়া বলিত—এ যে? এ গাছটার পিছনে? কেমন অনেক দূর, না?

দুর্গা হাসিয়া বলিত—অনেক দূর—তাই দেখাছিলি? দূর, তুই একটা পাগল!

আজ সেই অপূর্ব প্রথম গ্রামের বাহিরে পা দিল। কয়েকদিন পূর্ব হইতেই উৎসাহে তাহার রাত্রিতে ঘুম হওয়া দায় হইয়া পড়িয়াছিল, দিন গুনিতে গুনিতে অবশেষে যাইবার দিন আসিয়া গেল।

তাহাদের গ্রামের পথটি বাঁকিয়া নবাবগঞ্জের সড়ককে ডাইনে ফেলিয়া মাঠের বাহিরে আষাঢ়-দুর্গাপুরের কাঁচা রাস্তার সঙ্গে মিশিয়াছে। দুর্গাপুরের রাস্তায় উঠিয়াই সে বাবাকে বলিল—বাবা, যেখান দিয়ে রেল যায় সেই রেলের রাস্তা কোন্ দিকে?

তাহার বাবা বলিল—সামনেই পড়বে এখন, চলো না। আমরা রেল লাইন পেরিয়ে যাব এখন—

সেবার তাহাদের রাজী গাইয়ের বাছুর হারাইয়াছিল। নানা জায়গা খুঁজিয়াও দুই তিন দিন ধরিয়া কোথাও খুঁজিয়া পাওয়া যায় নাই। সে তাহার দিদির সঙ্গে দক্ষিণ মাঠে বাছুর খুঁজিতে আসিয়াছিল। পৌষ মাস, ক্ষেতে ক্ষেতে কলাই গাছের ফলে দানা বাঁধিয়াছে, সে ও তাহার দিদি নীচু হইয়া ক্ষেত হইতে মাঝে মাঝে কলাই ফল তুলিয়া খাইতেছিল—তাহাদের সামনে কিছুদূরে নবাবগঞ্জের পাকা রাস্তা, খেজুর গুড় বোঝাই গরুর গাড়ীর সারি পথ বাহিয়া কাঁচ কাঁচ করিতে করিতে আষাঢ় হাতে যাইতেছিল।

তাহার দিদি পাকা রাস্তা ওপারে বহুদূরে ঝাপসা মাঠের দিকে একদৃষ্টে চাহিয়া কি দেখিতেছিল, হঠাৎ সে বলিয়া উঠিল,—এক কাজ করবি অপু, চল যাই আমরা রেলের রাস্তা দেখে আসি, যাবি? অপু বিশ্বাসের সুরে দিদির মুখের দিকে চাহিয়া বলিল—রেলের রাস্তা—সে যে অনেক দূর! সেখানে কি ক'রে যাবি?

তাহার দিদি বলিল—বেশী দূর বুঝি! কে বলেচে তোকে—ঐ পাকা রাস্তার ওপারে তো—না?

অপু বলিল—নিকটে হ'লে তো দেখা যাবে? পাকা রাস্তা থেকে দেখা যায়—চল দিকি দিদি, গিয়ে দেখি।

দুইজনে অনেকক্ষণ নবাবগঞ্জের সড়কে উঠিয়া চাহিয়া চাহিয়া দেখিল। তাহার দিদি বলিল—বড় অনেক দূর, না? যাওয়া যাবে না—

—কিছু তো দেখা যায় না—অত দূর গেলে আবার আসব কি ক'রে? তাহার সতৃষ্ণ দৃষ্টি কিন্তু দূরের দিকে আবদ্ধ ছিল, লোভও হইতেছিল, ভয়ও হইতেছিল। হঠাৎ তাহার দিদি মরীয়া ভাবে বলিয়া উঠিল—চল যাই দেখে আসি অপু—কতদূর আর হবে? দুপুরের আগে ফিরে আসবো এখন, হয়তো রেলের গাড়ী যাবে এখন—মাকে বলবো বাছুর খুঁজতে দেরি হয়ে গেল—

প্রথমে তাহারা একটুখানি এ-দিক ও-দিক চাহিয়া দেখিল কেহ তাহাদিগকে লক্ষ্য করিতেছে কিনা। পরে পাকা রাস্তা হইতে নামিয়া পড়িয়া দুপুর রোদে ভাই বোনে মাঠ বিল জলা ভাঙিয়া সোজা দক্ষিণ মুখে ছুটিল। দৌড়, দৌড়, দৌড়—নবাবগঞ্জের লাল রাস্তা ক্রমে অনেক দূর পিছাইয়া পড়িল—রোয়ার মাঠ, জলসত্রতলা, ঠাকুর-ঝি পুকুর বামধারে, ডানধারে দূরে দূরে পড়িয়া রহিল—সামনে একটা ছোট বিল নজরে আসিতে লাগিল। তাহার দিদি হাসিয়া তাহার দিকে চাহিয়া বলিল—মা টের পেলে কিন্তু—পিঠের ছাল তুলবে। অপু একবার হাসিল—মরীয়ার হাসি। আবার দৌড়, দৌড়, দৌড়—জীবনে এই প্রথম বাধাহীন, গভীহীন মুক্তির উল্লাসে তাহাদের তাজা তরুণ রক্ত তখন মাতিয়া উঠিয়াছিল—পরে কি হইবে, তাহা ভাবিবার অবসর কোথায়?

পরে যাহা হইল, তাহা সুবিধাজনক নয়। খানিক দূরে গিয়া একটা বড় জলা পড়িল একেবারে সামনে—হোগলা আর শোলা গাছে ভরা, তাহার উপর তাহার দিদি পথ হারাইয়া ফেলিল—কোনো গ্রামও চোখে পড়ে না—সামনে কেবল ধানক্ষেত, জলা, আর বেত-ঝোপ। ঘন বেতবনের ভিতর দিয়া যাওয়া যায় না, পাঁকে জলে পা পুঁতিয়া যায়, রৌদ্র এমন বাড়িয়া উঠিল যে, শীতকালেও তাহাদের গা দিয়া ঘাম ঝরিতে লাগিল—দিদির পরনের কাপড় কাঁটায় নানা স্থানে ছিঁড়িয়া গেল, তাহার নিজের পায়ে দু'তিন বার কাঁটা টানিয়া টানিয়া বাহির করিতে হইল—শেষে রেলরাস্তা দূরের কথা, বাড়ী ফেরাই মুস্কিল হইয়া উঠিল। অনেক দূরে আসিয়া পড়িয়াছে, পাকা রাস্তাও আর দেখা যায় না, জল ভাঙিয়া ধানক্ষেত পার হইয়া যখন তাহারা বহু কষ্টে আবার পাকা রাস্তায় আসিয়া উঠিল তখন দুপুর ঘুরিয়া গিয়াছে। বাড়ী আসিয়া তাহার দিদি ঝুড়ি ঝুড়ি মিথ্যা কথা বলিয়া তবে নিজের ও তাহার পিঠ

বাঁচাইল।

সেই রেলের রাস্তা আজ এমনি সহজভাবেই সামনে পড়িবে—সেজন্য ছুটিতে হইবে না, পথ হারাইতে হইবে না—বকুনি খাইতে হইবে না!

কিছু দূর গিয়া সে বিশ্বয়ের সহিত চাহিয়া দেখিল নবাবগঞ্জের পাকা সড়কের মত একটা উঁচু রাস্তা মাঠের মাঝখান চিরিয়া ডাইনে বাঁয়ে বহুদূর গিয়াছে। রাঙা রাঙা খোয়ার রাশি উঁচু হইয়া ধারের দিকে সারি দেওয়া। সাদা সাদা লোহার খুঁটির উপর যেন একসঙ্গে অনেক দড়ির টানা বাঁধা—যতদূর দেখা যায়, ঐ সাদা খুঁটি ও দড়ির টানা বাঁধা দেখা যাইতেছে—

তাহার বাবা বলিল—ঐ দ্যাখো খোকা, রেলের রাস্তা—

অপু একদৌড়ে ফটক পার হইয়া রাস্তার উপর আসিয়া উঠিল। পরে সে রেলপথের দুইদিকে বিশ্বয়ের চোখে চাহিয়া চাহিয়া দেখিতে লাগিল। দুইটা লোহা বরাবর পাতা কেন? উহার উপর দিয়া রেলগাড়ী যায়? কেন? মাটির উপর দিয়া না গিয়া লোহার ওপর দিয়া যায় কেন? পিছলাইয়া পড়িয়া যায় না? কেন? ওগুলোকে তার বলে? তাহার মধ্যে সোঁ সোঁ কিসের শব্দ? তারে খবর যাইতেছে? কাহারো খবর দিতেছে? কি করিয়া খবর দেয়? ওদিকে কি ইন্সট্যান? এদিকে কি ইন্সট্যান?

সে বলিল—বাবা, রেলগাড়ী কখন আসবে? আমি রেলগাড়ী দেখবো বাবা।

—রেলগাড়ী এখন কি ক'রে দেখবে?...সেই দুপুরের সময় রেলগাড়ী আসবে, এখনও দু'ঘন্টা দেরি!

—তা হোক বাবা, আমি দেখে যাবো, আমি কখনো দেখিনি—হ্যাঁ বাবা—

—ও রকম কোরো না, ঐ জন্য তোমায় কোথাও আনতে চাইনে—এখন কি ক'রে দেখবে? সেই দুপুর একটা অবধি ব'সে থাকতে হবে তা হোলে এই ঠায় রোদ্দুরে, চল আসবার দিন দেখাবো।

অপুকে অবশেষে জল-ভরা চোখে বাবার পিছনে পিছনে অগ্রসর হইতে হইল।

তুমি চলিয়া যাইতেছ...তুমি কিছুই জানো না, পথের ধারে তোমার চোখে কি পড়িতে পারে, তোমার ডাগর নবীন চোখ বিশ্বগ্রাসী ক্ষুধায় চারিদিককে গিলিতে গিলিতে চলিয়াছে—নিজের আনন্দের এ হিসাবে তুমিও একজন দেশ-আবিষ্কারক। অচেনার আনন্দকে পাইতে হইলে পৃথিবী ঘুরিয়া বেড়াইতে হইবে, তাহার মানে নাই। আমি যেখানে আর কখনো যাই নাই, আজ নতুন পা দিলাম, যে নদীর জলে নতুন স্নান করিলাম, যে গ্রামের হাওয়ায় শরীর জুড়াইল, আমার আগে সেখানে কেহ আসিয়াছিল কিনা, তাহাতে আমার কি আসে যায়? আমার অনুভূতিতে তাহা যে অনাবিষ্কৃত দেশ। আমি আজ সর্বপ্রথম মন, বুদ্ধি, হৃদয় দিয়া উহার নবীনতাকে আশ্বাদ করিলাম যে!

আমডোব! ছোট্ট চাষাদের গাঁ-খানা—কেমন নামটি! মেয়েরা উঠানে বিচালি কাটিতেছে, ছাগল বাঁধিতেছে, মুরগীকে ভাত খাওয়াইতেছে, বড় লোকেরা পাট শুকাইতেছে, বাঁশ কাটিতেছে—দেখিতে দেখিতে গাঁ পিছনে ছাড়িয়া একেবারে বাইরের মাঠ...বিলে জল থৈ থৈ করিতেছে...উড়ি ধানের ক্ষেতে বক বসিয়া আছে...নাল ফুলের পাতা ও ফুটন্ত ফুলে জল দেখা যায় না।

খলসেয়ারির বিলের প্রান্তে ঘন সবুজ আউশ ধানের ক্ষেতের উপরকার বৃষ্টিদৌত, ভাদ্রের আকাশের সুনীল প্রসার। সারা চক্রবাল জুড়িয়া সূর্যাস্তের অপরূপ বর্ণচ্ছটা, বিচিত্র রং-এর মেঘের পাহাড়, মেঘের দ্বীপ, মেঘের সমুদ্র, মেঘের স্বপ্নপুরী...খোলা আকাশের সহিত এরকম পরিচয় তাহার এতদিন হয় নাই, মাঠের পারের দূরের দেশটা এবার তাহার রহস্য-অবগুণ্ঠন খুলিল আট বছরের ছেলেটির কাছে।

যাইতে যাইতে বড় দেরি হইল। তাহার বাবা বলিল—তুমি বড় হাঁ-করা ছেলে, যা দ্যাখো তাতেই হাঁ ক'রে থাকো কেন অমন? জেরে হাঁটো।

সন্ধ্যার পর তাহার গন্তব্য স্থানে পৌঁছিল। শিষ্যের নাম লক্ষ্মণ মহাজন, বেশ বড় চাষী ও অবস্থাপন্ন গৃহস্থ। বাহিরের বড় আটচালা ঘরে মহা আদরে তাহাদের থাকিবার স্থান করিয়া দিল।

লক্ষ্মণ মহাজনের ছোটভাইয়ের স্ত্রী সকালে স্নান করিবার জন্য পুকুরের ঘাটে আসিয়াছে—জলে নামিতে গিয়া পুকুরের পাড়ে নজর পড়াতে সে দেখিল পুকুরপাড়ের কলাবাগানে একটি অচেনা ছোট

ছেলে একখানি কঞ্চি হাতে কলাবাগানের একবার এদিক একবার ওদিক পায়চারি করিতেছে ও পাগলের মত আপন মনে বকিতেছে। সে ঘাড় নামাইয়া কাছে আসিয়া জিজ্ঞাসা করিল—তুমি কাদের বাড়ী এসেছ, খোকা?

অপুর যত জরিজুরি তাহার মায়ের কাছে। বাহিরে সে বেজায় মুখচোরা।

প্রথমটা অপূর মাথায় আসিল যে টানিয়া দৌড় দেয়। পরে সঙ্কুচিত সুরে বলিল—ওই ওদের বাড়ী—

বধুটি বলিল—বটঠাকুরদের বাড়ী? বটঠাকুরের গুরুমশায়ের ছেলে? ও!

বধু সঙ্গে করিয়া তাহাকে নিজের বাড়ীতে লইয়া গেল। তাহাদের বাড়ী পৃথক—লক্ষ্মণ মহাজনের বাড়ী হইতে সামান্য দূরে, কিন্তু মধ্যে পুকুরটা পড়ে।

বধুর ব্যবহারে অপূর লাজুকতা কাটিয়া গেল। সে ঘরের মধ্যে ঢুকিয়া ঘরের জিনিসপত্র কৌতূহলের সহিত চাহিয়া চাহিয়া দেখিতে লাগিল। ওঃ, কত কি জিনিস!...তাহাদের বাড়ীতে এ রকম জিনিস নাই। এরা খুব বড়লোক তো! কড়ির আলনা, রং-বেরং-এর ঝুলন্ত শিকা, পশমের পাখী, কাঁচের পুতুল, মাটির পুতুল, শোলার গাছ—আরও কত কি!—দু-একটা জিনিস সে ভয়ে ভয়ে হাতে তুলিয়া নাড়িয়া চাড়িয়া দেখিল।

বধু এতক্ষণ ভাল করিয়া ছেলেটির মুখের দিকে চাহিয়া দেখে নাই—কাছের গোড়ায় দেখিয়া মনে হইল যে, এ এখনও ভারি ছেলেমানুষ, মুখের ভাব যেন পাঁচ বছরের ছেলের মত কচি। এমন সুন্দর অবোধ চোখের ভাব সে আর কোন ছেলের চোখে এ পর্যন্ত দেখে নাই—এমন রং, এমন গড়ন, এমন সুন্দর মুখ, এমন তুলি দিয়া আঁকা ডাগর ডাগর নিষ্পাপ চোখ—অচেনা ছেলেটির উপর বধুর বড় মমতা হইল।

অপূ বসিয়া নানা গল্প করিল—বিশেষ করিয়া কল্যকার রেলপথের কথাটি। খানিকটা পরে বধু মোহনভোগ তৈয়ারী করিয়া খাইতে দিল। একটা বাটিতে অনেকখানি মোহনভোগ, এত ঘি দেওয়া যে আঙুলে ঘিষে মাখামাখি হইয়া যায়। অপূ একটুখানি মুখে তুলিয়া খাইয়া অবাক হইয়া গেল—এমন অপূর্ব জিনিস আর সে কখনো খায় নাই তো!—মোহনভোগে কিসমিস দেওয়া কেন? কে তাহার মায়ের তৈরী মোহনভোগে তো কিসমিস থাকে না? বাড়ীতে সে মা'র কাছে আবদার ধরে—মা, আজ আমাকে মোহনভোগ ক'রে দিতে হবে! তাহার মা হাসিমুখে বলে—আচ্ছা ওবেলা তোকে ক'রে দেবো—পরে সে শুধু সূজি জলে সিদ্ধ করিয়া একটু গুড় মিশাইয়া পুলটিসের মত একটা দ্রব্য তৈয়ারী করিয়া কাঁসার সরপুরিয়া থালাতে আদর করিয়া ছেলেকে খাইতে দেয়। অপূ তাহাই খুশির সহিত এতদিন খাইয়া আসিয়াছে, মোহনভোগ যে এরূপ হয় তাহা সে জানিত না। আজ কিন্তু তাহার মনে হইল এ মোহনভোগে আর মায়ের তৈয়ারী মোহনভোগে আকাশ-পাতাল তফাৎ!...সঙ্গে সঙ্গে মায়ের উপর করুণায় ও সহানুভূতিতে তাহার মন ভরিয়া উঠিল। হয়তো তাহার মাও জানে না যে, এ রকমের মোহনভোগ হয়—সে যেন আবছায়া ভাবে বুঝিল, তাহার মা গরীব, তাহারা গরীব—তাই তাহাদের বাড়ী ভাল খাওয়া-দাওয়া হয় না।

একদিন পাড়ার এক ব্রাহ্মণ প্রতিবেশীর বাড়ী অপূর নিমন্ত্রণ হইল। দুপুর বেলা সে-বাড়ীর একটি মেয়ে আসিয়া অপূকে ডাকিয়া লইয়া গেল। ওদের রান্নাঘরের দাওয়ায় যত্ন করিয়া পিঁড়ি পাতিয়া জল ছিটাইয়া অপূকে খাবার জয়গা করিয়া দিল। যে মেয়েটি অপূকে ডাকিতে আসিয়াছিল, নাম তার অমলা, বেশ টুকটুকে ফর্সা রং, বড় বড় চোখ, বেশ মুখখানি, বয়স তার দিদির মত। অমলার মা কাছে বসিয়া তাহাকে খাওয়াইলেন, নিজের হাতের তৈয়ারী চন্দ্রপুলি পাতে দিলেন। খাওয়ার পরে অমলা তাহাকে সঙ্গে করিয়া বাড়ী দিয়া গেল। সেদিন বৈকালে খেলিতে খেলিতে অপূর পায়ের আঙুল হঠাৎ বাগানের বেড়ার দুই বাঁশের ফাঁকে পড়িয়া আটকাইয়া গেল। টাটকা-চেরা নতুন বাঁশের বেড়া, আঙুল কাটিয়া রক্তারক্তি হইল, অমলা ছুটিয়া আসিয়া পা-খানা বাঁশের ফাঁক হইতে বাহির না করিলে গোটা আঙুলটাই কাটা পড়িত। সে চলিতে পারিতেছিল না, অমলা তাহাকে কোলে করিয়া গোলার পাশ হইতে পাথরকুচির পাতা তুলিয়া বাটিয়া আঙুলে বাঁধিয়া দিল। পাছে বাবার বকুনি খাইতে হয়,

এই ভয়ে অপু একথা কাহারও কাছে প্রকাশ করিল না।

সে রাত্রে শুইয়া অপু শুধু অমলারই স্বপ্ন দেখিল। সে অমলার কোলে বেড়াইতেছে, অমলার কাছে বসিয়া আছে, অমলার সঙ্গে খেলা করিতেছে, অমলা তাহার পায়ের আঙুলে পটি বাঁধিয়া দিতেছে, সে ও অমলা রেলরাস্তায় ছুটাছুটি করিয়া বেড়াইতেছে—অমলার হাসিভরা চোখমুখ ঘুমের ঘোরে সারারাত নিজের কাছে কাছে। ভোরে সে শুধু খুঁজিতে লাগিল অমলা কখন আসে। আরও সব ছেলেমেয়েরা আসিল, খেলা আরম্ভ হইয়া গেল, ক্রমে বেশ বেলা হইল—কিন্তু অমলার দেখা নাই। বাড়ীর ভিতর হইতে বধু খাবার খাইবার জন্য ডাকিয়া পাঠাইল—রোজ সকালে বিকলে বধু নিজের হাতে খাবার তৈরী করিয়া তাহাকে খাওয়াইত—খাওয়া শেষ করিয়া আসিবার সময় সে বধুকে জিজ্ঞাসা করিল—সকালে কি অমলাদিদি এসেছিল? না, সে আসে নাই। ক্রমে আরও বেলা হওয়াতে খেলা ভাঙিয়া গেল। তাহার বাবা তাহাকে মান করিবার জন্য ডাকিল। তবুও কোথায় অমলা? অভিমানে তাহার মন ছাপাইয়া উঠিল, বেশ, নাই বা আসিল? অমলার সহিত তাহার জন্মের মত আড়ি—আর যদি সে কখনো তাহার সহিত কথা কয়! বৈকালেও খেলা আরম্ভ হইল, আর সকলেই আসিল—অমলা নাই। পাঁচ ছয়টি ছেলেমেয়ে খেলিতে আসিলেও অপূর মনে হইল, কাহার সহিত সে খেলিবে? কেহই উপযুক্ত খেলার সাথী বলিয়া মনে হইল না! উৎসাহহীন ভাবে সে খানিকক্ষণ খেলা করিল, তবুও অমলার দেখা নাই।

পরদিন সকালে অমলা আসিল। অপু কোনো কথা বলিল না। অমলা যেখানে বসে, সে তাহার ত্রিসীমানায় ঘেঁষে না, অথচ মাঝে মাঝে আড়চোখে চাহিয়া দেখে, সে যে রাগ করিয়া একরূপ করিতেছে, অমলা তাহা বুঝিয়াছে কিনা। অমলা সতাই প্রথমটা বুঝিতে পারে নাই, পরে যখন সে বুঝিল যে, কিছু একটা হইয়াছে নিশ্চয়, তখন সে কাছে গিয়া জিজ্ঞাসা করিল—কি খোকা, কথা বলচো না কেন?...কি হয়েছে?

অপু অতশত বোঝে না, সে অভিমানে ঠোঁট ফুলাইয়া বলিল—কি হয়েছে বৈকি! তা কিছু কি আর হয়েছে? কাল আসনি কেন?

অমলা অবাক হইয়া বলিল—আসিনি, তাই কি?—সেইজন্যে রাগ হয়েছে? অপু ঘাড় নাড়াইয়া জানাইল, ঠিক তাই। অমলা খিল খিল করিয়া হাসিয়া অপুকে হাত ধরিয়া লইয়া চলিল বাড়ীর ভিতর। সেখানে বধু সব শুনিয়া প্রথমটা হাসিয়া খুন হইল, পরে মুখে হাসি টিপিয়া বলিল—তা হোলে অমলা, তোমার আর এখন বাড়ী যাওয়ার যো নাই তো দেখচি—কি আর করবে, খোকা যখন তোমাকে ছাড়তে পারে না, তখন এখানেই থেকে যাও—আর না হয়—

বধুর কথার ভঙ্গিতে অমলা কি জানি কি একটা ঠাওরাইয়া লজ্জিত প্রতিবাদের সুরে বলিল—আচ্ছা যাও বৌদি—ও-রকম করলে কিন্তু কক্ষণো আর তোমাদের বাড়ী—

খানিকক্ষণ পরে অপু অমলার সঙ্গে তাহাদের বাড়ী গেল। অমলা তাহাদের আলমারি খুলিয়া কাঁচের বড় মম-পুতুল, মোমের পাখী, গাছ, আরও কত কি দেখাইল। কালীগঞ্জের স্নানযাত্রার মেলা হইতে সে-সব নাকি কেনা, অপু জিজ্ঞাসা করিয়া জানিল। নতুন নতুন খেলার জিনিস—একটা রবারের বাঁদর, সেটা তুমি যেদিকে যাও, তোমার দিকে চাহিয়া চোখ পিটপিট করিবে—একটা কিসের পুতুল, সেটার পেট টিপিলে দুহাতে মুগীরোগীর মত হঠাৎ হাত পা ছুড়িয়া খঞ্জনী বাজাইতে থাকে—সকলের চেয়ে আশ্চর্যের জিনিস হইতেছে একটা টিনের ঘোড়া; রাণুদির কাকা তাহাদের বাড়ীর দালানের ঘড়িতে যেমন দম দেয়, ঐরকম দম দিয়া ছাড়িয়া দিলে সেটা খড়্‌খড়্‌ করিয়া মেঝের উপর চলিতে থাকে—অনেক দূর যায়—ঠিক যেন একেবারে সত্যিকারের ঘোড়া। সেইটা দেখিয়া অপু অবাক হইয়া গেল। হাতে তুলিয়া বিস্ময়ের সহিত উন্টাইয়া পান্টাইয়া দেখিয়া অমলার দিকে চাহিয়া বলিল—এ কি রকম ঘোড়া, বেশ তো! এ কোথা থেকে কেনা, এর দাম কত?

তাহার পর অমলার তাহাকে একটা সিঁদুরের কৌটা খুলিয়া দেখাইল—সেটার মধ্যে রাঙা রং-এর একখানা ছোট রাংতার মত কি। অপু বলিল—ওটা কি? রাংতা? অমলা হাসিয়া বলিল—রাংতা হবে কেন?—সোনার পাত দেখনি অপু? অপু সোনার পাত দেখে নাই। সোনার রং কি অত রাঙা?

সোনার পাতখানা নাড়িয়া চাড়িয়া ভাল করিয়া দেখিতে লাগিল। অমলার সহিত বাড়ী ফিরিতে ফিরিতে সে ভাবিল—আহা, দিদিটার ও-সব খেলনা কিছুই নেই—মরে কেবল শুকনো নাটায়ফল আর রড়ার বিচি কুড়িয়ে, আর শুণু পরের পুতল চুরি ক'রে মার খায়!...তাহার দিদির বয়সী অন্য কোনো মেয়ের খেলনার ঐশ্বর্য কত বেশী, তাহা সে এ পর্যন্ত কোনো দিন দেখে নাই, আজ তুলনা করিয়া দেখিবার সুযোগ পাইয়া দিদির প্রতি অভ্যস্ত করুণায় তাহার মনটা যেন গলিয়া গেল। তাহার পয়সা থাকিলে সে দিদিকে একটা কলের ঘোড়া কিনিয়া দিত—আর একটা রবারের বাঁদর...তুমি যেদিকে যাও, তোমার দিকে চাহিয়া সেটা চোখ পিটপিট করে....

বধুর কাছে একজোড়া পুরানো তাস ছিল; ঠিক একজোড়া বলা চলে না, সেটা নানা জোড়া তাসের পরিত্যক্ত কাগজগুলি এক জায়গায় করা আছে মাত্র—অপু সেগুলি লইয়া মধ্যে মধ্যে নাড়ে চাড়ে। রাণুদির বাড়ীতে মাঝে মাঝে দুপুরবেলা তাসের আড্ডা বসিত, সে বসিয়া বসিয়া খেলা দেখিত। টেকা, গোলাম, সাহেব, বিবি—কাগজ ধরা লইয়া মারামারি হয়—বেশ খেলা! সে তাস খেলিতে জানে না, তাহার মা দিদি কেহই জানে না। এক-এক দিন তাহার মা তাস খেলিতে যায়, তাহার মাকে লইয়া কেহ বসিতে চায় না, সকলে বলে, ও কিছু খেলা জানে না; এক এক দিন তাহার মা তাস খেলিতে বসে, এমন ভাব দেখায় যেন সে খুব পাকা খেলোয়াড়—খানিকক্ষণ পরেই কিন্তু ধরা পড়ে। কেউ বলে, ও বৌ, একি? এখানে টেকা মেরে বসলে যে! দেখলে না ওহাতে রংয়ের গোলাম কাটলে?—তোমার চোখের সামনে যে? তাহার মা তাড়াতাড়ি অজ্ঞতা ঢাকিতে যায়, হাসিয়া বলে, তাই তো! বড্ড তো ভুল হয়ে গেছে, ও ঠাকুরবি, মোটেই তো মনে নেই। পরে সে আবার খেলিতে থাকে, মুখ টিপিয়া হাসে, এর ওর দিকে চায়, এমন ভাবটা দেখায় যে তাহার কাছে সকলের হাতের তাসের খবরই আছে, এবার একটা কিছু না করিয়া সে ছাড়িবে না—কিন্তু খানিকটা পরে একজন অবাক হইয়া বলিয়া উঠে—একি বৌমা, দেখি? ওমা আমার কি হবে! তোমার হাতে যে, এমন বিস্তি ছিল, দেখাওনি? তাহার মা মুখ টিপিয়া হাসিয়া বিজ্ঞের ভাব করিয়া বলে,—আছে, আছে, ওর মধ্যে একটা কথা আছে! ইচ্ছে ক'রেই দেখাই নি। সে আসলে বিস্তি কিসে হয় সব জানে না—তাহার খেলুড়ে রাগ করিয়া বলে—ওর মধ্যে আবার কথাটা কি শুনি? এমন হাতটা নষ্ট কল্পে? দাও তুমি তাস সেজবৌকে, দাও, তোমায় আর খেলতে হবে না—ঢের হয়েছে। তাহার মা অপমান ঢাকিতে গিয়া আবার হাসে—যেন কিছুই হয় নাই, সব ঠাট্টা উহার ঠাট্টা করিয়া বলিতেছে, সেও সেই ভাবেই লইতেছে!....

সে যদি একজোড়া তাস পায় তবে সে, মা ও দিদি খেলে। খাওয়া-দাওয়ার পর দুপুরবেলা তাদের বাড়ীর বনের ধারের দিকের সেই জানালাটা....যেটার কবচগুলোর মধ্যে কি পোকায় কাটিয়া সরিষার মত গুঁড়া করিয়া দিয়াছে...নাড়া দিলে বুঝুঝু করিয়া বারিয়া পড়ে, পুরানো কাঠের গুঁড়ার গন্ধ বার হয়—জানালায় ধারের বন থেকে দুপুরের হাওয়ায় গন্ধভেদালি লতার কটু গন্ধ আসে, রোয়ার্কেঁর কালমেঘের গাছের জঙ্গলে দিদির পরিচিত কাঁচপোকাটা একবার ওড়ে, আবার বসে, আবার ওড়ে আবার বসে—নির্জন দুপুরে তারা তিনজনে সেই জানালাটির ধারে মাদুর পাতিয়া বসিয়া আপন মনে তাস খেলিবে। কিসে কিসে বিস্তি হয় তাদের নাই-বা থাকিল জানা, তাদের খেলায় বিস্তি না দেখাইতে পারিলেও চলিবে—সেজন্য কেহ কাহাকেও উঠাইয়া দিবে না, কোন অপমানের কথা বলিবে না, কোন হাসি-বিদ্রুপ করিবে না, যে যেরূপ পারে সেইরূপই খেলিবে। খেলা লইয়া কথা—নাই বা হইল বিস্তি দেখানো!

সন্ধ্যার পরে বধুর ঘরে অপূর নিমন্ত্রণ ছিল। খাইতে বসিয়া খাবার জিনিসপত্র ও আয়োজনের ঘটা দেখিয়া সে অবাক হইয়া গেল। ছোট একখানা ফুলকাটা রেকাবিতে আলাদা করিয়া নুন ও নেবু কেন? নুন নেবু তো মা পাতেই দেয়! প্রত্যেক তরকারির জন্যে খাবার আলাদা আলাদা বাটি!—তরকারিই বা কত! অত বড় গল্‌দা চিংড়ির মাথাটা কি তাহার একার জন্য?

লুচি! লুচি! তাহার ও দিদির স্বপ্নকামনার পারে এক রূপকথার দেশের নীল-বেলা আবছায়া দেখা যায়....কত রাতে, দিনে, ওলের ডাঁটাচচ্চড়ি ও লাউ-ছেঁচকি দিয়া ভাত খাইতে খাইতে, কত জল-খাবার-খাওয়া-শূন্য সকালে বিকালে, অন্যমনস্ক মন হঠাৎ লুক্ক উদাস গতিতে ছুটিয়া চলে সেখানে—

লওয়ার মানেই পরাজয়—বিশু ডানপিটে ছেলে, তাহাকে দৌড়িয়া ধরা কি খেলায় হারানো সোজা নয়। একবার অমলা স্পষ্টই বিরক্তি প্রকাশ করিল। অপু শ্রাণপণে চেষ্টা করিতে লাগিল যাহাতে সে জেতে, যাহাতে অমলা সন্তুষ্ট হয়—কিন্তু বিস্তর চেষ্টা সত্ত্বেও সে আবার হারিয়া গেল।

সে-বার দল গঠন করিবার সময় অমলা ঝুঁকিল বিশ্বর দিকে।

অপুর চোখে জল ভরিয়া আসিল। খেলা তাহার কাছে হঠাৎ বিশ্বদ মনে হইল—অমলা বিশ্বর দিকে ফিরিয়া সব কথা বলিতেছে, হাসিখুশি সবই তাহার সঙ্গে। খানিকটা পরে বিশ্ব কি কাজে বাড়ী যাইতে চাহিলে অমলা তাহাকে বার বার বলিল যে, সে যেন আবার আসে। অপূর মনে অত্যন্ত ঈর্ষা হইল, সারা সকালটা একেবারে ফাঁকা হইয়া গেল! পরে সে মনে মনে ভাবিল—বিশু খেলা ছেড়ে চলে যাচ্ছে—গেলে খেলার খেলুড়ে কমে যাবে, তাই অমলাদি এরকম বলচে, আমি গেলে আমাকেও বলবে, ওর চেয়েও বেশী বলবে। হঠাৎ সে চলিয়া যাইবার ভান করিয়া বলিল—বেলা হয়ে যাচ্ছে, আমি যাই, নাইবো। অমলা কোনো কথা বলিল না, কেবল কামারদের ছেলে নাড়ু গোপাল বলিল—আবার ও-বেলা এসো ভাই!

অপু খানিক দূর গিয়া একবার পিছনে চাহিল—তাহাকে বাদ দিয়া কাহারও কোনো ক্ষতি হয় নাই, পুরাদমে খেলা চলিতেছে, অমলা মহা উৎসাহে খুঁটির কাছে বুড়ী হইয়া দাঁড়াইয়াছে—তাহার দিকে ফিরিয়াও চাহিতেছে না।

অপু আহত হইয়া অভিমানে বাড়ী আসিয়া পৌঁছিল, কাহারও সঙ্গে কোনো কথা বলিল না।

ভারি তো অমলাদি! না চাহিল তাহাকে—তাতেই বা কি?...

দিন দুই পরে হরিহর ছেলেকে লইয়া বাড়ী আসিল।

এই মোটে কয়দিন, এরই মধ্যে সর্বজয়া ছেলেকে না দেখিয়া আর থাকিতে পারিতেছিল না।

দুর্গার খেলা কয়দিন হইতে ভালরকম জমে নাই, অপূর বিদেশ-যাত্রার দিনকতক আগে দেশী-কুমড়ার শুকনো খোলার নৌকা লইয়া ঝগড়া হওয়াতে দুজনের মুখ দেখাদেখি বন্ধ হইয়া গিয়াছিল—এখন আরও অনেক কুমড়ার খোলা জমিয়াছে, দুর্গা কিন্তু আর সেগুলি জলে ভাসাইতে যায় না—কেন মিছিমিছি এ নিয়ে ঝগড়া করে তার কান ম'লে দিলাম? আসুক সে ফিরে, আর কক্ষনো তার সঙ্গে ঝগড়া নয়, সব খোলা সে-ই নিয়ে নিক্।

বাড়ী আসিয়া অপু দিন পনেরো ধরিয়া নিজের অদ্ভুত ভ্রমণকাহিনী বলিয়া বেড়াইতে লাগিল। কত আশ্চর্য জিনিস সে দেখিয়াছে এই কয়দিনে! রেলের রাস্তা, যেখান দিয়া সত্যিকারের রেলগাড়ী যায়! মাটির আতা, পেঁপে, শসা—অবিকল যেন সত্যিকার ফল! সেই পুতুলটা, যেটার পেট টিপিলে মৃগীরোগীর মত হাত-পা ছুঁড়িয়া হঠাৎ খঞ্জনী বাজাইতে শুরু করে! অমলাদি! কতদূর যে সে গিয়াছিল, কত পদ্মফুল ভরা বিল, কত অচেনা নতুন গাঁ পার হইয়া কত মাঠের উপরকার নির্জন পথ বাহিয়া, সেই যে কোন গাঁয়ে পথের ধারের কামার-দোকানে বাবা তাহাকে জল খাওয়াইতে লইয়া গেলে, তাহারা তাহাকে বাড়ীর মধ্যে ডাকিয়া লইয়া যত্ন করিয়া পিঁড়ি পাতিয়া বসাইয়া দুধ, চিড়ে, বাতাসা খাইতে দিয়াছিল! কোনটা ফেলিয়া সে কোনটার গল্প করে!

রেলরাস্তার গল্প শুনিয়া তাহার দিদি মুগ্ধ হইয়া যায়, বার বার জিজ্ঞাসা করে—কত বড় নোয়াগুনো দেখলি অপু? তার টাঙানো বুঝি? খুব লম্বা? রেলগাড়ী দেখতে পেলি? গেল?

না—রেলগাড়ী অপু দেখে নাই। এঁটাই কেবল বাদ পড়িয়াছে—সে শুধু বাবার দোষে। মোটে ঘন্টা চার-পাঁচ রেলরাস্তার ধারে চূপ করিয়া বসিয়া থাকিলেই দেখা যাইত—কিন্তু বাবাকে সে কিছুতেই বুঝাইয়া উঠিতে পারে নাই।

বেলা হইয়া যাওয়াতে ব্যস্ত অবস্থায় সর্বজয়া তাড়াতাড়ি অন্যমনস্কভাবে সদর দরজা দিয়া ঢুকিয়া উঠানে পা দিতেই কি যেন একটা সরু দড়ির মত বৃকে আটকাইল ও সঙ্গে সঙ্গে কি যেন একটা পটাং

করিয়া ছিঁড়িয়া যাইবার শব্দ হইল এবং দুদিক হইতে দুটা কি, উঠানে টিলা হইয়া পড়িয়া গেল। সমস্ত কার্যটি চক্ষের নিমেষে হইয়া গেল, কিছু ভাল করিয়া দেখিবার কি বুঝিবার পূর্বেই।

অল্পখানিক পরেই, অপু বাড়ী আসিল! দরজা পার হইয়া উঠানে পা দিতেই সে থমকিয়া দাঁড়াইয়া গেল—নিজের চক্ষুকে বিশ্বাস করিতে পারিল না—এ কি! বা রে, আমার টেলিগিরাপের তার ছিঁড়লে কে ?

ক্ষতির আকস্মিকতায় ও বিপুলতায় প্রথমটা সে কিছু ঠাহর করিতে পারিল না। পরে একটু সামলাইয়া লইয়া চাহিয়া দেখিল উঠানের মাটিতে ভিজা পায়ের দাগ এখনও মিলায় নাই। তাহার মনের ভিতর হইতে কে ডাকিয়া বলিল—মা ছাড়া আর কেউ নয়। কখনো আর কেউ নয়, ঠিক মা। বাড়ী ঢুকিয়া সে দেখিল মা বসিয়া বেশ নিশ্চিন্তমনে কাঁঠালবীচি ধুইতেছে। সে হঠাৎ দাঁড়াইয়া পড়িল এবং যাত্রা-দলের অভিমন্ত্র্যর মত ভঙ্গিতে সামনের দিকে ঝুঁকিয়া বাঁশীর সপ্তমের মত রিনরিনে তীব্র মিস্ত্রসুরে কহিল—আচ্ছা মা, আমি কষ্ট ক'রে ছোটগুলো বন বাগান ঘেঁটে নিয়ে আসি নি ?

সর্বজয়া পিছনে চাহিয়া বিস্মিতভাবে বলিল—কি নিয়ে এসেচিস? কি হয়েছে—

—আমার বুঝি কষ্ট হয় না? কাঁটায় আমার হাত পা ছ'ড়ে যায় নি বুঝি?

—কি বলে পাগলের মত? হয়েছে কি?

—কি হয়েছে! আমি এত কষ্ট ক'রে টেলিগিরাপের তার টাঙলাম আর ছিঁড়ে দেওয়া হয়েছে, না?

—তুমি যত উদ্‌যুটি কাভ ছাড়া তো এক দস্ত থাকো না বাপু!—পথের মাঝখানে কি টাঙানো রয়েছে—কি জানি টেলিগিরাপ কি কি-গিরাপ, আসচি তাড়াতাড়ি, ছিঁড়ে গেল—তা এখন কি করবো বলা—

পরে সে পুনরায় নিজ কাজে মন দিল।

উঃ! কি ভীষণ হৃদয়হীনতা! আগে আগে সে ভাবিত বটে যে, তাহার মা তাহাকে ভালবাসে। অবশ্য যদিও তাহার সে ভ্রান্ত ধারণা অনেকদিন ঘুচিয়া গিয়াছে—তবুও মাকে এতটা নিষ্ঠুর পাষাণীরূপে কখনো স্বপ্নেও কল্পনা করে নাই। কাল সারাদিন কোথায় নীলমণি জেঠার ভিটা, কোথায় পালিতদের বড় আমবাগান, কোথায় প্রসন্ন গুরুমহাশয়ের বাঁশবন—ভয়ানক ভয়ানক জঙ্গলে একা ঘুরিয়া বহু কষ্টে উঁচু ডাল হইতে দোলানো গুলঞ্চলতা কত কষ্টে যোগাড় করিয়া সে আনিল, এখুনি রেল-রেল খেলা হইবে, সব ঠিকঠাক, আর কি না....

হঠাৎ সে মাকে একটা খুব কড়া, খুব রূঢ়, খুব একটা প্রাণ-বিধানো কথা বলিতে চাহিল—এবং খানিকটা দাঁড়াইয়া বোধ হয় অন্য কিছু ভাবিয়া না পাইয়া আগের চেয়েও তীব্র নিখাদে বলিল—আমি আজ ভাত খাবো না যাও—কখনো খাবো না—

তাহার মা বলিল—না খাবি না খাবি যা—ভাত খেয়ে একেবারে রাজা ক'রে দেবন কিনা? এদিকে তো রান্না নামাতে তর সয় না—না খাবি যা, দেখবো ক্ষিদে পেলে কে খেতে দ্যায়?

বাসু! চক্ষের পলকে—সব আছে, আমি আছি তুমি আছ—সেই তাহার মা কাঁঠালবীচি ধুইতেছে—কিন্তু অপু কোথায়? সে যেন কর্পরের মত উবিয়া গেল! কেবল ঠিক সেই সময়ে দুর্গা বাড়ী ঢুকিতে দরজার কাছে তাহাকে পাশ কাটাইয়া ঝড়ের বেগে বাহির হইয়া যাইতে দেখিয়া বিস্মিত সুরে ডাকিয়া বলিল—ও অপু, কোথায় যাচ্ছিস অমন করে, কি হয়েছে, ও অপু শোন—

তাহার মা বলিল—জানিনে আমি, যত সব অনাছিষ্টি কাভ বাপু তোমাদের, হাড় মাস কালি হয়ে গেল—কি এক পথের মাঝখানে টাঙিয়ে রেখেচে, আসচি, ছিঁড়ে গেল—তা এখন কি হবে? আমি কি ইচ্ছে ক'রে ছিঁড়িচি? তাই ছেলের রাগ—আমি ভাত খাবো না—না খাসু যা, ভাত খেয়ে সব একেবারে স্বপ্নে ঘণ্টা দেবে কিনা তোমরা?

মাতাপুত্রের এরূপ অভিমানের পালায় দুর্গাকেই মধ্যস্থ হইতে হয়—সে অনেক ডাকাডাকি পরে বেলা দুইটায় সময় ভাইকে খুঁজিয়া বাহির করিল। সে শুষ্কমুখে উদাসনয়নে ও-পাড়ার পথে রায়দের বাগানে পড়ন্ত আমগাছের গুঁড়ির উপর বসিয়া ছিল।

বৈকালে যদি কেহ অপূদের বাড়ী আসিয়া তাহাকে দেখিত তবে সে কখনই মনে করিতে পারিত না যে, এ সেই অপু—যে আজ সকালে মায়ের উপর অভিমান করিয়া দেশত্যাগী হইয়াছিল। উঠানের এ-প্রান্ত হইতে ও-প্রান্ত পর্যন্ত তার টাঙনো হইয়া গিয়াছে। অপু বিন্ময়ের সহিত চাহিয়া চাহিয়া দেখিতেছিল, কিছুই বাকী নাই, ঠিক যেন একবারে সত্যিকার রেলরাস্তার তার।

সে সত্বদের বাড়ী গিয়া বলিল—সত্বদা, আমি টেলিগিরাপের তার টাঙিয়ে রেখেছি আমাদের বাড়ীর উঠানে, চল রেল-রেল খেলা করি—আসবে?

—তার কে টাঙিয়ে দিল রে?

—আমি নিজে টাঙালাম। দিদি ছোট্ট এনে দিয়েছিল—

সত্ব বলিল—তুই খেলগেঁ যা, আমি এখন যেতে পারবো না—

অপু মনে মনে বুঝিল, বড় ছেলেদের ডাকিয়া দল বাঁধিয়া খেলার যোগাড় করা তাহার কর্ম নয়। কে তাহার কথা শুনিবে? তবুও আর একবার সত্বর কাছে গেল। নিরাশ মুখে রোয়াকের কোণটা ধরিয়া নিরুৎসাহভাবে বলিল—চল না সত্বদা, যাবে? তুমি আমি আর দিদি খেলবো এখন? পরে সে প্রলোভনজনক ভাবে বলিল—আমি টিকিটের জন্যে এতগুলো বাতাবী নেবুর পাতা তুলে এনে রেখেছি। সে হাত ফাঁক করিয়া পরিমাণ দেখাইল—যাবে?

সত্ব আসিতে চাহিল না। অপু বাহিরে বড় মুখ-চোরা, সে আর কিছু না বলিয়া বাড়ী ফিরিয়া গেল। দুঃখে তার চোখে প্রায় জল আসিতেছিল—এত করিয়া বলিতেও সত্বদা শুনিল না!

পরদিন সকালে সে ও তাহার দিদি দুজনে মিলিয়া ইট দিয়া একটা বড় দোকানঘর বাঁধিয়া জিনিসপত্রের যোগাড়ে বাহির হইল। দুর্গা বনজঙ্গলে উৎপন্ন দ্রব্যের সন্ধান বেশী রাখে—দুজনে মিলিয়া নোনাপাতার পান, মেটে আলু, ফলের আলু, রাধালতা ফুলের মাছ, তেলাকুচির পটল, চিচ্চিড়ের বরবটি, মাটির ঢেলার সৈন্ধব লবণ—আরও কত কি সংগ্রহ করিয়া আসিয়া দোকান সাজাইতে বড় বেলা করিয়া ফেলিল। অপু বলিল—চিনি কিসের করবি রে দিদি?

দুর্গা বলিল—বাঁশতলার পথে সেই টিবিটায় ভাল বালি আছে—মা চাল-ভাজা ভাজবার জন্যে আনে! সেই বালি চল আনি গে—সাদা চক্ চক্ করচে—ঠিক একেবারে চিনি—

বাঁশবনে চিনি খুঁজিতে খুঁজিতে তাহারা পথের ধারের বনের মধ্যে ঢুকিল। খুব উঁচু একটা বন, চটকা গাছের আগডালে একটা বড় লতার ঘন সবুজ আড়ালে, টুকটুকে রাঙা, বড় বড় সুগোল কি ফল দুলিতেছে। অপু ও দুর্গা দুজনেই দেখিয়া অবাক হইয়া গেল। অনেক চেষ্টায় গোটা কয়েক ফল নীচের দিকে লতার খানিকটা অংশ ছিড়িয়া তলায় পড়িতেই মহা আনন্দে দুজনে একসঙ্গে ছুটিয়া গিয়া সেগুলিকে মাটি হইতে তুলিয়া লইল।

পাকা ফল মোটে তিনটি। প্রধানত বিপণি সজ্জার উদ্দেশ্যেই তাহা দোকানে এরূপ ভাবে রক্ষিত হইল যে, খরিদদার আসিলে প্রথমেই যেন নজরে পড়ে। পুরাদরে বেচাকেনা আরম্ভ হইয়া গেল। দুর্গা নিজেই পান কিনিয়া দোকানের পান প্রায় ফুরাইয়া ফেলিল। খেলা খানিকটা অগ্রসর হইয়াছে এমন সময় সদর দরজা দিয়া সত্বকে ঢুকিতে দেখিয়া অপু মহা আনন্দে তাহাকে আগাইয়া আনিতে দৌড়িয়া গেল—ও সত্বদা, দ্যাখো না কি রকম দোকান হয়েছে, কেমন ফল-দ্যাখো। আমি আর দিদি পেড়ে আনলাম—কি ফল বলো দিকি? জানো?

সত্ব বলিল—ও তো মাকাল ফল—আমাদের বাগানে ক-ত ছিল! সত্ব আসিতে অপু যেন কৃতার্থ হইয়া গেল। সত্বদা তাহাদের বাড়ীতে তো বড় একটা আসে না—তা ছাড়া সত্বদা বড় ছেলেদের দলের চাঁই। সে আসাতে খেলার ছেলেমানুষটুকু যেন ঘুচিয়া গেল।

অনেকক্ষণ পুরা মরসুমে খেলা চলিবার পর দুর্গা বলিল—ভাই আমাকে দুমণ চাল দাও, খুব সফল, কাল আমার পুতুলের বিয়ের পাকা দেখা, অনেক লোক খাবে—

সত্ব বলিল—আমাদের বুঝি নেমস্তন্ন, না?

দুর্গা মাথা দুলাইয়া বলিল—না বৈ ক! তোমরা তো হলে কনে যাত্রী—কাল সকালে এসে নকুতো করে নিয়ে যাবো—সত্বদা, রাগকে বলবে আজ রান্তিরে যেন একটু চন্দন বেটে রাখে। কাল সকালে নিয়ে আসবো—

দুর্গার কথা ভাল করিয়া শেষ হয় নহি এমন সময় সতু দোকানে বিক্রয়ার্থে রক্ষিত পণ্যের মধ্য হইতে কি-একটা তুলিয়া লইয়া হঠাৎ দৌড় দিয়া দরজার দিকে ছুটিল—সঙ্গে সঙ্গে অপুও, ওরে দিদি রে—নিয়ে গেল রে—বলিয়া তাহার রিনরিনে তীব্র মিস্ট গলায় চীৎকার করিতে করিতে তাহার পিছনে পিছনে ছুটিল।

বিস্মিত দুর্গা ভাল করিয়া ব্যাপারটা কি বুঝিবার আগেই সতু ও অপু দৌড়াইয়া দরজার বাহির হইয়া চলিয়া গেল! সঙ্গে সঙ্গে খেলাঘরের দিকে চোখ পড়িতেই দুর্গা দেখিল সেই পাকা মাকাল ফল তিনটির একটিও নাই!...

দুর্গা একছুটে দরজার কাছে আসিয়া দেখিল, সতু গাবতলার পথে আগে আগে ও অপু তাহা হইতে নিকটে পিছু পিছু ছুটিতেছে। সতুর বয়স অপূর চেয়ে তিন চার বৎসরের বেশী, তাহা ছাড়া সে অপূর মত ওরকম ছিপছিপে মেয়েলী গড়নের নয়—বেশ জোরালো হাত-পা ওয়ালা ও শক্ত—তাহার সহিত ছুটিয়া অপূর পারিবার কথা নহে—তবুও যে সে ধরি-ধরি করিয়া তুলিয়াছে, তাহার একমাত্র কারণ এই যে সতু ছুটিতেছে পরের দব্য আন্সসাৎ করিয়া এবং অপু ছুটিতেছে প্রাণের দায়ে।

হঠাৎ দুর্গা দেখিল যে সতু ছুটিতে ছুটিতে পথে একবারটি যেন নীচু হইয়া পিছনে ফিরিয়া চাইল—সঙ্গে সঙ্গে অপুও হঠাৎ দাঁড়াইয়া পড়িল—সতু ততক্ষণে ছুটিয়া দুষ্টির বাহির হইয়া চালতেতলার পথে গিয়া পড়িয়াছে।

দুর্গা ততক্ষণে দৌড়িয়া গিয়া অপূর কাছে পৌঁছিল। অপু একদম চোখ বুজিয়া একটু সামনের দিকে নীচু হইয়া ঝুঁকিয়া দুই হাতে চোখ রগড়াইতেছে—দুর্গা বলিল—কি হয়েছে রে অপু?

অপু ভাল করিয়া চোখ না চাইয়াই যন্ত্রণার সুরে দু'হাত দিয়া চোখ রগড়াইতে রগড়াইতে বলিল—সতুদা চোখে ধুলা ছুঁড়ে মেরেচে দিদি—চোখে কিছু দেখতে পাচ্ছি না রে—

দুর্গা তাড়াতাড়ি অপূর হাত নামাইয়া বলিল—সর্ সর্ দেখি—ওরকম ক'রে চোখ রগড়াস নে, দেখি?—

অপু তখন দু'হাত আবার চোখে উঠাইয়া আকুল সুরে বলিল—উঁহ ও দিদি—চোখের মধ্যে কেমন হচ্ছে—আমার চোখ কানা হয়ে গিয়েচে দিদি—

—দেখি দেখি ওরকম করে চোখে হাত দিসনে—সর্—পরে সে কাপড়ে ফুঁ পাড়িয়া চোখে ভাপ দিতে লাগিল। কিছু পরে অপু একটু একটু চোখ মেলিয়া চাহিতে লাগিল—দুর্গা তাহার চোখের পাতা তুলিয়া অনেকবার ফুঁ দিয়া বলিল—এখন বেশ দেখতে পাচ্ছি?—আচ্ছা তুই বাড়ী যা...আমি ওদের বাড়ী গিয়ে ওর মাকে আর ঠাকুমাকে সব ব'লে দিয়ে আসচি—রাণুকেও বলবো—আচ্ছা দুষ্টু ছেলে তো—তুই যা আমি আসছি এখনি—

রাণুদের খিড়কি দরজা পর্যন্ত অগ্রসর হইয়া দুর্গা কিন্তু আর যাইতে সাহস করিল না। সেজঠাকুরণকে সে ভয় করে। খানিকক্ষণ খিড়কির কাছে দাঁড়াইয়া ইতস্ততঃ করিয়া সে বাড়ী ফিরিল। সদর দরজা দিয়া ঢুকিয়া সে দেখিল অপু দরজার বাম ধারের কবটখানি একটুখানি সামনে ঠেলিয়া দিয়া তাহারই আড়ালে দাঁড়াইয়া নিঃশব্দে কাঁদিতেছে। সে ছিচকাঁদুনে ছেলে নয়, বড় কিছুতেই সে কখনো কাঁদে না—রাগ করে, অভিমান করে বটে, কিন্তু কাঁদে না। দুর্গা বুঝিল আজ তাহার অত্যন্ত দুঃখ হইয়াছে, অত সাধের ফলগুলি গেল...তাহা ছাড়া আবার চোখে ধুলা দিয়া এরূপ অপমান করিল! অপূর কান্না সে সহ্য করিতে পারে না—তাহার বৃকের মধ্যে কেমন যেন করে।

সে গিয়া ভাইয়ের হাত ধরিল—সাম্বনার সুরে বলিল—কাঁদিস নে অপু—আয় তোকে আমার সেই কড়িগুলো সব দিচ্চি—আয়—চোখে কি আর ব্যথা বাড়চে?.....দেখি, কাপড়খানা বুঝি ছিড়ে ফেলেচিস?

খাওয়া-দাওয়ার পর দুপুরবেলা অপু কোথাও বাহির না হইয়া ঘরে থাকে। অনেকদিনের জীর্ণ পুরাতন কোঠা-বাড়ীর পুরাতন ঘর। জিনিসপত্র, কাঠের সেকালের সিন্দুক, কটা রং-এর সেকালের

বেতের প্যাটার, কড়ির আলনা, জলটোকিতে ঘর ভরানো। এমন সব বাস্তব আছে যাহা অপু কখনো খুলিতে দেখে নাই, তাতে রক্ষিত এমন সব হাঁড়ি-কলসী আছে, যাহার অভ্যন্তরস্থ দ্রব্য সম্বন্ধে সে সম্পূর্ণ অজ্ঞ।

সব-সুন্দ মিলিয়া ঘরটিতে পুরানো জিনিসের কেমন একটা পুরানো পুরানো গন্ধ বাহির হয়—সেটা কিসের গন্ধ সে জানে না, কিন্তু সেটা যেন বহু অতীত কালের কথা মনে আনিয়া দেয়—সে অতীত দিনে অপু ছিল না, কিন্তু এই কড়ির আলনা ছিল, ঐ ঠাকুরদাদার বেতের ঝাঁপিটা ছিল, ঐ বড় কাঠের সিন্দুকটা ছিল, ওই যে সোঁদালি গাছের মাথা বনের মধ্যে হইতে বাহির হইয়া আছে, ওই পোড়াজঙ্গ লে-ভরা জায়গাটাতে কাহাদের বড় চতীমন্ডপ ছিল, আরও কত নামের কত ছেলেমেয়ে একদিন এই ভিটাতে খেলিয়া বেড়াইত, কোথায় তারা ছায়া হইয়া মিলিয়া গিয়াছে, কতকাল আগে!

যখন একা ঘরে থাকে, মা ঘাটে যায়—তখন তাহার অত্যন্ত লোভ হয় ওই বাস্তবটা, বেতের ঝাঁপিটা খুলিয়া দিনের আলোয় বাহির করিয়া পরীক্ষা করিয়া দেখে কি অদ্ভুত রহস্য উহাদের মধ্যে গুপ্ত আছে। ঘরের আড়ার সর্বোচ্চ তাকে কাঠের বড় বারকোশে যে তালপাতার পুঁথির স্থাপ ও খাতাপত্র আছে, বাবাকে জিজ্ঞাসা করিয়া জানিতে পারিয়াছিল সেগুলি তাহার ঠাকুরদাদা রামচাঁদ তর্কালঙ্কারের— তাহার বড় ইচ্ছা ওইগুলি যদি হাতের নাগালে ধরা দেয়, তবে সে একবার নীচে নামিয়া নাড়িয়া চাড়া দেখে। এক-একদিন বনের ধারে জানালাটায় বসিয়া দুপুরবেলা সে সেই ছেঁড়া কাশীদাসের মহাভারতখানা লইয়া পড়ে, সে নিজেই খুব ভাল পড়িতে শিখিয়াছে, আগেকার মত আর মুখে শুনিতে হয় না, নিজেই জলের মত পড়িয়া যায় ও বুঝিতে পারে। পড়াশুনায় তাহার বুদ্ধি খুব তীক্ষ্ণ, তাহার বাবা মাঝে মাঝে তাহাকে গাঙ্গুলীবাড়ীর চতীমন্ডপে বৃদ্ধদের মজলিসে লইয়া যায়, রামায়ণ কি পাঁচালী পড়িতে দিয়া বলে, পড়ো তো বাবা, এঁদের একবার শুনিয়ো দাও তো? বৃদ্ধেরা খুব তারিফ করেন, দীনু চাটুজ্যে বলেন—আর আমার নাতিটা, এই তোমার খোকারই বয়স হবে, দুখানা বর্ণপরিচয় ছিঁড়লে বাপু, শুনলে বিশ্বাস করবে না, এখনো ভাল করে অক্ষর চিনলে না—বাপের ধারা পেয়ে বসে আছে— ঐ যে-কদিন আমি আছি রে বাপু, চক্ষু বুজলেই লাঙলের মুঠো ধরতে হবে। পুত্রগর্বে হরিহরের বুক ভরিয়া যায়। মনে মনে ভাবে—ও কি তোমাদের হবে? কল্পে তো চিরকাল সুদের কারবার!— হোলামই বা গরীব, হাজার হোক পন্ডিত-বংশ তো বটে, বাবা মিথ্যেই তালপাতা ভরিয়া ফেলেন নি পুঁথি লিখে, বংশে একটা ধারা দিয়ে গিয়েছেন, সেটা যাবে কোথায়?

তাহাদের ঘরের জানালার কয়েক হাত দূরেই বাড়ীর পাঁচিল এবং পাঁচিলের ওপাশ হইতেই পাঁচিলের গা ঘেঁষিয়া কি বিশাল আগাছার জঙ্গল আরম্ভ হইয়াছে! জানালায় বসিয়া শুধু চোখে পড়ে সবুজ সমুদ্রের ঢেউয়ের মত ভাঁটশেওড়া গাছের মাথাগুলো, এগাছে ওগাছে দোদুল্যমান কত রকমের লতা, প্রাচীন বাঁশঝাড়ের শীর্ষ বয়সের ভারে যেখানে সোঁদালি, বন-চালতা গাছের উপর ঝুকিয়া পড়িয়াছে, তাহার নীচের কালো মাটির বৃকে খঞ্জন পাখীর নাচ! বড় গাছপালার তলায় হলুদ, বনকচু, কটু ওলের ঘন সবুজ জঙ্গল ঠেলাঠেলি করিয়া সূর্যের আলো দিকে মুখ ফিরাইতে প্রাণপণ করিতেছে, এই জীবনের যুদ্ধে যে গাছটা অপারগ হইয়া গর্বদৃষ্ট প্রতিবেশীর আওতায় চাপা পড়িয়া গিয়াছে, তাহার পাতাগুলি বিবর্ণ, মৃত্যুপাণ্ডুর ডাঁটা গলিয়া আসিল,—মরণহত দৃষ্টির সম্মুখে শেষ-শরতের বন-ভরা পরিপূর্ণ বলমলে রৌদ্র, পরগাছার ফুলের আকুল আর্দ্র সুগন্ধ মাখানো পৃথিবীটা তাহার সকল সৌন্দর্য-রহস্য, বিপুলতা লইয়া ধীরে ধীরে আড়ালে মিলিয়া চলিয়াছে।

তাহাদের বাড়ীর ধার হইতে এ বনজঙ্গল একদিকে সেই কুঠির মাঠ, অপর দিকে নদীর ধার পর্যন্ত একটানা চলিয়াছে। অপূর কাছে এ বন অফুরন্ত ঠেকে, সে দিদির সঙ্গে কতদূর এ বনের মধ্যে তো বেড়াইয়াছে, বনের শেষ দেখিতে পায় নাই—শুধু এইরকম তিত্তিরাজ গাছের তলা দিয়া পথ, মোটা মোটা গুলঞ্চলতা-দুলানো থোলো থোলো বনচালতার ফল চারিধারে। সুঁড়ি পথটা একটা আমবাগানে আসিয়া শেষ হয়, আবার এগাছের ওগাছের তলা দিয়া বন-কলমী, নাটা-কাঁটা, ময়না-ঝোপের ভিতর দিয়া চলিতে চলিতে কোথায় কোন্ দিকে লইয়া গিয়া ফেলিতেছে, শুধুই বন-ধুঁধুলের লতা কোথায় সেই ত্রিশূন্যে দোলে, প্রাচীন শিরীষ গাছের শেওলা-ধরা ডালের গায়ে পরগাছার ঝাড় নজরে আনে।

এই বন তার শ্যামলতার নবীন স্পর্শটুকু তার আর তার দিদির মন বুলাইয়া দিয়াছিল। জন্মিয়া অবধি এই বন তাহাদের সুপরিচিত, প্রতি পলের প্রতি মুহূর্তের নীরব আনন্দে তাহাদের পিপাসূহৃদয় কত বিচিত্র, কত অপূর্ব রসে ভরিয়া তোলে। বর্ষাসতেজ, ঘন সবুজ ঝোপের মাথায় নাটা-কাঁটার সুগন্ধ ফুলের হলুদ রং-এর শীষ, আসন্ন সূর্যাস্তের ছায়ায় মোটা ময়না-কাঁটা ডালের আগায় কাঠবিড়ালীর লঘুগতি আসাযাওয়া, পত্রপুষ্পফলের সে প্রাচুর্য, সবাকার অপেক্ষা যখন ঘন বনের প্রান্তবর্তী, ঝেপঝাপের সঙ্গীহীন বাঁকা ডালে বনের কোনো অজানা পাখী বসিয়া থাকে, তখন তাহার মনের বিচিত্র, অপূর্ব, গভীর আনন্দরসের বর্ণনা সে মুখে বলিয়া কাহাকেও বুঝাইতে পারে না। সে যেন স্বপ্ন, যেন মায়া, চারিপাশে ঘিরিয়া পাখী গান গায়, ঝুর ঝুর করিয়া ঝরিয়া ফুল পড়ে, সূর্যাস্তের আলো আরও ঘন ছায়াময় হয়।

এই বনের মধ্যে কোথায় একটা মজা পুরানো পুকুর আছে, তারই পাড়ে যে ভাঙা মন্দিরটা আছে, আজকাল যেমন পঞ্চানন্দ ঠাকুর গ্রামের দেবতা, কোনো সময়ে ঐ মন্দিরের বিশালাক্ষী দেবী সেই রকম ছিলেন। তিনি ছিলেন গ্রামের মজুমদার বংশের প্রতিষ্ঠিত দেবতা, এক সময়ে কি বিষয়ে সফলমনস্কাম হইয়া তাঁহারা দেবীর মন্দিরে নরবলি দেন, তাহাতে রুপ্ত হইয়া দেবী স্বপ্নে জানাইয়া যান যে তিনি মন্দির পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন, আর কখনো ফিরিবেন না। অনেক কালের কথা, বিশালাক্ষী পূজা হইতে দেখিয়াছে একরূপ কোনো লোক আর জীবিত নাই, মন্দির ভাঙিয়া চুরিয়া গিয়াছে, মন্দিরের সম্মুখের পুকুর মজিয়া ডোবায় পরিণত হইয়াছে, চারিধার বনে ছাইয়া ফেলিয়াছে, মজুমদার বংশেও বাতি দিতে আর কেহ নাই।

কেবল—সেও অনেকদিন আগে—গ্রামের স্বরূপ চক্রবর্তী ভিন-গাঁ হইতে নিমন্ত্রণ খাইয়া ফিরিতেছিলেন—সন্ধ্যার সময় নদীর ঘাটে নামিয়া আসিতে পথের ধারে দেখিলেন একটি সুন্দরী ষোড়শী মেয়ে দাঁড়াইয়া। স্থানটি লোকালয় হইতে দূরে, সন্ধ্যা উত্তীর্ণ হইয়া গিয়াছিল, পথে কেহ কোথাও নাই, এ সময় নিরালা বনের ধারে একটি অল্পবয়সী সুন্দরী মেয়েকে দেখিয়া স্বরূপ চক্রবর্তী দম্প্রমতো বিস্মিত হইলেন। কিন্তু তিনি কোনো কথা কহিবার পূর্বেই মেয়েটি ঈষৎ গর্বমিশ্রিত অথচ মিষ্টসুরে বলিল—আমি এ গ্রামের বিশালাক্ষী দেবী। গ্রামে অল্পদিনে ওলাওঠার মড়ক আরম্ভ হবে—বলে দিও চতুর্দশীর রাত্রে পঞ্চানন্দতলায় একশ আটটা কুমড়ো বলি দিয়ে যেন কালীপূজা করে। কথা শেষ হইবার সঙ্গে সঙ্গেই স্তম্ভিত স্বরূপ চক্রবর্তীর চোখের সামনে মেয়েটি চারিধারের শীত-সন্ধ্যার কুয়াশায় ধীরে ধীরে যেন মিলাইয়া গেল। এই ঘটনার দিন কয়েক পরে সত্যই সেবার গ্রামে ভয়ানক মড়ক দেখা দিয়াছিল।

এ সব গল্প কতবার শুনিয়াছে। জানালার ধারে দাঁড়াইলেই বিশালাক্ষী ঠাকুরের কথা তাহার মনে ওঠে। দেবী বিশালাক্ষীকে একটিবার দেখিতে পাওয়া যায় না? হঠাৎ সে বনের পথে হয়ত গুলঞ্চের লতা পাড়িতেছে—সেই সময়—

খুব সুন্দর দেখিতে রাজাপাড় শাড়ী পরনে, হাতে গলায় মা-দুর্গার মত হার বালা।

—তুমি কে?

—আমি অপু।

—তুমি বড় ভাল ছেলে, কি বর চাও?

সে বিছানায় গিয়া শোয়। এক একবার ঝিরঝিরে হাওয়ায় কত কি লতাপাতার তিক্তমধুর গন্ধ ভাসিয়া আসে, ঠিক দুপুরবেলা, অনেকদূরের কোনো বড় গাছের মাথার উপর হইতে গাঙচিল টানিয়া টানিয়া ডাকে, যেন এই ছোট্ট গ্রামখানির অতীত ও বর্তমান সমস্ত ছোটখাটো দুঃখ শান্তি দ্বন্দ্বের উর্ধ্ব, শরৎ-মধ্যাহ্নের রৌদ্রভরা, নীল নির্জন আকাশ-পথে, এক উদাস, গৃহবিবাগী পথিক-দেবতার সুকঠোর অবদান দূর হইতে দূরে মিলাইয়া চলিয়াছে।

কখন সে ঘুমাইয়া পড়ে বুঝিতে পারে না, ঘুমাইয়া উঠিয়া দেখে বেলা একেবারে নাই। জানালার বাহিরে সারা বনটায় ছায়া পড়িয়া আসিয়াছে, বাঁশঝাড়ের আগায় রাজা রোদ।

প্রতিদিন এই সময়—ঠিক এই ছায়া-ভরা বৈকালটিতে, নির্জন বনের দিকে চাহিয়া তাহার অতি অদ্ভুত কথা সব মনে হয়। অপূর্ব খুশিতে মন ভরিয়া ওঠে, মনে হয় এ রকম লতাপাতার মধুর গন্ধভরা

দিনগুলি ইহার আগে কবে একবার যেন আসিয়াছিল, সে সব দিনের অনুভূত আনন্দের অস্পষ্ট স্মৃতি আসিয়া এই দিনগুলিকে ভবিষ্যতের কোন্ অনির্দিষ্ট আনন্দের আশায় ভরিয়া তোলে। মনে হয় একটা যেন কিছু ঘটবে, এ দিনগুলি বুঝি বৃথা যাইবে না—একটা বড় কোনো আনন্দ ইহাদের শেষে অপেক্ষা করিয়া আছে যেন!

এই অপরাহ্নগুলির সঙ্গে, আজন্মসাথী সুপরিচিত এই আনন্দভরা বহরুণী বনটার সঙ্গে কত রহস্যময়, স্বপ্ন-দেশের বার্তা যে জড়ানো আছে। বাঁশঝাড়ের উপরকার ছায়া-ভরা আকাশটার দিকে চাহিয়া কবচ-কুন্ডল মাগিয়া লইতে হাত পাতিয়াছে, পিটুলি-গোলা পান করিয়া কোথাকার এক ক্ষুদ্র দরিদ্র বালক খেলুড়েদের কাছে ‘দুগ্ধ খেয়েছি’ বলিয়া উল্লাসে নৃত্য করে—এ যে পোড়ো ভিটার বেলতলাটা—ওইখানেই তো শরশয্যাশায়িত প্রবীণ বীর ভীষ্মদেবের মরণাহত ওষ্ঠে তীক্ষ্ণবাণে পৃথিবী ফুঁড়িয়া অর্জুন ভোগবতীধারা সিঞ্চন করিয়াছিলেন। প্রথম যৌবনে সরযূতটের কুসুমিত কাননে মৃগয়া করিতে গিয়া দশরথ মৃগত্রেমে যে জল-আহরণরত দরিদ্র বালককে বধ করেন—সে ঘটিয়াছিল ওই রাণুদিদদের বাগানের বড় জাম গাছটার তলায় যে ডোবা—তাহারই ধারে।

তাহাদের বাড়ী একখানা বই আছে, পাতাগুলো সব হলুদে, মলাটটার খানিকটা নাই, নাম লেখা আছে ‘বীরাঙ্গনা কাব্য’, কিন্তু লেখকের নাম জানে না, গোড়ার দিকের পাতাগুলি ছিড়িয়া গিয়াছে। বইখানা বড় ভাল লাগে—তাহাতে সে পড়িয়াছে :-

অদূরে দেখিনু হৃদ, সে হৃদের তীরে
রাজরথী একজন যান গড়াগড়ি
ভগ্নউরু! দেখি উচ্ছে উঠিনু কাঁদিয়া
এ কি কুস্বপন নাথ দেখাইলে মোরে!

কলুইচন্ডী ব্রতের দিন মায়ের সঙ্গে গ্রামের উত্তর মাঠে যে পুরোনো মজা পুকুরের ধারে সে বনভোজন করিতে যায়—কেউ জানে না—চারিধারে বনে ঘেরা সেই পুকুরটাই মহাভারতের সেই দ্বৈপায়ন হৃদ। ঐ নির্জন মাঠের পুকুরটার মধ্যে সে ভগ্নউরু, অবমানিত বীর থাকে একা একা, কেউ দেখে না, কেউ খোঁজ করে না। উত্তর মাঠের কলাবেগুনের ক্ষেত হইতে কৃষাণেরা ফিরিয়া আসে, জনমানুষের চিহ্ন থাকে না কোনো দিকে—সোনাডাঙা মাঠের পারের অনাবিক্ষুত, বসতিশূন্য, অজানা দেশে চন্দ্রহীন রাত্রির ঘন অন্ধকার ধীরে ধীরে বিস্তার লাভ করে, তখন হাজার হাজার বছরের পুরাতন মানব-বেদনা কখনো বা দরিদ্র পিতার প্রবঞ্চনা-মুগ্ধ অবোধ বালকের উল্লাসে, কখনো বা এক ভাগ্যহত, নিঃসঙ্গ অসহায় রাজপুত্রের ছবিতে তাহার প্রবর্তমান, উৎসুক মনের সহানুভূতিতে জাগ্রত ও সার্থক হয়। ঐ অজ্ঞাতনামা লেখকের বইখানা পড়িতে পড়িতে কতদিন যে তাহার চোখের পাতা ভিজিয়া আসিয়াছে।

তাহার বাবা বাড়ী নাই। বাড়ী থাকিলে তাহাকে এক মনে ঘরে বসিয়া দপ্তর খুলিয়া পড়িতে হয়, একেবারে বেলা শেষ হয়ে যায় তবুও ছুটি হয় না। তাহার মন ব্যাকুল হইয়া ওঠে। আর কতক্ষণ বসিয়া বসিয়া শুভঙ্করী আর্ঘ্য মুখস্থ করিবে? আজ আর বুঝি সে খেলা করিবে না? বেলা বুঝি আর আছে? বাবার উপর ভারী রাগ হয়, অভিমান হয়।

হঠাৎ অপ্রত্যাশিত ভাবে ছুটি হইয়া যায়। বই দপ্তর কোনরকমে বুপ করিয়া এক জায়গায় ফেলিয়া রাখিয়া ছায়াভরা উঠানে গিয়া খুঁশিতে সে নাচিতে থাকে।

অপূর্ব, অদ্ভুত বৈকালটা...নিবিড় ছায়াভরা গাছপালার ধারে খেলাঘর....গুলঞ্চলতার তার টাঙানো....খেজুর ডালের ঝাঁপ....বনের দিক থেকে ঠান্ডা ঠান্ডা গন্ধ বাহির হয়....রাঙা রোদটুকু জেঠামহাশয়দের পোড়ো বাতাবীলেবু গাছের মাথায় চিক্ চিক্ করে....চক্চকে বাদামী রঙ-এর ডানাওয়াল তেড়ো পান্থী বনকলমী ঝোপে উঠিয়া আসিয়া বসে....তাজা মাটির গন্ধ....ছেলেমানুষের জগৎ ভরপুর আনন্দে উছলিয়া ওঠে, কাহাকে সে কি করিয়া বুঝাইবে সে কি আনন্দ!

সন্ধ্যার পর সর্বজয়া ভাত চড়াইয়াছিল। অপু দাওয়ায় মাদুর পাতিয়া বসিয়া আছে। খুব অন্ধকার, একটানা ঝাঁঝি পোকা ডাকিতেছে।

অপু জিজ্ঞাসা করিল—পূজোর আর কদিন আছে, মা?

দুর্গা বাঁটি পাতিয়া তরকারী কাটিতেছিল। বলিল, আর বাইশ দিন আছে, না মা?

সে হিসাব ঠিক করিয়াছে। তাহার বাবা বাড়ী আসিবে, অপূর, মায়ের, তাহার জন্য পুতুল, কাপড়, আলতা।

আজকাল সে বড় হইয়াছে বলিয়া তাহার মা অন্য পাড়ায় গিয়া নিমন্ত্রণ খাইতে দেয় না। লুচি খাইতে কেমন তাহা সে প্রায় ভুলিয়া গিয়াছে। ফুটফুটে কোজাগরী পূর্ণিমার জ্যোৎস্না-ভরা রাত্রে বাঁশবনের আলোছায়ার জাল-বুননি পথ বাহিয়া সে আগে আগে পাড়ায় পাড়ায় বেড়াইয়া লক্ষ্মীপূজার খই-মুড়ি ভাজা আঁচল ভরিয়া লইয়া আসিত। বাড়ীতে বাড়ীতে শাঁখ বাজে, পথে লুচিভাজার গন্ধ বাহির হয়, হয়তো পাড়ার কেউ পূজার শীতলের নৈবেদ্য একখানা তাহাদের বাড়ীতে পাঠাইয়া দেয়। সেও অনেক খই-মুড়ি আনিত, তাহার মা দুইদিন ধরিয়া তাহাদের জলপান খাইতে দিত, নিজেও খাইত। সেবার সেজ ঠাকরুণ বলিয়াছিল—ভদ্রর লোকের মেয়ে আবার চাষা লোকের মত বাড়ী বাড়ী ঘুরে খই-মুড়ি নিয়ে বেড়াবে কি? ওসব দেখতে খারাপ....ওরকম আর পাঠিও না বৌমা—সেই হইতে সে আর যায় না।

দুর্গা বলিল—তাস খেলবে?

—তা যা, ও ঘর থেকে তাসটা নিয়ে আয় একটু খেলি—

দুর্গা বিপন্নমুখে অপূর দিকে চাহিল।

অপূ হাসিয়া বলিল—চল্ আমি দাঁড়াচ্ছি—

তাহাদের মা বলিল—আহা-হা মায়ের ভয় দেখে আর বাঁচিনে, সারাদিন বলে হেঁট-মাটি ওপর কঁরে বেড়াবার সময় ভয় থাকে না, আর রাত্রিতে এঘর থেকে ওঘরে যেতে একেবারে সব আড়ষ্ট!...

শিয্যবাড়ী হইতে অপূর আনা সেই তাসজোড়াটা। তাস খেলায় তিনজনেরই কৃতিত্ব সমান। অপূ, এখনও সব রং চেনে না—মাঝে মাঝে হাতের তাস বিপক্ষদলের খেলোয়াড় মাকে দেখাইয়া বলে, এটা কি রং, রুইতন? দ্যাখো না মা—

দুর্গার মন আজ খুব খুশি আছে। রাত্রিরে রান্না প্রায়ই হয় না, ওবেলার বাসি ভাত তরকারী থাকে। আজ ভাত চড়িয়াছে, তরকারী রান্না হইবে, ইহাতে তাহার মহা আনন্দ। আজ যেন একটা উৎসবের দিন। অপূ বলিল—তাস খেলতে খেলতে সেই গল্পটা বলো না মা, সেই শ্যামলঙ্কার গল্পটা?

হঠাৎ সে মায়ের কোলে মাথা রাখিয়া শুইয়া পড়ে। মায়ের গায়ে হাত বুলাইতে বুলাইতে আবদারের সুরে বলে—সেই ছড়াটা বলো না মা, সেই—শ্যামলঙ্কা বাটনা বাটে মাটিতে লুটায় কেশ।

দুর্গা বলিল—খেলায় সময় ছড়া বললে খেলা কি কঁরে হবে অপূ? ওহু—

সর্বজয়া বলিল—দুগুণা, পাতালকোঁড় আজ কোথায় পেলি রে?

—সে যে গোসাঁইদের বড় বাগানটা আছে? সেই রাজী গাই খুঁজতে একবার তুই আর আমি, অপূ? সেখানে অনেক ফুটেছিল, কেউ টের পায়নি মা, খুব বন কি না? তা হলে লোকে তুলে নিয়ে যেতো—

অপূ বলিল—সেখানে গিইছিলি? উঃ, সে যে বড় বন রে দিদি!

সর্বজয়া সম্মেহে বার বার ছেলের দিকে চাহিয়া দেখিতেছিল। সেদিনকার সেই অপূ—আয় চাঁদ আয়, খোকনের কপালে টি-ই-ই-ই দিয়ে যা—বলিলে বার বার কলের পুতুলের মত চাঁদের মত কপালখানি অঙ্গুলিবন্ধ হস্তের দিকে ঝুঁকাইয়া দিত, সে কি না আজ তাস খেলিতে বসিয়াছে! তাহার কাছে দৃশ্যটা বড় অভিনব ঠেকে। অপূ খেলিতে না পারিলে বা আশা করিয়া কোনো পিটু জিতিতে না পারিলে কিংবা অপূর হাতে খারাপ তাসগুলো গিয়া নিজের হাতে ভাল তাস আসিলে, বিপক্ষদেলর খেলোয়াড় হইয়াও তাহার মনে কষ্ট হইতেছিল।

দুর্গা বলিল—আজ কি হয়েছে জানো মা—

অপূ বলিল—যাঃ, তা হ'লে তোর সঙ্গে আড়ি করবো, ব'লে দ্যাখ—

—করগে যা আড়ি—শোনো মা, ও পোস্তদানার নাম জানে না, আজ রাজীদের বাড়ী পোস্তদানা

রন্দুরে দিয়েছে, ও বললে, কি রাজীদি? রাজী বললে, যষ্টিমধু খেয়ে দ্যাখ—ও খেয়ে এল মা সেখানে দাঁড়িয়ে, বুঝতে পারলে না যে পোস্ত—এমন বোকা—না মা?

অপু মুখে বলিল বটে কিন্তু দিদির সহিত সে আড়ি করিবে না। সেই যে যেদিন তাহার পাকা মাকাল ফলগুলো সতুদা লইয়া পলাইয়াছিল, সেদিন তাহার দিদি সারাদিন বন বাগান খুঁজিয়া সন্ধ্যার সময় কোথা হইতে আঁচলে বাঁধিয়া এক রাশ মাকাল ফল আনিয়া তাহার সম্মুখে খুলিয়া দেখাইয়া বলিল—কেমন হলো এখন? বড় যে কাঁদছিলি সকালবেলা? সে সন্ধ্যায় কিসে সে বেশী আনন্দ পাইয়াছিল—মাকাল ফলগুলো হইতে কি দিদির মুখের, বিশেষ করিয়া তাহার ডাগর চোখের মমতা-ভরা নিশ্বাস হাসি হইতে—তাহা সে জানে না।

ছক্কার খেলা অপু বুঝে সুঝে খেলিস?—দুর্গা মহাখুশির সহিত তাস কুড়াইয়া সাজাইতে লাগিল।...
—কি ফুলের গন্ধ বেরুচ্ছে, না দিদি?

তাহাদের মা বলিল, তাহাদের জেঠামশায়দের ভিটার পিছনে ছাতিমগাছ আছে, সেই ফুলের গন্ধ। অপু ও দুর্গা দুজনেই আগ্রহের সুরে জিজ্ঞাসা করিল—হ্যাঁ মা, ওই ছাতিমতলায় একবার বাঘ এসেছিল বলেছিলে না? কিন্তু তাহার মা তাড়াতাড়ি তাস ফেলিয়া উঠিয়া বলিল—ঐ যাঃ ভাত পুড়ে গেল, ধরাগন্ধ বেরিয়েছে—ভাতটা নামিয়া দাঁড়া বলচি—

খাইতে বসিয়া দুর্গা বলিল—পাতালকোঁড়ের তরকারীটা কি সুন্দর খেতে হয়েছে মা! তাহার মুখ স্বর্গীয় তৃপ্তিতে ভরিয়া উঠিল। সঙ্গে সঙ্গে অপুও বলিল—বাঃ! খেতে ঠিক মাংসের মত, না দিদি? পাতালকোঁড় এক জায়গায় কত ফুটে আছে মা, আমি ভাবি ব্যাঙের ছাতা, তাই তুলি নে—উভয়ের উচ্ছ্বাস-প্রশংসা-বাক্যে সর্বজয়ার বুক গর্বে ও তৃপ্তিতে ভরিয়া উঠিল। তবুও কি আর উপযুক্ত উপকরণ সে পাইয়াছে? লোকের বাড়ীতে ভোজে রাঁধিতে ডাকে সেজঠাকরুণকে, ডাকুক না দেখি একবার তাহাকে, রান্না কাহাকে বলে সেজঠাকরুণকে সে—হ্যাঁ। সর্বজয়া বলিল—অপুর হাতে জল ঢেলে দে দুর্গা, ও কি ছেলের কাণ্ড? ঐ রাস্তার মাঝখানে মুখ ধোয়? রোজই রাত্রে তুমি ওই পথের উপর—

কিন্তু অপু আর এক পাও নড়িতে চাহে না, সম্মুখের সেই ভাঙা পাঁচিলের ফাঁক, অন্ধকার বাঁশবন, ঝোপ-জঙ্গলের অন্ধকার ঝিঙের বিচির মত কালো। পোড়া ভিটেবাড়ী... আর অজানা কত কি বিভীষিকা! সে বুঝিতে পারে না যেখানে প্রাণ লইয়া টানাটানি সেখানে পথের উপর আঁচনোটাই কি এত বেশী?

তাহার পরে সকলে গিয়া ঘুমাইয়া পড়ে। রাত্রি গভীর হয়, ছাতিম ফুলের উগ্র সুবাসে হেমন্তের আঁচ-লাগা শিশিরার্দ্ৰ নৈশ বায়ু ভরিয়া যায়। মধ্যরাত্রে বেণুবনশীর্ষে কৃষ্ণপক্ষের চাঁদের ম্লান জ্যোৎস্না উঠিয়া শিশিরসিক্ত গাছপালায়, ডালে-পাতায় চিক্‌চিক্‌ করে। আলো-আঁধারের অপরূপ মায়ায় বনপ্রান্ত ঘুমন্ত পরীর দেশের মত রহস্য-ভরা! শন্ শন্ করিয়া হঠাৎ হয়তো এক বলক হাওয়া সোঁদালির ডাল দুলাইয়া, তেলাকুচা ঝোপের মাথা কাঁপাইয়া বহিয়া যায়।

এক-একদিন এই সময়ে অপূর ঘুম ভাঙিয়া যাইত।

সেই দেবী যেন আসিয়াছেন সেই গ্রামের বিস্মৃতা অধিষ্ঠাত্রী দেবী বিশালান্ধী।

পুলিনশালিনী ইছামতীর ডালিমের রোয়ার মত স্বচ্ছ জলের ধারে, কুচা শেওলা ভরা ঠাণ্ডা কাদায় কতদিন আগে যাহাদের চরণ-চিহ্ন লুপ্ত হইয়া গিয়াছে, তীরের প্রাচীন সপ্তপর্ণাটো হয়তো যাদের দেখে নাই, পুরানো কালের অধিষ্ঠাত্রী দেবীর মন্দিরে তারাই এক সময়ে ফুল-ফল-নৈবেদ্যে পূজা দিত, আজকালকার লোকেরা কে তাঁহাকে জানে?

তিনি কিন্তু এ গ্রামকে এখনো ভোলেন নাই।

গ্রাম নিষুতি হইয়া গেলে অনেক রাত্রে, তিনি বনে বনে ফুল ফুটাইয়া বেড়ান, বিহঙ্গ-শিশুদের দেখাশুনা করেন, জ্যোৎস্না-রাত্রের শেষ প্রহরে ছোট্ট ছোট্ট মৌমাছদের চাকগুলি বুনো-ভাঁওরা, নটকান, পুঁয়ো ফুলের মিস্ত্র মধুতে ভরাইয়া দেন।

তিনি জানেন কোন্‌ ঝোপের কোণে বাসক ফুলের মাথা লুকাইয়া আছে, নিভৃত বনের মধ্যে ছাতিম ফুলের দল কোথায় গাছের ছায়ায় শুইয়া, ইছামতীর কোন্‌ বাঁকে সবুজ শেওলার ফাঁকে ফাঁকে নীল-

পাণ্ডি কলমীফুলের দল ভিড় পাকাইয়া তুলিতেছে, কাঁটা গাছের ডালপালার মধ্যে ছোট্ট খড়ের বাসায় টুনটুনি পাখীর ছেলেমেয়েরা কোথায় ঘুম ভাঙিয়া উঠিল।

তাঁর রূপের স্নিগ্ধ আলোয় বন যেন ভরিয়া গিয়াছে। নীরবতায়, জ্যেৎম্নায়, সুগন্ধে, অস্পষ্ট আলো-আঁধারের মায়ায় রাত্রির অপরূপ শ্রী।

দিনের আলোর ফুটিবার আগেই কিন্তু বললক্ষ্মী কোথায় মিলাইয়া যান, স্বরূপ চক্রবর্তীর পর তাঁহাকে কেহ কোনদিন দেখে নাই।

পথের পাঁচালী

সপ্তদশ পরিচ্ছেদ

গ্রামের অন্নদা রায় মহাশয় সম্প্রতি বড় বিপদে পড়িয়াছেন।

গ্রামের জরীপ আসাতে উত্তর মাঠে তাঁবু পড়িয়াছে। জরীপের বড় কর্মচারী মাঠের মধ্যে নদীর ধারে অফিস খুলিয়াছেন, ছোটখাটো আমলাও সঙ্গে আসিয়াছে বিস্তর। গ্রামের সকল ভদ্রলোকই কিছু জমিজমার মালিক; পিতৃপুরুষের অর্জিত এই সব সম্পত্তির নিরাপদ কূলে জীবনতরণীর লগি কথিয়া পুঁতিয়া জড় পদার্থের ন্যায় উদ্যমহীন, গতিহীন নিষ্ক্রিয় অবস্থায় দিনগুলি একরূপ বেশই কাটিতেছিল কিন্তু এবার সকলেই একটু বিপদগ্রস্ত হইয়া পড়িয়াছেন। রাম হয়ত শ্যামের জমি নির্বিবাদে নিজের বলিয়া ভোগ করিয়া আসিতেছে, যদু দশ বিঘার খাজনায় বারো বিঘা নিরূপদ্রবে দখল করিতেছে, এতদিন যাহা পূর্ণ শান্তিতে নিষ্পন্ন হইতেছিল, এইবার সেই সকলের মধ্যে গোলমাল পৌঁছিল। বিপদ একরূপ হইলেও অন্নদা রায়ের বিপদ একটু অন্য ধরনের বা একটু বেশী গুরুতর। তাঁহার এক জ্ঞাতিভ্রাতা বহুদিন যাবৎ পশ্চিম-প্রবাসী। এতদিন তিনি উক্ত প্রবাসী জ্ঞাতির আম-কাঁটালের বাগান ও জমি নির্বিঘ্নে ভোগ করিতেছিলেন এবং সম্পূর্ণ ভরসা ছিল জরীপের সময় পারিয়া উঠিলে সবই, অন্ততঃপক্ষে কতকাংশ নিজের বলিয়া লিখাইয়া লইবেন, কিন্তু কি জানি গ্রামের কে উক্ত প্রবাসী জ্ঞাতিকে কি পত্র লিখিয়াছে—ফলে অদ্য দিন দশকে হইল জ্ঞাতিভ্রাতার জ্যেষ্ঠপুত্রটি জরীপের সময় বিষয়-সম্পত্তি দেখাশোনা করিতে আসিয়াছে। মুখের গ্রাস তো গেলই, তাহা ছাড়া বিপদ আরও আছে। ঐ আত্মীয়ের অংশের সেগুলিই বাড়ীর মধ্যে ভাল, রায় মহাশয় গত বিশ রৎসর সেগুলি নিজে দখল করিয়া আসিতেছেন, সেগুলি ছাড়িয়া দিতে হইয়াছে—জ্ঞাতিপুত্রটি শৌখীন ধরণের কলেজের ছেলে, একখানিতে শোয়, একখানিতে পড়াশুনা করে—উপরের ঘরখানি হইতে সিঁদুক, বন্ধনী মাল, কাগজপত্রাদি সরাইয়া ফেলিতে হইয়াছে। নীচের যে ঘরে পালিতপাড়া হইতে সস্তাদরে কেনা কড়িবরগা রক্ষিত ছিল, সে ঘরও শীঘ্র ছাড়িয়া দিতে হইবে।

বৈকালবেলা। অন্নদা রায়ের চতুর্মুখে পাড়ার কয়েকটি লোক আসিয়াছেন—এই সময়েই পাশা খেলার মজলিস্ বসে। কিন্তু অদ্য এখনও কাজ মেটে নাই। অন্নদা রায় একে একে সমাগত খাতক-পত্র বিদায় করিতেছিলেন।

উঠানের রোয়াকের ঠিক নীচেই এক অল্পবয়সী কৃষক-বধূ একটা ছোট ছেলে সঙ্গে লইয়া অনেকক্ষণ হইতে ঘোমটা দিয়া বসিয়া ছিল, সে এইবার তাহার পালা আসিয়াছে ভাবিয়া উঠিয়া দাঁড়াইল। রায় মহাশয় মাথা সামনে একটু নীচু করিয়া চশমার উপর হইতে তাহার দিকে চাহিয়া বলিলেন—কে? তোর আবার কি?

কৃষক-বধূটি আঁচলের খুঁট খুলিতে খুলিতে নিম্নকণ্ঠে বলিল—মুই কিছু টাকার যোগাড় করিচি অনেক কষ্টে, মোর টাকাডা নেন.... আর গোলার চাবিটা খুলে দ্যান, বড্ড কষ্ট যাচ্ছে মনিব ঠাকুর, সে আর কি বলবো—

অন্নদা রায়ের মুখ প্রসন্ন হইল, বলিলেন—হরি, নেও তো ওর টাকাটা শুনে। খাতাখানায় দেখো তারিখটা, সুদটা আর একবার হিসেব করে দেখো—

কৃষক-বধূ আঁচলের খুঁট হইতে টাকা বাহির করিয়া হরিহরের সম্মুখে রোয়াকের ধারে রাখিয়া দিল। হরিহর গুণিয়া বলিল—পাঁচ টাকা?

রায় মহাশয় বলিলেন—আচ্ছা—জমা ক'রে দাও—তার পর আর টাকা কৈ?

—ওই এখন ন্যান, তারপরে দোবো—মুই গতর খাটিয়ে—শোধ ক'রে তোলবো, এখন ওই নিয়ে মোর গোলার চাবিডা খুলে দ্যান, মোর মাতোরে দুটো খেইয়ে তো আগে বাঁচাই, তা পর ঘরদোর ফুটো হয়ে গিয়েছে, সে না হয়—

এমন নিরুদ্বেগে কথা বলিতেছিল যেন গোলার চাবি তাহার করতলগত হইয়া গিয়াছে। রায় মহাশয়কে চিনিতে তাহার বিলম্ব ছিল।

রায় মহাশয় কথা শেষ করিতে না দিয়াই বলিলেন—ওঃ, ভাবী যে দেখছি মাগীর আন্ধার, চল্লিশ টাকার কাছাকাছি সুদে আসলে বাকী—পাঁচ টাকা এনিচি, নিয়ে গোলা খুলে দ্যান, ছোট লোকের কাভুই আলাদা।—যা এখন দুপুরবেলা দিক্ করিস্ নে—

কৃষক-বধু চণ্ডীমন্ডপের অন্য কাহারও অপরিচিতা নহে, দীনু ভট্টাচার্য্যি চোখে ভাল দেখিতেন না, বলিলেন—কে ও অন্নদা?

—ওই ও-পাড়ার তমরেজের বৌ—দিন চারেক হোল তমরেজ না মারা গিয়েচে? সুদে আসলে চল্লিশ টাকা বাকী, তাই মরবার দিনই বিকেল থেকে গোলায় চাবি দিয়ে রেখেচি, এখন গোলা খুলিয়ে দ্যান—হেন করুন—তেন করুন—

পায়ের তলা হইতে মাটি সরিয়া গেলেও তমরেজের বৌ অত চমকিয়া উঠিত না—সে ব্যাপার এখন অনেকটা বুঝিল, আগাইয়া আসিয়া বলিল—ওকথা বলবেন না মনিব ঠাকুর, মোর খোকার একটা রূপার নিমফল ছেল, ও বছর গড়িয়ে দিইছিল! তাই ভোঁদা সেকবার দোকানে বিক্রী কল্লৈ পাঁচটা টাকা দেলে— ছেলেমানুষের জিনিস ব্যাচবার ইচ্ছে ছেল না, তা কি করি, এখন দুটো খেইয়ে বাঁচি, ভাবলাম এর পর দিন দেন মালিক তো মোর বাছারে মুই আবার নিমফল গড়িয়া দেবো! তা দেন মনিব ঠাকুর চাবিডা গিয়ে—

—যা যা—এখন যা—এ সব টাকাকড়ির কাভু কি নাকে কাঁদলেই মেটে? তা মেটে না। সে তুই কি বুঝবি, থাকতো তোর সোয়ামী তো বুঝতো, যা এখন দিক্ করিস্ নি—ওই পাঁচ টাকা তোর নামে জমা রৈল—বাকী টাকা নিয়ে আয় তারপর দেখা যাবে—

অন্নদা রায় চশমা খুলিয়া খাপের মধ্যে পুরিতে পুরিতে উঠিয়া পড়িলেন ও বাড়ীর ভিতর চলিয়া যাইবার উদ্যোগ করিলেন। তমরেজের বৌ আকুল সুরে বলিয়া উঠিল—কনে যান্ ও মনিব ঠাকুর, মোর খোকার একটা উপায় ক'রে যান, ওরে মুই খাওয়াবো কি, এক পয়সার মুড়ি কিনে দেবার যে পয়সা নেই—মোর গোলা না খুলে দ্যান, মোর টাকা কড়া মোরে ফেরত দ্যান্,—

রায় মহাশয় মুখ খিঁচাইয়া বলিলেন—যা যা সন্দে বেলা মাগী ফ্যাচ্ ফ্যাচ্ করিস্ নে—এক মুঠো টাকা জলে যাচ্ছে তার সঙ্গে খোঁজ নেই, গোলা খুলে দাও, টাকা ফেরত দাও—গোলায় আছে কি তোর? জোর শলি চারেক ধান, তাতে টাকা শোধ যাবে? ও পাঁচ টাকাও উসুল হয়ে রৈল, আমার টাকা দেখবো না! ওঁর ছেলে কি খাবে ব'লে দাও—ছেলে কি খাবে তা আমি কি জানি? যা, পারিস্ তো নালিশ ক'রে খোলাগে যা—

রায় মহাশয় বাড়ীর মধ্যে চলিয়া গেলে দীনু ভট্টাচার্য্যি বলিলেন—হ্যাঁগো বৌ, তমরেজ কদিন হ'লো—কৈ তা তো—

—বুধবারের দিন বাবা ঠাকুর, হাট থে ভাঙন মাছ আনলে, পেঁয়াজ দিয়ে রাঁধলাম—ভাত দেলাম—সহজ মানুষ ভাল খেলে দিব্যি— খেয়ে বললে মোর শীত করচে, কাঁথা চাপা দিয়ে দ্যাও, দেলাম—ওমা সইতে তারা উঠতি না উঠতি মানুষ দেখি আর সাড়াশব্দ দেয় না, দুপুর হতি না হতি মোরে পথে বসিয়ে—মোর খোকারে পথে বসিয়ে—চোখের জলে তাহার গলা আটকাইয়া গেল। মিনতির সুরে বলিল—আপনারা এটু বলেন—ব'লে গোলার চাবিডা দিইয়ে দ্যান, সংসারে বড্ড কষ্ট হয়েছে—কর্জ কি মুই বাকী রাখবো— যে ক'রে হোক—

এই সময়ে নবাগত জ্ঞাতিপুত্রটি আসিয়া পড়াতে কথাবার্তা বন্ধ হইল। দীনু বলিলেন—এস হে নীরেন বাবাজী, মাঠের দিকে বেড়াতে গিয়েছিলে বুঝি? এই তোমার বাপ-ঠাকুরদার দেশ বুঝলে হে, কি রকম দেখলে বল?

নীরেন একটু হাসিল। তাহার বয়স একশ-বাইশের বেশী নয়, বেশ বলিষ্ঠ গড়ন, সুপুরুষ। কলিকাতার কলেজে আইন পড়ে, অত্যন্ত মৌনী প্রকৃতির মানুষ—দেখিবার জন্য পিতা কর্তৃক প্রেরিত হইলেও কাজকর্ম সে কিছুই দেখে না বোঝেও না, দিনরাত নভেল পড়িয়া ও বন্দুক ছুঁড়িয়া কাটায়। সঙ্গে একটু বন্দুক আনিয়াছে, শিকারের ঝাঁক খুব।

নীরেন উপরে নিজের ঘরে ঢুকিতে গিয়া দেখিল, গোকুলের স্ত্রী ঘরের মেজেতে বসিয়া পড়িয়া মেজে হইতে কি খুঁটিয়া তুলিতেছে। দোরের কাছে যাইতেই তাহার নজর পড়িল, তাহার দামী বিলাতী আলোটা মেজেতে বসানো। উহার কাঁচের ডুমটা ভাঙিয়া চুরমার হইয়াছে, সারা মেজেতে কাঁচ ছড়ানো। দোরের কাছে জুতার শব্দ পাইয়া গোকুলের স্ত্রী চমকিয়া পিছন ফিরিয়া চাহিল, সে আঁচল পাতিয়া মেজে হইতে কাঁচের টুকরোগুলি খুঁটিয়া খুঁটিয়া তুলিতেছিল, —ভাবে মনে হয় প্রতিদিনের মত ঘর পরিষ্কার করিতে আসিয়া আলোটি জ্বালিতে গিয়াছিল, কি করিয়া ভাঙিয়া ফেলিয়াছে এবং আলোর মালিক আসিবার পূর্বেই নিজেই অপরাধের চিহ্নগুলি তাড়াতাড়ি সরাইয়া ফেলিবার চেষ্টায় ছিল হঠাৎ বামাল ধরা পড়িয়া অত্যন্ত অপ্রতিভ হইল। ক্ষতিকারিণীর লজ্জার ভারটা লঘু করিয়া দিবার জন্যই নীরেন হাসিয়া বলিয়া উঠিল—এই যে বৌদি, আলোটা ভেঙে বঁসে আছেন বুঝি? এই দেখুন ধরা পড়ে গেলেন, জানেন তো আইন পড়ি। আচ্ছা এখন একটু চা ক'রে নিয়ে আসুন তো বৌদি, চট করে, দেখি কেমন কাজের লোক। দাঁড়ান আলোটা জেলে নিই, ভাগ্যিস বাল্কে আর একটা ডুম আছে।

গোকুলের স্ত্রী সলজ্জ সুরে বলিল, দেশলাই আনবো ঠাকুরপো?

নীরেন কৌতুকের সুরে বলিল—দেশলাই আনেন নি তবে আলো পেড়ে কি করছিলেন শুনি? বধু এবার হাসিয়া ফেলিল, নিম্নসুরে বলিল—ঝুল পড়ে রয়েছে, ভাবলুম একটু মুছে দিই, তা যেমন কাঁচটা নামাতে গোলাম, কি জানি ও সব ইংরিজি কলের আলো—কথা শেষ না করিয়াই সে পুনরায় সলজ্জ হাসিয়া নীচে পলাইল।

নীরেন দশ বারো দিন আসিয়াছে বটে, সম্পর্কে বৌদিদি হইলেও গোকুলের স্ত্রীর সঙ্গে তাহার বিশেষ আলাপ হয় নাই। কাঁচ ভাঙার সন্ধ্যা হইতে উভয়ের মধ্যে নূতন পরিচয়ের সঙ্কোচটা কাটিয়া গেল। নীরেন অবস্থাপন্ন পিতার পুত্র, তাহার উপর বাংলাদেশের পাড়ারগায়ে এই প্রথম আসা, নিঃসঙ্গ আনন্দহীন প্রবাসে দিনগুলি কাটিতে চাহিতেছিল না। সমবয়সী বৌদির সহিত পরিচয়ের পথটা সহজ হইয়া যাওয়ার পর হইতে সকাল-সন্ধ্যায় চা-পানের সময়টি সহজ আদান-প্রদানের মাধ্যমে আনন্দপূর্ণ হইয়া উঠিল!....

দুপুরে সেদিন দুর্গা বেড়াইতে আসিল। রান্নাঘরের দুয়ারে উঁকি মারিয়া বলিল—কি রাঁধচো ও খুড়ীমা? বধু বলিল—আয় মা আয়, একটু কাজ ক'রে দিবি? একা আর পেয়ে উঠেচিনে!....দুর্গা মাঝে মাঝে যখনই আসে, খুড়ীমার কার্যে সাহায্য করে। সে মাছ কুটিতে কুটিতে বলে—হ্যাঁ খুড়ীমা এ কাঁকড়া কোথায় পেলে? এ কাঁকড়া তো খায় না।

—কেন খাবে না রে, দুর্! বিধু জেলেনী ব'লে গেল এ কাঁকড়া সবাই খায়।

—হ্যাঁ খুড়ীমা, ওমা সেকি, তুমি কিনলে?

—কিনলামই তো, ওই অতগুলো পাঁচ পয়সায় দিয়েচে বিধু।

দুর্গা কিছু বলিল না। মনে মনে ভাবিল—খুড়ীমার আর সব ভাল, কেবল একটু বোকা! এ কাঁকড়া আবার পয়সা দিয়ে কেনেই বা কে, খায়ই বা কে? ভালমানুষ পেয়ে বিধু ঠিকিয়ে নিয়েছে। সঙ্গে সঙ্গে এই সরলা খুড়ীমাটির উপর তাহার স্নেহ নিবিড়তর হইয়া উঠিল।

সেদিন নাকি গোকুল-কাকা খুড়ীমার মাথায় খড়মের বাড়ি মারিয়াছিল—স্বর্ণ গোয়ালিনী তাহাদের বাড়ী গল্প করে। সে-ও সেদিন নদীর ঘাটে স্নান করিতে গিয়েছিল। খুড়ীমা স্নান করিতে আসিয়া মাথা ডুবাইয়া স্নান করিল না, পাছে জ্বালা করে। সেদিন দুঃখে তাহার বুক ফাটিয়া যাইতেছিল; কিন্তু কিছু বলে নাই পাছে খুড়ীমা অপ্রতিভ হয়—এক ঘাট লোকের সামনে লজ্জা পায়। তবুও রায়-জেটি জিজ্ঞাসা করিয়াছিলেন—বৌমা নাইলে না?....খুড়ীমা হাসিয়া উত্তর দিল—নাবো না আজ আর দিদিমা, শরীরটা ভাল নেই!....

খুড়ীমা ভাবিয়াছিল তাহার মার খাওয়ার কথা বুঝি কেহ জানে না। কিন্তু খুড়ীমা ঘাট হইতে উঠিয়া গেলেই রায়-জেঠি বলিল—দেখেচো বৌটাকে কি রকম মেরেচে গোকুলো, মাথার চুলে রক্ত একেবারে আটা হয়ে এঁটে আছে!....রায়-জেঠির ভারি অন্যায়। জানো তো বাপু, তবে আবার জিজ্ঞেস করাই বা কেন, আর সকলকে বলাই বা কেন?....

মাছ ধুইয়া রাখিয়া চলিয়া যাইবার সময় দুর্গা ভয়ে ভয়ে বলিল—খুড়ীমা, তোমাদের চিড়ের ধান আছে? মা বলছিল অপু চিড়ে খেতে চেয়েছে, তা আমাদের তো এবার ধান কেনা হয়নি।....গোকুলের বউ চুপি চুপি বলিল—আসিস এখন দুপুরের পর।দালানের দিকে ইশারায় দেখাইয়া কহিল—ঘুমুলে আসিস্!

দুর্গা জিজ্ঞাসা করিল—খুড়ীমা, তোমাদের বাড়ী কে এসেছে, আমি একদিনও দেখিনি কিন্তু।

—ঠাকুরপাকে দেখিসনি? এখন নেই কোথায় বেরিয়েছে, বিকেলবেলা আসিস্, দেখা হবে এখন।....তারপর গোকুলের বউ হাসিয়া বলিল—তোমার সঙ্গে ঠাকুরপোর বিয়ে হলে কিন্তু দিবা মানায়।

দুর্গা লজ্জায় রাজা হইয়া বলিল—দূর!

গোকুলের বউ আবার হাসিয়া বলিল—কেন রে, দূর কেন? কেন, আমাদের মেয়ে কি খারাপ? দেখি?...সে দুর্গার চিবুকে হাত দিয়া মুখখানা একটু উঁচু করিয়া তুলিয়া ধরিয়া বলিল—দ্যাখ তো এমন দুগ্গা-প্রতিমার মত সুন্দর মুখখানি। হোলই বা বাপের পয়সা নেই?

দুর্গা ঝাঁকুনি দিয়া নিজেকে ছাড়াইয়া লইয়া কহিল—যাও, খুড়ীমা যেন কি....পরে সে একপ্রকার ছুটিয়াই খিড়কী দোর দিয়া বাহির হইয়া গেল। যাইতে যাইতে সে ভাবিল—খুড়ীমার আর সব ভাল, কেবল একটু বোকা, নৈলে দ্যাখো না....? দূর!....

দুর্গা চলিয়া যাইতে না যাইতে স্বর্ণ গোয়ালিনী দুধ দুহিতে আসিল। বধু ঘর হইতে বলিল—ও সন্ন, আমার হাত জোড়া, বাছুরটা ওই বাইরের উঠানে পিটুলি-গাছে বাঁধা আছে—নিয়ে আয়, আর রোয়াকে ঘটিটা মাজা আছে দ্যাখ।

সখী ঠাকুরগণের এতক্ষণে পূজাহিক সমাপ্ত হইল। তিনি বাহিরে আসিয়া উত্তর দিকে স্থানীয় কালীমন্দিরের উদ্দেশে মুখ ফিরাইয়া প্রণাম করিতে করিতে টানিয়া টানিয়া আবৃত্তির সুরে বলিতে লাগিলেন—দোহাই মা সিদ্ধেশ্বরী, দিন দিও মা, ভবসমুদ্র পার করো মা—মা রক্ষেকালী, রক্ষে করো, মা-গো!

গোকুলের বউ রান্নাঘর হইতে ডাকিয়া বলিল—ও পিসিমা, নারকোলের নাড়ু রেখে দিইচি, দুটো খেয়ে জল খান।

হঠাৎ সখী ঠাকুরগণ রোয়াক হইতে ডাক দিলেন—বৌমা, দেখে যাও তো এদিকে।

স্বর শুনিয়া গোকুলের বউএর প্রাণ উড়িয়া গেল। সখী ঠাকুরগণকে সে যমের মত ভয় করে। মায়াদয়া বিতরণ সম্বন্ধে ভগবান সখী ঠাকুরগণের প্রতি পক্ষপাতিত্ব দেখান নাই—একথা নিঃসন্দেহে বলা চলে। রোয়াকের কোণে জড়ো-করা মাজা বাসনগুলির উপর ঝুঁকিয়া পড়িয়া, আঙুল দিয়া দেখাইয়া কহিলেন—দ্যাখো তো চক্ষু দিয়ে, দেখতে পাচ্ছে? একেবারে সম্পষ্ট জলের দাগ দেখলে তো? এইখান থেকে সন্ন ঘটি তুলে নিয়ে গিয়েচে, তারপর সেই শূদ্রের ছোঁয়া এঁটো বাসন আবার হেঁসেলে নিয়ে সাত-রাজ্য জজানো হয়েছে! হাঃ! জাতজন্মো একেবারে গেল।

সখী ঠাকুরগণ হতাশভাবে রোয়াকে বসিয়া পড়িলেন। যেন উপযুক্ত পুত্রের মৃত্যু সংবাদ পাইলে ইহার চেয়ে বেশি হতাশ হইতে পারিতেন না।

—হাঘরে হাড়হাবাতে ঘরের মেয়ে আনলেই অমনি হয়, ভদ্রর লোকের রীত শিখবেই বা কোথা থেকে—জানবেই বা কোথা থেকে? বাসন মাজলি তো দেখলি নে এটো গেল কি রেল? তিনপহর বেলা হয়েছে, ভাবলাম একটু জল মুখে দিই! শূদ্রের এঁটো, এখানি নিয়ে মরতে হোত—ভাগ্যিস ঘটিটা ছুইনি!

গোকুলের বউ বিষমমুখে দাঁড়াইয়া ভাবিতেছিল—কেন মন্তে সন্ন পোড়ামুখীকে ঘটি তুলে নিতে বললাম, নিজে দিলেই হোত।

সখী ঠাকুরণ মুখ খিঁচাইয়া বলিলেন—খিঙ্গি হয়ে দাঁড়িয়ে রৈলে যে? যাও হাঁড়ি কুড়ি ফেলে দাও গিয়ে। বাসন-কোসন মেজে আনো ফের। রান্নাঘরে গেবর দিয়ে নেয়ে এসো। যত লক্ষ্মীছাড়া ঘরের মেয়ে জুটে সংসারটাকে ছারখারে দিলে।...সখী ঠাকুরণ রাগে গরগর করিতে করিতে ঘরে ঢুকিলেন, বাহিরের খররৌদ্র তাঁহার সহ্য হইতেছিল না।

ছুকুম-মত সকল কাজ সারিতে বেলা একেবারে পড়িয়া গেল। নদীতে সে যখন পুনরায় স্নান করিতে গেল, তখন রৌদ্র, ক্ষুধাতৃষ্ণণ ও পরিশ্রমে তাহার মুখ শুকাইয়া ছোট হইয়া গিয়াছে!

ঘাটে বৈকালের ছায়া খুব ঘন, ওপারে বড় শিমুল গাছটায় রোদ চিক্ চিক্ করিতেছে। নদীর বাঁকে একখানা পাল-তোলা নৌকা দাঁড় বাহিয়া বাঁক ঘুরিয়া যাইতেছে। হালের কাছে একজন লোক দাঁড়াইয়া কাপড় শুকাইতেছে, কাপড়টা ছাড়িয়া দিয়াছে, বাতাসে নিশানের মত উড়িতেছে। মাঝনদীতে একটা বড় কচ্ছপ মুখ তুলিয়া নিঃশ্বাস লইয়া অবার ডুবিয়া গেল— সোঁ-ও-ও-ও-ভূসু।

নদীর জলের কেমন একটা ঠাণ্ডা ঠাণ্ডা গন্ধ আসে, ছোট্ট নদী; ওপারের চরে একটা পানকৌড়ি মাছ-ধরা বাঁশের দোয়াড়ির উপর বসিয়া আছে।

এই সময় প্রতিদিন তাহার শৈশবের কথা মনে পড়ে—

পানকৌড়ি পানকৌড়ি, ডাঙায় ওঠোসে.....

গোকুলের বউ খানিকক্ষণ পানকৌড়িটির দিকে চাহিয়া রহিল। মায়ের মুখ মনে পড়ে। সংসারে অর কেহ নাই যে, মুখের দিকে চায়। মায়ের কি মরিবার বয়স হইয়াছিল? গরীব পিতৃকুলে কেবল এক গাঁজাখোর ভাই আছে, সে কোথায় কখন থাকে—তার ঠিকানা নাই। গত বৎসর পূজার সময় এখানে আসিয়া চার দিন ছিল। সে লুকাইয়া লুকাইয়া ভাইকে নিজের বাস্তু হইতে যাহা সামান্য কিছু পুঁজি—সিকিটা দু'য়ানিটা বাহির করিয়া দিত। পরে একদিন সে হঠাৎ এখান হইতে উধাও হইল। চলিয়া গেলে প্রকাশ পাইল যে, এক কাবুলি আলোয়ান-বিক্রেতার নিকট একখানি আলোয়ান ধারে কিনিয়া তাহার খাতায় ভগ্নীপতির নাম লিখাইয়া দিয়াছে। তাহা লইয়া অনেক হৈ চৈ হইল। পিতৃকুলের অনেক সমালোচনা, অনেক অপমান! ভাইটির সেই হইতে অর কোন সন্ধান নাই।

নিঃসহায় ছন্নছাড়া ভাইটার জন্য সন্ধ্যাবেলা কাজের ফাঁকে মনটা হু-হু করে। নির্জন মাঠের পথের দিকে চাহিয়া মনে হয়, গৃহহারা পথিক ভাইটা হয়তো দূরের কোন জনহীন আঁধার মেঠোপথ বাহিয়া একা কোথায় চলিয়াছে, রাত্রে মাথা গুঁজিবার স্থান নাই, মুখে দিকে চাহিবার কোনো মানুষ নাই।...

বুকের মধ্যে উত্থল হইয়া উঠে, চোখের জলে ছায়া ভরা নদীর জল, মাঠ, ঘাট, ওপারের শিমুল গাছটা, বাঁকের মোড়ে বড় নৌকাখানা—সব ঝাপসা হইয়া আসে।

পথের পাঁচালী

অষ্টাদশ পরিচ্ছেদ

অপু সেদিন জেলেপাড়ায় কড়ি খেলিতে গিয়েছিল। বেলা দুইটা বা আড়াইটার কম নয়, রৌদ্র অত্যন্ত প্রখর। প্রথমে সে তিনকড়ি জেলের বাড়ী গেল। তিনকড়ির ছেলে বন্ধা পেয়ারাতলার বাখারি চাঁচিতেছিল, অপু বলিল—এই কড়ি খেলবি? খেলিবার ইচ্ছা থাকিলেও বন্ধা বলিল, তাহাকে এখন নৌকায় যাইতে হইবে, খেলা করিতে গেলে বাবা বকিবে! সেখান হইতে সে গেল রামচরণ জেলের বাড়ী। রামচরণ দাওয়ায় বসিয়া তামাক খাইতেছিল; অপু বলিল—হৃদয় বাড়ী আছে? রামচরণ বলিল—হৃদয়কে কেন ঠাকুর? কড়ি খেলা বুঝি? এখন যাও হৃদে বাড়ী নেই।

ঠিক-দুপুর বেলায় ঘুরিয়া অপূর মুখ রাঙা হইয়া গেল। আরও কয়েক স্থানে বিফলমনোরথ হইয়া ঘুরিতে ঘুরিতে বাবুরাম পাড়ুইয়ের বাড়ীর নিকটবর্তী তেঁতুলতলার কাছে আসিয়া তাহার মুখ আনন্দে উজ্জ্বল হইয়া উঠিল। তেঁতুলতলায় কড়ি খেলার আড্ডা খুব জমিয়াছে। সকলেই জেলেপাড়ার ছেলে কেবল ব্রাহ্মণপাড়ার ছেলের মধ্যে আছে পটু। অপূর সঙ্গে পটুর তেমন আলাপ নাই, কারণ পটুর যে পাড়ায় বাড়ী, অপূদের বাড়ী তাহা হইতে অনেক দূর। অপূর চেয়ে বয়সে পটু কিন্তু ছোট; অপূর মনে

আছে, প্রথম যেদিন প্রসন্ন গুরুশাশুরের পাঠশালায় ভর্তি হইতে যায়, সেদিন এই ছেলেটিকেই সে শাস্তভাবে বসিয়া তালপাতা মুখে পুরিয়া চিবাইতে দেখিয়াছিল। ...অপু তাহার কাছে গিয়া বলিল—কটা কড়ি? ... পটু কড়ির গোঁজে বাহির করিয়া দেখাইল। রাজা সূতার বুনা নি ছোট্ট গোঁজে—তাহার অত্যন্ত শখের জিনিস। বলিল, সতেরোটা এনেছি—সাতটা সোনা-গোঁটে; হেরে গেলে আরও আনবো। ... পরে সে গোঁজেটা দেখাইয়া হাসিমুখে কহিল—কেমন দেখচিস? গোঁজেটা একপণ কড়ি ধরে।

খেলা আরম্ভ হইল। প্রথমটা পটু হারিতেছিল, পরে জিতিতে শুরু করিল। কয়েকদিন মাত্র আগে পটু আবিষ্কার করিয়াছে যে, কড়ি-খেলায় তাহার হাতের লক্ষ্য অব্যর্থ হইয়া উঠিয়াছে; সেইজন্যই সে দিগ্বিজয়ের উচ্চাশায় প্রলুব্ধ হইয়া এতদূর আসিয়াছিল। খেলার নিয়মানুসারে পটু উপর হইতে টুক করিয়া বড় কড়ি দিয়া তাক ঠিক করিয়া মারিতেই যেমন একটা কড়ি বোঁ করিয়া ঘুরিতে ঘুরিতে ঘর হইতে বাহির হইয়া যায় অমনি পটুর মুখ অসীম আনন্দে উজ্জ্বল হইয়া উঠে। পরে সে জিতিয়া-পাওয়া কড়িগুলি তুলিয়া গোঁজের মধ্যে পুরিয়া লোভে ও আনন্দে বার বার গোঁজেটির দিকে চাহিয়া দেখে, সেটা ভর্তি হইতে আর কত বাকী!

কয়েকজন জেলের ছেলে কি পরামর্শ করিল। একজন পটুকে বলিল—আর এক হাত তফাৎ থেকে তোমায় মারতে হবে ঠাকুর, তোমার হাতে টিপ বেশী!

পটু বলিল—বা রে, তা কেন, টিপ বেশী থাকাটা দোষ বুঝি? তোমরাও জেত না, আমি তো কাউকে বারণ করিনি।

পরে সে চারিদিকে চাহিয়া দেখিল, জেলের ছেলেরা সব একদিকে হইয়াছে। পটু ভাবিল—এত বেশি কড়ি আমি কোনদিন জিতি নি; আজ আর খেল্চি নে—খেল্লে কি আর এই কড়ি বাড়ী নিয়ে যেতে পারবো? আবার একহাত বাধ বেশী! সব হেরে যাব!...হঠাৎ সে কড়ির ছোট্ট খলিটি হাতে লইয়া বলিল—আমি এক হাত বেশী নিয়ে খেলবো না, আমি বাড়ী যাচ্ছি। ...পরে জেলের ছেলেরদের ভাবভঙ্গী ও চোখের নিষ্ঠুর দৃষ্টি দেখিয়া সে নিজের অজ্ঞাতসারে নিজের কড়ির খলিটি শক্ত মুঠায় চাপিয়া রাখিল।

একজন আগাইয়া আসিয়া বলিল—তা হবে না ঠাকুর, কড়ি জিতে পালাবে বুঝি?...সঙ্গে সঙ্গে সে হঠাৎ পটুর খলিসুদ্ধ হাতটা চাপিয়া ধরিল। পটু ছাড়াইয়া লইতে গেল, কিন্তু জোরে পারিল না; বিষণ্ণমুখে বলিল—বা-রে, ছেড়ে দাও না আমার হাত!—পিছন হইতে কে একজন তাহাকে ঠেলা মারিল; সে পড়িয়া গেল বটে, কিন্তু খলি ছাড়িল না। সে বুঝিয়াছে এইটাই কড়িবার জন্য ইহাদের চেষ্টা! পড়িয়া গিয়া সে প্রাণপণে খলিটা পেটের কাছে চাপিয়া রাখিতে গেল; কিন্তু একে সে ছেলেমানুষ তাহাতে গায়ের জোরও কম, জেলেপাড়ার বলিষ্ঠ ও তাহার চেয়ে বয়সে বড় ছেলেরদের সঙ্গে কতক্ষণ যুঝিতে পারবে! হাত হইতে কড়ির খলিটি অনেকক্ষণ কোন ধারে ছিটকইয়া পড়িয়াছিল—কড়িগুলি চারিধারে ছত্রাকার হইয়া গেল।

অপু প্রথমটা পটুর দুর্দশায় একটু খুশী না হইয়াছিল তাহা নহে, কারণ সে-ও অনেককড়ি হারিয়াছে। কিন্তু পটুকে পড়িয়া যাইতে দেখিয়া, বিশেষ করিয়া তাহাকে অসহায় ভাবে পড়িয়া মার খাইতে দেখিয়া তাহার বুকের মধ্যে কেমন করিয়া উঠিল, সে ভিড় ঠেলিয়া আগাইয়া গিয়া বলিল—ছেলেমানুষ, ওকে তোমরা মারচ কেন? বা রে, ছেড়ে দাও—ছাড়ো! পরে সে পটুকে মাটি হইতে উঠাইতে গেল, কিন্তু পিছন হইতে কাহার হাতের ঘুঁষি খাইয়া খানিকক্ষণ সে চোখে কিছু দেখিতে পাইল না; তারপর ঠেলাঠেলিতে সে-ও মাটিতে পড়িয়া গেল।

অপুকেও সেদিন বেদম প্রহার খাইতে হইতে নিশ্চয়ই, কারণ তাহার মেয়েলী ধরনের হাতে-পায়ে কোন জোর ছিল না, কিন্তু ঠিক সময়ে নীরেন এই পথে আসিয়া পড়াতে বিপক্ষ-দল সরিয়া পড়িল। পটুর লাগিয়াছিল খুব বেশী; নীরেন তাহাকে মাটি হইতে উঠাইয়া গায়ের ধূলা ঝাড়িয়া দিল। একটু সামলাইয়া লইয়াই সে চারিদিকে চাহিয়া দেখিতে লাগিল—ছড়ানো কড়িগুলোর দু'একটি ছাড়া বাকিগুলি অদৃশ্য, মায় কড়ির খলিটি পর্যন্ত। পরে সে অপূর কাছে সরিয়া আসিয়া জিজ্ঞাসা করিল—অপুদা, তোমার বেশী লাগে নি তো?

এতদূরে ঠিক দুপুরবেলা জেলের ছেলেদের দলে মিশিয়া কড়ি খেলিতে আসিবার জন্য নীরেন দু'জনকেই বকিল। সময় কাটাইবার জন্য নীরেন পাড়ার ছেলেদের লইয়া অন্নদা রায়ের চণ্ডীমন্ডপে পাঠশালা খুলিয়াছিল, সেখানে গিয়া কাল হইতে পড়িবার জন্য দু'জনকেই বার বার বলিল। পটু চলিতে চলিতে শুধুই ভাবিতেছিল—কেমন সুন্দর কড়ির গুঁজেটা আমার, সেদিন অত করে ছিবাসের কাছে চেয়ে নিলাম—গেল! আমি যদি কড়ি জিতে আর না খেলি তা ওদের কি? সে তো আমার ইচ্ছে!....

বাড়ী ঢুকিয়াই অপু দুর্গাকে বলিল—দিদি, শিউলিতলায় গুঁড়ির কাছে আমি একটা বাঁকা-কঞ্চি রেখে গিইছি, আর তুই বুঝি সেটাকে ভেঙে দু'খন্ড ক'রে রেখেচিস?

দুর্গা সৈখানাকে ভাঙিয়াছিল ঠিকই।—আহা, ভারী তো একখানা বাঁকা-কঞ্চি! তোর যত পাগলামি—বাঁশ-বাগানে খুঁজলে কঞ্চি আর মিলবে না বুঝি? কঞ্চির ভারী অমিল কিনা!

অপু লজ্জিত মুখে বলিল—অমিল না তো কি? তুই এনে দে দিকি ওইরকম একখানা কঞ্চি! আমি কত খুঁজেপেতে নিয়ে আসবো, আর তুই সব ভেঙেচুরে রাখবি—বেশ তো!

তার চোখে জল আসিয়া গেল।

দুর্গা বলিল—দেবো এখন এনে যত চাস, কান্না কিসের?

বাঁকা কঞ্চি অপূর জীবনে এক অদ্ভুত জিনিস! একখানা শুকনো, হালকা, গোড়ার দিক মোটা আগার দিক সরু বাঁকা-কঞ্চি হাতে করিলেই অপূর মন পুলকে শিহরিয়া ওঠে, মনে অদ্ভুত সব কল্পনা জাগে। একখানা বাঁকা-কঞ্চি হাতে করিয়া একদিন সে সারা সকাল কি বৈকাল আপনমনে বাঁশবনের পথে কি নদীর ধারে বেড়াইয়া বেড়ায়; কখনো রাজপুত্র, কখনো তামাকের দোকানী, কখনো ভ্রমণকারী, কখনো বা সেনাপতি, কখনো মহাভারতের অর্জুন—কল্পনা করে ও আপনমনে বিড় বিড় করিয়া কাল্পনিক ঘটনা যাহা ওই অবস্থায় তাহার জীবনে ঘটিলে তাহার আনন্দ হইত, সেই সব ঘটনা বলিয়া যায়। কঞ্চি যত মনের মত হালকা হইবে ও পরিমাণমত বাঁকা হইবে, তাহার আনন্দ ও কল্পনা ততই পরিপূর্ণতা লাভ করে; কিন্তু সে রকম কঞ্চি সংগ্রহ করা যে কত শক্ত অপু তাহা বোঝে। কত খুঁজিয়া তবে একখানা মেলে।

অপু যে বাঁকা-কঞ্চি হাতে এরকম করিয়া বেড়ায়, এ কথা কেউ না শুনিতে পারে অপূর সেদিকে অত্যন্ত চেষ্টা। এরূপ অবস্থায় লোকে তাহাকে আপনমনে বকিতে দেখিলে পাগল ভাবিবে বা অন্য কিছু মনে করিবে, এই আশঙ্কায় সে পারতপক্ষে জন-সমাগমপূর্ণ স্থানে অথবা যেদিকে কেহ হঠাৎ আসিয়া পড়িতে পারে, সে সব দিকে না গিয়া নদীর ধারে—নির্জন বাঁশবনের পথে—নিজেদের বাড়ীর পিছনে তেঁতুল-তলায় ঘোরে। এ অবস্থায় তাহাকে কেহ না দেখে, সেদিকে তাহার অত্যন্ত সতর্ক দৃষ্টি! কটিৎ যদি কেহ আসিয়া পড়ে, তখনি সে জিভ কাটিয়া হাতের কঞ্চিখানা ফেলিয়া দেয়—পাছে কেহ কিছু মনে করে—এজন্য তাহার ভারী লজ্জা।

কেবল জানে তাহার দিদি। দিদি তাহাকে এ অবস্থায় দু'একবার দেখিয়া ফেলিয়াছিল, কাজেই দিদির কাছে আর লুকাইয়া কি হইবে? তাই সে বাঁকা-কঞ্চির কথা দিদিকে স্পষ্টই জিজ্ঞাসা করিল। অন্য লোক হইলে, লজ্জায় অপু কখনই এ কথার উল্লেখ করিতে পারিত না, যদিও কেহই জানে না অপূর সহিত বাঁকা-কঞ্চির কি রহস্যময় সম্পর্ক, তবুও অপূর মনে হয় সকলেই সে কথা জানে, বলিলেই সকলে তাহাকে পাগল বলিয়া ঠাট্টা করিবে। কে বুঝিবে—একখানা বাঁকা-কঞ্চি হাতে পাইলে, সে না খাইয়া-দাইয়া নদীর ধারে কি কোনো জনহীন বনের পথে কি অপূর্ব আনন্দেই সারাদিন একা একা কাটাইয়া দিতে পারে!....

দিদিকে অনুরোধ করিয়াছিল—মাকে যেন এসব বলিসনে দিদি!....দুর্গা বলে নাই!

সে জানে, অপু একটা পাগল! ভারী মমতা হয় ওর ওপর, ছোট্ট বোকা আদুরে ভাইটা—এসব মাকে বলিয়া কি হইবে?....

মধুসংক্রান্তির ব্রতের পূর্বদিন সর্বজয়া ছেলেকে বলিল—কাল তোদের মাস্টার মশায়কে নেমস্তন ক'রে আসিস—বলিস দুপুর-বেলা এখানে খেতে।

মোটা চালের ভাত, পেঁপের ডালনা, ডুমুরের সুক্তনি, খোড়ের ঘন্ট, চিংড়ি মাছের ঝোল, কলার বড়া ও পায়োস।

দুর্গাকে তাহার মা পরিবেশন-কার্যে নিযুক্ত করিয়াছে। নিতান্ত আনাড়ি,—ভয়ে ভয়ে এমন সন্তর্পণে সে ডালের বাটি নিমন্ত্রিতের সম্মুখে রাখিয়া দিল—যেন তাহার ভয় হইতেছে এখনি কেহ বকিয়া উঠিবে। অত মোটা চালের ভাত নীরেনের খাওয়া অভ্যাস নাই; এত কম তৈলযুক্তের রান্না তরকারি কি করিয়া লোকে খায় তাহা সে জানে না। পায়েস পান্সে—জল-মিশ্রাণো দুধের তৈরী, একবার মুখে দিয়াই পায়েস-ভোজনের উৎসাহ তাহার অর্ধেক কমিয়া গেল। অপু মহা খুসি ও উৎসাহসহকারে খাইতেছিল; এত সুখাণ্ড তাহাদের বাড়ীতে দু'একদিন মাত্র হইয়াছে—আজ তাহার স্মরণীয় উৎসবের দিন।—আপনি আর একটু পায়েস নিন্ মাষ্টার মশায়!....নিজে সে এটা-ওটা বার বার দিদির কাছে চাহিয়া লইতেছিল।

বাড়ী ফিরিলে গোকুলের বউ হাসিমুখে বলিল—দুর্গাকে পছন্দ হয় ঠাকুরপো? দিব্যি দেখতে-শুনতে! আহা! গরীবের ঘরের মেয়ে, বাপের পয়সা নেই। কার হাতে যে পড়বে?—সারা জীবন পড়ে পড়ে ভুগবে। তা তুমি ওকে বিয়ে কর না কেন ঠাকুরপো, তোমাদেরই পালটি ঘর—মেয়েও দিব্যি; ভাইবোনের দু'জনের কেমন বেশ পুতুল-পুতুল গড়ন!....

জরীপের তাঁবু হইতে ফিরিতে গিয়া নীরেন সেদিন গ্রামের পিছনের আমবাগানের পথ ধরিয়াছিল। একটা বনে-ঘেরা সরু পথ বাহিয়া আসিতে আসিতে দেখিল বাগানের ভিতর হইতে একটি মেয়ে সম্মুখের পথের উপর আসিয়া উঠিতেছে, সে চিনিল—অপুর বোন দুর্গা। জিজ্ঞাসা করিল—কি খুকি, তোমাদের বাগান বৃষ্টি এইটে?

দুর্গা পিছন ফিরিয়া চাহিয়া দেখিয়া লজ্জিত হইল, কিছু বলিল না।

পরে সে পথের পাশে দাঁড়াইয়া নীরেনকে পথ ছাড়িয়া দিতে গেল। নীরেন বলিল—না না খুকী, তুমি চল আগে আগে। তোমার সঙ্গে দেখা হয়ে ভালই হোল। ঐদিকে একটা পুকুরের ধারে গিয়ে পড়েছিলাম, তারপর পথ খুঁজে হারান। যে বন তোমাদের দেশে!

দুর্গা যাইতে যাইতে হঠাৎ খামিয়া ঘাড় বাঁকাইয়া নীরেনের মুখের দিকে চাহিবার চেষ্টা করিল। সঙ্গে সঙ্গে তাহার কাপড়ের ভিতর হইতে কিসের ফল গোটাকতক পথের উপর পড়িয়া গেল।

নীরেন বলিল—কি যেন পড়ে গেল খুকী! কিসের ফল ওগুলো?

দুর্গা নীচু হইয়া কুড়াইতে কুড়াইতে সঙ্কুচিতভাবে বলিল—ও কিছুর না, মেটে আলু।

—মেটে আলু? খেতে ভাল লাগে বুঝি? কি করে খায়?

এ প্রশ্ন দুর্গার কাছে অত্যন্ত কৌতূহলজনক ঠেকিল। একটি পাঁচ বছরের ছেলে যা জানে, চশমা পরা একজন বিজ্ঞ ব্যক্তি তাহা জানে না। সে বলিল—এ ফল তো খায় না, এ তো তেতো।

—তবে তুমি যে—

দুর্গা সলজ্জসুরে বলিল—আমি নিয়ে যাচ্ছি এমনি—খেলবার জন্যে।....একথা তাহার মনে ছিল যে, এই চশমা-পরা ছেলেটির সঙ্গেই সেদিন খুড়ীমা ঠাট্টাচ্ছিলে তাহার বিবাহের কথা তুলিয়াছিল। তাহার ভারী কৌতূহল হইতেছিল, ছেলেটিকে সে ভাল করিয়া দেখে। কিন্তু মধুসংক্রান্তির ব্রতের দিনেও তাহা সে পারে নাই, আজও পারিল না।

—অপুকে ব'লো কাল সকালে যেন কই নিয়ে যায়—বলবে তো?

দুর্গা চলিতে চলিতে সম্মতিসূচক ঘাড় নাড়িল।

আর একটু গিয়া পাশের একটা পথ দেখাইয়া বলিল—এই পথ দিয়ে গেলে আপনার খুব সোজা হবে।

নীরেন বলিল—আচ্ছা, আমি চিনে যাব এখন, তোমাকে একটু এগিয়ে দিই, তুমি একলা যেতে পারবে?

দুর্গা আঙুল দিয়া দেখাইয়া কহিল—ঐ তো আমাদের বাড়ী একটু এগিয়ে গিয়েই, আমি তো—এইটুকু একলা যাবো এখন। আপনি আর—

দুর্গাকে ইহার আগে নীরেন কখনও ভাল করিয়া দেখে নাই,—চোখ দুটির অমন সুন্দর ভাব কেবল দেখিয়াছে ইহারই ভাই অপূর মধ্যে। যেন পল্লীপ্রান্তের নিভৃত চূত-বকুল-বাঁথির প্রগাঢ় শ্যামলনিঃসৃত

ডাগর চোখ দুটির মধ্যে অর্ধসুপ্ত রহিয়াছে। প্রভাত এখনো হয় নাই, রাত্রিশেষের অলস অন্ধকার এখনো জড়হিয়া আছে। তবে তাহা প্রভাতের কথা স্মরণ করাইয়া দেয় বটে,—কত সুপ্ত আঁখির জাগরণ কত কুমারীর ঘাটে যাওয়া, ঘরে ঘরে কত নবীন জাগরণের অমৃত উৎসব—জানলায় জানলায় ধূপগন্ধ।

দুর্গা খানিকক্ষণ দাঁড়াইয়া কেমন যেন উস্থস করিতে লাগিল। নীরেনের মনে হইল সে কি বলিবে মনে করিতে পারিতেছে না। সে বলিল—না খুকী, তোমাকে আর একটু এগিয়ে দিই? চল, তোমাদের বাড়ীর সামনে দিয়েই যাই।

দুর্গা ইতস্তত করিতে লাগিল, পরে একটু মুখ টিপিয়া হাসিল। নীরেনের মনে হইল এইবার সে কথা বলিবে। পরক্ষণে কিন্তু দুর্গা ঘাড় নাড়িয়া তাহার সহিত যাইতে হইবে না জানাইয়া দিয়া, বাড়ীর পথ ধরিয়া চলিয়া গেল।

দুপুর বেলা। ছাদে কাপড় তুলিতে আসিয়া গোকুলের বউ নীরেনের ঘরের দুরারে উঁকি দিয়া দেখিল। গরমে নীরেন বিছানায় শুইয়া খানিকটা এপাশ-ওপাশ করিবার পর, নিদ্রার আশায় জলাঞ্জলি দিয়া, মেঝেতে মাদুর পাতিয়া বাড়ীতে পত্র লিখিতেছিল।

গোকুলের বউ হাসিয়া বলিল—ঘুমোও নি যে ঠাকুরপো? আমি ভাবলাম ঠাকুরপো ঘুমিয়ে পড়েচে বুঝি, আজ মোচার ঘন্ট যে বড় খেলে না—পাতেই রেখে এলে, সেদিন তো সব খেয়েছিলে?

আসুন বৌদি। মোচার ঘন্ট খাবো কি? বাঙালে কাভ সব; যে ঝাল তাতে খেতে ব'সে কি চোখে দেখতে পাই—কোনটা ঘন্ট, কোনটা কি?

গোকুলের বউ ঘরের দুরারের গব্বাটে মাথাটা হেলাইয়া ঠেস দিয়া, অভাস্তভাবে মুখের নীচু দিকটা আঁচল দিয়া চাপিয়া দাঁড়াইল।

—ইস্, ঠাকুরপো, বড্ড শহুরে চাল দিচ্ছ যে! ওইটুকু ঝাল আর তোমাদের সেখানে কেউ খায় না—না?

—মাপ করবেন বৌদি, এতে যদি 'ওইটুকু' হয়, তবে আপনাদের বেশীটা একবার খেয়ে না দেখে আমি এখন থেকে যাচ্ছি না! যা থাকে কপালে—যাঁহা বাহান তাঁহা তিপান! দিন্ একদিন চক্ষুলজ্জার মায়া কাটিয়ে যত খুশী লক্ষা।

—ওমা আমার কি হবে! চক্ষুলজ্জার ভয়েই শিল-নোড়ার পাট তুলে দিয়ে চুপ করে, ব'সে আছি নাকি ঠাকুরপো? শোনো কথা ঠাকুরপোর—বলে কিনা যাঁহা বাহান...হাসির চোটে তাহার চোখে জল আসিয়া পড়িল। খানিকটা পরে সামলাইয়া লইয়া বলিল—আচ্ছা তোমাদের সেখানে গরম কেমন ঠাকুরপো?

—সেখানে, কোথায়? কলকাতায় না পশ্চিমে? পশ্চিমে গরম কি রকম সে এখন থেকে কি বুঝতে পারবেন! সে বাংলাদেশে থেকে বোঝা যাবে না। বোশেখ মাসের দিকে রাতে কি কেউ ঘরের মধ্যে শুতে পারে? ছাদে বিকেলে জল ধ'রে ছাদ ঠান্ডা করে রেখে তাইতে রাতে শুতে হয়।

—আচ্ছা, তোমরা যেখানে থাক এখন থেকে কতদূর?

—এখন থেকে রেল প্রায় দু'দিনের রাস্তা। আজ সকালের গাড়ীতে মাঝেরপাড়া স্টেশনে চড়লে কাল দুপুর-রাতে পৌঁছানো যায়।

—আচ্ছা ঠাকুরপো, শুনিচি নাকি গয়াকাশীর দিকে পাহাড় কেটে রেল নিয়ে গিয়েচে—সত্যি?

—সত্যি। অনেক বড় বড় পাহাড়, ওপরে জঙ্গল—তার ভেতর দিয়ে যখন রেলগাড়ী যায়—একেবারে অন্ধকার, কিছু দেখা যায় না, গাড়ীর মধ্যে আলো জ্বলে দিতে হয়।

গোকুলের বউ উৎসুকভাবে বলিল—আচ্ছা, ভেঙে পড়ে না?

—ভেঙে পড়বে কেন বৌদি? বড় বড় এঞ্জিনিয়ারে সূড়ঙ্গ তৈরী করেছে, কত টাকা খরচ করেছে, ভাঙলেই হোল! এ কি আপনাদের রায়পাড়ার ঘাটের ধাপ যে দু'বেলা ভাঙচে?

এঞ্জিনিয়ার কোন জিনিস গোকুলের বউ তাহা বুঝিতে পারিল না। বলিল—পাহাড়টা মাটির না পাথরের?

—মাটিরও আছে, পাথরেরও আছে। নাঃ বৌদি, আপনি একেবারে পাড়াগেঁয়ে। আচ্ছা আপনি রেলগাড়ীতে কতদূর গিয়েছেন?

গোকুলের বউ আবার কৌতূকের হাসি হাসিয়া উঠিল। চোখ প্রায় বুজিয়া মুখ একটুখানি উপরের দিকে তুলিয়া ছেলেমানুষের ভঙ্গিতে বলিল—ওঃ, ভারী দূর গিইচি, একেবারে কাশী গয়া মন্কা গিইচি! সেই ও-বছর পিসশাশুড়ী আর সতুর মার সঙ্গে আড়ংঘাটার যুগলকিশোর দেখতে গিইছিলাম। সেই আমার জন্মের মধ্যে কন্ম—রেলগাড়ীতে চড়া!

এই মেয়েটি অল্পক্ষণের মধ্যেই সামান্য সূত্র ধরিয়া তাহার চারিপাশের এমন একটা হাসি-কৌতূকের জাল বুনিতে পারে—যাহা নীরেনের ভাল লাগে। যে ধরনের লোকের মনের মধ্যে আনন্দের এমন অফুরন্ত ভান্ডার থাকে, যার কারণে-অকারণে অন্তর্নিহিত আনন্দের উৎস মনের পাত্র উপচাইয়া পড়িয়া অপরকেও সংক্রামিত করিয়া তোলে, এই পল্লীবধুটি সেই দলের একজন। আজকাল নীরেন মনে মনে ইহারই আগমনের প্রতীক্ষা করে—না আসিলে নিরাশ হয়; এমন কি যেন একটি গোপন অভিমানও হইয়া থাকে।

—আচ্ছা বৌদি, আপনাদের সবাই চলুন, একবার পশ্চিমে সব বেড়িয়ে নিয়ে আসি।

—এ বাড়ীর লোকে বেড়াতে যাবে পশ্চিমে! তুমিও যেমন ঠাকুরপো! তাহলে উত্তর মাঠের বেগুন ক্ষেতে চোকি দেবে কে?

কথার শেষে সে আর একদফা ব্যঙ্গমিশ্রিত কৌতূকের হাসি হাসিয়া উঠিল। একটু পরে গম্ভীর হইয়া নীচু সুরে বলিল—দ্যাখো ঠাকুরপো, একটা কথা রাখবে?

—কি কথা বলুন আগে?

—যদি রাখো তো বলি!

—ও সাদা কাগজে সেই করা আমার দ্বারা হবে না, বৌদি! জানেন তো আইন পড়ি। আগে কথাটা শুনবো, তারপর কথার উত্তর দেবো।

গোকুলের বউ দুয়ার ছাড়িয়া ঘরের মধ্যে আসিল। কাপড়ের ভিতর হইতে একটা কাগজের মোড়ক বাহির করিয়া বলিল—এই মাকড়ী দু'টো রেখে আমায় পাঁচটা টাকা দেবে?

নীরেন বিশ্বয়ের সুরে বলিল—কেন বলুন তো?

—সে এখন বলবো না। দেবে ঠাকুরপো?

—আগে বলুন টাকা দিয়ে কি হবে? নৈলে কিন্তু—

গোকুলের বৌ নিম্নসুরে বলিল—আমি এক জায়গায় পাঠাবো। দ্যাখো তো এই চিঠিখানার ওপরের ঠিকানাটা ইংরিজিতে কি লেখা আছে!

নীরেন পড়িয়া বলিল—আপনার ভাই, না বৌদি?

—চুপ চুপ, এ বাড়ীর কাউকে বোলো না যেন। পাঁচটা টাকা চেয়ে পাঠিয়েচে, কোথায় পাবো ঠাকুরপো, কি রকম পরাধীন জানো তো? তাই ভাবলাম এই মাকড়ী দু'টো—টাকা পাঁচটা দাও গিয়ে ঠাকুরপো—হতভাগা ছোঁড়াটির কি কেউ আছে ভূভারতে?....গোকুলের বউ—এর গলার স্বর চোখের জলে ভারী হইয়া উঠিল।

নীরেন বলিল—টাকা আমি দেবো বৌদি, পাঁচটা হয় দশটা হয়, আপনি যখন হয় শোধ দেবেন; কিন্তু মাকড়ী আমি নিতে পারবো না—

গোকুলের বউ কৌতূকের ভঙ্গিতে ঘাড় দুলাইয়া হাসিমুখে বলিল—তা হবে না ঠাকুরপো, বাঃ বেশ তো তুমি! তারপর আমি তোমার ঋণ রেখে ম'রে যাই আর তুমি—সে হবে না, ও তোমায় নিতেই হবে। আচ্ছা ঠাকুরপো, নীচে অনেক কাজ প'ড়ে রয়েছে—

সে দ্রুতপদে ঘর হইতে বাহির হইয়া গেল, কিন্তু সিঁড়ির কাছ পর্যন্ত গিয়াই ফিরিয়া আসিয়া পুনরায় নিম্নসুরে বলিল—কিন্তু টাকার কথা যেন কাউকে বোলো না ঠাকুরপো! কাউকে না—বুঝলে?

দুর্গা কাঁথার তলা হইতে অত্যন্ত খুশির সহিত ডাকিল—অপু, ও অপু!

অপু জাগিয়াই ছিল, কিন্তু এখনও পর্যন্ত কোন কথা বলে নাই। বলিল—দিদি, জানালাটা বন্ধ ক'রে দিবি? বড্ড ঠান্ডা হাওয়া আসচে।

দুর্গা উঠিয়া জানালা বন্ধ করিয়া দিয়া বলিল—রাণুর দিদির বিয়ে কবে জানিস? আর কিন্তু বেশী দেরি নাই। খুব ঘটা হবে, ইংরিজি বাজনা আসবে। দেখিচিস্ তুই ইংরিজি বাজনা?

—হাঁ, সব মাথায় টুপি প'রে বাজায়, এই বড় বড় বাঁশি—মস্ত বড় ঢাক আমি দেখেচি—আর একরকম বাঁশি বাজায়, কালো কালো, অত বড় নয়, ফুলোট বাঁশি বলে—এমন চমৎকার বাজে! ফুলোট বাঁশি শুনিচিস্?

দুর্গা আর একটা কথা ভাবিতেছিল।

কাল সে বৈকালে ও-পাড়ার খুড়ীমার কাছে বেড়াইতে যায়। একথা সেকথার পর খুড়ীমা জিজ্ঞাসা করিল, দুগ্গা, তোর সঙ্গে ঠাকুরপোর কোথায় দেখা হয়েছিল রে?

সে বলিল—কেন খুড়ীমা?...পরে সে সেদিনের কথা বলিল—কৌতূকের সুরে বলিল, পথ হারিয়ে খুড়ীমা ওতেই—একেবারে গড়ের পুকুর—সেই বনের মধ্যে—

খুড়ীমা হাসিয়া বলিল—আমি কাল ঠাকুরপোকে বলছিলাম তোর কথা—বলছিলাম—গরীবের মেয়ে ঠাকুরপো, কিছু দেবার খোবার সাধ্য তো নেই বাপের—বড্ড ভাল মেয়ে—যেন একালেরই মেয়ে না—তা ওকে নাওগে না? তাই ঠাকুরপো তোর কথা-টখা জিগ্যেস করছিল—বল্লে, ঘাটের পথে সেদিন কোথায় দেখা হোল—পথ ভুলে ঠাকুরপো কোথায় গিয়ে পড়েছিল—এই সব। তারপর আমি আজ তিনদিন প'রে বল্চি শ্বশুর-ঠাকুরকে দিয়ে তোর বাবাকে বলাবো। ঠাকুরপোর যেন মত আছে মনে হোল, তোকে যেন মনে লেগেচে—

দুর্গা গোয়াল হইতে বাছুর বাহির করিয়া রৌদ্রে বাঁধিল বটে, কিন্তু অন্যদিন বাড়ীর কাজ তবু তো যাহোক কিছু করে, আজ সে ইচ্ছা তাহার মোটেই হইতেছিল না। এক-একদিন, তাহার এরকম মনের ভাব হয়; সেদিন সে কিছুতেই গন্ডিতে আটকাইয়া থাকিতে পারে না—কে তাহাকে পথে পথে পাড়ায় পাড়ায় ঘুরাইয়া লইয়া বেড়ায়। আজ যেন হাওয়াটা কেমন সুন্দর, সকালটা না-গরম-না-ঠান্ডা, কেমন মিষ্ট গন্ধ পাওয়া যায় নেবুফুলের—যেন কি একটা মনে আসে, কি তাহা সে বলিতে পারে না।

বাড়ীর বাহির হইয়া সে রাণুদের বাড়ী গেল। ভুবন মুখুজ্যে অবস্থাপন্ন গৃহস্থ, এই তাঁর প্রথম মেয়ের বিবাহ, খুব ঘটা করিয়াই বিবাহ হইবে। বাজিওয়াল আশিয়া বাজির দরদস্তুর করিতেছে। সীতানাথ ও-অঞ্চলের বিখ্যাত রসুনটোকী বাজিয়ে, তাহারও বায়না হইয়াছে, বিবাহ উপলক্ষে নানাস্থান হইতে কুটুম্বের দল আসিতে শুরু করিয়াছে। তাহাদের ছেলেমেয়েতে বাড়ীর উঠান সরগরম।

দুর্গার মনে ভারি আনন্দ হইল—আর দিনকতক পরে ইহাদেরই বাড়ীতে কত বাজি পুড়বে। সে কোনো বাজি কখনও দেখে নাই, কেবল একবার গাঙ্গুলী বাড়ীর ফুলদোলে একটা কি বাজি দেখিয়াছিল, হস করিয়া আকাশে উঠিয়া একেবারে যেন স্নেহের গায়ে গিয়া ঠেকে, সেখান হইতে আবার পড়িয়া যায়, এমন চমৎকার দেখায়!....অপু বলে হাউই বাজি।

দুপুরের পর মা দালানে আঁচল বিছাইয়া একটু ঘুমাইয়া পড়িলে, সে সুদুৎ করিয়া পুনরায় বাড়ীর বাহির হইল। ফুল্লনের মাঝামাঝি, রৌদ্রের তেজ চড়িয়াছে, একটানা তপ্ত হাওয়ায় রাণুদের বাগানের বড় নিমগাছটার হলদে পাতাগুলো ঘুরিতে ঘুরিতে ঝরিয়া পড়িতেছে—কেহ কোনদিকে নাই, নেড়াদের বাড়ীর দিকে কে যেন একটা টিন বাজাইতেছে। বু-উ-উ-উ করিয়া কি একটা শব্দ হইল। কাঁচপোকা! দুর্গা নিজের অনেকটা অজ্ঞাতসারে তাড়াতাড়ি আঁচল মুঠার মধ্যে পাঁকাইয়া চকিত দৃষ্টিতে চাহিতে লাগিল।

কাঁচপোকা নয়, সুদর্শন পোকা।

তাহার মুঠার আঁচল আপনা-আপনি খুলিয়া গেল—আগ্রহের সহিত পা টিপিয়া টিপিয়া সে পোকাটার দিকে আসিতে লাগিল। সামনের পথের উপর বসিয়াছে, পাখার উপর শ্বেত ও রক্ত চন্দনের ছিটার মত বিন্দু বিন্দু দাগ।

সুদর্শন পোকা—ঠিক পোকা নয়—ঠাকুর। দেখিতে পাওয়া অত্যন্ত ভাগ্যের কাজ—তাহার মার মুখে, আরও অনেকের মুখে সে শুনিয়াছে। সে সন্তর্পণে ধূলায় পর বসিয়া পড়িল, পরে হাত একবার

কপালে ঠেকাইয়া আর একবার পোকাকার কাছে লইয়া গিয়া বার বার দ্রুতবেগে আবৃত্তি করিতে লাগিল—সুদর্শন, সুভালাভালি রেখো....সুদর্শন, সুভালাভালি রেখো....সুদর্শন, সুভালাভালি রেখো (অবিকল এই রূপই সে অপরের মুখে বলিতে শুনিয়াছে)। পরে সে নিজের কিছু কথা মস্তুর মধ্যে জুড়িয়া দিল—অপুকে ভালো রেখো, মাকে ভালো রেখো, বাবাকে ভাল রেখো, ওপাড়ার খুড়ীমাকে ভালো রেখো—পরে একটু ভাবিয়া ইতস্তত করিয়া বলিল—নীরেনবাবুকে ভালো রেখো, আমার বিয়ে যেন ওখানেই হয় সুদর্শন, রাণুর দিদির মত বাজি-বাজনা হয়।

ভক্তের অর্ঘ্যের আতিশয্যে পোকাকাটা ধূলায় উপর বিপন্নভাবে চক্রাকারে ঘুরিতেছিল, দুর্গা মনের সাধ মিটাইয়া প্রার্থনা শেষ করিয়া শ্রদ্ধার সহিত পাশ কাটাইয়া গেল।

পাড়ার ভিতরকার পথে পথে মাথার উপর প্রথম ফাল্গুনের সুনীল, এমন কি অনেকটা ময়ূরকণ্ঠী রং-এর আকাশ গাছপালার ফাঁকে ফাঁকে চোখে পড়ে।

শেওড়া বনের মাঝখান দিয়া নদীর ঘাটের সরু পথ। সুঁড়ি পথের দুধারেই আমবাগান। তপ্ত বাতাস আশ-বাউলের মিষ্টি গন্ধে, বনে বনে মৌমাছি ও কাঁচপোকাকার গুঞ্জনরবে, ছায়াগহন আমবনে কোকিলের ডাকে, সিঙ্ক হইয়া আসিতেছে।

বাগানগুলি পার হইয়া চড়কতলার মাঠ। ঘাসে ভরা মাঠে ছায়া পড়িয়া গিয়াছে। দুর্গা ঝোপের মধ্যে মধ্যে সৈঁয়াকুল খুঁজিয়া বেড়াইতে লাগিল—সৈঁয়াকুল এখন আর বড় থাকে না, শীতের শেষে বারিয়া যায়। ওই উঁচু টিবিতে ঝোপের মধ্যের একটা গাছে অনেক সৈঁয়াকুল সেদিনও তো সে খাইয়া গিয়াছে, কিন্তু এখন আর নাই, সব বারিয়া গিয়াছে, গোলমরিচের মতো শুকনা সৈঁয়াকুল ঘন ঝোপের তলা বিছাইয়া পড়িয়া আছে। এক ঝাঁক শালিক পাখী ঝোপের মধ্যে কিচ্ কিচ্ করিতেছিল, দুর্গা নিকট যাইতে উড়িয়া গেল।

তাহার মনে খুশির আবার একটা প্রবল ঢেউ আসিল। উৎসবের নৈকট্য, রাণুর দিদির বাসরে রাত জাগা ও গান শুনবার আশা—

খুশিতে তাহার ইচ্ছা হইল সে মাঠের এধার হইতে ওধার পর্যন্ত ছুটিয়া বেড়ায়।

একবার সে হাতদুটা ছাড়াইয়া ডানার মতো লম্বা করিয়া দিয়া খানিকটা ঘুরপাক খাইয়া খানিকটা ছুটিয়া গেল। উড়িতে চায়!....শরীর তো হাল্কা জিনিস—হাত ছড়াইয়া ডানার মত বাতাস কাটিতে কাটিতে যদি যাওয়া যাইত!

শুধু শব্দ করিবার আনন্দে সে শুকনা বরাপাতার রাশির উপর ইচ্ছা করিয়া জোরে জোরে পা ফেলিয়া মচ্ মচ্ শব্দ করিতে করিতে চলিল। পাতা ভাঙিয়া গিয়া শুকনা শুকনা ধূলা মিশানো, খানিকটা সোঁদা সোঁদা খানিকটা তিক্ত গন্ধে জায়গাটা ভরিয়া গেল।

সামনে একটু দূরে সোনাডাঙার মাঠের দিকে যাইবার কাঁচা সড়ক। একখানা গরুর গাড়ী কাঁচা কাঁচা শব্দে মাঠের পথের দিকে যাইতেছে। টাটকা কাটা কঞ্চির ঘেরা বাঁধিয়া তাহার উপর কাঁথা ও ছেঁড়া লাল নস্সা পাড় কাপড় ঘিরিয়া ছই তৈয়ারী করিয়াছে। ছই এর মধ্যে কাহাদের একটা ছোট্ট মেয়ে একঘেয়ে, একটানা ছেলেমানুষ ধরণে কাঁদিতে কাঁদিতে যাইতেছে—কোন গাঁয়ের চাষাদের মেয়ে বোধ হয় বাপের বাড়ী হইতে শ্বশুরবাড়ী চলিয়াছে।

দুর্গা অবাক হইয়া একদৃষ্টে গাড়ীখানার দিকে চাহিয়া রহিল।

বিয়ের পর মা, বাবা, অপু—সব ছাড়িয়া এই রকম কোথায় কর্তদূরে চলিয়া যাইতে হইবে হয়ত—যখন তখন সেখান হইতে তাহারা আসিতে দিবে কি? সে এতক্ষণ একথা ভাবিয়া দেখে নাই—এই বাগান, বাসকফুলের ঝাড়, রাজী গাইটা, উঠানের কাঁঠালতলাটা যাহা সে এত ভালোবাসে, এই শুকনা পাতার গন্ধ, ঘাটের পথ এইসব ছাড়িয়া যাইতে হইবে চিরকালের জন্য! ছইএর মধ্যের ছোট্ট মেয়েটা বোধহয় এই দুঃখেই কাঁদিতেছে।

কাঁচা সড়কটা ছাড়াইয়া আর একটা ছোট্ট পোড়ো মাঠ পার হইলেই নদী।

ওপারের জেলেরা কি মাছ ধরিতেছে? খয়রা? এপারে আসিলে দু'পয়সার মাছ কিনিয়া বাড়ী লইয়া যাইত। অপু খয়রা মাছ খাইতে বড় ভালবাসে।

বাড়ী ফিরিয়া সন্ধ্যার পর সে অনেকক্ষণ ধরিয়৷ পুতুলের বাস্ক গোছাইল। ঘরের মেঝেতে তাহার মা তেল পুরিতে গিয়া অনেকটা কেরোসিন তেল ফেলিয়া দিয়াছে, তাহার গন্ধ বাহির হইতেছে, হাওয়াটা যেন একটু গরম। পুতুল-গুছানো প্রায় শেষ হইয়াছে, অপু আসিয়া বলিল—তুই বুঝি আমার বাস্ক থেকে ছোট আসিখানা বের ক'রে নিয়েচিস্ দিদি?

—হঁ—আর্সি তো আমার—আমি তো আগে দেখতে পেয়েছিলাম, তক্তাপোশের নীচে পড়েছিল। যাও, আমি আর্সি আমার বাস্কে রাখবো। বেটাছেলে আবার আর্সি নিয়ে কি হবে?

—বা রে, তোমার আর্সি বই কি? ও-পাড়ার খুড়ীমাদের বাড়ী থেকে মা তো কি বের্তোতে আর্সি এনেছিল, আমি তো আগেই মার কাছ থেকে চেয়ে নিয়েছিলাম। না দিদি, দাও—

কথা শেষ করিয়াই সে দিদির পুতুলের বাস্কের কাছে বসিয়া পড়িয়া তাহার মধ্যে আর্সি খুঁজিতে লাগিল।

দুর্গা ভাইয়ের গালে এক চড় লাগাইয়া দিয়া বলিল—দুষ্টু কোথাকার—আমি পুতুল গুছিয়ে রেখেছি আর উনি হাণ্ডুল-পাণ্ডুল করচেন—যা আমার বাস্কে হাত দিতে হবে না তোমায়—দেবো না আমি আর্সি।

কিন্তু কথা শেষ না হইতেই অপু ঝাঁপাইয়া তাহার ঘাড়ের উপর পড়িয়া তাহার রক্ষ চুলের গোছা টানিয়া আঁচড়াইয়া কামড়াইয়া তাহাকে অস্থির করিয়া তুলিল। কান্না আটকানো গলায় বলিতে লাগিল—কেন তুমি আমাকে মারবে? আমার লাগে না বুঝি?—দাও আমায়—মাকে বোলে দেবো—লক্ষ্মীর চুপড়ি থেকে আলতা চুরি কোরেচ—

আলতা চুরির কথায় দুর্গা খেপিয়া গেল। ভাই এর কান ধরিয়৷ তাকে ঝাঁকুনি দিয়া উপরি উপরি কয়েকটা চড় দিতে দিতে বলিল—আলতা নিইচি?—আমি আলতা নিইচি, লক্ষ্মীছাড়া দুষ্টু বাঁদর! আর তুমি যে লক্ষ্মীর চুপড়ির গা থেকে কড়িগুলো খুলে ঢুকিয়ে রেখেচ, মাকে ব'লে দেবো না?

চীৎকার, কান্না ও মারামারির শব্দ শুনিয়া সর্বজয়া ছুটিয়া আসিল।

ততক্ষণে দুর্গা অপূর কান ধরিয়৷ তাহাকে মাটিতে প্রায় শোয়াইয়া ফেলিয়াছে—অপুও প্রাণপণে দুর্গার চুলের গোছা মুঠি পাকাইয়া টানিয়া একরূপ ধরিয়৷ আছে, যে দুর্গার মাথা তুলিবার ক্ষমতা নাই।

অপূর লাগিয়াছিল বেশী। সে কাঁদিতে কাঁদিতে বলিল—দ্যাখো না মা, আমার আসিখানা বাস্ক থেকে বের ক'রে নিজের বাস্কে রেখে দিয়েচে—দিচ্ছে না—এমন চড় মেরেচে গালে—

দুর্গা প্রতিবাদ করিয়া বলিল—না মা, দ্যাখো না আমার পুতুলের বাস্ক গোছাছি, ও এসে সেগুলো সব—

সর্বজয়া আসিয়া মেয়ের পিঠের উপর দুম্ দুম্ করিয়া সজোরে কয়েকটি কিল বসাইয়া দিয়া বলিল—ধাড়ী মেয়ে—কেন তুই ওর গায়ে হাত দিবি যখন তখন?—ওতে আর তোতে অনেক তফাৎ জানিস?—আর্সি—আর্সি তোমার কোন্ পিণ্ডিতে লাগবে শুনি? কথায় কথায় উনি যান ওকে তেড়ে মার্তে। মরণ আর কি! পুতুলের বাস্ক—রোসো—

কথা শেষ না করিয়াই সে মেয়ের গুছানো পুতুলের বাস্ক উঠাইয়া একটান মারিয়া বাহির উঠানে ছুড়িয়া ফেলিয়া দিল।

—ধাড়ী মেয়ের কোনো কাজ নেই, কেবল খাওয়া আর পাড়ায় পাড়ায় টো টো ক'রে বেড়ানো—আর কেবল পুতুলের বাস্ক! ও সব টেনে এফুনি বাঁশবাগানে ফেলে দিয়ে আসচি। দিচ্ছি তোমার খেলা ঘুচিয়ে একেবারে—

দুর্গার মুখ দিয়া কথা বাহির হইল না। পুতুলের বাস্ক তাহার প্রাণ, দিনের মধ্যে দশবার সে পুতুলের বাস্ক গোছায়—পুতুল, ঝাংতা, ছোপানো কাপড়, আলতা, কত কষ্টের সংগ্রহ করা নাটফল, টিনমোড়া আসিখানা, পাখীর বাসা—সব অন্ধকার উঠানের মধ্যে কোথায় কি চড়াইয়া পড়িল। মা যে তাহার পুতুলের বাস্ক একরূপ নির্মমভাবে ফেলিয়া দিতে পারে, একথা কখনও সে ভাবিতে পারিত না! কত কষ্টে কত জায়গা হইতে যোগাড় করা কত জিনিস উহার মধ্যে!

কোনো কথা বলিতে সাহস না করিয়া সে কেন অবাক হইয়া রহিল।

অপুর কাছেও বোধ হয় শাস্তিটা বেশী কঠোর বলিয়াই ঠেকিল। সে আর কোনো কথা না বলিয়া চুপচাপ গিয়া শুইয়া পড়িল।

রাত্রি অনেক হইয়াছে, মেঝেতে কেরোসিন তেলের গন্ধ বাহির হইতেছে, ঘরের মধ্যে বাঁশবাগানের মশা বিন্ বিন্ করিতেছে, খানিকক্ষণ বসিয়া বসিয়া দুর্গা গিয়া চুপ করিয়া শুইয়া পড়িল।

ভাঙা জানালা দিয়া ফাণ্ডন জ্যোৎস্নার আলো বিছানায় পড়িয়াছে, পোড়ো ভিটার দিক হইতে ভুর ভুর করিয়া লেবু ফুলের গন্ধ আসিতেছে।

একবার তাহার মনে হইল উঠিয়া গিয়া পুতুলের বাক্সটা ও ছড়ানো জিনিসগুলো তুলিয়া আনে—কাল সকালে কি আর পাওয়া যাইবে? কত কষ্টের জিনিসগুলো! কিন্তু সাহস পাইল না। আনিতে গেলে মা যদি আবার মারে?

অনেকক্ষণ কাটিয়া গেল। হঠাৎ সে গায়ের উপর কাহার হাত অনুভব করিল। অপু ভয়ে ভয়ে ডাকিল—দিদি? দুর্গা কোনো জবাব দিবার পূর্বেই অপু বালিশে মুখ গুঁজিয়া হাউ হাউ করিয়া কাঁদিয়া উঠিল—আমি আর করবো না—আমার ওপর রাগ করিসনে দিদি—তোর পায়ে পড়ি। কান্নার আবেগে তাহার গলা আটকাইয়া যাইতে লাগিল।

দুর্গা প্রথমটা বিস্মিত হইল—পরে সে উঠিয়া বসিয়া ভায়ের কান্না থামাইবার চেষ্টা করিতে লাগিল।—কাঁদিসনে, চুপ চুপ, মা শুনতে পেলো আবার আমায় বকবে, চুপ, কাঁদতে নেই—আচ্ছা আমি রাগ করবো না, কেঁদো না ছিঃ—চুপ—

তাহার ভয় হইতেছিল অপু কান্না শুনিলে মা আবার হয়তো তাহাকেই মারিবে।

অনেক করিয়া সে ভাইয়ের কান্না থামাইল। পরে শুইয়া শুইয়া তাহাকে নানা গল্প, বিশেষত রাণুর দিদির বিয়ের গল্প বলিতে লাগিল। একথা-ওকথার পর অপু দিদির গায়ে হাত দিয়া চুপি চুপি বলিল—একটা কথা বলবো দিদি?—তোর সঙ্গে মাষ্টার মশায়ের বিয়ে হবে—

দুর্গার লজ্জা হইল, সঙ্গে সঙ্গে তাহার অত্যন্ত কৌতূহলও হইল; কিন্তু ছোট ভাইএর কাছে এ সম্বন্ধে কোনো কথাবার্তা বলিতে তাহার সঙ্কোচ হওয়াতে সে চুপ করিয়া রহিল।

অপু আবার বলিল—খুড়ীমা বলছিল রাণুর মায়ের কাছে আজ বিকালে। মাষ্টার মশায়ের নাকি অমত নেই—

কৌতূহলের আবেগে চুপ করিয়া থাকা অসম্ভব হইয়া উঠিল। সে তাচ্ছিল্যের সুরে বলিল—হ্যাঁ বলছিল—যাঃ—তোর সব যেমন কথা—

অপু প্রায় বিছানায় উঠিয়া বসিল,—সত্যি বলচি দিদি, তোর গা ছুঁয়ে বলচি। আমি সেখানে দাঁড়িয়ে, আমাকে দেখেই তো কথা উঠল। বাবাকে দিয়ে পতর লেখাবে সেই মাষ্টার মশায়ের বাবা যেখানে থাকেন সেখানে—

—মা জানে?

—আমি এসে মাকে জিগ্যেস করবো ভাবলাম—ভুলে গিইচি। জিগ্যেস করবো দিদি? মা বোধ হয় শোনে নি; কাল খুড়ীমা মাকে ডেকে নিয়ে বলবে বলছিল—

পরে সে বলিল—তুই কত রেলগাড়ী চড়বি দেখিস, মাষ্টার মশাইরা থাকেন এখন থেকে অনেক দূরে—রеле যেতে হয়—

দুর্গা চুপ করিয়া রহিল।

সে রেলগাড়ীর ছবি দেখিয়াছে—অপুর একখানা বইয়ের মধ্যে আছে। খুব লম্বা, অনেকগুলো চাকা, সামনের দিকে কল, সেখানে আগুন দেওয়া আছে, ধোঁয়া ওড়ে। রেলগাড়ীখানা আগাগোড়া লোহার, চাকাও তাই—গরুর গাড়ীর মত কাঠের চাকা নয়। রেল লাইনের ধারে কোনো খড়ের বাড়ী নাই, থাকিতে পারে না, পুড়িয়া যায়। রেলগাড়ী যখন চলে তখন তাহার নল হইতে আগুন বাহির হয় কিনা! সে ভাই—এর গায়ে হাত বুলাইয়া বলিল—তাকেও সঙ্গে ক'রে নিয়ে যাবো। তাহার পর দুর্গানেই চুপ করিয়া ঘুমাইবার যোগাড় করিল। ঘুমাইতে গিয়া একটা কথা বার বার দুর্গার মনে হইতেছিল—ঠাকুর সুদর্শন তাহার কথা শুনিয়াছেন! আজই তো সুদর্শনের কাছে সে—ঠাকুরের বজ্র দয়া—মা তো ঠিক কথা বলে!

অপু বলিল—লীলাদির জন্যে কেমন চমৎকার শাড়ী কেনা হয়েছে, আজ লীলাদির কাকা বিয়ের জন্যে কিনে এনেচে রাণাঘাট থেকে, সেজ জেঠিমা বললে—বালুচরের শাড়ী—

দুর্গা হাসিমুখে বলিল—একটা ছড়া জানিস?.... পিসি বলতো,
বালুচরের বালুর চরে একটা কথা কই—
মোষের পেটে ময়ূরছানা দেখে এলাম সই।

পথের পাঁচালী

উনবিংশ পরিচ্ছেদ

অপু কাউকে একথা এখনো বলে নাই—তাহার দিদিকেও না।

সেদিন চুপি চুপি দুপুরে সে যখন তাহার বাবার ঐ বই-বোঝাই কাঠের সিন্দুকটা লুকাইয়া খুলিয়াছিল, সিন্দুকটার মধ্যে একখানা বইএর মধ্যেই এই অদ্ভুত কথাটার সন্ধান পাইয়াছে!

উঠানের উপর বাঁশঝাড়ের ছায়া তখন পূর্ব-পশ্চিমে দীর্ঘ হয় নাই, ঠিক-দুপুরে সোনাভাঙার তেপান্তর মাঠের সেই প্রাচীন অশ্বখ গাছের ছায়ার মত এক জয়গায় একরাশ ছায়া জমাত বাঁধিয়া ছিল।

একদিন সে দুপুরবেলা বাপের অনুপস্থিতিতে ঘরের দরজা বন্ধ করিয়া চুপি চুপি বইএর বাস্তুটা লুকাইয়া খুলিল। অধীর আগ্রহের সহিত সে এ-বই ওবই খুলিয়া খানিকটা করিয়া ছবি দেখিতে এবং খানিকটা করিয়া বই-এর মধ্যে ভাল গল্প লেখা আছে কি না দেখিতে লাগিল। একখানা বইএর মলাট খুলিয়া দেখিল নাম লেখা আছে 'সর্ব-দর্শন-সংগ্রহ'। ইহার অর্থ কি, বইখানা কোন্ বিষয়ের তাহা সে বিন্দুবিসর্গও বুঝিল না। বইখানা খুলিতেই একদল কাগজ-কাটা পোকা নিঃশব্দে বিবর্ণ মার্বেল কাগজের নীচে হইতে বাহির হইয়া উর্ধ্বস্থাসে যদিকে দুই চোখ যায় দৌড় দিল। অপু বইখানা নাকের কাছে লইয়া গিয়া ঘ্রাণ লইল, কেমন পুরানো গন্ধ! মেটে রঙের পুরু পুরু পাতাগুলোর এই গন্ধটা তাহার বড় ভাল লাগে—গন্ধটায় কেবলই বাবার কথা মনে করাইয়া দেয়।

যখনই এ গন্ধ সে পায় তখনই কি জানি কেন তাহার বাবার কথা মনে পড়ে।

অত্যন্ত পুরানো মার্বেল কাগজের বাঁধাই করা মলাটের নানাস্থানে চটা উঠিয়া গিয়াছে। এই পুরানো বইএর উপরই তাহার প্রধান মোহ। সেজন্য সে বইখানা বালিশের তলায় লুকাইয়া রাখিয়া অন্যান্য বই তুলিয়া বাস্তু বন্ধ করিয়া দিল।

লুকাইয়া পড়িতে পড়িতে এই বইখানিতেই একদিন সে পড়িল বড় অদ্ভুত কথাটা! হঠাৎ শুনিলে মানুষ আশ্চর্য হইয়া যায় বটে—কিন্তু ছাপার অক্ষরে বইখানার মধ্যে এ কথা লেখা আছে, সে পড়িয়া দেখিল। পারদের গুণ বর্ণনা করিতে করিতে লেখক লিখিয়াছেন,—শকুনির ডিমের মধ্যে পারদ পুরিয়া কয়েকদিন রৌদ্রে রাখিতে হয়, পরে সেই ডিম মুখের ভিতর পুরিয়া মানুষ ইচ্ছা করিলে শূন্যমার্গে বিচরণ করিবার ক্ষমতা প্রাপ্ত হয়।

অপু নিজের চক্ষুকে বিশ্বাস করিতে পারিল না—আবার পড়িল—আবার পড়িল।

পরে নিজের ডালাভাঙা বাস্তুটার মধ্যে বইখানা লুকাইয়া রাখিয়া বাহিরে গিয়া কথাটা ভাবিতে ভাবিতে সে অবাক হইয়া গেল।

দিদিকে জিজ্ঞাসা করে—শকুনিরা বাসা বাঁধে কোথায় জানিস দিদি?

তাহার দিদি বলিতে পারেনা। সে প্যাডার ছেলের—সতু, নীলু, কিনু, পটল, নেড়া—সকলকে জিজ্ঞাসা করে। কেউ বলে সে এখানে নয়; উত্তর মাঠে উঁচু গাছের মাথায়। তাহার মা বকে—এই দুপুরবেলা কোথায় ঘুরে বেড়াস! অপু ঘরে ঢুকিয়া শুইবার ভান করে, বইখানা খুলিয়া সেই জয়গাটা আবার পড়িয়া দেখে—আশ্চর্য! এ সহজে উড়িবার উপায়টা কেউ জানে না? হয়তো এই বইখানা আর কাহারো বাড়ী নাই, শুধু তাহার বাবারই আছে; হয়তো এই জয়গাটা আর কেহ পড়িয়া দেখে নাই, শুধু তাহারই চোখে পড়িয়াছে এতদিনে।

বইখানার মধ্যে মুখ গুঁজিয়া আবার সে আশ্রয় লয়—সেই পুরানো পুরানো গন্ধটা! এই বইয়ে যাহা লেখা আছে, তাহার সত্যতা সম্বন্ধে তাহার মনে আর কোন অবিশ্বাস থাকে না।

পারদের জন্য ভাবনা নাই—পারদ মানে পারা সে জানে। আয়নার পেছনে পারা মাখানো থাকে, একখানা ভাঙা আয়না বাড়ীতে আছে, উহা যোগাড় করিতে পারিবে এখন। কিন্তু শকুনির ডিম এখন সে কোথায় পায়?

দুপুরে খাওয়া-দাওয়ার পরে এক একদিন তাহার দিদি ডাকে—আয় শোন অণু, মজা দেখবি আয়। পরে সে একমুঠো পাতের ভাত লইয়া বাড়ীর খিড়কি-দোরের বাঁশ বাগানে গিয়া হাঁক দেয়—আয় ভুলো—তু-উ-উ-উ। ডাক দিয়াই দুর্গা ভাইয়ের দিকে হাসি হাসি মুখে চূপ করিয়া চাহিয়া থাকে, যেন কি অপূর্ব রহস্যপূরীর দুয়ার এখনই তাহাদের চোখের সামনে খুলিয়া যায়! হঠাৎ কোথা হইতে কুকুরটা আসিয়া পড়তেই দুর্গা হাত তুলিয়া বলিয়া উঠে—ওই এসেচে! কোথেকে এলো দেখলি?—খুশিতে সে হিহি করিয়া হাসে।

রোজ রোজ এই কুকুরকে ভাত খাওয়ানোর ব্যাপারে দুর্গার আমোদ হয় ভারী।—তুমি হাঁক দেও, কেউ কোথাও নাই, চারিদিকে চূপ! ভাত মাটিতে নামাইয়া দুর্গা চোখ বজিয়া থাকে; আশা ও কৌতূহলের ব্যাকুলতায় বৃকের মধ্যে টিপ্ টিপ্ করে; মনে মনে ভাবে—আজ ভুলো আসবে না বোধ হয়, দেখি দিকি কোথেকে আসে! আজ কি আর শুনতে পেয়েছে!—

হঠাৎ ঘনঝোপে একটা শব্দ ওঠে—

চক্ষুর নিমেষে বনজঙ্গলের লতাপাতা ছিঁড়িয়া খুঁড়িয়া হাঁপাইতে হাঁপাইতে ভুলো কোথা হইতে নক্ষত্রবেগে আসিয়া হাজির।

অমনি দুর্গার সমস্ত গা দিয়া একটা কিসের শ্রোত বহিয়া যায়। বিস্ময় ও কৌতুকে তাহার মুখ-চোখ উজ্জ্বল দেখায়। মনে মনে ভাবে—ঠিক শুনতে পায় তো, আসে কোথেকে! আচ্ছা কাল একটু চুপি চুপি ডেকে দেখবো দিকি, তাও শুনতে পাবে?

এই আমোদ উপভোগ করিতে সে মায়ের বকুনি সহ্য করিয়াও রোজ খাইবার সময় নিজে বরং কিছু কম খাইয়া কুকুরের জন্য কিছু ভাত পাতে সঞ্চয় করিয়া রাখে।

অণু কিন্তু দিদির কুকুর ডাকিবার মধ্যে কি আমোদ আছে তাহা খুঁজিয়া পায় না। দিদির ওসব মেয়েলি ব্যাপারের মধ্যে সে নাই। অধীর আগ্রহে ভোজনরত শীর্ণ কুকুরটার দিকে সে চাহিয়াও দেখে না, শুধু শকুনির ডিমের কথা ভাবে।

অবশেষে সন্ধান মিলিল। হীরু নাপিতের কাঁটালতলায় রাখালেরা গরু বাঁধিয়া গৃহস্থের বাড়ীতে তেল-তামাক আনিতে যায়। অণু গিয়া তাহাদের প্যাড়ার রাখালকে বলিল—তোরা কত মাঠে মাঠে বেড়াস, শকুনির বাসা দেখতে পাস? আমায় যদি একটা শকুনির ডিম এনে দিস আমি দুটো পয়সা দেবো।

দিন-চারেক পরেই রাখাল তাহাদের বাড়ীর সামনে আসিয়া তাহাকে ডাকিয়া কোমরের থলি হইতে দুইটা কালো রং-এর ছোট ছোট ডিম বাহির করিয়া বলিল—এই দ্যাখো ঠাকুর এনিচি। অণু তাড়াতাড়ি হাত বাড়াইয়া বলিল—দেখি। পরে আহ্নাদের সহিত উন্টাইতে পান্টাইতে বলিল—শকুনির ডিম! ঠিক তো? রাখাল সে সম্বন্ধে ভুরি ভুরি প্রমাণ উত্থাপিত করিল। ইহা শকুনির ডিম কিনা এ সম্বন্ধে সন্দেহের কোনো কারণ নাই, সে নিজের জীবন বিপন্ন করিয়া কোথাকার কোন উঁচু গাছের মগডাল হইতে ইহা সংগ্রহ করিয়া আনিয়াছে—কিন্তু দুই আনার কমে দিবে না।

পারিশ্রমিক শুনিয়া অণু অন্ধকার দেখিল। বলিল, দুটো পয়সা দেবো, আর আমার কড়িগুলো নিবি? সব দিয়ে দেবো, এক টিনের চৌঙা কড়ি—সব। এই এত বড় বড় সোনাগেঁটে—দেখবি, দেখাবো?

রাখালকে সাংসারিক বিষয়ে অপুর অপেক্ষা অনেক ঝঁশিয়ার বলিয়া মনে হইল। সে নগদ পয়সা ছাড়া কোনো রকমেই রাজী হয় না। অনেক দরদস্তুরের পর আসিয়া চার পয়সায় দাঁড়াইল। অণু দিদির কাছে চাহিয়া চিন্তিয়া দুটা পয়সা যোগাড় করিয়া তাহাকে চুকাইয়া দিয়া ডিম দুটি লইল। তাহা ছাড়া রাখাল কিছু কড়িও লইল। এই কড়িগুলো অপূর প্রাণ, অর্ধেক রাজত্ব ও রাজকন্যার বিনিময়েও সে এই কড়ি কখনো হাতছাড়া করিত না অন্য সময়; কিন্তু আকাশে উড়িবার আমোদের কাছে কি-আর বেগুন বীচি খেলা!

ডিমটা হাতে করিয়া তাহার মনটা যেন ফুঁ-দেওয়া রবারের বেলনের মত হাল্কা হইয়া ফুলিয়া উঠিল। সঙ্গে সঙ্গে যেন একটা সন্দেহের ছায়া তাহার মনে আসিয়া পৌছিল, এটুকু এতক্ষণ ছিল না; ডিম হাতে পাওয়ার পর হইতে যেন কোথা হইতে ওটুকু দেখা দিল খুব অস্পষ্ট। সন্ধ্যার আগে আপনমনে নেড়াদের জামগাছের কাটা গুঁড়ির উপর বসিয়া সে ভাবিতে লাগিল, সত্যি সত্যি উড়া যাইবে তো! সে উড়িয়া কোথায় যাইবে? মামার বাড়ীর দেশে? বাবা যেখানে আছে সেখানে? নদীর ওপারে? শালিখ পাখী ময়না পাখীর মত ও-ই আকাশের গায়ে তারাটা যেখানে উঠিয়াছে?

সেই দিনই, কি তাহার পরদিন। সন্ধ্যার একটু আগে দুর্গা সলিতার জন্য ছেঁড়া নেকড়া খুঁজিতেছিল। তাকের হাঁড়ি-কলসীর পাশে গৌঁজা সলিতা পাকাইবার ছেঁড়া-খোঁড়া কাপড়ের টুকরার তাল হাতড়াইতে হাতড়াইতে কি যেন ঠক করিয়া তাহার পিছন হইতে গড়াইয়া মেজের উপর পড়িয়া গেল। ঘরের ভিতর অন্ধকার, ভাল দেখা যায় না, দুর্গা মেজে হইতে উঠাইয়া লইয়া বাহিরে আসিয়া বলিল—ওমা কিসের দুটো বড় বড় ডিম এখানে। এঃ, প'ড়ে একেবারে গুঁড়ো হয়ে গিয়েচে—দেখেচো কি পাখী ডিম পেড়েচে ঘরের মধ্যে মা!

তাহার পর কি ঘটিল, সে কথা না তোলাই ভালো। অপু সেদিন রাত্রে খাইল না—কান্না—হৈ হৈ কাণ্ড। তাহার মা ঘাটে গল্প করে—ছেলেটার যে কি কাণ্ড, ওমা এমন কথা তো কখনো শুনি নি—শুনেনো সেজ ঠাকুরবি, শকুনির ডিম নিয়ে মানুষে উড়তে পারে—ওই ওদের বাড়ীর রাখাল ছোঁড়াটা, বদ্মায়েশের খাড়ি। তাকে বুঝি বলেচে, সে কোথেকে দুটো কাগের না কিসের ডিম এনে বলেচে,—এই নেও শকুনির ডিম। তাই নাকি আবার চার পয়সা দিয়ে কিনেচে তার কাছে। ছেলেটা যে কি বোকা সে আর তোমার কাছে কি বলবে সেজ ঠাকুরবি—কি করি যে এ ছেলে নিয়ে আমি!

কিন্তু বেচারী সর্বজয়া কি করিয়া জানিবে, সকলেই তো কিছু 'সর্ব-দর্শন-সংগ্রহ' পড়ে নাই, বা সকলেই কিছু পারদের গুণও জানে না।

আকাশে তাহা হইলে তো সকলেই উড়িত।

পথের পাঁচালী

বিংশ পরিচ্ছেদ

অনেকদিন হইতে গ্রামের বৃদ্ধ নরোত্তম দাস বাবাজির সঙ্গে অপূর বড় ভাব। গাঙ্গুলী পাড়ার গৌরবর্ণ, দিব্যকান্তি, সদানন্দ বৃদ্ধ সামান্য খড়ের ঘরে বাস করেন। বিশেষ গোলমাল ভালবাসেন না, প্রায়ই নির্জনে থাকেন, সন্ধ্যার পর মাঝে মাঝে গাঙ্গুলীদের চণ্ডীমণ্ডপে গিয়া বসেন। অপূর বাল্যকাল হইতেই হরিহর ছেলেকে সঙ্গে করিয়া মাঝে মাঝে নরোত্তম দাসের কাছে লইয়া যাইত—কেই হইতেই দুজনের মধ্যে খুব ভাব। মাঝে মাঝে অপূ গিয়া বৃদ্ধের নিকট হাজির হয়, ডাক দেয়,—দাদু, আছো? বৃদ্ধ তাড়াতাড়ি ঘর হইতে বাহির হইয়া তালপাতার চাটাইখানা দাওয়ায় পাতিয়া দিয়া বলেন—এসো দাদাভাই এসো, বসো বসো—

অন্যস্থানে অপূ মুখচোরা, মুখ দিয়া কথা বাহির হয় না—কিন্তু এই সরল শাস্ত্রদর্শন বৃদ্ধের সঙ্গে সে সম্পূর্ণ নিঃসঙ্কোচে মিশিয়া থাকে, বৃদ্ধের সঙ্গে তাহার আলাপ, খেলার সঙ্গীদের সঙ্গে আলাপের মত ঘনিষ্ঠ, বাধাহীন ও উল্লাস-ভরা! নরোত্তম দাসের কেহ নাই, বৃদ্ধ একাই থাকেন—এক স্বজাতীয় বৈষ্ণবের মেয়ে কাজকর্ম করিয়া দিয়া চলিয়া যায়। অনেক সময় সারা বিকাল ধরিয়া অপূ বসিয়া গল্প শোনে ও গল্প করে। একথা সে জানে যে, নরোত্তম দাস বাবাজি তাহার বাবার অপেক্ষাও বয়সে অনেক বড়, অন্নদা রায়ের অপেক্ষাও বড়—কিন্তু এই বয়োবৃদ্ধতার জন্যই অপূর কেমন যেন মনে হয় বৃদ্ধ তাহার সতীর্থ, এখানে আসিলে তাহার সকল সঙ্কোচ, সকল লজ্জা আপনা হইতেই যুটিয়া যায়। গল্প করিতে করিতে, অপূ মন খুলিয়া হাসে, এমন সব কথা বলে যাহা অন্যস্থানে সে ভয়ে বলিতে পারে না, পাছে প্রবীণ লোকেরা কেহ ধমক দিয়া 'জ্যাঠা ছেলে' বলে। নরোত্তম দাস বলেন—দাদু, তুমি আমার গৌর,—তোমাকে দেখলে আমার মনে হয় দাদু, আমার গৌর তোমার বয়সে ঠিক তোমার মতই সুন্দর, সুশ্রী, নিষ্পাপ ছিলেন—ওই রকম ভাব-মাখনো চোখ ছিল তাঁরও—

অন্যস্থানে এ কথায় অপূর হয়ত লজ্জা হইত, এখানে সে হাসিয়া বলে—দাদু তা হোলে এবার তুমি আমায় সেই বইখানার ছবি দেখাও।

বৃদ্ধ ঘর হইতে 'প্রেমভক্তি-চন্দ্রিকা' খানা বাহির করিয়া আনেন। তাঁহার অত্যন্ত প্রিয় গ্রন্থ, নির্জনে পড়িতে পড়িতে তিনি মুগ্ধ বিভোর হইয়া থাকেন। ছবি মোট দুখানি, দেখানো শেষ হইয়া গেলে বৃদ্ধ বলিলেন, আমি মরবার সময়ে বইখানা তোমাকে দিয়ে যাবো দাদু, তোমার হাতে বইয়ের অপমান হবে না—

তাঁহার এক শিষ্য মাঝে মাঝে পদ রচনা করিয়া তাঁহাকে শুনাইতে আসিত। বৃদ্ধ বিরক্ত হইয়া বলিতেন, পদ বেঁধেচো বেশ করেচো, ওসব আমায় শুনিও না বাপু, পদকর্তা ছিলেন বিদ্যাপতি চণ্ডীদাস—তাদের পর ওসব আমার কানে বাজে—ওসব গিয়ে অন্য জায়গায় শোনাও।

সহজ, সামান্য, অন্যাড়ম্বর জীবনের গতিপথে বাহিয়া এখানে কেমন যেন একটা অন্তঃসলিলা মুক্তির ধারা বহিতে থাকে, অপূর মন সেটুকু কেমন করিয়া ধরিয়া ফেলে। তাহার কাছে তাহা তাজা মাটি, পাখী, গাছপালার সাহচর্যের মত অন্তরঙ্গ ও আনন্দপূর্ণ ঠেকে বলিয়াই দাদুর কাছে আসিবার আকর্ষণ তাহার এত প্রবল।

ফিরিবার সময় অপূ নরোত্তম দাসের উঠানের গাছতলাটা হইতে একরাশি মুচুকুন্দ-চাঁপা ফুল কুড়াইয়া আনে। বিছানায় সেগুলি সে রাখিয়া দেয়। তাহার পরে সন্ধ্যায় আলো জ্বলিলেই বাবার আদেশে পড়িতে বসিতে হয়। ঘণ্টা-খানেকের বেশী কোনোদিনই পড়িতে হয় না, কিন্তু অপূর মনে হয় কত রাতই যে হইয়া গেল! পরে ছুটি পাইয়া সে শুইতে যায়, বিছানায় শুইয়া পড়ে,—আর অমনি আজকের দিনের সকল খেলাধূলা সারাদিনের সকল আনন্দের স্মৃতিতে ভরপুর হইয়া বিছানায় রাখা মুচুকুন্দ-চাঁপার গন্ধ তাহার ক্রান্ত দেহমনকে খেলাধুলার অতীত ক্ষণগুলির জন্য বিরহাতুর বালক-প্রাণকে অভিভূত করিয়া বহিতে থাকে। বিছানায় উপুড় হইয়া ফুলের রাশির মধ্যে মুখ ডুবাইয়া সে অনেকক্ষণ ভ্রাণ লয়।

সেদিন তাহার দিদি চুপি চুপি বলে—চড়ুইভাতি করবি অপূ?

তাহাদের দোর দিয়া পাড়ার সকলে কুলুই-চণ্ডীর ব্রতের বন-ভোজনে গ্রামের পিছনের মাঠে যায়, তাহার মাও যায়। কিন্তু তাহাকে লইয়া যায় না। সেখানে সব নিজের নিজের জিনিসপত্র। অত চাল-ডাল তাহাদের নাই। আর বন-ভোজনে গিয়া সকলে বাহির করে কত কি জিনিস, ডাল চাল, ডাল, ঘি, দুধ—তাহার মা বাহির করে শুধু মোটা চাল, মটরের-ডাল-বাটা, আর দুই একটি বেগুন। পাশে বসিয়া ভূবন মুখুয্যেদের সেজ ঠাকুরগণের ছেলেমেয়েরা নতুন আখের গুড়ের পাটালি দিয়া দুধ ও কলা মাখিয়া ভাত খায়, নিজের ছেলেমেয়েদের জন্য তাহার মায়ের মন কেমন করে।

তাহার অপুও ওই-রকম দুধ কলা দিয়া পাটালি মাখিয়া ভাত খাইতে ভালবাসে!—

শান্ত মাঠের ধারের বনে রাজা সন্ধ্যা নামে, বাঁশবনের পথে ফিরিতে শুধু ছেলের মুখই মনে পড়ে। নীলমণি রায়ের জঙ্গলাকীর্ণ ভিটার ওধারের খানিকটা বন দুর্গা নিজের হাতে দা দিয়া কাটিয়া পরিষ্কার করিয়া ভাইকে বলিল—দাঁড়িয়ে দ্যাখ তেঁতুলতলায় মা আসচে কিনা—আমি চাল বের করে নিয়ে আসি শীগগির করে—

একটা ডাল নারিকেলের মালায় দুই পলা তেল চুপি চুপি তেলের ভাঁড়টা হইতে বাহির করিয়া আনিল। অপহৃত মালামাল বাহিরে আনিয়া ভাইয়ের জিন্মা করিয়া বলিল—শীগগির নিয়ে যা, দৌড়ো অপূ—সেইখানে রেখে আয়, দেখিস যেন গরু-টরুতে খেয়ে ফেলে না—

এমন সময় মাতোর মা তাহার ছোট ছেলেকে পিছনে লইয়া খিড়কীর দোর দিয়া উঠানে ঢুকিল। দুর্গা বলিল—এদিকে কোথেকে তমরুজের বোঁ?

মাতোর মায়ের বয়সও খুব বেশী না, দেখিতেও মন্দ ছিল না, কিন্তু স্বামীর মৃত্যুর পর হইতেই কষ্টে পড়িয়া মলিন ও শীর্ণ হইয়া পড়িয়াছে। বলিল—কুঠীর মাঠে গিয়েছিলাম কাঠ কুড়ুতি—বুঁইচের মালা নেবা?

দুর্গা তো বন বাগান খুঁজিয়া নিজেই কত বৈচিত্র্য প্রায়ই তুলিয়া আনে, ঘাড় নাড়াইয়া বলিল—
সে কিনিবে না।

মাতোর মা বলিল—নেও না দিদি ঠাকুরোণ, বেশ মিষ্টি বুঁচে মধুখালির বিলির ধারে থেকে
তুলেলাম—কৌচড় হইতে একগাছা মালা বাহির করিয়া দেখাইয়া বলিল—দেখো কত বড় বড়! কাঠ
নিয়ে বাজারে যেতি, বিক্রী কত্তি, পয়সা পেতি বড্ড বেলা হয়ে যাবে, মাতোরে ততক্ষণ এক পয়সার
মুড়ি কিনে দেতাম। নেও, পয়সায় দু গাছ দেবানি—

দুর্গা রাজী হইল না, বলিল—অপু, ঘটতে একগাল খানিক চা'লভাজা আছে, নিয়ে এসে মাতোর
হাতে দে তো! উহারা থিড়কী দোর দিয়াই পুনরায় বাহির হইয়া গেলে দুজনে জিনিসপত্র লইয়া চলিল।

চারিদিক বনে ঘেরা। বাহির হইতে দেখা যায় না। খেলাঘরের মাটির ছোবার মত ছোট্ট একটি
হাঁড়িতে দুর্গা ভাত চড়াইয়া দিয়া বলিল—এই দ্যাখ অপু, কত বড় বড় মেটে আলুর ফল নিয়ে এসিচি
এক জায়গা থেকে। পুঁটিদের তালতলায় একটা ঝোপের মাথায় অনেক হয়ে আছে, ভাতে দোবো...

অপু মহা উৎসাহে শুকনা লতা-কাটি কুড়াইয়া আনে। এই তাহাদের প্রথম বন-ভোজন। অপূর
এখনও বিশ্বাস হইতেছিল না যেন, এখানে সত্যিকারের ভাত-তরকারী রান্না হইবে, না খেলাঘরের বন-
ভোজন, যা কতবার হইয়াছে, সে রকম হইবে,—ধুলার ভাত, খাপরার আলুভাজা, কাঁঠাল পাতার
লুচি?

কিন্তু বড় সুন্দর বেলাটি!—বড় সুন্দর স্থান বন-ভোজনের! চারিধারে বনঝোপ, ওদিকে তেলাকুচা
লতার দুলুনি, বেলগাছের তলে জঙ্গলে শেওড়া গাছে ফুলের ঝাড়, আধপোড়া কটা দুর্বাঘাসের উপর
খঞ্জন পাখীরা নাচিয়া নাচিয়া ছুটিয়া বেড়াইতেছে, নির্জন ঝোপ-ঝাপের আড়ালে নিভৃত নিরাল স্থানটি।
প্রথম বসন্তের দিনে ঝোপে ঝোপে নতুন কচি পাতা, ষেটফুলের ঝড় পোড়ো ভিটাটা আলো করিয়া
ফুটিয়া আছে, বাতাবি লেবু গাছটায় কয়দিনের কুয়াসায় ফুল অনেক ঝরিয়া গেলেও থোপা থোপা সাদা
সাদা ফুল উপরের ডালে চোখে পড়ে।

দুর্গা আজকাল যেন এই গাছপালা, পথঘাট এই অতি পরিচিত গ্রামের প্রতি অক্সিসন্ধিকে অত্যন্ত
বেশী করিয়া আঁকড়াইয়া ধরিতেছে। আসন্ন বিরহের কোন্ বিষাদে এই কত প্রিয় গাবতলার পথটি, ওই
তাহাদের বাড়ীর পিছনের বাঁশবন, ছায়াভরা নদীর ঘাটটি আচ্ছন্ন থাকে। তাহার অপু—তাহার সোনার
খোকা ভাইটি, যাহাকে এক বেলা না দেখিয়া সে থাকিতে পারে না, মন হ হ করে—তাহাকে ফেলিয়া
সে কতদূর যাইবে!

আর যদি সে না ফেরে—যদি নিতম পিসির মত হয়?

এই ভিটাতেই নিতম পিসি ছিল, বিবাহ হইয়া কতদিন আগে কোথায় চলিয়া গিয়াছে, আর বাপের
ভিটাতে ফিরিয়া আসে নাই। অনেককাল আগের কথা—ছেলেবেলা হইতে গল্প শুনিয়া আসিতেছে।
সকলে বলে বিবাহ হইয়াছিল মুর্শিদাবাদ জেলায়,—সে কতদূরে? কোথায়? কেহ আর তাহার খোঁজখবর
করে না; আছে কি নাই, কেহ জানে না। বাপকে নিতম পিসি আর দেখে নাই, মাকে আর দেখে নাই,
ভাই-বোনকেও না। সব একে একে মরিয়া গিয়াছে। মাগো, মানুষ কেমন করিয়া এমন নিষ্ঠুর হয়! কেন
তাহার খোঁজ কেহ যে আর করে নাই! কতদিন সে নির্জনে এই নিতম পিসির কথা ভাবিয়া চোখের
জল ফেলিয়াছে! আজ যদি হঠাৎ সে ফিরিয়া আসে—এই ঘোর জঙ্গল-ভরা জনশূন্য বাপের ভিটা
দেখিয়া কি ভাবিবে?

তাহারও যদি ঐ রকম হয়? ঐ তাহার বাবাকে, মাকে, অপুকে ছাড়িয়া—আর কখনো দেখা হইবে
না—কখনো না—কখনো না—এই তাহাদের বাড়ী, গাবতলা, ঘাটের পথ?

ভাবিলে গা শিহরিয়া ওঠে, দরকার নাই। কি জানি কেন আজকাল তাহার মনে হয় একটা কিছু
তাহার জীবনে শীঘ্র ঘটবে। একটা এমন কিছু জীবনে শীঘ্রই আসিতেছে যাহা আর কখনো আসে না।
দিন-রাতে খেলা-ধুলার, কাজ-কর্মের ফাঁকে ফাঁকে এ কথা তাহার প্রায়ই মনে হয়...ঠিক সে বুঝিতে
পারে না তাহা কি, বা কেমন করিয়া সেটার আসিবার কথা মনে উঠে, তবুও মনে হয়, কেবলই মনে
হয়, তাহা আসিতেছে... আসিতেছে... শীঘ্রই আসিতেছে...

চড়ুই-ভাতির মাঝামাঝি অপূদের বাড়ীর উঠানে কাহার ডাক শোনা গেল। দুর্গা বলিল—বিনির গলা যেন—নিয়ে আয় তো ডেকে অপু। একটু পরে অপূর পিছনে পিছনে দুর্গার সমবয়সী একটি কালো মেয়ে আসিল—একটু হাসিয়া যেন কতকটা সম্ভ্রমের সুরে বলিল—কি হচ্ছে দুর্গা দিদি?

দুর্গা বলিল—আয় না বিনি, চড়ুই-ভাতি কচ্চি—বোস্—

মেয়েটি ওপাড়ার কালীনাথ চক্কড়ির মেয়ে—পরনে আধময়লা শাড়ী, হাতে সন্ন সন্ন কাঁচের চুড়ি, একটু লম্বা গড়ন, মুখ নিতান্ত সাদাসিধা। তাহার বাপ যুগীর বামুন বলিয়া সামাজিক ব্যাপারে পাড়ায় তাহাদের নিমন্ত্রণ হয় না, গ্রামের একপাশে নিতান্ত সঙ্কুচিত ভাবে বাস করে। অবস্থাও ভাল নয়। বিনি দুর্গার ফরমাইজ খাটিতে লাগিল খুব। বেড়াইতে আসিয়া হঠাৎ সে যেন একটা লাভজনক ব্যাপারের মধ্যে আসিয়া পড়িয়াছে, এখন ইহারা তাহাকে সে উৎসবের অংশীদার স্বীকার করিবে কি না করিবে—এরূপ একটা দ্বিধামিশ্রিত উল্লাসের ভাব তাহার কথাবার্তায় ভাবভঙ্গিতে প্রকাশ পাইতেছিল। দুর্গা বলিল—বিনি, আর দুটো শুকনো কাঠ দ্যাখ্ তো—আগুনটা জ্বলচে না ভাল—

বিনি তখনি কাঠ আনিতে ছুটিল এবং একটু পরে একবোঝা শুকনো বেলের ডাল আনিয়া হাজির করিয়া বলিল—এতে হবে দুগ্গা দিদি—না আর আনবো?—দুর্গা যখন বলিল—বিনি এসেচে—ও-ও তো এখানে খাবে—আর দুটো চাল নিয়ে আয় অপু—বিনির মুখখানা খুশিতে উজ্জ্বল হইয়া উঠিল। খানিকটা পরে বিনি জল আনিয়া দিল। আগ্রহের সুরে জিজ্ঞাসা করিল—কি কি তরকারী দুগ্গা দিদি?

ভাত নামাইয়া দুর্গা তেলটুকু দিয়া বেগুন তাহাতে ফেলিয়া দিয়া ভাজে। খানিকটা পরে সে অবাক হইয়া ছোবার দিকে চাহিয়া থাকে, অপুকে ডাকিয়া বলে—ঠিক একেবারে সত্যিকারের বেগুন ভাজার মত রং হচ্ছে দেখচিস অপু! ঠিক যেন মা'র রান্না বেগুন-ভাজা না?

অপূরও ব্যাপারটা আশ্চর্য বোধ হয়। তাহারও এতক্ষণ যেন বিশ্বাস হইতেছিল না যে, তাহাদের বন-ভোজনে সত্যিকার ভাত, সত্যিকার বেগুন-ভাজা সম্ভবপর হইবে! তাহার পর তিনজনে মহা আনন্দে কলার পাতে খাইতে বসে, শুধু ভাত আর বেগুন-ভাজা আর কিছু না। অপু গ্রাস মুখে তুলিবার সময় দুর্গা সেদিকে চাহিয়া ছিল, আগ্রহের সঙ্গে জিজ্ঞাসা করে,—কেমন হয়েছে রে বেগুন ভাজা?

অপু বলে,—বেশ হয়েছে দিদি, কিন্তু নুন হয় নি যেন—

লবণকে রন্ধনের উপকরণের তালিকা হইতে ইহারা অদ্য একেবারেই বাদ দিয়াছে, লবণের বালাই রাখে নাই। কিন্তু মহাখুশিতে তিনজনে কোবো মেটে আলুর ফল ভাতে ও পানসে আধপোড়া বেগুন-ভাজা দিয়া চড়ুইভাতির ভাত খাইতে বসিল। দুর্গার এই প্রথম রান্না, সে বিশ্বয়মিশানো আনন্দের সঙ্গে নিজের হাতের শিল্প-সৃষ্টি উপভোগ করিতেছিল! এই বন-ঝোপের মধ্যে, এই শুকনো আতাপাতার রাসের মধ্যে, খেজুর তলায় বারিয়া-পড়া খেজুর পাতার পাশে বসিয়া সত্যিকারের ভাত তরকারী খাওয়া।

খাইতে খাইতে দুর্গা অপূর দিকে চাহিয়া হি হি করিয়া খুশির হাসি হাসিল। খুশিতে ভাতের দলা তাহার গলার মধ্যে আটকাইয়া যাইতেছিল যেন। বিনি খাইতে খাইতে ভয়ে ভয়ে বলিল—একটু তেল আছে দুগ্গাদি? মেটে আলুর ফল ভাতে মেখে নিতাম।

দুর্গা বলিল—অপু, ছুটে নিয়ে আয় একটু তেল—

যে জীবন কত শত পুলকের ভাণ্ডার, কত আনন্দ-মুহূর্তের আলো-জ্যোৎস্নার অবদানে মণ্ডিত, ইহাদের সে মাধুরীময় জীবনযাত্রার সবে তো আরম্ভ। অনন্ত যে জীবন পথ দূর হইতে বহুদূরে দৃষ্টির কোন্ ওপারে বিসর্পিত, সে পথের ইহারা নিতান্ত ক্ষুদ্র পথিকদল, পথের বাঁকে ফুলেফলে দুঃখেসুখে, ইহাদের অভ্যর্থনা একেবারে নূতন।

আনন্দ! আনন্দ! প্রসারের আনন্দ, জীবনের মাঝে মাঝে যে আড়াল আছে, বিশাল তুষারমৌলি গিরিসঙ্কটের ওদিকের যে পথটা দেখিতেছে না, তাহার আনন্দ! আজকের আনন্দ! সামান্য, সামান্য, ছোটখাটো তুচ্ছ জিনিসের আনন্দ!

অপু বলিল—মাকে কি বল্‌বি দিদি? আবার ওবেলা ভাত খাবি?

—দূর মাকে কখনো বলি! সন্দের পর দেখিস্ খিদে পাবে এখন—

যুগীর বামন বলিয়া পাড়ায় জল খাইতে চাহিলে লোকে ঘটিতে করিয়া জল খাইতে দেয়; তাহাও আবার মাজিয়া দিতে হয়। বিনি দু-একবার ইতস্তত করিয়া অপূর গ্লাসটা দেখাইয়া বলিল—আমার গালে একটু জল ঢেলে দেও তো, অপূ? জল তেষ্ঠা পেয়েছে!

অপূ বলিল—নাও না বিনিদি, তুমি নিয়ে চুমুক দিয়ে খাও না!

তবু যেন বিনির সাহস হয় না। দুর্গা বলিল—নে না বিনি, গেলাসটা নিয়ে খা না?

খাওয়া-দাওয়া হইয়া গেলে দুর্গা বলিল—হাঁড়িটা ফেলা হবে না কিন্তু, আবার আর একদিন বনভোজন করবো—কেমন তো, ওই কুলগাছটার ওপরে টাঙিয়ে রেখে দেবো।

অপূ বলিল—হ্যাঁ, ওখানে থাকবে কিনা? মাতোর মা কাঠ কুড়োতে আসে, দেখতে পেলে নিয়ে যাবে দিদি—ভারি চোর—

একটা ভাঙা পাঁচিলের ঘুলঘুলির মধ্যে ছোবাটা দুর্গা রাখিয়া দিল।

অপূর বুক টিপ্ টিপ্ করিতেছিল। ঐ ঘুলঘুলিটার ওপিঠে আর একটা ছোট ঘুলঘুলি আছে, তাহার মধ্যে অপূ লুকাইয়া চুরটের বাস্ত রাখিয়া দিয়াছে, দিদি সেদিকে যদি যাইয়া পড়ে।

নেড়াদের বাড়ীতে কিছুদিন আগে নেড়ার ভগ্নীপতি ও তাঁহার এক বন্ধু আসিয়াছিল। কলিকাতার কাছে কোথায় বাড়ী। খুব বাবু, খুব চুরট খায়। এই একবার খাইল, আবার এই খাইতেছে। অপূর মনে মনে অত্যন্ত ইচ্ছা হইয়াছিল সেও একবার চুরট খাইয়া দেখিবে, কেমন লাগে। সে নেড়ার সঙ্গে পরামর্শ করিয়া গ্রামের হরিশ যুগীর দোকান হইতে তিন পয়সায় রাঙা কাগজ মোড়া দশটি চুরট কিনিয়া আনে। সেদিন এই ঘন জঙ্গলের মধ্যে একা বসিয়া চুপি চুপি একটা চুরট ধরাইয়া খাইয়াছিল—ভাল লাগে নাই, তেতো তেতো কেমন একটা ঝাঁঝ—দুটন খাইয়া সে আর খাইতে পারে নাই, কিন্তু তাহার ভাগের বাকী চারটি চুরট সে ফেলিয়াও দিতে পারে নাই, নেড়ার ভগ্নীপতির নিকট সংগৃহীত একটা খালি চুরটের বাস্ত্রে সে-কয়টি সে ওই পোড়োভিটের জঙ্গলে ভাঙা পাঁচিলের ঘুলঘুলিতে লুকাইয়া রাখিয়া দিয়াছে। প্রথম চুরট খাইবার দিন চুরট টানা শেষ হইয়া গেলে ভয়ে তাহার বুকের মধ্যে কেমন করিয়া উঠিতেছিল, পাছে মুখের গন্ধে মা টের পায়। পাকা কুল অনেক করিয়া খাইয়া নিজের মুখের হাই হাত পাতিয়া ধরিয়া অনেকবার পরীক্ষা করিয়া তবে সে সেদিন পুনর্বীর মনুষ্যসমাজে প্রবেশ করিয়াছিল। যায় বুঝি আজ বামালসুদ্ধ ধরা পড়িয়া!

কিন্তু দিদির পাঁচিলের ওপিঠে খাইবার দরকার হয় না। এপিঠেই কাজ সারা হইয়া যায়।

পথের পাঁচালী

একবিংশ পরিচ্ছেদ

কথাটা সর্বজয়া ঘাটে গিয়া পাড়ার মেয়েদের মুখে শুনিল।

আজ কয়েকদিন হইতে নীরেনের সঙ্গে অন্নদা রায়ের, বিশেষ করিয়া তাঁহার ছেলে গোকুলের মনান্তর চলিতেছিল। কাল দুপুর বেলা নাকি খুব ঝগড়া ও চেষ্টামেচি বাধে। ফলে কাল রাত্রেই নীরেন জিনিসপত্র লইয়া এখান হইতে চলিয়া গিয়াছে। অন্নদা রায়ের প্রতিবেশী যজ্ঞেশ্বর দীঘড়ীর স্ত্রী হরিমতি বলিতেছিলেন—সত্যি মিথ্যে জানিনে, ক'দিন থেকে তো নানারকম কথা শুনতে পাচ্ছি—আমি বাপু বিশ্বাস করিনে, বৌটে তেমন নয়। আবার নাকি শুনলাম নীরেন লুকিয়ে টাকা দিয়েছে, বৌ নাকি টাকা কোথায় পাঠিয়েছিল, নীরেনের হাতের লেখা রসিদ ফিরে এসে গোকুলের হাতে পড়েছে এই সব। — যাক বাপু, সে সব পরের কুছ শুনে কি হবে? নীরেন শুনলাম বলচে—আপনারা সকলে মিলে একজনের ওপর অত্যাচার কর্তে পারেন তাতে দোষ হয় না?—আপনারা যা ভাবেন ভাবুন, বৌ-ঠাকরুণ একবার হুকুম করুন আমি ওঁকে এই দণ্ডে আমার হারানো মায়ের মত মাথায় ক'রে নিয়ে যাবো—তারপর আপনারা যা করবার করবেন। তারপর খুব হৈ চৈ খানিকক্ষণ হোল—সন্দের আগেই সে গয়লাপাড়া থেকে একখানা গাড়ী ডেকে আনলে, জিনিসপত্র নিয়ে চলে গেল।

সর্বজয়া কথাটা শুনিয়া বড় দমিয়া গেল। ইতিমধ্যে স্বামীকে দিয়া অন্নদা রায়কে নীরেনের পিতার নিকট এ বিবাহ সম্বন্ধে পত্র লিখিতে অনুরোধ করিয়াছে। নীরেনকে আরও দুইবার বাড়ীতে নিমন্ত্রণ

করিয়ামছিল—‘ছেলেটিকে তাহার অত্যন্ত পছন্দ হইয়াছে। হরিহর তাহাকে অনেকবার বুঝাইয়াছে নীরেনের পিতা বড়লোক— তাহাদের ঘরে তিনি কি আর পুত্রের বিবাহ দিবেন? সর্বজয়া কিন্তু আশা ছাড়ে নাই, তাহার মনের মধ্যে কোথায় যেন সাহস পাইয়াছে—এ বিবাহের যোগাযোগ যেন দুরাশা নয়, ইহা ঘটবে। হরিহর মনে মনে বিশ্বাস না করিলেও স্ত্রীর অনুরোধে অন্নদা রায়াকে কয়েকবার তাগিদ দিয়াছিল বটে। কিন্তু এখন যে বড় বিপদ ঘটিল!

ইতিমধ্যে একদিন পথে দুর্গার সঙ্গে গোকুলের বউয়ের দেখা হইল। সে চুপি চুপি দুর্গাকে অনেক কথা বলিল, নীরেন কেন চলিয়া গেল তাহারই ইতিহাস। বলিতে বলিতে তাহার চোখ ছাপাইয়া ঝর ঝর করিয়া জল পড়িতে লাগিল।

—এই রকম ঝাঁটলাথি খেয়েই দিন যাবে—কেউ নেই দুর্গা—তাই কি, ভাইটা মানুষ? কোথাও যে দুদিন জুড়বো সে জায়গা নেই—

সহানুভূতিতে দুর্গার বুক ভরিয়া উঠিল, সঙ্গে সঙ্গে খুড়ীমার কলঙ্কের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ও তাহার দুঃখে সান্ত্বনাসূচক নানা কথা অস্পষ্টভাবে তাহার মনের মধ্যে জোট পাকইয়া উঠিল। সব কথা শুছাইয়া বলিতে না পারিয়া শুধু বলিল, ওই সখী ঠাকুরমা যা লোক! বলুক গে না, সে করবে কি? কেঁদো না খুড়ীমা লক্ষ্মীটি, আমি রোজ যাবো তোমার কাছে—

সর্বজয়া শুনিয়া আগ্রহের সুরে জিজ্ঞাসা করিল—বোমা কি ব্লেন্স-টল্লেন দুর্গা?... তা নীরেনের কথা কিছু হোল নাকি?

দুর্গা লজ্জিত সুরে বলিল—তুমি কাল জিগ্যেস করো না যাটে? আমি জানি নে—

অপু একবার জিজ্ঞাসা করিল,—খুড়ীমার কাছে কি শুনলি, মাষ্টার মশায় আর আসবেন না?

দুর্গা ধমক দিয়া কহিল—তা আমি কি জানি—যাঃ—

পড়ন্ত রোদে ছায়াভরা পথটি কেমন যেন মন-কেমন-করা-করা। সে তাহার ভাইএর জন্য। এ-রকম তাহার হয়, কতবার হইয়াছে, বেশীক্ষণ ধরিয়া যদি সে বাড়ী না থাকে, কি ভাইকে না দেখে, ভাইয়ের রাশি রাশি কাল্পনিক দুঃখের কথা মনে হইয়া মনের মধ্যে কেমন করে।

তাহার অমন দুখে-আলতা রংএর সোনার পুতুলের মত ভাইটা ময়লা আধছেঁড়া মত একখানা কাপড় পরিয়া বাড়ীর দরজার সামনে আপনমনে একা একা কড়ি চালিয়া বেগুন-বাঁচি খেলিতেছে। তাহার কাছে পয়সা চায় এটা-ওটা কিনিতে, সে দিতে পারে না—ভারী কষ্ট হয় মনে—

দিন কয়েক পরে। ভুবন মুখুয়োর বাড়ী রাণুর দিদির বিবাহ শেষ হইয়া গিয়াছে বটে কিন্তু এখনও কুটুম্ব-কুটুম্বিনীরা সকলে যান নাই। ছেলেমেয়েও অনেক। একটি ছোট্ট মেয়ের সঙ্গে দুর্গার বেশ আলাপ হইয়াছে, তাহার নাম টুনি। তাহার বাপও আসিয়াছিলেন। আজ দুপুরের পর স্ত্রী ও কন্যাকে কিছুদিনের জন্য এখানে রাখিয়া কর্মস্থানে গিয়াছেন। ঘণ্টা খানেক পরে, সেজ ঠাকরণ এ ঘরে কি কাজ করিতেছিলেন, টুনির মায়ের গলা তাঁহার কানে গেল। সেজ ঠাকরণ দালানে আসিয়া বলিলেন—কি রে হাসি, কি? টুনির মা উত্তেজিতভাবে ও ব্যস্তভাবে বিছানাপত্র, বালিসের তলা হাতড়াইতেছে, উঁকি মারিতেছে, তোষক উশ্টাইয়া ফেলিয়াছে; বলিল—এই একটু আগে আমার সেই সোনার সিঁদুরের কৌটোটা এই বিছানার পাশে এইখানটায় রেখেছি, খোকা দোলায় টেঁচিয়ে উঠল, উনি বাড়ী থেকে এলেন—আর তুলতে মনে নাই—কোথায় গেল আর তো পাচ্ছি নে?—

সেজ ঠাকরণ বলিলেন—ওমা সে কি? হাতে করে নিয়ে যাসনি তো?

—না দিদিমা, এইখানে রেখে গেলুম। বেশ মনে আছে, ঠিক এইখানে—

সকলে মিলিয়া খানিকক্ষণ চারিদিকে খোঁজাখুঁজি করা হইল, কৌটার সন্ধান নাই। সেজ ঠাকরণ জিজ্ঞাসা করিয়া জানিলেন, দালানে প্রথমটা এ বাড়ীর ছেলেমেয়ে ছিল, তারপর খাওয়ার ডাক পড়িলে ছেলেমেয়েরা সব খাবার খাইতে যায়, তখন বাহিরের লোকের মধ্যে ছিল দুর্গা। সেজ ঠাকরণের ছোট্ট মেয়ে টেঁপি চুপি চুপি বলিল—আমরা যেই খাবার খেতে গেলাম দুর্গাদি তখন দেখি যে খিড়কীর দোর দিয়ে বেরিয়ে যাচ্ছে, এই মাত্রের আবার এসেচে—

সেজ ঠাকুরণ চুপি চুপি কি পরামর্শ করিলেন, পরে রুক্মসুরে দুর্গাকে বলিলেন—কৌটো দিয়ে দে দুর্গা, কোথায় রেখেচিস বল্—বার কর্ এখুনি বল্চি—

দুর্গার মুখ শুকাইয়া এতটুকু হইয়া গিয়াছিল, সেজ ঠাকুরণের ভাবভঙ্গিতে তাহার জিব যেন মুখের মধ্যে জড়াইয়া গেল। অস্পষ্টভাবে কি বলিল ভাল বোঝা গেল না।

টুনির মা এতক্ষণ কোনো কথা বলে নাই—একজন ভদ্রঘরের মেয়েকে সকলে মিলিয়া চোর বলিয়া ধরাতে একটু অবাক হইয়া গিয়াছিল, বিশেষতঃ দুর্গাকে সে কয়েকদিন এখানে দেখিতেছে, দেখিতে বেশ চেহারা বলিয়া দুর্গাকে পছন্দ করে—সে চুরি করিবে ইহা কি সম্ভব? সে বলিল—ও নেয় নি বোধ হয় সেজদি—ও কেন—

সেজ ঠাকুরণ বলিলেন—তুমি চুপ করে থাকো না! তুমি ওর কি জানো, নিয়েচে কি না নিয়েচে আমি জানি ভাল কর্—

একজন বলিলেন—তা নিয়ে থাকিস বের কর্ দে, নয়তো কোথায় আছে বল্—আপদ চুকে গেল। দিয়ে দে লক্ষ্মীটি, কেন মিথ্যে—

দুর্গা যেন কেমন হইয়া গিয়াছিল—তাহার পা ঠক্ ঠক্ করিয়া কাঁপিতেছিল—সে দেওয়ালে ঠেস দিয়া দাঁড়াইয়া বলিল—আমি তো জানিনে কাকীমা—আমি তো—

সেজ ঠাকুরণ বলিলেন—বলেই আমি শুনবো? ঠিক ও নিয়েচে—ওর ভাব দেখে আমি বুঝতে পেরেছি। আচ্ছা, ভাল কথায় বলচি কোথায় রেখেচিস দিয়ে দে, জিনিস দিয়ে দাও তো কিছু বোলবো না—আমার জিনিস পেলেই হোল—

পূর্বোক্ত কুটুম্বিনী বলিলেন—ভদ্রর লোকের মেয়ে চুরি করে কোথাও শুনি নি তো কখনো। এই পাড়াতেই বাড়ী নাকি?

সেজ ঠাকুরণ বলিলেন—তুমি ভাল কথা কই কেউ নও! দেখবে তুমি মজটা একবার, তুমি আমার বাড়ীর জিনিস নিয়ে হজম কর্তে গিয়েচো—এ কি যা তা পেয়েচ বুঝি?—তোমায় আমি আজ—

পরে তিনি দুর্গার হাতখানা ধরিয়া হিড়্‌হিড়্‌ করিয়া টানিয়া তাহাকে দালানের ঠিক মাঝখানে আনিয়া বলিলেন, দুর্গা, বল্ এখনও কোথায় রেখেচিস?....বল্‌বি নে?.... না, তুমি জানো না, তুমি খুকী—তুমি কিছু জানো না— শীগ্‌গিরি বল্, নৈলে দাঁতের পাটি একেবারে সব ভেঙে গুঁড়ো কর্ ফেলবো এখুনি! বল্ শীগ্‌গিরি—বল্ এখনো বল্‌চি—

টুনির মা হাত ধরিতে আগাইয়া আসিতেছিল, একজন কুটুম্বিনী বলিলেন, রোসো না, দেখ্‌চো না ওই ঠিক নিয়েচে। চোরের মারই ওষুধ—দিয়ে দাও এখুনি মিটে গেল, —কেন মিথ্যে—

দুর্গার মাথার মধ্যে কেমন করিতেছিল। সে অসহায়ভাবে চারিদিকে চাহিয়া অতি কষ্টে শুকনো জিবে জড়াইয়া উচ্চারণ করিল—আমি তো জানিনে কাকীমা, ওরা সব চ'লে গেল আমিও তো—কথা বলিবার সময় সে ভয়ে আড়ষ্ট হইয়া সেজ ঠাকুরণের দিকে চোখ রাখিয়া দেওয়ালের দিকে ঘেঁষিয়া যাইতে লাগিল।

পরে সকলে মিলিয়া আরও খানিকক্ষণ তাহাকে বুঝাইল। তাহার সেই এক কথা—সে জানে না। কে একজন বলিল—পাকা চোর—

টুপি বলিল—বাগানের আমগুলো তলায় পড়বার জো নেই কাকীমা—

শেষোক্ত কথাতেই বোধ হয় সেজ ঠাকুরণের কোন ব্যথায় যা লাগিল। তিনি হঠাৎ বাজখাঁই রকমের আওয়াজ ছাড়িয়া বলিয়া উঠিলেন—তবে রে পাজি, নছহার চোরের বাড়ি, তুমি জিনিস দেবে না? দেখি তুমি দেও কি না দেও! কথা শেষ না করিয়াই তিনি দুর্গার উপর বাঁপাইয়া পড়িয়া তাহার মাথাটা লইয়া সজোরে দেওয়ালে ঠুকিতে লাগিলেন। বল্ কোথায় রেখেচিস্—বল্ এখুনি—বল্ শীগ্‌গিরি—বল্—

টুনির মা তাড়াতাড়ি ছুটিয়া আসিয়া সেজ ঠাকুরণের হাত ধরিয়া বলিল, করেন কি—করেন কি সেজদি—থাক্‌গে আমার কৌটো—ওরকম কর্ মারেন কেন?—ছেড়ে দিন—থাক্, হয়েছে, ছাড়ুন, ছিঃ! টুনি মার দেখিয়া কাঁদিয়া উঠিল। পূর্বোক্ত কুটুম্বিনী বলিলেন—এঃ, রক্ত পড়ছে যে....

দুর্গার নাক দিয়া ঝর ঝর করিয়া রক্ত পড়িতেছে কেহ লক্ষ্য করে নাই। বুকের কাপড়ের খানিকটা রক্তরাঙা হইয়া উঠিয়াছে।

টুনির মা বলিলেন,—শীগগির একটু জল নিয়ে আয় টেপি— রোয়াকের বালতিতে আছে দ্যাখ্—
টেচামিচে ও হৈ চৈ শুনিয়া পাশের বাড়ীর কামারদের ঝি-বৌরা ব্যাপার কি দেখিতে আসিল।
রাণুর মা এতক্ষণ ছিলেন না—দুপুরে খাওয়া-দাওয়ার পরে কামার-বাড়ী বসিয়া গল্প করিতেছিলেন—
তিনিও আসিলেন।

মারের চোটে দুর্গার মাথার মধ্যে ঝাঁ ঝাঁ করিতেছিল, সে দিশাহারা ভাবে ভিড়ের মধ্যে একবার চাহিয়া কি দেখিল।

জল আসিলে রাণুর মা তাহার চোখে মুখে জল দিয়া তাহাকে ধরিয়া বসাইলেন। তাহার মাথার মধ্যে কেমন ঝিম্ ঝিম্ করিতেছিল, সে দিশাহারা ভাবে বসিয়া পড়িল। রাণুর মা বলিলেন—অমন ক'রে কি মারে সেজ্জদি?...রোগা মেয়েটা—ছিঃ—

— তোমরা ওকে চেনো নি এখনো। চোরের মার ছাড়া ওষুধ নেই এই বলে দিলুম—মারের এখনো হয়েছে কি— না পাওয়া গেলে ছাড়বো নাকি? হরি রায় আমায় যেন শূলে ফাঁসে দেয় এরপর—
রাণুর মা বলিলেন—হয়েচে, এখন একটু সামলাতে দেও সেজ্জদি—যে কাভ করেচো—

টুনির মা বলিল—ওমা, এত হবে জানলে কে কৌটোর কথা বলতো?...চাইনে আমার কৌটো—
ওকে ছেড়ে দাও সেজ্জদি—

সেজ্জ ঠাকুরণ এত সহজে ছাড়িতেন কিনা বলা যায় না, কিন্তু জনমত তাঁহার বিরুদ্ধে রায় দিতে লাগিল।...কাজেই তিনি আসামীকে ছাড়িয়া দিতে বাধ্য হইলেন।

রাণুর মা তাহাকে ধরিয়া ওদিকের দরজা খুলিয়া খিড়কীর উঠানে বাহির করিয়া দিলেন। বলিলেন—
খুব ক্ষেণে আজ বাড়ী থেকে বেরিয়েছিলি যা হোক! যা, আন্তে আন্তে যা—টেপি খিড়কীটা ভাল ক'রে
খুলে দে—

দুর্গা দিশাহারা ভাবে খিড়কী দিয়া বাহির হইয়া গেল, মেয়েছেলে ও যাহারা উপস্থিত ছিল—সকলে
চাহিয়া দেখিতে লাগিল।

একজন বলিল—তবুও তো স্বীকার কল্পে না—কি রকম দেখচো একবার?চোখ দিয়ে কিন্তু এক
ফোঁটা জল পড়লো না—

রাণুর মা বলিলেন—জল পড়বে কি, ভয়েই শুকিয়ে গিয়েচে। চোখে কি আর জল আছে?
ওইরকম ক'রে মারে সেজ্জদি!

পথের পাঁচালী

দ্বাবিংশ পরিচ্ছেদ

গ্রামে বারোয়ারী চড়কপূজার সময় আসিল। গ্রামের বৈদ্যনাথ মজুমদার চাঁদার খাতা হাতে বাড়ী বাড়ী
চাঁদা আদায় করিতে আসিলেন। হরিহর বলিল, না খুড়ো, এবার আমার এক টাকা চাঁদা ধরটা অনেষ্য
হয়েছে—এক টাকা দেবার কি আমার অবস্থা? বৈদ্যনাথ বলিলেন—না হে না, এবার নীলমণি হাজরার
দল। এ রকম দলটি এ অঞ্চলে কেউ চক্ষেও দেখেনি। এবার পালপাড়ার বাজারে মহেশ সেকরার
বালক-কেন্দ্রের দল গাইবে, তার সঙ্গে পাল্লা দেওয়া চাই-ই—

বৈদ্যনাথ এমন ভাব দেখাইলেন যেন নিশ্চিন্দীপুরবাসিগণের জীবন-মরণ এই প্রতিযোগিতার
সাফল্যের উপর নির্ভর করিতেছে।

অপু একটা কঞ্চি টানিতে টানিতে বাড়ী ঢুকিয়া বলিল—পাকা কঞ্চি বাবা, তোমার খুব ভালো
কলম হবে, ডোবার ধারের বাঁশতলায় পড়ে ছিল, কুড়িয়ে আনলাম—পরে সে হাসিমুখে সেটা কতকটা
উঁচু করিয়া তুলিয়া দেখাইয়া বলিল, হবে না বাঁবা তোমার কলম? কেমন পাকা, না?

চড়কের আর বেশী দেরি নাই। বাড়ী বাড়ী গাজনের সন্ন্যাসী নাচিতে বাহির হইয়াছে। দুর্গা ও অপু
আহার-নিদ্রা ত্যাগ করিয়া সন্ন্যাসীদের পিছনে পিছনে পাড়ায় পাড়ায় ঘুরিয়া বেড়াইল। অন্য অন্য

গৃহস্থ বাড়ী হইতে পুরানো কাপড় দেয়, চাঁল পয়সা দেয়—কেউ বা ঘড়া দেয়—তাহারা কিছুই দিতে পারে না দুটো চাঁল ছাড়া—এজন্য তাহাদের বাড়ীতে এ দল কোনো বারই আসে না! দশ বারো দিন সন্ন্যাসী-নাচনের পর চড়কের পূর্বরাত্রে নীলপূজা আসিল।

নীলপূজার দিন বৈকালে একটা ছোট খেজুরগাছে সন্ন্যাসীরা কাঁটা ভাঙে—এবার দুর্গা আসিয়া খবর দিল প্রতি বৎসরের সে গাছটাতে এবার কাঁটা-ভাঙা হইবে না, নদীর ধারে আর একটা গাছ সন্ন্যাসীরা এবার পূর্ব হইতেই ঠিক করিয়াছে। পাড়ার ছেলেদের সঙ্গে দল বাঁধিয়া দুর্গা ও অপু সেখানে গিয়া জোটে। তারপর কাঁটা-ভাঙার নাচ হইয়া গেলে সকলে চড়কতলাটাতে একবার বেড়াইতে যায়। খেজুরের ডাল দিয়া নীলপূজার মন্ডপ ঘিরিয়াছে—চড়কতলার মাঠের শেওড়াবন ও অন্যান্য জঙ্গল কাটিয়া পরিষ্কার করা হইয়াছে। সেখানে ভুবন মুখুয্যেদের বাড়ীর মেয়েদের সঙ্গে দেখা হইল—রাণী, পুঁটি, টুনু—এদের বাড়ীতে কড়া শাসন আছে, দুর্গার মত টো টো করিয়া য়েখানে সেখানে বেড়াইবার হুকুম নাই—অতি কষ্টে বলিয়া কহিয়া ইহারা চড়কতলা পর্যন্ত আসিয়াছে।

টুনু বলিল—আজ রাত্রে সন্নিসিরা শ্মশান জাগাতে যাবে—

রাণী বলিল—আহা, তা বুঝি আর জানিনে? একজন মড়া হবে। তাকে বেঁধে নিয়ে যাবে শ্মশানের সেই ছাতিমতলায়। তাকে আবার বাঁচাবে, তারপর মড়ার মুণ্ড নিয়ে আসবে—ছড়া বলতে বলতে আসবে—ওর সব মন্তর আছে—

দুর্গা বলিল—আমি জানি ওদের ছড়া, শুনবি বোলবো?

স্বগগো থেকে এলো রথ

নামলো খেতুলে

চব্বিশ কুটা বাণবর্ষা শিবের সঙ্গে চলে—

সত্যযুগের মড়া আর আওল যুগের মাটি

শিব শিব বল রে ভাই ঢাকে দ্যাও কাঠি—

পরে হাসিয়া বলে—কেমন চমৎকার এবার গোষ্ঠবিহারের পুতুল হয়েছে নীলুদা?দাশু কুমোরের বাড়ী দেখে এলাম—দেখিসনি রাণু?

পুঁটি বলিল—সত্যিকার মড়ার মুণ্ড রাণুদি?

—নয় তো কি? অনেক রাত্রে যদি আসিস্ তো দেখতে পাবি। চল্ ভাই আমরা বাড়ী যাই—আজ রাতটা ভালো নয়—আয়রে অপু, দুর্গাদি আয়।

অপু বলিল—কেন ভালো নয় রাণুদি? কি আজ হবে রাতে?....

রাণী বলিল—সে সব কথা বলতে নাই—তুই আয় বাড়ী। অপু গেল না, কিন্তু দুর্গা ওদের দলের সঙ্গে চলিয়া গেল। তারপর হঠাৎ মেঘ করিল, সন্ধ্যার মেঘে ঘনীভূত করিয়া তুলিল। অপু বাড়ী ফিরিতেছে, পথে জনপ্রাণী নাই, সন্ধ্যা হইতে শ্মশানের ও মড়ার মুণ্ডের গন্ধ শুনিয়া তাহার কেমন ভয় ভয় করিতেছে। মোড়ের বাঁশবনের কাছে আসিয়া মনে হইল কিসের যেন কটুগন্ধ বাহির হইতেছে। সে দ্রুত পদে চলিতে লাগিল। আর একটুখানি গিয়া নেড়ার ঠাকুরমার সঙ্গে দেখা। নেড়ার ঠাকুরমা নীলপূজার নৈবেদ্য হাতে চড়কতলায় পূজা দিতে যাইতেছে। অপু অন্ধকারে প্রথমটা চিনিতে পারে নাই, পরে চিনিয়া বলিল—কিসের গন্ধ বেরিয়েছে ঠাকুরমা?

বুড়ী বলিল—আজ ওঁরা সব বেরিয়েচেন কিনা?....তারই গন্ধ আর কি—

অপু বলিল—কারা ঠাকুরমা?

—কারা আবার—শিবের দলবল, সন্দেবেলা ওঁদের নাম করতে নাই—রাম রাম—রাম রাম—

অপুর গায়ে কাঁটা দিয়া উঠিল। চারিধারে অন্ধকার সন্ধ্যা, আকাশে কালো মেঘ, বাঁশবন, শ্মশানের গন্ধ, শিবের অনুচর ভূতপ্রভু—ছোট ছেলের মন বিস্ময়ে, ভয়ে, রহস্যে, অজানার অনুভূতিতে ভরিয়া উঠিল। সে আতঙ্কের সুরে বলিল—আমি কি করে বাড়ী যাবো ঠাকুমা!....

বুড়ী বকিয়া উঠিল। —তা এত রাত করাই বা কেন বাপু আজকের দিনে?....এসো আমার সঙ্গে। নীল পূজার থালাখানা দিয়ে আসি, তারপর এগিয়ে দেবো'খন। ধন্যি যা হোক—

বারোয়ারী তলায় ঘাস চাঁচিয়া প্রকান্ড বাঁশের মেরাপ বাঁধিয়া সামিয়ানা টাঙানো হইয়াছে। যাত্রার দল আসে আসে—এখনও পৌঁছে নাই, সন্ধ্যা উত্তীর্ণ হইয়া গেলে, লোকে বলে কাল সকালের গাড়ীতে আসিবে, সকাল চলিয়া গেলে বৈকালের আশায় থাকে। অপূর স্নানাহার বন্ধ হইবার উপক্রম হইয়াছে।...রাতে অপূর ঘুম হয় না, বাঁধ ভাঙ বন্যার স্রোতের মত কৌতূহল ও খুশির যে কী প্রবল অদম্য উচ্ছ্বাস! বিছানায় ছটফট এপাশ-ওপাশ করে। যাত্রা হবে! যাত্রা হবে! যাত্রা হবে!

মায়ের বারণ আছে অত বড় মেয়ে পাড়া ছাড়িয়া কোথাও না যায়, দুর্গা চুপি চুপি গিয়া দেখিয়া আসিয়া রাজলক্ষ্মীর কাছে আসর-সজ্জা ও বাঁশের গায়ে বুলানো লাল নীল কাগজের অভিনবত্ব সম্বন্ধে গল্প করে, অপূর মনে হয়, যে পঞ্চাননতলায় সে দু'বেলা কড়িখেলা করে, সেই তুচ্ছ অত্যন্ত পরিচিত সামান্য স্থানটাতে আজ বা কাল নীলমণি হাজরার দলের যাত্রার মত একটা অভূতপূর্ব অবাস্তব ঘটনা ঘটিবে, এও কি সম্ভব? কথাটা যেন তাহার বিশ্বাসই হয় না।

হঠাৎ শুনিতে পাওয়া যায় আজ বিকালেই দল আসিবে। এক বলক রক্ত যেন বুক হইতে নাচিয়া চল্কাইয়া একেবারে মাথায় উঠিয়া পড়ে।...

কুমার-পাড়ার মোড়ে দুপুরের পর হইতেই সকল ছেলের সঙ্গে দাঁড়াইয়া থাকিবার পর দূরে একখানা গরুর গাড়ী তাহার চোখে পড়িল, সাজের বাক্স বোঝাই গাড়ী এক, দুই, তিন, চার, পাঁচ খানা! পটু একে একে আঙুল দিয়া গুণিয়া খুশির সুরে বলিল—অপূদা, আমরা এদের পেছনে পেছনে এদের বাসায় গিয়ে দেখে আসি, যাবি? সাজের গাড়ীগুলার পিছনে দলের লোকেরা যাইতেছে, সকলের মাথায় টেরিকাটা, অনেকের জুতা হাতে। পটু একজন দাড়িওয়াল লোককে দেখাইয়া কহিল—এ বোধ হয় রাজা সাজে, না অপূদা?

আকাশ-বাতাসের রং একেবারে বদলাইয়া গেল—অপূ মহা উৎসাহে বাড়ী ফিরিয়া দেখে তাহার বাবা দাওয়ায় বসিয়া কি লিখিতেছে ও গুন্ গুন্ করিয়া গান করিতেছে। সে ভাবে, যাত্রা আসিবার কথা তাহার বাবাও জানিতে পারিয়াছে, তাই এত স্মৃতি। উৎসাহে হাত নাড়িয়া বলে—সাজ একেবারে পাঁচ গাড়ী বাবা! এ রকম দল!—

হরিহর শিষ্যবাড়ী বিলি করার জন্য কাগজে কবচ লিখিতেছিল, মুখ তুলিয়া বিশ্বয়ের সুরে বলে—কিসের সাজ রে খোকা? অপূ আশ্চর্য হইয়া যায়, এত বড় ঘটনা বাবার জানা নাই! বাবাকে সে নিতান্ত কৃপার পাত্র বিবেচনা করে।

সকালে উঠিয়া অপূকে পড়িতে বসিতে হয়। খানিক পরে সে কাঁদো কাঁদো ভাবে বলে—আমি বারোয়ারীতলায় যাবো বাবা, সকলে যাচ্ছে আর আমি এখন বুঝি বঁসে বঁসে পড়বো? এখুনি যদি যাত্রা আরম্ভ হয়?

তাহার বাবা বলে—পড়ো, পড়ো, এখন বঁসে পড়ো, যাত্রা আরম্ভ হ'লে টোল বাজবার শব্দ তো শুনতে পাওয়া যাবে? তখন না হয় যেও এখন। শ্রৌচ বয়সের ছেলে, নিজে সব সময়ে আজকাল বিদেশে থাকে, অল্পদিনের জন্য বাড়ী আসিয়া ছেলেকে চোখছাড়া করিতে মন চায় না। অভিমানে রাগে অপূর চোখ দিয়া জল পড়িতে থাকে, সে কান্নাভরা গলায় আবার শুভঙ্করী শুরু করে—মাস মাহিনা যার যত দিন তার পড়ে কত?

কিন্তু সকালে যাত্রা বসে না, খবর আসে ওবেলা বসিবে। ওবেলা অপূ মায়ের কাছে যাইয়া কাঁদো কাঁদো ভাবে বাবার অত্যাচারের কাহিনী আনুপূর্বিক বর্ণনা করে। সর্বজয়া আসিয়া বলে—দাও না গো ছেলেটাকে ছেড়ে? বছরকারের দিনটা—তোমার ন মাস বাড়ীতে থাকা নেই বছরে, আর ও একদিনের পড়াতে একেবারে তঞ্চালঙ্কার ঠাকুর হয়ে উঠবে কিনা?

অপূ ছুটি পায়। সারা দুপুর তাহার বারোয়ারীতলায় কাটে। বৈকালে যাত্রা বসিবার পূর্বে বাড়ীতে খাবার খাইতে আসিল। বাবা রোয়াকে বসিয়া কবচ লিখিতেছে। অন্যদিন এ সময় তাহাকে তাহার বাবার কাছে বসিয়া বই পড়িতে হয়। পাছে ছেলে চটিয়া যায় এই ভয়ে তাহার বাবা তাহাকে খুশী রাখিবার জন্য নানারকম কৌতূকের আয়োজন করে। বলে খোকা চট ক'রে শিলেটে লিখে আনো দিকি, ঐঃ ভূত বাপ রে!...অপূ সব অদ্ভুত ধরনের কথা শুনিয়া হাসিয়া খুন হয়, তাড়াতাড়ি লিখিয়া আনিয়া

দেখায়। বলে—বাবা এইটে হয়ে গেলে আমি কিন্তু চলে যাবো।...তাহার বাবা বলে—যেও এখন, যেও এখন, খোকা—আচ্ছা চট্ ক'রে লিখে আনো দিকি—আর একটা অদ্ভুত কথা বলে। অপু আবার হাসিয়া উঠে।

আজ কিন্তু অপূর মনে হইল, বাহির হইতে কি একটা প্রচণ্ড শক্তি আসিয়া তাহাকে তাহার বাবার নিকট হইতে সরাইয়া লইয়া গিয়াছে। বাবা নির্জন ছায়াভরা বৈকালে বাঁশ বন ঘেরা বাড়ীতে একা বসিয়া বসিয়া লিখিতেছে, কিন্তু এমন শক্তি নাই যে, তাহাকে বসাইয়া রাখে। এখন যদি বলে—খোকা, এস পড়তে বসো—অমনি চারিদিক হইতে একটা যেন ভয়ানক প্রতিবাদের হট্টগোল উঠিবে। সকলে যেন বলিবে—না, না এ হয় না! এ হয় না! যাত্রা যে বসে বসে!...কোন উল্লাসের প্রবল শক্তি তাহার বাবাকে যেন নিতান্ত অসহায় নিরীহ দুর্বল করিয়া দিয়াছে। সাধ্য নাই যে, তাহার পড়িবার কথা পর্যন্ত মুখে উচ্চারণ করে। বাবার জন্য অপূর মন কেমন করে।

দুর্গা বলিল—অপু, তুই মাকে বল না আমিও দেখতে যাবো। অপু বলে—মা, দিদি কেন আসুক না আমার সঙ্গে? চিক্ দিয়ে ঘিরে দিয়েছে, সেইখানে বসবে? মা বলে—এখন থাক; আমি ওই ওদের বাড়ীর মেয়েরা যাবে, তাদের সঙ্গে যাবো,—আমার সঙ্গে যাবে এখন।

বারোয়ারীতলায় যাইবার সময় দুর্গা পিছন হইতে তাহাকে ডাকিল—শোন অপু! পরে সে কাছে আসিয়া হাসি-হাসি মুখে বলিল—হাত পাত দিকি! অপু হাত পাতিতেই দুর্গা তাহার হাতে দুটা পয়সা রাখিয়াই তাহার হাতটা নিজের দু'হাতের মধ্যে লইয়া মুঠা পাকাইয়া দিয়া বলিল—দু পয়সায় মুড়কী কিনে খাস, নয়তো যদি নিচু বিক্রি হয় তো কিনে খাস্। ইহার দিনসাতেক পূর্বে একদিন অপু আসিয়া চুপি চুপি দিদিকে জিজ্ঞাসা করিয়াছিল—তোর পুতুলের বাস্লে পয়সা আছে? একটা দিবি? দুর্গা বলিয়াছিল—কি হবে পয়সা তোঁর? অপু দিদির মুখের দিকে চাহিয়া একটুখানি হাসিয়া বলিল—নিচু খাবো—কথা শেষ করিয়া সে পুনরায় লজ্জার হাসি হাসিল। কৈফিয়তের সুরে বলে—বোষ্টমদের বাগানে ওরা মাচা বেঁধেছে দিদি, অনেক নিচু পেড়েছে, দু-সুড়ি-ই-ই—এক পয়সায় ছটা, এই এত বড় বড়, একেবারে সিঁদুরের মত রাঙা, সতু কিনলে, সাধন কিনলে—পরে একটু খামিয়া জিজ্ঞাসা করিল—আছে দিদি? দুর্গার পুতুলের বাস্লে সেদিন কিছুই ছিল না, সে কিছু দিতে পারে নাই। অপুকে বিরস-মুখে চলিয়া যাইতে দেখিয়া সেদিন তাহার খুব কষ্ট হইয়াছিল, তাই কাল বৈকালে সে বাবার কাছে পয়সা দুটা চড়ক দেখিবার নাম করিয়া চাহিয়া লয়। সোনার ভাঁটার মত ভাইটা, মুখের আবদার না রাখিতে পারিলে দুর্গার ভারী মন কেমন করে।

অপু চলিয়া গেলে তাহার মা ঘাট হইতে আসিয়া বলে—দুগুণা একটা কাজ কর তো! রাণুদের বাগান থেকে দুটা সাদা গন্ধভেদালির পাতা খুঁজে নিয়ে আয় তো—অপূর শরীরটা অসুখ করেছে, একটু ঝোল করে দোব!—

মায়ের কথায় সে একছুটে রাণুদের বাগানে যায়—বাগানে মানুষ-সমান উঁচু ঘন আগাছার জঙ্গলের মধ্যে গন্ধভেদালির পাতা খুঁজিতে খুঁজিতে মনের সুখে মাথা দুলাইয়া পিসিমার মুখে ছেলেবেলায় শেখা একটি ছড়া আবৃত্তি করে—

হলুদ বনে বনে—

নাক-ছাবিটি হারিয়ে গেছে সুখ নেইকো মনে—

পথের পাঁচালী

ত্রয়োবিংশ পরিচ্ছেদ

যাত্রা আরম্ভ হয়। জগৎ নাই, কেহ নাই—শুধু অপু আছে, আর নীলমণি হাজরার যাত্রার দল আছে সামনে। সন্ধ্যার আগে বেহালায় ইম্ন আলাপ করে, ভাল বেহলাদার। পাড়াগাঁয়ের ছেলে, কখনও সে ভাল জিনিস শোনে নাই—উদাস-করণ সুরে হঠাৎ মন কেমন করিয়া উঠে.... মনে হয় বাবা এখনও বসিয়া বাড়ীতে সেই কি লিখিতেছে—দিদি আসিতে চাহিয়াও আসিতে পারে নাই। প্রথম যখন জরির সাজ-পোশাক পরিয়া টাঙানো ঝাড় ও কড়ির আলো-সজ্জিত আসরে রাজার মন্ত্রী দল আসিতে আরম্ভ

করে, অপু মনে ভাবে এমন সব জিনিস তাহার বাবা দেখিল না! সবাই তো আসরে আসিয়াছে গ্রামের, তাহাদের পাড়ার কোনও লোক তো বাকী নাই! বাবা কেন এখনো....? পালা দ্রুত অগ্রসর হইতে থাকে। সেবার সে বালক-কীর্তনের দলের যাত্রা শুনিয়াছিল—সে কি, আর এ কি! কি সব সাজ! কি সব চেহারা!....

হঠাৎ পিছন হইতে কে বলে—খোকা বেশ দেখতে পাচ্ছ তো?...তাহার ঝবা কখন আসিয়া আসরে বসিয়াছে অপু জানিতে পারে নাই। বাবার দিকে ফিরিয়া বলে—বাবা, দ্রিদি এসেচে? ...চিকের মধ্যে বুঝি?

মন্ত্রীর গুপ্ত ষড়যন্ত্রে যখন রাজা রাজ্যচ্যুত হইয়া স্ত্রী পুত্র লইয়া বনে চলিতেছেন, তখন কাঁদুনে সুরে বেহালার সঙ্গত হয়। তারপর রাজা করুণ রস বহুক্ষণ জমাইয়া রাখিবার জন্য স্ত্রীপুত্রের হাত ধরিয়া এক এক পা করিয়া থামেন, আর এক এক পা অগ্রসর হইতে থাকেন, সত্যিকার জগতে কোন বনবাস-গমনোদ্যত রাজা নিতান্ত অগ্রকৃতিস্থ না হইলে একদল লোকের সম্মুখে সেরাপ করে না। বিশ্বস্ত রাজ-সেনাপতি রাগে এমন কাঁপেন যে মুগী-রোগগ্রস্ত রোগীর পক্ষেও তাহা হিংসার বিষয় হইবার কথা। অপু অপলক চোখে চাহিয়া বসিয়া থাকে, মুগ্ধ বিস্মিত হইয়া যায়; এমন তো সে কখনো দেখে নাই।

তারপর কোথায় চলিয়া গিয়াছেন রাজা, কোথায় গিয়াছেন রাণী!ঘন নিবিড় বনে শুধু রাজপুত্র অজয় ও রাজকুমারী ইন্দুলেখা ভাইবোনে ঘুরিয়া বেড়ায়। কেউ নাই যে তাহাদের মুখের দিকে চায়, কেউ নেই যে নির্জন বনে তাহাদের পথ দেখাইয়া লইয়া চলে। ছোট ভাইয়ের জন্য ফল আনিতে একটু দূরে চলিয়া যাইয়া ইন্দুলেখা আর ফেরে না। অজয় বনের মধ্যে বোনকে খুঁজিয়া বেড়ায়—তাহার পর নদীর ধারে হঠাৎ খুঁজিয়া পায় ইন্দুলেখার মৃতদেহ—ক্ষুধার তাড়নায় বিষফল খাইয়া সে মরিয়া গিয়াছে। অজয়ের করুণ গান—কোথা ছেড়ে গেলি এ বনকান্তারে প্রাণপ্রিয় প্রাণসার্থী রে—শুনিয়া অপু এতক্ষণ মুগ্ধ চোখে চাহিয়াছিল—আর থাকিতে পারে না, ফুলিয়া ফুলিয়া কাঁদে।

কলিঙ্গরাজের সহিত বিচিত্রকেতুর যুদ্ধে তলোয়ার খেলা কী!.... যায়, বুঝি ঝাড়গুলা গুঁড়া হয়, নয় তো কোন হতভাগ্য দর্শকের চোখ দুটি বা যায়! রব ওঠে—ঝাড় সামলে—ঝাড় সামলে!....কিন্তু অদ্ভুত যুদ্ধকৌশল—সব বাঁচাইয়া চলে—ধন্য বিচিত্রকেতু!

মধ্যে অনেকক্ষণ ধরিয়া জুড়ির দীর্ঘ গান ও বেহালায় কসরৎ-এর সময় অপুকে তাহার বাবা ডাকিয়া বলে—ঘুমে পাচ্ছে...বাড়ী যাবো খোকা?ঘুম! সর্বনাশ!....না সে বাড়ী যাইবে না। বাহিরে ডাকিয়া তাহার বাবা বলে—এই দুটা পয়সা রাখো বাবা, কিছু কিনে খেও, আমি বাড়ী গেলাম। অপু ইচ্ছা হয় সে এক পয়সার পান কিনিয়া খাইবে, পানের দোকানের কাছে অত্যন্ত কিসের ভিড় দেখিয়া অগ্রসর হইয়া দ্যাখে, অবাক কাণ্ড! সেনাপতি বিচিত্রকেতু হাতিয়ারবন্দ অবস্থায় বার্ডসাই কিনিয়া ধরাইতেছেন—তঁাহাকে ঘিরিয়া রথযাত্রার ভিড়। আশ্চর্যের উপর আশ্চর্য!....রাজকুমার অজয় কোথা হইতে আসিয়া বিচিত্রকেতুর কনুইএ হাত দিয়া বলিল—এক পয়সার পান খাওয়াও না কিশোরীদা? রাজপুত্রের প্রতি সেনাপতির বিশ্বস্ততার নিদর্শন দেখা গেল না—হাত ঝাড়া দিয়া বলিল—যাঃ অত পয়সা নেই—ওবেলা সাবানখানা যে দুজনে মাখলে আমাকে কি বলেছিলে? রাজপুত্র পুনরায় বলিল—খাওয়াও না কিশোরীদা? আমি বুঝি কখনো কিছু দিইনি তোমাকে? বিচিত্রকেতু হাত ছাড়াইয়া চলিয়া গেল।

অপু সমবয়সী হইবে। টুকটুকে, বেশ দেখিতে, গানের গলা বড় সুন্দর। অপু মুগ্ধ হইয়া তাহার দিকে চাহিয়া থাকে—বড় ইচ্ছা হয় আলাপ করিতে। হঠাৎ সে কিসের টানে সাহসী হইয়া আগাইয়া যায়—একটু লজ্জার সঙ্গে বলে—পান খাবে?...অজয় একটু অবাক হয়, বলে—তুমি খাওয়াবে? নিয়ে এস না। দুজনে ভাব হইয়া যায়। ভাব বলিলে ভুল হয়। অপু মুগ্ধ, অভিভূত হইয়া যায়! ইহাকেই সে এতদিন মনে মনে চাহিয়া আসিয়াছে—এই রাজপুত্র অজয়কে। তাহার মায়ের শত রূপকথার কাহিনীর মধ্য দিয়া, শৈশবের শত স্বপ্নময়ী মুগ্ধ কল্পনার ঘোরে তাহার প্রাণ ইহাকেই চাহিয়াছে—এই চোখ, এই মুখ, এই গলার স্বর! ঠিক সে যাহা চায় তাহাই। অজয় জিজ্ঞাসা করে—তোমাদের বাড়ী কোথায় ভাই?...আমাকে একজনের বাড়ী খেতে দিয়েছে, বর্ড বেলায় খেতে দেয়। তোমাদের বাড়ীতে খায় কে?...

খুশিতে অপূর সারা গা কেমন করে, সে বলে—ভাই, আমাদের বাড়ীতে একজন খেতে যায়, সে আজ দেখলাম ঢোলক বাজাচ্ছে—তুমি কাল থেকে যেও, আমি এসে ডেকে নিয়ে যাবো—ঢোলকওয়াল না হয় তুমি যে বাড়ীতে আগে খেতে, সেখানে যাবে—

খানিকক্ষণ দু'জনে এদিক-ওদিক বেড়াইবার পর অজয় বলে—আমি যাই ভাই, শেষ সিনে আমার গান আছে—আমার পাট কেমন লাগচে তোমার?

শেষ রাত্রে যাত্রা ভাঙিলে অপূ বাড়ী আসে। পথে আসিতে আসিতে যে যেখানে কথা বলে, তাহার মনে হয় যাত্রার একটো হইতেছে। বাড়ীতে তাহার দিদি বলে—ও অপূ, কেমন যাত্রা শুনলি?...অপূর মনে হয়, গভীর জনশূন্য বনের মধ্যে রাজকুমারী ইন্দুলেখা কি বলিয়া উঠিল। কিসের যে ঘোর তাহাকে পাইয়া বসিয়াছে। মহা খুশির সহিত সে বলে—কাল থেকে, অজয় যে সেজেছিল মা, সে আমাদের বাড়ী খেতে আসবে—

তাহার মা বলে—দুজনে খাবে?—দুজনকে কোথেকে—

অপূ বলে—তা না, একজন তো চলে যাবে, শুধু অজয় খাবে।

দুর্গা বল্লে—কেমন যাত্রা রে অপূ?...এমন কক্ষনো দেখিনি—কেমন গান কল্পে যখন সেই রাজকন্যা ম'রে গেল?...অপূর তো রাত্রে ঘুমের ঘোরে চারিধারে যেন বেহালা সঙ্গীত হয়। ভোর হইলে একটু বেলায় তাহার ঘুম ভাঙে—শেষ রাত্রে ঘুমাইয়াছে, তৃপ্তির সঙ্গে ঘুম হয় নাই, সূর্যের তীক্ষ্ণ আলোয় চোখে যেন সূঁচ বিধে। চোখে জল দিলে জ্বালা করে। কিন্তু তাহার কানে একটা বেহালা-ঢোল-মন্দিরার ঐকতান বাজনা তখনও যেন বাজিতেছে—তখনও যেন সে যাত্রার আসরেই বসিয়া আছে।

ঘাটের পথে যাইতে পাড়ার মেয়েরা কথা বলিতে বলিতে যাইতেছে, অপূর মনে হইল কেহ ধীরাবতী, কেহ কলিঙ্গদেশের মহারাণী, কেহ রাজপুত্র অজয়ের মা বসুমতী। দিদির প্রতি কথায়, হাত পা নাড়ার ভঙ্গীতে, রাজকন্যা ইন্দুলেখা যেন মাখানো! কাল যে ইন্দুলেখা সাজিয়াছিল তাহাকে মানাইয়াছিল মন্দ নয় বটে, কিন্তু তাহার মনে মনে রাজকন্যা ইন্দুলেখার যে প্রতিমা গড়িয়া উঠিয়াছে, তাহা তাহার দিদিকে লইয়া, ঐ রকম গায়ের রং, অমনি বড় বড় চোখ, অমনি সুন্দর মুখ, অমনি সুন্দর চুল।

ইন্দুলেখা তাহার সকল করুণা, স্নেহ, মাধুরী লইয়া কোন্ সেকালের দেশের অতীত জীবনের পরে আবার তাহার দিদি হইয়া যেন ফিরিয়া আসিয়াছে—কাল তাই ইন্দুলেখার কথার ভঙ্গীতে প্রতি পদক্ষেপে দিদিই যেন ফুটিয়া ফুটিয়া বাহির হইতেছিল। যখন গভীর বনে সে শতস্নেহে ছোট ভাইকে জড়াইয়া ধরিয়াছিল, তাকে খাওয়াইবার জন্য ফল আহরণ করিতে গিয়া এক নির্জন বনের মধ্যে হারাইয়া গেল—সেই একদিনের মাকাল ফলের ঘটনাটাই অপূর ক্রমাগত মনে হইতেছিল।

দুপুর বেলা খাইবার জন্য অপূ গিয়া অজয়কে ডাকিয়া আনিল। তাহার মা দুজনকে এক জায়গায় খাইতে দিয়া অজয়ের পরিচয় লইতে বসিল। সে ব্রাহ্মণের ছেলে, তাহার কেহ নাই, এক মাসী তাহাকে মানুষ করিয়াছিল, সেও মরিয়া গিয়াছে। আজ বছরখানেক যাত্রার দলে কাজ করিতেছে। সর্বজয়ার ছেলোটর উপর খুব স্নেহ হইল—বার বার জিজ্ঞাসা করিয়া তাহাকে খাওয়াইল। খাওয়াইবার উপকরণ বেশী কিছু নাই, তবু ছেলোট খুব খুশির সঙ্গে খাইল। তাহার পর দুর্গা মাকে চুপি চুপি বলিল—মা, ওকে সেই কালকের গানটা গাইতে বল না—সেই “কোথা ছেড়ে গেলি এ বন-কান্তারে প্রাণপ্রিয় প্রাণসার্থী রে”—

অজয় গলা ছাড়িয়া গান গাহিল—অপূ মুগ্ধ হইয়া গেল—সর্বজয়ার চোখের পাতা ভিজিয়া আসিল। আহা, এমন ছেলের মা নাই! তাহার পর সে আরও গান গাহিল। সর্বজয়া বলিল—বিকলে মুড়ি ভাজ্বো, তখন এসে অবিশ্যি করে মুড়ি খেয়ে যেও—লজ্জা করো না যেন—যখন খুশি আসবে, আপন্যার বাড়ীর মত, বুঝলে?

অপূ তাহাকে সঙ্গে করিয়া নদীর ধারের দিকে বেড়াইতে গেল। সেখানে অজয় বলিল, ভাই, তোমার তো গলা মিষ্টি—একটা গান গাও না?...অপূর খুব ইচ্ছা হইল ইহার কাছে গান গাহিয়া সে বাহাদুরি লইবে। কিন্তু বড় ভয় করে—এ একজন যাত্রাদলের ছেলে—এর কাছে তার গান গাওয়া? নদীর ধারে বড় শিমুলগাছটার তলায় চলা-চল্‌তির পথ হইতে কিছুদূরে বাঁশঝোপের আড়ালে দুজনে

বসে। অপু অনেক কষ্ট লজ্জা কাটাইয়া একটা গান করে—শ্রীচরণে ভার একবার গা তোল হে অনন্ত—
দাশু রায়ের পাঁচালীর গান বাবার মুখে শুনিয়া সে লিখিয়া লইয়াছে। অজয় অবাক হইয়া যায়, বলে—
তোমার এমন গলা ভাই? তা তুমি গান গাও না কেন?...আর একটা গাও। অপু উৎসাহিত হইয়া আর
একটা ধরে—খেয়ার আশে বসে রে মন ডুবল বেলা খেয়ার ধারে। তাহার দিদি কোথা হইতে শিখিয়া
আসিয়া গাহিত, সুবটা বড় ভাল লাগায় অপু তাহার কাছ হইতে শিখিয়াছিল—বাড়ীতে কেহ না
থাকিলে মাঝে মাঝে গানটা তাহারা দুজনে গাহিয়া থাকে।

গান শেষ হইলে অজয় প্রশংসায় উচ্ছ্বসিত হইয়া উঠিল। বলিল—এমন গলা থাকলে যে কোনো
দলে ঢুকলে পোনেরো টাকা করে সেধে দেবে বল্টি তোমায়—এর ওপর একটু যদি শেখো!

বাড়ীতে কেহ না থাকিলে দিদির সামনে গাহিয়া অপু কতদিন দিদিকে জিজ্ঞাসা করিয়াছে—হ্যাঁ
দিদি, আমার গলা আছে? গান হবে?...দিদি তাহাকে বরাবর আশ্বাস দিয়া আসিয়াছে। কিন্তু দিদির
আশ্বাস যতই আশাপ্রদ হৌক, আজ একজন সঙ্গীতদক্ষ খাস যাত্রার দলের নামকরা মেডেলওয়াল
গায়কের মুখে এ প্রশংসার কথা শুনিয়া আনন্দে অপু কি বলিয়া উত্তর করিবে ঠাওর করিতে পারিল
না।

বলিল—তোমার ঐ গানটা আমায় শেখাও না?...তাহার পর দুইজন গলা মিলাইয়া সে গানটা
গাহিল।

অনেকক্ষণ হইয়া গেল। নদী বাহিয়া ছপ ছপ করিয়া নৌকা চলিতেছে, নদীর পাড়ের নীচে জলের
ধারে একজন কি খুঁজিয়া বেড়াইতেছে, অজয় বলিল—কি খুঁজচে ভাই? অপু বলিল—ব্যাঙটি খুঁজচে,
ছিপে মাছ ধরবে—তাহার পর বলিল—আচ্ছা ভাই তুমি আমাদের এখানে থাকো না কেন?...যেও
না কোথাও, থাকবে?

এমন চোখ, এমন মিষ্টি গলার সুর! তাহার উপর অপূর কাছে সে সেই রাজপুত্র অজয়! কোন্ বনে
ফিরিতে ফিরিতে অসহায় ছন্নছাড়া রূপবান্ রাজার ছেলের সঙ্গে হঠাৎ দেখা হইয়া ভাব হইয়া গিয়াছে—
চিরজন্মের বন্ধু! আর তাহাকে কি করিয়া ছাড়া যায়?

অজয়ও অনেক মনের কথা বলিয়া ফেলিল। এমন সাথী তাহার আর জুটে নাই। সে প্রায় চল্লিশ
টাকা জমাইয়াছ। আর একটু বড় হইলে সে এ-দল ছাড়িয়া দেবে। অধিকারী বড় মারে। সে আশুতোষ
পালের দলে যাইবে—সেখানে বড় সুখ, রোজ রাতে লুচি। না খাইলে তিন আনা পয়সা খোরাকী দেয়।
এ দল ছাড়িলে সে আবার অপূদের বাড়ী আসিবে ও সে সময় কিছুদিন থাকিবে। বৈকালের কিছু আগে
অজয় বলিল—চল ভাই, আজ আবার এখনি আসর হবে, সকাল সকাল ফিরি। যদি “পরশুরামের দর্প-
সংহার” হয়, তবে আমি নিয়তি সাজবো, দেখো কেমন একটা গান আছে—

আরও তিন দিন যাত্রা হইল। গ্রামসুদ্ধ লোকের মুখে যাত্রা ছাড়া আর কথা নাই। পথে ঘাটে মাঠে
গাঁয়ের মাঝি নৌকা বাহিতে বাহিতে, রাখাল গরু চরাইতে চরাইতে যাত্রার পালার নতুন শেখা গান
গায়। গ্রামের মেয়েরা দলের ছেলের বাড়ী ডাকাইয়া যাহার যে গান ভাল লাগিয়াছে তাহার মুখে সে
গান ফরমাইশ করিয়া শুনিতে লাগিলেন। অপু আরও তিন-চারটা নতুন গান শিখিয়া ফেলিল। একদিন
সে যাত্রার দলের বাসায় অজয়ের সঙ্গে গিয়াছে, সেখানে তাহাকে দলের সকলে মিলিয়া ধরিল, তাহাকে
একটা গান গাহিতে হইবে। সেখানে সকলে অজয়ের মুখে শুনিয়াছে সে খুব ভাল গান গাইতে পারে।
অপু বহু সাধ্যসাধনার পর নিজের বিদ্যা ভাল করিয়া জাহির করিবার খাতিরে একটা গাহিয়া ফেলিল।
সকলে তাহাকে ধরিয়া অধিকারীর নিকটে লইয়া গেল। সেখানেও তাহাকে একটা গাহিতে হইল।
অধিকারী কালো রং-এর ভুঁড়িওয়াল লোক, আসরে জুড়ি সাজিয়া গান করে। গান শুনিয়া বলিল—
এস না খোকা, দলে আসবে? অপূর বুকখানা আনন্দে ও গর্বে দশহাত হইল। আরও সকলে মিলিয়া
তাহাকে ধরে—এস, চলো তোমাকে আমাদের দলে নিয়ে যাই। অপূর তো ইচ্ছা সে এখনি যায়। যাত্রার
দলে কাজ করা মনুষ্যজীবনের চরম উদ্দেশ্য, সেকথা এতদিন সে কেন জানিত না, ইহাই তো আশ্চর্যের
বিষয়। সে গোপনে অজয়কে বলিল—আচ্ছা ভাই, এখন যদি আমি দলে যাই, আমাকে কি সাজতে
দেবে? অজয় বলিল—এখন এই সখী-ঠখী, কি বালকের পাট এই রকম, তারপর ভাল করে শিখলে—

অপু সখী সাজিতে চায় না—জরির মুকুট মাথায় সে সেনাপতি সাজিয়া তলোয়ার বুলাইবে, যুদ্ধ করিবে। বড় হইলে সে যাত্রার দলে যাইবেই, উহাই তাহার জীবনের ধ্রুব লক্ষ্য। অজয় তাহাকে চুপি চুপি কপ্তিপাথরের রং একটা ছোকরাকে দেখাইয়া কহিল, এই যে দেখেচো, এর নাম বিষ্টু তেলি। আমার সঙ্গে মোটে বনে না, আমার নিজের পয়সায় দেশলাই কিনে বালিশের তলায় রেখে শুই, দেশলাই উঠিয়ে নেয় চুরুট খেতে, আর দেয় না। আমি বলি আমার রাগে ভয় করে, দেশলাইটা দাও! অন্ধকারে মন ছুম ছুম করে, তাই সেদিন চেয়েছিলাম ব'লে এমনি খাবড়া একটা মেরেচে। নাচে ভালো ব'লে অধিকারী বড় খাতির করে, কিছু বলবারও যো নেই—

দিন পাঁচেক পরে যাত্রা দলের গাওনা শেষ হইয়া গেলে তাহারা রওনা হইল। অজয় বাড়ীর ছেলের মত যখন তখন আসিত যাইত, এই কয়দিনের মধ্যে সে যেন অপূরই আর এক ভাই হইয়া পড়িয়াছিল। অপূরই বয়সী ছোট ছেলে, সংসারে কেহ নাই শুনিয়া সর্বজয়া তাহাকে এ কয়দিন অপূর মত যত্ন করিয়াছে। দুর্গাও তাহাকে আপন ভাইয়ের চোখে দেখিয়াছে—তাহার কাছে গান শিখিয়া লইয়াছে, কত গল্প শুনাইয়াছে, তাহার পিসিমার কথা বলিয়াছে, তিনজনে মিলিয়া উঠানে বড় ঘর আঁকিয়া গঙ্গা-যমুনা খেলিয়াছে, খাইবার সময় জোর করিয়া বেশী খাইতে বাধ্য করিয়াছে। যাত্রাদলে থাকে, কে কোথায় দ্যাখে, কোথায় শোয়, কি খায়, আহা বলিবার কেহ নাই; গৃহ-সংসারের যে স্নেহস্পর্শ বোধ হয় জন্মাবধি তাহার ভাগ্যে ঘটে নাই, অপ্রত্যাশিত ভাবে আজ তাহার স্বাদ লাভ করিয়া লোভীর মত সে কিছুতেই ছাড়িয়া যাইতে চাহিতেছিল না।

খাইবার সময় সে হঠাৎ পুঁটুলি খুলিয়া কপ্তে সঙ্কিত পাঁচটি টাকা বাহির করিয়া সর্বজয়ার হাতে দিতে গেল। একটু লজ্জার সুরে বলিল—এই পাঁচটা টাকা দিয়ে দিদির বিয়ের সময় একখানা ভাল কাপড়—

সর্বজয়া বলিল—না বাবা, না—তুমি মুখে বললে এই খুব হোল, টাকা দিতে হবে না, তোমার এখন টাকার কত দরকার—বিয়ে-থাওয়া করে সংসারী হতে হবে—

তবু সে কিছুতেই ছাড়ে না। অনেক বুঝাইয়া তবে তাহাকে নিরস্ত করিতে হইল।

তাহার পর সকলে উহাদের বাড়ীর দরজার সামনে খানিকটা পথ পর্যন্ত তাহাকে আগাইয়া দিতে আসিল। খাইবার সময় সে বার বার বলিয়া গেল, দিদির বিয়ের সময় অবশ্য করিয়া যেন তাহাকে পত্র দেওয়া হয়।

গাবতলায় ছায়ায় তাহার সুকুমার বালকমূর্তি ভাঁটশেওড়া বোপের আড়ালে অদৃশ্য হইয়া গেলে হঠাৎ সর্বজয়ার মনে হইল, বড় ছেলেমানুষ, আহা, এই বয়সে বেরিয়েছে নিজের রোজগার নিজে কর্তে। অপূর আমার যদি ঐরকম হোত—মাগো!....

পথের পাঁচালী

চতুর্বিংশ পরিচ্ছেদ

প্রথম প্রথম যখন হরিহর কাশী হইতে আসিল তখন সকলে বলিত তাহার ভবিষ্যৎ বড় উজ্জ্বল, এ অঞ্চলে ওরকম বিদ্যা শিখিয়া কেহ আসে নাই। তাহার বিদ্যার সুখ্যাতি সকলের মুখে ছিল, সকলে বস্কিত সে এইবার একটা কিছু করিবে। সর্বজয়াও ভাবিত, শীঘ্রই উহারা তাহার স্বামীকে ডাকাইয়া এক ভাল চাকুরি দিবে (কাহারো চাকুরি দেয় সে সম্বন্ধে তাহার ধারণা ছিল কুয়াসাচ্ছন্ন সমুদ্রবক্ষে মত অস্পষ্ট)। কিন্তু মাসের পর মাস, বৎসরের পর বৎসর করিয়া বহুকাল চলিয়া গেল, অর্ধরাত্রির মাথায় কোন জরির পোশাকপরা ঘোড়সওয়ার সভাপণ্ডিত পদের নিয়োগ-পত্র লইয়া ছুটিয়া আসিল না, বা আরব্য উপন্যাসের দৈত্য কোন মণি-খচিত মায়াপ্রাসাদ আকাশ বাহিয়া উড়াইয়া আনিয়া তাহাদের ভাড়া ঘরে বসাইয়া দিয়া গেল না, বরং সে ঘরের পোকা-কাটা কবাট দিন দিন আরও জীর্ণ হইতে চলিল, কড়িকাঠ আরও বুলিয়া পড়িতে চাহিল; আগে যাও বা ছিল তাও আর সব থাকিতেছে না, তবু সেই একেবারে আসা ছাড়ে নাই। হরিহরও বিদেশ হইতে আসিয়া প্রতিবারই একটা না একটা আশার কথা এমনভাবে বলে, যেন সব ঠিক, অল্পমাত্র বিলম্ব আছে, অবস্থা ফিরিল বলিয়া। কিন্তু হয় কৈ?....

জীবন বড় মধুময় শুধু এইজন্য যে, এই মাধুর্যের অনেকটাই স্বপ্ন ও কল্পনা দিয়া গড়া। হোক না স্বপ্ন মিথ্যা, কল্পনা বাস্তবতার লেশশূন্য; নাই বা থাকিল সব সময় তাহাদের পিছনে সার্থকতা; তাহারাই যে জীবনের শ্রেষ্ঠ সম্পদ, তাহারা আসুক, জীবনে অক্ষয় হোক তাহাদের আসন; তুচ্ছ সার্থকতা, তুচ্ছ লাভ।

হরিহর বাড়ী হইতে গিয়াছে প্রায় দুই-তিন মাস। টাকাকড়ি খরচপত্র অনেকদিন পাঠায় নাই। দুর্গা অসুখে ভুগিতেছে একটু বেশী, খায় দায় অসুখ হয়, দুদিন একটু ভাল থাকে, হঠাৎ একদিন আবার হয়।

সর্বজয়া মেয়ের বিবাহের জন্য স্বামীকে প্রায়ই তাগাদা দেয়। স্বামীকে দিয়া দুই-তিনখানা পত্র নীরেন্দ্রের পিতা রাজেশ্বরবাবুর নিকট লিখিয়াছে। সেদিকের আশাও সে এখনও ছাড়ে নাই। হরিহর বলে, তুমি কি খেপলে নাকি? ওসকল বড়লোকের কাণ্ড, রাজেশ্বর কাকা কি আর আমাদের পুঁছবেন? তবুও সর্বজয়া ছাড়ে না; বলে, লেখো না আর একখানা, লিখেই দ্যাখো না—নীরেন তো পছন্দই করে গিয়েছেন। দুই এক মাস চলিয়া যায়, বিশেষ কোন উত্তর আসে না, আবার সে স্বামীকে পত্র লিখিবার তাগাদা দিতে শুরু করে।

এবার হরিহর যখন যখন বিদেশে যায়, তখন বলিয়া গিয়াছে এইবার সে এখন হইতে উঠিয়া অন্যত্র বাস করিবার একটা কিছু ঠিক করিয়া আসিবেই।

পাড়ার একপাশে নিকনো পুছানো ছোট্ট খড়ের ঘর দুই-তিনখানা। গোয়ালে হস্তপুস্ত দুগ্ধবতী গাভী বাঁধা, মাচা ভরা বিচালী, গোলা ভরা ধান। মাঠের ধারের মটর ক্ষেতের তাজা, সবুজ গন্ধ খোলা হাওয়ার উঠান দিয়া বহিয়া যায়। পাখী ডাকে—নীলকণ্ঠ, বাবুই, শ্যামা। অপর সকালে উঠিয়া বড় মাটির ভাঁড়ে দেয়া এক পাত্র সফেন কালো গাই—এর দুধের সঙ্গে গরম মুড়ির ফলার খাইয়া পড়িতে বসে। দুর্গা ম্যালেরিয়ায় ভোগে না। সকলেই জানে, সকলেই খাতির করে, আসিয়া পায়ের ধূলা লয়। গরীব বলিয়া কেহ তুচ্ছ-তাচ্ছিল্য করে না।

...শুধুই স্বপ্ন দেখে, দিন নাই, রাত নাই, সর্বজয়া শুধুই স্বপ্ন দেখে। তাহার মনে হয়, এতকাল পরে সত্য-সত্যই একটা কিছু লাগিয়া যাইবে। মনের মধ্যে কে যেন বলে।

কেন এতদিন হয় নাই? কেন এতকাল পরে? সেই ছেলেবেলাকার দিনে জামতলায় সজনেতলায় ঘুরিবার সময় হইতে সৈজুতির আলপনা আঁকা মন্ত্রের সঙ্গে এ সাধ যে তাহার মনে জড়িয়া আছে, লক্ষ্মীর আলতাপরা পায়ের দাগ আঁকা আঙিনায় শ্মশুরবাড়ীর ঘর-সংসার পাতাইবে। এরকম ভাঙা পুরানো কোঠা বাঁশবন কে চাহিয়াছিল?

দুর্গা একটা ছোট্ট মানকচু কোথা হইতে যোগাড় করিয়া আনিয়া রান্নাঘরে ধর্না দিয়া বসিয়া থাকে। তাহার মা বলে, তোর হোল কি দুগ্গা? আজ কি বলে ভাত খাবি? কাল সন্ধ্যেবেলাও তো জ্বর এসেচে? দুর্গা বলে, তা হোক মা, সে জ্বর বৃষ্টি—একটু তো মোটে শীত করলো?...তুমি এই মানকচুটা ভাতে দিয়ে দুটো ভাত—। তাহার মা বলে—যাঃ, অসুখ হয়ে তোর খাই খাই বড্ড বেড়েছে। আজ কাল ভাল যদি থাকিস তো পরশু বরং দেবো—

অনেক কাকুতিমিনতির পর না পারিয়া শেষে দুর্গা মানকচু তুলিয়া রাখিয়া দেয়। খানিকটা চুপ করিয়া বসিয়া থাকে, আপন মনে বলে, আজ খুব ভাল আছি, আজ আর জ্বর আসবে না আমার—ওবেলা দুখানা রুটি আর আলুভাজা খাবো। একটু পরে হাই ওঠে, সে জানে ইহা জ্বর আসার পূর্বলক্ষণ। তবুও সে মনকে বোঝায়, হাই উঠুক, এমনি তো কত হাই ওঠে, জ্বর আর হবে না। ক্রমে শীত করে, রৌদ্রে গিয়া বসিতে ইচ্ছা হয়। সে রৌদ্রে না গিয়া মনকে প্রবোধ দেয় যে, শীত বোধ হওয়া একটা স্বাভাবিক শারীরিক ব্যাপার, জ্বর আসার সহিত ইহার সম্পর্ক কি?

কিন্তু কোনো প্রবোধ খাটে না। রৌদ্র না পড়িতে পড়িতে জ্বর আসে, সে লুকাইয়া গিয়া রৌদ্রে বসে, পাছে মা টের পায়। তাহার মন হ-হ করে, ভাবে—জ্বর জ্বর ভেবে এরকম হচ্ছে, সত্যি সত্যি জ্বর হয়নি—

রাজা রোদ শেওলাধরা ভাঙা পাঁচিলের গায়ে গিয়া পড়ে। বৈকালের ছায়া ঘন হয়। দুর্গার মনে হয় অন্যমনস্ক হইয়া থাকিলে জ্বর চলিয়া যাইবে। অপুকে বলে, বোস্ দিকি একটু আমার কাছে, আয় গল্প করি।

একদিন আর-বছর ঘন বর্ষার রাতে সে ও অপু মতলব আঁটিয়া শেষরাত্রে পিছনে সেজ ঠাকুরগণদের বাগানে তাল কুড়াইতে গিয়াছিল, হঠাৎ দুর্গার পায়ে পট করিয়া এক কাঁটা ফুটিয়া গেল। যন্ত্রণায় পিছু হটিয়া বাঁ পা-খানা যেখানে রাখিল, সেখানে বাঁ পায়েও পট করিয়া আর একটা!...সকাল বেলা দেখা গেল, পাছে রাত্রে উহার কেহ তাল কুড়াইয়া লয়, এজন্য সতু তালতলার পথে সোজা করিয়া সারি সারি বেল-কাঁটা পুঁতিয়া রাখিয়াছে।

আর একদিন যা আশ্চর্য ব্যাপার!—

কোথা হইতে সেদিন এক বুড়া বাঙাল মুসলমান একটা বড় রং-চং করা কাচবসানো টিনের বাস্ক লইয়া খেলা দেখাইতে আসে। ওপাড়ায় জীবন চৌধুরীর উঠানে সে খেলা দেখাইতেছিল। দুর্গা পাশেই দাঁড়াইয়াছিল। তাহার পয়সা ছিল না। আর সকলে এক এক পয়সা দিয়া বাস্কের গায়ে একটা চোঙের মধ্যে দিয়া কি সব দেখিতেছিল।

বুড়া মুসলমানটি বাস্ক বাজাইয়া সুর করিয়া বলিতেছিল, তাজ বিবিকা রোজা দেখো, হাতী বাঘকা লড়াই দেখো! এক-একজনের দেখা শেষ হইলে যেমন সে চোঙ হইতে চোখ সরাইয়া লইতেছিল অমনি দুর্গা তাহাকে মহা আগ্রহের সহিত জিজ্ঞাসা করিতেছিল, কি দেখলি রে ওর মধ্যে? সব সত্যিকারের? উঃ! সে কি অপূর্ব ব্যাপার দেখিয়াছে তাহা তাহার বলিতে পারে না।...কি সে সব!

সকলের দেখা একে একে হইয়া গেল। দুর্গা চলিয়া যাইতেছিল, বুড়া মুসলমানটি বলিল, দেখবে না খুকী?...দুর্গা ঘাড় নাড়িয়া বলিল, নাঃ—আমার কাছে পয়সা নাই।

লোকটি বলিল, এসো এসো খুকী, দেখে যাও—পয়সা লাগবে না—

দুর্গার একটু লজ্জা হইয়াছিল, মুখে বলিল,—নাঃ—কিন্তু আগ্রহে কৌতুহলে তাহার বুকের মধ্যে টিপ্ টিপ্ করিয়া উঠিল।

লোকটি বলিল, এসো এসো, দোষ কি?....এসো, দ্যাখো—

দুর্গা উজ্জ্বলমুখে পায়ে পায়ে বাস্কের কাছে আসিয়া দাঁড়াইল বটে, তবুও সাহস করিয়া মুখটা চোঙের মধ্যে দিতে পারে নাই। লোকটি বলিল, এই নলটার মধ্যে দিয়া তাকাও দিকি খুকী?

দুর্গা মাথার উড়ন্ত চুলের গোছা কানের পাশে সরাইয়া দিয়া চাহিয়া দেখিল। পরের দশ মিনিটের কথার সে কোনো বর্ণনা করিতে পারে না। সত্যিকারের মানুষ ছবিতে কি করিয়া দেখা যায়? কত সাহেব, মেম, ঘরবাড়ী, যুদ্ধ, সে সব কথা সে বলিতে পারে না! কি জিনিসই সে দেখিয়াছিল।

অপুকে দেখাইতে বড় ইচ্ছা করে, দুর্গা কতবার খুঁজিয়াছে, ও খেলা আর কোনও দিন আসে নাই।

গল্প ভাল করিয়া শেষ হইতে না হইতে দুর্গা জুরের ধমকে আর বসিতে পারে না, উঠিয়া ঘরের মধ্যে কাঁধা মুড়ি দিয়া শোয়।

আজকাল বাবা বাড়ী নাই, অপুকে আর খুঁজিয়া মেলা দায়। বই দপ্তরে ঘণ ধরিবার যোগাড় হইয়াছে। সকাল বেলা সেই যে এক পুঁটলি কড়ি লইয়া বাহির হয়, আর ফেরে একেবারে দুপুর ঘুরিয়া গেলে খাইবার সময়। তাহার মা বকে—ছেলের না নিকুটি করেচে—তোমার লেখাপড়া একেবারে ছিক্কে উঠলে? এবার বাড়ী এলে সব কথা ব'লে দেবো, দেখো এখন তুমি—

অপু ভয়ে ভয়ে দপ্তর লইয়া বসে। বইগুলো খুব চারিদিকে ছড়ায়। মাকে বলে, একটু খয়ের দাও মা, আমি দোয়াতের কালিতে দেবো—

পরে সে বসিয়া বসিয়া হাতের লেখা লিখিয়া রৌদ্রে দেয়। শুকাইয়া গেলে খয়ের-ভিজানো কালি চক্ চক্ করে—অপু মহাখুশির সহিত সেদিকে চাহিয়া থাকে—ভাবে—আর একটু খয়ের দেবো কাল থেকে—ওঃ কী চক্ চক্ করছে দেখো একবার! পানের বাটা হইতে মাকে লুকাইয়া বড় একখণ্ড খয়ের লইয়া কালির দোয়াতে দেয়। পরে লেখা লিখিয়া শুখাইতে দিয়া কতটা আজ জলজল করে দেখিবার জন্য কৌতুহলের সহিত সেদিকে চাহিয়া থাকে। মনে হয়—আচ্ছা যদি আর একটু দি?

একদিন মার কাছে ধরা পড়িয়া যায়। মা বলে, ছেলের লেখার সঙ্গে খোঁজ নেই। কেবল ডালা ডালা খয়ের রোজ দরকার—রেখে দে খয়ের—

ধরা পড়িয়া একটু অপ্রতিভ হইয়া বলে, খয়ের নৈলে কালি হয় বুঝি?....আমি বুঝি এমনি এমনি—

—না খয়ের নৈলে কালি হবে কেন? এইসব রাজ্যের ছেলে আর লেখাপড়া কচ্ছে না—তাদের সের সের খয়ের রোজ যোগানো রয়েছে যে দোকানে! যাঃ—

অপু বসিয়া বসিয়া একখানা খাতায় নাটক লেখে। বহু লিখিয়া খাতাখানা সে প্রায় ভরাইয়া ফেলিয়াছে, মন্ত্রীর বিশ্বাসঘাতকতায় রাজা রাজ্য ছাড়িয়া বনে যান, রাজপুত্র নীলাশ্বর ও রাজকুমারী অম্বা বনের মধ্যে দস্যুর হাতে পড়েন, ঘোর যুদ্ধ হয়, পরে রাজকুমারীর মৃতদেহ নদীতীরে দেখা যায়। নাটকে সতু বলিয়া একটি জটিল চরিত্র সৃষ্ট হইবার অল্পপরেই বিশেষ কোনো মারাত্মক দোষের বর্ণনা না থাকা সত্ত্বেও সে প্রাণদণ্ডে দণ্ডিত হয়। নাটকের শেষদিকে রাজপুত্রী অম্বার নারদের বরে পুনর্জীবন প্রাপ্তি বা বিশ্বস্ত সেনাপতি জীবনকেতুর সহিত তাঁহার বিবাহ প্রভৃতি ঘটনায় যাঁহারা বলেন যে গত বৈশাখ মাসে দেখা যাত্রার পালা হইতে এক নামগুলি ছাড়া মূলতঃ কোন অংশই পৃথক নহে, বা সেই হইতেই ইহা হুবহু লওয়া তাঁহারা ভুলিয়া যান যে, অতীতের কোনো এক নীরব জ্যোৎস্নাময়ী রাত্রিতে নির্জন বাসকক্ষের স্তিমিতদীপশয্যায় এক প্রাচীন কবির নীলমেঘের মত দৃশ্যমান ময়ূর-নিনাদিত দূর বনভূমির স্বপ্ন যদি কালিদাসকে মুক্ত মেঘের ভ্রমণ বর্ণনে অনুপ্রাণিত করিয়া থাকে, তাহা হইলেই বা কি?....সে বিশ্বৃত শুভ-যামিনীর বন্দনা মানুষে নিজের অজ্ঞাতসারে হাজার বৎসর ধরিয়া করিয়া আসিতেছে।

আগুন দিয়াই আগুন জ্বালানো যায়, ছাই-এর টিপিতে মশাল পুঁজিয়া কে কোথায় মশাল জ্বালে?...

দপ্তরে একখানা বই আছে—বইখানার নাম চরিতমালা, লেখা আছে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত। পুরানো বই, তাহার বাবার নানা জায়গা হইতে ছেলের জন্য বই সংগ্রহ করিবার বাতিক আছে, কোথা হইতে এখানা আনিয়াছিল, অপু মাঝে মাঝে খানিকটা পড়িয়া থাকে। বইখানিতে যাঁহাদের গল্প আছে সে ঐ রকম হইতে চায়! হাটে আলু বেচিতে পাঠাইলে কৃষকপুত্র রস্কো বেড়ার ধারে বসিয়া বসিয়া বীজগণিতের চর্চা করিত, কাগজের অভাবে চামড়ার পাতে ভোঁতা আল দিয়া অঙ্ক কবিত, মেঘপালক ডুবাল ইত্যন্ততঃ সঞ্চরণশীল মেঘদলকে যদুচ্ছ বিচরণের সুযোগ দিয়া একমনে গাছতলায় বসিয়া ভূচিত্র পাঠে মগ্ন থাকিত—সে ঐ রকম হইতে চায়!...‘বীজগণিত’ কি জিনিস? সে বীজগণিত পড়িতে চায় রস্কোর মত। সে এই হাতের লেখা লিখিতে চায় না, ধারাপাত কি শুভঙ্করী এসব তাহার ভাল লাগে না। ঐরকম নির্জন গাছতলায়, বনের ছায়া, কি বেড়ার ধারে বসিয়া বসিয়া সে “ভূচিত্র” (জিনিসটা কি?) পাতিয়া পড়িবে, বড় বড় বই পড়িবে, পণ্ডিত হইবে ঐ রকম। কিন্তু কোথায় পাইবে সে সব জিনিস? কোথায় বা ‘ভূচিত্র’, কোথায় বা ‘বীজগণিত’, কোথায়ই বা লাটিন ব্যাকরণ?—এখানে শুধুই কড়ি কষার আর্থা, আর তৃতীয় নামতা।

মা বকিলে কি হইবে, যাহা সে পড়িতে চায়, তাহা এখানে কই?

পথের পাঁচালী

পঞ্চবিংশ পরিচ্ছেদ

কয়দিন খুব বর্ষা চলিতেছে। অন্নদা রায়ের চণ্ডীমণ্ডপে সন্ধ্যাবেলায় মজলিস বসে। সেদিন সেখানে নীলকুঠির ভুগো গল্প হইতে শুরু হইয়া পুরীর কোন মন্দিরের মাথায় পাঁচ মণ ভারী চুষক পাথর বসানো আছে, যাহার আকর্ষণের বলে নিকটবর্তী সমুদ্রগামী জাহাজ প্রায়ই পথভ্রষ্ট হইয়া আসিয়া তীরবর্তী মগ্ন শৈলে লাগিয়া ভাঙিয়া যায় প্রভৃতি—আরব্য উপন্যাসের গল্পের মত নানা আজগুবী কাহিনীর বর্ণনা চলিতেছিল। শ্রোতাদের কাহারও উঠিবার ইচ্ছা ছিল না, এরকম আজগুবী গল্প ছাড়িয়া কাহারও বাড়ী যাইতে মন সরিতেছিল না। ভুগোল হইতে শীঘ্রই গল্পের ধারা আসিয়া জ্যোতিষে পৌছিল। দীনু চৌধুরী বলিতেছিলেন—ভূগু সংহিতার মত অমন বই তো আর নেই! তুমি যাও, শুধু জন্মরাশিটা গিয়ে দিয়ে দাও, তোমার বাবার নাম, কোন কুলে জন্ম, ভূত ভবিষ্যৎ সব বলে দেবে—তুমি মিলিয়ে নাও—গ্রহ ও রাশিচক্রের যত রকম ইয়ে হয়—তা সব দেওয়া আছে কি না? মায় তোমার পূর্বজন্ম পর্যন্ত—

সকলে সাগ্রহে শুনিতেছিলেন, কিন্তু রামময় হঠাৎ বাহিরের দিকে চাহিয়া বলিলেন—না, ওঠা যাক্, এর পর যাওয়া যাবে না—দেখচো না—দেখচো না কাঙ্ক্ষানা? একটা বড় বাটকা-টটকা না হোলে বাঁচি, গতিক বড় খারাপ, চলো সব—

বৃষ্টির বিরাম নাই। একটু থামে, আবার জোরে আসে, বৃষ্টির ছাটে চারিধার ধোঁয়া ধোঁয়া।

হরিহর মোট পাঁচটা টাকা পাঠাইয়াছিল, তাহার পর আর পত্রও নাই, টাকাও নাই। সেও অনেক দিন হইয়া গেল—রোজ সকালে উঠিয়া সর্বজয়া ভাবে আজ ঠিক খরচ আসিবে। ছেলেকে বলে, তুই খেলে খেলে বেড়াস ব'লে দেখতে পাস্নে, ডাক বাঙ্কটার কাছে ব'সে থাক্‌বি—পিওন যেমন আস্বে আর অমনি জিগ্যেস করবি—

অপু বলে—বা, আমি বৃষ্টি ব'সে থাকি নে? কালও তো এলো পুঁটিদের চিঠি, আমাদের খবরের কাগজ দিয়ে গেল—জিগ্যেস করে এস দিকি পুঁটিকে? কাল তবে আমাদের খবরের কাগজ কি ক'রে এল? আমি থাকিনে বৈ কি?

বর্ষা রীতিমত নামিয়াছে। অপু মায়ের কথায় ঠায় রয়েছেদের চণ্ডীমণ্ডপে পিওনের প্রত্যাশায় বসিয়া থাকে। সাধু কর্মকারের ঘরে চালা হইতে গোলা পায়রার দল ভিজিতে ভিজিতে বাটাপট করিয়া উড়িতে উড়িতে রায়েদের পশ্চিমের ঘরের কানিসে আসিতেছে, চাহিয়া চাহিয়া দ্যাখে। আকাশের ডাককে সে বড় ভয় করে। বিদ্যুৎ চমকাইলে মনে মনে ভাবে—দেবতা কিরকম নলপাচ্ছে দেখেচো, এইবার ঠিক ডাক্বে—পরে সে চোখ বুজিয়া কানে আঙুল দিয়া থাকে।

বাড়ী ফিরিয়া দ্যাখে মা ও দিদি সারা বিকাল ভিজিতে ভিজিতে রাশীকৃত কচুর শাক তুলিয়া রান্নাঘরের দাওয়ায় জড় করিয়াছে।

অপু বলে—কোথেকে আনলে মা? উঃ কত!

দুর্গা হাসিয়া বলে—কত—! উ-উঃ! তোমার তো ব'সে ব'সে সুবিধে!...ওই ওদের ডোবার জামতলা থেকে—এই এতটা এক হাঁটু জল! যাও দিকি?...

সকালে ঘাটে গিয়া নাপিত-বোয়ের সঙ্গে দেখা হয়। সর্বজয়া কাপড়ের ভিতর হইতে কাঁসার একখানা রেকাবী বাহির করিয়া বলে, এই দ্যাখো জিনিসখানা, খুব ভালো—ভরণ না, কিছু না, ফুল কাঁসা। তুমি বলেছিলে, তাই বলি যাই নিয়ে—এ সে জিনিস নয়, এ আমার বিয়ের দান—এখন এ জিনিস আর মেলে না—

অনেক দরদস্তুরের পর নাপিত-বো নগদ একটি আধুলি আঁচল হইতে খুলিয়া দিয়া রেকাবীখানা কাপড়ের মধ্যে লুকাইয়া লয়। কাউকে যেন না প্রকাশ করে—সর্বজয়া এ অনুরোধ বার বার করে।

দুই একদিনে ঘনীভূত বর্ষা নামিল। হু-হু পূবে হাওয়া, খানাডোবা সব থৈ-থৈ করিতেছে—পথে ঘাটে একহাঁটু জল, দিনরাত সোঁ সোঁ, বাঁশবনে বড় বাধে—বাঁশের মাথা মাটিতে লুটাইয়া পড়ে—আকাশের কোথাও ফাঁক নাই—মাঝে মাঝে আগেকার চেয়ে অন্ধকার করিয়া আসে—কালো কালো মেঘের রাশ হু-হু উড়িয়া পূব হইতে পশ্চিমে চলিয়াছে—দূর আকাশের কোথায় যেন দেবাসুরের মহাসংগ্রাম বাধিয়াছে, কোন কৌশলী সেনানায়কের চালনায় জলস্থল-আকাশ একাকারে ছাইয়া ফেলিয়া বিরাট দৈত্যসৈন্য, বাহিনীর পর বাহিনী, অক্ষৌহিণীর পর অক্ষৌহিণী, অদৃশ্য রথী মহারথীদের নায়কত্বে ঝড়ের বেগে অগ্রসর হইতেছে—প্রজলন্ত অত্যাগ্র দেববজ্র আশুগুণ উড়াইয়া চক্ষের নিমেষে বিশাল কৃষ্ণচমুর এদিক-ওদিক পর্যন্ত ছিড়িয়া ফাঁড়িয়া এই ছিন্ন ভিন্ন করিয়া দিতেছে—এই আবার কোথা হইতে রক্তবীজের বংশ করাল কৃষ্ণছায়ায় পৃথিবী অন্তরীক্ষ অন্ধকার করিয়া ঘিরিয়া আসিতেছে।

মহাঝড়!

দিন রাত সোঁ-সোঁ শব্দ—নদীর জল বাড়ে—কত ঘরদোর কত জায়গায় যে পড়িয়া গেল!...নদী-নালা জলে ভাসিয়া গিয়াছে—গরু-বাহুর গাছের তলে, বাঁশবনে, বাড়ীর ছাঁচতলায় অঝোরে দাঁড়াইয়া ভিজিতেছে, পাখী-পাখালীর শব্দ নাই কোনোদিকে! চার পাঁচ দিন সমান ভাবে কাটিল—কেবল ঝড়ের শব্দ আর অবিশ্রান্ত ধারাবর্ষণ!—অপু দাওয়ায় উঠিয়া তাড়াতাড়ি ভিজা মাথা মুছিতে বলিল—আমাদের বাঁশতলায় জল এসেচে দিদি, দেখবি? দুর্গা কাঁথা মুড়ি দিয়া শুইয়াছিল—না উঠিয়াই বলিল কতখানি জল এসেচে রে?...অপু বলে, তোর জুর সারলে কাল দেখে আসিস!...তেঁতুলতলার পথে হাঁটু জল! পরে জিজ্ঞাসা করে—মা কোথায় রে?...

যরে একটা দানা নেই—দুটোখানি বাসি চালভাজা মাত্র আছে। অপু কান্নাকাটি করে, তা হবে না মা, আমার খিদে পায় না বুঝি—আমি দুটি ভাত খাবো—হুঁ-উ—

তার মা বলিল, লক্ষ্মী মাণিক আমার—ও রকম কি করে! চালভাজা মেখে দেবো এখন—রাঁধবো কেমন ক'রে, দেখচিস্ নে কি রকম স্েঁওটা করেছে?—উনুনের মধ্যে এক উনুন জল যে? পরে সে কাপড়ের ভিতর হইতে একটা কি বাহির করিয়া হাসিমুখে দেখাইয়া বলে—এই দ্যাখ্ একটা কইমাছ বাঁশতলায় কানে হেঁটে দেখি বেড়াচ্ছে—বন্যের জল পেয়ে সব উঠে আসছে গাঙ থেকে—বরোজ পোতার ডোবা ভেসে নদীর সঙ্গে এক হয়ে গিয়েচে কিনা?...তাই সব উঠে আস্চে—

দুর্গা কাঁথা ফেলিয়া ওঠে—অবাক হইয়া যায়। বলে, দেখি মা মাছটা? হাঁ মা, কইমাছ বুঝি কানে হেঁটে বেড়ায়? আর আছে?...

অপু এখনি বৃষ্টিমাথায় ছুটিয়া যায় আর কি—অনেক কষ্টে মা তাহাকে থামায়।

দুর্গা বলে—একটু জ্বর সারলে কাল সকালে চল্ অপু, তুই আর আমি বাঁশবাগান থেকে মাছ নিয়ে আস্বে এখন। পরে সে অবাক হইয়া ভাবে—বাঁশবাগানে মাছ! কী ক'রে এল? বাঃ তো!—মা কি ভাল ক'রে খুঁজেচে। খুঁজলে আরও সেখানে আছে—দেখতে পেলাম না কি রকম কইমাছ কানে হাঁটে—কাল সকালে দেখবো—সকালে জ্বর সেরে যাবে—

চারদিকের বন-বাগান ঘিরিয়া সন্ধ্যা নামে। সন্ধ্যার মেঘে ত্রয়োদশীর অন্ধকারে চারিখার একাকার। দুর্গা যে বিছানা পাতিয়া শুইয়া আছে, তাহারই এক পাশে তাহার মা ও অপু বসে। সর্বজয়া ভাবে—আজ যদি এখুনি একখানা পত্তর আসে নীরেন বাবাজীর? কি জানি, তা হ'তে কি আর পারে না? নীরেন তো পছন্দই ক'রে গিয়েচেন—কি জানি কি হোল অদেপ্টে! নাঃ, সে সব কি আর আমার অদেপ্টে হবে? তুমিও যেমন! তা হোলে আর ভাবনা ছিল কি?

ওদিকে ভাইবোনে তুমুল তর্ক বাধিয়া যায়। অপু সরিয়া মায়ের কাছে ঘেঁষিয়া বসে—ঠাণ্ডা হাওয়ায় বেজায় শীত করে। হাসিয়া বলে—মা—কি? সেই—শামলঙ্কা বাট্‌না বাটে মাটিতে লুটায় কেশ?...

দুর্গা বলে—ততক্ষণে মা আমার ছেড়ে গিয়েচেন দেশ—

অপু বলে—দূর—হাঁ মা তাই? ততক্ষণে মা আমার ছেড়ে গিয়েচেন দেশ?—কথা বলিয়াই সে দিদির অজ্ঞতায় হাসে।

সর্বজয়ার বুকে ছেলের অবোধ উল্লাসের হাসি শেলের মত বেঁধে। মনে মনে ভাবে—সাতটা নয় পাঁচটা নয়—এই তো একটা ছেলে—কি অদেপ্ট যে ক'রে এসেছিলাম—তার মুখের আবদার রাখতে পারিনে—ঘি না, লুচি না, সন্দেশ না—কি না শুধু দুটো ভাত—নির্নকি!... আবার ভাবে—এই ভাঙা ঘর, টানটানির সংসার—অপু মানুষ হোলে আর এ দুঃখ থাকবে না—ভগবান তাকে মানুষ কোরে তোলেন যেন।...

তাহার পর সে বসিয়া বসিয়া গল্প করে, যখন প্রথম সে নিশ্চিন্দিপুরে ঘর করিতে আসিয়াছিল, তখন এক বৎসর এই রকম অবিশ্রান্ত বর্ষায় নদীর জল এত বাড়িয়াছিল যে ঘাটের পথে মুখুযোবাগানের কাছে বড় বোঝাই নৌকা পর্যন্ত আসিয়াছে।

অপু বলে—কত বড় নৌকো মা?

—মস্ত—ওই যে খোঁটাদের চুণের নৌকো, সাজিমাটির নৌকো মাঝে মাঝে আসে দেখিচিস্ তো—অত বড়—

দুর্গা হঠাৎ জিজ্ঞাসা করে—মা তুমি চারগুছির বিনুনি করতে জানো?

অনেক রাত্রে সর্বজয়ার ঘুম ভঙিয়া যায়—অপু ডাকিতেছে—মা, ওমা ওঠো—আমার গায়ে জল পড়চে—

সর্বজয়া উঠিয়া আলো জ্বালে—বাহিরে ভয়ানক ব্যস্তির শব্দ হইতেছে। ফুটা ছাদ দিয়া ঘরের সর্বত্র জল পড়িতেছে। সে বিছানা সরাইয়া পাতিয়া দেয়। দুর্গা অঘোর জ্বরে শুইয়া আছে—তাহার মা গায়ে হাত দিয়া দ্যাখে তাহার গায়ের কাঁথা ভিজিয়া সপ সপ করিতেছে। ডাকিয়া বলে—দুর্গা—ও দুর্গা শুনছিস?...একটু ওঠ দিকি? বিছানাটা সরিয়ে নি—ও দুর্গা—শীগুঁগির, একেবারে ভিজে গেল যে সব?...

ছেলেমেয়ে ঘুমাইয়া পড়িলেও সর্বজয়ার ঘুম আসে না। অন্ধকার রাত—এই ঘন বর্ষা...তাহার মন ছম্ছম করে—ভয় হয় একটা যেন কিছু ঘটবে...কিছু ঘটবে। বুকের মধ্যে কেমন যেন করে। ভাবে—সে মানুষেরই বা কি হোল? কোন পত্তরও আসে না—টাকা মরুক্গে যাক। এরকম তো কোনোবার হয় না?...তীর শরীরটা ভাল আছে তো? মা সিদ্ধেশ্বরী, স-পাঁচ আনার ভোগ দেবো, ভাল খবর এনে দাও মা—

তার পরদিন সকালের দিকে সামান্য একটু বৃষ্টি থামিল। সর্বজয়া বাতীর বাহির হইয়া দেখিল বাঁশবনের মধ্যের ছোট ডোবাটা জলে ভর্তি হইয়া গিয়াছে। ঘাটের পথে নিবারণের মা ভিজিতে ভিজিতে কোথায় যাইতেছিল, সর্বজয়া ডাকিয়া বলিল—ও নিবারণের মা শোন—পরে সলজ্জভাবে বলিল—সেই তুই একবার বলিছিলি না, বিন্দুবুনি চাদরের কথা তোর ছেলের জন্যে—তা নিবি?...

নিবারণের মা বলিল—আছে? দেয়া একটু ধরুক, মোর ছেলেরে সঙ্গে ক'রে এখন আসবো এখন—নতুন আছে মা-ঠাকুরগণ, না পুরোনো?...

সর্বজয়া বলিল, তুই আয় না—এখনি দেখবি?...একটু পুরোনো, কিন্তু সে কেউ গায়ে দেয় নি—ধোয়াতোলা আছে—পরে একটু থামিয়া বলিল—তোরা আজকাল চাল ডান্টিস্ নে?...

নিবারণের মা বলিল—এই বাদলায় কি ধান শুকোয় মা ঠাকুরগণ...খাবার ব'লে দুটোখানি রেখে দিইচি অম্নি—

সর্বজয়া বলিল—এক কাজ কর না—তাই গিয়ে আমায় আধকাঠা খানেক আজ দিয়ে যাবি?...একটু সরিয়া আসিয়া মিনতির সুরে বলিল—বৃষ্টির জন্যে বাজার থেকে চাল আনাবার লোক পাচ্চিনে—টাকা নিয়ে নিয়ে বেড়াচ্চি তা কেউ যদি রাজী হয়—বড় মুস্কিলে পড়িচি মা—

নিবারণের মা স্বীকার হইয়া গেল, বলিল—আসবো এখন নিয়ে, কিন্তু সে ভেটেল ধানের চালির ভাত কি আপনারা খেতে পারবেন মা-ঠাকুরগণ?...বড্ড মোটা—

মিমছাল সিদ্ধ দুর্গা আর খাইতে পারে না। তাহার অসুখ একভাবেই আছে। ঔষধ নাই, ডাক্তার নাই, বৈদ্য নাই। বলে—এক পয়সার বিস্কুট আনিয়ো দেবে মা, নোনতা, মুখে বেশ লাগে।

সাবু তাই জোটে না, তার বিস্কুট!

বৈকালবেলা হইতে আবার ভয়ানক বৃষ্টি নামিল। বৃষ্টির সঙ্গে ঝড়ও যেন বেশী করিয়া আসে—ঘোর বর্ষণমুখর নির্জন, জলে থে-থে, হু-হু পূবে হাওয়া বওয়া, মেঘে অন্ধকারে একাকার ভাদ্র-সন্ধ্যা! আবার সেই রকম কালো কালো পঁজা তুলোর মত মেঘ উড়িয়া চলিয়াছে...বৃষ্টির শব্দে কান পাতা যায় না—দরজা জানালা দিয়া ঠাণ্ডা হাওয়ার ঝাপটার সঙ্গে বৃষ্টির ছাট্ হু-হু করিয়া ঢোকে—ছেঁড়া থলে ছেঁড়া কাপড় গৌড়া ভাঙা কপাটের আড়ালের সাধ্য কি যে ঝড়ের ভীম আক্রমণের মুখে দাঁড়ায়।

বেশী রাতে সকলে ঘুমাইলে বেশী বৃষ্টি নামিল। সর্বজয়ার ঘুম আসে না—সে বিছানায় উঠিয়া বসে। বাহিরে শুধু একটানা হু হু জলের শব্দ; ত্রুন্ধ দৈত্যের মত গর্জমান একটানা গৌ গৌ রবে ঝড়ের দমকা বাড়ীতে বাধিতেছে!... জীর্ণ কোঠাখানা এক একবারের দমকায় যেন থর থর করিয়া কাঁপে...ভয়ে তাহার প্রাণ উড়িয়া যায়...গ্রামের একধারে বাঁশবনের মধ্যে ছোট ছোট ছেলেমেয়ে লইয়া নিঃসহায়!...মনে মনে বলে—ঠাকুর, আমি মরি তাতে খেতি নেই—এদের কি করি?—এই রাত্তিরে যাই বা কোথায়?...মনে মনে বসিয়া বসিয়া ভাবে—আচ্ছা যদি কোঠা পড়ে, তবে দালানের দেওয়ালটা বোধ হয় আগে পড়বে—যেমন শব্দ হবে অম্নি পান্ঢালার দোর দিয়ে এদের টেনে বার ক'রে নেবো—

সে যেন আর বসিয়া থাকিতে পারে না—কয়দিন সে ওলশাক কচুশাক সিদ্ধ করিয়া খাইয়া দিন কাটাইতেছে—নিজে উপবাসের পর উপবাস দিয়া ছেলেমেয়েকে যাহা কিছু সামান্য খাদ্য ছিল খাওয়াইতেছে—শরীর ভাবনায় অনাহারে দুর্বল, মাথার মধ্যে কেমন করে।

ঝড়ের গৌ গৌ শব্দ, অনেক রাতে ঝড় বাড়িল। বাহিরে কি ঝট্কা আসিল! উপায়! একবার বড় একটা দমকায় ভয় পাইয়া সে ঝড়ের গতিক বুঝিবার জন্য সত্তর্পণে দালানের দুয়ার খুলিয়া বাহিরের

রোয়াকে মুখ বাড়াইল...বৃষ্টির ছাটে কাপড় চুল সব ভিজিয়া গেল—হু-হু একটানা হাওয়ার শব্দে বৃষ্টিপতনের ঝড়ের শব্দ ঢাকিয়া গিয়াছে—বাহিরে কিছু দেখা যায় না—অন্ধকারে মেঘে আকাশে—বাতাসে গাছপালায় সব একাকার! ঝড়-বৃষ্টির শব্দে আর কিছু শোনা যায় না।

এই হিঁস্র অন্ধকার ও তুর-ঝটিকাময়ী রজনীর আত্মা যেন প্রলয়দেবের দূতরূপে ভীম ভৈরব বেগে সৃষ্টি গ্রাস করিতে ছুটিয়া আসিতেছে—অন্ধকারে, রাত্রে, গাছপালায়, আকাশে, মাটিতে তাহার গতিবেগ বাধিয়া শব্দ উঠিতেছে—সু-ইশ সু-উ-উ-ইশ...সু উ উ উ ই শ...এই শব্দের প্রথমাংশের দিকে বিশ্বগ্রাসী দূতটা যেন পিছু হটিয়া বল-সঞ্চয় করিতেছে—সু উ উ—এবং শেষের অংশটায় পৃথিবীর উচ্চ নীচ তাবৎ বায়ুস্তর আলোড়ন, মস্থন করিয়া বায়ুস্তরে বিশাল তুফান তুলিয়া তাহার সমস্ত আসুরিকতার বলে সর্বজ্ঞাদের জীর্ণ কোঠাটার পিছনে ধাক্কা দিতেছে—ই ই-শ...! কোঠা দুলিয়া দুলিয়া উঠিতেছে...আর থাকে না! ইহার মধ্যে যেন কোনো অধীরতা, বিশৃঙ্খলতা, ভ্রম-ভ্রান্তি নাই—যেন দৃঢ়, অভ্যস্ত, প্রণালীবদ্ধ ভাবের কর্তব্যকার্য!...বিশ্বটাকে নির্দিষ্ট সময়ের মধ্যে চূর্ণ করিয়া উড়াইয়া দেওয়ার ভার যে নইয়াছে, যুগে যুগে এরকম কত হাস্যমুখী সৃষ্টিকে বিধ্বস্ত করিয়া অনন্ত আকাশের অন্ধকারে তারাভাজির মত ছড়াইয়া দিয়া আসিয়াছে সে মহাশক্তিমান্ ধ্বংসদূত—এ তার অভ্যস্ত কার্য...এতে তার অধীরতা উন্মত্ততা সাজে না...

আতঙ্কে সর্বজ্ঞা দোর বন্ধ করিয়া দিল...আচ্ছা যদি এখন একটা কিছু ঘরে ঢোকে? মানুষ কি অন্য কোন জানোয়ার? চারিদিকে ঘন বাঁশবন, জঙ্গল, লোকজনের বসতি নাই—মাগো! জলের ছাটে ঘর ভাসিয়া যাইতেছে...হাত দিয়া দেখিল ঘুমন্ত অপূর গা জলে ভিজিয়া ন্যাতা হইয়া যাইতেছে...সে কি করে? আর কত রাত আছে? সে বিছানা হাতড়াইয়া দেশলাই খুঁজিয়া কেরোসিনের ডিবাটা জ্বালে। ডাকে—ও অপূ ওঁ তো? জল পড়চে—। অপূ ঘুমচোখে জড়িত গলায় কি বলে বোঝা যায় না। আবার ডাকে—অপূ? শুন্টিস ও অপূ? ওঁ দিকি! দুর্গাকে বলে—পাশ ফিরে শো তো দুগুগা। বড্ড জল পড়চে—একটু সঁরে, পাশ ফের্ দিকি—

অপূ উঠিয়া বসিয়া ঘুমচোখে চারিদিকে চায়— পরে আবার শুইয়া পড়ে। হুডুম করিয়া বিষম কি শব্দ হয়, সর্বজ্ঞা তাড়াতাড়ি আবার দুয়ার খুলিয়া বাহিরের দিকে উঁকি মারিয়া দেখিল —বাঁশবাগানের দিকটা ফাঁকা ফাঁকা দেখাইতেছে—রান্নাঘরের দেওয়াল পড়িয়া গিয়াছে!...তাহার বুক কাঁপিয়া ওঠে—এইবার বুঝি পুরানো কোঠাটা—? কে আছে কাহাকে সে এখন ডাকে? মনে মনে বলে—হে ঠাকুর, আজকার রাতটা কোনো রকমে কাটিয়ে দাও, হে ঠাকুর, ওদের মুখের দিকে তাকাও—

তখন ভাল করিয়া ভোর হয় নাই, ঝড় থামিয়া গিয়াছে কিন্তু বৃষ্টি তখনও অল্প অল্প পড়িতেছে। পাড়ার নীলমণি মুখ্যের স্ত্রী গোহালে গরুর অবস্থা দেখিতে আসিতেছেন, এমন সময় খিড়কীদোরে বার বার ধাক্কা শুনিয়া দোর খুলিয়া বিস্ময়ের সুরে বলিলেন—নতুন বৌ!...সর্বজ্ঞা ব্যস্তভাবে বলিল—ন'দি একবার বটঠাকুরকে ডাকো দিকি?...একবার শীগুগির আমাদের বাড়ীতে আসতে বলো—দুগুগা কেমন করচে!

নীলমণি মুখ্যের স্ত্রী আশ্চর্য হইয়া বলিলেন—দুগুগা? কেন কি হয়েছে দুগুগার?...

সর্বজ্ঞা বলিল—কদিন থেকে তো জ্বর হচ্ছিল—হচ্ছে আবার যাচ্ছে—ম্যালেরিয়ার জ্বর, কাল সন্দের থেকে জ্বর বড্ড বেশি—তার ওপর কাল রাত্রে কি রকম কাণ্ড তো জানই—একবার শীগুগির বটঠাকুরকে—

তাহার বিস্মস্ত কেশ ও রাত-জাগা রাঙা রাঙা চোখের কেমন দিশাহারা চাহনি দেখিয়া নীলমণি মুখ্যের স্ত্রী বলিলেন—ভয় কি বৌ—দাঁড়াও আমি এখনি ডেকে দিচ্ছি—চল আমিও যাচ্ছি—কাল আবার রাত্তিরে গোয়ালের চালখানা পড়ে গেল—বাবা কাল রাত্তিরের মত কাণ্ড আমি তো কখনো দেখিনি—শেষরাত্রে সব উঠে গরুটর সরিয়ে রেখে আবার শুয়েছে কিনা?...দাঁড়াও আমি ডাকি—

একটু পরে নীলমণি মুখ্যে, তাহার বড় ছেলে ফণি, স্ত্রী ও দুই মেয়ে সকলে অপূদের বাড়িতে আসিলেন। রাত্রে অন্ধকারে সেই দৈত্যটা যেন সারা গ্রামখানা দলিত, পিষ্ট, মথিত করিয়া দিয়া

আকাশ-পথে অন্তর্হিত হইয়াছে—ভাঙা গাছের ডাল, পাতা, চালের খড়, কাঁচা বাঁশপাতা, বাঁশের কঞ্চিতে পথ ঢাকিয়া দিয়াছে—ঝড়ের বাঁশ নুইয়া পথে আটকহিয়া রহিয়াছে। ফণি বলিল—দেখেচেন বাবা কাণ্ডখানা? সেই নবাবগঞ্জের পাকা রাস্তা থেকে বিলিতি চটুকা গাছটার পাতা উড়িয়ে এনেচে!...নীলমণি মুখুয়োর ছোট ছেলে একটা মরা চড়ুই পাখী বাঁশপাতার ভিতর হইতে টানিয়া বাহির করিল।

দুর্গার বিছানার পাশে অপু বসিয়া আছে—নীলমণি মুখুয্যে ঘরে ঢুকিয়া বলিলেন—কি হয়েছে বাবা অপু?

অপু মুখে উদ্বেগের চিহ্ন। বলিল, দিদি কি সব বকছিল জেঠামশায়।

নীলমণি বিছানার পাশে বসিয়া বলিলেন—দেখি হাতখানা?...জ্বরটা একটু বেশী, আচ্ছা কোনো ভয় নেই—ফণি, তুমি একবার চট ক'রে নবাবগঞ্জে চলে যাও দিকি শরৎ ডাক্তারের কাছে—একেবারে ডেকে নিয়ে আসবে। পরে তিনি ডাকিলেন—দুর্গা, ও দুর্গা? দুর্গার অঘোর আচ্ছন্ন ভাব, সাড়া শব্দ নাই। নীলমণি বলিলেন, এঃ, ঘরদোরের অবস্থা তো বড্ড খারাপ? জল প'ড়ে কাল রাত্রে ভেসে গিয়েচে...তা বৌমার লজ্জার কারণই বা কি—আমাদের ওখানে না হয় উঠলেই হোত? হরিটারও কাণ্ডজ্ঞান আর হোল না এ জীবনে—এই অবস্থায় এইরকম ঘরদোর সারানোর একটা ব্যবস্থা না ক'রে কি যে করচে, তাও জানিনে—চিকালটা ওর সমান গেল—

তঁহার স্ত্রী বলিলেন—ঘর সারাবে কি, খাবার নেই ঘরে, নৈলে কি এরকম আতান্তরে ফেলে কেউ বিদেশে যায়? আহা, রোগা মেয়েটা কাল সারারাত ভিজচে—একটু জল গরম করতে দাও—ওই জানালাটা খুলে দাও তো ফণি?

একটু বেলায় নবাবগঞ্জ হইতে শরৎ ডাক্তার আসিলেন—দেখিয়া শুনিয়া ঔষধের ব্যবস্থা করিলেন। বলিয়া গেলেন যে বিশেষ ভয়ের কোনো কারণ নেই, জ্বর বেশী হইয়াছে, মাথায় জলপট্টা নিয়মিতভাবে দেওয়ার বন্দোবস্ত করিলেন। হরিহর কোথায় আছে জানা নাই—তবুও তাহার পূর্ব ঠিকানায় তাহাকে একখানি পত্র দেওয়া হইল।

পরদিন ঝড় বৃষ্টি থামিয়া গেল—আকাশের মেঘ কাটিতে শুরু করিল। নীলমণি মুখুয্যে দুবেলা নিয়মিত দেখাশোনা করিতে লাগিলেন। ঝড় বৃষ্টি থামিবার পরদিন হইতেই দুর্গার জ্বর আবার বড় বাড়িল। শরৎ ডাক্তার সুবিধা বুঝিলেন না। হরিহরকে আর একখানা পত্র দেওয়া হইল।

অপু তাহার দিদির মাথার কাছে বসিয়া জলপট্টা দিতেছিল। দিদিকে দু-একবার ডাকিল—ও দিদি শুনহিস্, কেমন আছিস, ও দিদি? দুর্গার কেমন আচ্ছন্ন ভাব। ঠোঁট নড়িতেছে—কি যেন আপন মনে বলিতেছে, ঘোর ঘোর। অপু কানের কাছে মুখ লইয়া গিয়া দু-একবার চেষ্টা করিয়াও কিছু বুঝিতে পারিল না।

বৈকালের দিকে জ্বর ছাড়িয়া গেল। দুর্গা আবার চোখ মেলিয়া চাহিতে পারিল এতক্ষণ পরে। ভারী দুর্বল হইয়া পড়িয়াছে, টিটি করিয়া কথা বলিতেছে, ভাল করিয়া না শুনিলে বোঝা যায় না কি বলিতেছে।

মা গৃহকার্যে উঠিয়া গেলে অপু দিদির কাছে বসিয়া রহিল। দুর্গা চোখ তুলিয়া তাহার দিকে চাহিয়া বলিল—বেলা কত রে?

অপু বলিল—বেলা এখনও অনেক আছে—রদ্দুর উঠেচে আজ দেখেচিস্ দিদি? এখনও আমাদের নারকেল গাছের মাথায় রোদ্দুর রয়েছে—

খানিকক্ষণ দুজনেই কোনো কথা বলিল না। অনেকদিন পরে রৌদ্র ওঠাতে অপু ভারি আহ্লাদ হইয়াছে। সে জানালার বাহিরে রৌদ্রালোকিত গাছটার মাথায় চাহিয়া রহিল। খানিকটা পরে দুর্গা বলিল—শোন অপু—একটা কথা শোন—

—কি রে দিদি? পরে সে দিদির মুখের আরও কাছে মুখ লইয়া গেল।

—আমায় একদিন তুই রেলগাড়ী দেখাবি?

—দেখাবো এখন—তুই সেরে উঠলে বাবাকে ব'লে আমরা একদিন গঙ্গা নাইতে যাবো রেলগাড়ী ক'রে—

সারা দিন রাত্রি কাটিয়া গেল। ঝড় বৃষ্টি কোনও কালে হইয়াছিল মনে হয় না। চারিধারে দারুণ শরতের রৌদ্র।

সকাল দশটার সময় নীলমণি মুখ্যে অনেকদিন পরে নদীতে স্নান করিতে যাইবেন বলিয়া তেল মাখিতে বসিয়াছেন, তাঁহার স্ত্রীর উত্তেজিত সুর তাঁর কানে গেল—ওগো, এসো তো একবার এদিকে শীগ্গীর—অপূদের বাড়ীর দিক থেকে যেন একটা কান্নার গলা পাওয়া যাচ্ছে—

ব্যাপার কি দেখিতে সকলে ছুটিয়া গেলেন।

সর্বজয়া মেয়ের মুখের উপর ঝুঁকিয়া পড়িয়া বলিতেছে—ও দুগ্গা চা দিকি—ওমা, ভাল ক'রে চা দিকি—ও দুগ্গা—

নীলমণি মুখ্যে ঘরে ঢুকিয়া বলিলেন—কি হয়েছে—সরো সব সরো দিকি—আহা কি সব বাতাসটা বন্ধ ক'রে দাঁড়াও?

সর্বজয়া ভাসুর-সম্পর্কের প্রবীণ প্রতিবেশীর ঘরের মধ্যে উপস্থিতি ভুলিয়া গিয়া চীৎকার করিয়া উঠিল—ওগো, কি হোল, মেয়ে অমন করচে কেন?

দুর্গা আর চাহিল না।

আকাশের নীল আস্তরণ ভেদ করিয়া মাঝে মাঝে অনন্তের হাতছানি আসে—পৃথিবীর বুক থেকে ছেলেমেয়েরা চঞ্চল হইয়া ছুটিয়া গিয়া অনন্ত নীলিমার মধ্যে ডুবিয়া নিজেদের হারাইয়া ফেলে—পরিচিত ও গতানুগতিক পথের বহুদূরপারে কোন পথহীন পথে—দুর্গার অশান্ত, চঞ্চল প্রাণের বেলায় জীবনের সেই সর্বাপেক্ষা বড় অজানার ডাক আসিয়া পৌঁছিয়াছে!

তখন আবার শরৎ ডাক্তারকে ডাকা হইল—বলিলেন—ম্যালেরিয়ার শেষ স্টেজটা আর কি—খুব জুরের পর যেমন বিরাম হয়েছে আর অমনি হার্টফেল ক'রে—ঠিক এরকম একটা case হয়ে গেল সেদিন দশঘরায়—

আধঘণ্টার মধ্যে পাড়ার লোকে উঠান ভাঙিয়া পড়িল।

পথের পাঁচালী

ষড়বিংশ পরিচ্ছেদ

হরিহর বাড়ীর চিঠি পায় নাই।

এবার বাড়ী হইতে বাহির হইয়া হরিহর রায় প্রথমে গোয়াড়ী কৃষ্ণনগর যায়। কাহারও সঙ্গে তথায় পরিচয় ছিল না। শহর-বাজার জায়গা, একটা না একটা কিছু উপায় হইবে এই কুহকে পড়িয়াই সে সেখানে গিয়েছিল। গোয়াড়ীতে কিছুদিন থাকিবার পর সে সন্ধান পাইল যে, শহরে উকিল কি জমিদারের বাড়ীতে দৈনিক বা মাসিক চুক্তি হিসাবে চণ্ডীপাঠ করার কার্য প্রায়ই জুটিয়া যায়। আশায় আশায় দিন পনেরো কাটাওয়া বাড়ী হইতে পথখরচ বলিয়া যৎসামান্য যাহা কিছু আনিয়া ছিল ফুরাইয়া ফেলিল, অথচ কোথাও কিছু সুবিধা হয় না।

সে পড়িল মহাবিপদে—অপরিচিত স্থান, কেহ একটি পয়সা দিয়া সাহায্যে করে এমন নাই—খোড়ে বাজারের যে হোটেলটিতে ছিল পয়সা ফুরাইয়া গেলে সেখান হইতে বাহির হইতে হইল। একজনের নিকট শুলিন স্থানীয় হরিসভায় নবাগত অভাবগ্রস্থ ব্রাহ্মণ পথিককে বিনামূল্যে থাকিতে ও খাইতে দেওয়া হয়। অভাব জানাইয়া হরিসভার একটা কুঠুরির একপাশে থাকিবার স্থান পাইল বটে, কিন্তু সেখানে বড় অসুবিধা, অনেকগুলি নিষ্কর্মা গাঁজাখোর লোক রাত্রিতে সেখানে আড্ডা করে, প্রায় সমস্ত রাত্রি হৈ হৈ করিয়া কাটায়, এমন কি গভীর রাত্রিতে এক-একদিন এমন ধরণের স্ত্রীলোকের যাতায়াত দেখা যাইতে লাগিল যাহাদের ঠিক হরিমন্দির-দর্শন-প্রার্থিনী ভদ্রমহিলা বলে মনে হয় না।

অতিকষ্টে দিন কাটাওয়া সে শহরের বড় বড় উকিল ও ধনী গৃহস্থের বাড়ীতে ঘুরিতে লাগিল। সারাদিন ঘুরিয়া অনেক রাত্রিতে ফিরিয়া এক-একদিন দেখিত তাহার স্থানটিতে তাহারাই বিছানাটি টানিয়া লইয়া কে একজন অজ্ঞাতকুলশীল ব্যক্তি নাক ডাকাইয়া ঘুমাইতেছে। হরিহর কয়েকদিন বাহিরের

বারান্দায় শুইয়া কাটাইল। প্রায়ই একরূপ হওয়াতে ইহা লইয়া গাঁজাখোর সম্প্রদায়ের সহিত তাহার একটু বচসা হইল। পরদিন প্রাতে তাহারা হরিসভায় সেক্রেটারীর কাছে গিয়া কি লাগাইল তাহারা ইহা জানে—সেক্রেটারী-বাবু নিজ বাড়ীতে হরিহরকে ডাকাইয়া পাঠাইলেন ও বলিলেন, তাহাদের হরিসভায় তিনদিনের বেশী থাকিবার নিয়ম নাই, সে যেন অন্যত্র বাসস্থান দেখিয়া লয়।

সন্ধ্যার পরে জিনিসপত্র লইয়া হরিহরকে হরিসভার বাড়ী হইতে বাহির হইতে হইল।

খোড়ে নদীর ধারে অল্প একটু নির্জন স্থানে পুঁটুলিটা নামাইয়া রাখিয়া নদীর জলে হাত মুখ ধুইল। সারাদিন কিছু খাওয়া হয় নাই—সেদিন একটি কাঠের গোলাতে বসিয়া শ্যামাবিষয় গান করিয়াছিল—গোলায় অধিকারী একটি টাকা প্রণামী দেয়—সেই টাকাটি হইতে কিছু পয়সা ভাঙাইয়া বাজার হইতে মুড়ি ও দই কিনিয়া আনিল। খাবার গলা দিয়ে যেন নামে না—মাত্র দিনদশকের সম্বল রাখিয়া সে বাড়ী হইতে বাহির হইয়াছে। অদ্য প্রায় দুই মাসের উপর হইয়া গেল—এ পর্যন্ত একটি পয়সা পাঠাইতে পারে নাই—এতদিন কি করিয়া তাহাদের চলিতেছে! অপু বাড়ী হইতে আসিবার সময় বার বার বলিয়া দিয়াছে—তাহার জন্য একখানা পদ্মপুরাণ কিনিয়া লইয়া যাইবার জন্য। ছেলে বই পড়িতে বড় ভালোবাসে—মাঝে মাঝে সে যে বাপের বাস্ক-দপ্তর হইতে লুকাইয়া বই বাহির করিয়া লইয়া পড়ে, তাহা হরিহর বুঝিতে পারে—বাস্কের ভিতর আনাড়ি হাতের হেলাগোছা করা থাকে—কোন বই বাবা বাস্কের কোথায় রাখে, ছেলে তাহা জানে না—উপ্তাপান্টা করিয়া সাজাইয়া চুরি ঢাকিবার অক্ষম চেষ্টা করে—হরিহর বাড়ী ফিরিয়া বাস্ক খুলিলেই বুঝিতে পারে ছেলের কীর্তি।

তাহার বাড়ী হইতে আসিবার পূর্বে হরিহর যুগীপাড়া হইতে একখানা বটতলার পদ্য পদ্মপুরাণ পড়িবার জন্য লইয়া আসে—অপু বইখানা দখল করিয়া বসিল—রোজ রোজ পড়ে—কুচুনী পাড়ায় শিবঠাকুরের মাছ ধরিতে যাওয়ার কথাটা পড়িয়া তাহার ভারী আমোদ—হরিহর বলে—বইখানা দ্যাও বাবা, যাদের বই তারা চাচ্ছে যে! অবশেষে একখানা পদ্মপুরাণ তাহাকে কিনিয়া দিতে হইবে—এই শর্তে বাবাকে রাজী করাইয়া তবে সে বই ফেরৎ দেয়। আসিবার সময় বার বার বলিয়াছে—সেই বই একখানা এনো কিন্তু, বাবা, এবার অবিশ্যি অবিশ্যি। দুর্গার উঁচু নজর নাই, সে বলিয়া দিয়াছে, একখানা সবুজ হাওয়াই কাপড় ও একপাতা ভাল দেখিয়া আলতা লইয়া যাইবার জন্য। কিন্তু সে সব তো দূরের কথা, কি করিয়া বাড়ীর সংসার চলিতেছে সেই না এখন সমস্যা! সন্ধ্যার পর পূর্ব-পরিচিত কাঠের গোলাটায় গিয়া সে রাত্রের মত আশ্রয় লইল। ভালো ঘুম হইল না—বিছানায় শুইয়া বাড়ীতে কি করিয়া কিছু পাঠায় এই ভাবনায় এপাশ-ওপাশ করিতে লাগিল।

সকালে উঠিয়া ঘুরিতে ঘুরিতে সে লক্ষ্যহীন ভাবে একস্থানে দাঁড়াইল। রাস্তার ওপারে একটা লাল ইঁটের লোহার ফটকওয়ালা বাড়ী। অনেকক্ষণ চাহিয়া তাহার কেমন মনে হইল এই বাড়ীতে গিয়া দুঃখ জানাইলে তাহার একটা উপায় হইবে। কলের পুতুলের মত সে ফটকের মধ্যে ঢুকিয়া পড়িল। সাজানো বৈঠকখানা, মার্বেল পাথরের ধাপে স্তরে স্তরে বসানো ফুলের টব, পাথরের পুতুল, পাম্ব, দরজায় ঢুকিবার স্থানে পা-পোষ পাতা। একজন শ্রৌঢ় ভদ্রলোক বৈঠকখানায় খবরের কাগজ পড়িতেছেন—অপরিচিত লোক দেখিয়া কাগজ পাশে রাখিয়া সোজা হইয়া বসিয়া জিজ্ঞাসা করিলেন, কে তুমি? কি দরকার?

হরিহর বিনীতভাবে বলিল—আজ্ঞে আমি ব্রাহ্মণ—সংস্কৃত পড়া আছে, চণ্ডী পাঠ-টাট্ করি—তা ভাগবত কি গীতা পাঠও—

শ্রৌঢ় ভদ্রলোকটি ভাল করিয়া কথা না শুনিয়াই তাঁহার সময় অত্যন্ত মূল্যবান, বাজে কথা শুনিবার সময় নিতান্ত সংক্ষেপ জানাইয়া দিবার ভাবে বলিলেন—না, এখানে ওসব কিছু এখন সুবিধে হবে না, অন্য জায়গায় দেখুন।

হরিহর মরীয়া ভাবে বলিল—আজ্ঞে নতুন শহরে এসেছি, একেবারে কিছু হাতে নেই—বড় বিপদে পড়িছি, ক’দিন ধরে কেবলই—

শ্রৌঢ় লোকটি তাড়াতাড়ি বিদায় করিবার ভঙ্গীতে ঠেস দেওয়ার তাকিয়াটা উঠাইয়া একটা কি তুলিয়া লইয়া হরিহরের দিকে হাত বাড়াইয়া বলিলেন—এই নিন, যান, অন্য কিছু হবে-টবে না, নিন। সেটা যে শ্রেণীর মুদ্রাই হউক সেইটাই অন্য সুরে দিতে আসিলে হরিহর লইতে কিছুমাত্র আপত্তি করিত

না—এরূপ সে বহুস্থানে লইয়াছেও; কিন্তু সে বিনীতভাবে বলিল—আজ্ঞে ও আপনি রাখুন, আমি এমনি কারুর কাছে নিইনে—আমি শাস্ত্র পাঠ-টাট্ করি—তা ছাড়া কারুর কাছে—আচ্ছা থাক্—

একটু শুভভোগ বোধ হয় ঘটয়াছিল। রক্ষিত মহাশয়ের কাঠের গোলাতেই একদিন একটা সন্ধান জুটিল। কৃষ্ণনগরে কাছে একটা গ্রামে একজন বর্ষিষ্ণ মহাজন গৃহ দেবতার পূজা-পাঠ করিবার জন্য একজন ব্রাহ্মণ খুঁজিতেছে, যে বরাবর টিকিয়া থাকিবে। রক্ষিত মহাশয়ের যোগাযোগে অবিলম্বে হরিহর সেখানে গেল—বাড়ীর কর্তাও তাহাকে পছন্দ করিলেন। থাকিবার ঘর দিলেন, আদর-আপ্যায়নের কোন ক্রটি হইল না।

কয়েকদিন কাজ করিবার পরেই পূজা আসিয়া পড়িল। বাড়ী যাইবার সময় বাড়ীর কর্তা দশ টাকা প্রাণামী ও যাতায়াতের গাড়ীভাড়া দিলেন, গোয়াড়ীতে রক্ষিত মহাশয়ের নিকট বিদায় লইতে আসিলে সেখান হইতে পাঁচটি টাকা প্রাণামী পাওয়া গেল।

আকাশে-বাতাসে গরম রৌদ্রের গন্ধ, নীল নির্মেষ আকাশের দিকে চাহিলে মনে হঠাৎ উল্লাস আসে, বর্ষাশেষের সরস সবুজ লতাপাতায় পথিকের চরণভঙ্গীতে কেমন একটা আনন্দ মাখানো। রেলপথের দুপাশে কাশ ফুলের ঝাড় গাড়ীর বেগে লুটাইয়া পড়িতেছে, চলিতে চলিতে কেবলই বাড়ীর কথা মনে হয়।

একদল শাস্ত্রপূরের ব্যবসায়ী লোক পূজার পূর্বে কাপড়ের গাঁট ক্রয় করিতে কলিকাতায় গিয়াছিল, চূর্ণীঘাটের খেয়ার নৌকায় উঠিয়া কলরব করিতেছে—সর্বত্র একটা উৎসবের উল্লাস। রাণাঘাটের বাজারে সে স্ত্রী ও পুত্রকন্যার জন্য কাপড় কিনিল। দুর্গা লালপাড় কাপড় পরিতে ভালবাসে, তাহার জন্য বাছিয়া একখানা ভাল কাপড়, ভাল দেখিয়া আলতা কয়েক পাতা। অপূর্ণ ‘পদ্মপুরাণ’ অনেক সন্ধান করিয়াও মিলিল না, অবশেষে একখানা ‘সচিত্র চণ্ডী-মাহাত্ম্য বা কালকেতুর উপাখ্যান’ ছয় আনা মূল্যে কিনিয়া লইল। গৃহস্থালীর টুকটাক দু’একটা জিনিস সর্বজয়া বলিয়া দিয়াছিল—একটা কাঠের চাকী-বেলনের কথা, তাহাও কিনিল।

দেশের স্টেশনে নামিয়া হাঁটিতে হাঁটিতে বৈকালের দিকে সে গ্রামে আসিয়া পৌঁছিল। পথে বড় একটা কাহারও সহিত দেখা হইল না, দেখা হইলেও সে হনু হনু করিয়া উদ্‌ঘিষিত্তে কাহারও দিকে বিশেষ লক্ষ্য না করিয়া বাড়ীর দিকে চলিল। দরজায় ঢুকিতে ঢুকিতে আপন মনে বলিল—উঃ, দ্যাখো কাণ্ডখানা, বাঁশ-ঝাড়টা ঝুঁকে পড়েছে একেবারে পাঁচিলের ওপর, ভুবন কাকা কাটাবেনও না—মুন্সিল হয়েছে আচ্ছা—পরে সে বাড়ীর উঠানে ঢুকিয়া অভ্যাসমত আগ্রহের সুরে ডাকিল—ওমা দুগ্গা — ও অপু—

তাহার গলার স্বর শুনিয়া সর্বজয়া ঘর হইতে বাহির হইয়া আসিল।

হরিহর হাসিয়া বলিল—বাড়ীর সব ভালো? এরা সব কোথায় গেল? বাড়ী নেই বুঝি?

সর্বজয়া শাস্ত্রভাবে আসিয়া স্বামীর হাত হইতে পুঁটুলিটা নামাইয়া লইয়া বলিল, এসো—ঘরে এসো। স্ত্রীর অদৃষ্টপূর্ব শাস্ত্রভাব হরিহর লক্ষ্য করিলেও তাহার মনে কোনো খটকা হইল না—তাহার কল্পনার স্রোত তখন উদ্দাম বেগে অন্যদিকে ছুটিয়াছে—এখনই ছেলে মেয়ে ছুটিয়া আসিবে—

দুর্গা আসিয়া হাসিমুখে বলিবে—কি বাবা এর মধ্যে? অমনি ছেলে মেয়ে ছুটিয়া আসিবে—মেয়ের কাপড় ও আলতার পাতা এবং ছেলের সচিত্র ‘চণ্ডী-মাহাত্ম্য বা কালকেতুর উপাখ্যান’ ও টিনের রেলগাড়ীটা দেখাইয়া তাহাদের তাক লাগাইয়া দিবে। সে ঘরে ঢুকিতে ঢুকিতে বলিল, বেশ কাঁঠালের চাকী—বেলুন এনিচি এবার। পরে কিছু নিরাশামিশ্রিত সতৃষ্ণ নয়নে চারিদিকে চাহিয়া বলিল, কে—অপু দুগ্গা এরা বুঝি সব বেরিয়েচে—

সর্বজয়া আর কোনো মতেই চাপিতে পারিল না। উচ্চাসিত কণ্ঠে ফুকরিয়া কাঁদিয়া উঠিল—ওগো দুগ্গা কি আর আছে গো—মা যে আমাদের ফাঁকি দিয়ে চ’লে গিয়েচে গো—এতদিন কোথায় ছিলে!

গাঙ্গুলী বাড়ীর পূজা অনেক কালের। এ কয়দিন গ্রামে অতি বড় দরিদ্রও অভুক্ত থাকে না। সব বনেদী বন্দোবস্ত, নির্দিষ্ট সময়ে কুমোর আসিয়া প্রতিমা গড়ায়, পোটো চালচিত্র করে, মালাকার সাজ যোগায়, বারাসে-মধুখালির দ’ হইতে বাউরিরা রাশি রাশি পদ্মফুল তুলিয়া আনে!

আঁসমালির দীনু সানহিদার অন্য অন্য বৎসরের মত রসুনচৌকী বাজাইতে আসিল। প্রভাতের আকাশ আগমনীর আনন্দ সুর বাজিয়া ওঠে—আসন্ন হেমন্ত ঋতুর স্নেহঅভ্যর্থনা—নব ধান্যগুচ্ছের, নব আগস্তক শেফালিদলের, হিমালয়ের পার হইতে উড়িয়া আসা পথিক-পাখী শ্যামার, শিশিরমিষ্ণু মুগাল-ফোটা হেমন্তসন্ধ্যার।

নূতন কাপড় পরাইয়া ছেলেকে সঙ্গে লইয়া হরিহর নিমন্ত্রণ খাইতে যায়। একখানা অগোছালো চুলে-ঘেরা ছোট মুখের সনির্বন্ধ গোপন অনুরোধ দূয়ারের পাশের বাতাসে মিশাইয়া থাকে—হরিহর পথে পা দিয়ে কেমন অন্যান্মন্ব হইয়া পড়ে—ছেলেকে বলে, এগিয়ে চলো, অনেক বেলা হয়ে গিয়েচে বাবা—

গাঙ্গুলী বাড়ীর প্রাঙ্গণ উৎসববেশে সজ্জিত হাসিমুখ ছেলেমেয়েতে ভরিয়া গিয়াছে। অপূ চাহিয়া দেখিল সতু ও তাহার ভাই কেমন কমলানেবু রংএর জামা গায়ে দিয়াছে—সবুজ শাড়ী পরিয়া ও দিবা চুল বাঁধিয়া রাণু দিদিকে যা মানাইয়াছে! গাঙ্গুলী বাড়ীর মেয়ে সুনয়নী খোঁপায় রজনীগন্ধা ফুল গুঁজিয়া আর পাঁচ-ছয়টি মেয়ের সঙ্গে পূজার দালানে দাঁড়াইয়া খুব গল্প করিতেছে ও হাসিতেছে। সুনয়নী বাদে বাকী মেয়েদের সে চেনে না, বোধ হয় অন্য জায়গা হইতে উহাদের বাড়ী পূজার সময় আসিয়া থাকিবে—শহরের মেয়ে বোধ হয়, যেমন সাজাগোজ, তেমন দেখিতে। অপূ একদৃষ্টে তাহাদের দিকে চাহিয়া রহিল। ওদিকে কে চোঁচাইয়া বলিতেছে—বড় সামিয়ানাটা আনবার ব্যবস্থা এখনও হোল না?—বাঃ—তোমাদের যা কাজ-কর্ম, দেখো এখন এর পর মজাটা। তারপর ব্রাহ্মণ খেতে বস্বে কি বেলা পাঁচটায়?

পথের পাঁচালী

সপ্তবিংশ পরিচ্ছেদ

দেখিতে দেখিতে দিন কাটিয়া গেল। শীতকালও শেষ হইতে চলিয়াছে।

দুর্গার মৃত্যুর পর হইতে সর্বজয়া অনবরত স্বামীকে এ গ্রাম হইতে উঠিয়া যাইবার তাগিদ দিয়া আসিতেছিল, হরিহরও নানাস্থানে চেষ্টার কোন ক্রটি করে নাই। কিন্তু কোনো স্থানেই কোনো সুবিধা হয় নাই। সে আশা সর্বজয়া আজকাল একরূপ ছাড়িয়াই দিয়াছে। মধ্যে গত শীতকালে হরিহরের জ্ঞাতভ্রাতা নীলমণি রায়ের বিধবা স্ত্রী এখানে আসিয়াছেন ও নিজেদের ভিটা জঙ্গলাবৃত্ত হইয়া যাওয়াতে ভুবন মুখুয়ের বাটাতে উঠিয়াছেন। হরিহর নিজের বাটাতে বৌদিকি আনাইয়া রাখিবার যথেষ্ট আগ্রহ দেখাইয়া ছিল কিন্তু নীলমণি রায়ের স্ত্রী রাজী হন নাই। এখানে বর্তমানে তাঁহার সঙ্গে আসিয়াছে মেয়ে অতসী ও ছোট ছেলে সুনীল। বড় ছেলে সুরেশ কলিকাতায় স্কুলে পড়ে, গ্রীষ্মের বন্ধের পূর্বে এখানে আসিতে পারিবে না। অতসীর বয়স বছর চৌদ্দ, সুনীলের বয়স আট বৎসর। সুনীল দেখিতে তত ভাল নয়; কিন্তু অতসী বেশ সুশ্রী, তবে খুব সুন্দরী বলা চলে না। তাহা হইলেও বরাবর ইহারা লাহোরে কাটাইয়াছে, নীলমণি রায় সেখানে কমিসারিয়েটে চাকরি করিতেন, সেখানে লালিত পালিত; কাজেই পশ্চিম-প্রদেশ-সুলভ নিটোল স্বাস্থ্য ইহাদের প্রতি অঙ্গে।

ইহারা এখানে প্রথম আসিলে সর্বজয়া বড়মানুষ জায়ের সঙ্গে মেশামেশি করিবার চেষ্টা পাইয়াছিল। সুনীলের মা নগদে ও কোম্পানীর কাগজে দশ হাজার টাকার মালিক এ কথা জানিয়া জায়ের প্রতি সম্বন্ধে তাহার হৃদয় পূর্ণ হইয়া যায়, গায়ে পড়িয়া আলাপ জমাইবার চেষ্টা কম করে নাই, কিন্তু শেষ পর্যন্ত সর্বজয়া নির্বোধ হইলেও বুঝিতে পারিল যে, সুনীলের মা তাহাকে ততটা আমল দিতে প্রস্তুত নহেন। তাঁহার স্বামী চিরকাল বড় চাকরি করিয়া আসিয়াছেন, তিনি ও তাঁহার ছেলেমেয়ে অন্যভাবে জীবনযাপনে অভ্যস্ত। শুরু হইতেই তিনি দরিদ্র জ্ঞাতি পরিবার হরিহরের সঙ্গে এমন একটা ব্যবধান রাখিয়া চলিতে লাগিলেন যে সর্বজয়া আপনাই হটিয়া আসিতে বাধ্য হইল। কথায়, ব্যবহারে, কাজে, খুঁটিনাটি সব ব্যাপারেই তিনি জানাইয়া দিতে লাগিলেন যে, সর্বজয়া কোনরকমেই তাঁহাদের সঙ্গে সমানে সমানে মিশিবার যোগ্য নহে। তাঁহাদের কথাবার্তায়, পোশাক-পরিচ্ছদে, চালচলনে এই ভাবটা অনবরত প্রকাশ পায় যে, তাঁহারা অবস্থাপন্ন ঘর। ছেলেমেয়ে সর্বদা ফিট্‌ফাট সাজিয়া আছে, কাপড়

এতটুকু ময়লা হইতে পায় না, চুল সর্বদা আঁচড়ানো, অতসীর গলায় হার, হাতে সোনার চুড়ি, কানে সোনার দুল, একপ্রস্থ চা ও খাবার না খাইয়া সকালে কেহ কোথাও বাহির হয় না, সঙ্গে পশ্চিমা চাকর আছে, সেই সব গৃহকর্ম করে—মোটের উপর সর্ব বিষয়েই সর্বজয়াদের দয়িত্ব সংসারের চাল-চলন হইতে উহাদের ব্যাপারের বহু পার্থক্য।

সুনীলের মা নিজের ছেলেকে গ্রামের কোনো ছেলের সঙ্গেই বড় একটা মিশিতে দেন না, অপূর সঙ্গেও নয়—পাছে পাড়াগাঁয়ের এই সব অশিক্ষিত অসভ্য ছেলেপিলেদের দলে মিশিয়া তাঁহার ছেলেমেয়ে খারাপ হইয়া যায়। তিনি এ গ্রামে বাস করিবার জন্য আসেন নাই, জরীপের সময় নিজেদের বিষয়-সম্পত্তির তত্ত্বাবধান করিতে আসাই তাঁহার উদ্দেশ্য। ভুবন মুখুয্যেরা ইহাদের কিছু জমা রাখেন, সেই খাতিরে পশ্চিম কোঠায় দুখানা ঘর ইহাদের জন্য ছাড়িয়া দিয়াছেন, রান্নাবান্না খাওয়া-দাওয়াও ইহাদের পথক হয়। ভুবন মুখুয্যেদের সঙ্গে ব্যবহারে সুনীলের মায়ের কোনো পার্থক্য দৃষ্ট হয় না; কারণ ভুবন মুখুয্যের পয়সা আছে, কিন্তু সর্বজয়াকে তিনি একেবারে মানুষের মধ্যেই গণ্য করেন না।

দোলের সময় নীলমণি রায়ের বড় ছেলে সুরেশ কলিকাতা হইতে আসিয়া প্রায় দিন দশেক বাড়ী রহিল। সুরেশ অপূরই বয়সী, ইংরাজী স্কুলের পঞ্চম শ্রেণীতে পড়ে। দেখিতে খুব ফর্সা নয়, উজ্জ্বল শ্যামবর্ণ। নিয়মিত ব্যায়াম করে বলিয়া শরীর বেশ বলিষ্ঠ, স্বাস্থ্যবান। অপূর অপেক্ষা এক বৎসর মাত্র বয়স বেশী হইলেও আকৃতি ও গঠনে পনের-বোল বৎসরের ছেলের মত দেখায়। সুরেশও এপাড়ার ছেলের সঙ্গে বড় একটা মেশে না। ওপাড়ায় গাঙ্গুলীবাড়ীর রামনাথ গাঙ্গুলীর ছেলে তাহার সহপাঠী। গাঙ্গুলীবাড়ী রামনবমী দোলের খুব উৎসব হয়, সেই উপলক্ষে সেও মামার বাড়ী বেড়াইতে আসিয়াছে। সুরেশ অধিকাংশ সময় সেখানেই কাটায়, গাঁয়ের অন্য কোনো ছেলে মিশিবার যোগ্য বলিয়া সেও বোধ হয় বিবেচনা করে না।

যে পোড়ো ভিটাটা জঙ্গলাবৃত হইয়া বাড়ীর পাশে পড়িয়া থাকিত সে জ্ঞান হইয়া অবধি দেখিতেছে, সেই ভিটার লোক ইহারা। সে হিসাবে ইহাদিগের প্রতি অপূর একটা বিচিত্র আকর্ষণ। তাহার সমবয়সী সুরেশ কলিকাতায় পড়ে—ছুটিতে বাড়ী আসিলে তাহার সহিত আলাপ করিবার জন্য অনেকদিন হইতে সে প্রতীক্ষায় ছিল। কিন্তু সুরেশ আসিয়া তাহার সহিত তেমন মিশিল না, তা ছাড়া সুরেশের চালচলন কথাবার্তার ধরণ এমনি যে সে যেন প্রতিপদেই দেখাইতে চায়, গ্রামের ছেলেদের চেয়ে সে অনেক বেশী উঁচু। সমবয়সী হইলেও মুখচোরা অপূ তাহাতে আরও ভয় পাইয়া কাছে ঘেঁসে না।

অপূ এখনও পর্যন্ত কোনো স্কুলে যায় নাই, সুরেশ তাহাকে লেখাপড়ার কথা জিজ্ঞাসা করিলে সে বলিয়াছে, আমি বাড়ীতে বাবার কাছে পড়ি। দোলের দিন গাঙ্গুলীদের পুকুরে বাঁধাঘাটে জলপাইতলায় বসিয়া সুরেশ গ্রামের ছেলেদিগকে দ্বিবিজয়ী নৈয়ায়িক পণ্ডিতের ভঙ্গীতে এ-প্রশ্ন ও-প্রশ্ন করিতেছিল। অপূকে বলিল—বল তো ইণ্ডিয়ার বাউণ্ডারী কি? জিওগ্রাফী জানো?

অপূ বলিতে পারে নাই। সুরেশ আবার জিজ্ঞাসা করিল, অঙ্ক কি কষেচ? ডেসিমল্ ফ্র্যাকশন কষতে পারো?

অপূ অতশত জানে না। না জানুক, তাহার সেই টিনের বাজ্ঞটিতে বুঝি কম বই আছে? একখানা নিত্যকর্মপদ্ধতি, একখানা পুরানো প্রাকৃতিক ভূগোল, একখানা শুভঙ্করী, পাতা-ছেঁড়া বীরাঙ্গনা কাব্য একখানা, মায়ের সেই মহাভারত—এই সব। সে ঐ সব বই পড়িয়াছে,—অনেকবার পড়া হইয়া গেলেও আবার পড়ে। তাহার বাবা প্রায়ই এখন ওখান হইতে চাহিয়া চিন্তিয়া বই আনিয়া দেয়, ছেলে খুব লেখাপড়া শিখিবে, পণ্ডিত হইবে, তাহাকে মানুষ করিয়া তুলিতে হইবে, এ বিষয়ে বিকারের রোগীর মত তাহার একটা অদম্য অপ্রশমনীয় পিপাসা। কিন্তু তাহার পয়সা নাই, দূরের স্কুলের বোর্ডিং-এ রাখিয়া দিবার মত সঙ্গতির একান্ত অভাব, নিজেও খুব বেশী লেখাপড়া জানে না। তবুও যতক্ষণ সে বাড়ী থাকে নিজের কাছে বসাইয়া ছেলেকে এটা ওটা পড়ায়, নানা গল্প করে, ছেলেকে অঙ্ক শিখাইবার জন্য নিজে একখানা শুভঙ্করীর সাহায্যে বাল্যের অধীত বিস্মৃত বিদ্যা পুনরায় ঝালাইয়া তুলিয়া তবে ছেলেকে অঙ্ক কষায়। যাহাতেই মনে করে ছেলের জ্ঞান হইবে, সেইটাই হয় ছেলেকে

পড়িতে দেয়, নতুবা পড়িয়া শোনায়। সে বহুদিন হইতে বঙ্গবাসীর গ্রাহক, অনেক দিনের পুরানো বঙ্গ বাসী তাহাদের ঘরে জমা আছে, ছেলে বড় হইলে পড়িবে এজন্য হরিহর সেগুলিকে সযত্নে বাঙালি বাঁধিয়া তুলিয়া রাখিয়া দিয়াছিল, এখন সেগুলি কাজে লাগিতেছে। মূল্য দিতে না পারায় নূতন কাগজ আর তাহাদের আসে না, কাগজওয়ালারা কাগজ দেওয়া বন্ধ করিয়া দিয়াছে। ছেলে যে এই ‘বঙ্গবাসী’ কাগজখানার জন্য কিরূপ পাগল, শনিবার দিনটা সকালবেলা খেলাধূলা ফেলিয়া কেমন করিয়া সে যে ভুবন মুখুয়ের চণ্ডীমণ্ডপে ডাকবাঙ্কটার কাছে পিওনের প্রত্যাশায় হাঁ করিয়া বসিয়া থাকে—হরিহর তাহা খুব জানে বলিয়াই ছেলের এত আদরের জিনিসটা যোগাইতে না পারিয়া তাহার বুকুর ভিতর বেদনায় টনটন করে।

অপু তবুও পুরাতন ‘বঙ্গবাসী’ পড়িয়া অনেক গল্প শিখিয়াছে। পটুর কাছে বলে—লিউকা ও রাফেল মার্টিনিক ব্লীপের অগ্ন্যুৎপাত, সোনাকরা যাদুকরের গল্প, আরও কত কথা। কিন্তু স্কুলের লেখাপড়া তাহার কিছুই হয় না। মোটে ভাগ পর্যন্ত অঙ্ক জানে, ইতিহাস নয়, ব্যাকরণ নয়, জ্যামিতি পরিমিতির নামও শোনে নাই, ইংরাজির দৌড় ফার্স্ট বুকুর গোড়ার পাতা।

ছেলের ভবিষ্যৎ সম্বন্ধে তাহার মায়ের একটু অন্যান্য ধারণা। সর্বজয়া পাড়াগাঁয়ের মেয়ে। ছেলে স্কুলে পড়িয়া মানুষ হইবে এ উচ্চ আশা তাহার নাই। তাহার পরিচিত মহলে কেউ কখনো স্কুলের মুখ দেখে নাই। তাহাদের যে সব শিষ্য-বাড়ী আছে, ছেলে আর কিছুদিন পরে সে সব ঘরে যাতায়াত করিবে, সেগুলি বজায় রাখিবে, ইহাই তাহার বড় আশা। আরও একটা আশা সর্বজয়া রাখে। গ্রামের পুরোহিত দীনু ভট্টাচার্য বৃদ্ধ হইয়াছে। ছেলেরাও কেহ উপযুক্ত নয়। রাণীর মা, গোকুলের বউ, গাঙ্গুলী বাড়ীর বড়বধু সকলেই মত প্রকাশ করিয়াছেন যে তাঁহার ইহার পর অপুকে দিয়া কাজকর্ম করাইবেন, দীনু ভট্টাচার্যের অবর্তমানে তাঁহার গাঁজাখোর পুত্র ভোম্বলের পরিবর্তে নিম্পাপ, সরল, সুশ্রী এই ছেলেটি গ্রামের মনসা-পূজায় লক্ষ্মী-পূজায় তাহাদের আয়োজনের সঙ্গী হইয়া থাকিবে, গ্রামের মেয়েরা এই চায়। অপুকে সকলেই ভালবাসে। ঘাটে পথে প্রতিবেশীদের মুখে এ ইচ্ছা প্রকাশ করিতে সর্বজয়া অনেকবার শুনিয়াছে এবং এইটাই বর্তমানে তাহার সব চেয়ে উচ্চ আশা। সে গরীব ঘরের মেয়ে, গরীব ঘরের বধু, ইহা ছাড়া কোনো উজ্জ্বল ভবিষ্যতের ধারণা নাই। এই যদি ঘটে তাহা হইলেই শেষ রাত্রের স্বপ্নকে সে হাতের মুঠোয় পায়।

একদিন এ কথা ভুবন মুখুয়ের বাড়ীতে উঠিয়াছিল। দুপুরের পর সেখানে তাসের আড্ডায় পাড়ার অনেকেই উপস্থিত ছিলেন। সর্বজয়া সকলের মন যোগাইবার ভাবে বলিল—এই বড় খুড়ী আছেন, ঠাকুমা আছেন, মেজদি আছেন, এঁদের যদি দয়া হয় তবে অপু আমার সামনের ফাণ্ডনে পৈতেটা দিয়ে নিয়ে গাঁয়ের পূজোটাতে হাত দিতে পারে। ওর আমার তা হলে ভাবনা কি? আট দশ ঘর শিষ্যবাড়ী আছে, আর যদি মা সিদ্ধেশ্বরীর ইচ্ছেয় গাঙ্গুলী বাড়ীর পূজোটা বাঁধা হয়ে যায় তাহ’লেই—

সুনীলের মা মুখ টিপিয়া হাসিলেন। তাঁহার ছেলে সুরেশ বড় হইলে আইন পড়িয়া—তাঁহার জেঠতুতো ভাই পাটনার বড় উকিল, তাঁহার কাছে আসিয়া ওকালতী করিবে। সুরেশের সে মামা নিঃসন্তান অথচ খুব পসারওয়ালা উকীল। এখন হইতেই তাঁহাদের ইচ্ছা যে সুরেশকে কাছে রাখিয়া লেখাপড়া শেখান,—কিন্তু সুনীলের মা পরের বাড়ী ছেলে রাখিতে যাইবেন কেন ইত্যাদি সংবাদ নির্বোধ সর্বজয়ার মত হাউ হাউ না বকিয়াও, ইতিপূর্বে মাঝে-মিশালে কথাবার্তার ফাঁকে তিনি সকলকে বুঝাইয়া দিয়াছেন।

ভুবন মুখুয়ের বাড়ীর বাহিরে আসিয়া সর্বজয়া ছেলেকে বলিল—শোন একটা কথা—পরে চুপি চুপি বলিল—তোর জেঠীমার কাছে গিয়া বলিস্ না যে, জেঠীমা আমার জুতো নেই—আমায় একজোড়া জুতো দাও না কিনে?

অপু বলিল, কেন মা?

—বলিস্ না, বড়লোক ওরা, চাইলে হয়তো ভালো একজোড়া জুতো দেবে এখন—দেখিস্নি যেমন ঐ সুরেশের পায়ে আছে? তোর পায়ে ওইরকমই লাল জুতো বেশ মানায়—

অপু লাজুক মুখে বলিল—আমার বড় লজ্জা করে, আমি বলতে পারবো না—কি হয়তো ভাববে—
আমি...

সর্বজয়া বলিল—তা এতে আবার লজ্জা কি!...আপনার জন—বলিস না—তাতে কি?

—হঁ...উ—আমি বলতে পারবো না মা। আমি কথা বলতে পারিনে জেঠামার সামনে...

সর্বজয়া রাগ করিয়া বলিল—তা পারবে কেন? তোমার যত বিদ্ধি সব ঘরের কোণে—খালি পায়ে বেড়িয়ে বেড়িয়ে বেড়াচ্ছে, আজ দু'বছর পায়ে নেই জুতো সে ভালো, বড়লোক, চাইলে হয়ত দিয়ে দিত কিনে—তা তোমার মুখ দিয়ে বাক্যি বেরবে না—মুখচোরার রাজা—

পূর্ণিমার দিন রাণীদের বাড়ী সত্যনারায়ণের পূজার প্রসাদ আনিতে অপু সেখানে গেল। রাণী তাহাকে ডাক দিয়া হাসিমুখে বলিল—আমাদের বাড়ী তো আগে আগে কত আস্তিস, আজকাল আসিস্ নে কেন রে?

—কেন আসবো না রাণুদি,—আসি ত্যে?

রাণী অভিমানের সুরে বলিল—হ্যাঁ আসিস্! ছাই আসিস্! আমি তোর কথা কত ভাবি। তুই ভাবিস্ আমার, আমাদের কথা?

—না বৈ কি! বা রে—মাকে জিজ্ঞেস ক'রে দেখো দিকি?

এ ছাড়া অন্য কোনো সন্তোষজনক কৈফিয়ৎ তাহার যোগাইল না। রাণী তাহাকে সেখানে দাঁড় করাইয়া রাখিয়া নিজে গিয়া তাহার জন্য ফল প্রসাদ ও সন্দেশ লইয়া আসিয়া হাতে দিল। হাসিয়া বলিল,—থালো সুন্ধ নিয়ে যা, আমি কাল গিয়ে খুড়ীমার কাছ থেকে নিয়ে আসবো—

রাণীর মুখের হাসিতে তাহার উপর একটা পরম নির্ভরতার ভাব আসিল অপু। রাণুদি কি সুন্দর দেখিতে হইয়াছে আজকাল, রাণুদির মত সুন্দরী এ পর্যন্ত অন্য কোন মেয়ে সে দেখে নাই। অতসীদি সর্বদা বেশ ফিটফাট থাকে বটে, কিন্তু দেখিতে রাণুদির কাছে লাগে না। তাহা ছাড়া অপু জানে এ গ্রামের মেয়েদের মধ্যে, রাণুদির মত মন কোনো মেয়েরই নয়। দিদির পরই যদি সে কাহাকেও ভালবাসে তো সে রাণুদি। রাণুদিও যে তাহার দিকে টানে তাহা কি আর অপু জানে না?

সে থালা তুলিয়া চলিয়া যাইবার সময় একটু ইতস্তত করিয়া বলিল—রাণুদি, তোমাদের এই পশ্চিমের ঘরের আলমারিতে যে বইগুলো আছে সতুদা পড়তে দেয় না। একখানা দেবে পড়তে? পড়েই দিয়ে যাব।

রাণী বলিল—কোন বই আমি তো জানিনে, দাঁড়া আমি দেখছি—

সতু প্রথমে কিছুতেই রাজী হয় না, অবশেষে বলিল—আচ্ছা পড়তে দিই, যদি এক কাজ করিস্। আমাদের মাঠের পুকুরে রোজ মাছ চুরি যাচ্ছে—জেঠামশায় আমাকে বলেছে, সেখানে গিয়ে দুপুরবেলা টোঁকি দিতে,—আমার সেখানে একা একা ভাল লাগে না, তুই যদি যাস্ আমার বদলে তবে বই পড়তে দেবো—

রাণী প্রতিবাদ করিয়া বলিল—বেশ তো? ও ছেলেমানুষ সেই বনের মধ্যে ব'সে মাছ টোঁকি দেবে বৈ কি? তুমি বুড়ো ছেলে পারো না, আর ও যাবে? যাও তোমার বই দিতে হবে না, আমি বাবার কাছে চেয়ে দেবো—

অপু কিন্তু রাজী হইল। রাণীর বাবা ভুবন মুখ্যে বিদেশে থাকেন, তাঁহার আসিবার অনেক দেরি অথচ এই বইগুলার উপর তাহার বড় লোভ। এগুলি পড়িবার লোভে সে কতদিন লুকুচিতে সতুদের পশ্চিমের ঘরটায় যাতায়াত করিয়াছে। দু-একখানা একটু আধটু পড়িয়াছেও। কিন্তু সতু নিজে তো পড়েই না, তাহাকেও পড়িতে দেয় না। নায়কের ঠিক সঙ্কটময় মুহূর্তটিতেই হাত হইতে বই কাড়িয়া লইয়া বলে—রেখে সে অপু, এ সব ছোট কাকার বই, ছিঁড়ে যাবে, দে।

অপু হাতে স্বর্গ পাইয়া গেল।

প্রতিদিন দুপুরবেলা আলমারী হইতে বাছিয়া এক-এক খানি করিয়া বই সতুর নিকট হইতে চাহিয়া লইয়া যায় ও বাঁশবনের ছায়ায় কতকগুলো শেওড়াগাছের কাঁচা ডাল পাতিয়া তাহার উপর উপুড়

হইয়া শুইয়া একমনে পড়ে। বই অনেক আছে—প্রণয়-প্রতিমা, সরোজ-সরোজিনী, কুসুম-কুমারী, সচিত্র যৌবনে যোগিনী নাটক, দস্যু-দুহিতা, প্রেম-পরিণাম বা অমৃত গরল, গোপেশ্বরের গুপ্তকথা....সে কত নাম করিবে! এক-একখানি করিয়া সে ধরে, শেষ না করিয়া আর ছাড়িতে পারে না। চোখ টাটাইয়া ওঠে, রগ টিপ্ টিপ্ করে; পুকুরধারের নির্জন বাঁশবনের ছায়া ইতিমধ্যে কখন দীর্ঘ হইয়া মজা পুকুরটার পাটা-শেওলার দামে নামিয়া আসে, তাহার খেয়ালই থাকে না কোন্ দিক দিয়া বেলা গেল!

কি গল্প! সরোজিনীকে সঙ্গে লইয়া সরোজ নৌকাযোগে মুর্শিদাবাদ যাইতেছেন, পথে নবাবের লোকে নৌকা লুটিয়া তাহাদের বন্দী করিল। নবাবের হুকুমে সরোজের হইয়া গেল প্রাণদন্ড, সরোজিনীকে একটা অন্ধকার ঘরে চাবিতালা বন্ধ করিয়া রাখিয়া দিল। গভীর রাত্রে কক্ষের দরজা খুলিয়া গেল, নবাব মত্ত অবস্থায় কক্ষে প্রবেশ করিয়া বলিলেন—সুন্দরী, আমার হুকুমে সরোজ মরিয়াছে, আর কেন....ইত্যাদি। সরোজিনী সদর্পে ঘাড় বাঁকাইয়া বলিলেন—রে পিশাচ, রাজপুত রমণীকে তুই এখনও চিনিস্ নাই, এ দেহে প্রাণ থাকিতে....ইত্যাদি। এমন সময় কাহার ভীম পদাঘাতে কারাগারের জানালা ভাঙিয়া গেল। নবাব চমকিয়া উঠিয়া দেখিলেন—একজন জটাভূটধারী তেজঃপুঞ্জকলেবর সন্ন্যাসী, সঙ্গে যমদূতের মত বলিষ্ঠ চারি-পাঁচজন লোক। সন্ন্যাসী রোষকষায়িত নয়নে নবাবের দিকে চাহিয়া বলিলেন—নরাধম, রক্ষক হইয়া ভক্ষক? পরে সরোজিনীর দিকে চাহিয়া বলিলেন—মা, আমি তোমার স্বামীর গুরু—যোগানন্দ স্বামী, তোমার স্বামীর প্রাণহানি হয় নাই, আমার কন্ডলুর জলে পুনর্জীবন লাভ করিয়াছে, এখন তুমি চল মা আমার আশ্রমে, বৎস সরোজ তোমার অপেক্ষা করিয়া আছে।....গ্রহকারের লিপি-কৌশল সুন্দর,—সরোজের এই বিস্ময়জনক পুনরুজ্জীবন আরও বিশদভাবে ফুটাইবার জন্য তিনি পরবর্তী অধ্যায়ের প্রতি পাঠকের কৌতূহল উদ্দীপ্ত করিয়া বলিতেছেন—এইবার চল পাঠক, আমরা দেখি বধ্যভূমিতে সরোজের প্রাণদন্ড হইবার পর কি উপায়ে তাঁহার পুনর্জীবন লাভ সম্ভব হইল....ইত্যাদি।

এক-একটি অধ্যায় শেষ করিয়া অপূর চোখ ঝাপসা হইয়া আসে—গলায় কি যেন আটকাইয়া যায়। আকাশের দিকে চাহিয়া সে দুই-এক মিনিট কি ভাবে,—আনন্দে বিস্ময়ে, উত্তেজনায় তাহার দুই কান দিয়া যেন আগুন বাহির হইতে থাকে, রুদ্ধনিঃশ্বাসে পরবর্তী অধ্যায়ে মন দেয়। সন্ধ্যা হইয়া যায়, চারিধারে ছায়া দীর্ঘ হইয়া আসে, মাথার উপর বাঁশঝাড় কত কী পাখীর ডাক শুরু হয়, উঠি-উঠি করিয়াও বইয়ের পাতার এক-ইঞ্চি ওপরে চোখ রাখিয়া পড়িতে থাকে—যতক্ষণ অক্ষর দেখা যায়।

এইরকম বই তো সে কখনো পড়ে নাই! কোথায় লাগে সীতার বনবাস আর ডুবালের গল্প?

বাড়ী আসিলে তাহার মা বকে—এমন হাবলা ছেলেও তুই? পরের মাছ চৌকি দিস্ গিয়ে সেই একলা বনের মধ্যে ব'সে একখানা বই পড়বার লোভে? আচ্ছা বোকা পেয়েছে তোকে।

কিন্তু বোকা অপূর লাভ যেদিক দিয়া আসে, তাহার মায়ের সেদিক সম্বন্ধে কোন ধারণাই নাই। আজকাল সে দুইখানা বই পাইয়াছে ‘মহারাষ্ট্র জীবন-প্রভাত’ ও ‘রাজপুত জীবন-সন্ধ্যা’।....উইটিবি, বৈচিত্রবনের প্রেক্ষাপটে নিস্তরক দুপুরের মায়ার দৃশ্যের পর দৃশ্য পরিবর্তিত হইয়া চলে—জেলেখা নদীর উপর বসিয়া আহত নরেনের শুশ্রূষা করিতেছে, আওরঙ্গজেবের দরবারে নিজেকে পাঁচহাজারী মনস্বদারের মধ্যে স্থান পাইতে দেখিয়া শিবাজী রাগে ফুলিয়া ভাবিতেছেন—শিবাজী পাঁচ-হাজারী? একবার পুনায় যাও তো, শিবাজীর ফৌজে কত পাঁচ-হাজারী মনস্বদার আছে গণিয়া আসিবে!....

রাজাবারার মরুপর্বতে, দিল্লী-আগ্রার রঙমহালে, শিস্মহালে, ওড়না-পোশোয়াজ-পরা সুন্দরীদলের সঙ্গে তাহার সারাদিনমান কাটে। এ কোন্ জগৎ—যেখানে শুধু জ্যোৎস্না, তলোয়ার-খেলা, সুন্দর মুখের বন্ধুত্ব, আহেরিয়া-উৎসবে দীর্ঘবর্ষা হাতে ঘোড়ায় চড়িয়া উষর উপত্যকা ও ভূট্টাক্ষেত্র পার হইয়া ছোটা?...

বীরের যাহা সাধ্য, রাজপুতের যাহা সাধ্য, মানুষের যাহা সাধ্য—প্রতাপসিংহ তাহা করিয়াছিলেন। হলদিঘাটের পার্বত্য বর্হের প্রতি পাষণ-ফলকে তাহার কাহিনী লেখা আছে। দেওয়ারের রণক্ষেত্রের দ্বাদশ সহস্র রাজপুতের হৃদয়রক্তে তাহার কাহিনী অক্ষয় মহিমায় লেখা আছে।

বর্হদিন পরেও প্রাচীন যোদ্ধগণ শীতের রাত্রিতে অগ্নিকুণ্ডের পার্শ্বে বসিয়া পৌত্রপৌত্রিগণের নিকট হলদিঘাটের অদ্ভুত বীরত্বের কথা বলিত।....

অদৃশ্যহস্তনিষ্কিপ্ত একটি বর্ষা আসিল।—অপু এই গ্রামের চিরশ্যাম বনভূমির ছায়ায়, লতাপাতার নিবিড়তায়, ভিজামাটির গন্ধে মানুষ হইয়াছে—তবুও সে জানে রাজপুতানার ভীল-প্রদেশের বা আরাবল্লী-মেবারের প্রত্যেকটি স্থান, নাহারা মগরোর অপূর্ব বন্য সৌন্দর্য্য সে ভাল করিয়াই চেনে। পর্বত হইতে অবতরণশীল শস্ত্রপানি তেজসিংহের মূর্তি কি সুন্দর মনে হয়!....

“সেই চপ্পন প্রদেশে অনেকদিন অবধি সেই ভীল গ্রামের নির্জন কন্দরে ও উন্নতশিখরে রজনী দ্বিপ্রহরের সময় একটি রমণী-কণ্ঠ-নিঃসৃত গীত শ্রুত হইত। অতি প্রত্যয়ে নির্জন প্রান্তরে, পথিকগণ কখনও কখনও একটি রমণীর পাড়ুর মুখ ও চঞ্চল-নয়ন দেখিতে পাইত; লোকে বলিত কোন বিশ্রামশূন্য উদ্বিগ্ন বনদেবী হইবে”....সেই গানের অস্পষ্ট করুণ মূর্ছনা যেন অপূর কানে বাঁশবাগানের পিছন হইতে ভাসিয়া আসে!....

কমলমীর, সূর্যগড়ের যুদ্ধ, সেনাপতি শাহবাজ খাঁ, সুন্দরী নূরজাহান, পুষ্পকুমারী, বন্য ভীলপ্রদেশ, বীরবালক চন্দনসিংহ—দূর সুদূর কল্পনা।—তবু কত নিকট, কত বাস্তব মনে হয়। রাজবারার মরুভূমি আর নীল আরাবল্লীর উন্নত পর্বতের শিখরে শিখরে চেনার বৃক্ষে ফুল ফুটিয়া বরিয়া পড়িয়াছে, দেবী মিবরলক্ষ্মীর অলক্ত-রক্তপদচিহ্ন আঁকা রহিয়াছে বুনাস ও বরী নদীর তটভূমির শিলাখণ্ডে, বরণার উপলরাশির উপরে, বাজরা ও জওয়ার-ক্ষেত ও মৌউল বনে!....

চিতোর রক্ষা হইল না! রাণা অমরসিংহ বাদশাহের সম্মান গ্রহণ করিলেন। সর্বহারা পিতা প্রতাপসিংহ যিনি পঁচিশ বৎসর ধরিয়া বনে পর্বতে ভীলের পাল লইয়া যুদ্ধ করিয়াছিলেন, তিনি ব্যাথাক্ষুন্নাচিত্তে কোথা হইতে দেখিয়াছিলেন এ সব?....

তুণ্ড চোখের জলে পুকুর, উইটিবি, বৈঁচিবন, বাঁশবাগান—সব ঝাপসা হইয়া আসে।

সেদিন দুপুরে তাহার বাবা একটা কাগজের মোড়ক দেখাইয়া হাসিমুখে বলিল—দ্যাখো তো খোকা, কি বলা দিকি?

অপু তাড়াতাড়ি বিছানার উপর উঠিয়া বসিল; উৎসাহের সুরে জিঞ্জাসা করিল—খবরের কাগজ? না বাবা?

সেদিন রামকবচ লিখিয়া দিয়া বেহারী ঘোষের শাশুড়ীর নিকট যে তিনটি টাকা পাইয়াছে, স্ত্রীকে গোপন করিয়া হরিহর তারই মধ্যে দুটাকা খবরের কাগজের দাম পাঠাইয়া দিয়াছিল, স্ত্রী জানিতে পারিলে অন্য পাঁচটা অভাবের গ্রাস হইতে টাকা দুইটাকে কোনো মতেই বাঁচানো যাইত না।

অপু বাবার হাত হইতে তাড়াতাড়ি কাগজের মোড়কটা লইয়া খুলিয়া ফেলে। হাঁ—খবরের কাগজ বটে। সেই বড় বড় অক্ষরে ‘বঙ্গবাসী’ কথাটা লেখা, সেই নতুন কাগজের গন্ধটা, সেই ছাপা সেই সব—যাহার জন্য বৎসরখানেক পূর্বে সে তীর্থের কাকের মত অধীর আগ্রহে ভুবন মুখুয্যেদের চতীমন্ডপের ডাকবাল্লটার কাছে পিওনের অপেক্ষায় প্রতি শনিবারে হাঁ করিয়া বসিয়া থাকিত! খবরের কাগজ! খবরের কাগজ! কি সব নতুন খবর না জানি দিয়াছে? কি অজানা কথা সব লেখা আছে ইহার বড় বড় পাতায়?

হরিহরের মনে হয়—দুইটি টাকার বিনিময়ে ছেলের মুখে সে আনন্দের হাসি ফুটাইয়া তুলিয়াছে, তাহার তুলনায় কোন বন্ধকী মাক্ড়ী খালাসের আত্মপ্রসাদ মোটেই বেশী হইত না!

অপু খানিকক্ষণ পড়িয়া বলে—দ্যাখো বাবা, একজন ‘বিলাত যাত্রী’র চিঠি বেরিয়েছে, আজ থেকেই নতুন বেরুলো। খুব সময়ে আমাদের কাগজটা এসেছে—না বাবা?

তবুও তার মনে দুঃখ থাকিয়া যায় যে গত বৎসর কাগজখানা হঠাৎ উহার বন্ধ করিয়া দেওয়াতে জাপানী মাকড়সাসুরের গল্পটার শেষ ভাগ তাহার পড়া হয় নাই, রাইকো রাজসভায় যাওয়ার পর তাহার যে কি ঘটিল তাহা সে জানিতে পারে নাই!....

একদিন রাণী বলিল—তোর খাতায় তুই কি লিখচিস্ রে?

অপু বিশ্বয়ের সুরে বলিল—কোন খাতায়? তুমি কি ক’রে—

—আমি তোদের বাড়ী সেদিন দুপুরে যাইনি বুঝি? তুই ছিলি, খুড়ীমার সঙ্গে কতক্ষণ ব'সে কথা বোললাম। কেন, খুড়ীমা তোকে বললি? তাই দেখলাম তোর বইএর দপ্তরে তোর রান্ধা খাতাখানায় কি সব লিখিচিস্—আমার নাম রয়েছে, আর দেবী সিংহ না কি একটা—

অপু লজ্জায় লাল হইয়া বলিল—ও একটা গল্প।

—কি গল্প রে? আমায় কিন্তু পড়ে শোনাতে হবে।

পরদিন রাণী একখানা ছোট বাঁধানো খাতা অপূর হাতে দিয়া বলিল—এতে তুই আমাকে একটা গল্প লিখে দিস্—একটা বেশ ভাল দেখে। দিবি তো? অতসী বলছিল তুই ভাল লিখতে পারিস্ নাকি! লিখে দে, আমি অতসীকে দেখাবো!....

অপু রাত্রে বসিয়া বসিয়া খাতা লেখে। মাকে বলে—আর একটা পলা তেল দাও না মা। এইটুকু লিখে রাখি আজ!....তাহার মা বলে—আজ রাত্তিরে আর পড়ে না—মোটো দু'পলা তেল আছে, কাল আবার রাঁধবো কি দিয়ে? এইখানে রাঁধছি, এই আলোতে ব'সে পড়।—অপু ঝগড়া করে।

মা বকে—এঃ, ছেলের রাত্তির হোলে যত লেখা-পড়ার চাড়ু—সারাদিন চুলের টিকিটি দেখবার যো নেই। সকালে করিস্ কি? যা তেল দেবো না।

অবশেষে অপু উনুনের পাড়ে কাঠের আঙনের আলোয় খাতাখানা আনিয়া বসে। সর্বজয়া ভাবে—অপু আর একটু বড় হোলে আমি ওকে ভালো দেখে বিয়ে দেবো। এ ভিটেতে নতুন পাকা বাড়ী উঠবে। আস্চে বছর পঁয়তেরা দিয়ে নিই, তারপর গাঙ্গুলীবাড়ীর পুজোটা যদি বাঁধা হয়ে যায়—

....চার-পাঁচদিন পরে সে রাণীর হাতে খাতা ফিরাইয়া দিলে রাণী আগ্রহের সহিত খাতা খুলিতে খুলিতে বলিল—লিখেচিস্?

অপু হাসি-হাসি মুখে বলিল—দ্যাখো না খুলে?

রাণী দেখিয়া খুশির সুরে বলিল—ওঃ, অনেক লিখেচিস্ যে রে! দাঁড়া অতসীকে ডেকে দেখাই। অতসী দেখিয়া বলিল—অপু লিখেচে না আরও কিছু—ইস্! এ সব বই দেখে লেখা।

অপু প্রতিবাদের সুরে বলিল—ইঃ, বই দেখে বই কি? আমি তো গল্প বানাই—পটুকে জিজ্ঞেস্ ক'রো দিকি অতসীদি? ওকে বিকেলে গাঙের ধারে ব'সে ব'সে কত বানিয়ে বানিয়ে গল্প বলিনে বুঝি?

বাণী বলিল—না ভাই, ও লিখেচে আমি জানি। ও ওই রকম লেখে। খাসা যাত্রার পাল্লা লিখেছিল খাতাতে, আমায় পড়ে শোনালো!....পরে অপুকে বলিল—নাম লিখে দিস্নি তোর? নাম লিখে দে।

অপু এবার একটু অপ্রতিভতার সুরে বলিল যে, গল্পটা তাহার শেষ হয় নাই, হইলেই নাম লিখিয়া দিবে এখন। 'সচিত্র যৌবনে-যোগিনী' নাটকের ধরণে গল্প আরম্ভ করিলেও শেষটা কিরূপ হইবে সে ভাবিয়া ঠিক করিতে পারে নাই; অথচ দীর্ঘ দিন তাহার কাছে খাতা থাকিলে রাণুদি—বিশেষ করিয়া অতসীদি পাছে তাহার কবিপ্রতিভা সম্বন্ধে সন্দিহান হইয়া পড়ে, এই ভয়ে অসমাপ্ত অবস্থাতেই সেখানা ফেরৎ দিয়াছে!....

তাহার বাবা বাড়ীতে নাই। সকালে উঠিয়া সে তাহাদের গ্রামের আর সকলের সঙ্গে পাশের গ্রামে আদ্যশ্রাদ্ধের নিমন্ত্রণে গেল। সুনীলও গেল তাহার সঙ্গে। নানা গ্রামের ফলারো বামুনের দল পাঁচ-ছয় ক্রোশ দূর হইতেও হাঁটিয়া আসিয়াছে। এক এক ব্যক্তি পাঁচ-ছয়টি করিয়া ছেলেমেয়ে সঙ্গে করিয়া আসিয়াছে; সকলকে সুবিধামত স্থানে বসাইতে গিয়া একটা দাঙ্গা বাধিবার উপক্রম। প্রত্যেকের পাতে চারিখানি করিয়া লুচি দিয়া যাইবার পর পরিবেশনকারীরা বেগুনভাজা পরিবেশন করিতে আসিয়া দেখিল কাহারও পাতে লুচি নাই,—সকলেই পাশ্চবর্তী চাদরে বা গামছায় লুচি তুলিয়া বসিয়া আছে!....ছোট ছোট ছেলে অতশত না বুঝিয়া পাতের লুচি ছিঁড়িতে যাইতেছে—তাহার বাপ বিশ্বেশ্বর ভট্টাচাৰ্য ছোঁ মারিয়া ছেলের পাত হইতে লুচি উঠাইয়া পাশের চাদরে রাখিয়া বলিল—এগুলো রেখে দাও না! আবার এখুনি দেবে, খেও এখন।

তাহার পর খানিকক্ষণ ধরিয়া ভীষণ শোরগোল হইতে লাগিল—“লুচির ধামাটা এ সারিতে” “কুম্ভোটা যে আমার পাতে একেবারেই”, “ওহে, গরম গরম দেখে”, “মশাই কি দিলেন হাত দিয়ে দেখুন দিকি, স্নেফ কাঁচা ময়দা”....ইত্যাদি। ছাঁদার পরিমাণ লইয়া কর্মকর্তাদের সঙ্গে ব্রাহ্মণের তুমুল বিবাদ! কে একজন চীৎকার করিয়া বলিতে লাগিল—তা হোলো সেখানে ভদ্ররলোকেদের নেমস্তম্ভ করতে নেই। স-পাঁচ গড়া লুচি এ একেবারে ধরা-বাঁধা ছাঁদার রেট—বল্লাল সেনের আমল থেকে বাঁধা রয়েছে। চাইনে তোমার ছাঁদা, কন্দল্লো মজুমদার এমন জায়গায় কখনও—

কর্মকর্তা হাতে-পায়ে ধরিয়া কন্দর্প মজুমদারকে প্রসন্ন করিলেন।

অপুও এক পুঁটুলি ছাঁদা বহিয়া আনিল। সর্বজয়া তাড়াতাড়ি বাহিরে আসিয়া হাসিমুখে বলিল—ওমা, এ যে কত এনেচিস—দেখি খোল্ তো? লুচি, পানতুয়া, গজা—কত রে! ঢেকে রেখে দি, সকালবেলা খেও এখন।

অপু বলিল—তোমায়ও কিন্তু মা খেতে হবে—তোমার জন্যে আমি চেয়ে দু'বার ক'রে পানতুয়া নিইচি।

সর্বজয়া বলিল—হ্যাঁরে, তুই বলি নাকি আমার মা খাবে দাও?—তুই তো একটা হাবলা ছেলে!

অপু ঘাড় ও হাত নাড়িয়া বলিল—হ্যাঁ, তাই বুঝি আমি বলি! এমন ক'রে বল্লাম তারা ভাবলে আমি খাবো।

সর্বজয়া খুশির সহিত পুঁটুলিটা তুলিয়া ঘরে লইয়া গেল।

খানিকক্ষণ পরে অপু সুনীলদের বাড়ী গেল। উহাদের ঘরের রোয়াকে পা দিয়াই শুনিল, সুনীলের মা সুনীলকে বলিতেছেন—ওসব কেন ব'য়ে আনলি বাড়ীতে? কে আনতে বলেচে তোকে? সুনীলও সকলের দেখাদেখি ছাঁদা বাঁধিয়াছিল, বলিল—কেন মা, সবাই তো নিলে—অপুও তো এনেচে।

সুনীলের মা বলিলেন—অপু আনবে না কেন—ও ফলারে বামুনের ছেলে! ও এরপর ঠাকুরপূজো ক'রে আর ছাঁদা বেঁধে বেড়াবে,—ওই ওদের ধারা। ওর মা-টাও অমনি হ্যাংলা। ঐজন্যে আমি তখন তোমাদের নিয়ে এ গাঁয়ে আসতে চাইনি। কুসঙ্গে পড়ে যত কুশিক্ষে হচ্ছে! যা, ওসব অপুকে ডেকে দিয়ে আয়—যা; না হয় ফেলে দিগে যা। নেমস্তম্ভ করেছে নেমস্তম্ভ খেলি—ছোটলোকের মত ওসব বেঁধে আনবার দরকার কি!

অপু ভয় পাইয়া আর সুনীলের ঘরে ঢুকিল না। বাড়ী ফিরিতে ফিরিতে ভাবিল—যাহা তাহার মা পাইয়া এত খুশী হইল, জেঠাইমা তাহা দেখিয়াই এত রাগিল কেন? খাবারগুলো কি ঢেলামাটি যে, সেগুলো ফেলিয়া দিতে হইবে? তাহার মা হ্যাংলা? সে ফলারে বামুনের ছেলে? বা রে, জেঠিমা যেন অনেক পানতুয়া-গজা খাইয়াছে, তাহার মা তো ও-সব কিছুই খাইতে পায় না। আর সে-ই বা নিজে এসব ক'দিন খাইয়াছে? সুনীলের কাছে যাহা অন্যায়া, তাহার কাছে সেটা কেনম করিয়া অন্যায়া হইতে পারে।

লেখাপড়া বড় একটা তাহার হয় না, সে এই সবই করিয়া বেড়ায়। ফলার খাওয়া, ছাঁদা বাঁধা, বাপের সঙ্গে শিষ্যবাড়ী যাওয়া, মাছধরা। সেই ছোট্ট ছেলে পটু—জেলে পাড়ায় কড়ি খেলিতে গিয়া যে সে-বার মার খাইয়াছিল—সে এ সব বিষয়ে অপূর সঙ্গী। আজকাল সে আরও বড় হইয়াছে, মাথাতে লম্বা হইয়াছে, সব সময় অপুদার সঙ্গে সঙ্গে ঘোরে। ওপাড়া হইতে এপাড়ায় আসে শুধু অপুদার সঙ্গে খেলিতে, আর কাহারও সঙ্গে সে বড় একটা মেশে না। তাহাকে বাঁচাইতে গিয়া অপুদা যে জেলের ছেলেদের হাতে মার খাইয়াছিল, সেকথা সে এখনো ভোলে নাই।

মাছ ধরিবার শখ অপূর অত্যন্ত বেশী। সোনাডাঙা মাঠের নীচে ইছামতীর ধারে কাঁচিকাটা খালের মুখে ছিপে খুব মাছ ওঠে। প্রায়ই সে এইখানটি গিয়া নদীতীরে একটা বড় ছাতিম গাছের তলায় মাছ ধরিতে বসে। স্থানটা তাহার ভারী ভালো লাগে, একেবারে নির্জন, দুধারে নদীর পাড়ে কত কি গাছপালা নদীর জলে ঝুঁকিয়া পড়িয়াছে, ওপারে ঘন সবুজ উলুবন, মাঝে মাঝে লতাদোলানো কদম-শিমূল গাছ, বেগুনী রংএর বনকলমী ফুলে ছাওয়া ঝোপ, দূরে মাধবপুর গ্রামের বাঁশবন, পাখীর ডাকে বনের ছায়ায় উলুবনের শ্যামলতায় মেশামেশি মাখামাখি স্নিগ্ধ নির্জনতা!

সেই ছেলেবেলায় প্রথম কুঠীর-মাঠে আসার দিনটি হইতে এই মাঠ-বন-নদীর কি মোহ যে তাহাকে পাইয়া বসিয়াছে! ছিপ ফেলিয়া ছাতিম গাছের ছায়ায় বসিয়া চারিদিকে চাহিতেই তাহার মন অপূর্ব পুলকে ভরিয়া ওঠে। মাছ হোক বা না হোক, যখনই ঘন বৈকালের ছায়া মাঠের ধারের খেজুর ঝোপের ডাঁসা খেজুরের গন্ধে ভরপুর হইয়া ওঠে, মিশ্র বাতাসে চারিধার হইতে বৌ-কথা-কণ্ড, পাপিয়ার ডাক ভাসিয়া আসে, ডালে-ডালে অত্র-আবীর ছড়াইয়া সূর্যদেব সোনাডাঙার মাঠের সেই ঠাণ্ডাড়ে বটগাছটার আড়ালে হেলিয়া পড়েন, নদীর জল কালো হইয়া যায়, গাণ্ডশালিকের দল কলরব করিতে করিতে বাসায় ফেরে, তখনই তাহার মন বিভোর হইয়া ওঠে, পুলক-ভরা চোখে চারিদিকে চাহিয়া দেখে; মনে হয়—মাছ না পাওয়া গেলেও রোজ রোজ সে এইখানটিতে আসিয়া বসিবে, ঠিক এই বড় ছাতিম গাছের তলাটাতে।

মাছ প্রায়ই হয় না, শরের ফাৎনা স্থির জলে দন্ডের পর দন্ড নিবাত নিষ্কম্প দীপশিখার মত অটল। একস্থানে অতক্ষণ বসিয়া থাকিবার ধৈর্য তাহার থাকে না, সে এদিকে ওদিকে ছটফট করিয়া বেড়ায়, ঝোপের মধ্যে পাখীর বাসার খোঁজে, ফিরিয়া আসিয়া হয়ত চোখে পড়ে ফাৎনা একটু একটু ঠুকরাইতেছে! ছিপ তুলিয়া-শলৈ—দূর! বোঁয়া মাছের ঝাঁক লেগেচে, এখানে কিছু হবে না।পরে সেখান হইতে ছিপ তুলিয়া একটু দূরে শেওলা দামের পাশে গিয়া টোপ ফেলে। জলটার গভীর কালো রঙএ মনে হয় বড় রুই কাংলা এখন টোপ গেলে আর কি! ভ্রম ঘুচিতে বেশী দেবী হয় না, শরের ফাৎনা নির্বিকল্প সমাধির অবস্থা প্রাপ্ত হয়।....

এক-একদিন সে এক-একখানা বই সঙ্গে করিয়া আনিয়া বসে।

ছিপ ফেলিয়া বই খুলিয়া পড়ে। সুরেশের নিকট হইতে সে একখানা নীচের ক্লাসের ছবিওয়ালার ইংরেজি বই ও তাহার অর্থপুস্তক চাহিয়া লইয়াছে। ইংরাজি সে বুঝিতে পারে না, অর্থপুস্তক দেখিয়া গল্পের বাংলাটা বুঝিয়া লয় ও ইংরাজি বইখানাতে শুধু ছবি দেখে। দূর দেশের কথা ও সকল রকম মহত্ত্বের কাহিনী ছেলেবেলা হইতেই তাহার মনকে বড় দোলা দেয়, এই বইখানাতে সে ধরণের অনেকগুলি গল্প আছে। কোথাকার মুক্ত প্রান্তরে একজন ভ্রমণকারী বিষম তুবারঝটিকার মধ্যে পথ হারাইয়া চক্রাকারে ঘুরিতে ঘুরিতে শীতে প্রাণ হারায়, অজানা মহাসমুদ্রে পাড়ি দিয়া ক্রিস্টোফার কলম্বাস কিরূপে আমেরিকা আবিষ্কার করিলেন—এমনি সব গল্প। যে দুটি ইংরাজি বালক-বালিকা সমুদ্রতীরের শৈলগায়ে গাণ্ডচিলের বাসা হইতে ডিম সংগ্রহ করিতে গিয়া বিপদগ্রস্ত হইয়াছিল, সে সাহসিনী বালিকা প্রাসকোভিয়া লপুলফ নির্বাসিত পিতার নির্বাসনদন্ড প্রত্যাহার করিবার আশায় জনহীন তুবারাবৃত প্রান্তরের পথে সুদূর সাইবেরিয়া হইতে একা বাহির হইয়াছিল—তাহাদের যেন সে দেখিলেই চিনিতে পারে।

স্যার ফিলিপ সিডনীর ছোট্ট গল্পটুকু পড়িয়া তাহার চোখ দুটি জলে ভরিয়া যায়। সুরেশকে গিয়া জিজ্ঞাসা করে—সুরেশদা, এই গল্পটা জানো তুমি? বড় ক'রে বলো না?

সুরেশ বলে—ও, জুটফেনের যুদ্ধের কথা!

অপু অবাক হইয়া বলে—কি সুরেশদা? জুটফেন! কোথায় সে?

সুরেশ ঐটুকুর বেশী আর বলিতে পারে না।....

মাসখানেক পরে একদিন।

মাছ ধরিতে গিয়া একটা বড় সরপুঁটি মাছ কি করিয়া তাহার ছিপে উঠিয়া গেল।

লোভ পাইয়া সে জায়গাটি আর অপু ছাড়ে না—গাছের ডালপালা ভাঙিয়া আনিয়া বিছাইয়া বসে।

ক্রমে বেলা যায়, নদীর ধারের মাঠে আবার এই অপূর্ব নীরবতা, ওপারের দেয়াড়ের মাঠের পারে সুদূপ্রসারী সবুজ উলুবনে কাশঝোপে, কদম-শিমুল গাছের মাথায় আবার তাহার শৈশব পুলকের শুভমুহূর্তের অতি পরিচিত, পুরাতন সাথী—বৈকালের মিলিয়ে-যাওয়া শেষ রোদ!

বঙ্গবাসীতে বিলাত যাত্রীর চিঠির মধ্যে পড়া সেই সুন্দর গল্পটি তাহার মনে পড়ে....

সে সুরেশদাদার ইংরাজি ম্যাপে ভূমধ্যসাগর কোথায় দেখিয়াছে, তারই ওপারে ফ্রান্স দেশ সে জানে। কতকাল আগে ফ্রান্স দেশের বৃকে তখন বৈদেশিক সৈন্যবাহিনী চাপিয়া বসিয়াছে, দেশ বিপন্ন,

রাজা শক্তিহীন, চারিদিকে অরাজকতা, লুণ্ঠ-তরাজ! জাতির এই যোর অপমানের দিনে, লোরেন্ প্রদেশের অন্তঃপাতী কে ক্ষুদ্র গ্রামে এক দরিদ্র কৃষকদুহিতা পিতার মেঘপাল চরাইতে যায়, আর মেঘের দলকে ইতস্ততঃ ছাড়িয়া দিয়া নিভৃত পল্লীপ্রান্তরে তৃণভূমির উপর বসিয়া সুনীল নয়ন দু'টি আকাশের পানে তুলিয়া নির্জনে দেশের দুর্দশা চিন্তা করে। দিনের পর দিন এইরূপ ভাবিতে ভাবিতে তাহার নিষ্পাপ কুমারী-মনে উদয় হইল কে তাহাকে বলিতেছে—ভূমি ফ্রান্সের রক্ষকত্রী, ভূমি গিয়া রাজসৈন্য জড় কর, অস্ত্র ধর, দেশের জাতির পরিত্রাণের ভার তোমার হাতে। দেবী মেরী তাহার উৎসাহদাত্রী,—দূর স্বর্গ হইতে তাহার আহ্বান আসে দিনের পর দিন। তারপর নবতেজোদগ্ধ ফরাসী সৈন্যবাহিনী কি করিয়া শত্রুদলকে দেশ হইতে তাড়াইয়া দিল, কি করিয়া ভাবময়ী কুমারী নিজে অস্ত্র ধরিয়া দেশের রাজাকে সিংহাসনে বসাইলেন, তারপর অজ্ঞানাক লোকে কি করিয়া তাহাকে ডাইনী অপবাদে জীবন্ত পুড়াইয়া মারিল, এ সকল কথাই সে আজ পড়িয়াছে।

এই বৈকাল বেলাটাতে, এই শান্ত নদীর ধারে গল্পটি ভাবিতে ভাবিতে কি অপূর্ব ভাবেই তাহার মন পূর্ণ হইয়া যায়!—কুমারীর যুদ্ধের কথা, জয়ের কথা, অন্য সব কথা সে তত ভাবে না। কিন্তু সে ছবিটি তাহার বার বার মনে আসে, তাহা শুধু নির্জন প্রান্তরে চিন্তারতা বালিকা আর চারিধারে যদুচ্ছ-বিচরণশীল মেঘদল, নিম্নে শ্যাম তৃণভূমি, মাথার উপর মুক্ত নীল আকাশ। একদিকে দুর্ধ্ব বৈদেশিক শত্রু, নিষ্ঠুরতা, জয়লালসার দর্প. রক্তশ্রোত,—অপরদিকে এক সরলা, দিব্য ভাবময়ী নীলনয়নী পল্লীবালিকা। ছবিটা তাহার প্রবর্তমান বালকমনকে মুগ্ধ করিয়া দেয়।

আরও ছবি মনে আসে। কতদূরের নীল-সমুদ্র-যেরা মাটিনিক দ্বীপ। চারিদিকে আখের খেত, মাথার উপর নীল আকাশ—বহু—বহু দূর—শুধু নীল আকাশ আর নীল সমুদ্র!—শুধু নীল আর নীল! আরও কত কি, তাহা বুঝানো যায় না—বলা যায় না।

ছিপ গুটাইয়া সে বাড়ীর দিকে যাইবার যোগাড় করে। নদীর ধারে ধারে নতশীর্ষ বাবলা ও সাঁইহাবলার বন নদীর স্নিগ্ধ কালো জলে ফুলের ভার ঝরাইয়া দিতেছে। সোনাডাঙা মাঠের মাঝে ঠ্যাঙাড়ে বটগাছটার আড়ালে প্রকান্ত রক্তবর্ণ সূর্য হেলিয়া পড়িয়াছে, —যেন কোন্ দেবশিশু অলকার জলন্ত ফেনিল সোনার সমুদ্র হইতে ফুঁ দিয়া একটা বৃদ্ধ তুলিয়া খেলাচ্ছলে আকাশে উড়াইয়া দিয়াছিল, এইমাত্র সেটা পশ্চিম দিক্তে পৃথিবীর বনাস্তুরালে নামিয়া পড়িতেছে!

পিছন হইতে কে তাহার চোখ টিপিয়া ধরিল। সে জোর করিয়া হাত দিয়া চোখ ছাড়াইয়া লইতেই পটু খিল খিল করিয়া হাসিয়া সামনে আসিয়া বলিল—তোকে খুঁজে খুঁজে কোথাও পাইনে অপুদা; তারপর ভাবলাম তুই ঠিক মাছ ধর্তে এইছিস্, তাই এলাম। মাছ হয়নি?....একটাও না? চল্ বরং একখানা নৌকা খুলে নিয়ে বেড়িয়ে আসি—যাবি?

কদমতলায় সাহেবের ঘাটে অনেক দূরদেশ হইতে নৌকা আসে,—গোলপাতা-বোঝাই, ধান-বোঝাই, ঝিনুক-বোঝাই নৌকা সারি সারি বাঁধা। নদীতে জেলেদের ঝিনুক-তোলা নৌকায় বড় জাল ফেলিয়াছে। এ সময় প্রতি বৎসরই ইহার দক্ষিণ হইতে ঝিনুক তুলিতে আসে; মাঝ নদীতে নৌকায় নৌকায় জোড়া দিয়া দাঁড় করিয়া রাখিয়াছে। অপু ডাঙায় বসিয়া দেখিতেছিল,—একজন কালোমত লোক বার বার ডুব দিয়া ঝিনুক খুঁজিতেছে ও অল্পক্ষণ পরে নৌকার পাশে উঠিয়া হাতের থলি হইতে দু'চারিখানা কুড়ানো ঝিনুক বালি-কাদার রাশি হইতে ছাঁকিয়া নৌকার খোলে ছুঁড়িয়া ফেলিতেছে। অপু খুশির সহিত পটুকে আঙুল দিয়া দেখাইয়া বলিল—দেখিছিস্ পটু, কতক্ষণ ডুব দিয়ে থাকে? আয় গুনে দেখি এক-দুই ক'রে! পারিস তুই অতক্ষণ ডুবে থাকতে?....

নদীর দুর্বাঘাস-মোড়া তীরটি ঢালু হইয়া জলের কিনারা পর্যন্ত নামিয়া গিয়াছে, এখানে-ওখানে বোঝাই নৌকায় খোঁটা পোঁতা—নোঙর ফেলা। ইহার কত দেশ হইতে আসিয়াছে, কত বড় নদী খাল পার হইয়া, বড় বড় নোনা গাঙের জোয়ার-ভাঁটা-তুফান খাইয়া বেড়ায়,—অপুর ইচ্ছা করে মাঝিদের কাছে বসিয়া সে সব দেশের গল্প শোনে। তাহার কেবল নদীতে নদীতে সমুদ্রে সমুদ্রে বেড়াইতে ইচ্ছা হয়, আর কিছু সে চায় না। সুরেশের বইখানাতে নানা দেশের নাবিকদের কথা পড়িয়া অবশি ঐ ইচ্ছাই তাহার মনে প্রবল হইয়া উঠিয়াছে। পটু ও সে নৌকার কাছে গিয়া দর করে—ও মাঝি, এই গোলপাতা

একপাটি কি দর?....তোমার এই ধানের নৌকা কোথাকার, ও মাঝি?ঝালকাঠির? সে কোন্ দিকে, এখন থেকে কতদূর?....

পটু বলিল—অপু-দা, চল তেঁতুলতলার ঘাটে একখানা ডিঙি দেখি, একটু বেড়িয়ে আসি চল।

দু'জনে তেঁতুলতলার ঘাট হইতে একখানা ছোট ডিঙি খুলিয়া লইয়া, তাহাকে এক ঠেলা দিয়া ডিঙির উপর চড়িয়া বসিল। নদীজলের ঠান্ডা আর্দ্র গন্ধ উঠিতেছে, কলমী-শাকের দামে জনপিপি বসিয়া আছে, চরের ধারে-ধারে চাষীরা পটোলক্ষেত নিড়াইতেছে, কেহ ঘাস কাটিয়া আঁটি বাঁধিতেছে, চালতেপোতার বাঁকে তীরবর্তী ঘন ঝোপে গাঙ্শালিকের দল কলরব করিতেছে, পড়ন্ত বেলায় পূব আকাশের গায়ে নানারঙের মেঘস্বপ্ন।

পটু বলিল—অপু-দা একটা গান কর না? সেই গানটা সেদিনের!

অপু বলিল—সেটা না। বাবার কাছে সুর শিখে নিয়েছি একটা খুব ভাল গানের। সেইটে গাইবো, আর-এটু ওদিকে গিয়ে কিন্তু ভাই, এখানে ডাঙায় ওই সব লোক রয়েছে—এখানে না।

—তুই ভারি লাজুক অপু-দা। কোথায় লোক রয়েছে কতদূরে, আর তোর গান গাইতে—দূর, ধর সেইটে!

খানিকটা গিয়া অপু গান শুরু করে। পটু বাঁশের চটার বৈঠাখানা তুলিয়া লইয়া নৌকার গলুইএ চূপ করিয়া বসিয়া একমনে শোনে; নৌকা বাহিবাবর আবশ্যক হয় না, স্রোতে আপনা-আপনি ভাসিয়া ডিঙিখানা ঘুরিতে ঘুরিতে লা-ভাঙার বড় বাঁকের দিকে চলে। অপূর গান শেষ হইলে পটু একটা গান ধরিল। অপু এবার বাহিতেছিল। নৌকা কম দূরে আসে নাই—লা-ভাঙার বাঁকটা নজরে পড়িতেছিল এরই মধ্যে। হঠাৎ পটু ঈশানকোণের দিকে আঙুল দিয়া দেখাইয়া বলিল—ও অপু-দা, কি রকম মেঘ উঠেছে দেখচিস্! এখনি ঝড় এলো ব'লে—নৌকা ফেরাবি?

অপু বলিল—হোক্গে ঝড়, ঝড়েই তো নৌকা বাইতে—গান গাইতে লাগে ভালো, চল আরও যাই।

কথা বলিতে বলিতে ঘন কালো মেঘখানা মাধবপুরের মাঠের দিক হইতে উঠিয়া সারা আকাশ ভরিয়া ফেলিল, তাহার কালো ছায়া নদীজল ছাইয়া ফেলিল। পটু উৎসুক চোখে আকাশের দিকে চাহিয়া রহিল। অনেক দূরে সোঁ সোঁ রব উঠিল, একটা অস্পষ্ট গোলমালের সঙ্গে অনেক পাখীর কলরব শোনা গেল, ঠান্ডা হাওয়া বহিল, ভিজা মাটির গন্ধ ভাসিয়া আসিল। পাখাওয়ালা আকন্দের বীজ মাঠের দিক হইতে অজস্র উড়িয়া আসিতে লাগিল, দেখিতে দেখিতে গাছপালা মাথা লুটাইয়া দোলাইয়া ভাঙিয়া ভীষণ কালবৈশাখীর ঝড় উঠিল।

নদীর জল ঘন কালো হইয়া উঠিল, তীরের সাঁইবাবলা ও বড় বড় ছাতিম গাছের ডালপালা ভাঙিয়া পড়িবার উপক্রম হইল, সাদা বকের দল কালো আকাশের নীচে দীর্ঘ সারি বাঁধিয়া উড়িয়া পলাইল! অপূর বুক ফুলিয়া উঠিল, উৎসাহে উত্তেজনায় সে হাল ছাড়িয়া চারিধারে চাহিয়া বাড়ের কাণ্ড দেখিতে লাগিল, পটু কোঁচার কাপড় খুলিয়া বাড়ের মুখে পালের মত উড়াইয়া দিতেই বাতাস বাঁধিয়া সেখানা ফুলিয়া উঠিল!

পটু বলিল—বড় মুখোড় বাতাস অপু-দা, সামনে আর নৌকা যাবে না। কিন্তু যদি উন্টে যায়? ভাগ্যিস সুনীলকে সঙ্গে ক'রে আনিনি!

অপু কিন্তু পটুর কথা শুনিতেছিল না, সেদিকে তাহার কান ছিল না—মনও ছিল না। সে নৌকায় গলুইয়ে বসিয়া একদৃষ্টে ঝটিকাক্রন্দ নদী ও আকাশের দিকে চাহিয়াছিল। তাহার চারিধারে কালো নদীর নর্তনশীল জল, উড়ন্ত বকের দল, ঝোড়ো মেঘের রাশি, দক্ষিণ দেশের মাঝিদের ঝিনুকের স্তূপগুলো, স্রোতে ভাসমান কচুরীপানার দাম সব মুছিয়া যায়! নিজেকে সে বঙ্গবাসী কাগজের সেই বিলাত-যাত্রী কল্পনা করে! কলিকাতা হইতে তাহার জাহাজ ছাড়িয়াছে; বঙ্গোপসাগরের মোহনায় সাগরদ্বীপ পিছনে ফেলিয়া সমুদ্র-মান্নের কত অজানা ক্ষুদ্র দ্বীপ পার হইয়া, সিংহল-উপকূলের শ্যামসুন্দর নারিকেলবনশ্রী দেখিতে দেখিতে কত অপূর্ব দেশের নীল পাহাড় দূরচক্রবালে রাশিয়া, সূর্যাস্তের রাজা আলোয় অভিষিক্ত হইয়া, নতুন দেশের নব নব দৃশ্য পরিবর্তনের মধ্য দিয়া চলিয়াছে!—চলিয়াছে!—চলিয়াছে!

এই ইছামতীর জলের মতই কালো, গভীর ক্ষুদ্র, দূরের সে অদেখা সমুদ্রবক্ষ; এই রকম সবুজ বনঝোপ আরব সমুদ্রের সে দ্বীপটিতেও। সেখানে এইরকম সন্ধ্যায় গাছতলায় বসিয়া এডেন বন্দরে সেই বিলাত-যাত্রী লোকটির মত সে রূপসী আরবী মেয়ের হাত হইতে এক গ্লাস জল চাহিয়া লইয়া খাইবে। চালতেপোতার বাঁকের দিকে চাহিলে খবরের কাগজে বর্ণিত জাহাজের পিছনে সেই উড়নশীল জলচর পক্ষীর ঝাঁককে সে একেবারে স্পষ্ট দেখিতে পায় যেন!...

সে ওই সব জায়গায় যাইবে, ওই সব দেখিবে, বিলাত যাইবে, জাপান যাইবে, বাণিজ্যযাত্রা করিবে, বড় সওদাগর হইবে, অনবরত দেশ-বিদেশে সমুদ্রে সমুদ্রে ঘুরিবে, বড় বড় বিপদের মুখে পড়িবে; চীনসমুদ্রের মধ্যে আজিকার এই মনমাতানো কালবৈশাখীর ঝড়ের মত বিষম ঝড়ে তাহার জাহাজ ডুব-ডুব হইলে “আমার অপূর্ব ভ্রমণ”—এ পঠিত নাবিকদের মত সেও জালি-বোটে করিয়া ডুবোপাহাড়ের গায়ে-লাগা গুলি-শামুক পুড়াইয়া খাইতে খাইতে অকুল দরিয়ায় পাড়ি দিবে! ওই যে মাধবপুর গ্রামের বাঁশবনের মাথায় তুঁতে রংএর মেঘের পাহাড় খানিকটা আগে ঝুকিয়াছিল—ওরই ওপারে সেই সব নীল-সমুদ্র, অজানা বেলাভূমি, নারিকেলকুঞ্জ, আগ্নেয়গিরি, তুষারবর্ষা প্রান্তর, জেলেখা, সরষু, গ্রেস্ ডালিং, জুটফেন, গাঙ্গচিল-পাখীর-ডিম-আহরণরতা সেই সব সুশ্রী ইংরাজ বালক-বালিকা, সোনাঙ্কর যাদুকর বটগার, নির্জন প্রান্তরে চিন্তারতা লোরেনের সেই নীলনয়না পল্লীবালা জোয়ান—আরও কত কি আছে! তাহার টিনের বাক্সের বই কথানা, রাণু-দিদিদের বাড়ীর বইগুলি, সুরেশ-দাদার কাছে চাহিয়া লওয়া বইখানা, পুরাতন ‘বঙ্গবাসী’ কাগজগুলো ওই সব দেশের কথাই তাহাকে বলে; সেসব দেশে কোথায় কাহারা যেন তাহার জন্য অপেক্ষা করিয়া আছে। সেখান হইতে তাহার ডাক আসিবে একদিন—সে-ও যাইবে!

এ কথা তাহার ধারণায় আসে না কতদূরে সে সব দেশ, কে তাহাকে লইয়া যাইবে, কি করিয়া তাহার যাওয়া সম্ভব হইবে! আর দিনকতক পরে বাড়ী-বাড়ী ঠাকুরপূজা করিয়া যাহাকে সংসার চালাইতে হইবে, রাত্রিতে যাহার পড়িবার তেলের জন্য মায়ের বকুনি খাইতে হয়, অত বয়স পর্যন্ত যে ইঙ্কুলের মুখ দেখিল না, ভাল কাপড়, ভাল জিনিস যে কাহাকে বলে জানে না—সেই মুর্খ, অখ্যাত সহায়-সম্পদহীন পল্লীবালককে বৃহত্তর জীবনের আনন্দ-যজ্ঞে যোগ দিতে কে আহ্বান করিবে?

এ সব প্রশ্ন মনে জাগিলে হয়ত তাহার তরুণ-কল্পনার রথবেগ—তাহার আশা ভরা জীবন-পথের দুর্বীর মোহ, সকল ভয় সকল সংশয়কে জয় করিতে পারিত; কিন্তু এসকল কথা তাহার মনেই ওঠে না। শুধু মনে হয়—বড় হইলেই সব হইবে, অগ্রসর হইলেই সকল সুযোগ-সুবিধা পথের মাঝে কুড়াইয়া পাইবে....এখন শুধু বড় হইবার অপেক্ষা মাত্র! সে বড় হইলে সুযোগ পাইবে, দিক্ দিক্ হইতে তাহার সাদর আমন্ত্রণ আসিবে,—সে জগৎ জানার, মানুষ চেনার দিগ্বিজয়ে যাইবে।

রঙীন ভবিষ্যৎজীবন-স্বপ্নে বিভোর হইয়া তাহার বাকী পথটুকু কাটিয়া যায়। বৃষ্টি আর পড়ে না, ঝড়ে কালো মেঘের রাশি উড়াইয়া আকাশ পরিষ্কার করিয়া দিতেছিল। তেঁতুলতলার ঘাটে ডিঙি ভিড়িতেই তাহার চমক ভাঙে; নৌকা বাঁধিয়া পটুর আগে আগে সে বাঁশবনের পথে উল্লাসে শিস্ দিতে দিতে বাড়ীর দিকে চলে। সে-ও তাহার মা ও দিদির মত স্বপ্ন দেখিতে শিখিয়াছে।

পথের পাঁচালী

অষ্টাবিংশ পরিচ্ছেদ

আসলে অপু কিন্তু ঘুমায় নাই, সে জাগিয়া ছিল। চোখ বুজিয়া শুইয়া রাতে মায়ের সঙ্গে বাবার যেসব কথাবার্তা হইতেছিল, সে সব শুনিয়াছে। তাহারা এদেশের বাস উঠাইয়া কাশী যাইতেছে। এদেশ অপেক্ষা কাশীতে থাকিবার নানা সুবিধার কথা বাবা গল্প করিতেছিল মায়ের কাছে। বাবা অল্প বয়েসে সেখানে অনেকদিন ছিল, সে দেশের সকলের সঙ্গে বাবার আলাপ ও বন্ধুত্ব, সকলে চেনে বা মানে। জিনিসপত্রও সস্তা। তাহার মা খুব আগ্রহ প্রকাশ করিল, সে সব সোনার দেশে কখনও কাহারও অভাব নাই—দুঃখ এ-দেশে বারোমাস লাগিয়াই আছে, সাহস করিয়া সেখানে যাইতে পারিলেই সব দুঃখ

ঘুচিবে। মা আজ যাইতে পাইলে আজই যায়, একদিনও আর থাকিবার ইচ্ছা নাই। শেষে স্থির হইল বৈশাখ মাসের দিকে তাহাদের যাওয়া হইবে।...

গঙ্গানন্দপুরের সিদ্ধেশ্বরী ঠাকুর-বাড়ীতে সর্বজয়ার পূজা মানত ছিল। ক্রোশ তিনেক দূরে কে পূজা দিতে যায়—এইজন্য এ-পর্যন্ত মানত শোধ হয় নাই। এবার এদেশ হইতে যাইবার পূর্বে পূজা দিয়া যাওয়া দরকার, কিন্তু খুঁজিয়া লোক মিলিল না। অপু বলিল—সে পূজা দিয়া আসিবে ও ঐ গ্রামে তাহার পিসিমা থাকেন, তাহার সহিত কখনো দেখাশোনা হয় নাই, অমনি দেখা করিয়া আসিবে। তাহার মা বলিল—যাঃ, বকিস্ নে তুই, একলা যাবি বৈ কি? এখান থেকে প্রায় চার-ক্রোশ পথ।

অপু মায়ের সঙ্গে তর্ক শুরু করিল—আমি বুঝি সবদিন এইরকম বাড়ীতে বসে থাকবো? যেতে পারবো না কোথাও বুঝি? আমার বুঝি চোখ নেই, কান নেই, পা নেই?

—সব আছে, উনি একলা যাবেন সেই গঙ্গানন্দপুর—বড় সাহসী পুরুষ কিনা!

অবশেষে কিন্তু অপু নির্বন্ধাতিশয্যে তাহাকেই পাঠাইতে হইল।

সোনাডাঙা মাঠের বুক চিরিয়া উঁচু মাটির পথ। পথের দু'ধারে মাঠের মধ্যে শুধুই আকন্দফুলের বন, দীর্ঘ শ্বেতাভ উঁটাগুলি ফুলের ভারে নত হইয়া দুর্বাঘাসের উপর লুটাইয়া পড়িয়াছে। পথে কোনো লোক নাই, দুপুরের অল্পই দেরি আছে, গাছপালার ছায়া ছোট হইয়া আসিতেছে। অপু খালি পায়ে বেলেমাটির তাত লাগিতেছিল—তাহাতে বেশ আরাম হয়। পথের ধারের বন-ঝোপে কত কি ফুল ফুটিয়াছে, সাঁইবাবলা গাছের নতুন ফোটা ফুলের শীর্ষ সূর্যের দিকে মুখ ফিরাইয়া আছে, ছোট এক রকমের গাছে রাঙা রাঙা বনডুমুরের মত কি ফল অজস্র পাকিয়া টুকটুক করিতেছে, মাটির মধ্য হইতে কেমন রোদপোড়া সোঁদা সোঁদা গন্ধ বাহির হইতেছে।... সে মাঝে মাঝে নীচু হইয়া ঝোপের ভিতর হইতে খুঁজিয়া খুঁজিয়া বৈঁচিফল তুলিয়া হাতে-সেলাই-করা রাঙা সাটিনের জামাটার দু'পকেট ভর্তি করিয়া লইতেছিল।

যাইতে যাইতে তাহার মন পুলকে ভরিয়া উঠিতেছিল। সে কাহাকেও বলিতে পারে না যে, সে কী ভালবাসে এই মাটির তাজা রোদপোড়া গন্ধটা, এই ছায়াভরা দুর্বাঘাস, সূর্যের আলোমাখানো মাঠ, পথ, গাছপালা, পাখী, বনঝোপ, ঐ দোলানো ফুলফলের থোলো, আলকুশী, বনকলমী, নীল অপরাজিতা। ঘরে থাকিতে তাহার মোটেই ইচ্ছা হয় না; ভারী মজা হয় যদি বাবা তাহাকে বলে— খোকা, তুমি শুধু পথে-পথে বেড়িয়ে বেড়াও, তাহা হইলে এইরকম বনফুল-ঝুলানো ছায়াচ্ছন্ন ঝোপের তলা দিয়া ঘুঘু-ডাকা দূর বনের দিকে চোখ রাখিয়া এই রকম মাটির পথটি বাহিয়া শুধুই হাঁটে—শুধুই হাঁটে।...মাঝে মাঝে হয়তো বাঁশবনের কঞ্চির ডালে ডালে শব্দ-শব্দ শব্দ, বৈকালের রোদে সোনার সিঁদুর ছড়ানো আর নানা রঙ-বেরঙের পাখীর গান।

অপু শৈশব কাটিতেছিল এই প্রকৃতির সহিত ঘনিষ্ঠ সংস্পর্শে। এক ঋতু কাটিয়া গিয়া কখন অন্য ঋতু পড়ে—গাছপালায়, আকাশে বাতাসে, পাখীর কাকলীতে তাহার বার্তা রটে। ঋতুতে ঋতুতে ইচ্ছামতীর নব নব পরিবর্তনশীল রূপ সম্বন্ধে তাহার চেতনা জাগ্রত হইয়া উঠিয়াছিল—কোন ঋতু গাছপালায় জলে-স্থলে-শূন্যে ফুলে ফলে কি পরিবর্তন ঘটায় তাহা সে ভাল করিয়া চিনিয়া ফেলিয়াছে। ইহাদের সহিত এই ঘনিষ্ঠ যোগ সে ভালবাসে, ইহাদের ছাড়া সে জীবন কল্পনা করিতে পারে না। এই বিরাট অপরূপ ছবি চোখের উপরে রাখিয়া সে মানুষ হইতেছিল। গ্রীষ্মের খরতাপ ও গরমের অবসানে সারা দিকচক্রবাল জুড়িয়া ঘননীল মেঘসজ্জার গভীর সুন্দর রূপ, অন্তবেলায় সোনাডাঙার মাথার উপরকার আকাশে কত বর্ণের মেঘের খেলা, ভাদ্রের শেষে ফুটন্ত কাশ-ফুলে-ভরা মাধবপুরের দূরপ্রসারিত চর, চাঁদিনী রাতে জ্যোৎস্নাজালের খুপরি-কাটা বাঁশবনের তলা,—অপু স্মৃতিমান্মুখ কৈশোরের সতেজ আগ্রহভরা অনাবিল মনে ইহাদের অপূর্ব বিশাল সৌন্দর্য চিরস্থায়ী ছাপ মারিয়া দিয়াছিল, কান্তিরসের চোখ খুলিয়া দিয়াছিল, চুপি চুপি তাহার কানে অমৃতের দীক্ষামন্ত্র শুনাইয়াছিল।—অপু কখনো জীবনে এ শিক্ষা বিস্মৃত হয় নাই। চিরজীবন সৌন্দর্যের পূজারী হইবার ব্রত নিজের অলক্ষিতে মুক্তরূপা প্রকৃতি তাহাকে তাহা ধীরে ধীরে গ্রহণ করাইতেছিলেন।...

নতিডাঙ্গার বাঁওড়ে কাহারা মাছ ধরিয়াছে। সে খানিকক্ষণ দাঁড়াইয়া দেখিল। গ্রামের মধ্যে একটা কানা ভিখারী একতারা বাজাইয়া গান গাহিয়া ভিক্ষা করিতেছে—ও গান তো অপু জানে—কতবার গাহিয়াছে :—

‘দিন-দুপুরে চাঁদের উদয় রাত পোহানো হোল ভার।...’

বোষ্টম দাদু গানটা খুব ভাল গায়।

হরিশপুরের মধ্যে ঢুকিয়া পথের ধারে একটা ছোট্ট চালাঘরের পাঠশালা বসিয়াছে, ছেলেরা সুর করিয়া নামতা পড়িতেছে, সে দাঁড়াইয়া শুনিতে লাগিল। গুরুমশায়ের বয়স বেশী নয়, তাহাদের গায়ের প্রসন্ন গুরুমশায়ের চেয়ে অনেক কম।

আর এক কথা তাহার বার বার মনে হইতেছিল। এই তো সে বড় হইয়াছে, আর ছোট নাই, ছোট থাকিলে কি আর মা একা কোথাও ছাড়িয়া দিত?...এখন কেবলই চলা, কেবলই সামনে আগাইয়া যাওয়া। তাহা ছাড়া, আস্তে আস্তে এই দিনটিতে তাহার কতদূর, কোথায় চলিয়া যাইবে! কোথায় সেই কাশী—সেখানে!

বৈকালের দিকে গঙ্গানন্দপুরে গিয়া পৌঁছিল। পাড়ার মধ্যে পৌঁছিতেই কোথা হইতে রাজ্যের লজ্জা তাহাকে এমন পাইয়া বসিল যে, সে কোনো দিকে চাহিতেই পারিল না। কায়ক্লেশে সম্মুখের পথে দৃষ্টি রাখিয়া কোনোরকমে পথ চলিতে লাগিল। তাহার মনে হইল সকলেই তাহার দিকে চাহিতেছে। সে যে আজ আসিবে তাহা যেন সকলেই জানে; হয়তো ইহারা এতক্ষণ মনে মনে বলিতেছে—এই সেই যাচ্ছে, দ্যাখ্ দ্যাখ্ চেয়ে।সে যে পুটুলির ভিতর বাঁধিয়া নারিকেল-নাড়ু লইয়া যাইতেছে, তাহাও যেন সকলেই জানে। তাহার পিসেমশায় কুঞ্জ চক্রবর্তীর বাড়ীটা কোনদিকে এ কথাটা পর্যন্ত সে কাহাকেও জিজ্ঞাসা করিতে পারিল না।

অবশেষে এক বড়ীকে নির্জনে পাইয়া তাহাকেই জিজ্ঞাসা করাতে সে বাড়ী দেখাইয়া দিল। বাড়ীটার সামনে পাঁচিল-ঘেরা। উঠানে ঢুকিয়া সে কাহারও সাক্ষাৎ পাইল না। দু—একবার কাশিল, মুখ দিয়া কথা বাহির হয় সাধ্য কি? কতক্ষণ সে চৈত্রমাসের খররৌদ্রে বাহিরের উঠানে দাঁড়াইয়া থাকিত ঠিকানা নাই, কিন্তু খানিকটা পরে একজন আঠারো-উনিশ বছরের শ্যামবর্ণ মেয়ে কি কাজে বাহিরে আসিয়া রোয়াকে পা দিতেই দেখিল—দরজার কাছে কাহাদের একটি অপরিচিত, প্রিয়দর্শন বালক পুটুলি-হাতে লজ্জাকণ্ঠিত ভাবে দাঁড়াইয়া আছে। মেয়েটি বিস্মিতভাবে বলিল—তুমি কে খোকা? কোথেকে আসচো? ...অপু আনাড়ির মত আগাইয়া আসিয়া অতিকষ্টে উচ্চারণ করিল—এই আমার বাড়ী—নিশ্চিন্দপুরে, আমার—নাম অ-অপু।

তাহার মনে হইতেছিল, না আসিলেই ভাল হইত! হয়তো তাহার পিসীমা তাহার এরূপ অপ্রত্যাশিত আগমনে বিরক্ত হইবে, হয়তো ভাবিবে কোথা হইতে আবার এক আপদ আসিয়া জুটিল!.... তাহা ছাড়া, —কে জানিত আগে যে অপরিচিত স্থানে আসিয়া কথাবার্তা কওয়া এত কঠিন কাজ? তার কপাল ঘামিয়া উঠিল।

কিন্তু মেয়েটি তখনই ছুটিয়া আসিয়া তাহার হাত ধরিয়া মহা-আদরে রোয়াকে উঠাইয়া লইয়া গেল। তাহার মা-বাবা কেমন আছেন সেকথা জিজ্ঞাসা করিল। তাহার চিবুকে হাত দিয়া কত আদরের কথা বলিল। দিদিকে যদিও কখনও দেখে নাই তবুও দিদির নাম করিয়া খুব দুঃখ করিল। নিজের হাতে তাহার গায়ের জামা খুলিয়া হাতমুখ ধোয়াইয়া শুকনো গামছা দিয়া মুছাইয়া তাড়াতাড়ি এক গ্লাস চিনির শরবৎ করিয়া আনিল। পিসী বলিতে সে যাহা ভাবিয়াছিল তাহা নয়, অল্প বয়স, রাজীর দিদির চেয়ে একটু বড়।

তাহার পিসীও তাহার দিকে চাহিয়া চাহিয়া দেখিতেছিল। জ্ঞাতি-সম্পর্কের ভাইপোটি যে দেখিতে এত সুন্দর বা তাহার বয়স এত কম তাহার পিসী বোধ হয় ইতিপূর্বে জানিত না। তাই পাশের বাড়ী হইতে একজন প্রতিবেশিনী আসিয়া অপূর পরিচয় জিজ্ঞাসা করিলে সে একটু গর্বের সহিত বলিল—মামার ভাইপো, নিশ্চিন্দপুরে বাড়ী, খুড়তুতো ভায়ের ছেলে; সম্পর্কে খুবই আপন, তবে আসা-যাওয়া নেই তাই!পরে সে পুনরায় গর্বের চোখে অপূর দিকে চাহিয়া রহিল। ভাবটা’ এই—দ্যাখো আমার ভাইপোর কেমন রাজপুত্রের মত চেহারা, এখন বোঝ কি দরের—কি বংশের মেয়ে আমি!....

সন্ধ্যার পর কুঞ্জ চক্রবর্তী বাড়ী আসিল। পাকশিটে-মারা চোয়াড়ে-চোয়াড়ে চেহারা, বয়স বুঝিবার উপায় নাই। তাহার পিসীকে দেখিয়া তাহার যেমন লজ্জা হইয়াছিল, পিসেমশায়কে তেমন তাহার ভয় হইল। ছেলেবেলায় সে যে প্রসন্ন গুরুমশায়ের কাছে পড়িত, তেমন যেন চেহারাটা। মনে হইল এ লোক যেন এখনই বলিতে পারে—বড্ড জ্যাঠা ছেলে দেখচি তো তুমি?....

পরদিন সকালে উঠিয়া অপু পাড়ার পথে এদিকে-ওদিকে একটু ঘুরিয়া আসিল। চারিদিক জঙ্গলে ভরা, ফাঁকা জমি—দূর্বাস্থ্য প্রায় নাই, এমন জঙ্গল। এই একটা বাড়ী, আবার বনে-ঘেরা সুড়ি পথ বাহিয়া গিয়া আবার দূরে একটা বাড়ী। অনেক সময় লোকের বাড়ীর উঠানের উপর দিয়া পথ। তাহার বয়সী দু'চারজনকে খেলা করিতে দেখিল বটে, কিন্তু সকলেই তাহার দিকে এমন হাঁ করিয়া চাহিয়া রহিল যে, তাহাদের সঙ্গে আলাপ করিবার চেষ্টা করা তো দূরের কথা, সে তাহাদের মুখের দিকে চাহিতে পারিল না।

পিসীর বাড়ীর দিকে ফিরিবার সময়ও বিপদ। একরূপ সকালে মার কাছে সে চিড়া, মুড়ি, নাডু বা বাসি-ভাত খাইয়া থাকে। এখানে কি উহারা দিবে? কাল তো রাত্রে ভাত খাইবার সময় দুধের সঙ্গে সন্দেশ কিনিয়া আনিয়া দিয়াছে। আজ যদি সে এখনই ফিরে, তবে হয়তো উহারা ভাবিবে ছেলেটা ভারী পেটুক; খাবার খাইবার লোভে-লোভে এত সকালে বাড়ী ফিরিল। রোজ রোজ খাবার খাওয়া কি ভাল? এখন সে কি করে? নাঃ, বাড়ী ফিরিবে না। আরও খানিক পথে পথে ফিরিয়া একেবারে সেই ভাত খাওয়ার সময়ের একটু আগে বাড়ী যাইবে। অপরিচিত জায়গায় এতক্ষণ পথেই বা কোথায় দাঁড়াইয়া থাকে?

পায়ে পায়ে সে অবশেষে বাড়িতেই আসিয়া পৌঁছিল।

একটি ছয়-সাত বছরের মেয়ে একটা কাঁসার বাটি হাতে বাড়ী ঢুকিয়া উঠান হইতে ডাকিয়া কহিল—নাউ বেঁচেগো জেঠিমা, মোরে একটু দেবে?....অপুর পিসীমা ভিতর হইতে বলিল—কে রে, গুল্কী? না, ওবেলা রাঁধবো, এসে নিয়ে যাস...গুল্কী বাটি নামাইয়া রোয়াকের ধারে দাঁড়াইয়া রহিল। মাথার চুলগুলা ঝাঁকড়া ঝাঁকড়া, ছেলেদের চুলের মত খাটো। ময়লা কাপড় পরনে, মাথায় তেল নাই, রং শ্যামবর্ণ। অপূর দিকে চাহিয়া, কি বুঝিয়া একবার ফিক করিয়া হাসিয়া সে বাটি উঠাইয়া চলিয়া গেল।

অপু জিজ্ঞাসা করিল—মেয়েটা কাদের পিসীমা?

তাহার পিসী বলিল—কে, গুল্কী? ওদের বাড়ী এখানে না—ওর মা-বাপ কেউ কোথাও নেই। নিবারণ মুখুয্যের বৌ—এই যে পাশের বাড়ি, ওর দূর-সম্পর্কের জেঠী—সেখানাই থাকে।

পরদিন পাড়ার একটা ছেলে আসিয়া যাচিয়া তাহার সঙ্গে ভাব করিল ও সঙ্গে করিয়া গ্রামের সকল পাড়া ঘুরাইয়া দেখাইয়া বেড়াইল। বাড়ী ফিরিবার পথে দেখিল—সে অনাথা মেয়ে গুল্কী পথের ধারে পা ছড়াইয়া একলাটি বসিয়া কি খাইতেছে। তাহাকে দেখিয়া তাড়াতাড়ি আঁচল গুটাইতে গেল—আঁচলে একরাশ আধপাকা বকুল ফল। অপু ইতিমধ্যে পিসীমার কাছে তাহার আরও পরিচয় লইয়াছে; নিবারণ মুখুয্যের বৌ ভাল ব্যবহার করে না, লোক ভাল নয়। পিসীমা বলিতেছিল—জেঠী তো নয় রনচন্ডী, কত দিন খেতেও দেয় না, এর বাড়ী ওর বাড়ী খেয়ে বেড়ায়। নিজের পুষ্টিই সাতগন্ডা—তাদেরই জেটে না, তায় আবার পর!....গুল্কীকে দেখিয়া অপূর মোটেই লজ্জা হয় না—ছেটে একটুকু মেয়েটা, আহা কেহ নাই! তাহার সঙ্গে ভাব করিতে অপূর বড় ইচ্ছা হইল। সে কাছে গিয়া বলিল—আঁচলে কি লুকচিসু দেখি খুকী?....গুল্কী হঠাৎ আঁচল গুটাইয়া লইয়া ফিক করিয়া হাসিয়া নীচু হইয়া দৌড় দিল। তাহার কাণ্ড দেখিয়া অপূর হাসি পাইল। ছুটিবার সময় গুল্কীর আঁচলের বকুলফল পড়িতে পড়িতে চলিয়াছিল, সেগুলি সে কুড়াইতে কুড়াইতে বলিল—প'ড়ে গেল, সব প'ড়ে গেল, নিয়ে যা তোর বকুল ও খুকী, কিছু বোলবো না, ও খুকী!গুল্কী ততক্ষণে উধাও হইয়াছে।

পুকুরে স্নান সারিয়া আসিয়া সে বসিয়া আছে, এমন সময় দেখিতে পাইল খিড়কী দরজার আড়াল হইতে গুল্কী একবার একটুখানি করিয়া উঁকি মারিতেছে আর একবার মুখ লুকাইতেছে। তাহার সহিত চোখোচোখি হওয়াতে গুল্কী ফিক করিয়া হাসিয়া ফেলিল। অপু দাঁড়াইয়া উঠিয়া বলিল—দাঁড়া,

তাকে ধরচি এক দৌড়ে—বলিয়া সে খিড়কী-দরজার দিকে ছুটিল। গুল্কী আর পেছনদিকে না চাহিয়া পথ বাহিয়া সোজা পুকুরপাড়ের দিকে ছুট দিল। কিন্তু অপূর সঙ্গে পারিবে কেন? নিরুপায় দেখিয়া দাঁড়াইয়া পড়িতেই অপূ তাহার ঝাঁকড়া চুলগুলো মুঠায় চাপিয়া ধরিয়া বলিল—বড় ছুট দিচ্ছিল যে? আমার সঙ্গে ছুটে বৃষ্টি তুই পারবি, খুকী?গুল্কীর প্রথম ভয় হইয়াছিল বৃষ্টি বা তাহাকে মারিবে! কিন্তু অপূ চুলের মুঠি ছাড়িয়া দিয়া হাসিয়া ফেলায়, সে বৃষ্টি এ একটা খেলা। সে আবার সেই রকম হাসিয়া ফেলিল।

অপূর বড় দয়া হইল। তাহার মুখের হাসিতে এমন একটা আভাস ছিল যাহাতে অপূর মনে হইল এ তাহার সঙ্গে ভাব করিতে চায়—খেলা করিতে চায়; কিন্তু ছেলেমানুষ কথা কহিতে জানে না বলিয়া এইরকম উকিঝুঁকি মারিয়া—ফিক্ করিয়া হাসিয়া—দৌড়িয়া পলাইয়া—তাহার ইচ্ছা প্রকাশ করে। অন্য উপায় ইহার জানা নেই। এ যেন ঠিক তাহার দিদি! এই বয়সে দিদি যেন এই রকমই ছিল—এই রকম আঁচলে কুল-বেল-বৈঁচি বাঁধিয়া আপন মনে ঘুরিয়া বেড়াইত, কেহ বৃষ্টি না, কেহ দেখিত না, এই রকম পেটুক—এই রকম বুদ্ধিহীন ছোট মেয়ে!

অপূ ভাবিল—এর সঙ্গে কেউ খেলা করে না, একে নিয়ে একটু খেলি। আহা, মা-বাপ-হারা দুঃখী মেয়ে, আপন মনে বেড়ায়!—সে গুল্কীর চুলের মুঠা ছাড়িয়া দিয়া হাত ধরিয়াছিল, বলিল—খেলা করবি খুকী? চল এ পুকুরের পাড়ে। না, এক কাজ কর খুকী, আমি তোকে ধরবো—আর তুই ছুটে যাবি; এ কাঁঠাল গাছটা বড়ী। আয়—

মুঠা ছাড়িয়া দিতেই গুল্কী আর না দাঁড়াইয়া আবার নীচু হইয়া দৌড় দিল। অপূ চোঁচাইয়া বলিল—আচ্ছা যা, যা দেখি কন্দূর যাবি—ঠিক তোকে ধরব দেখিস। আচ্ছা, এ গেলি তো এই দ্যাখ—বলিয়া নিঃশ্বাস বন্ধ করিয়া সে এক দৌড় দিল—চু-উ-উ-উ। গুল্কী পিছন দিকে চাহিয়া অপূকে দৌড়িতে দেখিয়া প্রাণপণে যতটুকু তাহার ক্ষুদ্র শক্তিতে কুলায় দৌড়িবার চেষ্টা করিল—কিন্তু অপূ একটুখানি ছুটিয়া গিয়াই তাহাকে ধরিয়া ফেলিল। ভারী ছুটে শিথিচিস্ খুকী না? তা-কি তুই আমার সঙ্গে পারিস? চল চোর-চৌকিদার খেলা করবি—তুই হবি চোর—এই কাঁঠাল পাতা চুরি করে পালাবি, বুঝলি?....আর আমি হবো চৌকিদার, তোকে ধরবো।

গুল্কীর মুখে হাসি আর ধরিতেছিল না—হয়তো সে এতক্ষণ মনে মনে চাহিতেছিল এই সুন্দর ছেলেটির সঙ্গে ভাব করিতে। মাথা নাড়িয়া আশ্বাস দিবার সুরে বলিল—কাঁইবিচি নেবে? অপূ মনে ভাবিল চামার গ্রামে থাকিয়া ও এই সব কথা শিখিয়াছে—তাহাদের গ্রামে যেমন গোয়ালি কি সদগোপের ছেলেমেয়েরা কথা বলে তেমন।

দুপুরবেলা তাহার পিসীমা ডাকিলে পিছনে পিছনে গুল্কী আসিল। অপূর খাওয়া হইয়া গেলে তাহার পিসী জিজ্ঞাসা করিল—ভাত খাবি গুল্কী? অপূর পাতে বোস্—মোচার ঘন্ট আছে—ডাল দিচ্ছি, অপূ ভাবিল—আহা, ও খাবে জান্নলে দুখানা মাছ এর জন্যে রেখে দিতাম। গুল্কী দ্বিরক্তি না করিয়া নিরলঙ্কভাবে খাইতে বসিল। অনেকগুলি ভাত চাহিয়া লইয়া ডাল দিয়া সেগুলি মাখিল, পরে অনেকক্ষণ বসিয়া বসিয়া অত ভাত না খাইতে পারিয়া পাতের পাশে রাশীকত ঠেলিয়া রাখিল। তবুও উঠিবার নাম করে না। অপূর পিসীমা হাসিয়া বলিল—আর খেতে হবে না গুল্কী—হাঁসফাঁস কচ্চিস—নে ওঠ, কত ভাত নিয়ে ফেল্লি দ্যাখ তো? তোর কেবল দিষ্টি-খিদে—পরে বলিল, জেঠীমার কাণ্ড দ্যাখো—এতখানি বেলা হয়েচে—কাঁচা মেয়েটা—ভাত খেতে ডাকেও না? হলোই বা পর—তা হলেও কচি তো?....

শনিবারে সিদ্ধেশ্বরীর মন্দিরে অপূ পূজা দিতে গেল। আচার্য ঠাকুরের খুব লম্বা সাদা দাড়ি বুকের ওপর পড়িয়াছে, বেশ চেহারা। তাঁহার বিধবা মেয়ে বাপের সঙ্গে সঙ্গে আসে, পূজার আয়োজন করিয়া দেয়, বাপকে খুব সাহায্য করে। মেয়েটি বলিল—চার পয়সা দক্ষিণে কেন খোকা? এতে তো হবে না, বারের পূজাতে দু'আনা দক্ষিণে লাগবে—। অপূ বলিল—আমার মা যে চার পয়সা দিয়েচে মোটে, আর তো আমার কাছে নেই? মেয়েটি খানকতক কলা মূলা বাছিয়া একখানা পাতায় মুড়িয়া তাহার

হাতে দিয়া বলিল—ঠাকুরের প্রসাদ এতে রৈল, বেলপাতা আর সিঁদুরও দিলাম, তোমাদের বাড়ীর মেয়েদের দিও। অপু ভাবিল— বেশ লোকএরা, আমার যদি পয়সা থাকতো আরও দু'পয়সা দিতাম—

পিসীমার বাড়ী ফিরিয়া সে বাহিরের রোয়াকে জ্যাৎস্নার আলোতে বসিয়া পিসীমার সঙ্গে পূজার গল্প করিতেছে, পাশের গুলকীদের বাড়ীতে হঠাৎ গুলকীর সরু গলার আকাশ-ফাটানো চীৎকার শোনা গেল—ওরে জেঠী, অমন ক'রে মেরো না—ওরে বাবারে—ও জেঠী মোর পিঠ কেটে অক্ত পড়চে—মেরো না জেঠী—সঙ্গে সঙ্গে একটা কর্কশ গলার চিৎকার শোনা গেল—হারামজাদী—বদমায়েস—চৌধুরীদের বাড়ী গিয়েচো নেমতন্ন খেতে এমনি তোমার নোলা? তোমার নোলায় যদি আজ হাতা পুড়িয়ে ছেঁকা না দিই—লোকের বাড়ী খেয়ে খেয়ে বেড়াবে আর শতেকক্ষোয়ারীরা চোখের মাথা খেয়ে দেখতে পায় না, বলে কি না খেতে দেয় না—আপদ্ বলাই কোথাকার—বাড়ীতে তোমায় খেতে দেয় না?...তোমায় আজ—

অপুর পিসীমা বলিল—দেখচো, ঠেস দিয়ে দিয়ে কথা শুনিয়ে শুনিয়ে বল্চে? সত্যি কথা বল্লেই লোকের সঙ্গে আর ভাব থাকে না—তা হলেই তুমি খারাপ—।

অপুর মনটা আকুলি-বিকুলি করিতেছিল। চোখের জলে গলা আড়ষ্ট হওয়ার দরুন কোনো কথা মুখ দিয়া বাহির হইল না।

পরদিন সন্ধ্যার কিছু আগে আহারাди সারিয়া অপু গোয়ালাপাড়ার দিকে চলিল। আগের দিন তাহার পিসেমশায় ঠিক করিয়া দিয়াছে এ গ্রাম হইতে নবাবগঞ্জে তামাক বোঝাই গাড়ী যাইবে, সেই গাড়ীতে উঠিয়া সন্ধ্যার সময় রওনা হইলে সকালের দিকে নিশ্চিন্দিপুরের পথে তাহাকে উহার নামাইয়া দিবে।

অল্পদূরে গিয়া বামুনপাড়ার পথের মোড়ে গুলকীর সঙ্গে দেখা। সে সন্ধ্যায় খেলা করিয়া বাড়ী ফিরিতেছে। অপু বলিল—বাড়ী চলে যাচ্ছি রে খুকী আজ—সারাদিন ছিল কোথায়? খেলতে এলিনে কিছু না—। পরে গুলকী অবিশ্বাসের হাসি হাসিতেছে দেখিয়া বলিল—সত্যি রে, সত্যি বলচি, এই দ্যাখ্ পুঁটলি, কার্তিক গোয়ালার বাড়ী গিয়া গাড়ী উঠবো—আয় না আমার সঙ্গে একটু এগিয়ে দিবি?

গুলকী পিছনে পিছনে অনেকদূর চলিল। বামুনপাড়া ছাড়িয়া খানিকটা ফাঁকা মাঠ। তাহার পরেই গোয়ালাপাড়া। গুলকী মাঠের ধার পর্যন্ত আসিল। অপুর রাজা সাতিনের জামাটার দিকে আঙুল দেখাইয়া কহিল—তোমার এই রাজা জামাটা ক'পয়সা?

অপু হাসিমুখে বলিল—দু'টাকা—তুই নিবি? গুলকী ফিক করিয়া হাসিল। অর্থাৎ তুমি যদি দাও, এখনি....

হঠাৎ সামনের পথে চোখ ফিরাইতেই অপু দেখিতে পাইল, মাঠের শেষে গাছপালার ফাঁকে আলো হইয়া উঠিয়াছে—অমনি কেমন করিয়া তাহার মনে হইল আগামী মাসের এমন দিনটাতে তাহারা কোথায় কতদূরে চলিয়া যাইবে! পরে গুলকীকে বলিল—আর আসিস্ নে খুকী, তুই চলে যা—অনেকদূরে এসে গিইচিস—তোর বাড়ীতে হয়তো আবার বকবে—চলে যা খুকী—আবার এলে দেখা হবে, কেমন তো? হয়তো আর আসবো না, আমরা কাশী চলে যাবো বোশেখ্ মাসে, সেখানে বাস করবো—গুলকী আর একবার ফিক করিয়া হাসিল।

সেদিন পুর্নিমা কি চতুর্দশী এমনি একটা তিথি। সে এদিকে আর কখনও আসে নাই, কিন্তু বাল্যের এই একা প্রথম বিদেশ-গমন সম্পর্কিত একটা ছবি অনেক দিন পর্যন্ত তাহার মনে ছিল—সোজা মাঠের পথে দূর-প্রান্তে গাছপালার ফাঁকে পূর্ণচন্দ্র উঠিতেছে (বা চতুর্দশীর চন্দ্র, তাহার ঠিক মনে ছিল না)। পিছনে পিছনে অল্পদিনের পরিচিতা, অনাথা, অবোধ ঝাঁকড়াচুল ছোট একটি মেয়ে তাহাকে আগাইয়া দিতে আসিয়াছে।

বৈশাখ মাসের প্রথমে হরিহর নিশ্চিন্দীপুর হইতে বাস উঠাইবার সব ঠিক করিয়া ফেলিল। যে জিনিসপত্র সঙ্গে করিয়া লইয়া যাওয়া চলিবে না, সেগুলি বিক্রয় করিয়া ফেলিয়া নানা খুচরা দেনা শোধ করিয়া দিল। সেকালের কাঁঠালকাঠের বড় তক্তপোষ, সিন্দুক, পিঁড়ি ঘরে অনেকগুলি ছিল, খবর পাইয়া ওপাড়া হইতে পর্যন্ত খরিদার আসিয়া সস্তাদরে কিনিয়া লইয়া গেল।

গ্রামের মুকুব্বীরা আসিয়া হরিহরকে বুঝাইয়া নিবৃত্ত করিবার চেষ্টা করিতে লাগিলেন। নিশ্চিন্দীপুরে দুধ ও মৎস্য কত সস্তা বা কত অল্প খরচে এখানে সংসার চলে সে বিষয়ের একটা তুলনামূলক তালিকাও মুখে মুখে দাখিল করিয়া দিলেন। কেবল রাজকৃষ্ণ ভট্টাচার্য স্ত্রী সাবিত্রীরত উপলক্ষে নিমন্ত্রণ করিতে আসিয়া অনেকক্ষণ কথাবার্তার পর বলিলেন—বাপু, আছেই বা কি দেশে যে থাকতে বোলবো—তা ছাড়া এক জায়গায় কাদায় গুণ পুঁতে থাকাকো কোনো কাজের নয়, এ আমি নিজেকে দিয়ে বুঝি—মন ছোট হয়ে থাকে, মনের বাড় বন্ধ হয়ে যায়। দেখি এবার তো ইচ্ছা আছে একবার চন্দ্রনাথটা সেরে আসবো যদি ভগবান দিন দেন—

রাণী কথটা শুনিয়া অপূদের বাড়ী আসিল। অপূকে বলিল—হ্যাঁরে অপূ, তোরা নাকি এ গাঁ ছেড়ে চলে যাবি? সত্যি?

অপূ বলিল—সত্যি রাণুদি, জিজ্ঞাসা করো মাকে—

তবুও রাণী বিশ্বাস করে না। শেষে সর্বজয়ার মুখে সব শুনিয়া রাণী অধঃ হইয়া গেল। অপূকে বাহিরের উঠানে ডাকিয়া বলিল—কবে যাবি রে?

—সামনের বুধবারের পরের বুধবারে—

—আসবি নে আর কখনো?

রাণীর চোখ অশ্রুপূর্ণ হইয়া উঠিল, বলিল—তুই যে বলিস নিশ্চিন্দীপুর আমাদের বড় ভাল গাঁ, এমন নদী, এমন মাঠ কোথাও নেই—সে গাঁ ছেড়ে তুই যাবি কি করে?

অপূ বলিল—আমি কি করবো, আমি তো আর বলিনি যাবার কথা? বাবার সেখানে বাস করবার মন, এখানে আমাদের চলে না যে? আমার লেখা খাতাটা তোমাকে দিয়ে যাবো রাণুদি, বড় হোলো হয়তো আবার দেখা হবে—

রাণী বলিল—আমার খাতাতে গল্পটাও তো শেষ করে দিলি নে, খাতায় নাম সইও কোরে দিলি নি, তুই বেশ ছেলে তো অপূ?

চোখের জল চাপিয়া রাণী দ্রুতপদে বাটার বাহির হইয়া গেল। অপূ বুঝিতে পারে না রাণুদি মিছামিছি কেন রাগ করে! সে কি নিজের ইচ্ছাতে দেশ ছাড়িয়া যাইতেছে?

স্নানের ঘাটে পটুর সঙ্গে অপূর কত কথা হইল। পটুও কথটা জানিত না, অপূর মুখে সব শুনিয়া তাহার মনটা বেজায় দমিয়া গেল। স্নানমুখে বলিল—তোর জন্যে নিজে জলে নেমে কত কষ্টে শেওলা সরিয়ে ফুট কাটলাম, একদিনও মাছ ধরবিনে তাতে?

এবার রামনবমীর দোল, চড়কপূজা ও গোষ্ঠবিহার অল্পদিন পরে পরে পড়িল। প্রতি বৎসর এই সময় অপূর্ব অসংযত আনন্দে অপূর বুক ভরিয়া তোলে। সে ও দিদি এ সময় আহার নিদ্রা পরিত্যাগ করিত। অপূর দিক হইতে অবশ্য এবারও তাহার কোনো ক্রটি হইল না।

চড়কের দিন গ্রামের আতুরী বুড়ী মারা গেল। নতুন যে মাঠটাতে আজকাল চড়কের মেলা বসে, তাহারই কাছে আতুরী বুড়ীর সেই দো-চালা ঘরখানা। অনেক লোক জড় হইয়াছে দেখিয়া সেও সেখানে দেখিতে গেল। সেই যে একবার আতুরী ডাইনীর ভয়ে বাঁশবন ভাঙিয়া দৌড় দিয়াছিল—তখন সে ছোট ছিল—এখন তাহার সে কথা মনে হইলে হাসি পায়। আজ তাহার মনে হইল আতুরী বুড়ী ডাইনী নয়, কিছু নয়। গ্রামের একধারে লোকালয়ের বাহিরে একা থাকিত—গরীব, অসহায়, ছেলে ছিল না,

মেয়ে ছিল না, কেহ দেখিবার ছিল না, থাকিলে কি আজ সারাদিন ঘরের মধ্যে মরিয়া পড়িয়া থাকিত? সংকারের লোক হয় না? পাঁচু জেলের ছেলে একটা হাঁড়ি বাহিরে আনিয়া ঢালিল—এক-হাঁড়ি শুকনো আমচুর। ঝোড়ো আম কুড়ইয়া বুড়ী আমসি আমচুর তৈয়ারী করিয়া রাখিয়া দিত ও তাহা হাতে হাতে বিক্রয় করিয়া দিনপাত করিত। অপু তাহা জানে, কারণ গত রথের মেলাতেও তাহাকে ডালা পাতিয়া আমসি বিক্রয় করিতে দেখিয়াছে।

চড়কটা যেন এবার কেমন ফাঁকা ঠেকিতে লাগিল। আর-বছরও চড়কের বাজারে দিদি নতুন পট কিনিয়া কত আনন্দ করিয়াছে। মনে আছে সেদিন সকালে দিদির সহিত তাহার ঝগড়া হইয়াছিল। বৈকালে তাহার দিদি বলিল—পয়সা দেবো অপু, একখানা সীতাহরণের পট দেখিস যদি মেলায় পাস? অপু প্রতিশোধ লইবার জন্য বলিল—যত সব পানসে পুতু পুতু পট, তাই তোর কিনতে হবে, আমি পারবো না যা—কেন রামরাবণের যুদ্ধ একখানা কেন না? তাহার দিদি বলিল—তোর কেবল যুদ্ধ আর যুদ্ধ—ছেলের যা কাভ! কেন ঠাকুর-দেবতার পট বুঝি ভাল হোল না?দিদির শিল্পানুভূতি শক্তির উপর অপু কোনো কালেই শ্রদ্ধা ছিল না।

তাহাদের বেড়ায় গায়ে রাখিতা ফুল লাল হইয়া ফুটিলে, তাহার মুখ মনে পড়ে, পাখীর ডাকে, সদ্যফোটা ওড়কলমীর ফুলের দুলুনিতে—দিদির জন্য মন কেমন করে। মনে হয় যাহার কাছে ছুটিয়া গিয়া বলিলে খুশী হইত, সে কোথায় চলিয়া গিয়াছে—কতদূর!আর কখনো, কখনো—সে এসব লইয়া খেলা করিতে আসিবে না।....

মেলার গোলমালের মধ্যে কে চমৎকার বাঁশী বাজাইতেছে। নতুন সুর তাহার বড় ভালো লাগে—খুঁজিয়া বাহির করিল—মালপাড়ার হারাগ মাল এক বাস্তিল বাঁশের বাঁশি চাঁচিয়া বিক্রয় করিবার জন্য আনিয়াছে ও বিজ্ঞাপন স্বরূপ একটা বাঁশি নিজে বাজাইতেছে। অপু জিজ্ঞাসা করিল—একটা ক পয়সা? হারাগ মাল তাহাকে খুব চেনে। কতবার তাহাদের রান্নাঘর ছাইয়া দিয়া গিয়াছে। সে জিজ্ঞাসা করিল—তোমরা নাকি শোনলাম খোকা গাঁ ছেড়ে চলে? তা কোথায় যাচ্—হ্যাঁগা? অপু দেড় পয়সা দিয়া সরু বাঁশি একটা কিনিল। বলিল—কোন কোন ফুটোতে আঙুল টেপো হারাগকাকা? একবার দেখিয়া দাও দিকি?

মনে আছে একবার অনেক রাত্রে ঘুম ভাঙিয়া সে খানিকক্ষণ জাগিয়া ছিল। দূরে নদীতে অন্ধকার রাত্রে জেলদের আলায়ে মাছধরা দোনা-জালের একঘেয়ে একটানা ঠক ঠক শব্দ হইতেছিল। এমন সময় তাহার কানে গেল অনেক দূরে যেন কুঠির মাঠের পথের দিকে অত রাত্রে কে খোলা গলায় গান গাহিয়া পথ চলিয়াছে। কুঠির মাঠের পথে বেশী রাত্রে বড় একটা কেহ হাঁটে না, তবুও আধঘুমে কতদিন যে নিশীথ রাত্রির জ্যেৎম্নায় অচেনা পথিক-কণ্ঠে মধুকানের পদ-ভাঙা গানের তানকে দূর হইতে দূরে মিলাইয়া যাইতে শুনিয়াছে—কিন্তু সেবার যাহা শুনিয়াছিল তাহা একেবারে নতুন। সুরটা সে আয়ত্ত করিতে পারে নাই—আধ-জাগরণের ঘোরে সুষমাময়ী সুরলক্ষ্মী দুই ঘুমে মাবাখানের পথ বাহিয়া কোথায় অন্তর্হিত হইয়াছিলেন, কোনোদিন আর তাহার সন্ধান মিলে নাই—কিন্তু অপু কি তাহা কোনোদিন ভুলিবে?

চড়ক দেখিয়া নানা গাঁয়ের চাষাদের ছেলেমেয়েরা রঙীন কাপড় জামা, কেউ বা নতুন কোরা শাড়ী পরনে, সারি দিয়া ঘরে ফিরিতেছে। ছেলেরা বাঁশি বাজাইতে বাজাইতে চলিয়াছে। গোষ্ঠবিহারের মেলা দেখিতে চার-পাঁচ ক্রোশ দূর হইতেও লোকজন আসিয়াছিল। শোলার পাখী, কাঠের পুতুল, রঙীন কাগজের পাখা, রং-করা হাঁড়ি, ছোবা—সকলেরই হাতে কোন না কোন জিনিস। চিনিবাস বৈষ্ণব মেলায় বেগুনী ফুলুরীর দোকান খুলিয়াছিল, তাহার দোকান হইতে অপু দু'পয়সার তেলে-ভাজা খাবার কিনিয়া হাতে লইয়া বাড়ীর দিকে চলিল। ফিরিতে ফিরিতে মনে হইল, যেখানে তাহারা উঠিয়া যাইতেছে সেখানে কি এরকম গোষ্ঠবিহার হয়? হয়তো সে আর চড়কের মেলা দেখিতে পাইবে না! মনে ভাবিল সেখানে যদি চড়ক না হয় তবে বাবাকে বলবো, আমি মেলা দেখবো বাবা, নিশ্চিন্দপুর চল যাই—না হয় দু'দিন এসে খুড়ীমাদের বাড়ী থেকে যাবো?

চড়কের পরদিন জিনিসপত্র বাঁধাছাঁদা হইতে লাগিল। কাল দুপুরে আহারাদির পর রওনা হইতে হইবে।

সন্ধ্যার সময় রান্নাঘরের দাওয়ায় তাহার মা তাকে গরম গরম পরোটা ভাজিয়া দিতেছিল। নীলমণি জেঠার ভিটায় নারিকেল গাছটার পাতাগুলি জ্যোৎস্নার আলোয় চিক্‌চিক করিতেছে—চাহিয়া দেখিয়া অপূর মন দুঃখে পরিপূর্ণ হইয়া গেল। এতদিন নতুন দেশে যাইবার জন্য তাহার যে উৎসাহটা ছিল, যতই যাওয়ার দিন কাছে আসিয়া পড়িতেছে, ততই আসন্নবিরহের গভীর ব্যথায় তাহার মনের সুরটি করুণ হইয়া বাজিতেছে।

এই তাহাদের বাড়ী-ঘর, ওই বাঁশবন, সলতে-খাগীর আমবাগানটা, নদীর ধার, দিদির সঙ্গে চড়ুইভাতি করার ওই জায়গাটা—এ সব সে কত ভালোবাসে! ওই অমন নারিকেল গাছ কি তাহারা যেখানে যাইতেছে সেখানে আছে? জ্ঞান হইয়া পর্যন্ত এই নারিকেল গাছ সে এখানে দেখিতেছে, জ্যোৎস্নারাত্রে পাতাগুলি কি সুন্দর দেখায়! সুমুখ জ্যোৎস্না-রাত্রে এই দাওয়ায় বসিয়া জ্যোৎস্না-ঝরা নারিকেল শাখার দিকে চাহিয়া কত রাত্রে দিদির সঙ্গে সে দশ-পঁচিশ খেলিয়াছে, কতবার মনে হইয়াছে কি সুন্দর দেশ তাহাদের এই নিশ্চিন্দিপুর। যেখানে যাইতেছে, সেখানে কি রান্নাঘরের দাওয়ার পাশে বনের ধারে এমন নারিকেল গাছ আছে? সেখানে কি সে মাছ ধরিতে পারিবে, আম কুড়াইতে পারিবে, নৌকা বাহিতে পরিবে, রেল রেল খেলিতে পারিবে, কদমতলার সায়েবের ঘাটের মত ঘাট কি সে দেশে আছে? এই তো বেশ ছিল তাহারা, কেন এসব মিছামিছি ছাড়িয়া যাওয়া?

দুপুরে এক কাণ্ড ঘটিল।

তাহার মা সাবিকীরতের নিমন্ত্রণে গিয়াছে, হরিহর পাশের ঘরে আহারাদি সারিয়া ঘুমাইতেছে, অপূ ঘরের মধ্যে তাকের উপস্থিত জিনিসপত্র কি লইয়া যাইতে পারে না পারে নাড়িয়া চাড়িয়া দেখিতেছে। উঁচু তাকের উপর একটা মাটির কলসী সরাইতে গিয়া তাহার ভিতর হইতে কি একটা জিনিস গড়াইয়া মেঝের উপর পড়িয়া গেল। সে সেটাকে মেজে হইতে কুড়াইয়া নাড়িয়া চাড়িয়া দেখিয়া অবাক হইয়া রহিল। ধূলা ও মাকড়সার বুল মাখা হইলেও জিনিসটা কি বা তাহার ইতিহাস বুঝিতে তাহার বাকি রহিল না।

সেই ছোট্ট সোনার কৌটাটা আর বছর যেটা সেজঠাকরণদের বাড়ী হইতে চুরি গিয়াছিল!

দুপুরে কেহ বাড়ী নাই, কৌটাটা হাতে লইয়া অনেকক্ষণ অনমনস্কভাবে দাঁড়াইয়া রহিল, বৈশাখ দুপুরের তপ্ত রৌদ্রভরা নির্জনতায় বাঁশবনের শন্ শন্ শব্দ অনেক দূরের বার্তার মত কানে আসে। আপন মনে বলিল—দিদি হতভাগী চুরি ক'রে এনে ওই কলসীটার মধ্যে লুকিয়ে রেখে দিইছিল!

সে একটুখানি ভাবিল, পরে ধীরে ধীরে খিড়কী-দোরের কাছে গিয়া দাঁড়াইল—বহুদূর পর্যন্ত বাঁশবন যেন দুপুরের রৌদ্রে বিমাইতেছে, সেই শঙ্খচিলটা কেন গাছের মাথায় টানিয়া টানিয়া ডাকিতেছে, দৈপায়ন হ্রদে লুক্কায়িত প্রাচীন যুগের সেই পরাজিত ভাগ্যহত রাজপুত্রের বেদনাকরণ মধ্যহৃতা! একটুখানি দাঁড়াইয়া থাকিয়া সে হাতের কৌটাটাকে একটান মারিয়া গভীর বাঁশবনের দিকে ছুড়িয়া ফেলাইয়া দিল। তাহার দিদি ভুলো কুকুরকে ডাক দিলে যে ঘন বনঝোপের ভিতর দিয়া ভুলো হাঁপাইতে হাঁপাইতে ছুটিয়া আসিত, ঠিক তাহারই পাশে রাশীকৃত শুকনা বাঁশ ও পাতার রাশির মধ্যে বৈঁচি-ঝোপের ধারে কোথায় গিয়া সেটা গড়াইয়া পড়িল।

মনে মনে বলিল—রইল ওইখানে কেউ জানতে পারবে না কোনো কথা, ওখানে আর কে যাবে? সোনার কৌটার কথা অপূ কাহাকেও কিছু জানাইল না, কখনও জানায় নাই, এমন কি মাকেও না।

দুপুর একটু গড়াইয়া গলে হীরু গাড়োয়ানের গরুর গাড়ী রওনা হইল। সকালের দিকে আকাশে একটু একটু মেঘ ছিল বটে কিন্তু বেলা দশটার পূর্বেই সেটুকু কাটিয়া গিয়া পরিপূর্ণ প্রচুর বৈশাখী মধ্যাহ্নের রৌদ্র গাছেপালায় পথে মাঠে যেন অগ্নিবৃষ্টি করিতেছে। পটু গাড়ীর পিছনে পিছনে অনেক দূর পর্যন্ত আসিতেছিল, বলিল—অপূনা এবার বারোয়ারীতে ভাল যাত্রাদলের বায়না হয়েছে, তুই শুনতে পেলিনে এবার—

অপু বলিল—তুই পালার কাগজ একখানা বেশী করে নিবি, আমায় পঠিয়ে দিবি—

আবার সেই চড়কের মাঠের ধার দিয়া রাস্তা! মেলার চিহ্ন স্বরূপ সারা মাঠটায় কাটা ভাবের খোলা গড়াগড়ি যাইতেছে, কাহার মাঠের একপাশে রাঁধিয়া খাইতেছে, আশুনে কালো মাটির ঢেলা ও একপাশে কালিমাখা নতুন হাঁড়ি পড়িয়া আছে। হরিহর চূপ করিয়া বসিয়া ছিল, তাহার যেন কেমন কেমন ঠেকিতেছিল। কাজটা কি ভাল হইল? কতদিনের পৈতৃক ভিটা, ওই পাশের পোড়ো ভিটাতে সে সব ধুমধাম একেবারে শেষ হইয়া গিয়াছিলই তো, যা-ও বা মাটির প্রদীপ টিম্ টিম্ করিতেছিল, আজ সন্ধ্যা হইতে চিরদিনের জন্য নিবিয়া গেল। পিতা রামচাঁদ তর্কবাগীশ স্বর্গ হইতে দেখিয়া কি মনে করিবেন?

গ্রামের শেষ বাড়ী হইতেছে আতুরী বুড়ীর সেই দোচালা ঘরখানা, যতক্ষণ দেখা গেল অপু হাঁ করিয়া সেদিকে চাহিয়া রহিল। তাহার পরই একটা বড় খেজুর বাগানের পাশ দিয়া গাড়ী গিয়া একেবারে আষাঢ় যাইবার বাঁধা রাস্তার উপর উঠিল। গ্রাম শেষ হইবার সঙ্গে সঙ্গে সর্বজয়ার মনে হইল যা কিছু দুরিদ্র যা কিছু হীনতা, যা কিছু অপমান সব রহিল পিছনে পড়িয়া—এখন সামনে শুধু নতুন সংসার, নতুন জীবনযাত্রা, নব সচ্ছলতা!...

ক্রমে রৌদ্র পড়িল—গাড়ী তখন সোনাডাঙার মাঠের মধ্যে দিয়া যাইতেছিল। হরিহর মাঠের মধ্যের একটা বড় বটগাছ দেখাইয়া কহিল—ওই দ্যাখো ঠাকুরঝি পুকুরের ঠ্যাঙাড়ে বটগাছ। সর্বজয়া তাড়াতাড়ি মুখ বাহির করিয়া দেখিল। পথ হইতে অল্প দূরেই একটা নাবাল জমির ধারে বিশাল বটগাছটা চারিধারে বুরি গাড়িয়া বসিয়া আছে। সেই বৃদ্ধ ব্রাহ্মণ ও তাহার বালকপুত্রের গল্প সে কতবার শুনিয়াছে। আজ হইতে পঞ্চাশ বৎসর পূর্বে তাহার স্বশুরের পূর্বপুরুষ এই রকম সন্ধ্যাবেলা ওই বটতলায় নিরীহ ব্রাহ্মণ ও তাহার অবোধপুত্রকে অর্থলোভে নিষ্ঠুরভাবে হত্যা করিয়া পাশের ওই নাবাল জমি, যেটা সকলের ঠাকুরঝি পুকুর ছিল—ওইখানে পুঁতিয়া রাখিয়াছিল। ছেলোটের মা হয়তো পুত্রের বাড়ী ফিরিবার আশায় কত মাস, কত বছর বৃথা অপেক্ষা করিত, সে-ছেলে আর ফিরে নাই—মাগো! সর্বজয়ার চোখ হঠাৎ জলে ঝাপসা হইয়া আসে, গলায় কি একটা আটকাইয়া যায়!

সোনাডাঙার মাঠ এ অঞ্চলের সকলের বড় মাঠ। এখানে ওখানে বনোঝোপ শিমুল বাবুল গাছ, খেজুর গাছে খেজুর কাঁদি বুলিতেছে, সোঁদালি ফুলের ঝাড় দুলিতেছে, চারিধারে বৌ-কথা-কণ্ডো পাপিয়ার ডাক। দূরপ্রসারী মাঠের উপর তিসির ফুলের রংএর মত গাঢ় নীল আকাশ উপড় হইয়া পড়িয়াছে, দৃষ্টি কোথাও বাধে না, ঘন সবুজ ঘাসে মোড়া উঁচু নীচু মাঠের মধ্যে কোথাও আবাদ নাই, শুধুই গাছপালা-বনঝোপের প্রাচুর্য আর বিশাল মাঠটার শ্যামপ্রসার, সম্মুখে কাঁচা মাটির চওড়া পথটা গৃহত্যাগী উদাস বাউলের মত দূর হইতে দূরে আপন মনে আঁকিয়া বাঁকিয়া চলিয়াছে। একটু দূরে গিয়া বারাসে-মধুখালির বিল পড়িল। কোন্ প্রাচীন কালের নদী শুকাইয়া গিয়া জীবনের যাত্রাপথের পদচিহ্ন রাখিয়া গিয়াছে, অন্তর্হিত নদীর বিশাল খাতটা এখন পদ্মফুলে ভরা বিল। অপু গাড়ীতে বসিয়া মাঠ ও চারিধারের অপূর্ব আকাশের রংটা দেখিতে দেখিতে যাইতেছিল। বেলাশেষের স্বপ্নপটে আবার কত কি শৈশব-কল্পনার আসা-যাওয়া! এই তো সে গ্রাম ছাড়িয়া চলিয়াছে! এখন হয়তো কোথায় কতদূর চলিবে, যাওয়া তার সবে আরম্ভ হইল, এইবার হয়তো সে-সব দেশ, স্বপ্ন-দেখা সে অপূর্ব জীবন!

হরিহর দূরের একটা গ্রাম আঙুল দিয়া দেখাইয়া বলিল—ওই হল ধঞ্চ-পলাশগাছি, ওরই ওপাশে নাটাবেড়ে—ওইখানে বনবিবির দরগাতলায় শ্রাবণ মাসে ভারী মেলা হয়, এমন সস্তা কুমড়ো আর কোথাও মেলে না।

আষাঢ় বাজারের নীচে খেয়ায় বেত্রবতী পার হইবার সময় চাঁদ উঠিল, জ্যোৎস্নার আলোয় জল চিক্ চিক্ করিতেছিল। আজ আষাঢ়ের হাট, কয়েকজন হাটুরে লোক কলরব করিতে করিতে ওপার হইতে খেয়ানোকায় এপারে আসিতেছে। অপুদের গাড়ীসুদ্ধ পার হইয়া ওপারে উঠিল। অপু বাবাকে বলিয়া আষাঢ়ের বাজার দেখিতে নামিল। ছোট বাজার, সারি সারি ঝাঁপতোলা দোকান, সেক্রার দোকানের ঠুকঠাকু শুনা যাইতেছে, খেজুরগুড়ের আড়তের সামনে বহু গরুর গাড়ীর ভিড়। মাঝেরপাড়া স্টেশন এখনও প্রায় চারি ক্রোশ, রাস্তা কাঁচা হইলেও বেশ চওড়া, দুধারে নীলকুঠির সাহেবদের আমলে

রোপিত বট, অশ্বখ, তুঁতগাছ। বৈশাখ মাসের প্রথমে পথিপার্শ্বের বট-অশ্বখের ডালের মধ্যে কোথায় কোকিল ডাকিয়া সারা হইতেছে, সারা পথটা প্রাচীন বটের সারির খুরি দোলানো। কচি পাতার রাশি জ্যোৎস্না লাগিয়া স্বচ্ছ দেখাইতেছে।

বাংলার বসন্ত, চৈত্র বৈশাখের মাঠে, বনে, বাগানে, যেখানে-সেখানে, কোকিলের এলোমেলো ডাকে, নতপল্লব নাগকেশর গাছের অজস্র ফুলের ভারে, বনফুলের গন্ধভরা জ্যোৎস্নাসিদ্ধ দক্ষিণহাওয়ায় উল্লাসে আনন্দনৃত্য শুরু করিয়াছে। এরূপ অপরূপ বসন্তদৃশ্য অপু জীবনে এই প্রথম দেখিল। এই অল্প বয়সেই তাহার মনে বাংলার মাঠ, নদী, নিরালা বনপ্রান্তরের সুমুখ জ্যোৎস্না রাত্রির যে মায়ারূপ অঙ্কিত হইয়া গিয়াছিল, তাহার উত্তরকালের শিল্পীজীবনের কল্পনামুহূর্তগুলি মাধুর্যে ও প্রেরণায় ভরিয়া তুলিবার তাহাই ছিল শ্রেষ্ঠ উপাদান।

রাত্রি প্রায় দশটার সময় স্টেশনে আসিয়া গাড়ী পৌঁছিল। আজ অনেকক্ষণ হইতেই কখনও গাড়ী স্টেশনে পৌঁছাইবে সেই আশায় অপু বসিয়াছিল, গাড়ী থামিতেই নামিয়া সে একদৌড়ে গিয়া স্টেশনের প্ল্যাটফর্মে হাজির হইল। সন্ধ্যা সাড়ে আটটার ট্রেন অনেকক্ষণ চলিয়া গিয়াছে, বাবাকে জিজ্ঞাসা করিয়া সে জানিয়াছে স'গ্রারাত্রির মধ্যে আর ট্রেন নাই। ঐ হীকু গাড়োয়ানের গরু দুইটার জন্যই এরূপ ঘটিল, নতুবা এখন সে ট্রেন দেখিতে পাইত। প্ল্যাটফর্মে একরাশ তামাকের গাঁটু সাজানো—দুজন রেলের লোক একটা লোহার বাক্স মত দেখিতে অথচ খুব লম্বা ডাঙাওয়ালা কলে তামাকের গাঁটু চাপাইয়া কি করিতেছে। জ্যোৎস্না পড়িয়া রেলের পাটি চিক্ চিক্ করিতেছে। ওদিকে রেল লাইনের ধারে একটা উঁচু খুঁটির গায়ে দুটা লাল আলো, এদিকে আবার ঠিক সেই রকম দুটা লাল আলো। স্টেশনের ঘরে টেবিলের উপরে চৌপায়া তেলের লণ্ঠন জ্বলিতেছে। একরাশ বাঁধানো খাতাপত্র। অপু দরজার কাছে গিয়া খানিকটা দাঁড়াইয়া দেখিল, একটা ছোট্ট খড়মের বউলের মত জিনিস টিপিয়া স্টেশনের বাবু খট্ খট্ শব্দ করিতেছে।

ইস্টিশান! ইস্টিশান! বেশী দেরি নয়, কাল সকালেই সে রেলের গাড়ী শুধু যে দেখিবে তাহা নয়, চড়িবেও !...

প্ল্যাটফর্ম হইতে নড়িতে তাহার মন সরিতেছিল না। কিন্তু তাহার বাবা ডাকিতে আসিল। খড়মের বউলের মত জিনিসটাই নাকি টেলিগ্রাফের কল, তাহার বাবা বলিল।

অপু ফিরিয়া দেখিল স্টেশনের পুকুর-ধারে রাঁধিয়া খাইবার যোগাড় হইতেছে। আর একখানি গাড়ী পূর্ব হইতেই সেখানে দাঁড়াইয়া ছিল। আরোহীর মধ্যে আঠারো-উনিশ বৎসরের এক বৌ ও একটি যুবক। অপু শুনিল বৌটি হবিবপুরের বিশ্বাসদের বাড়ীর, ভাইয়ের সঙ্গে বাপের বাড়ী যাইতেছে। তাহার মায়ের সঙ্গে বৌটির খুব ভাব হইয়া গিয়াছে। তাহার মা খিচুড়ীর চালডাল ধুইতেছে, বৌটি আলু ছাড়াইতেছে। রান্না একত্র হইবে।

সকাল সাড়ে সাতটায় ট্রেন আসিল। অপু হাঁ করিয়া অনেকক্ষণ হইতে গাড়ী দেখিবার জন্য প্ল্যাটফর্মের ধারে ঝুঁকিয়া দাঁড়াইয়া ছিল, তাহার বাবা বলিল, খোকা, অত ঝুঁকে দাঁড়িয়ে থেকো না, সরে এসো এদিকে। একজন খালসীও লোকজনদের হটাইয়া দিতেছিল।

কত বড় ট্রেনখানা। কি ভয়ানক শব্দ! সামনের একেই ইঞ্জিন বলে? উঃ, কী কাণ্ড!

হবিবপুরের বৌটি ঘোমটা খুলিয়া কৌতূহলের সহিত প্রবেশমান ট্রেনখানার দিকে চাহিয়া ছিল।

গাড়ীতে হৈ হৈ করিয়া মোট-ঘাট সব উঠানো হইল। কাঠের বেঞ্চি সব মুখোমুখি করিয়া পাতা। গাড়ীর মেঝেটা যেন সিমেন্টের বলিয়া মনে হইল। ঠিক যেন ঘর একখানা; জানালা দরজা সব স্ববহ! এই ভারী গাড়ীখানা, যাহা আসিয়া দাঁড়াইয়াছে, তাহা সে আবার চলিবে, সে বিশ্বাস অপুর হইতেছিল না। কি জানি হয়তো নাও চলিতে পারে; হয়তো উহার এখনই বলিতে পারে, ওগো তোমরা সব নামিয়া যাও, আমাদের গাড়ী আজ আর চলিবে না! তারের বেড়ার এদিকে একজন লোক একবোঝা উলুঘাস মাথায় করিয়া ট্রেনখানা চলিয়া যাওয়ার অপেক্ষায় দাঁড়াইয়া ছিল, অপূর মনে হইল লোকটা কৃপার পাত্র! আজিকার দিনে যে গাড়ী চড়িল না, সে বাঁচিয়া থাকিবে কি করিয়া? হীকু গাড়োয়ান ফটকের বাহিরে দাঁড়াইয়া গাড়ীর দিকে চাহিয়া আছে।

গাড়ী চলিল। অদ্ভুত, অপূর্ব দুলুনি! দেখিতে দেখিতে মাঝেরপাড়া স্টেশন, লোকজন, তামাকের গাঁট, হাঁ-করিয়া-দাঁড়াইয়া-থাকা হীৰু গারোয়ান, সকলকে পিছনে ফেলিয়া গাড়ী বাহিরের উলুখড়ের মাঠে আসিয়া পড়িল। গাছপালাগুলো সটসট করিয়া দুদিকের জানালার পাশ কাটাইয়া ছুটিয়া পলাইতেছে—কী বেগ! এরই নাম রেলগাড়ী! উঃ, মাঠখানা যেন ঘুরাইয়া ফেলিতেছে! ঝোপঝাপ গাছপালা, উলুখড়ের ছাউনি, ছোটখাটো চাষাদের ঘর সব একাকার করিয়া দিতেছে! গাড়ীর তলায় জাঁতা-পেয়ার মত একটা একটানা শব্দ হইতেছে—সামনের দিকে ইঞ্জিনের কি শব্দট!

মাঝেরপাড়া স্টেশনের ডিস্ট্যান্ট সিগন্যালখানাও ক্রমে মিলাইয়া যাইতেছে!....

অনেক দিন আগের সেই দিনটা!

সে ও দিদি যেদিন দুজনে বাছুর খুঁজিতে মাঠ-জলা ভাঙিয়া উধ্বস্বাসে রেলের রাস্তা দেখিতে ছুটিয়া গিয়াছিল! সেদিন—আর আজ?

ঐ যেখানে আকাশের তলে আষাঢ়-দুর্গাপুরের বাঁধা সড়কের গাছের সারি ক্রমশঃ দূর হইতে দূরে গিয়া পড়িতেছে, ওরই ওদিকে যেখানে তাহাদের গাঁয়ের পথ বাঁকিয়া আসিয়া সোনাডাঙ্গা মাঠের মধ্যে উঠিয়াছে, সেখানে পথের ঠিক সেই মোড়টিতে, গ্রামের প্রান্তের বুড়ো জামতলাটায় তাহার দিদি যেন স্নানমুখে দাঁড়াইয়া তাহাদের রেলগাড়ীর দিকে চাহিয়া আছে!...

তাহাকে কেহ লইয়া আসে নাই, সবাই ফেলিয়া আসিয়াছে, দিদি মারা গেলেও দু'জনের খেলা করার পথেঘাটে, বাঁশবনে, আমতলায় সে দিদিিকে যেন এতদিন কাছে কাছে পাইয়াছে, দিদির অদৃশ্য স্নেহস্পর্শ ছিল নিশ্চিন্দিপূরের ভাঙা কোঠাবাড়ীর প্রতি গৃহ-কোণে—আজ কিন্তু সত্য-সত্যই দিদির সহিত চিরকালের ছাড়াছাড়ি হইয়া গেল!...

তাহার যেন মনে হয় দিদিিকে আর কেহ ভালবাসিত না, মা নয়, কেউ নয়! কেহ তাহাকে ছাড়িয়া আসিতে দুঃখিত নয়।

হঠাৎ অপূর মন এক বিচিত্র অনুভূতিতে ভরিয়া গেল। তাহা দুঃখ নয়, শোক নয়, বিরহ নয়, তাহা কি সে জানে না। কত কি মনে আসিল অল্প এক মুহূর্তের মধ্যে ...আতুরী ডাইনী...নদীর ঘাট...তাহাদের কোঠাবাড়ীটা... চালতেতলার পথ...রাণুদি...কত বৈকাল, কত দুপুর... কতদিনের কত হাসিখেলা...পটু... দিদির মুখ...দিদির কত না-মেটা সাধ....

দিদি এখনও একদৃষ্টে চাহিয়া আছে—

পরক্ষণেই তাহার মনের মধ্যের অবাধ ভাষা চোখের জলে আত্মপ্রকাশ করিয়া যেন এই কথাই বার বার বলিতে চাহিল—আমি চাইনি দিদি, আমি তোকে ভুলিনি, ইচ্ছে করে ফেলেও আসিনি—ওরা আমায় নিয়ে যাচ্ছে—

সত্যই সে ভুলে নাই।

উত্তরজীবনে নীলকুন্তলা সাগরমেখলা ধরণীর সঙ্গে তাহার খুব ঘনিষ্ঠ পরিচয় ঘটয়াছিল। কিন্তু যখনই গতির পুলকে তাহার সারা দেহ শিহরিয়া উঠিতে থাকিত, সমুদ্রগামী জাহাজের ডেক হইতে প্রতি মুহূর্তে নীল আকাশের নব নব মায়াৰূপ চোখে পড়িত, হয়তো দ্রাক্ষাকুঞ্জবোস্তিত কোন নীল পর্বতসানু সমুদ্রের বিলীন চক্রবাল সীমায় দূর হইতে দূরে ক্ষীণ হইয়া পড়িত, দূরের অস্পষ্ট আবছায়া-দেখিতে-পাওয়া বেলাভূমি এক প্রতিভাশালী সুরশ্রুতার প্রতিভার দানের মত মহামধুর কৃষ্ণের সৃষ্টি করিত তাহার ভাবময় মনে—তখনই, এই সব সময়েই, তাহার মনে পড়িত এক ঘনবর্ষার রাতে, অবিশ্রান্ত বৃষ্টির শব্দের মধ্যে এক পুরনো কোঠার অন্ধকার ঘরে, রোগশয্যাগ্রস্ত এক পাড়াগাঁয়ের গরীব ঘরের মেয়ের কথা—

—অপু, সেরে উঠলে আমায় একদিন রেলগাড়ী দেখাবি?

মাঝেরপাড়া স্টেশনের ডিস্ট্যান্ট সিগন্যালখানা দেখিতে দেখিতে কতদূরে অস্পষ্ট হইতে হইতে শেষে মিলাইয়া গেল।

দুপুরের পর রাণাঘাট স্টেশনে গাড়ী বদল করিতে হইল। অপূর চোখে দু-দুবার কয়লার গুঁড়া পড়া স্তম্ভে সে গাড়ীর জানালা দিয়া মুখ বাড়াইয়া সারাদিনটা বাহিরের দিকে চাহিয়া আছে। স্টেশনে স্টেশনে ওগুলোকে কি বলে? সিগন্যাল? পড়িতেছে উঠিতেছে কেন? গাড়ী যেখানে লাগিতেছে সেখানটা উঁচুত হইতে গাঁথা, ঠিক যেন রোয়াকের মত। তাকে প্র্যাটফর্ম বলে? কাঠের গায়ে বড় বড় অক্ষরে ইংরাজী ও বাংলাতে সব স্টেশনের নাম লেখা আছে—কুড়ুলগাছি, গোবিন্দপুর, বানপুর। গাড়ী ছাড়িবার সময় ঘন্টা পড়ে—৮৭ ৮৭ ৮৭ ৮৭—চার ঘা—অপু গুনিয়াছে, একটা বড় লোহার চাকার চারিধারে হাতলপরানো, তাহাই ঘুরাইলে সিগন্যাল পড়ে—কুড়ুলগাছি স্টেশনে অপু লক্ষ্য করিয়া দেখিল।

সর্বজয়া এবার লইয়া মোটে দুইবার রেলে চড়িল। আর একবার সেই কোন কালো—উনি তখন নতুন কাশী হইতে আসিয়া দেশে সংসার পাতিয়াছেন—জ্যৈষ্ঠমাসে আড়ংঘাটায় যুগলকিশোর ঠাকুর দেখিতে গিয়াছিল—সে কি আজকার কথা? সে খুশির সহিত স্টেশনে স্টেশনে মুখ বাড়াইয়া লোকজনের ওঠা-নামা লক্ষ্য করিতেছিল—বউঝিরা উঠিতেছে নামিতেছে—কেমন সব চেহারা, কেমন কাপড়-চোপড়, গহনাপত্র। জগন্নাথপুর স্টেশনে ভাল মোয়া ফিরি করিতেছে দেখিয়া সে ছেলেকে বলিল—অপু, মুড়ির মোয়া খাবি? তুই তো ভালবাসিস্, নেবো তোর জন্যে? স্টেশনে টেলিগ্রাফের তারের ওপর কি পাখী বসিয়া দোল খাইতেছে, অপু ভাল করিয়া চাহিয়া চাহিয়া আঙ্গুল দিয়া দেখাইয়া বলিল—দ্যাখো মা, কাদের বাড়ীর খাঁচা থেকে একটা ময়নাপাখী পালিয়ে এসেচে!

নৈহাটি স্টেশনে গাড়ী বদলাইয়া গঙ্গার প্রকান্ত পুলটার উপর দিয়া যাইবার সময় সূর্য অস্ত যাইতেছিল, সর্বজয়া একদৃষ্টে চাহিয়া ছিল—ওপার হইতে হু হু বাতাস বহিতেছে, গঙ্গার জলে নৌকা, দুপারে কত ভাল ভাল বাড়ী বাগান, এ সব দৃশ্য জীবনে সে কখনো দেখে নাই। ছেলেকে দেখাইয়া বলিল—দেখেচিস অপু, একখানা ধোঁয়ার জাহাজ? পরে সে যুক্তকর কপালে ঠেকাইয়া আপন মনে বলিল—মা গঙ্গা, তোমার ওপর দিয়ে যাচ্ছি, অপরাধ নিও না মা, কাশীতে গিয়ে ফুল-বিষ্ণিপত্রে তোমায় পূজা করবো, অপুকে ভালো রেখো, যে জন্যে যাওয়া তা যেন হয়, সেখানে যেন আশ্রয় হয় মা—

আনন্দে পুলকে, অনিশ্চিততার রহস্যে তার হৃদয় দুলিতেছিল—এরকম মনোভাব এর আগে সে কখনো অনুভব করে নাই। সুবিধায় হোক, অসুবিধায় হোক, অবাধ মুক্ত জীবনের আনন্দ চন্দ্র পাইল এই প্রথম, তার চিরকালের বাঁশবনের বেড়া ঘেরা ক্ষুদ্র সীমায় বদ্ধ পল্লীজীবনে এরকম সচল দৃশ্যরাজি, এরকম অভিনব গতির বেগ, এত অনিশ্চয়ের পুলকের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় কখনও হয় নাই—যে জীবন চারিধারে পাঁচিল দেওয়াল তুলিয়া আপনাকে আপনি ছোট করিয়া রাখিয়াছিল, তাহা আজ চলিয়াছে, চলিয়াছে, সম্মুখে চলিয়াছে—ওই পশ্চিম আকাশের অন্তর্যমান সূর্যকে লক্ষ্য করিয়া—নদ-নদী, দেশবিদেশ—ডিজইয়া ছুটিয়াছে—এই চলিয়া চলার বাস্তবতাকে সে প্রতি হৃদয় দিয়া অনুভব করিতেছিল আজ!—এই তো সেদিন এক বৎসর আগেও নিশ্চিন্দপুরের বাড়ীতে কত রাত্রে শুইয়া সে যখন ভাবিত, সুবিধা হইলে একবার চাকদা কি কালীগঞ্জে গঙ্গামানে যাইবে, তখনই তাহা সম্ভবের ও নিশ্চয়তার বহু বাহিরের জিনিস বলিয়া মনে হইয়াছে—আর আজ?

ব্যান্ডেল স্টেশনে গাড়ী আসিবার একটু আগে সম্মুখের বড় লাইন দিয়া একখানা বড় গাড়ী হু হু শব্দে ঝড়ের বেগে বাহির হইয়া চলিয়া গেল। অপু বিশ্বাসের সঙ্গে সেদিকে চাহিয়া রহিল। কি আওয়াজ!—উঃ! ব্যান্ডেল স্টেশনে পৌঁছিয়া তাহারা গাড়ী হইতে নামিল। এদিকে-ওদিকে এঞ্জিন দৌড়িতেছে, বড় বড় মালগাড়ীগুলো স্টেশন কাঁপাইয়া প্রতি পাঁচমিনিট অন্তর না থামিয়া চলিয়া যাইতেছে। হৈ হৈ শব্দ—এদিকে এঞ্জিনের সিটির কানে-তাল-ধরা আওয়াজ, ওদিকে আর একখানা যাত্রীগাড়ী ছাড়িয়া যাইতেছে, গার্ড-সবুজ নিশান দুলাইতেছে—সন্ধ্যার সময় স্টেশনের পূর্বে পশ্চিমে লাইনের ওপর এত সিগন্যাল ঝাঁকে ঝাঁকে—লাল সবুজ আলো জ্বলিতেছে—রেল, এঞ্জিন, গাড়ী, লোকজন!—

একটু রাত্রি হইলে তাহাদের কাশী যাইবার গাড়ী আসিয়া বিকট শব্দে প্ল্যাটফর্মে দাঁড়াইল। বিশাল স্টেশন, বেজায় লোকের ভিড়—সর্বজয়া কেমন দিশেহারা হইয়া গেল—তাড়া খাইয়া অনভ্যস্ত আড়ষ্ট পায়ে পায়ে স্বামীর পিছনে একখানা কামরার দুয়ারে আসিয়া দাঁড়াইতেই হরিহর অতিকষ্টে দুর্জয় ভিড় তৈলিয়া বেপথুমানা স্ত্রীকে ও দিশেহারা পুত্রকে কায়ক্ৰেশে গাড়ীর বেঞ্চিতে বসাইয়া দিয়া কুলীর সাহায্যে মোট-গাঁট উঠাইয়া দিল।

ভোরের দিকে সর্বজয়ার তন্দ্রা গেল ছুটিয়া। ট্রেন ঝড়ের বেগে ছুটিয়াছে—মাঠ, মাটি, গাছপালা একাকার করিয়া ছুটিয়াছে—রাত্রের গাড়ী বলিয়া তাহারা সকলে একগাড়ীতেই উঠিয়াছে—হরিহর তাহাকে মেয়ে-কামরায় দেয় নাই। গাড়ীতে ভিড় আগের চেয়ে কম—এক এক বেঞ্চে এক একজন লম্বা হইয়া শুইয়া ঘুমাইতেছে। উপরের বেঞ্চে একজন কাবুলী নাক ডাকাইতেছে। অপু কখন উঠিয়া হাঁ করিয়া জানালা দিয়া মুখ বাহির করিয়া একদৃষ্টে চাহিয়া আছে।

হরিহর জাগিয়া উঠিয়া ছেলেকে বলিল—ওরকম ক'রে বাইরের দিকে তাকিয়ে থেকো না খোকা, এখুনি চোখে কয়লায় গুঁড়া পড়বে—

কয়লার গুঁড়া তো নিরীহ জিনিস, চোখ দুটা যদি উপড়াইয়া চলিয়াও যায় তবুও অপূর সাধ্য নাই যে, জানালার দিক হইতে এখন সে চোখ ফিরাইয়া লইতে পারে। সে প্রায় সারারাত্রি ঠায় এইভাবে বসিয়া। বাবা মা তো ঘুমাইতেছিল— সে যে কত কি দেখিয়াছে! কত স্টেশনে গাড়ী দাঁড়ায় নাই, আলো লোকজন সূদ্র স্টেশনটা হুস করিয়া হাউইবাজীর মত পাশ কাটাইয়া উড়িয়া চলিয়া যাইতেছিল—রাত্র কখন তাহার একটু তন্দ্রা আসিয়াছিল, হঠাৎ ঘুম ভাঙিয়া যাইতেই সে মুখ বাহির করিয়া দেখিল যে, গভীর রাত্রির জ্যোৎস্নায় রেলগাড়ীখানা ঝড়ের বেগে একটা কোন নদীর ছোট সাঁকো পার হইতেছে,—সাম্নে খুব উঁচু একটা কালোমত টিবি, টিবিটার ওপরে অনেক গাছপালা, নদীর জলে জ্যোৎস্না পড়িয়া চিক্ চিক্ করিয়া উঠিল, আকাশের সাদা সাদা মেঘ—তারপর সেই ধরণের বড় বড় আরও কয়েকটা টিবি, আরও সেই রকম গাছপালা। তাহার পর একটা বড় স্টেশন, লোকজন, আলো—পাশের লাইনে একখানা গাড়ী আসিয়া দাঁড়াইয়া ছিল—একজন পানওয়ালার সঙ্গে একটা লোকের যা ঝগড়া হইয়া গেল!—স্টেশনে একটা বড় ঘড়ি ছিল—সে তাহার মাস্টার মশায় নীরেনবাবুর কাছে ঘড়ি দেখিতে শিখিয়াছিল, গুনিয়া গুনিয়া দেখিল রাত্রি তিনটা বাজিয়া বাইশ মিনিট হইয়াছে। তারপর আবার গাড়ী ছাড়িল—আবার কত গাছ, আবার সেই ধরণের উঁচু উঁচু টিবি—অনেক সময়ে রেলের রাস্তার দুধারেই সেইরকম টিবি—গাড়ীতে সবাই ঘুমাইতেছে, ইহারা যদি কিছু দেখিবে না তবে রেলগাড়ী চড়িয়াছে যে কেন! কাহাকে সে জিজ্ঞাসা করে যে অত টিবি কিসের? এক একবার সে জানালা দিয়া মুখ বাড়াইয়া ঝুকিয়া মাটির দিকে চাহিয়া নিরুপণ করিবার চেষ্টা করিতেছিল গাড়ীখানা কত জোরে যাইতেছে—চুল বাতাসে উড়িয়া মুখে পড়ে, মাটি দেখা যায় না, যেন কে মাটির গায়ে কতকগুলি সরল রেখা টানিয়া চলিয়াছে—উঃ! রেলগাড়ী কি জোরে যায়!—কৌতূহলে, উত্তেজনায় সে একবার এদিকের জানালায়, একবার ওদিকের জানালায় মুখ বাড়াইয়া দেখিতেছিল।

মাঝে মাঝে পূর্বদিকের দ্রুতবিলীয়মান অস্পষ্ট জ্যোৎস্না-ভরা মাঠের দিকে চাহিয়া চাহিয়া তাহার মনে হইতেছিল, কত দূরে তাহারা আসিয়াছে! এসব কোন দেশের উঁচু নীচু মাঠ দিয়া তাহারা চলিয়াছে?

সকালের দিকে সে আবার একটু ঘুমাইয়া পড়িয়াছিল, একটা প্রকান্ড স্টেশনে সশব্দে গাড়ী আসিয়া দাঁড়াইতেই তাহার তন্দ্রা ছুটিয়া গেল—প্ল্যাটফর্মের পাথরের ফলকে নাম লেখা আছে—পাটনা সিটি।

তাহার পর কত স্টেশন চলিয়া গেল। কি বড় বড় পুল! গাড়ী চলিয়াছে, চলিয়াছে, মনে হয় বুঝি পুলটা শেষ হইবে না—কত ধরণের সিগন্যাল, কত কল-কারখানা, একটা কোন্ স্টেশনের ঘরের মধ্যে একটা লোহার থামের গায়ে চোঙলাগানো মত—তাহারই মধ্যে মুখ দিয়া একজন রেলের বাবু কি কথা কহিতেছে—প্রাইভেট নম্বর?...হাঁ আচ্ছা—সিগ্নাট নাইন্—সিগ্নাট নাইন্—হাঁ?...উনসত্তর....ছয়ের পিঠে নয়—হাঁ—হাঁ—

সে অবাক হইয়া বাবাকে জিজ্ঞাসা করিল—ও কি কল বাবা? ওর মধ্যে মুখ দিয়ে ওরকম বলচে কেন?

তখন বেলা খুব পড়িয়া গিয়াছে, এমন সময় হরিহর বলিল—এইবার আমরা কাশী পৌঁছে যাবে, বাঁ দিকে চেয়ে থেকে, গঙ্গার পুলের উপর গাড়ী উঠলেই কাশী দেখা যাবে—

অপু একটা কথা অনেকক্ষণ ধরিয়া ভাবিতেছিল। আজ সে-সারা পথ টেলিগিরাপের তার ও খুঁটি দেখিতে দেখিতে আসিতেছে—সেই একটিবার ছাড়া এমন করিয়া এর আগে কখনও দেখে নাই জীবনে। এইবার যদি সে রেল-রেল খেলার সুযোগ পায়, তখনই সে ওই ধরণের তারের খুঁটি বসাইবে। কি ভুলটাই করিত আগে! যেখানে যাইতেছে, সেখানকার বনে গুলঞ্চ-লতা পাওয়া যায় তো?

দিন পনেরো কাটিয়া গিয়াছে। বাঁশফটকা গলির একখানা মাঝারি গোছের তেতলা বাড়ীর একতলায় হরিহর বাসা লইয়া আছে। কোনো পূর্বপরিচিত লোকের সন্ধান সে মিলাইতে পারে নাই। আগে যাহারা যেসব জায়গায় ছিল, এখন সেসব স্থানে তাহাদের সন্ধান কেহ দিতে পারে না। কেবল বিশেষধরের গলির পুরাতন হালুইকর রামগোপাল সাহু এখনও বাঁচিয়া আছে।

বাড়ীর ওপরের তলায় একজন পাঞ্জাবী সপরিবারে থাকে, মাঝের তলায় এক বাঙালী ব্যবসায়ী থাকে, বাইরের ঘরটা তাঁর দোকান ও গুদাম—আশেপাশের দু’তিন ঘরে তাঁর রন্ধন ও শয়নঘর।

এ পাঁচছয় দিনে সর্বজয়া নিকটবর্তী সকল জায়গা স্বামীর সঙ্গে ঘুরিয়া ঘুরিয়া দেখিয়াছে। স্বপ্নেও কখনো সে এমন দৃশ্যের কল্পনা করে নাই,—এমন মন্দির! এমন ঠাকুর-দেবতা! এত ঘরবাড়ী! আড়ংঘাটার যুগলকিশোরের মন্দির এতদিন তাহার কাছে স্থাপত্য শিল্পের চরম উৎকর্ষের নিদর্শন জানা ছিল—কিন্তু বিশ্বনাথের মন্দির?—অন্নপূর্ণার মন্দির? দশাশ্বমেধ ঘাটের ওপরকার লালপাথরের মন্দিরগুলো?

মধ্যে একদিন সে পাঞ্জাবী ভদ্রলোকটির স্ত্রীর সঙ্গে রাত্রে বিশ্বনাথের আরতি দেখিতে গিয়াছিল—সে যে কি ব্যাপার তাহা সে মুখে বলিতে পারে না। ধূপ-ধূনার ধোঁয়ায় মন্দির অন্ধকার হইয়া গেল—সাত-আটজন পূজারী একসঙ্গে মন্ত্র পড়িতে লাগিল—কি ভিড়, কি জাঁকজমক, কত বড় ঘরের মেয়েরা দেখিতে আসিয়াছিল, তাহাদের বেশ ভূষারই বা কি বাহার! কোথাকার একজন রাণী আসিয়াছিলেন—সঙ্গে চার-পাঁচজন চাকরাণী। দামী বারানসী শাড়ী পরনে, সোনার কঙ্কাসনানো আঁচলটা আরতির পঞ্চপ্রদীপের আলোয় আঙনের মত জ্বলিতেছিল—কি টানা ডাগর চোখ—কি ভুরু কি মুখশ্রী—সত্যিকার রাণী সে কখনো দেখে নাই—গল্লেই শুনিয়াছে—হাঁ, রাণীর মত রূপ বটে! তাঁহাকে বেশীক্ষণ ধরিয়া দেখিয়াছে, কি ঠাকুরের আরতি বেশীক্ষণ দেখিয়াছে, তাহা সে জানে না।

ঠাকুর-দেবতার মন্দির ছাড়া এক-একখানা বসতবাড়ীই বা কি!....দুর্গোৎসবের নিমন্ত্রণে নিশ্চিন্দীপুরের গাঙ্গুলীবাড়ী গিয়া সে গাঙ্গুলীদের নাটমন্দির, দো-মহলা বাড়ী, বাঁধানা পুকুরঘাট দেখিয়া মনে মনে কত ঈর্ষান্বিত হইত—মনে আছে একবার দুর্গাকে বলিয়াছিল—দেখেচিস্ বড়লোকের বাড়ীঘরের কি লক্ষ্মীছিরি?—এখন সে যেসব বাড়ী রাস্তার দুধারে দেখিতেছে—তাহার কাছে গাঙ্গুলীবাড়ী—

এত গাড়ীঘোড়া একসঙ্গে যাইতে কখনও সে দেখে নাই। গাড়ীই বা কত ধরণের! আসিবার দিন রাণাঘাটে নৈহাটিতে সে ঘোড়ার গাড়ী দেখিয়াছে বটে, কিন্তু এত ধরণের গাড়ী সে আগে কখনো দেখে নাই। দু-চাকার গাড়ীই যে কত যায়!....তাহার তো ইচ্ছা করে পথের ধারে দাঁড়াইয়া দুদন্ড এইসব দ্যাখে—কিন্তু পাঞ্জাবী স্ত্রীলোকটি সঙ্গে থাকে বলিয়া লজ্জায় পারে না।

অপু তো একেবারে অবাক হইয়া গিয়াছে। এরকম কান্ডকারখানা সে কখনো কল্পনায় আনিতে পারে নাই। তাহাদের বাসা হইতে দশাশ্বমেধ ঘাট বেশী দূর নয়, রোজ বিকালে সে সেখানে বেড়াইতে যায়। রোজই যেন চড়কের মেলা লাগিয়াই আছে। এখানে গান হইতেছে, ওখানে কথা হইতেছে, ওদিকে কে একজন রামায়ণ পড়িতেছে, লোকজনের ভিড়, হাসিমুখ, উৎসব, অপু সেখানে শুধু ঘুরিয়া ঘুরিয়া বেড়াইয়া দেখে আর সন্ধ্যার পর বাড়ী আসিয়া মহাউৎসাহে গল্প করে।

কাহাদের চাকর একটি ছোট ছেলেকে কোমরে দড়ি বাঁধিয়া রোজ বেড়াইতে আনে, অপু ভাব করিয়াছে—তার নাম পনটু ভাল কথা কহিতে জানে না, ভারী চঞ্চল, তাই পাছে হারাইয়া যায় বলিয়া বাড়ীর লোকেদের এই জেল-কয়েদীর মত ব্যবস্থা। অপু হাসিয়া খুন। চাকরকে অনুরোধ করিয়াছিল কিন্তু সে ভয়ে দড়ি খুলিতে চাহে না। বন্দী নিতান্ত ক্ষুদ্র ও অবোধ—এ ধরণের ব্যবহার যে প্রতিবাদযোগ্য,

সে জ্ঞানই তাহার নাই। আসিলে সর্বজয়া রোজ তাহাকে বকে—একলা একলা ওরকম যাস কেন? শহর বাজার জায়গা, যদি রাস্তা হারিয়ে ফেলিস?...মায়ের আশঙ্কা যে সম্পূর্ণ ভিত্তিহীন, একথা সে মাকে হাত নাড়িয়া দুবেলা অধ্যবসায়সহকারে বুঝায়।

কাশীতে আসিয়া হরিহরের আয়ও বাড়িল। কয়েক স্থানে হাঁটাইটি করিয়া সে কয়েকটি মন্দিরে নিত্য পুরাণ-পাঠের কার্য যোগাড় করিল। তাহা ছাড়া একদিন সর্বজয়া স্বামীকে বলিল—দশাশ্বমেধ ঘাটে রোজ বিকেলে পুঁথি নিয়ে বোসো না কেন? কত ফিকিরে লোক পয়সা আনে, তোমার কেবল বসে বসে পরামর্শ আঁটা—

স্ট্রীর তাড়া খাইয়া হরিহর কাশীখন্ডের পুঁথি লইয়া বৈকালে দশাশ্বমেধ ঘাটে বসে। পুরাণ পাঠ করা তাহার কিছু নতুন ব্যবসায় নহে, দেশে শিষ্যবাড়ী গিয়া কত ব্রতপার্বণ উপলক্ষে সে এ কাজ করিয়াছে। পুঁথি খুলিয়া সুম্বরে সে বন্দনা গান শুরু করে—

বর্হাপীড়াভিরামং মৃগমদতিলকং কুন্ডলাক্রান্তগল্দং।

.....স্মিতসুভগমুখং স্বাধরে ন্যস্ত বেণুং

.....ব্রহ্মাগোপালবেশং।

ভিড় মন্দ হয় না।

বাসায় ফিরিয়া বালির কাগজে কি লেখে। স্ত্রীকে বলে, শুধু শ্লোক প'ড়ে গেলে কেউ শুনতে চায় না—ওই বাঙাল কথকটার ওখানে আমার চেয়ে বেশী ভিড় হয়—ভেবেচি গোটাকতক পালা লিখবো, গান থাকবে, কথাকতার মতও থাকবে, নৈলে লোক জমে না—বাঙালটার সঙ্গে পরশু আলাপ হোল, দেবনাগরীর অক্ষর-পরিচয় নেই, শুধু ছড়া কেটে মেয়ে ভুলিয়ে পয়সা নেয়... আমার রেকাবী কুড়িয়ে ছ' আনা, আট আনা, আর ওর একটা টাকার কম নয়...শুনবে একটু কেমন লিখিচি?

খানিকটা সে পড়িয়া শোনায়। বলে—ওই কথকের পুঁথি দেখে বনের বর্ণনাটা লিখে নেবো ভেবেচি—তা কি দেবে?

—তুমি কোন্‌খানটায় বসে কথা বলো বল তো? একদিন শুনতে যেতে হবে—

—যেও না, বস্টীর মন্দিরের নীচেই বসি—কালই যেও, নতুন পালাটা বলবো, কাল একাদশী আছে, দিনটা ভালো—

—আসবার সময় বিশ্বেশ্বরের গলির দোকান থেকে চার পয়সার পানফলের জিলিপী এনো দিকি অপূর জন্যে—সেদিন ওপরের খোঁটা বউ কি পুজো করি আমায় ডেকে নিয়ে গিয়ে জল খেতে দিলে, বন্ধে, পানফলের জিলিপী, বিশ্বেশ্বরের গুলিতে পাওয়া যায়, খেতে গিয়ে ভাবলাম অপূ জিলিপী খেতে বড় ভালবাসে—তা জল খেতে দিয়েচে আমি আর কি বলে নিয়ে আসি—এনো দিকি আজ চার পয়সার।

কয়েকদিন ধরিয়া হরিহরের কথকতা শুনতে বেশ ভিড় হইতেছে। একখানা বড় বারকোষে করিয়া নারদঘাটের কালীবাড়ীর ঝি বড় একটা সিধা আনিয়া অপূদের দাওয়ায় নামাইল। সর্বজয়া হাসিমুখে বলিল—আজ বুঝি বারের পূজো? উনি বাড়ী আসছেন দেখলে, হাঁ ঝি? চলিয়া গেলে ছেলেকে ডাকিয়া বলিল—এদিকে আয় অপূ—এই দ্যাখ তোর সেই নারকেলের ফোঁপল—তুই ভালবাসিস? কিশ্‌মিশ, কলা, কত বড় বড় আম দেখেছিস, আয় খাবি, দিই—বোস্ এখানে—

উৎসাহ পাইয়া হরিহর পুরাতন খাতাপত্রের তাড়া আবার বাহির করে। সর্বজয়া বলে—শ্রবচরিত্র শুনতে শুনতে লোকের কান যে ঝালাপালা হোল, নতুন একটা কিছু ধরো না? সারা সকাল দু পুর বসিয়া হরিহর একমনে জড়ভরতের উপাখ্যানকে কথকতার পালার আকারে লিখিয়া শেষ করে। মনে পড়ে এই কাশীতেই বসিয়া আজ বাইশ বৎসর পূর্বে যখন সে গীতগোবিন্দের পদ্যানুবাদ করে, তখন তাহার বয়স ছিল চব্বিশ বৎসর। দেশে গিয়া জীবনের উদ্দেশ্য যেন নিজের কাছে আরও পরিস্ফুট হইয়া উঠিল। কাশীতে এত ছিল না—দেশে ফিরিয়া চারিধারে দাশুন্ডায়ের গান, দেওয়ানজীর গান, গোবিন্দ অধিকারীর শুকসারীর দ্বন্দ্ব, লোকা ধোপার দলের মতি জুড়ির গানের বিস্তৃত প্রচলন ও পসার তাহার মনে একটা নতুন ধরণের প্রভাব বিস্তার করিল।

রাত্রে স্ত্রীর কাছে গল্প করিত—বাজারের বারোয়ারীতে কবির গান হচ্ছে বুঝলে? ব'সে ব'সে শুনলাম, বুঝলে?সোজা পদ সব....কিছুই না, রও না, সংসারটা একটু গুছিয়ে নিয়ে বসি ভাল হয়ে—নতুন ধরণের পালা বাঁধবো—এরা সকলে গায় সেই সব মাক্কাতা আমলের পদ—রাজুকে তাই কাল বলছিলাম—

অনেক রাত্রে উঠিয়া এক-একদিন হরিহর বাহিরে দাওয়ায় বসিয়া কি ভাবিত, অনির্দিষ্ট কোন আনন্দে তাহার মন যেন পালকের মত হালকা হইয়া উঠিত।

কি উজ্জ্বল ভবিষ্যৎ তাহার সম্মুখে!....

বাড়লঠনের আলো-দোলানো বড় আসরে সে দেখিতে পায়, দেশে দেশে গ্রামে গ্রামে তাহার ছড়া, গান, শ্যামা-সঙ্গীত, পদ, রাত্রির পর রাত্রি ধরিয়া গাওনা হইতেছে। কত দূর-দূরান্তর হইতে মাঠ ঘাট ভাঙিয়া লোক খাবারের পুঁটুলি বাঁধিয়া আনিয়া বসিয়া আছে শুনিত। দলের অধিকারী তাহার বাড়ী আসিয়া সাধিয়া পালা চাহিয়া লইয়া গিয়াছে।

বাঃ! ভারী চমৎকার তো! কার বাঁধা ছড়া?—“কবির গুরু ঠাকুর হরু—” হরু ঠাকুরের?—না। নিশ্চিন্দিপূরের হরিহর রায় মহাশয়ের।

এই দশাশ্বমেধ ঘাটেই বসিয়া তো বাইশ বৎসর পূর্বে মনে মনে কত ভাঁঙাড়া করিয়াছে—তারপর কবে সে সব ধীরে ধীরে ভুলিয়া গেল—কবে ধীরে ধীরে নতুন খাতাপত্রের তাড়া বাস্তব অনাদৃত, গুপ্ত কোণ আশ্রয় করিয়া দিনের আলো হইতে মুখ লুকাইয়া রহিল—যৌবনের স্বপ্নজাল জীবন-মধ্যাহ্নে কুয়াসার মত দিগন্তে মিলাইয়া গেল।

হারানো যৌবনের দিকে চাহিয়া দেখিলে বৃকের মধ্যে কেমন করিয়া ওঠে, কত কথা মনে পড়ে—জীবনের সে সব দিনকে আর একটিবারও ফেরানো যায় না?

দশাশ্বমেধ ঘাটে অনেক ছেলের সঙ্গে অপূর ভাব হইয়াছে। কিন্তু এখানে তাহার বয়সী সব ছেলেই স্কুলে পড়ে, সে-ই কেবল এখনো স্কুলে পড়ে নাই। নিশ্চিন্দিপূরে মাছ ধরিয়া ও নৌকায় বেড়াইয়া দিন কাটানো চলিত বটে, কিন্তু এখানে সমবয়সীদের কাছে কিছু পড়ে না বলিতে লজ্জা করে।

তাহা ছাড়া দশাশ্বমেধ ঘাটে যেসব ছেলের সঙ্গে তাহার ভাব হইয়াছে, সবাই অবস্থাপন্ন ঘরের ছেলে। পশুর দাদা একদিন কথায় কথায় বলিয়াছিল যে তাহার বাবাকে খুব বিদেশে বেড়াইতে হয়। অপূ বলিয়াছিল—কেন, তোমাদের বুঝি খুব শিষ্য-বাড়ী আছে?

পশুর দাদা আশ্চর্য হইয়া বলিল—শিষ্য-বাড়ী? কিসের ভাই?....

অপূ সদুত্তর দিবার পূর্বেই সে বলিল—আমার বাবা কন্ট্রাক্টরী করেন কি না? তা ছাড়া কাঁথিতে ছোট জমিদারী আছে—তবে আজকাল কিস্তি দিয়ে কিই বা থাকে?

এক-একদিন বৈকালে অপূ দশাশ্বমেধ ঘাটে বেড়াইতে গিয়া বাবার মুখে পুরাণপাঠ শোনে। হরিণশিশু স্বাপদ কর্তৃক নিহত হইলে হরিণবালকের স্নেহাসক্ত রাজর্ষি ভরতের করুণ বিরহবেদনা এ পরিশেষে তাহার মৃত্যুর কাহিনী যস্টী মন্দিরে পৈঠার উপর বসিয়া একমনে শুনিত শুনিত তাহার চোখে জল আসে—এদিকে আবার যখন সিন্ধু সৌবীরের রাজা রত্নগণ তাহার স্বরূপ না জানিয়া ব্রহ্মর্ষি ভরতকে শিবিকাবাহক নিযুক্ত করেন—তখন হইতে কৌতুহল ও উৎকণ্ঠায় তাহার বুক দুরু দুরু করে, মনে হয় এইবার একটা কিছু ঘটবে; ঠিক ঘটবে। কথকতার শেষ পূর্ববী সুরের আশীর্বচনটি তাহার ভারী ভাল লাগে—

কালে বর্ষতু পর্জন্যং পৃথিবী শস্যশালিনী

লোকাঃ সন্তু নিরাময়াঃ....

সন্ধ্যার দিকে মন্দিরে মন্দিরে শঙ্খঘন্টার ধ্বনির সঙ্গে অস্তসূর্যের রাস্তা আভা ও পূর্ববীর মুছনার সঙ্গে হরিণ-বালকের বিয়োগবেদনাতুর রাজর্ষির ব্যথা যেন মিশাইয়া থাকে।

বাড়ীতে কাগজ কলম বাবার কাছে লইয়া গিয়া বলে—আমায় লিখে দাও না বাবা, ঐ যে তুমি গাও—কালে বর্ষতু পর্জন্যং?

হরিহর খুশী হইয়া বলে—তুই বুঝি শুনিস্ খোকা?

—আমি তো রোজই থাকি—তুমি কাল যখন ডরতের মা মারা যাওয়ার কথা বলছিলে আমি তখন তো তোমার পিছন দিকে বসে—ষষ্ঠীর মন্দিরের ধাপে—

—তোমার কি রকম লাগে—ভাল লাগে?

—খু-উ-উ-উ-ব। আমি তো রোজ রোজ শুনি—

অপু কিন্তু একটা কথা লুকায়। যেদিন তাহার সঙ্গীরা থাকে, সেদিন কিন্তু বাবার দিকে সে যায় না। সেদিন বাবার নিকট দিয়া যাইতেছিল, তাহার বাবা দেখিতে পাইয়া ডাকিল—খোকা, ও খোকা—
তাহার সঙ্গে বন্ধুটি বলিল—তোমাকে চেনে নাকি?

অপু শুধু ঘাড় নাড়িয়া জানায়, হাঁ। সে বাবার কাছে আসে নাই সেদিন। তাহার বাবা ঘাটে কথকতা করিতেছে, একথা বন্ধুরা পাছে টের পায়! সে পণ্ডুর দাদা ছাড়া অন্য বন্ধুদের কাছে গল্প করিয়াছে, কাশীতে তাহাদের বাড়ী আছে, তাহারা কাশীতে হাওয়া বদলাইতে আসিয়াছে, দেশে খুব বড় বাড়ী, তাহার বাবা কস্ট্রাক্টরী করেন, তা ছাড়া দেশে জমিদারীও আছে। শেষে বলে—কিন্তু জমিদারী থাকলে কি হবে, কিস্তি দিয়ে কিই বা থাকে?

তাহার বন্ধুদের বয়স তাহার অপেক্ষা খুব বেশী নয় বলিয়াই বোধ হয় তাহার বর্ণিত গল্পের সঙ্গে তাহার পোশাক-পরিচ্ছদের অসঙ্গতি ধরা পড়ে না, বিশেষতঃ তাহার সুন্দর মুখের গুণে সব মানাইয়া যায়।

পূর্ণিমার দিন কথক ঠাকুরের ওখানে বেশ ভিড় হইল। সন্ধ্যার পর হরিহর কথা শেষ করিয়া ঘাটের রাণায় বসিয়া বিশ্রাম করিতেছে, কথক ঠাকুর জলে হাত মুখ ধুইতে নামিল। হরিহরকে দেখিয়া বলিল—এই যে আপনিও আছেন, দেখলেন তো কাণ্ড, পুন্নিমের দিনটা—বলি আজ দিনটা ভাল আছে, বামন-ভিক্ষে লাগাই—মাসে মাসে এই কাশীতে বামন-ভিক্ষা হোলে পরে পনের সের আধমণ ক'রে চাল পড়তো—আজকাল মশাই মহা বামন-ভিক্ষেতেও লোকে আর ভেজে না—চালের তো একটা দানাও না—এদিকে সিকে পাঁচেক হবে, তার মধ্যে আবার দুটো অচল দোয়ানি!...মশায়ের শিক্ষা কোথায়?

—শিক্ষা তো ছিল এই কাশীতেই অনেকদিন আগে। তবে এত দিন দেশেই ছিলাম—এইবার এখানে এসে বাসা ক'রে আছি....

—মশায়ের বাসা কি নিকটে? !...একটু চা খাওয়াতে পারেন?...কদিন থেকে ভাব্চি একটু চা খাবো—এই দেখুন না, চাদরের মুড়োয় চা বেঁধে নিয়ে ঘুরি, বলি না হয় কোনো হালুইকরের দোকানে একটু গরম জল করিগে.... গলা বসে গিয়েচে, একটু লোন-চা খেলে গলাটা....

—হাঁ হাঁ, আসুন না এই তো নিকটেই আমার বাসা—চলুন না? কথককে লইয়া হরিহর বাড়ী আসিল।

চা খাওয়ায় পাট কোন কালে নাই। কড়ায় জল গরম করিয়া চা তৈরী হইল। অপু কাঁসার গ্লাসে চা ও রেকাবীতে কিছু খাবার কথকের সামনে লইয়া আসিল। খাবার দেখিয়া কথকঠাকুর ভারি খুশি হইল—খাবারের আশা সে করে নাই।

—এটি ছেলে বুঝি! বাঃ, বেশ ছেলে তো আপনার? ভারী সুন্দর দেখতে —বাঃ—এস এস বাবা, থাক থাক কল্যাণ হোক—লোন-চা করিয়েচেন তো মশায়?....দেখি—

হরিহর বলিল—আপনার কি ছেলেপিলে সব এখানেই—

—সংসারই নেই তো ছেলেপিলে?দশ বিঘে জমিও বেরিয়ে গেল অথচ ও মূলেও হাভাত—জমি ক'বিঘে যদি আজ থাকতো—তো আজ কি এই এতদূরে আসি—আপনিও যেমন!...এসব কি আর দেশ মশাই?বিশ্বেশ্বর অবিশ্যি মাথায় থাকুন—এমন শীতকাল যাচ্ছে মশাই—না একটু খেজুর রস, না একটু গুড় পাটালি—আমার নিজের মশাই দু'কুড়ি খেজুর গাছ—

—মশাইয়ের দেশটা কোথায়?

—সাতক্ষীরের সন্নিকটে—বাদুড়ে-শীতলকাটি জানেন? শীতলকাটির চক্কত্তিরা খুব ঘরানা—

হরিহর তামাক সাজিয়া নিজে কয়েক টান্ দিয়া কথকঠাকুরের হাতে দিয়া বলিল—খান—
 —কিছু না মশায়, ফাগুন মাসের দিকে তো যাই—একটা বাগান আছে, দিয়ে আসি বিক্রি ক'রে—
 আমরা আবার শ্রোত্রিয় কিনা?তা জমি দশ বিঘে ছিল তাই বন্ধক দিয়ে পণ যোগাড় করলাম—
 বিয়েও করলাম, —মশাই দশ বছর ঘর করলাম—হোল কি জানেন? সন্ধ্যাবেলা রান্নাঘরের চাল থেকে
 কুমড়া কাটতে গিয়েচে—ছিল মশাই সেখানে সাপ আমার জন্যে তৈরী হয়ে—হাতে দিয়েচে কামড়ে
 —আমি আবার নেই সেদিন বাড়ী—কেই বা বদ্যি কবরেজ দেখিয়েচে, কেই বা করেছে—পাটুলির ঘাট
 পার হচ্ছি—গাঁয়ের মহেশ সাধুখাঁ ওপার থেকে আসচে, আমায় বল্লে—শিগুগির বাড়ী যান মশায়—
 আপনার বাড়ী বড় বিপদ—কি বিপদ তা বলে না—বাড়ী পৌঁছে দেখি আগের রাত্রিতেই বৌ তো
 গিয়েচে ম'রে! —এই গেল ব্যাপার মশাই...জমিকে জমি গেল—এদিকেও—। সেই থেকে বলি যাই,
 দেশে থেকে আর কিই বা হ'বে—কোথেকে পাবো তিন-চারশ টাকা যে আবার বিয়ে করবো? ...যাই
 বিশ্বনাথের ওখানে...অন্নকষ্টটা তো হবে না...আজ বছর আষ্টেক হয়ে গেল—এক খুড়তুতো ভাই
 আছে—জমিজমা সামান্য যা একটু আছে, দখল ক'রে ব'সে আছে—বলে তোমার ভাগ নেই—বেশ
 বাপু নেই তো নেই—গোলমালের মধ্যে কখখনো আমি যাবো না—করগে যা দখল। উঠি মশাই—
 আপনার এখানে বেশ চা খাওয়া গেল—আপনার ছেলোটী কোথায় গেল?বেশ ছেলে, খাসা
 ছেলে—

পুরানো চামড়ায় তালি দেওয়া ক্যান্ডিসের জুতা জোড়াটা বাড়িয়া লইয়া কথকঠাকুর পায়ে দিয়া
 দরজার কাছে আসিল—যাইতে যাইতে বলিল—কালও লাগাবো বামনভিক্ষে—দেখি কি হয়—

পথের পাঁচালী

একত্রিংশ পরিচ্ছেদ

হরিহরের বাসাটা বিশেষ ভাল নয়। নীচের তলায় স্যাঁৎসেঁতে ঘর, তাও মাত্র দুখানি, এত অন্ধকার যে
 হঠাৎ বাহির হইতে আসিলে ঘরের কোনো জিনিস নজরে পড়ে না। এরকম স্থানে সর্বজয়া কখনো বাস
 করে নাই, তাহাদের দেশের বাড়ী পুরানো হইলেও রৌদ্রহাওয়া খেলিবার বড় বড় দরজা জানালা ছিল,
 সেকালের উঁচু ভিতের কোঠা খট্ খট্ করিত, শুকনা। এ বাসার স্যাঁৎসেঁতে মেজে ও অন্ধকারে
 সর্বজয়ার মাথা ধরে। অপু তো মোটেই ঘরে থাকে না, সূর্যালোকপুষ্ট নবীন তরুণ ন্যায় শুধু আলোর
 দিকে তার মুখটি থাকে ফিরানো, নিশ্চিন্দিপূরের মুক্ত মাঠে, নদীর আলো-হাওয়ায় মানুষ হইয়া এই
 বন্ধঘরের অন্ধকারে তাহার প্রাণ হাঁপাইয়া ওঠে, একদণ্ডও সে সেখানে তিষ্ঠিতে পারে না।

কাশী দেখিয়া সে একটু নিরাশ হইয়াছে। বড় বড় বাড়ীঘর থাকিলে কি হইবে, এখানে বন নাই
 মোটেই।

সন্ধ্যার দিকে একদিন কথকঠাকুর হরিহরের বাসায় আসিল। একথা ওকথার পর বলিল— বৈ
 আপনার ছেলেকে দেখি নে?

হরিহর বলিল—কোথায় বেরিয়েচে খেলা করতে, দশাশ্বমেধ ঘাটের দিকেই বোধ হয় বেরিয়েচে—
 কথকঠাকুর উড়ানির প্রান্তে কি দ্রব্য খুলিতে খুলিতে বলিল—আপনার ছেলের সঙ্গে বড় ভাব হয়ে
 গিয়েচে মশাই—সেদিন ঘাটে কাছে ডেকে বসিয়ে অনেকক্ষণ ওর সঙ্গে কথা কইলাম—কড়ি খেলতে
 ভালবাসে তাই এই দুটো বড় বড় সমুদ্রের কড়ি সেদিন ব্রতের সিধেয় কারা দিইছিল, ভাবলাম ওকে
 দিয়ে আসি—রেখে দিন আপনি, ও এলে দেবেন—

অগ্রহায়ণ মাসের শেষে অপু বাবাকে ধরিল সে স্কুলে ভর্তি হইবে। বলিল—সবাই পড়ে ইস্কুলে
 বাবা, আমিও পড়বো—ওই তো গলির মোড় ছাড়িয়ে একটুখানি গিয়েই ভাল ইস্কুল—

হরিহর ছেলেকে স্কুলে ভর্তি করিয়া দিল। যদিও ছাত্রবৃত্তি স্কুল তবে ইংরাজী পড়াও হয়। প্রসন্ন
 গুরুমশায়ের পাঠশালা ছাড়িয়া দেওয়ার পরে— সে চার পাঁচ বছর হইয়া গিয়াছে—এই তাহার পুনরায়
 অন্য বিদ্যালয়ে ভর্তি হওয়া।

মাঘ মাসের মাঝামাঝি কথকঠাকুর এক টুকরো বালির কাগজ হাতে একদিন হরিহরের বাসায় আসিয়া হাজির। কাগজের টুকরো দেখাইয়া বলিল—দেখুন তো মশাই পড়ে, এই রকম যদি লিখি তবে হয়?

হরিহর পড়িয়া পড়িয়া দেখিল, কাশীবাসী রামগোপাল চক্রবর্তী নামে কোনো লোক কথকঠাকুরের নামে স্বগ্রামের দশবিঘা জমি দানপত্র লিখিয়া দিতেছে, অমুক অমুক সাক্ষী, স্থান দশাশ্বমেধ ঘাট, অমুক তারিখ। কথকঠাকুর বলিল—ব্যাপারটা কি জানেন! আমাদের দেশে কুমুরে গ্রামের রামগোপাল চক্রতি ভারী পণ্ডিত ছিলেন, মরবার বছর খানেক আগে আমাকে বল্লেন—রামধন, তোমার তো কিচ্ছু নেই, ভাবচি তোমাকে বিঘে দশকে জমি দান করব—তুমি নেবে কি? তা ভাবলাম সদ্ব্রাক্ষণ, দিতে চাচ্ছেন, দোষই বা কি? তারপর তিনি মুখে মুখে জমিটা আমায় দিয়ে দিলেন। দিলেন দিলেন—এতকাল তত গা করিনি। কাশীতেই থাকবো, দেশে ঘরে থাকবো না; কি হবে জমি? তারপর চক্রতি মশায় গেলেন মারা। জমির দানটা মুখে মুখেই রয়ে গেল। এতকাল পরে ভাবচি দেশে যাবো—ছেলেপিলে না হলে কি আর মানুষ মশাই? আপনাকে বলতে কি, শ'তিনেক টাকা হাতে করেচি—করেচি জলাহার করে মশাই—আর শ'দুই টাকা পেলে শ্রোত্রিয় ঘরের মেয়ে পাওয়া যায়—তা যদি ভাই ঘটে, তবে জমিটা দরকার হবে তো? ভাবলুম মুখে মুখে দান, সে কি আর চক্রতি মশাই—এর ছেলেরা মানবে? ভেবে চিন্তে এই কাগজখানা ব'সে লিখিচি—নিজেই লিখিচি মশাই, সইটই সব—দুজন সাক্ষী, সব বানানো—দেখি লেখা কাগজ যদি মানে। গিয়ে বোলবো এই দ্যাখো তোমার বাবা এই জমিটা দান করেচেন—

উঠিবার সময় কথকঠাকুর বলিল—ভালো কথা মশাই, মঙ্গলবার মাঘীপূর্ণিমার দিন আপনার ছেলেকে আমি সঙ্গে করে নিয়ে যাবো ওই টেওটার রাজার ঠাকুরের বাড়ীতে, ঠিক মান মন্দিরের গায়েই একেবারে। সন্ধ্যার পর বছর বছর ব্রাহ্মণভোজন করায় কি না। একটু সগর্বে বলিল—আমায় একখানা করে নেমস্তন্ন পত্তর দ্যায়, বেশ ভাল খাওয়ায়, চমৎকার। আমি এসে নিয়ে যাবো সেদিন কিন্তু।

মাঘী পূর্ণিমার দিন শেষরাত্রি হইতে পথে স্নানাথীদের ভিড় দেখিয়া সর্বজয়া অবাধ হইয়া গেল। দলে দলে মেয়ে পুরুষে “জয় বিশ্বনাথজী কি জয়”, “বোলো বোম্” বলিতে বলিতে দুরন্ত মাঘের শীতকে উপক্ষা করিয়া স্নানের জন্য চলিয়াছে। একটু বেলা হইলে পাঞ্জাবী স্ত্রীলোকটির সঙ্গে সর্বজয়াও স্নান করিতে গেল—গঙ্গার ঘাটের জল, সিঁড়ি, মন্দির, পথ সব উৎসববেশে সজ্জিত নরনারীতে পূর্ণ। জলে নামা এক দুঃসাহ্য ব্যাপার। ষষ্ঠীর মন্দিরে লাল নিশান উড়িতেছে।

সন্ধ্যার আগে কথকঠাকুর অপুকে লইতে আসিল। সর্বজয়া বলিল—পাঠিয়ে দাও গিয়ে, কেউ নেই, অপূর ওপর একটা দম হয়েচে, দশাশ্বমেধ ঘাটে ওকে ডেকে কাছে বসিয়ে গল্প করে, একদিন নাকি পঁপে কিনে খাইয়েচে—পাঠিয়ে দাও, লোক ভালো—

অপু প্রথমে কথকঠাকুরের সঙ্গে তাহার বাসায় গেল। খোলার ঘর, মাটির দেওয়ালের নানাস্থানে খড়ি দেওয়া হিসাব লেখা। নমুনা :-

সিয়ারসোলের রাণীর বাড়ী ভাগবত পাঠ৪

মুসন্মত কুস্তার ঠাকুর বাড়ী ... ঐ ২

ধারক লালজী দোবের একদিনের খোরাকী ... ৪।

বিশেষ কিছু আসবাবপত্র নাই। একখানা সরু চৌকী পাতা, একটা ছোট টিনের তোরঙ্গ, একটা দড়ি-টাঙনো আলনা, একজোড়া খড়ম। দেওয়ালের গায়ে পেরেকে একটা বড় পদ্মবীজের মালা টাঙানো।

কথকঠাকুর বলিল—কমলালেবু খাবে?

অপু ঘাড় নাড়িয়া বলিল—আছে আপনার?

৪ ৪ টাকা। ২ ২ টাকা। ১ চার আনা, এখনকার ২৫ পয়সার সমতুল্য।

কি জানি কেন এই কথকঠাকুরের কাছে তাহার কোনোপ্রকার লজ্জা কি সঙ্কোচ বোধ হইতেছিল না। লেবুর খোসা ছাড়াইতে ছাড়াইতে জিজ্ঞাসা করিল—“কালে বর্ষতু পর্জন্যং?” জানেন আপনি?

—কালে বর্ষতু পর্জন্যং? খুব জানি, রোজ বলি তো, একদিন শুনো না—

—এখন বলুন না একটিবার?

কথক সুর করিয়া বলিল বটে কিন্তু অপূর মনে হইল তাহার বাবার মুখে শুনিলে আরও ভাল লাগে, কথকের গলা বড় মোটা।

দেশে লইয়া যাইবার জন্য কথকঠাকুর নানা খুচরা মাটির ও পাথরের জিনিস—পুতুল, খেলনা, শিবলিঙ্গ মালা, কাঠের কাঁকই সংগ্রহ করিয়া রাখিয়াছে। অপুকে দেখাইয়া বলিল—কাশীর জিনিস, সবাই বলবে কি এনেচ দেখি! তাই নিয়ে যাবো—

নানা সরু গলি পার হইয়া একটা অন্ধকার বাড়ীর দরজার সামনে আসিয়া কথকঠাকুর দাঁড়াইল। নীচ হইয়া দরজা দিয়া অতি কষ্টে কথকের সঙ্গে ঢুকিয়া অপূর মনে হইল বাড়ীটায় কেহ কোথাও নাই, সব নিশুম। কথকঠাকুর দু’একবার গলায় কাশির শব্দ করিতে কে একজন দালানের চারপাই হইতে ঘুম ভাঙিয়া উঠিয়া মোটা গলায় হিন্দীতে কি জিজ্ঞাসা করিল, অপু তাহা বুঝিতে পারিল না। কথকঠাকুর পরিচয় দিবার পরেও মনে হইল লোকটা তাহাকে চিনেও না বা তাহাদের আগমন প্রত্যাশাও করে নাই। পরে লোকটা যেন একটু বিরক্তির সহিত কাহাকে কি জিজ্ঞাসা করিতে গেল। কিন্তু ফিরিতে এত দেরি করিতে লাগিল যে, অপূর মনে হইল হয়তো ইহারা বলিবে তোমাদের তো নিমন্ত্রণ হয় নাই, যাও তোমরা। যাহাই হউক, অন্ধকারে ঠায় পনেরো মিনিট দাঁড়াইবার পরে লোকটা ফিরিয়া আসিয়া দালানের একস্থানে আধ-অন্ধকারে খানকতক শালপাতা পাতিয়া ইহাদের বসাইয়া দিল। একটা মোটা পিতলের লোটাং জল দিয়া গিয়াছে। কথকঠাকুর যেন ভয়ে ভয়ে গিয়া আসনের উপর বসিল। রাজার বাড়ী কি না জানি খাওয়ায়? অধীর আগ্রহে অপু প্রায় আরও বিশ মিনিট পাতা পাতিয়া বসিয়া রহিল—কাহারও দেখা নাই। নিমন্ত্রণ খাইতে পাইবার নিশ্চয়তার সম্বন্ধে যখন পুনরায় অপূর মনে সন্দেহ দেখা দিতেছে ঠিক সেই সময় পরিবেষ্টার আবির্ভাবরূপ অঘটন ঘটিল। মোটা মোটা আটার পুরী ও স্বাদ-গন্ধহীন বেগুনের ঘন্ট—শেষে খুব বড় বড় লাড্ডু। অপু কামড়াইতে গিয়া লাড্ডুতে দাঁত বসাইতে পারিল না, এত কঠিন। কথকঠাকুর চাহিয়া চাহিয়া সেই মোটা পুরী খান দশ-বারো আগ্রহের সহিত খাইল। মাঝে মাঝে অপূর দিকে চাহিয়া বলিতেছিল—পেট ভরে খাও, লজ্জা কোরো না, বেশ খাওয়ায়—বেশ লাড্ডু না? দাঁতে এখনও খুব জোর আছে, বেশ চিবুতে পারি।

একশত বৎসর একসঙ্গে থাকিলেও কেহ হয়তো আমার হৃদয়ের বাহিরে থাকিয়া যায় যদি না কোনো বিশেষ ঘটনায় সে আমার হৃদয়ের কবচ খুলিতে পারে। আজকার এই নিমন্ত্রণ খাইতে আসার অনাদর, অবজ্ঞা, অপু বালক হইলেও বুঝিয়াছিল। তাহার পরও এই খাইবার লোভে ও আনন্দে অপূর অন্তরতম হৃদয়ে ঘা লাগিল। তাহার মনে হইল এ কথকঠাকুর অতি অভাজন। ভাবিল, কথকঠাকুর কখনো কিছু খেতে পায় না, আহা এই লাড্ডু তাই অমন করে খাচ্ছে—ওকে একদিন মাকে ব’লে বাসাতে নেমস্তন্ন করে খাওয়াবো—

করণা ভালবাসার সব চেয়ে মূল্যবান মশলা, তার গাঁথুনী বড় পাকা হয়। তাহার শৈশব মনে এই বিদিশী, দুদিনের পরিচিত, বাঙাল কথকঠাকুর তাহার দিদি ও গুল্‌কীর সঙ্গে এক হারে গাঁথা হইয়া গেল সুন্দ এক লাড্ডু খাইবার অধীর লোভের ভঙ্গীতে।

ইহার অল্পদিন পরেই কথকঠাকুর দেশে চলিয়া গেল। রাজঘাটের স্টেশনে কথকঠাকুরের নির্বন্ধাতিশয্যে হরিহর অপুকে সঙ্গে করিয়া তাহাকে গাড়ীতে তুলিয়া দিতে গেল। হরিহরের মনে হইল আজ বাইশ বৎসর পূর্বে সে যাহা করিতে দেশে গিয়াছিল—এই ব্যক্তি তাহার বর্তমান বয়সের চেয়েও অন্ততঃ আট বৎসর বেশী বয়সে তাহাই করিতে অর্থাৎ নূতন করিয়া সংসার পাতিতে দেশে চলিয়াছে। সুতরাং তাহারই বা বয়সটা এমন কি হইয়াছে? কোন কাজ করিবার সময়ের অভাব হইতে পারে তাহার?

গাড়ী ছাড়িলে অপূর চোখে জল আসিল। বালকের প্রাণে সময়ে সময়ে বয়স্ক লোকের উপর স্থায়ী সত্যিকার মেহ আসে। দুর্লভ বলিয়াই তাহা বড় মূল্যবান।

মাঘ মাসের শেষের দিকে একদিন হরিহর হঠাৎ বাড়ী ঢুকিয়াই উঠানের ধারে বসিয়া পড়িল। সর্বজয়া কি করিতেছিল, কাজ ফেলিয়া তাড়াতাড়ি উঠিয়া আসিয়া বলিল,—কি হয়েছে, এমন ক'রে ব'সে পড়লে যে? স্বামীর মুখের দিকে চাহিয়া কিন্তু মুখের কথাটা তাহার মুখেই রহিয়া গেল। হরিহরের চোখ দুটা জবাফুলের মত লাল, ডান হাতখানা যেন কাঁপিতেছে। সর্বজয়া হাত ধরিয়া তুলিতে আসিতে সে ঘোর-ঘোর আচ্ছন্নভাবে বলিল—খোকা কোথায় গেল? খোকা?

সর্বজয়া গায়ে হাত দিয়া দেখিল জুরে তাহার গা পুড়িয়া যাইতেছে। সন্তর্পণে হাত ধরিয়া ঘরে লইয়া গিয়া তাহাকে বিছানায় শোয়াইয়া দিয়া বলিল—অপু আস্চে, তাকে ডেকে নিয়ে গিয়েচে ওপরের ওই নন্দবাবু, বোধ হয় গোধুলিয়ার মোড়ে তার দোকানে নিয়ে গিয়েচে—

অপু দোকানে যায় নাই, নন্দবাবুর ঘরের সামনে ছাদে বসিয়া বসিয়া বই পড়িতেছিল। মাসখানেক হইল নন্দবাবুর সঙ্গে অপূর খুব আলাপ জমিয়াছে। নন্দবাবুর বয়স কত তাহা ঠিক করিয়া বুঝিবার ক্ষমতা তাহার হয় নাই, তবে তাহার বাবার চেয়ে ছোট মনে হয়। নন্দবাবুর উপরের ঘরে সে অনেকগুলি বই আবিষ্কার করিয়াছে—নন্দবাবু যখন ঘরে থাকে তখন বই লইয়া ছাদে বসিয়া পড়ে। কিন্তু ভয় হয় পাছে নন্দবাবু পড়িতে না দিয়া বই কাড়িয়া লয়, কারণ একদিন সেরূপ ব্যাপার ঘটয়াছিল। ছাদের এক কোণে রোঁদে বসিয়া অপু বই পড়িতেছিল, নন্দবাবু ঘরের ভিতর কি খুঁজিতে খুঁজিতে বাহিরে আসিয়া তাহাকে দেখিতে পাইয়া ধমক দিয়া বলিল—আরে রেখে দাও, তোমার ব'সে ব'সে যত ঐ সব বই পড়া, কোথাকার জিনিস কোথায় রাখো তার ঠিক নেই, কাজের সময় খুঁজে মেলে না—যাও, রাখো বই, যাও—

সে তো ঘরের অন্য কোনো জিনিসে হাত দেয় না, তবে তাহাকে বকিবার কারণ কি? সেই হইতে সে ভয়ে ভয়ে বই লইয়া থাকে।

নন্দবাবু সন্ধ্যার সময় টেরি কাটিয়া ভাল জামা কাপড় পরিয়া শিশি হইতে কি গন্ধ মাখিয়া রোজ বেড়াইতে যায়। অপূর গায়ে একদিন শিশি হইতে ছড়ইয়া দিয়াছিল, বেশ ভুরভুরে গন্ধটা।

সন্ধ্যার পরও সে আগে আগে নন্দবাবুর ঘরে পড়িতে যাইত। কিন্তু সন্ধ্যার পরে নন্দবাবু আলমারি হইতে একটা বোতল লইয়া লাল-মত একটা ঔষধ খায়। সে সময়ে সে একদিন ঘরে গিয়া পড়িলে তাহাকে ভারী বকিয়াছিল। নন্দবাবুর ঘরে উঠিবার সিঁড়ি অন্যদিকে—আর একদিন রাত্রে হঠাৎ ওপরের ঘরে গিয়া সে দেখিয়াছিল একটি কে স্ত্রীলোক ঘরের মধ্যে বসিয়া আছে। তাহাকে দেখিয়া নন্দবাবু বলিয়াছিল—এখন যাও অপূর্ব, ইনি আমার শালী—দেখতে এসেচেন্ এখুনি চলে যাবেন। ফিরিয়া আসিতে আসিতে সে শুনিয়াছিল নন্দবাবু বলিতেছে—ও আমাদের নীচের ভাড়াটের ছেলে—কিছু বোঝে-সোঝে না।

নন্দবাবু তাহাকে প্রায়ই তাহার মার কথা জিজ্ঞাসা করে। বলে—তোমার মাকে ব'লে পান নিয়ে এস দিকি? আমার চাকরটা পান সাজতে জানে না—

অপু মায়ের কাছে আবদার করিয়া ওপরে প্রায়ই পান আনে। নন্দবাবু মাঝে মাঝে বলে—তোমার মা আমার কথা কিছু বলেন-টলেন নাকি—না? —অপু বাড়ী আসিয়া মাকে বলে—নন্দবাবু বেশ লোক মা—তোমার কথা রোজ জিজ্ঞেস করে—

—বলছিল তোমার মাকে বোলো, আমি তাঁর কথা জিজ্ঞেস করি-টরি—বেশ লোক—

—করুক গে—তুই পাজি ছেলে অত ওপরের ঘরে যাস্-টাস্ কেন? বিকেলে ওপরে ব'সে ব'সে কি করিস্?

হরিহরের জুরটা একটু কমিল। অপু স্কুল হইতে আসিয়া বই নামাইয়া রাখিতেছে। পায়ের শব্দ পাইয়া হরিহর বলিল—খোকা এস, একটু বসো বাবা—

অপু বসিয়া বসিয়া স্কুলের গল্প করিতে লাগিল। হাসিমুখে নীচু সুরে বলিল—এই দুমাস তো স্কুলে গিইচি, এরই মধ্যে বাবা, স্কুলের সবাই খুব ভালবাসে, রোজ রোজ ফার্স্ট বসি—স্কুলে আমাদের ক্লাসে একখানা কাগজ ছাপিয়ে বার করবে এক মাস অন্তর। আমাকে সেই দলে নিয়েচে—তোমায় দেখাবো বাবা বেরুলে—

হরিহরের বুকের ভিতরটা মমতায় বেদনায় কেমন করে। অপু একখানা কাগজ বাহির করিয়া বলে—একটা লেখা লিখেচি—কাগজখানা ছাপাবে বলেচে, আমার নামে—কিন্তু যারা দুটাকা কোরে চাঁদা দেবে শুধু তাদেরই লেখা ছাপবে বলেচে—দুটাকা দেবে বাবা?

হরিহর অধীর আগ্রহে ছেলের হাত হইতে কাগজখানা লইয়া পড়িতে শুরু করে। ছেলে যে লেখে সে খবর সে জানিত না। রাজপুত্রের মুগয়ার গল্প সুন্দর বানানো, হরিহর খুশি হইয়া বালিশে ভর দিয়া উঠিয়া বসে, বলে—তুই লিখিচিস্ খোকা?

—আমি তো আরো কত লিখিচি বাবা, ভূতের গল্প, রাজকন্যের—বাড়ী থাকতে রাণুদির খাতায় লিখে লিখে দিতাম তো—

সর্বজয়া টাকার নাম শুনিয়া দিতে চাহে না। স্বামী অসুখে পড়িয়া এ অবস্থায় যাহা আছে তাহা সংসারের খরচেই ফুলাইবে না, দরকার নাই ছাপানো কাগজে। হরিহর বুঝাইয়া বলিয়া টাকা দেওয়ায়, বলে—দাও গিয়ে, আহা খোকার লেখাটা ছাপিয়া আসুক, সেরে উঠে পথি করলেই ঠাকুর-বাড়ীর ভাগবত পাঠটা তো ঠিকই রয়েছে—ওতেও তো গোটা দশেক টাকা পাবো—

দিন দুই পরে অপু নিরাশ মুখে রাজা ঠেঁট ফুলাইয়া বাবার কাছে চুপি চুপি আসিয়া বলে—হ'লো না বাবা। ছাপাখানাওয়ালার লোকেরা বেশী দাম চেয়েচে, তাই আজ স্কুলে ব'লে দিয়েচে, চার টাকা করে চাঁদা চাই,—

ছেলের মুখের নিরাশার ভাব হরিহরের বৃকে খচ করিয়া বিঁধে। খানিকক্ষণ অন্য কথার পর সে বলে—দ্যাখ দিকি খোকা তোর মা কোথায় গেল....বালিসের তলা চাবির থোলো বাহির করিয়া দিয়া বলে—চুপি চুপি ওই কাঠের ছাপ বাক্স, যেটাতে আমার কঞ্চি কলমের বাস্তিল আছে, ওইটে খোল তো?...কোণে দ্যাখ্ তো ক'টাকা আছে? তাহার পর হরিহর সন্তর্পণে বাক্স-খোলা-নিরত পুত্রের দিকে মমতার চোখে চাহিয়া থাকে। অবোধ, অবোধ, নিতান্ত অবোধ!...ওর সুন্দর, শুভ চাঁদের মত ললাটটি ওর মায়ের ললাট, চোখ দুটি ওর মায়ের চোখ। যখন হরিহর প্রথম যৌবনে বিবাহ করিয়া স্ত্রীকে ঘরে আনে, নববধু সর্বজয়ার অবিকল সেই মুখের হাসি এগারো বছরের অপূর অনাবিল, নবীন মুখে।

অকারণে হরিহরের বুকের মধ্যে স্নেহসমুদ্র উদ্বেল উত্তল হইয়া উঠিয়া চোখে জল ভরিয়া আনে। অপু যেন প্রথম বসন্তের নবকিশলয়, তাহার মুখের আনন্দ যেন প্রভাতের নব-অরুণ আভা, তার ডাগর ডাগর নীলাভ চোখ দুটির চাহনির মধ্যে নিজের অতীত যৌবনদিনের সে অসীম স্বপ্ন, সুনীল পাহাড়ের নবীন শালতরুশ্রেণীর উল্লাস-মর্মর....ফুলহারা সমুদ্রের দুরাগত সঙ্গীতধ্বনি।

অপু চুপি চুপি বাবাকে দেখাইয়া বলে—চারটে টাকা আছে বাবা!—হরিহর সময় অসময়ের জন্য টাকা কয়টি রাখিয়া দিয়াছে নিজের বাক্সে লুকাইয়া, স্ত্রী জানে না, কাজেই সে নিশ্চিতমনে বলিতে পারিল—নিয়ে যা খোকা, চাঁদা দিয়ে দিস্, কিন্তু তোর মাকে যেন বলিসনে।

অপু খুশির সুরে বলে—ছাপা বেরুলে তোমায় দেখাবো বাবা, আমার নামে ছাপিয়ে দেবে বলেচে—এই সোমবারের পরের সোমবারে বেরুবে—

পরদিন সকাল হইতে হরিহরের অসুখ আবার বাড়িল।

সর্বজয়া ভয় পাইয়া ছেলেকে বলিল—নন্দবাবুকে বলগে যা তো—একবার এসে দেখে যান্—নন্দবাবু দেখিয়া বলিল—একজন ডাক্তার ডাকতে হবে অপূর্ব, তোমার মাকে বলো।

বৈকালে নন্দবাবুই একজন ডাক্তার সঙ্গে করিয়া আনিল। ডাক্তার দেখিয়া শুনিয়া বলিল—ঠান্ডা লেগে হয়েছে, ব্রঙ্কো-নিমোনিয়া —ভাল নার্সিং চাই,—নীচের ঘরে কি এমনি করে থাকে!খোকা, তুমি একটা শিশি নিয়ে এস আমার ডাক্তারখানায়, ওষুধ দেবো—

অপু কয়দিন গিয়া দশাশ্বমেধ ঘাটের উপর ডাক্তারের ডিসপেন্সরী হইতে ওষুধ আনিল।

বিশেষ কোনো ফল দেখা গেল না। দিন দিন হরিহর দুর্বল হইয়া পড়িতে লাগিল। এদিকে টাকা যে কয়টি ছিল—ভিজিটে ও পথে খরচ হইয়া গেল। ডাক্তার বলিল, অন্ততঃ এক সের করিয়া দুধ ও অন্যান্য ফল না খাইতে দিলে রোগী দুর্বল হইয়া পড়িবে। সাড়ে তিন টাকা দামের একটা বিলাতী পথের ব্যবস্থাও দিয়া গেল। বিদেশ-বিভূই জায়গা। একবার দেখিয়া সাহস দেয় এমন লোক নাই, সর্বজয়া চারিদিক অন্ধকার দেখিল।

এই বিপদের মধ্যে সর্বজয়া আবার এক নতুন বিপদে পড়িল। উপরের ছাদে দাঁড়াইয়া বুঁকিয়া দেখিলে রাঁধিবার ঘর দেখা যায়। ইতিপূর্বেও সে মাঝে মাঝে নন্দবাবুকে ছাদ হইতে তাহার রান্নাঘরের দিকে উঁকিঝুঁকি মারিতে দেখিয়াছে, সম্প্রতি হরিহরের অসুখ হইবার পর হইতে নন্দবাবু বড় বাড়িয়া তুলিল। নানা অছিলায় সে দিনে দশবার ঘরের মধ্যে আসে—আগে আগে অপুকে আড়াল করিয়া জিজ্ঞাসা করিত—আজকাল সরাসরিই তাহাকে সম্বোধন করিয়া কথাবার্তা বলে। প্রথমটা সর্বজয়া কিছু মনে করে নাই—বরং বিপদের সময় এই অনাখ্যায় লোকটি যথেষ্ট সাহায্য ও দেখাশুনা করিতেছে ভাবিয়া মনে মনে কৃতজ্ঞই ছিল, কিন্তু ক্রমেই যেন তাহার মনে হইতে লাগিল যে, এই যে বাড়াবাড়ি—ইহা কোথায় যেন বেখাপ ঠেকিতেছে। নন্দবাবু নিজে পান কিনিয়া আনিয়া সম্মুখে রাখিয়া বলে—চাকরদের হাতে পান সাজা—জীবনটা গেল বৌঠাকরুণ—সাজুন দিকি একবার—তাহাতেও সর্বজয়া দোষ ধরে নাই, বরং এই প্রবাসী আত্মীয়স্নেহবঞ্চিত লোকটির উপর মনে মনে একটু করুণাই হইত—কিন্তু ঘনিষ্ঠতা ক্রমে শোভনতার সীমা ডিঙাইতে চলিল। আজকাল পান আনিয়া বলে—রাখো দিকি বৌঠাকরুণ! হাত হইতে সর্বজয়া লইবে—এইরূপই যেন চায়। অপু তো পাগল—অধিকাংশ সময়ই বাটাতে তাহাকে খুঁজিয়া মেলে না—ওঘরে হরিহর অচৈতন্য অবস্থায় পড়িয়া থাকে—আর ঠিক সেই সময়টিতেই নন্দবাবু ঘরে আসিবে রোগী দেখিতে!ছলছুতায় একথা-ওকথায় আধঘন্টা না কাটাইয়া সে ঘর হইতে যায় না। বলে—কোনো ভয় নেই বৌঠাকরুণ—আমি আছি ওপরে—অপূর্ব থাকে না থাকে—ওই সিঁড়িটার ওপর গিয়ে ডেকো না! বিপদের সময় অত বাছতে গেলে....একটু চুন দাও তো! বৌটা নেই?...আহা আঙুলের মাথাতে করেই একটু দাও না অমনি—

হরিহরের জ্ঞান হইলেই ছেলের জন্য অস্থির হইয়া উঠে। এদিক-ওদিকে চাহিয়া ক্ষীণসুরে বলে—খোকা কৈ! খোকা কৈ!সর্বজয়া বলে—আসচে, তাই কি হতচ্ছাড়া ছেলে একটু কাছে বস্বে....বেরিয়েচে বুঝি সেই ঘাটে। ছেলে বাড়ী এলো বলে—বসতে পারিসনে একটু কাছে!....খোকা খোকা ক'রে পাগল—খোকার তো ভেবে ঘুম নেই—যা বস্বে যা, গায়ে মাথায় একটু হাত বুলিয়ে দিতে নেই বুঝি? ছেলে হয়ে স্বগুণে ঘন্টা দেবেন কি না?

অপু অপ্রতিভ মুখে বাবার শিয়রের পাশে বসে। কিন্তু খানিক বসিয়াই মনে ভাবে—ওঃ! কতক্ষণ ব'সে থাকবো—বেশ তো? আমার বুঝি একটু বেড়াতে কি খেলা করতে নেই। কনকনে ঠান্ডায় পা অবশ হইয়া আসে। তাহার মন ছটফট করে—একদৌড়ে একেবারে সেই দশাশ্বমেধ ঘাট। জলের রাণা, নির্মল মুক্ত হওয়া, সুবেশ নরনারীর ভিড়। পনটু...সুবীর...গুলু...পটল—পনটুর দাদা। রামনগরের রাজার সেই ময়ূরপঙ্খীটায় আজ আবার বাচ, বেলা চারটার সময়! উসখুস করিতে করিতে চক্ষুলজ্জায় সন্ধ্যা করিয়া ফেলে, মায়ের ভয়ে যাইতে সাহস পায় না।

সকালে সর্বজয়া একদিন ছেলেকে বলিল—হাঁরে, ওই সাদা বাড়ীটার পাশে কোন ছত্তর জানিস? —উঁহ—

—তুই ছত্তরে খাসনি একদিনও এখানে এসে? কাশীতে এলে ছত্তরে খেতে হয় কিন্তু, জানিসনে বুঝি! খেয়ে আসিস না আজ?দেখেই আসিস না?

—কাশীতে এলে ছত্তরে খেতে হয় কেন?

—খেলে পুণি হয়—আজ দশাশ্বমেধ ঘাটে নিয়ে অমনি ছত্তর থেকে খেয়ে আসিস—বুঝি!

বেলা বারোটার সময় সত্র হইতে খাইয়া অপু বাড়ী ফিরিল। তাহার মা রান্নাঘরের বারান্দায় বসিয়া বাটাতে কি লইয়া খাইতেছিল—তাহাকে দেখিয়া প্রথমটা লুকাইবার চেষ্টা করিল বটে কিন্তু অপু অত্যন্ত কাছে আসিয়া পড়িয়াছে—লুকাইতে গেলে সন্দেহ জাগানো হয় ভাবিয়া সহজ সুরে বলিবার চেষ্টা করিল—খেয়ে এলি? ক্ষমন খাওয়ালে রে?

মা অড়হরের ডাল-ভিজা খাইতেছে।

—ভালো না—কুমড়োর একটা ছাই ঘন্ট—বসে বসে হয়রাণ—বড্ড ময়লা কাপড়—পরা লোক সব খেতে যায়—আমি আর যাচ্ছি নে, পুণ্যতে আমার দরকার নেই—ওকি খাচ্চ মা? তোমার বের্তো নাকি? রান্না হয় নি?

—আজ তো আমার কুলইচডী—এই দুটো অড়লের ডাল ভিজে—বেশ খেতে লাগে—আমি বড্ড ভালবাসি....খাবি দুটো ওবেলা?

রাত্রিতেও রান্না হইল না। তাহার মা বলিল—অড়লের ডাল ভিজে খেয়ে দ্যাখ দিকি? বেশ লাগবে এখন—এবেলা রাঁধলাম না, ভারী তো খাস, এত কটা ভাত বসিস্ বই তো নয়—ওই খেয়ে কি আর খেতে পারবি?

পরদিন দুপুরে নন্দবাবু একতাড়া পান অপূর হাতে দিয়া বলিল—তোমার মার কাছ থেকে সেজে নিয়ে এসো তো? রোগীর ঘরের পাশের ঘরে সর্বজয়া বসিয়া পান সাজিতেছে; নন্দবাবু জুতার শব্দ করিতে করিতে উপর হইতে নামিয়া রোগীর ঘরে ঢুকিল। এবং অতি অল্পক্ষণ পরেই সেখান হইতে বাহির হইয়া সর্বজয়া যে-ঘরে পান সাজিতেছে সেখানে ঢুকিল। সারারাত্রি জাগিয়া কাটাইয়া সর্বজয়ায় কিমানি ধরিয়াছিল, জুতার শব্দে চমক ভাঙিলে একেবারে সশ্মুখে নন্দবাবুকে দেখিয়া সে জড়সড় হইয়া ঘোমটা টানিয়া দিল। নন্দবাবু বলিল—পান সাজা হয়েছে বৌঠাকরুণ? সর্বজয়া নীরবে সাজা পানের খিলিগুলি রেকাবিতে করিয়া সামনের দিকে ঠেলিয়া দিতে নন্দবাবু এক খিলি তুলিয়া মুখের মধ্যে পুরিয়া বলিল—চুন বড্ড কম হয় বৌঠাকরুণ তোমার পানে, সরো দেখি আমি নিচ্ছি—

সর্বজয়ার কোলের কাছে পানের বাটা। বাড়ীতে কেহ নাই, অপূ কোথায় বাহির হইয়াছে। পাশের ঘরে হরিহর ঔষধের বশে ঘুমাইতেছে। নিস্তব্ধ দুপুর। হঠাৎ সর্বজয়ার মনে হইল যেন নন্দবাবু চুন লইবার অছিলায় অনাবশ্যকরূপে—তাহার অত্যন্ত কাছে ঘেষিয়া আসিতে চাইতেছে—একটা অস্পষ্ট চীৎকার করিয়া এক লহমার মধ্যে সে উঠিয়া গিয়া ঘরের বাহিবে দাঁড়াইল। একটা বিদ্যুতের মত কিসের স্রোত তাহার পা হইতে মাথা পর্যন্ত খেলিয়া গেল। আঙুল দিয়া সিঁড়ি দেখাইয়া তীব্রস্বরে বলিল—চলে যান এখুনি ওপরে—কখখনো আর নীচে আসবেন না—নীচে এলে আমি মাথা খুঁড়ে খুন হবো—কেন আপনি আসেন? খবরদার আর আসবেন না—

সর্বজয়া পড়িল মহা ফাঁপরে। বিদেশ জায়গা, এই রোগী ঘরে—নিঃসহায়, হাতে একটি পয়সা নাই, একটি পরিচিত লোক কোনো দিকে নাই, ছেলের বছর এগারো বয়স মোটে—তাও বুদ্ধিশুদ্ধি নাই, নিতান্ত নির্বোধ। এদিকে এই সব উৎপাত।

উপরের পাঞ্জাবী স্ত্রীলোকটি কালেভদ্রে নীচে নামে—এক আধ বার সর্বজয়াকে উপরে তাহার ঘরে লইয়া গিয়াছিল, কিন্তু পাঁচ-ছয় মাস কাশীতে আসিয়াও সর্বজয়া না পারে হিন্দী বলিতে না পারে ভাল বুঝিতে, কাজেই আলাপ মোটেই জন্মে নাই। অদ্য তাহার কাছে গিয়া নন্দবাবুর ঘটনা আনুপূর্বিক বলিয়া কাঁদিয়া ফেলিল। পাঞ্জাবী মেয়েটির নাম সূরযকুঁয়ারী, স্বামী-স্ত্রী দুজনেই পাঞ্জাবের রোয়ালসর জেলার অধিবাসী; স্বামীটি রেলের ওভারসিয়ারের কাজ করে। মেয়েটির বয়স খুব অল্প না হইলেও দেখিতে কম বয়সী, গৌরাঙ্গী, আয়তনয়না, আঁটসাঁট দীর্ঘগড়ন। সে সব শুনিয়া বলিল—কোনো ভয় নাই, আপনি নির্ভয়ে থাকুন, আবার যদি কিছু বদমায়েসীর ভাব দেখেন আমায় বলবেন, আমার স্বামীকে দিয়া উহার নাক কাটিয়া ঠান্ডা করিয়া ছাড়িব।...

ঠিক দুপুর। কয় রাত্রি জাগিবার পর সর্বজয়া মেঝেতে আঁচল পাতিয়া শুইয়া ঘুমাইয়া পড়িয়াছে। উত্তরের ঘরের জানালা দিয়া একফালি রৌদ্র আসিয়া সরু উঠানটাতে বাঁকাভাবে পড়িয়াছে। অপূ মাটির মাল্‌সাতে গাঁদাফুলের গাছ লাগাইয়াছিল, দু-তিনটা একপেটে গাঁদা নিতান্ত বিরক্তভাবে ফুটিয়া আছে,—তলায় একটা বিড়াল-ছানা বসিয়া। অপূ বাবার বিছানার পাশেই বসিয়া ছিল। তাহার বাবা আজ সকাল হইতে একটু ভাল আছে—ডাক্তার বলিয়াছে বোধ হয় জীবনের আশা হইল। ভাল থাকিলেও রোগীর খুব চেতন্য আছে বলিয়া মনে হয় না, বেহঁশ অবস্থা। তাহার বাবা হঠাৎ চোখ খুলিয়া তাহার দিকে খানিকটা চাহিয়া থাকিয়া কি বলিল। অপূর মনে হইল বাবা তাহাকে আরও কাছে সরিয়া

যাইতে বলিতেছে। অপু সরিয়া যাইতে হরিহর রোগশীর্ণ ক্ষীণ দুই হাতে ছেলের গলা জড়াইয়া ধরিয়া নীরবে তাহার মুখের দিকে অনেকক্ষণ ধরিয়া একদৃষ্টে চাহিয়া রহিল। অপু একটু অবাক হইল, বাবার চোখের ও-রকম দৃষ্টি কখনো সে দেখে নাই।

রাত্রি দশাটর সময় নিদ্রিত অপূর কি শব্দে ঘুম ভাঙিয়া গেল। ঘরে ক্ষীণ আলো জ্বলিতেছে—মা অঘোরে ঘুমাইতেছে, বাবার গলার মধ্যে নানাসুরে যেন কি একটা শব্দ হইতেছে। তাহার কেমন ভয় ভয় ঠেকিল। ঝুলমাখানো কড়িকাঠ, সঁাতা মেজে, হাড়ভাঙা শীত, কাঠকয়লার আগুনের ধোঁয়া—সব মিলিয়া যেন একটা দুঃস্বপ্ন। বাবার অসুখ সারিলে যে বাঁচা যায়!

শেষ রাত্রে তাহার মায়ের ঠেলা পাইয়া তাহার ঘুম ভাঙিয়া গেল!—অপু, ও অপু ওঠ, শীগগির গিয়ে ওপরে থেকে হিন্দুস্থানী বৌকে ডেকে আনতো—

অপু উঠিয়া শুনিল বাবার গলার সেই শব্দটা আরও বাড়িয়াছে। উপর হইতে সূরযকুম্বারী আসিবার একটু পরেই রাত্রি চারটার সময় হরিহর মারা গেল।

মাঝ-বর্ষার ধারামুখর কুয়াসাচ্ছন্ন দিনে মনে হয় যে পৃথিবীর রৌদ্রদীপ্ত দিনগুলো স্বপ্ন না সত্য? এই মেঘ, এই দুর্দিন, অনন্ত ভবিষ্যতের পথে এরাই রহিল চিরসাথী—দিগন্তের মায়া-লীলার মত চৈত্র-বৈশাখের যে দিনগুলো অতীতে মিলাইয়া গিয়াছে—আর কি তাহা ফিরিয়া আসে?

চারিধার হইতে সর্বজয়াকে কি এক কুয়াসায় ঘিরিয়া ফেলিল। তাহার মধ্য দিয়া না দেখা যায় পথ, না চেনা যায় সাথী, না জানা যায় কোথায় আছি। সন্দেহ হয় এ কুয়াসা বোধ হয় বেলা হইলে রৌদ্র উঠিলেও কাটিবে না, এর পেছনে আছে আকাশ-ছাওয়া ফিকে ধূসর রং-এর সারাদিনব্যাপী অকাল বাদলের মেঘ।

বিপদের দিনে পাঞ্জাবী ওভারসিয়ার জালিম সিং ও তাহার স্ত্রী যথেষ্ট উপকার করিল। জালিম সিং অফিস কামাই করিয়া সংকারের লোকের জন্য বাঙালীটোলায় ঘোরাঘরি করিতে লাগিল। খবর পাইয়া রামকৃষ্ণ মিশনের কয়েকজন সেবকও আসিয়া পৌঁছিল।

মণিকর্ণিকার ঘাটে সংকার-অস্ত্রে সন্ধ্যাবেলা অপু স্নান করিয়া ঠাণ্ডা পশ্চিমে বাতাসে কাঁপিতে কাঁপিতে পেঠার উপর উঠিল। রামকৃষ্ণ মিশনের একজন সেবক ও নন্দবাবু তাহাকে উত্তরীয় পরাইতেছিল। বেলা খুব পড়িয়া গিয়াছে, অস্ত-দিগন্তের স্নান আলো পাথরের মন্দিরগুলার আগাটুকুতে মাত্র চিক্চিক করিতেছে। সারাদিনের ব্যাপারে দিশেহারা অপূর মনে হইল তাহার বাবার পরিচিত গলায় উৎসুক শ্রোতাগণের সম্মুখে কে যেন বসিয়া আবৃত্তি করিতেছে—

কালে বর্ষতু পর্জন্যং পৃথিবী শস্যশালিনী....

লোকাঃ সন্ত নিরাময়ঃ....

যে বাবাকে সকলে মিলিয়া আজ মণিকর্ণিকার ঘাটে দাহ করিতে আনিয়াছিল,—রোগে, জীবনের যুদ্ধে পরাজিত সে বাবা স্বপ্ন মাত্র—অপু তাহাকে চেনে না, জানে না—তাহার চিরদিনের একান্ত নির্ভরতার পাত্র, সুপরিচিত, হাসিমুখ বাবা জ্ঞান হইয়া অবধি পরিচিত সহজ সুরে, সুকণ্ঠে, প্রতিদিনের মত কোথায় বসিয়া যেন উদাস পুরবীর সুরে আশীর্বাচন গান করিতেছে—

কালে বর্ষতু পর্জন্যং পৃথিবী শস্যশালিনী....

লোকাঃ সন্ত নিরাময়ঃ।....

পথের পাঁচালী

দ্বাত্রিংশ পরিচ্ছেদ

কোনোরূপে মাসখানেক কাটিল। এই একমাসের মধ্যে সর্বজয়া নানা উপায় চিন্তা করিয়াছে কিন্তু কোনোটাই সমীচীন মনে হয় না। দু-একবার দেশে ফিরিবার কথাও যে তাহার না মনে হইয়াছে এমন নয়, কিন্তু যখনই সে কথা মনে ওঠে, তখনই সে তাহা চাপিয়া যায়। প্রথমত তো দেশের এক ভিটাটুকু ছাড়া বাকী সব কতক দেনার দায়ে, কতক এমনি বেচিয়া কিনিয়া আসা হইয়াছে, জমিজমা কিছুই আর

নাই। দ্বিতীয়ত সেখান হইতে বিদায় লইবার পূর্বে সে পথে-ঘাটে বৌ-ঝিদের সম্মুখে নিজেদের ভবিষ্যদের সুখের ছবি কতভাবে আঁকিয়া দেখাইয়াছে। নিশ্চিন্দীপুরের মাটি ছাড়িয়া যাওয়ার অপেক্ষা মাত্র, এ পোড়া মুর্খের দেশে তাহার স্বামীর কদর কেহ বুঝিল না, কিন্তু যেখানে যাইতেছে সেখানে যে তাহাকে সকলে লুফিয়া লইবে, অবস্থা ফিরিতে যে এক বৎসরও দেরি হইবে না—এ কথা হাতমুখ নাড়িয়া সর্বজয়া কতভাবে তাহাদের বুঝাইয়াছে! এই তো চৈত্র মাস, এক বৎসর এখনও পূর্ণ হয় নাই। ইহারই মধ্যে এরূপ নিঃসম্বল দীন অবস্থায়, তাহার উপরে বিধবার বেশে সেখানে ফিরিয়া গিয়া সকলের সম্মুখে দাঁড়াইবার কথাটা ভাবিতেই সে লজ্জায় সঙ্কোচে মাটিতে মিশিয়া যাইতেছিল। যাহা হইবার এখানেই হউক, ছেলের হাত ধরিয়া কাশীর পথে পথে ভিক্ষা করিয়া ছেলেকে মানুষ করিবে, কে দেখিতে আসিবে এখানে?

মাসখানেক পরে একটা সুবিধা হইল। কেদার ঘাটের এক ভদ্রলোক মিশনের অফিসে জানাইলেন যে, তাঁহার পরিচিত এক ধনী পরিবারের জন্য একটি ব্রাহ্মণের মেয়ে আবশ্যিক, জাতের মেয়ে, ঘরে আসিবেন, কাজকর্মে সাহায্য করিবেন। মিশন এরূপ কোনো লোকের সন্ধান দিতে পারেন কি না? শেষ পর্যন্ত মিশনের যোগাযোগে ভদ্রলোকটি অপুদের সেখানে পাঠাইতে রাজী হইলেন। সর্বজয়া অকূল সমুদ্রে কুল পাইয়া গেল। দিন-দুই পরে সেই ভদ্রলোকটি বলিয়া পাঠাইলেন যে, বাসা একেবারে উঠাইয়া যাইবার জন্য যেন ইহারা প্রস্তুত হয়, কারণ সেই ধনী গৃহস্থদের বাটা কাশীতে নয়, তাহাদের বাড়ীর কাহারো কাশীতে বেড়াইতে আসিয়াছেন, ফিরিবার সময় সঙ্গে করিয়া লইয়া যাইবেন।

প্রকাণ্ড বড় হলদে রঙের বাড়ীটা। কাশীতে যে রকম বড় বড় বাড়ী আছে, সেই ধরনের খুব বড় বাড়ী। সকলের পিছনে পিছনে সর্বজয়া ছেলেকে লইয়া সঙ্কুচিতভাবে বাড়ীর ভিতর ঢুকিল।

অন্তঃপুরে পা দিতেই অভ্যর্থনার একটা রোল উঠিল—তাহার জন্য নহে—যে দলটি এইমাত্র কাশী হইতে বেড়াইয়া ফিরিল, তাহাদের জন্য।

ভিড় ও গোলমাল একটু কমিলে বাড়ীর গিন্নি সর্বজয়ায় সম্মুখে আসিলেন। খুব মোটাসোটা, এক সময়ে বেশ সুন্দরী ছিলেন বোঝা যায়, বয়স পঞ্চাশের উপর। গিন্নিকে প্রণাম করিতেই তিনি বলিলেন—থাক্, থাক্, এলো, এসো—আহা এই অল্প বয়সেই এই—এটি ছেলে বুঝি? খাসা ছেলে—কি নাম?

আর একজন কে বলিলেন—বাড়ী বুঝি কাশীতেই? না?—তবে বুঝি—

সকলের কৌতূহল-দৃষ্টির সম্মুখে সর্বজয়া বড় লজ্জা ও অস্বস্তি বোধ করিতেছিল। গিন্নির হুকুমে যখন ঝি তাহার জন্য নির্দিষ্ট ঘরে তাহাকে লইয়া গেল, তখন সে হাঁপ ফেলিয়া বাঁচিল।

পরদিন হইতে সর্বজয়া চুক্তিমত রান্নার কাজে ভর্তি হইল। রাঁধুনী সে একা নয়, চার-পাঁচজন আছে। তিন-চারটা রান্নাঘর। আঁশ নিরামিষ, দুধের ঘর, কুণীর ঘর, বাহিরের লোকদিগের রান্নার আলাদা ঘর। ঝি-চাকরের সংখ্যা নাই। রান্নাবাড়ীটা অন্তঃপুরের মধ্যে হইলেও পৃথক। সেদিকটা যেন ঝি-চাকর-বামুনের রাজত্ব। বাড়ীর মেয়েরা কাজ বলিয়া ও বুঝাইয়া দিয়া যান, বিশেষ কারণ না ঘটিলে রান্নাবাড়ীতে বড় একটা থাকেন না।

সর্বজয়া কি রাঁধিবে একথা লইয়া আলোচনা হয়। সর্বজয়ার বরাবরই বিশ্বাস সে খুব ভাল রাঁধিতে পারে। সে বলিল, নিরামিষ তরকারী রান্নার ভার বরং তাহার উপর থাকুক। রাঁধুনী বামনী মোক্ষদা মুচকি হাসিয়া বলিল—বাবুদের রান্না তুমি করবে? তা হ'লেই তো চিত্তির। পরে পাঁচি-ঝিকে ডাক দিয়া কহিল, শুন্‌চিস্ ও পাঁচি, কাশীর ইনি বলচেন নাকি বাবুদের তরকারী রাঁধবেন! কি নাম গা তোমার? ভুলে যাই—মোক্ষদার ওঠের কোণের ব্যঙ্গের হাসিতে সর্বজয়া সেদিন সঙ্কোচে অভিভূত হইয়া পড়িয়াছিল বটে, কিন্তু দু-একদিনেই সে বুঝিতে পারিল যে তাহার পাড়াগাঁয়ের কোনো তরকারী রান্না সেখানে খাটিবে না। ঝোলে যে এত চিনি মিশাইতে হয় বা বাঁধাকপি ফ্রিটার্স বলিয়া যে একটা তরকারী আছে, একথা সে এই প্রথম শুনিল।

গৃহিণী সর্বজয়াকে মাস দুই বেশ যত্ন করিয়াছিলেন। হালুকা কাজ দেওয়া, খোঁজখবর নেওয়া। ক্রমে ক্রমে অন্য পাঁচজনের সমান হইয়া দাঁড়াইতে হইল। বেলা দুইটা পর্যন্ত কাজ করার পর প্রথম প্রথম সে

বড় অবসন্ন হইয়া পড়ে, এভাবে অনবরত আঙনের তাতে থাকার অভ্যাস তাহার কোনো কালে নাই, অত বেলায় খাইবার প্রবৃত্তি বড় একটা থাকে না। অন্য অন্য রাঁধুনীরা নিজেদের জন্য আলাদা করিয়া মাছ তরকারী লুকাইয়া রাখে, কতক খায়, কতক বাহিরে কোথাও লইয়া যায়। সে পাতের কাছে একবার বসে মাত্র!

রান্নার বিচার ব্যাপার দেখিয়া সর্বজয়া অবাধ হইয়া যায়, এত বড় কাণ্ড-কারখানার ধারণা কোনো দিন স্বপ্নেও তাহার ছিল না, বিস্মিত হইয়া মনে মনে ভাবে,—দু'বেলায় তিন সের ক'রে তেলের খরচ? রোজ একটা যজ্ঞের তেল-ঘিএর খরচ!... পাড়াগাঁয়ের গরীব ঘরের ছোট সংসারের অভিজ্ঞতা লইয়া সে এসব বুঝিয়া উঠিতে পারে না।

একদিন সন্ধ্যা চালের ভাত রান্নার বড় ডেক্‌চিটা নামাইবার সময় মোক্ষদা বামনীকে ডাক দিয়া বলিল—ও মাসীমা, ডেক্‌চিটা একটুখানি ধরবে?

মোক্ষদা শুনিয়াও শুনিল না।

এদিকে ভাত ধরিয়া যায় দেখিয়া নিজেই নামাইতে গিয়া ভারী ডেক্‌চিটা কাত করিয়া ফেলিল, গরম ফেন পায়ের পাতায় পড়িয়া তখনি ফোঁকা পড়িয়া গেল। গৃহিণী সেই দিনই তাহাকে রুটির ঘরে বদলি করিয়া বলিয়া দিলেন, পা না সারা পর্যন্ত তাহাকে কোনো কাজ করিতে হইবে না।

সর্বজয়া ছেলেকে লইয়া নীচের একটা ঘরে থাকে। ঘরটা পশ্চিমদিকের দালানের পাশেই। কিন্তু সেটা এত নীচু, আর মেজে এত স্যাঁচসেঁতে এবং ঘরটাতে সব সময় এমন একটা গন্ধ বাহির হয় যে, কাশীর ঘরও এর চেয়ে অনেক ভাল ছিল। দেয়ালের নীচের দিকটা নোনা-ধরা, রাজা রাজা বড় বড় ছোপ, প্রতিবার বাহির হইতে ঢুকিয়াই অপু বলে—উঃ, কিসের গন্ধ দেখচো মা, ঠিক যেন পুরানো চাঁলের কি কিসের গন্ধ বল দিকি?... নীচের এ ঘরগুলো কর্তৃপক্ষ মনুষ্যবাসের উপযুক্ত করিয়া তৈয়ারী করেন নাই, সেইজন্যই এগুলিতে চাকর-বাকর রাঁধুনীরা থাকে।

উপরের দালানের সব ঘরগুলি অপু বাহির হইতে বেড়াইয়া বেড়াইয়া দেখিয়াছে, বড় বড় জানালা দরজা। জানালায় সব কাচ বসনো। ঘরে ঘরে গদীআঁটা বড় বড় চেয়ার, ঝকঝকে টেবিল, যেন মুখ দেখা যায়, এত ঝকঝক করে। অপুদের বাড়ীতে যেমন কার্পেটের পুরানো আসন ছিল, ঐ রকম কিন্তু ওর চেয়েও চের ভাল, পুরু ও প্রায় নতুন—কার্পেট মেজেতে পাতা। দেওয়ালে আয়না টাঙানো, এত বড় বড় যে, অপু সমস্ত চেহারাখানা তাহাতে দেখা যায়। সে মনে মনে ভাবে—এত বড় বড় কাচ পায় কোথায়? জুড়ে জুড়ে করেছে বোধ হয়—

দোতলার বারান্দায় আর একটা বড় ঘর আছে—সেটা প্রায়ই বন্ধ থাকে, মাঝে মাঝে চাকর-বাকরে আলো হাওয়া খাওয়াইবার জন্য খোলে। সেটার মধ্যে কি আছে জানিবার জন্য অপু অদম্য কৌতূহল হয়। একদিন ঘরের দরজা খোলা দেখিয়া সে ঘরের মধ্যে ঢুকিয়াছিল। কি বড় বড় ছবি! পাথরের পুতুল! বড় বড় গদী-আঁটা চেয়ার,—আয়না,—সে ঘুরিয়া বেড়াইয়া সব দেখিতেছে, এমন সময় ছটু খানসামা তাহাকে ঘরের মধ্যে দেখিতে পাইয়া রুখিয়া আসিয়া বলিল—কোন্ বা?... কাছে ইস্‌মে ঘুসা?

হয়তো সেদিন সে মারই খাইত, কিন্তু বাড়ীর একজন ঝি দালান দিয়া যাইতে দেখিয়া বলিল—এই ছটু, ছেড়ে দাও, কিছু বোলো না—ওর মা এখানে থাকে—দেখতে দেখুক না—

সকলের খাওয়া-দাওয়া সারা হইলে সর্বজয়া বেলা আড়াইটার সময় নিজের ঘরটিতে আসিয়া খানিকটা শোয়। সারাদিনের মধ্যে এই সময়ের মধ্যে কেবল মায়ের সঙ্গে মন খুলিয়া কথা হয় বলিয়া মাঝে মাঝে অপু এসময় ঘরে আসে। তাহার মা তাহাকে একবার করিয়া দিনের মধ্যে চায়। এ বাড়ীতে আসা পর্যন্ত অপু যেন দূরে চলিয়া গিয়াছে। সারাদিন খাটুনি আর খাটুনি—ছেলের সঙ্গ হইতে দূরে থাকিতে হয়। বহরাত্রে কাজ সারিয়া আসিতে অপু ঘুমাইয়া পড়ে, কথা হয় না। এই দুপুরটার জন্য তার মন তৃষিত হইয়া থাকে।

দোরে পায়ের শব্দ হইল। সর্বজয়া বলিল—কে, অপু! আয়—দোর ঠেলিয়া বামনী মাসী ঘরে ঢুকিল। সর্বজয়া বলিল—আসুন, মাসীমা বসুন। সঙ্গে সঙ্গে অপুও আসিল। বামনী মাসী বাবুদের সম্পর্কে আশ্চর্য। কাজেই তাহাকে খাতির করিয়া বসাইল। বামনী মাসীর মুখ ভারী-ভারী। খানিকক্ষণ

চুপ করিয়া থাকিয়া বলিল—দেখলে তো আজ কাণ্ডখানা বড়-বৌমার? বলি কি দোষটা...তুমি তো বরাবরই রুটীর ঘরে ছিলে? মাছ, ঘি এনে চুপড়ীতে ক'রে রেখে গেল, আমি ভাবলাম বাঁধাকপিতে বুকি—কি রকম অপমানটা দেখলে তো একবার? পোলোয়ার মাছ তো সে কথা ঝিকে দিয়ে ব'লে পাঠালে তো হোত। সদু ঝিও কি কম বদমায়েসের ধাড়ী নাকি?...গিন্নীর পেয়ারের ঝি কিনা? মাটি মাড়িয়ে চলে না, ওপরে গিয়ে সাতখানা ক'রে লাগায়—ওই তো ছিরিকণ্ঠ ঠাকুরও ছিল—বলুক দিকি? গল্প করিতে করিতে বেলা যায়। মাসী ব'লে, যাই জলখাবারের ময়দা মাখিগে—

চারটে বাজলো—

মাসী চলিয়া গেলে অপু মায়ের কাছে ঘেঁষিয়া বসিল। তাহার মা আদর করিয়া চিবুকে হাত দিয়া বলিল—কোথায় থাকিস্ দুপুরে বন্ তো?...

অপু হাসিয়া বলিল—ওপরের বৈঠকখানা ঘরে কলের গান বাজচে মা—শুন্ছিলাম—ঐ বারান্দাটা থেকে—

সর্বজয়া খুশি হইল।

—হাঁরে, তোর সঙ্গে বাবুদের ছেলের ভাব-সাব হয় নি?...তোকে ডেকে বসায়?...

—খুব-উ-উব!...

অপু এটা মিথ্যা বলিল। তাহাকে ডাকিয়া কেহ বসায় না। ওপরের বৈঠকখানাতে গ্রামোফোন বাজানোর শব্দ পাইলেই খানিকটা ইতস্ততঃ করিয়া পরে ভয়ে ভয়ে উপরে উঠিয়া যায় ও বৈঠকখানার দোরের শব্দ চুপ করিয়া দাঁড়াইয়া গান শোনে। প্রতি মুহূর্তেই তাহার ভয় হয় এইবার হয়তো উহারা তাহাকে খেঁলেবে নীচে চলিয়া যাইতে। গান শেষ হইলে নীচে নামিবার সময় ভাবে—কেউ তো কিছু বক্লে না? কেন বক্বে? দাঁড়িয়ে দাঁড়িয়ে গান শুনি বাইরে, আমি তো বাবুদের ঘরের মধ্যে যাচ্ছি নে? এরা ভাল খুব—

এ বাড়ীর ছেলের সঙ্গেও তার মেলামেশা হইল না। তাহার উহাকে আমলই দেয় নাই। সেদিন রমেন, টেবু, সমীর, সন্ত—ইহারা এক চৌকা পিঁড়ির মত তক্তা সামনে পাতিয়া কাঠের কালো কালো গুটি চালিয়া এক রকম খেলা খেলিতেছিল, নাম নাকি ক্যারাম খেলা—সে খানিকটা দূরে দাঁড়াইয়া খেলাটা দেখিতেছিল—তার চেয়ে বেগুনবিটি খেলা ঢের ভালো।

বৈশাখের প্রথমে বড়বাবুর মেয়ের বিবাহ উপলক্ষে বাড়ী সরগরম হইয়া উঠিল। গয়া, মুঙ্গের, এলাহাবাদ, কলিকাতা, কাশী নানাস্থান হইতে কুটুম্ব-কুটুম্বিনীদের আগমন শুরু হইল। সকলেই বড়লোকের ঘরের মেয়ে ও বড়লোকের বধু, প্রত্যেকের সঙ্গে নিজেদের বি-চাকর আসিয়াছে। নীচের তলার দালান-বারান্দা রাত্রি তাহারাই দখল করে। সারারাত্রি হৈ চৈ।

সকালে সর্বজয়াকে ডাকিয়া গিনী বলিলেন—ও অপূর্বের মা, তুমি এক কাজ করো, এখন দিন দুই রান্নাঘরের কাজ তোমার থাকুক, নানান জায়গা থেকে তত্ত্ব আসচে, তুমি আর ছোট মোক্ষদা সে সবগুলো শুছিয়ে তোমাদের রুটীর ঘরের ভাঁড়ারে তোলাপাড়া করো—মিষ্টি খাবার ওখানেই রেখো, ফল-ফুলুরী যা দেখবে পচবার মত, সদুবিার হাতে পাঠিয়ে দেবে, নয়ত রেখে দিও, জলখাবারের সময় নিয়ে আসবে বামনী মাসী—

সকাল হইতে সন্ধ্যা পর্যন্ত বি-বেহারাদের মাথায় কত জায়গা হইতে যে কত তত্ত্ব আসিতে লাগিল সর্বজয়া গুণিয়া সংখ্যা করিতে পারে না। মিষ্টানের জায়গা দিতে পারা যায় না, ছোট ছোট রূপার চন্দনের বাটি জমিয়া গেল পনেরো-ষোলটা। আম এখনও উঠে নাই, তবু একটা বড় ধামা আমে বোঝাই হইয়া গেল।

সর্বজয়া বামনী মাসীর হাতে খাবার তুলিয়া দিতে দিতে ভাবে—এই এত ভালোমন্দ, এত কাণ্ড, তাই কি ছেলের জন্ম কিছু—আহা, বাছা আমার সরকারদের খাবার ঘরের কোণটায় কাঁচুমাচু হয়ে ব'সে দুটো ভাত খায়, না দিতে পারি দুখানা ভালো দেখে মাছ, না একটু ভালো তরকারী, না এক হাতা দুধ—তখুনি ঐ সদু হারামজাদী লাগাবে নিজের ছেলের পাতে বাবুদের হেঁসেল থেকে সব—

বিবাহের দিন খুব ভিড়। বরপক্ষ সকালের গাড়ীতে আসিয়া পৌঁছিয়া শহরের অন্য এক বাড়ীতে ছিল। সন্ধ্যার কিছুপূর্বে প্রকাণ্ড শোভাযাত্রা করিয়া বর আসিল।

বাহিরের উঠান নিমন্ত্রিতদের দলে ভরিয়া গিয়াছে। সারা উঠানটাতে শতরঞ্জি পাতা, এক কোণে চওড়া জরিপাড় লাল মখমলে মোড়া উঁচু বরাসন, জরির ঝালর-দোলানো নীল সাটিনের চাঁদোয়া, দুপাশে কিংখাবের তাকিয়া, বড় বড় বেলফুলের মালা তিনগাছা করিয়া চাঁদোয়ার খিলানে খিলানে টাঙানো। চারিপাশে বন্দ্যাত্রীগণের চেয়ার ও কৌঁচ। বিলাতী সেন্ট ও গোলাপ জলের পিচকারী ঘন ঘন ছুটিতেছে।

অপু এ সমস্ত বিশেষ কিছু দেখে নাই, সে ঘুমাইয়া পড়িয়াছিল। একবার মাত্র সে বাড়ীর মধ্যে গিয়াছিল, তখন স্ত্রী-আচার হইতেছে, রাত্রি অনেক! মাকে কোথাও খুঁজিয়া পাইল না, উৎসবের ভিড়ে কে জানে কোথায় কি কাজে ব্যস্ত আছে। দামী বেনারসী শাড়ী-পরা মেয়েদের ভিড়ে উঠানের কোথাও এতটুকু স্থান ফাঁকা নাই। ছোটবাবুর মেয়ে অরুণা কাহাকে ডাকিয়া বাহিরের বৈঠকখানা হইতে বড় অগ্যান্টা বাড়ীর ভিতর আনিতে বলিতেছে।

বিবাহের দুই দিন পরে শখের থিয়েটার উপলক্ষে আবার খুব হৈ চৈ। উঠানের এক কোণে স্টেজ বাঁধা হইয়াছে। গোলাপফুলে ও অর্কিডে স্টেজটা খুব চমৎকার সাজানো। পাঁচশত ডালের প্রকাণ্ড ঝাড়টা স্টেজের মধ্যে খাটানো হইল। এ কয়দিনের ব্যাপার তো একেই অপূর তাক লাগিয়াছে, আজকার থিয়েটার জিনিসটা কি সে আদৌ জানে না, আগ্রহ ও কৌতূহলের সহিত পূর্ব হইতেই ভাল জায়গাটি দখল করিয়া রাখিবার জন্য সে আসরের সামনের দিকে সন্ধ্যা হইতে বসিয়া রহিল।

ক্রমে-ক্রমে একে একে নিমন্ত্রিত ভদ্রলোকেরা আসিতে লাগিলেন, চারিদিকে আলো জ্বলিয়া উঠিল। বাড়ীর দারোয়ানেরা জরির উর্দী পরিয়া বাহিরে ও দরজার কাছে দাঁড়াইল। সরকার ইতস্ততঃ ছুটাছুটি করিয়া কাজ দেখাইতে লাগিল। কনসার্ট আরম্ভ হইল। যখন ড্রপসিন উঠিবার আর বেশী দেরি নাই, বাড়ীর গোমস্তা গিরিশ সরকার তাহার কাছে আসিয়া নীচু হইয়া চাহিয়া দেখিয়া বলিল—কে? অপূ মুখ উঁচু করিয়া চাহিয়া দেখিল কিন্তু মুখচোরা বলিয়া অনেকক্ষণ কথা কহিতে পারিল না। তাহাকে জবাব দিবার অবকাশ না দিয়াই গিরিশ সরকার বলিল—ওঠো, ওঠো, এখানে বাবুরা বসবেন—ওঠো—গিরিশ সরকার আন্দাজে তাহাকে চিনিতে পারিয়াছিল।

অপু পিছনে চাহিয়া বিপন্নমুখে নামতা পড়ার সুরে বলিল—আমি সন্দে থেকে এইখানটায় বসে আছি, পেছনে যে সব ভর্তি, কোথায় যাবো?... তাহার কথা শেষ হইতে না হইতে গিরিশ সরকার তাহার হাতের নড়া ধরিয়া জোরে ঝাঁকুনি দিয়া উঠাইয়া দিয়া বলিল—তোরা না কিছু করেছে, জ্যাঠা ছোকরা কোথাকার, জ্ঞান নেই, একেবারে সামনে বাবুরা বসবেন, উনি রাঁধুনীর ব্যাটা এসেচেন মুখের কাছে বসতে! কোথায় যাবো ওঁকে ব'লে দ্যাও—ফাজিল জ্যাঠা কোথাকার—যা এখন থেকে যা, ওই খামটার কাছে বসগে যা কোথাও—

পিছন হইতে দু'একজন কর্মকর্তা বলিলেন—কি হয়েছে, কি হয়েছে গিরিশ—কিসের গোল? কে ও?

—এই দেখুন না ম্যানেজারবাবু, এই জ্যাঠা ছোকরা বাবুদের এখানে এসে ব'সে আছে, একেবারে সামনে—চন্দননগরের ওঁরা এসেচেন, বসবার জায়গা নেই—উঠতে বল্টি, আবার মুখোমুখি তর্ক!

ম্যানেজারবাবু বলিলেন—দাও না দুই থাপ্পড় বসিয়ে—

অপু জড়সড় হইয়া কোনো দিকে না চাহিয়া অভিভূতের মত আসরের বাহির হইয়া আসিল। হঠাৎ তাহার মনে হইল আসরের সকলের চোখ তাহার দিকে, সকলেই কৌতূহলের সহিত তাহার দিকে চাহিয়া আছে। প্রথমটা ভাবিল হঠাৎ এক দৌড় দিয়া সে এখন এক আসর লোকের চোখের আড়ালে যে কোন জায়গায় ছুটিয়া পালায়। তাহার পর সে গিয়া এক খামের আড়ালে দাঁড়াইল। তাহার গা ঠকঠক করিয়া কাঁপিতেছিল ভয়ে, অপমানে, লজ্জায়, তাহার সূক্ষ্ম অনুভূতির পর্দাগুলিতে হঠাৎ বেখাপ্পা গোছের কাঁপুনি লাগিয়াছিল। একটু সামলাইয়া লইয়া খামের আড়াল হইতে উঁকি মারিয়া দেখিল....কিন্তু চারিদিকে চাকর-বাকর, ওপরের বারান্দায় চিকের আড়ালে মেয়েরা, ঝি-রাঁধুনীরা নীচের বারান্দায়

দাঁড়াইয়া আছে—তাহারা তো সকলেই ব্যাপারটা দেখিয়াছে, কি মনে করিতেছে উহারা! না জানিয়া কি কাণ্ডই করিয়া বসিয়াছে! সে তো জানে না ওটা বাবুদের জায়গা! সে বার বার মনকে বুঝাইতে চেষ্টা করিল তাহাকে সম্ভবতঃ কেহ চিনিতে পারে নাই। কে না কে, কত তো বাইরের লোক আসিয়াছে—কে তাহাকে চিনিয়াছে?

তাহার পর থিয়েটার আরম্ভ হইয়া গেল। সেদিকে তাহার লক্ষ্যই রহিল না। সম্মুখের এই লোকের ভিড়, বন্ধ বায়ু, আলোর মেলা, দারোয়ান চাকরের হৈ চৈ—কোনোদিকে তাহার খেয়াল রহিল না। ছুঁতু খানসামা একটা রূপার হাঁসের পানদান লইয়া নিমন্ত্রিত ব্যক্তিদের সারিতে পান বিলি করিতেছিল—সেইটার দিকে চাহিয়া অপূর গা যেন কেমন করিয়া উঠিল। ওপরের ঘেরা বারান্দার দিকে চাহিয়া ভারিল, ওদিকে মা নাই তো? যদি মা একথা জানিতে পারে! কিন্তু অপূর ভয় সম্পূর্ণ অমূলক, তাহার মা তখন সে অঞ্চলে ছিল না, এসব কথা তাহার কানেও যায় নাই।

পথের পাঁচালী

ত্রয়ত্রিংশ পরিচ্ছেদ

পরের বাড়ী নিতান্ত পরাধীন অবস্থায় চোরের মত থাকা সর্বজয়ার জীবনে এই প্রথম। সুখে হৌক্, দুঃখে হৌক্, সে এতদিন একা ঘরের একা গৃহিণী ছিল। দরিদ্র সংসারের রাজরাণী—সেখানে তাহার হুকুম এই এত বড় বাড়ীর গৃহিণী, বৌ-রাণীদের চেয়ে কম কার্যকরী ছিল না। এ যেন সর্বদা জুজু হইয়া থাকা, সর্বদা মন যোগাইয়া চলা, আর একজনের মুখের দিকে চাহিয়া পথ হাঁটা, পান থেকে চুন না খসে!—ছোট ছোট তস্য ছোট!..... এ তাহার অসহ্য হইয়া উঠিতেছিল। খাটিতে খাটিতে মুখে রক্ত ওঠে—কিন্তু এখানে খাটার মূল্য নাই। প্রাণপণে খাটো—কেহ নাম করিবার নাই। উহারা যখন দিবে তখন গর্বের সঙ্গে তাচ্ছিল্যের সঙ্গে ছুঁড়িয়া ফেলিয়া দিবে—তোমার খাটার মূল্য দিতেছ বলিয়া সামনে সামনে দিবে না। তোমাকে হাঁটু গাড়িয়া লইতে হইবেই।

এ ক্রমে তাহার অসহ্য হইয়া উঠিতেছে। কিন্তু উপায় কি?... বাইরে যাইবার সুবিধা কে? আশ্রয় কে দিবে? কোথায় দাঁড়াইবে?....

চিরকাল এইরকম কাটিবে? যতদিন বাঁচিবে ততদিন? ওই বামনী মাসীর মত?...

বিবাহের উৎসবের জের এখনও মেটে নাই, আজ মেয়েদের প্রীতিভোজ, সন্ধ্যার পর হইতেই নিমন্ত্রিত মহিলাদের গাড়ী পিছনের গেটে আসিতে শুরু করিল। ভিতরের বড় দরজা পার হইয়া সম্মুখেই মেয়ে-মহলের দোতলার বারান্দায় উঠিবার চওড়া মার্বেলের সিঁড়িটা নীলফুলের কাজ-করা কাপেট দিয়া মোড়া। সারা বারান্দাতে ও সিঁড়িতে গ্যাসের আলো, দোতলার বারান্দায় উঠিবার মুখে বড় বড় গ্যাসের ঝাড় জ্বলিতেছে। দুই বৌ-রাণী ও বাড়ীর মেয়েরা অভ্যর্থনা করিয়া সকলকে উপরে পাঠাইয়া দিতেছিলেন। নিমন্ত্রিতা মেয়েরা কেহ মুচকি হাসিয়া, কেহ হাসির লহর তুলিয়া কেহ ধীর, কেহ ক্ষীপ্র, কেহ সুন্দর অপূর্ব গতি-ভঙ্গীতে সিঁড়ি বাহিয়া উপরে উঠিতেছেন।

অপূ অনেকক্ষণ হইতে নীচের বারান্দায় একটা থামের কাছে দাঁড়াইয়া দেখিতেছিল। এ ধরণের দৃশ্য জীবনে সে এই প্রথম দেখিল, সেদিন বিবাহের রাত্রিতে ঘুমাইয়া পড়িবার দক্ষণ সে বিশেষ কিছু দেখে নাই। সকলের চেয়ে তাহার ভাল লাগিতেছিল এ বাড়ীর মেয়ে সুজাতাকে। সে কাপেট-মোড়া-মার্বেল পাথরের সিঁড়ি বাহিয়া এক-একবার নামিয়া আসিতেছে, নিমন্ত্রিতাদের মধ্যে কাহারও দিকে চাহিয়া হাসিমুখে বলিতেছে—বা বেশ তো মগ্ন-দি? একেবারে রাত আটটা কোরে? বকুলবাগানের বৌদি এলেন না? অভ্যর্থিতা সুন্দরী হাসিয়া বলিলেন—গাড়ী সাজিয়ে ব'সে আছি বেলা ছটা থেকে....বেকনো তো সোজা নয় ভাই, সব তৈরী না হলে তো....জানোই তো সব—

সুজাতা কাঞ্চনফুল রংএর দামী চায়না ক্রেপের হাতকটা জামার ফাঁকা দিয়া বাহির হওয়া শুভ, সুগোল, নিটোল বাছ দিয়া পিছন হইতে নিমন্ত্রিতাকে বেস্তন করিয়া আদরের ধরণে তাঁহার ডান কাঁধে মুখ রাখিয়া একসঙ্গে উপরে উঠিতে লাগিল। বলিতে বলিতে চলিল—মা বলছিলেন বকুলবাগানের বৌদি নাকি সামনের মাসে যাবেন কলকাতা—বুধবারে মা গেছলেন যে—ঠিক কিছু হোল?

সিঁড়ির ওপরের ধাপে মেজ বৌ-রাণী দেখা দিলেন। বয়স একটু বেশী, বোধ হয় ত্রিশের উপর, অপূর্ব সুন্দরী। তাঁর বেশের কোনো বাহুল্য নাই, ফিকে চাঁপারং-এর চওড়া লালপাড় রেশমী শাড়ীর প্রান্ত মাথার চূলে হীরার ক্লিপ দিয়া আঁটা, সিঁড়ির বড় ঝাড়ের আলোয় গলার সফ্র সোনার চেন চিক্ চিক্ করিতেছিল, সুন্দর গড়ন, একটু বীর, গস্তীর—এই বয়সেও দুধে- আলতা রং এর আভা অপূর্ব। মাসখানেক হইল উপযুক্ত ভাই মারা যাওয়াতে একটুখানি বিষাদের ছায়া পরিণত মুখের সৌন্দর্যকে একটি সংযত শ্রী দান করিয়াছে।

মগ্নি-দি উঠিতে উঠিতে মেজ বৌ-রাণীকে সম্মুখে দেখিয়া সিঁড়ির ওপরই দাঁড়াইয়া গেলেন—মেজ বৌদির শরীর আজকাল কেমন আছে? এই দেখুন না, একবার আস্বো আস্বো ক'রে....কাল ওঁরা এটোয়া থেকে সব এলেন, তাই নিয়ে অনেক রাত অবধি....

এত সুন্দর দেখিতে মানুষ হয়, অপূর্ণ এ ধারণা ছিল না। অপূর্ণ ইঁহাকে এই প্রথম দেখিল কারণ ইনি এতদিন এখানে ছিলেন না, ভাইয়ের মৃত্যুর পর সবে দিনকয়েক হইল বাপের বাড়ী হইতে আসিয়াছেন—সে মুগ্ধ চোখে অপলক বিশ্বয়ের দৃষ্টিতে চাহিয়া রহিল। এই আলো, চারিধারে সুন্দরীর মেলা, দামী পুষ্পসারের মৃদু মনমাতানো সৌরভ, বীণার ঝঙ্কারের মত সুর ও হাসির লহরীতে তাহার কেমন এক নেশা জমিয়া গেল। এই যদি সারাদিন চলে?...

মেজ বৌ-রাণী অনেকক্ষণ হইতে দেখিতেছিলেন সিঁড়ির কোণে একজন অপরিচিত ছেলে দাঁড়াইয়া আছে। সকলকে তিনি জানেন না—তাঁহার বাপও খুব বড়লোক, প্রায়ই বাপের বাড়ী থাকেন। দু'ধাপ নামিয়া আসিয়া মৃদুকণ্ঠে ডাকিয়া বলিলেন—খোকা, এস উঠে। দাঁড়িয়ে কেন? তুমি কোথেকে আসচ?....

অপূর্ণ অন্যদিকে চাহিয়া অন্য একদল আগন্তুকদের লক্ষ্য করিতেছিল—হঠাৎ ফিরিয়া চাহিয়া তাহাকেই মেজ বৌ-রাণী ডাকিতেছেন দেখিয়া প্রথমটা বিস্মিত হইল—যেন বিশ্বাস করিতে পারিল না। পরে রাজ্যের লজ্জা আসিয়া জুটিটেই সে উপরে উঠিয়া যাইবে কি ছুটিয়া পলাইবে ভাবিতেছে—এমন সময় মেজ বৌ-রাণী নিজেই নামিয়া আসিলেন—কাছে আসিয়া বলিলেন—কোথেকে আসচ? খোকা?....

অতি কষ্টে অনেক চেষ্টায় অপূর্ণ মুখ দিয়া বাহির হইল—আমি—আমি—এ—আমার মা—এই বাড়ী থাকেন—সঙ্গে সঙ্গে তাহার অত্যন্ত ভয় হইল যে, এখানে সে দাঁড়াইয়া আছে—কোথাকার রাঁধুণীর ছেলে—একথা শুনিয়া এখনি হয়তো ইনি কাহাকেও ডাকিয়া বলিবেন—ইহাকে গলাধাক্কা দিয়া বাহির করিয়া দাও এখান থেকে!....

মেজ বৌ-রাণী কিন্তু সে সব কিছুই করিলেন না—তিনি বিস্মিত মুখে বলিলেন—এ বাড়ী থাকেন তোমার মা?....কে বল তো....কি করেন? কতদিন তোমরা এসেচ?

অপূর্ণ ভাঙা ভাঙা কথায় আবোলতাবোল ভাবে পরিচয় দিল। মেজ বৌ-রাণী বোধ হয় ইহাদের কথা এবার আসিয়া শুনিয়াছেন—বলিলেন—ও তোমরা কাশী থেকে এসেচ বুঝি?....কি নাম তোমার?—তাহার সুন্দর, সরল চোখের দিকে চাহিয়া তাঁহার বোধ হয় কেমন করুণা হইল। বলিলেন—এস না ওপরে দাঁড়াবে—এখানে কেন?—ওপরে এস—

অপূর্ণ চোরের মত বৌ-রাণীর পিছনে পিছনে উপরে উঠিয়া কোণ ঘেঁষিয়া দাঁড়াইয়া রহিল। উপরে মেয়েদের বড় মজলিশ, সারা বারাদাটা কার্পেট-মোড়া। ধারে ধারে বড় বড় কাঁচকড়ার টবে গোলাপ গাছ, এরিকা পাম। কোণে বড় বৈঠকখানার অর্গ্যানটা। একটি মেয়ে খানিকক্ষণ সাধাসাধির পরে অর্গ্যানের ধারে ছোট গদি আঁটা টুলে গিয়া বসিলেন ও দু'একবার হালকা হাতে চাবি টিপিয়া—খানিকক্ষণ চুপ করিয়া হাসিমুখে একটি গান ধরিলেন। মেয়েটি দেখিতে সুশ্রী নয়, রংটা মাঝামাঝি, কিন্তু গানের গলা ভারী সুন্দর। তাহার পর আর একটি মেয়ে গান গাহিলেন, এ মেয়েটি দেখিতে তত ভাল নয়। মেজ বৌ-রাণীর মেয়ে লীলা একটি হাসির কবিতা ঘাড় নাড়িতে নাড়িতে আবৃত্তি করিয়া সকলকে খুব হাসাইল। ভারী সুন্দর মেয়ে, মায়ের মত সুশ্রী। আর কি মিষ্টি হাসি!

অপূর্ণ ভাবিতেছিল এই সময় তাঁহার মা একবার উপরে আসিয়া দেখিল না কেন? কোথায় রহিল মা কোন রান্নাঘরে পড়িয়া, হয়তো কাজ করিতেছে, এ সব মা আর কোথায় দেখিতে পাইবে?

মেয়েদের মজলিশ চলিতেছে, এমন সময় নীচে এক হৈ চৈ উঠিল। গিরিশ সরকারের গলাটা খুব শোনা যাইতেছিল।

সদু বি হাসিতে হাসিতে উপরে উঠিয়া বলিল—পোড়ানি!....কাণ্ড দ্যাখো....হি হি....বলে কিনা হুঁকোর মধ্যে....হি হি....।

দুই-তিনজন নিমন্ত্রিতা মহিলা জিজ্ঞাসা করিলেন—কি হয়েছে রে? কি?

—ঐ ঠিকে ঠাকুর একটা এসেছিল কোথেকে....লুচি ভাজতে গিয়েচে....সরকারদের খাবার ঘরের উঠানে বসে লুচি ভাজচে....বলে আমি বাইরে থেকে একবার....হুঁকোর মধ্যে....হি হি....নিয়ে যাচ্ছে পুরে চুরি করে....আধসেরের ওপর....গোমস্তা মশায় ধরেচে....রামনিহোর সিং মার যা দিচ্ছে....চুলের ঝুটি না ধরে—

সর্বজয়ার আজ সকাল হইতে নিঃশ্বাস ফেলিবার অবকাশ ছিল না। প্রায় দু মণ মাছ ভাজার ভার তাহার একার উপর—সকাল আটটা হইতে সে মাছের ঘরে এই কাজেই লাগিয়া আছে। চেঁচামেচি শুনিয়া সে ঘর হইতে বাহিরে আসিয়া দেখিল এক উঠান লোকের মধ্যে একজন পঁচিশ-ত্রিশ বছরের পাতলা ময়লা রংএর, ময়লা কাপড়-পরা বামুনের ছেলেকে দু-তিনজন মিলিয়া কেহ কিল, কেহ চড় বর্ষণ করিতেছে—লোকটা ঠিকে রাঁধুনী, অদ্যকার কার্যের জন্যই বাহির হইতে আসিয়াছিল—সে নাকি হুঁকার ভিতর করিয়া ঘি চুরি করিয়া লইয়া যাইতেছে। তাহার সে হুঁকাটি একদিকে ছিটকাইয়া ঘিটুকু উঠানের একদিকে পড়িয়া গিয়াছে—কাছা মারের চোটে খুলিয়া গিয়াছে—লোকটা বিপন্নভাবে সাফাই গাছিবার চেষ্টা করিতেছে এবং হুঁকার ভিতর ঘৃত পাওয়া যে খুব স্বাভাবিক এবং নিতানৈমিত্তিক ঘটনা বা ইহার মধ্যে সন্দেহের বা আশ্চর্য হইবার কথা কিছুই নাই—এই কথা উন্মত্ত জনসঙ্ঘকে বুঝাইবার চেষ্টা করিতেছে। কথা শেষ না করিতে দিয়াই শঙ্কুনাথ সিং দারোয়ান তাহাকে এমন এক ঠেলা মারিল যে, সে অশ্রুট স্বরে বাবা রে বলিয়া দালানের কোণের দিকে ঘুরিয়া পড়িয়া গেল এবং থামের কোণে মাথাটা ঠক করিয়া জোরে লাগিয়া বোধ হয় রক্তও বাহির হইল।

সর্বজয়া ক্ষেমি ঝিকে জিজ্ঞাসা করিল—কি হয়েছে ক্ষেমিমাসী?...আহা ওরকম ক'রে মারে?...বামুনের ছেলে....

ক্ষেমি বলিল—মারবে না! হাড় গুঁড়ো করে ছাড়বে....মারার হয়েছে কি এখনো...পুলিশে দেবে, বাঘের ঘরে ঘোগের বাসা—

ক্ষেমি ঝির মুখের কথা মুখেই রহিয়া গেল।

সে উপরে উঠিবার সিঁড়ির দিকে চাহিয়াই তটস্থ অবস্থায় দাঁড়াইয়া রহিল। সর্বজয়া চাহিয়া দেখিল একজন পঁয়ষড়ি-সত্তর বছরের বৃদ্ধা সিঁড়ি বাহিয়া নামিতেছেন, পাশাপাশি গৃহিণী, পিছনে দুই বৌ-রাণী ও বাড়ীর মেয়ে অরুণা ও সুজাতা। সকল ঝি-চাকরের দল তটস্থ অবস্থায় সিঁড়ির নীচের বারান্দায় কাতার দিয়া দাঁড়াইয়া—এ উহার পিঠে উঁকি মারিয়া দেখিতে লাগিল। সর্বজয়া ক্ষেমি ঝিকে চুপি চুপি বলিল, কে ক্ষেমিমাসী? ক্ষেমি ঝি ফিস্ফিস্ করিয়া কি বলিল—কোথাকার রাণীমা—সর্বজয়া ভাল শুনিতে পাইল না। কিন্তু তাহার মনে হইল ঠিক এইরকম চেহারার মানুষ সে যেন কোথায় আগে দেখিয়াছে। গিন্নী কাহাকে বলিলেন—খিড়কীর ফটকে ইহার পাক্কী আসিয়াছে কিনা দেখিয়া আসিতে। বৃদ্ধার নিজের সঙ্গেও দুই-তিনটি ঝি আসিয়াছে, তাহারা পিছনে পিছনে আছে। নানা বিদায় আপ্যায়নের বিনিময় হইল, বহু বিনীত হাস্য বিস্তার লাভ করিল, হঠাৎ এ বাড়ীর ঝি-চাকরের দল মাটিতে গড় হইয়া প্রণাম করিয়া ঋনিকক্ষণ যেন মাটির সঙ্গে মিশিয়া রহিল। সর্বজয়া মনে মনে ভাবিল—এরা এত বড়লোক, এরা যখন এত খাতির করছে, তখন তো যে সে নয়.....! বৃদ্ধার ষোল বেহারার প্রকাণ্ড পাক্কীটা খিড়কীর ফটকেই এতক্ষণ ছিল, বৃদ্ধাও পাক্কীতে উঠিলেন। তাঁহার দারোয়ানেরা পাক্কীর সামনে পিছনে দাঁড়াইল। তাঁহাকে বিদায় দিয়া গৃহিণী, অন্যান্য মেয়ের উপরে উঠিয়া গেলেন।

মাসীমা রুটির ঘরে আসিয়া চুপি চুপি বললেন—পয়সা রে বাপু, দেখলে তো পয়সার আদরটা? নিজেরই মস্ত জমিদারী, দুলাখ টাকা দান করেছেন, বাঙাল দেশের কোথাকার কলেজের জন্যে—পয়সারই আদর—আর এই তো আমিও আছি...ওদের তো আপনার লোক....গেরাজ্জি করে কেউ!

সর্বজয়ার কিন্তু সেদিন মন ছিল না। এইমাত্র তাহার মনে পড়িয়াছে। অনেকটা এইরকম চেহারার ও এইরকম বয়েসের—সেই তাহার বুড়ি ঠাকুরঝি ইন্দির ঠাকুরণ, সেই ছেঁড়া কাপড় গেরো দিয়া পরা,

ভাঙা পাথরে আমড়া ভাতে ভাত, তুচ্ছ একটা নোনাফলের জন্য কত অপমান, কেউ পৌছে না, কেউ মানে না, দুপুর বেলায়, সেই বাড়ী হইতে বিদায় করিয়া দেওয়া, পথে পড়িয়া সেই দীন মৃত্যু....

সর্বজয়ার অশ্রু বাধা মানিল না।

মানুষের অন্তর-বেদনা মৃত্যুর পরপারে পৌঁছায় কিনা সর্বজয়া জানে না, তবু সে আজ বার বার মনে মনে ক্ষমা চাহিয়া অপরিণত বয়সের অপরাধের প্রায়শ্চিত্ত করিতে চাহিল।

পথের পাঁচালী

চতুস্ত্রিংশ পরিচ্ছেদ

কয়েকদিন পরে অপু দালান দিয়া যাইতেছে, উপরের সিঁড়ি বাহিয়া মেজ বৌ-রাণীর মেয়ে লীলা নামিতেছিল। তাহাকে দেখিতে পাইয়া বলিল—দাঁড়াও না? তোমার নাম কি,—অপু না কি?

অপু বলিল—অপু বলে ডাকে—ভাল নাম শ্রীঅপূর্বকুমার রায়....

সে একটু অবাক হইল। এ বাড়ীর ছেলেমেয়েরা কখনও ডাকিয়া তাহার সঙ্গে কথা কহে নাই। লীলা কাছে আসিয়া দাঁড়াইল। কি সুন্দর মুখ! রাণুদি, অতসী-দি, অমলাদি, সকলেই দেখিতে ভাল বটে কিন্তু তখন সে তাহাদের চেয়ে ভাল কাহাকেও দেখে নাই। এ বাড়ী আসিয়া পর্যন্ত তাহার পূর্বকার ধারণা একেবারে বদলাইয়া গিয়াছে। বিশেষ করিয়া মেজ বৌ-রাণীর মত সুন্দর কোনো মেয়ের কল্পনাও সে করে নাই। লীলাও মায়ের মত সুন্দরী—সেদিন যখন লীলা মেয়ের মজলিশে হাসির কবিতা বলিতেছিল, তখন অপু একদৃষ্টে তাহার মুখের দিকে চাহিয়া ছিল, কবিতা সে ভাল শোনে নাই।

লীলা বলিল—তোমরা কতদিন এসেচ আমাদের বাড়ী? সেবার এসে তো দেখিনি?

—আমরা ফাল্গুন মাসে এইচি, এই ফাল্গুন মাসে—

—কোথেকে এসেচ তোমরা?

—কাশী থেকে। আমার বাবা সেইখানেই মারা গেলেন কিনা—তাই—

অপুর যেন বিশ্বাস হইতেছিল না। সারা ঘটনাটা এখনও যেন অবাস্তব, অসম্ভব ঠেকিতেছিল। লীলা, মেজ বৌ-রাণীর মেয়ে লীলা তাহাকে ডাকিয়া যাচিয়া তাহার সঙ্গে কথা কহিতেছে! খুশিতে তাহার সারা গা কেমন করিতে লাগিল!

লীলা বলিল—চল, আমার পড়ার ঘরে গিয়ে বসি, মাস্টার মশায়ের আসবার সময় হয়েছে—এস—

অপু জিজ্ঞাসা করিল—আমি যাবো?

লীলা হাসিয়া বলিল—বারে, বল্চি তো চল, তুমি তো ভারী লাজুক?—এস—তুমি দেখোনি আমার পড়ার ঘর? ওই পশ্চিমের দালানের কোণে?...

ঘর বেশী বড় নয় কিন্তু সাজানো। একটি ছোট পাথরের টেবিল দুপাশে দুখানা চামড়ার গদি-আঁটা চেয়ার পাতা। একখানা বড় ছবিওয়াল ক্যালেন্ডার। সবুজ কাঁচকড়ার খোলে একটা ছোট টাইমপিস্ ঘড়ি। একটা বই রাখিবার ছোট দেয়াল। চার-পাঁচখানা বাঁধানো ফটোগ্রাফ এ দেওয়ালে, ও দেওয়ালে। লীলা একটা চামড়ার এ্যাটাসি কেস্ খুলিয়া বলিল—এই দ্যাখো আমার জলছবি, মাস্টার মশায় কিনে দিয়েছেন, ভাগ শিখলে আরও দেবেন, জলছবি ওঠাতে জানো?

অপু বলিল—তুমি ভাগ জানো না?

—তুমি জানো? ভাগ কবেছ?

অপু তাচ্ছিল্যের সহিত ঠোট উন্টাইয়া বলিল—কবে!...

এই ভঙ্গিতে অপূর সুন্দর মুখখানি আরো ভারি সুন্দর দেখাইল।

লীলা হাসিয়া উঠিয়া বলিল—তুমি বেশ মজার কথা বলতে পারো তো? পরে সে অপূর ঠোটের নীচে হাত দিয়া বলিল—এটা কি? তিল? বেশ দেখায় তো তোমার মুখে, তিলে বেশ মানিয়েছে, তোমার বয়স কত? তেরো? আমার এগারো—তোমার চেয়ে দুবছরের ছোট—

অপু বলিল—তুমি সেদিন মুখস্ত বলেছিলে, একটা হাসির ছড়া, বেশ লেগেচে আমার—
—তুমি জানো কবিতা?

—জানি—বাবার একখানা বই আছে, তা থেকে শিখিচি—

—বলো দিকি?

লীলার গলার সুর কি মিষ্টি, এমন সুর সে কোন মেয়ের এ পর্যন্ত শোনে নাই।

অপু ঘাড় দুলাইয়া বলিল—

যে জনের খড় পেতে•খেজুর চেটায় ঘুমিয়ে কাল কাটে,

তাকে খাট-পালঙ্ক খাসা মশারি খাটিয়ে দিলে কি খাটে?

কথার শেষে সে জিজ্ঞাসার ভঙ্গিতে ঘাড় নাড়ে। বলিল—দাশু রায়ের পাঁচালীর ছড়া, আমার কাছে বই আছে—

লীলা হাসিয়া গড়াইয়া পড়ে আর কি। বলিল—তুমি ভারী মজার কথা জানো তো? এমন হাসাতে পারো তুমি!...

লীলার মুখের প্রশংসায় অপূর মনে আহ্লাদ ধরে না। সে উৎসাহের সুরে বলিল—আর একটা বলবো? আমি আরও জানি—পরে সে কড়িকাঠের দিকে চোখ তুলিয়া একটুখানি ভাবিয়া লইয়া পরে আবার ঘাড় দুলাইয়া আরম্ভ করে—

মুনির চিন্তা চিন্তামণি নাই অন্য আশা

নিষ্কর্মা লোকের চিন্তা তাস আর পাশা।

ধনীর চিন্তা ধন আর নিরেনকবই এর ধাক্কা,

যোগীর চিন্তা জগন্নাথ, ফকিরের চিন্তা মন্কা,

গৃহস্থের চিন্তা বজায় রাখতে চারি চালের ঠাট্টা,

শিশুর চিন্তা সদাই মাকে, পশুর চিন্তা পেটটা।

এ ছড়ার সকল কথার অর্থ লীলা বুঝিতে পারিল না। কিন্তু আবার হাসিয়া গড়াইয়া পড়িবার যোগাড় করিল। বলিল, দাঁড়াও লিখে নেবো—

লীলা এ্যাটাসি কেস্টা হইতে কলম বাহির করিয়া বলিল—বল দিকি?

অপু আবার বলিতে শুরু করিল। খানিকটা পরে একটু অবাক হইয়া বলিল—কালি নেওনি তো লিখেচ কেমন করে?

লীলা বলিল—এ তো ফাউন্টেন পেন—কালি তো লাগে না, এর মধ্যে ভরা আছে—জানো না?

অপূর হাতে লীলা কলমটা তুলিয়া দিল। অপু উন্টাইয়া পান্টাইয়া দেখিয়া বলিল—এ তো বেশ, কালিতে মোটে ডোবাতে হয় না!

—তা নয়, কালি ভরা থাকে, ভরে নিতে হয়—এই দ্যাখো, দেখিয়ে দি—

—বাঃ বেশ তো! দেখি একবারটি—

লীলা কলমটা অপূর হাতে দিয়া হাসিমুখে বলিল—তোমায় দিয়ে দিলাম একেবারে—

অপু অবাক হইয়া লীলার দিকে চাহিল। পরে লজ্জিতমুখে বলিল—না আমি নেবো না—

লীলা বলিল—কেন?

—উঁহু—

—কেন?

—নাঃ!

লীলা একটু দুঃখিত হইল। বলিল—নাও না?...আমি আর একটা বাবার কাছ থেকে নেবো, নাও তুমি এটা, দেখি তোমার হাত? বাস!...ফেরত দিতে পারবে না।

ব্যাপারটা অপূর সম্পূর্ণ অবাস্তব ঠেকিল। সে বলিল—কিন্তু তোমায় যদি কেউ বকে?

লীলা বলিল—ফাউন্টেন পেন দেবার জন্য? কেউ বকবে না, আমি মাকে বলবো অপূর্বকে দিয়ে দিলাম—বাবার কাছ থেকে আর একটা নেবো—বাবার ফটো দেখবে?...ওই ক্যালেন্ডারের পাশে টাঙানো—দাঁড়াও পাড়ি—

তাহার পর লীলা আরও দু-তিনখানি ফটো দেখাইল। আলমারি হইতে খানকতক বই বাহির করিয়া বলিল—মাস্টার মশায় কিনে দিয়েছেন—তুমি কোন্ স্কুলে পড়ো?

অপু কাশীতে সেই যা'দিনকতক স্কুলে পড়িয়াছিল, আর ঘটে নাই। বলিল—কাশীতে পড়তাম এখন আর পড়ি নে—কথাটা বলিতে সে সঙ্কেচ বোধ করিতেছিল বলিয়াই শেষের কথাটা এমন সুরে বলিল, যেন না পড়িয়া খুব একটা বাহাদুরি করিতেছে। একখানা বইয়ে অনেক ছবি। অপু বলিল—বইখানা পড়তে দেবে একবারটি?

লীলা বলিল—নাও না? আমার আরও অনেক ছবির বই আছে, তিন বছরের বাঁধানো মুকুল আছে, মায়ের ঘরের আলমারিতে, এনে দেবো, পড়ো—

অপু বলিল—আমার কাছেও বই আছে, আনবো?

লীলা বলিল—চলো, তোমাদের ঘরে যাই—

লীলাকে নিজেদের ঘরে লইয়া যাইতে অপূর লজ্জা করিতে লাগিল। আসবাবপত্র কিছু নাই, ছেঁড়া বালিশের ওয়াড়, আলনায গায়ে দেওয়ার কাঁথা। লীলা তবুও গেল। অপু নিজের টিনের বাস্কাটা খুলিয়া একখানা কি বই হাসি-হাসি মুখে দেখাইয়া গর্বের সুরে বলিল—আমার লেখা, এই দ্যাখো ছাপার অক্ষরে লেখা আছে আমার নাম—

লীলা তাড়াতাড়ি হাত হইতে লইয়া বলিল—দেখি দেখি?

সেই কাশীর স্কুলের ম্যাগাজিনখানা। হরিহর ছেলের গল্প ছাপানো দেখিয়া যাইতে পারে নাই, তাহার মৃত্যুর তিন দিন পরে কাগজ বাহির হয়। লীলা পড়িতে লাগিল, অপু তাহার পাশে বসিয়া উৎফুল্ল মুখে লীলার চোখের দৃষ্টি অনুসরণ করিয়া পঠিত লাইনগুলি নিজেও মনে মনে একবার করিয়া পড়িয়া যাইতেছিল। শেষ করিয়া লীলা প্রশংসমান চোখে অপূর মুখের দিকে খানিকটা চাহিয়া বলিল—বেশ তো হয়েছে, আমি এখানা নিয়ে যাই, মাকে দেখাবো—

অপূর ভারী লজ্জা হইল। বলিল—না—

লীলা শুনিল না। কাগজখানা হাতে করিয়া রাখিল। বলিল—নিশ্চিন্দপুর লেখা আছে, নিশ্চিন্দপুর কোথায়?

—নিশ্চিন্দপুর যে আমাদের গাঁ—সেইখানেই তো আমাদের আসল বাড়ী—কাশীতে তো মোটে বছর খানেক হ'ল আমরা—

এমন সময় ছোট মোক্ষদা দুয়ারের কাছে আসিয়া ঘরের মধ্যে মুখ বাড়াইয়া কহিল—ওমা দিদিমণি, তুমি এখানে ব'সে? আমার পোড়ানি! ওদিকে মাস্টারবাবু ব'সে ব'সে হয়রান, আমি ওপর নীচে সব ঘর খুঁজে খুঁজে—তা কে জানে তুমি এঁদো-পড়া কুঠুরিতে—এস এস—

লীলা বলিল—যা তুই, আমি যাচ্ছি, যা—

ছোট মোক্ষদা বলিল—তা বসবার কি এই জায়গা নাকি? বলে আমাদেরই তাই মাথা ধরে—তাই কি ওই আস্তাবলের খোট্টা মিসেরা ঘোড়ার জায়গাগুলো বাঁট দেয়, না ধোয়? উঁহ-হু কি গন্ধ আসছে দ্যাখো—এস দিদিমণি, শিগগির—

লীলা বলিল—যাবো না যাঃ, আমি আজ পড়বো না, যা বল্গে যা—কে তোকে বলচে এখানে বক্‌বক করতে? যা মাকে বল্গে যা—

ছোট মোক্ষদা খর খর করিয়া চলিয়া গেল। অপু বলিল—তোমার মা বক্‌বেন না? কেন ওকে ওরকম বল্বে?

পরদিন দুপুরে সে নিজের ঘরে ঘুমাইতেছিল। কাহার ঠেলায় ঘুম ভাঙিয়া চোখ চাহিয়াই দেখিল—লীলা হাসিমুখে বিছানার পাশে। সে মেজেতে মাদুর পাতিয়া ঘুমাইতেছিল, লীলা হাঁটু গাড়িয়া বসিয়া তাহাকে ঠেলা মারিয়া উঠাইয়াছে, এখনও সেই ভাবেই কৌতুকপূর্ণ ডাগর চোখে তাহার দিকে চাহিয়া আছে। হাসিমুখে বলিল—বেশ তো, দুপুর বেলায় বৃষ্টি এমন ঘুমোয়? আমি বা'র থেকে ডাক দিলাম, এসে দেখি খুব ঘুম—

অপু কৌঁচার খুঁটে চোখ মুছিতে মুছিতে তাড়াতাড়ি উঠিয়া বসিল। বলিল—সকালবেলা পড়তে আসোনি? আমি তো পড়ার ঘর-টর সব খুঁজে দেখি কেউ কোথাও নেই—

লীলা অপূর স্কুলের সেই কাগজখানা অপূর হাতে দিয়া বলিল—মাকে প'ড়ে শোনালাম কাল রাতে, মা নিজেও প'ড়ে দেখলেন। অপূর সারা গা খুশিতে কেমন করিয়া উঠিল। অত্যন্ত লজ্জা ও সংকোচ বোধ হইল। মেজ বৌ-রাণী তাহার লেখা পড়িয়াছেন।

লীলা বলিল—এসো আমার পড়ার ঘরে, সখা-সাথী বাঁধানো এনে রেখেচি তোমার জন্যে—অপু আলনার দিকে চাহিল। তাহার ভাল কাপড়খানা এখনও শুকায় নাই, যেখানা পরিয়া আছে সেখানা পরিয়া বাহিরে যাওয়া যায় না। বলিল—এখন যাবো না—

লীলা বিস্ময়ের সুরে বলিল—কেন?

অপু ঠোঁট চাপিয়া সকৌতুক হাসিমুখে ঘাড় নাড়িল। সে জানে না তাহার মুখ কি অপূর্ব সুন্দর দেখায় এই ভঙ্গীতে।

লীলা মিনতির সুরে বলিল—এস এস—

অপু আবার মুখ টিপিয়া হাসিল।

—বাবা, কি একণ্ডয়ে ছেলে যে তুমি! না বললে আর হাঁ হ'বার যো নেই বুঝি? আচ্ছা দাঁড়াও, বইটা এখানে—

অপু হাসি চাপিতে না পারিয়া খিল্ খিল্ করিয়া হাসিয়া ফেলিল।

লীলা বলিল—অত হাসি কেন? কি হয়েছে বলো—না বলতেই হবে—বলো ঠিক—

অপু আলনার দিকে হাসি-ভরা চোখের ইঙ্গিত করিল মাত্র, কিছু বলিল না।

এবার লীলা বুঝিল। আলনার কাছে গিয়া হাত দিয়া বলিল—একটুখানি শুকিয়েচে, তুমি বসো, আমি বইখানা আনি—ফাউন্টেন পেনে লিখচো? কেমন, বেশ ভাল লেখা হয় তো?

তাহার পর অনেকক্ষণ ধরিয়া লীলার আনা বই দুজনে দেখিল। বই মাদুরে পাতিয়া দুই জনে পাশাপাশি হাঁটু গাড়িয়া বসিয়া উপড় হইয়া বই এর উপর ঝুঁকিয়া বই দেখিতেছিল। লীলার রেশমের মত চিকন নরম চুলগুলি অপূর খোলা গায়ে লাগিয়া যেন গা সির্ সির্ করে। হঠাৎ লীলা বই হইতে মুখ তুলিয়া বলিল—তুমি গান জানো?

অপু ঘাড় নাড়িল।

—তবে একটা গাও—

—তুমি জানো?

—একটু একটু, কেন বিয়ের দিন শোনোনি?

ছোট মোক্ষদা ঝি ঘরে উঁকি মারিয়া কহিল—এই যে দিদিমণি এখানে। আমিও মনে ভেবেচি তাই, উপরে নেই, পড়ার ঘরে নেই, তবে ঠিক—এস দিকি, এই দুধটুকু খেয়ে যাও, জুড়িয়ে গেল—হাতে করে খুঁজে খুঁজে হয়রান—

রূপার ছোট গ্লাসে এক গ্লাস দুধ! লীলা বলিল—রেখে যা—এসে এর পর গ্লাস নিয়ে যাস্—ঝি চলিয়া গেল। আরও খানিকটা বইয়ের ছবি দেখা চলিল। এক ফাঁকে লীলা দুধের গ্লাস হাতে তুলিয়া বলিল—তুমি খেয়ে নাও আদেহুটা—

অপু লজ্জিত সুরে বলিল—না।

—তোমাকে ভারী খোশামোদ কর্তে হয় সব তাতে—কেন ওরকম? আমাদের মূলতানি গরুর দুধ—খেয়ে নাও—ক্ষীরের মত দুধ, লক্ষ্মী ছেলে—

অপু চোখ কুঁচকাইয়া বলিল—ইঃ লক্ষ্মী ছেলে? ভারী ইয়ে কি না? উনি আবার—

লীলা দুধের গ্লাস অপূর মুখে তুলিয়া দিয়া ঘাড় নাড়াইয়া বলিল—আর লজ্জায় কাজ নেই—আমি চোখ বুজে আছি, নাও—

অপু এক চুমুকে খানিকটা দুধ খাইয়া ফেলিয়া মুখ নামাইয়া লইল ও ঠোঁটের উপরের দুধের দাগ তাড়াতাড়ি কৌঁচার খুঁটে মুছিতে মুছিতে হাসিয়া ফেলিল।

লীলা গ্লাসে চুমুক দিয়া বাকী দুধটুকু শেষ করিল, পরে সেও খিল্ খিল্ করিয়া হাসিয়া উঠিল।
—বেশ মিষ্টি দুধ, না?
—আমার এঁটো খেলে কেন? খেতে আছে পরের এঁটো?
—আমার ইচ্ছে—একটুখানি থামিয়া কহিল—তুমি বললে জলছবি তুলতে জানো, ছাই জানো, দাও তো আজ আমার ক'খানা জলছবি তুলে?

পথের পাঁচালী

পঞ্চত্রিংশ পরিচ্ছেদ

জ্যৈষ্ঠ মাসের মাঝামাঝি সর্বজয়া চাহিয়া-চিস্তিয়া কোনো রকম অপূর উপনয়নের ব্যবস্থা করিল। পরের বাড়ী, ঠাকুর-দালানের রোয়াকের কোণে ভয়ে ভয়ে কাজ সারিতে হইল। বামনী মাসী নাড়ু ভাজিতে সাহায্য করিল, দু'একজন রাঁধুনী-বামুনঠাকুরকে নিমন্ত্রণ করিয়া আসিল, বাহিরের সন্ত্রান্ত লোকের মধ্যে বীরু গোমস্তা ও দীনু খাতাঞ্জি। উপনয়ন মিটিয়া যাওয়ার দিনকতক পরে অপূ নিজের ঘরটিতে বসিয়া বসিয়া লীলার দেওয়া বাঁধানো মুকুল পড়িতেছিল। খোলা দরজা দিয়া কে ঘরে ঢুকিল। অপূ যেন নিজের চোখকে বিশ্বাস করিতেই পারিল না, তাহার পরই বলিয়া উঠিল—এ কি, বাঃ—কখন—

লীলা কৌতুক ও হাসিভরা চোখে দাঁড়াইয়া। অপূ বলিল—বাঃ বেশ তো তুমি। ব'লে গেলে সোমবারে আসবো কলকাতা থেকে, কত সোমবার হয়ে গেল—ফিরবার নামও নেই—

লীলা হাসিয়া মেজেতে বসিয়া পড়িল। বলিল—আসবো কি ক'রে? স্কুলে ভর্তি হয়েচি, বাবা দিয়েছেন ভর্তি ক'রে, বাবার শরীর খারাপ, এখন আমরা কলকাতার বাড়ীতেই থাকব কি না? এখন ক'দিন ছুটি আছে তাই মার সঙ্গে এলাম—আবার বুধবারে যাবো।

অপূর মুখ হইতে হাসি মিলাইয়া গেল। বলিল—থাকবে না আর তোমরা এখানে?

লীলা বলিল—বাবার শরীর ভালো হ'লে আবার আসবো—

পরে সে হাসিমুখে বলিল—চোখ বুজে থাকো তো একটু?

অপূ বলিল—কেন?

—থাকো না?

অপূ চক্ষু বুজিল ও সঙ্গে সঙ্গে হাতে কি একটা ভারী জিনিসের স্পর্শ অনুভব করিল। চোখ খুলিতেই লীলা খিল্ খিল্ করিয়া হাসিয়া উঠিল। একটা কার্ড বোর্ডের বাস্ক তাহার কোলের উপর। বাস্কটা খুলিয়া ফেলিয়া লীলা দেখাইল দেশী ধুতি-চাদর ও রাঙা সিল্কের একটা পাঞ্জাবি। লীলা হাসিমুখে বলিল—মা দিয়েছেন—কেমন হয়েছে? তোমার পৈতের জন্যে—

ধুতি-চাদর বিশেষ করিয়া পাঞ্জাবিটা দরের জিনিস, ব্যবহার করা দূরের কথা এ বাড়ীতে পা দিবার পূর্বে অপূ চক্ষেও কখনো দেখে নাই।

লীলা অপূর মুখের দিকে চাহিয়া বলিল—এক মাসে তোমার মুখ বদলে গিয়েছে? আরও বড় দেখাচ্ছে, দেখি নতুন বামনের পৈতে?—তারপর কান বিঁধতে লাগলো না? আমার ছোট মামাতো ভাইয়ের পৈতে হোল কিনা, সে কেঁদে ফেলেছিল—

হঠাৎ অপূ একখণ্ড মুকুল দেখাইয়া বলিল—পড়েচো এ গল্পটা?

লীলা বলিল—কি দেখি?

অপূ পড়িয়া শোনইল। সমুদ্রের তলায় কোন্ স্থানে স্পেনদেশের এক ধনরত্ন পূর্ণজাহাজ দুই তিনশত বৎসর পূর্বে ডুবিয়া যায়—আজ পর্যন্ত অনেক খোঁজ করিয়াছে, কেহ স্থানটা নির্ণয় করিতে পারে নাই। গল্পটা এইমাত্র পড়িয়া সে ভারী খুশী হইয়াছে।

বলিল—কেউ বার কর্তে পারেনি—কত টাকা আছে জানো? একক, দশক, শতক, সহস্র, অযুত, লক্ষ—পঞ্চাশ লক্ষ পাউণ্ডের সোনা—রূপা....এক পাউণ্ডে তের টাকা—গুণ করো দিকি? তাহার পরে সে তাড়াতাড়ি একটু কাগজে আঁকটা কবিয়া দেখাইয়া বলিল—এই দ্যাখো এত টাকা!....আগেও সে

১৯২৮ সালের হিসাবে এক পাউণ্ডের দাম ছিল ভারতীয় মুদ্রায় ১৩ টাকা।

আঁকটা একবার কষিয়াছে। উজ্জলমুখে বলিল—আমি বড় হলে যাবো— দেখবো গিয়ে—ঠিক বার করবো দেখো—কেউ সন্ধান পায়নি এখনও সেখানে—

লীলা সন্দ্বিগ্ন হইয়া বলিল—তুমি যাবে? কোন্ জায়গায় আছে তুমি বার করবে কি করে?

—এই দ্যাখো লিখেচে “পোর্তো প্লাতার সন্নিহিত সমুদ্রগর্ভে”—খুঁজে বার করবো!...

সে গল্পটি পড়িয়াই ভাবিয়াছে, ভালোই হইয়াছে কেহ বাহির করিতে পারে নাই। সবাই সব বাহির করিয়া লইলে তাহার জন্য কি থাকিবে? সে বড় হইয়া তবে কি তুলিবে? এখন সে যাওয়া পর্যন্ত থাকিলে হয়!...

লীলার বয়স কম হইলেও খুব বুদ্ধিমতী। ভাবিয়া ভাবিয়া বলিল—ওদের মত জাহাজ পাবে কোথায়? তোমার একখানা আলাদা জাহাজ চাই—ওদের মতন—

—সে হয়ে যাবে, কিনবো, বড় হোলে আমার টাকা হবে না বুঝি?

এবার বোধ হয় লীলার অনেকটা বিশ্বাস হইল। সে এ লইয়া আর কোনও তর্ক উঠাইল না।

খানিকটা পরে বলিল—তুমি কলকাতা গিয়েচ?

অপু ঘাড় নাড়িয়া বলিল—আমি দেখিনি কখনো—খুব বড় শহর?—এর চেয়ে বড়?

লীলা হাসিয়া বলিল—ঢের ঢের—

কান্দীর চেয়েও বড়?

—কান্দী আমি দেখিনি—

তারপর সে অপুকে নিজের পড়ার ঘরে লইয়া আসিল। একখানা খাতা দেখাইয়া বলিল—দ্যাখো তো কেমন ফুলগাছ এঁকেচি, কি রকম ড্রইংটা?

অপু খানিকটা পরে বলিল—আমি শুইগে, মাথাটা বড্ড ধরেচে—

লীলা বলিল—দাঁড়াও আমি একটা মস্তুর জানি মাথা-ধরা সারাবার—দেখি? পরে সে দুহাতের আঙুল দিয়া কপাল এমন ভাবে টিপিয়া দিতে লাগিল যে অপু হাসিয়া বলিল—উঃ বড় সুড়সুড়ি লাগ্চে।

লীলা হাসিয়া বলিল—আমার বড় মামাতো ভাইকে কুস্তি শেখায় একজন পালোয়ান আছে, তার কাছে শেখা—বেশ ভালো না? সেরেচে তো?

দিনকতক পরেই লীলারা পুনরায় কলিকাতায় চলিয়া গেল।

অপু মাকে বলিয়া কহিয়া একটা ছোট স্কুলে যায়। যে বড় রাস্তার ধারে ইঁহাদের বাড়ী সেখান হইতে কিছুদূর গিয়া বাঁ-ধারে ছোট গলির মধ্যে একতলা বাড়ীতে স্কুল। জনপাঁচেক মাস্টার, ভাণ্ডা বেঞ্চি, হাতল-ভাণ্ডা চেয়ার, তেলকালি ওঠা ব্ল্যাকবোর্ড, পুরানো ম্যাপ খানকতক—ইহাই স্কুলের আস্বাব। স্কুলের সামনেই খোলা ড্রেন, অপুদের ক্লাস হইতে জানালা দিয়া বাহিরে চাহিলে পাশের বাড়ীর চুনবালির কাজ-বিরহিত নগ্ন ইঁটের দেওয়াল নজরে পড়ে। সে স্কুলে যাইতে যাইতে দেখে ধাঙড়ে ড্রেন সাফ করিতে করিতে চলিয়াছে, স্থানে স্থানে ময়লা জড়ো করা। সারাদিন স্কুলের মধ্যে কেমন একটা বন্ধ বাতাসের গন্ধ, পাশের এক হিন্দুস্থানী ভূজাওয়ালা দুপুরের পর কয়লার আঁচ দেয়, কাঁচা কয়লার ধোঁয়ার মিষ্টি মিষ্টি গন্ধ বাহির হয়, অপু মাথার মধ্যে কেমন করে, স্কুলের বাহিরে আসিয়া যেন সেটা কাটিতে চায় না।

তাহার ভাল লাগে না, মোটেই ভাল লাগে না, শহরের এই সব ইঁট-সিমেন্টের কান্ড-কারকানায় তাহার হাঁফ ধরে, কেমন যেন দম আটকাইয়া আসে। কিসের অভাবে প্রাণটা যেন আকুলি-বিকুলি করে, সে বুঝিতে পারে না কিসের অভাবে।

পথে ঘাস খুব কম, গাছপালা বেশী নাই, দু'একটা এখানে ওখানে। সুবর্কীর পথ, পাকা ড্রেন, দুই বাড়ীর মাঝখানের ফাঁকে আবর্জনা, ময়লা জল, ছেঁড়া কাপড়, কাগজ। একদিন সে এক সহপাঠীর সঙ্গে তাহাদের বাড়ীতে গিয়াছিল। একতলা খোলার ঘর। অপুসির উঠানের চারিধারের ঘরগুলিতে এক-একঘর গৃহস্থ ভাড়াটে থাকে। দোরের গায়ে পুরানো চটের পর্দা। ঘরের মেঝে উঠান হইতে বিষতের (পথের পাঁচালী)-১১

বেশী উঁচু নয়, কাজেই আর্দ্রতা কাটে না। ঘরের মধ্যে আলো-হাওয়ার বালাই নাই। উঠান বিশ্রী নোংরা, সকল গৃহস্থই একসঙ্গে কয়লার আঁচ দিয়াছে, আবার সেই মিষ্টি মিষ্টি গন্ধটা। সবসুদ্ধ মিলিয়া অপূর অত্যন্ত খারাপ লাগে, মন যেন ছোট এতটুকু হইয়া যায়, সেদিন তাহারা উহাকে বসিতে বলিলেও সে বেশীক্ষণ থাকিতে পারে নাই, সদর রাস্তায় আসিয়া তবুও অনেকটা স্বস্তি বোধ করিয়াছিল।

বাড়ী ফিরিয়াও সেই বন্ধতা। বরং যেন আরও বেশী। এখানে ইট-সিমেন্ট আর মার্বেল পাথরে চারিধার মায় উঠান পর্যন্ত বাঁধানো। অপূ মাটি দেখিতে না পাইলে থাকিতে পারে না, এখানে যা মাটি আছে, তাও যেন অন্যরকম। যে মাটির সঙ্গে তার পরিচয় এ যেন সে মাটি নয়। তাহা ছাড়া ইহাদের বাড়ী চলিবার ফিরিবার স্বাধীনতা কৈ? থাকিতে হয় ভয়ে ভয়ে চোরের মত ! কে কি বলিবে, উঁচু গলায় কথা কওয়া যায় না, ভয় করে।

এক-একদিন অপূ দপ্তরখানায় গিয়া দেখিয়াছে বুড়ো খাতাজি একটা লোহার সিক বসানো খাঁচার মত ঘরে অন্ধকারের মধ্যে বসিয়া থাকে। অনেকগুলি খেরো বাঁধানো হিসাবের খাতা একদিকে স্তূপীকৃত করা। ছোট্ট কাঠের হাতবাক্স সামনে করিয়া বুড়ো সারাদিন ঠায় একটা ময়লা চিট তাকিয়া হেলান দিয়া আছে। ঘরে এত অন্ধকার যে, দিনমাণেও মাঝে মাঝে ছোট্ট রেডির তেলের প্রদীপ জ্বলে। গিরিশ গোমস্তা জমাসেরস্তায় বসে। নিচু তক্তপোশের উপর ময়লা চাদর পাতা—চারিধারে দু'কোণে কাপড়ে বাঁধা রাশি রাশি দপ্তর। সে ঘরটা খাতাজিখানার মত অত অন্ধকার নয়, দু'তিনটা বড় বড় জানালাও আছে, কিন্তু তক্তপোশের নীচে রাশীকৃত তামাকের গুল ও ছেঁড়া কাগজ এবং কড়িকাঠে মাকড়সার জাল ও কেরোসিন আলোর ঝুল। যখন বীরু মুহুরী হাঁকিয়া বলে—ওহে রামদয়াল দেখো তো, গত তৌজিতে বাদ্যকর খাতে কত খরচ লেখা আছে?...তখনই কি জানি কেন অপূর মনে দারুণ বিতৃষ্ণা আবার জাগিয়ে উঠে।

সকালবেলা। অপূ দেউড়ির কাছটায় আসিয়া দেখিল বাড়ীর ছেলেরা চেয়ার-গাড়ীটা ঠেলিয়া খেলিতেছে। গাড়ীটা নূতন তৈয়ারী হইয়া আসিয়াছে, ডাঙলাগানো লোহার চেয়ার, উপরে চামড়ার গদী, বড় বড় চাকা—ঝকঝকে দেখিতে। সে কাছে আসিয়া দাঁড়াইয়া দাঁড়াইয়া দেখিতেছে, রমেন বলিল—এই, এসে ঠেল তো একবার আমাদের—

এই গাড়ীটা আসা অবধি অপূর মনে মনে ইহার উপর লোভ আছে, খুশি হইয়া বলিল—ঠেলচি, আমায় একবার চড়তে দেবেন তো?

রমেন বলিল—আচ্ছা হবে, ঠেল্ তো—খুব জোরে দিবি—

খুব খানিকক্ষণ খেলা হইবার পর রমেন হঠাৎ বলিল—আচ্ছা খুব হয়েছে এবেলা—থাক্ আর নয়—পরে গাড়ী লইয়া সকলে চলিয়া যাইতেছে দেখিয়া অপূ বলিল—আমি এটু চড়বো না?

রমেন বলিল—আচ্ছা যা যা, এ বেলা আর চড়ে না, বেশী চড়লে আবার ভেঙে যাবে—দেখা যাবে ও-বেলা—

স্ফোভে অপূর চোখে জল আসিল। সে এতক্ষণ ধরিয়া আশায় আশায় ইহাদের সকলকে প্রাণপণে ঠেলিয়াছে।

বলিল—বা, আপনি যে বল্লেন আমাকে একবার চড়তে দেবেন আমার পালায়? আমি সকলকে ঠেললাম—বেশ তো ! সেদিনও ওইরকমই চড়ালেন না শেষকালে—

রমেন বলিল—ঠেললি কেন তুই, না ঠেললেই পান্ডিস্—যা—কে বলেচে তোকে চড়তে দেবে? গাড়ী কিনতে পয়সা লাগে না?

সে বলিল—কেন আপনিও বল্লেন, ওই সন্তুও তো বল্লেন—ঠেলে ঠেলে আমার হাত গিয়েছে—আর আমি বুঝি একবারটি—বেশ তো আপনি—

রমেন গরম হইয়া বলিল—আমি বলিনি যা—

সন্তু বলিল—ফু-র্-র্-র্—বক দেখেচ?

কোনও কিছু না হঠাৎ বড়বাবুর ছেলে টেবু আসিয়া তাহার গলায় হাত দিয়া ঠেলিতে ঠেলিতে বলিল—যা যা—আমরা চড়াবো না আমাদের খুশি—তোার নিজের ঘরের দিকে যা—এদিক আসিস্ কেন খেলতে ?

টেবু অপূর অপেক্ষা বয়সে ছোট বলিয়া তাহার কৃত অপমানের দর্শনই হউক বা সকলের ঠাট্টা-বিদ্রোপের জনাই হউক—অপূর মাথা কেমন বেঠিক হইয়া গেল—সে ঝাঁকুনি দিয়া ঘাড় ছিনাইয়া লইয়া টেবুকে এক ধাক্কা মারিতেই টেবু ঘুরিয়া গিয়া দেওয়ালের উপর পড়িয়া গেল—কপালটা দেওয়ালে লাগিয়া খানিকটা কাটিয়া রক্তপাত হইতে টেবু সঙ্গে সঙ্গে বিকট চীৎকার করিয়া কাঁদিয়া উঠিল।

ঝি-চাকর ছুটিয়া আসিল, খানসামা দারোয়ান ছুটিয়া আসিল—উপরের বৈঠকখানায় বড়বাবু সকালবেলা কাছারী করিতেছিলেন, তিনি সদলবলে নীচে নামিয়া আসিলেন। দশ দিক হইতে দশ ঘটী জল... বাতাস...জলপটি, হে-হে কাণ্ড!

গোলমাল একটু কমিলে বড়বাবু বলিলেন—কৈ, কে মেরেচে দেখি? রামনিহোরা সিং দারোয়ান পিছন হইতে ঠেলিয়া অপুকে বড়বাবুর সামনে দাঁড় করাইয়া দিল।

বড়বাবু বলিলেন—এ কে? ওই সেই কাশীর বামুনঠাকুরগণের ছেলে না?

গিরিশ সরকার আগাইয়া আসিয়া বলিল—ভারী বদ ছোকরা—আবার জ্যাঠামি ওর যদি শোনে বাবু, সেই সেবার থিয়েটারের দিন, বসেচে একেবারে সকলের মুখের সামনে বাবুদের জয়গায়, স'রে বসতে বলেচি, মুখোমুখি তর্ক কি? সেদিন আবার দেখি ওই শেঠেদের বাড়ীর মোড়ে রাস্তায় একটা লাল পাঞ্জাবি গায়ে দিয়ে বার্ডসাই খেতে খেতে আসচে—এই বয়েসেই তৈরি—

বড়বাবু রমেনকে বলিলেন—সকালে আজ তোমাদের মাস্টার আসেনি? পড়াশুনো ছিল না? এই, আমার বেতের ছড়িটা নিয়ে এসো তো কেউ? ওর সঙ্গে মিশে খেলা কর্তে কে বলে দিয়েচে তোমাদের?

রমেন কাঁদো কাঁদো মুখে বলিল—ও-ই তো আমাদের খেলার সময় আসে, আমরা কেন যাবো, জিজ্ঞেস করুন বরং সমস্তকে—আপনার সেই ছবিওয়ালা ইংরাজী ম্যাগাজিনগুলোর ছবি দেখতে চায়—আবার বড় বৈঠকখানায় ঢুকে এটা সেটা নেড়েচেড়ে দেখে—

গিরিশ সরকার বলিল—দেখুন, শখটা দেখুন আবার—

এবার অপূর পালা। বড়বাবু বলিলেন। —স'রে এসো এদিকে—টেবুকে মেরেছ কেন?

ভয়ে অপূর প্রাণ ইতিপূর্বেই উড়িয়া গিয়াছিল, সে রাগের মাথায় ধাক্কা দিয়াছিল বটে কিন্তু এত কাণ্ডের জন্য প্রস্তুত ছিল না। সে আড়ষ্ট জিহ্বা দ্বারা অতি কষ্টে উচ্চারণ করিল—টেবু আমাকে আগে তো—আমাকে—

বড়বাবু কথা শেষ করিতে না দিয়াই বলিলেন—টেবুর বয়স কত আর তোমার বয়স কত জান?

গুছাইয়া বলিতে জানিলে অপূর পক্ষ হইতেও একথা বলা চলিত যে টেবুর বয়স কিছু কম হইলেও কার্যে সে অপূর জেঠামশাই নীলমণি রায় অপেক্ষাও পাকা। বলা চলিতে পারিত যে, টেবু ও এ-বাড়ীর সব ছেলেই বিনা কারণে যখন তখন তাহাকে বাঙাল বলিয়া খেপায়, বক দেখায়, পিছন হইতে মাথায় ঠোকর মারে—সে না হয় একটু খেলা করিতে যায় এই তো তাহার অপরাধ। কিন্তু উঠানভরা লোকারণ্যের কৌতুহলী দৃষ্টির সম্মুখে বিশেষ করিয়া বড়বাবুর সঙ্গে কথা কহিতে জিহ্বা তাহার তালুর সঙ্গে জুড়িয়া গিয়াছিল—সে শুধু বলিল—টেবু—আমাকে—শুধু শুধু—আমাকে এসে—

বড়বাবু গর্জন করিয়া বলিলেন—স্টুপিড, ডেঁপো ছোকরা—কে তোমাকে বলে দিয়েচে এদিকে এসে এদের সঙ্গে মিশতে—এই দাও তো বেতটা—এগিয়ে এস—এস—

সপাং করিয়া এক ঘা সজোরে পিঠে পড়িবার সঙ্গে সঙ্গে সে কেমন বিশ্বয়ের চোখে বড়বাবু ও তাঁহার পুনর্বীর উদ্যত বেতের ছড়িটার দিকে চাহিল—জীবনে সে কখনও ইহার পূর্বে মার খায় নাই, বাবার কাছেও নয়,—তাহার বিদ্রাস্ত মন যেন প্রথমটা প্রহার খাওয়ার সত্যটাকে গ্রহণ করিতে পারিতেছিল না—পরে সে কতকটা নিজের অজ্ঞাতসারেই বেতটা ঠেকাইবার জন্য হাত দুখানা উঠাইল। কিন্তু এবার আর তাহার দুঃখ করিবার কিছু রহিল না যে, সে তাহার পালার বেলা ফাঁকে পড়িল। বেতের সপাসপ শব্দে টেবুকেও কপালের ব্যথা ভুলিয়া চাহিয়া দেখিতে হইল। রাঁধুণীর ছেলের যাহাতে স্পর্ধা আর না

হয়, বড়বাবু এ বিষয়ে তাহাকে সুশিক্ষাই দিলেন। অন্য বেত হইলে ভাঙিয়া যাইত, এ বেতটা বোধ হয় খুব দামী।

বড়বাবু হাঁপ জিরাইয়া লইয়া বলিলেন—বুড়ো ধাড়ী বয়াটে ছোকরা কোথাকার, আজ তোমাকে সাবধান করে দিচ্ছি, ফের যদি শুনি এ বাড়ীর কোনো ছেলের সঙ্গে মিশেচ কান ধ'রে তক্ষুনি বাড়ী থেকে বিদেয় ক'রে দেবো—পরে কাহার দিকে চাহিয়া কহিলেন—দেখুন না ধীরেনবাবু, বিধবা মা, সতীশবাবু ম্যানেজার কাশী থেকে আনলেন, ভাবলাম জাতের মেয়ে থাকুক—দেখুন কাণ্ড, মা ভাত রাঁধে—উনি পাঞ্জাবি গায়ে দিয়ে সিগারেট খেয়ে বেড়ান—

ধীরেনবাবু বলিলেন—ওসব ওই রকমই হয়ে থাকে—এরপর কোকেন খাবে—মা'র বাস্ক ভাঙবে—ওর নিয়মই ওই—তার ওপর আবার কাশীর ছেলে—

বাড়ীর মধ্যে সব কথা গিয়া পৌছয় না, অপূর মার খাওয়ার কথা কিন্তু সর্বজয়া শুনিল। একটু ভাল করিয়াই শুনিল। গৃহিণী বলিলেন—ওরকম যদি গুণ্ডা ছেলে হয় তা হ'লে বাছ—ইত্যাদি। রুটির ঘর হইতে আসিয়া দেখিল অপূ স্কুলে গিয়াছে, মাকে কিছু বলে নাই, এসব কথা সে কখনো মাকে বলেও না। রাগে, দুঃখে, ফ্লাভে সর্বজয়ার গা ঝিম ঝিম করিতে লাগিল, সর্বাঙ্গ হইতে যেন ঝাল বাহির হইতে থাকিল, ঘরে না থাকিতে পারিয়া সে বাহিরের অপরিষর বারান্দাটাতে আসিয়া দাঁড়াইল।

তাহার অপূর গায়ে হাত! সে যে এখনও বলে, মা সিঁড়ির ঘর দিয়ে যখন তুমি রান্নাবাড়ী থেকে আসবে তখন রাত্রে তোমায় একদিন এমন ভয় দেখাবো?...তাহার কি কোন বুদ্ধি আছে? কত লাগিয়াছিল, কে তাহাকে বুঝিয়াছে সেখানে, কে শুনিয়াছে তাহার কান্না?

সর্বজয়ার বুক ফাটিয়া কান্না আসিল। ...

অন্ধকার রাত...আকাশে দু'একটা তারা জ্বল্ জ্বল্ করে—আস্তাবলের মাথায় আমলকী গাছের ডালে বাতাস বাধে, দালানের কোণের লোহার ফুট টোবাচ্চার পাশে বসিয়া কথটা ভাবিতে ভাবিতে কান্নার বেগে তাহার সর্বশরীর কাঁপিতে লাগিল—

—ঠাকুর, ঠাকুর, ও আমার বড় আদরের ধন, তুমি তো জানো ও একদণ্ড চোখের আড়াল থেকে সরলে আমি স্থির থাকতে পারি নে, যা কিছু শাস্তি দেবার আমার ওপর দিয়ে দাও, ঠাকুর ওকে কিছু বোলো না, আমার বুক ফেটে যায় ঠাকুর, তা আমি সহিতে পারবো না—

সকাল সকাল অপূদের স্কুলের ছুটি হইয়া গেল। তাহার ক্লাসের ছেলেরা ধরিল তাহাদের ফুটবল খেলায় অপূকে রেফারী হইতে হইবে। অপূ ভারী খুশি হইল, ফুটবল খেলা সে এ শহরে আসিবার পূর্বে কোনোদিন দেখে নাই, সে খুব ভাল খেলিতেও পারে না, তবুও কিন্তু ক্লাসের ছেলেরা তাহাকেই সকলের চেয়ে পছন্দ করে, খেলায় রেফারী হইতে প্রায়ই তাহার ডাক পড়ে।

সে বলিল—সেই বড় হুইসিলটা বাড়ী থেকে নিয়ে আসি ভাই, বাস্কে প'ড়ে রয়েছে, আমি ঠিক চারটের সময় মাঠে যাবো এখন—

পথে আসিতে আসিতে অপূর সকালের কথটা মনে উঠিল। আজ সারা দিনটাই সে সে-কথা ভাবিয়াছে। বার্ডসাই খাইতে গিয়া সেদিন গিরিশ সরকারের সামনে পড়িয়া গিয়াছিল একথা ঠিক কিন্তু বার্ডসাই কি সে রোজ খায়? সেদিন মেজ বৌরাণীর দেওয়া রাজা পাঞ্জাবিটা গায়ে দিয়া স্কুল হইতে ফিরিবার পথে তাহার হঠাৎ সখ হইয়াছিল, এই রকম পাঞ্জাবি গায়ে দিয়া বাবুরা বার্ডসাই খায়, সেও একবার খাইবে। তাই খাবারের পয়সাটায় বার্ডসাই কিনিয়া সে ধরাইয়া খাইতেছিল, কিন্তু সেই একদিন নিশ্চিন্দিপূরে লুকাইয়া খাইতে গিয়াও ভাল লাগে নাই, সেদিনও লাগিল না। তাহার মনে হইয়াছিল—দূর! এ না কিনে এক পয়সার ছোলাভাজা কিনলে বেশ হোত! এ যে কেন লোকে কিনে খায়; কিন্তু গিরিশ সরকার না জানিয়া-শুনিয়া তাহাকে যা-তা বলিল কেন?

ভাগ্যিস লীলা এখানে নেই। থাকিলে সে দেখিলে বড় লজ্জার কথা হইত। মাও বোধ হয় টের পায় নাই। পাছে মা টের পায় এই জন্যই তো সে ওবেলা তাড়াতাড়ি স্কুলে চলিয়া আসিয়াছিল।

লীলা কতদিন এখানে আসে নাই! সেই আর বছর গিয়াছে আর আসে নাই। এখন আসিলেই কি আর উহার তাহার সহিত কথা কহিতে দিবে?

বাড়ী ফিরিতেই দেউড়ির কাছটায় আসিয়া শুনিল উপরের বৈঠকখানায় কলের গান হইতেছে। শব্দটা কানে যাইতেই সে খুশি-ভরা উৎসুক চোখে মুখ উঁচু করিয়া দোতলার জানলার নীচে রাস্তার উপর দাঁড়াইয়া গেল। রাস্তা হইতে গানের কথা সব বোঝা যায় না। কিন্তু সুরটি ভারী চমৎকার, শুনিতে শুনিতে—স্কুল, খেলা, রেফারীগিরি, ওবেলার মার-খাওয়া, মন হইতে সব একেবারে মুছিয়া গেল।

গানের সুরে তাহার মনটা আপনা-আপনি কোথায় উড়িয়া যায়—সেই তখন নিশ্চিন্দিপুরের নদীর ধারে বেড়াইতে গিয়া কতদিন দেখিত, ওপারের উলুখড়ের মাঠে ছোট রাঙা ফুলে-ভরা শিমুল-চারা, তাহাদের পিছনে কত দূরে নীল আকাশের পট—খড়ের মাঠ যেন আঁকা, রাঙা-ফুল শিমুল-চারা যেন আঁকা, শুকনা ডালে কি পাখী বসিয়া থাকিত সব যেন আঁকা। তাহাদের সকলের পিছনে সেই দেশটা, ব-হু-উ-দূরের দেশটা—কোন দেশ তাহার জানা নেই, মাত্র মনের খুশিতে সেটা ধরা দিত।

কে যেন ডাকে, কতদূর হইতে উচ্ছ্বসিত আনন্দভরা পরিচিত সুরের ডাক আসে—অপু—উ—উ—উ—উ—

মন খুশিতে ভরিয়া উঠিয়া সাড়া দেয়—যা-আ-আ-ই-ই-ই—

তাহাদের ছোট ঘরটাতে ফিরিতে তাহার মা জিজ্ঞাসা করিল—সকাল সকাল এলি যে?

সে বলিল—ওপর ক্লাসের ছেলেরা বল খেলায় জিতেছে তাই হাপ স্কুল—

তাহার মা বলিল—আয় বোস্ এখানে। খানিকক্ষণ পরে গায়ে হাত বুলাইতে বুলাইতে একটু ইস্তততঃ করিয়া বলিল—আজ তোকে ওরা কি জন্যে নাকি ডেকে নিয়ে গিয়ে নাকি—বকেচে?

—নাঃ, ওই টেবুর একটুখানি লেগেচে তাই বড়বাবু ডেকে বুলছিলেন কি হয়েছে, —তাই—

-বকে-টকে নি তো?

—নাঃ—

তাহার মা খানিকক্ষণ চুপ থাকিয়া বলিল—একটা কথা ভাবচি, এখান থেকে চ'লে যাবি?

সে আশ্চর্য হইয়া মায়ের মুখের দিকে চাহিল। পরে হঠাৎ খুশি হইয়া বলিয়া উঠিল—কোথায় মা, নিশ্চিন্দিপুর? সেই বেশ তো, চলো, আমি সেখানে ঠাকুর-পূজো করবো—পৈতেটা তো হয়ে গিয়েচে—নিজেদের দেশ, বেশ হবে—এখানে আর থাকবো না—

সর্বজয়া বলিল—সে কথাও তো ভাবচি আজ দু'বছর। সেখানে যাবি বলচিস্, কি আর আছে বল দিকি সেখানে? এক বাড়ীখানা তাও আজ তিন বছর বর্ষার জল পাচে, তার কিছু কি আছে এ্যান্ডিন? মাকাতার আমলের পুরোনো বাড়ী—ছিল একটু ধানের জমি, তাও তো—গিয়ে মাথা গৌজাবার জায়গাটুকু নেই—শতুর হাসাতে যাওয়া...খানিকক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিল—একটা কাজ ক'লে হয়, চল বরং—আচ্ছা কাশী যাবি?

বিশেষ কিছু ঠিক হইল না। তাহার মায়ের তখনও খাওয়া হয় নাই। স্নান সারিয়া পুনরায় রান্নাবাড়ী চলিয়া গেল। অপূর একটা কথা মনে হইল। তাহার গানের গলা আছে, দিদি বলিত, যাত্রাদলের বন্ধুও সেবার বলিয়াছিল। সে যদি কোন যাত্রাদলে যায়, তাহাকে নেয় না? এখানে মা'র বড় কষ্ট। এখান হইতে সে মাকে লইয়া যাইবে!

উঃ কি গরম। রান্নাবাড়ীর নলের মুখে ধোঁয়া কুণ্ডলী পাকাইয়া উঠিতেছে, কার্নিসের গায়ে রোদ...ঘরের ভিতরটা এরই মধ্যে অন্ধকার...আস্তাবলে মাতাবিয়া সহিস কি হিন্দী বুলি বলিতেছে...পাথর-বাঁধানো মেঝেতে ঘোড়ার খুর ঠুকিবার খট্ খট্ আওয়াজ...ড্রেনের সেই গন্ধ...তাহার মাথাটা এমন ধরিয়াজে যেন ছিঁড়িয়া পড়িতেছে। সে ভাবিল।এখন একটু শুয়ে নিই, এরপর উঠে খেলার মাঠে যাবো—মোটো তিনটে বেজেছে—এখনও বড় রোদটা।

বিছানায় শুইয়া একটা কথাই তাহার বার বার মনে আসিতে লাগিল। এ কথাটা এতদিন এভাবে সে ভাবিয়া দেখে নাই। এতদিন যেন তাহার মনের কোন্ কোণে সব সময়েই স্পষ্টভাবে জাগিয়া থাকিত যে, এ সবে শেবে যেন তাহাদের গ্রাম অপেক্ষা করিয়া আছে—তাহাদের জন্য! যদিও সেখান হইতে চলিয়া আসিবার সময় ফিরিবার কোনো কথাই ছিল না—সে-জানে, তবুও এ মোহটুকু তার একেবারে কাটে নাই।

কিন্তু আজকার সমুদয় ব্যাপারে বিশেষ করিয়া মায়ের ও বড়বাবুর কথায় তাহাদের নিরাশ্রয়তা ও গৃহহীনতার দিকটা তাহার কাছে বেশ স্পষ্ট হইয়া উঠিল। আর কি কখনও সে তাহাদের গায়ে ফিরিতে পাইবে না?—কখনো না?—কখনো না?

এই বিদেশ, এই গিরিশ সরকার, এই চোর হইয়া থাকা—না হয় মায়ে ছেলে হাত ধরিয়া ছন্নছাড়া পথে পথে চিরকাল—এরাই কি কায়ম হইতে আসিয়াছে?

আস্তাবলে দুই সহস্রে ঝগড়া বাঁধাইয়াছে, রান্নাবাড়ীর ছাদে কাকের দল ভাতের লোভে দলে দলে জুটিতেছে—একটু পরে তাহার মনে হইল, একই কি কথা অনেকক্ষণ ধরিয়া ভাবিতেছে, একই কি কথা। আস্তাবলে ঘোড়ার খুরের আওয়াজ থামে নাই... সে যেন মাটির ভিতর কোথায় সোঁধিয়া যাইতেছে...খুব, খুব মাটির ভিতর...নীচের দিকে কে যেন টানিতেছে...বেশ আরাম...মাথা ধরা নাই, বেশ আরাম।...

উঃ—কি রোদটাই ঝাঁ-ঝাঁ করিতেছে! দিদির যা কাণ্ড—এত রোদ্দুরে চড়ুই-ভাতি! সে বলিতেছে—দিদি শুয়ে নে, এত রোদ্দুরে চড়ুই-ভাতি?

রাণুদি কানের কাছে বসিয়া কি সব কথা, অনেক কি সব কথা বলিয়া যাইতেছে। রাণুদির ছলছলে ডাগর চোখ দুটি অভিমান-ভরা। সে কি করিবে? নিশ্চিন্দিপুরে তাহাদের চলে না যে? রাণু-দি না লীলা?

হারাণ কাকা বাঁশের বাঁশি বেচিবার জন্য আনিয়া বাজাইতেছে...ভারী চমৎকার বাজায়! সে বাবাকে বলিল—এক পয়সার বাঁশের বাঁশি কিনবো বাবা, একটা পয়সা দেবে?...

তাহার বাবা তাহার বড় বড় চুল কানের পাশে তুলিয়া দিতে দিতে আদর করিয়া বলিতেছে—বেশ হয়েছে তোরা গল্পটা, ছাপিয়ে এলে আমায় দেখতে দিস্ খোকা?

সে বলিতেছে—কোকেন কি বাবা? গিরিশ সরকার বলেচে আমি নাকি কোকেন খাবো—

বাবার গলায় পদ্মবীজের মালা। সেই কথকঠাকুরের মত।

তাহাদের মাঝেরপাড়ার ইষ্টিশান। কাঠের বড় তক্তাটায় লেখা আছে, মা-ঝে-র—পা-ড়া। সে আগে আগে ভারী বাঁচকাটা পিঠে, মা পিছনে পিছনে। তাহার গায়ে রাজা পাঞ্জাবিটা। কেমন ছায়া সারাপথে। আকাশে সন্ধ্যাতারা উঠিয়াছে। পাকা বটফলের গন্ধে-ভরা বাতাসটা।

নিশ্চিন্দিপুরের পথ যেন ফুরাইতেছে না...সে চলিয়াছে...চলিয়াছে...সে আর মা...এ পথে একা কখনো আসে নাই, পথ সে চিনিতে পারিতেছে না...ও কাস্তে-হাতে কাকা, শুনচো, নিশ্চিন্দিপুরের পথটা এটু ব'লে দ্যাও না আমাদের? যশড়া-নিশ্চিন্দিপুর, বেত্রবতীর ওপারে?

তাহার মা ঘরে ঢুকিয়া বলিল—হাঁরে, ওঠ, ও অপু, বেলা যে আর নেই, বললি যে কোথায় খেলতে যাবি?—ওঠ-ওঠ।

সে মায়ের ডাকে ধড়মড় করিয়া বিছানায় উপর উঠিয়া বসিয়া চারিদিকে চাহিল—উঃ কি বেলাই গিয়াছে!...রোদ একেবারে কোথায় উঠিয়া গিয়াছে? তাহার মা বলিল—বললি যে কোথায় খেলতে যাবি, তা গেলি কৈ? অবেলায় প'ড়ে প'ড়ে কি ঘুমটাই দিলি? দেবো তোরা সেই বাঁশিটা বেবু করে?

তোরাঙ্গ হইতে বাহির করিয়া বাঁশিটা মা বিছানার কোণে রাখিয়া দিল বটে, সে কিন্তু রেফারীগিরি করিতে যাওয়ার কোনো উৎসাহ দেখাইল না। ঘরের ভিতর এরই মধ্যে অন্ধকার! উঠিয়া আসিয়া জানালার কাছে অন্যমনস্কভাবে চুপ করিয়া দাঁড়াইয়া বাহিরের দিকে চাহিয়া রহিল। বেলা একেবারে নাই। এক অসহ্য গুমোট! আস্তাবলের ড্রেনের গন্ধটা যেন আরও বাড়িয়াছে। ফটকের পেটাঘড়িতে ঠং ঠং করিয়া বোধ হয় ছ'টা বাজাইতেছে।

ওই আস্তাবলের মাথায় যে আকাশটা, ওরই ওপারে পূর্বদিকে বহুদূরে তাহাদের নিশ্চিন্দিপুর।

আজ কতদিন সে নিশ্চিন্দিপুর দেখে নাই—তি-ন বৎসর! কতকাল!

সে জানে, নিশ্চিন্দিপুর তাহাকে দিনে-রাত্রে সব সময় ডাকে, শাঁখারীপুকুর ডাক দেয়, বাঁশবনটা ডাক দেয়, সোনাডাঙার মাঠ ডাক দেয়, কদমতলার সায়েবের ঘাট ডাক দেয়, দেবী বিশলাক্ষী ডাক দেন।

পোড়ো ভিটার মিষ্টি লেবু ফুলের গন্ধে সজনেতলায় ছায়ায় ছায়ায় আবার কবে গতিবিধি? আবার কবে তাহাদের বাড়ীর ধারের শরীষ সৌদালি বনে পাখীর ডাক?

এতদিনে তাহাদের সেখানে ইছামতীতে বর্ষার ঢল নামিয়াছে। ঘাটের পথে শিমুল তলায় জল উঠিয়াছে। ঝোপে ঝোপে নাটা-কাঁটা, বনকলমীর ফুল ধরিয়াকে। বন অপরাজিতার নীল ফুলে বনের মাথা ছাওয়া।

তাহাদের গ্রামের ঘাটটাতে কুঁচ-ঝোপের পাশে রাজকাকা হয়তো এতক্ষণে তাহার অভ্যাসমত অবেলায় স্নান করিতে নামিয়াছে, চালতেপোতার বাঁকে নতুন কবাড় বনের ধারে ধারে অন্ধুর মাঝি মাছ ধরিবার দোয়াড়ী পাতিয়াছে, আজ সেখানকার হাট-বার, ঠাকুরঝি-পুকুরের সেই বটগাছটার পিছনে দিগন্তের কোনো রাঙা আঙনের ফেনার মত সূর্য অস্ত যাইতেছে, আর তাহারই তলাকার মেঠোপথ বাহিয়া গ্রামের ছেলে পটু, নীলু, তিনু, ভোলা সব হাট করিয়া ফিরিতেছে।

এতক্ষণে তাদের বনে-ঘেরা বাড়ীটার উঠানটাতে ঘন ছায়া পড়িয়া আসিতেছে, কিচু কিচু করিয়া পাখী ডাকিতেছে, সেই মিষ্ট নিঃশব্দ শান্ত বৈকাল—সেই হলদে পাখীটা আজও আসিয়া পাঁচিলের উপরের কঞ্চির ডালটাতে সেই রকমই বসে, মায়ের হাতে পোঁতা লেবুচারটাতে হয়তো এতদিন লেবু ফলিতেছে।..

আরো কিছুক্ষণ পরে তাহাদের সে ভিটায় সন্ধ্যার অন্ধকার হইয়া যাইবে, কিন্তু সে সন্ধ্যায় সেখানে কেহ সাঁজ জ্বালিবে না, প্রদীপ দেখাইবে না, রূপকথা বলিবে না। জনহীন ভিটায় উঠান-ভরা কালমেঘের জঙ্গলে ঝাঁঝি পোকা ডাকিবে, গভীর রাতে পিছনের ঘন বনে জগড়মুর গাছে লক্ষ্মীপেঁচার রব শোনা যাইবে.... কেহ কোনোদিন সেদিক মাড়াইবে না, গভীর জঙ্গলে চাপা-পড়া মায়ের সে লেবুগাছটার সন্ধান কেহ কোনোদিন জানিবে না, ওড়ু-কলমীর ফুল ফুটিয়া আপনা-আপনি ঝরিয়া পড়িবে, কুল নোনা মিথ্যাই পাকিবে, হলদে-ডানা তেড়ো পাখীটা কাঁদিয়া ফিরিবে।

বনের ধারে সে অপূর্ব মায়াময় বৈকালগুলি মিছামিছিই নামিবে চিরদিন।

ওবেলা এক উঠান লোকের সম্মুখে বিনাবিচারে মার খাইয়াও তাহার চোখ দিয়া এক ফোঁটা জল বাহির হয় নাই, কিন্তু এখন নির্জন ঘরের জানালাটাতে একা-একা দাঁড়াইয়া হঠাৎ সে কাঁদিয়া আকুল হইল, উচ্ছ্বসিত চোখের জল বর-বর করিয়া পড়িয়া তাহার সুন্দর কপোল ভাসাইয়া দিতেই চোখ মুছিতে হাত উঠাইয়া আকুল সুরে মনে মনে বলিল—আমাদের যেন নিশ্চিন্দীপুর ফেরা হয়—ভগবান—তুমি এই কোরো, ঠিক যেন নিশ্চিন্দীপুর যাওয়া হয়—নৈলে বাঁচবো না—পায়ে পড়ি তোমার—


পথের দেবতা প্রসন্ন হাসিয়া বলেন—মুর্খ বালক, পথ তো আমার শেষ হয়নি তোমাদের গ্রামের বাঁশের বনে, ঠ্যাঙাড়ে বীরু রায়ের বটতলায় কি ধলচিতের খেয়াঘাটের সীমানায়? তোমাদের সোনাডাঙা মাঠ ছাড়িয়ে, ইছামতী পার হয়ে, পদ্মফুলে ভরা মধুখালি বিলের পাশ কাটিয়ে, বেত্রবতীর খেয়ায় পাড়ি দিয়ে, পথ আমার চলে গেল সামনে, সামনে, শুধুই সামনে....দেশ ছেড়ে বিদেশের দিকে, সূর্যোদয় ছেড়ে সূর্যাস্তের দিকে, জানার গন্তী এড়িয়ে অপরিচয়ের উদ্দেশ্যে....

দিন রাত্রি পার হয়ে, জন্ম মরণ পার হয়ে, মাস, বর্ষ, মন্বন্তর, মহাযুগ পার হয়ে চ'লে যায়....তোমাদের মর্মর জীবন-স্বপ্ন শেওলা-ছাতার দলে ভ'রে আসে, পথ আমার তখনও ফুরোয় না....চলে...চলে...চলে....এগিয়েই চলে....

অনির্বাণ তার বীণা শোনা শুধু অনন্ত কাল আর অনন্ত আকাশ..

সে পথের বিচিত্র আনন্দ-যাত্রার অদৃশ্য তিলক তোমার ললাটে পরিয়েই তো তোমায় ঘরছাড়া কর'রে এনেছি!....

চল এগিয়ে যাই।



অপরাজিত
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

প্রথম পরিচ্ছেদ

দুপুর প্রায় গড়াইয়া গিয়াছে। রায়চৌধুরীদের বাড়ির বড় ফটকে রবিবাসরীয় ভিখারীদের ভিড় এখনও ভাঙে নাই। বীর মুহুরীর উপর ভিখারীর চাউল দিবার ভার আছে, কিন্তু ভিখারীদের মধ্যে পর্যন্ত অনেকে সন্দেহ করে যে, জমাদার শঙ্কুনাথ সিংহের সঙ্গে যোগ-সাজসের ফলে তাহারা স্ৰাব্য প্রাপ্য হইতে প্রতিবারই বঞ্চিত হইতেছে। ইহা লইয়া তাহাদের ঝগড়া ঘন কোনকালেই মেটে নাই। শেষ পর্যন্ত দারোয়ানেরা রাগিয়া ওঠে, রামনিহৌরা সিং দু চারজনকে গলাধাক্কা দিতে যায়। তখন হয় বুড়ো খাজাঞ্চি মহাশয়, নয়তো গিরীশ গোমস্তা আসিয়া ব্যাপারটা মিটাইয়া দেয়। প্রায় কোন রবিবারই ভিখারী-বিদায় ব্যাপারটা বিনা গোলমালে নিষ্পন্ন হয় না।

রান্না-বাড়িতে কি একটা লইয়া এতক্ষণ রাঁধুনীদের মধ্যে বচসা চলিতেছিল। রাঁধুনী বামুনী মোক্ষদা খালায় নিজের ভাত সাজাইয়া লইয়া রণে ভঙ্গ দিয়া সরিয়া পড়াতে সেখানকার গোলমালও একটুও কমিল। রাঁধুনীদের মধ্যে সর্বজয়ার বয়স অপেক্ষাকৃত কম—বড়লোকের বাড়ি—শহর-বাজার জায়গা, পাড়াগেয়ে মেয়ে বলিয়া ইহাদের এসব কথাবার্তায় সে বড় একটা থাকে না। তবুও মোক্ষদা বামুনী তাহাকে মধ্যস্থ মানিয়া সহ-কিষের কি অবিচারের কথা সবিস্তারে বর্ণনা করিতেছিল। যখন যে দলে থাকে, তখন সে দলের মন যোগাইয়া কথা বলাটা সর্বজয়ার একটা অভ্যাস, এজ্ঞ তাহার উপর কাহারও রাগ নাই। মোক্ষদা সরিয়া পড়ার পর সর্বজয়াও নিজের ভাত বাড়িয়া লইয়া তাহার থাকিবার ছোট ঘরটাতে ফিরিল। এ বাড়িতে প্রথম আসিয়া বছর-দুই ঠাকুরদালানের পাশের যে ঘরটাতে সে থাকিত, এ ঘরটা সেটা নয়; তাহারই সাম্নাসাম্নি পশ্চিমের বারান্দার কোণের ঘরটাতে সে এখন থাকে—সেই রকমই অন্ধকার, সেই ধরণেরই সঁাতসঁতে মেজে, তবে সে ঘরটার মত ইহার পাশে আশ্চাবল নাই, এই একটু সুবিধার কথা।

সর্বজয়া তখনও ভাল করিয়া ভাতের খালা ঘরের মেজেতে নামার নাই, এমন সময় সহ-কি অগ্নিসৃতি হইয়া ঘরের মধ্যে ঢুকিল।

—বলি, মুখি বামুনী কী পরচের দিচ্ছিল তোমার কাছে শুনি? বদমায়েশ মাগী কোথাকার, আমার নামে যখন-তখন ঝর-তার কাছে লাগিয়ে করবে কি জিগোস করি? ব'লে দেয় যেন বড় বোরানীর কাছে—যায় যেন বলতে—তুমিও দেখে নিও ব'লে দিচ্ছি বাছা, আমি যদি গিরিমার কাছে ব'লে ওকে এ বাড়ি থেকে না তাড়াই তবে আমি রামনিধি ভড়ের মেয়ে নই—নই—নই—এই তোমার বলে দিলুম।

সর্বজয়া হাসিমুখে বলিল, না সহ-মাগী, সে বললেই অমনি আমি শুন্বো কেন? তা ছাড়া ওর স্বভাব তো জানো—ওই রকম, ওর মনে কোন রাগ নেই, মুখে হাউ-হাউ ক'রে বকে—এমন তো কিছু বলেও নি—যার তা ছাড়া আমি আজ দু'মাস দশ মাস তো নয়,

তোমার দেখছি আজ তিন বছর—বলেই কি আর আমি শুনি ? তিন বছর এ বাড়িতে ঢুকিচি, কৈ তোমার নামে—

সহ-ঝি একটু নরম হইয়া বলিল, অপু কোথায়, দেখছি নে—আজ তো রবিবার—ইছিল তো আজ বন্দ—

সর্বজয়া প্রতিদিন রান্নাঘরের কাজ সারিয়া আসিয়া তবে স্নান করে, তেলের বাটিতে বোতল হইতে নারিকেল তৈল ঢালিতে ঢালিতে বলিল, কোথায় বেরিয়েচে । ওই শেঠেদের বাড়ির পাশে কোন এক বন্ধুর বাড়ি, সেখানে ছুটির দিন যায় বেড়াতে । তাই বুঝি বেরিয়েচে । ছেলে তো নয়, একটা পাগল—দুপুর রোদ্ধুর রোজ মাথার ওপর দিয়ে যাওয়া চাই তার । দাঁড়িয়ে কেন, বোসো না মাসী !

সহ বলিল, না, তুমি খাও, আর বসবো না—ভাবলুম, যাই কথাটা গিয়ে শুনে আসি, তাই এলুম । বোলো ওবেলা মুখি বামনীকে, একটু বুঝিয়ে দিও—খোকাবাবুর ভাতে সেই দইয়ের হাঁড়ি বৈ-করা মনে নেই বুঝি ? সহুর পেটে অনেক কথা আছে, বুঝলে ? দেখতেই ভাল-মাল্লুশটি, বোলো বুঝিয়ে—

সহ-ঝি চলিয়া গেলে সর্বজয়া তেল মাখিতে বসিল । একটু পরে দোরের কাছে পায়ের শব্দে মুখ তুলিয়া চাহিয়া দেখিয়া বলিল, ওঃ, রোদ্ধুরে ঘুরে তোর মুখ যে একেবারে রাঙা হয়ে গিয়েচে ! বোস্ বোস্—আর—ওমা আমার কি হবে !

অপু ঘরের ভিতর ঢুকিয়া একেবারে সোজা বিছানার গিয়া একটা বালিশ টানিয়া শুইয়া পড়িল । হাত-পাখাখানা সজোরে নাড়িয়া মিনিটখানেক বাতাস খাইয়া লইয়া মায়ের দিকে চাহিয়া বলিল, এখনও নাও নি ? বেলা তো দুটো—

সর্বজয়া বলিল, ভাত খাবি দুটো ?

অপু ঘাড় নাড়িয়া বলিল, না—

—খা না দুটোখানি ? ভাল ছানার ডালনা আছে, সকালে শুধু তো ডাল আর বেগুন-ডাল দিবে খেয়ে গিইচিস্ । ক্ষিদে পেয়েচে আবার এতক্ষণ—

অপু বলিল, দেখি কেমন ?

পরে সে বিছানা হইতে উঠিয়া আসিয়া মেজ্জেতে ভাতের থালার ঢাকনি উঠাইতে গেল । সর্বজয়া বলিল, ছুঁস নে, ছুঁস নে—খাক এখন, নেয়ে এসে দেখাচ্ছি ।

অপু হাসিয়া বলিল, ছুঁস নে ছুঁস নে কেন ? কেন ? আমি বুঝি মুচি ? ব্রাহ্মণকে বুঝি অমনি বলতে আছে ? পাপ হয় না ?

—যা হয় হবে । ভারি আমার বামুন, সন্ধ্যা নেই, আফিক নেই, বাচবিচের জ্ঞান নেই, এঁটো জ্ঞান নেই—ভারি আমার—

খানিকটা পরে সর্বজয়া স্নান সারিয়া আসিয়া ছেলেকে বলিল, আমার পাতে বসিস্ এখন ।

অপু মুখে হাসি টিপিয়া বলিল, আমি কাকুর পাতে বস্চি নে, ব্রাহ্মণের খেতে নেই কাকুর এঁটো ।

সর্বজয়া খাইতে বসিলে অপু মায়ের মুখের দিকে চাহিয়া স্মর নিচু করিয়া বলিল, আজ এক জায়গায় একটা চাকরির কথা বলেচে মা একজন। ইন্টিশানের প্র্যাটিকর্মে দাঁড়িয়ে, গাড়ি যখন এসে লাগবে—লোকেদের কাছে নতুন পাজি বিক্রী করতে হবে। পাঁচ টাকা মাইনে আর জলখাবার। ইস্কুলে পড়তে পড়তেও হবে। একজন বলছিল।

ছেলে যে চাকরির কথা একে ওকে জিজ্ঞাসা করিয়া বেড়ায় সর্বজয়া একথা জানে। চাকুরি হইলে সে মন্দ কথা নয়, কিন্তু অপু মূখে চাকুরির কথা তাহার মোটেই ভাল লাগে না। সে তো এমন কিছু বড় হয় নাই। তাহা ছাড়া রোজ আছে, বৃষ্টি আছে। শহর-বাজার জায়গা, পথে ঘাটে গাড়িঘোড়া—কত বিপদ! অত বিপদের মুখে ছেলেকে ছাড়িয়া দিতে সে রাজী নয়।

সর্বজয়া কথাটা তেমন গায়ে মাখিল না। ছেলেকে বলিল, আর বোস্ পাতে—হয়েচে আমার। আর—

অপু খাইতে বসিয়া বলিল, বেশ ভাল হয়, না মা? পাঁচ টাকা ক'রে মাইনে। তুমি জমিও। তারপর মাইনে বাড়াবে বলেচে। আমার বন্ধু সতীনদের বাড়ির পাশে খোলার ঘর ভাড়া আছে—হুঁটাকা মাসে। সেখানে আমরা যাবো—এদের বাড়ি তোমার বা খাটুনি! ইস্কুল থেকে অমনি চলে যাবো ইন্টিশানে—খাবার সেখানেই খাবো। কেমন তো?

সর্বজয়া বলিল—কুটি ক'রে দেবো, বেঁধে নিয়ে যাস।

দিন দশেক কাটিয়া গেল। আর কোন কথাবার্তা কোনো পক্ষেই উঠিল না। তাহার পর বড়বাবু হঠাৎ অসুস্থ হইয়া পড়িলেন এবং অভ্যস্ত সঙ্গীণ ও সঙ্কটাপন্ন অবস্থার ভিতর দিয়া তাঁহার দিন-পনেরো কাটিস। বাড়িতে সকলের মুখে, বি-চাকর-দারোয়ানদের মুখে বড়বাবুর অসুস্থের বিভিন্ন অবস্থার কথা ছাড়া আর অস্ত্র কথা নাই।

বড়বাবু সামলাইয়া উঠিবার দিনকয়েক পর একদিন অপু আসিয়া হাসি-হাসি মুখে মাকে বলিল, আজ মা, বুঝলে, একটা ঘুড়ির দোকানে বলেচে যদি আমি ব'সে ব'সে ঘুড়ি জুড়ে দি আঠা দিয়ে, তারা সাত টাকা ক'রে মাইনে আর রোজ দু'খানা করে ঘুড়ি দেবে। মস্ত ঘুড়ির দোকান, ঘুড়ি তৈরী ক'রে কলকাতার চালান দেয়—সোমবারে যেতে বলেচে—

এ আশার দৃষ্টি, এ হাসি এ সব জিনিস সর্বজয়ার অপরিচিত নয়। দেশে নিচ্চিন্দ্রপুরের ভিটাতে থাকিতে কতদিন, দীর্ঘ পনেরো-ষোল বৎসর ধরিয়া মাঝে মাঝে কতবার স্বামীর মুখে এই ধরণের কথা সে শুনিয়াছে। এই স্মর, এই কথার ভঙ্গি সে চেনে। এইবার একটা কিছু লাগিয়া যাইবে—এইবার ঘটিল, অল্পই দেরি। নিচ্চিন্দ্রপুরের যথাসর্বস্ব বিক্রয় করিয়া পথে বাহির হওয়ার মূলেও সেই স্মরেরই স্মোহ।

চারি বৎসর এখনও পূর্ণ হয় নাই, এই দশা ইহার মধ্যে। কিন্তু সর্বজয়া চিনিয়াও চিনিলা না। আজ বহুদিন ধরিয়া তাহার নিজের গৃহ বলিয়া কিছু নাই, অথচ নারীর অন্তর্নিহিত নীড় বাধিবার পিপাসাটুকু ভিতরে ভিতরে তাহাকে বড় পীড়া দেয়। অবলম্বন বতই ভুজ্ঞ ও ক্ষণভ্রুব হউক, মন তাহাই আঁকড়াইয়া ধরিতে ছুটিয়া যায়, নিম্নে কৈ তুলাইতে চেষ্টা করে।

তাহা ছাড়া পুত্রের অনভিজ্ঞ মনের তরুণ উল্লাসকে পরিণত বয়সের অভিজ্ঞতার চাপে স্বাস্রোধ করিয়া মারিতে মায়াও হয়।

সে বলিল, তা যাস্ না সোমবারে! বেশ তো,—দেখে আসিস্। হ্যা শুনিস নি, মেজ বোয়ানী যে শীগ্গির আসচেন, আজ শুনছিলাম রান্না-বাড়িতে—

অপু চোখমুখ আনন্দে উজ্জ্বল হইয়া উঠিল, আগ্রহের সুরে জিজ্ঞাসা করিল, কবে মা, কবে?

—এই মাসের মধ্যেই আসবেন। বড়বাবুর শরীর খারাপ, কাজ-টাজ দেখতে পায়ন না, তাই মেজবাবু এসে থাকবেন দিন-কতক।

বাবা আসিবে কি-না একথা দুই-দুইবার মাকে বলি বলি করিয়াও কি জানি কেন সে শেষ পর্যন্ত জিজ্ঞাসা করিতে পারিল না। বাহিরে যাইতে যাইতে মনে মনে ভাবিল, তাদের বাড়ির সবাই আস্চে, মা বাবা আস্চে, আর সে কি সেখানে পড়ে থাকবে? সে-ও আসবে—ঠিক আসবে।

পরদিন সে জ্বল হইতে ফিরিয়া তাহাদের ঘরটাতে ঢুকিতেই তাহার মা বলিল, অপু, আগে খাবার খেয়ে নে। আজ একখানা চিঠি এসেচে, দেখাচ্ছি।

অপু বিস্মিতমুখে বলিল, চিঠি? কোথায়? কে দিয়েচে মা?

কাশীতে তাহার বাবার মৃত্যুর পর হইতে এ পর্যন্ত আজ আড়াই বৎসরের উপর এ বাড়িতে তাহার আসিয়াছে, কই, কেহ তো একখানা পোস্টকার্ডে একছত্র লিখিয়া তাহাদের খোঁজ করে নাই? লোকের যে পত্র আসে, একথা তাহার তে ভুলিয়াই গিয়াছে।

সে বলিল, কই দেখি?

পত্র—তা আবার খামে! খামটার উপরে মায়ের নাম লেখা! সে তাড়াতাড়ি পত্রখানা খাম হইতে বাহির করিয়া অধীর আগ্রহের সহিত সেখানাকে পড়িতে লাগিল। পড়া শেষ করিয়া বুঝিতে-না-পারার দৃষ্টিতে মায়ের মুখের দিকে চাহিয়া বলিল, ভবতারণ চক্রবর্তী কে মা?—পরে পত্রের উপরকার ঠিকানাটা আর একবার দেখিয়া বলিল, কাশী থেকে লিখেচে।

সর্বজনা বলিল, তুই তো শুঁকে নিশ্চিন্দ্রপুরে দেখেচিস!—সেই সেবার গেলেন, দুগ্গাকে পুতুলের বাক্স কিনে দিয়ে গেলেন, তুই তখন সাত বছরের। মনে নেই তোর? তিনদিন ছিলেন আমাদের বাড়ি।

—জানি মা, দিদি বলতো তোমার জ্যাঠামশায় হন—না? তা এতদিন তো আর কোনও—

—আপন নয়, দূর সম্পর্কের। জ্যাঠামশায় তো দেশে বড়-একটা থাকতেন না, কাশী-গয়া, ঠাকুর-দেবতার জায়গায় ঘুরে ঘুরে বেড়াতেন, এখনও বেড়ান শুঁদের দেশ হচ্ছে মনসাপোতা, আড়ংঘাটার কাছে। সেখেন থেকে ক্রোশ দুই—সেবার আড়ংঘাটার যুগল দেখতে গিয়ে শুঁদের বাড়ি গিয়ে ছিলাম দুদিন। বাড়িতে মেরে-জামাই থাকত। সে মেরে-জামাই তো লিখেচেন মারা গিয়েচে—ছেলেপিলে কারুয় নেই—

অপু বলিল, হ্যাঁ, তাই তো লিখেছেন। নিশ্চিন্দ্রপুরে গিয়ে আমাদের খোঁজ করেছেন। সেখানে শুনেছেন কাশী গির্হাচি। তারপর কাশীতে গিয়ে আমাদের সব খবর জেনেছেন। এখানকার ঠিকানা নিয়েছেন বোধ হয় রামকৃষ্ণ মিশন থেকে।

সর্বজয়া হাসিয়া বলিল—আমি ছুপুরবেলা খেয়ে একটু বলি গড়াই—ফেমিঝি বললে তোমার একখানা চিঠি আছে। হাতে নিয়ে দেখি আমার নাম—আমি তো অবাক হয়ে গেলাম। তারপর খুলে পড়ে দেখি এই—নিত্যে আসবেন লিখেছেন শীগ্গির। জাখ্ দিকি, কবে আসবেন লেখা আছে কিছু ?

অপু বলিল, বেশ হয়, না মা ? এদের এখানে একদণ্ড ভাল লাগে না। তোমার খাটুনিটা কমে—সেই সকালে উঠে রান্না-বাড়ি ঢোকা, আর দুটো ভিনটে—

ব্যাপারটা এখনও সর্বজয়া বিশ্বাস করে নাই। আবার গৃহ মিলিবে, আশ্রয় মিলিবে, নিজের মনোমত ঘর গড়া চলিবে! বড়লোকের বাড়ির এ রাঁধুনীরূত্তি, এ ছয়ছাড়া জীবনযাত্রায় কি এতদিনে—বিশ্বাস হয় না। অদৃষ্ট তেমন নয় বলিয়া ভয় করে।

তাহার পর ছুঁজনে মিলিয়া নানা কথাবার্তা চলিল। জ্যাঠামশায় কি রকম লোক, সেখানে যাওয়া ঘটিলে কেমন হয়,—নানা কথা উঠিবার সময় অপু বলিল—শেঠেদের বাড়ির পাশে কাঠগোলায় পুতুলনাচ হবে একটু পরে। দেখে আসবো মা ?

—সকাল সকাল ফিরবি, যেন ফটক বন্ধ ক'রে দেয় না, দেখিস—

পথে যাইতে যাইতে খুশিতে তাহার গা কেমন করিতে লাগিল। মন যেন শোলার মত হালকা। মুক্তি, এতদিন পরে মুক্তি! কিন্তু লীলা যে আসিতেছে? পুতুলনাচের আসরে বসিয়া কেবলই লীলার কথা মনে হইতে লাগিল। লীলা আসিয়া তাহার সহিত মিশিবে তো? হয়ত এখন বড় হইয়াছে, হয়ত আর তাহার সঙ্গে কথা বলিবে না।

পুতুলনাচ আরম্ভ হইতে অনেক দেরি হইয়া গেল। না দেখিয়াও সে যাইতে পারিল না। অনেক রাজ্জে যখন আসর ভাঙিয়া গেল, তখন তাহার মনে পড়িল, এত রাজ্জে বাড়ি ঢোকা যাইবে না, ফটক বন্ধ করিয়া দিয়াছে, বড়লোকের বাড়ির দারোয়ানরা কেহ তাহার অঙ্গ গরজ করিয়া ফটক খুলিয়া দিবে না। সঙ্গে সঙ্গে বড় ভয়ও হইল। রাজ্জিতে এ রকম একা সে বাড়ির বাহিরে কাটায় নাই। কোথায় এখন সে থাকে? মা-ই বা কি বলিবে।

আসরের সব লোক চলিয়া গেল। আসরের কোণে একটা পান-লেমনেডের দোকানে তখনও বেচা-কেনা চলিতেছে। সেখানে একটা কাঠের বাস্কের উপর সে চূপ করিয়া বসিয়া রহিল। তারপর কখন যে ঘুমাইয়া পড়িয়াছে জানে না, ঘুম ভাঙিয়া দেখিল ভোর হইয়া গিয়াছে, পথে লোক চলাচল আরম্ভ হইয়াছে।

সে একটু বেলা করিয়া বাড়ি ফিরিল। ফটকের কাছে বাড়ির গাডি ছুইখানি ঠেলার হইয়া দাঁড়াইয়া আছে। দেউড়িতে ঢুকিয়া খানিকটা আসিয়া দেখিল বাড়ির ভিন-চার জন ছেলে সাজিয়া শুজিয়া কোথায় চলিয়াছে। নিজেদের ঘরের স্যামনে নিস্তারিণী ঝিকে পাইয়া জিহ্বাসা করিল, হাসিয়া, এত সকালে গাডি বাজে কোথায়? মেজবাবুনা কি আজকে আসবেন?

নিস্তারিণী বলিল, তাই তো শুনছি। কাল চিঠি এসেচে—শুধু মেজবাবু আর বৌরানী আসবেন, লীলা দিদিমণি এখন আসবে না—ইছুলের এগুজামিন। সেই বড়দিনের সময় তবে আসবে। গিন্নীমা বলছিলেন বিকেলে—

অপু মনটা একমুহুর্তে দমিষা গেল। লীলা আসিবে না। বড়দিনের ছুটিতে আসিলেই বা কি—সে তো তাহার আগে এখান হইতে চলিয়া যাইবে। যাইবার আগে একবার দেখা হইয়া যাইত এই সময় আসিলে। কতদিন সে আসে নাই।

তাহার মা বলিল, বেশ ছেলে তো, কোথায় ছিলি রাস্তিরে? আমার ভেবে সারারাত চোখের পাতা বোজে নি কাল।

অপু বলিল, রাত বেশী হয়ে গেল, ফটক বন্ধ ক'রে দেবে জানি, তাই আমার এক বন্ধু ছিল, আমার সঙ্গে পড়ে, তাদেরই বাড়িতে—। পরে হাসিয়া ফেলিয়া বলিল, না মা, সেখানে পানের দোকানে একটা কেরোসিন কাঠের বান্ধ পড়ে ছিল, তার উপর শুয়ে—

সর্বজয়া বলিল ওমা, আমার কি হবে। এই সারারাত ঠাণ্ডায় সেখেনে—লক্ষীছাড়া ছেলে, ষেও তুমি ফের কোনদিন সন্দের পর কোথাও—তোমার বড় ইয়ে হয়েছে, না?

অপু হাসিয়া বলিল—তা আমি কি ক'রে ঢুকবো বলো না? ফটক ভেঙে ঢুকবো?

রাগটা একটু কমিয়া আসিলে সর্বজয়া বলিল—তারপর জ্যাঠামশায় তো কাল এসেচেন। তুই বেরিয়ে গেলে একটু পরেই এলেন, ভোর খোঁজ করলেন, আজ ওবেলা আবার আসবেন। বললেন, এখানে কোথায় তাঁর জানাশুনো লোক আছে, তাদের বাড়ি থাকবেন। এদের বাড়ি থাকবার অসুবিধে—পরশু নিয়ে যেতে চাচ্ছেন।

অপু বলিল, সত্যি? কি কি বল না মা, কি সব কথা হ'ল?

আগ্রহে অপু মায়ের পাশে চৌকির ধারে বসিয়া পড়িয়া মায়ের মুখের দিকে চাহিল। হৃৎকনের অনেক কথাবার্তা হইল। জ্যাঠামশায় বলিয়াছেন, তাহার আর কেহ নাই, ইহাদেরই উপর সব ভার দিয়া তিনি কানী যাইবেন। অনেকদিন পরে সংসার পাতিবার আশায় সর্বজয়া আনন্দে উৎফুল্ল। ইহাদের বাড়ি হইতে নানা টুকটাক গৃহস্থালীর প্রয়োজনীয় জিনিস নানা সময় সংগ্রহ করিয়া সব্বদে রাখিয়া দিয়াছে। একটা বড় টিনের টেমি দেখাইয়া বলিল, সেখেনে রান্নাঘরে জালবো—কত বড় লম্পটা দেখেচিস? হু'পরসার ডেল ধরে।

হুপরের পর সে মায়ের পাতে ভাত খাইতে বসিয়াছে, এমন সময় ছুরারের সাহনে কাহার ছায়া পড়িল। চাহিয়া দেখিয়া সে ভাতের গ্রাস আর মুখে ভুলিতে পারিল না।

লীলা।

পরক্ষণেই লীলা হাসিমুখে ঘরে ঢুকিল; কিন্তু অপু দিকে চাহিয়া সে যেন একটু অবাক হইয়া গেল। অপুকে যেন আর চেনা যায় না—সে তো দেখিতে বরাবরই সন্দর, কিন্তু এই কেড় বৎসরে কি হইয়া উঠিয়াছে সে? কি গায়ের রং, কি মুখের স্রী, কি সন্দর স্বপ্ন-মাথা চোখদুটি! লীলার যেন একটু লজ্জা হইল। বরিল, উঃ, আগের চেয়ে মাথাতে কতবড় হয়ে গিয়েচ!

লীলার সম্বন্ধে অপূর ঠিক সেই কথাই মনে হইল। এ যেন সে লীলা নয়, যাহার সঙ্গে সে দেড় বৎসর পূর্বে অবাধে মিলিয়া মিশিয়া কত গল্প ও খেলা করিয়াছে। তাহার তো মনে হয় না লীলার মত সুন্দরী মেয়ে সে কোথাও দেখিয়াছে—রাগুদিও নয়। খানিকক্ষণ সে যেন চোখ কিরাইতে পারিল না।

দু'জনেই যেন একটু সঙ্কোচ বোধ করিতে লাগিল।

অপু বলিল, তুমি কি ক'রে এলে? আমি আজ সকালেও জিজ্ঞেস করিচি। নিস্তারিণী মাসী বললে, তুমি আসবে না, এখন স্থলের ছুটি নেই—সেই বড়দিনের সময় নাকি আসবে?

লীলা বলিল, আমার কথা তোমার মনে ছিল?

—না, তা কেন? তারপর এতদিন পরে বুঝি—বেশ—একেবারে ডুমুরের ফুল—

—ডুমুরের ফুল আমি, না তুমি? খোকামণির ভাতের সময় তোমাকে ঘাওয়ার জন্তে চিঠি লেখলাম ঠাকুরমায়ের কাছে, এ বাড়ির সবাই গেল, যাও নি কেন?

অপু এসব কথা কিছু জানে না। তাহাকে কেহ বলে নাই। জিজ্ঞাসা করিল, খোকামণি কে?

লীলা বলিল, বাঃ আমার ভাই! জানো না?...এই এক বছরের হলো।

লীলার জন্ত অপূর মনে একটু দুঃখ হইল। লীলা জানে না যাহাকে সে এত আগ্রহ করিয়া ভাইয়ের অন্নপ্রাশনের নিমন্ত্রণ করিয়াছিল, এ বাড়িতে তাহার স্থান কোথায় বা অবস্থা কি। সে বলিল—দেড় বছর আসো নি—না? পড়চ কোন ক্লাসে?

লীলা তক্তপোশের কোণে বসিয়া পড়িল। বলিল, আমি আমার কথা কিছু বলবো না আগে—আগে তোমার কথা বলো। তোমার মা ভাল আছেন? তুমিও তো পড়ো—না?

—আমি এবারে মাইনর ক্লাসে উঠবো—পরে একটু গণিত মুখে বলিল, আর বছর ফার্স্ট হয়ে ক্লাসে উঠেছি, প্রাইজ দিয়েচে।

লীলা অপূর দিকে চাহিল। বেলা তিনটার কম নয়। এত বেলায় সে খাইতে বসিয়াছে? বিশ্বয়ের সুরে বলিল, এখন খেতে বসেচ, এত বেলায়?

অপূর লজ্জা হইল। সে সকালে সরকারদের ঘরে বসিয়া খাইয়া স্থলে যায়—শুধু ডাল-ভাত,—ভাও শ্রীকর্ষ ঠাকুর বেগার-শোধ ভাবে দিয়া যায়, খাইয়া পেট ভরে না, স্থলেই ক্ষুধা পায়, সেখান হইতে কিরিয়া মায়ের পাতে ভাত ঢাকা থাকে, বৈকালে তাহাই খায়। আজ ছুটির দিন বলিয়া সকালেই মায়ের পাতে খাইতে বসিয়াছে।

অপু ভাল করিয়া উত্তর দিতে পারিল না বটে, কিন্তু লীলা ব্যাপারটা কতক না বুঝিল এমন নহে। ঘরের হীন আসবাব-পত্র, অপূর হীন বেশ—অবেলায় নিরুপকরণ দু'টি ভাত সাগ্রহে খাওয়া—লীলার কেমন যেন মনে বড় বিধিল। সে কোন কথা বলিল না।

অপু বলিল, তোমার সব বই এনেচ এখানে? দেখাতে হবে আমাকে। ভাল গল্প কি ছবির বই নেই?

লীলা বলিল, তোমার জন্তে কিনে এনেচি আসবার সময়। তুমি গল্পের বই ভালোবাসো বলে একখানা 'সাগরের কথা' এনেচি, আরও দু-তিনখানা এনেচি। আনচি, তুমি খেয়ে ওঠো।

অপুর খাওয়া প্রায় শেষ হইয়াছিল, খুশিতে বাকীটা কোনো রকমে শেষ করিয়া উঠিয়া পড়িল। লীলা লক্ষ্য করিয়া দেখিল, সে পাতের সবটা এমন করিয়া খাইয়াছে, পাতে একটা দানাও পড়িয়া নাই। সঙ্গে সঙ্গে তাহার উপর লীলার কেমন একটা অপূর্ব মনের ভাব হইল—সে ধরণের অহুভূতি লীলার জীবনে এই প্রথম, আর কাহারও সম্পর্কে সে ধরণের কিছু তো কখনও হয় নাই।

একটু পরে লীলা অনেক বই আনিয়া। অপূর্ব মনে হইল, লীলা কেমন করিয়া তাহার মনের কথাটি জানিয়া, সে যাহা পড়িতে জানিতে ভালবাসে সেই ধরণের বইগুলি আনিয়াছে। ‘সাগরের কথা’ বইখানাতে অদ্ভুত অদ্ভুত গল্প। সাগরের তলায় বড় বড় পাহাড় আছে, আগ্নেয়গিরি আছে, প্রবাল নামক এক প্রকার প্রাণী আছে, দেখিতে গাছপালার মত—কোথায় এক মহাদেশ নাকি সমুদ্রের গর্ভে ডুবিয়া আছে—এই সব।

লীলা একখানা পুরাতন খাতা দেখাইল। তাহার ঝাঁক ছবি আঁকিবার দিকে; বলিল—সেই তোমার একবার ফুলগাছ এঁকে দেখতে দিলাম মনে আছে? তারপর কত এঁকেচি দেখবে?

অপূর্ব মনে হইল লীলার হাতের আঁকা আগের চেয়ে এখন ভাল হইয়াছে। সে নিজে একটা রেখা কখনো সোজা করিয়া টানিতে পারে না—ড্রইংগুলি দেখিতে দেখিতে লীলার দিকে চাহিয়া জিজ্ঞাসা করিল, বেশ এঁকেচো তো। তোমাদের ইস্কুলে করার, না এমনি আঁকো?

এতক্ষণ পরে অপূর্ব মনে পড়িল লীলা কোন্ ইস্কুলে পড়ে, কোন্ ক্লাসে পড়ে। সে কথা কথা কিছুই জিজ্ঞাসা করা হয় নাই। বলিল—তোমাদের কি ইস্কুল? এবার কোন্ ক্লাসে পড়চো?

—এবার মাইনর সেকেন্ড ক্লাসে উঠেচি—গিরীজমোহিনী গার্লস্ স্কুল—আমাদের বাড়ির পাশেই—

অঙ্কু বলিল, জিজ্ঞেস করবো?

লীলা হাসি মুখে ঘাড় নাড়িয়া চুপ করিয়া রহিল।

অপূর্ব বলিল, আচ্ছা বলো—চট্টগ্রাম কর্ণফুলির মোহনার—কি ইংরেজি হবে?

লীলা ভাবিয়া বলিল, চিট্টাগং ইজ্ অন্ দি মাউথ অফ্ দি কর্ণফুলি।

অপূর্ব বলিল, ক’জন মাস্টার তোমাদের সেখানে?

—আটজন, হেড মিস্ট্রেস্ এণ্ট্রান্স পাশ, আমাদের গ্রামার পড়ান। পরে সে বলিল—মায়’ সঙ্গে দেখা করবে না?

—এখন যাবো, না একটু পরে যাবো? বিকেলে যাবো এখন, সেই ভাল।—
তাহার পরে সে একটু খামিয়ার বলিল, ভূমি শোন নি লীলা, আমরা যে এখন থেকে চলে যাচ্ছি।

লীলা আশ্চর্য হইয়া অপূর্ব দিকে চাহিল। বলিল—কোথায়?

—আমার এক দাদামশায় আছেন, তিনি এতদিন পরে আমাদের খোঁজ পেয়ে তাঁদের দেশের বাড়িতে নিজে যেতে এসেছেন।

অপু সংক্ষেপে সব বলিল।

লীলা বলিয়া উঠিল—চলে যাবে? বাঃ রে!

হয়তো সে কি আপত্তি করিতে যাইতেছিল, কিন্তু পরক্ষণেই বৃথিল, যাওয়া না-যাওয়ার উপর অপূর তো কোনও হাত নাই, কোনও কথাই এক্ষেত্রে বলা চলিতে পারে না।

ধানিকরূপ কেহই কথা বলিল না।

লীলা বলিল, তুমি বেশ এখানে থেকে ইন্সুলে পড়ো না কেন? সেখানে কি ইন্সুল আছে? পড়বে কোথায়? সে তো পাড়াগাঁ।

—আমি থাকতে পারি কিন্তু মা তো আমায় এখানে রেখে থাকতে পারবে না, নইলে আর কি—

—না হয় এক কাজ কর না কেন? কলকাতায় আমাদের বাড়ি থেকে পড়বে। আমি মাকে বলবো, অর্পূর আমাদের বাড়িতে থাকবে; বেশ সুবিধে—আমাদের বাড়ির সাগনে আজকাল ইলেক্ট্রিক ট্রাম হয়েছে—এঞ্জিনও নেই, ঘোড়াও নেই, এমনি চলে—তারের মধ্যে বিদ্যুৎ পোরা আছে, তাতে চলে।

—কি রকম গাড়ি? তারের ওপর দিয়ে চলে?

—একটা ডাঙা আছে। তারে ঠেকে থাকে, তাতেই চলে। কলকাতা গেলে দেখবে এখন—ছ-সাত বছর হ'ল ইলেক্ট্রিক ট্রাম হয়েছে, আগে ঘোড়ার টানতো—

আরও অনেকরূপ দু'জনের কথাবার্তা চলিল।

বৈকালে সর্বজরায় জ্যাঠামশায় ভবতারণ চক্রবর্তী আসিলেন। অপূকে কাছে ডাকিয়া জিজ্ঞাসাবাদ করিলেন। ঠিক করিলেন, দুইদিন পরে বৃথবারের দিন লইয়া যাইবেন। অপূ দু-একবার ভাবিল লীলার প্রস্তাবটা একবার মায়ের কাছে তোলে, কিন্তু শেষ পর্যন্ত কথাটা আর কার্যে পরিণত হইল না।

সকালের রৌদ্র ফুটিয়া উঠিবার সঙ্গে সঙ্গেই উলা স্টেশনে গাড়ি আসিয়া দাঁড়াইল। এখন হইতেই মনসাপোতা যাইবার সুবিধা। ভবতারণ চক্রবর্তী পূর্ব হইতেই পত্র দিয়া গোরুর গাড়ির ব্যবস্থা করিয়া রাখিয়াছিলেন। কাল রাত্রে একটু কষ্ট হইয়াছিল। এক্সপ্রেস ট্রেন-খানা দেরিতে পৌঁছানোর জন্ত ব্যাঙেল হইতে নৈহাটীর গাড়িখানা পাওয়া যায় নাই। ফলে বেশী রাত্রে নৈহাটীতে আসিয়া অনেকরূপ বসিয়া থাকিতে হইয়াছিল।

সারারাত্রি জাগরণের ফলে অপূ কখন ঘুমাইয়া পড়িয়াছিল সে জানে না। চক্রবর্তী মহাশয়ের ডাকে উঠিয়া জানালা দিয়া মুখ বাড়াইয়া দেখিল একটা স্টেশনের প্লাটফর্মে গাড়ি লাগিয়াছে। সেখানেই তাদের নামিতে হইবে। কুলীরা ইতিমধ্যে তাহাদের কিছু জিনিসপত্র নামাইয়াছে।

গোকুর গাড়িতে উঠিয়া চক্রবর্তী মহাশয় অনবরত তামাক টানিতে লাগিলেন। বয়স সত্তরের কাছাকাছি হইবে, একহারা পাতলা চেহারা, মুখে দাড়ি গৌক নাই, মাথার চুল সব পাকা। বলিলেন—জয়া, ঘুম পাচ্ছে না তো ?

সর্বজয়া হাসিয়া বলিল, আমি তো নৈহাটীতে ঘুমিয়ে নিইচি আধঘণ্টা, অপুও ঘুমিয়েচে। আপনাই ঘুম হয় নি—

চক্রবর্তী মহাশয় খুব খানিকটা কাশিয়া লইয়া বলিলেন,—ওঃ, সোজা খোঁজটা করেচি ভোদের। আর-বছর বোশেখে মেয়েটা গেল মারা, হরিখন তো তার আগেই। এই বয়সে হাত পুড়িয়ে রেখেও খেতে হয়েছে,—কেউ নেই সংসারে। তাই ভাবলাম হরিহর বাবাজীর তো নিশ্চিন্দপুর থেকে উঠে যাবার ইচ্ছে ছিল অনেকদিন থেকেই, যাই এখানেই নিয়ে আসি। একটু ধানের জমি আছে, গৃহদেবতার সেবাটাও হবে। গ্রামে ব্রাহ্মণ তেমন নেই,—আর আমি তো এখানে থাকব না। আমি একটু কিছু ঠিক ক'রে দিয়েই কাশী চলে যাবো। একরকম ক'রে হরিহর নেবেন চালিয়ে। তাই গেলাম নিশ্চিন্দপুর—

সর্বজয়া বলিল, আপনি বুদ্ধি আমাদের কাশী যাওয়ার কথা শোনেন নি ?

—তা কি ক'রে শুনবো ? তোমাদের দেশে গিয়ে শুনলাম তোমরা নেই সেখানে। কেউ তোমাদের কথা বলতে পারে না—সবাই বলে তারা এখান থেকে বেচে-কিনে তিন-চার বছর হ'ল কাশী চলে গিয়েচে। তখন কাশী যাই। কাশী আমি আছি আজ দশ বছর। খুঁজতেই সব বেরিয়ে পড়লো। হিসেব ক'রে দেখলাম হরিহর যখন মারা যান, তখন আমিও কাশীতেই আছি, অথচ কখনো দেখাশুনো হয় নি, তা হলে কি আর—

অপু আশ্রয়ের সুরে বলিল, নিশ্চিন্দপুরে আমাদের বাড়িটা কেমন আছে, দাদামশায় ?

—সেদিকে আমি গেলাম কৈ। পথেই সব খবর পেলাম কি-না। আমি আর সেখানে দাঁড়াই নি। কেউ ঠিকানা দিতে পারলে না। ভুবন মুখুয্যে মশায় অবিশ্বি খাওয়া-দাওয়া করতে বললেন, আর তোমার বাপের একশো নিন্দে—বুদ্ধি নেই, সাংসারিক জ্ঞান নেই—হেন তেন। যাক্ সে সব কথা, তোমরা এলে ভাল হল। যে ক'ঘর বজ্রমান আছে তোমাদের বছর তাতে কেটে যাবে। পাশেই তেলিরা বেশ অবস্থাপর, তাদের ঠাকুর প্রতিষ্ঠা আছে। আমি পুজোটুক্কো করতাম অবিশ্বি, সেটাও হাতে নিতে হবে ক্রমে। তোমাদের নিজেদের জিনিস দেখে শুনে নিতে হবে—

উলা গ্রামের মধ্যেও খুব বন, গ্রাম ছাড়াইয়া মাঠের পথেও বনঝোপ। সূর্য আকাশে অনেকখানি উঠিয়া গিয়াছে। চারিধারে প্রভাতী রৌদ্রের মেলা, পথের ধারে বনতুলসীর জঙ্গল, মাঠের ঘাসে এখনও স্থানে স্থানে শিশির জমিয়া আছে, কোন্ রূপকথার দেশের মাকড়সা যেন রূপালী জাল বুনিয়া রাখিয়াছে। মাঝে মাঝে কিসের একটা গন্ধ, বিশেষ কোনো ফুল ফলের গন্ধ নয় কিন্তু। শিশিরসিক্ত ঘাস, সকালের বাতাস, অড়হরের ক্ষেত, এখানে ওখানে বনজ গাছপালা, সবশুদ্ধ মিলাইয়া একটা সুন্দর সৃগন্ধ।

অনেক দিন পরে এই সব গাছপালায় প্রথম দর্শনে অপু প্রাণে একটা উল্লাসের ঢেউ

উঠিল। অপূর্ব, অদ্ভুত, স্তম্ভিত ; মিনমিনে ধরণের নয়, পান্বে পান্বে জ্বোলো ধরণের নয়। অপূর্ব মন সে শ্রেণীরই নয় আদৌ, তাহা সেই শ্রেণীর বাহ্য জীবনের সকল অবদানকে, ঐশ্বর্যকে প্রাণপণে নিংড়াইয়া চুম্বিয়া আঁটিসার করিয়া খাইবার ক্ষমতা রাখে। অল্পেই নাচিয়া ওঠে, অল্পে দমিয়াও যায়—যদিও পুনরায় নাচিয়া উঠিতে বেশী বিলম্ব করে না।

মনসাপোতা গ্রামে যখন গাড়ি চুকিল তখন বেলা দুপুর। সর্বজয়া ছইয়ের পিছন দিকের ফাঁক দিয়া চাহিয়া দেখিতেছে তাহার নতনতম জীবনযাত্রা আরম্ভ করিবার স্থানটা কি রকম। তাহার মনে হইল গ্রামটাতে লোকের বাস একটু বেশী, একটু যেন বেশী ঠেসাঠেসি, ফাঁকা জায়গা বেশী নাই, গ্রামের মধ্যে বেশী বনজঙ্গলের বালাইও নাই। একটা কাহাদের বাড়ি, বাহির-বাটার দাওয়ার জনকয়েক লোক গল্প করিতেছিল, গোরুর গাড়িতে কাহারো আসিতেছে দেখিয়া চাহিয়া চাহিয়া দেখিতে লাগিল। উঠানে বাঁশের আলনার মাছ ধরিবার জাল শুকাইতে দিয়াছে। বোধ হয় গ্রামের জেলেপাড়া।

আরও খানিক গিয়া গাড়ি দাঁড়াইল। ছোট্ট উঠানের সামনে একখানি মাঝারি গোছের চালা ঘর, দু'খানা ছোট্ট দোচালা ঘর, উঠানে একটা পেরারা গাছ ও একপাশে একটা পাতকুয়া। বাড়ির পিছনে একটা তেঁতুল গাছ—তাহার ডালপালা বড় চালাঘরখানার উপর ঝুঁকিয়া পড়িয়াছে। সামনের উঠানটা বাঁশের জাকরি দিয়া ঘেরা। চক্রবর্তী মহাশয় গাড়ি হইতে নামিলেন। অপূ মা'কে হাত ধরিয়া নামাইল।

চক্রবর্তী মহাশয় আসিবার সময় যে তেলিবাড়ির উল্লেখ করিয়াছিলেন, বৈকালের দিকে তাহাদের বাড়ির সকলে দেখিতে আসিল। তেলি-গিন্নী খুব মোটা, রং বেজার কাশো। সঙ্গে চার পাঁচটি ছেলেমেয়ে, দু'টি পুত্রবধু। প্রায় সকলেরই হাতে মোটা মোটা সোনার অনন্ত দেখিয়া সর্বজয়ার মন সন্মমে পূর্ণ হইয়া উঠিল। ঘরের ভিতর হইতে দু'খানা কুশাসন বাহির করিয়া আনিয়া সলজ্জভাবে বলিল, আশ্বন আশ্বন, বসুন।

তেলি-গিন্নী পায়ের ধূলা লইয়া প্রণাম করিলে ছেলেমেয়ে ও পুত্রবধুরাও দেখাদেখি তাহাই করিল। তেলি-গিন্নী হাসিমুখে বলিল, দুপুরবেলা এলেন মা-ঠাকরুণ একবার বলি যাই। এই যে পাশেই বাড়ি, তা আসতে পেলাম না। মেজছেলে এল গোয়ারাডী থেকে—গোয়ারাডী দোকান আছে কি-না! মেজ বোঁয়ার মেয়েটা স্কাওটো, মা দেখতে ফুরসৎ পায় না, দুপুরবেলা আমাকে একেবারে পেয়ে বসে—ঘুম পাড়াতে পাড়াতে বেলা দুটো। ঘুঙুড়ি কাশি, গুপী কবরেজ বলেছে মধুরগুচ্ছ পুড়িরে মধু দিয়ে খাওরাতো। তাই কি সোজা-সজ্জি পুড়লে হবে মা, চৌবটি কৈজৎ—কঁাসার ঘটর মধ্যে পোরো, তা ঘুঁটের জাল করো, তা টিমে আঁচে চড়াও। হাঁরে হাজরী, ভোঁদা গোয়ারাডী থেকে কাল মধু এনেছে কি-না জানিস ?

আঠারো উনিশ বছরের একটি মেয়ে ঘাড় নাড়িয়া কথার উত্তর দিবার পূর্বেই তেলি-গিন্নী তাহাকে দেখাইয়া বলিল, ওইটি আমার মেজ মেয়ে—বহরমপুরে বিয়ে দিয়েছি। জামাই বড়বাজার এদের দোকানে কাজকর্ম করেন। নিজেদেরও গোলা, দোকান রয়েছে কালনা—বেয়াই সেখানে দেখেন শোনেন। কিন্তু হলে হবে কি যী—এমন কথা ভূভারতে কেউ কখনো

শোনে নি। দুই ছেলে, নাভি নাভনী, বেয়ান মারা গেলেন ভান্ডর মাসে, মাঘ মাসে বুড়ো আবার বিয়ে ক'রে আনলে। এখন ছেলেদের সব দিয়েচে ভেন্ন করে। জামাইয়ের মুশকিল, ছেলেমাছুষ—তা উনি বলেচেন, তা এখন তুমি বাবা আমাদের দোকানেই থাকো, কাজ দেখো শোনো শেখো, ব্যবসাদারের ছেলে, তারপর একটা ছিন্লে লাগিয়ে দেওয়া যাবে।

বড় পুত্রবধু এতক্ষণ কথা বলে নাই। সে ইহাদের মত ছড় বানিস নয়, বেশ টপটকে রং। বোধ হয় শহর-অঞ্চলের মেয়ে। এ-দলের মধ্যে সে-ই সন্দরী, বয়স বাইশ-তেইশ হইবে। সে নীচের ঠোঁটের কেমন চমৎকার এক প্রকার ভঙ্গি করিয়া বলিল, এঁরা এসেচেন সারাদিন খাওয়া-দাওয়া হয় নি, এঁদের আজকের সব ব্যবস্থা তো করে দিতে হবে? বেলাও তো গিয়েছে, এঁরা আবার রান্না করবেন।

এই সময় অপু বাড়ির উঠানে ঢুকিল। সে আসিয়াই গ্রামখানা বেড়াইয়া দেখিতে বাহিরে গিয়াছিল। তেলি-গিন্নী বলিল—কে মা-ঠাককণ? ছেলে বুলি? এই এক ছেলে? বাঃ, চেহারা যেন রাজপুত্র।

সকলেরই চোখ তাহার উপর পড়িল। অপু উঠানে ঢুকিয়াই এতগুলি অপরিচিতের সম্মুখে পড়িয়া কিছু লজ্জিত ও সঙ্কুচিত হইয়া উঠিল। পাশ কাটাইয়া ঘরের মধ্যে ঢুকিতেছিল, তাহার মা বলিল, দাঁড়া না এখানে। ভারি লাজুক ছেলে মা—এখন ওইটুকুতে দাঁড়িয়েচে—আর এক মেয়ে ছিল, তা—সর্বজয়ার গলার স্বর ভারী হইয়া আসিল। গিন্নী ও বড় পুত্রবধু একসঙ্গে বলিল, নেই, হ্যাঁ মা? সর্বজয়া বলিল, সে কি মেয়ে মা! আমার ছলতে এসেছিল, কি চুল, কি চোখ, কি মিষ্টি কথা? বকো-ঝকো, গাল দাও, মা'র মুখে উঁচু কথাটি কেউ শোনে নি কোন দিন।

ছোটবৌ বলিল, কত বয়সে গেল মা?

—এই তেরোয় পড়েই—ভাদ্রমাসে তেরোয় পড়ল, আশ্বিন মাসের ৭ই—দেখতে দেখতে চার বছর হয়ে গেল।

তেলি-গিন্নি দীর্ঘনিঃশ্বাস ছাড়িয়া কহিল—আহা মা, তা কি করবে বলো, সংসারে থাকতে গেলে সবই...তাই উনি বললেন—আমি বললাম আশ্বিন তাঁরা—চক্ৰান্তি মশায় পূজা-আচ্চা করেন—তা উনি মেয়েজামাই মারা যাওয়ার পর থেকে বড় থাকেন না। গাঁয়ে একঘর বামুন নেই—কাজকর্মে সেই গোয়াদী দৌড়তে হয়—থাকলে ভালো! বীরভূম না বাঁকুড়া জেলা থেকে সেবার এল কি চাটুয়ে। কি নামটা রে পাঁচী? বললে বাস করবো। বাড়ি থেকে চালডাল সিধে পাঠিয়ে দিই। তিন মাস রইল, বলে আজ ছেলেপিলে আনব—কাল ছেলেপিলে আনব—ও মা এক মাগী গোরালার মেয়ে উঠোন-ঝাঁট দিত আমাদের, তা বলি বামুন মাছুষ এসেছে, গুরও কাজটা করে দিস। ঘেন্নার কথা শোনো মা, আর বছর শিবরাত্রির দিন—তাকে নিয়ে—

বউ-ছ'টি ও মেয়েরা খিল্ খিল্ করিয়া হাসিয়া উঠিল।

সর্বজয়া অর্থাৎ হইয়া বলিল, পালালো নাকি?

—পালালো কি এমন ভেমন পালালো মা ? সেই সঙ্গে আমাদের এক প্রস্তুত বাসন। কিছুই জানি নে মা, সব নিজের ঘর থেকে...বলি আহা বামুন এসেচে—সরু, আছে বাড়তি। তা সেই বাসন সবসুদ্ধ নিয়ে ছুঁড়নে নিউদ্দিন! যাক সে সব কথা মা, উঠি তাহলে আজ! রান্নার কি আছে না-আছে বলো মা, সব দিই বন্দোবস্ত করে।

আট দশ দিন কাটিয়া গেল; সর্বজয়া ঘরবাড়ি মনের মত করিয়া সাজাইয়াছে। দেওয়াল উঠান নিকাইয়া পুঁছিয়া লইয়াছে। নিজস্ব ঘরদোর অনেকদিন ছিল না, নিশ্চিন্দ্রপুর ছাড়িয়া অবধিই নাই—এতদিন পরে একটা সংসারের সমস্ত ভার হাতে পাইয়া সে গত চার বৎসরের সঞ্চিত সাধ মিটাইতে ব্যস্ত হইয়া পড়িল।

জ্যাঠামশায় লোক মন্দ নহেন বটে, কিন্তু শীঘ্রই সর্বজয়া দেখিল তিনি একটু বেশী রূপণ। ক্রমে ইহাও বোঝা গেল—তিনি যে নিছক পরার্থপরতার ঝোঁকেই ইহাদের এখানে আনিয়াছেন তাহা নহে, অনেকটা আনিয়াছেন নিজের গরজে। তেলিদের প্রতিষ্ঠিত ঠাকুরটি পূজা না করিলে সংসার ভাল রূপ চলে না, তাহাদের বার্ষিক বৃত্তিও বন্ধ হইয়া যায়। এই বার্ষিক বৃত্তি সঞ্চয় করিয়াই তিনি কাশী থাকেন। পাকা লোক, অনেক ভাবিয়াচিন্তিয়া তবে তিনি ইহাদের আনিয়া তুলিয়াছেন। সর্বজয়াকে প্রায়ই বলেন—জয়া, তোর ছেলেকে বল কাজকর্ম সব দেখে নিতে। আমার মেয়াদ আর কত দিন? ওদের বাড়ির কাজটা দিক না আরম্ভ করে—সিধের চালেই তো মাস চলে যাবে।

সর্বজয়া তাহাতে খুব খুশী।

সকলের তাগিদে শীঘ্রই অপূ পূজার কাজ আরম্ভ করিল—ছ’টি একটি করিয়া কাজকর্ম আরম্ভ হইতে হইতে ক্রমে এপাড়ায় ওপাড়ায় অনেক বাড়ি হইতেই লক্ষ্মীপূজার মাকাল পূজায় তাহার ডাক আসে। অপূ মহা উৎসাহে প্রাতঃস্নান করিয়া উপনয়নের ঢেলীর কাপড় পরিয়া নিজের টিনের বাজের বাংলা নিত্যকর্মপদ্ধতিখানা হাতে লইয়া পূজা করিতে যায়। পূজা করিতে বসিয়া আনাড়ীর মত কোন্ অস্থান করিতে কোন্ অস্থান করে। পূজার কোন পদ্ধতি জানে না—বার বার বইয়ের উপর খুঁকিয়া পড়িয়া দেখে কি লেখা আছে—‘বজ্রায় হং’ বলিবার পর শিবের মাথায় বজ্রের কি গতি করিতে হইবে—ওঁ ব্রহ্মপৃষ্ঠ ঋষি স্তলছন্দঃ কুর্শো দেবতা’ বলিয়া কোন মুদ্রায় আসনের কোণ কি ভাবে ধরিতে হইবে—কোন রকমে গৌজা-মিল দিয়া কাজ সারিবার মত পটুৎও তাহার আয়ত্ত্ব হয় নাই, স্তত্রাং পদে পদে আনাড়ীপনা-টুকু ধরা পড়ে।

একদিন সেটুকু বেশী করিয়া ধরা পড়িল—ওপাড়ায় সরকারদের বাড়ি। যে ব্রাহ্মণ তাহাদের বাড়িতে পূজা করিত, সে কি জন্ত রাগ করিয়া চলিয়া গিয়াছে, গৃহদেবতা নারায়ণের পূজার জন্ত তাহাদের লোক অপুকে ডাকিয়া লইয়া গেল। বাড়ির বড় মেয়ে নিরুপমা পূজার যোগাড় করিয়া দিতেছিল, চৌদ্দ বছরের ছেলেকে ঢেলী পরিয়া পুঁথি বগলে গম্বীর মুখে আসিতে দেখিয়া সে একটু অবাক হইল। জিজ্ঞাসা করিল, তুমি পূজো করতে পারবে? কি নাম

তোমার ? চক্ৰি মশার তোমার কে হন ? মুখচোরা অপূর মুখে বেশী কথা বোগাইল না, লাজুক মুখে সে গিয়া আনাড়ীর মত আসনের উপর বসিল।

পূজা কিছুদূর অগ্রসর হইতে না হইতে নিরুপমার কাছে পূজারীর বিজ্ঞা ধরা পড়িয়া গেল। নিরুপমা হাসিয়া বলিল, ওকি ? ঠাকুর নামিয়ে আগে নাইয়ে নাও, তবে ভো ভুলসী দেবে ? —অপু খতমত ধাইয়া ঠাকুর নামাইতে গেল।

নিরুপমা বসিয়া পড়িয়া বলিল—উহ, ভাড়াভাড়া -ক'রো না। এই টাটে আগে ঠাকুর নামাও—আচ্ছা, এখন বড় তাম্র কুণ্ডিতে জল ঢালো—

অপু খুঁকিয়া পড়িয়া বইয়ের পাতা উল্টাইয়া স্নানের মন্ত্র খুঁজিতে লাগিল। তুলসীপত্র পরাইয়া শালগ্রামকে সিংহাসনে উঠাইতে যাইতেছে, নিরুপমা বলিল, ওকি ? তুলসীপাতা উপুড় করে পরাতে হয় বুঝি ? চিং করে পরাও—

যামে রাজামুখ হইয়া কোন রকমে পূজা সাজ করিয়া অপু চলিয়া আসিতেছিল, নিরুপমা ও বাড়ির অস্ত্রাস্ত্র মেয়েরা তাহাকে আসন পাতিয়া বসাইয়া ভোগের ফলমূল ও সন্দেশ জলযোগ করাইয়া তবে ছাড়িয়া দিল।

মাসখানেক কাটিয়া গেল।

অপুর কেমন মনে হয় নিশ্চিন্দ্রপুরের সে অপূর্ব মায়ারূপ এখানকার কিছুতেই নাই। এই গ্রামে নদী নাই, মাঠ থাকিলেও সে মাঠ নাই, লোকজন বেশী, গ্রামের মধ্যেও লোকজন বেশী। নিশ্চিন্দ্রপুরের সেই উদার স্বপ্নমাখানো মাঠ, সে নদীতীর এখানে নাই, তাদের দেশের মত গাছপালা, অত ফুলফল, পাখি, নিশ্চিন্দ্রপুরের সে অপূর্ব বন-বৈচিত্র্য, কোথায় সে সব ? কোথায় সে নিবিড় পুষ্পিত ছাতিম বন, ডালে ডালে সোনার সিঁহুর ছড়ানো সন্ধ্যা ?

সরকার বাড়ি হইতে আজকাল প্রায়ই পূজা করিবার ডাক আসে। শাস্ত্রস্বভাব ও সূন্দর চেহারার গুণে অপুকেই আগে চায়। বিশেষ বারব্রতের দিনে পূজাপত্র সারিয়া অনেক বেলায় সে ধামা করিয়া নানাবাড়ির পূজার নৈবেদ্য ও চাল-কলা বহিয়া বাড়ি আনে। সর্বজয়া হাসি-মুখে বলে, ওঃ, আজ চাল ভো অনেক হয়েচে !—দেখি ! সন্দেশ কাদের বাড়ির নৈবিদ্যে দিলে রে !

অপু খুশীর সহিত দেখাইয়া বলে, কুণ্ডবাড়ি থেকে কেমন একছড়া কলা দিয়েচে, দেখেচো মা ?

সর্বজয়া বলে, এবার বোধ হয় ভগবান মুখ তুলে চেয়েচেন, এদের ধরে থাকা বাক, গিন্নী লোক বড় ভালো। মেজছেলের স্বপ্নরবাড়ি থেকে তস্ব পাঠিয়েচে—অসময়ের আম—অমনি আমার এখানে পাঠিয়ে দিয়েচে—খাস্ এখন দুধ দিয়ে।

এত নানারকমের ভাল জিনিস সর্বজয়া কখনো নিজের আয়ত্তের মধ্যে পায় নাই। তাহার কতকালের স্বপ্ন ! নিশ্চিন্দ্রপুরের বাড়িতে কত নিশ্চল মধ্যাহ্নে, উঠানের উপর খুঁকিয়া-পড়া বাঁশবনের পঞ্জপন্দনে, ঘুঘুর ডাকে, তাহার অবসর অন্তমনস্ক মন যে অবাস্তব সজ্জলতার ছবি

আপন মনে ভাবিত গড়িত—হাতে খরচ নাই, ফুটা বাড়িতে জল পড়ে বৃষ্টির রাতে, পাড়ায় মুখ পায় না, সকলে তুচ্ছ করে, তাজিল্যা করে, মাহুষ বলিয়াই গণ্য করে না—সে সব দিনের স্মৃতির সঙ্গে, আমরুল শাকের বনে পুরানো পাঁচিলে দীর্ঘছায়ার সঙ্গে যে সব দূরকালের ছুরাশার রঙে রঙিন ভবিষ্যৎ জড়ানো ছিল—এই তো এতদিনে তাহারা পৃথিবীর মাটিতে নামিয়া আসিয়াছে।

পূজার কাজে অপূর অত্যন্ত উৎসাহ। রোজ সকালে উঠিয়া সে কলুপাড়ার একটা গাছ হইতে রাশীকৃত কচি কচি বেলপাতা পাড়িয়া আনে! একটা খাতা বাঁধিয়াছে, তাহাতে সর্বদা ব্যবহারের সুবিধার জন্ত নানা দেবদেবীর স্তবের মন্ত্র, স্নানের মন্ত্র, তুলসীদান প্রণালী লিখিয়া লইয়াছে। পাড়ায় পূজা করিতে নিজের তোলা ফুল-বেলপাতা লইয়া যায়, পূজার সকল পদ্ধতি নিখুঁতভাবে জানা না থাকিলেও উৎসাহ ও একাগ্রতায় সে সকল অভাব পূরণ করিয়া লয়।

বর্ষাকালের মাঝামাঝি অপূ একদিন মাকে বলিল যে, সে স্কুলে পড়িতে যাইবে।

সর্বজ্ঞা আশ্চর্য হইয়া তাহার মুখের দিকে চাহিয়া বলিল, কোন্ ইঙ্কলে রে?

—কেন, এই তো আড়বোয়ালেতে বেশ ইঙ্কল রয়েছে।

—সে তো এখন থেকে যেতে-আসতে চার ক্রোশ পথ। সেখানে যাবি হেঁটে পড়তে?

সর্বজ্ঞা কথাটা তখনকার মত উড়াইয়া দিল বটে, কিন্তু ছেলের মুখে কয়েকদিন ধরিয়া বার বার কথাটা শুনিয়া সে শেষে বিরক্ত হইয়া বলিল, যা খুঁশি করো বাপু, আমি জানি নে। তোমরা কোনো কালে কারুর কথা তো শুনলে না? শুনবেও না—সেই একজন নিজের খেরালে সারাজন্ম কাটিয়ে গেল, তোমারও তো সে ধারা বজায় রাখা চাই! ইঙ্কলে পড়বো! ইঙ্কলে পড়বি তো এদিকে কি হবে? দিব্যি একটা যাহোক দাঁড়াবার পথ তবু হয়ে আসছে—এখন তুমি দাঁও ছেড়ে—তারপর ইদিকেও যাক্, ওদিকেও যাক্—

মায়ের কথায় সে চূপ করিয়া গেল। চক্রবর্তী মহাশয় গত পৌষ মাসে কাশী চলিয়া গিয়াছেন, আজকাল তাহাকেই সমস্ত দেখিতে শুনিতে হয়। সামান্য একটু জমি-জমা আছে, তাহার খাজনা আদায়, ধান কাটাইবার বন্দোবস্ত, দশকর্ম, গৃহদেবতার পূজা। গ্রামে ব্রাহ্মণ নাই, তাহারাই একঘর মোটে। চাষী কৈবর্ত ও অন্তান্ত জাতির বাস, তাহা ছাড়া এ-পাড়ায় কুণ্ডুরা ও ও-পাড়ার সরকারেরা। কাজে কর্মে ইহাদের সকলেরই বাড়ি অপুকে ষষ্ঠীপূজা মাকালপূজা করিয়া বেড়াইতে হয়। সবাই মানে, জিনিসপত্র দেয়।

সেদিন কি একটা তিথি উপলক্ষে সরকার-বাড়ি লক্ষ্মীপূজা ছিল। পূজা সারিয়া ধানিক রাতে জিনিসপত্র একটা পুঁটুলি বাঁধিয়া লইয়া সে পথ বাহিয়া বাড়ির দিকে আসিতেছিল; খুব জ্যোৎস্না, সরকার বাড়ির সামনে নারিকেল গাছে কাঠঠোকরা শব্দ করিতেছে। শীত বেশ পড়িয়াছে; বাতাস খুব ঠাণ্ডা, পথে ক্ষেত্র কাপালির বেড়ায় আমড়া গাছে বউল ধরিয়াকে। কাপালিদের বাড়ির পিছনে বেগুনক্ষেতের উঁচুনিচু জমিতে এক জায়গায় জ্যোৎস্না

পড়িয়া চক্ চক্ করিতেছে,—পাশের খাদটাতেই অন্ধকার। অপু মনে মনে কল্পনা করিতে করিতে যাইতেছিল যে, উঁচু জ্বরগাটা একটা ভালুক, নিচুটা জলের চৌবাচ্চা, তার পয়ের উঁচুটা স্থনের ঢিবি। মনে মনে ভাবিল—কমলালেবু দিয়েচে, বাড়ি গিয়ে কমলালেবু খাবো। মনের স্মৃতি শহরে-শেখা একটা গানের একটা চরণ সে গুন গুন করিয়া ধরিল—

সাগর কূলে বসিয়া বিরলে হেরিব লহরী মালা—

অনেকদিনের স্বপ্ন যেন আবার ফিরিয়া আসে। নিশ্চিন্দপুরে থাকিতে ইছামতীর তীরের বনে, মাঠে কত ধূসর অপরাহ্নের, কত জ্যোৎস্না-রাতের সে সব স্বপ্ন! এই ছোট্ট চাষাগাঁয়ের চিরকালই এরকম বসন্তপূজা মাকালপূজা করিয়া কাটাইতে হইবে ?

সারাদিনের রোদে-পোড়া মাটি নৈশ শিশিরে স্নিগ্ধ হইয়া আসিয়াছে, এখন শীতের রাতের ঠাণ্ডা হাওয়ার তাহারই স্মরণ।

অপুর মনে হইল রেলগাড়ির চাকায় চাকায় যেমন শব্দ হয়—ছোট্টাকুরপো—বট্টাকুর-পো—ছোট্টাকুর-পো—বট্টাকুর-পো—

দুই-এক দিনের মধ্যে সে মায়ের কাছে কথটা আবার তুলিল। এবার শুধু তোলা নয়, নিতান্ত নাছোড়বান্দা হইয়া পড়িল। আড়বোয়ালের স্কুল দুই ক্রোশ দূরে, তাই কি ? সে খুব হাঁটিতে পারিবে এটুকু। সে বুঝি চিরকাল এই রকম চাষাগাঁয়ে বসিয়া বসিয়া ঠাকুরপূজা করিবে ? বাহিরে যাইতে পারিবে না বুঝি !

তবু আরও মাস দুই কাটিল। স্কুলের পড়াশোনা সর্বজ্বর্য বোঝে না সে যাহা বোঝে তাহা পাইয়াছে। তবে আবার ইঙ্কলে পড়িয়া কি লাভ ? বেশ তো সংসার গুছাইয়া উঠিতেছে। আর বছর কয়েক পরে ছেলের বিবাহ—তারপরই একঘর মাহুঘের মত মাহুঘ।

সর্বজ্বর্যর স্বপ্ন সার্থক হইয়াছে।

কিন্তু অপু তাহা হয় নাই। তাহাকে ধরিয়া রাখা গেল না—শ্রাবণের প্রথমে সে আড়বোয়ালের মাইনর স্কুলে ভর্তি হইয়া যাতায়াত শুরু করিল।

এই পথের কথা সে জীবনে কোনোদিন ভোলে নাই—এই একটি বৎসর ধরিয়া কি অপরূপ আনন্দই পাইয়াছিল—প্রতিদিন সকালে-বিকালে এই পথ হাঁটিবার সময়টাতে।...নিশ্চিন্দপুর ছাড়িয়া অবধি এত আনন্দ আর হয় নাই।

ক্রোশ দুই পথ। ছধারে বট, তুঁতের ছায়া, ঝোপঝাপ, মাঠ, মাঝে মাঝে অনেকখানি ফাকা আকাশ। স্কুলে বসিয়া অপু মনে হইত সে যেন একা কতদূর বিদেশে আসিয়াছে, মন চঞ্চল হইয়া উঠিত—ছুটির পরে নির্জন পথ বাহির হইয়া পড়িত।—বৈকালের ছায়ার ঢ্যাঙা তাল-খেজুরগাছগুলো যেন দিগন্তের আকাশ ছুঁইতে চাহিতেছে—পিড়িং পিড়িং পাখির ডাক—হু হু মাঠের হাওয়ার পাকা ফসলের গন্ধ আনিতোছে—সর্বত্র একটা মুক্তি, একটা আনন্দের বার্তা।...

কিন্তু সর্বাপেক্ষা সে আনন্দ পাইত পথ-চলতি লোকজনের সঙ্গে কথা কহিয়া। কত ধরণের

লোকের সঙ্গে পথে দেখা হইত—কত দূর-গ্রামের লোক পথ দিয়া হাঁটিত, কত দেশের লোক কত দেশে যাইত। অপু সবোমাত্র একা পথে বাহির হইয়াছে, বাহিরের পৃথিবীটার সহিত নতুন ভাবে পরিচয় হইতেছে, পথে ঘাটে সকলের সঙ্গে সালাপ করিয়া তাহাদের কথা জানিতে তাহার প্রবল আগ্রহ। পথ চলিবার সময়টা এইজন্য বড় ভালো লাগে, সাগ্রহে সে ইহার প্রতীক্ষা করে, স্থলের ছুটির পর পথে নামিয়াই ভাবে—এইবার গল্প শুনবো। পরে ক্ষিপ্তপদে আগাইয়া আসিয়া কোনো অপরচিত্ত লোকের নাগাল ধরিয়া ফেলে। প্রায়ই চাষালোক, হাতে হুকোককে। অপু জিজ্ঞাসা করে—কোথায় যাচ্ছ, হ্যাঁ কাকা? চলো আমি মনসা-পোতা পর্যন্ত তোমার সঙ্গে যাবো। মামজোরান গিইছিলে? তোমাদের বাড়ি বুঝি? না? শিকুড়ে? নাম শুনেচি, কোনদিকে জানি নে। কি খেয়ে সকালে বেরিয়েচ, হ্যাঁ কাকা?...

তারপর সে নানা খুঁটিনাটি কথা জিজ্ঞাসা করে—কেমন সে গ্রাম, ক'ধর লোকের বাস, কোন নদীর ধারে? ক'জন লোক তাদের বাড়ি, কত ছেলেমেয়ে, তারা কি করে?...

কত গল্প, কত গ্রামের কিংবদন্তী, সেকাল-একালের কত কথা, পল্লীগৃহস্থের কত সুখসুখের কাহিনী—সে শুনিয়াছিল এই এক বৎসরে। সে চিরদিন গল্প-পাগলা, গল্প শুনিতে শুনিতে আহার-নিদ্রা ভুলিয়া যায়—যত সামান্য ঘটনাই হোক, তাহার ভাল লাগে। একটা ঘটনা মনে কি গভীর রেখাপাতই করিয়াছিল!

কোন গ্রামের এক ব্রাহ্মণবাড়ির বৌ এক বাগ্‌দীর সঙ্গে কুলের বাহির-হইয়া গিয়াছিল—আজ অপূর সঙ্গীটি এইমাত্র তাকে শামুকপোতার বিলে গুগলি তুলিতে দেখিয়া আসিয়াছে। পরণে ছেঁড়া কাপড়, গায়ে গহনা নাই, ডাঙার একটি ছোট ছেলে বসিয়া আছে বোধ হয় তাহারই। অপু আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিল, তোমার দেশের মেয়ে? তোমার চিনতে পারলে?

হ্যাঁ, চিনতে পারিয়াছিল। কত কাঁদিল, চোখের জল ফেলিল, বাপমায়ের কথা জিজ্ঞাসা করিল। অল্পরোধ করিল যেন এসব কথা দেশে গিয়া সে না বলে। বাপ-মা শুনিয়া কষ্ট পাইবে। সে বেশ সুখে আছে। কপালে যাহা ছিল, তাহা হইয়াছে।

সঙ্গীটি উপসংহারে বলিল, বামুন-বাড়ির বৌ, হর্তেলের মত গায়ের রঙ—যেন ঠাকুরপের পিরুতিমে!

দুর্গা-প্রতিমার মত রূপসী একটি গৃহস্থবধু ছেঁড়া কাপড় পরণে শামুকপোতার বিলে হাঁটুকাল ডাঙিয়া চূপড়ি হাতে গুগলি তুলিতেছে—কত কাল ছবিটা তাহার মনে ছিল।

সেদিন সে স্থলে গিয়া দেখিল স্থলস্থল লোক বেজার সম্ভ্রম। মাস্টারেরা এদিকে ওদিকে ছুটাছুটি করিতেছেন। স্থল-ঘর গাঁদা কুলের মালা দিয়া সাজানো হইতেছে, তৃতীয় পণ্ডিত মহাশয় খামোকো একটা সুবুহুং সিঁড়িভাঙা ভগ্নাংশ কথিয়া নিজের ক্লাশের বোর্ড পুয়াইয়া রাখিয়াছেন। হঠাৎ আজ স্থল-ঘরের বারান্দা ও কম্পাউণ্ড এত সারু করিয়া রাখা হইয়াছে, যে, বাহারি বারোমাস এখানেই সহিত পরিচিত, তাহাদের বিন্মিত হইবার কথা। হেডমাস্টার

ফণীবাবু খাতাপত্র, এ্যাডমিশন বুক, শিক্ষকগণের হাজিরা বই লইয়া মহা ব্যস্ত। সেকেণ্ড পণ্ডিতকে ডাকিয়া বলিলেন, ও অমূল্যাবাবু, চৌঠো তারিখে খাতায় যে নাম সই করেন নি? আপনাকে বলে বলে আর পালা গেল না। দেরিতে এসেছিলেন তো খাতায় সই ক'রে ক্লাসে গেলেই হ'ত? সব মনে থাকে, এইটের বেলাতেই—

অপু শুনিল একটার সময় ইন্সপেক্টর আসিবেন স্থল দেখিতে। ইন্সপেক্টর আসিলে কি করিয়া উঠিয়া দাঁড়াইয়া তাঁহাকে অভ্যর্থনা করিতে হইবে তৃতীয় পণ্ডিত মহাশয় ক্লাশের ছেলেদের সে বিষয়ে তালিম দিতে লাগিলেন।

বারোটোর কিছু পূর্বে একখানা ঘোড়ার গাড়ি আসিয়া স্থলের সামনে থামিল। হেডমাস্টার তখনও ফাইল দ্রুত শেষ করিয়া উঠিতে পারেন নাই বোধ হয়—তিনি এত সকালে ইন্সপেক্টর আসিয়া পড়াটা প্রত্যাশা করেন নাই, জানালা দিয়া উঁকি মারিয়া গাড়ি দেখিতে পাইয়াই উঠি-পড়ি অবস্থায় ছুটিলেন। তৃতীয় পণ্ডিত মহাশয় হঠাৎ তড়িৎপৃষ্ট ভেকের মত সজীব হইয়া উঠিয়া তারস্বরে ও মহা উৎসাহে (অন্তদিন এই সময়টাই তিনি ক্লাসে বসিয়া মাধ্যাহ্নিক নিদ্রাটুকু উপভোগ করিয়া থাকেন) দ্রব পদার্থ কাহাকে বলে তাহার বর্ণনা আরম্ভ করিলেন। পাশের ঘরে সেকেণ্ড পণ্ডিত মহাশয়ের হুঁকোর শব্দ অদ্ভুত ক্ষিপ্রতার সহিত বন্ধ হইয়া গেল। সঙ্গে সঙ্গে তাঁহার উচ্চকণ্ঠ শোনা যাইতে লাগিল। শিক্ষক বলিলেন, মতি, তোমরা অবশ্যই কমলালেবু দেখিয়াছ, পৃথিবীর আকার—এই হরেন—কমলালেবুর স্থায় গোলাকার—

হেডমাস্টারের পিছনে পিছনে ইন্সপেক্টর স্থল ঘরে ঢুকিলেন। বয়স চল্লিশ-বিশ্লিশ বৎসর হইবে, বেঁটে, গৌরবর্ণ, সাতিন জিনের লম্বা কোট গায়ে, সিঙ্কের চাদর গলায়, পায়ে সাদা ক্যান্বিসের জুতা, চোখে চশমা। গলার স্বর ভারী। প্রথমে তিনি অফিস-ঘরে ঢুকিয়া খাতাপত্র অনেকক্ষণ ধরিয়া দেখার পরে বাহির হইয়া হেডমাস্টারের সঙ্গে ফান্ট ক্লাসে গেলেন। অপূর বুক টিপ্ টিপ্ করিতেছিল। এইবার তাহাদের ক্লাসে আসিবার পালা। তৃতীয় পণ্ডিত মহাশয় গলার সুর আর এক গ্রাম চড়াইলেন।

ইন্সপেক্টর ঘরে ঢুকিয়া বোর্ডের দিকে চাহিয়া জিজ্ঞাসা করিলেন, এরা কি ভগ্নাংশ ধরেছে? তৃতীয় পণ্ডিত মহাশয়ের মুখ আশ্চর্য্যমুখে উজ্জ্বল দেখাইল; বলিলেন, আঞ্জো ইয়া, হু' ক্লাসে আমিই অঙ্ক কষাই কি না। ও ক্লাসেই অনেকটা এগিয়ে দিই—সরল ভগ্নাংশটা শেষ করে ফেলি—

ইন্সপেক্টর এক এক করিয়া বাঙলা রিডিং পড়িতে বলিলেন। পড়িতে উঠিয়াই অপূর গলা কাঁপিতে লাগিল। শেষের দিকে তাহার পড়া বেশ ভাল হইতেছে বলিয়া তাহার নিজেরই কানে ঠেকিল। পরিকার সতেজ বাঁশির মত গলা।^{*} রিন্‌রিনে মিষ্টি।

—বেশ, বেশ রিডিং। কি নাম তোমার?

তিনি আরও কয়েকটি প্রশ্ন করিলেন। তারপর সবগুলি ক্লাস একে একে ঘুরিয়া আসিয়া জলের ঘরে ডাব ও সন্দেশ খাইলেন। তৃতীয় পণ্ডিত মহাশয় অপূকে বলিলেন, তুই হাতে ক'রে এই ছুটির দরখাস্তখানা নিয়ে বাইরে দাঁড়িয়ে থাক, ভোকে খুব পছন্দ করেছেন, যেমন

বাইরে আসবেন, অমনি সরাস্তখানা হাতে দিবি—দু'দিন ছুটি চাইবি—তোমার কথাই হয়ে যাবে—এগিয়ে যা।

ইমপেক্টর চলিয়া গেলেন। তাঁহার গাড়ি কিছুদূর যাইতে না যাইতে ছেলেরা সমস্বরে কলরব করিতে করিতে স্থল হইতে বাহির হইয়া পড়িল। হেডমাস্টার ফনীবাবু অপুকে বলিলেন, ইমপেক্টরবাবু খুব সন্তুষ্ট হয়ে গিয়েছেন তোমার ওপর। বোর্ডের একজামিন দেওয়াবো তোমাকে দিয়ে—তৈরী হও, বুঝলে ?

বোর্ডের পরীক্ষা দিতে মনোনিীত হওয়ার জন্ত যত না হউক, ইমপেক্টরের পরিদর্শনের জন্ত দু'দিন স্থল বন্ধ থাকিবার আনন্দে উৎফুল্ল হইয়া সে বাড়ির দিকে রওনা হইল। অল্প দিনের চেয়ে দেরি হইয়া গিয়াছে। অর্ধেক পথ চলিয়া আসিয়া পথের ধারে একটা সাঁকোর উপর বসিয়া মায়ের দেওয়া ধাবারের পুঁটুলি খুলিয়া কুটি, নারিকেলকোরা ও গুড় বাহির করিল। এইখানটাতে বসিয়া রোজ সে স্থল হইতে কিরিবার পথে ধাবার খায়। রাস্তার বাঁকের মুখে সাঁকোটা, হঠাৎ কোনো দিক হইতে দেখা যায় না, একটা বড় তুঁত-গাছের ডালপালা নত হইয়া ছায়া ও আশ্রয় দুই-ই যোগাইতেছে। সাঁকোর নীচে আমকল শাকের বনের ধারে একটু একটু জল বাধিয়াছে, মুখ বাড়াইলে জলে ছায়া পড়ে। অপূর কেমন একটা অস্পষ্ট ভিত্তিহীন ধারণা আছে যে, জলটা মাছে ভর্তি, তাই সে একটু একটু কুটির টুকরা উপর হইতে ফেলিয়া দিয়া মুখ বাড়াইয়া দেখে মাছে ঠোকরাইতেছে কি না।

সাঁকোর নীচের জলে হাত মুখ ধুইতে নামিতে গিয়া হঠাৎ তাহার চোখে পড়িল একজন বাঁকড়া-চুল কালো-মত লোক রাস্তার ধারের মাঠে নামিয়া লতা-কাঠি কুড়াইতেছে। অপূ কোঁতুহলী হইয়া চাহিয়া রহিল। লোকটা খুব লম্বা নয়, বেঁটে ধরণের, শক্ত হাত পা, পিঠে একগাছা বড় ধনুক, একটা বড় বোঁচকা, মাথার চুল লম্বা লম্বা, গলায় রাজা ও সবুজ হিংলাজের মালা। সে অত্যন্ত কোঁতুহলী হইয়া ডাকিয়া বলিল, ওখানে কি খুঁজচো ? পরে লোকটির সঙ্গে তাহার আলাপ হইল। সে জাতিতে সাঁওতাল, অনেক দূরে কোথায় হুমকা জেলা আছে, সেখানে বাড়ি। অনেক দিন বধমানে ছিল, বাঁকা বাঁকা বাংলা বলে, পায়ে হাঁটিয়া সেখান হইতে আসিতেছে। গম্ভব্য স্থান অনির্দেশ—এরূপে যতদূর যাওয়া যায় যাইবে, সঙ্গে তীর ধনুক আছে, পথের ধারে বনে মাঠে যাহা শিকার মেলে—তাহাই খায়। সম্প্রতি একটা কি পাখি মারিয়াছে, মাঠের কোন ক্ষেত হইতে গোটাকরেক বড় বড় বেগুনও তুলিয়াছে—তাহাই পুড়াইয়া খাইবার ঘোঁগাড়ে শুকনো লতা-কাঠি কুড়াইতেছে। অপূ বলিল, কি পাখি দেখি ? লোকটা বোলা হইতে বাহির করিয়া দেখাইল একটা বড় হাড়িাল ঘুঘু। সত্যিকারের তীর ধনুক—যাহাতে সত্যিকারের শিকার সম্ভব হয়—অপূ কখনও দেখে নাই। বলিল, দেখি একগাছা তীর তোমার ? পরে হাতে লইয়া দেখিল, মুখে শক্ত লোহার ফলা, পিছনে বুনোপাখির পালক বাঁধা—অদ্ভুত কোঁতুহলপ্রদ ও মুৎসকর জিনিস !—

—আচ্ছা এতে পাখি মরে, আর কি মরে ?

লোকটা উত্তর দিল, সবই মারা যায়—খরগোস, শিয়াল, বেঙ্গী, এমন কি বাঘ পর্যন্ত। তবে বাঘ মারিবার সময় তীরের ফলার অস্ত্র একটা লতার রস মাখাইয়া লইতে হয়।...তাহার পর সে তুঁতগাছতলার শুকনা পাতালতার আঁশুন জালিল। অপূর পা আর সেখান হইতে নড়িতে চাহিল না—মুগ্ধ হইয়া দাঁড়াইয়া দেখিতে লাগিল, লোকটা পাখিটার পালক ছাড়াইয়া আঁশনে বলসাইতে দিল, বেগুনগুলাও পুড়াইতে দিল।

বেলা অত্যন্ত পড়িলে অপূ বাড়ি রওনা হইল। আহার শেষ করিয়া লোকটা তখন তাহার বৌচকা ও তীর ধরুক লইয়া রওনা হইয়াছে। এ রকম মাছ সে তো কখনো দেখে নাই। বাঃ—যেদিকে ছুই চোখ যায় সেদিকে যাওয়া—পথে পথে তীর ধরুক দিয়া শিকার করা, বনের লতাপাতা কুড়াইয়া গাছতলায় দিনের শেষে বেগুন পুড়াইয়া খাওয়া! গোটা আষ্টেক বড় বড় বেগুন সামান্ত একটু ছুনের ছিটা দিয়া গ্রাসের পর গ্রাস তুলিয়া কি করিয়াই নিমেষের মধ্যে সাবাড় করিয়া ফেলিল!...

মাস কয়েক কাটিয়া গেল। সকালবেলা স্কুলের ভাত চাইতে গিয়া অপূ দেখিল রান্না চড়ানো হয় নাই। সর্বজয়া বলিল, আজ যে কুলুইচণ্ডী পূজো—আজ স্কুলে যাবি কি ক'রে? ...ওরা বলে গিয়েচে ওদের পূজোটা 'সেরে দেওয়ার জন্তে—পূজোবারে কি আর স্কুলে যেতে পারবি? বড্ড দেৱী হয়ে যাবে।

—হ্যাঁ, তাই বৈ কি? আমি পূজো করতে গিয়ে স্কুল কামাই করি আর কি? আমি ওসব পারবো না, পূজোটুজো আমি আর করবো কি ক'রে, রোজই তো পূজো লেগে থাকবে আর আমি বৃষ্টি রোজ রোজ—তুমি ভাত নিয়ে এস, আমি ওসব শুনছিনে—

—লক্ষ্মী বাবা আমার। আচ্ছা, আজকের দিনটা পূজোটা সেরে নে। ওরা বলে গিয়েচে ওপাড়াসুদ্ধ পূজো হবে। চাল পাওয়া যাবে এক ধামার কম নয়, মানিক আমার, কথা শোনো, শুনতে হয়।

অপূ কোন মতেই কথা শুনিল না। অবশেষে না খাইয়াই স্কুলে চলিয়া গেল। সর্বজয়া ভাবে নাই যে, ছেলে সত্যসত্যই তাহার কথা ঠেলিয়া না খাইয়া স্কুলে চলিয়া যাইবে। যখন সত্যই বৃষ্টিতে পান্নিল, তখন তাহার চোখের জল আর বাধা মানিল না। ইহা সে আশা করে নাই।

অপূ স্কুলে পৌঁছিতেই হেডমাস্টার ফণীবাবু তাহাকে নিজের ঘরে ডাক দিলেন। ফণীবাবুর ঘরেই স্থানীয় ব্রাঞ্চ পোস্ট-অফিস, ফণীবাবুই পোস্টমাস্টার। তিনি তখন ডাকঘরের কাজ করিতেছিলেন। বলিলেন, এসো অপূর্ব, তোমার নম্বর দেখবে? আজ ইন্সপেক্টর অফিস থেকে পাঠিয়ে দিবে—বোর্ডের এগজামিনে তুমি জেলার মধ্যে প্রথম হয়েচ—পাঁচ টাকার একটা স্কলারশিপ পাবে যদি আরো পড়ে তবে। পড়বে তো?

এই সময় তৃতীয় পণ্ডিত মহাশয় ঘরে ঢুকিলেন। ফণীবাবু বলিলেন, ওকে সে কথা এখন বললাম পণ্ডিতমশাই। জিজ্ঞেস করচি আরও পড়বে তো?

তৃতীয় পণ্ডিত বলিলেন, পড়বে না, বাঃ! হীরের টুকরো ছেলে, স্কুলের নাম রেখেছে। ওরা যদি না পড় তো পড়বে কে, কেটে তেলির বেটা গোবর্ধন? কিচ্ছু না, আপনি ইন্সপেক্টর অফিসে লিখে দিন যে, ও হাই স্কুলে পড়বে। ওর আবার জিজ্ঞেসটা কি?—ওঃ, সোজা পরিশ্রম করিচি মশাই ওকে ভগ্নাংশটা শেখাতে?

প্রথমটা অপু যেন ভাল করিয়া কথাটা বুঝিতে পারিল না। পরে যখন বুঝিল তখন তাহার মুখে কথা যোগাইল না। হেডমাস্টার একখানা কাগজ বাহির করিয়া তাহার সামনে ধরিয়া বলিলেন—এইখানে একটা নাম সহ ক'রে দাও তো। আমি কিন্তু লিখে দিলাম যে, তুমি হাইস্কুলে পড়বে। আজই ইন্সপেক্টর অফিসে পাঠিয়ে দেবো।

সকাল সকাল ছুটি লইয়া বাড়ি ফিরিবার পথে মায়ের করুণ মুখচ্ছবি বার বার তাহার মনে আসিতে লাগিল। পথের পাশে দুপুরের রোজ্জভরা শ্রামল মাঠ, প্রাচীন তুঁত বটগাছের ছায়া, ঘন শালপত্রের অন্তরালে ঘুঘুর উদাস কণ্ঠ, সব যেন করুণ হইয়া উঠিল। তাহার মনে এই অপূর্ণ করুণ ভাবটি বড় গভীর ছাপ রাখিয়া গিয়াছিল। আজিকার দুপুরটির কথা উত্তর জীবনে বড় মনে আসিত তাহার। কত—কতদিন পরে আবার এই শ্রামচ্ছায়াভরা বীথি, বাল্যের অপরূপ জীবনানন্দ, ঘুঘুর ডাক, মায়ের মনের একদিনের দুঃখটি—অনন্তের মণিহারে গাঁথা দানাগুলির একটি, পশ্চিম দিগন্তে প্রতি সন্ধ্যায় ছিঁড়িয়া-পড়া, বহুবিশ্রুত মুক্তাবলীর মধ্যে কেমন করিয়া অক্ষয় হইয়া ছিল।

বাড়িতে তাহার মাও আজ সারাদিন খায় নাই। ভাত চাহিয়া না পাইয়া ছেনো না খাইয়াই চলিয়া গিয়াছে স্কুলে—সর্বজয়া কি করিয়া খাবারের কাছে বসে? কলুইচণ্ডীর ফলার খাইয়া অপু বৈকালে বেড়াইতে গেল।

গ্রামের বাহিরে ধঞ্চ্কেতের ফসল কাটিয়া লওয়া হইয়াছে। চারি ধারে খোলা মাঠ পড়িয়া আছে। আবার সেই সব রঙীন কল্লনা; সে পরীক্ষার বৃত্তি পাইয়াছে! তার স্বপ্নের অতীত! মোটে এক বছর পড়িয়াই বৃত্তি পাইল।...সুখের জীবনের কত ছবিই আবার মনে আসে। ঐ মাঠের পারে রক্ত আকাশটার মত রহস্যময়ভরা যে অজানা অকুল জীবন-মহা-সমুদ্র!...পুলকে সারাদেহ শিহরিয়া উঠে। মাকে এখনও সব কথা বলা হয় নাই। মায়ের মনের-বেদনার রঙে যেন মাঠ, ঘাট, অন্তদিগন্তের মেঘমালা রাঙানো। গভীর ছায়াভরা সন্ধ্যা মায়ের দুঃখভরা মনটার মত ঘুলি-ঘুলি অন্ধকার।

দালানের পাশের ঘরে মিটি মিটি প্রদীপ জলিতেছে। সর্বজয়া রান্নাঘরের দাওয়ার ছেলেকে ওবেলার কলুইচণ্ডী-ব্রতের চিঁড়ে-মুড়কির ফলার খাইতে দিল। নিকটে বসিয়া চাঁপাকলার খোসা ছাড়াইয়া দিতে দিতে বলিল, ওরা কত দুঃখ করলে আজ। সরকার-বাড়ি থেকে বলে গেল তুই পূজা করবি—তারা খুঁজতে এলে আমি বললাম, সে স্কুলে চলে গিয়েছে। তখন তারা আবার ভৈরব চক্ৰিকে ডেকে নিয়ে গিয়ে ওই অত বেলায়—তুই যদি যেতিস্—

—আজ না গিয়ে ভাল করিচি মা! আজ হেডমাস্টার বলেচে আমি এগ্জামিনে

স্কলারশিপ পেইচি। বড় স্কুলে পড়লে মাসে পাঁচ টাকা ক'রে পাবো। স্কুলে যেতেই হেডমাস্টার ডেকে বললে—

সর্বজয়ার মুখ বিবর্ণ হইয়া গেল। ছেলের মুখের দিকে চাহিয়া বলিল, কোথায় পড়তে হবে ?

—মহকুমার বড় স্কুলে।

—তা তুই কি বল্‌লি ?

—আমি কিছু বলি নি। পাঁচটা করে টাকা মাসে মাসে দেবে, যদি না পড়ি তবে তো আর দেবে না। ওতে মাইনেও ফ্রি করে নেবে আর ওই পাঁচ টাকাতো বোর্ডিং-এ থাকবার খরচও কুলিয়ে যাবে।

সর্বজয়া আর কোন কথা বলিল না। কি কথা সে বলিবে ? যুক্তি এতই অকাটা যে তাহার বিরুদ্ধে প্রতিবাদ করিবার কিছুই নাই। ছেলে স্কলারশিপ পাইয়াছে, শহরে পড়িতে যাইবে, ইহাতে মা-বাপের ছেলেকে বাধা দিয়া বাড়ি বসাইয়া রাখিবার পদ্ধতি কোথায় চলিত আছে ? এ যেন তাহার বিরুদ্ধে কোন্ দণ্ডী'তার নির্মম অকাটা দণ্ড উঠাইয়াছে, তাহার দুর্বল হাতের সাধ্য নাই যে ঠেকাইয়া রাখে। ছেলেও ঐদিকে ঝুঁকিয়াছে! আজকার দিনটাই যেন কার মুখ দেখিয়া উঠিয়াছিল সে। ভবিষ্যতের সহস্র সুখস্বপ্ন কুয়াসার মত অনশ্চে বিলীন হইয়া যাইতেছে কেন আজকার দিনটিতে বিশেষ করিয়া ?

মাসখানেক পরে বৃত্তি পাওয়ার খবর কাগজে পাওয়া গেল।

খাইবার পূর্বদিন বৈকালে সর্বজয়া ব্যস্তভাবে ছেলের জিনিসপত্র গুছাইয়া দিতে লাগিল। ছেলে কখনও একা বিদেশে বাহির হয় নাই, নিতান্ত আনাড়ী, ছেলে-মাতুষ ছেলে। কত জিনিসের দরকার হইবে, কে থাকিবে তখন সেখানে যে মুখে মুখে সব অভাব যোগাইয়া ফিরিবে, সব জিনিস হাতে লইয়া বসিয়া থাকিবে ? খুঁটিনাটি—একখানা কাঁথা পাতিবার, একখানি গায়ের—একটি জল খাইবার গ্লাস, ঘরের তৈরী এক শিশি সরের ঘি, এক পুঁটুলি নারিকেল নাড়ু ; অপু ফুলকাটা একটা মাঝারি জামবাটিতে দুখ খাইতে ভালবাসে—সেই বাটিটা, ছোট একটা বোতলে মাখিবার চৈ-মিশানো নারিকেল তৈল, আরও কত কি। অপু মাখার'বালিশের পুরানো ওয়াড় বদলাইয়া নূতন ওয়াড় পরাইয়া দিল। দধি-মাত্রার আবশ্যকীয় দই একটা ছোট পাথরবাটিতে পাতিয়া রাখিল। ছেলেকে কি করিয়া বিদেশে চলিতে হইবে সে বিষয়ে সহস্র উপদেশ দিয়াও তাহার মনে তৃপ্তি হইতেছিল না। ভাবিয়া দেখিয়া যেটি বাদ দিয়াছে মনে হয় সেটি তখন-স্বাভাবিক ভাবিয়া বলিয়া দিতেছিল।

—যদি কেউ মারে টারে, কত দুই ছেলে তো আছে, অমনি মাস্টারকে বলে দিবি—বুলি ? রাস্তিরে ঘুমিরে পড়িস নে যেন ভাত খাবার আগে! এ তো বাড়ি নয় যে কেউ তোকে ওঠাবে—থেরে তবে ঘুমবি—নয়তো তাদের বলবি, যা হয়েছে ভাই দিবে ভাত দাও—বুলি তো ?

সন্ধ্যার পর সে কুণ্ডের বাড়ি মনসার ভাসান শুনিতে গেল। অধিকারী নিজে বেছলা সাজিয়া পায়ে ঘুঙুর বাঁধিয়া নাচে—বেশ গানের গলা। খানিকটা শুনিয়া তাহার ভাল লাগিল না। শুধু ছড়া কাটা ও নাচ সে পছন্দ করে না,—যুদ্ধ নাই, তলোয়ার-খেলা নাই, যেন পান্সে-পান্সে।

তবুও আজিকার রাতটি বড় ভাল লাগিল তাহার। এই মনসা ভাসানোর আসর, এই নতুন জায়গা, এই অচেনা গ্রাম্য বালকের দল, ফিরিবার পথে তাহাদের পাড়ার বাঁকে প্রস্ফুটিত হেনা ফুলের গন্ধ-ভরা নৈশ বাতাস জোনাকি-জলা অন্ধকারে কেমন মায়াময় মনে হয়।...

রাত্রে সে আরও দু-একটা জিনিস সঙ্গে লইল। বাবার হাতের লেখা একখানা গানের খাতা, বাবার উদ্ভট শ্লোকের খাতাখানা বড় পেটরাটা হইতে বাহির করিয়া রাখিল—বড় বড় গোটা গোটা ছাঁদের হাতের লেখাটা বাবার কথা মনে আনিয়া দেয়। গানগুলির সঙ্গে বাবার গলার সুর এমন ভাবে জড়াইয়া আছে যে, সেগুলি পড়িয়া গেলেই বাবার সুর কানে বাজে। নিশ্চিন্দপুরের কত ক্রীড়াকান্ত শাস্ত সন্ধ্যা, মেঘমেতুর বর্ষামধ্যাহ্ন, কত জ্যোৎস্না-ভরা রহস্যময়ী রাত্রি বিদেশ-বিভূঁই-এর সেই দুঃখ-মাখানো দিনগুলির সঙ্গে এই গানের সুর যেন জড়াইয়া আছে—সেই দশাশ্বমেধ ঘাটের রাণা, কাশীর পরিচিত সেই বাঙাল কথকঠাকুর।

সর্বজয়ার মনে একটা ক্ষীণ আশা ছিল যে, হয়ত ছেলে শেষ পর্যন্ত বিদেশে যাইবার মত করিবে না। কিন্তু তাহার অপু যে পিছনের দিকে ফিরিয়াও চাহিতেছে না। সে যে এত খাটিনা, একে-ওকে বলিয়া কহিয়া তাহার সাধ্যমত যতটা কুলার, ছেলের ভবিষ্যৎ জীবনের অবলম্বন একটা খাড়া করিয়া দিয়াছিল—ছেলে তাহা পায়ে দলিয়া যাইতেছে—কি জানি কিসের টানে! কোথায়? তাহার স্নেহদুর্বল দৃষ্টি তাহাকে দেখিতে দিতেছিল না যে, ছেলের ডাক আসিয়াছে বাহিরের জগৎ হইতে। সে জগৎটা তাহার দাবী আদায় করিতে তো ছাড়িবে না—সাধ্য কি সর্বজয়ার ঘে চিরকাল ছেলেকে আঁচলে লুকাইয়া রাখে?

যাত্রার পূর্বে মাঙ্গলিক অমুষ্ঠানের দধির ফোঁটা অপূর কপালে পরাইয়া দিতে দিতে বলিল—বাড়ি আবার শীগ্গির শীগ্গির আসবি কিন্তু, তোদের ইতুপুঞ্জোর ছুটি দেবে তো?

—হ্যাঁ, ইতুপুঞ্জোর ইতুপুঞ্জোর ছুটি হয়? তাতে আবার বড় ইতুপুঞ্জোর। সেই আবার আসবে গরমের ছুটিতে।

ছেলের অকল্যাণের আশঙ্কার উচ্ছ্বসিত চোখের জল বহু কষ্টে সর্বজয়া চাপিয়া রাখিল।

অপু মায়ের পায়ের ধূলা লইয়া ভারী বোঁচকাটা পিঠে ঝুলাইয়া লইয়া বাড়ির বাহির হইয়া গেল।

মাঘ মাসের সকাল। কাল একটু একটু মেঘ ছিল, আজ মেঘ-ভাঙা রাজ্য রোদ কুণ্ড-বাড়ির দো-ফলা আম গাছের মাথায় বলমল করিতেছে—বাড়ির সামনে বাঁশবনের তলার চক্-চকে সবুজ পাতার আড়ালে বুনো আদার রঙীন ফুল যেন দূর ভবিষ্যতের রঙীন স্বপ্নের মত সকালের বুকে।

দ্বিতীয় পরিচ্ছেদ

সবে ভোর হইয়াছে। দেওয়ানপুর গবর্ণমেন্ট মডেল ইন্সটিটিউশনের ছেলেদের বোর্ডিং-ঘরের সব দরজা এখনও খুলে নাই। কেবল স্কুলের মাঠে দুইজন শিক্ষক পায়চারী করিতেছেন। সম্মুখের রাস্তা দিয়া এত ভোরেই গ্রাম হইতে গোয়ালারা বাজারে দুধ বেচিতে আনিতেছিল, একজন শিক্ষক আগাইয়া আসিয়া বলিলেন—দাঁড়াও, ও ঘোষের পো, কাল দুধ দিয়ে গেলে তা নিছক জল, আঙ্গ দেখি কেমন দুধটা!

অপর শিক্ষকটি পিছু পিছু আসিয়া বলিলেন, নেবেন না সত্যেনবাবু, একটু বেলা না গেলে ভাল দুধ পাওয়া যায় না। আপনি নতুন লোক, এসব জায়গার গতিক জানেন না, যার-তার কাছে দুধ নেবেন না—আমার জানা গোয়ালা আছে, কিনে দেবো বেলা হলে।

বোর্ডিং-বাড়ির কোণের ঘরে দরজা খুলিয়া একটি ছেলে বাহির হইয়া আসিল ও দূরের করোনেশন রুক-টাওয়ারের ঘড়িতে কয়টা বাজিয়াছে চাহিয়া দেখিবার চেষ্টা করিল। সত্যেনবাবুর সঙ্গী শিক্ষকটির নাম রামপদবাবু, তিনি ডাকিয়া বলিলেন—ওহে সমীর, ওই যে ছেলেটি এবার ডিক্টেট স্কলারশিপ পেয়েছে, সে কাল রাত্রে এসেছে না?

ছেলেটি বলিল, এসেছে স্মার, ঘুমুচ্ছে এখনও। ডেকে দেবো?—পরে সে জানালার কাছে গিয়া ডাকিল, অপূর্ব, ও অপূর্ব!

ছিপছিপে পাতলা চেহারা, চোন্ধ পনেরো বৎসরের একটি খুব সুন্দর ছেলে চোখ মুছিতে মুছিতে বাহির হইয়া আসিল। রামপদবাবু বলিলেন, তোমার নাম অপূর্ব! ও!—এবার আড়বোরালের স্কুল থেকে স্কলারশিপ পেয়েছ?—বাড়ি কোথায়? ও! বেশ বেশ, আচ্ছা, স্কুলে দেখা হবে।

সমীর জিজ্ঞাসা করিল, স্মার, অপূর্ব কোন্ ঘরে থাকবে এখনও সেকেন্দ্র মাস্টার মশায় ঠিক করে দেন নি। আপনি একটু বলবেন?

রামপদবাবু বলিলেন, কেন তোর ঘরে তো সীট খালি রয়েছে—ওখানেই থাকবে।

সমীর বোধ হয় হাঁহাঁ চাহিতেছিল, বলিল,—আপনি একটু বলবেন তাহলে সেকেন্দ্র—

রামপদবাবু চলিয়া গেলে অপূর্ব জিজ্ঞাসা করিল, ইনি কে? পরে পরিচয় শুনিয়া সে একটু অপ্রতিভ হইল। হয়ত বোর্ডিং-এর নিয়ম নাই এত বেলা পর্যন্ত ঘুমানো, সে না জানিয়া শুনিয়া প্রথম দিনটাতেই হয়ত একটা অপরাধের কাজ করিয়া বসিয়াছে।...

একটু বেলা হইলে সে স্কুল-বাড়ি দেখিতে গেল। কাল অনেক রাত্রে আসিয়া পৌছিয়াছিল, ভাল করিয়া দেখিবার সুযোগ পায় নাই। রাত্রে অন্ধকারে আবছায়া-দেখিতে-পাওয়া সাদা রং-এর প্রকাণ্ড স্কুল বাড়িটা তাহার মনে একটা আনন্দ ও রহস্যের সঞ্চার করিয়াছিল।

এই স্কুলে সে পড়িতে পাইবে!...কতদিন শহরে থাকিতে তাহাদের ছোট স্কুলটা হইতে

বাহির হইয়া বাড়ি ফিরিবার পথে দেখিতে পাইত—হাই স্কুলের প্রকাণ্ড কম্পাউণ্ডে ছেলেরা সকলেই এক ধরনের পোশাক পরিয়া ফুটবল খেলিতেছে। তখন কতদিন মনে হইয়াছে এত বড় স্কুলে পড়িতে যাওয়া কি তাহার ঘটবে কোন কালে—এসব বড়লোকের ছেলেদের জন্ত। এতদিনে তাহার আশা পূর্ণ হইতে চলিল।

বেলা দশটার কিছু আগে বোর্ডিং-সুপারিন্টেণ্ডেন্ট বিধুবাবু তাহাকে ডাকিয়া পাঠাইলেন। সে কোন্ ঘরে আছে, নাম কি, বাড়ি কোথায়, নানা জিজ্ঞাসাবাদ করিয়া বলিলেন, সমীর ছোকরা ভাল, একসঙ্গে থাকলে বেশ পড়াশুনো হবে। এখানকার পুঙ্কের জলে নাইবে না কখনো—জল ভালো নয়, স্কুলের ইন্দারার জলে ছাড়া—আচ্ছা যাও, এদিকে আবার ঘণ্টা বাজবার সময় হ'ল।

সাড়ে দশটার ক্লাস বসিল। প্রথম বই খাতা হাতে ক্লাস রুমে ঢুকিবার সময় তাহার বুক আঙ্গুরের ঔৎসুক্যে টিপ্ টিপ্ করিতেছিল। বেশ বড় ঘর, নীচু চৌকির উপর মাস্টারের চেয়ার পাতা—খুব বড় ব্লাকবোর্ড। সব ভারী পরিষ্কার পরিচ্ছন্ন, নিখুঁতভাবে সাজানো। চেয়ার, বেঞ্চি, টেবিল, ডেস্ক সব ঝকঝক করিতেছে, কোথাও একটু ময়লা বা দাগ নাই।

মাস্টার ক্লাসে ঢুকিলে সকলে উঠিয়া দাঁড়াইল। এ নিয়ম পূর্বে সে যে সব স্কুলে পড়িত সেখানে দেখে নাই। কেহ স্কুল পরিদর্শন করিতে আসিলে উঠিয়া দাঁড়াইবার কথা মাস্টার শিখাইয়া দিতেন। সত্য সত্যই এতদিন পরে সে বড় স্কুলে পড়িতেছে বটে!...

জানালা দিয়া চাহিয়া দেখিল পাশের ক্লাস-রুমে একজন কোট-প্যাণ্টপরা মাস্টার বোর্ডে কি লিখতে দিয়া ক্লাসের এদিক-ওদিক পায়চারী করিতেছেন—চোখে চশমা, আধপাকা দাড়ি বৃকের উপর পড়িয়াছে, গভীর চেহারা। সে পাশের ছেলেকে চুপি চুপি জিজ্ঞাসা করিল, উনি কোন্ মাস্টার ভাই?

ছেলেটি বলিল—উনি মিঃ দস্ত, হেডমাস্টার—ক্রিশ্চান, খুব ভালো ইংরিজি জানেন।

অপূর্ব সুনিয়া নিরাশ হইল যে তাহাদের ক্লাসে মিঃ দস্তের কোন ঘণ্টা নাই। খার্ড ক্লাসের নিচে কোন ক্লাসে তিনি নাকি নামেন না।

পার্শেই স্কুলের লাইব্রেরী, স্থাপত্যালিনের গন্ধ-ভরা পুরোনো বই-এর গন্ধ আসিতেছিল। ভাবিল এ ধরনের ভরপুর লাইব্রেরীর গন্ধ কি কখনো ছোটখাটো স্কুলে পাওয়া যায়?

ঢং ঢং করিয়া ক্লাস শেষ হওয়ার ঘণ্টা পড়ে—আড়বোরালের স্কুলের মত একখণ্ড রেলের পাটির লোহা বাজায় না, সত্যিকারের পেটা ঘড়ি।—কি গভীর আওয়াজটা!...

টিকিনের পরের ঘণ্টায় সত্যেনবাবুর ক্লাস। চকিশ-পঁচিশ বৎসরের যুবক, বেশ বলিষ্ঠ গড়ন, ইঁহার মুখ দেখিয়া অপূর্ণ মনে হইল ইনি ভারী বিদ্বান, বুদ্ধিমানও বটে। প্রথম দিনেই ইঁহার উপর কেমন এক ধরনের শ্রদ্ধা তাহার গড়িয়া উঠিল! সে শ্রদ্ধা আরও গভীর হইল ইঁহার মুখের ইংরিজি উচ্চারণে।

ছুটির পর স্কুলের মাঠে বোর্ডিং-এর ছেলেদের নানা ধরনের খেলা শুরু হইল। তাহাদের ক্লাসের ননী ও সমীর তাহাকে ডাকিয়া লইয়া গিয়া অল্প সকল ছেলেদের সহিত পরিচয় করাইয়া

দিল। সে ক্রিকেট খেলা জানে না, ননী তাহার হাতে নিজের ব্যাটখানা দিয়া তাহাকে বল য়া়িতে বলিল ও নিজে উইকেট হইতে একটু দূরে দাঁড়াইয়া খেলার আইনকানুন বুঝাইয়া দিতে লাগিল।

খেলার অবসানে যে-যাহার স্থানে চলিয়া গেল। খেলার মাঠে পশ্চিম কোণে একটা বড় বাদাম গাছ, অপু গিয়া তাহার তলায় বসিল। একটু দূরে গবর্ণমেন্টের দাতব্য ঔষধালয়। বৈকালেও সেখানে একদল রোগীর ভিড় হইয়াছে, তাহাদের নানা কলরবের মধ্যে একটি ছোট মেয়ের কান্নার সুর শোনা যাইতেছে। অপূর্ব কেমন অন্তমনস্ক হইয়া গেল। চৌদ্দ-পনেরো বৎসর বয়সের মধ্যে এই আজ প্রথম দিন, যেদিনটি সে মায়ের নিকট হইতে বহুদূরে আত্মীয়-বন্ধুহীন প্রবাসে একা কাটাইতেছে। সেদিক দিয়া দেখিতে গেলে আজ তাহার জীবনের একটি স্মরণীয় দিন।

কত কথা মনে ওঠে, এই সুদীর্ঘ পনেরো বৎসরের জীবনে কি অপূর্ব বৈচিত্র্য, কি ঐশ্বর্য!

সমীর টেবিলে আলো জালিয়াছে। অপূর্ব কিছু ভালো লাগিতেছিল না—বিছানার গিয়া শুইয়া রহিল। খানিকটা পরে সমীর পিছনে চাহিয়া তাহাকে সে অবস্থায় দেখিয়া বলিল, পড়বে না?

অপূর্ব বলিল, একটু পরে—এই উঠি।

—আলোটা জালিয়ে রাখো, সুপারিন্টেণ্ডেন্ট এখুনি দেখতে আসবে, শুয়ে আছ দেখলে বকবে।

অপূর্ব উঠিয়া আলো জালিল। বলিল, রোজ আসেন সুপারিন্টেণ্ডেন্ট! সেকেণ্ড মাস্টার তো—না?

সমীরের কথা ঠিক। অপূর্ব আলো জালিবার একটু পরেই বিধুবাবু ঘরে ঢুকিয়া জিজ্ঞাসা করিলেন, কি রকম লাগলো আজ ক্লাসে? পড়াশুনো সব দেখে নিরেচ তো? সমীর, ওকে একটু দেখিয়ে দিস তো কোথায় কিসের পড়া। ক্লাসের রুটিনটা ওকে লিখে দে বরং—সব বই কেনা হয়েছে তো তোমার? জিওমেট্রি নেই? আচ্ছা, আমার কাছে পাওয়া যাবে, এক টাকা সাড়ে পাঁচ আনা, কাল সকালে আমার ঘর থেকে গিয়ে নিয়ে এসো একখানা।

বিধুবাবু চলিয়া গেলে সমীর পড়িতে বসিল; কিন্তু পিছনে চাহিয়া পুনরায় অপূর্বকে শুইয়া থাকিতে দেখিয়া সে কাছে আসিয়া বলিল, বাড়ির জন্তে মন কেমন করচে—না?

তাহার পর সে খাটের ধারে বসিয়া তাহাকে বাড়ীর সম্বন্ধে নানা কথা জিজ্ঞাসা করিতে লাগিল। বলিল, তোমার মা একা থাকেন বাড়িতে? আর কেউ না? তাঁর তো থাকতে কষ্ট হয়।

অপূর্ব বলিল, ও কিসের গণ্টা ভাই?

—বোর্ডিং-এর খাওয়ার গণ্টা—চলো যাই।

খাওয়ার-দাঁওয়ার পর দুই-তিনজন ছেলে তাহাদের ঘরে আসিল। এই সময়টা আর সুপারিন্টেণ্ডেন্টের ভয় নাই, তিনি নিজের ঘরে দরজা বন্ধ করিয়া দিয়াছেন। শীতের রাতে

আর বড় একটা বাহির হন না। ছেলেয়া এই সময়ে এঘর-ওঘর বেড়াইয়া গল্পগুজবের অবকাশ পায়। সমীর দরজা বন্ধ করিয়া দিয়া বলিল, এসো নূপেন, এই আমার খাটে বসো—শিশির যাও ওখানে—অপূর্ব জানো তাস খেলা ?

নূপেন বলিল, হেডমাস্টার আসবে না তো ?

শিশির বলিল, হ্যাঁ, এত রাত্তিরে আবার হেডমাস্টার—

অপূর্বও তাস খেলিতে বসিল বটে কিন্তু শীঘ্রই বুঝিতে পারিল, মায়ের ও দিদির সঙ্গে কত কাল আগে খেলার সে বিজ্ঞা লইয়া এখানে তাসখেলা খাটিবে না। তাসখেলায় ইহার সব ঘৃণ, কোন্ হাতে কি তাস আছে সব ইহাদের নখদর্পণে। তাহা ছাড়া এতগুলি অপরিচিত ছেলের সম্মুখে তাহাকে তাহার পুরাতন মুখচোরা রোগে পাইয়া বসিল; অনেক লোকের সামনে সে মোটেই স্বচ্ছন্দে কথাবার্তা বলিতে পারে না। মনে হয়, কথা বলিলেই হয়ত ইহার হাসিয়া উঠিবে। সে সমীরকে বলিল, তোমরা খেলো, আমি দেখি। শিশির ছাড়ে না। বলিল, তিনদিনে শিখিয়ে দোব, ধরো দিকি তাস।

বাহিরে যেন কিসের শব্দ হইল। শিশির সঙ্গে সঙ্গে চূপ করিয়া গেল এবং হাতের তাস লুকাইয়া পরের পাঁচ মিনিট এমন অবস্থায় রহিল যে সেখানে একটা কাঠের পুতুল থাকিলে সেটাও তাহার অপেক্ষা বেশী নড়িত। সকলেরই সেই অবস্থা। সমীর টেবিলের আলোটা একটু কমাইয়া দিল। আর কোন শব্দ পাওয়া গেল না। নূপেন একবার দরজার ফাঁক দিয়া বাহিরের বারান্দাতে উঁকি মারিয়া দেখিয়া আসিয়া নিজের তাস সমীরের তোশকের ডলা হইতে বাহির করিয়া বলিল, ও কিছু না, এস এস—তোমার হাতের খেলা শিশির।

রাত এগারোটার সময় পা টিপিয়া টিপিয়া যে যাহার ঘরে চলিয়া গেলে অপূর্ব জিজ্ঞাসা করিল, তোমাদের রোজ এমনি হয় নাকি ? কেউ টের পায় না ? আচ্ছা, চূপ ক'রে বসেছিল, ও ছেলেটা কে ?

ছেলেটাকে তাহার ভাল লাগিয়াছে। ঘরে ঢুকিবার পর হইতে সে বেশী কথা বলে নাই, তাহার খাটের কোণটিতে নীরবে বসিয়া ছিল। বয়স তেরোচৌদ্দ হইবে, বেশ চেহার। ইহাদের দলে থাকিয়াও সে এতদিনে তাসখেলা শেখে নাই, ইহাদের কথাবার্তা হইতে অপূর্ব বুঝিয়াছিল।

পরদিন শনিবার। বোর্ডিং-এর বেশীর ভাগ ছেলেই সুপারিন্টেন্ডেন্টের কাছে ছুটি লইয়া বাড়ি চলিয়া গেল। অপূর্ব মোটে দুই দিন হইল আসিয়াছে; তাহা ছাড়া যাতায়াতে ধরচ-পত্রও আছে, কাজেই তাহার যাওয়ার কথাই উঠিতে পারে না। কিন্তু তবু তাহার মনে হইল, এই শনিবারে একবার মাকে দেখিয়া আসিলে মন্দ হইত না,—সারা শনিবারের বৈকালটা কেমন খালি-খালি ফাঁকা-ফাঁকা ঠেকিতেছিল।

সন্ধ্যার সময় সে ঘরে আসিয়া আলো জালিল। ঘরে সে একা, সমীর বাড়ি চলিয়া গিয়াছে, এ রকম চূপকাম-করা ঘরে একা থাকিবার সৌভাগ্য কখনও তাহার হয় নাই, সে

খুশী হইয়া খানিকক্ষণ চুপ করিয়া নিজের খাটে বসিয়া রহিল। মনে মনে ভাবিল, এইবার সমীরের মত একটা টেবিল আমার হয় ? একটা টেবিলের দাম কত, সমীরকে জিজ্ঞাসা করবো।

পরে সে আলোটা লইয়া গিয়া সমীরের টেবিলে পড়িতে বসিল। ক্রটিনে লেখা আছে—সোমবার পাটীগণিতের দিন। অঙ্ককে সে বাঘ বিবেচনা করে। বইখানা খুলিয়া সভরে প্রত্নাবলীর অঙ্ক করেকটি দেখিতেছে, এমন সময় দরজা দিয়া ঘরে কে ঢুকিল। কাল রাত্রেই সেই শাস্ত্র ছেলেটি। অপু বলিল—এসো, এসো, ব'সো।

ছেলেটি বলিল, আপনি বাড়ি যান নি ?

অপু বলিল, না, আমি তো মোটে পরশু এলাম, বাড়িও দূরে। গিয়ে আবার সোমবারে আসা যাবে না।

ছেলেটি অপূর মুখের দিকে চাহিয়া রহিল। অপু বলিল—বোর্ডিং-এ যে আজ একেবারেই ছেলে নেই, সব শনিবারেই কি এমনই হয় ? তুমি বাড়ি যাও নি কেন ? তোমার নামটা কি জানি নে ভাই।

—দেবব্রত বসু—আপনার মনে থাকে না। বাড়ি গেলাম না কি ইচ্ছে ক'রে ? সেকেন্ মাস্টার ছুটি দিলে না। ছুটি চাইতে গেলাম, বললে, আর শনিবারে গেলে আবার এ শনিবারে কি ? হবে না, যাও।

তাহার পর সে বসিয়া বসিয়া অনেকক্ষণ গল্প করিল। তাহার বাড়ি শহর হইতে মাইল বারো দূরে, ঘ্রেনে যাইতে হয়। সে শনিবারে বাড়ি না গিয়া থাকিতে পারে না, মন হাঁপাইয়া উঠে, অথচ সুপারিন্টেণ্ডেন্ট ছুটি দিতে চায় না। তাহার কথাবার্তার ধরণে অপু বুঝিতে পারিল যে, বাড়ি না যাইতে পারিয়া মন আজ খুবই খারাপ, অনবরত বাড়ির কথা ছাড়া অন্য কথা সে বড় একটা বলিল না।

দেবব্রত খানিকটা বসিয়া থাকিয়া অপূর বালিশটা টানিয়া লইয়া শুইয়া পড়িল। অনেকটা আপন মনে বলিল, সামনের শনিবারে ছুটি দিতেই হবে, সেকেন্ মাস্টার না দেয় হেডমাস্টারের কাছে গিয়ে বলবো।

অপু এ ধরণের দূর প্রবাসে একা রাজিবাস করিতে আদৌ অভ্যস্ত নয়, চিরকাল মা-বাপের কাছে কাটাইয়াছে, আজকার রাজিটা তাহার সম্পূর্ণ উদাস ও নিঃসঙ্গ ঠেকিতেছিল।

দেবব্রত হঠাৎ বিছানা হইতে উঠিয়া বলিল, আপনি দেখেন নি বুঝি ? জানেন না ? আসুন না আপনাকে দেখাই, আসুন উঠে।

পরে সে অপূর হাত ধরিয়া পিছনের দেওয়ালের বড় জানালাটার কাছে লইয়া গিয়া দেখাইল, সেটার পাশাপাশি ছুটি গরাদে তুলিয়া ফেলিয়া আবার বসানো চলে। একটা লোক অনায়াসে সেই ফাঁকটুকু দিয়া ঘরে যাতায়াত করিতে পারে। বলিল, শুধু সমীরদা আর গণেশ জানে, কাউকে যেন বলবেন না।

একটু পরে বোর্ডিং-এর খাওয়ার ঘণ্টা পড়িল।

খাওয়ার আগে অপু বলিল, আচ্ছা ভাই, এ কথাটার মানে জানো ?

এক খণ্ড ছাপা কাগজ সে দেবব্রতকে দেখিতে দিল। বড় বড় অক্ষরে কাগজখানাতে লেখা আছে—Literature. এত বড় কথা সে এ পর্যন্ত কমই পাইয়াছে, অর্থাৎ জানিবার খুব কোঁতুহল। দেবব্রত জানে না, বলিল, চলুন, খাওয়ার সময় মণিদাকে জিজ্ঞেস করবো।

মণিমোহন সেকেও ক্লাসের ছাত্র, দেবব্রত কাগজখানা দেখাইলে সে বলিল, এর মানে সাহিত্য। এ ম্যাকমিলান কোম্পানীর বইয়ের বিজ্ঞাপন, কোথায় পেলে ?

অপু হাত তুলিয়া দেখাইয়া বলিল, ওই লাইব্রেরীর কোণটায় কুড়িয়ে পেয়েছি, লাইব্রেরীর ভেতর থেকে কেমন করে উড়ে এসেছে বোধ হয়। কাগজখানার আত্মা লইয়া হাসিমুখে বলিল, কেমন স্থাপত্যগিনের গজ্ঞতা !

কাগজখানা সে যত্ন করিয়া রাখিয়া দিল।

হেডমাস্টারকে অপু অভ্যস্ত ভয় করে। প্রৌঢ় বয়স, বেশ লম্বা, মুখে কাঁচাপাকা দাড়ি-গোঁফ—মনেকটা যাত্রার দলের মূনির মত। ভারী নাকি কড়া মেজাজের লোক, শিক্ষকেরা পর্যন্ত তাঁহাকে ভয় করিয়া চলেন। অপু এতদিন তাঁহাকে দূর হইতে দেখিয়া আসিতেছিল। একদিন একটা বড় মজা হইল। সত্যেনবাবু ক্লাসে আসিয়া বাংলা হইতে ইংরেজী করিতে দিয়াছেন, এমন সময় হেডমাস্টার ক্লাসে ঢুকিতেই সকলে উঠিয়া দাঁড়াইল। হেডমাস্টার বইখানা সত্যেনবাবুর হাত হইতে লইয়া একবার চোখ বুলাইয়া দেখিয়া লইয়া গম্ভীরস্বরে বলিলেন—আচ্ছা, এই যে এতে ভিক্টর হিউগো কথাটা লেখা আছে, ভিক্টর হিউগো কে ছিলেন জানো ? ক্লাস—নীরব। এ নাম কেহ জানে না। পাড়াগাঁয়ের স্কুলের কোর্থ ক্লাসেয় ছেলে, কেহ নামও শোনে নাই।—

—কে বলতে পারো—তুমি—তুমি ?

ক্লাসে সূচ পড়িলে তাহার শব্দ শোনা যায়।

অপুর অস্পষ্ট মনে হইল নামটা—যেন তাহার নিতান্ত অপরিচিত নয়, কোথাও যেন সে পাইয়াছে ইহার আগে। কিন্তু তাহার পালা আসিল ও চলিয়া গেল, তাহার মনে পড়িল না। ওদিকের বেঞ্চিটা ঘুরিয়া যখন প্রব্রটটা তাহাদের সম্মুখের বেঞ্চের ছেলেদের কাছে আসিয়া পৌঁছিয়াছে, তখন তাহার হঠাৎ মনে পড়িল, নিশ্চিন্দ্রপুরে থাকিতে সেই পুরাতন ‘বন্ধবাসী’ গুলার মধ্যে কোথায় সে একথাটা পড়িয়াছে—বোধ হয়, সেই ‘বিলাত যাত্রীর চিঠির মধ্যে হইবে। তাহার মনে পড়িয়াছে ! পরক্ষণেই সে উঠিয়া দাঁড়াইয়া বলিল—করাসী দেশের লেখক, খুব বড় লেখক। প্যারিসে তাঁর পাথরের মূর্তি আছে, পথের ধারে।

হেডমাস্টার বোধ হয় এ ক্লাসের ছেলের নিকট এ ভাবের উত্তর আশা করেন নাই, তাহার দিকে চশমা-আঁটা জলজলে চোখে পূর্ণ দৃষ্টিতে চাহিতেই অপু অভিজুত ও সঙ্কুচিত অবস্থায় চোখ নামাইয়া লইল। হেডমাস্টার বলিলেন, আচ্ছা, বেশ। পথের ধারে নয়, বাগানের মধ্যে মূর্তিটা আছে—বসো ; বসো সব।

সত্যেনবাবু তাহার উপর খুব সন্তুষ্ট হইলেন। ছুটির পর তাহাকে সঙ্গে করিয়া নিজের বাসায় লইয়া গেলেন। ছোটোখাটো বাড়ি, পরিষ্কার পরিচ্ছন্ন, একাই থাকেন। স্টোভ

জালিয়া চা ও খাবার করিয়া তাহাকে দিলেন, নিজেও খাইলেন। বলিলেন, আর একটু ভাল ক'রে গ্রামারটা পড়বে—আমি তোমাকে দাগ দিয়ে দেখিয়ে দেবো।

অপুর লজ্জাটা অনেকক্ষণ কাটিয়া গিয়াছিল, সে আলমারিটার দিকে আঙুল দিয়া দেখাইয়া বলিল—ওতে আপনার অনেক বই আছে ?

সত্যেনবাবু আলমারি খুলিয়া দেখাইলেন। বেশীর ভাগই আইনের বই, শীঘ্রই আইন পরীক্ষা দিবেন। একখানা বই তাহার হাতে দিয়া বলিলেন—এখানা তুমি পড়ো—বাংলা বই, ইতিহাসের গল্প।

অপুর আরও দু'একখানা বই নামাইয়া দেখিবার ইচ্ছা ছিল, কিন্তু শেষ পর্যন্ত পারিল না।

মাস দুই-তিনের মধ্যে বোর্ডিং-এর সকলের সঙ্গে তাহার খুব জানাশোনা হইয়া গেল।

হয়ত তাহা ঘটত না, কারণ তাহার মত লাজুক ও মুখচোরা প্রকৃতির ছেলের পক্ষে সকলের সহিত মিশিয়া আলাপ করিয়া লওয়াটা একরূপ সম্ভবের বাহিরের ব্যাপার, কিন্তু প্রায় সকলেই তাহার সহিত যাচিয়া আসিয়া আলাপ করিল। তাহাকে কে খুশী করিতে পারে—ইহা লইয়া দিনকতক যেন বোর্ডিং-এর ছেলেদের মধ্যে একটা পাল্লা দেওয়া চলিল। খাবার-ঘরে খাইতে বসিবার সময় সকলেরই ইচ্ছা—অপু তাহার কাছে বসে, এ তাড়াতাড়ি বড় পিঁড়িখানা পাতিয়া দিতেছে, ও ঘি খাইবার নিমন্ত্রণ করিতেছে। প্রথম প্রথম সে ইহাতে অস্বস্তি বোধ করিত, খাইতে বসিয়া তাহার ভাল করিয়া খাওয়া ঘটত না, কোন রকমে খাওয়া সারিয়া উঠিয়া আসিত। কিন্তু যেদিন ফাস্ট ক্লাসের রমাপতি পর্যন্ত তাহাকে নিজের পাতের লেবু তুলিয়া দিয়া গেল, সেদিন সে মনে মনে খুশী তো হইলই, একটু গর্বও অল্পভব করিল। রমাপতি বয়সে তাহার অপেক্ষা চার-পাঁচ বৎসরের বড়, ইংরেজি ভাল জানে বলিয়া হেডমাস্টারের প্রিয়পাত্র, মাস্টারেরা পর্যন্ত খাতির করিয়া চলেন, একটু গম্ভীরপ্রকৃতির ছেলেও বটে। খাওয়া শেষ করিয়া আসিতে আসিতে সে ভাবিল, আমি কি ওই শ্রামলালের মত ? রমাপতিদা পর্যন্ত সেধে লেবু দিল। দেয় ওদের ? কথাই বলে না।

দেবব্রত অঙ্ককারের মধ্যে কাঁঠালতলাটায় তাহারই অপেক্ষা করিতেছিল। বলিল—আপনার ঘরে যাবো অপূর্বদা, একটা চাঁস একটু ব'লে দেবেন ?

পরে সে হাসিমুখে বলিল, আজ বুধবার, আর চারদিন পরেই বাড়ি যাবো। শনিবারটা ছেড়ে দিন, মধ্যে আর তিনটে দিন। আপনি বাড়ি যাবেন না, অপূর্বদা ?

প্রথম কয়েকমাস কাটিয়া গেল। জ্বল-কম্পাউণ্ডের সেই পাড়াবাহার ও চীনা-মবার বোপটা অপূর বড় প্রিয় হইয়া উঠিয়াছিল। সে রবিবারের শান্ত দুপুরে রৌদ্রে পিঠ দিয়া শুকনা পাতার দাঁশির মধ্যে বসিয়া বসিয়া বই পড়ে। ক্লাসের বই পড়িতে তাহার ভাল লাগে না, সে-সব বই-এর গল্পগুলি সে মাসখানেকের মধ্যেই পড়িয়া শেষ করিয়াছে। কিন্তু মুশকিল এই যে, জ্বল লাইব্রেরীতে ইংরেজি বই বেশী ; যে বইগুলার বাধাই চিন্তাকর্ষক, ছবি বেশী,

সেগুলো সবই ইংরেজি। ইংরেজি সে ভাল বুঝিতে পারে না, কেবল ছবির তলাকার বর্ণনাটা বোঝে মাত্র।

একদিন হেডমাস্টারের অফিসে তাহার ডাক পাই। হেডমাস্টার ডাকিতেছেন গুনিয়া তাহার প্রাণ উড়িয়া গেল। ভয়ে ভয়ে অফিসঘরের দুয়ারের কাছে গিয়া দেখিল, আর একজন সাহেবী পোশাক-পরা ভদ্রলোক ঘরের মধ্যে বসিয়া আছেন। হেডমাস্টারের ইচ্ছিতে সে ঘরে ঢুকিয়া ছুঁজনের সামনে গিয়া দাঁড়াইল।

ভদ্রলোকটি ইংরেজিতে তাহার নাম জিজ্ঞাসা করিলেন ও সামনের একখানা পাতার উপর ঝুঁকিয়া পড়িয়া কি দেখিয়া লইয়া একখানি ইংরেজি বই তাহার হাতে দিয়া ইংরেজিতে বলিলেন, এই বইখানা তুমি পড়তে নিয়েছিলে ?

অপু দেখিল, বইখানা The World of Ice, মাসখানেক আগে লাইব্রেরী হইতে পড়িবার জন্ত সে লইয়াছিল। সবটা ভাল বুঝিতে পারে নাই।

সে কম্পিত কণ্ঠে বলিল, ইয়েস—

হেডমাস্টার গর্জন করিয়া বলিলেন, ইয়েস স্মর !

অপু পূর্বে কাঁপিতেছিল, জিত শুকাইয়া আসিতেছিল, খতমত খাইয়া বলিল, ইয়েস স্মর—

ভদ্রলোকটি পনরায় ইংরেজিতে বলিলেন, স্নেজ কাকে বলে ?

অপু ইহার আগে কখনও ইংরেজি বলিতে অভ্যাস করে নাই, ভাবিয়া ভাবিয়া ইংরেজিতে বানাইয়া বলিল, এক ধরণের গাড়ি, কুকুরে টানে। বরকের উপর দিয়া যাওয়ার কথাটা মনে আসিলেও হঠাৎ সে ইংরেজি করিতে পারিল না।

—অন্ত গাড়ির সঙ্গে স্নেজের পার্থক্য কি ?

অপু প্রথমে বলিল, স্নেজ হাজ—তারপরই তাহার মনে পড়িল—আর্টিকুল-সংক্রান্ত কোন গোলযোগ এখানে উঠিতে পারে। 'এ' বা 'দি' কোনটা বলিতে হইবে তাড়াতাড়ির মাথার ভাবিবার সময় না পাইয়া সোজাসুজি বহুবচনে বলিল, স্নেজেস্ হাভ নো হইলস্—

—অরোরা বোরিয়ালিস কাহাকে বলে ?

অপু চোখমুখ উজ্জ্বল দেখাইল। মাত্র দিন কতক আগে সত্যেনবাবুর কি একখানা ইংরেজি বইতে সে ইহার ছবি দেখিয়াছিল। সে জায়গাটা পড়িয়া মানে না বুঝিলেও একথাটা খুব গাল-ভরা বলিয়া সত্যেনবাবুর নিকট উচ্চারণ জানিয়া মুগ্ধ করিয়া রাখিয়াছিল। তাড়াতাড়ি বলিল, অরোরা বোরিয়ালিস ইজ এ কাইণ্ড অব্ এ্যাটমোস্ফেরিক ইলেক্টিসিটি—

ফিরিয়া আসিবার সময় শুনিল, আগন্তুক ভদ্রলোকটি বলিতেছেন, আন্টউজুয়াল ফর এ বয় অব্ ফোর্থ ক্লাস। কি নাম বললেন ? এ স্ট্রাইকিংলি হাওসাম বয়—বেশ বেশ !

অপু পরে জানিয়াছিল তিনি স্কুল-বিভাগের বড় ইন্সপেক্টর, না বলিয়া হঠাৎ স্কুল দেখিতে আসিয়াছিলেন।

পরে সে রমাপতির ঘরে আঁক বুঝিতে যায়। রমাপতি অবস্থাপন্ন ঘরের ছেলে, নিজের সীট বেশ সাজাইয়া রাখিয়াছে। টেবিলের উপর পাথরের দোয়াতদানি, নতুন নিব পরানো

কলমগুলি সাফ করিয়া গুছাইয়া রাখিয়াছে, বিছানাটি ধবধবে, বালিশের ওপর তোয়ালে। অপূর সঙ্গে পড়া শুনার কথাবার্তা মিটিবার পর সে বলিল, এবার তোমার সরস্বতী পূজোতে ছোট ছেলেদের লীডার হ'তে হবে, আর তো বেশী দেয়িও নেই, এখন থেকেই চাঁদা আদায়ের কাজে বেরুনো চাই।

উঠিবার সময় ভাবিল, রমাপতিদার মত এই রকম একটা দোয়াতদানি হয় আমার? চমৎকার ফুলকাটা? লিখে আরাম আছে। হ্যাঁ, চাঁদা চাইতে যাবো বৈ কি? ওসব হবে না আমার দিয়ে।—আসল কথা সে বেজায় মুখচোরা, কাহারও সহিত কথা বলিতে পারিবে না।

সে নিজের ঘরে ঢুকিয়া দেখিল, দেবব্রত সমীরের টেবিলে মাথা রাখিয়া চুপ করিয়া শুইয়া আছে। অপূ বলিল, কি দেখে, বাড়ি যাও নি আজ?

দেবব্রত মাথা না তুলিয়াই বলিল, দেখুন না কাণ্ড সেকেন্ মাস্টারের, ছুটি দিলে না—ও শনিবারে বাড়ি যাই নি, আপনি তো জানেন অপূর্বদা! বললে, তুমি ফি শনিবারে বাড়ি যাও, তোমার ছুটি হবে না—

দেবব্রতের জন্ত অপূর মনে বড় কষ্ট হইল। বাড়ির জন্ত তাহার মনটা সারা সপ্তাহ ধরিয়াকি রকম ভূষিত থাকে অপূ সে সন্দান রাখে। মনে ভাবিল, ওরই ওপর সুপারিন্টেন্ডেন্টের ঘন কড়াকড়ি। থাকতে পারে না, ছেলেমানুষ,—আচ্ছা লোক!

অপূ বলিল, রমাপতিদাকে দিয়ে আমি একবার বিধুবাবুকে বলাবো?

দেবব্রত ম্লান হাসিয়া বলিল, কাকে বলাবেন? তিনি আছেন বুঝি? মেয়ের জন্ম নিধে বেহারাকে দিয়ে বাজার থেকে কমলালেবু আনালেন, কপি আনালেন। তিনি বাড়ি চলে গিয়েছেন কোন্ কালে, সে ছুটোর ট্রেনে—আর এখন বলেই বা কি হবে, আমাদের লাইনের গাড়িও তো চলে গিয়েছে—আজ আর গাড়ি নেই।

অপূ তাহাকে ভুলাইবার জন্ত বলিল, এসো একটা খেলা করা যাক। তুমি হও চোর, একখানা বই চুরি ক'রে লুকিয়ে থাকো, আমি ডিটেক্টিভ হবো, তোমাকে ঠিক খুঁজে বাধ করবো—কিংবা ওইটে যেন একটা নক্সা, তুমি ব্যাগের মধ্যে লুকিয়ে নিয়ে গালাবে, আমি তোমাকে খুঁজে বার করবো—পড়ো নি 'নিহিলিস্ট রহস্য'? চমৎকার বই—ও: কি দেখাও? প্রতুলের কাছে আছে, চেয়ে দেবো।

দেবব্রতের খেলাধুলা ভাল লাগিতেছিল না, তবুও অপূর কথার কোন প্রতিবাদ না করিয়া মাথা তুলিয়া বসিল। বলিল, আমি লাইব্রেরীর ওই কোণটায় গিয়ে লুকিয়ে থাকবো?

—লুকিয়ে থাকতে হবে না, এই কাগজখানা একটা দরকারী নক্সা, তুমি পকেটের মধ্যে নিয়ে যেন রেলগাড়িতে যাচ্ছো, আমি বার ক'রে দেখে নেবো, তুমি পিস্তল বার ক'রে গুলি করতে আসবে—

দেবব্রতকে লইয়া খেলা জমিল না, একে সে 'নিহিলিস্ট রহস্য' পড়ে নাই, তাহার উপর তাহার মন খারাপ। নতুন ধরণের যুদ্ধ-জাহাজের নক্সাখানা সে বিনা বাধায় ও এত সহজে

বিপদের গুণ্ডচরকে চুরি করিতে দিল যে, তাহাকে এসব কার্যে নিযুক্ত করিলে রুশীয় সম্রাটকে পতনের অপেক্ষায় ১৯১৭ সালের বলশেভিক বিদ্রোহের মুখ চাহিয়া বসিয়া থাকিতে হইত না।

বেলা প্রায় পড়িয়া আসিয়াছে। বোর্ডিং-এর পিছ দেওয়ানী আদালতের কম্পাউণ্ডে অর্ধী-প্রত্যর্ধীর ভিড় কমিয়া গিয়াছে। দেবব্রত জানালায় দিকে চাহিয়া বলিল, রুক-টাওয়ারের ঘড়িতে ক'টা বেজেচে দেখুন না একবার? কাউকে বলবেন না অপূর্বদা, আমি এখনি বাড়ি যাবো।

অপূ বিশ্বস্যের সুরে বলিল, এখন যাবে কিসে? এই যে বললে ট্রেন নেই?

দেবব্রত সুর নিচু করিয়া বলিল—এগারো মাইল তো রাস্তা মোটে, হেঁটে যাবো, একটু রাত ঘদি হ'য়ে পড়ে জ্যোৎস্না আছে, বেশ যাওয়া যাবে।

—এগারো মাইল রাস্তা এখন এই পড়ন্ত বেলায় হেঁটে যেতে যেতে কত রাত হবে জানো? রাস্তা কখনো হেঁটেচো তুমি? তা ছাড়া না ব'লে যাওয়া—যদি কেউ টের পায়?

কিন্তু দেবব্রতকে নিবৃত্ত করা গেল না। সে কখনও রাস্তা হাঁটে নাই তাহা ঠিক, রাত্রি হইবে তাহা ঠিক, বিধুবাবুর কানে কথাটা উঠিলে বিপদ আছে, সবই ঠিক, কিন্তু বাড়ি সে যাইবেই—সে কিছুতেই থাকিতে পারিবে না—যাহা ঘটে ঘটবে। অবশেষে অপূ বলিল, তা হ'লে আমিও তোমার সঙ্গে যাই।

দেবব্রত বলিল, তা হ'লে সবাই টের পেয়ে যাবে, আপনি তিন-চার মাস বোর্ডিং ছেড়ে কোথাও যান নি, খাবার-ঘরে না দেখতে পেলে সবাই জানতে পারবে।

দেবব্রত চলিয়া গেলে অপূ কাহারও নিকট সে কথা বলিল না বটে, কিন্তু পরদিন সকালে খাওয়ার-ঘরে দেখা গেল দেবব্রতের অস্থপস্থিতি অনেকে লক্ষ্য করিয়াছে। রবিবার বৈকালে সমীর আসিলে তাহাকে সে কথাটা বলিল। পরদিন সোমবার দেবব্রত সকলের সম্মুখে কি করিয়া বোর্ডিং-এর কম্পাউণ্ডে ঢুকিবে বা ধরা পড়িলে কৃতকার্যের কি কৈফিয়ৎ দিবে এই লইয়াই ছ'জনে অনেক রাত পর্যন্ত আলোচনা করিল।

কিন্তু সকালে উঠিয়া দেবব্রতকে সমীরের বিছানায় শুইয়া ঘুমাইতে দেখিয়া সে দম্বরমত অবাঁক হইয়া গেল। সমীর বাহিরে মুখ ধুইতে গিয়াছিল, আসিলে জানা গেল যে, কাল অনেক রাত্রে দেবব্রত আসিয়া জানালায় শব্দ করিতে থাকে। পাছে কেউ টের পায় এজন্য পিছনের জানালায় খোলা-গরাদেটা তুলিয়া সমীর তাহাকে ঘরে ঢুকাইয়া লইয়াছে।

অপূ আগ্রহের সঙ্গে গল্প শুনিতে বসিল। কখন সে বাড়ি পৌছিল? রাত কত হইয়াছিল, তাহার মা তখন কি করিতেছিলেন?—ইত্যাদি।

রাত অনেক হইয়াছিল। বাড়িতে রাতের খাওয়া প্রায় শেষ হয় হয়। তাহার মা ছোট ভাইকে প্রদীপ ধরিয়া রান্নাঘর হইতে বড়ঘরের রোয়াকে পৌঁছাইয়া দিতেছেন এমন সময়—

অপূ কত দিন নিজে বাড়ি যায় নাই। মাকে কত দিন সে দেখে নাই। ইহার মত হাঁটিয়া যাতায়াতের পথ হইলে এতদিনে কতবার যাইত। রেলগাড়ি, গহনার নৌকা, আবার থানিকটা হাঁটা-পথও। যাতায়াতে দেড় টাকা খরচ, তাঁহার একমাসের জলখাবার। কোথায়

পাইবে দেড় টাকা যে, প্রতি শনিবার তো দূরের কথা, মাসে অন্তত একবারও বাড়ি যাইবে ? জলখাবারের পরস্যা বাচাইয়া আনা আট্টেক পরস্যা হইয়াছে, আর একটা টাকা হইলেই—বাড়ি। হয়ত এক টাকা জমিতে জমিতে গরমের ছুটিই বা আসিয়া যাইবে, কে জানে ?

পরদিন স্থলে হৈ হৈ ব্যাপসর। দেবব্রত যে লুকাইয়া কাহাকেও না বলিয়া বাড়ি চলিয়া গিয়াছিল এবং রবিবার রাত্রে লুকাইয়া বোর্ডিং-এ ঢুকিয়াছে, সে কথা কি করিয়া প্রকাশ হইয়া গিয়াছে। বিধুবাবু সুপারিন্টেণ্ডেণ্ট—সে কথা হেডমাষ্টারের কানে তুলিয়াছেন। ব্যাপারের গুরুত্ব বুঝিয়া সমীরের প্রাণ ভয়ে উড়িয়া গেল, সে-ই যে জানালায় ভাঙা গরাদে খুলিয়া দেবব্রতকে তাহাদের ঘরে ঢুকাইয়া লইয়াছে, সে কথা হেডমাষ্টার জানিতে পারিলে কি আর রক্ষা থাকিবে ? সমীর রমাপতির ঘরে গিয়া অবস্থাটা বুঝিয়া আসিল। দেবব্রত নিজেই সব স্বীকার করিয়াছে, সাক্ষ্য প্রমাণের প্রয়োজন হয় নাই, কিন্তু সমীরের জানালা খুলিয়া দেওয়ার কথা কিছুই বলে নাই। বলিয়াছে, সে সোমবার খুব ভোরে চুপি চুপি লুকাইয়া বোর্ডিং-এ ঢুকিয়াছে, কেহ টের পায় নাই। স্থল বসিলে ক্লাসে ক্লাসে হেডমাষ্টারের সাকুলার গেল যে, টিফিনের সময় স্থলের হলে দেবব্রতকে বেত মারা হইবে, সকল ছাত্র ও টিচারদের সে সময় সেখানে উপস্থিত থাকা চাই।

সমীর গিয়া রমাপতিকে বলিল, আপনি একবার বলুন না রমাপতিদা হেডমাষ্টারকে, ও ছেলেমানুষ, থাকতে পারে না বাড়ি না গিয়ে, আপনি তো জানেন ও কি রকম home-sick ? মিথো মিথো ওকে তিন শনিবার ছুটি দিলে না সেকেন্দ্র মাষ্টার, ওর কি দোষ ?

উপর-ক্লাসের ছাত্রদের ডেপুটেশনকে হেডমাষ্টার হাঁকাইয়া দিলেন। টিফিনের সময় সকলে হলে একত্র হইলে দেবব্রতকে আনা হইল। ভয়ে তাহার মুখ শুকাইয়া ছোট হইয়া গিয়াছে। হেডমাষ্টার বজ্রগম্ভীর স্বরে ঘোষণা করিলেন যে, এই প্রথম অপরাধ বলিয়া তিনি শুধু বেত মারিয়াই ছাড়িয়া দিতেছেন নতুবা স্থল হইতে তাড়াইয়া দিতেন।—রীতিমত বেত চলিল। কয়েক ঘা বেত খাইবার পরই দেবব্রত চীৎকার করিয়া কাঁদিয়া উঠিল। হেডমাষ্টার গর্জন করিয়া বলিলেন, চুপ ! bend this way, bend ! মার দেখিয়া বিশেষ করিয়া দেবব্রতের কান্নায় অপূর্ব চোখে জল আসিয়া গেল। মনে পড়িল, লীলাদের বাড়ি এই রকম মার একদিন সেও খাইয়াছিল বড়বাবুর কাছে, সেও বিনা দোষে।

অপু উঠিয়া বারান্দায় গেল। ফিরিয়া আসিতে সমীর ধমক দিয়া চুপি চুপি বলিল, তুই ও-রকম কাঁদছিস্ কেন অপূর্ব ? থাম্ না—হেডমাষ্টার বকবে—

সরস্বতী পূজার সময় তাহার আট আনা চাঁদা ধরাতে অপু বড় বিপদে পড়িল। মাসের শেষ, হাতেও পরস্যা-তেমন নাই, অথচ সে মুখে কাহাকেও 'না' বলিতে পারে না, সরস্বতী পূজার চাঁদা দিয়া হাত একেবারে খালি হইয়া গেল। বৈকালে সমীর জিজ্ঞাসা করিল, খাবার খেতে গেলি নে অপূর্ব ?

সে হাসিয়া ষাড় মাড়িল।

সমীর তাহার সব খবর রাখে, বলিল, আমি বরাবর দেখে আসচি অপূর্ব, হাতের পয়সা ভারী বে-আন্দাজি খরচ করিস্ তুই—বুকেস্বজে চললে এরকম হয় না—আট আনা চাঁদা কে দিতে বলছে ?

অপু হাসিমুখে বলিল, আচ্ছা, আচ্ছা, যা, তোকে আর শেখাতে হবে না—ভারী আমার গুরুঠাকুর—

সমীর বলিল, না হাসি নয়, সত্যি কথা বলছি। আর এই ননী, ভুলো, রাসবেহারী—ওদের ও-রকম বাজারে নিয়ে গিয়ে খাবার খাওয়াস্ কেন ?

অপু তাচ্ছিল্যের ভঙ্গিতে বলিল, যাঃ বকিস নে—ওরা ধরে খাওয়ার জন্তে, তা করবো কি ?

সমীর রাগ করিয়া বলিল, খাওয়াতে বললেই অমনি খাওয়াতে হবে ? ওরাও দুই দুই খাড়ি, তোকে পেয়েছে ওই রকম তাই। অল্প কারুর কাছে তো কই ঘেঁষে না। আড়ালে তোকে বোকা বলে তা জানিস্ ?

—ই্যা বলে বৈকি !

—আমার মিথ্যে কথা বলে লাভ ? সেদিন মণিদার ঘরে তোর কথা হচ্ছিল ; ওই বদমায়েস রাসবেহারীটা বলছিল—কাকি দিয়ে খেয়ে নেয়,—আর ও-সব কলার লজ্জুস কিনে এনে বিলিয়ে বাহাজুরি করতে কে বলেছে তোকে !

সমীর নিতান্ত মিথ্যা বলে নাই। জীবনে এই প্রথম নিজের খরচপত্র অপূকে নিজে বুঝিয়া করিতে হইতেছে, ইহার পূর্বে কখনও পয়সাকড়ি নিজের হাতের মধ্যে পাইয়া নাড়াচাড়া করে নাই—কাজেই সে টাকা-পয়সার ওজন বুঝিতে পারে না, স্কলারশিপের টাকা হইতে বোর্ডিং-এর খরচ মিটাইয়া টাকা-দুই হাতখরচের জন্ত খাচে—এই দেড় টাকা দু'টাকাকে সে টাকার হিসাবে না দেখিয়া পয়সার হিসাবে দেখিয়া থাকে। ইতিপূর্বে কখনও আটটা পয়সা একত্র হাতের মধ্যে পায় নাই—একশো কুড়িটা পয়সা তাহার কাছে কুবেরের ধনভাণ্ডারের সমান অসীম মনে হয়। মাসের প্রথমে ঠিক রাখিতে না পারিয়া সে দরাজ হাতে খরচ করে—বাধানো খাতা কেনে, কালি কেনে, খাবার খায়। প্রায়ই ছুঁচোরজন ছেলে আসিয়া ধরে তাহাদিগকে খাওয়াইতে হইবে। তাহার খুব প্রশংসা করে, পড়াশুনার তারিফ করে। অপু মনে মনে অভ্যস্ত গর্ব অহুভব করে, ভাবে—সোজা ভাল ছেলে আমি ! সবাই কি খাতির করে ! ভবুও তো মোটে পাচ মাস এসিচি।

মহা ধুশীর সহিত তাহাদিগকে বাজারে লইয়া গিয়া খাবার খাওয়ার। ইহার উপর আবার কেহ কেহ ধার করিতে আসে, অপু কাহাকেও 'না' বলিতে পারে না।

এরূপ করিলে কুবেরের ভাণ্ডার আর কিছু বেশী দিন টিকিতে পারে বটে, কিন্তু একশত কুড়িটা পয়সা দশদিনের মধ্যেই নিঃশেষে উড়িয়া যায়, মাসের বাকি দিনগুলিতে কষ্ট ও টান-টানির সীমা থাকে না। দু'দশটা পয়সা যে বাহা ধার লয়, মুখচোরা অপু কাহারও কাছে ভাগাধা করিতে পারে না,—প্রায়ই তাহা আর আদার হয় না।

সমীর ব্যাডমিন্টনের র্যাকেট হাতে বাহির হইয়া গেল। অণু ভাবিল—বলুক বোকা, আমি তো আর বোকা নই? পয়সা ধার নিয়েচে কেন দেবে না—সবাই দেবে।

পরে সে একখানা বই হাতে লইয়া তাহার প্রিয় গাছপালা-ঘেরা সেই কোণটিতে বসিতে যায়। মনে পড়ে এতক্ষণ সবখানে ছায়া পড়িয়া গিয়াছে, চীনে-জবা গাছে কচি কচি পাতা ধরিয়াছে। যাইবার সময় ভাবে, দেখি আর ক'টা লজেঞ্জুস আছে?—পরে বোতল হইতে গোটাকতক বাহির করিয়া মুখে পুরিয়া দেয়।—ভাবে, আসছে মাসের টাকা পেলে ঐ যে আনারসের একরকম আছে, তাই কিনে আনবো এক শিশি—কি চমৎকার এগুলো খেতে! এ ধরণের ফলের আনন্দযুক্ত লজেঞ্জুস সে আর কখনও খায় নাই!

কম্পাউণ্ডে নামিয়া লাইব্রেরীর কোণটা দিয়া যাইতে যাইতে সে হঠাৎ অবাক হইয়া দাঁড়াইয়া গেল। একজন বেটে-মত লোক ইঁদারার কাছে দাঁড়াইয়া স্থলের কেরণী ও বোর্ডিং-এর বাজার-সরকার গোপীনাথ দত্তের সঙ্গে আলাপ করিতেছে।

তাহার বৃকের ভিতরটা কেমন ছাঁৎ করিয়া উঠিল...সে কিসের টানে যেন লোকটার দিকে পায়ে পায়ে আগাইয়া গেল...লোকটা এবার তাহার দিকে মুখ ফিরাইয়াছে—হাতটা কেমন বাঁকাইয়া আছে, তখনি কথা শেষ করিয়া সে ইঁদারার পাড়ের গায়ে ঠেস্-দেওয়ানো ছাতাটা হাতে লইয়া কম্পাউণ্ডের ফটক দিয়া বাহির হইয়া গেল।

অণু খানিকক্ষণ একদৃষ্টে সেদিকে চাহিয়া রহিল। লোকটাকে দেখিতে অবিকল তাহার বাবার মত।

কতদিন সে বাবার মুখ দেখে নাই। আজ চার বৎসর!

উদগত চোখের জল চাপিয়া জ্বাতলায় গিয়া সে গাছের ছায়ায় চূপ করিয়া বসিল।

অশ্রমনস্কভাবে বইখানা সে উন্টাইয়া যায়। তাহার প্রিয় সেই তিন-রঙা ছবিটা বাহির করিল, পাশের পৃষ্ঠার সেই পৃষ্ঠটা।

স্বদেশ হইতে বহুদূরে, আত্মীয়স্বজন হইতে বহুদূরে, আলজিরিয়ার কর্কশ, বন্ধুর, জলহীন মরুপ্রান্তে একজন মুমূর্ষু তরুণ সৈনিক বালুশযায় শায়িত। দেখিবার কেহ নাই। কেবল জর্নৈক সৈনিকবন্ধু পাশে হাঁটু গাড়িয়া বসিয়া মুখে চামড়ার বোতল হইতে একটু একটু জল দিতেছে। পৃথিবীর নিকট হইতে শেষ বিদায় লইবার সময় সন্ধ্যুখের এই অপরিচিত, ধূসর উচুনিচু বালিয়াড়ি, পিছনের আকাশে সাক্ষ্যস্বরজ্জচ্ছটা, দূরে খজুরকুঞ্জ ও উধ্বমুখ উষ্ট্রশ্রেণীর দিকে চোখ রাখিয়া মুমূর্ষু সৈনিকটির কেবলই মনে পড়িতেছে বহুদূরে রাইন নদীতীরবর্তী তাহার জন্মপল্লীর কথা...তাহার মা আছেন সেখানে। বন্ধু, তুমি আমার মায়ের কাছে খবরটা পৌছাইয়া দিও, ভুলিও না।...

For my home is in distant Bingen, Fair Bingen on the Rhine !...

মাকে অণু দেখে নাই আজ পাঁচ মাস।—সে আর থাকিতে পারে না...বোর্ডিং তাহার ভাল লাগে না। স্থল আর ভাল লাগে না, মাকে না দেখিয়া আর থাকা যায় না।

এই সব সময়ে এই নির্জন অপরাহ্নগুলিতে নিশ্চিন্দিপুত্রের কথা কেমন করিয়া তাহার মনে পড়িয়া যায়। সেই একদিনের কথা মনে পড়ে।...

বাড়িতে পাশের পোড়ো ভিটার বনে অনেকগুলো ছাতারে পাখি কিচমিচ করিতেছিল, কি ভাবিয়া একটা টিল ছুঁড়িয়া মারিতেই দলের মধ্যে ছোট একটা পাখি ঘাড় মোচড়াইয়া টুপ করিয়া ঝোপের নিচে পড়িয়া গেল, বাকীগুলো উড়িয়া পলাইল। তাহার টিলে পাখি সত্য সত্য মরিবে ইহা সে ভাবে নাই, দৌড়িয়া গিয়া মহা আগ্রহে দিকিকে ডাকিল, ওরে দিদি, শীগুগির আয় রে, দেখবি একটা জিনিস, ছুটে আয়—

দুর্গা আসিয়া দেখিয়া বলিল, দেখি, দে-দিকি আমার হাতে! পরে সে নিজের হাতে পাখিটিকে লইয়া কোঁতুলের সহিত নাড়িয়া চাড়িয়া দেখিল। ঘাড় ভাঙিয়া গিয়াছে, মুখ দিয়া রক্ত উঠিয়াছে, দুর্গার আঙুলে রক্ত লাগিয়া গেল। দুর্গা তিরস্কারের স্বরে বলিল, আহা কেন মারতে গেলি তুই?

অপুর বিজয়গর্বে উৎফুল্ল মন একটু দমিয়া গেল।

দুর্গা বলিল, আজ কি বার রে? সোমবার না? তুই তো বামুনের ছেলে—চল, তুই আর আমি একে নিয়ে গিয়ে গাঙের ধারে পুড়িয়ে আসি, এর গতি হয়ে যাবে।

ভারপর দুর্গা কোথা হইতে একটা দেশলাই সংগ্রহ করিয়া আনিল, তেঁতুলতলার ঘাটের এক ঝোপের ধারে শুকনো পাতার আঁঙনে পাখিটাকে পানিক পুড়াইল, পরে আধ-ঝলুমানো পাখিটা নদীর জলে ফেলিয়া দিয়া সে ভক্তিতাবে বলিল—হরিবোল হরি, হরি ঠাকুর ওর গতি করবেন, দেখিস! আহা কি ক'রেই ঘাড়টা থেঁতলে দিয়েছিলি? কখনো গুরু কাম করিস নে আর। বনে জঙ্গলে উড়ে বেড়ায়, কারুর কিছু করে না, মারতে আছে, ছিঃ!—

নদী হইতে অঞ্জলি ভরিয়া জল তুলিয়া দুর্গা চিতার জায়গাটা ধুইয়া দিল।

সন্ধ্যার আগে বাড়ি ফিরিবার সময় কে জানে তাহারা কোন্ মুক্ত বিহঙ্গ আত্মার আশীর্বাদ লইয়া ফিরিয়াছিল।...

দেবব্রত আসিয়া ডাক দিতে অপূর নিশ্চিন্দিপুত্রের স্বপ্ন মিলাইয়া গেল।

দেবব্রত বলিল, অপূর্বদা এখানে ব'সে আছেন? আমি ঠিক ভেবেচি আপনি এখানেই আছেন—কি কথা ভাবচেন—মুখ ভার ভার—

অপূ হাসিয়া বলিল—ও কিছু না, এস ব'সো। কি? চলো দেখি রাসবেহারী কি করছে।

দেবব্রত বলিল, না, যাবেন না অপূর্বদা, কেন ওদের সঙ্গে মেশেন? আপনার নামে লাগিয়েচে, ধোপার পয়সা দেয় না, পয়সা বাকী রাখে এই সব। যাবেন না ওদের ওখানে—

—কে বলেচে এসব কথা?

—ওই ওরাই বলে। বিনোদ ধোপাকে শিখিয়ে দিচ্ছিল আপনার কাছে পয়সা বাকি না রাখতে। বলছিল, ও আর দেবে না—তিন বারের পয়সা নাকি বাকি আছে?

অপূ বলিল, বা রে, বেশ লোক তো সব। হাতে পয়সা ছিল না তাই দিই নি—এই সামনের মাসে প্রথমেই দিয়ে দেবো—তা আবার ধোপাকে শিখিয়ে দেওয়া—আচ্ছা তো সব।

দেবব্রত বলিল—আবার আপনি ওদের যান খাওয়াতে ! আপনার সেই খাতাখানা নিয়ে ওই বদমাইস্ হিমাংশুটা আজ কত ঠাট্টা তামাসা করছিল—ওদের দেখান কেন ওসব ?

অপূর্ব বলিল, এসব কথা আমি জানি নে, আমি লিখছিলাম ননীমাধব এসে বলে—ওটা কি ? তাই একটুখানি পড়ে শোনালাম । কি কি—কি বলছিল ?

—আপনাকে পাগল বলে—যত রাজ্যের গাছপালার কথা নাকি শুধু শুধু খাতায় লেখাণ্ড আবোল-তাবোল শুধু তাতেই ভক্তি ? ওরা তাই নিয়ে হাসে । আপনি চূপ করে এইখানে মাঝে মাঝে এসে বসেন বলে কত কথা তুলেছে—

অপুর রাগ হইল, একটু লজ্জাও হইল । ভাবিল, খাতাখানা না দেখালেই হ'ত সেদিন ! দেখতে চাইলে তাই তো দেখালাম, নইলে আমি সেধে তো আর—

মাঝে মাঝে তাহার মনে কেমন একটা অস্থিরতা আসে, এসব দিনে বোর্ডিং-এর ঘরে আবদ্ধ থাকিতে মন চাহে না । কোথায় কোন মাঠ বৈকালের রোদে রাজা হইয়া উঠিয়াছে, ছায়াভরা নদীজলে কোথায় নববধূর নাকছাবির মত পানকলস শেওলার কুচা কুচা শাদা ফুল ফুটিয়া নদীজল আলো করিয়া রাখিয়াছে, মাঠের মাঝে উঁচু ডাঙার কোথায় ঘেঁটুফুলের বন... এই সবের স্বপ্নে সে বিভোর থাকে, মুক্ত আকাশ, মুক্ত মাঠ, গাছপালার জন্ত মন কেমন করে । গাছপালা না দেখিয়া বেশীদিন থাকা তাহার পক্ষে একেবারে অসম্ভব ! মনে বেগী কষ্ট হইলে একখানা খাতায় সে বসিয়া বসিয়া যত রাজ্যের গাছের ও লতাপাতার নাম লেখে এবং যে ধরণের ভূমিশ্রীর জন্তে মনটা তৃষিত থাকে, তাহারই একটা কল্পিত বর্ণনায় খাতা ভরাইয়া তোলে । সেখানে নদীর পাশেই থাকে মাঠ, বাবলা বন, নানা বনজ গাছ, পাখিজাকা সকাল-বিকালের রোদ...ফুল ! ফুলের সংখ্যা থাকে না । বোর্ডিং-এর ঘরটার আবদ্ধ থাকিয়াও মনে মনে সে নানা অজানা মাঠে বনে নদীতীরে বেড়াইয়া আসে । একখানা বাঁধা খাতাই সে এভাবে লিখিয়া পুরাইয়া কেলিয়াছে !

অপু ভাবিল, বলুক গে, আর কখনো কিছু দেখাচ্ছি নে । ওদের সঙ্গে এই আমার হায়ে গেল । দেবো আবার কখনো ক্লাসের ট্রান্সপেন বলে ।

তৃতীয় পরিচ্ছেদ

ফাস্তন মাসের প্রথম হইতেই স্কুল-কম্পাউণ্ডের চারিপাশে গাছপালার নতুন পাতা গজাইল । জিক্কেট খেলার মাঠে বড় বাদাম গাছটার রক্তাভ কচি সবুজ পাতা সকালের রৌদ্রে দেখিতে হইল চমৎকার, শীত একেবারে নাই বলিলেই হয় ।

বোর্ডিং-এর রাসবিহারীর দল পরামর্শ করিল মাস্জোয়ানে দোলার মেলা দেখিতে যাইতে হইবে । মাস্জোয়ানের মেলা এ অঞ্চলের বিখ্যাত মেলা ।

অপু খুশির সহিত রাসবিহারীদের দলে ভিড়িল । মাস্জোয়ানের মেলার কথা অনেক দিন

হইতে সে শুনিয়া আসিতেছে। তাহা ছাড়া নিশ্চিন্দ্রপুর ছাড়িয়া পর্যন্ত কোথাও মেল' বা বারোয়ারি আর কখনও দেখা ঘটে নাই।

সুপারিন্টেণ্ডেণ্ট বিধুবাবু দুইদিনের ছুটি দিলেন। অপু অনেকদিন পরে ধেন মৃত্তির নিঃশ্বাস ফেলিয়া বাঁচিল। ক্রোশ তিনেক পথ—মাঠ ও কাঁচা মাটির রাস্তা। ছোট ছোট গ্রাম, কুমারেরা চাক ঘুরাইয়া কলসা গড়িতেছে। পথের ধারের ছোট দোকানে দোকানদার রেড়ির ফলের বীজ ওজন করিয়া লইতেছে—সজিনা গাছ সব ফুলে ভর্তি—এমন চমৎকার লাগে।...ছুটি-ছাটা ও শনি-রবিবারে সীমাবদ্ধ না হইয়া এই যে জীবনধারা পথের দুই পাশে, দিনে রাত্রে, শত দুঃখে-সুখে আকাশ-বাতাসের তলে, নিরাবরণ মুক্ত প্রকৃতির সঙ্গে আরও ঘনিষ্ঠ সম্পর্ক পাতাইয়া চঞ্চল আনন্দে ছুটিয়া চলিয়াছে,—এই জীবনধারার সহিত সে নিজেকে পরিচিত করিতে চায়।

মাঠে কাহারো শুকনো খেজুর ডালের আগুনে রস জ্বাল দিতেছে দেখিয়া তাহার ইচ্ছা হইল—সে তাহাদের কাছে গিয়া খানিকক্ষণ রস জ্বাল দেওয়া দেখিবে, বসিয়া বসিয়া শুনিবে উহার কি কথাবার্তা বলিতেছে।

ননী বলিল, তাকে পাগল বলি কি আর সাথে? দূর, দূর,—আর কি দেখবি ওখানে?

অপু অপ্রতিভ মুখে বলিল, আর না ওরা কি বলছে শুনি? ওরা কত গল্প জানে, জানিস? আর না—

রাজু রায়ের পাঠশালার সেই দিনগুলি হইতে বয়স্ক লোকের গল্পের ও কথাবার্তার প্রতি তাহার প্রবল মোহ আছে—একটা বিস্মৃত ভর, অপরিচিত জীবনের কথা ইহাদের মুখে শোনা যায়। অপু ছাড়িয়া যাইতে রাজী নয়—রাসবিহারীর দল অগত্যা তাহাকে ফেলিয়া চলিয়া গেল।

সুশ্রী চেহারার ভদ্রলোকের ছেলে দেখিয়া মুচিরা খুব খাতির করিল। খেজুর-রস খাইতে আসিয়াছে ভাবিয়া মাটির নতুন ভাঁড় ধুইয়া জিরান কাটের টাটকা রস লইয়া আসিল। ইহাদের কাছে অপু অদৌ মুখচোরা নয়। ঘণ্টাখানেকের উপর সে তাহাদের সেখানে দাঁড়াইয়া দাঁড়াইয়া গুড় জ্বাল দেওয়া দেখিল।

মাম্জোয়ানের মেলায় পৌঁছিতে তাহার হইয়া গেল বেলা বায়োটা। প্রকাণ্ড মেলা, ভয়ানক ভিড়; রৌদ্রে তিন ক্রোশ পথ হাঁটিয়া মুখ রাঙা হইয়া গিয়াছে, সঙ্গীদের মধ্যে কাহাকেও সে খুঁজিয়া বাহির করিতে পারিল না। ক্ষুধা ও তৃষ্ণা দুই-ই পাইয়াছে, ভাল খাবার খাইবার পরমা নাই, একটা দোকান হইতে সামান্য কিছু খাইয়া এক ঘটি জ্বল খাইল। তাহার পর একটা পাখীর খেলার তাঁবুর ফাঁক দিয়া দেখিবার চেষ্টা করিল—ভিতরে কি খেলা হইতেছে। একজন পশ্চিমা লোক হটাইয়া দিতে আসিল।

অপু বলিল, কত ক'রে নেবে খেলা দেখতে?...ছপয়সা দেব—দেখাবে?

লোকটি বলিল, এখন খেলা শুরু হইয়া গিয়াছে, আধঘণ্টা পরে আসিতে।

একটা পানের দোকানে গিয়া জিজ্ঞাসা করিল, বাত্রা কবে বসবে জানো?

বৈকালে লোকের ভিড় খুব বাড়িল। দোকানে দোকানে, বিশেষ করিয়া পানের

দোকানগুলিতে খুব ভিড়। খেলা ও ম্যাজিকের তাঁবুগুলির সামনে খুব ঘণ্টা ও জয়চাক বাজিতেছে। অপু দাঁড়াইয়া দাঁড়াইয়া দেখিতে লাগিল—একটা বড় তাঁবুর বাহিরে আলকাতরা-মাথা জন দুই লোক বাশের মাচার উপর দাঁড়াইয়া কোঁতুহলী জনতার সম্মুখে খেলার অত্যাশ্চর্যতা ও অভিনবস্থের নমুনা স্বরূপ একটা লম্বা লাল-নীল কাগজের মালা নানা অদ্ভুত-সহকারে মুখ হইতে টানিয়া বাহির করিতেছে।

সে পাশের একটা লোককে জিজ্ঞাসা করিল, এ খেলা ক'পয়সা জানো?

নিশ্চিন্দপুরে থাকিতে বাবার বইয়ের দপ্তরে একখানা পুরাতন বই ছিল, তাহার মনে আছে, বইখানার নাম 'রহস্য লহরী'। রমাল উড়াইয়া দেওয়া, কাটামুণ্ডকে কথা-বলানো, এক ঘণ্টার মধ্যে ঘাম-চারায় ফল-দরানো প্রভৃতি নানা ম্যাজিকের প্রক্রিয়া বইখানাতে ছিল। অপু বই দেখিয়া দু-একবার চেষ্টা করিতে গিয়াছিল, কিন্তু নানা বিলাতী ঔষধের ফর্দ ও উপকরণের তালিকা দেখিয়া, বিশেষ করিয়া "নিশাদল" দ্রব্যটি কি বা তাহা কোথায় পাওয়া যায় ঠিক করিতে না পারিয়া, অবশেষে ছাড়িয়া দেয়।

সে মনে মনে ভাবিল—ওই সব দেখেই তো ওরা শেখে! বাবার সেই বইখানাতে কত ম্যাজিকের কথা লেখা ছিল!—নিশ্চিন্দপুর থেকে আসবার সময় কোথায় যে গেল বইখানা!

চারিদিকে বাজনার শব্দ, লোকজনের হানি-খুশি, খেলো সিগারেটের বোঁয়া, ভিড়, আলো, সাজানো দোকানের সারি, তাহার মন উৎসবের নেশায় মাতিয়া উঠিল।

একদল ছেলেমেয়ে একখানা গোরুর গাড়ির ছইয়ের ভিতর হইতে কোঁতুহল ও আগ্রহে মুখ বাড়াইয়া ম্যাজিকের তাঁবুর ক্ষীবস্ত বিজ্ঞাপন দেখিতে দেখিতে যাইতেছে। সকল লোককেই সিগারেট পাইতে দেখিয়া তাহার ইচ্ছা হইল সেও খায়—একটা পানের দোকানে ক্রেতার ভিড়ের পিছনে খানিকটা দাঁড়াইয়া অবশেষে একটা কাঠের বাজের উপর উঠিয়া একজনের কাঁধের উপর দিয়া হাতটা বাড়াইয়া দিয়া বলিল, এক পয়সার দাও তো? এই যে এইদিকে—এক পয়সার সিগারেট—ভাল দেখে দিও—যা ভালো।

একটা গাছের তলায় বইয়ের দোকান দেখিয়া সেখানে গিয়া দাঁড়াইল। চটের থলের উপর বই বিছানো, দোকানী খুব বুড়া, চোখে সূতা-বাঁধা চশমা। একখানা ছবিওয়ানা চটি আরব্য উপন্যাস অপূর পছন্দ হইল—সে পড়ে নাই—কিন্তু দোকানী দাম বলিল আট আনা! হাতে পয়সা থাকিলে সে কিনিত।

বইখানা আর একবার দেখিতে গিয়া হঠাৎ সম্মুখের দিকে চোখ পড়াতে সে অবাক হইয়া গেল। সম্মুখের একটা দোকানের সামনে দাঁড়াইয়া আছে—পটু! তার নিশ্চিন্দপুরের বালাসদী পটু!

অপু তাড়াতাড়ি আগাইয়া গিয়া গায়ে হাত দিতেই পটু মুখ ফিরাইয়া তাহার দিকে চাহিল—প্রথমটা যেন চিনিতে পারিল না—পরে প্রায় চিংকার করিয়া বলিয়া উঠিল, অপুদা?... এখানে কি করে, কোথা থেকে অপুদা?...

অপু বলিল, তুই কোথা থেকে ?

—আমার তো দিদির বিয়ে হয়েছে এই লাউখালি। এইখেন থেকে দু-কোশ। তাই মেলা দেখতে এলাম—তুই ক্লি ক'রে এলি কাশী থেকে ?—

অপু সব বলিল। বাবার মৃত্যু, বড়লোকের বাড়ি, মনসাপোতা স্থল। জিজ্ঞাসা করিল, বিনিদির বিয়ে হয়েছে মামজোড়ানের কাছে ? বেশ তো—

অপুর মনে পড়িল, অনেকদিন আগে দিদির চড়ুইভাতিতে বিনিদির ভয়ে ভয়ে আসিয়া যোগ দেওয়া। গরীব অগ্রদানী বামুনের মেয়ে, সমাজে নিচু স্থান, নয় ও ভীকু চোখ দুটি সর্বদাই নামানো, অল্পেই সন্তুষ্ট।

দু'জনেই খুব খুশী হইয়াছিল। অপু বলিল—মেলার মধ্যে বড় ভিড় ভাই, চল কোপাও একটু ফাঁকা জায়গাতে গিয়ে বসি—অনেক কথা আছে তো'র সঙ্গে।

বাহিরের একটা গাছতলায় দু'জনে গিয়া বসিল—তা'হাদের বাড়িটা কিভাবে আছে ?... রাগুদি কেমন ?... নেড়া, পটল, নীলু, সতুদা ইহারা ?... ইছামতী নদীটা ? পটু সব কথার উত্তর দিতে পারিল না, পটুও আজ অনেকদিন গ্রাম-ছাড়া। পটুর আশন মা নাই, সংমা। অপুরা দেশ ছাড়িয়া চলিয়া যাওয়ার পর হইতে সে সঙ্গীতীন হইয়া পড়িয়াছিল, দিদির বিবাহের পরে বাড়িতে একেবারেই মন টিকিল না। কিছুদিন এখানে এখানে গুরিয়া বেড়াইতেছিল পড়াশুনার চেষ্টায়। কোথাও স্ববিধা হয় নাই। দিদির বাড়ি মাঝে মাঝে আসে, এখানে থাকিয়া যদি পড়াশুনার সুযোগ হয়, সেই চেষ্টায় আছে। অনেকদিন গ্রাম-ছাড়া, সেখানকার বিশেষ কিছু খবর জানে না। তবে শুনিয়া আসিয়াছিল—নীতুই রাগুদির বিবাহ হইবে, সে তিন বছর আগেকার কথা, এতদিন মনসায় হইয়া গিয়াছে।

পটু কথা বলিতে বলিতে অপুর দিকে চাহিয়া চাহিয়া দেখিতেছিল।

রূপকথার রাজপুত্রের মত চেহারা হইয়া উঠিয়াছে অপুদার।...কি সন্দর মুখ !... অপুদার কাপড়চোপড়ের ধরণও একেবারে পরিবর্তিত হইয়াছে।

অপু তাহাকে একটা খাবারের দোকানে লইয়া গিয়া পাবার খাওয়াইল, বাহিরে আসিয়া বলিল, সিগারেট খাবি ? তাহাকে ম্যাজিকের তাঁবু সামনে আনিয়া বলিল, ম্যাজিক দেখিস নি তুই ? আয় তোকে দেখাই—পরে সে আট পয়সার দুইখানা টিকিট কাটিয়া উৎসুক মুখে পটুকে লইয়া ম্যাজিকের তাঁবুতে ঢুকিল।

ম্যাজিক দেখিতে দেখিতে অপু জিজ্ঞাসা করিল, ইয়ে, আমরা চলে এলে রাগুদি বলতো নাকি কিছু আমাদের—আমার কথা ? নাঃ—

খুব বলিত। পটুর কাছে কতদিন জিজ্ঞাসা করিয়াছে অপু তাহাকে কোনো পত্র লিখিয়াছে কি না, তাহাদের কাশীর ঠিকানা কি ? পটু বলিতে পারে নাই। শেষে পটু বলিল, বুড়ো নরোত্তম বাবাজী তো'র কথা ভারী বলতো !

অপুর চোখ জলে ভরিয়া আসিল। তাহার বোষ্টমদাড় এখনও বাঁচিয়া আছে ?—এখনও তাহার কথা ভুলিয়া যায় নাই ? মধুর প্রভাতের পদ্মফুলের মত ছিল দিনগুলো—আকাশ

ছিল নির্মল, বাতাস কি শান্ত, নবীন উৎসাহ ভরা মধুচ্ছন্দ ! মধুর নিশ্চিন্দিপুর ! মধুর ইছামতীর কলমর্যর !...মধুর তাহার দুঃখী দিদি দুর্গার মেহভরা ডাগর চোখের স্মৃতি !...কতদূর, ক—ত দূর চলিয়া গিয়াছে সে দিনের জীবন । খেলাঘরের দোকানে নোনা-পাতার পান বিক্রী, সেই সতুদার মাকাল ফল চুরি করিয়া দৌড় দেওয়া !...

একবার একখানা বইতে সে পড়িয়াছিল দেবতার মায়ায় একটা লোক স্নানের সময় জলে ডুব দিয়া পুনরায় উঠিবার যে সামান্ত ফাঁকটুকু তাহারই মধ্যে ষাট বৎসরের সুদীর্ঘ জীবনের সকল সুখ দুঃখ ভোগ করিয়াছিল—যেন তাহার বিবাহ হইল, ছেলেমেয়ে হইল, তাহারা সব মামুষ হইল, কতক বা মরিয়া গেল, বাকীগুলির বিবাহ হইল, নিজেও সে বৃদ্ধ হইয়া গেল—ইহাং জল হইতে মাথা তুলিয়া দেখে—কোথাও কিছু নয়, সে যেখানে সেখানেই আছে, কোথায় বা ঘরবাড়ি, কোথায় বা ছেলেমেয়ে !...

পল্লটী পড়িয়া পর্যন্ত মাঝে মাঝে সে ভাবে তাহারও গুরুত্ব হয় না ? এক-এক সময় তাহার মনে হয় হয়ত বা তাহার হইয়াছে । এ সব কিছু না—স্বপ্ন । বাবার মৃত্যু, এই বিদেশে, এই স্থলে পড়া—সব স্বপ্ন । কবে একদিন ঘুম ভাঙিয়া উঠিয়া দেখিবে সে নিশ্চিন্দিপুরের বাড়িতে তাহাদের সেই বনের ধারের ঘরটাতে আঁষাঢ়ের পড়ন্ত বেলায় ঘুমাইয়া পড়িয়াছিল—সন্ধ্যার দিকে পাখির কলরবে জাগিয়া উঠিয়া চোখ মুছিতে মুছিতে ভাবিতেছে, কি সব হিজিবিজি অর্থহীন স্বপ্নই না সে দেখিয়াছে ঘুমের ঘোরে !...বেশ মজা হয়, আবার তাহার দিদি কিরিয়া আসে, তাহার বাবা, তাহাদের বাড়িটা ।

একদিন ক্লাসে সত্যেনবাবু একটা ইংরেজি কবিতা পড়াইতেছিলেন, নামটা গ্রেড্‌স্ অফ এ হাউস্‌হোল্ড । নির্জনে বসিয়া সেটা আবৃত্তি করিতে করিতে তাহার চোখ দিয়া জল পড়ে । ভাইবোনরা একসঙ্গে মামুষ, এক মায়ের কোলেপিঠে, এক ছেঁড়া কাঁথার তলে । বড় হইয়া জীবনের ডাকে কে কোথায় গেল চলিয়া—কাহারও সমাধি সমুদ্রে, কাহারও কোন্ অজানা দেশের অপরিচিত আকাশের তলে, কাহারও বা ফুল-ফোটা কোন্ গ্রাম্য বনের ধারে ।

আপনা-আপনি পথ চলিতে চলিতে এই সব স্বপ্নে সে বিভোর হইয়া যায় । কত কথা যেন মনে ওঠে ! যত লোকের দুঃখের হৃদশার কাহিনী । নিশ্চিন্দিপুরের জানালার ধারে বসিয়া বাল্যের সে ছবি দেখা—সেই বিপন্ন কর্ণ, নির্বাসিতা সীতা, দরিদ্র বালক অশ্বখামা, পরাজিত রাজা দুর্ষোধন, পল্লীবালিকা জোয়ান । বুঝাইয়া বলিবার বয়স তাহার এখনও হয় নাই ; ভাবকে সে ভাষা দিতে জানে না—অল্পদিনের জীবনে অধীত সমুদয় পণ্ড ও কাহিনী অবলম্বন করিয়া সে যেভাবে জগৎকে গড়িয়া তুলিয়াছে—অনাবিল তরুণ মনের তাহা প্রথম কাব্য—তার কাঁচা জীবনে সুখে দুঃখে, আশায় নিরাশায় গাঁথা বনফুলের হার ।—প্রথম উচ্চারিত ঋক্মন্ত্রের কারণ ছিল যে বিশ্বয় যে আনন্দ—তাহাদেরই সগোত্র, তাহাদেরই মত ঋক্মন্ত্র ও অবাচ্য সৌন্দর্যময় ।

রাগরক্ত সন্ধ্যার আকাশে সত্যের প্রথম শুকতারা ।

কে জানে ওর মনের সে-সব গহন গভীর গোপন রহস্য ? কে বোঝে ?

ম্যাজিকের তাঁবু হইতে বাহির হইয়া ছুঁজনে মেলার মধ্যে ঢুকিল। বোর্ডিং-এর একটি ছেলের সঙ্গেও তাহার দেখা হইল না, কিন্তু তাহার আমোদের তৃষ্ণা এখনও মেটে নাই, এখনও ঘুরিয়া ফিরিয়া দেখিবার ইচ্ছা। বলিল—চল পটু, দেখে আসি যাত্রা বসবে কখন—যাত্রা না দেখে ঘাস্ নে যেন।

পটু বলিল, অপুদা কে. নু ক্লাসে পড়িস্ তুই ?...

অপু অশ্রমনস্কভাবে বলিল, ঐ যে ম্যাজিক দেখলি, ও আমার বাবার একখানা বই ছিল, তাতে সব লেখা ছিল, কি ক'রে করা যায়—জিনিস পেলে আমিও করতে পারি—

—কোন ক্লাসে তুই—

—কোর্থ ক্লাসে। একদিন আমাদের স্কুলে চল, দেখে আসবি—দেখবি কত বড় স্কুল—
রাত্রে ৭ 'র কাছে থাকবি এখন—একটু থামিয়া বলিল—সত্যি এত জারগায় তো গেলাম,
নিশ্চিন্দিপুত্রের মত আর কিছু লাগে না—কোথাও ভাল লাগে না—

—তোরা যাবি নে আর সেখানে ? সেখানে তোদের জন্তে সবাই দুঃখু করে, তোর কথা
তো সবাই বলে—পরে সে হাসিয়া বলিল, অপুদা, তোর কাপড় পরবার ধরণ পর্যন্ত বদলে
গেছে, তুই আর সেই নিশ্চিন্দিপুত্রের পাড়াগৈয়ে ছেলে নেই—

অপু খুব খুশী হইল। গবের সহিত গায়ের শাটটা দেখাইয়া বলিল, কেমন রংটা, না ?
ফাস্ট ক্লাসের রমাপতিদার গায়ে আছে, তাই দেখে এটা কিনেছি—দেড় টাকা দাম।

সে একথা বলিল না যে শাটটা সে অগ্রপশ্চাৎ না ভাবিয়া অপরের দেখা-দেখি দরজির
দোকান হইতে ধারে কিনিয়াছে, দরজির অনবরত তংগাদা সত্ত্বেও এখনও দাম দিয়া উঠিতে
পারিতেছে না।

বেলা বেশ পড়িয়া আসিয়াছে। আলকাংরা-মাখা জীবন্ত বিজ্ঞাপনটি বিকট চিৎকার
করিয়া লোক জড়ো করিতেছে।

পটু সন্ধ্যার কিছু পূর্বে দিদির বাড়ির দিকে রওনা হইল। অপু'র সহিত এতকাল পরে
দেখা হওয়ার্তে সে খুব খুশী হইয়াছে। কোথা হইতে অপুদা কোথায় আসিয়া পড়িয়াছে।
তবুও স্রোতের ভূণের মত ভাসিতে ভাসিতে অপুদা আশ্রয় খুঁজিয়া পাইয়াছে, কিন্তু এই
তিন বৎসরকাল সে-ও তো ভাসিয়াই বেড়াইতেছে এক রকম, তাহার কি কোন উপায়
হইবে না ?

সন্ধ্যার পর বাড়ি পৌঁছিল। তাহার দিদি বিনির বিবাহ বিশেষ অবস্থাপন্ন ঘরে হয় নাই,
মাটির বাড়ি, খড়ের চাল, খানদুই-তিন ঘর। পশ্চিমের ভিটার পুরানো আমলের কোঠা
ভাঙিয়া পড়িয়া আছে, তাহারই একটা ঘরে বর্তমানে রান্নাঘর, ছাদ নাই, আপাততঃ খড়ের
ছাউনি একখানা চাল ইটের দেওয়ালের গায়ে কাংভাবে বসানো।

বিনি ভাইকে খাবার খাইতে দিল। বলিল—কি রকম দেখলি মেলা ?... সে এখন

আঠারো-উনিশ বছরের মেয়ে, বিশেষ মোটাসোটা হয় নাই, সেই রকমই আছে। গলার স্বর শুধু বদলাইয়া গিয়াছে।

পটু হাসিমুখে বলিল, আজ কি হয়েছে জানিস দিদি, অপূর সঙ্গে দেখা হয়েছে—মেলায়।

বিনি বিশ্বয়ের স্বরে বলিল, অপূ! সে কি করে—কোথা থেকে—

পরে পটুর মুখে সব স্মৃতিস্মরণে অবাধ হইয়া গেল। বলিল—বড় দেখতে ইচ্ছে করে—
আহা সঙ্গে করে আনলি নে কেন?...দেখতে বড় হয়েছে?...

—সে অপূই আর নেই। দেখলে চেনা যায় না। আরও সুন্দর হয়েছে দেখতে—তবে সেই রকম পাগলা আছে এখনো—ভারী সুন্দর লাগে—এমন হয়েছে!...এতকাল পরে দেখা হয়ে আমার মেলায় যাওয়াই আজ সার্থক হয়েছে। খুশীমা মনখাপোতা থাকে বললে।

—সে এগেল কোথায় তুই?...

—সে অনেক, রেলের বেতে হয়! মাম্বজোয়ান থেকে ন'-দশ কোশ হবে।

বিনি বলিল, আড়া একদিন নিয়ে আসিস না অপূকে, একবার দেখতে ইচ্ছে করে—

ছাদ-ভাড়া রান্না-বাড়ির রোয়াকে পটু খাইতে বসিল। বিনি বলিল, তোর চক্কড়ি মশায়কে একবার বলে দেখিস দিকি কাল? বলিস বছর তিনেক থাকতে ছাও, তার পর নিজের চেষ্টা নিজে করবো—

পটু বলিল, বছর তিনেকের মধ্যে পড়া শেষ হয়ে যাবে না—ছ'সাত বছরের কমে কি পাশ দিতে পারব?...অপূদা বাড়িতে পড়ে কত লেখাপড়া জানত—আমি তো তাও পড়ি নি, তুমি একবার চক্কড়ি মশায়কে বলো না দিদি?

বিনি বলিল—আমিও বলবো এখন। বড় ভয় করে—পাছে আবার বটু ঠাকুরঝি হাত-পা নেড়ে ধরে—বটু ঠাকুরঝিকে একবার ধরতে পারিস?...আমি কথা কইলে তো কেউ শুনবে না, ও যদি বলে তবে হয়—

পটু যে তাহা বোঝে না এমন নয়। অর্থাভাবে দিদিকে ভাল পাজের হাতে দিতে পারা যায় নাই, দোজবর, বয়সও বেশি। ও-পক্ষের গুটিকতক ছেলেমেয়েও আছে, দুই বিধবা নন্দ বর্তমান, ইহার সকলেই তাহার দিদির প্রভু। ভালমামুষ বলিয়া সকলেই তাহার উপর দিয়া ষোল আনা প্রভুত্ব চালাইয়া থাকে। উদয়াস্ত ষাটিতে হয়, বাড়ির প্রত্যেকেই বিবেচনা করে তাহাকে দিয়া বাজিগত ফরমাইশ খাটাইবার অধিকার উহাদের প্রত্যেকেরই আছে, কাজেই তাহাকে কেহ দয়া করে না।

অনেক রাত্রে বিনির স্বামী অর্জুন চক্রবর্তী বাড়ি ফিরিল। মাম্বজোয়ানের বাজারে তাহার থাবারের দোকান আছে, আজকাল মেলায় সময় বলিয়া রাত্রে একবার আহাির করিতে আসে মাত্র। খাইয়াই আবার চলিয়া যায়, রাত্রেও কেনা-বেচা হয়। শোকটি ভারি রূপণ; বিনি রোজই আশা করে—ছোট ভাইটা এখানে কয়দিন হইল আসিয়াছে, এ পর্যন্ত কোন দিন একটা রসগোল্লাও তাহার হাতে করিয়া বাড়ি আসে নাই, অথচ নিজেরই তো থাবারের দোকান। এ রকম লোকের কাছে ভাইয়ের সম্বন্ধে কি কথাই বা সে বলিবে!

ওবুও বিনি বলিল। স্বামীকে ভাত বাড়িয়া দিয়া সে সামনে বসিল, ননদেবী কেহ রান্নাঘরে নাই, এ ছাড়া আর স্মরণ ঘটবে না। অর্জুন চক্রবর্তী বিশ্বাসের স্বরে বলিল—
পটল ? এখানে থাকবে ?...

বিনি মরীয়া হইয়া বলিল—ওই ওর সমান অপূর্ব বলে ছেলে—আমাদের গায়ের, সেও পড়ছে। এখানে যদি থাকে তবে এই মাম্জোয়ান ইঙ্কলে গিয়ে পড়তে পারে—একটা হিলে হয়—

অর্জুন চক্রবর্তী বলিল—ওসব এখন হবে-টবে না, দোকানের অবস্থা ভাল নয়, দোলের বাজারে খাজনা বেড়ে গিয়েছে ছনো, অথচ দোকানে আয় নেই। মাম্জোয়ানে খটি খুলে চার আনা সের ছানা—তাই বিকুচ্ছে দশ আনায়, তা লাভ করবো, না খাজনা দোবো, না মহাজন মেটাবো ? মেলা দেবে বাড়ি চলে যাক্—ও সব বন্ধি এখন নেওয়া বললেই নেওয়া—।

বিনি একটা চুপ করিয়া থাকিয়া বলিল—বোশেখ মাসের দিকে আসতে বলবো ?

অর্জুন চক্রবর্তী বলিল—বোশেখ মাসের বাকীটা আর কি—আর মাসদেড়েক বৈ তো নয় !...ওসব এখন হবে না, ওসব নিয়ে এখন দিক্ করো না—ভাল লাগে না, সারাদিন খাটুনির পর—বলে নিজের জালায় তাই বঁচি নে তা আবার—হুঁ—

বিনি আর কিছু বলিতে সাহস করিল না। মনে বসে কই শুভল—ভাইটা আশা করিয়া আসিয়াছিল—দিদির বাড়ি থাকিয়া পড়িতে পারবে। বলিল—শাক্কা, জপু কেমন করে পড়তে রে ?

পটু বলিল—সে যে এক্সলারশিপ পেয়েছে—তাও পরচ চলে যায়।

বিনি বলিল—তুই তা পাস নে ? তাহলে জোরও তো—

পটু হাসিয়া বলিল—না পড়েই এক্সলারশিপ পাবো—বা তো—পাশ দিলে তবে পাওয়া যাবে, সে সব আমার হবে না, অপুদা ভাল ছেলে—ও কি আর আমার হবে ? ..

বিনি বলিল—তুই অপুকে একথা বলে দেখবি ? ও টিক একটা কিছু তোকে জোগাড় করে দিতে পারে।

হুঁজনে পরামর্শ করিয়া তাহাই অবশেষে হুক্তিযুক্ত বিবেচনা করিল।

সর্বজয়া পিছু পিছু উঠিয়া বড়ঘরের দরজাটা বন্ধ করিয়া দিতে আসিল, সন্ধ্যের উঠানে নামিয়া বলিল—মাঝে মাঝে এস বৌমা, বাড়ি আগলে পড়ে থাকতে হয়, নইলে ছপুর বেগা এক একবার ভাবি তোমাদের ওখানে একটু বেড়িয়ে আসি। সেদিন বাপু গয়লাপাড়ায় চুরি হ'য়ে যাওয়ার পর বাড়ি ফেলে যেতে ভরসা পাই নে।

তোলি বাড়ির বড় বধু বেড়াইতে আসিয়াছিল, তিন বৎসরের ছোট মেয়েটির হাত ধরিয়া হাসিমুখে চলিয়া গেল।

এতক্ষণ সর্বজয়া বেশ ছিল। ইহার সব ছপুরের পর আসিয়াছিল, গল্পগুজবে সময়টা তবুও

একরকম কাটিল। কিন্তু একা একা সে তো আর থাকিতে পারে না। শুধুই, সব সময়ই, দিন নাই রাত্রি নাই,—অপুর কথা মনে পড়ে। অপূর কথা ছাড়া অল্প কোন কথাই তাহার মনে স্থান পায় না।

আজ সে গিয়াছে এই পাঁচ মাস হইল। কত শনিবার কত ছুটির দিন চলিয়া গিয়াছে এই পাঁচমাসের মধ্যে! সর্বজয়া সকালে উঠিয়া ভাবি গাছে—আজ হুপুরে আসিবে! হুপুর চলিয়া গেলে ভাবিয়াছে বৈকালে আসিবে। অপু আসে নাই!

অপুর কত জিনিস ঘরে পড়িয়া আছে, কত স্থান হইতে কত কি সংগ্রহ করিয়া আনিয়া রাখিয়া গিয়াছে—অবোধ পাগল ছেলে!...শুষ্ক ঘরের দিকে চাহিয়া সর্বজয়া হাঁপায়, অপূর মুখ মনে আনিবার চেষ্টা করে। এক একবার তাহার মনে হয় অপূর মুখ সে একেবারে ভুলিয়া গিয়াছে। যতই জোর করিয়া মনে আনিবার চেষ্টা করে ততই সে মুখ অস্পষ্ট হইয়া যায়... অপূর মুখের আদলটা মনে আনিলেও ঠোঁটের ভঙ্গিটা ঠিক মনে পড়ে না, চোখের চাহনিটা মনে পড়ে না...সর্বজয়া একেবারে পাগলের মত হইয়া ওঠে—অপুর, তাহার অপূর মুখ সে ভুলিয়া যাইতেছে!

কেবলই অপূর ছেলেবেলার কথা মনে পড়ে। অপু কথা বলিতে জানিত না, কোন্ কথার কি মানে হয় বুঝিত না। মনে আছে...নিশিন্দিপুরের বাড়িতে থাকিতে একবার রাম্বাঝির দাওয়ার কাঁঠাল ভাঙিয়া ছেলেমেয়েকে দিতেছিল। দুর্গা বাটি পাতিয়া আগ্রহের সহিত কাঁঠাল-ভাঙা দেখিতেছে, অপু দুর্গার বাটিটা দেখাইয়া হাসিমুখে বলিয়া উঠিল—‘দিদি কাঁঠালের বড় প্রভু, না মা? সর্বজয়া প্রথমটা বুঝিতে পারে নাই, শেষে বুঝিয়াছিল, ‘দিদি কাঁঠালের বড় ভক্ত’ এ কথাটি বুঝাইতে ‘ভক্ত’ কথাটার স্থানে ‘প্রভু’ ব্যবহার করিয়াছে। তখন অপূর বয়স নয় বৎসরের কম নয়, অথচ তখনও সে কাজে—কথায় নিতান্ত ছেলেরাম্ভ।

একবার নতুন পরণের কাপড় কোথা হইতে ছিঁড়িয়া আসিবার জন্য অপু মার খাইয়াছিল। কতদিনের কথা, তবুও ঠিক মনে আছে। হাঁড়িতে আমসস্ক, কুলচুর রাখিবার জো ছিল না, অপু কোন্ ফাঁকে ঢাকনি খুলিয়া চুরি করিয়া খাইবেই। এই অবস্থায় একদিন ধরা পড়িয়া যায়, তখনকার সেই ভয়ে-ছোট-হইয়া-যাওয়া রাঙা মুখখানি মনে পড়ে। বিদেশে একা কত কষ্টই হইতেছে, কে তাহাকে সেখানে বুঝিতেছে।

আর একদিনের কথা সে কখনো ভুলিবে না। অপূর বয়স যখন তিন বৎসর, তখন সে একবার হারাইয়া যায়। খানিকটা আগে সম্মুখের উঠানের কাঁঠাল-তলার বসিয়া খেলা করিতে তাহাকে দেখা গিয়াছে, ইহারই মধ্যে কোথায় গেল!...পাড়ার কাহারও বাড়িতে নাই, পিছনের বাশবনেও নাই—চারিধারে খুঁজিয়া কোথাও অপুকে পাইল না। সর্বজয়া কাঁদিয়া আকুল হইল—কিন্তু যখন হরিহর বাড়ির পাশের বাশতলার ডোবাটা খুঁজিবার জন্য ৬-পাড়া হইতে জ্বলেদের ডাকিয়া আনাইল, তখন তাহার আর কান্নাকাটি রহিল না। সে কর্মের কাঠের মত হইয়া ডোবার পাড়ে দাঁড়াইয়া জ্বলেদের জাল-ফেলা দেখিতে লাগিল। পাড়াহীন লোক ভাঙিয়া পড়িয়াছিল—ডোবার পাড়ে অক্রুর জ্বলে টানাঝালের বাধন

খুলিতেছিল, সর্বজয়া ভাবিল অক্লুর মাসিকে চিরকাল সে নিরীহ বলিয়া জানে, ভাল মাসুকের মত কতবার মাছ বেচিয়া গিয়াছে তাহাদের বাড়ি—সে সাক্ষাৎ যমের বাহন হইয়া আসিল কি করিয়া? শুধু অক্লুর মাঝি নয়, সবাই যেন যমদূত, ও অস্ত্র লোকেরা, যাহারা মজা দেখিতে ছুটিয়াছে, তাহারা—এমন কি তাহার স্বামী পর্যন্ত। সে-ই তো গিয়া ইহাদের ডাকিয়া আনিয়াছে। সর্বজয়ার মনে হইতেছিল যে, ইহারা সকলে মিলিয়া তাহার বিরুদ্ধে ভিতরে ভিতরে কি একটা ষড়যন্ত্র আঁটিয়াছে—কোন হৃদয়হীন নিষ্ঠুর ষড়যন্ত্র।

ঠিক সেই সময়ে দুর্গা অপুকে খুঁজিয়া আনিয়া হাজির করিল। অপু নাকি নদীর ধারের পথ দিয়া হন হন করিয়া হাঁটিয়া একা একা সোনাডাডার মাঠের দিকে যাইতেছিল, অনেকখানি চলিয়া গিয়াছিল। তাহার পর ফিরিতে গিয়া বোধহয় পথ চিনিতে পারে নাই। বাড়ির কাঁঠাল-তলার বসিয়া খেলা করিতে করিতে কখন কোন্ ফাঁকে বাহির হইয়া গিয়াছে, কেহ জানে না।

যখন সকলে যে-যাহার বাড়ি চলিয়া গেল, তখন সর্বজয়া স্বামীকে বলিল—এ ছেলে কোনদিন সংসারী হবে না, দেখে নিও—

হরিহর বলিল—কেন?...তা ও-রকম হয়, ছেলেমাছুষে গিয়েই থাকে—

সর্বজয়া বলিল—তুমি পাগল হয়েছ!...তিন বছর বয়সে অস্ত্র ছেলে বাড়ির বাইরে পা দেয় না, আর ও কিনা গাঁ ছেড়ে, বাঁশবন, মাঠ ভেঙ্গে গিয়েছে সেই সোনাডাডার মাঠের রাস্তায়। তাও ক্ষেয়বার নাম নেই—হন হন করে হেঁটেই চলেছে।—কখুঁনো সংসারে মন দেবে না, তোমাকে বলে দিলাম—এ আমার কপালেই লেখা আছে।

কত কথা সব মনে পড়ে—নিশ্চিন্দ্রপুরের বাড়ির কথা, দুর্গার কথা। এ জায়গা ভাল লাগে না, এখন মনে হয়, আবার যদি নিশ্চিন্দ্রপুরে ফিরিয়া যাওয়া সম্ভব হইত। একদিন যে-নিশ্চিন্দ্রপুর ছাড়িয়া আসিতে উৎসাহের অবধি ছিল না, এখন তাহাই যেন রূপকথার রাজ্যের মত সাত সমুদ্র তেরো নদীর ওপারকার ধরা-ছোঁয়ার বাহিরের জিনিস হইয়া পড়িয়াছে। ভাবিতে ভাবিতে প্রথম বশস্তের পুষ্পসুবাসমধুর বৈকাল বহিয়া যায়, অলস অস্ত-আকাশে কত রং ফুটিয়া আবার মিলাইয়া যায়, গাছপালার পাখি ডাকে। এ রকম একদিন নয়, কতদিন হইয়াছে।

কোন কিছু ভালমন্দ জিনিস পাইলেই সেটুকু সর্বজয়া ছেলের জন্ত তুলিয়া রাখে। হুতুদের বাড়ির বিবাহের তত্ত্ব সন্দেহ আসিলে সর্বজয়া প্রাণ ধরিয়া তাহার একটা খাইতে পারে নাই। ছেলের জন্ত তুলিয়া রাখিয়া রাখিয়া অবশেষে যখন হাঁড়ির ভিতর পচিয়া উঠিল তখন ফেলিয়া দিতে হইল। পৌষপার্বণের সময় হয়ত অপু বাড়ি আসিবে, পিঠা খাইতে ভালবাসে, নিশ্চয় আসিবে। সর্বজয়া চাল ফুটিয়া সমস্ত আয়োজন ঠিক করিয়া রাখিয়া বসিয়া রহিল—কোথায় অপু?

এক সময় তাহার মনে হয়, অপু আর সে অপু নাই। সে যেন কেমন হইল গিয়াছে, কই অনেকেদিন তো সে মাকে হাঁ-উ-উ করিয়া ডর দেখায় নাই, অকারণে আসিয়া তাহাকে

জড়াইয়া ধরে নাই, একোণে একোণে লুকাইয়া ছুঁমি-ভরা হাসিমুখে উকি মারে নাই, বাহা তাহা বলিয়া কথা চাকিতে যায় নাই! ভাবিয়া কথা বলিতে শিথিয়াছে—এসব সর্বজ্ঞা পছন্দ করে না। অপূর ছেলেমানুষির জন্ত সর্বজ্ঞার মন ভূষিত হইয়া থাকে, অপূ না বাড়ুক, সে সব সময়ে তাহার উপরে একান্ত নির্ভরশীল ছোট্ট খোকাটি হইয়া থাকুক—সর্বজ্ঞা বেন মনে মনে ইহাই চায়। কিন্তু তাহার অপূ যে একেবারে বদলাইয়া ঘাইতেছে!...

অপূর উপর মাঝে মাঝে তাহার অভ্যস্ত রাগ হয়। সে কি জানে না—তাহার মা কি রকম ছটফট করিতেছে বাড়িতে! একবারটি কি এতদিনের মধ্যে আসিতে নাই? ছেলেবেলার সন্ধ্যার পর এ-ঘর হইতে ও-ঘরে ঘাইতে হইলে মায়ের দরকার হইত, মা খাওয়াইয়া না দিলে খাওয়া হইত না—এই সেদিনও তো। এখন আর মাকে দরকার হয় না—না? বেশ—তাহারও ভাবিবার দায় পড়িয়া গিয়াছে, সে আর ভাবিবে না। বয়স হইয়া আসিল, এখন ইষ্টচিন্তা করিয়া কাল কাটাইবার সময়, ছেলে হইয়া স্বর্গে ধ্বজা তুলিবে কি না!

কিন্তু গীত্ৰই সর্বজ্ঞা আবিষ্কার করিল—ছেলের কথা না ভাবিয়া সে একদণ্ডও থাকিতে পারে না। এতদিন সে ছেলের কথা প্রতিদিনের প্রতিমুহূর্তে ভাবিয়া আসিয়াছে। অপূর সহিত অসহযোগ করিলে জীবনটাই যেন ফাঁকা, অর্থহীন, অবলম্বনশূন্য হইয়া পড়ে—তাহার জীবনে আর কিছুই নাই—এক অপূ ছাড়া! ..

এক একদিন নির্জন ছপূর বেলা ঘরে বসিয়া হাউ হাউ করিয়া কাঁদে।

সে দিন বৈকালে সে ঘরে বসিয়া কার্পাস তুলার বীজ ছাড়াইতেছিল, হঠাৎ সম্মুখের ছোট ঘুলঘুলি জানালার ফাঁক দিয়া বাড়ির সামনের পথের দিকে তাহার চোখ পড়িল। পথ দিয়া কে যেন ঘাইতেছে—মাখার চুল ঠিক যেন অপূর মত, ঘন কালো, বড় বড় চেউখেলানো, সর্বজ্ঞার মনটা ছ্যাৎ করিয়া উঠিল। মনে মনে ভাবিল—এ অঞ্চলের মধ্যে এ রকম চুল তো কখনও কারও দেখি নি কোনদিন—সেই শতুরের মত চুল অবিকল! .

তাহার মনটা কেমন উদাস অশ্রমনস্ক হইয়া যায়, তুলার বীজ ছাড়াইতে আর আগ্রহ থাকে না।

হঠাৎ ঘরের দরজায় কে যেন টোকা দিল। তখনি আবার মুছ টোকা। সর্বজ্ঞা তাড়াতাড়ি উঠিয়া দোর খুলিয়া ফেলে। নিজের চোখকে বিশ্বাস করিতে পারে না।

অপূ ছুঁমি-ভরা হাসিমুখে দাঁড়াইয়া আছে। নিচু হইয়া প্রণাম করিবার আগেই সর্বজ্ঞা পাগলের মত ছুটিয়া গিয়া ছেলেকে জড়াইয়া ধরিল।

অপূ হাসিয়া বলিল—টের পাও নি তুমি, না মা? আমি ভাবলাম আন্তে আন্তে উঠে দরজায় টোকা দেবো।

সে মাম্‌জোয়ানৈর মেলা দেখিতে আসিয়া একবার বাড়িতে না আসিয়া থাকিতে পারে নাই। এত নিকটে আসিয়! মা'র সঙ্গে দেখা হইবে না! পুলিনের নিকট রেলভাড়া দার লইয়া তবে আসিয়াছে। একটা পুঁটলি খুলিয়া বলিল, তোমার জন্তে ছুঁচ আর গুলিস্থতো এনেচি—আর এই ঝাখো কেমন কাঁচা পাঁপর এনেছি মুগের ডালের—সেই কাশীতে তুমি ভেজে দিতে!

অপুর চেহারা বদলাইয়া গিয়াছে। অল্প ধরণের জামা গায়ে—কি স্মরণ মানাইয়াছে।
সর্বজয়া বলে, বেশ জামাটা—এবার বুঝি কিনেচিস ?

মা'র দৃষ্টি আকৃষ্ট হইয়াছে দেখিয়া অপু খুব খুশী। জামাটা ভাল করিয়া দেখাইয়া বলিল—
সবাই বলে জামাটার রং চমৎকার হয়েছে—চাঁপাফুলের মত হবে ধুয়ে এলে—এই তো
মোটো কোরা।

বোর্ডিং-এ গিয়া অপু এই কয় মাস মাস্টার ও ছাত্রদের মধ্যে যাহাকেই মনে মনে প্রশংসা
করে, কতকটা নিজের জ্ঞাতসারে কতকটা অজ্ঞাতসারে তাহারই হাবভাব, কথা বলিবার ভঙ্গি
নকল করিয়াছে। সত্যেনবাবুর, রমাপতির, দেবব্রতের, নতুন আঁকের মাস্টারের। সর্বজয়ার
যেন অপুকে নতুন নতুন ঠেকে। পুরাতন অপু যেন আর নাই। অপু তো এ রকম মাথা
পিছনের দিকে হেলাইয়া কথা বলিত না? সে তো পকেটে হাত পুরিয়া এ ভাবে সোজা
হইয়া দাঁড়াইত না?

সন্ধ্যার সময় মায়ের রান্ধিবার স্থানটিতে অপু পিঁড়ি পাতিয়া বসিয়া গল্প করে। সর্বজয়া
আজ অনেকদিন পরে রাত্রে রান্ধিতে বসিয়াছে।—সেখানে কত ছেলে একসঙ্গে থাকে?
এক ঘরে ক'জন? ছুঁবেলাই মাছ দেয়? পেট ভরিয়া ভাত দেয় তো? কি খাবার খায়
সে বৈকালে? কাপড় নিজে কাচিতে হয়? সে তাহা পারে তো!—পড়াশনার কথা
সর্বজয়া জিজ্ঞাসা করিতে জানে না, শুধু খাওয়ার কথাই জিজ্ঞাসা করে। অপুর হাসিতে, ঘাড়
তুলুনিতে, হাত-পা নাড়াতে, ঠোঁটের নিচের ভঙ্গিতে সর্বজয়া আবার পুরানো অপু, চিরপরিচিত
অপুকে ফিরিয়া পায়। বৃকে চাপিতে ইচ্ছা করে। সে অপুর গল্প শোনে না, শুধু মুখের
দিকেই চাহিয়া থাকে।

—হাতে পায়ে বল পেলাম মা, এক এক সময় মনে হ'ত—অপু বলে কেউ ছিল না, ও
যেন স্বপ্ন দেখিছি, আবার ভাবতাম—না, সেই চোখ, টুকটুকে ঠোঁট, মুখের তিল—স্বপ্ন নয়,
সত্যিই তো—রান্ধিতে বসেও কেবল মনে হয় মা, অপূর আঙ্গা স্বপ্ন হয় তো, সব মিথ্যা—তাই
কেবল ওর মুখেই চেয়ে ঠাউরে দেখি—

অপু চলিয়া যাইবার কয়েকদিন পরে সর্বজয়া তেলিগিম্নির কাছে গল্প করিয়াছিল।

পরদিনটাও অপু বাড়ি রহিল।

যাইবার সময় মাকে বলিল—মা, আমাকে একটা টাকা দাও না? কতকগুলো ধার
আছে এ মাসে, শোধ করব, দেবে?

সর্বজয়ার কাছে টাকা ছিল না, বিশেষ কখনও থাকে না। তেলিয়া ও কুণ্ডুরা জিনিস-
পত্রটা, কাপড়খানা, সিঁধাটা—এই রকমই দিয়া সাহায্য করে। নগদ টাকাকড়ি কেহ দেয়
না। তবু ছেলের পাছে কষ্ট হয় এজন্য সে তেলিগিম্নির নিকট হইতে একটা টাকা ধার করিয়া
আনিয়া ছেলের হাতে দিল।

সন্ধ্যার আগে অপু চলিয়া গেল, ক্রোশ দুই দুয়ে স্টেশন, সন্ধ্যার পরেই ট্রেন।

চতুর্থ পরিচ্ছেদ

বৎসর দুই কোথা দিয়া কাটয়া গেল।

অপু ক্রমেই বড় জড়াইয়া পড়িয়াছে, খরচে আয়ে কিছুতেই আর কুলাইতে পারে না। নানাদিকে দেনা—কতভাবে হ'শিয়ার হইয়াও কিছু হয় না। এক পরসার মুড়ি কিনিয়া দুই বেলা খাইল, নিজে স্নান দিয়া কাপড় কাচিল, লজেঞ্জুস্ ভুলিয়া গেল।

পরদিনই আবার বোডিং-এর ছেলেদের দল চাঁদা করিয়া হালুয়া খাইবে। অপু হাসিমুখে সমীরকে বলিল—‘তু’ আনা ধার দিবি সমীর, হালুয়া খাবো?—‘তু’ আনা ক’রে চাঁদা—ওই ওরা ওখানে করছে—কিশমিশ দিয়ে বেশ ভাল ক’রে করচে—

সমীরের কাছে অপুয় দেনা অনেক। সমীর পরসাদ দিল না।

প্রতিবার বাড়ি হইতে আসিবার সময় সে মায়ের যৎসামান্য আয় হইতে টাকাটা আধুলিটা প্রায়ই চাহিয়া আনে—মা না দিতে চাহিলে রাগ করে, অভিমান করে, সর্বজয়াকে দিতেই হয়।

ইহার মধ্যে আবার পটু মাঝে মাঝে আসিয়া ভাগ বসাইয়া থাকে। সে কিছুই স্মৃতিধা করিতে পারে নাই পড়াশুনার। নানাস্থানে ঘুরিয়াছে, ভগ্নীপতি অর্জুন চক্রবর্তী তো তাহাকে বাড়ি ঢুকিতে দেয় না। বিনিকে এ সব লইয়া কম গঞ্জনা সহ করিতে হয় নাই বা কম চোখের জল ফেলিতে হয় নাই; কিন্তু শেষ পর্যন্ত পটু নিরাশ্রয় ও নিরবলম্ব অবস্থায় পথে পথেই ঘোরে, যদিও পড়াশুনার আশা সে এখনও অবধি ছাড়ে নাই। অপু তাহার জন্ত অনেক চেষ্টা করিয়াছে, কিন্তু স্মৃতিধা করিতে পারে নাই। দু’তিন মাস হয়ত দেখা নাই, হঠাৎ একদিন কোথা হইতে পুঁটলি বগলে করিয়া পটু আসিয়া হাজির হয়, অপু তাহাকে যত্ন করিয়া রাখে, তিন-চারদিন ছাড়ে না, সে না চাহিলেও যখন বাহা পারে হাতে গুঁজিয়া দেয়—টাকা পারে না, সিঁকিটা, দুয়ানিটা। পটু নিশ্চিন্দিপূরে আর যায় না—তাহার বাবা সম্প্রতি মারা গিয়াছেন—সৎমা দেশের বাড়িতে তাহার দুই মেয়ে লইয়া থাকেন, সেখানে ভাই বোন কেহই আর যায় না। পটুকে দেখিলে অপুয় ভারি একটা সহানুভূতি হয়, কিন্তু ভাল করিবার তাহার হাতে আর কি ক্ষমতা আছে?

একদিন রাসবিহারী আসিয়া দু’আনা পরসাদ ধার চাহিল। রাসবিহারী গরীবের ছেলে, তাহা ছাড়া পড়াশুনার ভাল নয় বলিয়া বোডিং-এ খাতিরও পায় না। অপুকে সবাই দুলে নের, পরসাদ দিতে না পারিলেও নের। কিন্তু তাহাকে পৌছেও না। অপু এ সব জানিত বলিয়াই তাহার উপর কেমন একটা করুণা। কিন্তু আজ সে নানা কারণে রাসবিহারীর প্রতি সন্দেহ ছিল না। বলিল, আমি কোথায় পাবো পরসাদ?—আমি কি টাকার গাছ?—দিতে পারবো না যাও।—রাসবিহারী পীড়াপীড়ি শুরু করিল। কিন্তু অপু একেবারে বাঁকিয়া বলিল। বলিল, করুনো দেবো না তোমায়—যা পায়ো করো।

রমাগড়ির কাছে ছেলেদের একখানা মাসিক পত্র আসে তাহাতে সে একদিন ‘ছায়াপথ’

সবক্কে একটা প্রবন্ধ পড়িল। ‘ছায়াপথ’ কাহাকে বলে ইহার আগে জানিত না—এতবড় বিশাল কোন জিনিসের ধারণাও কখনো করে নাই—নক্ষত্রের সবক্কেও কিছু জানা ছিল না। শরতের আকাশ রাত্রে মেঘমুক্ত—বোডিং-এর পিছনে খেলার কম্পাউণ্ডে রাত্রে দাঁড়াইয়া ছায়াপথটা প্রথম দেখিয়া সে কী আনন্দ! জলজলে সাদা ছায়াপথটা কালো আকাশের বুক চিরিয়া কোথা হইতে কোথায় গিয়াছে—শুধু নক্ষত্রে ভরা! .

কাঁঠাল-তলাটার দাঁড়াইয়া সে কতক্ষণ মুগ্ধনেজে আকাশের পানে চাহিয়া দাঁড়াইয়া রহিল—নবজাগ্রত মনের প্রথম বিশ্বাস!...

পৌষ মাসের প্রথমে অপূর নিজের একটু সুবিধা ঘটিল। নতুন ডেপুটীবাবুর বাসাতে ছেলেদের জন্য একজন পড়াইবার লোক চাই। হেডপণ্ডিত তাহাকে ঠিক করিয়া দিলেন। ছুটি ছেলে পড়ানো, থাকা ও খাওয়া।

দুই-তিনদিনের মধ্যেই বোডিং হইতে বাসা উঠাইয়া অপূ সেখানে গেল। বোডিং-এ অনেক বাকী পড়িয়াছে, সুপারিটেণ্ডেন্ট তলে তলে হেডমাষ্টারের কাছে এসব কথা রিপোর্ট করিয়াছেন, যদিও অপূ তাহা জানে না।

বাহিরের ঘরে থাকিবার আয়গা স্থির হইল। বিছানা-পত্র গুছাইয়া পাতিয়া লইতে, সন্ধ্যা হইয়া গেল। সন্ধ্যার পরে খানিকটা বেড়াইয়া আসিয়া রাঁধুনি ঠাকুরের ডাকে বাড়ির মধ্যে খাইতে গেল। দালানে ঘাড় গুঁজিয়া খাইতে খাইতে তাহার মনে হইল—একজন কে পাশের ছুরারের কাছে দাঁড়াইয়া অনেকক্ষণ হইতে তাহার খাওয়া দেখিতেছেন। একবার মুখ তুলিয়া চাহিয়া দেখিতে তিনি সরিয়া আসিলেন। খুব সুন্দরী মহিলা, তাহার মায়ের অপেক্ষাও বয়স অনেক—অনেক কম। তাহাকে জিজ্ঞাসা করিলেন—তোমার বাড়ি কোথায়?

অপূ ঘাড় না তুলিয়া বলিল, মনসাপোতা—অনেক দূর এখন থেকে—

—বাড়িতে কে কে আছেন?

—শুধু মা আছেন, আর কেউ না।

—তোমার বাবা বুঝি...ভাই বোন ক’টি তোমরা?

—এখন আমি একা। আমার দিদি ছিল—সে সাত-আট বছর হ’ল মারা গিয়েচে।—

কোনো রকমে তাড়াতাড়ি খাওয়া সারিয়া সে উঠিয়া আসিল। শীতকালেও সে যেন বামিয়া উঠিয়াছে?

পরদিন সকালে অপূ বাড়ির ভিতর হইতে খাইয়া আসিয়া দেখিল, বছর ভেরো বয়সের একটি সুন্দরী মেয়ে ছোট্ট একটি খোকার হাত ধরিয়া বাহিরের ঘরে দাঁড়াইয়া আছে। অপূ বুকিল—সে কাল রাত্রে পরিচিতা মহিলাটির মেয়ে। অপূ আপন মনে বই গুছাইয়া খুলে যাইবার জন্য প্রস্তুত হইতে লাগিল, মেয়েটি একদৃষ্টে চাহিয়া দেখিতেছিল। হঠাৎ অপূর ইচ্ছা হইল, এ মেয়েটির সামনে কিছু পৌকষ দেখাইবে—কেহ তাহাকে বলিয়া দেয় নাই, শিখায় নাই, আপনা আপনি তাহার মনে হইল। হাতের কাছে অস্ত্র কিছু না পাইয়া সে নিজের আঁড়ের ইনস্ট্রুমেন্ট বাঁকটা বিনা কারণে খুলিয়া প্রোটেক্টর, সেটকোরার, কম্পাসগুলোকে

বিছানার উপর ছড়াইয়া কেলিয়া পুনরায় সেগুলো বাস্কে সাজাইতে লাগিল। কি জানি কেন অপূর মনে হইল, এই ব্যাপারেই তাহার চরম পৌরুষ দেখানো হইবে। মেয়েটি দাঁড়াইয়া দেখিতে লাগিল, কোনো কথা বলিল না, অপুও কোনো কথা বলিল না।

আলাপ হইল সেদিন সন্ধ্যায়। সে স্কুল হইতে আসিয়া সবে দাঁড়াইয়াছে, মেয়েটি আসিয়া লাজুক চোখে বলিল—আপনাকে মা খাবার খেতে ডাকচেন।

আসন পাতা—পরোটা, বেগুন ভাজা, আলু চচ্চড়ি, চিনি। অপু চিনি পছন্দ করে না, গুড়ের মত জিনিস নাই, কেন ইহারা এমন সুন্দর গরম গরম পরোটা চিনি দিয়া খায়?...

মেয়েটি কাছে দাঁড়াইয়া ছিল। বলিল—মাকে বলব আর দিতে?

—না; তোমরা চিনি খাও কেন?...গুড় তো ভাল—

মেয়েটি বিস্মিতমুখে বলিল—কেন, আপনি চিনি খান না?

—ভালবাসি নে—রুগীর খাবার—খেজুরে গুড়ের মত কি আর খেতে ভাল?—মেয়েটির সামনে তাহার আদৌ লজ্জা ছিল না, কিন্তু এই সময়ে মহিলাটি ঘরে ঢোকাতে অপূর লম্বা লম্বা কথা বন্ধ হইয়া গেল। মহিলাটি বলিলেন—ওকে দাদা ব'লে ডাকবি নির্মালা, কাছে ব'সে খাওয়াতে হবে রোজ। ও দেখছি যে-রকম লাজুক, এ পর্যন্ত তো আমার সঙ্গে একটা-কথাও বললে না—না দেখলে আঁধেপেটা খেয়ে উঠে যাবে!

অপু লজ্জিত হইল: মনে মনে ভাবিল ইঁহাকে সে মা বলিয়া ডাকিবে। কিন্তু লজ্জায় পারিল না, সুযোগ কোথায়? এমনি খামকা মা বলিয়া ডাকা—সে বড়—সে তাহা পারিবে না।

মাসখানেক ইঁহাদের বাড়ি থাকিতে থাকিতে অপূর কতকগুলি নতুন বিষয়ে জ্ঞান হইল। সবাই ভারী পরিষ্কার পরিচ্ছন্ন, আটপোরে পোশাকপরিচ্ছদও সুদৃশ্য ও সুরুচিসম্মত। মেয়েদের শাড়ি পরিবার ধরণটি বেশ লাগে, একে সবাই দেখিতে সুশ্রী, তাহার উপর সুদৃশ্য শাড়ি-সেমিলে আরও সুন্দর দেখায়। এই জিনিসটা অপু কখনও জানিত না, বড়লোকের বাড়ি থাকিবার সময়ও নহে, কারণ সেখানে ঐশ্বৰ্যের আড়ম্বরে তাহার অনভ্যস্ত চক্ষু ধাঁধিয়া গিয়াছিল—সহজ গৃহস্থ জীবনের দৈনন্দিন ব্যাপারের পর্যায়ে তাহাকে সে কেলিতে পারে নাই।

অপু যে-সমাজ, যে-আবহাওয়ার মাহুয—সেখানকার কেহ এ ধরণের সহজ সৌন্দর্যময় জীবনযাত্রায় অভ্যস্ত নয়। নানা জায়গায় বেড়াইয়া নানা ধরণের লোকের সঙ্গে মিশিয়া তাহার আজকাল চোখ ফুটিয়াছে; সে আজকাল বুঝিতে পারে নিশ্চিন্দ্রপুরে তাহাদের গৃহস্থালী ছিল দরিদ্রের, অতি দরিদ্রের গৃহস্থালী। শিল্প নয়, শ্রী ছাঁদ নয়, সৌন্দর্য নয়, শুধু খাওয়া আর থাকা।

নির্মালা আসিয়া কাছে বসিল। অপু অ্যালজেরার শক্ত আঁক কবিত্তেছিল, নির্মালা নিজে বইখানা খুলিয়া বলিল—আমার ইংরেজিটা একটু ব'লে দেবেন দাদা? অপু বলিল—এসে জুটলে? এখন ওসব হবে না, ভারী মুশকিল, একটা আঁকও সকাল থেকে মিললো না।

নির্মালা নিজে বসিয়া পড়িতে লাগিল। সে বেশ ইংরেজি জানে, তাহার বাবা বন্ধ করিয়া শিখাইয়াছেন, বাংলাও খুব ভাল জানে।

একটু পড়িয়াই সে বইখানা বন্ধ করিয়া অপূর আঁক কষা দেখিতে লাগিল। খানিকটা আপন মনে চুপ করিয়া বসিয়া রহিল। তাহার পর আর একবার খুঁকিয়া দেখিয়া অপূর কাঁধে হাত দিয়া ডাকিয়া বলিল—এটিকে ফিরন দাদা, আচ্ছা এই পত্ৰটা মিলিয়ে—

অপূ বলিল—যাও! আমি জানি নে, ওই তো তোমার দোষ নির্মলা, আঁক মিলচে না, এখন তোমার পত্ৰ মেলাবার সময়—আচ্ছা লোক—

নির্মলা মুহু মুহু হাসিয়া বলিল—এ পত্ৰটা আর মেলাতে হয় না আপন্যার—বলুন দিকি—সেই গাছ গাছ নয়, যাতে নেই ফল—

অপূ আঁক-কষা ছাড়িয়া বলিল—মিলবে না? আচ্ছা ছাখো—পরে খানিকটা আপন মনে ভাবিয়া বলিল—সেই লোক লোক নয়, যার নেই বল—হ'ল না?

নির্মলা লাইন দু'টি আপন মনে আবৃত্তি করিয়া বুদ্ধিয়া দেখিল কোথায়ও কানে বাধিতেছে কি না। ঘাড় নাড়িয়া বলিল, আচ্ছা এবার বলুন তো আর একটা—

—আমি আর বলব না—তুমি ওরকম ছুঁমি কর কেন? আমি আঁকগুলো কষে নিই, তারপর যত ইচ্ছা পত্ৰ মিলিয়ে দেবো—

—আচ্ছা এই একটা—সেই ফুল ফুল নয়, যার—

—মাকে এখুনি উঠে গিয়ে ব'লে আসবো, নির্মলা—ঠিক বলছি, ওরকম যদি—

নির্মলা রাগ করিয়া উঠিয়া গেল। যাইবার সময় পিছন কিরিয়া তাহার দিকে চাহিয়া বলিল—ওবেলা কে খাবার ব'য়ে আনে বাইরের ঘরে দেখবো—

এরকম প্রায়ই হয়, অপূ ইহাতে ভর পায় না। বেশ লাগে নির্মলাকে।

পুঞ্জার পর নির্মলার এক মামা বেড়াইতে আসিলেন। অপূ শুনিল, তিনি নাকি বিলাত-ফেরৎ—নির্মলার ছোট ভাই নন্দুর নিকট কথাটা শুনিল। বয়স পঁচিশ ছাব্বিশের বেশী নয়, রোগা শ্রামবর্ণ। এ লোক বিলাতফেরৎ!

বাংল্যে নদীর ধারে ছায়াময় বৈকালে পুরাতন 'বঙ্গবাসী'তে পড়া সেই বিলাতযাত্রীর চিঠির মধ্যে পঠিত আনন্দভরা পুরাতন পথ বাহিয়া মরুভূমির পাথের স্নয়েজ খালের ভিতর দিয়া, নীল ভূমধ্যসাগরমধ্যস্থ ত্রাঙ্কাঙ্কু—বোষ্টিত কসিকা দূরে ফেলিয়া সেই মধুর স্বপ্নমাখা পথ-যাত্রা।

এই লোকটা সেখানে গিয়াছিল? এই নিতান্ত সাধারণ ধরণের মাছুষটা—যে দ্বিবা নিরীহমুখে রান্নাঘরের দাওয়ার বসিয়া মোচার ঘন্টা দিয়া ভাত খাইতেছে!

দু'এক দিনেই নির্মলার মামা অমরবাবুর সহিত তাহার খুব আলাপ হইয়া গেল।

বিলাতের কত কথা সে জানিতে চায়। পথের ধারে সেখানে কি সব গাছপালা? আমাদের দেশের পরিচিত কোন গাছ সেখানে আছে? প্যারিস খুব বড় শহর? অমরবাবু নেপোলিয়নের সমাধি দেখিয়াছেন? ডোভারের খড়ির পাহাড়? ব্রিটিশ মিউজিয়ামে নাকি নানা অদ্ভুত জিনিস আছে—কি কি? আর ভেনিস?—ইতালির আকাশ নাকি দেখিতে অপূর্ব?

পাড়াগাঁয়ের স্কুলের ছেলে, এত সব কথা জানিবায় কৌতুহল হইল কি করিয়া অমরবাবু

বুঝিতে পারেন না। এত আগ্রহ করিয়া শুনিবার মত জিনিস সেখানে কি আর আছে। একঘেয়ে—দৌরা—বৃষ্টি—শীত। তিনি পরসী খরচ করিয়া সেখানে গিয়াছিলেন সাবান-প্রস্তুত প্রণালী শিখিবার জন্য, পথের ধারের গাছপালা দেখিতে যান নাই বা ইতালির আকাশের রং লক্ষ্য করিয়া দেখিবার উপযুক্ত সময়ের প্রাচুর্যও তাঁর ছিল না।

নির্মলাকে অপূর ভাল লাগে, কিন্তু সে তাহা দেখাইতে জানে না। পরের বাড়ি বলিয়াই হউক, বা একটু লাজুক প্রকৃতির বলিয়াই হউক, সে বাহিরের ঘরে শাস্তভাবে বাস করে—কি তাহার অভাব, কোনটা তাহার দরকার, সে কথা কাহাকেও জানায় না। অপূর এই উদাসীনতা নির্মলার বড় বাজে, তবুও সে না চাহিতেই নির্মালা তাহার ময়লা বাগিশের ওয়াড় সাবান দিয়া নিজে কাচিয়া দিয়া যায়, গামছা পরিষ্কার করিয়া দেয়, ছেঁড়া কাপড় বাড়ির মধ্যে লইয়া গিয়া মাকে দিয়া সেলাইয়ের কলে সেলাই করিয়া আনিয়া দেয়। নির্মালা চায় অপূর্ব-দাদা তাহাকে ফাই-ফরমাস করে, তাহার প্রতি হুকুমজারি করে; কিন্তু অপূ কাহারও উপর কোনো হুকুম কোনোদিন করিতে জানে না—এক মা ছাড়া। দিদি ও মায়ের সেবার সে অভ্যস্ত বটে, তাও সে-সেবা অযাচিতভাবে পাওয়া ঘাইত তাই। নইলে অপূ কখনও হুকুম করিয়া সেবা আদায় করিতে শিখে নাই। তা ছাড়া সে সমাজের যে স্তরের মধ্যে মাছুষ, ডেপুটিবাবুরা সেখানকার চোখে ত্রকলোকবাসী দেবতার সমকক্ষ জীব। নির্মালা ডেপুটিবাবুর বড় মেয়ে—রূপে, বেশভূষায়, পড়াশুনায়, কথাবার্তায় একমাত্র লীলা ছাড়া সে এ পর্যন্ত যত মেয়ের সংস্পর্শে আসিয়াছে—সকলের অপেক্ষা শ্রেষ্ঠ। সে কি করিয়া নির্মলার উপর হুকুম-জারি করিবে? নির্মালা তাহা বোঝে না—সে দাদা বলিয়া ডাকে, অপূর প্রতি একটা আন্তরিক টানের পরিচয় তাহার প্রতি কাজে—কেন অপূর্ব-দাদা তাহাকে প্রাণপণে খাটাইয়া লয় না, নিষ্ঠুরভাবে অথবা ফাই-ফরমাস করে না? তাহা হইলে সে খুশী হইত।

চৈত্র মাসের শেষে একদিন ফুটবল খেলিতে খেলিতে অপূর হাঁটুটা কি ভাবে মচ্কাইয়া গিয়া সে মাঠে পড়িয়া গেল। সঙ্গীরা তাহাকে ধরাধরি করিয়া আনিয়া ডেপুটিবাবুর বাসায় দিয়া গেল। নির্মলার মা ব্যস্ত হইয়া বাহিরের ঘরে আসিলেন, কাছে গিয়া বলিলেন—দেখি দেখি, কি হয়েছে? অপূর উজ্জল গৌরবর্ণ স্নানর মুখ ঘামে ও যন্ত্রণার রঙা হইয়া গিয়াছে, ডান পা-খানা সোজা করিতে পারিতেছে না। মনিয়া চাকর নির্মলার মা'র স্নিপ লইয়া ডাক্তারখানায় ছুটিল। নির্মালা বাড়ি ছিল না, ভাইবোনদের লইয়া গাড়ি করিয়া মুল্লেকবাবুর বাসায় বেড়াইতে গিয়াছিল। একটু পরে সরকারী ডাক্তার আসিয়া দেখিয়া শুনিয়া ঔষধের ব্যবস্থা করিয়া গেলেন। সন্ধ্যার আগে নির্মালা আসিল। সব শুনিয়া বাহিরের ঘরে আসিয়া বলিল—কই দেখি, বেশ হয়েছে—দস্তিবৃত্তি করার ফল হবে না? ভারী খুশী হয়েছি আমি—

নির্মালা কিছু না বলিয়া চলিয়া গেল। অপূ মনে মনে ফুর হইয়া ভাবিল—বাক না, আর কখনও যদি কথা কই—

আধ ঘণ্টা পরেই নির্মালা আসিয়া হাজির। কৌতুকের সুরে বলিল—পায়ের ব্যাথা-ট্যাথা

জানি নে, গরম জল আনতে ব'লে দিবে এলাম, এমন ক'রে সের্ক দেবো—নাগে তো লাগবে—তুই মি করার বাহাছুরি বেরিবে যাবে—কমলা লেবু খাবেন একটা ?—না, তাও না ?

মনিয়া চাকর গরম জল আনিলে নির্মলা অনেকক্ষণ বসিয়া বসিয়া ব্যথার উপর সের্ক দিল ; নির্মলার ভাইবোনেরা সব দেখিতে আসিয়া ধরিল—ও দাদা, এইবার একটা গল্প বলুন না। অপূর মুখে গল্প শুনিতে সবাই ভালবাসে।

নির্মলা বলিল—হ্যাঁ, দাদা এখন পাশ ফিরে শুতে পারছেন না—এখন গল্প না বললে চলবে কেন ? চূপ ক'রে ব'সে থাকো সব—নয়তো বাড়ির মধ্যে পাঠিয়ে দোব।

পরদিন সকালটা নির্মলা আসিল না। ছুপুরের পর আসিয়া বৈকাল পর্যন্ত বসিয়া নানা গল্প করিল, বই পড়িয়া শুনাইল। বাড়ির ভিতর হইতে খালাস করিয়া আধ ও শাঁখ-আলু কাটিয়া লইয়া আসিল। তাহার পর তাহাদের পণ্ডমেলানোর আর অন্ত নাই। নির্মলার পদটি মলাইয়া দিয়াই অপূ তাহাকে আর একটা পদ মলাইতে বলে—নির্মলাও অল্প কয়েক মিনিটে তাহার জবাব দিয়া অল্প একটা প্রস্ন করে। কেহ কাহাকেও ঠকাইতে পারে না।

ডেপুটীবাবুর স্ত্রী একবার বাহিরের ঘরে আসিতে আসিতে গুনিয়া বলিলেন—বেশ হয়েছে, আর ভাবনা নেই—এখন তোমরা দু'ভাইবোনে একটা কবির দল খুলে দেশে দেশে বেড়িয়ে বেড়াও গিয়ে—

অপূ লজ্জিত হইয়া চূপ করিয়া রহিল। ডেপুটীবাবুর স্ত্রীর বড় সাধ অপূ তাঁহাকে মা বলিয়া ডাকে। সে যে আড়ালে তাঁহাকে মা বলে, তাহা তিনি জানেন—কিন্তু সামনাসামনি অপূ কখনো তাঁহাকে মা বলিয়া ডাকে নাই, এজন্য ডেপুটীবাবুর স্ত্রী খুব চুঃখিত।

অপূ যে ইচ্ছা করিয়া করে না তাহা নহে। ডেপুটীবাবুর বাসায় থাকিবার কথা এবার সে বাড়িতে গিয়া মায়ের কাছে গল্প করাতে সর্বজয়া ভারী খুশী হইয়াছিল। ডেপুটীবাবুর বাড়ি! কম কথা নয়! সেখানে কি করিয়া থাকিতে হইবে, চলিতে হইবে সে বিষয়ে ছেলেকে নানা উপদেশ দিয়া অবশেষে বলিয়াছিল—ডেপুটীবাবুর বউকে মা ব'লে ডাকবি—আর ডেপুটী-বাবুকে বাবা ব'লে ডাকবি—

অপূ লজ্জিত মুখে বলিয়াছিল—হ্যাঁ, আমি ওসব পারবো না—

সর্বজয়া বলিয়াছিল—তাতে দোষ কি ?—বলিস, তাঁরা খুশী হবেন—কম একটা বড়লোকের আশ্রয় তো নয়।—তাহার কাছে সবাই বড় মাছুষ।

অপূ তখন মায়ের নিকট রাজী হইয়া আসিলেও এখানে তাহা কার্যে পরিণত করিতে পারে নাই। মুখে কেমন বাখে, লজ্জা করেণ

একদিন—অপূ তখন একমাস হইল সারিয়া উঠিয়াছে—নির্মলা বাহিরের ঘরে চেয়ারে বসিয়া কি বই পড়িতেছিল, খোর বর্ষা সারা দিনটা, বেলা বেশী নাই—বুড়ি একটু কমিয়াছে। অপূ বিনা ছাতার কোথা হইতে ভিজিতে ভিজিতে আসিয়া জোড়াইয়া ঘরে ঢুকিতেই নির্মলা বই মুড়িয়া বলিয়া উঠিল—এ, আপনি যে দাদা ভিজে এঁকেবারে—

অপুর মনে যে জন্মই হউক খুব ক্ষুধি ছিল—তাহার দিকে চাহিয়া বলিল—চট্ ক'রে চা আর খাবার—তিন মিনিটে—

নির্মলা বিস্মিত হইল, সঙ্গে সঙ্গে অত্যন্ত আনন্দিত হইল। এ রকম তো কখনও হকুমের সুরে অপূর্বনা বলে না। সে হাসিমুখে মুখ টিপিয়া বলিল—পারবো না তিন মিনিটে—ঘোড়ার জিন দিয়ে এলেন কিনা একেবারে।

অপু হাসিয়া বলিল—আর তো বেশীদিন না—আর তিনটি মাস তোমাদের জালাবো, তারপর চলে যাবি—

নির্মলার মুখ হইতে হাসি মিলাইয়া গেল। বিস্ময়ের সুরে বলিল—কোথায় যাবেন!

—তিনি মাস পরেই এগ্ জামিন—দিয়েই চলে যাবো, কলকাতার পড়বো পাশ হলে—

নির্মলা এতদিন সম্ভবত এটা ভাবিয়া দেখে নাই, বলিল—আর এখানে থাকবেন না?

অপু ঘাড় নাড়িল। খানিকটা থামিয়া কোঁতুকের সুরে বলিল—তুমি তো বাঁচো, যে খাটুনি—তোমার তো ভাল—ওকি? বা রে—কি হলো—শোন নির্মলা—

হঠাৎ নির্মলা উঠিয়া গেল কেন—চোখে কি কথায় তাহার এত জল আসিয়া পড়িল, বৃষ্টিতে না পারিয়া সে মনে মনে অহুতপ্ত হইল। আপন মনে বলিল—আর ওকে ক্যাপাবো না—ভারী পাগল—আহা, ওকে সব সময় খোঁচা দিই—সোজা খেটেছে ও, যখন পা ভেঙে পড়ে ছিলাম পনেরো দিন ধরে, জানতে দেয় নি যে আমি নিজের বাড়িতে নেই—

ইহার মধ্যে আবার একদিন পটু আসিল। ডেপুটীবাবুর বাসাতে অপু উঠিয়া আসিবার পর সে কখনও আসে নাই। খানিকটা ইত্তমত্ত করিয়া বাসায় ঢুকিল। এক-পা ধূলা, কক্ষ চুল, হাতে পুঁটুলি। সে কোন সুরবিধা খুঁজিতে আসে নাই, এদিকে আসিলে অপূর সঙ্গে দেখা না করিয়া সে যাইতে পারে না। পটুর মুখে অনেক দিন পর সে রাগুদির খবর পাইল। পাড়াগাঁয়ের নিঃসহায় নিরুপায় ছেলেদের অভ্যাসমত সে গ্রামের যত মেয়েদের খণ্ডরবাড়ি ঘুরিয়া বেড়ানো শুরু করিয়াছে। বাপের বাড়ির লোক, অনেকের হয়ত বা খেলার সঙ্গী, মেয়েরা আগ্রহ করিয়া রাখে, ছাড়িয়া দিতে চাহে না, যে করটা দিন থাকে খাওয়া সম্বন্ধে নির্ভাবনা। কোন স্থানে দু'দিন, কোথাও পাঁচদিন—মেয়েরা আবার আসিতে বলে, যাবার সময় খাবার তৈয়ারী করিয়া সঙ্গে দেয়। এ এক ব্যবসা পটু ধরিয়াছে মন্দ নয়—ইহার মধ্যে সে তাহাদের পাড়ার সব মেয়ের খণ্ডরবাড়িতে দু-চার বার ঘুরিয়া আসিয়াছে।

এইভাবেই একদিন রাগুদির খণ্ডরবাড়ি সে গিয়াছে—সে গল্প করিল। রাগুদির খণ্ডরবাড়ি রাণাঘাটের কাছে—তাহারা পশ্চিমে কোথায় চাকুরী উপলক্ষে থাকেন—পূজার সময় বাড়ি আসিয়াছিলেন, সপ্তমী পূজার দিন অনাহুতভাবে পটু গিয়া হাজির। সেখানে আট দিন ছিল। রাগুদির যত্ন কি! তাহার দুয়বস্থা শুনিয়া গোপনে তিনটা টাকা দিয়াছিল, আসিবার সময় নতুন খুড়ি চামড়, এক পুঁটুলি বাসি লুচি সন্দেশ।

অপু বলিল—আমার কথা কিছু বললে না?

—শুধুই ভোর কথা। যে করদিন ছিলাম, সকালে সন্ধ্যাতে ভোর কথা। ভারা আবার

একাদশীর দিনই পশ্চিমে চলে যাবে, আমাদের রাগুদি বললে, ভাড়ার টাকা দিচ্ছি, তাকে একবার নিয়ে আয় এখানে—ছ'বচ্ছর দেখা হয় নি—তা আমার আবার জর হ'ল—দ্বিদির বাড়ি এসে দশ-বারোদিন পড়ে রইলাম—তোর ওখানে আর যাওয়া হ'ল না—ওরাও চলে গেল পশ্চিমে—

—ভাড়ার টাকা দেয় নি ?

পটু লজ্জিত মুখে বলিল—হ্যাঁ, তোর আর আমার যাতায়াতের ভাড়া হিসেব ক'রে—সেও খরচ হয়ে গেল, দ্বিদি কোথায় আর পাবে, আমার সেই ভাড়ার টাকা থেকে নেবু ডালিম ওমুখ—সব হ'ল। রাগুদির মতন অমন মেয়ে আর দেখি নি অপুদা, তোর কথা বলতে তার চোখে জল পড়ে—

হঠাৎ অপূর গলা যেন কেমন আড়ষ্ট হইয়া উঠিল—সে তাতাতাড়ি কি দেখিবার ভান করিয়া জানালার বাহিরের দিকে চাহিল।

—শুধু রাগুদি না, যত মেয়ের খসুরবাড়ি গেলাম, রাগুদি, আশালতা, ওপাড়ার সুনয়নীদি—সবাই তোর কথা আগে জিজ্ঞেস করে—

ঘণ্টা দুই থাকিয়া পটু চলিয়া গেল।

দেওয়ানপুর স্কুলেই ম্যাট্রিকুলেশন পরীক্ষা গৃহীত হয়। খরচ-পত্র করিয়া কোথাও যাইতে হইল না। পরীক্ষার পর হেডমাষ্টার মিঃ দত্ত অপুকে ডাকিয়া পাঠাইলেন। বলিলেন—বাড়ি যাবে কবে ?

এই কয় বৎসরে হেডমাষ্টারের সঙ্গে তাহার কেমন একটা নিবিড় সৌহার্দ্যের সম্বন্ধ গড়িয়া উঠিয়াছে, ছ'জনের কেহই এতদিনে জানিতে পারে নাই সে বন্ধন কতটা দৃঢ়।

অপু বলিল—সামনের বুধবারে যাব ভাবছি।

—পাশ হলে কি করবে ভাবছো ? কলেজে পড়বে তো ?

—কলেজে পড়বার খুব ইচ্ছে, স্মর।

—যদি স্কলারশিপ না পাও ?

অপু মুছ হাসিয়া চুপ করিয়া থাকে।

—ভগবানের ওপর নির্ভর ক'রে চলো, সব ঠিক হয়ে যাবে। দাঁড়াও, বাইবেলের একটা জায়গা পড়ে শোনাই তোমাকে—

মিঃ দত্ত খ্রীষ্টান। ক্লাসে কতদিন বাইবেল খুলিয়া চমৎকার চমৎকার উক্তি তাহাদের পড়িয়া শুনাইয়াছেন, অপূর ভরণ মনে বুদ্ধদেবের পীতবাসধারী সৌম্যমূর্তির পাশে, তাহাদের গ্রামের অধিষ্ঠাত্রী দেবী বিশালাকীর পাশে, বোষ্টমদাছ নরোত্তম দাসের ঠাকুর খ্রীষ্টচত্বরের পাশে, দীর্ঘদেহ শাস্তনয়ন বীণুর মূর্তি কোন্ কালে অঙ্কিত হইয়া গিয়াছিল—তাহার মন বীণাকে বর্জন করে নাই, কাঁটার মুকুট পরা, লাঞ্চিত, অপমানিত এক দেবোদ্ভাদ যুবককে মনে প্রাণে বরণ করিতে শিখিয়াছিল।

মিঃ দত্ত বলিলেন—কলকাতাতেই পড়ো—অনেক জিনিস দেখবার শেখবার আছে—

কোন কোন পাড়াগাঁয়ের কলেজে খরচ কম পড়ে বটে কিন্তু সেখানে মন বড় হয় না, চোখ ফোটে না, আমি কলকাতাকেই ভাল বলি।

অণু অনেকদিন হইতেই ঠিক করিয়া রাখিয়াছে, কলেজে পড়িবে এবং কলিকাতার কলেজেই পড়িবে।

মিঃ দত্ত বলিলেন—স্কুল লাইব্রেরীর 'লে মিজারেব্ল'-খানা তুমি খুব ভালবাসতে—ওখানা তোমাকে দিয়ে দিচ্ছি, আমি আর একখানা কিনে নেবো।

অণু বেশী কথা বলিতে জানে না—এখনও পারিল না—মুখচোরার মত খানিকক্ষণ দাঁড়াইয়া থাকিয়া হেডমাস্টারের পায়ের ধূলা লইয়া শ্রণাম করিয়া বাহির হইয়া আসিল।

হেডমাস্টারের মনে হইল—তাঁহার দীর্ঘ ত্রিশ বৎসরের শিক্ষক-জীবনে এ রকম আর কোন ছেলের সংস্পর্শে তিনি কখনও আসেন নাই।--ভাবময়, স্বপ্নদর্শী বালক, জগতে সহায়হীন, সম্পদহীন! হয়ত একটু নির্বোধ, একটু অপরিণামদর্শী—কিন্তু উদার, সরল, নিষ্পাপ, জ্ঞান-পিপাসু ও জিজ্ঞাসু। মনে মনে তিনি বালকটিকে বড় ভালবাসিয়াছিলেন।

তাঁহার জীবনে এই একটি আসিয়াছিল, চলিয়া গেল। ক্লাসে পড়াইবার সময় ইহার কোঁতুহলী ডাগর চোখ ও আগ্রহোজ্জ্বল মুখের দিকে চাহিয়া ইংরেজীর ঘণ্টায় কত নতুন কথা, কত গল্প, ইতিহাসের কাহিনী বলিয়া যাইতেন—ইহার নীরব, জিজ্ঞাসু চোখ দুটি তাঁহার নিকট হইতে বেরুপ জোর করিয়া পাঠ আদায় করিয়া লইয়াছে, সেরুপ আর কেহ পারে নাই, সে প্রেরণা সহজলভ্য নয়, তিনি তাহা জানেন।

গত চার বৎসরের স্মৃতি-জড়ানো দেওয়ানপুর হইতে বিদায় লইবার সময়ে অপুর মন ভাল ছিল না। দেবব্রত বলিল—তুমি চলে গেলে অপূর্বদা, এবার পড়া ছেড়ে দেবো।

নির্মলার সঙ্গে বাহিরের ঘরে দেখা। ফাস্তন মাসের অপূর্ব অদ্ভুত দিনগুলি। বাতাসে কিসের ঘেন মৃদু স্নিগ্ধ, অনির্দেশ্য সুগন্ধ। আমের বউলের সুবাস সকালের রৌদ্রকে ঘেন মাভাল করিয়া তুলিয়াছে। কিন্তু অপূর আনন্দ সে-সব হইতে আসে নাই—গত কয়েকদিন ধরিন্সা সে রাইডার হ্যাগার্ডের 'ক্লিপেট্টা' পড়িতেছিল। তাহার তরুণ কল্পনাকে অদ্ভুতভাবে নাড়া দিয়াছে বইখানা। কোথায় এই হাজার হাজার বৎসরের পুরাতন সমাধি—জ্যোৎস্নাভরা নীলনদ, বিস্মৃত 'রা' দেবের মন্দির।—ঔপন্যাসিক হ্যাগার্ডের স্থান সমালোচকের মতে যেখানেই নিশ্চিহ্ন হটক তাহাতে আসে যার না—তাহার নবীন, অবিকৃত মন একদিন যে গভীর আনন্দ পাইয়াছিল বইখানা হইতে—এইটাই বড় কথা তাহার কাছে।

নির্মলার সহিত দেখা অপূর মনের সেই অবস্থায়,—অপ্রকৃতিস্থ, মস্ত, রতীন—সে তখন শুধু একটা সুপ্রাচীন রহস্যময়, অধুনালুপ্ত জাতির দেশে ঘুরিয়া বেড়াইতেছে! ক্লিপেট্টা? হটন তিনি সুন্দরী—তাঁহাকে সে গ্রাহ্য করে না। পিরামিডের অন্ধকার গর্ভগৃহে বহু হাজার বৎসরের সৃষ্টি ভাঙ্গিয়া সম্রাট মেসোউ-রা. গ্রানাইট পাথরের সমাধি-সিন্দূকে যখন রোষে পার্থক্যবর্তন করেন—মহুস্ত সৃষ্টির পূর্বকার জনহীন আদিম পৃথিবীর নীরবতার মধ্যে শুধু

সিহোর নদী লিবীয়া মরুভূমির বুকের উপর দিয়া বহিয়া যায়—অপূর্ব রহস্তে ভরা মিশর ! অদ্ভুত নিরস্তির অকাটা লিপি ! তাহার মন সারা দুপুর আর কিছু ভাবিতে চায় না ।

গরম বাতাসে দমকা ধূলাবালি উড়াইয়া আনিতেছিল বলিয়া অপু দরজা ভেঙাইয়া বসিয়া ছিল, নির্মালা দরজা ঠেলিয়া ঘরে আসিল। অপু বলিল—এস এস, আজ সকালে তো তোমাদের স্থলে প্রাইজ হ'ল—কে প্রাইজ দিলেন, মুন্সেফবাবুর স্ত্রী, না ? ঐ মোটা-মত যিনি গাডি থেকে নামলেন, উনিই তো ?

—আপনি বুঝি ওদিকে ছিলেন তখন ? যাগো, কি মোটা ?—আমি তো কখনো—পরে হঠাৎ যেন মনে পড়িল এইভাবে বলিল, তারপর আপনি তো যাবেন আজ, না দাদা ?

—হাঁ, দুটোর গাড়িতে যাবো—রামধারিয়ারকে একটু ডেকে নিয়ে এস তো—জিনিস-পত্তরগুলো একটু বেঁধে দেবে ।

—রামধারিয়ার কি আপনার চিরকাল ক'রে দিয়ে এসেছে নাকি ? কই, কি জিনিস আগে বলুন না ।

দুইজনে মিলিয়া বইয়ের ধূলা ঝাড়িয়া গোছানো, বিছানা বাঁধা চলিল। নির্মালা অপুকে ছোট টিনের তোরঙ্গটা খুলিয়া বলিল—যাগো ! কি ক'রে রেখেছেন বাস্কেট ! কাপড়ে, কাগজে, বইয়ে হাঙুল পাঙুল—আচ্ছা এত বাজে কাগজ কি হবে দাদা ? ফেলে দেবো ?...

অপু বলিয়া উঠিল—হাঁ হাঁ—না না—ওসব ফেলো না ।

সে আজ দুই-তিন বছরের চিঠি, নানা সময়ে নানা-কথা-লেখা কাগজের টুকরা সব জমাইয়া রাখিয়াছে। অনেক স্মৃতি জড়ানো সেগুলির সঙ্গে, পুরাতন সময়কে আবার কিরাইয়া আনে—সেগুলি প্রাণ ধরিয়া অপু ফেলিয়া দিতে পারে না। কবে কোন্ কালে তাহার দিদি দুর্গা নিশ্চিন্দিপুরে থাকিতে আদর করিয়া তাহাকে কোন্ বন হইতে একটা পাখীর বাগা আনিয়া দিয়াছিল, কতকালের কথা,—বাগাটা সে আজও বাস্কে রাখিয়া দিয়াছে—বাবার হাতের লেখা একখানা কাগজ—আরও কত কি ।

নির্মালা বলিল—এ কি ? আপনার মোটে দুখানা কাপড়, আর জামা নেই ?

অপু হাসিয়া বলিল—পরসাই নেই হাতে তা জামা ! নইলে ইচ্ছা তো আছে সুকুমারের মত একটা জামা করাবো—ওতে আমাকে যা মানায়—ওই রংটাতে—

নির্মালা ঘাড় নাড়িয়া বলিল—থাক থাক, আর বাহাজুরি করতে হবে না। এই রইল চাবি, এখনি হারিয়ে ফেলবেন না যেন আবার। আমি মিশির ঠাকুরকে বলে দিয়েছি, এখনি লুচি ভেজে আনবে—দাঁড়ান, দেখি গিয়ে আপনার গাড়ির কত দেরি ?

—এখনও ঘণ্টা দুই ! মা'র সঙ্গে দেখা ক'রে যাবো, আবার হয়ত কত দিন পরে আসবো তার ঠিক কি ?

—আসবেনই না। আপনাকে আমি বুঝি নি ভাবছেন ? এখান থেকে চলে গেলে আপনি আবার এ-স্থানে হবেন ?—কখনো না ।

অপু কি প্রতিবাদ করিতে গেল, নির্মালা বাধা দিয়া বলিল—সে আমি জানি। এই

হুবহু আপনাকে দেখে আসছি দাদা, আমার বুকে বাকী নেই, আপনার শরীরে মায়ী
দয়া কম।

—কম ?—বা রে—এ তো তুমি—আমি বুঝি—

—দাঁড়ান, দেখি গিয়ে মিশির ঠাকুর কি করেছে—তাড়া না দিলে সে কি আর—

নির্মলার মা যাইবার সময় চোখের জল ফেলিলেন। কিন্তু নির্মালা বাড়ির মধ্যে কি কাজে
ব্যস্ত ছিল, মায়ের বহু ডাকাডাকিতেও সে কাজ ফেলিয়া বাহিরে আসিতে পারিল না। অপর
স্টেশনের পথে যাইতে যাইতে ভাবিল—নির্মলা আচ্ছা তো! একবার বার হ'ল না—যাবার
সময়টা দেখা হ'ত—আচ্ছা খামখেয়ালি।

যখন তখন রেলগাড়িতে চড়াটা ঘটে না বলিয়াই রেল চড়িলেই তাহার একটা অপর
আনন্দ হয়। ছোট্ট তোরঙ্গ ও বিছানাটার মোট লইয়া জান'লার ধারে বসিয়া চাহিয়া
দেখিতে দেখিতে কত কথা মনে আসিতেছিল! এখন সে কত বড় হইয়াছে—একা একা
ট্রেনে চড়িয়া বেড়াইতেছে। তারপর এমনি একদিন হয়ত নীল নদের তীরে, ক্লিপেট্রায় দেশে
—এক জ্যোৎস্না রাতে শত শত প্রাচীন সমাধির বুকের উপর দিয়া অজানা সে যাত্রা।

স্টেশনে নামিয়া বাড়ি যাইবার পথে একটা গাছতলা দিয়া যাইতে যাইতে মাঝে মাঝে
কেমন একটা স্নগন্ধ—মাটির, বরা পাতার, কোন্ ফুলের। ফান্সনের তপ্ত রৌদ্র গাছে গাছে
পাতা বরাইয়া দিতেছে, মাঠের ধারে অনেক গাছে নতুন পাতা গজাইয়াছে—পলাশের ডালে
রাঙা-রাঙা নতুন ফোটা ফুল যেন আরতির পঞ্চপ্রদীপের উর্ধ্বমুখী শিখার মত জলিতেছে। অপর
মন ঘেন আনন্দে শিহরিয়া ওঠে—যদিও সে ট্রেনে আজ সারা পথ শুধু নির্মালা আর দেবব্রতের
কথা ভাবিয়াছে... কখনো শুধুই নির্মালা, কখনো শুধুই দেবব্রত—তাহার জ্বলজীবনে এই দুইটি
বন্ধু যতটা তাহার প্রাণের কাছাকাছি আসিয়াছিল, ততটা নিকটে অমনভাবে আর কেহ
আসিতে পারে নাই, তবুও তাহার মনে হয় আজকার আনন্দের সঙ্গে নির্মলার সম্পর্ক নাই,
দেবব্রতের নাই—আছে তার নিশ্চিন্দপুরের বাল্যজীবনের স্নিগ্ধস্পর্শ, আর বহুদূর-বিসপিত,
রহস্যময় কোন্ অন্তরের ইন্দিব—সে মনে বালক হইলেও একথা বোঝে।

প্রথম যৌবনের শুরু, বয়ঃসন্ধিকালে রূপ ফাটিয়া পড়িতেছে,—এই ছায়া, বউলের গন্ধ,
বনান্তরে অবসন্ন ফান্সনদিনে পাখির ডাক, ময়ূরকণী রং-এর আকাশটা—রক্তে যেন এদের বেশা
লাগে—গর্ভ, উৎসাহ, নবীন জীবনের আনন্দভরা প্রথম পদক্ষেপ। নির্মালা তুচ্ছ! আর এক
দিক হইতে ডাক আসে—অপর আশায় আশায় থাকে।

নিরাবরণ মুক্ত প্রকৃতির এ আহ্বান, রোমান্সের আহ্বান—তার রক্তে মেশানো, এ
আসিয়াছে তাহার বাবার নিকট হইতে উত্তরাধিকারহৃত্রে—বন্ধনমুক্ত হইয়া ছুটিয়া বাহির
হওয়া, মন কি চায় না-বুঝিয়াই তাহার পিছু পিছু দৌড়ানো, এ তাহার নিরীহ শাস্ত-প্রকৃতি
ব্রাহ্মণপণ্ডিত পিতামহ রামহরি ভর্কালঙ্কারের দান নয়—যদিও সে তাঁর নিস্পৃহ জ্ঞানপিপাসা ও
অধ্যয়নপ্রিয়তাকে লাভ করিয়াছে বটে। কে জানে পূর্ব-পুরুষ ঠাণ্ডাড়ে বীর রায়ের উচ্ছ্বল
রক্ত কিছু আছে কি-না—

তাই তাহার মনে হয় কি যেন একটা ঘটবে, তাহারই প্রতীকার থাকে।

অপূর্ব গন্ধে-ভরা বাতাসে, নবীন বসন্তের শ্রামলশ্রীতে, অন্তঃস্বের রক্ত আভার সে রোমাসের বার্তা যেন লেখা থাকে।

পঞ্চম পরিচ্ছেদ

বাড়িতে অপু মায়ের সঙ্গে পরামর্শ করিল। কলিকাতায় যদি পড়িতে যায় স্কলারশিপ না পাইলে কি কোন সুবিধা হইবে? সর্বপ্রয়া কখনও জীবনে কলিকাতা দেখে নাই—সে কিছু জানে না। পড়া তো অনেক হইয়াছে আর পড়ার দরকার কি?—অপুর মনে কলেজে পড়িবার ইচ্ছা খুব প্রবল। কলেজে পড়িলে মাতুষ বিচার জাহাজ হয়। সবাই বলিবে কলেজের ছেলে।

মাকে বলিল—না-ই যদি স্কলারশিপ পাই, তাই বা কি? একরকম ক'রে হয়ে যাবে—রমাপতিদা বলে, কত গরীবের ছেলে কলিকাতায় পড়চে, গিয়ে একটু চেষ্টা করলেই নাকি সুবিধা হয়ে যাবে, ও আমি ক'রে নেবো মা—

কলিকাতায় যাইবার পূর্বদিন রাত্রে আশ্রমে উভৈজনার তাহার ঘুম হইল না। মাথার মধ্যে যেন কেমন করে, বৃকের মধ্যেও। গলায় যেন কি আটকাইয়া গিয়াছে। সত্য সত্য সে কাল এমন সময় কলিকাতায় বসিয়া আছে?...কলিকাতায়! কলিকাতা সম্বন্ধে কত গল্প, কত কি সে শুনিয়াছে। অতবড় শহর আর নাই। কত কি অদ্ভুত জিনিস দেখিবার আছে, বড় বড় নাইবেরী আছে, সে শুনিয়াছে বই চাহিলেই সেখানে বসিয়া পড়িতে দেয়।

বিছানায় শুইয়া সারারাত্রি ছট্‌কট্‌ করিতে লাগিল। বাড়ির পিছনের তেঁতুল গাছের ডালপালা অন্ধকারকে আরও ঘন করিয়াছে, ভোর আর কিছুতেই হয় না। হয়ত তাহার কলিকাতা যাওয়া ঘটবে না, কলেজে পড়া ঘটবে না, কত লোক হঠাৎ মারা গিয়াছে, এমনি হয়ত সেও মরিয়া যাইতে পারে। কলিকাতা না দেখিয়া, কলেজে অন্তত কিছুদিন পড়ার আগে যেন সে না মরে!—দোহাই ভগবান।

কলিকাতায় সে কাহাকেও চেনে না, কোথায় গিয়া উঠিবে ঠিক জানা নাই, পথঘাটও জানা নাই। মাসকতক আগে দেবব্রত তাহাকে নিজের এক মেশোমশাইয়ের কলিকাতার ঠিকানা দিয়া বলিয়াছিল, দরকার হইলে এই ঠিকানায় গিয়া তাহার নাম করিলেই তিনি আদর করিয়া থাকিবার স্থান দিবেন। ট্রেনে উঠিবার সময় অপু সে-কাগজখানা বাহির করিয়া পকেটে রাখিল। রেলের পুরানো টাইমটেবলের পিছন হইতে হিঁড়িয়া লওয়া একখানা কলিকাতা শহরের নক্সা তাহার টিনের তোরঙ্গটার মধ্যে অনেকদিন আগে ছিল, সেখানাও বাহির করিয়া বসিল।

ইহার পূর্বেও অপু শহর দেখিয়াছে, তবুও ট্রেন হইতে নামিয়া শিয়ালদহ স্টেশনের সম্মুখের

বড় রাত্তার একবার আসিয়া দাঁড়াইতেই সে অর্থাৎ হইয়া গেল। এরকম কাণ্ড সে কোথায় দেখিয়াছে? ট্রামগাড়ি ইহার নাম? আর এক রকমের গাড়ি নিঃশব্দে দৌড়াইয়া চলিয়াছে, অপু কখনও না দেখিলেও মনে মনে আন্দাজ করিল, ইহারই নাম মোটর গাড়ি। সে বিন্ময়ের সহিত দু-একখানার দিকে চাহিয়া চাহিয়া দেখিতে লাগিল; স্টেশনের অফিস ঘরে সে মাথার উপর একটা কি চাকার মত জিনিস বন্ বন্ বেগে ঘুরিতে দেখিয়াছে, সে আন্দাজ করিল উহাই ইলেকট্রিক পাখা।

খে-ঠিকানা বন্ধু দিয়াছিল, তাহা খুঁজিয়া বাহির করা তাহার পক্ষে এক মহা মুশকিলের ব্যাপার, পকেটে রেলের টাইমটেবলের মোড়ক হইতে সংগ্রহ করা কলিকাতার যে নক্সা ছিল তাহা মিলাইয়া হারিসন রোড খুঁজিয়া বাহির করিল। জিনিসপত্র তাহার এমন বেশী কিছু নহে, বগলে ছোট বিছানাটি ও ডান হাতে ভারী পুঁটুলিটা ঝুলাইয়া পথ চলিতে চলিতে সামনে পাওয়া গেল আমহান্ট স্ট্রীট। তাহার পর আরও ধানিক ঘুরিয়া সে পঞ্চানন দাসের গলি বাহির করিল।

অখিলবাবু সন্ধ্যার আগে আসিলেন, কালো নাভুস হুহুস চেহারা, অপূর পরিচয় ও উদ্বেগ শুনিয়া খুশী হইলেন ও খুব উৎসাহ দিলেন। ঝিকে ডাকাইয়া তখনই খাবার আনাইয়া অপুকে খাইতে দিলেন, সারাদিন খাওয়া হয় নাই জানিতে পারিয়া তিনি এত ব্যস্ত হইয়া উঠিলেন যে, নিজে সন্ধ্যাহিক করিবার জন্ত আসনখানি মেসের ছাদে পাতিয়াও আঁহিক করিতে তুলিয়া গেলেন।

সন্ধ্যার সময় সে মেসের ছাদে শুইয়া পড়িল। সারাদিন বেড়াইয়া সে বড় ক্লান্ত হইয়া পড়িয়াছে।

সে তো কলিকাতার আসিয়াছে—মিউজিয়াম, গড়ের মাঠ দেখিতে পাইবে তো?... বার্নোঙ্কোপ দেখিবে.. এখানে খুব বড় বার্নোঙ্কোপ আছে সে জানে। তাহাদের দেওয়ানপুরের স্থলে একবার একটা ভ্রমণকারী বার্নোঙ্কোপের দল গিয়াছিল, তাহাতেই সে জানে বার্নোঙ্কোপ কি অদ্ভুত দেখিতে। তবে এখানে নাকি বার্নোঙ্কোপে গল্পের বই দেখায়। সেখানে তাহা ছিল না—রেলগাড়ি দৌড়াইতেছে, একটা লোক হাত পা নাড়িয়া মুখভঙ্গি করিয়া লোক হাসাইতেছে—এই সব। এখানে বার্নোঙ্কোপে গল্পের বই দেখিতে চার। অখিলবাবুকে জিজ্ঞাসা করিল, বার্নোঙ্কোপ যেখানে হয়, এখান থেকে কত দূর?

অখিলবাবুর মেসে খাইয়া অপু ইহার-উহার পরামর্শমত নানা স্থানে হাঁটাইটি করিতে লাগিল, কোথাও বা থাকিবার স্থানের জন্ত, কোথাও বা ছেলে পড়াইবার সুবিধার জন্ত, কাহারও কাছে বা কলেজে বিনা বেতনে ভর্তি হইবার যোগাযোগের জন্ত। এদিকে কলেজে ভর্তি হইবার সময়ও চলিয়া ধায়, সঙ্গে যে করটা টাকা ছিল তাহা পকেটে লইয়া একদিন সে ভর্তি হইতে বাহির হইল। প্রেসিডেন্সী কলেজের দিকে সে ইচ্ছা করিয়াই বেঁধিল না, সেখানে সবদিকেই ধরচ অভ্যস্ত বেশী। মেট্রোপলিটান কলেজ গলির ভিতর, বিশেষতঃ পুরানো ধরণের বলিয়া সেখানেও ভর্তি হইতে ইচ্ছা হইল না। মিশনারীদের কলেজ হইতে

একদল ছেলে বাহির হইয়া সিটি কলেজে ভর্তি হইতে চলিয়াছিল, তাহাদের দলে মিশিয়া গিয়া কেরানীর নিকট হইতে কাগজ চাহিয়া লইয়া নাম লিখিয়া ফেলিল। কিন্তু শেষ পর্যন্ত বাড়িটার গড়ন ও আকৃতি তাহার কাছে এত ধারাপ ঠোঁ ল যে, কাগজখানি ছিঁড়িয়া ফেলিয়া সে বাহিরে আসিয়া হাঁপ ছাড়িয়া বাঁচিল। অবশেষে রিপন কলেজের বাড়ি তাহার কাছে বেশ ভাল ও উঁচু মনে হইল। ভর্তি হইয়া সে আর একটি ছাত্রের সঙ্গে ক্লাস-রুমগুলি দেখিতে গেল। ক্লাসে ইলেকট্রিক পাখা। কি করিয়া খুলিতে হয়? তাহার সঙ্গী দেখাইয়া দিল। সে খুশীর সহিত তাহার নীচে খানিকক্ষণ বসিয়া রহিল, এত হাতের কাছে ইলেকট্রিক পাখা পাইয়া বার বার পাখা খুলিয়া বন্ধ করিয়া দেখিতে লাগিল।

অখিলবাবুদের মেসে থাকা ও পড়াশুনা দুইয়েরই ঘোর অসুবিধা। এক এক ঘরের মেঝেতে তিনটি ট্রাক, কতকগুলি জুতার বাস্ক, কালি বুরুশ, তিনটি হুক। ঘরে আর কোন আসবাবপত্র নাই, রাজ্যে আলো সবদিন জ্বলে না। ঘর দেখিয়া মনে হয় ইহার অধিবাসীগণের জীবনে মাত্র দুইটি উদ্দেশ্য আছে—অফিসে চাকরি করা ও মেসে আসিয়া খাওয়া ও ঘুমানো। এক এক ঘরে যে তিনটি বাবু থাকেন তাহারা ছ'টার সময় অফিস হইতে আসিয়া হাতমুখ ধুইয়া যে ধীর বিছানার শুইয়া পড়িয়া চুপ করিয়া তামাক টানিতে থাকেন, একটু আধটু গল্পগুজব যা হয়, প্রায়ই অফিস সংক্রান্ত; তারপরেই আহালাদ সারিয়া নিদ্রা। অখিলবাবু কোথায় ছেলে পড়ান, অফিসের পর সেখান হইতে কিরিতে দেরি হইয়া যায়। তিনিও সারাদিন খাটুনির পর মেসে আসিয়া শুইয়া পড়েন।

অপু এ রকম ঘরে এতগুলি লোকের সহিত এক বিছানায় কখনও শুইতে অভ্যস্ত নয়, রাজ্যে তাহার যেন হাঁপ ধরে, ভাল ঘুম হয় না। অল্প কোথাও কোন রকম সুবিধা না হইলে সে যাইবে কোথায়? তাহা ছাড়া অপু'র আর এক ভাবনা মায়ের জন্ত। স্বলারশিপ পাইলে সেই টাকা হইতে মাকে কিছু কিছু পাঠাইবার আশ্বাস সে আসিবার সময় দিয়া আসিয়াছে কিন্তু কোথায় বা স্বলারশিপ, কোথায় বা কি। মা'র কিরূপে চলিতেছে, দিন যাওয়ার সঙ্গে সঙ্গে সেই ভাবনাই তাহার আরও প্রবল হইল।

মাসের শেষে অখিলবাবু অপু'র জন্ত একটা ছেলে পড়ানো ঠিক করিয়া দিলেন, দুইবেলা, একটা ছোট ছেলে ও একটি মেয়েকে পড়াইতে হইবে, মাসে পনেরো টাকা।

অখিলবাবু'র মেসে পরের বিছানায় শুইয়া থাকা তাহার পছন্দ হয় না। কিন্তু কলেজ হইতে ফিরিয়া পথে কয়েকটি মেসে জিজ্ঞাসা করিয়া জানিল, পনেরো টাকা মাত্র আরে কোনো মেসে থাকা চলে না। তাহার ক্লাসের কয়েকটি ছেলে মিলিয়া একখানা ঘর ভাড়া করিয়া থাকিত, নিজেরাই রাঁধিয়া খাইত, অপু'কে তাহারা লইতে রাজী হইল।

যে তিনটি ছেলে একসঙ্গে ঘর ভাড়া করিয়া থাকে, তাহাদের সকলেরই বাড়ি মূর্শিদাবাদ জেলায়। ইহাদের মধ্যে সুরেশ্বরের আর কিছু বেশী, এম-এ ক্লাসের ছাত্র, চল্লিশ টাকার টিউশনি আছে। জানকী যেন কোথায় ছেলে পড়াইয়া কুড়ি টাকা পায়। নির্মলের আর

আরও কম। সকলের আয় একত্র করিয়া যে মাসে বাহা অকুলান হয়, সুরেশ্বর নিজেই তাহা দিয়া দেয়, কাহাকেও বলে না। অপূ প্রথমে তাহা জানিত না, মাস দুই থাকিবার পর তাহার সন্দেহ হইল প্রতিমাসে সুরেশ্বর পচিশ-ত্রিশটাকা দোকানের দেনা শোধ করে, অথচ কাহারও নিকট চায় না কেন? সুরেশ্বরের কাছে একদিন কথাটা তুলিলে, সে হাসিয়া উড়াইয়া দিল। সে বেশী এমন কিছু দেয় না, যদিই বা দেয়—তাতেই বা কি? তাহাদের যখন আয় বাড়িবে তখন তাহারিও অন্যাসে দিতে পারিবে, কেহ বাধা দিবে না তখন।

নির্মল রবিঠাকুরের কবিতা আবৃত্তি করিতে করিতে ঘরে ঢুকিল। তাহার গারে খুব শক্তি, সুগঠিত মাংসপেশী, চণ্ডা বুক। অপূর মতই বয়স। হাতের ভিতর একটা কাগজের ঠোঙা দেখাইয়া বলিল—নূতন মটরগুঁটি লক্ষ্য দিবে ভেঙ্গে—

অপূ হাত হইতে ঠোঙাটা কাড়িয়া লইয়া বলিল—দেখি? পরে হাসিমুখে বলিল—সুরেশ্বরদা, ঠোঙা ধরিয়ে নিন—আমি মুড়ি আনি—ক'পরসার আনবো? এক-দুই-তিন-চার—

—আমার দিকে আঙুল দিবে শুণো না ওরকম—

অপূ হাসিয়া নির্মলের দিকে আঙুল দেখাইয়া বলিল—তোমার দিকেই আঙুল বেশী ক'রে দেখাবো—তিন-তিন-তিন—

নির্মল তাহাকে ধরিতে যাইবার পূর্বে সে হাসিতে হাসিতে ছুটিয়া বাহির হইয়া গেল। সুরেশ্বর বলিল—একরাশ বই এনেছে কলেজের লাইব্রেরী থেকে—এতও পড়তে পারে—মায় মমসেনের রোমের হিষ্টি এক ভল্যুম—

অপূর গলা মিষ্টি বলিয়া সন্ধ্যার পর সবাই গান গাওয়ার জন্ম ধরে। কিন্তু পুরাতন লাজুকতা তাহার এখনও যায় নাই, অনেক সাধ্যসাধনার পর একটি বা দুটি গান গাহিয়া থাকে, আর কিছুতেই গাওয়ানো যায় না। কিন্তু রবিঠাকুরের কবিতার সে বড় ভক্ত, নির্মলের চেয়েও। যখন কেহ ঘরে থাকে না, নির্জনে হাত-পা নাড়িয়া আবৃত্তি করে—

সন্ন্যাসী উপগুপ্ত

মথুরাপুরীর

প্রাচীরের তলে

একদা ছিলেন সুপ্ত।

ইতিহাসের অধ্যাপক মি: বসুকে অপূর সবচেয়ে ভাল লাগে। সবদিন তাঁহার ক্লাস থাকে না—কলেজের পড়ায় কোন উৎসাহ থাকে না সেদিন। কাশো রিবন-ঝোলানো পাঁশ-নে চশমা পরিয়া উজ্জলচক্ষু মি: বসু ক্লাসরুমে ঢুকিলেই সে নড়িয়া চড়িয়া সংঘত হইয়া বসে, বক্তৃতার প্রত্যেক কথা মন দিয়া শোনে! এম-এ-তে ফাস্ট ক্লাস কান্ট। অপূর ধারণার মহাপঞ্জিত। —গিবন বা মমসেন বা লর্ড ব্রাইস্ জাতীয়। মানবজাতির সমগ্র ইতিহাস—ঈজিপ্ট, ব্যাবিলন, আসিরিয়া, ভারতবর্ষীয় সভ্যতার উত্থানপতনের কাহিনী তাঁহার মনশ্চক্ষুর সম্মুখে ছবির মত পড়িয়া আছে।

ইতিহাসের পরে লজিকের ঘণ্টা। শ্রীজিরা ডাকিয়া অধ্যাপক পড়ানো শুরু করিবার সঙ্গে

সঙ্গেই ছেলে কমিতে শুরু করিল। অপু এ ঘণ্টায় পিছনের বেঞ্চিতে বসিয়া লাইব্রেরী হইতে লওয়া ইতিহাস, উপন্যাস বা কবিতার বই পড়ে, অধ্যাপক-কর কথার দিকে এতটুকু মন দেয় না, শুনিতে ভাল লাগে না। সেদিন একমনে অল্প বই পাঠে। তেছে হঠাৎ অধ্যাপক তাহাকে লক্ষ্য করিয়া কি প্রশ্ন করিলেন। প্রশ্নটা সে শুনিতে পায় নাই, কিন্তু ক্লাস হঠাৎ নীরব হইয়া যাওয়াতে তাহার চমক ভাঙ্গিল, চাহিয়া দেখিল সকলেরই চোখ তাহার দিকে। সে উঠিয়া দাঁড়াইল। অধ্যাপক বলিলেন—তোমার হাতে ওখানা লজিকের বই ?

অপু বলিল—না স্যর, প্যালগ্রেভের গোল্ডেন ট্রেজারি—

—তোমাকে যদি আমার ঘণ্টায় পার্সেন্টেজ না দিই ? পড়া শোনো না কেন ?

অপু চুপ করিয়া রহিল। অধ্যাপক তাহাকে বসিতে বলিয়া পুনরায় অধ্যাপনা আরম্ভ করিলেন। জানকী চিম্টি কাটিয়া বলিল—হ'ল তো ? রোজ রোজ বলি লজিকের ঘণ্টায় আমাদের সঙ্গে পালাতে—তা শোনা হয় না—আয় চলে—

দেড়শত ছেলের ক্লাস। পিছনের বেঞ্চের সামনের দরজাটি ছেলেরা ইচ্ছা করিয়া খুলিয়া রাখে পালাইবার সুবিধার জন্ত। জানকী এদিক ওদিক চাহিয়া সূড়ুং করিয়া সরিয়া পড়িল। তাহার পরে বিরাজ। অপুও মহাজনদের পথ ধরিল। নীচে আসিলে লাইব্রেরীয়ান বলিল—কি রায় মশায়, আমাদের পার্বণীটা কি পাব না ?

অপু খুব খুশী হয়। কে তাহাকে চিনিত পাঁচ মাস আগে! এতবড় কলিকাতা শহর, এতবড় কলেজ, এত ছেলে। এখানেও তাহাকে রায় মশায় বলিয়া খাতির করিতেছে, তাহার কাছে পার্বণী চাহিতেছে! হাসিয়া বলে—কাল এনে দোব ঠিক সত্যাবাবু, আজ ভুলে গিইচি—আপনি এক ভলুম গিবন্ দেবেন কিন্তু আজ—

উৎসাহে পড়িয়া গিবন্ বাড়ি লইয়া যায় বটে কিন্তু ভাল লাগে না। এত খুঁটিনাটি বিরক্তিকর মনে হয়। পরদিন সেখানা ফেরত দিয়া অল্প ইতিহাস লইয়া গেল।

পূজার কিছু পূর্বে অপুদের বাসা উঠিয়া গেল। খরচে আয়ে অনেকদিন হইতেই কুলাইতে-ছিল না, সুরেশ্বরের ভাল টিউশনিটি হঠাৎ হাতছাড়া হইল—কে বাড়তি খরচ চালায় ? নির্মল ও জানকী অল্প কোথায় চলিয়া গেল, সুরেশ্বর গিয়া মেসে উঠিল। অপু যে মাসিক আয়, কলেজের মাহিনা দিয়া তাহা হইতে বারো টাকা বাচে—কলিকাতা শহরে বারো টাকার যে কিছুতেই চলিতে পারে না, অপু সে জ্ঞান এতদিনেও হয় নাই। সুতরাং সে ভাবিল বারো টাকাতোই চলিবে, খুব চলিবে। বারো টাকা কি কম টাকা!

কিন্তু বারো টাকা আয়ও বেশী দিন রহিল না, একদিন পড়াইতে গিয়া শুনিল, ছেলের শরীর খারাপ বলিয়া ডাক্তার হাওয়া বদলাইতে বলিয়াছে, পড়াশুনা এখন বন্ধ থাকিবে। এক মাসের মাহিনা তাহার বাড়তি দিয়া জবাব দিল।

টাকা কয়টি পকেটে করিয়া সেখান হইতে বাহির হইয়া অপু আকাশ-পাতাল ভাবিতে ভাবিতে ফুটপাথ বাহিয়া চলিল। সুরেশ্বরের মেসে সে জিনিসপত্র রাখিয়া দিয়াছে, সেইখানেই

গেণ্ট-চার্জ দিয়া খায়, রাজ্জে মেগের বারান্দাতে শুইয়া থাকে। টাকা যাহা আছে, মেসের দেনা মিটাইতে যাইবে। সামান্য কিছু হাতে থাকিতে পারে বটে, কিন্তু তাহার পর ?

স্বপ্নের মেনে আসিয়া নিজের নামের একখানি পত্র ডাকবাক্সে দেখিল। হাতের লেখাটা সে চেনে না—খুলিয়া দেখিল চিঠিখানা মায়ের, কিন্তু অপরের হাতের লেখা। হাতে ব্যাধা হইয়া মা বড় কষ্ট পাইতেছেন, অপু কি তিনটি টাকা পাঠাইয়া দিতে পারে ? মা কখনো কিছু চায় না, মুখ বুজিয়া সকল দুঃখ সহ করে, সে-ই বরং দেওয়ানপুরে থাকিতে নানা ছল-ছুতায় মাঝে মাঝে কত টাকা মায়ের কাছ হইতে লইয়াছে। হাতে না থাকিলেও তেলিবাড়ি হইতে চাহিয়া-চিন্তিয়া মা যোগাড় করিয়া দিত। খুব কষ্ট না হইলে কখনো মা তাহাকে টাকার জন্ত লেখে নাই।

পকেট হইতে টাকা বাহির করিয়া গুণিয়া দেখিল সাতাশটি টাকা আছে। মেসের দেনা সাড়ে পনেরো টাকা বাদে সাড়ে এগারো টাকা থাকে। মাকে কত টাকা পাঠানো যায় ? মনে মনে ভাবিল—তিনটে টাকা তো চেয়েছে, আমি দশ টাকা পাঠিয়ে দিই, মনিঅর্ডার পিওন যখন টাকা নিয়ে যাবে, মা ভাববে, বুঝি তিন টাকা কিংবা হয়তো দুটাকার মনিঅর্ডার—জিজ্ঞেস করবে, কত টাকা ? পিওন যেই বলবে দশ টাকা, মা অবাক হয়ে যাবে। মাকে তাক লাগিয়ে দেবো—ভারী মজা হবে, বাড়িতে গেলে মা শুধু সেই গল্পই করবে দিনরাত—

অপ্রত্যাশিত টাকা প্রাপ্তিতে মায়ের আনন্দোজ্জ্বল মুখখানা কল্পনা করিয়া অপু ভারী খুশী হইল। বোবাজার পোস্টাফিস হইতে টাকাটা পাঠাইয়া দিয়া সে ভাবিল—বেশ হ'ল! আহা, মাকে কেউ কখনো দশ টাকার মনিঅর্ডার এক সঙ্গে পাঠায় নি—টাকা পেয়ে খুশী হবে। আমার তো এখন রইল দেড় টাকা, তারপর একটা কিছু ঠিক হয়ে যাবেই।

কলেজের একটি ছেলের সঙ্গে তাহার খুব বন্ধুত্ব হইয়াছে। সেও গরীব ছাত্র, টাকা জেলায় বাড়ি, নাম প্রণব মুখার্জি। খুব লম্বা, গৌরবর্ণ, দোহারী চেহারা, বুদ্ধিপ্ৰোজ্জ্বল দৃষ্টি। কলেজ-লাইব্রেরীতে একসঙ্গে বসিয়া বই পড়িতে পড়িতে দু'জনের আলাপ। এমন সব বই দু'জনে লইয়া যায়, যাহা সাধারণ ছাত্রেরা পড়ে না, নামও জানে না। ফাস্ট-ইয়ারের ছেলেকে মমুসেন লইতে দেখিয়া প্রণব তাহার দিকে প্রথম আকৃষ্ট হয়। আলাপ ক্রমে বন্ধুত্ব পরিণত হইয়াছে।

অপু শীঘ্রই বুঝিতে পারিল, প্রণবের পড়াশুনা তাহার অপেক্ষা অনেক বেশী! অনেক গ্রন্থকারের নামও সে কখনও শোনে নাই—নীটশে, এয়ার্সন, টুর্গেনেভ, ব্রেস্টেড—প্রণবের কথায় সে ইহাদের বই পড়িতে আরম্ভ করিল। তাহারই উৎসাহে সে পুনরায় ধৈর্য ও অধ্যবসায়ের সহিত গিবন্ শুরু করিল, ইলিয়াডের অম্বুবাদ পড়িল।

অপুর পড়াশুনার কোনও বাধাবিধি রীতি নাই। যখন যাহা ভাল লাগে, কখনও ইতিহাস, কখনও নাটক, কখনও কবিতা, কখনও প্রবন্ধ, কখনও বিজ্ঞান। প্রণব নিজে অত্যন্ত সংযমী ও শৃঙ্খলাপ্রিয়—সে বলিল—ওতে কিছু হবে না ওরকম পড় কেন ?

অপু চেষ্ঠা করিয়াও পড়াশুনার শৃঙ্খলা আনিতে পারিল না। লাইব্রেরীঘরের ছাদ পর্যন্ত উচু বড় বড় বইয়ে ভরা আলমারির দৃশ্য তাহাকে দিশাহারা করিয়া দেয়। সকল বই-ই খুলিয়া দেখিতে সাধ যায়—Gases of the Atmosphere—স্বার উইলিয়াম রায়মজের! সে পড়িয়া দেখিবে কি কি গ্যাস! Extinct Animals—ই. রে. ল্যান্কাস্টার, জানিবার তার ভয়ানক আগ্রহ! Worlds Around Us—প্রক্টর! উঃ, বইখানা না পড়িলে রাত্রে ঘুম হইবে না। প্রণব হাসিয়া বলে—দূর! ও কি পড়া? তোমার তো পড়া নয়, পড়া পড়া খেলা—

এত বড় লাইব্রেরী, এত বই! নক্ষত্রজগৎ হইতে শুরু করিয়া পৃথিবীর জীবজগৎ, উদ্ভিদজগৎ আত্মবীক্ষণিক প্রাণিকুল, ইতিহাস—সব সংক্রান্ত বই। তাহার অধীর উৎসুক মন চায় এই বিশ্বের সব কথা জানিতে। বৃষ্টিতে পারুক আর নাই পারুক—একবার বইগুলি খুলিয়া দেখিতেও সাধ যায়! লুপ্ত প্রাণীকুল সম্বন্ধে খানকতক ভাল বই পড়িল—অলিভার লজের Pioneers of Science—বড় বড় নীহারিকাদের ফটো দেখিয়া মুগ্ধ হইল। নীটশে ভাল বৃষ্টিতে না পারিলেও ছু-তিনখানা বই পড়িল। টুর্গেনেভ একেবারে শেষ করিয়া ফেলিল, বারোখানা না ষোলখানা বই। চোখের সামনে টুর্গেনেভ এক নতুন জগৎ খুলিয়া দিয়া গেল—কি অপূর্ব হাসি-অশ্রুমাখানো কল্পলোক!

প্রণবের কাছেই সে সন্ধান পাইল, শ্যামবাজারে এক বড়লোকের বাড়ি দরিদ্র ছাত্রদের বাইতে দেওয়া হয়। প্রণবের পরামর্শে সে ঠিকানা খুঁজিয়া সেখানে গেল। এ পর্যন্ত কখনও কিছু সে চায় নাই, কাহারও কাছে চাহিতে পারে না; আত্মমর্ষাদাবোধের জন্ত নহে, লাজুকতা ও আনাড়ীপনার জন্ত। এতদিন সে-সবের দরকারও হয় নাই, কিন্তু আর যে চলে না!

খুব বড়লোকের বাড়ি; দারোয়ান বলিল—কি চাই?

অপু বলিল, এখানে গরীব ছেলেদের খেতে দেয়, তাই জানতে—কাকে বলবো জানো?

দারোয়ান তাহাকে পাশের দিকে একটা ছোট ঘরে লইয়া গেল।

ইলেকট্রিক পাখার তলায় একজন মোটাসোটা ভদ্রলোক বসিয়া বসিয়া কি লিখিতে-ছিলেন। মুখ তুলিয়া বলিলেন—এখানে কি দরকার আপনার?

অপু সাহস সঞ্চয় করিয়া বলিল—এখানে কি পুঁওর স্টুডেন্টদের খেতে দেওয়া হয়? তাই আমি—

—আপনি দরখাস্ত করেছিলেন?

কিসের দরখাস্ত অপু জানে না।

—জুন মাসে দরখাস্ত করতে হয়, আমাদের নাচার লিমিটেড কিনা, এখন আর খালি নেই। আবার আসছে বছর—তাছাড়া, আমরা ভাবছি ওটা উঠিয়ে দেবো, এক্ষেত্রে রিসিভারের হাতে বাচ্ছে, ও-সব আর স্মবিধে হবে না।

কিষ্টিবার সময় গেটের বাহিরে আসিয়া অপু মনে বড় কষ্ট হইল। কখনও সে কাহারও

নিকট কিছু চায় নাই, চাহিয়া বিমুখ হইবার দুঃখ কখনও ভোগ করে নাই, চোখে তাহার প্রায় জল আসিল।

পকেটে মাত্র আনা দুই পয়সা অবশিষ্ট আছে—এই বিশাল কলিকাতা শহরে তাহাই শেষ অবলম্বন। কাহাকেই বা সে এখানে চেনে, কাহার কাছে যাইবে? অখিলবাবুর মেসে দুই মাস সে প্রথম খাইয়াছে, সেখানে যাইতে লজ্জা করে। স্বরেখরের নিজেরই চলে না; তাহার উপর সে কখনও জুলুম করিতে পারিবে না।

আরও কয়েকদিন কাটিয়া গেল। কোনদিন স্বরেখরের মেসে এক বেলা খাইয়া, কোনদিন বা জানকীর কাছে কাটাইয়া চলিতেছিল। একদিন সারাদিন না খাওয়ার পর সে নিরুপায় হইয়া অখিলবাবুর মেসে সন্ধ্যার পর গেল। অখিলবাবু অনেকদিন পর তাহাকে পাইয়া খুব খুশী হইলেন। রাত্রে খাওয়াদাওয়ার পর অনেকক্ষণ গল্পগুজব করিলেন। বলি বলি করিয়াও অপু নিজের দুর্দশার কথা অখিলবাবুকে বলিতে পারিল না। তাহা হইলে হয়তো তিনি তাহাকে ছাড়িবেন না, সেখানে থাকিতে বাধ্য করিবেন। সে জুলুম করা হয় অনর্থক।

কিন্তু এদিকে আর চলে না! এক জায়গায় বই, এক জায়গায় বিছানা। কোথায় কখন রাত কাটাইবে কিছু ঠিক নাই—ইহাতে পড়াশুনা হয় না। পরীক্ষাও নিকটবর্তী। না খাইয়াই বা কয় দিন চলে!

অখিলবাবুর মেস হইতে ফিরিবার পথে একটা খুব বড় বাড়ি। ফটকের কাছে মোটর গাড়ি দাঁড়াইয়া আছে। এই বাড়ির লোকে যদি ইচ্ছা করে তবে এখনি তাহার কলিকাতার থাকার সকল ব্যবস্থা করিয়া দিতে পারে। সাহস করিয়া যদি সে বলিতে পারে, তবে হয়তো এখনি হয়। একবার সে বলিয়া দেখিবে?

কোথাও কিছু সুবিধা না হইলে তাহাকে বাধ্য হইয়া পড়াশুনা ছাড়িয়া দিয়া দেশে ফিরিতে হইবে। এই লাইব্রেরী, এত বই, বন্ধুবান্ধব, কলেজ—সব ফেলিয়া হয়তো মনসাপোতার গিয়া আবার পুরাতন জীবনের পুনরাবৃত্তি করিতে হইবে। পড়াশুনা তাহার কাছে একটা রোমাঞ্চ, একটা অজানা বিচিত্র জগৎ দিনে দিনে চোখের সামনে খুলিয়া যাওয়া, ইহাকে সে চায়, ইহাই এতদিন চাহিয়া আসিয়াছে। কলেজ হইতে বাহির হইয়া চাকরি, অর্থোপার্জন—এসব কথা সে কোনদিন ভাবে নাই, তাহার মাথার মধ্যে কোনদিন এসব সাংসারিক কথা ঢোকে নাই—সে চায় এই অজানার রোমাঞ্চ—এই বিচিত্র ভাবধারার সহিত আরও ঘনিষ্ঠ সংস্পর্শ। প্রাচীন দিনের জগৎ, অধুনালুপ্ত অতিকার প্রাগীদল, বিশাল শূন্ডের দৃশ্য, অদৃশ্য গ্রহনক্ষত্ররাজি, ফরাসী বিদ্রোহ—নানা কথা। এই সব ছাড়িয়া শালগ্রাম হাতে মনসাপোতার বাড়ি-বাড়ি ঠাকুর পূজা...

অপুর মনে হইল—এই ঝকমই বড় বাড়ি আছে, লীলাদেব, কলিকাতারই কোন জায়গায়। অনেকদিন আগে লীলা তাহাকে বলিয়াছিল, কলিকাতায় তাহাদের বাড়িতে থাকিয়া পড়িতে। সে ঠিকানা জানে না—কোথায় লীলাদেব বাড়ি, কে-ই বা এখানে তাহাকে বলিয়া দিবে,

তাহা ছাড়া সে-সব আজ ছয়-সাত বছরের কথা হইয়া গেল, এতদিন কি আর লীলা তাহার কথা মনে রাখিয়াছে? কোন্ কালে ভুলিয়া গিয়াছে।

অপু ভাবিল—ঠিকানা জানলেই কি আর আমি সেখানে যেতে পারতাম, না, গিয়ে কিছু বলতে—সে আমার কাজ নয়—তার ওপর এই অবস্থায়! দূর, তা কখনও হয়? তাছাড়া লীলার বিয়ে-থাওয়া হয়ে এতদিন সে শশুরবাড়ি চলে গিয়েছে। সে-সব কি আর আজকের কথা?

ক্রাসে জানকী একদিন একটা সুবিধার কথা বলিল। সে ঝামাপুকুরে কোন্ ঠাকুরবাড়িতে রাজে খায়। সকালে কোথায় ছেলে পড়াইয়া একবেলা তাহাদের সেখানে খায়। সম্প্রতি সে বোনের বিবাহে বাড়ি যাইতেছে, ফিরিয়া না আসা পর্যন্ত অপু রাজে ঠাকুরবাড়িতে তাহার বদলে খাইতে পারে। বাড়ি যাইবার পূর্বে ঠাকুরবাড়ির সেবাইতকে বলিয়া কহিয়া সে সব ব্যবস্থা করিয়া যাইবে এখন! অপু রাজী আছে?

রাজী? হাতে স্বর্ণ পাওয়া নিতান্ত গল্পকথা নয় তাহা হইলে!...

ঠাকুরবাড়ির খাওয়া নিতান্ত মন্দ নয়, অপূর কাছে তাহা খুব ভাল লাগে। আলোচালের ভাত, টক, কোনও কোনও দিন ভোগের পায়সও পাওয়া যায়, তবে মাছ-মাংসের সম্পর্ক নাই, নিরামিষ।

কিন্তু এ তো আর ছুবেলা নয়; শুধু রাজে। দিনমানটাতে বড় কষ্ট হয়। ছুই পরসার মুড়ি ও কলের জল। তবুও তো পেটটা ভরে! কলেজ হইতে বাহির হইয়া বৈকালে তাহার এত স্নুখা পায় যে গা ঝিম্ ঝিম্ করে, পেটে যেন এক ঝাঁক বোলতা হল ফুটাইতেছে—পরসার জুটাইতে পারিলে অপু এ সময়টা পথের ধারের দোকান হইতে এক পরসার ছোলাভাজা কিনিয়া খায়।

সব দিন পরসার থাকে না, সেদিন সন্ধ্যার পরেই ঠাকুরবাড়ি চলিয়া যায়, কিন্তু ঠাকুরের আরতি শেষ না হওয়া পর্যন্ত সেখানে খাইতে দিবার নিয়ম নাই—তাও একবার নয়, দুইবার দুটি ঠাকুরের আরতি। আরতির কোন নির্দিষ্ট সময় নাই, সেবাইত ঠাকুরের মর্জি ও সুবিধামত রাত আটটাতেও হয়, ন'টাতেও হয়, দশটাতেও হয়, আবার এক-একদিন সন্ধ্যার পরেই হয়।

কলেজে যাইতে সেদিন মুরারী বলিল—সি. সি. বি.-র ক্রাসে কেউ যেও না—আমরা সব স্ট্রাইক করেছি।

অপু বিশ্বাসের সুরে বলিল, কেন, কি করেছে, সি. সি. বি.?

মুরারী হাসিয়া বলিল,—করে নি কিছু, পড়া জিজ্ঞেস করবে বলেছে রোমের হিষ্ট্রির। একপাতাও পড়ি নি, না পারলে বকুনি দেবে কি রকম জানো তো?

গজেন বলিল—আমার তো আরও মুশকিল! রোমের হিষ্ট্রির বই-ই যে আমি কিনি নি!

মন্বথ আগে সেন্ট্ জেভিয়ারে পড়িত, সে বিলাতী নাচের ভক্তিতে হাত লগা করিয়া বার কয়েক পাক খাইয়া একটা ইংরাজি গানের চরণ বার দুই গাহিল। অপু বলিল—কিন্তু পার্সেন্টেজ হবে যে!

প্রতুল বলিল—ভারী একদিনের পার্সেণ্টেজ। তা আমি ক্লাসে নাম প্রেজেন্ট ক'রেও পালিয়ে আসতে পারি—সে তো আর তুমি পারবে না ?

অপু বলিল—খুব পারি! পারবো না কেন ?

প্রতুল বলিল—সে তোমার কাজ নয়, সি. সি. বি.-র চোখে ভারী ইয়ে—আমরা বলে তাই এক একদিন সরষেফুল দেখি, তা তুমি! পারো পালিয়ে আসতে ?

—এখুনি। ছাথে সবাই দাঁড়িয়ে—পারি কি না পারি, কিন্তু যদি পারি খাওয়াতে হবে বলে দিলাম—

অপু উৎসাহে সিঁড়ি ভাঙিয়া উপরে উঠিয়া গেল। গজেন বলিল—কেন ওকে আবার ওসব শেখাচ্ছিস ?

—শেখাচ্ছি মানে ? ভাজা মাছখানা উন্টে খেতে জানে না—ভারী সাধু!

মুরারী বলিল—না, না, তোমরা জানো না, অপূর্ব ভারী pure spirit! সেদিন—

—হ্যাঁ হ্যাঁ, জানি, ও-রকম সুন্দর চেহারা থাকলে আমাদেরও কত সার্টিফিকেট আসতো—বাবা, বন্ধিমবাবু কি আর সাথে সুন্দর মুখের গুণ গেয়ে গেছেন ?

—কি বাজে বক্ছিস প্রতুল ? দিন দিন ভারী ইতর হয়ে উঠ্ছিস কিন্তু—

প্রিন্সিপ্যালের গাড়ি কলেজের সামনে আসিয়া লাগাতে যে যেদিকে সুবিধা পাইল সরিয়া পড়িল।

মিঃ বসুর ক্লাসে নামটা প্রেজেন্ট করিয়াই আজ অপু পলাইবার পথ খুঁজিতে লাগিল। বা দিকের দরজাটা একদম খোলা, প্রোফেসরের চোখ অস্ত্রদিকে। সুযোগ খুঁজিতে খুঁজিতে প্রোফেসরের চোখ আবার তাহার দিকে পড়িল, কাজেই খানিকক্ষণ ভালমাহুঘের মত নিরীহ-মুখে বসিয়া থাকিতে বাধ্য হইল। এইবার একবার অস্ত্র দিকেই চোখ পড়িলেই হয়! হঠাৎ প্রোফেসর তাহাকেই প্রশ্ন করিলেন,—Was Marius justified in his action ?

সর্বনাশ! মেরিয়াস কে! একদিনও সে যে রোমের ইতিহাসের লেকচার শেনে নাই!

উত্তর না পাইয়া প্রোফেসর অস্ত্র একটা প্রশ্ন করিলেন—What do you think of Sulla's—

অপু বিপন্নমুখে কড়িকাঠের দিকে চোখ তুলিয়া দাঁড়াইয়া রহিল।

রাঙ্কেল্ মণিলালটা মুখে কাপড় গুঁজিয়া খিল্ খিল্ করিয়া হাসিতেছে!

প্রোফেসর বিরক্ত হইয়া অস্ত্রদিকে মুখ ফিরাইলেন।

—You, You there—you behind the pillar—

এবার মণিলালের পালা। সে থামের আড়ালে সরিয়া বসিবার বৃথা চেষ্টা হইতে বিরক্ত হইয়া উঠিয়া দাঁড়াইল। দেখা গেল সুল্লা বা মেরিয়াসের সষকে অপূর সহিত তাহার মতের কোন পার্থক্য নাই, সমানই নির্বিকার। মণিলালের দুর্গতিতে অপু খুব খুসী হইয়া পাশের ছেলেকে আঙুলের খোঁচা দিয়া ফিস্ ফিস্ করিয়া বলিল—Rightly served! ভারী হাসি হচ্ছিল—

—চূপ চূপ—এখুনি আবার এদিকে চাইবে সি. সি. বি., কথা শুনলে—

—এবার আমি সোজা—

পিছন হইতে নুপেন ব্যস্তভাবে বলিল—এইবার আমায় জিজ্ঞেস করবে—ডেটটা ভাই দে না শীগ্‌গির বলে—শীগ্‌গির—

অপুর পাশের ছেলেটি বাংলা—কে কাকে ডেট বলে দাদা—মেরিভেল পুলারের বইয়ের রং কেমন এখনও চাক্ষুষ দেখি নি—কেটে পড়ো না সোজা—

অপু খানিকক্ষণ হইতেই প্রোফেসরের দৃষ্টির গতি একমনে লক্ষ্য করিতেছিল, সে বৃষ্টিতে পারিল ও-কোণ হইতে একবার এদিকে কিরিলে পালানো অসম্ভব হইবে, কারণ এদিকে এখনও অনেক ছেলেকে প্রশ্ন করিতে বাকী। এই স্তব্ধস্রবোগ। বিলম্ব করিলে...

হু' একবার উসখুস করিয়া, একবার এদিক ওদিকে চাহিয়া অপু সঁা করিয়া খোলা দরজা দিয়া বাহির হইয়া পড়িল।

পিছু পিছু হরিদাস—অল্প পরেই নুপেন।...

তিনজনেই উপরের বারান্দাতে বিন্দুমাত্র বিলম্ব না করিয়া তবু তবু করিয়া সিঁড়ি বাহিয়া একেবারে একতলায় নামিয়া আসিল।

অপু পিছন কিরিয়া সঙ্গীদের দিকে চাহিয়া হাসিয়া বলিল—হি-হি-হি—উঃ—আর একটু হলেই—

নুপেন বলিল—আমাকে তো—মিনিট-তুই দেরি—কাল হয়েছে কি বুঝলে ?—

অপু বলিল—যাক, এখানে আর দাঁড়িয়ে পোশগল্প করার কোনও দরকার দেখছি নে। এখুনি প্রিন্সিপ্যাল নেমে আসবেন, গাড়ি লাগিয়েছে দরজায়—কমনরুমে বরং এস—

একটু পরে সকলে বাহির হইয়া পড়িল। আজ আর ক্লাস ছিল না। কে গ্রাহ্য করে বড়ো সি. সি. বি. ও তাঁহার রোমের ইতিহাসের যত বাজে প্রশ্ন ?

অপু কিছু কিছু নিরাশ হইল। ক্লাস হইতে পালাইতে পারিলে প্রতুলের দল খাওয়ানোইবে বলিয়াছিল। কিন্তু লাইব্রেরীয়ানের কাছে জিজ্ঞাসা করিয়া জানিল, তাহারা অনেকক্ষণ চলিয়া গিয়াছে।—কোন সকালে হুই পরসার মুড়ি ও এক পরসার ফুলুরি খাইয়া বাহির হইয়াছে—পেট যেন দাউ দাউ জলিতেছিল, কিছু খাইতে পারিলে হইত। ক্লাসে এতক্ষণ বেশ ছিল, বৃষ্টিতে পারে নাই, বাহিরে আসিয়া ক্ষুধার যন্ত্রণাই প্রবল হইয়া উঠিল। এদিকে পকেটে একটাও পরসার নাই। সে ভাবিল—ওরা আচ্ছা তো ? বললে খাওয়ানো, তাই তো আমি পালাতে গেলাম, নিজেরা এদিক সরে পড়েছে কোন্ কালে!... এখন কিছু খেলে তবুও রাত অবধি থাকে যেতো—আজ সোমবার, আটটার মধ্যেই আরতি হবে যাবে—উঃ কিদে না পেয়েছে।—

ষষ্ঠ পরিচ্ছেদ

এ ধরণের কষ্ট করিতে অপু কখনও অভ্যস্ত নয়। বাড়ির এক ছেলে, চিরকাল বাপ-মায়ের আদরে কাটাইয়াছে। শহরে বড়লোকের বাড়িতে অল্প কষ্ট থাকিলেও খাওয়ার কষ্টটা অস্বস্তঃ ছিল না। তাছাড়া সেখানে মাথার উপর ছিল মা, সকল আপদবিপদে সর্বজয়া ডানা মেলিয়া ছেলেকে আড়াল করিয়া রাখিতে প্রাণপণ করিত, কোনও কিছু আঁচ লাগিতে দিত না। দেওয়ানপুরে স্কলারশিপের টাকায় বালক-বুদ্ধিতে যথেষ্ট শৌখিনতা করিয়াছে—খাইয়াছে, খাওয়াইয়াছে, ভাল ভাল জামা কাপড় পরিয়াছে,—তখন সে সব জিনিস সম্ভাও ছিল।

কিন্তু শীঘ্রই অপু বুঝিল—কলিকাতা দেওয়ানপুর নয়। এখানে কেহ কাহাকেও পৌছে না। ইউরোপে যুদ্ধ বাধিয়া গত কয়েক মাসের মধ্যে কাপড়ের দাম এত চড়িয়াছে যে, কাপড় আর কেনা যায় না! ভাল কাপড় তাহার মোটে আছে একখানা, একটি টুইল শার্ট সম্বল। ছেলেবেলা হইতেই ময়লা কাপড় পরিতে সে ভালবাসে না, দু-তিনদিন অন্তর সাবান দিয়া কাপড় কাচিয়া শুকাইলে, তবে তাহাই পরিয়া বাহির হইতে পারে। সবদিন কাপড় ঠিক সময়ে শুকায় না, কাপড় কাচিবার পরিশ্রমে এক-একদিন আবার ক্ষুধা এত বেশী পায় যে, মাত্র দু'পয়সার খাবারে কিছুই হয় না—ক্রাসে লেকচার শুনিতে বসিয়া মাথা যেন হঠাৎ শোলার মত হালকা বোধ হয়।

এদিকে থাকার কষ্টও খুব। সুরেশ্বর এম-এ পরীক্ষা দিয়া বাড়ি চলিয়া গিয়াছে, তাহার মেসে আর থাকিবার সুবিধা নাই। যাইবার আগে সুরেশ্বর একটা ঔষধের কারখানার উপরে একটা ছোট ঘরে তাহার থাকিবার স্থান ঠিক করিয়া দিয়া গিয়াছে। ঐ কারখানায় সুরেশ্বরের জানাশোনা একজন লোক কাজ করে ও রাত্রে ওপরের ঘরটাতে থাকে। ঠিক হইয়াছে, যতদিন কিছু একটা সুবিধা না হইতেছে, ততদিন অপু ওই ঘরটাতে লোকটার সঙ্গে থাকিবে। ঘরটা একে ছোট, তাহার উপর অর্ধেকটা ভর্তি ঔষধ-বোঝাই প্যাকবাক্সে। রাশিকৃত জঞ্জাল বাস্তুগুলির পিছনে জমানো, কেমন একটা গন্ধ! নেংটি ইঁহরের উৎপাতে কাপড়চোপড় রাখিবার জো নাই, অপূর একমাত্র টুইল শার্টটার ছ' জায়গায় কাটিয়া ফুটা করিয়া দিয়াছে! রাত্রে ঘরময় আরসোলার উৎপাত। ঘরের সে লোকটা যেমন নোংরা তেমনই তামাকপ্রিয়, রাত্রে উঠিয়া অস্বস্তঃ তিনবার তামাক সাজিয়া খায়। তাহার কাশির শব্দে ঘুম হওয়া দার। ঘরের কোণে তামাকের গুল রাশিকৃত করিয়া রাখিয়া দেয়। অপু নিজে বার দুই পরিষ্কার করিয়াছিল। এক টুকরা রবারের ফিতার মতই ঘরের নোংরাগিটা স্থিতিস্থাপক—পূর্বাবস্থায় ফিরিতে এতটুকু দেয়ি হয় না। খাওয়া-পরা-থাকিবার কষ্ট অপু কখনও করে নাই, বিশেষ করিয়া একলা যুক্তিতে হইতেছে বলিয়া কষ্ট আরও বেশী।

অল্পমনস্কভাবে যাইতে যাইতে সে কৃষ্ণদাস পালের মূর্তির মোড়ে আসিল। যুদ্ধের নূতন খবর বাহির হইয়াছে বলিয়া কাগজওয়াল হাঁকিতেছে। শেয়ালদার একটা ট্রাম হইতে লোকজন নামা-উঠা করিতেছে। একটি গোথে-চশমা ভরূপ যুবকের দিকে একবার চাহিয়াই

মনে হইল—চেনা-চেনা মুখ! একটু পরে সেও অপূর দিকে চাহিতে ছুইজনে চোখাচোখি হইল। এবার অপূ চিনিয়াছে—সুরেশদা! নিশ্চিন্দাপুরের বাড়ির পাশের সেই পোড়ো ভিটার মালিক নীলমণি জ্যাঠামশায়ের ছেলে সুরেশ!

সুরেশও চিনিয়াছিল। অপূ তাড়াতাড়ি কাছে গিয়া হাসিমুখে বলিল, সুরেশদা যে!

ষেবার দুর্গা মারা যায়, সে বৎসর শীতকালে ইহারা যা কয়েক মাসের জন্ত দেশে গিয়াছিল, তাহার পর আর কখনও দেখাসাক্ষাৎ হয় নাই। সুরেশ আকৃতিতে যুবক হইয়া উঠিয়াছে। দীর্ঘ সবল দেহ, সুগঠিত হাত পা। বাল্যের সে চেহারার অনেক পরিবর্তন হইয়াছে।

সুরেশ সহজ-সুরেই বলিল—আরে, অপূর্ব? এখানে কোথা থেকে?

সুরেশের খাটি শহরে গলার সুরে ও উচ্চারণ-ভঙ্গিতে অপূ একটু ভয় খাইয়া গেল।

সুরেশ বলিল—তারপর এখানে কি চাকরি-টাকরি করা হচ্ছে?

—না—আমি যে পড়ি কাল্ট ইয়ারে রিপনে—

—তাই নাকি? তা এখন যাওয়া হচ্ছে কোথায়?

অপূ সে-কথার কোনও উত্তর না দিয়া আগ্রহের সুরে বলিল, জ্যেঠিমা কোথায়?

—এখানেই, শ্রামবাজারে! আমাদের বাড়ি কেনা হয়েছে মেখানে—

সুরেশের সহিত সাক্ষাতে অপূ ভারী খুশী হইয়াছিল। তাহাদের বাড়ির পাশের যে পোড়ো ভিটার বনঝোপের সহিত তাহার ও দ্বিদি দুর্গার আবাল্য অতিমধুর পরিচয়, সেই ভিটারই লোক ইহার। যদিও কখনও সেখানে ইহারা বাস করে নাই, শহরে শহরেই ঘোরে, তবুও তো সে ভিটারই লোক, তাহা ছাড়া দশ রাজির জ্ঞাতি, অতি আপনার জন।

অপূ বলিল—অতসীদি এখানে আছে? সুনীল? সুনীল কি পড়ে?

—এবার সেকেন ক্লাসে উঠেছে—আচ্ছা, যাই তাহ'লে, আমার ট্রাম আসছে—

সুরেশের সুরে কোনও আগ্রহ বা আন্তরিকতা ছিল না, সে এমন সহজ সুরে কথা বলিতেছিল, যেন অপূর সঙ্গে তাহার ছুইবেলা দেখা হয়। অপূ কিন্তু নিজের আগ্রহ লইয়া এত ব্যস্ত ছিল যে সুরেশের কথাবার্তার সে-দিকটা তাহার কাছে ধরা পড়িল না।

—আপনি কি করেন সুরেশদা?

—মেডিকেল কলেজে পড়ি, এবার থার্ড ইয়ার—

—আপনাদের ওখানে একদিন যাব সুরেশদা—জ্যেঠিমার সঙ্গে দেখা ক'রে আসবো—

সুরেশ ট্রামের পা-দ্বানিতে পা দিয়া উঠিতে উঠিতে অনাসক্ত সুরে বলিল, বেশ বেশ, আমি আসি এখন—

একদিন পরে সুরেশদার সহিত দেখা হওয়ার্তে অপূর মনে এমন বিস্ময় ও আনন্দ হইয়াছিল, যে ট্রামটা ছাড়িয়া দিলে তাহার মনে পড়িল—সুরেশদার বাড়ির ঠিকানাটা তো জিজ্ঞাসা করা হয় নাই!

সে চলন্ত ট্রামের পাশে ছুটিতে ছুটিতে জিজ্ঞাসা করিল—আপনাদের বাড়ির ঠিকানাটা—
ও সুরেশদা, ঠিকানাটা যে—

স্বপ্নেশ মুখ বাড়াইয়া বলিল—চক্ষিণ-এর দুই সি, বিখকোষ লেন, শ্রামবাজার—

পরের রবিবার সকালে স্নান করিয়া অপু শ্রামবাজারে স্বপ্নেশদার ওখানে বাইবার জন্ত বাহির হইল। আগের দিন টুইল শাটটা ও কাপড়খানা সাবান দিয়া কাচিয়া শুকাইয়া লইয়াছিল, জুতার শোচনীয় ছুরবহা চাকিবার জন্ত একটি পরিচিত মেসে এক সহপাঠীর নিকট হইতে জুতার কালি চাহিয়া নিজে বুরুশ করিয়া লইল। সেখানে অতসীদি ইত্যাদি রহিয়াছেন, দীনহীন বেশে কি যাওয়া চলে ?

ঠিকানা খুঁজিয়া বাহির করিতে দেরি হইল না। ছোট-খাটো দোতলা বাড়ি, আধুনিক ধরণে তৈয়ারী। ইলেকট্রিক লাইট আছে, বাহিরে বৈঠকখানা, পাশেই দোতলার উঠিবার সিঁড়ি। স্বপ্নেশ বাড়ি ছিল না, কিয়ের কাছে সে পরিচয় দিতে পারিল না, বৈঠকখানায় তাহাকে লইয়া বসাইয়া ঝি চলিয়া গেল। ঘড়ি, ক্যাশেভার, একটা পুরনো রোল-টপ ডেস্ক, খানককত চেয়ার! ভারী সুন্দর বাড়ি তো! এত আপনার জনের কলিকাতায় এরকম বাড়ি আছে, ইহাতে অপু মনে মনে একটু গর্ব ও আনন্দ অল্পভব করিল। টেবিলে একখানা সেদিনের অমৃতবাজার পড়িয়া ছিল, উল্টাইয়া পাল্টাইয়া যুদ্ধের খবর পড়িতে লাগিল।

অনেক বেলায় স্বপ্নেশ আসিল।

তাহাকে দেখিয়া বলিল, এই যে অপূর্ব, কখন এলে ?

অপু হাসিমুখে দাঁড়াইয়া উঠিয়া বলিল—আম্বন স্বপ্নেশদা—আমি, আমি অনেকক্ষণ ধরে—বেশ বাড়িটা তো আপনাদের!—

—এটা আমার বড়মায়া—যিনি পাটনার উকিল, তিনি কিনেছেন; তাঁরা তো কেউ থাকেন না, আমরাই থাকি? বসো, আমি আসি বাড়ির মধ্যে থেকে—

অপু মনে মনে ভাবিল—এবার স্বপ্নেশদা বাড়ির ভেতর গিয়ে বললেই জ্যেষ্টিমা ডেকে পাঠাবে, এখানে খেতে বলবে—

কিন্তু ঘণ্টাখানেকের মধ্যে স্বপ্নেশ বাড়ির ভিতর হইতে বাহির হইল না! সে যখন পুনরায় আসিল, তখন বারোটা বাজিয়া গিয়াছে। চেয়ারে হেলান দিয়া বসিয়া পড়িয়া নিশ্চিন্তস্বরে বলিল, ভারপন্ন?...বলিয়াই খবরের কাগজখানা হাতে তুলিয়া চোখ বুলাইতে লাগিল। অপু দেখিল স্বপ্নেশ পান চিবাইতেছে। খাওয়ার আগে এত বেলায় পান খাওয়া অভ্যাস, না-কি খাওয়া হইয়া গেল!

দুই চারিটা প্রহরের জবাব দিতে ও খবরের কাগজ পড়িতে পড়িতে একটা বাজিল। স্বপ্নেশের চোখ ঘুমে বুজিয়া আসিতেছিল। সে হঠাৎ কাগজখানা টেবিলে রাখিয়া দিয়া চেয়ার হইতে উঠিয়া পড়িয়া বলিল, তুমি না হয় বসে কাগজ পড়ো, আমি একটুখানি শুয়ে নি। একটা ভাব থাকে?—

ভাব খাইবে কি রকম, এত বেলায়, এ অবস্থায়? অপু ভাল বুঝিতে না পারিয়া বলিল, ভাব? না থাক, এত বেলায়—ইয়ে—না।

সেই যে স্বপ্নেশ বাড়ি ঢুকিল—একটা—দুইটা—আড়াইটা, আর দেখা নাই। ইহার

কত বেলায় খায়! রবিবার বলিয়া বুঝি এত দেয়ি? কিন্তু যখন তিনটা বাজিয়া গেল, তখন অপূর মনে হইল, কোথাও কিছু ভুল হইয়াছে নিশ্চয়। হয় সে-ট ভুল বুঝিয়াছে, না হয় উহার ভুল করিয়াছে। তাহার এত ক্ষুধা পাইয়াছিল যে, সে আর বসিতে পারিতেছে না। উঠিবে কিনা ভাবিতেছে, এমন সময় সুরেশের ছোট ভাই সুনীল বাড়ির ভিতর হইতে বাহিরে আসিল। অপূ ডাকিবার পূর্বেই সে সাইকেল লইয়া বাড়ির বাহিরে কোথায় চলিয়া গেল।

সেই সুনীল—যাহাকে সঙ্গে লইয়া নিমন্ত্রণে ছাঁদা বাধিবার দক্ষণ জ্যোতিমা তাহাকে ফলার-বামুনের ছেলে বলিয়াছিলেন! ইহাদের যে এতদিন পর আবার দেখিতে পাওয়া যাইবে, তাহা যেন অণু ভাবে নাই। সুনীলকে দেখিয়া তাহার বিশ্বয় ও আনন্দ দুই-ই হইল। এ যেন কেমন একটা ঠিক বুঝানো যায় না—

ইহাদের সঙ্গে দেখা করিতে আসিবার মূলে অপূর কোন স্বার্থসিদ্ধি বা সুযোগ-সন্ধানের উদ্দেশ্য ছিল না, বা ইহা যে নিতান্ত গায়ে পড়িয়া আলাপ জমাইবার মত দেখাইতেছে— একবারও সে কথা তাহার মনে উদয় হয় নাই! এখানে তাহার আসিবার মূলে সেই বিশ্বয়ের ভাব—যাহা তাহার জন্মগত। কে আবার জানিত, খাস কলিকাতা শহরে এতদিন পরে নিশ্চিন্দপুরের বাড়ির পাশের পোড়ো ভিটাটার ছেলেমেয়েদের সঙ্গে দেখা হইয়া যাইবে। এই ঘটনাটুকু তাহাকে মস্ত করিবার পক্ষে যথেষ্ট। এ যেন জীবনের কোন অপরিচিত বাক পত্রপুষ্পে সজ্জিত অজানা কোন কুঞ্জবন—বাকের মোড়ে ইহাদের অস্তিত্ব যেন সম্পূর্ণ অপ্রত্যাশিত।

বিশ্বয় মনের অতি উচ্চভাব এবং উচ্চ বলিয়াই সহজলভ্য নয়। সত্যকার বিশ্বয়ের স্থান অনেক উপরে—বুদ্ধি যার খুব প্রশস্ত ও উদার, মন সব সময় সতর্ক—নূতন ছবি, নূতন ভাব গ্রহণ করিবার ক্ষমতা রাখে—সে-ই প্রকৃত বিশ্বয়-রসকে ভোগ করিতে পারে। যাদের মনের যন্ত্র অলস, মিনমিনে—পরিপূর্ণ, উদার বিশ্বয়ের মত উচ্চ মনোভাব তাদের অপরিচিত থাকিয়া যায়।

বিশ্বয়কে যাহারা বলিয়াছেন Mother of Philosophy তাহার একটু কম বলেন। বিশ্বয়ই আসল Philosophy, বাকীটা তাহার অর্থসঙ্গতি মাত্র।

তিনটার পর সুরেশ বাহির হইয়া আসিল। সে হাই তুলিয়া বলিল—কাল রাতে ছিল নাইট-ডিউটি, চোখ মোটে বোজে নি—তাই একটু গড়িয়ে নিলাম—চল, মাঠে ক্যালকাটা টিমের হকি খেলা আছে—একটু দেখে আসা যাক—

অণু মনে মনে সুরেশদাকে ঘুমের জন্ত অপরাধী ঠাণ্ডর করিবার জন্ত লজ্জিত হইল। সারারাত কাল বেচারী ঘুমায় নাই—তাহার ঘুম আসা সম্পূর্ণ স্বাভাবিকই তো।...

সে বলিল—আমি আর মাঠে যাবো না সুরেশদা, কাল এগজামিন আছে, পড়া তৈরী কর নি মোটে—আমি যাই—ইরে—জ্যোতিমার সঙ্গে একবার দেখা ক'রে গেলে হতো—

সুরেশ বলিল—হ্যাঁ হ্যাঁ—বেশ তো—এসো না—

অপু সুরেশের সঙ্গে সঙ্কচিত ভাবে বাড়ির মধ্যে ঢুকিল। সুরেশের মা ঘরের মধ্যে বসিয়া-
ছিলেন—সুরেশ গিয়া বলিল—এ সেই অপূর্ব মা—নিশ্চিন্দ্রপুরের হরিকাকার ছেলে—তোমার
সঙ্গে দেখা করতে এসেছে—

অপূর্ব পারের ধূলা লইয়া প্রণাম করিল—সুরেশের কথায় ভাবে তাহার মনে হইল, সে যে
এতক্ষণ আসিয়া বাহিরের ঘরে বসিয়া আছে সে কথা সুরেশদা বাড়ির মধ্যে আদৌ
বলে নাই।

জ্যোতিমার মাথার চুল অনেক পাকিয়া গিয়াছে বলিয়া অপূর্ব মনে হইল। অপূর্ব প্রণামের
উত্তরে তিনি বলিলেন, এস—এস—থাক, থাক—কলকাতায় কি করো ?

অপূর্ব ইতিপূর্বে কখনো জ্যোতিমার সম্মুখে কথা বলিতে পারিত না। গম্ভীর ও গর্বিত
(যেটুকু সে ধরিতে পারিত না) চালচলনের জন্ম জ্যোতিমাকে সে ভয় করিত। আনাড়ী ও
অগোছালো সুরে বলিল, এই এখানে পড়ি, কলেজে পড়ি।

জ্যোতিমা যেন একটু বিস্মিত হইলেন। বলিলেন, কলেজে পড় ? ম্যাট্রিক পাশ দিয়েছ ?

—আর বছর ম্যাট্রিক পাশ করেছি—

—তোমার বাবা কোথায় ?—তোমরা তো সেই কাশী চলে গিয়েছিলে, না ?

—বাবা তো নেই—তিনি তো কাশীতেই...

তারপর অপূর্ব সংক্ষেপে বলিল সব কথা। এই সময়ে পাশের ঘর হইতে একটি বাইশ তেইশ
বছরের তরুণী এ ঘরে ঢুকিতেই অপূর্ব বলিয়া উঠিল, অতসীদি না ?...

অতসী অনেক বড় হইয়াছে, তাহাকে চেনা যায় না। সে অপূর্বকে চিনিতে পারিল,
বলিল, অপূর্ব কখন এলে ?

আর একটি মেয়ে ও-ঘর হইতে আসিয়া দোরের কাছে দাঁড়াইল। পনেরো বোল বৎসর
বয়স হইবে, বেশ সুশ্রী, বড় বড় চোখ। কথা বলিতে বলিতে সেদিকে চোখ পড়াতে অপূর্ব
দেখিল, মেয়েটি তাহার মুখের দিকে চাহিয়া আছে। খানিকটা পরে অতসী বলিল—মণি, দেখে
এসো তো দিদি, কুর্শিকাটাগুলো ও-ঘরের বিছানায় ফেলে এসেছি কি না ?

মেয়েটি চলিয়া গেল এবং একটু পরেই আবার দুয়ারের কাছে আসিয়া দাঁড়াইল। বলিল—
না বড়দি দেখলাম না তো ?

জ্যোতিমা অল্প দুই চারিটা কথার পরই কোথায় উঠিয়া গেলেন। অতসী অনেকক্ষণ
কথাবার্তা করিল। অনেক জিজ্ঞাসাবাদ করিল। তারপর সেও চলিয়া গেল। অপূর্ব ভাবিতেছিল,
এবার সে উঠিবে কিনা। কেহই ঘরে নাই, এ সময় ওঠাটা কি উচিত হইবে ?...ক্ষুধা একবার
উঠিয়া পড়িয়া গিয়াছে এখন ক্ষুধা আর নাই, তবে গাঁ বিম্ব বিম্ব করিতেছে। যাওয়ার কথা
কাহাকেও ডাকিয়া বলিয়া যাইবে ?...

দোরের কাছে গিয়া সে দেখিল সেই মেয়েটি বারান্দা দিয়া ও-ঘর হইতে বাহির হইয়া
সিঁড়ির দিকে যাইতেছে—আর কেহ কোথাও নাই, তাহাকেই না বলিলে চলে না। উদ্দেশে
ডাকিয়া বলিল—এই গিরে—আমি যাচ্ছি, আমার আবার কাজ—

মেয়েটি ভাহার দিকে কিরিয়া বলিল—চলে যাবেন ? দাঁড়ান, পিসিমাকে ডাকি—চা খেয়েছেন ?

অপু বলিল—চা তা—থাক্, বরং অল্প একদিন—

মেয়েটি বলিল—বসুন, বসুন—দাঁড়ান চা আনি—পিসিমাকে ডাকি দাঁড়ান !

কিন্তু খানিকটা পরে মেয়েটিই এক পেয়ালা চা ও একটা প্লেটে কিছু হালুয়া আনিয়া ভাহার সামনে বসিল। অপু ক্ষুধার মুখে হালুয়াটুকু গো-গ্রাসে গিলিল। গরম চা খাইতে গিয়া প্রথম চুমুকে মুখ পুড়াইয়া ফেলিয়া ঢালিয়া ঢালিয়া খাইতে লাগিল।

মেয়েটি বলিল—আপনি বুঝি ওদের খুড়তুতো ভাই ? থাক্ প্লেটটা এখানেই—আর একটু হালুয়া আন্ব ?

—হালুয়া ?...না—ইয়ে তেমন ক্বিদে নেই—হ্যা, সুরেশদার বাবা আমার জ্যাঠামশাই হতেন, জ্ঞাতি সম্পর্ক—

এই সময় অতসী ঘরে ঢোকাতে মেয়েটি চায়ের বাটি ও প্লেট লইয়া চলিয়া গেল।

জ্যোতিমা আর আসিলেন না। অপু অতসীর কাছে বিদায় লইয়া চলিয়া গেল।

সন্ধ্যার পরে ঠাকুরবাড়িতে খাইয়া অনেক রাত্রে সে নিজের থাকিবার স্থানে কিরিয়া দেখিল আজও একজন লোক সেখানে রাত্রে জল আশ্রয় লইয়াছে। মাঝে মাঝে এরকম আসে, কারখানার লোকের দু-একজন আত্মীয়-স্বজন মাঝে মাঝে আসে ও দু-চার দিন থাকিয়া যায়। একে ছোট ঘর, থাকিবার কষ্ট, ভাহাতে লোক বাড়িলে এইটুকু ঘরের মধ্যে তিষ্ঠানো দায় হইয়া উঠে। লোকটার পরণের কাপড় এমন ময়লা যে, ঘরের বাতাসে একটা অপ্রীতিকর গন্ধ। অপু সব সহ্য করিতে পারে, এক ঘরে এ-ধরণের নোংরা স্বভাবের লোকের ভিড়ের মধ্যে শুইতে পারে না, জীবনে কখনো সে তা করে নাই—ইহা ভাহার অসহ্য। কোথায় রাত্রে আসিয়া নির্জনে একটু পড়াশুনা করিবে—না, ইহাদের বকুবকের চোটে সে ঘর ছাড়িয়া বাহিরে আসিয়া দাঁড়াইল। নতুন লোকটি বড়বাজারের আলু-পোস্তায় আলুর চালান লইয়া আসে—হুগলী জেলার কোন জায়গা হইতে, অপু জানে, আরও একবার আসিয়াছিল। লোকটি বলিল—কোথায় যান ও মশায় ? আবার বেরোন না-কি ?

অপু বলিল, এইখানটাতে দাঁড়িয়ে—বেজায় গরম আজ...

একটু পরে লোকটা বলিয়া উঠিল—হ্যা, হ্যা, হ্যা, বিছানাটা কি মহাশয়ের ? আসুন, আসুন, সরিয়ে স্থান একটু—এ—হঁকোর জলটা গেল গড়িয়ে পড়ে—দুস্তোর—না—

অপু বিছানা সরাইয়া পুনরায় বাহিরে আসিল। সে কি বলিবে ? এখানে ভাহার কি জোর খাটে ? উহারাই উপরোধে পড়িয়া দয়া করিয়া থাকিতে দিয়াছে এখানে। মুখে কিছু না বলিলেও অপু অল্পদিন হয়তো মনে মনে বিরক্ত হইত, কিন্তু আজ সে সম্পূর্ণ অন্তমনস্ক ছিল। বাহিরের বারান্দায় জীর্ণ কাঠের রেলিং ধরিয়া অন্ধকারের দিকে চাহিয়া ভাবিতেছিল—সুরেশদাদের কেমন চমৎকার বাড়ি কলিকাতায়। ইলেক্ট্রিক পাখা, আলো, ঘরগুলি কেমন সাজানো, মেয়েটির কেমন সুন্দর কাপড় পরণে। চারিটা না বাজিতে চা, জলখাবার, চারি-

দিকে যেন লক্ষ্মীশ্রী, কিছুই অভাব নাই।

তাহাদেরই যে কি হইয়াছে, কোথায় যা আছে একটেরে পড়িয়া, কলিকাতা শহরে এই রকম ছন্নছাড়া অবস্থার সে পথে পথে ঘুরিয়া বেড়াইতেছে, পেট পুরিয়া আহার জোটে না, পরণে নাই কাপড়।...

দিন তিনেক পরে জগদ্ধাত্রী পূজা। কলিকাতায় এত উৎসব জগদ্ধাত্রী পূজায়, তা সে জানিত না। দেশে কখনও এ পূজা কোথাও হইত না—অন্ত কোথাও দেখে নাই। গলিতে গলিতে, সর্বত্র উৎসবের নহবৎ বাজিতেছে, কত ছয়ারের পাশে কলাগাছ বসানো, দেবদাকর পাতার মালা টাঙানো।

কাঠের কারখানার পাশের গলিটার মধ্যে একজন বড়লোকের বাড়িতে পূজা। সন্ধ্যার সময় নিমন্ত্রিত ভদ্রলোকেরা সারি বাঁধিয়া বাড়িটার মধ্যে ঢুকিতেছে—সপ্ত ভাবিল, সেও যদি যায়!...কতকাল নিমন্ত্রণ খায় নাই! কে তাহাকে চিনিবে?...খুব লোভও হইল, ভয়ও হইল।

সপ্তম পরিচ্ছেদ

শীতকালের দিকে একদিন কলেজ ইউনিয়নে প্রণব একটা প্রবন্ধ পাঠ করিল। ইংরেজীতে লেখা, বিষয়—‘আমাদের সামাজিক সমস্যা’; বাছিয়া বাছিয়া শব্দ ইংরেজীতে সে নানা সমস্যার উল্লেখ করিয়াছে; বিধবা-বিবাহ, স্ত্রীশিক্ষা, পণপ্রথা, বাল্যবিবাহ ইত্যাদি। সে প্রত্যেক সমস্যাটি নিজের দিক হইতে দেখিতে চাহিয়াছে এবং প্রায় সকল ক্ষেত্রেই সনাতন প্রথার অপক্ষেই মত দিয়াছে। প্রণবের উচ্চারণ ও বলিবার ভঙ্গি খুব ভাল, যুক্তির ওজন অল্পসারে সে কখনও ডান হাতে ঘুরি পাকাইয়া, কখনও মুঠাঘারা বাতাস আঁকড়াইয়া, কখনও বা সম্মুখের টেবিলে সশব্দে চাপড় মারিয়া বাল্য বিবাহের প্রয়োজনীয়তা ও স্ত্রীশিক্ষার অসারত্ব প্রমাণ করিয়া দিল। প্রণবের বন্ধুদের ঘন ঘন করতালিতে প্রতিপক্ষের কানে তাল লাগিবার উপক্রম হইল।

অপর পক্ষে উঠিল মন্মথ—সেই যে-ছেলেটি পূর্বে সেন্ট জেভিয়ারে পড়িত। লাটিন জানে বলিয়া ক্লাসে সকলে তাহাকে ভয় করিয়া চলে, তাহার সামনে কেহ ভয়ে ইংরেজী বলে না, পাছে ইংরেজীর ভুল হইলে তাহার বিক্রপ শুনিতে হয়। সাহেবদের চাল-চলন, ডিনারের এটিকেট, আচার-ব্যবহার সবক্কে ক্লাসের মধ্যে সে অথরিটি—তাহার উপর কাকুর কথা খাটে না। ক্লাসের এক হতভাগ্য ছাত্র সাহেবপাড়ার কোন রেন্টোর্নাতে তাহার সহিত ধাইতে গিয়া ডান হাতে কাঁটা ধরিবার অপরাধে এক সপ্তাহকাল ক্লাসে সকলের সামনে মন্মথের টিট-কারি সছ করে। মন্মথের ইংরেজী আরও চোখা, কম আড়ষ্ট, উচ্চারণও সাহেবী ধরণের। কিন্তু একেই তাহার উপর ক্লাসের অনেকের রাগ আছে, এদিকে আবার সে বিদেশী বুলি আওড়াইয়া

সনাতন হিন্দুধর্মের চিরাচরিত প্রথার নিন্দাবাদ করিতেছে ; ইহাতে একদল ছেলে খুব চটিয়া উঠিল—চারিদিক হইতে ‘Shame, shame’,—‘Withdraw, withdraw’, রব উঠিল—তাহার নিজের বন্ধুদল প্রশংসাহক হাততালি দিতে লাগিল—ফলে এত গোলমালের সৃষ্টি হইয়া পড়িল যে, মন্থথ বক্তৃতার শেষের দিকে কি গিলিল সভার কেহই তাহার একবর্ণও বুঝিতে পারিল না ।

প্রণবের দলই ভারী । তাহারা প্রণবকে আকাশে তুলিল, মন্থথকে স্বধর্মবিরোধী নাস্তিক বলিয়া গালি দিল, সে যে হিন্দুশাস্ত্র একছত্রও না পড়িয়া কোন স্পর্ধায় বর্ণাশ্রমধর্মের বিরুদ্ধে প্রকাশ্য সভায় কথা বলিতে সাহস করিল, তাহাতে কেহ কেহ আশ্চর্য হইয়া গেল । লাতিন-ভাষার সহিত তাহার পরিচয়ের সত্যতা লইয়াও ছু’একজন তীব্র মন্তব্য প্রকাশ করিল । (লাতিন জানে বলিয়া অনেকের রাগ ছিল তাহার উপর) ।—একজন দাঁড়াইয়া উঠিয়া বলিল, —প্রতিপক্ষের বক্তার সংস্কৃতে যেমন অধিকার, যদি তাহার লাতিন ভাষার অধিকারও সেই ধরণের—

আক্রমণ ক্রমেই ব্যক্তিগত হইয়া উঠিতেছে দেখিয়া সভাপতি—অর্থনীতির অধ্যাপক মিঃ দে বলিয়া উঠিলেন—‘Come, come, Manmatha has never said that he is a Seneca or a Lucretius—have the goodness to come to the point.’

অপু এই প্রথম এ-রকম ধরণের সভায় যোগ দিল—স্বুলে এসব ছিল না, যদিও হেডমাস্টার প্রতিবারই হইবার আশ্বাস দিতেন । এখানে এদিনকার ব্যাপারটা তাহার কাছে নিতান্ত হাস্যাম্পদ ঠেকিল ! ওসব মামুলি কথা মামুলিভাবে বলিয়া লাভ কি ? সামনের অধিবেশনে সে নিজে একটা প্রবন্ধ পড়িবে । সে দেখাইয়া দিবে—ওসব একঘেয়ে মামুলি বুলি না আওড়াইয়া কি ভাবে প্রবন্ধ লেখা যায় । একেবারে নূতন এমন বিষয় লইয়া সে লিখিবে, যাহা লইয়া কখনও কেহ আলোচনা করে নাই ।

এক সপ্তাহ খাটিয়া প্রবন্ধ লিখিয়া ফেলিল । নাম—‘নূতনের আহ্বান’ । সকল বিষয়ে পুরাতনকে ছাটিয়া একেবারে বাদ । কি আচার-ব্যবহার, কি সাহিত্য, কি দেখিবার ভঙ্গি—সব বিষয়েই নূতনকে বরণ করিয়া লইতে হইবে । অপু মনে মনে অল্পভব করে, তাহার মধ্যে এমন একটা কিছু আছে যাহা খুব বড়, খুব স্নন্দর । তাহার উনিশ বৎসরের জীবনের প্রতিদিনের সুখদুঃখ, পথের যে-ছেলেটি অসহায় ভাবে কাঁদিয়া উঠিয়াছে, কবে এক অপরাহ্নের স্নান আলোয় যে পাখিটা তাহাদের দেশের বনের ধারে বসিয়া দোল খাইত, দাঁদির চোখের মমতা-ভরা দৃষ্টি, লীলার বন্ধুত্ব, রাগুদি, নির্মলা, দেবব্রত, রৌদ্রদীপ্ত নীলাকাশ, জ্যোৎস্না রাত্রি—নানা কল্পনার টুকরা, কত কি আশা-নিরাশীর লুকাচুরি—সবস্বল্প লইয়া এই যে উনিশটি বৎসর—ইহা তাহার বৃথা যায় নাই—কোটি কোটি যোজন দূর শূন্যপার হইতে সূর্যের আলো যেমন নিঃশব্দ জ্যোতির অবদানে স্তীর্ণ শিশু-চারাকে পত্রপুষ্পকলে সমৃদ্ধ করিয়া তোলে, এই উনিশ বৎসরের জীবনের মধ্য দিয়া শাশ্বত অনন্ত তেমনি ওর প্রবর্ধমান তরুণ প্রাণে তাহার বাণী পৌছাইয়া দিয়াছে—ছায়াকর তৃণভূমির গন্ধে, ডালি ডালে সোনার সিঁহুর-মাখানো

অপরূপ সন্ধ্যায় ; উদার কল্পনায় ভরপুর নিঃশব্দে জীবনমায়ায়।—সে একটা অপূর্ব শক্তি অল্পভব করে নিজের মধ্যে—এটা যেন বাহিরে প্রকাশ করিবার জিনিস—মনে মনে ধরিয়া রাখার নয়। কোথায় থাকিবে প্রণব আর মন্থথ ?...সবাই মামুলি কথা বলে। সকল বিষয়ে এই মামুলি ধরণ যেন তাহাদের দেশের একচেটে হইয়া উঠিতেছে—যে মন গরুড়ের মত ডিম ফুটিয়া বাহির হইয়া সারা পৃথিবীটার রস-ভাণ্ডার গ্রাস করিতে ছুটিতেছে, সে তীব্র আগ্রহ-ভরা পিপাসার্ত নবীন মনের সকল কল্পনা তাহাতে তৃপ্ত হয় না। ইহারই বিরুদ্ধে, ইহাদের সকলের বিরুদ্ধে দাঁড়াইতে হইবে, সব ওলট পালট করিয়া দিবার নিমিত্ত সম্মবদ্ধ হইতে হইবে তাহাদিগকে এবং সে-ই হইবে তাহার অগ্রণী।

দিন কতক ধরিয়া অপু ক্লাসে ছেলেদের মধ্যে তাহার স্বভাবসিদ্ধ ধরণে গর্ব করিয়া বেড়াইল যে, এমন প্রবন্ধ পড়িবে যাহা কেহ কোনদিন লিখিবার কল্পনা করে নাই, কেহ কখনও শোনে নাই ইত্যাদি। লজিকের ছোকরা-প্রোফেসর ইউনিয়নের সেক্রেটারী, তিনি জিজ্ঞাসা করিলেন,—কি ব'লে নোটিশ দেবো তোমার প্রবন্ধের হে, বিষয়টা কি ?

পরে নাম শুনিয়া হাসিয়া বলিলেন,—বেশ, বেশ ! নামটা বেশ দিয়েছ—but why not পুরাতনের বাণী—? অপু হাসিমুখে চুপ করিয়া রহিল। নির্দিষ্ট দিনে যদিও ভাইস-প্রিন্সিপালের সভাপতি হইবার কথা নোটিশে ছিল, তিনি কার্যবশতঃ আসিতে পারিলেন না। ইতিহাসের অধ্যাপক মিঃ বসুকে সভাপতির আসনে বসিতে সকলে অমুরোধ করিল। ভিড় খুব হইয়াছে, প্রকাশ্য সভায় অনেক লোকের সম্মুখে দাঁড়াইয়া কিছু করা অপূর এই প্রথম। প্রথমটা তাহার পা কাঁপিল, গলাও খুব কাঁপিল, কিন্তু ক্রমে বেশ সহজ হইয়া আসিল। প্রবন্ধ খুব সতেজ—এ-বয়সে যাহা কিছু দোষ থাকে—উচ্ছ্বাস, অনভিজ্ঞ আইডিয়ালিজম্, ভালমন্দ নির্বিশেষে পুৰাতনকে ছাটিয়া ফেলিবার দস্ত—বেপরোয়া সমালোচনা, তাহার প্রবন্ধে কোনটাই বাদ যায় নাই। প্রবন্ধ পড়িবার পরে খুব হৈ-চৈ হইল। খুব তীব্র সমালোচনা হইল। প্রতিপক্ষ কড়া কড়া কথা শুনাইয়া দিতে ছাড়িল না। কিন্তু অপু দেখিল অধিকাংশ সমালোচকই ফাকা আওয়াজ করিতেছে। সে যাহা লইয়া প্রবন্ধ লিখিয়াছে, সে বিষয়ে কাহারও কিছু অভিজ্ঞতাও নাই, বলিবার বিষয়ও নাই, তাহার তাহাকে মন্থথর শ্রেণীতে ফেলিয়া দেশদ্রোহী, সমাজদ্রোহী বলিয়া গালাগালি দিতে শুরু করিয়াছে।

অপু মনে মনে একটু বিস্মিত হইল। হয়ত সে আরও পরিষ্কৃত করিয়া লিখিলে ভাল করিত। জিনিসটা কি পরিষ্কার হয় নাই ? এত বড় সভার মধ্যে তাহার নিতান্ত অন্তরঙ্গ ছ'একজন বন্ধু ছাড়া সকলেই তাহার বিরুদ্ধে দাঁড়াইয়াছে,—টিটকারি গালাগালির অংশের জন্ত মন্থথকে হিংসা করার তাহার কিছুই নাই। শেষে সভাপতি তাহাকে প্রতিবাদের উত্তর দিবার অধিকার দেওয়াতে সে উঠিয়া ব্যাপারটা আরও খুলিয়া বলিবার চেষ্টা করিল। ছ'চারজন সমালোচক—যাহাদের প্রতিবাদ সে বসিয়া নোট করিয়া লইয়াছিল, তাহাদিগকে উত্তর দিতে গিয়া যুক্তির পথই হারাইয়া ফেলিল। অপর পক্ষ এই অবসরে আর এক পালা হাসিয়া লইতে ছাড়িল না। অপু রাগিয়া গিয়াছিল, এইবার যুক্তির পথ না ধরিয়া উচ্ছ্বাসের

পথ ধরিল। সকলকে সংকীর্ণমনা বলিয়া গালি দিল, একটা বিক্রপাত্মক গল্প বলিয়া অবশেষে টেবিলের উপর একটা কিল মারিয়া এমার্সনের একটা কবিতা আবৃত্তি করিতে করিতে বক্তৃতার উপসংহার করিল।

ছেলেদের দল খুব গোলমাল করিতে করিতে হলের বাহির হইয়া গেল। বেশীর ভাগ ছেলে তাহাকে যা-তা বলিতেছিল—নিছক বিত্তা জাহির করিবার চেষ্টা ছাড়া তাহার প্রবন্ধ যে অল্প কিছুই নহে, ইহাও অনেকের মুখে শোনা যাইতেছিল। সে শেষের দিকে এমার্সনের এই কবিতাটি আবৃত্তি করিয়াছিল—

I am the owner of the sphere
Of the seven stars and the solar year.'

তাহাতেই অনেকে তাহাকে দার্শনিক ঠাওরাইয়া নানারূপ বিক্রপ ও টিটকারি দিতেও ছাড়িল না। কিন্তু অপু ও-কবিতাটার নিজেকে আদৌ উদ্দেশ্য করে নাই, যদিও তাহার নিজেকে জাহির করার স্পৃহাও কিছু কম ছিল না বা মিথ্যা গর্ব প্রকাশে সে ক্লাসের কাহারও অপেক্ষা কম নহে, বরং বেশী।

তাহার নিজের দলের কেহ কেহ তাহাকে ঘিরিয়া কথা বলিতে বলিতে চলিল। ভিড় একটু কমিয়া গেলে সে সকলের নিকট হইতে বিদায় লইয়া কলেজ হইতে বাহির হইতে যাইতেছিল, গেটের কাছে একটি সতেরো আঠারো বছরের লাজুক প্রকৃতির ছেলে তাহাকে বলিল—একটুখানি দাঁড়াবেন ?

অপু ছেলেটিকে চেনে না, কখনও দেখে নাই। একহারা, বেশ সুশ্রী, পাতলা সিঙ্ঘের জামা গায়ে, পায়ে জরির নাগরা জুতা।

ছেলেটি কুণ্ঠিতভাবে বলিল,—আপনার প্রবন্ধটা আমায় একটু পড়তে দেবেন ? কাল আবার আপনাকে ফেরত দেব।

অপুর আহত আত্মাভিমান পুনরায় হঠাৎ ফিরিয়া আসিল। খাতাখানা ছেলেটির হাতে দিয়া বলিল,—দেখবেন কাইওলি, খেন হারিয়ে না যায়—আপনি বুঝি—সায়েন্স ?—ও !

পরদিন কলেজ বসিবার সময় ছেলেটি গেটেই দাঁড়াইয়াছিল—অপুর হাতে খাতাখানা ফিরাইয়া দিয়া ছোট একটি নমস্কার করিয়াই ভিড়ের মধ্যে কোথায় চলিয়া গেল। অস্বমনস্কভাবে ক্লাসে বসিয়া অপু খাতাখানা উন্টাইতেছিল, একখানা কি কাগজ খাতাখানার ভিতর হইতে বাহির হইয়া ইলেকট্রিক পাখার হাওয়ার খানিকটা উড়িয়া গেল। পাশের ছেলেটি সেখানা কুড়াইয়া তাহার হাতে দিলে সে পড়িয়া দেখিল, পেন্সিলে লেখা একটি কবিতা— তাহাকে উদ্দেশ্য করিয়া :—

শ্রীমুক্ত অর্পূর্বকুমার রায়

করকমলেশু—

বাঙ্গালী সমাজ যেন পঙ্কময় বন্ধ জলাশয়
নাহি আলো স্বাস্থ্যভরা, বহে হেথা বায়ু বিষময়
জীবন-কোরকগুলি, অকালে শুকায়ে পড়ে ঝরি,
বাঁচাবার নাহি কেহ, সকলেই আছে যেন মরি।
নাহি চিন্তা, নাহি বুদ্ধি, নাহি ইচ্ছা নাহি উচ্চ আশা,
সুখদুঃখ হীন এক জড়পিণ্ড, নাহি মুখে ভাষা।
এর মাঝে দেখি যবে কোনো মুখ উজ্জ্বল সরস,
নয়নে আশার দৃষ্টি, গুণপ্রাস্তে জীবন হরষ—
অধরে ললাটে জ্বতে প্রতিভার সুন্দর বিকাশ,
স্থির দৃঢ় কণ্ঠস্বরে ইচ্ছাশক্তি প্রত্যক্ষ প্রকাশ,
সম্মমে হৃদয় পুরে, আনন্দ ও আশা জাগে প্রাণে,
সস্তাসিতে চাহে হিয়া বিমল প্রীতির অর্ঘ্যদানে।
তাই এই ক্ষীণ-ভাষা ছন্দে গাঁথি দীন উপহার
লজ্জাহীন অসঙ্কোচে আনিয়াছি সম্মুখে তোমার,
উচ্চ লক্ষ্য, উচ্চ আশা বাঙ্গালার এনে দাও বীর
সুধোগ্য সন্তান যে রে তোরা সবে বন্ধ জননীরা।

গুণমুগ্ধ

শ্রী—

ফার্স্ট ইয়ার, সায়েন্স, সেক্সন বি।

অপু বিস্মিত হইল। আগ্রহের ও ঔৎসুক্যের সহিত আর একবার পড়িল—তাহাকে উদ্দেশ করিয়া লেখা এ-বিষয়ে কোনও সন্দেহ নাই। একে চায় তো আরো পায়,—একেই নিজের কথা পরকে জাঁক করিয়া বেড়াইতে সে অদ্বিতীয়, তাহার উপর তাহারই উদ্দেশে লিখিত এক অপরিচিত ছাত্রের এই পত্র পাইয়া আনন্দে ও বিস্ময়ে সে ভুলিয়া গেল যে, ক্লাসে স্বয়ং মিঃ বন্স ইতিহাসের বক্তৃতায় কোন এক রোমান সম্রাটের অমাহুধিক গুণবিক্রমের কাহিনী সবিস্তারে বলিতেছেন। সে পাশের ছেলেকে ডাকিয়া পত্রখানা দেখাইতে যাইতেই জানকী খোঁচা দিয়া বলিল,—এই! সি. সি. বি. এখুনি বকে উঠবে—তোমার দিকে তাকাচ্ছে, সামনে চা—এই!...

আঃ—কতক্ষণে সি. সি. বি.-র এই বাজে বকুনি শেষ হইবে!...বাহিরে গিয়া সকলকে চিঠিখানা দেখাইতে পারিলে যে সে বাচে!—ছেলেটিকেও খুঁজিয়া বাহির করিতে হইবে।

ছুটির পর গেটের কাছেই ছেলেটির সঙ্গে দেখা হইল। বোধ হয় সে তাহারই অপেক্ষার

দাঁড়াইয়াছিল। কলেজের মধ্যে এইরূপ একজন মুক্ত ভক্ত পাইয়া অপু মনে মনে গর্ব অল্পভব করিয়াছিল বটে, কিন্তু সে-ই তাহার পুরাতন মুখচোরা রোগ! তবে তাহার পক্ষে একটু সাহসের বিষয় এই দাঁড়াইল যে, ছেলেটি তাহার অপেক্ষাও লাজুক। অপু গিয়া তাহার সম্মুখে দাঁড়াইয়া কিছুক্ষণ ইতস্ততঃ করিয়া তাহার হাত ধরিল। কিছুক্ষণ কথাবার্তা হইল। কেহই কাগজে লেখা পঞ্চটার কোনও উল্লেখ করিল না, যদিও দুজনেই বুঝিল যে, তাহাদের আলাপের মূলে কালকের সেই চিঠিখানা। কিছুক্ষণ পর ছেলেটি বলিল,—চলুন কোথাও বেড়াতে যাই, কলকাতার বাইরে কোথাও মাঠে—শহরের মধ্যে হাঁপ ধরে—কোথাও একটা ঘাস-দেখবার জো নেই—

কথাটা শুনিয়াই অপু মনে হইল, এ ছেলেটি তো সম্পূর্ণ অল্প প্রকৃতির। ঘাস না দেখিয়া কষ্ট হয় এমন কথা তো আজ প্রায় এক বৎসর কলিকাতার অভিজ্ঞতায় কলেজের কোন বন্ধুর মুখে শোনে নাই।

সাউথ সেকশনের ট্রেনে গোটাচারেক স্টেশন পরে তাহারা নামিল। অপু কখনও এদিকে আসে নাই। ফাঁকা মাঠ, কেয়া ঝোপ, মাঝে মাঝে হোগলা বন। সফ্রু যেঠো পথ ধরিয়া দুজনে হাঁটিয়া চলিতেছিল—ট্রেনের অল্প আধঘণ্টার আলাপেই দু'জনের মধ্যে একটা নিবিড় পরিচয় জন্মিয়া উঠিল। মাঠের মধ্যে একটা গাছের তলায় ঘাসের উপরে দুজনে গিয়া বসিল।

ছেলেটি নিজের ইতিহাস বলিতেছিল—

হাজারিবাগ জেলার তাহাদের এক অত্রের খনি ছিল, ছেলেবেলায় সে সেখানেই মানুষ। জায়গাটার নাম বড়বনী, চারিদিকে পাহাড় আর শাল-পলাশের বন, কিছু দূরে দারুকেখর নদী! নিকটে পাহাড়ের গায়ে একটা ঝর্ণা।...পড়ন্ত বেলায় শালবনের পিছনের আকাশটা কত কি রঙে রঞ্জিত হইত—প্রথম বৈশাখে শাল-কুসুমের ঘন স্নগন্ধ ছুপুরে রৌদ্রকে মাতাইত, পলাশবনে বসন্তের দিনে যেন ডালে ডালে আরতির পঞ্চপ্রদীপ জলিত—সন্ধ্যার পরই অন্ধকারে গা ঢাকিয়া বাঘের আসিত বর্ণার জল পান করিতে—বাংলা হইতে একটু দূরে বালির উপর কতদিন সকালে বড় বড় বাঘের পায়ের খাবার দাগ দেখা গিয়াছে।

সেখানকার জ্যোৎস্না রাজি! সে রাজির বর্ণনা নাই, ভাষা যোগায় না। স্বর্ণ যেন দূরের নৈশ-কুম্বাসাচ্ছন্ন অম্পট পাহাড়শ্রেণীর ওপারে—ছায়াহীন, সীমাহীন, অনন্তরস-স্বরাজ্যোৎস্না যেন দিক্চক্রবালে তাহারই ইঙ্গিত দিত।

এক-আধদিন নয়, শৈশবের দশ দশটি বৎসর সেখানে কাটিয়াছে। সে অল্প জগৎ, পৃথিবীর মুক্ত প্রসারতার রূপ সেখানে চোখে কি মায়-অঞ্জন মাখাইয়া দিয়াছে,—কোথাও আর ভাল লাগে না! অত্রের খনিতে লোকসান হইতে লাগিল, খনি অপরে কিনিয়া লইল, তাহার পর হইতেই কলিকাতায়। মন হাঁপাইয়া ওঠে—খাঁচার পাখির মত ছট্‌ফট করে। বাল্যের সে অপূর্ব আনন্দ মন হইতে নিশ্চিহ্ন হইয়া মুছিয়া গিয়াছে।

অপু এ ধরণের কথা কাহারও মুখে এ পর্যন্ত শোনে নাই—এ বে তাহারই অত্রের 'কথার

প্রতিধ্বনি। গাছপালা, নদী, মাঠ ভালবাসে বলিয়া দেওয়ানপুরে ভাহাকে সবাই বলিত পাগল। একবার মাঘমাসের শেষে পথে কোন গাছের গায়ে আলোকলতা দেখিয়া রমাপতিকে বলিয়াছিল,—কেমন স্নন্দর! দেখুন দেখুন রমাপতিদা—

রমাপতি মুকসিয়ানার সুরে বলিয়াছিল মনে আছে—ওসব যার মাথায় ঢুকেছে তার পরকালটি একেবারে ঝরঝরে হয়ে গেছে।

পরকালটা কি জন্তু যে ঝরঝরে হইয়া গিয়াছে, একথা সে বুঝিতে পারে নাই—কিন্তু ভাবিয়াছিল রমাপতিদা স্কুলের মধ্যে ভাল ছেলে, ফার্স্ট ক্লাসের ছাত্র, অবশ্যই তাহার অপেক্ষা ভাল জানে। এ পর্যন্ত কাহারও নিকট হইতেই সে ইহার সায় পায় নাই, এই এতদিন পরে ইহাকে ছাড়া। তাহা হইলে তাহার মত লোকও আছে!...সে একেবারে সৃষ্টিছাড়া নয়!...

অনিল বলিল—দেখুন, এই এত ছেলে কলেজে পড়ে, অনেকের সঙ্গে আলাপ ক'রে দেখেছি—ভাল লাগে না—dull, unimaginative mind; পড়তে হয় পড়ে যাচ্ছে, বিশেষ কোন বিষয়ে কৌতুহলও নেই, জানবার একটা সত্যিকার আগ্রহও নেই। তাছাড়া, এত ছোট কথা নিয়ে থাকে যে, মন মোটে—মানে, কেমন যেন,—যেন মাটির উপর hop ক'রে ক'রে বেড়ায়! প্রথম সেদিন আপনার কথা শুনে মনে হ'ল, এই একজন অল্প ধরণের, এ দলের নয়।

অপু মুহু হাসিয়া চুপ করিয়া রহিল। এসব সে-ও নিজের মনের মধ্যে অস্পষ্ট ভাবে অনুভব করিয়াছে, অপরের সঙ্গে নিজের এ পার্থক্য মাঝে মাঝে তাহার কাছে ধরা পড়িলেও সে নিজের সশব্দে আদৌ সচেতন নয় বলিয়া এ জিনিসটা বুঝিতে পারিত না। তাহা ছাড়া অপূর প্রকৃতি আরও শাস্ত, উগ্রতাশূন্য ও উদার,—পরের তীব্র সমালোচনা ও আক্রমণের ধাতই নাই তাহার একেবারে!—কিন্তু তাহার একটা মহৎ দোষ এই যে, নিজের বিষয়ে কথা একবার পাড়িলে সে আর ছাড়িতে চায় না—অপরেও যে নিজের সশব্দে বলিতে ইচ্ছা করিতে পারে, তরুণ বয়সের অনাবিল আত্মস্মৃতিতা ও আত্মপ্রত্যয় সে বিষয়ে তাহাকে অন্ধ করিয়া রাখে। স্মরণ্য সে নিজের বিষয়ে একটানা কথা বলিয়া যায়—নিজের ইচ্ছা, আশা-আকাঙ্ক্ষা, নিজের ভালমন্দ লাগা, নিজের পড়াশুনা। নিজের কোন দুঃখদুর্দশার কথা বলে না, কোন ব্যথা-বেদনার কথা তোলে না—জলের উপরকার দাগের মত সে-সব কথা তাহার মনে মোটে স্থান পায় না—আনকোরা তাজা নবীন চোখের দৃষ্টি শুধুই সন্মুখের দিকে, সন্মুখের বহুদূর দিকচক্রবাল রেখারও ওপারে—আনন্দ ও আশায় ভরা এক অপূর্ব রাজ্যের দিকে।

সন্ধ্যার পরে বাসায় ফিরিয়া চিমনি-ভাড়া পুরনো হিন্দের লণ্ঠনটা জালিয়া সে পকেট হইতে অনিলের চিঠিখানা বাহির করিয়া আবার পড়িতে বসিল। আমার যে ভাল বলে, সে আমার পরম বন্ধু, আমার মহৎ উপকার করে, আমার আত্মপ্রত্যয়কে সুপ্রতিষ্ঠিত হইতে সাহায্য করে, আমার মনের গভীর গোপন কোনও লুকানো রত্নকে দিনের আলোর মুখে দেখাইতে সাহস দেয়!

পড়িতে পড়িতে পাশের বিছানার দিকে চাহিয়া মনে পড়ে—আজ আবার তাহার ঘরের

অপর লোকটির এক আত্মীয় কাঁচরাপাড়া হইতে আসিয়াছে এবং এই খবরই শুইবে। সে আত্মীয়টির বয়স বছর ত্রিশেক হইবে; কাঁচরাপাড়া লোকো অফিসে চাকরি করে, বেশী লেখাপড়া না জানিলেও অনবরত যা-তা ইংরেজী বলে, হরদম সিগারেট খায়, অত্যন্ত বকে, অকারণে গায়ে পড়িয়া ভাঁই ভাঁই বলিয়া কথা বলে, তাহার মধ্যে বারো আনা থিয়েটারের গল্প, অমুক স্যাক্ট্রেস তারাবাঈ-এর ভূমিকায় যে-রকম অভিনয় করে, অমুক থিয়েটারের বিধুমুখীর মত গান—বিশেষ করে ‘হীরার ছল’ গ্রহসনে বেদেনীর ভূমিকায়, ‘নয়ন জলের ফাঁদ পেতেছি’ নামক সেই বিখ্যাত গানখানি সে যেমন গায়, তেমন আর কোথায়, কে গাহিতে পারে?—তিনি এজন্য বাজি ফেলিতে প্রস্তুত আছেন।

এসব কথা অপূর ভাল লাগে না, থিয়েটারের কথা শুনিতে তাহার কোনও কৌতূহল হয় না। এ লোকটির চেয়ে আলুর ব্যবসাদারটি অনেক ভাল। সে পাড়াগাঁয়ের লোক, অপেক্ষাকৃত সরল প্রকৃতির, আর এত বাজে কথা বলে না; অন্তত তাহার সঙ্গে তো নয়ই। এ ব্যক্তিটির যত গল্প তাহার সঙ্গে।

মনে মনে ভাবে—একটু ইচ্ছে করে—বেশ একা একটি ঘর হয়, একা বসে পড়াশুনো করি, টেবিল থাকে একটা, বেশ ফুল কিনে এনে ঘাসের জলে দিয়ে সাজিয়ে রাখি। এ ঘরটায় না আছে জানলা, পড়তে পড়তে একটু খোলা আকাশ দেখবার জো নাই, তামাকের গুল রোজ পরিষ্কার করি, আর রোজ ওয়া এই রকম নোংরা করবে—মা ওয়াড় করে দিবেছিল, ছিঁড়ে গিয়েছে, কি বিশ্চী তেল-চিটচিটে বালিশটা হয়েছে—! এবার হাতে পরয়া হ’লে একটা ওয়াড় করবো।

অনিলের সঙ্গে পরদিন বৈকালে গঙ্গার ধারে বেড়াইতে গেল। চাঁদপাল ঘাটে, প্রিন্সেস্ ঘাটে বড় বড় জাহাজ নোঙর করিয়া আছে, অপূ পড়িয়া দেখিল : কোনটার নাম ‘বহে’, কোনটার নাম ‘ইদজু মার’। সেদিন বৈকালে নতুন ধরণের রং-করা একখানা বড় জাহাজ দেখিয়াছিল, নাম লেখা আছে ‘শেনানডোয়া’, অনিল বলিল, আমেরিকান মাল জাহাজ,—জাপানের পথে আমেরিকায় যায়। অপূ অনেকক্ষণ দাঁড়াইয়া জাহাজখানা দেখিল। নীল পোশাক-পরা একটা লম্বার রেলিং ধরিয়া ঝুঁকিয়া পড়িয়া জলের মধ্যে কি দেখিতেছে। লোকটি কি সুখী! কত দেশবিদেশে বেড়ায়, কত সমুদ্রে পাড়ি দেয়, চীন সমুদ্রে টাইফুনে পড়িয়াছে, পিনাং-এর নারিকেলকুঞ্জের ছায়ার কত ছপূর কাটািয়াছে, কত ঝড়বৃষ্টির রাজে এই রকম রেলিং ধরিয়া দাঁড়াইয়া বাত্যাঙ্ক, উত্তাল, উন্মত্ত মহাসমুদ্রের রূপ দেখিয়াছে। কিন্তু ও লোকটা বোঝে কি? কিছুই না। ও কি দূর হইতে জুজিয়ামা দেখিয়া আত্মহারা হইয়াছে? দক্ষিণ আমেরিকার কোনও কদরে নামিয়া পথের ধারে কি গাছপালা আছে তাহা নিবিষ্ট মনে সাগ্রহে পরীক্ষা করিয়া দেখিয়াছে? হয়ত জাপানের পথের ধারে বাংলা দেশের পরিচিত কোনও ফুল আছে, ও লোকটি জানে না, হয়ত কালিকোর্ণিয়ার শহরবন্দর হইতে দূরে নির্জন Sierra-র ঢালুতে বনঝোপের নানা অচেনা ফুলের সঙ্গে তাহাদের দেশের সন্ধ্যামণি ফুলও ফুটিয়া থাকে, ও লোকটি কি কখনও সেখানে সুধাস্বের রাড়া আলোর বড়

একখণ্ড পাথরের উপর আপন মনে বসিয়া নীল আকাশের দিকে চাহিয়া থাকিয়াছে ?

অথচ ও লোকটারই অদৃষ্টে ঘটতেছে দেশ-বিদেশে ভ্রমণ, সমুদ্রে-সমুদ্রে বেড়ানো—
যাহার চোখ নাই, দেখিতে জানে না ; আর সে যে শৈশব হইতে শত সাধ পুষিয়া রাখিয়া
আসিতেছে মনের কোণে, তাহার কি কিছুই হইবে না ?...কবে যে সে যাইবে ! ..কলিকাতার
শীতের রাজের এ ধোঁয়া তাহার অঙ্গ হইয়া উঠিয়াছে। চোখ জালা করে, নিঃশ্বাস বন্ধ
হইয়া আসে, কিছু দেখা যায় না, মন তাহার একেবারে পাগল হইয়া উঠে—এ এক
অপ্রত্যাশিত উপদ্রব ! কে জানিত শীতকালে কলিকাতার এ চেহারা হয় !

ওই লোকটার মত জাহাজের খালানী হইতে পারিলেও সুখ ছিল !

Ship ahoy !...কোথাকার জাহাজ ?...

কলিকাতা হইতে পোর্ট মর্সবি, অস্ট্রেলেশিয়া ,

ওটা কি উচু-মত দূরে ?

প্রবালের বড় বাধ—The Great Barrier Reef—

এই সমুদ্রের ঠিক এই স্থানে, প্রাচীন নাবিক টাস্ম্যান ঘোর তুফানে পড়িয়া মাঙ্গল ভাঙা
পালছেঁড়া ডুবু ডুবু অবস্থায় অকূলে ভাসিতে ভাসিতে বারো দিনের দিন কূল দেখিতে পান—
সেইটাই—সেকালে ভ্যান ডিমনস্-ল্যাণ্ড, বর্তমানে টাস্মেনিয়া।..কেমন দূরে নীল
চক্রবালরেখা !...উড়ন্ত সিঙ্কশকুনদলের মাতামাতি, প্রবালের বাধের উপর বড় বড় চেউয়ের
সবেগে আছড়াইয়া পড়ার গম্ভীর আওয়াজ ।

উপকূলরেখার অনেক পিছনে যে পাহাড়টা মাথা তুলিয়া দাঁড়াইয়া আছে, ওটা হয়ত
জলহীন দিক-দিশাহীন ধূ ধূ নির্জন মরুর মধ্যে...শুধুই বালি আর শুকনা বাবুল গাছের বন,...
শত শত ক্রোশ দূরে ওর অজানা অধিত্যকায় লুকানো আছে সোনার খনি, কাণো ওপ্যালের
খনি...এই খর, জলন্ত, মরুরোঁদ্রে খনির সন্ধানে বাহির হইয়া কত লোক ওদিকে গিয়াছিল
আর ফেরে নাই, মরুদেশের নানা স্থানে তাহাদের হাড়গুলো রোঁদ্রে বৃষ্টিতে ক্রমে সাদা হইয়া
আসিল ।

অনিল বলিল, চলুন, আজ সন্ধ্যা হয়ে গেল, দাঁড়িয়ে দাঁড়িয়ে জাহাজ দেখে আর
কি হবে ?...

অপু সমুদ্র-সংক্রান্ত বহু বই কলেজ-লাইব্রেরী হইতে লইয়া পড়িয়া ফেলিয়াছে ! কেমন
একটা নেশা, কখনও কোন ছাত্র ঘাণ পড়ে না, এমন সব বই। বহু প্রাচীন নাবিক ও
তাহাদের জলযাত্রার বৃত্তান্ত, নানা দেশ আবিষ্কারের কথা, সিবার্টিয়ান ক্যাবট, এরিক্সন,
কর্টেজ ও পিজারো কর্তৃক মেক্সিকো ও পেরু বিজয়ের কথা । হুর্ধ্বে স্পেনীয় বীর পিজারো
ব্রেজিলের জঙ্গলে রূপার পাহাড়ের অঙ্গসন্ধানে গিয়া কি করিয়া জঙ্গলের মধ্যে পথ হারাইয়া
বেঘোরে অনাহারে সটসেত্তে প'সপ্রাপ্ত হইল—আরও কত কি ।

পরদিন কলেজ পালাইয়া ছু'জনে ছপূর্ববেলা স্ট্র্যাও রোডের সমস্ত স্টীমার কোম্পানীর
অফিসগুলি ঘুরিয়া বেড়াইল । প্রথমে, 'পি-এণ্ড-ও' । টিকিনের সময় কেমানীবাবুরা নীচের

জলখাবার ঘরে বসিয়া চা খাইতেছেন, কেহ বিড়ি টানিতেছেন। অপু পিছনে রহিল, অনিল আগাইয়া গিয়া জিজ্ঞাসা করিল,—আজ্ঞে, আমরা জাহাজে চাকরি খুঁজছি, এখানে খালি আছে জানেন ?

একজন টাক-পড়া রোগা চেহারার বাবু বলিলেন,—চাকরি ?—জাহাজে...কোন জাহাজে ?

—যে কোন জাহাজে —

অপুর বুক উত্তেজনায় ও কোঁতূহলে টিপ্ টিপ্ করিতেছিল, কি বৃষ্টি হয়।

বাবুটি বলিলেন, জাহাজের চাকরিতে তোমাদের চলবে না হে ছোকরা,—শাখো, একবার ওপরে মেরিন্ মাস্টারের ঘরে খোঁজ করো।

কিছুই হইল না। ‘বি-আই-এস্-এন্’ তথৈবচ। ‘নিপন্-ইউশেন-কাইশা’ও তাই। টাণার মরিসনের অফিসে তাহাদের সহিত কেহ কথাও কহিল না। বড় বড় বাড়ি, সিঁড়ি ভাঙিয়া ওঠা-নামা করিতে করিতে শীতকালেও ঘাম দেখা দিল। অবশেষে মরীয়া হইয়া অপু গ্লাডস্টোন ওয়াইলির অফিসে চারতলায় উঠিয়া মেরিন্ মাস্টারের কামরায় ঢুকিয়া পড়িল। খুব দীর্ঘদেহ, অত বড় গৌক সে কখনও কাঁহারও দেখে নাই। সাহেব বিরক্ত হইয়া ঘণ্টা বাজাইয়া কাঁহাকে ডাক দিল। অপুর কথা কানেও তুলিল না। একজন প্রোট বয়সের বাঙালীবাবু ঘরে ঢুকিয়া ইহাদের দেখিয়া বিস্ময়ের সুরে বলিলেন—এ ঘরে কি ? এসো, এসো, বাইরে এসো।

বাহিরে গিয়া অনিলের মুখে আসিবার উদ্দেশ্য শুনিয়া বলিলেন, কেন হে ছোকরা ? বাড়ি থেকে রাগ ক’রে পালাচ্ছ ?

অনিল বলিল,—না, রাগ ক’রে কেন পালাব ?

—রাগ ক’রে পালাচ্ছ না তো এ মতি হ’ল কেন ? জাহাজে চাকরি খুঁজছো—, কোন চাকরি হবে জানো ? খালাসীর চাকরি...এক বছরের এগ্রিমেন্টে জাহাজে উঠতে হবে। বাঙালীর খাওয়া জাহাজে পাবে না...কষ্টের একশেষ হবে, গোরা লঙ্করগুলো অত্যন্ত বদম্যাস, তোমাদের সঙ্গে বন্বে না। আরও নানা কষ্ট—স্টোকারের কাজ পাবে, কয়লা দিতে দিতে জান হয়রান হবে—সে সব কি তোমাদের কাজ ?

—এখন কোনও জাহাজ ছাড়ছে নাকি ?

—জাহাজ তো ছাড়ছে ‘গোলকুণ্ডা’—আর সাতদিন পরে মঙ্গলবারে ছাড়বে মাল জাহাজ—কলঘো হয়ে ডারবান যাবে—

দু’জনেই মহা পীড়াপীড়ি শুরু করিল। তাহাদের কোনও কষ্ট হইবে না, কষ্ট করা তাহাদের অভ্যাস আছে। দয়া করিয়া তিনি যদি কোন ব্যবস্থা করেন। অপু প্রায় কাঁদ কাঁদ হইয়া বলিল—তা হোক, দিন আপনি জোগাড় ক’রে—ওসব কিছু কষ্ট না—দিন আপনি—গোরা লঙ্করে কি করবে আমাদের ? কয়লা খুব দিতে পারবো—

কোনাবাবুটি হাসিয়া বলিলেন,—একি ছেলেখেলা হে ছোকরা ! কয়লা দেবে তোমরা !

বুঝতে তো পারছো না সেখানকার কাণ্ডকারখানা! বয়লারের গরম, হাওয়া নেই, দম বন্ধ হয়ে আসবে—চার শভেল্ কয়লা দিতে না দিতে হাতের শিরা দড়ির মত ফুলে উঠবে— আর তাতে ওই ডেলিকেট হাত—হাঁপ জিরুতে দেবে না, দাঁড়াতে দেখলে ইঞ্জিনিয়ার সাহেব মারবে চাবুক—দশ হাজার ঘোড়ার জোরের এঞ্জিনের স্টিম বজায় রাখতে হবে সব সময়, নিঃশ্বাস ফেলবার সময় পাবে না—আর গরম কি সোজা! কুস্তীপাক নরকের গরম কার্ণেসের মুখে! সে তোমাদের কাজ?...

ভবুও হুঁজনে ছাড়ে না।

ইহারা যে বাড়ি হইতে পালাইয়া যাইতেছে, সে ধারণা বাবুটির আরও দৃঢ় হইল। বলিলেন,—নাম ঠিকানা দিয়ে যাও তো তোমাদের বাড়ির। দেখি তোমাদের বাড়িতে না হয় নিজে একবার যাব।

কোনো রকমেই তাঁহাকে রাজী করাইতে না পারিয়া অবশেষে তাহারা চলিয়া আসিল।

অষ্টম পরিচ্ছেদ

একদিন অপু ছপুরবেলা কলেজ হইতে বাসায় কিরিয়া আসিয়া গায়ের জামা খুলিতেছে, এমন সময় পাশের বাড়ির জানালাটার দিকে হঠাৎ চোখ পড়িতে সে আর চোখ ফিরাইয়া লইতে পারিল না। জানালাটির গায়ে খড়ি দিয়া মাঝারি অক্ষরে মেয়েলি ছাঁদে লেখা আছে—‘হেমলতা আপনাকে বিবাহ করিবে।’ অপু অবাক হইয়া খানিকটা সেদিক চাহিয়া রহিল এবং পরক্ষণেই কোঁতুকের আবেগে হাতের নোটখাতাখানা মেঝেতে ছুঁড়িয়া ফেলিয়া আপন মনে হো-হো করিয়া হাসিয়া উঠিল।

পাশেই বাড়ি—তাহার ঘরটা হইতে জানালাটা হাত পাঁচ ছয় দূরে—মধ্যে একটা সরু গলি! অনেকদিন সে দেখিয়াছে, পাশের বাড়ির একটি মেয়ে জানালার গরাদে ধরিয়া এদিকে চাহিয়া আছে, বয়স চৌদ্দ-পনেরো। রং উজ্জ্বল শ্রামবর্ণ, কৌকড়া কৌকড়া চুল, বেশ মুখখানা, যদিও তাহাকে সুন্দরী বলিয়া কোনদিনও অপু মনে হয় নাই। তাহার কলেজ হইতে আসিবার সময় হইলে প্রায়ই সে মেয়েটিকে দাঁড়াইয়া থাকিতে দেখিত। ক্রমে শুধু দাঁড়ানো নয়, মেয়েটি তাহাকে দেখিলেই হঠাৎ হাসিয়া জানালার আড়ালে মুখ লুকায়, কখনও বা জানালাটার খড়খড়ি বারকতক খুলিয়া বন্ধ করিয়া মনোযোগ আকর্ষণ করিতে চেষ্টা করে, দিনের মধ্যে দু’বার তিনবার, চারবার কাপড় বদলাইয়া ঘরটার মধ্যে অকারণে ঘোরাফেরা করে এবং ছুতানাতায় জানালার কাছে আসিয়া দাঁড়ায়। কতদিন এ-রকম হয়, অপু মনে মনে ভাবে—মেয়েটা আচ্ছা বেহারা তো! কিন্তু আজকের এ ব্যাপার একেবারে অপ্রত্যাশিত।

আজ ও-বেলা উড়ে ঠাকুরের হোটোলে খাইতে গিয়া সে দেখিয়াছিল, সুন্দর ঠাকুর মুখ তার

করিয়া বসিয়া আছে। দুই-তিনমাসের টাকা বাকী, সামান্য পুঁজির হোটেল, অপূর্ববাবু ইহার কি ব্যবস্থা করিতেছেন? আর কতদিন এ ভাবে সে বাকী টানিয়া যাইবে?...স্বন্দর ঠাকুরের কথায় তাহার মনে যে ছূর্তাবনার মেঘ জমিয়াছিল, সেটা কোঁতুকের হাওয়ার এক মুহূর্তে কাটিয়া গেল।—আচ্ছা তো মেয়েটা? জ্বাখো কি লিখে রেখেছে—ওদের—হো-হো—আচ্ছা—হি-হি—

সেদিন আর মেয়েটিকে দেখা গেল না, যদিও সন্ধ্যার সময় একবার ঘরে ফিরিয়া সে দেখিল, জানালার সে খড়ির লেখা মুছিয়া ফেলা হইয়াছে। পরদিন সকালে ঘরের মধ্যে মাতুর বিছাইয়া পড়িতে পড়িতে মুখ তুলিতেই অপু দেখিতে পাইল, মেয়েটি জানালার ধারে দাঁড়াইয়া আছে! কলেজে যাইবার কিছু আগে মেয়েটি আর একবার আসিয়া দাঁড়াইল। সবে স্নান সারিয়া আসিয়াছে, লালপাড় শাড়ি পরণে, ভিজ্জে চুল পিঠের উপর ফেলা, সোনার বালা পরা নিটোল ডান হাতটি দিয়া জানালার গরাদে ধরিয়া আছে। অল্পকণের জন্ত—

কথাটা ভাবিতে ভাবিতে সে কলেজে গেল। সেখানে অনেকের কাছে ব্যাপারটা গল্প করিল। প্রণব তো শুনিয়া হাসিয়া খুন, জানকীও তাই। সবাই আসিয়া দেখিতে চায়—এ যে একেবারে সত্যিকার জানালা-কাব্য! সত্যেন বলিল, নভেল ও মাসিকের পাতায় পড়া যায় বটে, কিন্তু বাস্তব জগতে এরকম যে ঘটে তাহা তো জানা ছিল না।...নানা হাসি ভাষা চলিল, সকলেই যে-ভদ্ৰভাসকৃত কথা বলিয়াই কান্ড রহিল তাহা বলিলে সত্যের অপলাপ করা হইবে।

তারপর দিনচারেক বেশ কাটিল, হঠাৎ একদিন আবার জানালার লেখা—‘হেমলতা আপনাকে বিবাহ করিবে’। জানালার খড়খড়ির গায়ে এমনভাবে লেখা যে, জানালা খুলিয়া লখা কজাটা মুড়িয়া ফেলিলে লেখাটা শুধু তাহার ঘর হইতেই দেখা যায়, অস্ত্র কারুর চোখে পড়িবার কথা নহে। প্রণবটা যদি এ সময় এখানে থাকিত! তারপর আবার দিন-দুই সব ঠাণ্ডা।

সেদিন একটু মেঘলা ছিল—সকালে কয়েক পশলা বৃষ্টি হইয়া গিয়াছে। ছপুরের পরই আবার খুব মেঘ করিয়া আসিল। কারখানার উঠানে মালবোঝাই মোটর লরীগুলার শব্দ একটু ধামিলেও ছপুরের ‘শিক্ট’-এ মিস্ত্রীদের প্যাকবাল্জের গায়ে লোহার বেড় পরাইবার ছুন্দাম আওরাজ বেজার। এই বিকট আওরাজের জন্ত ছপুরবেলা এখানে ভিঠানো দায়।

অপু ঘুমাইবার বুধা চেষ্টা করিয়া উঠিয়া বসিতেই দেখিল, মেয়েটি জানালার কাছে আসিয়া দাঁড়াইয়াছে। অল্পকণের জন্ত ছ’জনের চোখোচোখি হইল! মেয়েটি অস্ত্র অস্ত্র দিনের মত আজও হাসিয়া ফেলিল। অপূর মাথায় ছুঁটুমি চাপিয়া গেল। সেও আগাইয়া গিয়া জানালার গরাদে ধরিয়া দাঁড়াইল—তারপর সে নিজেও হাসিল। মেয়েটি একবার পিছন ফিরিয়া চাহিয়া দেখিল কেহ আসিতেছে কিনা—পরে সেও আসিয়া জানালার ধারে দাঁড়াইল! অপু কোঁতুকের সুরে বলিল,—কিপো হেমলতা, আমার বিয়ে করবে?’

মেয়েটি বলিল—করবো। কথা শেষ করিয়া সে হাসিয়া ফেলিল।

অপু বলিল,—কি জাত তোমরা—বামুন ?—আমি কিন্তু বামুন।

মেয়েটি খোঁপায় হাত দিয়া একটা কাঁটা ভাল করিয়া গুঁজিয়া দিতে দিতে বলিল—
আমরাও বামুন।—পরে হাসিয়া বলিল—আমার নাম তো জেনেছেন, আপনার নাম কি ?

অপু বলিল, ভাল নাম অপূর্ব, আমরা বাঙ্গাল দেশের লোক—শহরের মেয়ে তোমরা—
আমাদের তো দু'চোখে দেখতেই পারো না—তাই না ? তোমায় একটা কথা বলি শোন।
...ওরকম লিখো না জানালার গায়ে—যদি কেউ টের পায় ?

মেয়েটি আর একবার পিছন ফিরিয়া চাহিয়া বলিল, কে টের পাবে ? কেউ দেখতে পায়
না ওদিক থেকে—আমি যাই, কাকীমা আসবে ঠাকুরঘর থেকে। আপনি বিকেলে রোজ
থাকেন ?

মেয়েটি চলিয়া গেলে অপু হাসি পাইল। পাগল না তো ? ঠিক—এতদিন সে বৃষ্টিতে পারে
নাই... মেয়েটি পাগল ! মেয়েটির চোখে তাই কেমন একটা অদ্ভুত ধরণের দৃষ্টি। কথাটা মনে
হইবার সঙ্গে সঙ্গে একটা গভীর করুণা ও অহুকম্পায় তাহার সারা মন ভরিয়া গেল। মেয়ের
বাপকে সে মাঝে মাঝে প্রায়ই দেখে—প্রৌঢ়, খোঁচা খোঁচা দাড়ি, কোন অফিসের কেনার্নী বোধ
হয়। সে কলেজে যাইবার সময় রোজ ভদ্রলোক ট্রামের অপেক্ষায় ফুটপাথের ধারে দাঁড়াইয়া
থাকেন। হয়ত মেয়েটির বাবাই, নয়ত কাকা বা জ্যাঠামশায়, কি মামা—মোটের উপর
তিনিই একমাত্র অভিভাবক। খুব বেশী অবস্থাপন্ন বলিয়া মনে হয় না। হয়ত তাহাকে
দেখিয়া মেয়েটা ভালবাসিয়া ফেলিয়াছে—ওরকম তো হয় !

তাহার ইচ্ছা হইল, এবার মেয়েটিকে দেখিতে পাইলে তাহাকে দু'টা মিষ্ট কথা, দু'টা
সান্ত্বনার কথা বলিবে। কেহ কিছু মনে করিবে ? যদি নিতাইবাবু টের পায় ?—পায় পাইবে।

খবরের কাগজে সে মাঝে মাঝে ছেলে-পড়ানোর বিজ্ঞাপন খুঁজিত, একদিন দেখিল কোন
একজন ডাক্তারের বাড়ির জন্ত একজন প্রাইভেট টিউটর দরকার। গেল সে সেখানে।
দোতলা বড় বাড়ি, নিচে বৈঠকখানা কিন্তু সেখানে বড় কেহ বসে না, ডাক্তারবাবুর কনসাল্টিং
রুম দোতলার কোণের কামরায়, সেখানেই রোগীর ভিড়। অপু গিয়া দেখিল, নিচের ঘরটাতে
অনুন জন-পনেরো নানা বয়সের লোক তীর্থের কাকের মত হাঁ করিয়া বসিয়া—সেও গিয়া
একপাশে বসিয়া গেল। তাহার মনে মনে বিশ্বাস ছিল, ঐ বিজ্ঞাপনটা শুধু তাহারই চোখে
পড়িয়াছে—এত সকালে, অত ছোট ছোট অক্ষরে এককোণে লেখা বিজ্ঞাপনটা—সে
ভাবিয়াছিল—উঃ...এ যে ভিড় দেখা যার ক্রমেই বাড়িয়া চলিল।

কাহাকে পড়াইতে হইবে ; কোন্ ক্লাসের ছেলে, কত বড়, কেহই জানে না। পাশের
একটি লোক জিজ্ঞাসা করিল—মশাই জানেন কিছু, কোন্ ক্লাসের—

অপু বলিল, সেও কিছুই জানে না। একটি আঠারো উনিশ বছরের ছোকরার সঙ্গে অপু
আলাপ হইল। ম্যাট্রিকুলেশন ফেল করিয়া হোমওপ্যাথিক পড়ে, টিউশনির নিত্য দরকার,

না হইলেই চলিবে না, সে না-কি কালও একবার আসিয়াছিল, নিজের দুরবস্থার কথা সব কর্তাকে জানাইয়া গিয়াছে, তাহার হইলেও হইতে পারে ঘটাখানেক ধরিয়া অপু দেখিতেছিল, কাঠের সিঁড়িটা বাহিয়া এক-একজন লোক উপরের ঘরে উঠিতেছে এবং নামিবার সময় মুখ অন্ধকার করিয়া পাশের দরজা দিয়া বাহিরে চলিয়া যাইতেছে। যদি তাহারও না হয়। পড়া বন্ধ করিয়া মনসাপোতা—কিন্তু সেখানেই বা চলিবে কিসে ?

চাকর আসিয়া জানাইল, আজ বেলা হইয়া গিয়াছে, ডাক্তারবাবু কাহারও সঙ্গে এখন আর দেখা করিবেন না। এক-একখানা কাগজে সকলে নিজের নিজের নামধাম ও যোগ্যতা লিখিয়া রাখিয়া যাইতে পারেন, প্রয়োজন বুলিলে জানানো যাইবে।

হেঁদো কথা। সকলেই একবার ডাক্তারবাবুর সঙ্গে দেখা করিবার জন্য ব্যগ্র হইয়া পড়িল প্রত্যেকেরই মনে মনে বিশ্বাস—একবার গৃহস্থামী তাহাকে চাক্ষুষ দেখিয়া তাহার গুণ গুনিলে আর চাকুরি না দিয়া থাকিতে পারিবেন না। অপুও ভাবিল সে উপরে যাইতে পারিলে একবার চেষ্টা করিয়া দেখিত।—তবে সে নিজের দুরবস্থার কথা কাহারও কাছে বলিতে পারিবে না। তাহার লজ্জা করে, দৈন্যের কাঁড়নি গািহিয়া পরের সহানুভূতি আকর্ষণ করিবার চেষ্টা—অসম্ভব। লোকে কি করিয়া যে করে। প্রথম প্রথম সে কলিকাতায় আসিয়া ভাবিয়াছিল, কত বড়লোকের বাড়ি আছে কলিকাতায়, চাহিলে একজন দরিদ্র ছাত্রের উপায় করিয়া দিতে কেহ কুণ্ঠিত হইবে না। কত পরশা তো তাহাদের কত দিকে যার ? কিন্তু তখন সে নিজেকে ভুল বুঝিয়াছিল, চাহিবার প্রবৃত্তি, পরের চোখে নিজেকে হীন প্রতিপন্ন করিবার প্রবৃত্তি, এ-সব তাহার মধ্যে নাই। তাহার আছে—সে যাহা নয় তাহা হইতেও নিজেকে বড় বলিয়া জাহির করিবার, বাহাদুরী করিবার, মিথ্যা গর্ব করিয়া বেড়াইবার একটা কু-অভ্যাস। তাহার মায়ের নিরুদ্ভিতা এইদিক দিয়া ছেলেতে বর্তাইয়াছে, একেবারে ছবছ—অবিকল। এই কলিকাতা শহরে মহা কষ্ট পাইলেও সে নিতান্ত অন্তরঙ্গ এক-আধজন ছাড়া কখনও কাহাকে—তাও নিজের মুখে কখনও কিছু বলে না। পাছে ভাবে গরীব।

ইতস্ততঃ করিয়া সেও অপরের দেখাদেখি কাঠের সিঁড়ি বাহিয়া উপরে উঠিতে গেল। নিচের উঠান হইতে চাকর হাঁ হাঁ করিয়া উঠিল—আরে কাহে আপলোক উপরমে যাতে হেঁ বাত্ নেহি মান্তে হেঁ, এ বড়া মুশ্কিল—। অপু সে কথা গ্রাহ না করিয়া উপরে উঠিয়া গেল। প্রৌঢ় বয়সের একটি ডব্রলোক ঘরের মধ্যে বসিয়া, হোমিওপ্যাথি-পড়া ছোকরাটির সঙ্গে কি তর্ক চলিতেছে বাহির হইতে বুঝা গেল—ছোকরাটি কি বলিতেছে, ডব্রলোকটি কি বুঝাইতেছেন। সে ছোকরা একেবারে নাছোড়বান্দা, টিউনি তাহার চাই-ই। ডব্রলোকটি বলিতেছেন, ‘ম্যাট্রিকুলেশন-ফেল টিউটার দিয়া তিনি কি করিবেন ? ক্রমে সকলে একে একে বাহিরে আসিয়া চলিয়া গেল। অপু ঘরের মধ্যে ঢুকিয়া সসঙ্কোচে বলিল,—আপনাদের কি একজন পড়াবার লোক দরকার—আজ সকালের কাগজে বেরিয়েছে—

যেন সে এত লোকের ভিড়, উপরে উঠার নিবেদ্যাজা, কাগজে নামধাম লিখিয়া রাখিবার উপদেশ কিছুই জানে না। আসলে সে ইচ্ছা করিয়া একপ ভালমাহু্য সাজে নাই—অপরিচিত

স্থানে আসিয়া অপরিচিত লোকের সহিত কথা কহিতে গিয়া আনাড়ীপনার দক্ষন কথার মধ্যে নিজের অজ্ঞাতসারে একটা স্ত্রী আসিয়া গেল।

ভ্রমলোক একবার আপাদমস্তক তাহাকে দেখিয়া লইলেন, তারপর একটা চেয়ার দেখাইয়া বলিলেন, বসুন। আপনি কি পাশ ?—ও, আই-এ পড়ছেন,—দেশ কোথায় ?...ও !... এখানে থাকেন কোথায় ?—হঁ !

তিনি আরও যেন খানিকক্ষণ তাহাকে চাহিয়া চাহিয়া দেখিলেন। মিনিট পনেরো পরে—অপু বসিয়াই আছে—ভাজারবার হঠাৎ বলিয়া উঠিলেন,—দেখুন, পড়ানো মানে—আমার একটি মেয়ে—তাকেই পড়াতে হবে। যাকে তাকে তো নিতে পারি নে—কিন্তু আপনাকে দেখে আমার মনে হচ্ছে—ওরে শৌন্ তোঁর দিদিমণিকে ডেকে নিয়ে আর তো—বলুগে আমি ডাকছি—

একটু পরে মেয়েটি আসিল। বছর পনেরো বয়স, তরী, সুন্দরী, বড় বড় চোখ, আঙুলের গড়ন ভারি সুন্দর, রেশমী জামা গায়ে, চওড়া পাড় শাড়ি, গলায় সোনার সরু চেন, হাঁতে প্লেন বালা। মাথায় চুল এত ঘন যে, দু'ধারের কান যেন ঢাকিয়া গিয়াছে—জাপানী মেয়েদের মত ফাঁপানো খোঁপা !

—এইটি আমার মেয়ে, নাম প্রীতিবালা। বেথুন স্কুলে পড়ে, এইবার সেকেন্ড ক্লাসে উঠেছে। ইনি তোমার মাস্টার খুকি—আজ বাদ দিয়ে কাল থেকে উনি আসবেন—হ্যাঁ, এঁর মুখ দেখেই আমার মনে হয়েছে ইনিই ঠিক হবেন। বয়স আপনার আর কত হবে—এই উনিশ-কুড়ি, মুখ দেখেই তো মনে হয় ছেলেমানুষ, তাছাড়া একটা distinction-এর ছাপ রয়েছে। খুকি বসো মা—

টিউশনি জোটার আনন্দে যত হোক-না-হোক, ভ্রমলোক যে বলিয়াছেন তাহার মুখে একটা distinction-এর ছাপ আছে—এই আনন্দে পরিপূর্ণ হইয়া সে সারাটা দিন কাটাইল, ও ক্লাসে, পথে, বাসায়, হোটেল—সর্বত্র বন্ধুবান্ধবদের কাছে কথাটা লইয়া নির্বোধের মত খুব জাঁক করিয়া বেড়াইল। মাহিনা যত নির্দিষ্ট হইয়াছিল, তাহার অপেক্ষা অনেক বেশী বলিল, মেয়েটির সৌন্দর্য-ব্যাখ্যা অনেক বাড়াইয়া করিল, ইত্যাদি।

কিন্তু পরদিন পড়াইতে গিয়া দেখিল—মেয়েটি দেওয়ানপুরের নির্মালা নয়। সেরকম সরলা, স্নেহময়ী, হাস্তমুখী নয়—অল্প কথা কয়, খাটাইয়া লইতে জানে, একটু যেন গর্বিত ! কথাবার্তা বলে হুকুমের ভাবে। অমুক অঙ্কটা কাল বুঝিয়ে দেবেন, অমুকটা কাল ক'রে আনবেন, আজ আরও একঘণ্টা বেশী পড়াবেন, পরীক্ষা আছে—ইত্যাদি ! একদিন কোন কারণে আসিতে না পারিলে পরদিন কৈফিয়ৎ তলব করিবার সুরে অল্পপস্থিতির কারণ জিজ্ঞাসা করে। অপু মনে মনে বড় ভয় খাইয়া গেল, যে রকম মেয়ে, কোন্ দিন পড়ানোর কোন্ ক্রটির কথা বাবাকে লাগাইবে, চাকুরির দফা গয়া—পথে বসা ছাড়া আর কোনও উপায় থাকিবে না। ছাত্রীর উপর অসন্তুষ্টি ও বিরক্তিতে তাহার মন ভরিয়া উঠিল !

মাসখানেক কাটির গেল। প্রথম মাসের মাহিনা পাইয়াই মাকে কিছু টাকা পাঠাইয়া

দিল। বোঁবাজার ডাকঘর হইতে টাকাটা পাঠাইয়া সে চলিয়া যাইতেছিল, সন্দের বন্ধুটি বলিল, এসো তো ভাই একটু চোরাবাজারে, একটা ভাল অপেরামাস কাল দর করে রেখে এশেছি—নিশে আসি।

চোরাবাজারের নামও কখনও অণু শোনে নাই। ঢুকিয়া দেখিয়াই সে অবাক হইয়া গেল। নানা ধরণের জিনিসপত্র, খেলনা, আসবাবপত্র, ছবি, ঘড়ি, জুতা, কলের গান, বই, বিছানা, সাবান, কোঁচ, কেদারা—সবই পুরানো মাল। অণুর মনে হইল—বেশ সস্তা দরে বিকাইতেছে। একটা ফুলের টব, দর বলিল ছ'আনা। একটা ভাল দোয়াতদান দশ আনা। এগারো টাকার কলের গান মায় রেকর্ড। এত দিন কলিকাতায় আছে, এত সস্তায় এখানে জিনিসপত্র বেচা-কেনা হয়, তা তো সে জানে না। এত শৌখিন জিনিসের এত কম দাম।

তাহার মাথায় এক খেয়াল আসিয়া গেল। পরদিন সে বাকী টাকা হাতে বৈকালে আসিয়া চোরাবাজারে ঢুকিল। মনে মনে ভাবিল—এইবার একটু ভাল ভাবে থাকবো, ওরকম গোয়ালঘরে আর থাকতে পারি নে—যেমন নোংরা তেমনি অন্ধকার। প্রথমেই সে কালকার ফুলদানিজোড়া কিনিল। দোয়াতদানের উপর অনেকদিন হইতে বোঁক, সেটিও কিনিল। একটা জাপানী পর্দা, খানচারেক ছবি, খানকতক প্রেট, একটা আয়না, দুটা পাথর-বসানো ছোট একটা আংটি। ছেলেমানুষের মত আনন্দে শুধু জিনিসগুলিকে দখলে আনিবার বোঁকে যাহাই চোখে ভাল লাগিল, তাহাই কিনিল। দাঁও বুঝিয়া ছ'একজন দোকানদার বেশ ঠকাইয়াও লইল। ডবল-উইকের একটা পিতলের টেবিলল্যাম্প পছন্দ হওয়াতে দোকানীকে জিজ্ঞাসা করিল,—এটার দাম কত? দোকানী বলিল,—সাড়ে তিন টাকা। অণুর বিশ্বাস এরকম আলোর দাম পনেরো-ষোল টাকা। এরূপ মনে হওয়ার একমাত্র কারণ এই যে, অনেকদিন আগে লীলাদের বাড়ি থাকিবার সময় সে এই ধরণের আলো লীলার পড়িবার ঘরে টেবিলে জ্বলিতে দেখিয়াছিল। সে বেশী দর কষিতে ভরসা করিল না, চার আনা মাত্র কমাইয়া তিন টাকা চার আনা মূল্যে সেই মাক্কাতার আমলের টেবিল ল্যাম্পটা মহা খুশীর সহিত কিনিয়া ফেলিল। মুটের মাথায় জিনিসপত্র চাপাইয়া সে সোৎসাহে ও সাগ্রহে সব বাসায় আনিয়া হাজির করিল ও সারাদিন খাটিয়া ঘরদোর ঝাড়িয়া, ঝাঁট দিয়া পরিষ্কার পরিচ্ছন্ন করিয়া ছবিগুলি দেওয়ালে টাকাইল, সস্তা জাপানী পর্দাটা দরজার বুলাইল, আয়নাটাকে গজাল ঝাঁটিয়া বসাইল, ফুলদানির জন্ত ফুল কিনিয়া আনিতে ভুলিয়া গিয়াছিল, সেগুলিকে ধুইয়া মুছিয়া আপাততঃ জানালার ধারে রাখিয়া দিল, দোয়াতদানটা তেঁতুল দিয়া মাজিয়া বন্ধ-ঝকে করিয়া রাখিল। টেবিল ল্যাম্পটা পরিষ্কার করিয়া, বাহিরে অনেকদিনের একটা খালি প্যাকবাক্স পড়িয়াছিল, সেটা ঝাড়িয়া মুছিয়া টেবিলে পরিণত করিয়া সন্ধ্যার পর টেবিল-ল্যাম্পটা সেটার উপর রাখিয়া পড়িতে বসিল। বই হইতে মুখ তুলিয়া সে ঘন ঘন ঘরের চারিদিকে খুশীর সহিত চাহিয়া দেখিতেছিল—ঠিক একেবারে যেন বড়লোকদের সাজানো ঘর। ছবি, পর্দা, ফুলদানি, টেবিল-ল্যাম্প সব।—এতদিন পরশা ছিল না, হয় নাই। কিন্তু এইবার কেন সে যহিবেশ মত বিলের কাদায় লুটাইয়া পড়িয়া থাকিতে যাইবে?

বাহাদুরি করিবার ঝাঁকে পরদিন সে ক্লাসের বন্ধুবান্ধবদের নিমন্ত্রণ করিয়া আনিয়া নিজের ঘরে খাওয়ানাইল—প্রণব, জানকী, সতীশ, অনিল এমন কি সেপ্ট জেভিয়ার কলেজের সেই ভূতপূর্ব ছাত্র চালবাজ মন্থকে পর্যন্ত ।

মন্থ ঘরে ঢুকিয়া বলিল—হব্বরে !—আরে আমাদের অপূর্ব এসব করেছে কি ! কোথেকে বাজে রাবিশ এক পুরনো পর্দা জুটিয়েছে ঝাণো । এত খাবার কে খাবে ?

অপু নীচের কারখানায় হেড্ মিস্ত্রীকে বলিয়া তাহাদের বড় লোহার চায়ের কেটলিটা ও একটা পলিতা-বসানো সেকলে লোহার স্টোভ ধার করিয়া আনিয়া চা চড়াইয়াছে, একরাশ কমলালেবু; সিদ্ধাড়া, কচুরী, পানতুরা, কলা ও কাঁচা পাপর কিনিয়া আনিয়াছে—সবাই দেখিতে দেখিতে খাবার অর্ধেকের উপর কমাইয়া আনিল । কথার কথায় অপু তাহাদের দেশের বাড়ির কথা তুলিল—মস্ত দোতলা বাড়ি নদীর ধারে, এখনও পূজার দালানটা দেখিলে তাক লাগে, দেশে এখনও খুব নাম—দেনার দারে মস্ত জমিদারী হাতছাড়া হইয়া গিয়াছে, তাই আজ এ অবস্থা—নহিলে ইত্যাদি ।

প্রণব চা পরিবেশন করিতে গিয়া খানিকটা জানকীর পায়ের উপর ফেলিয়া দিল । ঘরসুদ্ধ সবাই হো হো করিয়া হাসিয়া উঠিল । সতীশ আসিয়াই সটান শুইয়া পড়িয়াছিল অপূর বিছানায়, বলিল,—ওহে তোমরা কেউ আমার গালে একটা পানতুরা ফেলে দাও তো !—হাঁ ক'রে আছি—

সতীশ বলিল,—হাঁ হে ভাল কথা মনে পড়েছে ! তোমার সেই জানালা কাব্যের নার্সিকা কোন্ দিকে থাকেন ? এই জানালাটি নাকি ?—

অনিল বাদে আর সকলেই হাসি ও কলরবের সঙ্গে সেদিকে ঝাঁকিয়া পড়িতে গেল—অপু লজ্জামিশ্রিত সুরে বলিল—না না ভাই, ওদিক যেও না—সে কিছু না, সব বানানো কথা আমার—ওসব কিছু না—

মেরেটি পাগল এই ধারণা হওয়া পর্যন্ত তাহার কথা মনে উঠিলেই অপূর মন কল্পপ্রায় হইয়া ওঠে । তাহাকে লইয়া এই হাসি-ঠাট্টা তাহার মনে বড় বিঁধিল । কথার সুর ফিরাইবার জন্ত সে-নতুন-কেনা পর্দাটার দিকে সকলের দৃষ্টি আকর্ষণ করিল । পরে হঠাৎ মনে পড়াতে সে সেই ঝুটা পাথরের আংটিটা বাহির করিয়া খুশীর সহিত বলিল,—এটা ঝাণো তো কেমন হয়েছে ? কত দাম হবে ! মন্থ দেখিয়া বলিল,—এ কোথাকার একটা বাজে পাথর বসানো আংটি, কেমিকেল সোনার, এর আবার দামটা কি...দূর !

অনিলের এ কথাটা ভাল লাগিল না ! মন্থ ইতিপূর্বে অপূর পর্দাটা দেখিয়া নাক সিঁটকাইয়াছে, ইহাও তার ভাল লাগে নাই । সে বলিল—তুমি তো জহরী নও, সব ভাত্তেই চাল দিতে আস কেন ? চেনো এ পাথর ?

—জহরী হবার দরকারটা কি শুনি—এটা কি এমারেল্ড, না হীরে, না—

—শুধু এমারেল্ড আর হীরের নাম শুনে রেখেছ বৈ তো নয় ? এটা কর্নেলিয়ান—চেনো কর্নেলিয়ান ? অল্পের খনিতে পাওয়া যায়, আমাদের ছিল, আমি খুব ভাল জানি ।

অনিল খুব ভালই জানে অপূর আংটির পাথরটা কর্নেলিয়ান নয়, কিছুই নয়—শুধু মন্থর কথার প্রভিবাদ করিয়া মন্থর চালিয়াতি কথাবার্তার অপর মনে কোনও ঘা না লাগে সেই চেষ্টায় কর্নেলিয়ান ও টোপাজ পাথরের আকৃতি প্রকৃতি সম্বন্ধে তাহা মুখে আসিল তাহাই বলিতে লাগিল। তার অভিজ্ঞতার বিরুদ্ধে মন্থর সাহস করিয়া আর কিছু বলিতে পারিল না।

তাহার পর প্রথম একটা পান ধরাতে উভয়ের তর্ক থামিয়া গেল। আরও অনেকক্ষণ ধরিয়া হাসিখুসী, কথাবার্তা ও আরও বার-দুই চা খাইবার পরে অস্ত্র সকলে বিদায় লইল, কেবল অনিল থাকিয়া গেল, অপুও তাহাকে থাকিতে অনুরোধ করিল।

সকলে চলিয়া যাইবার কিছু পরে অনিল ভৎসনার সুরে বলিল—আচ্ছা, এসব আপনাদের কি কাণ্ড? (সে এতদিনের আলাপে এখনও অপুকে 'তুমি' বলে না) কেন এসব কিনলেন মিছে পরিশ্রম করচেন?

অপু হাসিয়া বলিল,—কেন তাতে কি? এসব তো—ভাল থাকতে কি ইচ্ছে যায় না?

—খেতে পান না এদিকে, আর মিথ্যে এই সব—সে যাক, এই দামে পুরানো বইয়ের দোকানের সে গিবনের সেটটা যে হয়ে যেতো। আপনাদের মত লোকও যদি এই ভূয়ো মালের পেছনে পরিশ্রম করতেন তবে অস্ত্র ছেলের কথা কি? একটা পুরানো দূরবীন যে এই দামে হয়ে যেতো! আমার সন্ধানে একটা আছে ফ্রী স্কুল স্ট্রীটের এক জায়গায়—একটা সাহেবের ছিল—স্মাটার্নের রিং চমৎকার দেখা যায়—কম টাকায় হ'ত, মেম বিক্রী করে ফেলছে অভাবে—আপনি কিছু দিতেন, আমি কিছু দিতাম, দু'জনে কিনে রাখলে ঢের বেশী বুদ্ধির কাজ হ'ত—

অপু অপ্রতিভের হাসি হাসিল। দূরবীনের উপর তাহার লোভ আছে অনেকদিন হইতে। এতক্ষণ তাহার মনে হইল—এ টাকার ইহা অপেক্ষাও সম্ভার হইতে পারিত বটে। কিন্তু সে যে ভাল থাকিতে চায়, ভাল ঘরে সুদৃশ্য সুরচিতসম্মত আসবাবপত্র রাখিতে চায়—সেটাও তো তার কাছে বড় সত্য—তাহাকেই বা সে মনে মনে অস্বীকার করে কি করিয়া?

অনিল আর কিছু বলিল না। পুরানো বাজারের এ-সব সস্তা খেলো মাশকে তাহার বন্ধু যে এত খুসীর সহিত ঘরে আনিয়া ঘর সাজাইয়াছে, ইহাতেই সে মনে মনে চটিয়াছিল—শুধু অপূর মনে আর বেশী আঘাত দিতে ইচ্ছা না থাকায় সে বিরক্তি চাপিয়া গেল।

অপু বলিল—ছলোড়ে প'ড়ে তোমার খাওয়া হ'ল না অনিল, আর খানকতক কাঁচা পাপর ভাজবো?

অনিল আর খাইতে চাহিল না। অপু বলিল—তবে চলো, কোথাও বেরুই—গড়ের মাঠে কি গজার ধারে।

অনিলও তাই চায়, বলিল, দেখুন অপূর্ববাবু, উনিশ কুড়ি এতুখ বছর থেকে পঞ্চাশ বাট বছর বয়সের লোকে পর্যন্ত কি রকম গলির মধ্যে বাড়ির সামনের ছোট্ট রোম্বাকটুকুতে বসে আড্ডা দিচ্ছে—এমন চমৎকার বিকেল, কোথাও বেরুনো নেই, শরীরের বা মনের কোনও অ্যাডভেঞ্চার নেই, আসনপিড়ি হয়ে সব বস্তু বুদ্ধি শেষে ঘরের কোণের কথা, পাড়ার গুজব,

কি দরে কে ওবেলা বাজারে ইলিশ মাছ কিনেছে সেই সব—ও: হাউ আই হেট দেম্! আপনি জানেন না, এই সব রাক্ স্টুপিডিটি দেখলে আমার রক্ত গরম হয়ে ওঠে—বরদাস্ত করতে পারি নে মোটে—গা যেন কেমন—

—কিন্তু ভাই, তোমার ও-গডের মাঠে আমার মন ভোলে না—মোটরের শব্দ, মোটর বাইকের ফটু ফটু আওয়াজ, পেট্রোল গ্যাসের গন্ধ, ট্রামের ঘড়ঘড়ানি—নামেই ভাই মাঠ, গন্ধার কথা আর না—ই বা তুললাম!

—কাল আপনাকে নিয়ে যাব এক জায়গায়! বুঝতে পারবেন একটা জিনিস—একটা ছেলে—আমার এক বন্ধুর বন্ধু—ছেলেটা সাউথ আফ্রিকায় মাহুয হয়েছে, সেইখানেই জন্ম—সেখান থেকে তার বাবা তাদের নিয়ে চলে এসেছে কলকাতায়, কিয়ার্স লেনে থাকে। তার মুখের কথা শুনে এমন আনন্দ হয়! এমন মন! এখানে থেকে মরে যাচ্ছে—শুনবেন তার মুখে সেখানকার জীবনের বর্ণনা—হিংসে হয়, সত্যি!

অপু এখনি যাইতে চায়! অনিল বলিল, আজ থাক্ কাল ঠিক যাব হুঁজনে! দেখুন অপূর্ববাবু, কিছু যেন মনে করবেন না, আপনাকে তখন কি সব বললাম বাঁলে। আপনারা কি জন্তে তৈরী হয়েছেন জানেন? ওসব চিপ ফাইনারীর খদ্দের আপনারা কেন হবেন? দেখুন, এ পুরুষ তো কেটে গেল, এ সময়ের কবি, বৈজ্ঞানিক, দাতা, লেখক, ডাক্তার, দেশ-সেবক—এঁরা তো কিছুদিন পরে সব ফৌত হবেন, তাঁদের হাত থেকে কাজ তুলে নিতে হবে কাদের, না, যাবা এখন উঠছে। একদল তো চাই এই জেনারেশনের হাত থেকে সেই সব কাজ নেবার? সাহিত্যে, বিজ্ঞানে, আর্টে, দেশসেবায়, গানে—সব কিছুতে, নতুন দল যারা উঠছে, বিশেষ ক'রে যাদের মধ্যে গিক্টি আছে, তাদের কি ছল্লোড ক'রে কাটাবার সময়?

অপু মুখে হাসিয়া কথাটা উড়াইয়া দিল বটে, কিন্তু গনে মনে ভারী খুশী হইল—কথার মধ্যে তাহারও যে দিবার কিছু আছে বা থাকিতে পারে সেদিকে ইঙ্গিত করা হইয়াছে বুঝিয়া।

পরে হুঁজনে বেড়াইতে বাহির হইল।

নবম পরিচ্ছেদ

ছাত্রীকে পড়াইতে যাইবার সময় অপূর গায়ে যেন জর আসে, ছুটি-ছাটার দিনটা না যাইতে হইলে সে যেন বাঁচিয়া যাস। অদ্ভুত মেয়ে! এমন কারণে-অকারণে প্রভুত্ব জাহির করার চেষ্টা, এমন ভাঙ্ছিলোর ভাব—এই রকম সে একমাত্র অতসীদি'তে দেখিয়াছে!

একদিন সে ছাত্রীর একটা রূপা-বাঁধানো পেন্সিল হারাইয়া ফেলিল। পকেটে তুলিয়া লইয়া গিয়াছিল, কোথায় ফেলিয়াছে, তারপর আর কিছু খেয়াল ছিল না, পরদিন স্ত্রীতি সেটা

চাহিতেই তাহার তো চক্ষুস্থির ! সঙ্কচিতভাবে বলিল—কোথায় যে হারিয়ে ফেললাম—কাল বরং একটা কিনে—

শ্রীতি অপ্রসন্ন মুখে বলিল, ওটা আমার দাতুমণির দেওয়ার পার্থক্যে গিক্‌ট ছিল—

ইহার পর আর কিনিয়া আনিবার প্রস্তাবটা উত্থাপিত করা যায় না, মনে মনে ভাবিল, কাল থেকে ছেড়ে দেবো।—এখানে আর চলবে না।

কি একটা ছুটির পরদিন সে পড়াইতে গিয়াছে, শ্রীতি জিজ্ঞাসা করিল, কাল যে আসেন নি ?

অপু বলিল, কাল ছিল ছুটির দিনটা—তাই আর আসি নি।

শ্রীতি ঝুঁকি করিয়া বলিয়া বসিল—কেন, কাল তো আমাদের সরকার, বাইরের দু'জন চাকর, ড্রাইভার সব এসেছিল ? আমার পড়াগুলো কিছু হ'ল না, আজ ডিটেন্‌ক'রে রাখলে পাঁচটা অবধি।

অপুর হঠাৎ বড় রাগ হইল, দুঃখও হইল। ঋণিকরূপ চূপ করিয়া থাকিয়া বলিল, আমি তোমাদের সরকার কি রাধুনীঠাকুর তো নই, শ্রীতি ! কাল স্কুল-কলেজ সব বন্ধ ছিল, এতদ্বারা ভাবলাম আর যাব না। আমার যদি ভুলই হয়ে থাকে—তোমার সেই রকম মাস্টার রেখো যিনি এখানে বাজার-সরকারের মত থাকবেন। আমি কাল থেকে আর আসব না বলে যাচ্ছি।

বাড়ির বাহিরে আসিয়া মনে হইল—দেওয়ানপুরের নির্মলাদের কথা। তাহারাও তো অবস্থাপন্ন, তাহাদের বাড়িতেও সে প্রাইভেট মাস্টার ছিল, কিন্তু সেখানে সে ছিল বাড়ির ছেলের মত—নির্মলার মা দেখিতেন ছেলের চোখে, নির্মলা দেখিত ভাইয়ের চোখে—সে স্নেহ কি পথেঘাটে স্নান ? নির্মলার মত মমতাময়ীকে তখন সে চিনিয়াও চেনে নাই, আজ নতুন করিয়া তাহাকে আর চিনিয়া লাভ কি ? আর লীলা ? সে কথা ভাবিতেই বুকের ভিতরটা যেন কেমন করিয়া উঠিল—যাক্ সে সব কথা।

হাতের টাকায় কিছুদিন চলিল। ইতিমধ্যে কলেজে একটা বড় ঘটনা হইয়া গেল, প্রণব লেখাপড়া ছাড়িয়া কি নাকি দেশের কাজ করিতে চলিয়া গেল। সকলে বলিল, সে এনার্কিস্ট দলে যোগ দিয়াছে।

প্রণব চলিয়া যাওয়ার মাসখানেক পর একদিন অপু হোটেলের খাইতে গিয়া দেখিল, সুন্দর-ঠাকুর হোটেলওয়ালার মুখ ভার ভার। দু'দিন মাসের টাকা বাকী, পাওনাদার আর কত দিন শোনে ? আজ সে স্পষ্ট জানাইল, দেনা শোধ না করিলে আর সে খাইতে পাইবে না। বলিল—বাবু, অল্প খন্দের হলে মাসের পরলাটি যেতে দিই নে—ওই কুঠোবাবু খায়, ওদের পাটের কলের হাটাটি পেলে দিবে দেয়—তুমি বলে আমি কিছু বলছি না—দু'মাসের ওপর আজ নিরে সাত দিন। যাক্ আর পারবো না, আপুনি আর আসবেন না—আমার জাত একজন ভদ্রনোকের ছেলে খেয়েছে ভাববো, আর কি করব ?

কথাগুলি খুব স্তাব্য এবং আর্দ্র অসম্ভব নয়, কিন্তু খাইতে গিয়া এরূপ রূঢ় প্রত্যাখ্যান

অপুর চোখে জল আসিল। তাহার তো একদিনও ইচ্ছা ছিল না যে, ঠাকুরকে সে কাঁকি দিবে, কিন্তু সেই প্রীতির টিউশনিটা ছাড়িয়া দেওয়ার পর আজ দুই-তিনমাস একেবারে নিরুপায় অবস্থায় ঘুরিতেছে যে!

বিপদের উপর বিপদ। দিন-দুই পরে কলেজে গিয়া দেখিল নোটিশ বোর্ডে লিখিয়া দিয়াছে, যাহাদের মাহিনা বাকী আছে, এক সপ্তাহের মধ্যে শোধ না করিলে কাহাকেও বার্ষিক পরীক্ষা দিতে দেওয়া হইবে না। অপু চক্ষে অন্ধকার দেখিল। প্রায় গোটা এক বৎসরের মাহিনাই যে তাহার বাকী।—মাত্র মাস-দুইয়ের মাহিনা দেওয়া আছে—সেই প্রথম দিকে একবার, আর প্রীতির টিউশনির টাকা হইতে একবার—তাহার পর হইতে খাওয়াই জ্বোটে না তো কলেজের মাহিনা।—দশ মাসের বেতন ছ' টাকা হিসাবে ষাট টাকা বাকী। কোন দিক হইতে একটা কলঙ্কধরা নিকেলের সিকিও আসিবার সুবিধা নাই যাহার, ষাট টাকা সে এক সপ্তাহের মধ্যে কোথা হইতে যোগাড় করিবে? হয়ত তাহাকে পরীক্ষা দিতে দিবে না, গ্রীষ্মের ছুটির পর সেকেণ্ড ইয়ারে উঠিতে দিবে না, সারা বছরের কষ্ট ও পরিশ্রম সব বার্থ নিরর্থক হইয়া যাইবে।

কলেজ হইতে বাহির হইয়া আসিয়া সন্ধ্যার সময় সে হাত-খরচের পয়সা হইতে চাউল ও আলু কিনিয়া আনিয়া থাকিবার ঘরের সামনের বারান্দাতে রান্নার যোগাড় করিল। হোটেলের খাওয়া বন্ধ হইবার পর হইতে আজ কয়দিন নিজে রান্না খাইতেছে। হিসাব করিয়া দেখিয়াছে ইহাতে খুব সস্তায় হয়। কাঠ কিনিতে হয় না। নিচের কারখানার ছুতার-মিস্ত্রীদের ঘর হইতে কাঠের চৌচ ও টুকরা কুড়াইয়া আনে, পাঁচ-ছ'র পয়সায় খাওয়া দাওয়া হয়। আলুভাতে ডিমভাতে আর ভাত। ভাত চড়াইয়া ডাক দিল—ও বহ—বহ—নিয়ে এসো, আমার হয়ে গেল ব'লে—ছোট কাঁসিটাও এনো—

কারখানার দারোয়ান শব্দদস্ত তেওয়ারীর বৌ একখানা বড় পিতলের থালা ও কাঁসি লইয়া উপরে আসিল—এক লোটা জল ও গোটাকতক কাঁচা লঙ্কাও আনিল।

থালা বাসন নাই বলিয়া সে-ই দুই বেলা থালা আনিয়া দেয়। হাসিমুখে বলিল, মছলিকা তরকারী হুম্ নেছি ছুঁয়ে গা বাবুজি—

—কোথায় তোমার মছলি?—ও শুধু আলু—একটু হালুদবাটা এনে ঝাও না বহ? রোজ রোজ আলুভাতে ভাল লাগে না—

বহকে ভাল বলিতে হইবে, রোজ উচ্ছিষ্ট থালা নামাইয়া লইয়া যায়, নিজে মাজিয়া লয়—হিন্দুবানী ব্রাহ্মণে বাহা কখনও করে না—অপু বাধা দিয়াছিল, বহ বলে, তুম্ তো হামারে লেড়কাকে বরাবর হোগে বাবুজী—ইসমে ক্যা হাঁয়?—

দিনকতক পর মায়ের একটা চিঠি আসিল, হঠাৎ পিছলাইয়া পড়িয়া সর্বজয়ার পায়ে বড় লাগিয়াছে, পরসার কষ্ট ঘাইতেছে। মায়ের অভাবের খবর পাইলে অপু বড় ব্যস্ত হইয়া ওঠে, মায়ের নানা কাল্পনিক দুঃখের চিন্তায় তাহার মনকে অস্থির করিয়া তোলে, হয়ত আজ পরসার অভাবে মায়ের খাওয়া হইল না, হয়ত কেহ দেখিতেছে না, যা আজ ছুঁদিন উপবাস

করিয়া আছে, এই-সব নানা ভাবনা আসিয়া জোটে, নিজের আলুভাতে ভাতও যেন গলা দিয়া নামিতে চায় না।

এদিকে আর এক গোলমাল—কারখানার ম্যানেজার ইতিপূর্বে তাহাকে বার-দুই ডাকাইয়া বলিয়াছিলেন, উপরে সে যে ঘরে আছে তার সমস্তটাই ঔষধের গুদাম করা হইবে—সে যেন অল্পত বাসা দেখিয়া লয়—বলিয়াছিলেন আজ মাস তিনেক আগে, তাহার পর আর কোনও উচ্চবাচ্য করেন নাই—অপুও থাকিবার স্থানের জন্ত কোথায় কি ভাবে কাহার কাছে গিয়া চেষ্টা করিবে বুঝিতে না পারিয়া একরূপ নিশ্চেষ্টই ছিল এবং নিশ্চিন্ত ভাবে দিন যাইতে দেখিয়া ভাবিয়াছিল, ও-কথা হয়ত আর উঠিবে না—কিন্তু এইবার যেন সময় পাইয়াই ম্যানেজার বেশী পীড়াপীড়ি আরম্ভ করিলেন।

হাতের পরমা ফুরাইয়া আসিবার সঙ্গে সঙ্গে অপু এও সাধ করিয়া কেনা শখের আসবাব-গুলি বেচিতে আরম্ভ করিল। প্রথমে গেল প্লেটগুলি—তাও কেহই কিনিতে চায় না—অবশেষে চৌদ্দ আনার এক পুরানো দোকানদারের কাছে বেচিয়া দিল। সেই দোকানদারই ফুলদানিটা আট আনার কিনিল, দু'খানা ছবি দশ আনার। তবু শেষ পর্যন্ত সে স্রাণ্ডোর ডায়েলটা ও জাপানী পর্দাটা প্রাণপণে আঁকড়াইয়া রহিল।

সে শীঘ্রই আবিষ্কার করিল—ছাত্তু জিনিসটার অসীম গুণ—সস্তার দিক হইতেও বটে, অল্প খরচে পেট ভরাইবার দিক হইতেও বটে। আগে আগে চৈত্র বৈশাখ মাসে তাহার মা নতুন যবের ছাত্তু কুটিয়া তাহাদের খাইতে দিত—তখন ছাত্তু ডিল বৎসরের মধ্যে একবার পাল-পার্বেণ শখ করিয়া খাইবার জিনিস, তাহাই এখন হইয়া পড়িল প্রাণধারণের প্রধান অবলম্বন। আগে একটু আধটু গুড়ে তাহার ছাত্তু খাওয়া হইত না, গুড় আরও বেশী করিয়া দিবার জন্ত যাকে কত বিরক্ত করিয়াছে, এখন খরচ বাঁচাইবার জন্ত শুধু হুন ও তেওয়ারী-বহর নিকট হইতে কাঁচা লক্ষা আনাইয়া তাই দিয়া খায়। অভ্যাস নাই, খাইতে ভাল লাগে না!

কিন্তু ছাত্তু খুব স্বাস্থ্য না হউক, তাহাও বিনা পরসায় পাওয়া যায় না। অপু বুঝিতেছিল—টানাটানি করিয়া আর বড়-জোর দিনদশেক—তারপর কুলকিনারাহীন অজানা মহাসযুদ্ধ। ...তখন কি উপায়?

সে রোজ সকালে উঠিয়া নিকটবর্তী এক লাইব্রেরীতে গিয়া দৈনিক ইংরেজী-বাংলা কাগজে ছেলে-পড়ানোর বিজ্ঞাপন খুঁজিয়া দেখে। গ্যাস-পোস্টের গারেও অনেক সময় এই ধরণের বিজ্ঞাপন মারা থাকে—চলিতে চলিতে গ্যাস পোস্টের বিজ্ঞাপন দেখিয়া বেড়ানো তাহার একটা বাস্তবিক হইয়া দাঁড়াইল। প্রায়ই বাড়িভাড়ার বিজ্ঞাপন।—আলো ও হাওয়ারুক্ত জঙ্গলপ্রিবাবের থাকিবার উপযোগী দুইখানি কামরা ও রান্নাঘর, ভাড়া নামযাত্র। যদি বা কালেতদ্রে এক-আধটা ছেলে-পড়ানোর বিজ্ঞাপন পাওয়া যায়, তার ঠিকানাটি আগে কেহ ছিঁড়িয়া দিয়াছে। কাপড় ময়লা হইয়া আসিল বেজার, সাবানের অভাবে কাচিতে পারিল না। তেওয়ারীর স্ত্রী একদিন সোভা সাবান দিয়া নিজেদের কাপড় সিক্ত করিতে বসিয়াছে, অপু নিজের ময়লা শার্ট ও দুইখানা লইয়া গিয়া বসিল, বহু, তোমার সাবানের বোল্ একটু

দেবে, আমি এ ছুটোর মাথিয়ে রেখে দি—তারপর ওবেলা কলেজ থেকে এসে কলে জল এলে কেচে দেবো—দেবে ? ..

তেওয়ারী-বধু বলিল, দে দিজিয়ে না বাবুজী, হাম্ হাঁড়ি যে ডাল দেগা।

অপু ভাবে—আহা বহ কি ভালো লোক!—যদি কখনও পরমা হয় ওর উপকার করবো—

এক একবার তাহার মনে হয়, যদি কিছু না জোটে, তবে এবার হয়ত কলেজ ছাড়িয়া দিয়া মনসাপোতা কিরিতে হইবে—কিন্তু সেখানেও আর চলিবার কোনও উপায় নাই, তেলি ও কুণ্ডুরা পূজার জন্ত অস্ত্রস্থান হইতে পূজারী-বামুন আনাইয়া জায়গা-জমি দিয়া বাস করাইয়াছে। আজ কয়েকদিন হইল মায়ের পত্রে সে-খবর জানিয়াছে, এখন তাহার মাকেও আর তেলিরা তেমন সাহায্য করে না, দেখে-শোনে না। মায়ের একাই চলে না—তার মধ্যে সে আবার কোথায় গিয়া জুটিবে?—তাহা ছাড়া পড়াশুনা ছাড়া? অসম্ভব!

সে নিজে বেশ বৃত্তিতে পারে, এই এক বৎসরে তাহার মনের প্রসারতা এত বাড়িয়া গিয়াছে, এমন একটা নতুনভাবে সে জগৎটাকে, জীবনটাকে দেখিতে আরম্ভ করিয়াছে—যা' কিনা দশ বৎসর মনসাপোতা কি দেওয়ানপুরে পড়িয়া হাবুড়বু খাইলেও সম্ভব হইয়া উঠিত না। সে এটুকু বেশ বোঝে, কলেজে পড়িয়া ইহা হয় নাই, কোনও প্রফেসরের বক্তৃতাতেও না—যাহা কিছু হইয়াছে, এই বড় আলমারীভরা লাইব্রেরীটার কাছে সে তাহার জন্ত কৃতজ্ঞ।

যতক্ষণ সে লাইব্রেরীতে থাকে, ততক্ষণ তাহার খাওয়া-দাওয়ার কথা তত মনে থাকে না। এই সময়টা একটা খেয়ালের ঘোরে কাটে। খেয়ালমত এক একটা বিষয়ে প্রাণ জাগে মনে, তাহার উত্তর খুঁজিতে গিয়া বিকারের রোগীর মত অদম্য পিপাসায় সে সযত্নে বত বই পাওয়া যায় হাতের কাছে—পড়িতে চেষ্টা করে। কখনও খেয়াল—নক্ষত্র জগৎ...কখনও প্রাচীন গ্রীস ও রোমের জীবনযাত্রা প্রাণালীর সহিত একটা নিবিড় পরিচয়ের ইচ্ছা—কখনও কীটস, কখনও হল্যাণ্ড রোজের নেপোলিয়ন। কোন খেয়াল থাকে ছু'দিন, কোনোটা আবার একমাস! তার কল্পনা সব সময়ই বড় একটা কিছুকে আশ্রয় করিয়া পুষ্টিলাভ করিতে চায়—বড় ছবি, আড়ির উত্থান-পতনের কাহিনী, টাদের দেশের পাহাড়শ্রেণী, বর্তমান মহাযুদ্ধ, কোন বড়লোকের জীবনী।

কায়খানার ম্যানেজার আর একদিন তাগিদ দিলেন। খুব সুখের বাসা ছিল না বটে, কিন্তু এখন সে যার কোথায়? হাতে কিছু না থাকায় সে এবার পর্দাটা একদিন বেচিতে লইয়া গেল। এটা তাহার বড় শখের জিনিস ছিল। পর্দাটাতে একটা জাপানী ছবি আঁকা—সুন্দর ভরা চেহারা গাছ, একটু জলবেধা, মাঝ-অলে বড় বড় ভিক্টোরিয়া রিজিয়া ফুটিয়া আছে, ওপারে চেউখেলানো কাঠের ছাদওয়ালো একটা দেবমন্দির, ঘুরে ফুজিসানের ভুবান্নাবৃত শিখর একটু একটু নজরে পড়ে। এই ছবিখানার জন্তই সে পর্দাটা কিনিয়াছিল, এইজন্তই এত দিন হাতছাড়া করিতে পারে নাই—কিন্তু উপায় কি? লাঞ্চে ডিন টাকা দিয়া কেনা ছিল, বহু দোকান ঘুরিয়া তাহার দাম হইল একটাকা ডিন আনা।

পর্দা বেচিয়া অনেকদিন পর সে ভাত রাঁধিবার ব্যবস্থা করিল। ছাতু খাইয়া খাইয়া অকিঞ্চিৎ খরিয়া গিয়াছে, বাজার হইতে এক পয়সার কলমী শাকও কিনিয়া আনিল। মনে পড়িল—সে কলমী শাক ভাজা খাইতে ভালবাসিত বলিয়া ছেলেবেলায় দ্বিদি যখন-তখন গড়ের পুকুর হইতে কত কলমী তুলিয়া আনিত! দিন সাতকে পর্দা-বেচা পয়সায় চলিল মন্দ নয়, তারপরই ষে-কে সে-ই! আর পর্দা নাই, কিছুই নাই, একেবারে কানাকড়িটা হাতে নাই।

কলেজ যাইতে হইল না-খাইয়া। বৈকালে কলেজ হইতে বাহির হইয়া সতাই মাথা ঘুরিতে লাগিল, আর সেই মাথা ঝিম্ ঝিম্ করা, পা নড়িতে না চাওয়া। মুশকিল এই যে, ক্লাসে মিথ্যা গর্ব ও বাহাদুরির ফলে সকলেই জানে, সে অবস্থাপর ঘরের ছেলে, কাহারও কাছে বলিবার মুখও তো নাই। ছুঁ একজন যাহারা জানে—যেমন জানকী—তাহাদের নিজেদের অবস্থাও তখৈবচ।

সারাদিন না খাইয়া সন্ধ্যার সময় বাসায় আসিয়াই শুইয়া পড়িল। রাত আটটার পরে আর না থাকিতে পারিয়া তেওয়ারী-বধুকে গিয়া জিজ্ঞাসা করিল—ছোলা কি অডহরের ডাল আছে, বহু? আজ আর ক্ষিদে নেই তেমন, রাঁধবো না আর, ভিজিয়ে খেতাম।

সকালে উঠিয়াই প্রথমে তাহার মনে আসিল যে, আজ সে একেবারে কপর্দকশূণ্য! আজও কালকার মত না খাইয়া কলেজে যাইতে হইবে। কতদিন এভাবে চালাইবে সে? না খাইয়া থাকার কষ্ট ভয়ানক—কাল লজিকের ঘণ্টার শেষে সেটা সে ভাল করিয়া বুঝিয়াছিল—বিকালের দিকে ক্ষুধাটা পড়িয়া যাওয়াতে তত কষ্ট বোঝা যায় নাই—কিন্তু সেই বেলা দুটোর সময়টা!...পেটে ঠিক যেন বোলভার ঝাঁক ছল ফুটাইতেছে—বার দুই জল খাইবার ঘরে গিয়া গ্লাস-কডক জল খাইয়া কাল যন্ত্রণাটা অনেকখানি নিবারণ হইয়াছিল। আজ আবার সেই কষ্ট সন্মুখে!

হাতমুখ ধুইয়া বাহির হইয়া বেলা দশটা পর্যন্ত সে আবার নানা গ্যাঙ্গ-পোস্টের বিজ্ঞাপন দেখিয়া বেড়াইল, তাহার পর বাসায় না ফিরিয়া সোজা কলেজে গেল। অল্প কয়েক কিছু লক্ষ্য না করিলেও অনিল দু'দিনবার জিজ্ঞাসা করিল—আপনার কোনও অনুখ-বিসুখ হয়েছে? মুখ শুকনো কেন? অপু অল্প কথা পাড়িয়া প্রশ্নটা এড়াইয়া গেল। বই লইয়া আজ সে কলেজে আসে নাই, খালি হাতে কলেজ হইতে বাহির হইয়া রাস্তার রাস্তার খানিকটা ঘুরিল। হঠাৎ তাহার মনে হইল, মা আজ দিন-বারো আগে টাকা চাহিয়া পত্র পাঠাইয়াছিল—টাকাও দেওয়া হয় নাই, পত্রের জবাবও না।

কথাটা ভাবিতেই সে অত্যন্ত ব্যাকুল হইয়া পড়িল—না-খাওয়ার কষ্ট সে ভাল বুঝিয়াছে—মারেরও হয়ত বা এতদিন না খাওয়া শুরু হইয়াছে, কে জানে? তাহা ছাড়া মারের স্বভাবও সে ভাল বোঝে, নিজের কষ্টের বেলা মা কাহাকেও বলিবে না বা জানাইবে না, মুখ বুজিয়া সমুদ্র গিলিবে।

অপু অস্থির হইয়া পড়িল। এখন কি করে সে! জ্যাঠাইমাদের বাড়ি গিয়া সব খুলিয়া বলিবে?—সোটাঁকডক টাকা যদি এখন ধার পাওয়া যায় সেখানে, মাকে তো আপাততঃ

পাঠাইয়া দেওয়া যাইবে এখন।—কিন্তু খানিকটা ভাবিয়া দেখিল, সেখানে গিয়া সে টাকার কথা তুলিতেই পারিবে না—জ্যাঠাইমাকেই সে মনে মনে ভয় করে। অখিলবাবু? সামান্ত মাহিনা পায়, সেখানে গিয়া টাকা চাহিতে বাধে। তাহার এক সহপাঠীর কথা হঠাৎ তাহার মনে পড়িল, খুব বেশী আলাপ নাই, কিন্তু শুনিয়াছে বড়লোকের ছেলে—একবার যাইয়া দেখিবে কি? ছেলেটির বাড়ি বৌবাজারের একটা গলিতে, কলকাতার বনেদি ঘর, বড় তেতলা বাড়ি, পুজার দাগান, সামনে বড় বড় সেকলে ধরণের খাম, কানিসে একঝাঁক পায়রার বাসা; বাহিরের ফ্লোরের খোপটা একজন হিন্দুস্থানী ভূজাওয়াল ভাড়া লইয়া ছাত্তুর দোকান খুলিয়াছে। একটু পরেই অপূর সহপাঠী ছেলেটি বাহিরে আসিয়া বলিল—ঠেক, কে ডাকছে—ও—তুমি?—রোল টু এল্ড; এন্ড উজ মি—তোমার নামটা জানি নে ভাই—sorry—এস, এস, ভেতরে এস।

খানিকক্ষণ বসিয়া গল্পগুজব হইল। খানিকক্ষণ গল্প করিতে করিতে অপূ বুঝিল, এখানে টাকার কথা তোলাটা তাহার পক্ষে কতদূর দুঃসাধ্য ব্যাপার।—অসম্ভব—তাহা কি কখনও হয়? কি বলিয়া টাকা ধার চাহিবে সে এখানে? এই আমাকে এই—গোটাকতক টাকা ধার দিতে পার ক’দিনের জন্তে? কথাটা কি বিলী শোনাইবে! ভাবিতেও যেন লজ্জা ও সঙ্কোচে তাহার মুখ ঘামিয়া রাঙা হইয়া উঠিল। ছেলেটি বলিল—বা রে এখুনি উঠবে কি?—না না, বোসো, চা খাও—দাঁড়াও, আমি আসছি—

ঘিয়ে-ভাজা চিঁড়ে, নিমকি, শেপে-কাটা, সন্দেশ ও চা। অপূ ক্ষুধার মুখে লোভীর মত শেগুলি ব্যগ্রভাবে গোঁগ্রাসে গিলিল। গরম চা করেক চুমুক খাইতে শরীরের কিম্ব কিম্ব ভাবটা কাটিয়া মনের স্বাভাবিক অবস্থা যেন ফিরিয়া আসিল এবং আসিবার সঙ্গে সঙ্গে এখানে টাকা ধার চাওয়াটা যে কতদূর অসম্ভব সেটাও বুঝিল। বন্ধুর নিকট হইতে বিদায় লইয়া বাহিরে আসিয়া ভাবিল—ভাগিয়াস্—হাউ য়াব্ সার্ভ। তা’ কি কখনও আমি—দূর!

রাত্রিতে শুইয়া ভাবিতে ভাবিতে তাহার মনে পড়িল, আগামীকাল নববর্ষের প্রথম দিন। কাল কলেজের ছুটি আছে। কাল একবার শ্রামবাজারে জ্যাঠাইমাদের বাড়িতে যাইবে, নববর্ষের দিনটা জ্যাঠাইমাকে প্রণাম করিয়া আসাও হইবে—সেটাও একটা কর্তব্য, তাহা ছাড়া—

মনে মনে ভাবিল—কাল গেলে জ্যোঠিমা কি আর না খাইয়ে ছেড়ে দেবে? বছরকারের দিনটা—সেদিন সুরেশদা তো আর বাড়ির মধ্যে বলে নি—বললে কি আর খেতে বলত না? সুরেশদা ওই রকম তুলো মাল্লম।—

তুল কাহার, পরদিন অপূর বুঝিতে দেয় হইল না। সকালে ন’টার সময় সুরেশদের বাড়ি গিয়া প্রথমে বাহিরে কাহাকেও পাইল না। বলা না, কওয়া না, হপ্ করিয়া কি বাড়ির ভিতর ঢুকিয়া যাইবে? কি সমাচার, না নববর্ষের দিন প্রণাম করিতে আসিয়াছি—ছুতটা যে বড় দুর্বল। সাত পাঁচ ভাবিতে ভাবিতে সে খানিকক্ষণ পরে বাড়ির মধ্যে ঢুকিয়া পড়িয়া একেবারে জ্যাঠাইমাকে পাইল দরজার সামনের রোয়াকে। প্রণাম করিয়া পায়ের ধূল

লইল, জ্যাঠাইমার মুখে যে বিশেষ প্রীতি বিকশিত হইল না, তাহা অপূ ছাড়া যে-কেহ বৃদ্ধিতে পারিত। তাহার সংবাদ লইবার জন্ত তিনি বিশেষ কোন আগ্রহ প্রকাশ করিলেন না, সেই নিজের সঙ্কোচ ঢাকিবার জন্ত অতসীদি কবে শ্বশুরবাড়ি গিয়াছে, সুনীল বৃদ্ধি কোথায় বাহির হইয়াছে প্রভৃতি ধরণের যামুলি প্রশ্ন করিয়া বাইতে লাগিল।

তারপর জ্যাঠাইমা কোণায় চলিয়া গেলেন. কেহ বাড়ি নাই, সে দালানের একটি বেঞ্চিতে বসিয়া একথানা এস. রায়ের ক্যাটালগ নাড়িয়া চাড়িয়া দেখিবার ভান করিল। বইখানার মধ্যে একখানা বিবাহের প্রীতি-উপহার, হাতে লইয়া বিশ্বয়ের সহিত দেখিল—সেখানা সুরেশের বিবাহের! সে দুঃখিতও হইল, আশ্চর্যও হইল, মাত্র মাসখানেক আগে বিবাহ হইয়াছে, সুরেশদা তাহার ঠিকানা জানে, সবই জানে, অথচ কি জ্যাঠাইমা, কি সুরেশদা, কেহই তাহাকে জানায় নাই।

‘ন যযৌ ন তস্হৌ’ অবস্থায় বেলা সাড়ে দশটা পর্যন্ত বসিয়া থাকিয়া সে জ্যাঠাইমার কাছে বিদায় লইয়া চলিয়া আসিল; জ্যাঠাইমা নির্দিষ্ট, অশ্রুমনস্ক সুরে বলিল—‘আচ্ছা তা’ এসো—থাক, থাক—আচ্ছা।

ফুটপাতে নামিয়া সে হাঁপ ছাড়িয়া বাঁচিল। মনে মনে ভাবিল—সুরেশদার বিয়ে হয়ে গিয়েছে কাল্জন মাসে, একবার বললেও না!—অথচ আমাদের আপনার লোক—আজ ছাথো না নববর্ষের দিনটা খেতেও বললে না—

খানিকদূরে আসিতে আসিতে তাহার কেমন হাসিও পাইল। আচ্ছা যদি বলতাম, জ্যেষ্ঠিমা আমি এখানে এবেলা খাবো তাহলে—হি-হি—তাহলে কি হতো!

বাসার কাছে পথে সুন্দর-ঠাকুর হোটেলওয়ালার সঙ্গে দেখা। দু-দু’বার নাকি সে অপূর বাসায় গিয়াছে, দেখা পায় নাই, আজ পরলা বৈশাখ, হোটেলের নতুন খাতা—টাকা দেওয়া চাই-ই। সুন্দর-ঠাকুর চীৎকারের সুরে বলিল—ভাতের তো এক পরলা দিলে না—আবার লুচি খেলে বাবু ন’দিন—সাত আনা হিসাবে সাত নং তেষটি আনা—তিন টাকা পনেরো আনা—আজ তিন মাস ঘোরাচ্ছেন, আজ খাতা মহরৎ—না দিলে হবেই না বলে দিচ্ছি।

অপূর দোষ—লোভে পড়িয়া সে কোথা হইতে শোধ দিবে না ভাবিয়াই ধারে আট-নয় দিন লুচি খাইয়াছিল। সুন্দর-ঠাকুরের চড়া চড়া কথায় পথে লোক জুটিয়া গেল—পথে দাঁড়াইয়া অপদস্থ হওয়ার ভয়ে সে কোথা হইতে দিবে বিন্দুবিসর্গ না ভাবিয়াই বলিল, বৈকালে নিশ্চরই সব শোধ করিয়া দিবে।

বৈকালে একটা বিজ্ঞাপনে দেখিল কোন স্থলে একজন ম্যাট্রিকুলেশন পাশ করা শিক্ষক দরকার, টাটকা মারিয়া দিয়া গিয়াছে, এখনও কেহ ছেঁড়ে নাই। খুঁজিয়া তখন বাহির করিল, মেছুয়াবাজারের একটা গলির মধ্যে কাহাদের ভাড়া বাড়ির বাহিরের ঘরে স্থলে—আপার প্রাইমারী পাঠশালা। জনকতক বৃদ্ধ বসিয়া দাবা খেলিতেছেন, একজন তাহার মধ্যে নাকি স্থলের হেডমাস্টার। অঙ্কের শিক্ষক—দশ টাকা মাহিনা—ইত্যাদি। বাজার বা তাতে ইহাই যথেষ্ট।

অপুর মন বেজায় দমিয়া গেল। এই অন্ধকার স্কুলঘরটার, দারিদ্র্য, এই ত্রিকালোত্তীর্ণ বৃদ্ধ-গণের মুখের একটা বুদ্ধিহীন সন্তোষের ভাব ও মনের স্থবিরতা, ইহাদের সাহচর্য হইতে তাহাকে দূরে হটাইয়া লইতে চাহিল! যাহা জীবনের বিরোধী, আনন্দের বিরোধী, সর্বোপরি—তাহার অস্থিমজ্জাগত যে রোমাঞ্চের তৃষ্ণা—তাহার বিরোধী, অপু সেখানে একদণ্ড তিষ্ঠিতে পারে না। ইহার বৃদ্ধ বলিয়া যে এমন ভাব হইল অপুর, তাহা নয়, ইহাদের অপেক্ষাও বৃদ্ধ ছিলেন শৈশবের সঙ্গী নরোত্তম দাস বাবাজী। কিন্তু সেখানে সদাসর্বদা একটা মুক্তির হাওয়া বহিত, কাশীর কথকঠাকুরকেও এইজন্তই ভাল লাগিয়াছিল। অসহায়, দরিদ্র বৃদ্ধ একটা আশাভরা আনন্দের বাণী বহন করিয়া আনিয়াছিলেন তাহার মনে—যেদিন জিনিসপত্র বাঁধিয়া হাসিমুখে নতুন সংসার বাঁধিবার উৎসাহে রাজঘাটের স্টেশনে ট্রেনে চড়িয়া দেশে রওনা হইয়াছিলেন।

স্কুল হইতে যখন সে বাহির হইল, বেলা প্রায় গিখাছে। তাহার কেমন একটা ভয় হইল—এ ভয়টা এতদিন হয় নাই। না খাইয়া থাকিবার বাস্তবতা ইতিপূর্বে এভাবে কখনও নিজের জীবনে সে অনুভব করে নাই—বিশেষ করিয়া যখন এখানে খাইতে-পাওয়া নির্ভর করিতেছে নিজের কিছু একটা খুঁজিয়া বাহির করিবার সাকল্যের উপর। কিন্তু তাহার সকলের চেয়ে দুর্ভাবনা মায়ের জন্ত। একটা পয়সা সে মাকে পাঠাইতে পারিল না, আজ এতদিন মা পত্র দিয়াছে—কি করিয়া চলিতেছে মায়ের!...

কিন্তু এখানে তো কোনও কিছু আশা দেখা যায় না—এত বড় কলিকাতা শহরে পাড়া-গায়ের ছেলে, সহায় নাই, চেনাশোনো নাই, সে কোথায় যাইবে—কি করিবে?...

পথে একটা মাড়োয়ারীর বাড়িতে বোধ হয় বিবাহ। সন্ধ্যার তখনও সামান্য বিলম্ব আছে, কিন্তু এরই মধ্যে সামনের লাল-নীল ইলেকট্রিক আলোর মালা জ্বালাইয়া দিয়াছে, হুঁচারখানা মোটর ও জুড়িগাড়ি আসিতে শুরু করিয়াছে। লুচি-ভাজার মন-মাতানো সুগন্ধে বাড়ির সামনেটা ভরপুর। হঠাৎ অপু দাঁড়াইয়া গেল। ভাবিল—যদি গিয়ে বলি আমি একজন পুণ্ডর স্টুডেন্ট—সারাদিন খাই নি—তবে খেতে দেবে না?—ঠিক দেবে—এত বড় লোকের বাড়ি, কত লোক তো থাকে—বলতে দোষ কি? কে-ই বা চিনবে আমায় এখানে?...

কিন্তু শেষ পর্যন্ত পারিল না। সে বেশ বৃষ্টি, মনে ষোল আনা ইচ্ছা থাকিলেও মুখ দিয়া একথা সে বলিতে পারিবে না কাহারও কাছে—লজ্জা করিবে। লজ্জা না করিলে সে যাইত। মুখচোরা হওয়ার অসুবিধা সে জীবনে পদে পদে দেখিয়া আসিতেছে।...

কলিকাতা ছাড়িয়া মনশাপোতা কিরিবে? কথাটা সে ভাবিতে পারে না—প্রত্যেক রক্তবিন্দু বিক্রোহী হইয়া ওঠে। তাহার জীবন-সঙ্গিনী মন তাহাকে বলিয়া দেয় এখানে জীবন, আলো, পুষ্টি, প্রসারতা—সেখানে অন্ধকার, দৈন্ত, নিভিয়া যাওয়া। কিন্তু উপায় কই তাহার হাতে? সে তো চেষ্টার ক্রটি করে নাই। সব দিকেই গোলমাল। কলেজের মাছিনা না দিলে, আপাততঃ পরীক্ষা দিতে দিলেও, বেতন শোধ না করিলে প্রমোশন বন্ধ। থাকিবার স্থানের এই লশা, ছ'বেলা ওঝের কারখানার ম্যানেজার উঠিয়া যাইবার তাগিদ দেয়, আহা! তথৈবচ, স্কুল-ঠাকুরের দেনা, মায়ের কষ্ট—একেই তো সে সংসারানভিজ্ঞ, স্বপ্নদর্শী প্রকৃতির—

কিসে কি সুবিধা হয় এমনই বোঝেনা—তাহাতে এই কয় দিনের ব্যাপার তাহাকে একেবারে দিশাহারা করিয়া তুলিয়াছে।

বাসায় আসিয়া হাদের উপর বসিল। একখানা খাপুরা কুড়াইয়া আনিয়া ভাবিল—আজ্ঞা দেখি দিকি কোন্ পিঠটা পড়ে? পরে, নিশ্চিন্দ্রপুরে বাল্যে দিদির কাছে যেমন শিখিয়াছিল, সেইভাবে চোখ বুজিয়া খাপুরাটা ছুঁড়িয়া ফেলিয়া দেখিল—একবার—দু'বার—কলিকাতা ছাড়িয়া যাওয়ার দিকটাই পড়ে। তৃতীয় বার ফেলিয়া দেখিতে আর তাহার সাহস হইল না।

বাল্যকাল হইতে নিশ্চিন্দ্রপুরের বিশালাক্ষী দেবীর উপর তাহার অসীম শ্রদ্ধা। কল্পণামরী দেবীর কথা কত সে শুনিয়াছে, সে তো তাঁর গ্রামের ছেলে—কলিকাতার কি তাঁর শক্তি খাটে না?

পরীক্ষা হইবার দিনকয়েক পরে একদিন অনিল তাহাকে জানাইল, সারেন্স সেক্শনের মধ্যে সে গণিত ও বস্তু-বিজ্ঞানে প্রথম হইয়াছে, প্রফেসরের বাড়ি গিয়া নম্বর জানিয়া আসিয়াছে। অণু শুনিয়া আন্তরিক সুখী হইল, অনিলকে সে ভারী ভালবাসে, সত্যিকার চরিত্রবান্ বুদ্ধিমান ও উদারমতি ছাত্র। অনিলের যে জিনিসটা তাহার ভাল লাগে না, সেটা তাহার অপরকে তীব্রভাবে আক্রমণ ও সমালোচনা করিবার একটা দুর্দমনীয় প্রবৃত্তি। কিন্তু এ পর্যন্ত কোন তুচ্ছ কাজে বা জিনিসে অণু তাহার আসক্তি দেখে নাই—কোনও ছোট কথা, কি সুবিধার কথা, কি বাজে খোসগল্প তাহার মুখে শোনে নাই।

অণু দেখিয়াছে সব সময় অনিলের মনে একটা চাঞ্চলা, একটা অতৃপ্তি—তাহার অধীর মন মহাভারতের বক্ররূপী ধর্মরাজের মত সব সময়ই যেন প্রব্র ফাঁদিয়া বসিয়া আছে—কা চ বার্তা?

অণুর সহিত এইজন্মই অনিলের মিলিয়াছিল ভাল। দুজনের আশা, আকাঙ্ক্ষা, প্রবৃত্তি এক ধরণের। অণুর বাংলা ও ইংরেজী লেখা খুব ভাল, কবিতা-প্রবন্ধ, মায় একখানা উপস্থাস পর্যন্ত লিখিয়াছে। ছু'তিনখানা বাঁধানো খাতা ভর্তি—লেখা এমন কিছু নয়, গল্পগুলি ছেলেমাছ'বি ধরণের উচ্ছ্বাসে ভরা, কবিতা রবি ঠাকুরের নকল, উপস্থাসখানাতে—জলদস্যুর দল, প্রেম, আত্মদান কিছুই বাদ যার নাই—কিন্তু এইগুলি পড়িয়াই অনিল সম্প্রতি অণুর আরও ভক্ত হইয়া উঠিয়াছে।

সপ্তাহের শেষে দুজনে বোটানিক্যাল গার্ডেনে বেড়াইতে গেল। একটা বিলের ধারে ঘন সবুজ লম্বা লম্বা ঘাসের মধ্যে বসিয়া অনিল বন্ধুকে একটা সুসংবাদ দিল। বাগানে আসিয়া গাছের ছায়ার এইভাবে বসিয়া বলিবে বলিয়াই এতক্ষণ অপেক্ষার ছিল। তাহার বাবার এক বন্ধু তাহাকে খুব ভালবাসেন, বড়বনীর অত্রের খনির তিনি ছিলেন একজন অংশীদার, তিনি গত পরীক্ষার ফলে অনিলের উপর অত্যন্ত সন্তুষ্ট হইয়া নিজের খরচে বিদেশে পাঠাইতে চাহিতেছেন, আই. এন্সি.-টা পাস দিলেই সোজা বিলাত বা ফ্রান্স।

—কেম্‌ব্রিজে কি ইম্পিরিয়াল কলেজ অব সারেন্স এও টেকনোলজিতে পড়বো, রাটারফোর্ড আছেন, টমসন্ আছেন—এঁদের সব ছু'বেলা দেখতে পাওয়া একটা পুণ্য—বুড়

থামলে স্বাধীনীতে যাব, মস্ত জাত—বিরাট ভাইটালিটি—গয়টে, অস্টওয়াল্ডের দেশ—ওখানে কি আর না যাব ?

অনিল অপূর বিদেশে যাইবার টান জানে—বলিল, আপনাকে নিয়ে যাবার চেষ্টা করবো। না-হয় দু'জনে আমেরিকায় চলে যাব—আমি সব ঠিক করব দেখবেন।

অনিলের প্রভাব যেমন অপূর জীবনে বিস্তার লাভ করিতেছিল, সঙ্গে সঙ্গে অপূর চরিত্রের পবিত্রতা, মনের ছেলেমানুষি ও ভাবগ্রাহিতা অনিলের কঠোর সমালোচনা ও অথবা আক্রমণ-প্রবৃত্তিকে অনেকটা সংযত করিয়া তুলিতেছিল। দূরের পিপাসা অপূর আরও অনেক বেশী, অনেক উদ্দাম—কলিকাতার ধোঁয়াভরা, সন্ধীর্ণ, ভ্যাপ্‌সা-গন্ধ সিওয়ার্ড ডিচের ভিতর হইতে বাহির হইয়া হঠাৎ যেন একটা উদার প্রান্তর, জ্যোৎস্না-মাখা মুক্ত আকাশ, পাখিদের আনন্দভরা পক্ষ-সন্ধীতের, একটা বন-প্রান্তের রহস্যের সাক্ষাৎ পাওয়া যায় অপূর কথার সুরে, জীবন-পিপাসু নবীন চোখের দৃষ্টিতে, অন্ততঃ অনিলের তো মনে হয়।

কোন পথে যাওয়া হইবে সে কথা উঠিল। অপূ উৎসাহে অনিলের কাছে ঘেঁষিয়া বলিল—এসো একটা প্যাক্ট করি—দেখি হাত ? এসো, আমরা কখখনো কেরানীগিরি করব না, পয়সা পয়সা করব না কখখনো—সামান্য জিনিসে ভুলব না কখনও—ব্যাঙ্গ...পরে মাটিতে একটা ঘুসি মারিয়া বলিল—থুব বড় কাজ কিছু একটা করব জীবনে।

অনিল সাধারণতঃ অপূর মত নিজের প্রশংসায় পঞ্চমুখ হইয়া উঠে না, তবুও আজ উৎসাহের মুখে অনেক কথা বলিয়া ফেলিল, বিলাতে পড়া শেষ করিয়া সে আমেরিকায় যাইবে, জাপান হইয়া দেশে ফিরিবে। বিদেশ হইতে ফিরিয়া সারাজীবন বৈজ্ঞানিক গবেষণা লইয়াই থাকিবে।

অপূ বলিল—যখন দেশে ছিলাম, তখন আমার একখানা 'প্রাকৃতিক ভূগোল' ব'লে ছেঁড়া, পুরনো বই ছিল—তাতে লেখা ছিল এমন সব নক্ষত্র আছে, যাদের আলো আজও এসে পৃথিবীতে পৌঁছয় নি, সে-সব এত দূরে—মনে আছে, সন্ধ্যার সময় একটা নদীতে নৌকো ছেড়ে দিয়ে নৌকোর ওপর বসে সে কথা ভাবতাম, ওপারে একটা কদম গাছ ছিল, তার মাথাতে একটা তারা উঠত সকলের আগে, তারটার দিকে অবাঁক হয়ে চেয়ে চেয়ে দেখতাম—কি যে একটা ভাব হ'ত মনে ! একটা mystery, একটা uplift-এর ভাব—ছেলেমানুষ তখন, সে-সব বুঝতাম না, কিন্তু সেই থেকে যখনই মনে দুঃখ হয়েছে, কি কোনও ছোট কাজে মন গিয়েছে, তখনই আকাশের নক্ষত্রদের দিকে চাইলেই আবার ছেলেবেলার সেই uplift-এর ভাবটা, একটা joy বুঝলে ? একটা অদ্ভুত transcendental joy—সে ভাই মুখে তোমাকে—

বেলা পড়িলে দু'জনে স্টীমারে কলিকাতায় ফিরিল।

পরদিন কলেজের ফমন-ক্রমে অনেকক্ষণ আবার সেই কথা।

কলেজ হইতে উৎফুল্ল মনে বাহির হইয়া অনিল প্রথমে দোকানে এক কাপ চা খাইল,

পরে ফুটপাথের ধারে দাঁড়াইয়া একটুখানি ভাবিল, কালীঘাটে মাসীর বাড়ি যাওয়ার কথা আছে, এখন যাইবে কিনা। একখানা বই কিনিবার জন্য একবার কলেজ স্ট্রীটেও যাওয়া দরকার। কোথায় আগে যাব? অপূর্ব একমাত্র ছেলে, যার কথা তার সব সময় মনে হয়। যে কোনরূপে হটুক অপূর্বকে সে নিশ্চয়ই বিদেশ দেখাইবে।

তলপেটে অনেকক্ষণ হইতে একটা কী বেদনা বোধ হইতেছিল, এইবার যেন একটু বাড়িয়াছে, হাঁটিয়া চৌরঙ্গীর মোড় পর্যন্ত যাওয়ার ইচ্ছা ছিল, সেটা আর না যাওয়াই ভাল। সম্মুখেই ডালহাউসি স্কয়ারের ট্রাম, সে ভাবিল—পরেরটাতে যাব, বেজার ভিড়, তত্ত্বরণ বরণ চিঠিখানা ডাকে ফেলে আসি।

নিকটেই লাল রংয়ের গোল ডাকবাক্স ফুটপাথের ধারে, ডাক বাক্সটার গা ঘেঁষিয়া একজন মুসলমান ফেরিওয়ালা পাকা কাঁচকলা বিক্রী করিতেছে, তাহার বাজার পা না লাগে এই জন্য এক পায়ে ভর করিয়া অল্প পাখানা একটু অস্বাভাবিক রকমে পিছনে ঝাঁকভাবে পাতিয়া সে সবে চিঠিখানা ডাকবাক্সের মুখে ছাড়িয়া দিয়াছে—এমন সময় হঠাৎ পিছন হইতে যেন কে তীক্ষ্ণ বর্শা দিয়া তাহার দেহটা এফোড়-ওফোড় করিয়া দিল, এক নিমেষে, অনিল সেটাতে হাত দিয়া সামলাইতেও যেন অবকাশ পাইল না।...হঠাৎ যেন পায়ে তলা হইতে মাটিটা সরিয়া গেল...চোখে অন্ধকার—কাঁচকলার বাজার কানাটা মাথায় লাগিতেই মাথাটায় একটা বেদনা—মুসলমানটি কি বলিয়া উঠিল—হৈ হৈ, বহু লোক—কি হয়েছে মশায়?...কি হ'ল মশায়?...সরো সরো—বাতাস করো...বরফ নিয়ে এসো...এই যে আমার রুমাল নিন না...

অনিলের দু'টি মাত্র কথা শুধু মনে ছিল—একবার সে অভিকষ্টে গোড়াইয়া গোড়াইয়া বলিল—রি—রিপন কলেজ—অপূর্ব রায়—রিপন—

আর মনে ছিল সামনের একটা সাইন বোর্ড—গনেশচন্দ্র দাঁ এও কোং—কারবাইডের মশলা, তারপরেই সেই তীক্ষ্ণ বর্শাটা পুনরায় কে যেন সজোরে তলপেটে ঢুকাইয়া দিল—সঙ্গে সঙ্গে সব অন্ধকার—

কতক্ষণ পরে সে জানে না, তাহার জ্ঞান হইল। একটা বাক্স বা ঘরের মধ্যে সে শুইয়া আছে, ঘরটা বেজার দুলিতেছে—পেটে ভয়ানক যন্ত্রণা—কাহারো কি বলিতেছে, অনেক মোটরগাড়ির ভেঁপুর শব্দ—আবার ধোঁয়া ধোঁয়া...

পুনরায় যখন অনিলের জ্ঞান হইল, সে চোখ মেলিয়া চাহিয়া দেখিল একটা বড় সাদা দেওয়ালের পাশে একখানা খাটে সে শুইয়া আছে। পাশে তাহার বাবা ও ছোট কাঁকা বসিয়া, আরও তিনজন অপরিচিত লোক। নাসের পোশাক-পরা দু'জন মেম। এটা হাসপাতাল? কোন্ হাসপাতাল? কি হইয়াছে তাহার?...তলপেটের যন্ত্রণা তখনও সমান, শরীর ঝিম্ ঝিম্ করিতেছে, সারা দেহ যেন অবশ।

পরদিন বেলা দশটার সময় অপু গেল। সে-ই কাল খবর পাইয়া তখন ছুটিয়া শিয়ালদহের মোড়ে গিয়াছিল। সঙ্গে ছিল সত্যেন ও চান্দ-পাঁচজন ছেলে। টেলিফোনে অ্যাডুল্ট

গাড়ি আনাহইয়া তখন সকলে মিলিয়া তাহাকে মেডিক্যাল কলেজ হাসপাতালে আনা হয় ও বাড়িতে খরর দেওয়া হয়। ডাক্তার বলেন হার্নিয়া...স্ক্র্যাবুলেটেড হার্নিয়া...তখন অস্ত্র করা হইয়াছে।...

বৈকালেও সে গেল। কেবিন ভাড়া করা হইয়াছে, অনিলের মা বসিয়া ছিলেন, অপু গিয়া পায়ের ধূলা লইয়া প্রণাম করিল। অনিল এখন অনেকটা ভাল আছে, অস্ত্র করার পরে বেজায় যন্ত্রণা পাইয়াছিল, সারারাত ও সারাদিন—হুপ্তের পর সেটা একটু কম। তাহার মুখ রক্তশূন্য পাণ্ডুর। সে হাসিয়া অপূর হাত ধরিয়া কাছে বসাইল, বলিল—স্বাস্থ্যের মতন জিনিস আর নেই, যতই বলুন—এই তিনটে দিন যেন একেবারে মুছে গিয়েছে জীবন থেকে।

অপু বলিল—বেশী কথা বলো না, যন্ত্রণা কেমন এখন ?

অনিলের মা বলিলেন,—তোমার কথা সব শুনেছি, ভাগ্যিস তুমি ছিলে বাবা সেদিন !

অনিল বলিল,—দেখবেন মজা, ঘণ্টা নাড়লেই নার্স এখুনি ছুটে আসবে—বাজাব দেখবেন ?—সে হাসিয়া একটা হাত-ঘণ্টা বাজাতেই লম্বা একজন নার্স আসিয়া হাজির। সে চলিয়া গেলে অনিলের মা বলিলেন—কি যে করিস্ মিছিমিছি ? ছিঃ—

দুজনই খুব হাসিতে লাগিল !

খানিকক্ষণ গড়ের মাঠের দিকে বেড়াইয়া সন্ধ্যার পর বাসায় ফিরিয়া অপু সবে আলোটি জালিয়াছে, এমন সময় সত্যেন ও অনিলের পিসতুতো ভাই ফণী—অপু তাহাকে হাসপাতালে প্রথম দেখিয়াছে, সেখানেই প্রথম আলাপ—বাস্ত-সমস্ত অবস্থার ঘরে চুকিল—সত্যেন বলিল—ওঃ, তোমাকে ছুঁবার এর আগে খুঁজে গেছি—এখুনি হাসপাতালে এস—জান না ?...

অপু জিজ্ঞাসু দৃষ্টিতে উহাদের মুখের দিকে চাহিতেই ফণী বলিল—অনিল মারা গিয়েছে এই সাড়ে ছটার সময়—হঠাৎ।

সকলে ছুটিতে ছুটিতে হাসপাতালে গেল। অনিলের মৃতদেহ খাট হইতে নামাইয়া সাদা চাদর দিয়া ঢাকিয়া মেঝেতে রাখিয়াছে। বহু আত্মীয়স্বজনে কেবিন-ভরিয়া গিয়াছে, ক্লাসের অনেক ছেলে উপস্থিত, একদল ছেলে এইমাত্র এসেছে ও ফুলের তোড়া লইয়া কেবিনে চুকিল। অল্পপরেই মৃতদেহ নিমতলায় লইয়া যাওয়া হইল।

সব কাজ শেষ হইতে রাত্রি তিনটা বাজিয়া গেল।

অস্ত্র সকলে গন্ধাস্তান করিতে লাগিল। অপু বলিল, তোমরা নাও, আমি গন্ধায় নাইবো না, কলের জলে সকালবেলা নাইবো। কলকাতার গন্ধায় নাইতে আমার মন যায় না।

অনিলের বাবার মত লোক সে কখনও দেখে নাই। এত বিপদেও তিনি সারারাত বাঁধানো গাভালে বসিয়া ধীরভাবে কাঠের নল বসানো সটুকাতে তামাক টানিতেছেন ! অপুকে বার-দুই জিজ্ঞাসা করিয়াছেন—বাবা তোমার ঘুম লাগে নি তো ?...কোনও কষ্ট হয় তো বলো বাবা।

অপু শুনিয়া চোখের জল রাখিতে পারে নাই।

সুনীল সিগারেট কেস্টা তাহার জিন্সায় রাখিয়া জলে নামিল, সে ঘাটের ধাপের উপর

বসিয়া রহিল। অন্ধকার আকাশে অসংখ্য জগজলে নক্ষত্র, রাত্রিশেষের আকাশে উজ্জ্বল সপ্তর্ষিমণ্ডল ওপারে জেসপ কোম্পানীর কারখানার মাথায় ঝুঁকিয়া পড়িতেছে, পূর্ব-আকাশে চিহ্না প্রত্যাসন্ন দিবালোকের মুখে মিলাইয়া যাইতেছে। অপু মনের মধ্যে কোনও শোক কি দুঃখের ভাব ঝুঁজিয়া পাইল না—কিন্তু মাত্র তিনদিন আগে কোম্পানীর বাগানে বসিয়া যেমন অনিলের সঙ্গে গল্প করিয়াছিল, সারা আকাশের অসংখ্য নক্ষত্ররাজির দিকে চাহিয়া বাল্যে নদীর ধারে বসিয়া সন্ধ্যার প্রথম নক্ষত্রটি দেখিবার দিনগুলির মত এক অপূর্ব, অবর্ণনীয় রহস্যের ভাবে তাহার মন পরিপূর্ণ হইয়া গেল—কেমন মনে হইতে লাগিল, কি একটা অসীম রহস্য ও বিপুলতার আবেগে নির্বাক নক্ষত্রজগৎটা যেন মুহূর্তে মুহূর্তে স্পন্দিত হইতেছে।

অনিলের মৃত্যুর পর অপু বড় মুষ্ড়াইয়া পড়িল। কেমন এক ধরণের অবসাদ শরীরে ও মনে আশ্রয় করিয়াছে, কোন কাজে উৎসাহ আসে না, হাত-পা উঠে না।

বৈকালে ঘুরিতে ঘুরিতে সে কলেজ-স্কয়ারের একখানা বেঞ্চির উপর বসিল। এতদিন তো এখানে রহিল, কিছুই স্থির হইল না, এভাবে আর কতদিন চলে? ভাবিল, না হয় অ্যাথুলেসে যেতাম, কলেজের অনেকে তো যাচ্ছে, কিন্তু মা কি তা যেতে দেবে?

পরে ভাবিল—বাড়ি চলে যাই, মাসখানেক অর্ডারলি রিট্রিট করা যাক।

পাশে একজন দাড়িওয়াল ভদ্রলোক অনেকক্ষণ হইতে বসিয়াছিলেন। মধ্যবয়সী লোক, চোখে চশমা, হাতের শিরগুলি দড়ির মত মোটা। তিনি জিজ্ঞাসা করিলেন, সঁাতারের ম্যাচ কবে হবে জানেন?

অপু জানে না, বলিতে পারিল না। ক্রমে দু-চার কথায় আলাপ জমিল। সঁাতারেরই গল্প। কথায় কথায় প্রকাশ পাইল—তিনি ইউরোপ ও আমেরিকার বহু স্থান ঘুরিয়াছেন। অপু কোঁতুল দমন করিতে না পারিয়া তাঁহার নাম জিজ্ঞাসা করিল।

ভদ্রলোক বলিলেন,—আমার নাম সুরেন্দ্রনাথ বসু মল্লিক—

অনেকদিনের একটা কথা অপু মনে পড়িয়া গেল, সে সোজা হইয়া বসিয়া তাঁহার মুখের দিকে চাহিল। কিছুক্ষণ চূপ করিয়া থাকিয়া বলিল—আমি আপনাকে চিনি, আপনি অনেকদিন আগে বঙ্গবাসীতে ‘বিলাত যাত্রীর চিঠি’ লিখতেন।

—হ্যাঁ হ্যাঁ—ঠিক. সে দশ এগারো বছর আগেকার কথা—তুমি কি ক’রে জানলে? পড়তে না কি?

—ওঃ, শুধু পড়তাম না, ই ক’রে বসে থাকতাম কাগজখানার জন্তে—তখন আমার বয়স বছর দশ। পাড়াগাঁয়ে থাকতাম—কি inspiration যে পেতাম আপনার লেখা থেকে!...

ভদ্রলোকটি ভারী খুশী হইলেন। সে কি করে, কোথায় থাকে জিজ্ঞাসাবাদ করিলেন। বলিলেন,—থাখে কোথায় ব’সে কে লেখে আর কোথায় গিয়ে তার বীজ উড়ে পড়ে—বিলেতে হাম্পস্টেডের একটা বোর্ডিং-এ ব’সে লিখতাম, আর বাংলার এক obscure পাড়াগাঁয়ের এক ছোট ছেলে আমার লেখা পড়ে—বাঃ-বাঃ—

জঙ্গলোকটির ব্যবসা-বাণিজ্যে খুব উৎসাহ দেখা গেল! মাজ্রাজে সমুদ্রের ধারে জমি লইয়াছেন, নারিকেল ও ভ্যানিলার চাষ করিবেন। নিঃসম্বল তেরো বৎসরের নিঞো বালককে ইউরোপে আসিয়া নিজের উপার্জন নিজে করিতে দেখিয়াছেন—দেশের যুবকদের চাসবাস করিতে উপদেশ দেন।

জঙ্গলোকটিকে আর অপূর অপরিচিত মনে হইল না। তাহার বালা-জীবনের কতকগুলি অবগনীয়, আনন্দ-মুহূর্তের জন্ত এই প্রৌঢ় ব্যক্তিটি দারী, ইহারই লেখার ভিতর দিয়া বাহিরের জগতের সঙ্গে সেই আনন্দ-ভরা প্রথম পরিচয়—

সম্পূর্ণ নতুন ধরণের উৎসাহ লইয়া সে ফিরিল। কে জানিত বঙ্গবাসীর সে লেখকের সঙ্গে এভাবে দেখা হইয়া যাইবে!...শুধু বাঁচিয়া থাকাই এক সম্পদ, তোমার বিনা চেষ্টাতেই এই অমৃতময়ী জীবনধারা প্রতি পলের রসপাত্র পূর্ণ করিয়া তোমার অন্তমনস্ক, অসতর্ক মনে অমৃত পরিবেশন করিবে...সে যে করিয়া হউক বাঁচিবে।

সন্ধ্যা ঠিক হয় নাই, উঠানে তেলি-বাড়ির বড় বোঁ দাঁড়াইয়া কি গল্প করিতেছিল, দূর হইতে অপুকে আসিতে দেখিয়া হাসিমুখে বলিল—কে আসছে বলুন তো মা-ঠাক্করণ?—সর্বজয়ার বৃকের ভিতরটা কেমন করিয়া উঠিল, অপু নয় তো—অসম্ভব—সে এখন কেন—

পরক্ষণেই সে ছুটিয়া আসিয়া অপুকে বৃকের ভিতর জড়াইয়া ধরিল। সর্বজয়ার চোখের জলে তাহার জামার হাতটা ভিজিয়া উঠিল। মাকে যেন এবার নিজের অপেক্ষা মাথায় ছোট, দুর্বল ও অসহায় বলিয়া অপূর মনে হইতে লাগিল। তপঃক্লম শবরীর মত ক্ষীণাক্ষী, আলুখালু, অর্ধক্লম চুলের গোছা একদিকে পড়িয়াছে, মুখের চেহারা এখনও সুন্দর, শ্রীবা ও কপালের রেখাবলী এখনও অনেকাংশে ঋজু ও স্নুকুমার। তবে এবার মায়ের চুল পাকিয়াছে, কানের পাশের চুলে পাক ধরিয়াছে। নিজের সবল দৃঢ় বাহুবেষ্টনে, সরলা, চিরহুঃখিনী মাকে সংসারে সহস্র দুঃখ-বিপদ হইতে বাঁচাইয়া রাখিতে অপূর ইচ্ছা যায়। এ ভাবটা এইবার প্রথম সে মনের মধ্যে অল্পভব করিল, ইতিপূর্বে কখনও হয় নাই।

বড়-বোঁ একপাশে হাসিমুখে দাঁড়াইয়াছিল, সে অপুকে ছোট দেখিয়াছে এখন আর তাহাকে দেখিয়া ঘোমটা দেয় না। সর্বজয়া বলিল,—এবার ও এসেছে বোঁমা, এবার কালই কিন্তু—

অপু নিকটে গিয়া জিজ্ঞাসা করিল,—কি খুড়ীমা, কাল কি?

বড়-বোঁ হাসিয়া বলিল,—দেখো কাল,—আজ বলবো না তো!

খিচুড়ী থাইতে ভালবাসে বলিয়া সর্বজয়া অপুকে রাত্রে খিচুড়ী রান্না দিয়া দিল; পেট ভরিয়া থাওয়া ঘটিল, এই সাত-আটদিন পর আজ মায়ের কাছে। সর্বজয়া জিজ্ঞাসা করিল,—হ্যাঁ রে সেখানে খিচুড়ী খেতে পাস?

অপূর শৈশবে তাহার মা শও প্রতারণার আবরণে নয় দারিত্র্যের নিষ্ঠুর রূপকে তাহাদের শিশুচক্ষুর আড়াল করিয়া রাখিত, এখন আবার অপূর পালা। সে বলিল,—হঁ, বাদলা হলেই খিচুড়ী হয়।

—কি ভালের করে ?

—মুগের বেশী, মসুরীয়ও করে, খাড়ি মসুরী ।

—সকালে জলখাবার খেতে দেয় কি কি ?

অপু প্রাতঃকালীন জলযোগের এক কাল্পনিক বিবরণ খুব উৎসাহের সহিত বিবৃত করিয়া গেল । মোহনভোগ, চা, এক-একদিন লুচিও দেয় । খাওয়ার বেশ সুবিধা ।

শ্রীতির টুইশানি কোন্‌কালে চলিয়া গিয়াছে, কিন্তু অপু সেকথা মাকে জানায় নাই ; সর্বজয়া বলিয়া—হ্যাঁরে, তুই যে সে মেয়েটিকে পড়াস—তাকে কি ব'লে ডাকিস ? খুব বড়লোকের মেয়ে, না ?

—তার নাম ধরেই ডাকি—

—দেখতে-শুনতে বেশ ভাল ?

—বেশ দেখতে—

—হ্যাঁ রে, তোর সঙ্গে বিয়ে দেয় না ? বেশ হয় তা হ'লে—

অপু লজ্জারক্ত মুখে বলিল,—হ্যাঁ—তারা হ'ল বড়লোক—আমার সঙ্গে—তা কি কখনও—তোমার যেমন কথা ।

সর্বজয়ার কিন্তু মনে মনে বিশ্বাস অপূর মত ছেলে পাইলে লোকে এখনি লুকিয়া লইবে । অপু ভাবে, তবুও তো মা আসল কথা কিছুই জানে না । শ্রীতির টুইশানি থাকিলে কি আর না পাইয়া দিন যায় কলিকাতায় ।

অপু দেখিল—সে যে টাকা পাঠায় নাই, মা একটিবারও পেন-কথা উত্থাপন করিল না, শুধুই তাহার কলিকাতার অবস্থানের সুবিধা-অসুবিধা সংক্রান্ত নানা আগ্রহ-ভরা প্রশ্ন । নিজেকে এমনভাবে সর্বপ্রকারে মুছিয়া বিলোপ করিতে তাহার মায়ের মত সে আর কাহাকেও এ পর্যন্ত দেখে নাই । সে জানিত বাড়ি গেলে এ লইয়া মা কোন কথা তুলিবে না ।

সর্বজয়া একটা এনামেলের বাটি ও গ্লাস ঘরের ভিতর হইতে আনিয়া হাসিমুখে বলিল,—এই ঝাখ, এই ছ'খানা ছেঁড়া কাপড় বদলে তোর জন্তে নিইচি—বেশ ভালো, না ?...কত বড় বাটিটা ঝাখ ।

অপু ভাবিল, মা যা ঝাখে তাই বলে ভালো, এ আর কি ভালো, যদি আমার সেই পুরানো দোকানে কেনা প্লেটগুলো মা দেখতো ।

কলিকাতায় সে দুক্লহ জীবন-সংগ্রামের পর এখানে বেশ আনন্দে ও নির্ভাবনায় দিন কাটে । রাত্রে মায়ের কাছে শুইয়া সে আবার নিজেকে ছেলেমানুষের মত মনে করে—বলে, সেই গানটা কি মা, ছেলেবেলায় তুমি আর আমি শুয়ে শুয়ে রাত্রে গাইতাম—এক-একদিন দিদিও—সেই চিরদিন কখনও সমান না যায়—কভু বনে বনে রাখালেরি সনে, কভু বা রাজস্ব পায়—পরে আবদারের সুরে বলে—গাও না মা, গানটা ?

সর্বজয়া হাসিয়া বলে—হ্যাঁ, এখন কি আর গলা আছে—দূর—

—এসো ছ'জনে গাই—এসো না মা—খুব হবে, এসো—

বি. র ২—৮

সর্বজয়ার মনে আছে—অপু এখন ছোট ছিল তখন কোনো কোনো মেয়ে-মজলিসে, ছোট ছোট ছেলেমেয়েদের গান সেখানে হয়ত হইত, অপূর গলা ছিল খুব মিষ্টি কিন্তু তাহাকে প্রথমে কিছুতেই গান-গাওয়ানো যাইত না—অথচ যেদিন তাহার গাহিবার ইচ্ছা হইত, সেদিন মায়ের কাছে চুপি চুপি বার বার বলিত, আমি কিন্তু আজ গান গাইবো না, গাইতে বলো না। অর্থাৎ সেদিন তাকে এক-আধবার বলিলেই সে গাহিবে। সর্বজয়া ছেলের মন বুঝিয়া অমনি বলিত—তা অপূ এবার কেন একটা গান করুন না?...‘হু’ একবার লাজুক মুখে অস্বীকার করার পর অমনি অপূ গান শুরু করিয়া দিত।

সেই অপূ এখন একজন মাহুষের মত মানুষ। এত রূপ এ অঞ্চলের মধ্যে কে কবে দেখিয়াছে? একহারা চেহারা বটে, কিন্তু সবল, দীর্ঘ, শক্ত হাত-পা। কি মাথায় চুল, কি ডাগর চোখের নিষ্পাপ পবিত্র দৃষ্টি; রাজা ঠোঁটের ‘হু’ পাশে বাল্যের সে সুকুমার ভঙ্গী এখনও বিলুপ্ত হয় নাই, শুধু সর্বজয়াই তাহা ধরিতে পারে।

অপু কিন্তু সে ছেলেবেলার অপূ আর নাই। প্রায় সবই বদলাইয়া গিয়াছে, সে অপূর্ব হাসি, সে ছেলেমানুষী, সে কথায় কথায় মান অভিমান, অবদার, গলায় সে রিণ্‌রিণে মিষ্টি স্বর—এখনও অপূর স্বর খুবই মিষ্টি—তবুও সে অপূরূপ বাল্যস্মর, সে চাঞ্চল্য—পাগলামি—সে সবের কিছুই নাই। সব ছেলেই বাল্যে সমান ছেলেমানুষ থাকে না, কিন্তু অপূ ছিল মূর্তিমান শৈশব। সরলতায়, হুঁষ্টামিতে, রূপে, ভাবুকতায়—দেবশিশুর মত! এক ছেলে ছিল তাই কি, শত ছেলেতে কি হয়? সর্বজয়া মনে মনে বলে—বেশী চাই নে, দশটা পাঁচটা চাই নে ঠাকুর, ওকেই আর জন্মে আবার কোলজোড়া ক’রে দিও।

সর্বজয়ার জীবনের-পাত্র পরিপূর্ণ করিয়া অপূ যে অমৃত শৈশবে পরিবেশন করিয়াছে, তারই স্মৃতি তার হৃৎ-ভরা জীবন-পথের পাথর। আর কিছুই সে চায় না।

কোনো কোনো দিন রাতে অপূ মায়ের কাছে গল্প শুনিতে চায়। সর্বজয়া বলে—তুই তো কত ইংরেজী বই পড়িস, কত কি—তুই একটা গল্প বল না বরং শুনি। অপূ গল্প করে। ছুঁজনে নানা পরামর্শ করে; সর্বজয়া পুত্রের বিবাহ দিবার ইচ্ছা প্রকাশ করে। কাঁটাদহের সাঙাল বাড়ি নাকি ভালো মেয়ে আছে সে শুনিয়াছে, অপূ পাশটা দিলেই এইবার...

তারপর অপূ বলিল,—ভালোকথা মা—আজকাল জ্যেঠিয়ারা কলকাতার বাড়ি পেয়েছে যে! সেদিন তাদের বাড়ি গেছলাম—

সর্বজয়া বলে,—তাই নাকি?... তোকে খুব যত্নটু করলে?—কি খেতে দিলে—

অপূ নানা কথা সাজাইয়া বানাইয়া বলে। সর্বজয়া বলে,—আমায় একবার নিয়ে যাবি—কলকাতা কখনও দেখি নি, বটুঠাকুরদের বাড়ি ছুদিন থেকে মা-কালীর চরণ দর্শন ক’রে আসি তা হ’লে?...

অপূ বলে,—বেশ তো মা, নিয়ে যাব; ষেও সেই পূজোর সময়।

সর্বজয়া বলে,—একটা সাধ আছে অপূ, বটুঠাকুরদের দরুন নিশ্চিন্দিপুত্রের বাগানখানা তুই মাহুষ হয়ে যদি নিতে পারতিস, তুবন মুখুণ্ডেদের কাছ থেকে, তবে—

সামান্ত সাধ, সামান্ত আশা। কিন্তু ধার সাধ, ধার আশা, তার কাছে তা ছোটও নয়, সামান্তও নয়। মায়ের ব্যথা কোন্‌খানে অপূর তাহা বৃত্তিতে দেখি হয় না। মায়ের অত্যন্ত ইচ্ছা নিশ্চিন্দ্রপুরে গিয়া বাস করা, সে অপূ জানে। সর্বৎ বলে,—তুই মাহুঘ হ'লে, তোর একটা ভাল চাকরি হ'লে, তোর বৌ নিয়ে তখন আবার নিশ্চিন্দ্রপুরে গিয়ে ভিটেতে কোঠা উঠিয়ে বাস করবো। বাগানখানা কিন্তু যদি নিতে পারিস—বড় ইচ্ছে হয়।

অপুর কিন্তু একটা কথা মনে হয়, মা আর বেশীদিন বাঁচবে না। মায়ের চেহারা অত্যন্ত রোগা হইয়া গিয়াছে এবার, কেবলই অশ্রুখে ভুগিতেছে। মুখে যত রকম সান্ত্বনা দেওয়া, যত আশার কথা বলা—সব বলে। জানালার ধারে তক্তপোশে ছপূরের পর মা একটু ঘুমাইয়া পড়ে, অনেক বেলা পড়িয়া যায়। অপূ কাছে আসিয়া বসে, গায়ে হাত দিয়া বলে,—গা যে তোমার বেশ গরম, দেখি ?

সর্বজয়া সে-সব কথা উড়াইয়া দেয়। এ-গল্প ও-গল্প করে। বলে,—হ্যারে, অতসীর মা আমার কথা-টথা কিছু বলে ?

অপূ মনে মনে ভাবে—মা আর বাঁচবে না—বেশী দিন। কেমন যেন—কেমন—কি ক'রে থাকব মারা গেলে ?

অনেক বেলা পড়িয়া যায়—

জানালার পাশেই একটা আতা গাছ। আতা-ফুলের মিষ্টি ভুরভুরে গন্ধ বৈকালের বাতাসে। একটু পোড়ো জমি। এক টিবি সুরকি। একটা চারা জামরুল গাছ। পুরানো বাড়ির দেয়ালের ধারে ধারে বনমূলার গাছ। কণ্টিকারীর ঝাড়। একটা জায়গায় কঞ্চি দিয়া ঘিরিয়া সর্বজয়া শাকের ক্ষেত করিয়াছে।

একটা অদ্ভুত ধরণের মনের ভাব হয় অপূর। কেমন এক ধরণের গভীর বিবাদ...মায়ের এই সব ছোটখাটো আশা,তুচ্ছ সাধ—কত নিফল।...মা কি ওই শাকের ক্ষেতের শাক খাইতে পারিবে ?—কালীঘাটের কালীদর্শন করিবে জ্যাঠাইমার বাসায় থাকিয়া!...নিশ্চিন্দ্রপুরের আমবাগান...

এক ধরণের নির্জনতা...সঙ্গীহীনতার ভাব...মায়ের উপর গভীর করুণা...রাজা রোদ মিলাইতেছে চারা জামরুল গাছটাতে...সন্ধ্যা ঘনাইতেছে। ছাতারে ও শালিক পাখির দল কিচ্-মিচ্ ও বটাপটি করিতেছে।...

অপুর চোখে জল আসিল...কি অদ্ভুত নির্জনতা-মাখানো সন্ধ্যাটা! মুখে হাসিয়া সন্নেহে মায়ের গায়ে হাত বুলাইতে বুলাইতে বলিল,—আচ্ছা, মা, বড় বোয়ের সঙ্গে বাজি রেখেছিলে কি নিয়ে—বলো না—বললে না তো সেদিন ?...

ছুটি ফুরাইলে অপূ বাড়ি হইতে রওনা হইল।

স্টেশনে আসিয়া কিন্তু ট্রেন পাইল না, গহনার নৌকা আগিতে অত্যন্ত দেরি হইয়াছে, ট্রেন আধ ঘণ্টা পূর্বে ছাড়িয়া দিয়াছে।

সর্বজয়া ছেলের বাড়ি হইতে বাইবার দিনটাতে অশ্রুমনক থাকিবার জন্য কাপড়, বাগানের

ওয়াড় সাজিমাটি দিয়া সিদ্ধ করিয়া বাঁশবনের ডোবার জলে কাচিতে নামিয়াছে—সন্ধ্যার কিছু পূর্বে অপু বাড়ির দাওয়ায় জিনিসপত্র নামাইয়া ছুটিয়া ডোবার ধারে গিয়া পিছন হইতে ডাকিল,—মা ! ..

সর্বজয়া ভুলিয়া থাকিবার জন্ত দুপুর হইতে কাপড় সিদ্ধ লইয়া ব্যস্ত আছে, চমকিয়া পিছন দিকে চাহিয়া আনন্দ-মিশ্রিত স্বরে বলে,—তুই !—যাওয়া হ'ল না ?

অপু হাসিমুখে বলে,—গাড়ি পাওয়া গেল না—এসো বাড়ি—

বাঁশবনের ছায়ায় মায়ের মুখে সেদিন যে অপূর্ণ আনন্দের ও তৃপ্তির ছাপ পড়িয়াছিল, অপু পূর্বে কোনও দিন তাহা দেখে নাই—বহুকাল পর্যন্ত মায়ের এ মুখখানা তাহার মনে ছিল। সেদিন রাত্রে ছুঁজনে নানা কথা। অপু আবার ছেলেবেলাকার গল্প শুনিতে চায় মা'র মুখে—সর্বজয়া লজ্জিতস্বরে বলে,—হ্যাঁ, আমার আবার গল্প !...দে সব ছেলেবেসের গল্প—তা বুঝি এখন শুনে তোর ভাল লাগবে ? অপুকে আর সর্বজয়া বৃত্তিতে পায় না—এ সে ছোট্ট অপু নয়, যে ঠোট ফুলাইলেই সর্বজয়া বৃত্তিত ছেলে কি চাহিতেছে...এ কলেজের ছেলে, তরুণ অপু, এর মন, মতিগতি, আশা আকাঙ্ক্ষা—সর্বজয়ার অভিজ্ঞতার বাহিরে...অপু বলে,—না মা, তুমি সেই ছেলেবেলার শ্রামলঙ্কার গল্পটা করো। সর্বজয়া বলে,—তা আবার কি শুনবি—তুই বরং তোর বইয়ের একটা গল্প বল—কত ভালো গল্প তো পড়িস ? ..

পরদিন সে কলিকাতায় ফিরিল।

কলেজ সেইদিনই প্রথম খুলিয়াছে, প্রমোশন পাওয়া ছেলেদের তালিকা বাহির হইয়াছে, নোটিশ বোর্ডের কাছে রথযাত্রার ভিড়—সে অদীর আগ্রহে ভিড় ঠেলিয়া নিজের নামটা আছে কিনা দেখিতে গেল।

আছে! দু'তিনবার বেশ ভাল করিয়া দেখিল। আরও আশ্চর্য এই যে, পাশেই যে সব ছেলে পাশ করিয়াছে অথচ বেতন বাকী থাকার দরুণ প্রমোশন পায় নাই, তাহাদের একটা তালিকা দেওয়া হইয়াছে, কিন্তু তাহার মধ্যে অপু নাম নাই, অথচ অপু জানে তাহারই সর্বাপেক্ষা বেশী বেতন বাকী !

সে ব্যাপারটা বৃত্তিতে না পারিয়া ভিড়ের বাহিরে আসিল। কেমন করিয়া একুপ অসম্ভব সম্ভব হইল, নামাদিক হইতে বৃত্তিবার চেষ্টা করিয়াও তখন কিছু ঠাহর করিতে পারিল না।

দু-তিনদিন পরে তাহার এক সহপাঠী নিজের প্রমোশন বন্ধ হওয়ার কারণ জানিতে অফিস-ঘরে কেরানীর কাছে গেল, সে-ও গেল সঙ্গে। হেড ক্লার্ক বলিল—একি ছেলের হাতের মোয়া হে ছোকরা! কত রোল?...পরে একখানা বাঁধানো খাতা খুলিয়া আঙুল দিয়া দেখাইয়া বলিল—এই ঠাখে রোল টেন—লাল কালির মার্কী মারা রয়েছে—দু' মাসের মাইনে বাকী—মাইনে শোধ না দিলে প্রমোশন দেওয়া হবে না, প্রিন্সিপালের কাছে যাও, আমি আর কি করবো ?

অপু তাড়াতাড়ি বু'কিয়া পড়িয়া দেখিতে গেল—তাহার রোল নম্বর কুড়ি—একই পাতায়।

দেখিল অনেক ছেলের নামের সঙ্গে সঙ্গে কালিতে 'ডি' লেখা আছে অর্থাৎ ডিক্টার—মাহিনা দেয় নাই। সঙ্গে সঙ্গে নামের উর্টাদিকে মস্তবোর ঘরে কোন্ কোন্ মাসের মাহিনা বাকী তাহা লেখা আছে। কিন্তু তাহার নামটাতে কোন কিছু দাগ বা আঁচড় নাই—একেবারে পরিষ্কার মুক্তার মত হাতের লেখা জলজল করিতেছে—রায় অপূর্বকুমার—লাল কালির একটা বিন্দু পর্যন্ত নাই, ..

ঘটনা হয়ত খুব সামান্য, কিছুই না—হয়ত একটা সম্পূর্ণ কলমের ভুল, না হয় কেমানীর হিসাবের ভুল, কিন্তু অপূর্ব মনে ঘটনাটা গভীর রেখাপাত করিল।

মনে আছে—অনেকদিন আগে ছেলেবেলার তাহার দিদি যেবার মারা গিয়াছিল, সেবার শীতের দিনে বৈকালে নদীর ধারে বসিয়া ভাবিত, দিদি কি নরকে গিয়াছে? সেখানকার বর্ণনা সে মহাভারতে পড়িয়াছিল, ঘোর অন্ধকার নরকে শত শত বিকটাকার পাখী ও তাহাদের চেয়েও বিকটাকার যমদূতের হাতে পড়িয়া তাহার দিদির কি অবস্থা হইতেছে! কথাটা মনে আসিতেই বুকের কাছটায় কি একটা আটকাইয়া যেন গলা বন্ধ হইয়া আসিত—চোখের জলে কাশবন শিমূলগাছ ঝাপসা হইয়া আসিত, কি জানি কেন, সে তাহার হাশুমুখী দিদির সঙ্গে মহাভারতোক্ত নরকের পারিপার্শ্বিক অবস্থার যেন কোন মতেই খাপ খাওয়াইতে পারিত না। তাহার মন বলিত, না—না—দিদি সেখানে নাই—সে জায়গা দিদির জন্ত নয়।

তারপর ওপারে কাশবনে ম্লান সন্ধ্যার রাঙা আলো যেন অপূর্ব রহস্য মাখানো মনে হইত—আপনা আপনি তাহার শিশুমন কোন্ অদৃশ্য শক্তির নিকট হাতজোড় করিয়া প্রার্থনা করিত—আমার দিদিকে তোমরা কোন কষ্ট দিও না—সে অনেক কষ্ট পেয়ে গেছে—তোমাদের পায়ে পড়ি, তাকে কিছু বলো না—

ছেলেবেলার সে সহজ নির্ভরতার ভাব সে এখনও হারায় নাই। এই সেদিনও কলিকাতায় পড়িতে আসিবার সময়ও তাহার মনে হইয়াছিল—যাই না, আমি তো একটা ভাল কাজে যাচ্ছি—কত লোক তো কত চায়, আমি বিগে চাইছি—আমার এর উপায় ভগবান ঠিক ক'রে দেবেন—। তাহার এ নির্ভরতা আরও দৃঢ় ভিত্তির উপর দাঁড় করাইয়াছিলেন দেওয়ান-পুরের হেডমাস্টার মিঃ দস্ত। তিনি ছিলেন—ভক্ত ও বিশ্বাসী খুস্তান। তিনি তাহাকে যে-সব কথা বলিতেন অল্প কোনও ছেলের সঙ্গে সে ভাবের কথা বলিতেন না। শুধু গ্রাম্যর এ্যালজেব্রা নয়—কত উপদেশের কথা, গভীর বিশ্বাসের কথা, দৈব, পরলোক, অন্তরতম অন্তরের নানা গোপন বাণী। হয়ত বা তাহার মনে হইয়াছিল, এ বালকের মনের ক্ষেত্রে এসকল উপদেশ সময়ে অঙ্কুরিত হইবে।

প্রাচীন মাসের মাঝামাঝি, রাতার কেরিওয়াল হাকিতেছে, 'পেয়ারাকুলি আম', 'ল্যাংড়া আম'—দিনরাত টিপ্ টিপ্ বৃষ্টি, পথঘাটে জল কাঁদা। এই সময়টার সঙ্গে অপূর্ব কেমন একটা নিরাশ্রয়তা ও নিঃস্বপ্নতার ভাব জড়িত হইয়া আছে, আর-বছর ঠিক এই সময়টিতে

কলিকাতায় নতুন আসিয়া অবলম্বন-শুল্ক অবস্থায় পথে পথে ঘুরিতে হইয়াছিল, কি না জানি হয়, কোথায় না জানি কি সুবিধা জুটিবে—এবারও তাই।

ঔষধের কারখানায় এবার আর স্থান হয় নাই। এক বন্ধুর মেসে দিনকতক উঠিয়াছিল, এখন আবার অন্য একটু বন্ধুর মেসে আছে। নানাস্থানে ছেলপড়ানোর চেষ্টা করিয়া কিছুই জুটিল না, পরের মেসেই বা চলে কি করিয়া? তাহা ছাড়া এই বন্ধুটির ব্যবহার তত ভাল নয়, কেমন যেন বিরক্তির ভাব সর্বদাই—তাহার অবস্থা সবই জানে অথচ একদিন তাহাকে জিজ্ঞাসা করিয়া বসিল, সে মেস খুঁজিয়া লইতে এত দেরি কেন করিতেছে—এ মাসটার পরে আর কোথাও সিট কি খালি পাওয়া যাইবে? অপু মনে বড় আহত হইল। একদিন তাহার হঠাৎ মনে হইল খবরের কাগজ বিক্রয় করিলে কেমন হয়? কলিকাতার খরচ চলে না? মাকেও তো...

অপু সব সন্ধান লইল। তিন পয়সা দিয়া নগদ কিনিয়া আনিতে হয় খবরের কাগজের অফিস হইতে, চার পয়সার বিক্রী, এক পয়সা লাভ কাগজ পিছু; কিন্তু মূলধন তো চাই; কাহারও কাছে হাত পাতিতে লজ্জা করে, দিবেই বা কে? এই কলিকাতা শহরে এমন একজনও নাই যে তাহাকে টাকা ধার দেয়। সে স্বেদ দিতে রাজী আছে। সমীরের কাছে 'যাইতে ইচ্ছা হয় না, সে ভাল করিয়া কথা কয় না! ভাবিয়া-চিন্তিয়া অবশেষে কারখানার তেওয়ারী-বোয়ের কাছে গিয়া সব বলিল। তেওয়ারী-বো স্বেদ লইবে না। লুকাইয়া দু'টা মাত্র টাকা বাহির করিয়া দিল, তবে আশ্বিন মাসে তাহার দেশে যাইবে, তাহার পূর্বে টাকাটা দেওয়া চাই।

ফিরিবার পথে অপু ভাবিল...বহুর পায়ের ধুলো নিতে ইচ্ছা করে, মায়ের মত ছাখে, আহা কি ভালো লোক!

পরদিন সকালে সে ছুটিল অমৃতবাজার পত্রিকা অফিসে! সেখানে কাগজ-বিক্রেতাদের মারামারি, সবাই আগে কাগজ চায়। অপু ভিড়ের মধ্যে ঢুকিতে পারিল না—কাগজ পাইতে বেলা হইয়া গেল। তাহার পর আর এক নতুন বিপদ—অন্য কাগজওয়ালাদের মত কাগজ হাঁকিতে পারা তো দূরের কথা, লোকে তাহার দিকে চাহিলে সে সঙ্কচিত হইয়া পড়ে, গলা দিয়া কোনও কথা বাহির হয় না। সকলেই তাহার দিকে চায়, স্বস্তী স্বন্দর ভঙ্গলোকের ছেলে কাগজ বিক্রয় করিতেছে, এ দৃশ্য তখনকার সময়ে কেহ দেখে নাই—অপু ভাবে—বা রে, আমি কি চড়কের নতুন সঙ, নাকি? খানিক দূরে আর একটা জায়গায় চলিয়া যায়। কাহাকেও বিনীতভাবে মুখের দিকে না চাহিয়া বলে—একখানা খবরের কাগজ নেবেন? অমৃতবাজার?

কলেজে যাইবার পূর্বে মাত্র আঠারোখানি বিক্রয় হইল। বাকীগুলি এক খবরের কাগজের ফেরিওয়াল। তিন পয়সা দরে কিনিয়া লইল। পরদিন লজ্জাটা অনেকটা কমিল, ট্রামে অনেকগুলি কাগজ কাটিল, বোধ হয় বাঙালী ভঙ্গলোকের ছেলে বলিয়াই তাহার নিকট হইতে অনেক কাগজ লইল।

মাসের শেষে একদিন কলেজ লাইব্রেরীতে সে বলিয়া আছে, হঠাৎ হলে খুব হৈ-ঠে উঠিল।

গিয়া দেখে কোথাকার একজন ছেলে লাইব্রেরীর একখানা বই চুরি করিয়া পালাইতেছিল, ধরা পড়িয়াছে—তাহারই গোলমাল। অপু তাহাকে চিনিল—একদিন আর বছর সে ঠাকুরবাড়িতে খাইতে যাইতেছিল। ওই ছেলেটিও বারাণসী ঘোষ স্ট্রীটের দত্তবাড়ি দরিদ্র ছাত্র হিসাবে খাইতে যাইতেছিল, শীতের রাত্রি, খুব বৃষ্টি আসাতে ছ'জনে এক গাড়ি-বারান্দার নীচে ঝাড়া ছ'ঘণ্টা দাঁড়াইয়া থাকে। ছেলেটি তখন অনেক দূর হইতে হাঁটিয়া অতদূর খাইতে যায় শুনিয়া অপু মনে বড় দয়া হয়। সে নাম জানিত, মেট্রোপলিটন কলেজে থার্ড ইয়ারের ছেলে তাহাও জানিত, কিন্তু কোনও কথা প্রকাশ করিল না! কলেজ স্পারিটেণ্টেণ্ট পুলিশের হাতে দিবার ব্যবস্থা করিতেছিলেন, দর্শনের অধ্যাপক বুদ্ধ প্রসাদদাস মিত্র মধ্যস্থতা করিয়া ছাড়িয়া দিলেন।

অপু মনে বড় আঘাত লাগিল—সে পিছু পিছু গিয়া অখিল মিস্ত্রি লেনের মোড়ে ছেলেটিকে ধরিল। ছেলেটির নাম হরেন। সে দিশাহারার মত হাঁটিতেছিল, অপুকে চিনিতে পারিয়া ঝব্বঝব্ব করিয়া কাঁদিয়া ফেলিল! অত্যন্ত অচল হইয়াছে, ছেঁড়া কাপড়, চারিদিকে দেনা, দত্তবাড়ি আজকাল আর খাইতে দেয় না—বর্ধমান জেলায় দেশ, এখানে কোনও আত্মীয়স্বজন নাই। অপু মির্জাপুর পার্কে একখানা বেঞ্চিতে তাহাকে টানিয়া লইয়া গিয়া বসাইল, ছেলেটার মুখে বসন্তের দাগ, রং কালো, চুল রুক্ষ, গায়ের শার্ট কজির অনেকটা উপর পর্যন্ত ছেঁড়া। অপু চোখে জল আসিতেছিল, বলিল—তোমাকে একটা পরামর্শ দিই শোনো—খবরের কাগজ বিক্রি করবে? বাদামভাজা খাওয়া যাক—এসো—এই বাদামভাজা—

পূজা পর্যন্ত দুজনের বেশ চলিল। পূজার পরই পুনর্মুখিক—তেওয়ারী-বৌয়ের দেনা শোধ করিয়া যাহা থাকিল, তাহাতে মাসিক খরচের কিছু অংশ কুলান হয় বটে, বেশীটাই হয় না। সেকেও ইয়ারের টেস্ট পরীক্ষাও হইয়া গেল, এইবারই গোলমাল—সারা বছরের মাহিনা ও পন্নীকার ফী দিতে হইবে অল্পদিন পরেই।

উপায় কিছুই নাই। সে কাহারও কাছে কিছু চাহিতে পারিবে না। হয়ত পরীক্ষা দেওয়াই হইবে না। সত্যই তো, এত টাকা—এ তো আর ছেলেখেলা নয়? মন্থকে একদিন হাসিয়া সব কথা খুলিয়া বলে। মন্থ শুনিয়া অবাক হইয়া গেল, বলিল—এসব কথা আগে জানাতে হয় আমাকে। মন্থ সত্যই খুব খাটিল। নিজের দেশের বার লাইব্রেরিতে চাঁদা তুলিয়া প্রায় পঞ্চাশ টাকা আনিয়া দিল, কলেজে প্রফেসরদের মধ্যে চাঁদা তুলিয়া ফেলিল, অল্পদিনের মধ্যে অপ্রত্যাশিতভাবে অনেকগুলি টাকা আসিতে দেখিয়া অপু নিজেই আশ্চর্য হইয়া গেল। কিন্তু বাকী বেতন একরূপ শোধ হইলেও তখনও পরীক্ষার ফি-এর এক পরসাত্ত জোগাড় হয় নাই, মন্থ ও বোঁবাজারের সেই ছেলেটি বিখনাথ—ছ'জনে মিলিয়া ভাইস-প্রিন্সিপ্যালকে গিয়া ধরিল, অপূর্বক কলেজের বাকী বেতন কিছু ছাড়িয়া দিতে হইবে।

এদিকে ঔষধের কারখানায় থাকিবার সুবিধার জন্ত অপু পুনরায় কারখানার ম্যানেজারের নিকটে গেল। এই মাসতিনেক যদি সেখানে থাকিবার সুবিধা পায়, তবে পরীক্ষার পড়াটা

করিতে পারে। এর-ওর-তার মেসে সারা বছর অস্থিতপঙ্কভাবে থাকিয়া ভেমন পড়াশুনা হয় নাই। কারখানার আর সকলে অপুকে চিনিত, পছন্দও করিত, তাহারা বলিল—ওহে, তুমি একবার মিঃ লাহিড়ীর কাছে যেতে পার? ওর কাছে বলাই ভুল—মিঃ লাহিড়ী কারখানার একজন ডিরেক্টর, তার চিঠি যদি আনতে পার, ও সুড়-সুড় করে রাজী হবে এখন। ঠিকানা লইয়া অপু উপরি উপরি তিন-চার দিন ভবানীপুরে মিঃ লাহিড়ীর বাড়িতে গেল, দেখা পাইল না,—বড়লোকের গাড়িবারান্দার ধারে বেঞ্চের উপর বসিয়া বসিয়া চলিয়া আসে। দিনকতক কাটিল।

সেদিন রবিবার। ভাবিল, আজ আর দেখা না করিয়া আসিবে না। মিঃ লাহিড়ী বাড়ি নাই বটে, তবে বেলা এগারোটার মধ্যে আসিবেন। খানিকক্ষণ বসিয়া আছে, এমন সময় একজন যি আসিয়া বলিল—আপনাকে দ্বিদিমণি ডাকছেন—

অপু আশ্চর্য হইয়া গেল। কোন্ দ্বিদিমণি তাহাকে ডাকিবেন এখানে? সে বিশ্বয়ের সুরে বলিল—আমাকে? না—আমি তো—

যি ভুল করে নাই, তাহাকেই। ডানধারে একটা বড় কামরা, অনেকগুলো বড় বড় আলমারী, প্রকাণ্ড বনাত-মোড়া টেবিল, চামড়ার গদি-আঁটা আরাম চেয়ার ও বসিবার চেয়ার। সৰু বারান্দা পার হইয়া একটা চকমিলানো ছোট পাথর-বাধানো উঠান। পাশের ছোট ঘরটায় হাতল-হীন চেয়ারে একটি আঠারো-উনিশ বছর বয়সের তরুণী বসিয়া টেবিলে বই কাগজ ছড়াইয়া কি লিখিতেছে, পরণে সাদাসিদে আটপোরে লালপাড় শাড়ি, ব্লাউজ, ঢিলে-খোঁপা, গলায় সৰু চেন, হাতে প্লেন বালা—অপরূপ সন্দরী! সে ঘরে ঢুকিতেই মেয়েটি হাসিমুখে চেয়ার হইতে উঠিয়া দাঁড়াইল।

অপু স্বপ্ন দেখিতেছে না তো? সকালে সে আজ কাহার মুখ দেখিয়া উঠিয়াছে!... নিজের চোখকে যেন বিশ্বাস করিয়াও করা যায় না—আপনা-আপনি তাহার মুখ দিয়া বাহির হইল—লীলা!

লীলা মুহু মুহু হাসিমুখে তাহার দিকে চাহিয়া ছিল। বলিল—চিনতে পেরেছেন তো দেখছি? আপনাকে কিন্তু চেনা যায় না—ও: কতকাল পর—আট বছর খুব হবে—না?

অপু এতক্ষণ পর কথা ফিরিয়া পাইল। সম্মুখের এই অনিন্দ্যসুন্দরী তরুণী লীলাও বটে, না-ও বটে। কেবল হাসির ভঙ্গি ও একধরনের হাত রাখিবার ভঙ্গিটা পরিচিত পুরানো।

সে বলিল, আট বছর—হ্যাঁ তা—তো—তোমাকেও দেখলে চেনা যায় না! অপু ‘আপনি’ বলিতে পারিল না, মুখে বাধিল, লীলার সঘোড়নে সে মনে আঘাত পাইয়াছিল।

লীলা বলিল—আপনাকে ছুঁদিন দেখেছি, পরশু কলেজে যাবার সময় গাড়িতে উঠছি, দেখি কে একজন গাড়িবারান্দার ধারে বেঞ্চেতে বসে—দেখে মনে হ’ল কোথায় দেখেছি ঘেন—আবার কালও দেখি বসে—আজ সকালে বাইরের ঘরে খবরের কাগজখানা এসেছে কিনা দেখতে আনলা দিবে দেখি অজ্ঞও বসে—তখন হঠাৎ মনে হ’ল আপনি...তখনই থাকে

বলেছি, মা আসছেন—কি করছেন কলকাতায়? রিপনে?—বাঃ, তা এতদিন আছেন, একদিন এখানে আসতে নেই?

বাল্যের সেই লীলা!—একজন অত্যন্ত পরিচিত, অত্যন্ত আপনার লোক যেন দূরে চলিয়া গিয়া পর হইয়া পড়িয়াছে। ‘আপনি’ বলিবে না ‘তুমি’ বলিবে, দিশাহারা অপু তাহা ঠাহর করিতে পারিল না। বলিল,—‘কি ক’রে আসব? আমি কি ঠিকানা জানি?’

লীলা বলিল—ভাল কথা, আজ এখানে হঠাৎ কি ক’রে এসে পড়লেন?

অপু লজ্জায় বলিতে পারিল না যে, সে এখানে থাকিবার স্থানের সুপারিশ ধরিতে আসিয়াছে। লীলা জিজ্ঞাসা করিল—মা ভাল আছেন? বেশ—আপনার বৃষ্টি সেকেন্ডে ইয়ার? আমার ফাস্ট ইয়ার আর্টস।

একটি মহিলা ঘরে ঢুকিলেন। অপু চিনিল, বিস্মিতও হইল। লীলার মা মেজ-বোরানী, কিন্তু বিধবার বেশ। আট দশ বৎসর পূর্বের সে অতুলনীয় রূপরাশি এখনও একেবারে নিশ্চিহ্ন হইয়া না গেলেও দেখিলে হঠাৎ চেনা যায় না। অপু পায়ের ধূলা লইয়া প্রণাম করিল। মেজ-বোরানী বলিলেন—এসো বাবা এসো, লীলা কালও একবার বলেছে, কে এক জন বসে আছে মা, ঠিক বর্ধমানের সেই অপূর্ব মত—আজ আমাকে গিয়ে বললে, ও আর কেউ নয় ঠিক অপূর্ব—তুমি আমি বিকে দিয়ে ডাকতে পাঠালাম—বসো, দাঁড়িয়ে কেন বাবা? ভাল আছ বেশ? তোমার মা কোথায়?

অপু সঙ্কুচিতভাবে কথার উত্তর দিয়া গেল। মেজ-বোরানীর কথায় কি আন্তরিকতার সুর! যেন কত কালের পুরাতন পরিচিত আত্মীয়তার আবহাওয়া। অপু কি করিতেছে, কোথায় থাকে, মা কোথায় থাকেন, কি করিয়া চলে, এবার পরীক্ষা দিয়া পুনরায় পড়িবে কি না, নানা খুঁটিনাটি প্রশ্ন। তারপর তিনি চা ও খাবারের বন্দোবস্ত করিতে বাড়ির মধ্যে চলিয়া গেলে—অপু বলিল—ইয়ে, তোমার বাবা কি—

লীলা ধরা গলায় বলিল—বাবা তো, এই তিন বছর হ’ল—এটা আমার বাড়ি—

অপু বলিল—ও! তাই ঝি বললে দ্বিদিমণি ডাকছেন।—মানে উনি—না?—মিঃ লাহিড়ী কে হন তোমার?

—দাদামশায়—উনি ব্যারিস্টার, তবে আজকাল আর প্র্যাক্টিশ করেন না—বড় মামা হাইকোর্টে বেরুচ্ছেন আজকাল। ও-বছর বিলেত থেকে এসেছেন।

চা ও খাবার খাইয়া অপু বিদায় লইল। লীলা বলিল—বড় মামার মেয়ের নেম্-ডে পার্টি, সামনের বুধবারে। এখানে বিকেলে আসবেন অবিশি অপূর্ববাবু—ভুলবেন না যেন—ঠিক কিন্তু ভুলবেন না।

পথে আসিয়া অপূর্ব চোখে প্রায় জল আসিল। ‘অপূর্ববাবু’!

লীলাই বটে, কিন্তু ঠিক কি সেই এগারো বছরের কোতুকমরী সরলা স্নেহময়ী লীলা?—সে লীলা কি তাহাকে ‘অপূর্ববাবু’ বলিয়া ডাকিত? তবুও কি আন্তরিকতা ও আত্মীয়তা।—আর নিজের আপনার লোক জ্যাঠাইমাও তো কলিকতায় আছেন—মেজ-বোরানী সম্পূর্ণ

পর হইয়া আজ তাহার বিষয়েতে ধত খুঁটিনাটি দ্বান্তরিক আগ্রহে প্রশ্ন করিলেন, জ্যাঠাইমা কোনও দিন তাহা করিয়াছেন ?...

বাসায় ফিরিয়া কেবলই লীলার কথা ভাবিল। তাহার মনের যে স্থান লীলা দখল করিয়া আছে ঠিক সে স্থানটিতে আর কেহই তো নাই! কিন্তু সে এ লীলা নয়। সে লীলা স্বপ্ন হইয়া কোথায় মিলাইয়া গিয়াছে—আর কি তাহার দেখা মিলিবে কোনও কালে? সে ঠিক বুঝিতে পারিল না—আজকের শাক্ষাতে সে আনন্দিত হইয়াছে কি ব্যথিত হইয়াছে।

বুধবারের পার্টির জন্ত সে টুইল শাটটা সাবান দিয়া কাচিয়া লইল। ভাবিল, নিজের যাহা আছে তাহাই পরিয়া যাইবে, চাহিবার চিন্তিবার আবশ্যক নাই। তবুও যেন বড় হীনবেশ হইল। মনে মনে ভাবিল, হাতে যখন পয়সা ছিল, তখন লীলার সঙ্গে দেখা হ'ল না—আর এখন একেবারে এই দশা, এখন কিনা—!

লীলার দানামশায় মিঃ লাহিড়ী খুব মিশুক লোক। অণুকে বৈঠকখানায় বসাইয়া খানিকটা গল্পগুজব করিলেন। লীলা আসিল, সে ভারি ব্যস্ত, একবার দু-চার কথা বলিয়াই চলিয়া গেল। কোনও পার্টিতে কেহ কখনও তাহাকে নিমন্ত্রণ করে নাই। যখন এক এক করিয়া নিমন্ত্রিত ভদ্রলোক ও মহিলাগণ আসিতে আরম্ভ করিলেন, তখন অপু খুব খুশী হইল। কলিকাতা শহরে এ রকম ধনী উচ্চশিক্ষিত পরিবারে মিশিবার সুযোগ—এ বুঝি সকলের হয়? মাকে গিয়া গল্প করিবার মত একটা জিনিস পাইয়াছে এতদিন পরে! মা শুনিয়া কি খুশীই যে হইবে!

বৈঠকখানায় অনেক সুবেশ যুবকের ভিড়, প্রায় সকলেই বড়লোকের ছেলে, কেহ বা নতুন ব্যারিস্টারী পাশ করিয়া আসিয়াছে, কেহ বা ডাক্তার, বেশীর ভাগ বিলাত-ফেরত। কি লইয়া অনেকক্ষণ ধরিয়া উর্ক হইতেছিল। কর্পোরেশন ইলেকশন লইয়া কথা কাটাকাটি। অপু এ বিষয়ে কিছু জানে না, সে একপাশে চুপ করিয়া বসিয়া রহিল।

পাড়াগায়ের কোন একটা মিউনিসিপ্যালিটির কথায় সেখানকার নানা অসুবিধার কথাও উঠিল।

একজন মধ্যবয়সী ভদ্রলোক, মাথায় কাঁচাপাকা চুল, চোখে সোনা-বাঁধানো চশমা, একটু টানিয়া টানিয়া কথা বলিবার অভ্যাস, মাঝে মাঝে মোটা চুরুটে টান দিয়া কথা বলিতে-ছিলেন—দেখুন মিঃ সেন, এগ্রিকালচারের কথা যে বলছেন, ও শখের ব্যাপার নয়—ও কাজ আপনার আয়ার নয়, ইট্‌ মাস্ট বি ব্রেড্‌ ইন্‌ দি বোর্ন্—জন্মগত একটা ধাত গড়ে না উঠলে শুধু কলের লাজল কিনলে ও হয় না—

প্রতিপক্ষ একজন ত্রিশ-পঁয়ত্রিশ বৎসরের যুবক, সাহেবী পোশাক-পরা, বেশ সবল ও সুস্থকায়। তিনি অধীরভাবে সামনে ঝুঁকিয়া বলিলেন—মাপ করবেন রমেশবাবু, কিন্তু একথার কোমল ভিত্তি আছে ব'লে আমার মনে হয় না। আপনি কি বলতে চান তা হ'লে এডুকেশন, অর্গ্যানাইজেশন, ক্যাপিটাল—এসবের মূল্য নেই এগ্রিকালচারে? এই যে—

—আছে, সেকেণ্ডারী—

—তবে চাবার ছেলে ভিন্ন কোনও শিক্ষিত লোক কখনও ওসবে যাবে না?... কারণ ইট ইন্ট নট ব্রেড্ ইন্ হিজ বোন্? অদ্ভুত কথা আগনার—আমার সঙ্গে কেহিঁজে একজন আইরিশ ছাত্র পড়ত—লম্বা লম্বা চুল মাথার, সুন্দর চেহারা, ধরণধরণে টু পোরেট। হয়ত সারারাত জেগে হুলা করছে, একটা বেহালা নিয়ে বাজাচ্ছে—আবার হয়ত দেখুন সারাদিন পড়ছে, বাঁসে কি লিখছে—নয় তো ভাবছে—ডিগ্রী নিয়ে চলে গেল বেরিয়ে ক্যানাডায়—গবর্ণমেন্ট হোমস্টেড্ ল্যাণ্ডে জংলী জমি নিলে—ছোট্ট একটা কাঠের কুঁড়েঘরে সেই দুর্ধর্ষ শীতের মধ্যে তিন-চার বৎসর কাটালে—হোমস্টেড্ ল্যাণ্ডের নিয়ম হচ্ছে টাইটল হবার আগে পাঁচ বৎসর জমির ওপর বাস করা চাই—থেকে জমি পরিষ্কার করলে, নিজের হাতে রোজ জমি সাফ করে—লোকজন নেই, দুশো একর জমি, ভাবুন কতদিনে—

ওদিকে একদলের মধ্যে আলোচনা বেশ ঘনাইয়া আসিল। একজন কে বলিয়া উঠিল—ওসব মর্যাগিটা, আপনি যা বলছেন, সেকেলে হয়ে পড়েছে—এটা তো মানেন যে, ওসব তৈরি হয়েছে বিশেষ কোনও সামাজিক অবস্থায়, সমাজকে বা ইন্ডিভিডুয়ালকে প্রোটেকশান দেবার জন্তে, স্মরণ্য—

—বটে, তাহলে সবাই সুবিধাবাদী আপনারা। নর্ম্যাটিভ ভ্যালু বলে কোনও কিছুই স্থান নেই দুনিয়ায়?...ধরুন যদি—

অপু খুব খুশী হইল। কলিকাতার বড়লোকের বাড়ির পার্টিতে সে নিমন্ত্রিত হইয়া আসিয়াছে, তাহা ছাড়া শিক্ষিত বিলাত-ফেরত দলের মধ্যে এভাবে। নাটক-নভেলে পড়িয়াছিল বটে, কিন্তু জীবনের অভিজ্ঞতা কখনও হয় নাই। সে অতীব খুশীর সহিত চারিধারে চাহিয়া একবার দেখিল—মার্বেলের বড় ইলেক্ট্রিক ল্যাম্প কড়ি হইতে ঝুলিতেছে, সুন্দর ফুলকাটা ছিটের কাপড়ে ঢাকা কোচ, সোফা, দামী আয়না—বড় বড় গোলাপ, মোরাদা-বাদের পিতলের গোলাপদানী। নিজের বসিবার কোচখানা সে দু-একবার অপরের অলঙ্কিতে টিপিয়া টিপিয়া দেখিল। তাহা ছাড়া এ-ধরণের কথাবার্তা—এই তো সে চায়! কোথায় সে ছিল পাড়াগাঁয়ের গরীব ঘরের ছেলে—তিন ক্রোশ পথ হাঁটির মাঝোয়ানের স্থলে পড়িতে যাইত, সে এখন কোথায় আসিয়া পড়িয়াছে! এ-ধরণের একটা উৎসবের মধ্যে তাহার উপস্থিতি ও পাঁচজনের একজন হইয়া বসিবার আশ্রয়প্রসাদে ঘরের তাবৎ উপকরণ ও অলঙ্কানকে যেন সে সারা দেহ-মন দ্বারা উপভোগ করিতেছিল।

কৃষিকার্যে উৎসাহী ভদ্রলোকটি অল্প কথা তুলিয়াছেন, কিন্তু অপূর দক্ষিণ ধারের দলটি পূর্ব আলোচনাই চালাইতেছেন এখনও। অপূর মনে হইল সে-ও এ-আলোচনার যোগদান করিবে, আর হয়ত এ-ধরণের সম্ভ্রান্ত সমাজে মিশিবার সুযোগ জীবনে কখনও ঘটবে না। এই সময় দু-এক কথা এখানে বলিলে সে-ও তো একটা আশ্রয়প্রসাদ। ভবিষ্যতে ভাবিয়া আনন্দ পাওয়া যাইবে। পাস-নে চশমা-পরা যুবকটির নাম হীরক সেন। নতুন পাশ-করা ব্যারিস্টার। মুখে বেশ বুদ্ধির ছাপ—কি কথায় সে বলিল—ওসব মানি নে বিমলবাবু, দেহ একটা এঞ্জিন—এঞ্জিনের যতক্ষণ স্টীম থাকে, চলে—যেই কলকজা বিগড়ে যায়, সব বন্ধ—

অপু অবসর খুঁজিতেছিল, এই সময় তাহার মনে হইল এ-বিষয়ে সে কিছু কথা বলিতে পারে। সে দু একবার চেষ্টা করিয়া সাহস সঞ্চয় করিয়া কতকটা আনাড়ী, কতকটা মরীয়ার মত আরক্তমুখে বলিল—দেখুন মাপ করবেন, আমি আপনার মতে ঠিক মত দিতে পারি নে—দেহটাকে এঞ্জিনের সঙ্গে তুলনা করুন ক্ষতি নেই, কিন্তু যদি বলেন দেহ ছাড়া আর কিছু নেই—

ঘরের সকলেই তাহার দিকে যে কতকটা বিস্ময়ে, কতকটা কোতূকের সহিত চাহিতেছে, সেটুকু সে বুঝিতে পারিল—তাহাতে সে আরও অভিভূত হইয়া পড়িল—সঙ্গে সঙ্গে সেটুকু চাপিবার চেষ্টায় আরও মরীয়া হইয়া উঠিল।

একজন বাধা দিয়া বলিল—মশায় কি করেন, জানতে পারি কি ?

—আমি এবার আই-এ দেবো।

পাস-নে চশমা-পরা যে যুবকটি এঞ্জিনের কথা তুলিয়াছিল, সে বলিল,—ইউনিভার্সিটির আরও দু-ক্লাস পড়ে এ তর্কগুলো করলে ভাল হয় না ?

সে এমন অতিরিক্ত শাস্তভাবে কথাগুলি বলিল যে, ঘরসুদ্ধ লোক হো হো করিয়া হাসিয়া উঠিল। অপূর মুখ দাড়িমের মত লাল হইয়া উঠিল।

যদি সে পূর্ব হইতেই ধারণা করিয়া না লইত যে, সে এ-সভায় ক্ষুদ্রাদপি ক্ষুদ্র এবং উহার দয়া করিয়া তাহার এখানে উপস্থিতি সহ্য করিতেছে—তাহা হইলে এমন উগ্র ও অভদ্রভাবের প্রত্যুত্তরে হয়ত তাহার রাগ হইত—কিন্তু সে তো কোনও কিছুতেই এদের সমকক্ষ নয়!—রাগ করিবার মত ভরসা সে নিজের মধ্যে খুঁজিয়া পাইল না। তার অত্যন্ত লজ্জা হইল—এবং সঙ্গে সঙ্গে সেটা চাকিবার জন্ত সে আরও মরীয়ার সুরে বলিল—ইউনিভার্সিটির ক্লাসে না পড়লে যে কিছু জানা যায় না একথা আমি বিশ্বাস করি নে—আমি একথা বলতে পারি কোনও ফোর্থ ইয়ারের ছাত্র যে-কোনও কলেজের হিষ্টিতে কি ইংলিশ পোইন্টিতে—কিংবা জেনারেল নলেজে পারবে না আমার সঙ্গে।

নিতান্ত অপটু ধরণের কথা—সকলে আরও একদফা হাসিয়া উঠিল।

তারপর তাহার নিজেদের মধ্যে অল্প কথাবার্তায় প্রবৃত্ত হইল। অপু আধঘণ্টা থাকিলেও তাহার অস্তিত্বই যেন সকলে ভুলিয়া গেল। উঠিবার সময় তাহার নিজেদের মধ্যে করমর্দন ও পরস্পরের নিকট বিদায় গ্রহণ করিল, তাহার দিকে কেহ ফিরিয়াও চাহিল না।

যেভাবে সকলে তাহাকে উড়াইয়া দিল, বা মাহুষের মধ্যে গণ্য করিল না, তাহাতে সভাই অপু অপমান ও লজ্জায় অভিভূত হইয়া পড়িল। তাহার পাশ কাটাইয়া সকলে চলিয়া গেল—কেহ একটা প্রশ্নও জিজ্ঞাসা করিল না, তাহার সঁঘন্ধে কেহ কোন কোতূহলও দেখাইল না। অপু মনে মনে ভাবিল—বেশ. না বলুক কথা—আমি কি জানি না-জানি, তার খবর ওয়া কি জানে ? সে জানত অনিল...

সে চলিয়া যাইতেছে, এমন সময় লীলা আসিয়া তাহাকে নিজে বাড়ির মধ্যে লইয়া গেল। বলিল,—মা, অপূর্ববাবু না খেয়েই চুপি চুপি পালাচ্ছিলেন !

লীলা বৈঠকখানার ব্যাপারটা না জানিতে পারে ..

একটি ছোট আর্ট-নয় বৎসরের ছেলেকে দেখাইয়া বলিল—একে চেনেন অপূর্ববাবু? এ সেই খোকামণি, আমার ছোট ভাই, এর অন্নপ্রাশনেই আপনাকে একবার আসতে বলেছিলুম, মনে নেই ?

লীলার কয়েকটি সহপাঠিনী সেখানে উপস্থিত, সে সকলকে বলিল—তোমরা জান না, অপূর্ববাবুর গলা খুব ভাল, তবে গান গাইবেন কিনা জানি নে, মানে বেজায় লাজুক, আমি ছেলেবেলা থেকে দেখে আসছি, একটা অল্পরোধ রাখবেন অপূর্ববাবু ?

অপু অনেকের অল্পরোধ-উপরোধে অবশেষে বলিল—আমি বাজাতে জানি নে—কেউ যদি বরণ বাজান !—

খাওয়াটা ভালই হইল ! তবুও রাত্রে বাসায় ফিরিতে ফিরিতে তাহার মনে হইতেছিল—আর কখনও এখানে সে আসিবে না। বড়লোকের সঙ্গে তাহার কিসের খাতির—দরকার কি আসিবার ? একটা দারুণ অতৃপ্তি।

যেদিন অপূর পরীক্ষা আরম্ভ হইবে তাহার দিন-পাঁচেক আগে অপু পত্রে জানিল মায়ের অসুখ, হস্তাক্ষর তেলি-বাড়ির বড় বৌয়ের।

সন্ধ্যার সময় অপু বাড়ি পৌঁছিল।

সর্বজ্ঞয়া কাঁথা গায়ে দিয়া শুইয়া আছে, দুর্বল হইয়া পড়িয়াছে দেখিয়া মনে হয়। অপুকে দেখিয়া ভাড়াভাড়ি বিছানার উপর উঠিয়া বসিল। অনেক দিন হইতেই অসুখে ভুগিতেছে, পরীক্ষার পড়ার ব্যাঘাত হওয়ার ভয়ে খবর দেয় নাই, সেদিন তেলি-বৌ জোর করিয়া নিজে পত্র দিয়াছে। এমন যে কিছু শয্যাগত অবস্থা তাহা নয়, খায়-দায়, কাজকর্ম করে। আবার অসুখও হয়। সন্ধ্যা হইলেই শয্যা আশ্রয় করে, আবার সকালে উঠিয়া গৃহকর্ম শুরু করে। চিরদিনের গৃহিনীপনা এ অসুস্থ শরীরেও তাহাকে ত্যাগ করে নাই।

অপু বলিল—উঠো না বিছানা থেকে মা—শুয়ে থাকো—দেখি গা।

—তুই আয় বোস্—ও কিছু না—একটু জর হয়, খাই-দাই—ও এমন সময়ে হয়েই থাকে। বোশেখ মাসের দিকে সেরে যাবে—তুই যে মেয়েকে পড়াস, সে ভাল আছে তো ?

সর্বজ্ঞয়ার রোগশীর্ণ মুখের হাসিতে অপূর চোখে জল আসিল। সে পুঁটুলি খুলিয়া গোটা-কতক কমলালেবু, বেদানা, আপেল বাহির করিয়া দেখাইল। জিনিসপত্র সস্তায় কিনিতে পারিলে সর্বজ্ঞয়া ভারি খুশী হয়। অপু জানে মাকে আমোদ দিবার এটা একটা প্রকৃষ্ট প্রহা। কমলালেবুগুলা দেখাইয়া বলে—কত সস্তায় কলকাতার জিনিসপত্র পাওয়া যায় ঠাখো—লেবুগুলা দশপয়সা—

প্রকৃতপক্ষে লেবু-কটির দাম ছ' আনা।

সর্বজ্ঞয়া আগ্রহের সহিত বলিল—দেখি ? ওমা, এখানে যে ওগুলোয় দাম বারো আনার কম নয়—এখানে সব ডাকাত।

চার পয়সার এক তাড়া পান দেখাইয়া বলিল—বৈঠকখানা বাজার থেকে দু' পয়সার—
তাখো মা—

সর্বজয়া ভাবে—এবার ছেলের সংসারী হইবার দিকে মন গিন্নাছে, হিসাব করিয়া সে
চলিতে শিখিয়াছে।

অপু ইচ্ছা করিয়াই সীলার সঙ্গে সাক্ষাতের কথাটা উঠায় না। ভাবে, মা মনে মনে
দুরাশা পোষণ করে, হয়ত এখনি বলিয়া বসিবে—সীলার সঙ্গে তোর বিয়ে হয় না?...দরকার
কি, অসুস্থ মায়ের মনে সে-সব দুরাশার ঢেউ তুলিয়া?

এমন সব কথা কখনও অপু মায়ের সামনে বলে না, যাহা কিনা মা বুঝিবে না। জগৎ
সংসারটাকে মায়ের সীমাবদ্ধ জ্ঞানের উপযোগী করিয়াই সে মায়ের সম্মুখে উপস্থিত করে।

দিন-তিনেক সে বাড়ি রহিল। রোজ দুপুরে জানালায় ধারের বিছানাটিতে সর্বজয়া শুইয়া
থাকে, পাশে সে বসিয়া নানা গল্প করে। ক্রমে বেলা যায়, রোদ প্রথমে গুঠে রান্নাঘরের
চালার, পরে বেড়ার ধারের পলতেমাদার গাছটার মাথায়, ক্রমে বাঁশঝাড়ের ডগায়! ছায়া
পড়িয়া যায় বৈকালের ঘন ছায়ার অপূর মনে আবার একটা বিপুল নির্জনতা ও সঙ্গহীনতার
ভাব আনে—গত গ্রীষ্মের ছুটির দিনের মত।

সর্বজয়া হাসিয়া বলে—পাশটা হ'লে এবার তোর বিয়ের ঠিক করেচি এক জায়গায়।
মেয়ের দিদিমা এসেছিল এখানে, বেশ লোক—

ঘরের কোণে একটা তাকে সংসারের জিনিসপত্র সর্বজয়া রাখিয়া দেয়—একটা হাঁড়িতে
আমসম্ব, একটা পাত্রে আচার। অপু চিরকালের অভ্যাস অনুসারে মাঝে মাঝে ভাঁড় হাঁড়ি
খুঁজিয়া-পাতিয়া মাকে লুকাইয়া এটা-ওটা চুরি করিয়া খায়! এ কয়দিনও খাইয়াছে। সর্বজয়া
বিছানায় চোখ বুজিয়া শুইয়া থাকে, টের পায় না—সেদিন দুপুরে অপু জানালাটার কাছে
দাঁড়াইয়া আছে—গায়ে মায়ের গামছাখানা। হঠাৎ সর্বজয়া চোখ চাহিয়া বলিল—আমার
গামছাখানা আবার পিষচো কেন?—ওখানা ভিলে বড়ি দেবো ব'লে রেখে দিইচি—ফুণ্ডের
বাড়ির গামছা ওখানা, ভারি টনকো—আর সরে সরে তাকটার ঘাড়ে বাচ্চ কেন?—ছুঁসনে
তাক—তুমি এমন দুটু হয়েচো, বাসি কাপড়ে ছুঁয়েছিলে তাকটা?

কথাটা অপূর বুকে কেমন বিঁধিল—মা সেরে উঠে ভিলে বড়ি দেবে? তা দিয়েছে। মা
আর উঠছে না—হঠাৎ তাহার মনে হইল, এই সেদিনও তো সে তাক হইতে আমসম্ব চুরি
করিয়াছে...মা, অসহায় মা বিছানায় জরের ঘোরে পড়িয়া ছিল...একুশ বৎসর ধরিয়া মায়ের
ঘে শাসন চলিয়াছিল আজ তাহা শিখিল হইয়া পড়িতেছে, দুর্বল হইয়া পড়িতেছে, নিজের
অধিকার আর বোধ হয় প্রতিষ্ঠিত করিতে পারিবে না কখনও...

অপু চতুর্থদিন সকালে চলিয়া গেল, কালই পরীক্ষা। চুকিয়া গেলেই আবার আসিবে।
শেষরাত্রে ঘুম ভাঙিয়া শোনে, সর্বজয়া রান্নাঘরে ইতিমধ্যে কখন ঘুম হইতে উঠিয়া চলিয়া
গিন্নাছে, ছেলের সঙ্গে গরম পরোটা দেওয়া যাইবে।

সর্বজয়ার এরকম কোনও দিন হয় নাই। অপু চলিয়া যাওয়ার দিনটা হইতে বৈকালে তাহার এত মন হ হ করিতে লাগিল, যেন কেহ কোথাও নাই, একটা অসহায় ভাব, মনের উদাস অবস্থা। কত কথা, সারা জীবনের কত ঘটনা, কত আনন্দ ও অশ্রুজলের ইতিহাস একে একে মনে আসিয়া উদয় হয়। গত একমাস ধরিয়া এসব কথা মনে হইতেছে। নির্জনে বসিলেই বিশেষ করিয়া...। ছেলেবেলায় বৃথী বলিয়া গাই ছিল বাড়িতে.. বালাসঙ্গিনী হিমিদি...ছকনে একসঙ্গে দো-পেটে গাঁদাগাছ পুঁতিয়া জল দিত। একদিন হিমিদি ও সে বস্তার জলে মাঠে ঘড়া-বুকে সাঁতার কাটিতে গিয়া ডুবিয়া গিয়াছিল আর একটু হলেই সেদিন...

বিবাহ...মনে আছে সেদিন দুপুরে খুব বৃষ্টি হইয়াছিল...তাহার ছোট ভাই তখন বাঁচিয়া, লুকাইয়া তাহাকে নাড়ু দিয়া গিয়াছিল হাতের মুঠায়। ছোট্ট ছেলেবেলার অপু...কাঁচের পুতুলের মত রূপ...প্রথম স্পষ্ট কথা শিখিল, কি জানি কি করিয়া শিখিল 'ভিজ্জে'। একদিন অপুকে কদমা হাতে বসাইয়া রাখিয়াছিল।—কেমন খেলি ও খোকা ?

অপু দস্তহীন মুখে কদমা চিবাইতে চিবাইতে ফুলের মত মুখটি তুলিয়া মায়ের দিকে চাহিয়া বলিল—'ভিজ্জে'। হি-হি—ভাবিলে এখনও সর্বজয়ার হাসি পায়।

সেদিন দুপুর হইতেই বুকে মাঝে মাঝে ফিক্-ধরা বেদনা হইতে লাগিল। তেলি-বৌ আসিয়া ভেল গরম করিয়া দিয়া গেল। দু'-তিনবার দেখিয়াও গেল। সন্ধ্যার পর কেহ কোথাও নাই। একা নির্জনে বাড়ি। জ্বরও আসিল।

রাজে খুব পরিষ্কার আকাশে জ্বোদনীর প্রকাণ্ড বড় চাঁদ উঠিয়াছে। জীবনে এই প্রথম সর্বজয়ার একা থাকিতে ভয় ভয় করিতে লাগিল। খানিক রাজে একবার ঘেন মনে হইল, সে জলের তলায় পড়িয়া আছে,নাকে মুখে জল ঢুকিয়া নিঃশ্বাস একেবারে বন্ধ হইয়া আসিতেছে... একেবারে বন্ধ। সে ভয়ে এক-গা ঘামিয়া ধড়মড় করিয়া বিছানার উপর উঠিয়া বসিল। সে কি মরিয়া যাইতেছে? এই কি মৃত্যু?—সে এখন কাহাকে ডাকে? জীবনে সর্বপ্রথম এই তাহার জীবনের ভয় হইল—ইহার আগে কখনও তো এমন হয় নাই! পরে নিজের ভয় দেখিয়া তাহার আর একদকা ভয় হইল। ভয় কিসের? না—না—মৃত্যু, সে এরকম নয়। ও কিছু না।

কত চুরি, কত পাপ...চুরিই যে কত করিয়াছে তাহার কি ঠিক আছে? ছেলেমেয়েকে খাওয়ানিতে অমুকের গাছের কলার কাঁদিটা, অমুকের গাছের শশাটা লুকাইয়া রাখিত তক্ত-পোশের তলায়—ভুবন মুখুযোদের বাড়ি হইতে একবার দশ পলা তেল ধার করিয়া আনিয়া ভালমাসুঘ রাগুর মার কাছে পাঁচ পলা শোধ দিয়া আসিয়াছিল, মিথ্যা করিয়া বলিয়াছিল—পাঁচ পলাই তো নিয়ে গিছলাম ন'দি—বোলো সেজ ঠাকুরঝিকে। সারাজীবন ধরিয়া শুধু দুঃখ ও অগমান। কেন আজ এসব কথা মনে উঠিতেছে?

ঘর অন্ধকার...খাটের তলায় নেংটি ইঁদুর খুট খুট করিতেছে। সর্বজয়া ভাবিল, ওদের বাড়ির কলটা না আনলে আর চলে না—নতুন মুগগুলো সব খেয়ে ফেললে। কিন্তু নেংটি ইঁদুরের শব্দ তো?—সর্বজয়ার আবার সেই ভয়টা আসিল...হৃদয়নীর ভয়...সারা শরীর ঘেন

ধীরে ধীরে অসাড় হইয়া আসিতেছে ভয়ে...পায়ের দিক হইতে ভয়টা স্ফুস্ফুড়ি কাটিয়া উপরের দিকে উঠিতেছে, ষড়টা উঠিতেছে, ততটা অসাড় করিয়া দিতেছে...না—পায়ের দিক হইতে না—হাতে আঙুলের দিক হইতে...কিন্তু তাহার সন্দেহ হইতেছে কেন? ইঁদুরের শব্দ নয় কেন? কিসের শব্দ? কখনও তো এমন সন্দেহ হয় না?...হঠাৎ সর্বজয়ার মনে হইল, না—পায়ের ও হাতের দিক হইতে স্ফুস্ফুড়ি কাটিয়া যাহা উপরের দিকে উঠিতেছে তাহা ভয় নয়—তাহা মৃত্যু। মৃত্যু? ভীষণ ভয়ে সর্বজয়া ষড়মড় করিয়া আবার বিছানা হইতে উঠিতে গেল...চীৎকার করিতে গেল...খুব...খুব চীৎকার, আকাশফাটা—অনেকক্ষণ চীৎকার করিয়াছে, আর সে চেষ্টাইতে পারে না...গলা ভাঙিয়া আসিয়াছে...কেউ আসিল না তো?...কিন্তু সে তো বিছানা হইতে...বিছানা হইতে উঠিল কখন?...সে তো উঠে নাই—ভয়টা স্ফুস্ফুড়ি কাটিয়া সারা দেহ ছাইয়া ফেলিয়াছে, যেন খুব বড় একটা কালো মাকড়সা গুঁড়ের বিধে দেহ অবশ...অসাড়...হাতও নাড়ানো যায় না...পা-ও না...সে চীৎকার করে নাই. ভুল।...

সুন্দর জ্যোৎস্না উঠিয়াছে...একজনের কথাই মনে হয় অপু...অপু...অপুকে ফেলিয়া সে থাকিতে পারিতেছে না...অসম্ভব।...বিশ্বের সহিত দেখিল—সে নিজে অনেকক্ষণ কাঁদিতেছে! —এতক্ষণ তো টের পায় নাই!..আশ্চর্য।...চোখের জলে বালিশ ভিজিয়া গিয়াছে যে!..

জ্যোৎস্না অপূর্ব, ভয় হয় না...কেমন একটা আনন্দ...আকাশটা, পুরাতন আকাশটা যেন স্নেহে প্রেমে জ্যোৎস্না হইয়া গলিয়া ঝরিয়া বিন্দুতে বিন্দুতে নিজেকে নিঃশেষ করিয়া দিতেছে...টুপ...টুপ...টুপ...টাপ...। আবার কান্না পায়...জ্যোৎস্নার আলোর জানালার গরাদে ধরিয়া হাসিমুখে ও কে দাঁড়াইয়া আছে?...সর্বজয়ার দৃষ্টি পাশের জানালার দিকে নিবদ্ধ হইল...বিশ্বয়ে, আনন্দে রোগশীর্ণ মুখখানা মুহূর্তে উজ্জ্বল হইয়া উঠিল...অপু দাঁড়াইয়া আছে।...এ অপু নয়...সেই ছেলেবেলাকার ছোট্ট অপু...এতটুকু অপু...নিশ্চিন্দিপুরের বাঁশবনের ভিটেতে এমন কত চৈত্র-জ্যোৎস্না-রাতে ভাঙা জানালার ফাঁক দিয়া জ্যোৎস্নার আলো আসিয়া পড়িতে যাহার দস্তখীন ফুলের কুঁড়ির মত কচি মুখে...সেই অপু ওর ছেলে-মামুষ খঞ্জন পাখির মত ডাগর ডাগর চোখের নীল চাহনি...চুল কৌকড়া কৌকড়া...মুখচোরা, ভালমামুষ লাজুক বোকা, জগতের যোরপ্যাচ কিছুই একেবারে বোঝে না...কোথায় যেন সে যায়...নীল আকাশ বাহিয়া বহু দূরে...বহু দূরের দিকে, সুনীল মেঘপদবীর অনেক উপরে...যায়...যায়...যায়...যায়...মেঘের ফাঁকে যাইতে যাইতে মিলাইয়া যায়..

বৃষ্টি মৃত্যু আসিয়াছে।...কিন্তু তার ছেলের বেশে, তাকে আদর করিয়া আঙু বাড়াইয়া লইতে.. এতই সুন্দর...

কি হাসি! কি মিষ্টি হাসি ওর মুখের!...

পরদিন সকালে তেলি-বাড়ির বড়-বৌ আসিল। দরজায় রাত্রে খিল দেওয়া হয় নাই, ধোলাই আছে, বড়-বৌ আপন মনে বলিল—রাত্রে দেখছি মা-ঠাকুরপের অসুখ খুব বেড়েছে, খিলটাও দিতে পারেন নি।

বিছানার উপর সর্বজয়া যেন ঘুমাইতেছেন। তেলি-বৌ একবার ভাবিল—ডাকিবে না—কিন্তু পথের কথা জিজ্ঞাসা করিবার জন্য ডাকিয়া উঠাইতে গেল। সর্বজয়া কোনও সাড়া দিল না, নড়িলও না। বড়-বৌ আরও দুই-একবার ডা ডাকি করিল, পরে হঠাৎ কি ভাবিয়া নিকটে আসিয়া ভাল করিয়া দেখিল।

পরক্ষণেই সে সব বুঝিল।

সর্বজয়ার মৃত্যুর পর কিছুকাল অপু এক অদ্ভুত মনোভাবের সহিত পরিচিত হইল। প্রথম অংশটা আনন্দ-মিশ্রিত—এমন কি মায়ের মৃত্যু-সংবাদ প্রথম যখন সে তেলি-বাড়ির তারের খবরে জানিল, তখন প্রথমটা তাহার মনে একটা আনন্দ, একটা যেন মুক্তির নিঃশ্বাস। একটা বাঁধন-ছেঁড়ার উল্লাস...অতি অল্পক্ষণের জন্য—নিজের অজ্ঞাতমারে। তাহার পরই নিজের মনোভাবে তাহার দুঃখ ও আতঙ্ক উপস্থিত হইল। এ কি! সে চায় কি! মা যে নিজেকে একেবারে বিলোপ করিয়া ফেলিয়াছিল তাহার স্মবিধার জন্য। মা কি তাহার জীবনপথের বাধা?—কেমন করিয়া সে এমন নিষ্ঠুর, এমন হৃদয়হীন—তবুও সত্যকে সে অস্বীকার করিতে পারিল না। মাকে এত ভালবাসিত তো, কিন্তু মায়ের মৃত্যু-সংবাদটা প্রথমে যে একটা উল্লাসের স্পর্শ মনে আনিয়াছিল—ইহা সত্য—সত্য—তাহাকে উড়াইয়া দিবার উপায় নাই। তাহার পর সে বাড়ি রওনা হইল। উলা স্টেশনে নামিয়া হাটিতে শুরু করিল। এই প্রথম এ পথে সে যাইতেছে—যেদিন মা নাই! গ্রামে ঢুকিবার কিছু আগে আধমজা কোদলা নদী, এ সময়ে হাঁটিয়া পার হওয়া যায়—এরই তীরে কাল মাকে সবাই দাহ করিয়া গিয়াছে। বাড়ি পৌছিল বৈকালে। এই সেদিন বাড়ি হইতে গিয়াছে, মা তখনও ছিল...ঘরে তালা দেওয়া, চাবি কাহাদের কাছে? বোধ হয় তেলি-বাড়ি ওরা লইয়া গিয়াছে। ঘরের পৈঠায় অপু চুপ করিয়া বসিয়া রহিল। উঠানের বাহিরে আগড়ের কাছে এক জায়গায় পোড়া খড় জড়ো করা। সেদিকে চোখ পড়িতেই অপু শিহরিয়া উঠিল—সে বুঝিয়াছে—মাকে যাহারা সংকার করিতে গিয়াছিল, দাহ অন্তে তাহারা কাল এখানে আঙুন ছুঁইয়া নিমপাতা খাইয়া শুদ্ধ হইয়াছে—প্রথাটা অপু জানে...মা মারা গিয়াছে এখনও অপূর বিশ্বাস হয় নাই...একুশ বৎসরের বন্ধন, মন এক মুহূর্তে টানিয়া ছিঁড়িয়া ফেলিতে পারে নাই...কিন্তু পোড়া খড়গুলিতে নয়, রুট, নিষ্ঠুর সত্যটা...মা নাই! মা নাই! ...বৈকালের কি রূপটা! নির্জন, নিরালা, কোনও দিকে কেহ নাই। উদাস পৃথিবী, নিস্তরক বিবাগী রাঙা-রোদতরা আকাশটা। . অপু অর্থহীন দৃষ্টিতে পোড়া খড়গুলার দিকে চাহিয়া রহিল।...

কিন্তু মায়ের গায়ের কাঁথাখানা উঠানের আলনায় মেলিয়া দেওয়া কেন? কাঁথাখানা মায়ের গায়ে ছিল...সঙ্গেই তো যাওয়ার কথা। অনেক দিনের কাঁথা, নিশ্চিন্দিপুরের আমলের, মায়ের হাতে সেলাই করা, কঙ্কা-কাটা রাঙা সূতার কাজ।...কতক্ষণ সে বসিয়া ছিল জানে না, রোদ প্রায় পড়িয়া আসিল। তেলি-বাড়ির বড় ছেলে, নাচুর ডাকে চমক ভাঙিতেই সে

তাড়াতাড়ি উঠিয়া দাঁড়াইল। স্নান হাসিয়া বলিল—এই যে আমার ঘরের চাবিটা তোমাদের বাড়ি ?...

নাহু বলিল—কখন এলে, এখানে বসে একলাটি—বেশ তো দাদাঠাকুর—এসো আমাদের বাড়ি। অপু বলিল, না ভাই, তুমি চাবিটা নিয়ে এসো—ঘরের মধ্যে দেখি জিনিস-গুলোর কি ব্যবস্থা। চাবি দিয়া নাহু চলিয়া গেল। বলিল,—ঘর খুলে আছে, আমি আসছি এখনি। অপু ঘরে ঢুকিল। তক্তপোশের উপর বিছানা নাই, বাগিশ, মাদুর কিছু নাই—শুভ্র তক্তপোশটা পড়িয়া আছে—তক্তপোশের তলায় একটা পাথরের খোরায় কি ভিজানো—খোরটা হাতে তুলিয়া দেখিল। চিরতা না নিমছাল কি ভিজানো—মায়ের ওষুধ।

বাহিরে পায়ের শব্দ শোনা গেল। কে বলিল—ঘরের মধ্যে কে ?—খোরটা তক্তপোশের কোণে নামাইয়া রাখিয়া বাহিরে দাওয়ায় আসিল। নিরুপমা দিদি—নিরুপমাও অবাক—গালে আঙুল দিয়া বলিল—তুমি! কখন এলে ভাই ?—কৈ, কেউ তো বলে নি !...

অপু বলিল—না, এই তো এলাম,—এই এখনও আধঘণ্টা হয় নি।

নিরুপমা বলিল—আমি বলি রোদ পড়ে গিয়েছে, কাঁথাটা কেচে মেলে দিয়ে এসেছি বাহিরে, যাই কাঁথাখানা তুলে রেখে আসি কুণ্ডদের বাড়ি। তাই আসছি—

অপু বলিল—কাঁথাখানা মায়ের গায়ে ছিল, না নিরুদি ?

—কোথায় ?...পরশু রাতে তো তাঁর—পরশু বিকেলে বড় বৌকে বলেছেন কাঁথাখানা সরিয়ে রাখো মা—ও আমার অপুর্ন জন্তে, বর্ষাকালে কলকাতা পাঠাতে হবে—সেই পুরানো তুলোজমানো কালো কদলটা ছিল...সেইখানা গায়ে দিয়েছিলেন—তিনি আবার প্রাণ ধরে তোমার কাঁথা নষ্ট করবেন ?...তাই কাল যখন ওরা তাঁকে নিয়ে-থুয়ে গেল তখন ভাবলাম রুগীর বিছানায় তো ছিল কাঁথাখানা, জলকাচা ক'রে রোদে দিই—কাল আর পারি নি—আজ সকালে ধুয়ে আলনায় দিয়ে গেলাম—তা এসো—আমাদের বাড়ি—ওসব শুনবো না—মুখ শুকনো—হবিস্ত্র হয় নি ? এসো—

নিরুপমার আগে আগে সে কলের পুতুলের মত তাদের বাড়ি গেল। সরকার মহাশয় কাছে ডাকিয়া বসাইয়া অনেক সাত্বনার কথা বলিলেন।

নিরুদি কি করিয়া মুখ দেখিয়া বুঝিল খাওয়া হয় নাই। নাহুও তো ছিল—কৈ কোনও কথা তো বলে নাই ?

সন্ধ্যার পর নিরুপমা একখানা রেকাবীতে আধ ও ফলমূল কাটিয়া আনিল। একটা কাঁসার বাটিতে কাঁচামুগের ডাল-ভিজা, কলা ও আখের গুড় দিয়া নিজে একসঙ্গে মাখিয়া আনিয়াছে। অপু কান্নর হাতে চটকানো জিনিস খায় না, ঘেমা ঘেমা করে...কিন্তু আজ নিরুদির হাতে খাইতে তাহার ষিখা রহিল না...প্রথমটা মুখে তুলিতে একটুখানি গা-কেমন করিতেছিল। তারপর ছুই-এক গ্রাস খাইয়া মনে হইল সম্পূর্ণ স্বাভাবিক আনন্দই তো !...নিজের হাতে বা মায়ের হাতে মাখিলে যা হইত—তাই। পরদিন হবিস্ত্রের সময় নিরুপমা গোয়ালে সব যোগাড়বস্ত্র করিয়া অপুকে ডাক দিল। উঠনে হুঁ পাড়িয়া কাঁঠরাইয়া দিল। ফুটিয়া উঠিলে বলিল—এইবার নামিয়ে ফ্যালো, ভাই।

অপু বলিল—আর একটু না—নিরুদি ?

নিরুপমা বলিল—নামাও দেখি, ও হয়ে গিয়েছে। ডালবাটাটা জুড়োতে দাও—

সব মিটিয়া গেলে সে কলিকাতার ফিরিবার উত্তোগ করিল। সর্বজন্মের জাঁতিধানা, সর্বজন্মের হাতে সহঁ-করা খানজুই মনিঅর্ডারের রসিদ চালের বাতায় গোঁজা ছিল—সেগুলি, সর্বজন্মের নখ কাটিবার নরুণটা, পুঁটলির মধ্যে বাঁধিয়া লইল। দোরের পাশে ঘরের কোণে সেই ডাকটা—আসিবার সময় সেদিকে নজর পড়িল। আচারভরা ভাঁড়, আমসম্বের হাঁড়িটা, কুলচুর, মায়ের গন্ধাজলের পিতলের ঘটি, সবই পড়িয়া আছে..যে যত ইচ্ছা খুশী খাইতে পারে যাহা খুশী ছুঁইতে পারে, কেহ বকিবার নাই, বাধা দিবার নাই। তাহার প্রাণ ডুকরিয়া কাঁদিয়া উঠিল। যে মুক্তি চায় না...অবাধ অধিকার চায় না—তুমি এসে শাসন করো, এসব ছুঁতে দিও না, হাত দিতে দিও না—ফিরে এসো যা...ফিরে এসো...

কলিকাতায় ফিরিয়া আসিল, একটা তীব্র ঔদাসীন্য সব বিষয়ে, সকল কাজে এবং সঙ্গে সঙ্গে সেই ভয়ানক নির্জনতার ভাবটা। পরীক্ষা শেষ হইয়া গিয়াছিল, কলিকাতায় থাকিতে একদণ্ডও ইচ্ছা হয় না...মন পাগল হইয়া উঠে, কেমন যেন পালাই-পালাই ভাব হয় সর্বদা, অথচ পালাইবার স্থান নাই, জগতে সে একেবারে একাকী—সত্যসত্যই একাকী।

এই ভয়ানক নির্জনতার ভাব এক এক সময় অপূর বৃকে পাথরের মত চাপিয়া বসে, কিছুতেই সেটা সঁ কাটাইয়া উঠিতে পারে না, ঘরে থাকা তাহার পক্ষে তখন আর সম্ভব হয় না। গলিটার বাহিরে বড় রাস্তা, সামনে গোলদীঘি, বৈকালে গাড়ি, মোটর, লোকজন ছেলেমেয়ে। বড় মোটর-গাড়িতে কোনও সম্ভ্রান্ত গৃহস্থের মেয়েরা বাড়ির ছেলেমেয়েদের লইয়া বেড়াইতে বাহির হইয়াছে, অপূর মনে হয় কেমন সুখী পরিবার!—ভাই, বোন, মা, ঠাকুরমা, পিসিমা, রান্নাদি, বড়দা, ছোট কাকা। যাহাদের থাকে তাহাদের কি সব দিক দিয়াই এমন করিয়া ভগবান দিয়া দেন! অন্তমনস্ক হইবার জন্ত এক-একদিন সে ইউনিভার্সিটি ইনস্টিটিউটের লাইব্রেরীতে গিয়া বিলাতী ম্যাগাজিনের পাতা উন্টাইয়া থাকে। কিন্তু কোথাও বেশীক্ষণ বসিবার ইচ্ছা হয় না, শুধুই কেবল এখানে-ওখানে, ফুটপাথ হইতে বাসায়, বাসা হইতে ফুটপাথে। এক জায়গায় বসিলেই শুধু মায়ের কথা মনে আসে, উঠিয়া ভাবে গোলদীঘিতে আজ সঁাতারের মাঁচের কি হ'ল দেখে আসি বরণ—কলিকাতায় থাকিতে ইচ্ছা করে না, মনে হয় বাহিরে কোথাও চলিয়া গেলে শান্তি পাওয়া যাইত—যে কোনও জায়গায়, যে কোন জায়গায়—পাহাড়ে, জঙ্গলে, হরিঘারে কেদার-বদরীর পথে—মাঝে মাঝে বরণা, নির্জন অধিত্যকার কত ধরণের বিচিত্র বস্ত্রপুষ্প, কেওদার ও পাইন বনের ঘন ছায়া, সাধু-সন্ন্যাসী, দেবমন্দির, রামচটি, শ্রামচটি কত বর্ণনা তো সে বইয়ে পড়ে, একা বাহির হইয়া পড়া মন্দ কি ? —কি হইবে এখানে শহরের ঘিঞ্জি ও ধোঁয়ার বেড়াজালের মধ্যে ?

কিন্তু পরসাকৈ ? তাও তো পরসার দরকার। তেলিরা কুড়ি টাকা দিয়াছিল মাহু-শ্রাহকের দরুণ, নিরুপমা নিজে হইতে পনেরো, বড়-বৌ আলাদা দশ। অপূ সে টাকার এক

পরসাগ রাখে নাই, অনেক লোকজন ষাওয়াইয়াছে। তবু তো সামান্যভাবে ভিলকাকন
শাঁছ !

দশপিণ্ড দানের দিন সে কি তীব্র বেদনা! পুরোহিত বলিতেছেন—প্রেতা শ্রীসর্বজয়া
দেবী—অপু ভাবে কাঁহাকে প্রেত বলিতেছে? সর্বজয়া দেবী প্রেত? তাহার মা, শ্রীতি
আনন্দ ও দুঃখ-মুহূর্তের সঙ্গিনী, এত আশাময়ী, হান্তময়ী, এত জীবন্ত যে ছিল কিছুদিন আগেও,
সে প্রেত? সে আকাশস্থে নিরালম্বো বায়ুভূত-নিরাশ্রয়?

তারপরই মধুর আশার বাণী—আকাশ মধুময় হউক, বাতাস মধুময় হউক, পথের ধূলি
মধুময় হউক, ওষধি সকল মধুময় হউক, বনস্পতি মধুময় হউক, সূর্য, চন্দ্র, অন্তরীক্ষস্থিত আমাদের
পিতা মধুময় হউন।

সারাদিনব্যাপী উপবাস, অবসাদ, শোকের পর এ মন্ত্র অপূর মনে সত্য সত্যই মধুবর্ষণ
করিয়াছিল, চোখের জল সে রাখিতে পারে নাই। হে আকাশের দেবতা, বাতাসের দেবতা,
তাই কর, মা আমার অনেক কষ্ট ক'রে গিয়েছে, তাঁর প্রাণে তোমাদের উদার আশীর্বাদের
অমৃতধারা বর্ষণ কর।

এই অবস্থায় শুধুই ইচ্ছা করে যারা আপনার লোক, যারা তাহাকে জানে ও মাকে জানিত,
তাহাদের কাছে যাইতে। এক জ্যাঠাইমারা আছেন—কিন্তু তাহাদের সহানুভূতি নাই, তবু
সেখানেই যাইতে ইচ্ছা করে। তবুও মনে হয়, হয়ত জ্যাঠাইমা মায়ের সন্ধে দু'পাঁচটা কথা
বলিবেন এখন, দুটা সহানুভূতির কথা হয়ত বলিবেন—

মাস-তিনেক এভাবে কাটিল। এ তিন মাসের কাহিনী তাহার জীবনের ইতিহাসে একটা
একটানা নিরবচ্ছিন্ন দুঃখের কাহিনী। ভবিষ্যৎ জীবনে অপু এ গলিটার নিকট দিয়া যাইতে
যাইতে নিজের অজ্ঞাতসারে একবার বড় রাস্তা হইতে গলির মোড়ে চাহিয়া দেখিত, আর
কখনও সে ইহার মধ্যে ঢোকে নাই।

জ্যেষ্ঠ মাসের শেষে সে একদিন খবরের কাগজে দেখিল—যুদ্ধের জন্ত লোক লওয়া
হইতেছে, পার্ক স্ট্রীটে তাহার অফিস। দুপুরে ঘুরিতে ঘুরিতে সে গেল পার্ক স্ট্রীটে।

টেবিলে একরাশ ছাপানো ফর্ম পড়িয়া ছিল, অপু একখানা তুলিয়া পড়িয়া রিক্রুটিং
অফিসারকে বলিল—কোথাকার জন্ত লোক নেওয়া হবে?

—মেশোপটেমিয়া, রেলওয়ে ও ট্রান্সপোর্ট বিভাগের জন্ত। তুমি কি টেলিগ্রাফ জানো—
না মোটর মিস্ত্রী?

অপু বলিল সে কিছুই নহে। ও-সব কাজ জানে না, তবে অস্ত্র যে-কোন কাজ—কি
কেরানীগিরি—

সাহেব বলিল—না, দুঃখিত। আমরা শুধু কাজ-জানা লোক নিচ্ছি—বেশীর ভাগ মোটর
ড্রাইভার, সিগন্যালার, স্টেশন মাস্টার সব।

এই অবস্থায় একদিন লীলার সঙ্গে দেখা। ইতস্ততঃ লক্ষ্যহীনভাবে ঘুরিতে ঘুরিতে একদিন

ডালহাউসি স্কোয়ারের মোড়ে সে রাস্তা পার হইবার জন্ত অপেক্ষা করিতেছে, সামনে একখানা হলুদ রঙের বড় মিনার্ভা গাড়ি ট্রাফিক পুলিশে দাঁড় করাইয়া রাখিয়াছিল—হঠাৎ গাড়িখানার দিক হইতে তাহার নাম ধরিয়া কে ডাকিল।

সে গাড়ির কাছে গিয়া দেখিল, লীলা ও আর দু-তিনটি অপরচিতা মেয়ে। লীলার ছোট-ভাই ড্রাইভারের পাশে বসিয়া। লীলা আশ্রয়ের সুরে বলিল—আপনি আচ্ছা তো অপূর্ববাবু? তিন-চার মাসের মধ্যে আর দেখা করলেন না, কেন বলুন তো? মা সেদিনও আপনার কথা—

অপুর আকৃতিতে একটা কিছু লক্ষ্য করিয়া সে বিশ্বয়ের সুরে বলিল—আপনার কি হয়েছে? অসুখ থেকে উঠেছেন নাকি? শরীর—মাথার চুল অমন ছোট-ছোট, কি হয়েছে বলুন তো?

অপু হাসিয়া বলিল—কই না, কি হবে—কিছু তো হয় নি?

—মা কেমন আছেন?

—মা? তা মা—মা তো নেই। ফাস্তন মাসে মারা গিয়েছে।

কথা শেষ করিয়া অপু আর এক দফা পাগলের মত হাসিল।

হয়ত বাল্যের সে প্রীতি নানা ঘটনায়, বহু বৎসরের চাপে লীলার মনে নিশ্চিত হইয়া গিয়াছিল, হয়ত ঐশ্বর্যের আঁচ লাগিয়া সে মধুর বাল্যামন অস্ত ভাবে পরিবর্তিত হইয়াছিল ধীরে-ধীরে, অপূর মুখের এই অর্ধহীন হাসিটা যেন একখানা তীক্ষ্ণ ছুরির মত গিয়া তাহার মনের কোন্ গোপন মনিমঞ্জুর রুদ্ধ ঢাকনির ফাঁকটাতে হঠাৎ একটা সজোরে চাড়া দিল, এক মুহূর্তে অপূর সমস্ত ছবিটা তাহার মনের চোখে ভাসিয়া উঠিল—সহায়হীন, মাতৃহীন, আশ্রয়হীন, পথে-পথে বেড়াইতেছে—কে মুখের দিকে চাহিবার আছে?

লীলার গলা আড়ষ্ট হইয়া গেল, একটু চূপ করিয়া থাকিয়া বলিল,—আপনি আমাদের ওখানে কবে আসবেন বলুন—না, ও-রকম বললে হবে না! এ-কথা আমাদের জানানো আপনার উচিত ছিল না? অন্ততঃ মাকেও বলা তো—কাল সকালে আসুন—ঠিক বলুন আসবেন? কেমন ঠিক তো—সেবারকার মত করবেন না, কিন্তু—ভাল কথা, আপনার ঠিকানাটা বলুন তো কি—ভুলবেন না, কিন্তু—

গাড়ি চলিয়া গেল।

বাগায় কিরিয়া অপু মনের মধ্যে অনেক ভোলাপাড়া করিল। লীলার মুখে সে একটা কিসের ছাপ দেখিয়াছে, বর্তমান অবস্থায় মন তাহার এই আন্তরিকতা স্নেহস্পর্শটুকুই কাণাল বটে—কিন্তু এই বেশে কোথাও হাইতে ইচ্ছা হয় না, এই জামায়, এই কাপড়ে, এই ভাবে। থাক বরং।

তিনদিন পর নিজের নামে একখানা পত্র আসিতে দেখিয়া সে বিশ্বিত হইল—মা ছাড়া আর তো কাহারও পত্র সে পায় নাই। কে পত্র দিল? পত্র খুলিয়া পড়িল :—

অপূর্ববারু,

আপনার এখানে আসবার কথা ছিল সোমবারে, কিন্তু আজ শুক্রবার হয়ে গেল আপনি এলেন না। আপনাকে মা একবার অবিশ্রি অবিশ্রি আসতে বলেছেন, না এলে তিনি খুব দুঃখিত হবেন। আজ বিকেলে পাঁচটার সময় আপনার আসা চাই-ই। নমস্কার নেবেন।

লীলা

কথাটা লইয়া মনের মধ্যে সে অনেক তোলাপাড়া করিল। কি লাভ গিয়া ? ওরা বড়মানুষ, কোন্ বিষয়ে সে ওদের সঙ্গে সমান, যে ওদের বাড়ি যখন-তখন যাইবে ? মেজ-বৌরানী যে তাহার কথা জিজ্ঞাসা করিয়াছেন, সেই কথাটা তাহার মনে অনেকবার যাওয়া-আসা করিল—সেইটা, আর লীলার আন্তরিকতা। কিন্তু মেজ-বৌরানী কি তার মায়ের অভাব দূর করিতে পারিবেন ? তিনি বড়লোকের মেয়ে, বড়লোকের বধূ! তাহার মায়ের আপন হৃদয়ের যে স্থানটিতে, সে শুধু তাহার দুঃখিনী মা অর্জন করিয়াছে তাহার বেদনা, ব্যর্থতা, দৈন্ত-দুঃখ শত অপমান ষারা—ছয় সিলিঙারের মিনার্ভা গাড়িতে চড়িয়া কোনও ধনীবধু—হউন তিনি স্নেহময়ী, হউন তিনি মহিমময়ী—তাঁহার সেখানে প্রবেশাধিকার কোথায় ?

জ্যৈষ্ঠ মাসের শেষে পরীক্ষার ফল বাহির হইল। প্রথম বিভাগের প্রথম সতের জনের মধ্যে তাহার নাম, বাংলাতে সকলের মধ্যে প্রথম হইয়াছে, এজন্য একটা সোনার মেডেল পাইবে। এমন কেহ নাই তাহার কাছে খবরটা বলিয়া বাহাছুরি করা যাইতে পারে। কোনও পরিচিত বন্ধুবান্ধব পর্যন্ত এখানে নাই—ছুটিতে সব দেশে গিয়াছে। জ্যাঠাইমার কাছে যাইবে ? গিয়া জানাইবে জ্যাঠাইমাকে ? কি লাভ, হয়ত তিনি বিরক্ত হইবেন, দরকার নাই যাওয়ার।

দশম পরিচ্ছেদ

আষাঢ় মাসের মাঝামাঝি সব কলেজ খুলিয়া গেল, অপু কোনও কলেজে ভর্তি হইল না। অধ্যাপক মিঃ বসু তাহাকে ডাকিয়া পাঠাইয়া ইতিহাসে অনার্স কোর্স লওয়াইতে যথেষ্ট চেষ্টা করিলেন। অপু ভাবিল—কি হবে আর কলেজে পড়ে ? সে সময়টা ইম্পিরিয়াল লাইব্রেরীতে কাটাব, বি. এ-র ইতিহাসে এমন কোন নতুন কথা নেই যা আমি জানি নে। ও ছ'বছর মিছিমিছি নষ্ট, লাইব্রেরীতে তার চেয়ে অনেক পড়ে ফেলতে পারব এখন। তা ছাড়া ভর্তির টাকা, মাইনে, এ সব পাই বা কোথায় ?

একটা কিছু চাকুরি না খুঁজিলে চলে না। খবরের কাগজ বিক্রয়ের পুঁজি অনেকদিন ফুরাইয়া গিয়াছে, মায়ের মৃত্যুর পর সে কাজে আর উৎসাহ নাই। একটা ছোট ছেলে পড়ানো আছে, তাতে শুধু দুটো ভাত খাওয়া চলে ছ'বেলা—কোন মতে ইকমিক্ কুকারে আলুসিদ্ধ, ডালসিদ্ধ ও ভাত। মাছ, মাংস, দুধ, ডাল, তরকারী তো অনেকদিন-আগে-দেখা স্বপ্নের মত মনে হয়—যাক সে সব, কিন্তু ঘর-ডাড়া, কাপড়জামা, জলখাবার, এসব চলে কিসে ? তাহা

ছাড়া অপূর অভিজ্ঞতা জন্মিয়াছে যে, কলিকাতায় ছেলে-পড়ানো বাবার মুখে শৈশবে শেখা উদ্ভট শ্লোকের পদ্যপত্রস্থিত জলবিন্দুর মত চপল, আজ যদি যায় কাল দাঁড়াইবার স্থান নাই!

কয়েকদিন ধরিয়া খবরের কাগজ দেখিয়া দেখিয়া পাইওনিয়ার ড্রাগ স্টোর্সে একটা কাজ খালি দেখা গেল দিন কতক পরে। আমহাস্ট স্ট্রীটের মোড়ে বড় দোকান, পিছনে কারখানা, তখনও ভিড় জমিতে শুরু হয় নাই, অপু চুকিয়াই এক স্থলকায় আধাবয়সী ভদ্রলোকের একে-বারে সামনে পড়িল। ভদ্রলোক বলিলেন, কাকে চান?

অপু লাজুক মুখে বলিল—আজ্ঞে, চাকরি খালির বিজ্ঞাপন দেখে—তাই—

—ও! আপনি ম্যাট্রিক পাশ?

—আমি এবার আই-এ—

ভদ্রলোক পুনরায় তাকিয়ায় ভর দিয়া হাল ছাড়িয়া দিবার সুরে বলিলেন—ও আই-এ পাশ নিয়ে আমরা কি করব, আমাদের লেবেলিং ও মাল বটলিং করার জন্তে লোক চাই। খাটুনিও খুব, সকাল সাতটা থেকে সাড়ে দশটা, মধ্যে দেড় ঘণ্টা খাবার ছুটি, আবার বারোটা থেকে পাঁচটা, কাজের চাপ পড়লে রাত আটটাও বাজবে—

—মাইনে কত?

—আপাতত পনেরো, ওভারটাইম খাটলে দু'আনা জলখাবার—সে-সব আপনাদের কলেজের ছোকরার কাজ নয় মশায়—আমরা এমনি মোটামুটি লোক চাই!

ইহার দিনকতক পরে আর একটা চাকুরি খালির বিজ্ঞাপন দেখিয়া গেল ক্লাইভ স্ট্রীটে। দেখিল, সেটা একটা লোহা-লকড়ের দোকান, বাঙালী কার্ম। একজন ত্রিশ-বত্রিশ বছরের অত্যন্ত চুল-ফাঁপানো, টেরি-কাটা লোক ইন্সট্রিক্ট-করা কামিজ পরিয়া বসিয়া আছে, মুখের নিচের দিকের গড়নে একটা কর্কশ ও স্থূলভাব, এমন ধরণের চেহারা ও চোখের ভাবকে সে মাতাল ও কুচরিত্র লোকের সঙ্গে মনে মনে জড়িত করিয়া থাকে। লোকটি অত্যন্ত অবজ্ঞার সুরে বলিল—কি, কি এখানে?

অপূর নিজেকেই অত্যন্ত ছোট বোধ হইল নিজের কাছে। সে সঙ্কুচিত সুরে বলিল—এখানে একটা চাকুরি খালি দেখে আসছি!

লোকটার চেহারা বড়লোকের বাড়ির উচ্ছৃঙ্খল, অসচ্চরিত্র, বড় ছেলের মত। পূর্বে এ ধরণের চরিত্রের সহিত তাহার পরিচয় হইয়াছে, লীলাদের বাড়ি বর্ধমানের থাকিতে। এই টাইপটা সে চেনে।

লোকটা কর্কশ সুরে বলিল—কি কর তুমি?

—আমি আই-এ পাশ—করি নে কিছু—আপনাদের এখানে—

—টাইপ রাইটিং জান? না?—যাও যাও, এখানে হবে না—ও কলেজ-টলেজ এখানে চলবে না—যাও—

সেদিনকার ব্যাপারটা বাসায় আসিয়া গল্প করিতে ক্যাথেন লুলের ছাত্রটির এক কাকা

বলিলেন—ওদের আজকাল ভারি দেমাক, যুদ্ধের বাজারে লোহার দোকানদার সব লাল হয়ে যাচ্ছে, দালালেরা পর্যন্ত দু-পয়সা করে নিলে।

অপু বলিল—দালাল আমি হ'তে পারি নে ?

—কেন পারবেন না, শক্তটা কি ? আমার খশুর একজন বড় দালাল, আপনাকে নিয়ে যাব একদিন—সব শিখিয়ে দেবেন, আপনাদের মত শিক্ষিত ছেলে তো আরও ভাল কাজ করবে—

মহা-উৎসাহে ক্লাইভ স্ট্রীট অঞ্চলের লোহার বাজারে দালালি করিতে বাহির হইয়া প্রথম দিন-চার-পাঁচ ঘোরাঘুরিই সার হইল ; কেহ ভাল করিয়া কথাও বলে না, একদিন একজন বড় দোকানী জিজ্ঞাসা করিল,—বোল্টু আছে ? পাঁচ ইঞ্চি পাঁচ জ ? অপু বোল্টু কাহাকে বলে জানে না, কোন্ দিকের মাপ পাঁচ ইঞ্চি পাঁচ জ তাহাও বুঝিতে পারিল না। নোটবুকে টুকিয়া লইল, মনে মনে ভাবিল, একটা অর্ডার তো পাইয়াছে, খুঁজিবার মতও একটা কিছু জুটিয়াছে এতদিন পরে।

পাঁচ ইঞ্চি পাঁচ জ বোল্টু এ-দোকান ও-দোকান দিন-চারেক বৃথা খোঁজা-খুঁজির পর তাহার ধারণা পৌঁছিল যে, জিনিসটা বাজারে স্মলভপ্রাপ্য নয় বলিয়াই দোকানী এত সংজ্ঞে তাহাকে অর্ডার দিয়াছিল। একদিন একজন দালাল বলিল—মশাই সওয়া ইঞ্চি ঘেরের সীসের পাইপ দিতে পারেন যোগাড় করে আড়াই শো ফুট ? যান না অর্ডারটা নিয়ে আসুন এই পাশেই ইউনাইটেড মেশিনারি কোম্পানীর অফিস থেকে।

পাশেই খুব বড় বাড়ি। অফিসের লোকে প্রথমে তাহাকে অর্ডার দিতে চায় না, অবশেষে জিজ্ঞাসা করিল...মাল আমাদের এখানে ডেলিভারি দিতে পারবেন তো ?...

এ কথার মানে ঠিক না বুঝিয়াই সে বলিল—হাঁ তা দিতে পারব।

বহু খুঁজিয়া কলেজ স্ট্রীটের যে দোকান হইতে মাল বাহির হইল, তাহার মাল নিজের খরচে কোথাও ডেলিভারি দিতে রাজী নয়, অপু নিজের ঘাড়ে ঝুঁকি লইয়া গরুর গাড়িতে সীসার পাইপ বোঝাই দেওয়াইল—রাজা উডমাণ্ড স্ট্রীটে ছপুর রৌদ্রে মাল আনিয়া হাজিরও করিল। ইউনাইটেড মেশিনারি কোম্পানী কিন্তু গাড়ির ভাড়া দিতে একদম অস্বীকার করিল, মাল তো এখানে ডেলিভারী দিবার কথা ছিল, তবে গাড়ি-ভাড়া কিসের ? অপু ভাবিল, না হয় নিজের দালালির টাকা হইতে গাড়ি ভাড়াটা মিটাইয়া দিবে এখন। এখন কাজে নামিয়া অভিজ্ঞতাটাই আসল, না-ই বা হইল বেশী লাভ।

সে বলিল—আমার ক্রোকারেজটা ?

—সে কি মশাই, আপনি সাড়ে পাঁচ আনা ফুটে দর দিচ্ছেন, আপনার দালালি কেন নি ? তা কখনও হয়।—

অপু জানে না যে, প্রথম দর দিবার সময়ই তাহার মধ্যে দালালি ধরিয়া দিবার নিয়ম, সবাই তাহা দিয়া থাকে, সেও যে তাহা দেয় নাই, একথা কেহই বিশ্বাস করিল না। বার-বার সেই কথা তাহাদের বুঝাইতে গিয়া নিজেই আনাড়ীপনাই বিশেষ করিয়া ধরা পড়িল। সীসার

পাইপওয়ারালার গোমস্তা তাহাদের বিল বুঝিয়া পাইয়া চলিয়া গেল—তিনদিন ধরিয়া রৌদ্রে ছুটাছুটি ও পরিশ্রম সার হইল, একটি পয়সাও তাহাকে মিল না কোন পক্ষই। খোঁটা গাড়োরান পথ বন্ধ করিয়া দাঁড়াইল বলিল—হামারা ভাড়া কোন দেগা ?

একজন বৃদ্ধ মুসলমান দালানের এক পাশে দাঁড়াইয়া ব্যাপার দেখিতেছিল, অপু আফিস হইতে বাহিরে আসিলেই সে বলিল, বাবু আপনি কত দিন এ কাজে নেমেছেন—কাজ তো কিছুই জানেন না দেখছি—

অপুকে সে-কথা স্বীকার করিতে হইল। লোকটি বলিল—আপনি লেখাপড়া জানেন, ও-সব খুঁচরো কাজ ক'রে আপনার পোষাবে না! আপনি আমার সঙ্গে কাজে নামবেন?—বড় বেশিনারির দালালি, ইঞ্জিন, বয়লার এই সব। এক-একবারে পাঁচ-শো সাত-শো টাকা রোজগার হবে—বাবু ইংরেজি জানি নে তাই, তা যদি জানতাম, এ বাজারে এতদিন গুছিয়ে... নামবেন আমার সঙ্গে ?

অপু হাতে স্বর্ণ পাইয়া গেল। গাড়োরানকে ভাড়াটা যে দণ্ড দিতে হইল, আনন্দের আতিশয্যে সেটাও গ্রাহ্যের মধ্যে আনিল না। মুসলমানটির সঙ্গে তাহার অনেকক্ষণ কথাবার্তা হইল—অপু নিজের বাসার ঠিকানা দিয়া দিল। স্থির হইল, কাল সকাল দশটার সময় এইখানে লোকটি তাহার অপেক্ষা করিবে।

অপু রাত্রে শুইয়া মনে মনে ভাবিল—এতদিন পরে একটা সুবিধে জুটেছে,—এইবার হয়ত পয়সার মুখ দেখবো।

কিন্তু মাসখানেক কিছুই হইল না...একদিন দালালটি তাহাকে বলিল—ছুটোর পর আর বাজারে থাকেন না, এতে কি হয় কখনও বাবু? যান কোথায় ?

অপু বলিল, ইম্পিরিয়াল লাইব্রেরীতে পড়তে যাই—ছুটো থেকে সাতটা পর্যন্ত থাকি। একদিন যেও, দেখাবো কত বড় লাইব্রেরী।

লাইব্রেরীতে ইতিহাস খুব আগ্রহের সঙ্গে পড়ে, কোন এক দরিত্র ঘরের ছোট ছেলের কাহিনী পড়িতে বড় ইচ্ছা যায়, সংসারে দুঃখকষ্টের সঙ্গে যুদ্ধ—তাহাদের জীবনের অতি ঘনিষ্ঠ ধরণের সংবাদ জানিতে মন যায়।

মাসুকের সভ্যকার ইতিহাস কোথায় লেখা আছে? জগতের বড় ঐতিহাসিকদের অনেকেই যুদ্ধ-বিগ্রহ ও রাজনৈতিক বিপ্লবের বাঁকে, সম্রাট, সম্রাজ্ঞী, মন্ত্রীদের সোনালী পোশাকের ঝাঁকজমকে, দরিত্র গৃহস্থের কথা তুলিয়া গিয়াছেন। পথের ধারের আমগাছে তাহাদের পুঁটুলিবাধা ছাত্তু কবে ফুরাইয়া গেল, সন্ধ্যার ঘোড়ার হাট হইতে ঘোড়া কিনিয়া আনিয়া পল্লীর মধ্যবিন্দু উদ্ভলোকের ছেল্লো তাহার মারের মনে কোথায় আনন্দের টেউ তুলিয়াছিল—ছ' হাজার বছরের ইতিহাসে সে-সব কথা লেখা নাই—থাকিলেও বড় কম—রাজা যথাতি কি সম্রাট অশোকের শুধু রাজনৈতিক জীবনের গল্প সবাই শৈশব হইতে মুখস্থ করে—কিন্তু ভারতবর্ষের, গ্রীসের, রোমের, ধব-গম ক্ষেতের ধারে, ওলিভ, বস্ত্রদ্রাব্য, মার্টল খোপের ছায়ার ছায়ার যে প্রতিনিধনের জীবন, হাজার হাজার বছর ধরিয়া প্রতি সকাল সন্ধ্যার

ধাপিত হইয়াছে—তাহাদের সুখ-দুঃখ আশানিরাশার গল্প, তাহাদের বৃকের স্পন্দনের ইতিহাস সে জানিতে চায়।

কেবল মাঝে মাঝে এখানে ওখানে ঐতিহাসিকদের লেখা পাতায় সন্নিহিত সৈন্তবৃহের এই আড়ালটা সরিয়া যায়, সারি বাধা বর্শার অরণ্যের ফাঁকে দূর অতীতের এক ক্ষুদ্র গৃহস্থের ছোট বাড়ি নজরে আসে। অজ্ঞাতনামা কোন লেখকের জীবন-কথা, কি কালের স্রোতে কুলে-লাগা এক টুকরা পত্র, প্রাচীন মিশরের কোন কৃষক পুত্রকে শস্ত কাটিবার কি আরোজন করিতে লিখিয়াছিল,—বহু হাজার বছর পর তাদের টুকরা ভূগর্ভে প্রোথিত যুগ্মপাত্তের মত দিনের আলোয় বাহির হইয়া আসে।

কিন্তু আরও ঘনিষ্ঠ ধরণের, আরও তুচ্ছ জিনিসের ইতিহাস চায় সে। মাহুঘ, মাহুঘের বৃকের কথা জানিতে চায়। আজ যা তুচ্ছ, হাজার বছর পরে তা মহাসম্পদ। ভবিষ্যতের সত্যকার ইতিহাস হইবে এই কাহিনী, মাহুঘের মনের ইতিহাস, তার প্রাণের ইতিহাস!

আর একটা দিক তাহার চোখে পড়ে। একটা জিনিস বেশ স্পষ্ট হইয়া উঠে তাহার কাছে—মহাকালের এই মিছিল। বাইজাণ্টাইন সাম্রাজ্যের ইতিহাস গিবন ভ্রমশূন্য লিখিয়াছেন, কি অল্প কেহ ভ্রমশূন্য লিখিয়াছেন, এ বিষয়ে তাহার তত কোঁতুল নাই, সে শুধু কোঁতুলক্রান্ত মহাকালের এই বিরাট মিছিলে। হাজার যুগ আগেকার কত রাজা, রানী, সম্রাট, মন্ত্রী, খোজা, সেনাপতি, বালক, যুবা, কত অশ্রনয়না তরুণী, কত অর্থলিপ্সু রাজপুরুষ—যাহারা অর্থের জন্ত অন্তরঙ্গ বন্ধুর গুপ্ত কথা প্রকাশ করিয়া তাহাকে ঘাতকের কুঠারের মুখে ধিধা বোধ করে নাই—অনন্ত কালসমুদ্রে ইহাদের ভাসিয়া যাওয়ার, বৃদ্ধদের মত মিলাইয়া যাওয়ার দিকটা। কোথায় তাদের বৃথা শ্রমের পুরস্কার, তাদের অর্থলিপ্সার সার্থকতা?

এদিকে ছুটাছুটিই সার হইতেছে—কাজে কিছুই হয় না। সে তো চায়-না বড়মাহুঘ হইতে—খাওয়া-পরা চলিয়া গেলেই সে খুলী—পড়াশুনা করার সে সময় পায় ও নিশ্চিন্ত হইতে পারে। কিন্তু তাও তো হয় না, টুইশানি না থাকিলে একবেলা আহারও জুটত না যে। তা ছাড়া এ সব জায়গার আবহাওয়াই তাহার ভাল লাগে না আদৌ। চারিধারে অত্যন্ত হাঁশিয়ারী, দর-কষাকষি, ...শুধু টাকা...টাকা . টাকা সংক্রান্ত কথাবার্তা—লোকজনের মুখে ও চোখের ভাবে ইতর ও অশোভন লোভ যেন উগ্রভাবে ফুটিয়া বাহির হইতেছে—এদের পাকা বৈষয়িক কথাবার্তার ও চালচলনে অপু ভয় খাইয়া গেল! লাইব্রেরীর পরিচিত জগতে আসিয়া সে হাঁপ ছাড়িয়া বাঁচে প্রতিদিন।

একদিন মুসলমান দালালটি বাজারে তাহার কাছে দুইটি টাকা ধার চাহিল। বড় কষ্ট বাইতেছে, পরের সপ্তাহেই দিয়া দিবে এখন। অপু ভাবিল—হয়ত বাড়িতে ছেলেমেয়ে আছে, রোজগার নাই এক পরস। অর্থাভাবে কষ্ট যে কি সে তাহা ভাল করিয়াই বুঝিয়াছে এই দুই বৎসরে—নিজের বিশেষ স্বাচ্ছন্দ্য না থাকিলেও একটি টাকা বাসা হইতে আনিয়া পরদিন বাজারে লোকটাকে দিল।

ইহার দিন সাতেক পর অপু সকালে ঘুম ডাঙিয়া উঠিয়া ঘরের দোরে কাহার খাকার শব্দ পাইল, দোর খুলিয়া দেখিল—মুসলমান দালালটি হাসিমুখে দাঁড়াইয়া।

—এসো, এসো আবদুল, তারপর খবর কি ?

—আদাব বাবু, চলুন, ঘরের মধ্যে বলি। এ-ঘরে আপনি একলা থাকেন, না আর কেউ—
ওঃ—বেশ ঘর ভোঁ বাবু!

—এসো বসো। চা খাবে ?

চা-পানের পর আবদুল আসিবার উদ্দেশ্য বলিল। বারাকপুরে একটা বড় বয়লারের সন্ধান পাওয়া গিয়াছে, ঠিক সেই ধরণের বয়লারেরই আবার এদিকে একটা খসিদ্ধার জুটিয়া গিয়াছে, কাজটা লাগাইতে পারিলে তিনশো টাকার কম নয়—একটা বড় দাঁও। কিন্তু মুশকিল দাঁড়াইয়াছে এই যে, এখনই বারাকপুরে গিয়া বয়লারটি দেখিয়া আসা দরকার এবং কিছু বায়না দিবারও প্রয়োজন আছে—অথচ তাহার হাতে একটা পয়সাও নাই। এখন কি করা ?

অপু বলিল—খদ্দের মাল ইন্স্পেকশনে যাবে না ?

—আগে আমরা দেখি। তবে তো খদ্দেরকে নিয়ে যাব ?—দেড় পাসের্ট ক'রে ধরলেও সাড়ে চারশো টাকা থাকবে আমাদের—খদ্দের হাতের মুঠোর রয়েছে—আপনি নির্ভাবনার থাকুন—এখন টাকার কি করি ?

অপু পূর্বদিন টুইশানির টাকা পাইয়াছিল, বলিল—কত টাকার দরকার ? আমি তো ছেলে-পড়ানোর মাইনে পেয়েছি—কত তোমার লাগবে বলা।

হিসাবপত্র করিয়া আট টাকা পড়িবে দেখা গেল। ঠিক হইল—আবদুল এবেলা বয়লার দেখিয়া আসিয়া ওবেলা বাজারে অপুকে সব খবর দিবে। অপু বাক্স খুলিয়া টাকা আনিয়া আবদুলের হাতে দিল।

বৈকালে সে পাটের একচেঞ্জের বারান্দাতে বেলা পাঁচটা পর্যন্ত আগ্রহের সহিত আবদুলের আগমন প্রতীক্ষা করিল। আবদুল সেদিন আসিল না, পরদিনও তাহার দেখা নাই। ক্রমে একে একে সাত-আটদিন কাটিয়া গেল—কোথায় আবদুল ? সারা বাজার ও রাজা উডম্যাণ্ড স্ট্রীটের লোহার দোকান আগাগোড়া খুঁজিয়াও তাহার সন্ধান মিলিল না। ক্লাইভ স্ট্রীটের একজন দোকানদার শুনিয়া বলিল—কত টাকা নিয়েছে আপনার মশাই। আবদুল তো ? মশাই জোচ্চোরের ধাতী—আর টাকা পেয়েছেন, ...টাকা নিয়ে সে দেশে পালিয়েছে—আপনিও যেমন !...

প্রথমে সে কথাটা বিশ্বাস করিল না। আবদুল সে রকম মাছুষ নয়, তাহা ছাড়া এত লোক থাকিতে তাহাকে কেন ঠকাইতে হাইবে ?

কিন্তু এ ধারণা বেলীদিন টিকিল না। ক্রমে জানা গেল আবদুল দেশে হাইবে বলিয়া বাহার কাছে সামান্য কিছু পাওনা ছিল, সব আদায় করিয়া লইয়া গিয়াছে দিন-সাতেক আগে। কাঁটাপেরেকের দোকানের বুদ্ধ বিশ্বাস মহাশয় বলিলেন—আশ্চর্য্য কথা মশাই, সবাই জানে

আবদুলের কাণ্ডকারখানা আর আপনি তাকে চেনেন নি হু-তিনমাসেও? রাখে-কুই! বেটা জুয়াচোরের খাড়া, হার্ডওয়ারের বাজারে সবাই চিনে ফেলেছে, এখানে আর স্ববিধে হয় না, তাই গিয়ে আজকাল জুটেছে মেশিনারির বাজারে। কোনও দোকানে তো আপনার একবার জিগ্যেস করাও উচিত ছিল। হার্ডওয়ারের দালালি করা কি আপনার মত ভালমানুষের কাজ মশাই? আপনার অল্প বয়স, অল্প কাজ কিছু দেখে নিন গে। এখানে কথা বেচে খেতে হবে, সে আপনার কর্ম নয়, তবুও ভাল যে আটটা টাকার ওপর দিয়ে গিয়েছে—

আট টাকা বিশ্বাস মহাশয়ের কাছে যতই তুচ্ছ হউক অপূর কাছে তাহা নয়। ব্যাপার বুঝিয়া চোখে অন্ধকার দেখিল—গোটা মাসের ছেলে পড়ানোর দরুণ সব টাকাটাই যে সে তুলিয়া দিয়াছে আবদুলের হাতে! এখন সারা মাস চলিবে কিসে! বাড়ি ভাড়ার দেনা, গত মাসের শেষে বন্ধুর কাছে ধার—এ সবের উপায়?

দিশাহারা ভাবে পথ চলিতে চলিতে সে ক্লাইভ স্ট্রীটে শেরার মার্কেটের সামনে আসিয়া পড়িল। দালাল ও ক্রেতাদের চীৎকার, মাড়োরারীদের ভিড় ও ঠেলাঠেলি, থর্নিক্রফ্ট ছ' আনা, থর্নিক্রফ্ট ছ' আনা. নাগরমল সাড়ে পাঁচ আনা—বেজার ভিড়, বেজার হৈ-চৈ, লাগনীঘির পাশ কাটাইয়া লাটসাহেবের বাড়ির সম্মুখ দিয়া সে একেবারে গড়ের মাঠের মধ্যে কেল্লার দক্ষিণে একটা নির্জন স্থানে একটা বড় বাদাম গাছের ছায়ায় আসিয়া বসিল।

আজই সকালে বাড়িওয়ালা একবার তাগাদা দিয়াছে, কাপড় একেবারে নাই, না কুলাইলেও ছেলে পড়ানোর টাকা হইতে কাপড় কিনিবে ঠিক করিয়াছিল, রুম-মেট তো নিত্য ধারের জন্ত তাগাদা করিতেছে। আবদুল শেষকালে এভাবে ঠকাইল তাহাকে? চোখে তাহার জল আসিয়া পড়িল—দুঃখদিনের সাথী বলিয়া কত বিশ্বাস যে করিত সে আবদুলকে!

অনেকক্ষণ সে বসিয়া রহিল। ঝাঁ ঝাঁ করিতেছে দুপুর, বেলা দেড়টা আন্ডাজ। কেহ কোন দিকে নাই, আকাশ মেঘমুক্ত, দূরপ্রাণী নীল আকাশের গায়ে কালো বিন্দুর মত চিল উড়িয়া চলিয়াছে...দূর হইতে দূরে, সেই ছেলেবেলাকার মত—ছোট হইতে হইতে ক্রমে মিলাইয়া চলিয়াছে। একজন খেসেড়া বর্ষার লম্বা লম্বা ঘাস কাটিতেছে। ছোট একটি খোটারদের মেয়ে ঝুড়িতে খুঁটে হুড়াইতেছে।..দূরে ষিদিগপুরের ট্রাম যাইতেছে...গলার দিকে বড় একটা আহার্যের চোঙ—ফোর্টের বেতারের মাঞ্চল—এক...দুই...তিন...চার...আকাশ কি ঘন নীল...এই তো চারিধারের মুক্ত সৌন্দর্য, এই কম্পমান আবরণ দুপুরের ধররৌত্র...বিছাৎ . স্বর্ধ... রাজির তারা...শ্রেম...মা...দিদি...অনিল...মাথার উপরে নিঃসীম নীল আকাশ.. মৃত্যুপারের দেশ...চিররাজির অন্ধকারে যেখানে সঁই সঁই হবে ধুমকেতুর দল আঙনের পুঙ্খ হুলাইয়া উড়িয়া চলে—এই ছোট, চন্দ্রস্বর্ধ লাটিমের মত আপনার বেগে আপনি ঘুরিয়া বেড়ার... তুহিন শীতল ব্যোমপথে দূরে দূরে দেবলোকের ময়ূর-পর্বতের ফাঁকে ফাঁকে তাহার। মিট মিট করে—এই পরিপূর্ণ মহিমার মধ্যে জন্ম লইয়া আটটা টাকা...তুচ্ছ আট টাকা...এ কোন বিচিত্র জগৎ!...কিসের থর্নিক্রফ্ট মার নাগরমল?

কখন বেলা পাঁচটা বাজিয়া গিয়াছিল, কখন একটু দূরে একটা ফুটবল টিমের খেলা আরম্ভ হইয়া গিয়াছিল—একটা বল ছুঁ করিয়া তাহার একেবারে সামনে আসিয়া পড়াতে তাহার চমক ভাঙিল। উঠিয়া সে বলটা হুঁহাতে ধরিয়া সজোরে একটা লাথি মারিয়া সেটাকে ধাবমান লাইন্সম্যানের দিকে ছুঁড়িয়া দিল।

একদিন পথে হঠাৎ প্রণবের সঙ্গে দেখা। দুজনেই ভারি খুশী হইল। সে কলিকাতায় আসিয়া পর্যন্ত অপূকে কত জায়গায় খুঁজিয়াছে, প্রথমটা সন্ধান পায় নাই, পরে জানিতে পারে অপূর্ব পড়াশুনা ছাড়িয়া দিয়া কোথায় চাকুরিতে ঢুকিয়াছে। প্রণব রাজনৈতিক অপরাধে অভিযুক্ত হইয়া বৎসর-খানেক হাজতভোগের পর সম্প্রতি খালাস হইয়াছে, হাসিয়া বলিল—কিছুদিন গবর্ণমেন্টের অতিথি হয়ে এলুম রে, এসেই তোমার কত খোঁজ করেছি—তারপর, কোথায় চাকরি করিস্, মাইনে কত ?

অপূ হাসিমুখে বলিল—খবরের কাগজের অফিসে, মাইনে সস্তর টাকা।

সর্বৈব মিথ্যা। টাকা চল্লিশেক মাইনে পায়, কি একটা ফণ্ড বাবদ কিছু কাটিয়া লওয়ার পর হাতে পৌছায় তেরিশ টাকা ক'আনা। একটু গর্বের সুরে বলিল, চাকরি সোজা নয়, রয়টারের বাংলা করার ভার আমার ওপর—বুধবারের কাগজে 'স্মার্ট ও ধর্ম বলে' লেখাটা আমার, দেখিস পড়ে।

প্রণব হো হো করিয়া হাসিয়া উঠিয়া বলিল—তুই ধর্মের সম্বন্ধে লিখতে গেলি কি নিয়ে রে। কি জানিস তুই—

—ওখানেই তোমার গোলমাল। ধর্ম মানে তুই যা বলতে চাইছিস, সেটা হচ্ছে collective ধর্ম, আমি বলি ওটার প্রয়োজনীয়তা ছিল আদিম মানুষের সমাজে, আর একটা ধর্ম আছে, যা কিনা নিজের নিজের, আমার ধর্ম আমার, তোমার ধর্ম তোমার, এইটের কথাই আমি—যে ধর্ম আমার নিজের তা যে আর কারো নয়, তা আমার চেয়ে কে ভাল বোঝে ?

—বৌবাজারের মোড়ে দাঁড়িয়ে এসব কথা হবে না, আর গোলদীঘিতে লোকচার দিবি।

—শুন্বি তুই ? চল তবে—

গোলদীঘিতে আসিয়া দুজনে একটা নির্জন কোণ বাছিয়া লইল। প্রণব বলিল—বেঞ্চের উপর দাঁড়া উঠে।

অপূ বলিল—দাঁড়াচ্ছি, কিন্তু লোক জমবে না তো ? তা হ'লে কিন্তু আর একটি কথাও বলব না।

তারপর আধঘণ্টাটাক অপূ বেঞ্চের উপর দাঁড়াইয়া ধর্ম সম্বন্ধে এক বক্তৃতা দিয়া গেল। সে নিকপট ও উদার—যা মুখে বলে মনে মনে তাহা বিশ্বাস করে। প্রণব শেষ পর্যন্ত শুনিবার পর ভারি বল—এসব কথা নিয়ে খুব তো নাড়াচাড়া করেছে মনের মধ্যে ? একটু পাগলাগিরি ছিট আছে, কিন্তু ওকে ঐজন্তেই এত ভালবাসি।

অপূ বেঞ্চ হইতে নামিয়া বলিল—কেমন লাগল ?—

—তুই খুব sincere, যদিও একটু ছিট্‌গ্রস্ত—

অপু লজ্জামিশ্রিত হাস্যের সহিত বলিল—যাঃ—

প্রণব বলিল—কিন্তু কলেজটা ছেড়ে ভাল কাজ করিস নি, যদিও আমি জানি তাই সেদিন বিনয়কে বলছিলাম যে অপূর্ব কলেজে না গিয়েও যা পড়াশুনা করবে, তোমরা ছুঁবেলা কলেজের সিমেন্ট ঘষে ঘষে উঠিয়ে ফেললেও তা হবে না ! ওর মধ্যে একটা সত্যিকার পিপাসা রয়েছে যে—

নিজের প্রশংসা শুনিয়া অপু খুব খুশী—বালকের মত খুশী। উজ্জলমুখে বলিল—অনেকদিন পরে তোর সঙ্গে দেখা, চল তোকে কিছু খাওয়াইগে—কলেজ মেট্রদের আর কারুর দেখা পাই নে—আমোদ করা হয় নি কতদিন যে—মা মারা যাওয়ার পর থেকে তো ..

প্রণব বিশ্বয়ের স্বরে বলিল—মাও মারা গিয়েছেন !

—ওঃ, সে কথা বুঝি বলি নি ? সে তো প্রায় এক বছর হ'তে চলল—

সামনেই একটা চায়ের দোকান। অপু প্রণবের হাত ধরিয়। সেখানে ঢুকিল। প্রণবের ভারি ভাল লাগিল অপূর এই অত্যন্ত খাঁটি ও অকৃত্রিম, আগ্রহভরা হাত ধরিয়। টানা। সে মনে মনে ভাবিল—এরকম warmth আর sincerity ক'জনের মধ্যে পাওয়া যায় ? বন্ধু তো মুখে অনেকেই আছে—অপু একটা জুরেল।

অপু বলিল—কি খাবি বল ?...এই বেয়ারা, কি আছে ভাল ?

খাইতে খাইতে প্রণব বলিল—তারপর চাকরির কথা বল—যে বাজার—কি ক'রে জ্বোটাগি ?

অপু প্রথমে লোহার বাজারের দালালির গল্প করিল। হাসিয়া বলিল—তারপর আবছুলের মহাভিনিক্ষমণের পরে হার্ডওয়ার আর জমলো না—ঘুরে ঘুরে বেড়াই চাকরি খুঁজে, বুরলি—একদিন একজন বললে, বি-এন-আর আফিসে অনেক নতুন লোক নেওয়া হচ্ছে—গেলুম সেখানে। খুব লোকের ভিড়, চাকরি অনেক খালি আছে, ইংরিজি লিখতে-পড়তে পারলেই চাকরি হচ্ছে। ব্যাপার কি, শুনলাম মাস-দুই হ'ল স্ট্রাইক চলছে—তাদের জায়গায় নতুন লোক নেওয়া হচ্ছে—

প্রণব চায়ে চুমুক দিয়া বলিল—চাকরি পেলি ?

—শোন না, চাকরি তখুনি হয়ে গেল, প্রিন্সিপ্যালের সার্টিফিকেটটাই কাজের হ'ল, তখুনি ছাপানো ফর্মে স্ন্যাপশেটমেট লেটার দিয়ে দিলে, বাইরে এসে ভারি আনন্দ হল মনটাতে। চল্লিশ টাকা মাইনে, যেতে হবে গঞ্জাম জেলায়, অনেকদূর, যা ঠিক চাই তাই—বেটিক স্ট্রীটের মোড়ে একটা দোকানে বসে মনের খুশীতে উপরি উপরি চার কাপ চা খেয়ে ফেললাম—ভাবলাম এতদিন পর পরসার কষ্টটা তো ঘুচল ? ..আর কি খাবি ? এই বেয়ারা আর ছুটো ডিম ভাজা—না-না খা—

—দু'দিন চাকরি হয়েছে বলে বুঝি—তোর সেই পুরানো রোগ আজও—হ্যাঁ তারপর ?

—তারপর বাড়ি এসে রাতে শুয়ে শুয়ে মনটাতে ভাল বললে না—ভাবলাম, ওরা একটা

সুবিধে আদার করবার জন্ত স্ট্রাইক করেছে, দু'মাস তাদেরও ছেলেমেয়ে কষ্ট পাচ্ছে, তাদের মুখের ভাতের খালা কেড়ে খাব শেষকালে?—আবার ভাবি, যাই চলে, অতদূর কখনো দেখি নি, তা ছাড়া মা মারা যাওয়ার পর কলকাতা আর ভাল লাগে না, যাইগে—কিন্তু শেষ পর্যন্ত—ফের ওদের আফিসে গেলাম—ছাপানো কর্মখানা কেবল দিয়ে এলাম, বলে এলাম আমার যাওয়ার সুবিধা হবে না—

প্রণব বলিল—তোমার মুখ আর চোখ look full of music and poetry.—প্রথম থেকে আমি জানি এ একজন আইভিন্নালিস্ট ছোকরা—তোদের দিয়েই তো এসব হবে তোমার এ খবরের কাগজের কাজ কখন?

—রাত ন'টার পর যেতে হয়, রাত তিনটের পর ছুটি। ভারি ঘুম পায়, এখনও রাত-জাগা অভ্যেস হয় নি, তবে সুবিধে আছে, সকাল দশটা-এগারোটা পর্যন্ত ঘুমিয়ে নি, সারাদিন লাইব্রেরীতে কাটাতে পারি—

খাওয়া-দাওয়া ভালই হইল। অপু বলিল—জল খাস্‌নে—চল্‌ কলেজ স্কোয়ারে শরবৎ খাব—বেশ মিষ্টি লাগে খেতে।—লেমন স্কোয়াশ খেয়েছিস—আর,—

কলেজেব অত ছেলের মধ্যে এক অনিল ও প্রণব ছাড়া সে আর কাহাকেও বন্ধুভাবে গ্রহণ করিতে পারে নাই, অনেকদিন পরে মন মুলিয়া আলাপের লোক পাইয়া তাহার গল্প আর ফুরাইতেছিল না। ‘বলিল, গাছপালা যে কতদিন দেখি নি, ইট আর সিমেন্ট অসহ হয়ে পড়েছে। আমাদের অফিসে একজন কাজ করে, তার বাড়ি কাঁচড়া জেলা, সেদিন বলছে, বাড়ির বাগানে আগাছা বেড়ে উঠেছে, তাই সাফ ক'বছে রবিবারে-রবিবারে। আমি তাকে বলি, কি গাছ মিস্তির মশাই? সে বলে—কিছু না, রুপি গাছ। আমি বলি—ব'শু না, কি কি গাছ? রোজ সোমবারে সে বাড়ি থেকে এলে তাকে এই কথা জিজ্ঞাস্য করি—সে হয়ত ভাবে, আচ্ছা পাগল! রাজে, ভাই, সারাবাত প্রেসের ঘডঘডানি, গরম, প্রিন্টারের তাগাদার মধ্যে আমার কেবল মিস্তির মশায়ের বাড়ির সেই রুপি বনের কথা মনে হয়—ভাবি কি কি না জানি গাছ। এদিকে চোখ ঘুমে ঢুলে আসে, রাত একটার পর শরীর এলিয়ে পড়তে চায়, শরীরের বাঁধন যেন ক্রমে আলগা হয়ে আসে, বুজোর জল চোখে মুখে ঝাপটা দিয়ে ফুলো-ফুলো রাঙা-রাঙা, জালা-করা চোখে আবার কাজ করতে বসি—ইলেকট্রিক বাতিতে যেন চোখে ছুঁচ বেঁধে—আর এত গরমও ঘরটাতে।

পরে সে আগ্রহের সুরে বলিল—একদিন রবিবারে চল তুহ আর আমি কোনও পাড়া-গাঁয়ে গিয়ে মাঠে, বনের ধারে ধারে সারাদিন বেড়িয়ে কাটাব—বেশ সেখানেই লতা-কাঠি কুড়িয়ে আমরা রাঁধব—বিবেল হবে—পার্থিব ডাক যে কতকাল শুনি নি। দোয়েলা ক'বো কথা-ক'ও, এদের ডাক তো ভুলেই গিয়েছি, বিববার দিনটা ছুটি, চল যাব?—এখন কত ফুল ফুটবারও সময়—আমি অনেক বনের ফুলের নাম জানি দেখি চানিয়ে দেব। যাব প্রণব, চল আজ খিয়েটার দেখি? স্টারে ‘সধবার একাদশী’ আছে—যাবি?

নিজেই ছ'খানা গ্যালারির টিকিট কিনিল—খিয়েটার ডাঙলে অনেক রাত্রিতে কিরিবার

পথে অপু বলিল—কি হবে বাকী রাতটুকু ঘুমিয়ে ; আজ বসে গল্প ক'রে রাত কাটাই।
কর্ণওয়ালিশ স্কোয়ারের কাছে আসিয়া অপু বন্ধুর হাত ধরিয়া রেলিং টপকাইয়া স্কোয়ারের
ভিতর ঢুকিয়া পড়িল—বলিল—আর আর, এই বেঞ্চীটাতে বসি, আমি নিমচাঁদের পার্ট প্লে
করব, দেখবি—

প্রণব হাসিয়া বলিল—তোমার মাথা খারাপ আছে—এত রাতে বেশী চেষ্টাস্ নি—পুলিশ
এসে ভাড়িয়ে দেবে—কিন্তু খানিকটা পর প্রণবও মাতিয়া উঠিল। হুঁজনে হাসিয়া আবোল-
তাবোল বকিয়া আরও ঘণ্টাখানেক কাটাইল। অপু একটা বেঞ্চির উপরে গড়াগড়ি দিতেছিল
ও মুখে নিমচাঁদের অল্পকরণে ইংরাজি কি কবিতা আবৃত্তি করিতেছিল—প্রণবের ভয়হুচক স্বরে
উঠিয়া বসিয়া চাহিয়া দেখিল ফুটপাথের উপর একজন পাহারাওয়াল। অমনি সে বেঞ্চের
উপর দাঁড়াইয়া চীৎকার করিয়া বলিয়া উঠিল—Hail, Holy Light! Heaven's First
born!—পরে হুঁজনেই ডাক্ স্ট্রীটের দিকের রেলিং টপকাইয়া সোজা দৌড় ছিল।

রাত্রি আর বেশী নাই। আমহাস্ট্ স্ট্রীটের একটা বড় লাল বাড়ির পৈঠায় অপু গিয়া
বসিয়া পড়িয়া বলিল—কোথায় আর যাবো—আর বোস্ এখানে—

প্রণব বলিল—একটা গান ধর তবে—

অপু বলিল—বাড়ির লোকে দোর খুলে বেরিয়ে আসবে—কোন রকমে পুলিশের হাত
থেকে বেঁচে গিয়েছি—

—কেমন পাহারাওয়ালটাকে চেষ্টিয়ে বললুম—Hail, Holy Light!—হি-হি—টেরও
পায় নি? কোথা দিয়ে পালালুম—নিমচাঁদের মত হয় নি?—হি-হি—

প্রণব বলিল—তোমার মাথায় ছিট্ আছে—যা: সারা রাতটা ঘুম হ'ল না তোমার পাল্লার পড়ে
—গা একটা গানই গা—আন্তে আন্তে ধর—আবার হাসে, যা:—

ইহারই দিন-পনেরো পরে একদিন প্রণব আসিয়া বলিল—তোকে নিয়ে যাব বলে এলাম
—আমার মামাতো বোনের বিয়ে হবে সোমবারে, শুক্রবার রাত্রে আমরা যাব, খুলনা থেকে
স্টীমারে যেতে হয়, অনেকদিন কোথাও ঘাস নি, চল আমার সঙ্গে, দিন-চার-পাঁচের ছুটি
পাবি নে?

ছুটি মিলিল। ট্রেনে উঠিবার সময় তাহার ভারি আনন্দ। অনেকদিন কলিকাতা ছাড়িয়া
যায় নাই, অনেকদিন রেলও চড়ে নাই। সকালবেলা স্টীমারে উঠিবার সময় ভৈরবের ওপার
হইতে তরুণ স্বর্ষ ওঠার দৃশ্যটা তাহাকে মুগ্ধ করিল। নদী খুব বড় ও চওড়া, স্টীমার প্রণবের
মামার বাড়ির ঘাটে ধরে না, পাশের গ্রামে নামিয়া নৌকায় ধাইতে হয়। অপু এ অঞ্চলে
কখনও আসে নাই, সম্পূর্ণ অপরিচিত দেশ, নদীর ধারে সুপারির সারি, বাশ, বেত-বন, অসংখ্য
নারিকেল গাছ। টিনের চালাওয়াল গোলা গল্প। অদ্ভুত ধরণের নাম, স্বরূপকাটি, যশাইকাটি।

দক্ষিণ-পূর্ব কোণ ও খাড় পশ্চিম, হুঁদিক হইতে প্রকাণ্ড হুঁটা নদী আসিয়া পরস্পরকে
ছুঁইয়া অর্ধচন্দ্রাকারে বাঁকিয়া গিয়াছে, সেখানটাতে জলের রং ঈষৎ সবুজ এবং এই সঙ্গমস্থানেরই
ও-পারে আধ মাইলের মধ্যে প্রণবের মামার বাড়ির গ্রাম গঙ্গানন্দকাটি।

নদীর ঘাট হইতে বাড়িটা অতি অল্প দূরে ! এ গ্রামের মধ্যে ইহারাই অবস্থাপন্ন সম্ভ্রান্ত গৃহস্থ !

অনেকবার অপু এ ধরণের বাড়ির ছবি কল্পনা করিয়াছে, এই ধরণের বড় নদীর ধারে, শহর-বাজারের ছোঁয়াচ ও আবহাওয়া হইতে বহু দূরে, কোন এক অখ্যাত ক্ষুদ্র পাড়াগাঁয়ের সম্ভ্রান্ত গৃহস্থ, আগে অবস্থা ভাল ছিল, অথচ এখন নাই, নাট মন্দির, পূজার দালান, দোলমঞ্চ, রাসমঞ্চ, সবই থাকিবে, অথচ সে-সব হইবে ভাঙা, শ্রীহীন—আর থাকিবে প্রাচীন ধনীবংশের শাস্ত নর্যাদাবোধ, মান সম্মান, উদারতা ! প্রণবের মামার বাড়ির সঙ্গে সব যেন ছব্ব মিলিয়া গেল ।

ঘাট হইতে দুই সারি নারিকেল গাছ সোজা একেবারে বাড়ির দেউড়িতে গিয়া শেষ হইয়াছে, বাঁয়ে প্রকাণ্ড পূজার দালান, ডাইনে হলুদ রঙের কলসী বসানো ফটক ও ফুলবাগান, দোলমঞ্চ, রাসমঞ্চ, নাটমন্দির । খুব জৌলুস নাই কোনটারই, কার্নিস পসিয়া পড়িতেছে, একরাশ গোলাপায়রা নাটমন্দিরের মেজ্ঞেতে চরিয়্যা বেড়াইতেছে, এক-আধটা ঝটাপট করিয়া ছাদে উড়িয়া পলাইতেছে, একখানা ষোল-বেহারার সেকেলে হাঙরমুখে পালকি অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে ! দেখিয়া মনে হয়—এক সময় ইহাদের অবস্থা খুব ভাল ছিল, বর্তমানে পসারহীন ডাক্তারের দ্বারসংযুক্ত অনাদৃত পিতলের পাণ্ডের মত শ্রীহীন ও মলিন ।

‘পুলু এসেছে, পুলু এসেছে’—‘এই যে পুলু’—‘এটি কে সঙ্গে ?’ ‘ও ! বেশ বেশ, স্টীমার কি আজ লেট ? ওরে নিবারণেকে ডাক, ব্যাগটা বাড়ির মধ্যে নিয়ে যা, আঁহা থাক্ এলো এসো, দীর্ঘজীবী হও ।’

প্রণব তাহাকে একেবারে বাড়ির মধ্যে লইয়া গেল । অপু অপরচিত্ত বাড়ির মধ্যে অন্ধরমহলে যথারীতি অত্যন্ত লাজুক মুখে ও সঙ্কোচের সহিত ঢুকিল । প্রণবের মড় মামীমা আসিয়া কুশল-প্রশ্ন জিজ্ঞাসাবাদ করিলেন ! অপুকে দেখিয়া বলিলেন—এ ছেলেটিকে কোথেকে আনলি পুলু ? এ মুখ যেন চিনি—

প্রণব হাসিয়া বলিল—কি ক’রে চিনবেন মামীমা ? ও কি আর বাঙ্গাল দেশের মাছ ?

প্রণবের মামীমা বলিলেন—তা নয় রে, কতবার পটে জাঁকা ছবি দেখেছি, ঠাকুরদেবতার মুখের মত মুখ—এসো এসো দীর্ঘজীবী হও—

প্রণবের দেখাদেখি অপুও পায়ের ধূলা লইয়া প্রণাম করিল ।

—এসো এসো, বাবা আমার এসো—কি সুন্দর মুখ—দেশ কোথায় বাবা ?

সন্ধ্যার পর সারাদিনের গরমটা একটু কমিল । দেউড়ির বাহিরে আরতির কঁাসর ঘণ্টা বাজিয়া উঠিল, চারিদিকে শাঁধ বাজিল । উপরের খোলাছাদে শীতলপাটি পাতিয়া অপু একা বসিয়া ছিল, প্রণব ঘুম হইতে সন্ধ্যার কিছু আগে উঠিয়া কোথায় গিয়াছে । কেমন একটা নতুন ধরণের অল্পভুক্তি—সম্পূর্ণ নতুন ধরণের—কি সেটা ? কে জানে, হয়ত শাঁধের রব বা আরতির বাজনার দরুণ—কিংবা হয়ত...

মোটের উপর এ এক অপরিচিত জগৎ। কলিকাতার কর্মব্যস্ত, কোলাহল-মুখর ধূমধূলি-পূর্ণ আবহাওয়া হইতে সম্পূর্ণ পৃথক এক ভিন্ন জীবনধারার জগৎ।

নারিকেলশ্রেণীর পত্রশীর্ষে নবমীর জ্যোৎস্না ফুটিয়াছে, এইমাত্র ফুটিল, অপু লক্ষ্য করে নাই। কি কথা যেন সব মনে আসে। অনেকদিনের কথা।

পিছন হইতে প্রণব বলিল—কেমন, গাছপালা গাছপালা ক’রে পাগল, দেখলি তো গাছ-পালা নদীতে আসতে? কি রকম লাগল বল শুনি—

অপু বলিল—সে যা লাগল তা লাগল—এখন কি মনে হচ্ছে জানিস এই আরতি শুনে? ছেলেবেলার, আমার দাছ ছিল ভক্ত বৈষ্ণব, তাঁর মুখে শুনতাম, ‘বংশী বটতট কদম্ব নিকট, কালিন্দী ধীর সমীর’—যেন—

সিঁড়িতে কাহাদের পারের শব্দ শোনা গেল। প্রণব ডাকিয়া বলিল—কে রে? যেনী? শোন—

একটি তেরো-চৌদ্দ বছরের বালিকা হাসিয়া দরজার কাছে দাঁড়াইল। প্রণব বলিল—কে, কে রে? মেয়েটি পিছন কিরিয়া কাহাদের দিকে একবার চাহিয়া দেখিয়া বলিল—সবাই আছে, ননী-দি, দাসী-দি, মেজ-দি, সরলা—তাস খেলব চিলেকোঠার ঘরে—

অপু মনে মনে ভাবিল—এ বাড়ির মেয়ে-ছেলে সবাই দেখতে ভারি সুন্দর তো?

প্রণব বলিল—এটি মামার ছোট মেয়ে, এরই মেজ বোনের বিয়ে। ক’ বোনের মধ্যে সেই স্কুলের চেয়ে সুশ্রী—যেনী ডাক তো একবার অপর্ণাকে?

যেনী সিঁড়িতে গিয়া কি বলিতেই একটা সম্মিলিত মেয়েলি কণ্ঠের চাপা হাস্যধ্বনি শুনিতে পাওয়া গেল, অল্পক্ষণ পরেই একটি বোল-সতেরো বছরের নতমুখী সুন্দরী মেয়ে দরজার কাছে আসিয়া দাঁড়াইল। প্রণব বলিল—ও আমার বন্ধু, তোরও স্ববাদের দাদা—লজ্জা কাকে এখানে রে? এটি মামার মেজ মেয়ে অপর্ণা—এরই—

মেয়েটি চপলা নয়, যুহু হাসিয়া তখনই সরিয়া গেল, কি সুন্দর এক ঢাল চুল! কিছুদিন আগে পড়া একটা ইংরাজী উপন্যাসের একটা লাইন বার বার তাহার মনে আসিতে লাগিল—
Do they breed goddesses at Slocum Magna? Do...they...breed...godde-
sses...at Slocum Magna?

এ রাতটার কথা অপূর চিরকাল মনে ছিল।

পরদিন প্রণবের সঙ্গে অপু তাহার মামার বাড়ির সবটা ঘুরিয়া দেখল। প্রাচীন ধনীবংশ বটে। বাড়ির উত্তর দিকে পুরাতন আমলের আবাস-বাটি ও প্রকাণ্ড সাতছয়ারী পূজার দালান ভগ্ন অবস্থায় পড়িয়া আছে, ওপারে অল্পতম সন্নিক-রামচূর্ণভ বাড়ুঘোর বাড়ি। পুরাতন আমলের বসতবাটি বর্তমানে পরিত্যক্ত, রামচূর্ণভের ছোট ভাই সেখানে বাস করিতেন। কি কারণে তাহার একমাত্র পুত্র নিরুদ্দেশ হইয়া যাওয়াতে তাহার বেচিয়া-কিনিয়া কাশীবাসী হইয়াছেন।

এ সব কথা প্রণবের মুখেই ক্রমে ক্রমে শোনা গেল।

স্নানের সময়ে সে নদীতে স্নান করিতে চাহিলে সকলেই বারণ করিল—এখানকার নদীতে এ সময়ে কুমীরের উৎপাত খুব বেশী, পুকুরে স্নান করাই রূপ।

বৈকালে একজন বুদ্ধ ভদ্রলোক কাছারী-বাড়ির বারান্দাতে বসিয়া গল্প করিতেছিলেন, দিন-পনেরো পূর্বে নিকটস্থ কোন গ্রামের জনৈক তাঁতির ছেলে হঠাৎ নিরুদ্দেশ হইয়া যায়, সম্প্রতি তাহাকে রায়মঙ্গলের এক নির্জন চরে অজ্ঞান অবস্থায় পাওয়া গিয়াছে। ছেলেটি বলে, তাহাকে নাকি পরীতে ভুলাইয়া লইয়া গিয়াছিল, প্রমাণস্বরূপ সে আঁচলের খুঁট খুলিয়া কাঁচা লবঙ্গ, এলাচ ও জায়ফল বাহির করিয়া দেখাইয়াছে, এ-অঞ্চলের ত্রিসীমানার এ সকলের গাছ নাই—পরী কোথা হইতে আনিয়া উপহার দিয়াছে।

প্রণবের মামীমা ছুপুরে কাছে বসিয়া দুজনকে খাওয়াইলেন, অনেকদিন অপূর্ণ অদৃষ্টে এত যত্ন আদর বা এত ভাল খাওয়া-দাওয়া জোটে নাই। চিনি, ফীর, মশলা, কপূর, ঘৃত, জীবনে কখনও তাহাদের দরিদ্র গৃহস্থালীতে এ সকলের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় ঘটে নাই। মায়ের সংসারে চালের গুঁড়া, গুড় ও সরিষার তৈলের কারবার ছিল বেশী।

একাদশ পরিচ্ছেদ

পরদিন বিবাহ। সকাল হইতে নানা কাজে সে বাড়ির ছেলের মত খাটিতে লাগিল। নাট-মন্দিরে বরাসন সাজানোর ভার পড়িল তাহার উপর। প্রাচীন আমলের বড় জাজিম ও শতরঞ্জির উপর সাদা চাদর পাতিয়া ফরাস বিছানো, কাচের সেজ ও বাতির ডুম টাঙ্গানো, দেবদারু পাতার ফটক বাঁধা, কাগজ কাটিয়া দম্পতির উদ্দেশ্যে আশীষবাণী রচনা, সকাল আটটা হইতে বেলা তিনটা পর্যন্ত এসব কাজে কাটিল।

সন্ধ্যার সময় বর আসিবে। বরের গ্রাম এই নদীরই ধারে, তবে দশ বারো ক্রোশ দূরে, নদীপথেই আসিতে হইবে। বরের পিতা ও-অঞ্চলের নাকি বড় গাঁতিদার, তাহা ছাড়া বিস্মৃত মহাজনী কারবারও আছে।

বরের নৌকা আসিতে একটু বিলম্ব হইতে পারে, প্রথম লগ্নে বিবাহ যদি না হয় রাজি দশটার লগ্ন বাদ যাইবে না।

ব্যাপার বুঝিয়া অপূ বলিল—রাত তো আজ জাগতেই হবে দেখছি, আমি এখন একটু ঘুমিয়ে নি ভাই, বর এলে আমাকে ডেকে তুলো এখন।

প্রণব তাহাকে তেতলার চিলে-কোঠার ঘরে লইয়া গিয়া বলিল—এখানে হৈ-চৈ কম, এখানে ঘুম হবে এখন, আমি ঘণ্টা দুই পরে ডাকবো।

ঘরটা ছোট, কিন্তু খুব হাওয়া, দিনের শান্তিতে সে শুইতে না শুইতে ঘুমাইয়া পড়িল।

কতক্ষণ পরে সে ঠিক জানে না, কাহাদের ডাকাডাকিতে তাহার ঘুম ভাঙ্গিয়া গেল।

সে ভাড়াভাড়া উঠিয়া চোখ মুছিতে মুছিতে বলিল, বর এসেছে বুঝি? উঃ, রাত অনেক হয়েছে তো! কিন্তু প্রণবের মুখের দিকে চাহিয়া তাহার মনে হইল—একটা কিছু যেন ঘটিয়াছে। সে বিশ্বস্বের স্বরে বলিল—কি—কি—প্রণব—কিছু হয়েছে নাকি?

উত্তরের পরিবর্তে প্রণব তাহার বিছানার পাশে বসিয়া পড়িয়া কাতর মুখে তাহার দিকে চাহিল, পরে ছল-ছল চোখে তাহার হাত দু'টি ধরিয়া বলিল—ভাই আমাদের মান রক্ষার ভার তোমার হাতে আজ রাজে, অপর্ণাকে এখনি তোমায় বিয়ে করতে হবে, আর সময় বেশী নেই, রাত খুব অল্প আছে, আমাদের মান রাখো ভাই।

আকাশ হইতে পড়িলেও অপু এত অবাক হইত না।

প্রণব বলে কি? প্রণবের মাথা খারাপ হইয়া গেল নাকি? না—কি সে ঘুমের মধ্যে স্বপ্ন দেখিতেছে!

এই সময়ে দুজন গ্রামের লোকও ঘরে ঢুকিলেন, একজন বলিলেন—আপনার সঙ্গে যদিও আমার পরিচয় হয় নি, তবুও আপনার কথা সব পুপুর মুখে শুনেছি—এদের আজ বড় বিপদ, সব বলছি আপনাকে, আপনি না বাঁচালে আর উপায় নেই—

ততক্ষণ অপু ঘুমের ঘোরটা অনেকখানি কাটাইয়া উঠিয়াছে, সে না-বুঝিতে পারার দৃষ্টিতে একবার প্রণবের, একবার লোক দুইটির মুখের দিকে চাহিতে লাগিল। ব্যাপারখানা কি!

ব্যাপার অনেক।

সন্ধ্যার ঘটনাখানেক পর বরপক্ষের নৌকা আসিয়া ঘাটে লাগে। লোকজনের ভিড় খুব, দু-তিনখানা গ্রামের প্রজাপত্র উৎসব দেখিতে আসিয়াছে। বরকে হাঙ্গরমুখো সেকলে বড় পাল্কিতে উঠাইয়া বাজনা-বাণ ও ধুমধামের সহিত মহা সমাদরে ঘাট হইতে নাটমন্দিরে বরাসনে আনা হইতেছিল—এমন সময় এক অভূতপূর্ব ঘটনা ঘটিল। বাড়ির উঠানে পাল্কি-খানা আসিয়া পৌঁছিয়াছে, হঠাৎ বর নাকি পাল্কি হইতে লাফাইয়া পড়িয়া চোঁচাইয়া বলিতে থাকে—হুঙ্কা বোলাও, হুঙ্কা বোলাও!!

সে কি বেজার চীৎকার!

একমুহুর্তে সব গোলমাল হইয়া গেল। চীৎকার হঠাৎ থামে না, বরকর্তা স্বয়ং দৌড়িয়া গেলেন, বর পক্ষের প্রবীণ লোকেরা ছুটিয়া গেলেন,—চারিদিকে সকলে অবাক, প্রজারা অবাক, গ্রামস্বল্প লোক অবাক! সে এক কাণ্ড! চোখে না দেখিলে, বুঝানো কঠিন—আর কি যে লজ্জা! সারা উঠান জুড়িয়া প্রজা, প্রতিবেশী, আত্মীয়কুটুম্ব, পাড়ার ও গ্রামের ছোট বড় সকলে উপস্থিত, সকলের সামনে—বাঁড়ুয্যে বাড়ির মেয়ের বিবাহে এ ভাবের ঘটনা ঘটবে, তাহা স্বপ্নাতীত, এ উহার মুখ চাওরা-চাওরি করে, মেয়েদের মধ্যে কান্নাকাটি পড়িয়া গেল। বর যে প্রকৃতিস্থ নয়, একথা বুঝিতে কাহারও বাকী রহিল না।

বরপক্ষ যদিও নানাভাণে কথাকাটা ঢাকিবার যথাসাধ্য চেষ্টা করিলেন, কেহ বলিলেন, গরমে ও সারাদিনের উপবাসের কষ্টে—ও-কিছু নয়, ও-রকম হইয়া থাকে,....কিন্তু ব্যাপারটা অত

সহজে চাপা দেওয়া গেল না, ক্রমে ক্রমে নাকি প্রকাশ হইতে লাগিল যে, বরের একটু সামান্য ছিট আছে বটে,—কিংবা ছিল বটে, তবে সেটা সব সময় যে থাকে তা নয়, আজকার গরমে, বিশেষ উৎসবের উত্তেজনায়—ইত্যাদি। ব্যাপারটা অনেকখানি সহজ হইয়া আসিতেছিল, নানা পক্ষের বোঝানোতে আবার সোজা হাওয়া বহিতে শুরু করিয়াছিল, মেয়ের বাপ শশীনারায়ণ বাঁড়ুথোও মন হইতে সমস্তটা ঝাড়িয়া ফেলিতে প্রস্তুত ছিলেন—তাহা ছাড়া উপায়ও অবশ্য ছিল না—কিন্তু এদিকে মেয়ের মা অর্থাৎ প্রণবের বড় মামীমা মেয়ের হাত ধরিয়া নিজের ঘরে ঢুকিয়া খিল দিয়াছেন,—তিনি বলেন, জানিয়া-শুনিয়া তাঁহার সোনার প্রতিমা মেয়েকে তিনি ও-পাগলের হাতে কখনই তুলিয়া দিতে পারিবেন না, যাহা অদৃষ্টে আছে ঘটিবে। সকলের বহু অহুন্নর বিনয়েও এই তিন-চার ঘণ্টার মধ্যে তিনি আর ঘরের দরজা খোলেন নাই, নাকি তেমন তেমন বুঝিলে মেয়েকে রাম-দা দিয়া কাটিয়া নিজের গলায় দা বসাইয়া দিবেন এমনও শাসাইয়াছেন, স্মৃতরাং কেহ দরজা ভাঙিতে সাহস করে নাই! অপর্ণাও এমনি মেয়ে, সবাই জানে, মা তাহার গলায় যদি সত্যি রাম-দা বসাইয়া দেয়ও, সে প্রতিবাদে মুখে কখনও টুঁ শব্দটি উচ্চারণ করিবে না, মায়ের ব্যবস্থা শাস্তভাবেই মানিয়া লইবে।

পিছনের ভদ্রলোকটি বলিলেন, আপনি না রক্ষা করলে আর কেউ নেই, হয় এদিকে একটা খুনোখুনি হবে, না হয় সকাল হলেই ও-মেয়ে দো-পড়া হয়ে যাবে—এ সব দিকের গতিক তো জানেন না, দো-পড়া হ'লে কি আর ও মেয়ের বিয়ে হবে মশাই?...আহা, অমন সোনার পুতুল মেয়ে, এত বড় ঘর, ওরই অদৃষ্টে শেষে কিনা এই কেলেঙ্কারী! এ রাজ্যের মধ্যে আপনি ছাড়া আর এ অঞ্চলে ও-মেয়ের উপযুক্ত পাত্র কেউ নেই—বীচান আপনি—

অপুর মাথায় যেন কিসের দাপাদাপি, মাতামাতি...মাথার মধ্যে যেন চৈতন্যদেবের নগর-সংকীর্তন শুরু হইয়াছে!...এ কি সঙ্কটে তাহাকে ভগবান কেলিলেন! সকল প্রকার বন্ধনকে সে ভয় করে, তাহার উপর বিবাহের মত বন্ধন! এই তো সেদিন মা তাহাকে মুক্তি দিয়া গেলেন...আবার এক বৎসর ঘুরিতেই—একি!

মেয়েটির মুখ মনে হইল...আজই সকালে নিচের ঘরে তাহাকে দেখিয়াছে...কি শাস্ত, স্নন্দর গতিভঙ্গি। সোনার প্রতিমাই বটে, তাহার অদৃষ্টে উৎসবের দিনে এই ব্যাপার!... তাহা ছাড়া রাম-দা-এর কাণ্ডটা...কি করে সে এখন?...

কিন্তু ভাবিবার অবসর কোথায়? পিছনে প্রণব পাড়াইয়া কি বলিতেছে, সেই ভদ্রলোক দু'টি তার হাত ধরিয়াছেন—তাহাও সে ঠেলিয়া ফেলিয়া দিতে পারিত—কিন্তু মেয়েটিও যেন শাস্ত ভাগুর চোখ দু'টি তুলিয়া তাহার মুখের দিকে চাহিয়া আছে; সেই যে কাল সন্ধ্যার প্রণবের আস্থানে ছাদের উপরে যেমন তাহার পানে চাহিয়াছিল—তেমনি অপরূপ স্নিগ্ধ চাহনিতে...নির্বাচ মিনতির দৃষ্টিতে সেও যেন তাহার উত্তরের অপেক্ষা করিতেছে।...

সে বলিল, চল ভাই, যা করতে বলবে, আমি ভাই করব, এসো।

নিচে কোথাও কোন শব্দ নাই, উৎসব-কোলাহল ধামিরা গিয়াছে, বরপক্ষ এ বাড়ি হইতে সন্দলবলে উঠিয়া গিয়া ইহাদের শরিক রামদুর্গভ বাঁড়ুথোর চণ্ডীমণ্ডপে আশ্রয় লইয়াছেন,

এ-বাড়ির ঘরে-ঘরে খিল বন্ধ। কেবল নাটমন্দিরে উত্তর বারান্দার স্থানে স্থানে ছুঁচারজন জটলা করিয়া কি বলাবলি করিতেছে, আশ্চর্য এই যে, সম্প্রদান-সভায় পুরোহিত মহাশয় এত গোলমালের মধ্যেও ঠিক নিজের কুশাসনধানির উপর বসিয়া আছেন, তিনি নাকি সেই সন্ধ্যার সময় আসনে বসিয়াছেন আর উঠেন নাই।

সকলে মিলিয়া লইয়া গিয়া অপুকে বরাসনে বসাইয়া দিল।

এসব ঘটনাগুলি পরবর্তী জীবনে অপু তত মনে ছিল না, বাংলা খবরের কাগজের ছবির মত অস্পষ্ট ধোঁয়া ধোঁয়া ঠেকিত। তাহার মন তখন এত দিশাহারা ও অপ্রকৃতিস্থ অবস্থায় ছিল, চারিধারে কি হইতেছে, তাহার আদৌ লক্ষ্য ছিল না।

আবার দু-একটা যাহা লক্ষ্য করিতেছিল, যতই তুচ্ছ হোক গভীরভাবে মনে আঁকিয়া গিয়াছিল, যেমন—সামিয়ানার কোণের দিকে কে একজন ডাব কাটিতেছিল, ডাবটা গোল ও ঝাঙা, কাটারির বাটটা বাঁশের—অনেকদিন পর্যন্ত মনে ছিল।

রেশমী-চেলী-পরা সালঙ্কারা কত্নাকে সভায় আনা হইল, বাড়ির মধ্যে হঠাৎ শাঁখ বাজিয়া উঠিল, উলুধ্বনি শোনা গেল, লোকে ভিড় করিয়া সম্প্রদান-সভার চারিদিকে গোল হইয়া দাঁড়াইল। পুরোহিতের কথায় অপু চেলী পরিল, নূতন উপবীত ধারণ করিল, কলের পুতুলের মত মন্ত্রপাঠ করিয়া গেল। স্ত্রী-আচারের সময় আসিল, তখনও সে অস্থমনস্ক, নববধূর মত সে-ও ষাড় গুঁজিয়া আছে, যে ব্যাপারটা ঘটতেছে চারিধারে তখনও যেন সে সম্যক ধারণা করিতে পারে নাই—কানের পাশ দিয়া কি একটা যেন শিব্ শিব্ করিয়া উপরের দিকে উঠিতেছে—না—ঠিক উপরের দিকে নয়, যেন নিচের দিকে নামিতেছে।

প্রণবের বড় মামীমা কাঁদিতেছিলেন তাহা মনে আছে, তিনিই আবার গরদের শাড়ীর আঁচল দিয়া তাহার মুখের ঘাম মুছাইয়া দিলেন, তাহাও মনে ছিল। কে একজন মহিলা বলিলেন—মেয়ের শিবপূজোর জোর ছিল বড়বোঁ, তাই এমন বর মিললো। ভাঙা দালান যে রূপে আলো করেছে।

শুভদৃষ্টির সময় সে এক অপূর্ব ব্যাপার! মেয়েটি লজ্জায় ডাগর চোখ দু'টি নত করিয়া আছে, অপু কোঁতুহলের সহিত চাহিয়া দেখিল, ভাল করিয়াই দেখিল, যতক্ষণ কাপড়ের ঢাকাটা ছিল, ততক্ষণ সে মেয়েটির মুখ ছাড়া অস্থদিকে চাহে নাই—বিবৃকের গঠন-ভঙ্গিটি এক চমক দেখিয়াই স্মৃশাম ও স্তম্ভর মনে হইল। প্রতিমার মত রূপই বটে, চূর্ণ অলকের দু-এক গাছা কানের আশে-পাশে পড়িয়াছে, হিজুল রঙের ললাটে ও কপোলে বিন্দু বিন্দু ঘাম। কানে সোনার ছলে আলো পড়িয়া জলিতেছে। •

বাসর হইল খুব অল্পক্ষণ, রাত্রি অল্পই ছিল। মেয়েদের ভিড়ে বাসর ভাঙিয়া পড়িবার উপক্রম হইল। ইহাদের মধ্যে অনেকেই বিবাহ ভাঙিয়া বাইতে নিজের নিজের বাড়ি চলিয়া গিয়াছিলেন, কোথা হইতে একজনকে ধরিয় আনিয়া অপর্ণার বিবাহ দেওয়া হইতেছে শুনিয়া তাঁহারা পুনরায় ব্যাপারটা দেখিতে আসিলেন। একরায়ে এক মজা এ অকালের অধিবাসীর

ভাগ্যে কখনও জ্বোটে নাই—কিন্তু পথ-হইতে-ধরিয়া-আনিয়া বরকে দেখিয়া সকলে একবাক্যে স্বীকার করিলেন—এইবার অপর্ণার উপযুক্ত বর হইয়াছে বটে।

প্রণবের বড় মামীমা তেজস্বিনী মহিলা, তিনি ঝাঁকিয়া না বসিলে বোধ হয় ওই বায়ুরোগগ্রস্ত পাত্রটির সহিতই আজ তাঁহার মেয়ের বিবাহ হইয়া যাইত নিশ্চয়ই। এমন কি তাঁহার এমন রাশ-ভারী স্বামী শশীনারায়ণ ঝাড়ুয্যে যখন নিজের বন্ধ-দরজার কাছে দাঁড়াইয়া বলিয়াছিলেন—বড়বোঁ, কি কর পাগলের মত, দোর খোলো, আমার মুখ রাখো—ছিঃ—তখনও তিনি অচল ছিলেন। তিনি বলিলেন—মা, যখনই একে পুলুর সঙ্গে দেখেছি, তখনই আমার মন যেন বলছে এ আমার আপনার লোক—ছেলে তো আরও অনেক পুলুর সঙ্গে এসেছে গিয়েছে কিন্তু এত মায়ী কারোর উপর হয়নি কখনও—ভেবে ছাখো মা, এ মুখ আর লোকালয়ে দেখাবো না ভেবেছিলাম—ও ছেলে যদি আজ পুলুর সঙ্গে এ বাড়ি না আসতো—

পূর্বের সেই প্রোঁটা বাধা দিয়া বলিলেন—তা কি ক'রে হবে মা, ওই যে তোমার অপর্ণার স্বামী, তুমি আমি কেনারাম মুখুয়ার ছেলের সঙ্গে ওর সম্বন্ধ ঠিক করতে গেলে কি হবে, ভগবান যে ওদের দুজনের জন্তে দুজনকে গড়েছেন, ও ছেলেকে যে আজ এখানে আসতেই হবে মা—

প্রণবের মামীমা বলিলেন—আবার যে এমন ক'রে কথা বলব তা আজ হু'ঘণ্টা আগেও ভাবিনি—এখন আপনারা পাঁচজনে আশীর্বাদ করুন, যাতে—যাতে—

চোখের জলে তাঁহার গলা আড়ষ্ট হইয়া গেল। উপস্থিত কাহারো চোখ শুক ছিল না, অপুও অতি কষ্টে উগ্গত অশ্রুজল চাপিয়া বসিয়া রহিল। প্রণবের মামীমার উপর শ্রদ্ধা ও ভক্তিতে তাহার মন...মায়ের পরই বোধ হয় এমন আর কাহারও উপর...কেবল আর একজন আছেন—মেজবোঁরাণী—নীলার মা।

তা ছাড়া মায়ের উপর তাহার মনোভাব, শ্রদ্ধা বা ভক্তির ভাব নয়, তাহা আরও অনেক ঘনিষ্ঠ, অনেক গভীর, অনেক আপন—বক্তিশ নাড়ীর বাঁধনের সঙ্গে সেখানে যেন যোগ—সে-সব কথা বুঝাইয়া বলা যায় না...যাক্ সে কথা।

বিশ্বাসঘাতক প্রণব কোথা হইতে আসিয়া সকলকে জানাইয়া দিল যে, নূতন জামাই খুব ভাল গাহিতে পারে। অপর্ণার মা তখনই বাসর হইতে চলিয়া গেলেন; বালিকা ও ভরুণীয় মল একে চায় তো আরো পায়, এদিকে অপু ঘামিয়া রাঙা হইয়া উঠিয়াছে। না সে পারে ভালো করিয়া কাহারো দিকে চাহিতে, না মুখ দিয়া বাহির হয় না কোন কথা। নিভাস্ত পীড়াপীড়িতে একটা রবিবাবুর গান গাহিল, তারপর আর কেহ ছাড়িতে চায় না—সুতরাং আর একটা। মেরেরাও গাহিলেন, একটি বধূ-কণ্ঠস্বর ভারী সুমিষ্ট। প্রোঁটা ঠান্দি নববধূর গা ঠেলিয়া দিয়া বলিলেন—ওরে ও না ত্‌নি, তোর বর ভেবেছে ও বাঙাল দেশে এসে নিজেই গান গেরে আসর মাতিয়ে দেবে—সুনিয়ে দে না তোর গলা—জারিছুর একবার দে না ভেডে—

অপু মনে মনে ভাবে—কার বর ? ..সে আবার কার বর ?...এই স্বসজ্জিতা সন্দরী নতমুখী মেয়েটি তাহার পাশে বসিয়া, এ তার কে বর ?...স্বী...তাহারই স্বী ?

পরদিন সকালে পূর্বতন বরণপঙ্কের সহিত তুমুল কাণ্ড বাধিল। উভয় পক্ষে বিস্তর ভর্ক, ঝগড়া, শাপাশাপি, মামলার ভয় প্রদর্শনের পর কেনারাম মুখ্যে দলবলসহ নৌকা করিয়া স্বগ্রামের দিকে যাত্রা করিলেন। প্রণব বড়মামাকে বলিল—ওসব বড় লোকের মুখা জড়-ভরত ছেলের চেয়ে আমি যে পূর্বকে কত বড় মনে করি!.. একা কলকাতা শহরে সহায়হীন অবস্থায় ওকে যা দুঃখের সঙ্গে লড়াই করতে দেখেছি আজ তিন বছর ধরে, ওকে একটা সত্যিকারের মানুষ বলে ভাবি।

অপুর ঘর-বাড়ি নাই, ফুলশয্যা এখানেই হইল। রাত্রে অপু ঘরে ঢুকিয়া দেখিল, ঘরের চারিদিক ফুল ও ফুলের মালায় সাজানো, পালঙ্কের উপর বিছানায় মেয়েরা একরাশ বৈশাখী চাঁপাফুল ছড়াইয়া রাখিয়াছে, ঘরের বাতাসে পুষ্পসারের মূহু সৌরভ। অপু সাগ্রহে নববধূর আগমন প্রতীক্ষা করিতেছিল। বাসরের রাত্রে পর আর মেয়েটির সহিত দেখা হয় নাই বা এ পর্যন্ত তাহার সঙ্গে কথাবার্তা হয় নাই আদৌ—আচ্ছা ব্যাপারটা কি রকম ঘটবে? অপু বুক কৌতূহলে ও আগ্রহে চিপ্ চিপ্ করিতেছিল।

ধানিক রাত্রে নববধূ ঘরে ঢুকিল। সঙ্গে সঙ্গে অপু মনে আর একদফা একটা অবাস্তবতার ভাব জাগিয়া উঠিল। এ মেয়েটি তাহারই স্ত্রী? স্ত্রী বলিতে যাহা বোঝায় অপু ধারণা ছিল তা যেন এ নয়... কিংবা হয়ত স্ত্রী বলিতে ইহাই বোঝায়, তাহার ধারণা ভুল ছিল। মেয়েটি দোরের কাছে ন ঘষো ন তর্সো অবস্থায় দাঁড়াইয়া ঘামিতেছিল—অপু অতিকষ্টে সন্কোচ কাটাইয়া মূহুস্বরে বলিল—আপনি—তু—তুমি দাঁড়িয়ে কেন? এখানে এসে বস—

বাহিরে বহু বালিকাকণ্ঠের একটা সন্মিলিত কলহাস্রধ্বনি উঠিল। মেয়েটিও মূহু হাসিয়া পালঙ্কের একধারে বসিল—লজ্জায় অপু নিকট হইতে দূরে বসিল। এই সময় প্রণবের ছোট মামীমা আসিয়া বালিকার দলকে বকিয়া-বকিয়া নিচে নামাইয়া লইয়া যাইতে অপু ধানিকটা স্বস্তি বোধ করিল। মেয়েটির দিকে চাহিয়া বলিল—তোমার নাম কি?

মেয়েটি মূহুস্বরে নতমুখে বলিল—শ্রীমতী অপর্ণা দেবী—সঙ্গে সঙ্গে সে অল্প একটু হাসিল। যেমন সুন্দর মুখ তেমনি সুন্দর মুখের হাসিটা—কি রং!... কি গ্রীবার ভঙ্গি! চিবুকের গঠনটি কি অপক্লপ—মুখের দিকে চাহিয়া উজ্জ্বল বাণ্ডির আশোয় অপু যেন কিলের নেশা লাগিয়া গেল।

দু'জনেই ধানিকক্লপ চূপ। অপু গলা শুকাইয়া আসিয়াছিল। কুঁজা হইতে জল ঢালিয়া এক গ্লাস জলই সে পাইয়া কেলিল। কি কথা বলিবে সে খুঁজিয়া পাইতেছিল না, ভাবিয়া ভাবিয়া অবশেষে বলিল—আচ্ছা, আমার সঙ্গে বিয়ে হওয়ার্তে তোমার মনে খুব কষ্ট হয়েছে—না?

বধূ মূহু হাসিল।

—বুঝতে পেরেছি ভাবী কষ্ট হয়েছে—তা আমার—

—যান্—

এই প্রথম কথা, তাহাকে এই প্রথম সঘোষন। অপু সারাদেহে যেন বিদ্যুৎ খেলিয়া

গেল, অনেক মেয়ে তো ইতিপূর্বে তাহার সঙ্গে কথা বলিরাছে, এ রকম তো কখনও হয় নাই ?...

দক্ষিণের জানালা দিয়া মিঠা হাওয়া বহিতেছিল, চাঁপাফুলের সুগন্ধে ঘরের বাতাস ভরপুর।

অপু বলিল—রাত ছুটে বাজে, শোবে না ? ইয়ে—এখানেই তো শোবে ?

মা ও দিদির সঙ্গে ভিন্ন কখনও অল্প কোনও মেয়ের সঙ্গে এক বিছানায় সে শোয় নাই, একা একঘরে এতবড় অনাস্থীয়, নিঃসম্পর্কীয় মেয়ের পাশে এক বিছানায় শোওয়া—সেটা কি ভাল দেখাইবে ? কেমন যেন বাধ বাধ ঠেকিতেছিল। একবার তাহার হাতখানা মেয়েটির গায়ে অসাবধানতাবশত ঠেকিয়া গেল—সঙ্গে সঙ্গে সারা গা শিহরিয়া উঠিল। কৌতূহলে ও ব্যাপারের অভিনবতায় তাহার শরীরের রক্ত যেন টগ্‌বগ্‌ করিয়া ফুটিতেছিল—ঘরের উজ্জ্বল আলোর অপূর সুন্দর মুখ রাঙা ও একটা অস্বাভাবিক দীপ্তিসম্পন্ন দেখাইতেছিল।

হঠাৎ সে কিসের টানে পাশ ফিরিয়া মেয়েটির গায়ে ভরে ভরে হাত তুলিয়া দিল। বলিল—সেদিন যখন আমার সঙ্গে প্রথম দেখা হ'ল, তুমি কি ভেবেছিলে ?

মেয়েটি মুহূ হাসিয়া তাহার হাতখানা আন্তে আন্তে সরাইয়া দিয়া বলিল—আপনি কি ভেবেছিলেন আগে বলুন ?...সঙ্গে সঙ্গে সে নিজের স্মৃতিম, পুষ্পপেলব হাতখানি বাতির আলোর তুলিয়া ধরিয়া হাসিমুখে বলিল—গায়ে কাঁটা দিয়ে উঠেছে—এই দেখুন কাঁটা দিয়েছে—কেন বলুন না ?...কথা শেষ করিয়া সে আবার মুহূ হাসিল।

এতগুলি কথা একসঙ্গে এই প্রথম ? কি অপূর্ব রোমান্স এ ! ইহার অপেক্ষা কোন রোমান্স আছে আর এ জগতে, না চিনিয়া, না বুঝিয়া সে এতদিন কি হিজিবিজি ভাবিয়া বেড়াইয়াছে !...জীবনের জগতের সঙ্গে এ কি অপূর্ব ঘনিষ্ঠ পরিচয় !...তাহার মাথার মধ্যে কেমন যেন করিতেছে, মদ খাইলে বোধ হয় এরকম নেশা হয়...ঘরের মধ্যে যেন আর থাকা যায় না...বেজায় গরম। সে বলিল—একটু বাইরের ছাদে বেড়িয়ে আসি, খুব গরম না ? আসছি এখনি—

বৈশাখের জ্যোৎস্না রাত্রি—রাত্রি বেশী হইলেও বাড়ির লোক এখনও ঘুমায় নাই, বৌভাত কাল এখানে হইবে, নিচে তাহারই উত্তোগ-আয়োজন চলিতেছে। দালানের পাশে বড় রোয়াকে ঝিয়েরা কচুর শাক কুটিতেছে, রান্না-কোঠার পিছনে নতুন খড়ের চালা বাঁধা হইয়াছে সেখানে এত রাত্রে পানতুরা ভিড়ান হইতেছে—সে ছাদের আলিসার ধারে দাঁড়াইয়া দেখিল।

ছাদে কেহ নাই, দূরের নদীর দিক হইতে একটা ঝিরঝিরে হাওয়া বহিতেছে। হুঁদিন যে কি ঘটিয়াছে তাহা যেন সে ভাল করিয়া বুঝিতেই পারে নাই—আজ বুঝিয়াছে। কয়েকদিন পূর্বেও সে ছিল সহায়শূন্য, বন্ধুশূন্য, গৃহশূন্য, আত্মীয়শূন্য জগতে সম্পূর্ণ একাকী, মুখের দিকে চাহিবার ছিল না কেহই। কিন্তু আজ তো তাহা নয়, আজ ওই মেয়েটি যে কোথা হইতে আসিয়া পাশে দাঁড়াইয়াছে, মনে হইতেছে যেন ও জীবনের পরম বন্ধু।

মা এ-সময় কোথায় ?...মায়ের যে বড় সাধ ছিল মনন্যাপোতার বাড়িতে শুইয়া শুইয়া কত

রাত্রে সে-সব কত সাধ, কত আশার গল্প...মায়ের সোনার দেহ কোদলার্জীরের ঝশানে চিতা-
গ্নিতে পুড়িবার রাত্রি হইতে সে আশা-আকাঙ্ক্ষার তো সমাধি হইয়াছিল...মাকে বাদ দিয়া
জীবনের কোন্ উৎসব...

অপু আকুল চোখের জলে চারিদিকে ঝাপসা হইয়া আসিল।

বৈশাখী শুক্লা দ্বাদশী রাত্রির জ্যোৎস্না যেন তাহার পরলোকগত দুঃখিনী মায়ের আশীর্বাদের
মত তাহার বিলাস কদমকে স্পর্শ করিয়া সরল শুভ্র মহিমায় স্বর্গ হইতে ঝরিয়া পড়িতেছে।

ছাদশ পরিচ্ছেদ

কলিকাতার কস্ম'কঠোর, কোলাহলমুখর, বাস্তব জগতে প্রত্যাবর্তন করিয়া গত কয়েকদিনের জীবনকে নিতান্ত স্বপ্ন বলিয়া মনে হইল অপদূর। একথা কি সত্য—গত শতাব্দীর বৈশাখী পূর্ণিমা'র শেষরাতে সে অনেক দূরের নদী-তীরবর্তী এক অজানা গ্রামের অজানা গৃহস্থবাটির রূপসী মেয়েকে বলিয়াছিল—আমি এ বছর যদি আর না আসি অপর্ণা?...

প্রথমবার মেয়েটি একটু হাসিয়া মৃদু নিচু করিয়াছিল, কথা বলে নাই।

অপদূ আবার বলিয়াছিল—চূপ ক'রে থাকলে হবে না, তুমি যদি বলো আসব, নৈলে আসব না, সত্যি অপর্ণা। বলো কি বলবে?

মেয়েটি লজ্জারক্তমুখে বলিয়াছিল—বা রে, আমি কে? মা রয়েছে, বাবা রয়েছে, ও'দের—আপনি ভারী—

—বেশ আসব না তবে। তোমার নিজের ইচ্ছে না থাকে—

—আমি কি সে কথা বলিছি?

—তা হলে?

—আপনার ইচ্ছে যদি হয় আসতে, আসবেন—না হয় আসবেন না, আমার কথায় কি হবে?

ও-কথা ইহার বেশী আর অগ্রসর হয় নাই, অন্য সম্মুখ এ ক্ষেত্রে হয়ত অপদূর অত্যন্ত অভিমান হইত, কিন্তু এ ক্ষেত্রে কৌতূহলটাই তাহার মনের অন্য সব প্রবৃত্তিকে ছাপাইয়া উঠিয়াছে—ভালবাসার চোখে মেয়েটিকে সে এখনও দেখিতে পারে নাই, যেখানে ভালবাসা নাই, সেখানে অভিমানও নাই।

সেদিন বৈকালে গোলদীঘর মোড়ে একজন ফেরিওয়ালার চাঁপাফুল বোচির্তোছিল, সে আগ্রহের সহিত গিয়া ফুল কিনিল। ফুলটা আঘ্রাণের সঙ্গে সঙ্গে কিন্তু মনের মধ্যে একটা বেদনা সে সম্পূর্ণ অনভব করিল, একটা কিছূ পাইয়া হারাইবার বেদনা, একটা শূন্যতা, একটা খালি-খালি ভাব...মেয়েটির মাথায় চুলের সে গন্ধটাও যেন আবার পাওয়া যায়।...

অন্যমনস্কভাবে গোলদীঘর এক কোণে ঘাসের উপর অনেকক্ষণ একা বসিয়া বসিয়া সেদিনের সেই রাতটি আবার সে মনে আনিবার চেষ্টা করিল। মেয়েটির মৃদুখানি কি রকম যেন?...ভারী সুন্দর মৃদু...কিন্তু এই কয়দিনের মধ্যেই সব যেন মূছিয়া অস্পষ্ট হইয়া গিয়াছে—মেয়েটির মৃদু মনে আনিবার ও ধরিয়া রাখিবার যত বেশী চেষ্টা করিতেছে সে, ততই সে-মৃদু দ্রুত অস্পষ্ট হইয়া যাইতেছে। শূদ্র নতপল্লব কৃষ্ণতার-চোখ-দু'টির ভাঁঙ্গ অল্প অল্প মনে আসে, আর মনে আসে সম্পূর্ণ নতুন ধরণের সে স্নিগ্ধ হাসিটুকু। প্রথমে ললাটে লজ্জা ঘনাইয়া আসে, ললাট হইতে নামে ডাগর দু'টি চোখে, পরে কপোলে—তারপরই যেন সারা মৃদুখানি অল্পক্ষণের জন্য অস্বকার হইয়া আসে...ভারী সুন্দর দেখায় সে সময়। তার-পরই আসে সেই অপূর্ণ সুন্দর হাসিটি, ওরকম হাসি-আর কারও মৃদু অল্প কখনও দেখে নাই। কিন্তু মৃদুখের সব আদলটা তো মনে আসে না—সেটা মনে আনিবার জন্য সে ঘাসের উপর শূদ্রীয়া অনেকক্ষণ ভাবিল, অনেকক্ষণ প্রাণপণে চেষ্টা করিয়া দেখিল—না কিছূতেই মনে আসে না—কিংবা হয়ত আসে আঁত অল্পক্ষণের জন্য, আবার তখনই অস্পষ্ট হইয়া যায়। অপর্ণা—কেমন নামটি...?

জ্যেষ্ঠ মাসের মাঝামাঝি প্রণব কলিকাতায় আসিল। বিবাহের পর এই তাহার সঙ্গে প্রথম দেখা। সে আসিয়া গল্প করিল, অপর্ণার মা বলিয়াছেন—তাহার কোন পুণ্যে এরকম তরুণ দেবতার মত রূপবান জামাই পাইয়াছেন জানেন না—তাহার কেহ কোথাও নাই শুনিয়া চোখের জল রাখিতে পারেন নাই।

অপদু খুশী হইল, হাসিয়া বলিল—তবুও তো একটা ভাল জামা গায়ে দিতে পারলাম না, সাদা পাঞ্জাবী গায়ে বিয়ে হ'ল—দূর!...না খেয়ে-দেয়ে একটা সিন্ধের জামা করালুম, সৈটা গেল ছিঁড়ে-ছুটে, তখন তুমি এলে তোমার মামার বাড়িতে নিয়ে যেতে, তার আগে আসতে পারলে না—আচ্ছা, সিন্ধের জামাটাতে আমায় কেমন দেখাতো ?

—ওঃ—স্বাস্থ্যে গ্যাপোলো বেলভেডিয়ার!...ঢের ঢের হামবাগ দেখেছি, কিন্তু তোর জুড়ি খুঁজে পাওয়া ভার—বুঝালি ?

না—কিন্তু একটা কথা। অপর্ণার মা কি বলেন তাহা জানিতে অপদুর তত কৌতুহল নাই—অপর্ণা কি বলিয়াছে?—অপর্ণা?...অপর্ণা কিছুর বলে নাই?...হয়ত কেনারাম মদুখুয়ের ছেলের সঙ্গে বিবাহ না হওয়াতে মনে মনে দুঃখিত হইয়াছে—না ?

প্রণবের মামা এ বিবাহে তত সন্তুষ্ট হন নাই, স্ত্রীর উপরে মনে মনে চটিয়াছেন এবং তাহার মনের ধারণা—প্রণবই তাহার মামীমার সঙ্গে ষড়যন্ত্র করিয়া নিজের বন্ধুর সঙ্গে বোনের বিবাহ দেওয়াইয়াছে। নাম নাই, বংশ নাই, চালচুলা নাই—চেহারা লইয়া কি মানদুখু ধুইয়া খাইবে...কিন্তু এসব কথা প্রণব অপদুরকে কিছুর বলিল না।

একটা কথা শুনিয়া সে দুঃখিত হইল।—কেনারাম মদুখুয়ের ছেলোট নিজে দেখিয়া মেয়ে পছন্দ করিয়াছিল। অপর্ণাকে বিবাহ করার অত্যন্ত আগ্রহ ছিল তাহার—কিন্তু হঠাৎ বিবাহ-সভায় আসিয়া কি যেন গোলমাল হইয়া গেল, সারারাত্রি কোথা দিয়া কাটিল, সকালবেলা যখন একটু হুঁশ হইল, তখন সে দাদাকে জিজ্ঞাসা করিয়াছিল—দাদা, আমার বিয়ে হ'ল না ?

এখনও তাহার অবশ্য ঘোর কাটে নাই...বাড়ি ফিরবার পথেও তাহার মুখে ওই কথা—এখন নাকি সে বৃন্দ উন্মাদ! ঘরে তালা দিয়ে রাখা হইয়াছে।

অপদু বলিল—হাসিস কেন, হাসবার কি আছে?...পাগল তো নিজের ইচ্ছেয় হয় নি, সে বেচারির আর দোষ কি ? ও নিয়ে হাসি ভাল লাগে না।

রাত্রে বিছানায় শুইয়া ঘুম হয় না—কেবলই অপর্ণার কথা মনে আসে। প্রণব এ কি করিয়া দিল তাহাকে ? সে যে বেশ ছিল, এ কোন সোনার শিকল তাহার মস্ত, বন্ধনহীন হাতে-পায়ে অদৃশ্য নাগপাশের মত দিন দিন জড়াইয়া পড়িতেছে ? লাইব্রেরীতে বসিয়া কেবল আজগাল বাংলা উপন্যাস পড়ে—দেখিল তাহার মত বিবাহ নভেলে অনেক ঘটয়াছে, অভাব নাই।

পূজার সময় শব্দুরবাড়ি যাওয়া ঘটিল না। এক তো অর্থাভাবে সে নিজের ভাল জামা-কাপড় কিনিতে পারিল না, শব্দুরবাড়ি হইতে পূজার তত্ত্বে যাহা পাওয়া গেল, তাহা পরিয়া সেখানে যাইতে তাহার ভারী বাধবাধ ঠেকিল। তাহা ছাড়া অপর্ণার মা চিঠির উপর চিঠি দিলে কি হইবে, তাহার বাবার দিক হইতে জামাইকে পূজার সময় লইয়া যাইবার বিশেষ কোন আগ্রহ দেখা গেল না বরং তাহার নিকট হইতে উপদেশপূর্ণ পত্র পাওয়াগেল যে, একটা ভাল চাকুরি বাকুরি যেন সে শীঘ্র দেখিয়া লয়, এখন অল্প বয়স, এই তো অর্থ উপার্জনের সময়, এখন আলস্য ও ব্যসনে কাটাইলে, এমনি ধরণের নানা কথা। এখানে বলা আবশ্যিক, এ বিবাহে তিনি অপদুরকে একেবারেই ফাঁকি দিয়াছিলেন, কেনারাম মদুখুয়ের ছেলেকে যাহা দিবার কথা ছিল তাহার সিকিও এ জামাইকে দেন নাই।

ছুটি পাওয়া গেল পদনরায় বৈশাখ মাসে। পদুর্বাধিন রাত্রে তাহার কিছুরেই ঘুম আসে না, কি রকম চুল ছাটা হইয়াছে, আলনায় দশবার দেখিল। ওই সাদা পাঞ্জাবীতে তাহাকে ভাল মানায়—না, এই তসরের কোটটাতে ?

অপর্ণার মা তাহাকে পাইয়া হাতে যেন আকাশের চাঁদ পাইলেন। সেদিনটা খুব বৃষ্টি,

অপু নৌকা হইতে নামিয়া বাড়ির বাহিরের উঠানে পা দিতেই, কে পুজোর দালানে বসিয়াছিল, ছুটিয়া গিয়া বাড়ির মধ্যে খবর দিল। এক মন্থহস্তে বাড়ির উপরের নিচের সব জানালা খুলিয়া গেল, বাড়িতে ঝংঝংয়ের সংখ্যা নাই, সকলে জানালা হইতে মন্থ বাড়াইয়া দেখিতে লাগিলেন—মন্থলধারায় বৃষ্টিপাত অগ্রাহ্য করিয়া অপর্ণার মা উঠানে তাহাকে আঁগু বাড়াইয়া লইতে ছুটিয়া আসিলেন, সারা বাড়িতে একটা আনন্দের সাড়া পড়িয়া গেল।

ফুলশয্যার সেই ঘরে, সেই পালকেই রাত্রে শনুইয়া সে অপর্ণার প্রতীক্ষায় রহিল।

এক বৎসরে অপর্ণার এ কি পরিবর্তন! তখন ছিল বালিকা—এখন ইহাকে দেখিলে যেন আর চেনা যায় না!...নীলার মত চোখ-ঝলসানো সৌন্দর্য্য ইহার নাই বটে, কিন্তু অপর্ণার যাহা আছে, তাহা উহাদের কাহারও নাই। অপূর মনে হইল দু-একখানা প্রাচীন পটে আঁকা তরুণী দেবীমূর্ত্তির, কি দশমহাবিদ্যার ষোড়শী মূর্ত্তির মন্থে এ-ধরণের অনন্দপম, মহিমাময় স্নিগ্ধ সৌন্দর্য্য সে দেখিয়াছে। একটু সেকেলে, একটু প্রাচীন ধরণের সৌন্দর্য্য...সুতরাং দুঃপ্রাপ্য। যেন মনে হয় এ খাঁটি বাংলার জিনিস, দুই পল্লীপ্রান্তরের নদীতীরের সকল শ্যামলতা, সকল সরসতা, পথপ্রান্তে বনফুলের সকল সরলতা ছানিয়া এ মন্থ গড়া, শতাব্দীর পর শতাব্দী ধরিয়া বাংলার পল্লীর চূত-বকুল-বীথির ছায়ায় ছায়ায় কত অপরাহ্নে, নদীঘাটের যাওয়া আসার পথে এই উজ্জ্বলশ্যামবর্ণা, রূপসী তরুণী বধুদের লক্ষ্মীর মত আলতা-রাঙা পর্দাচ্ছ কতবার পড়িয়াছে, মূর্ছিয়াছে, আবার পড়িয়াছে...ইহাদেরই স্নেহ-প্রেমের, দুঃখ-সুখের কাহিনী, বেহুলা লিখন্দরের গানে, ফুল্লরার বারোমাস্যায়, সুবচনীর ব্রতকথায়, বাংলার বৈষ্ণব-কবিদের রাধিকার রূপ-বর্ণনায়, পাড়াগাঁয়ের ছড়ায়, উপকথায় সুয়োরাণী দুয়োরাণীর গণেশ!

অপু বলিল—তোমার সঙ্গে কিন্তু আড়ি, সারা বছরে একখানা চিঠি দিলে না কেন?—

অপর্ণা সলজ্জ মৃদু একটু হাসিয়া চূপ করিয়া রহিল। তারপর একবার ডাগর চোখদুটি তুলিয়া স্বামীর দিকে চাহিয়া-চাহিয়া দেখিল। খুব মৃদুস্বরে মন্থে হাসি টিপিয়া বলিল—আর আমার বৃষ্টি রাগ হতে নেই?...

অপু দেখিল—এতদিন কলিকাতায় সে জারুল কাঠের তক্তপোশে শনুইয়া অপর্ণার যে মন্থ ভাবিত—আসল মন্থ একেবারেই তাহা নহে—ঠিক এই অনন্দপম মন্থই সে দেখিয়াছিল বটে ফুলশয্যার রাত্রে, এমন ভুলও হয়!

—পুজোর সময় আসি নি তাই—তুমি ভাবতে কিনা?—ও-সব মন্থের কথা, ছাই ভাবতে!...

—না গো না, মা বললেন, তুমি আসবে ষষ্ঠীর দিন, ষষ্ঠী গেল, পুজো গেল, তখনও মা বললেন তুমি একাদশীর পর আসবে—আমি—

অপর্ণা হঠাৎ থামিয়া গেল, অস্প একটু চাহিয়া চোখ নিচু করিল।

অপু আগ্রহের সুরে বলিল—তুমি কি, বললে না?

অপর্ণা বলিল—আমি জানি নে, বলব না—

অপু বলিল—আমি জানি আমার সঙ্গে বিয়ে হওয়াতে তুমি মনে মনে—

অপর্ণা স্নেহপূর্ণ তিরস্কারের সুরে ঘাড় বাঁকাইয়া বলিল—আবার ওই কথা?...ও-সব কথা বলতে আছে?—ছিঃ—বলো না—

—তা কৈ, তুমি খুশী হয়েছ, একথা তো তোমার মন্থে শুনি নি অপর্ণা—

অপর্ণা হাসিমুখে বলিল—তারপর কতদিন তোমার সঙ্গে আমার দেখা হয়েছে গো শুনি—সেই আর-বছর বোশেখ আর এ বোশেখ—

—আচ্ছা বেশ, এখন তো দেখা হ'ল, এখন আমার কথার উত্তর দাও।

অপর্ণা কি-একটা হঠাৎ মনে পড়িবার ভঙ্গিতে তাহার দিকে চাহিয়া আগ্রহের সুরে বলিল—
—তুমি নাকি যুদ্ধে যাইছিলে, পদ্মদ্বাদা বলছিল, সত্যি?—

—যাই নি, এবার ভাবিছ যাবো—এখান থেকে গিয়েই যাবো—

অপর্ণা ফিক্ করিয়া হাসিয়া বলিল—আচ্ছা থাক্ গো, আর রাগ করতে হবে না, আচ্ছা তোমার কথার কি উত্তর দেব বলো তো?—ওসব আমি মূখে বলতে পারব না—

—আচ্ছা, যুদ্ধ কাদের মধ্যে বেধেছে, জানো?—

—ইংরেজদের সঙ্গে আর জার্মানির সঙ্গে—আমাদের বাড়িতে বাংলা কাগজ আসে। আমি পড়ি যে।

অপর্ণা রূপার ডিবাতে পান আনিয়াছিল, খুলিয়া বলিল—পান খাবে না?—

বাহিরে এক পশলা বৃষ্টি হইয়া গেল। এতটুকু গরম নাই, ঠান্ডা রাতটির ভিজা মাটির সঙ্গশে বিবুবিবিরে দক্ষিণ হাওয়া ভরপূর, একটু পরে সন্দের জ্যোৎস্না উঠিল।

অপ্ বলিল—আচ্ছা অপর্ণা, চাঁপাফুল পাওয়া যায় তো কাউকে কাল বলো না, বিছানায় রেখে দেবে? আছে চাঁপাগাছ কোথাও?

—আমাদের বাগানেই আছে। আমি একথা কাউকে বলতে পারব না কিন্তু—তুমি বলো কাল সকালে ওই নৃপেনকে, কি অনাদিকে...কি আমার ছোট বোনকে বলো—

—আচ্ছা কেন বল তো চাঁপাফুলের কথা তুললাম?

অপর্ণা সলজ্জ হাসিল। অপ্‌র বিবুবিবিরে দেরি হইল না যে, অপর্ণা তাহার মনের কথা ঠিক ধরিয়াকে। তাহার হাসিবার ভঙ্গিতে অপ্ একথা বুঝিল। বেশ বুদ্ধিমতী তো অপর্ণা!—

সে বলিল—হ্যাঁ একটা কথা অপর্ণা, তোমাকে একবার কিন্তু নিয়ে যাব দেশে, যাবে তো?

অপর্ণা বলিল—মাকে বলো, আমার কথায় তো হবে না—

—তুমি রাজী কি না বলো আগে—সেখানে কিন্তু কষ্ট হবে। অপ্ একবার ভাবিল—সত্য কথাটা খুলিয়া বলে। কিন্তু সেই পুরাতন গম্ব' ও বাহাদুরির ঝোক!—বলিল—অবিশ্য একদিন আমাদেরও সবই ছিল। যেখানে থাকতুম—আমার পৈতৃক দেশ—এখন তো দোতলা মস্ত বাড়ি—মানে সবই—তবে শরিকানী মামলা আর মানে ম্যালেরিয়ায়—বুঝলে না? এখন যেখানে থাকি, সেখানে দু'খানা চালাঘর, তাও মা মারা যাওয়ার পর আর সেখানে যাই নি, তোমাদের মত বি-চাকর নেই, নিজের হাতে সব করতে হবে—তা আগে থেকেই ব'লে রাখি। তুমি হলে জমিদারের মেয়ে—

অপর্ণা কৌতুকের সুরে বলিল—আছিই তো জমিদারের মেয়ে। হিংসে হচ্ছে বুঝি? একটু থামিয়া শান্ত সুরে বলিল—কেন একশ'বার ওকথা বলো?...তুমি কাল মাকে বাবাকে ব'লে রাজী করাও, আমি তোমার সঙ্গে যেখানে নিয়ে যাবে যাবো, গাছতলাতেও যাবো, আমি তোমার সব কথা জানি, পদ্মদ্বাদা মায়ের কাছে বলিছিল, আমি সব শুনছি। যেখানে নিয়ে যাবে, নিয়ে চল, তোমার ইচ্ছে আমার তাতে মতামত কি?

রাতে দুজনের কেহ ঘুমাইল না।

বন্ধুকে লইয়া সে রওনা হইল। শব্দর প্রথমটা আপ্যন্ত তুলিয়াছিলেন—নিয়ে তো যেতে চাইছ বাবাজী, কিন্তু এখন নিয়ে গিয়ে তুলবে কোথায়? চাকরি-বাকরি ভাল কর, ঘর-ঘোর ওঠাও, নিয়ে যাবার এত তাড়াতাড়িটা কি?

সিঁড়ির ঘরে অপর্ণার মা স্বামীকে বলিলেন—হ্যাঁগা, তোমার বুদ্ধি-সুখি লোপ পেয়ে

যাচ্ছে দিন দিন—না কি ? জামাইকে ও-সব কথা বলেছ ? আজকালকার ছেলেরা মেয়েদের ধরণ আলাদা, তুমি জান না। ছেলেমানুষ জামাই, টাকাকড়ি, চাকরিবাকরি ভগবান যখন দেবেন তখন হবে। আজকালের মেয়েরা ও-সব বোঝে না, বিশেষ করে তোমার মেয়ে সে ধরণেরই নয়, ওর মন আমি খুব ভাল বুঝি। দাও গিয়ে পাঠিয়ে ওকে জামাইয়ের সঙ্গে—ওদের সখ নিয়েই সখ।

উৎসাহে অপদ্র রাগে ঘুম হয় না এমন অবস্থা, কাল সারাদিন অপর্ণাকে লইয়া রেল স্টীমারে কাটানো—উঃ !...শুধু সে, আর কেউ না। রাগে অস্পষ্ট আলোকে অপর্ণাকে ভাল করিয়া দেখিবারই সুযোগ হয় না, দিনে দেখা হওয়া এ বাড়িতে অসম্ভব—কিন্তু, কাল সকালটি হইতে তাহারা দুজনে—মাঝে আর কোন বাধা ব্যবধান থাকিবে না।

কিন্তু স্টীমারে অপর্ণা রহিল মেয়েদের জয়গায়। তিন ঘণ্টা কাল সেভাবে কাটিল। তার পরেই রেল।

এইখানেই অপদ্র সর্বপ্রথম গৃহস্থালী পাতিল স্ত্রীর সঙ্গে। ট্রেনের তখনও অনেক দৌর। যাত্রীদের রান্না-খাওয়ার জন্য স্টেশন হইতে একটু দূরে ভৈরবের ধারে ছোট ছোট খড়ের ঘর অনেকগুলি—তারই একটা চার আনায় ভাড়া পাওয়া গেল। অপদ্র দোকানের খাবার আনিতে যাইতেছে দেখিয়া বধু বলিল—তা কেন ? এই তো এখানে উনুন আছে, যাত্রীরা সব রেখে খায়, এখনও তো তিন-চার ঘণ্টা দৌর গাড়ির, আমি রান্না।

অপদ্র ভারী খুশী। সে ভারী মজা হইবে ! এ কথাটা এতক্ষণ তাহার যে কেন মনে আসে নাই !

মহা উৎসাহে বাজার হইতে জিনিসপত্র কিনিয়া আনিল। ঘরে ঢুকিয়া দেখে ইতিমধ্যেই কখন বধু স্নান সারিয়া ভিজা চুলটি পিঠের উপর ফেলিয়া, কপালে সিন্দূরের টিপ দিয়া লালজরিপাড় মটকার শাড়ি পরিয়া ব্যস্তসমস্ত অবস্থায় এটা-ওটা ঠিক করিতেছে। হাসিমুখে বলিল—বাড়িওয়ালী জিগেস করছে উনি তোমার ভাই বুঝি ? আমি হেসে ফেলতেই বুঝতে পেরেছে, বলছে—জামাই ! তাই তো বলি !—আরও কি বলিতে গিয়া অপর্ণা লজ্জায় কথা শেষ করিতে না পারিয়া হাসিয়া ফেলিল।

অপদ্র মন্থনে বধুর দিকে চাহিয়া ছিল। কিশোরীর তনুদেহটি বেড়িয়া ফুটনো শুধু যৌবন কি অপদ্র সুষমায় আত্মপ্রকাশ করিতেছে। সন্দ্র নিটোল গৌর বাহু দুটি, চুলের খোঁপার ভঙ্গিটি কি অপদ্র ! গভীর রাতে শোবার ঘরে এ পর্যন্ত দেখাশোনা, দিনের আলোয় স্নানের পরে এ অবস্থায় তাহার স্বাভাবিক গতিবিধি লক্ষ্য করিবার সুযোগ কখনও ঘটে নাই—আজ দেখিয়া মনে হইল অপর্ণা সত্যই সন্দ্র বটে।

কাঁচা কাঠ কিছতেই ধরে না, প্রথমে বধু, পরে সে নিজে, ফুঁ দিয়া চোখ লাল করিয়া ফেলিল। প্রোটা বাড়িওয়ালী ইহাদের জন্য নিজের ঘরে বাটনা বাটিতে গিয়াছিল। ফিরিয়া আসিয়া দু'জনের দু'ব'শা দেখিয়া বলিল—ওগো মেয়ে, সরো বাছা, জামাইকে যেতে বলো। তোমাদের কি ও কাজ মা ? সরো আমি দি ধরিয়ে।

বধু ভাগি দিয়া অপদ্রকে স্নানে পাঠাইল। নদী হইতে ফিরিয়া সে দেখিল—ইহার মধ্যে কখন বধু বাড়িওয়ালীকে দিয়া বাজার হইতে রসগোল্লা ও ছানা আনাইয়াছে, রেকাবীতে পেঁপে কাটা, খাবার ও গ্লাসে নেবুর রস মিশানো চিনির শরবৎ। অপদ্র হাসিয়া বলিল—উঃ, ভারী গিন্নীপনা যে ! আচ্ছা তরকারীতে নুন দেওয়ার সময় গিন্নীপনার ধোঁড়া একবার দেখা যাবে।

অপর্ণা বলিল—আচ্ছা গো দেখো—পরে ছেলেমানুষের মত ঘাড় দুলাইয়া বলিল—ঠিক হ'লে কিন্তু আমরা কি দেবে ?

অপদ্ কৌতুকের সুরে বলিল—ঠিক হ'লে যা দেব, তা এখনি পেতে চাও ?

—যাও, আচ্ছা তো দৃষ্ট !

একবার সে রন্ধনরত বধুর পিছনে আসিয়া চুপি-চুপি দাঁড়াইল। দৃশ্যটা এত নতুন, এত অভিনব ঠেকিতেছিল তাহার কাছে ! এই সুঠাম, সুন্দরী পরের মেয়েটি তাহার নিতান্ত আপনার জন—একমাত্র পৃথিবীতে আপনার জন ! পরে সে সম্ভরণে নিচু হইয়া পিঠের উপরে এলানো চুলের গিঁঠটা ধরিয়া অতর্কিতে এক টান দিতেই বধু পিছনে চাহিয়া কৃত্রিম কোপের সুরে বলিল—উঃ ! আমার লাগে না বৃদ্ধি ?...ভারী দৃষ্ট তো...রান্না থাকবে পড়ে ব'লে দিচ্ছ যদি আবার চুল ধরে টানবে—

অপদ্ ভাবে, মা ঠিক এই ধরণের কথা বলিত—এই ধরণেরই স্নেহ-প্রীতিঝরা চোখ। সে দেখিয়াছে, কি দাঁদ, কি রান্দ-দাঁদ, কি লীলা, কি অপর্ণা—সকলেরই মধ্যে মা যেন অস্পৃশ্যের মিশাইয়া আছে—ঠিক সময়ে ঠিক অবস্থায় ইহারা একই ধরণের কথা বলে, চোখে-মুখে একই ধরণের স্নেহ ফুটিয়া ওঠে।

একটি ভদ্রলোক অনেকক্ষণ হইতে প্রাটফর্মে পায়চারী করিতেছিলেন। ট্রেনে উঠিবার কিছু পূর্বেই অপদ্ তাহাকে চিনিতে পারিল, দেওয়ানপুরের মাস্টার সেই সত্যেনবাবু। অপদ্ থার্ড ক্লাসে পড়িবার সময়ই ইনি আইন পাশ করিয়া স্কুলের চাকুরি ছাড়িয়া চলিয়া গিয়াছিলেন, আর কখনও দেখা হয় নাই। পুরাতন ছাত্রকে দেখিয়া খুশী হইলেন, অনেক জিজ্ঞাসাবাদ করিলেন, অন্যান্য ছাত্রদের মধ্যে কে কি করিতেছে শুনিলেন আর দেখাইলেন।

তিনি আজকাল পাটনা হাইকোর্টে ওকালতি করিতেছেন, চালচলন দেখিয়া অপদুর মনে হইল—বেশ দৃপসমা উপার্জন করেন। তবুও বলিলেন, পুরানো দিনই ছিল ভাল, দেওয়ানপুরের কথা মনে হইলে কষ্ট হয়। ট্রেন আসিলে তিনি সেকেন্ড ক্লাসে উঠিলেন।

অপর্ণাকে সব ভাল করিয়া দেখাইবার জন্য শিয়ালদহ স্টেশনে নামিয়া অপদ্ একখানা ফিটন গ্যাড়ি ভাড়া করিয়া খানিকটা ঘুরিল।

অপদ্ একটা জিনিস লক্ষ্য করিল, অপর্ণা কখনও কিছু দেখে নাই বটে, কিন্তু কোনও বিষয়ে কোনও অশোভন ব্যগ্রতা দেখায় না। ধীর, শিহর, সংযত, বুদ্ধিমতী—এই বয়সেই চরিত্রগত একটা কেমন সহজ গাম্ভীর্য—সাহার পরিণতি সে দেখিয়াছে ইহারই মায়ের মধ্যে ; উছলিয়া-পড়া মাতৃস্বের সঙ্গে চরিত্রের সে কি দৃঢ় অটলতা !

মনসাপোতা পেঁচিতে সম্মুখ হইয়া গেল। অপদ্ বাড়িঘরের বিশেষ কিছু ঠিক করে নাই, কাহাকেও সংবাদ দেয় নাই, কিছু না—অথচ হঠাৎ স্ত্রীকে আনিয়া হাজির করিয়াছে। বিবাহের পর মাত্র একবার এখানে দুদিনের জন্য আসিয়াছিল, বাড়িঘর অপরিষ্কার, রাগিবাসের অনুপস্থিতি, উঠানে ঢুকিয়া পেয়ারা গাছটার তলায় সম্মুখের অন্ধকারে বধু দাঁড়াইয়া রহিল, অপদ্ গরুর গ্যাড়ি হইতে তোরঙ্গ ও কাঠের হাতবান্টা নামাইতে গেল। উঠানে পাশের জঙ্গলে নানা পতঙ্গ কুস্বর করিয়া ডাকিতেছে, ঝোপে-ঝোপে জৈনিকের ঝাঁপ জ্বলিতেছে।

কেহ কোথাও নাই, কেহ তরুণ দম্পতিকে সাদরে বরণ ও অভ্যর্থনা করিয়া ঘরে তুলিয়া লইতে ছুটিয়া আসিল না, তাহারাই দুজনে টানাটানি করিয়া নিজেদের পেঁটরা-তোরঙ্গ মাত্র দেশলাইয়ের কাঠির আলোর সাহায্যে ঘরের দাওয়ায় তুলিতে লাগিল। সে আজ কাহাকেও ইচ্ছা করিয়াই খবর দেয় নাই, ভাবিয়াছিল মা যখন বরণ করে নিতে পারলেন না আমার বোকে, অত সাধ ছিল মার—তখন আর কাউকে বরণ করতে হবে না, ও অধিকার আর কাউকে বৃদ্ধি দেব ?

অপর্ণা জানিত তাহার স্বামী দরিদ্র—কিন্তু এ রকম দরিদ্র তাহা সে ভাবে নাই। তাহাদের পাড়ার নাগিত-বাড়ির মত নিচু, ছোট চালাঘর। দাওয়ার একধারে গরু, বাছুর

উঠিয়া ভাঙ্গিয়া দিয়াছে, ছাঁচতলায় কাঁই বাঁচ ফুটিয়া বর্ষার জলে চারা বাহির হইয়াছে... একস্থানে খড় উড়িয়া চালের বাখারি ঝুলিয়া পড়িয়াছে...বাড়ির চারিদিকে কি পোকা একঘেয়ে ডাকিতেছে...এরকম ঘরে তাহাকে দিন কাটাইতে হইবে? অপর্ণার মন দমিয়া গেল। কি করিয়া থাকিবে সে এখানে? মায়ের কথা মনে হইল...খুড়ীমাদের কথা মনে হইল...ছোট ভাই বিন্দুর কথা মনে হইল...কামা ঠেলিয়া বাহিরে আসিতে চাহিতোছিল...সে মরিয়া ঘাইবে এখানে থাকিলে...

অপ্ন খুঁজিয়া-পাতিয়া একটা লণ্ঠন জ্বালিল। ঘরের মাটির মেঝেতে পোকায় খুঁড়িয়া মাটি জড় করিয়াছে। তন্তুপোশের একটা পাশ ঝাড়িয়া তাহার উপর অপর্ণাকে বসাইল...সবে অপর্ণাকে অশ্বকার ঘরে বসাইয়া লণ্ঠনটা হাতে বাহিরে হাতবাক্সটা আনিতে গেল...অপর্ণার গা ছম ছম করিয়া উঠিল অশ্বকারে...পরক্ষণেই অপ্ন নিজের ভুল বুঝিয়া আলো হাতে ঘরে ঢুকিয়া বলিল—দ্যাখো কান্ড, তোমাকে একা অশ্বকারে বসিয়ে রেখে—থাক লণ্ঠনটা এখানে—

অপর্ণার কামা আসিতোছিল।...

আধঘণ্টা পরে ঝাড়িয়া-ঝুড়িয়া ঘরটা এরকম রাত্রি কাটানোর মত দাঁড়াইল। কি খাওয়া যায় রাত্রে?—রান্নাঘর ব্যবহারের উপযোগী নাই তো বটেই, তা ছাড়া চাল, ডাল, কাঠ কিছুই নাই। অপর্ণা তোরঙ্গ খুলিয়া একটা পট্টলি বার করিয়া বলিল—ভুলে গিয়েছিলুম তখন, মা নাড়ু দিয়েছিলেন এতে বেঁধে—অনেক আছে—এই খাও।

অপ্ন অপ্রতিভ হইয়া পড়িয়াছিল। সংসার কখনও করে নাই—এই নতুন—নিতান্ত আনাড়ী—অপর্ণাকে এ অবস্থায় এখানে আনা ভাল হয় নাই, সে এতক্ষণ বুঝিয়াছে। অপ্রতিভের সুরে বলিল—রাণাঘাট থেকে কিছু খাবার নিলেই হ'ত—তোমাকে একলা বসিয়ে রেখে ঘাই কি ক'রে—নৈলে ক্ষেত্র কাপালীর বাড়ি থেকে চিঁড়ে আর দুধ—যাব?...

অপর্ণা ঘাড় নাড়িয়া বারণ করিল।

তেলিদের বাড়িতে কেউ ছিল না, তিন-চারি মাস হইল তাহারা কলিকাতায় আছে, বাড়ি ভালাবশ্ব, নতুবা কাল রাত্রে ইহাদের কথাবার্তা শুনিয়া সে-বাড়ির লোক আসিত। সকালে সংবাদ পাইয়া ও-পাড়া হইতে নিরুপমা ছুটিয়া আসিল। অপ্ন কৌতূকের সুরে বলিল—এসো, এসো নিরুদীর্ঘ, এখন মা নেই, তোমরা কোথায় বরণ ক'রে ঘরে তুলবে, দুধে-আলতার পাথরে দাঁড় করাবে, তা না তুমি সকালে পান চিব্বতে চিব্বতে এলে। বেশ যা হোক!

নিরুপমা অনুযোগ করিয়া বলিল—তুমি ভাই সেই চোদ্দ বছরে যেমন পাগলটি ছিলে, এখনও ঠিক সেই আছ। বৌ নিলে আসছো স্ত্রী একটা খবর না, কিছু না। কি ক'রে জানব তুমি এ অবস্থায় একজন ভদ্রলোকের মেয়েকে এই ভাঙা-ঘরে হুপু ক'রে এনে তুলবে? হি হি, দ্যাখ তো কান্ডখানা? রাত্রে যে রইলে কি ক'রে এখানে, সে কেবল তুমিই পার।

নিরুপমা গিনি দিয়া বৌ-এর মন্থুদখিল।

অপ্ন বলিল—তোমাদের ভরসাভেই কিন্তু ওকে এখানে রেখে যাব নিরুদীর্ঘ। আমাকে সোমবার চাকরিতে যেতেই হবে।

নিরুপমা বৌ দেখিয়া খুব খুশী, বলিল—আমি আমাদের বাড়িতে নিয়ে গিয়ে রেখে দেব বৌকে, এখানে থাকতে দেব না।

অপ্ন বলিল—তা হবে না, আমার মায়ের ভিটেতে সম্বোধে কে তাহলে? রাত্রে তোমাদের ওখানে শোবার জন্যে নিয়ে যেও।

নিরুপমা তাতেই রাজী। চৌদ্দ বছরের ছেলে যখন প্রথম চেলী পরিমা তাহাদের বাড়ি পূজা করিতে গিয়াছিল, তখন হইতে সে অপুকে সত্য সত্য স্নেহ করে, তাহার দিকে টানে। অপু ঘরবাড়ি ছাড়িয়া চলিয়া যাওয়ায় সে মনে মনে খুব দুঃখিত হইয়াছিল। মেয়েরা গতিতে বোঝে না, বাহিরকে বিশ্বাস করে না, মানুষের উদ্দাম ছুটিবার বিহমুখী আকাঙ্ক্ষাকে শাস্ত সংঘত করিয়া তাহাকে গৃহস্থালী পাতাইয়া, বাসা বাঁধাইবার প্রবৃত্তি নারী-মনের সহজাত ধর্ম, তাহাদের সকল মাধুর্য, স্নেহ, প্রেমের প্রয়োগ-নৈপুণ্য এখানে। সে শক্তিও এত বিশাল যে খুব কম পুরুষই তাহার বিরুদ্ধে দাঁড়াইয়া জয়ী হইবার আশা করিতে পারে। অপু বাড়ি ফিরিয়া নীড় বঁধাতে নিরুপমা স্বস্তির নিঃশ্বাস ফেলিল।

কালকাতায় ফিরিয়া অপু আর কিছুর ভাল লাগে না, কেবল শনিবারের অপেক্ষায় দিন গুণিতে থাকে। বন্ধুবান্ধবদের মধ্যে যাহারা নব-বিবাহিত তাহাদের সঙ্গে কেবল বিবাহিত জীবনের গল্প করিতে ও শুনিতে ভাল লাগে। কোনও রকমে এক সপ্তাহ কাটাইয়া শনিবার দিন সে বাড়ি গেল। অপর্ণার গৃহিণীপনায় সে মনে মনে আশ্চর্য না হইয়া পারিল না। এই সাত-আট দিনের মধ্যেই অপর্ণা বাড়ির চেহারা একেবারে বদলাইয়া ফেলিয়াছে! তেল-বাড়ির বড়ী ঝিকে দিয়া নিজের উদ্ভাবনানে ঘরের দেওয়াল লেপিয়া ঠিক করাইয়াছে। দাওয়ার মাটি ধরাইয়া দিয়াছে, রঙ এলামাটি আনিয়া চারিধারে রঙ করাইয়াছে, নিজের হাতে এখানে তাক, ওখানে কুলুঙ্গি গাঁথিয়াছে, তন্তুপোশের তলাকার রাশীকৃত ইঁদুরের মাটি নিজেই উঠাইয়া বাইরে ফেলিয়া গোবর-মাটি লেপিয়া দিয়াছে। সারা বাড়ি যেন ঝক্-ঝক্-তক্-তক্ করিতেছে। অথচ অপর্ণা জীবনে এই প্রথম মাটির ঘরে পা দিল। পুষ্কর গৌরব যতই ক্ষুণ্ণ হউক, তবুও সে ধনীবংশের মেয়ে, বাপ-মায়ের আদরে লালিত, বাড়ি থাকিতে নিজের হাতে তাহাকে কখনও বিশেষ কিছু করিতে হইত না।

মাসখানেক ধরিয়া প্রতি শনিবারে বাড়ি যাতায়াত করিবার পর অপু দেখিল তাহার যাহা আয়, ফি শনিবার বাড়ি যাওয়ার খরচ তাহাতে কুলায় না। সংসারে দশ-বারো টাকার বেশী মাসে এ পর্যন্ত সে দিতে পারে নাই। সে বোঝে—ইহাতে সংসার চালাইতে অপর্ণাকে দশতুর-মতো বেগ পাইতে হয়। অতএব ঘন ঘন বাড়ি যাওয়া বন্ধ করিল।

ডাকপয়নের থাকির পোশাক যে বৃকের মধ্যে হঠাৎ এরূপ ডেউ তুলিতে পারে, ব্যগ্র আশার আশ্বাস দিয়াই পরমহুস্তে নিরাশ ও দুঃখের অতলতলে নিঃশব্দিত করিয়া দিতে পারে, পনেরো টাকা বেতনের আগহাস্ট্র স্ট্রীট পোস্টারিসের পিণ্ডন যে একদিন তাহার দুঃখ-সুখের বিধাতা হইবে, এ কথা কেবে ভাবিয়াছিল? পুষ্কর কালে-ভদ্রে মায়ের চিঠি আসিত, তাহার জন্য এরূপ ব্যগ্র প্রতীক্ষার প্রয়োজন ছিল না। পরে মায়ের মৃত্যুর পর বৎসরখানেক তাহাকে একখানি পত্রও কেহ দেয় নাই! উঃ, কি দিনই গিয়াছে সেই এক বৎসর! মনে আছে, তখন রোজ সকালে চিঠির বাস্তু বধা আশ্রয় একবার করিয়া খোঁজ করিয়া হাসিমুখে পাশের ঘরের বন্ধুকে উদ্দেশ্য করিয়া উচ্চৈঃস্বরে বলিত—আরে, বাঁরেন বোসের জন্যে তো এ বাসায় আর থাকা চলে না দেখিছ?—রোজ রোজ যত চিঠি আসে তার অশ্বেক বাঁরেন বোসের নামে!

বন্ধু হাসিয়া বলিত—ওহে পাঁচজন থাকলেই চিঠিপত্র আসে পাঁচদিক থেকে। তোমার নেই কোনও চুলোয় কেউ, দেবে কে চিঠি?

বোধ হয় কথাটা রূঢ় সত্য বলিয়াই অপু মনে আঘাত লাগিল কথাটায়। বাঁরেন বোসের নানা ছাঁদের চিঠিগুণি লোলুপ দৃষ্টিতে চাহিয়া চাহিয়া দেখিত—সাদা খাম, সবুজ খাম, হলদে খাম, মেয়েলি হাতের লেখা পোস্টকার্ড, এক একবার হাতে তুলিয়া লোভ দমন করিতে না পারিয়া দেখিয়াছে—ইতি তোমার দাঁদি, ইতি তোমার মা, আপনার স্নেহের ছোট বোন

সুশী, ইত্যাদি। বীরেন বোস মিথ্যা বলে নাই, চারিদিকে আত্মীয় বন্ধু থাকলেই রোজ পত্র আসে—তাহার চিঠি তো আর আকাশ হইতে পড়িবে না! আজকাল আর সে দিন নাই। পত্র লিখবার লোক হইয়াছে এতদিনে।

জন্মাষ্টমীর ছুটিতে বাড়ি যাওয়ার কথা, কিন্তু দিনগুলো মাসের মত দীর্ঘ।

অবশেষে জন্মাষ্টমীর ছুটি আসিয়া গেল। এডিটারকে বলিয়া বেলা তিনটার সময় অফিস হইতে বাহির হইয়া সে স্টেশনে আসিল। পথে নববিবাহিত বন্ধু অনাথবাবু বৈঠকখানা বাজার হইতে আম কিনিয়া উর্ধ্ববাসে ট্রাম ধরিতে ছুটিতেছেন। অপদ্রু কথার উত্তরে বলিলেন—সময় নেই, তিনটে পনেরো ফেল করলে আবার সেই চারটে পঁচিশ, দু'ঘণ্টা দৌর হয়ে যাবে বাড়ি পৌঁছিতে—আচ্ছা আসি, নমস্কার!

বাড়িটা ঠিক কামানো হইয়াছে তো?

মুখ রোদ্রে, ধলায় ও ঘামে যে বিবর্ণ হইয়া যাইবে তাহার কি? কী গাধাবোট গাড়িখানা, এতক্ষণে মোটে নৈহাটি? বাড়ি পৌঁছিতে প্রায় সন্ধ্যা হইতে পারে। খুঁশির সহিত ভাবিল, চিঠি লিখে তো যাচ্ছি নে, হঠাৎ দেখে অপর্ণা একেবারে অবাঁক হয়ে যাবে এখন—

বাড়ি যখন পৌঁছিল, তখনও সন্ধ্যার কিছু দৌর। বধু বাড়ি নাই, বোধ হয় নিরুপমাদের বাড়ি কি পদুকুরের ঘাটে গিয়াছে। কেহ কোথাও নাই। অপদ্রু ঘরের মধ্যে ঢুকিয়া পর্টাল নামাইয়া রাখিয়া সাবানখানা খুঁজিয়া বাহির করিয়া আগে হাত মুখ ও মাথা ধুইয়া ফেলিয়া তাকের আয়না ও চিরুনার সাহায্যে টেরী কাটিল। পরে নিজের আগমনের সকল চিহ্ন বিলুপ্ত করিয়া বাড়ি হইতে বাহির হইয়া গেল।

আধঘণ্টা পরেই সে ফিরিল। বধু ঘরের মধ্যে প্রদীপের সামনে মাদুর পাতিয়া বসিয়া কি বই পড়িতেছে। অপদ্রু পা টিপিয়া টিপিয়া তাহার পিছনে আসিয়া দাঁড়াইল। এটা অপদ্রু পুরানো রোগ; মায়ের সঙ্গে কতবার এরকম করিয়াছে। হঠাৎ কি একটা শব্দ বধু পিছন ফিরিয়া চাহিয়া ভয়ে ধড়মড় করিয়া উঠিবার চেষ্টা করিতে অপদ্রু হো হো করিয়া হাসিয়া উঠিল।

বধু অপ্রতিভের সরে বলিল—ওমা তুমি! কখন—কৈ—তোমার তো—

অপদ্রু হাসিতে হাসিতে বলিল—কেমন জন্ম। আচ্ছা তো ভীতু।

বধু ততক্ষণে সামলাইয়া লইয়া হাসি মুখে বলিল—বা রে, ওই রকম করে বদ্বি আচমকা ভয় দেখাতে আছে? ক'টার গাড়িতে এলে এখন—তাই বদ্বি আজ ছ-সাত দিন চিঠি দেওয়া হয় নি—আমি ভাবছি—

অপদ্রু বলিল—তারপর, তুমি কি রকম আছ, বল? মায়ের চিঠিপত্র পেয়েছ?

—তুমি কিন্তু রোগা হয়ে গিয়েছ, অসুখ-বিসুখ হয়েছিল বদ্বি?

—আমার এবারকার চিঠির কাগজটা কেমন? ভালো না? তোমার জন্যে এনেছি পঁচিশখানা। তারপর রাতে কি খাওয়াবে বল?

—কি খাবে বলো? ঘি এনে রেখেছি, আলুপটলের ডালনা করি—আর দুধ আছে—

পরদিন সকালে উঠিয়া অপদ্রু দেখিয়া অবাঁক হইল, বাড়ির পিছনের উঠানে অপর্ণা ছোট ছোট বেড়া দিয়া শাকের ক্ষেত, বেগুনের ক্ষেত করিয়াছে। দাওয়ার ধারে ধারে নিজের হাতে গাঁদার চারা বসাইয়াছে। রান্নাঘরের চালায় পুঁইলতা, লাউলতা উঠাইয়া দিয়াছে। দেখাইয়া বলিল,—আজ পুঁই-শাক খাওয়াব আমার গাছের! ওই দোপাটিগুলো দ্যাখো? কত ষড়, না? নিরুপমা দ্বিদি বীজ দিয়েছেন। আর একটা জিনিস দ্যাখো নি? এসো দেখাব—

অপদুর সারা শরীরে একটা আনন্দের শিহরণ বহিল। অপর্ণা যেন তাহার মনের গোপন কথাটি জানিয়া বদ্বিষয়াই কোথা হইতে একটা ছোট চাঁপা গাছের ডাল আনিয়া মাটিতে পর্দািতয়াছে, দেখাইয়া বলিল—দ্যাখো কেমন—হবে না এখানে ?

—হবে না আর কেন ? আচ্ছা, এত ফুল থাকতে চাঁপা ফুলের ডাল যে পর্দািত্তে গেলে ? অপর্ণা সলজ্জমুখে বলিল—জানি নে—যাও।

অপদু তো লেখে নাই, পত্রে তো একথা অপর্ণাকে জানায় নাই যে, মিস্তুর বাড়ির কম্পাউন্ডের চাঁপাফুল গাছটা তাহাকে কি কষ্টই না দিয়াছে এই দু'মাস ! চাঁপা ফুল যে হঠাৎ তাহার এত প্রিয় হইয়া উঠিয়াছে, একথাটি মনে মনে অনুমান করিবার জন্য এই কস্ম'ব্যস্ত, সদা-হাসিমুখ মেয়েটির উপর তাহার মন কৃতজ্ঞতায় ভারিয়া উঠিল।

অপর্ণা বলিল—এখানে একটু বেড়া দিয়ে ঘিরে দেবে ? মাগো কি ছাগলের উৎপাতই তোমাদের দেশে ! চারাগাছ থাকতে দেয় না, রোজ খেয়েদেয়ে সারা দু'পদুর কাণ্ড হাতে দাওয়ায় ব'সে ছাগল তাড়াই আর বই পাড়ি—দু'পদুরে রোজ নিরুদ্দি আসেন, ও-বাড়ির মেয়েরা আসে, ভারী ভাল মেয়ে কিন্তু নিরুদ্দিদি।

আজ সারাদিন ছিল বর্ষা। সন্ধ্যার পর একটানা বৃষ্টি নামিয়াছে, হয়ত বা সারা রাত্রি ধরিয়া বর্ষা চলবে। বাহিরে কুষ্ণাশ্ঠমীর অশ্ধকার মেঘে ঘনীভূত করিয়া তুলিয়াছে। বধু বলিল—রান্নাঘরে এসে বসবে ? গরম গরম সেকৈ দি—। অপদু বলিল—তা হবে না, আজ এসো আমরা দু'জনে এক পাতে খাবো ! অপর্ণা প্রথমটা রাজী হইল না, অবশেষে স্বামীর পীড়াপীড়িতে বাধ্য হইয়া একটা থালায় রুটি সাজাইয়া খাবার ঠাই করিল।

অপদু দেখিয়া বলিল—ও হবে না, তুনি আমার পাশে বসো, ও-রকম বসলে চলবে না। আরও একটু—আরও—পরে সে বাঁ-হাতে অপর্ণার গলা জড়াইয়া ধরিয়া বলিল—এবার এসো দু'জনে খাই—

বধু হাসিয়া বলিল—আচ্ছা তোমার বদখেয়ালও মাথায় আসে, মাগো মা ! দেখতে তো খুব ভালমানুষটি !

লাভের মধ্যে বধুর একরূপ খাওয়াই হইল না সেরাত্রে। অন্যমনস্ক অপদু গল্প করিতে করিতে থালার রুটি উঠাইতে উঠাইতে প্রায় শেষ করিয়া ফেলিল—পাছে স্বামীর কম পাড়িয়া যায় এই ভয়ে সে বেচারী খান-তিনের বেশী নিজের জন্য লইতে পারিল না। খাওয়া-দাওয়ার পর অপর্ণা বলিল—কই, কি বই এনেছ বললে, দেখি ?

দু'জনেই কৌতুকপ্রিয়, সমবয়সী, সদুশ্চমন, বালকবালিকার মত আমোদ করিতে, গল্প করিতে, সারারাত জাগিতে, অকারণে অর্থহীন বকিতে দু'জনেরই সমান আগ্রহ, সমান উৎসাহ। অপদু একথানা নতুন-আনা বই খুলিয়া বলিল—পড়ো তো এই পদ্যটা ?

অপর্ণা প্রদীপের সলতেটা চাঁপার কিলির মত আঙুল দিয়া উস্কাইয়া দিয়া পিলসুজটা আরও নিকটে টানিয়া আনিল। পরে সে লজ্জা করিতেছে দেখিয়া অপদু উৎসাহ দিবার জন্য বলিল—পড়ো না, কই দেখি ?

অপর্ণা যে কবিতা এত সুন্দর পড়িতে পারেন অপদুর তাহা জানা ছিল না। সে ঈষৎ লজ্জাজড়িত স্বরে পড়িতোঁছিল—

গগনে গরজে মেঘ, ঘন বরষা

কূলে একা বসে আছি, নাই ভরসা—

অপদু পড়ার প্রশংসা করিতেই অপর্ণা বই মূড়িয়া বন্ধ করিল। স্বামীর দিকে উজ্জ্বল-মুখে চাহিয়া কৌতুকের ভঙ্গিতে বলিল—খাকগে পড়া, একটা গান করো না !

অপদ বলিল—একটা টিপ পরো না খুকী ! ভারী সন্দ্বন্দর মানাবে তোমার কপালে—
অপর্ণা সলঞ্জ হাসিয়া বলিল—যাও—
—সত্য বলছি অপর্ণা, আছে টিপ ?—

—আমার বয়সে বৃষ্টি টিপ পরে ? আমার ছোট বোন শান্তির এখন টিপ পরবার বয়স তো—

কিন্তু শেষে তাহাকে টিপ পরিতেই হইল । সতাই ভারী সন্দ্বন্দর দেখাইতেছিল, প্রতিমার চোখের মত টানা, আরত সন্দ্বন্দর চোখ দুটির উপর দীর্ঘ, ঘনকালো, জোড়া ভুরুর মাঝখান-টিতে টিপ মানাইয়াছে কি সন্দ্বন্দর ! অপদর মনে হইল—এই মদুখের জন্যই জগতের টিপ সৃষ্টি হইয়াছে—প্রদীপের স্নিগ্ধ আলোয় এই টিপ-পরী মদুখখানি বার-বার সতৃষ্ণ চোখে চাহিয়া দেখিবার জন্যই ।

অপর্ণা বলে—ছাই দেখাচ্ছে, এ বয়সে কি টিপ মানায় ? কি করি পরের ছেলে, বললে তো আর কথা শুনবে না তুমি !

—না গো পরের মেয়ে, শোনো, একটু সরে এসো তো—

—ভারী দৃষ্টি—এত জ্বালাতনও তুমি করতে পার !...

অপদ বলিল—আচ্ছা, আমরা দেখতে কেমন দেখায় বলো—না সত্যি—কেমন মদুখ আমার ? ভাল, না পেঁচার মত ?

অপর্ণার মদুখ কৌতুকে উজ্জ্বল দেখাইল—নাক সিঁটকাইয়া বলিল—বিত্তী, পেঁচার মত ।

অপদ কৃত্রিম অভিমানের সুরে বলিল—আর তোমার মদুখ তো ভাল, তা হলেই হয়ে গেল । ষাই, শরুইগে ষাই—রাত কম হয় নি—কাল ভোরে আবার—

বধু খিল্ খিল্ করিয়া হাসিয়া উঠিল ।

এই রাত্রিটা গভীর দাগ দিয়া গিয়াছিল অপদর মনে । মাটির ঘরের আনাচে-কানাচে, গাছপালায় বাঁশবনে, ঝিম্-ঝিম্ নিশীথের একটানা বর্ষার ধারা । চারিধারই নিশ্চল । পৃথ্বীদিকের জানালা দিয়া বর্ষাসজল বাদল রাতের দমকা হাওয়া মাঝে মাঝে আসে—মাটির প্রদীপের আলোতে, খড়ের মেজেতে মাদুর বিছাইয়া সে ও অপর্ণা !

অপদ বলিল—দ্যাখো আজ রাত্রে মায়ের কথা মনে হয়—মা যদি আজ থাকত !

অপর্ণা শান্ত সুরে বলিল—মা সবই জানেন, যেখানে গিয়াছেন, সেখানে থেকে সবই দেখছেন । পরে সে কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া চোখ তুলিয়া স্বামীর মদুখের দিকে চাহিয়া বলিল—দ্যাখো, আমি মাকে দেখেছি ।

অপদ বিশ্বাসের দৃষ্টিতে স্ত্রীর দিকে চাহিল । অপর্ণার মদুখে শান্ত, স্থির বিশ্বাস ও সরল পবিত্রতা ছাড়া আর কিছু নাই ।

অপর্ণা বলিল—শোন, একদিন কি মাসটায়, তোমার সোদন চিঠি এল মদুখের বেলা । বিকেলে আঁচল পেতে পানচালায় পিঁড়েতে শূয়ে ঘুমিয়ে পড়েছি—সোদন সকালে উঠানের ঐ লাউগাছটাকে পর্দেছি, কণ্ঠ কেটে তাকে উঠিয়েছি, খেতে অনেক বেলা হয়ে গিয়েছে, বদলে ? শ্বশুর দেখেছি—একজন কে দেখতে বেশ সন্দ্বন্দর, লালপেড়ে শাড়ি-পরী, কপালে সিঁদুর, তোমার মদুখের মত আদল, আমার আদর করে মাথার চুলে হাত বুলিয়ে বলছেন—ও আবাগীর মেয়ে, অবেলান্ন শূন্যে না, গঠো, অসুন্দ-বিসুন্দ হবে আবার ? তারপর তিনি তাঁর হাতের সিঁদুরের কোটো থেকে আমার কপালে সিঁদুর পরিয়ে দিতেই আমি চমকে জেগে উঠলাম—এমন স্পষ্ট আর সত্যি বলে মনে হ'ল যে তাড়াতাড়ি কপালে হাত দিয়ে দেখতে গেলাম সিঁদুর লেগে আছে কি না—দেখি কিছুই না—বুক ধড়াস করে উঠল—চারিদিকে অবাধ হয়ে চেয়ে দেখি সম্মুখে হয়ে গিয়েছে—বাড়িতে কেউ নেই—খানিকক্ষণ না

পারি কিছু করতে—হাত পা যেন অবশ—তারপরে মনে হল, এ মা—আর কেউ না, ঠিক মা । মা এসেছিলেন এয়োতির সিঁদুর পরিম্নে দিতে । কাউকে বলি নি, আজ বললাম তোমায় ।
 বাহিরে বর্ষাধারার অবিশ্রান্ত রিম্মিম শব্দ । একটা কি পতঙ্গ বৃষ্টির শব্দের সঙ্গে তান রাখিয়া একটানা ডাকিয়া চলিয়াছে, মাঝে মাঝে পূবে হাওয়ার দমকা, অপর্ণার শ্বাথার চুলের গন্ধ । জীবনের এই সব মনুহৃত বড় অশ্রুত । অনভিজ্ঞ হইলেও অপদ তাহা বুঝিল । হঠাৎ ক্ষণিক বিদ্যুৎ-চমকে যেন অশ্বকার পথের অনেকখানি নজরে পড়ে । এমন সব চিন্তা মনে আসে, সাধারণ অবস্থায়, মনুহ মনে সারাজীবনেও সে-সব চিন্তা মনে আসিত না ।... কেমন একটা রহস্য...আত্মার অদৃষ্টিলাপি...একটা বিরাট অসীমতা...

কিন্তু পরক্ষণেই চোখ জলে ভরিয়া আসিল । সে কোনও কথা বলিল না । কোন মন্তব্য প্রকাশ করিল না, কেহই কোন কথা বলিল না ।

খানিকটা পরে সে বলিল, আর একটা কবিতা পড়ো—শুনি বরং—

অপর্ণা বলিল—তুমি একটা গান করো—

অপদ রবিঠাকুরের গান গাহিল একটা, দুইটা তিনটা । তারপর আবার কথা, আবার গল্প । অপর্ণা হাসিয়া বলিল—আর রাত নেই কিন্তু—ফর্সা হয়ে এল—

—যদুম পাচ্ছে ?

—না । তুমি একটা কার্জ করো না ? কাল আর যেও না—

—অফিস কামাই করব ? তা কি কখনও চলে ?

ভোর হইয়া গেল । অপর্ণা উঠিতে যাইতেছিল, অপদ কোন সময় ইতিমধ্যে তাহার আঁচলের সঙ্গে নিজের কাপড়ের সঙ্গে গিঁট বাঁধিয়া রাখিয়াছে, উঠিতে গিয়া টান পড়িল । অপর্ণা হাসিয়া বলিল—ওমা তুমি কি ! আচ্ছা দৃষ্ট তো...এখন হারাণের মা কাজ করতে আসবে—বুড়ী কি ভাববে বল দিকি ? ভাববে, এত বেলা অবাধি ঘরের মধ্যে—মাগো মা, ছাড়ো, লক্ষ্য করে—ছিঃ ।

অপদ ততক্ষণে অন্যদিকে মূখ ফিরাইয়া শূইয়া পড়িয়াছে ।

—ছাড়ো, ছাড়ো, লক্ষ্মী—ছিঃ—এখন এল বলে বুড়ী, পায়ে পড়ি তোমার, ছাড়ো—
 অপদ নিশ্চিন্ত ।

এমন সময়ে বাহিরে হারাণের মায়ের গলা শোনা গেল । অপর্ণা ব্যস্তভাবে মিনতির সুরে বলিল—ওই এসেছে বুড়ী—ছাড়ো, ছিঃ—লক্ষ্মীটি—ওরকম দৃষ্টুঁমি করে না—
 লক্ষ্মী—

হারাণের মা কপাটের গায়ে ধাক্কা দিয়া বলিল—ও বৌমা, ভোর হয়ে গিয়েছে । ওঠো, ওঠো, ঘড়া-ঘটিগুলো বার ক'রে দেবে না ?

অপদ হাসিয়া উঠিয়া আঁচলের গিঁট খুলিয়া দিল ।

অফিস কামাই করিয়া সে-দিনটাও অপদ বাড়িতেই রহিয়া গেল ।

ত্রয়োদশ পরিচ্ছেদ

ইউনিভার্সিটি ইনস্টিটিউটে স্বাস্থ্য প্রদর্শনী উপলক্ষে খুব ভিড় । অপদ অনেক দিন হইতে ইনস্টিটিউটের সভ্য, তাহাদের জনকয়েকের উপর শিশুমঙ্গল ও খাদ্য বিভাগের তত্ত্বাবধানের ভার আছে । দুপদর হইতে সে এই কাজে লাগিয়া আছে । মামথ বি-এ পাশ, এটিনির আর্টিক্লড ক্লাক হইয়াছে । তাহার সহিত একদিন ইনস্টিটিউটের বসবার ঘরে ঘোর তর্ক । অপদর দৃঢ় বিশ্বাস—যুদ্ধের পর ভারতবর্ষ স্বাধীনতা পাইবে । বিলাতে লয়েড

জর্জ বলিয়াছেন, যুদ্ধশেষে ভারতবর্ষকে আমরা আর পদানত করিয়া রাখিব না। ভারতকে দিয়া আর ক্রীতদাসের কার্য্য করাইয়া লইলে চলিবে না। Indians must not remain as hewers of wood and drawers of water.

এই সময়েই একদিন ইন্সটিটিউটের লাইব্রেরিতে কাগজ খুলিয়া একটা সংবাদ দেখিয়ে সে অবাক হইয়া গেল। জোয়ান অব্ আর্ককে রোমান্ ক্যাথলিক যাজক-শক্তি তাঁহাদের ধর্মসম্প্রদায়ের সাধুর তালিকাভুক্ত করিয়াছেন।

তার শৈশবের আনন্দ-মুহুর্তের সঙ্গিনী সেই পল্লীবাঁলিকা জোয়ান—ইছামতীর ধারে শান্ত বাবলা-বনের ছায়ায় বসিয়া শৈশবের সে স্বপ্নভরা দিনগুলিতে যাহার সঙ্গে প্রথম পরিচয়! ইহার পর সে একদিন সিনেমাতে জোয়ান অব্ আর্কের বাৎসরিক স্মৃতি-উৎসব দেখিল। ডগ্‌রেমির নিভৃত পল্লীপ্রান্তে ফ্রান্সের সকল প্রদেশ হইতে লোকজন জড়ো হইয়াছে—পৃথিবীর বিভিন্ন স্থান হইতে কত নরনারী আসিয়াছে, সামরিক পোশাকে সাজিত ফরাসী সৈনিক কক্ষচারীর দল...সবসুখ মিলিয়া এক মাইল দীর্ঘ বিরাট শোভাযাত্রা...জোয়ানের সঙ্গে তার নাড়ীর কি যেন যোগ—জোয়ানের সম্মানে তার নিজের বুক যেন গবেঁ ফুলিয়া উঠিতেছিল, শৈশবের স্বপ্নের সে-মোহ অপদ্ব এখনও কাটাইয়া উঠিতে পারে নাই।

বড় হইয়া অবধি সে এই মেয়েটিকে কি শ্রম্ভার চোখে ভাঁস্তুর চোখে দেখিয়া আসিয়াছে এতদিন, সে-কথা জানিত এক অনিল—নতুবা কল্পনা যাহাদের পঙ্ক, মন মিনমিনে, পানসে—তাহাদের কাছে সে-কথা তুলিয়া লাভ কি? কলেজে পাড়বার সময় সে বড় ইতিহাসে জোয়ানের বিস্তৃত বিবরণ পড়িয়াছে—অতীত শতাব্দীর সেই অবদ্ব নিষ্ঠুরতা, ধর্মমতের গোড়ামি, খৃষ্টিতে বাঁধিয়া হৃদয়হীন দাহন—সুৰ্য্যদেবের রথচক্রের দ্রুত আবর্তনে অসীম আকাশে যেমন দুপদু হয় বৈকাল, বৈকাল হয় রাত্রি, রাত্রি হয় প্রভাত—মহাকালের রথচক্রের আবর্তনে এক শতাব্দীর অশ্বকারপুঞ্জ তেমনি পরের শতাব্দীতে দুরীভূত হইয়া যাইতেছে। সত্যের শব্দকতারা একদিন যে প্রকাশ হইবেই, জীবনের দুঃখ দৈন্যের অশ্বকার শব্দ যে প্রভাতেরই অগ্রদূত কলকাকলিময়, ফুল-ফোটা অমৃত-ঝরা প্রভাত।

অন্যমনস্ক মনে সিঁড়ি দিয়া নামিয়া সে খাদ্য-বিভাগের ঘরে ঢুকিতে যাইতেছে, কে তাহাকে ডাকিল। ফিরিয়া চাহিয়া দেখিয়া প্রথমটা চিনিতে পারিল না—পরে বিস্ময়ের সুরে বলিল—প্রীতি, না? এগ্‌জিবিশন্ দেখতে এরাই ছিলে বুঝি? ভাল আছ?

প্রীতি অনেক বড় হইয়াছে। দেখিয়া বুঝিল, বিবাহ হইয়া গিয়াছে। সে সঙ্গিনী একটি প্রোটা মহিলাকে ডাকিয়া. বলিল—মা, আমার মাস্টার মশায় অপদ্ববাবু—সেই অপদ্ববাবু।

অপদ্ব প্রণাম করিল। প্রীতি বলিল—আচ্ছা আপনার রাগ তো? এক কথায় ছেড়ে দিয়ে চলে গেলেন! দেখুন, কত ছোট ছিলুম, বুঝতুমর্কি কিছ? তারপর আপনাকে কত খোঁজ করেছিলুম, আর কোনও সম্মানই কেউ বলতে পারলে না। আপনি আজকাল কি করছেন মাস্টার মশায়?

—ছেলেও পড়াই, রাগে খবরের কাগজের অফিসে চাকরিও করি—

—আচ্ছা মাস্টার মশাই, আপনাকে যদি বলি, আমাদের বাড়ি কি আপনি আর যাবেন না?

অপদ্ব মনে পদ্বতন ছাত্রীর উপর কেমন একটা স্নেহ আসিল। কথা গুছাইয়া বলিতে জানিত না, কি বলিতে কি বলিয়া ফেলিয়াছিল সে সময়—তাহারও অত সহজে রাগ করা ঠিক হয় নাই। সে বলিল,—তুমি অত অপ্রতিভ ভাবে কথা বলছ কেন প্রীতি! দোষ আমারই, তুমি না হয় ছেলেমানুষ ছিলে, আমার রাগ করা উচিত হয় নি—

ঠিকানা বিনিময়ের পর প্রীতি পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া বিদায় লইল ।

আবার অপদূর এ-কথা মনে না হইয়া পারিল না—কাল মহাকাল, সবারই মধ্যে পরিবর্তন আনিয়া দিবে...তোমার বিচারের অধিকার কি ?

আরও মাস দুই কোন রকমে কাটাইয়া অপদূর পূজার সময় দেশে গেল । সোঁদন ষষ্ঠী, বাড়ির উঠানে পা দিয়া দেখিল পাড়ার একদল মেয়ে ঘরের দাওয়ার মাদুর পাতিয়া বসিয়া হাসিকলরব করিতেছে—অপদূর উপস্থিত হইতে অপর্ণা ঘোমটা টানিয়া ঘরের মধ্যে ঢুকিল । পাড়ার মেয়েদের সে আজ ষষ্ঠী উপলক্ষে বৈকালিক জলযোগের নিমন্ত্রণ করিয়া নিজের হাতে সকলকে আলতা সিঁদুর পরাইয়াছে । হাসিয়া বলিল, ভাগ্যস এলে ! ভাবিছিলাম এমন কলার বড়াটা আজ ভাজলাম—

—সত্যি, কৈ দেখি ?

—বা রে, হাত মদুখ ধোও—ঠাণ্ডা হও—অমন পেটুক কেন তুমি ?...পেটুক গোপাল কোথাকার !

পরে সে রেকাবিতে খাবার আনিয়া বলিল,—এগুলো খেয়ে ফেলো, তারপর আরও দেব—দ্যাখো তো খেয়ে, মিষ্টি কম হয় নি তো ?—তোমার তো আবার একটুখানি গুড়ে হবে না ।

—খাইতে খাইতে অপদূর ভাবিল—বেশ তো শিখেছে করতে ! বেশ—

পরে দেওয়ালের দিকে চোখ পড়াতে বলিল,—বাঃ, ও-রকম আলপনা দিয়েছে কে ? ভারী সুন্দর তো ! অপর্ণা মদু হাসিয়া বলিল,—ভাদ্র মাসের লক্ষ্মীপূজাতে তো এলে না ! আমি বাড়িতে পূজা করলাম,—মা করতেন, সিঁদুরমাখা কাঠা দেখা তোলা রয়েছে, তাতে নতুন ধান পেতে—বামুন খাওয়ালাম । তুমি এলেও দু'টি খেতে পেতে গো—তারই ঐ আলপনা—

—তাই তো ! তুমি ভারী গিণী হয়ে উঠেছ দেখছি ! লক্ষ্মীপূজা, লোক খাওয়ানো—আমার কিন্তু এসব ভারী ভাল লাগে অপর্ণা—সত্যি, মাও খুব ভালবাসতেন—একবার তখন আমরা এখানে নতুন এসেছি—একজন বড়োমত লোক আমাদের উঠানের ধারে এসে দাঁড়িয়ে বললে,—খোকা ক্ষিদে পেয়েছে, দুটো মুড়ি খাওয়াতে পারো ?—আমি মাকে গিয়ে বললাম, মা, একজন মুড়ি খেতে চাচ্ছে, ওকে খানকতক রুটি করে খাওয়ালে ভারী খুশী হবে,—খাওয়াবে মা ? মা কি করলে বলো তো ?

—রুটি তৈরী করে দাও—

—তা নয় । মা একটু করে সরের ঘি করে রাখত, আমি বোড়ি'র থেকে বাড়িটাড়ি এলে পাতে দিত । আমার খুশী করবার জন্য মা সেই ঘি দিয়ে আট-দশখানা পরোটা ভেজে লোকটাকে ডেকে, দাওয়ার কোলে পিঁড়ি পেতে খেতে দিলে । লোকটা তো অবাক, তার মুখের এমন ভাব হ'ল !

রাতে অপর্ণা বলিল—দ্যাখো, মা চিঠি লিখেছেন,—পূজোর পর মুরারি-দা আসবেন নিতে, পাঁচ-ছ'মাস যাই নি, তুমি যাবে আমাদের ওখানে ?

অপদূর বড় অভিমান হইল । সে এত আশা করিয়া পূজার সময় বাড়ি আসিল, আর এ-দিকে কিনা অপর্ণা বাপের বাড়ি যাওয়ার জন্য পা বাড়াইয়া আছে ? সে-ই তাহা হইলে ভাবিয়া মরে, অপর্ণার কাছে বাপেরবাড়ি যাওয়াটাই অধিকতর লোভনীয় !

অপদূর উদাস সরে বলিল—বেশ, যাও । আমার যাওয়া ঘটবে না, ছুটি নেই এখন । কথাটা শেষ করিয়া সে পাশ ফিরিয়া শুইয়া বই পড়িতে লাগিল । অপর্ণা খানিকক্ষণ পরে বলিল—এবার ষে বইগুলো এনেছ আমার জন্যে, ওর মধ্যে একখানা 'চরনিকা' তো আনলে

না? সেই যে সে-বার বলে গেলে জন্মাষ্টমীর সময়? এক-আধ কথার জবাব পাইয়া ভাবিল সারাদিনের কষ্টে স্বামীর হয়ত ঘুম আসিতেছে। তখন সেও ঘুমাইয়া পড়িল।

দশমীর পরদিনই মুরারি আসিয়া হাজির। জামাইকেও যাইতে হইবে, অপর্ণার মা বিশেষ করিয়া বলিয়া দিয়াছেন, ইত্যাদি নানা পীড়াপীড়ি শব্দ করিল। অপর্ণা বলিল—পাগল! ছুটি কোথায় যে বাব আমি? ধোনকে নিতে এসেছ, ধোনকেই নিয়ে যাও ভাই—আমরা গরীব চাকরে লোক, তোমাদের মত জমিদার নই—আমাদের কি গেলে চলে?

অপর্ণা বদ্বিষ্ণাছিল স্বামী চটিয়াছে, এ অবস্থায় তাহার যাইবার ইচ্ছা ছিল না আদৌ, কিন্তু বড় ভাই লইতে আসিয়াছে সে কি করিয়াই বা 'না' বলে? ঘো-টানার মধ্যে সে বড় মূর্খাকলে পড়িল। স্বামীকে বলিল—দ্যাখো, আমি যেতাম না। কিন্তু মুরারি-মা এসেছেন, আমি কি কিছ্ বলতে পারি?...রাগ করো না লক্ষ্মীটি, তুমি এখন না যাও, কালীপূজোর ছুটিতে আর্বাশ্য ক'রে যেও—ভুলো না যেন।

অপর্ণা চলিয়া যাইবার পর মনসাপোতা আর এক দিনও ভাল লাগিল না। কিন্তু বাধ্য হইয়া সে রান্নাটা সেখানে কাটাইতে হইল, কারণ অপর্ণার গেল বৈকালের ট্রেনে। কোনদিন লড়াই হয় না কিন্তু দাদার কাছে স্বামীকে ছোট হইতে না হয়, এই ভাবিয়া অপর্ণা দুইদিনই রাতে লড়াইর ব্যবস্থা করিয়াছিল—আজও স্বামীর খাবার আলাদা করিয়া ঘরের কোণে ঢাকিয়া রাখিয়া গিয়াছে। লড়াই ক'খানা খাইয়াই অপর্ণা উদাস মনে জানালীর কাছে আসিয়া বসিল। খুব জ্যোৎস্না উঠিয়াছে, বাড়ির উঠানের গাছে গাছে এখনও কি পাখি ডাকিতেছে, শব্দ শব্দ শয্যাপ্রাস্ত—অপর্ণার চোখে প্রায় জল আসিল। অপর্ণা সব বদ্বিষ্ণা তাহাকে এই কষ্টের মধ্যে ফেলিয়া গেল। বড়লোকের মেয়ে কিনা?...আচ্ছা বেশ।...অভিমানের মুখে সে একথা ভুলিয়া গেল যে, অপর্ণা আজ হ'মাস শব্দে ব্যাড়াতে শব্দ শয্যায় তাহারই মূখ চাহিয়া কাটাইয়াছে!

পরদিন প্রত্যুষে অপর্ণা কলিকাতা রওনা হইল। সেখানে দিনচারেক পরেই অপর্ণার এক পত্র আসিল,—অপর্ণা সে পত্রের কোনও জবাব দিল না। দিন পাঁচ-ছয় পরে অপর্ণার আর একখানা চিঠি। উত্তর না পাইয়া ব্যস্ত আছে, শরীর ভাল আছে তো? অসুখ-বিসুখের সময়, কেমন আছে পত্রপাঠ যেন জানায়, নতুবা বড় দুর্ভাবনার মধ্যে থাকিতে হইতেছে। তাহারও কোন জবাব গেল না।

মাসখানেক কাটিল।

কার্তিক মাসের শেষের দিকে একদিন একখানা দীর্ঘ পত্র আসিল। অপর্ণা লিখিয়াছে—ওগো, আমার বৃকে এমন পাষণ চাপিয়ে আর কতদিন রাখবে, আমি এত কি অপরাধ করছি তোমার কাছে? ...আজ একমাসের ওপর হ'ল তোমার একছত্র লেখা পাই নি, কি ক'রে দিন কাটাচ্ছি, তা কাকে জানাব? দ্যাখো, যদি কোন দোষই ক'রে থাকি, তুমি যদি আমার উপর রাগ করবে তবে গিভুবে আর কার কাছে দাঁড়াই বল তো?

অপর্ণা ভাবিল,—বেশ জন্ম, কেন যাও বাপের বাড়ি?—আমাকে চাইবার দরকার কি, কে আমি? সঙ্গে সঙ্গে একটা অপদৃশ্য পদক্ষেপে ভাব মনের কোণে দেখা দিল—পথে, ঘ্রোমে, অফিসে, বাসায়, সব-সময়, সকল অবস্থাতেই মনে না হইয়া পারিল না যে, পৃথিবীতে একজন কেহ আছে, যে সর্বদা তাহার জন্য ভাবিতেছে, তাহারই চিঠি না পাইলে সে-জনের দিন কাটিতে চাহে না, জীবন বিস্বাদ লাগে। সে যে হঠাৎ এক সন্দেহী তরুণীর নিকট এতটা প্রয়োজনীয় হইয়া উঠিয়াছে—এ অভিভূততা সম্পূর্ণ অভিনব ও অদ্ভুত তাহার কাছে। অতএব তাহাকে আরও ভাবাও, আরও কষ্ট দাও, তাহার রজনী আরও বিন্দু করিয়া তোলা।

সুতরাং অপর্ণার মিনতি বৃথা হইল। অপদ্ম চাঁঠির জবাব দিল না।

এদিকে অপদ্মদের অফিসের অবস্থা বড় খারাপ হইয়া আসিল। কাগজ উঠিয়া মাইবার যোগাড়, একদিন স্বত্বাধিকারী তাহাদের কয়েকজনকে ডাকিয়া পাঠাইলেন, 'কি করা উচিত সে-সম্বন্ধে পরামর্শ'। কথাবাত্তার গতিকে বৃষ্টিবল কাগজের পরমায়ু আর বেশী দিন নয়। তাহার একজন সহকর্মী বাহিরে আসিয়া বলিল—এ বাজারে চাকরিটুকু গেলে মশাই দাঁড়বার জো নই একেবারে—বোনের বিয়েতে টাকা ধার, সুদে-আসলে অনেক দাঁড়িয়েছে, সুদটা দিয়ে থামিয়ে রাখার উপায় যদি না থাকে, মহাজন বাড়ি ফ্রোক দেবে মশাই, কি যে করি!

ইতিমধ্যে অপদ্ম একদিন লীলাদের বাড়ি গেল। যাওয়া সেখানে ঘটে নাই প্রায় বছর দুই, হঠাৎ অপ্রত্যাশিতভাবে তাহাকে দেখিয়া লীলা আনন্দ ও বিস্ময়ের সুদূরে বলিয়া উঠিল—একি আপনি! আজ নিতান্তই পথ ভুলে বৃষ্টি এদিকে এসে পড়লেন? অপদ্ম যে শূন্য অপ্রতিভ হইল তাহা নয়, কোথায় যেন সে নিজেকে অপরাধী বিবেচনা করিল। একটুখানি আনাড়ীর মত হাসি ছাড়া লীলার কথার কোন উত্তর দিতে পারিল না। লীলা বলিল—এবার না হয় আপনার পরীক্ষার বছর, তার আগে তো অনায়াসেই আসতে পারতেন? অপদ্ম মৃদু হাসিয়া বলিল—ফিসের পরীক্ষা? সে সব তো আজ বছর দুই ছেড়ে দিয়েছি। এখন খবরের কাগজের অফিসে চাকরি করি।

লীলা প্রথমটা অবাচ হইয়া তাহার মূখের দিকে চাহিয়া রহিল, কথটা যেন বিশ্বাস করিল না, পরে দুঃখিতভাবে বলিল,—কেন, কি জন্যে ছাড়লেন পড়া, শূনি? আ-প-নি পড়া ছেড়েছেন!

লীলার চোখের ওই দৃষ্টিটা অপদ্মর প্রাণে কেমন একটা বেদনার সৃষ্টি করিল, অত্যন্ত ঘনিষ্ঠ আত্মীয়তার দৃষ্টি, তবুও সে হাসিমুখে কৌতুকের সুদূরে বলিল—এমনি দিলুম ছেড়ে, ভাল লাগে না আর, কি হবে পড়ে? তাহার এই হালকা কৌতুকের সুদূরে লীলা মনে আঘাত পাইল, অপদ্ম্ব কি ঠিক সেই পুরানো দিনের অপদ্ম্বই আছে? না যেন।

অপদ্ম বলিল—তুমি তো পড়ছ, না?

লীলা নিজের সম্বন্ধে কোন কথা হঠাৎ বলিতে চায় না, অপদ্মর প্রশ্নের উত্তরে সহজভাবে বলিল—এবার আই-এ পাশ করছি, থার্ড ইয়ারে পড়ছি। আপনি আজকাল পুরানো বাসায় থাকেন, না, আর কোথাও উঠে গিয়েছেন?

লীলার মা ও মাসীমা আসিলেন। লীলা নিজের আঁকা ছবি দেখাইল। বলিল—এবার আপনার মুখে 'স্বর্গ' হইতে বিদায়টা শুনব, মা আর মাসীমা সেই জন্যে এসেছেন।

আরও খানিক পরে অপদ্ম বিদায় লইয়া বাহিরে আসিল, লীলা বৈঠকখানার দোর পর্দা স্তম্ভে আসিল, অপদ্ম হাসিয়া বলিল,—লীলা, আচ্ছা ছেলেবেলায় তোমাদের বাড়িতে কোন বিয়েতে তুমি একটা হাসির কবিতা বলেছিলে মনে আছে? মনে আছে সে কবিতাটা?

—উঃ! সে আপনি মনে করে রেখেছেন এতদিন! সে সব কি আজকের কথা?

অপদ্ম অনেকটা আপন মনেই অন্যমনস্কভাবে বলিল—আর একবার তুমি তোমার জন্যে আনা দুধ অর্ধেকটা খাওয়ালে আমায় জোর করে, শুনলে না কিছতেই—ওঃ, দেখতে দেখতে কত বছর হয়ে গেল!

বলিয়া সে হাসিল, কিন্তু লীলা কোনও কথা বলিল না। অপদ্ম একবার পিছন দিকে হিল, লীলা অন্য দিকে মুখ ফিরাইয়া কি যেন দেখিতেছে।

ফিরবার পথে একটা কথা তাহার বার বার মনে আসিতেছিল। অপর্ণা সুন্দরী ঘটে,

কিন্তু লীলার সঙ্গে এ-পর্যন্ত দেখা কোন মেয়ের তুলনা হয় না, হওয়া অসম্ভব। লীলার রূপ মানুষের মত নয় যেন, দেবীর মত রূপ, মৃত্যুর অনূপম শ্রীতে, চোখের ও মূর ভঙ্গিতে, গায়ের রং-এ, গলার সুরে, গাতির ছন্দে।

অপু বৃষ্টিতে সে লীলাকে ভালবাসে, গভীরভাবে ভালবাসে, কিন্তু তা আবেগহীন, শান্ত, ধীর ভালবাসা। মনে তৃপ্তি আনে, শিশু আনন্দ আনে, কিন্তু শিরায় উপশিরায় রক্তের তাড়ব নন্দন তোলে না। লীলা তাহার বাল্যের সাথী, তাহার উপর মায়ের পেটের বোনের মত একটা মমতা, স্নেহ ও অনূকম্পা, একটা মাধুর্যভরা ভালবাসা।

দিন কয়েক পরে, একদিন লীলার দাদামশায়ের এক দারোয়ান আসিয়া তাহাকে একখানা পত্র দিল, উপরে লীলার হাতের ঠিকানা লেখা। পত্রখানা সে খুলিয়া পড়িল। দু-লাইনে পত্র, একবার বিশেষ প্রয়োজনে আজ বা কাল ভবানীপুরের বাড়িতে বাইতে লিখিয়াছে।

লীলা সাদাসিধা লালপাড় শাড়ি পরিয়া মাঝের ছোট ঘরে তাহার সঙ্গে দেখা করিল। যাহাই সে পরে, তাহাতেই তাহাকে কি সুন্দর না মানায়! সকাল আটটা, লীলা বোধ হয় বেশীক্ষণ ঘুম হইতে উঠে নাই, রাত্রির নিদ্রালতা এখনও যেন ডাগর ডাগর সুন্দর চোখ হইতে একেবারে মর্দুয়া যন্ত্র নাই, মাথার চুল অবিযস্ত, ঘাড়ের দিকে ঈষৎ এলাইয়া পড়িয়াছে, প্রভাতের পশুর মত মৃত্যুর পাশে চূর্ণকুম্বলের দুঃখ এক গাছ। অপু হাসিমুখে বলিল—খাড়া ইয়ার বলে বৃষ্টি লেখাপড়া ঘুচেছে! আটটার সময় ঘুম ভাঙল? না, এখনও ঠিক ভাঙে নি?

লীলা যে কত পছন্দ করে অপুকে তাহা এই সহজ আনন্দ, খুশি ও হালকা হাসির আবহাওয়ার জন্য। ছেলেবেলাতেও সে দেখিয়াছে, শত দুঃখের মধ্যেও অপু আনন্দ-উজ্জ্বলতা ও কৌতুকপ্রবণ মনের খুশি কেহ আটকাইয়া রাখিতে পারিত না, এখনও তাই, একরাশ বাহিরের আলো ও তারুণ্যের সজীব জীবনানন্দ সে সঙ্গে করিয়া আনে যেন, যখনই আসে—আপনা-আপনিই এসব কথা লীলার মনে হইল। তাহার মনে পড়িল, মায়ের মৃত্যুর খবরটা সে এই রকম হাসিমুখেই দিয়াছিল লালদীঘির মোড়ে।

—আসুন, বসুন, বসুন। কুড়ি মিনিটের ঘুমুই নি, কাল রাতে বড় মামীমার সঙ্গে বায়োস্কোপে গেছলাম সাড়ে-নটার শোঁতে। ফিরতে হয়ে গেল পোনে বারো, ঘুম আসতে দেড়টা। বসুন, চা আনি।

জাপানী গালার সুদৃশ্য চায়ের বাসনে সে চা আনিল। সঙ্গে পাউরুটি-টোস্ট, খোলাসুন্দর ডিম, কি এক প্রকার শাক, আধখানা ভাঙা আলু—সব সিদ্ধ, খোঁয়া উড়িতেছে। অপু বলিল—এসব সাহেবী বন্দোবস্ত বোধ হয় তোমার দাদামশায়ের, লীলা? ডিম, তা আবার খোলাসুন্দর, এ শাকটা কি?

লীলা হাসিমুখে বলিল,—ওটা লেটুস্। দাঁড়ান, ডিম ছাড়িয়ে দি। আপনার দাঁড়ির কাছে ও কাটা দাগটা কিসের? কামাবার সময় কেটে ফেলেছেন বৃষ্টি?

অপু বলিল,—ও কিছুর না, এমনি কিসের। বঁসো, দাঁড়িয়ে রইলে কেন? তুমি চা খাবে না?

লীলার ছোট ভাই ঘরে ঢুকিয়া অপুকে দিকে চাইয়া হাসিল, নাম বিমলেশ্বর, দশ-এগারো বছরের সুখী বালক। লীলা তাহাকে চা ঢালিয়া দিল, পরে তিনজনে নানা গল্প করিল। লীলা নিজেই আঁকা কতকগুলি ছবি দেখাইল, নিজের আশা-আকাঙ্ক্ষার কথা বলিল। সে এম. এ. পাশ করিবে, নয় তো বি. এ. পাশ করিয়া বিদেশে বাইতে চায়, দাদামশায়কে রাজী করাইয়া লইবে, ইউরোপের বড় আর্ট গ্যালারিগুলির ছবি দেখিবে, ফিরিয়া আসিয়া অজস্র

দেখিতে যাইবে, তার আগে নয়। একটা আলমারী দেখাইয়া বলিল—দেখুন না এই বইগুলো? ভ্যাসারির লাইভ্‌স্—এডিশনটা কেমন?... ছবিগুলো দেখুন—সেস্ট্‌ এ্যান্টিনার ছবিটা আমার বড় ভাল লাগে, কেমন একটা তপস্যাস্তম্ভ ভাব, না?—ইন্‌স্টল্‌মেন্ট্‌ সিস্টেমে এগুলো কিনেছি—আপনি কিনবেন কিছ্? ওদের ক্যান্‌ভাসার আমাদের বাড়ি আসে, তা হ'লে ব'লে দি—

অপদ্ বলিল—কত ক'রে মাসে?... ভ্যাসারির এডিশনটা তা'হলে না হয়—

—এটা কেন কিনবেন? এটা তো আমার কাছেই রয়েছে—আপনার যখন দরকার হবে, নেবেন—আমার কাছে যা যা আছে, তা আপনাকে কিনতে হবে কেন?—দাঁড়ান, আর একটা বইয়ের একখানা ছবি দেখাই—

অপদ্ ছবিটার দিক হইতে আর একবার লীলার দিকে চাহিয়া দেখিল—বিতচেলির প্রিন্সেস্‌ দেশ্‌ খুব সুন্দরী বটে, কিন্তু, বিতচেলির বা দ্যা-ভার্গার প্রতিভা লইয়া যদি লীলার এই অপ্‌স্ব' সুন্দর মূখ, এই যৌবন-পূর্ণিত দেহলতা ফুটাইয়া তুলিতে পারিত কেউ?... কথটা সে বলিয়াই ফেলিল—আমি কি ভাবিছ বলব লীলা? আমি যদি ছবি আঁকতে পারতাম, তোমাকে মডেল ক'রে ছবি আঁকতাম—

লীলা সে কথার কোন জবাব না দিয়া হঠাৎ বলিল—ভাল কথা, আচ্ছা অপ্‌স্ব'বাব্‌, একটা ভাল চাকরি কোথাও যদি পাওয়া যায় তো করবেন?

অপদ্ বলিল—কেন করব না; কিসের চাকরি?

লীলা বিবরণটা বলিয়া গেল। তাহার দাদামশায় একটা বড় স্টেটের এটর্নিং, তাদের অফিসে একজন সেক্রেটারী দরকার—মাইনে দেড়শো টাকা, চাকরিটা দাদামশায়ের হাতে, লীলা বলিলেই এখনই হইয়া যায়, সেই জন্যেই আজ তাহাকে এখানে ডাকিয়া আনা।

অপদ্‌র মনে পড়িল, সোদিন কথায় কথায় সে লীলার কাছে নিজের বস্তুমান চাকুরির দুরাবস্থা ও খবরের কাগজখানা উঠিয়া যাওয়ার কথটা কি সম্পর্কে একবারটি তুলিয়াছিল।

লীলা বলিল—সোদিন রাতে আমি তাঁর মুখে কথটা শুনলাম, আজ সকালেই আপনাকে পত্র পাঠিয়ে দিয়েছি, আপনি রাজী আছেন তো? আসুন, দাদামশায়ের কাছে আপনাকে নিয়ে যাই, ও'র একখানা চিঠিতে হয়ে যাবে।

কৃতজ্ঞতায় অপদ্‌র মন ভারিয়া গেল। এত কথার মধ্যে লীলা চাকুরি যাওয়ার কথটাই কি ভাবে মনে ধরিয়া বসিয়াছিল!—

লীলা বলিল—আপনি আজ দুপুরে এখানে না খেয়ে যাবেন না। আসুন,—পাখাটা দয়া ক'রে টিপে দিন না।

কিন্তু চাকুরি হইল না। এসব ব্যাপারের অভিজ্ঞতা না থাকায় লীলা একটু ভুল করিয়াছিল, দাদামশায়কে বলিয়া রাখেন নাই অপদ্‌র কথা। দিন দুই আগে লোক লওয়া হইয়া গিয়াছে। সে খুব দুঃখিত হইল, একটু অপ্রতিভও হইল। অপদ্‌ দুঃখিত হইল লীলার জন্য। বেচারী লীলা! সংসারের কোন অভিজ্ঞতা তাহার কি আছে? একটা চাকুরি খালি থাকিলে যে কতখানা উমেদারীর দরখাস্ত পড়ে, বড়লোকের মেয়ে, তাহার খবর কি করিয়া জানিবে?

লীলা বলিল—আপনি এক কাজ করুন না, আমার কথা রাখতে হবে কিন্তু, ছেলেবেলার মত একগুয়ে হলে কিন্তু চলবে না—প্রাইভেটে বি. এ.-টা দিয়ে দিন। আপনার পক্ষে সেটা কঠিন না কিছ্‌।

অপদ্ বলিল—বেশ দেব।

লীলা উৎফুল্ল হইয়া উঠিল—ঠিক? অনার রাইট?

—অনার রাইট ।

শীতের অনেক দেরি, কিন্তু এরই মধ্যে লীলাদের গাড়িবাস্ত্রদার পাশে জ্বাফরিতে ওঠানো মার্শালনীর লতায় ফুল দেখা দিয়াছে, বারাস্ত্রদার সিঁড়ির দরপাশের টবে বড় বড় পল নিরোন ও ব্ল্যাক প্রিন্স ফুটিয়াছে । বর্ষাশেষে চাইনিজ ফ্যান্ পামের পাতাগুলো ঘনসবুজ ।

পদমপুকুর রোডে পা দিয়া অপদর চোখ জলে ভরিয়া আসিল । লীলা, ছেলেমানুষ লীলা—সে কি জানে সংসারের রুচতা ও নিষ্ঠুর সঙ্ঘর্ষের কাহিনী ? আজ ভাহার মনে হইল, লীলার পায়ে একটা কাঁটা ফুটিলে সেটা তুলিয়া দিবার জন্য সে নিজের সখ শান্তি সম্পূর্ণ উপেক্ষা ও অগ্রাহ্য করিতে পারে ।

বিবাহের পর লীলার সঙ্গে এই প্রথম দেখা, কিন্তু দর-একবার বলি বলি করিয়াও অপদ বিবাহের কথা বলিতে পারিল না, অথচ সে নিজে ভালই বোঝে যে, না বলিতে পারিবার কোন সঙ্গত কারণ নাই ।

চতুর্দশ পরিচ্ছেদ

এক বৎসর চলিয়া গিয়াছে । পদনরায় পুজার বিলম্ব অতি সাত্তান্যই ।

শনিবার । অনেক অফিস আজ বন্ধ হইবে, অনেকগুলি সম্মুখের মঙ্গলবারে বন্ধ । দোকানে দোকানে খুব ভীড়—ঘণ্টাখানেক পথে হাঁটলে হ্যান্ডবিল হাত পাতিয়া লইতে লইতে বুড়িখানেক হইয়া উঠে । একটা নতুন স্বদেশী দেশলাইয়ের কারখানা পথে পথে জাঁকাল বিজ্ঞাপন মারিয়াছে ।

আমড়াতলা গিলির বিখ্যাত ধনী ব্যবসাদার নকুলেশ্বর শীলের প্রাসাদোপম সর্বহং অট্টালিকার নিম্নতলেই ইহাদের অফিস । অনেকগুলি ঘর ও দরটা বড় হল কর্মচারিতে ভর্তি । দিনমানেরও ঘরগুলির মধ্যে ভালো আলো যায় না বলিয়া বেলা চারটা না বাজিতেই ইলেকট্রিক আলো জ্বলিতেছে ।

ছোকরা টাইপিস্ট নূপেন সন্তর্পণে পদর্বা ঠেলিয়া ম্যানেজারের ঘরে ঢুকিল । ম্যানেজার নকুলেশ্বর শীলের বড় জামাই দেবেন্দ্রবাবু । ভারী কড়া মেজাজের মানুষ । বয়স পঞ্চাশ ছাড়াইয়াছে, দোহারা ধরণের চেহারা । বেশ ফর্সা, মাথায় টাক । এক কলমের খোঁচায় লোকের চাকরি খাইতে এমন পারদর্শী লোক খুব অল্পই দেখা যায় । দেবেন্দ্রবাবু বলিলেন—কি হে নূপেন ?

নূপেন ভূমিকাস্বরূপ দুইখানা টাইপ-ছাপা কি কাগজ মঞ্জুর করাইবার ছলে তাহার টেবিলের উপর রাখিল ।

সহ শেষ হইলে নূপেন একটু উঁশখুশ করিয়া কপালের ঘাম মুছিয়া আরম্ভমুখে বলিল—আমি—এই—আজ বাড়ি যাব—একটু সকালে, চারটেতে গাড়ি কি না ? সাড়ে তিনটেতে না গেলে—

—ভূমি এই সোঁদিন তো বাড়ি গেলে মঙ্গলবারে । রোজ রোজ সকালে ছেড়ে দিতে গেলে অফিস চলে কেমন করে ? এখনও তো একখানা চিঠি টাইপ কর নি দেখছি—

এ অফিসে শনিবারে সকালে ছুটির নিয়ম নাই । সম্মুখ সাড়ে ছ'টার পূর্বে কোনদিন অফিসের ছুটি নাই । কি শনিবার কি অন্যদিন । কোনও পাল-পাম্ব'ণে ছুটি নাই, কেবল পুজার সময় এক সপ্তাহ, শ্যামাপুজায় একদিন ও সরস্বতী পুজায় একদিন । অবশ্য বিবারণগুলি বাদ । ইহাদের বন্দোবস্ত এইরূপ—চাকরি করিতে হয় কর, নতুবা যাও চলিয়া । এ ভ্রমণক বেকার সমস্যার দিনে কর্মচারিগণ নবমীর পাঠার মত কাঁপিতে কাঁপিতে চাণক্য-

গ্লোকের উপদেশ মত চাকরিকে পুরোভাগে বজায় ও ছুটিছাটা, অপমান-অসুবিধাকে পুশ্চান্দকে নিক্ষেপ করতঃ কার্যক্রমে দিন অতিবাহিত করিয়া চলিয়াছেন।

নূপেন কি বলিতে যাইতেন—দেবেনবাবু বাধা দিয়া বলিলেন—মাল্লিক গ্যাণ্ড চৌধুরীদের মর্টগেজখানা টাইপ করেছিলে ?

নূপেন কাদ-কাদ মূখে বলিল—আজ্ঞে, কই ওদের অফিস থেকে তো পাঠিয়ে দেয় নি এখনও ?

—পাঠিয়ে দেয় নি তো ফোন কর নি কেন ? আজ সাতদিন থেকে বলাছি—কিচ খোকা তো নও ?...বা আমি না দেখব তাই হবে না ?

নূপেনের ছুটির কথা চাপা পাড়িয়া গেল এবং সে বেচারী পুনরায় সাহস করিয়া সে-কথা উঠাইতেও পারিল না।

সম্ভ্রম অল্প পূর্বে ক্যাশ ও ইংলিশ ডিপার্টমেন্টের কেরানীরা বাহির হইল—অন্য অন্য কেরানীগণ আরও ঘণ্টাখানেক থাকিবে। অত্যন্ত কম বেতনের কেরানী বলিয়া কেহই তাহাদের মূখের দিকে চায় না, বা তাহারা নিজেরাও আপত্তি উঠাইতে ভয় পায়।

দেউড়িতে দারোয়ানেরা বসিয়া খৈনী খাইতেছে, ম্যানেজার ও সুপারিন্টেন্ডেন্টের যাতায়াতের সময় উঠিয়া দাঁড়াইয়া ফোজের কায়দায় সেলাম করে, ইহাদিগকে পৌছেও না।

ফুটপাথে পা দিয়া নূপেন বলিল—দেখলেন অপূর্ববাবু, ম্যানেজার বাবুর ব্যাপার ? এক দিন সাড়ে তিনটের সময় ছুটি চাইলাম, তা দিলে না—অন্য সব অফিস দেখুন গিয়ে দৃষ্টোতে বন্ধ হয়ে গিয়েছে। তারা সব একত্বক্ষেণে ট্রেনে যে যার বাড়ি পৌঁছে চা খাচ্ছে আর আমরা এই বেরুলাম—কি অত্যাচারটা বলুন দিকি ?

প্রবোধ মূহুরী বলিল—অত্যাচার খ'লে মনে কর ভায়া, কাল থেকে এস না, মিটে গেল। কেউ তো অত্যাচার পোয়াতে বলে নি। ওঃ, ক্ষিদে যা পেয়েছে ভায়া, একটা মানু'ষ পেলে ধরে খাই এমন অবস্থা। রোজ রোজ এমনি—হাটের রোগ জন্মে গেল ভায়া, শৃঙ্খলা না খেয়ে খেয়ে—

অপূ হাঙ্গামা বলিল—দেখবেন প্রবোধ-দা, আমি পাশে আছি, এ যাত্রা আমাকে না হয় রেহাই দিন। ধরে খেতে হয় রাস্তার লোকের ওপর দিয়ে আজকের ক্ষিদেটা শাস্ত করুন। আমি আজ তৈরী হয়ে আসি নি। দোহাই দাদা !

তাহার দৃঃখের কথা লইয়া এরূপ ঠাট্টা করাতে প্রবোধ মূহুরী খুব খুশী হইল না। বিরক্তমূখে বলিল, তোমাদের তো সব তাতেই হাসি আর ঠাট্টা, ছেলেছোকরার কাছে কি কোন কথা বলতে আছে...আমি যাই, তাই বলি ! হাসি সোজব ভাই, কই দাও দিকি ম্যানেজারকে বলে পাচ টাকা মাইনে বাড়িয়ে ? হুঁ, তার বেলা—

অপূকে হাঁটিতে হয় রোজ অনেকটা। তার বাসা গ্রীগোপাল মাল্লিক লেনের মধ্যে, গোলদীঘির কাছে। তের টাকা ভাড়াতে নীচ একতলা ঘর, ছোট রাস্তাঘর। সামান্য বেতনে দু'জায়গায় সংসার চালানো অসম্ভব বলিয়া আজ বছরখানেক হইল সে অপর্ণাকে কলিকাতায় আনিয়া বাসা করিয়াছে। তবুও এখানে চাকরিটি জুটিয়াছিল তাই রক্ষা !...

শৈশবের স্বপ্ন এ ভাবেই প্রায় পর্যবসিত হয়। অনাভিজ্ঞ ভরণ মনের উচ্ছ্বাস, উৎসাহ—মাধুর্য-ভরা রঙীন ভবিষ্যতের স্বপ্ন—স্বপ্নই থাকিয়া যায়। যে ভাবে বড় সওদাগর হইবে, দেশে দেশে বাণিজ্যের কুঠী খুলিবে, তাহাকে হইতে হয় পাড়াগায়ের হাতুড়ে ডাক্তার, যে ভাবে ওকালতি পাশ করিয়া রাসবিহারী ঘোষ হইবে, তাহাকে হইতে হয় কল্লার দোকানী, যাহার আশা থাকে সারা পৃথিবী ঘুরিয়া দেখিয়া বেড়াইবে, কি ষষ্ঠীয় কলম্বস হইবে, তাহাকে হইতে হয় চাঁদা টাকা বেতনের স্কুলমাষ্টার।

শতকরা নিরানন্দই জনের বেলা যা হয়, অপদূর বেলাও তাহার ব্যতিক্রম হয় নাই। যথানিয়মে সংসার-স্বাস্থ্য, গৃহস্থালী, কেরানীগিরি, ভাড়া বাড়ি, মেলিন্‌স্‌ ফুড ও অয়েলক্রম। তবে তাহার শেষোক্ত দুটির এখনও আবশ্যিক হয় নাই—এই যা।

অপর্ণা ঘরের দোরের কাছে ব'টি পাতিয়া কুটনা কুটিতেছে, স্বামীকে দেখিয়া বলিল— আজ এত সকাল সকাল যে ! তারপর সে ব'টিখানা ও তরকারীর চূপিড়ি একপাশে সরাইয়া রাখিয়া উঠিয়া দাঁড়াইল। অপদূর বলিল, খুব সকাল আর কৈ, সাতটা বেজেছে, তবে অন্যদিনের তুলনায় সকাল বটে। হ'্যা, তেলওয়ালা আর আসে নি তো ?

—এসেছিল একবার দূরপূরে, ব'লে দিয়েছি বৃদ্ধবাবুরে মাইনে হ'লে আসতে। তোমার আসবার দেরি হবে ভেবে এখনও আমি চায়ের জল চড়াই নি।

কলের কাছে অন্য ভাড়াটেদের কি-বোয়েরা এ সময় থাকে বলিয়া অপর্ণা স্বামীর হাত মুখ ধুইবার জল বারান্দার কোণে তুলিয়া রাখে। অপদূর মুখ ধুইতে গিয়া বলিল, রজনীগন্ধা গাছটা হেলে পড়েছে কেন বল তো ? একটু বেঁধে দিও।

চা খাইতে বসিয়াছে, এমন সময়ে কলের কাছে কোন প্রোটা-কন্ঠের কর্কশ আওয়াজ শোনা গেল—তা হলে বাপদূর একশো টাকা বাড়িভাড়া দিয়ে সাহেব পাড়ায় থাকো গে। আজ আমার মাথা ধরেছে, কাল আমার ছেলের সর্দি লেগেছে—পালার দিন হলেই যত ছুতো। নাও না, সারা ওপরটাই তোমরা ভাড়া নাও না ; দাও না প'য়ষটি টাকা—আমরা না হয় আর কোথাও উঠে যাই, রোজ রোজ হাস্কামা কে সহ্য করে বাপদূর ?

অপদূর বলিল—আবার বৃদ্ধি আজ বেধেছে গাঙ্গুলী-গিন্নীর সঙ্গে ?

অপর্ণা বলিল—নতুন করে বাধবে কি, বেধেই তো আছে। গাঙ্গুলী-গিন্নীরও মুখ বড় খারাপ, হালদারদের বোটা ছেলমানুষ, কোলের মেয়ে নিয়ে পেরে ওঠে না, সংসারে তো আর মানুষ নেই, তবুও আমি এক-একদিন গিয়ে বাটনা বেটে দিয়ে আসি।

সিঁড়ি ও রোয়াক ধুইবার পালা লইয়া উপরের ভাড়াটেদের মধ্যে এ রেবারেণি, স্বাম্—অপদূর আসিয়া অবধি এই এক বৎসরের মধ্যে মিটল না। সকলের অপেক্ষা তাহার খারাপ লাগে ইহাদের এই সংকীর্ণতা, অনুদারতা। কট্ কট্ করিয়া শব্দ কথা শুনাইয়া দেয়—বাঁচিয়া, বাঁচাইয়া কথা বলে না, কোন কথায় লোকের মনে আঘাত লাগে, সে কথা ভাবিয়াও দেখে না।

বাড়িটাতে হাওয়া খেলে না, বারান্দাটাতে বসিলে হয়ত একটু পাওয়া যায়, কিন্তু একটু দূরেই ঝাঁঝরি-ড্রেন, সেখানে সারা বাসার তরকারীর খোসা, মাছের আঁশ, আবর্জনা, বাসি ভাত-তরকারী পচিতেছে, বর্ষার দিনে বাড়িময় ময়লা ও আধময়লা কাপড় শুকাইতেছে, এখানে তোবড়ানো টিনের বাক্স, ওখানে কয়লার রুড়ি। ছেলেমেয়েগুলো অপারিস্কার, ময়লা পেনী বা স্ক্রপ পয়া। অপদূরের নিজেদের দিকটা ওরই মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকিলে কি হয়, এই ছোট বারান্দার টবে দু-চারটে রজনীগন্ধা, বিদ্যাপাতার গাছ রাখিলে কি হয়, এই এক বৎসর সেখানে আসিয়া অপদূর বৃদ্ধিলাছে, জীবনের সকল সৌন্দর্য, পবিত্রতা, মাধুর্য এখানে পলে পলে নষ্ট করিয়া দেয়, এই আবহাওয়ার বিষাক্ত বাষ্প মনের আনন্দকে গলা টিপিয়া মারে। চোখে পীড়া দেয় যে অসুন্দর, তা ইহাদের অঙ্গের আভরণ। থাকিতে জানে না, বাস করিতে জানে না, শূকরপালের মত খায় আর কাদায় গড়াগড়ি দিয়া মহা আনন্দে দিন কাটায়। এত কুখী বেষ্টনীর মধ্যে দিন দিন যেন তাহার দম বন্ধ হইয়া আসিতেছে।

কিন্তু উপায় নাই, মনসাপোতা থাকিলেও আর কুলায় না, অথচ তের টাকা ভাড়ায় এর চেয়ে ভাল ঘর শহরে কোথাও মেলে না। তবুও অপর্ণা এই আলো-হাওয়াবিহীন স্থানেও

শ্রী-ছাঁদ আনিয়াছে, ঘরটা নিজের হাতে সাজাইয়াছে, বাস্তবপেট্রাতে নিজের হাতে বোনো ঘেরাটোপ, জানালায় ছিটের পর্দা, বালিশ মশারী সব ধপ ধপ করিতেছে, দিনে দু'তিনবার ঘর ঝাট দেয় ।

এই বাড়ির উপরের তলার ভাড়াটে গাঙ্গুলীদের একজন দেশস্থ আত্মীয় পীড়িত অবস্থায় এখানে আসিয়া দু'তিন মাস আছেন । আত্মীয়টি প্রোট, সঙ্গে তাঁর স্ত্রী ও ছেলেমেয়ে । দেখিয়া মনে হয় অতি দরিদ্র, বড়লোক আত্মীয়ের আশ্রয়ে এখানে রোগ সারাইতে আসিয়াছেন ও চোরের মত একপাশে পড়িয়া আছেন । বৌটি যেমন শাস্ত তেমন নিরীহ,—ইতিপূর্বেও কখনও কলিকাতায় আসে নাই—দিনরাত জুজুর মত হইয়া আছে । মা সারাদিন সংসারের খাটুনি খাটে, সময় পাইলেই, রুগণ স্বামীর মূখের দিকে উদ্ভিন্নদৃষ্টিতে চাহিয়া বসিয়া থাকে । তাহার উপর গাঙ্গুলী-বোয়ের ঝংকার, বিরক্তি প্রদর্শন, মধুবর্ষণ তো আছেই । অত্যন্ত গরীব, অপদু রোগী দেখিতে যাইবার ছলে মাঝে মাঝে বেদানা, আঙ্গুর, লেবু দিয়া আসিয়াছে । সেদিনও বড় ছেলেটিকে জামা কিনিয়া দিয়াছে ।

এদিকে তাহারও চলে না । এ সামান্য আয়ে সংসার চালানো একরূপ অসম্ভব । অপর্ণা অন্যদিকে ভাল গৃহিণী হইলেও পয়সা-কাড়ের ব্যাপারটা ভাল বোঝে না—দুজনে মিলিয়া মহা আমোদে মাসের প্ৰথম দিকটা খুব খরচ করিয়া ফেলে—শেষের দিকে কষ্ট পায় ।

কিন্তু সকলের অপেক্ষা কষ্টকর হইয়াছে অফিসের এই ভূতগত খাটুনি । ছুটি বলিয়া কোনও জিনিস নাই এখানে । ছোট ঘরটিতে টেবিলের সামনে ঘাড় গুঁজিয়া বসিয়া থাকা সকাল এগারোটা হইতে বৈকাল সাতটা পর্য্যন্ত । আজ দেড় বৎসর ধরিয়া এই চলিতেছে । এই দেড় বৎসরের মধ্যে সে শহরের বাহিরে কোথাও যায় নাই । অফিস আর বাসা, বাসা আর অফিস । শীলবাবুদের দমদমার বাগান-বাড়িতে সে একবার গিয়াছিল, সেই হইতে তাহার মনের মধ্যে সাধ নিজের মনের মত গাছ-পালায় সাজানো বাগান-বাড়িতে বাস করা । অফিসে যখন কাজ থাকে না, তখন একখানা কাগজে কাল্পনিক বাগান-বাড়ির নক্সা আঁকে । বাড়িটা যেমন তেমন হউক, গাছপালার বৈচিত্র্যই থাকিবে বেশী । গেটের দু'ধারে দুটা চীনা বাঁশের ঝাড় থাকুক । রাঙা সুন্দরীর পথের ধারে ধারে রজনীগন্ধা ও ল্যাভেডার ঘাসের পাড় বসানো বকুল ও কৃষ্ণচূড়ার ছায়া ।

বাড়িতে ফিরিয়া চা ও খাবার খাইয়া স্ত্রীর সঙ্গে গল্প করে—হ'্যা, তারপর কাঁটালি চাঁপার পারগোলাটা কোন্ দিকে হবে বলো তো ?

অপর্ণা স্বামীকে এই দেড় বছরে খুব ভাল করিয়া বুঝিয়াছে । স্বামীর এইসব ছেলে-মানুষিতে সেও সোৎসাহে যোগ দেয় । বলে—শুধু কাঁটালি চাঁপা ? আর কি কি থাকবে, জানলার জাফরিতে কি উঠিয়ে দেব বল তো ?

যে আমড়াতলার গিলির ভিতর দিয়া সে অফিস যায় তাহার মত নোংরা স্থান আর আছে কি-না সম্ভেদ । টুকিতেই শর্টকী' চিৎড়ি মাছের আড়ত সারি সারি দশ-পনেরোটা । চড়া রৌদ্রের দিনে যেমন তেমন, বৃষ্টির দিনে কার সাধ্য সেখান দিয়া যায় ? স্থানে স্থানে মারোয়াড়ীদের গরু ও বাড় পথ রোধ করিয়া দাঁড়াইয়া—পিচপিচে কাদা, গোবর, পচা আপেলের খোলা ।

নিত্য দু'বেলা আজ দেড় বৎসর এই পথে যাতায়াত ।

তা ছাড়া রোজ বেলা এগারোটা হইতে সাতটা পর্য্যন্ত এই দারুণ বন্দিতা ! অফিসে অন্য বাহারা আছে, তাহাদের ইহাতে তত কষ্ট হয় না । তাহারা প্রবীণ, বহুকাল ধরিয়া তাহাদের থাকের কলম শীলবাবুদের সেরেস্তার অক্ষয় হইয়া বিরাজ করিতেছে, তাহাদের গর্বও এইখানে । রোকড়-নবীশ রামধনবাবু বলেন—হে' হে', কেউ পারবে না মশাই, আজ এক

কলমে বাইশ বছর হ'ল বাবুদের এখানে—কোন ব্যাটার ফু' খাটবে না বলে দিও—চায় সালের ভূমিকম্প মনে আছে ? তখন কর্তা বে'চে, গদী থেকে বেরুচ্ছি, ওপর থেকে কর্তা হে'কে বললেন, ওহে রামধন, পোস্তা থেকে ল্যাংড়া আমের দরটা জেনে এসো দাঁকি চট ক'রেন বেরুতে যাবো মশাই—আর যেন মা বাসুদেবী একেবারে চৌদ্দ হাজার ফণা নাড়া দিয়ে উঠলেন—সে কি কান্ড মশাই ? হে' হে', আজকের লোক নই—

কণ্ট হয় অপদূর ও ছোকরা টাইপিস্ট নূপেনের । সে বেচারী উ'কি মারিয়া দেখিয়া আসে ম্যানেজার ঘরে বসিয়া আছে কিনা । অপদূর কাছে টুলের উপর বসিয়া বলে, এখনও ম্যানেজার হাইকোর্ট থেকে ফেরেন নি বুদ্ধি, অপদূর বাবু—ছটা বাজে, আজ ছুটি সেই সাতটায়—

অপদূর বলে, ও-কথা আর মনে করিয়ে দেবেন না, নূপেনবাবু । বিকেল এত ভালবাসি, সেই বিকেল দেখি নি যে আজ কত দিন । দেখুন তো বাইরে চেয়ে, এমন চমৎকার বিকেলটি, আর এই অশুকার ঘরে ইলেকট্রিক আলো জেলে ঠায় বসে আছি সেই সকাল দশটা থেকে ।

মাটির সঙ্গে যোগ অনেকদিনই তো হারাইয়াছে, সে সব বৈকাল তো এখন দু'রের স্মৃতি মাত্রা । কিন্তু কলিকাতা শহরের যে সাধারণ বৈকালগুলি তাও তো সে হারাইতেছে প্রতিদিন । বেলা পাঁচটা বাজলে এক-একদিন লুকাইয়া বাহিরে গিয়া দাঁড়াইয়া সম্মুখের বাড়ির উঁচু কার্ণিশের উপর যে একটুখানি বৈকালের আকাশ চোখে পড়ে তারই দিকে বুদ্ধির দৃষ্টিতে চাহিয়া থাকে ।

সামনেই উপরের ঘরে মেজবাবু বন্ধুবান্ধব লইয়া বিলিয়াড খেলিতেছেন, মার্কারটা রেলিং-এর ধারে দাঁড়াইয়া সিগারেট খাইয়া পুনরায় ঘরে ঢুকিল । মেজবাবুর বন্ধু নীলরতন-বাবু একবার বারান্দায় আসিয়া কাহাকে হাঁক দিলেন । অপদূর মনে হয় তাহার জীবনের বৈকালগুলি এরা পয়সা দিয়া কিনিয়া লইয়াছে, সবগুলি এখন ওদের জিম্মায়, তাহার নিজের আর কোন অধিকার নাই উহাতে ।

প্রথম জীবনের সে-সব মাধুরীভরা মনুষ্যগুণি যৌবনের কলকোলাহলে কোথায় মিলাইয়া গেল ? কোথায় সে নীল আকাশ, মাঠ, আমের বউলের গন্ধভরা জ্যোৎস্নারাত্রি ? পাখি আর ডাকে না, ফুল আর ফোটে না, আকাশ আর সবুজ মাঠের সঙ্গে মেশে না—যে টুফুলের ঘোপে সদ্যফোটা ফুলের তেতো গন্ধ আর বাতাসকে তেতো করে না । জীবনে সে যে রোমান্সের স্বপ্ন দেখিয়াছিল—যে স্বপ্ন তাহাকে একদিন শত দুঃখের মধ্য দিয়া টানিয়া আনিয়াছে তার সম্বন্ধ তো কই এখনও মিলিল না ? এ তো একরঙা ছবি মত বৈচিত্র্যহীন, কস্ম'ব্যস্ত, একঘেয়ে জীবন—সারাদিন এখানে অফিসের বন্ধুজীবন, রোকড়, খাঁড়ান, মট'গেজ, ইনকামট্যাক্সের কাগজের বোঝার মধ্যে পরকেশ প্রবীণ খুনো সংসারভিঞ্জ ব্যক্তিগণের সঙ্গে সপিনা ধরানোর প্রকৃষ্ট উপায় সম্বন্ধে পরামর্শ করা, এটার্ন'দের নামে বড় বড় চিঠি মনুশাবিদ্যা করা—সম্প্রায় পায়রার খোপের মত অপরিষ্কার নোংরা বাসাবাড়িতে ফিরিয়াই তখন আবার ছেলে পড়াইতে ছোটো ।

কেবল এক অপর্ণাই এই বন্ধ জীবনের মধ্যে আনন্দ আনে । অফিস হইতে ফিরিলে সে যখন হাসিমুখে চা লইয়া কাছে দাঁড়ায়, কোনদিন হালদুয়া, কোনদিন দু-চারখানা পরোটা, কোনদিন বা মর্দুড়ি নারিকেল রেকাবিতে স্নাজাইয়া সামনে ধরে, তখন মনে হয় এ যদি না থাকিত ! ভাগ্যে অপর্ণাকে সে পাইয়াছিল ! এই ছোট পায়রার খোপকে যে গৃহ বলিয়া মনে হয় সে শব্দ অপর্ণা এখানে আছে বলিয়া, নতুবা চোকী, টুল, বাসন-কোসন, জানালার পর্দা, এসব সংসার নয় ; অপর্ণা যখন বিশেষ ধরণের শাড়িটি পরিয়া ঘরের মধ্যে ঘোরাফেরা করে, অপদূর ভাবে, এ স্নেহনিড় শব্দ ওরই চারিধারে ঘিরিয়া, ওরই মন্থের হাসি বৃক্কের স্নেহ যেনপেরম আশ্রয়, নীড় রচনা সে ওরই ইন্দ্রজাল ।

অফিসে সে নানা স্থানের ভ্রমণকাহিনী পড়ে, ডেস্কের মধ্যে পুঁরিয়া রাখে। পুরানো বইয়ের দোকান হইতে নানা দেশের ছবিওয়লা বর্ণনাপূর্ণ বই কেনে—নানা দেশের রেলওয়ে বা স্টীমার কোম্পানী যে সব দেশে যাইতে সাধারণকে প্রলুভ করিতেছে—কেহ বলিতেছে, হাওয়াই দ্বীপে এস একবার—এখানকার নারিকেল কুঞ্জ, ওয়াকিকর বালুময় সমুদ্রবেলায় জ্যেৎস্নারাত্রি যদি তারাত্মমুখী উষ্মমালার সঙ্গীত না শুনিয়া মর, তবে তোমার জীবন বৃথা।

এলো-পাশো দেখে নাই। দক্ষিণ ক্যালিফোর্নিয়ার চুনাপাথরের পাহাড়ের ঢালতে, শান্ত রাত্রির তারাভরা আকাশের তলে স্বল বিছাইয়া একবারটি ঘুমাইয়া দেখিও শীতের শেষে নুড়িভরা উঁচুনীচু প্রান্তরে ককর্শ ঘাসের ফাঁকে ফাঁকে দৃ-এক ধরণের মাত্র বসন্তের ফুল প্রথম ফুটিতে শুরুর করে, তখন সেখানকার সোডা-আলকালির পলিমাটিপড়া রৌদ্রদীপ্ত মৃত্ত মরুবলয়ের রহস্যময় রূপ—কিংবা ওয়ালোয়া হ্রদের তীরে উন্নত পাইন ও ডগলাস ফারের ঘন অরণ্য, হ্রদের স্বচ্ছ, বরফগলা জলের তুষারকারিটী মাজামা অয়েম্‌গারি প্রতিচ্ছায়ার বস্পন—উত্তর আমেরিকার ঘন স্তম্ভ, নিষ্কর্জ অরণ্যভূমির নিয়ত পরিবর্তনশীল দৃশ্যরাজি, ককর্শ বস্পুর পশ্বতমালা, গম্ভীরনিনাদী জলপ্রপাত, ফোনিল পাহাড়ী নদীতীরে বিচরণশীল বঙ্গা হরিণের দল, ভালুক, পাহাড়ী ছাগল, ভেড়ার দল, উষ্ণ প্রস্রবণ, তুষারপ্রবাহ, পাহাড়ের ঢালুর গায়ে সিডার ও ম্যেপল গাছের বনের মধ্যে বুনো ভ্যালেরিয়ান ও ভায়োলোটে ফুলের বিচিত্র বর্ণসমাবেশ—দেখ নাই এসব? এস এস।

টাঁহিট! টাঁহিট! কোথায় কত দূরে, কোন জ্যেৎস্নালোকিত রহস্যময় কুলহীন স্বপ্ন-সমুদ্রের পারে, শুরভরাগ্রে গভীর জলের তলায় যেখানে মৃত্তার জন্ম হয়, সাগরগুহায় প্রবালের দল ফুটিয়া থাকে, কানে শুরুর দূরপ্রত সঙ্গীতের মত তাহাদের অপস্বর্ষ আহ্বান ভাসিয়া আসে। অফিসের ডেস্কে বসিয়া এক একদিন সে স্বপ্নে ভোর হইয়া থাকে—এই সবে স্বপ্নে। ঐ রকম নিষ্কর্জ স্থানে, যেখানে লোকালয় নাই, ঘন নারিকেল কুঞ্জের মধ্যে ছোট কুটির, খোলা জানালা দিয়া দূরের নীল সমুদ্র চোখে পড়িবে—তার ওপারে মরকতশ্যাম ছোট ছোট দ্বীপ, বিচিত্র পক্ষীরাজি, অজানা দেশের অজানা আকাশের তলে তারার আলোয় উজ্জ্বল মাঠটা একটা রহস্যের বাস্তবী বাঁহা আনিবে—কুটিরের ধারে ফুটিয়া থাকিবে ছোট ছোট বনফুল—শুরুর সে আর অপর্ণা।

এই সব বড়লোকের টাকা আছে, কিন্তু জগৎকে দেখিবার, জীবনকে বৃদ্ধিবার পিপাসা কই এদের? এ সিমেন্টে বাঁধানো উঠান, চেয়ার, কোচ, মোটর—এ ভোগ নয়, এই শৌখীন বিলাসিতার মধ্যে জীবনের সর্বাটিকে আলো-বাতাসের বাতায়ন আটকাইয়া এ মরিয়া থাকা—কে বলে ইহাকে জীবন? তাহার যদি টাকা থাকিত? কিছুর যদি থাকিত, সামান্যও কিছুর! অথচ ইহারা তো লাভ স্ক্রতি ছাড়া আর কিছুর শেখে নাই, হ্রব্যেও না, জানে না, জীবনে আগ্রহও নাই কিছুরেই, ইহাদের সিদ্ধক-ভরা নোটের তাড়া।

এই অফিস-জীবনের বশতাকে অপ শান্তভাবে, নিরুপায়ের মত দৃশ্বলের মত মাথা পাতিয়া স্বীকার করিয়া লইতে পারে নাই। ইহার বিরুদ্ধে, এই মানসিক দারিদ্র্য ও সঙ্কীর্ণতার বিরুদ্ধে তাহার মনে একটা স্বল্প চলিতেছে অনবরত, সে হঠাৎ দিমবার পাঠ নয় বলিয়াই এখনও টিকিয়া আছে,—ফেনোচ্ছল সুরার মত জীবনের প্রাচুর্য ও মাদকতা তাহার সারা অঙ্গের শিরায় উপশিরায়—ব্যগ্র, আগ্রহভরা তরুণ জীবন বৃদ্ধির রক্তে উম্মত্ততালে স্পন্দিত হইতেছে দিনরাত্রি—তাহার স্বপ্নকে আনন্দকে নিঃস্বাস বশ করিয়া মরিয়া ফেলা খুব সহজসাধ্য নয়।

ঐ স্তর এক এক সময় তাহারও সন্দেহ আসে। জীবন যে এই রকম হইবে, সূৰ্য্যোদয়

হইতে সর্ব্যাস্ত পর্য্যাস্ত প্রতি দণ্ড পল যে তুচ্ছ অর্কিষ্ণকর বৈচিত্র্যহীন ঘটনার ভরিয়া উঠিবে, তাহার কল্পনা তো তাহাকে এ আভাস দেয় নাই। তবে কেন এমন হয়! তাহাকে কাঁচা, অনভিজ্ঞ পাইয়া নিষ্ঠুর জীবন তাহাকে এতদিন কি প্রভারণাই করিয়া আসিয়াছে? ছেলেবেলায় মা যেমন নগ্ন দারিদ্র্যের রূপকে তাহার শৈশবচক্ষু হইতে বাঁচাইয়া রাখিতে চাহিত তেমনই!...

দেখিতে দেখিতে পূজা আসিয়া গেল। আজ দু'বৎসর এখানে সে চাকরি করিতেছে, পূজার পূর্বেই প্রতিবারই সে ও নূপেন টাইপস্ট কোথাও না কোথাও ঘাইবার পরামর্শ আঁটিয়াছে, নন্দা আঁকিয়াছে, ভাড়া কাঁষিয়াছে, কখনও পূর্নালিয়া কখনও পূর্নাই—যাওয়া অবশ্য কোথাও হয় না। তবুও ঘাইবার কল্পনা করিয়াও মনটা খুশী হয়। মনকে বোঝায় এবার না হয় আগামী পূজায় নিশ্চয়ই, নিশ্চয়ই—কেহ বাধা দিতে পারিবে না।

শনিবার অফিস বন্ধ হইয়া গেল। অপূর্ণ আজকাল এমন হইয়াছে বাড়ি ফিরিয়া অপর্ণার মুখ দেখিতে পারিলে যেন বাঁচে, কতক্ষণে সাতটা বাজিবে, ঘন ঘন ঘড়ির দিকে সতৃষ্ণ চোখে চায়। পাঁচটা বাজিয়া গেলে অকূল সময়-সমুদ্রে যেন থৈ পাওয়া যায়—আর মোটে ষষ্ঠা-দুই। ছ'টা—আর এক। হোক পায়রার খোপের মত বাসা, অপর্ণা যেন সব দুঃখ ভুলাইয়া দেয়। তাহার কাছে গেলে আর কিছুর মনে থাকে না।

অপর্ণা চা ও খাবার আনিল। এ সময়টা আধঘণ্টা সে স্বামীর কাছে থাকিতে পায়, গল্প করিতে পায়; আর সময় হয় না, এখনি আবার অপূর্ণকে ছেলে পড়াইতে বাহির হইতে হইবে। অপূর্ণ এ-সময় তাহাকে সব দিন পরিষ্কার পরিচ্ছন্ন দেখিয়াছে, ফরসা লালপাড় শার্টাটা পরা, চুলটি বাঁধা, পায়ে আলতা, কপালে সিঁদুরের টিপ—মূর্ত্তিমতী গৃহলক্ষ্মীর মত হাসিমুখে তাহার জন্য চা আনে, গল্প করে, রাগে কি রান্না হইবে রোজ জিজ্ঞাসা করে, সারাদিনের বাসার ঘটনা বলে। বলে, ফিরে এসো, দুজনে আজ মহারণী ঝাণ্ডন আর দিলীপ সিংহের কথাটা পড়ে শেষ করে ফেলব।

বার-দুই অপূর্ণ তাহাকে সিনেমায় লইয়া গিয়াছে, ছবি কি করিয়া নড়ে অপর্ণা বুদ্ধিতে পারে না, অবাক হইয়া দেখে, গল্পটাও ভাল বুদ্ধিতে পারে না। বাড়ি আসিয়া অপূর্ণ বুঝাইয়া বলে।

চায়ের বাটিতে চুমুক দিয়া অপূর্ণ বলিল—এবার তো তোমায় নিয়ে যেতে লিখেছেন শ্বশুরমশায়, কিন্তু অফিসের ছুটির যা গতিক—রাম এসে কেন নিয়ে যাক না? তারপর আমি কার্তিক মাসের দিকে না হয় দু-চারদিনের জন্যে যাব? তা ছাড়া যদি যেতেই হয় তবে এ সময় যত সকালে যেতে পারা যায়—এ সময়টা বাপ-মায়ের কাছে থাকা ভাল ভেবে দেখলাম।

অপর্ণা লজ্জারস্তমুখে বলিল—রাম ছেলেমানুষ, ও কি নিয়ে যেতে পারবে? তা ছাড়া মা তোমায় কতদিন দেখেন নি, দেখতে চেয়েছেন।

—তা বেশ চলো, আমিই যাই। রামের হাতে ছেড়ে দিতে ভরসা হয় না, এ অবস্থায় একটু সাবধানে ঠাণ্ডা-নামা করতে হবে কিনা। দাও তো ছাতাটা, ছেলে পরিবে আসি। যাওয়া হয় তো চলো কালই যাই।—হ্যাঁ একটা সিগারেট দাও না?

—আবার সিগারেট! আটটা সিগারেট সকাল থেকে খেয়েছো—আর পাবে না—আবার পাড়িয়ে এলে একটা পাবে।

—দাও দাও লক্ষ্মীটি—রাতে আর চাইব না—দাও একটি।

অপর্ণা হুকুমিত করিয়া হাসিমুখে বলিল—আবার রাগে তুমি কি ছাড়বে আর একটা না নিয়ে? তেমন ছেলে তুমি কিনা!...

বেশী সিগারেট খায় বলিয়া অপূর্ণ সিগারেটের টিন অপর্ণার জিন্মায় রাখিবার প্রস্তাব

করিয়াছিল। অপর্ণার কড়াকাড়ি বন্দোবস্ত সব সময় খাটে না, অপ্ন বরাহ্ম অনুষায়ী সিগারেট নিঃশেষ করিবার পর আরও চায়, পীড়াপীড়ি করে, অপর্ণাকে শেষকালে দিতেই হয়। তবে ঘরে সিগারেট না মিলিলে বাহিরে গিয়া সে পারতপক্ষে কেনে না—অপর্ণাকে প্রবঞ্চনা করিতে মনে বড় বাধে—কিন্তু স্বাধীন নয়, ছাটি-ছাটার দিন বাড়িতে প্রাপ্য আদায় করিয়াও আরও দ্ব-এক বাস্তু কেনে, যদিও সে কথা অপর্ণাকে জানায় না।

ছেলে পড়াইয়া আসিয়া অপ্ন দেখিল উপরের রুগ্ণ ভদ্রলোকটির ছোট মেয়ে পিষ্টু তাহাদের ঘরের এককোণে ভীত, পাংশু মুখে বসিয়া আছে। বাড়িসুদ্ধ হৈ-টৈ! অপর্ণা বলিল, ওগো এই পিষ্টু গাঙ্গুলীদের ছোট খুকীকে নিয়ে গোলদীঘতে বেড়াতে বেরিয়েছিল। ও-বুঝি চীনেবাদাম খেয়ে কলে জল খেতে গিয়েছে, আর ফিরে এসে দ্যাখে খুকী নেই, তাকে আর খুঁজে পাওয়া যাচ্ছে না। ওর মা তো একেই জুজু হয়ে থাকে, আহা সে বেচারী তো নবমীর পাঠার মত কাঁপছে আর মাথা কুটছে। আমি পিষ্টুকে এখানে লুকিয়ে রেখে দিয়েছি নইলে ওর মা ওকে আজ গর্ডো করে দেবে। আর গাঙ্গুলী-গিন্নী যে কি কাণ্ড করছে, জানেই তো তাকে, তুমিও একটু দেখো না গো!

গাঙ্গুলী-গিন্নী মরাকামার আওয়াজ করিতেছেন, কানে গেল।—ওগো আমি দুধ দিয়ে কি কালসাপ পুষেছিলাম গো! আমার এ কি সর্বনাশ হ'ল গো মা, ওগো তাই আপদেরা বিদেশ হয় না আমার বাড় থেকে—এতদিনে মনোবাহা—ইত্যাদি।

অপ্ন তাড়াতাড়ি বাহির হইয়া গেল, বলিল—পিষ্টু খেয়েছে কিছ?

—খাবে কি? ও কি ওতে আছে? গাঙ্গুলী-গিন্নী দাঁত পিষছে, আহা, ওর কোন দোষ নেই, ও কিছতেই নিয়ে যাবে না, সেও ছাড়বে না, তাকে আগলে রাখা কি ওর কাজ!

সকলে মিলিয়া খুঁজিতে খুঁজিতে খুকীকে কলুটোলা থানায় পাওয়া গেল। সে পথ হারাইয়া ঘুরিভেঁছিল, বাড়ির নম্বর, রাস্তার নাম বলিতে পারে না, একজন কনস্টেবল এ অবস্থায় তাহাকে পাইয়া থানায় লইয়া গিয়াছিল।

বাড়ি আসিলে অপর্ণা বলিল—পাওয়া গিয়েছে ভালই হ'ল, আহা বোটাকে আর মেয়েটাকে কি ক'রেই গাঙ্গুলী-গিন্নী দাঁতে পিষছে গো! মানুষ মানুষকে এমনও বলতে পারে! কাল নাকি এখন থেকে বিদেশ হতে হবে—হুকুম হয়ে গিয়েছে।

অপ্ন বলিল—কিছ দরকার নেই। কাল আমরা তো চলে যাচ্ছি, আমার তো আসতে এখনও চার-পাঁচ দিন ধেরি। ততদিন ও'রা রুগী নিয়ে আমাদের ঘরে এসে থাকুন, আমি এলেও অসুবিধে হবে না, আমি না হয় এই পাশেই বরদাবাবুদের মেসে গিয়ে রাত্রে শোব। তুমি গিয়ে বলো বোঁ-ঠাকরুণকে। আমি বুঝি অপর্ণা! আমার মা আমার বাবাকে নিয়ে কাশীতে আমার ছেলেবেলায় ওই রকম বিপদে পড়েছিল—তোমাকে সে সব কথা কখনও বলি ন, অপর্ণা। বাবা মারা গেলেন, হাতে একটা সিক-পয়সা নেই আমাদের, সেখানকার দ্ব-একজন লোক কিছ কিছ সাহায্য করলে, হবিষ্যর খরচ জোটে না—মা-তে আমাদের রাত্রে শব্দ অডরের ডাল ভিজ়ে খেয়ে কাটিয়েছি। আমি তখন ছেলেমানুষ, বছর দশেক মোটে বয়েস—গরীব হওয়ার কষ্ট যে কি, তা আমার বুঝতে বাকী নেই—কাল সকালেই ও'রা এখানে আসুন।

অপর্ণা ঘাইবার সময় পিষ্টুর-মা খুব কাঁদিল। এ বাড়িতে বিপদে-আপদে অপর্ণা মথেন্ট করিয়াছে। রোগীর সেবা করিয়া ছেলেমেয়েকে দেখিতে সময় পাইত না, তাহাদের চুল বাঁধা, টিপ পরানো, খাবার খাওয়ানো, সব নিজের ঘরে ডাকিয়া আনিয়া অপর্ণা করিত। পিষ্টু তো মাসীমা বলিতে অজ্ঞান, সকলের কামা থামে তো পিষ্টুকে আর থামানো যায় না। বউয়ের বয়স অপর্ণার চেয়ে অনেক বেশী। সে কাঁদিতে কাঁদিতে বলিল, চিঠি দিও ভাই,

দুটো দুঃঠাই ভালয় ভালয় হয়ে গেলে আমি মায়ের পূজা দেবো ।
ঘরের চাঁবি পিণ্ডুর মায়ের কাছে রহিল ।

রৈলে ও স্টীমারে অনেকদিন পর চড়া । দুঃজনেই হাঁফ ছাড়িয়া বাঁচিল । দুঃজনেই খুব খুশী । অপর্ণাও পল্লীগামের মেয়ে, শহর তাহার ভাল লাগে না । এতটুকু ঘরে কোনদিন থাকে নাই, সকাল ও সন্ধ্যাবেলা যখন সব বাসাড়ে মিলিয়া একসঙ্গে কয়লার উনুনে আগুন দিত, ধোঁয়ায় অপর্ণার নিঃশ্বাস বন্ধ হইয়া আসিত, চোখ জ্বালা করিত, সৈকি ভীষণ যন্ত্রণা । সে নদীর ধারের মস্ত আলো-বাতাসে প্রকাণ্ড বাড়িতে মানুষ হইয়াছে । এসব কষ্ট জীবনে এই প্রথম—এক একদিন তাহার তো কান্না পাইত । কিন্তু এই দুই বৎসরে সে নিজের সুখ-সুবিধার কথা বড় একটা ভাবে নাই । অপূর্ণ উপর তাহার একটা অদ্ভুত স্নেহ গড়িয়া উঠিয়াছে, ছেলের উপর মায়ের স্নেহের মত । অপূর্ণ কৌতুকাপ্রিয়তা, ছেলেমানুষি, খেয়াল, সংসার-অনিভক্ততা, হাসি-খুশি, এসব অপর্ণার মাতৃষ্কে অদ্ভুতভাবে জাগাইয়া তুলিয়াছে । তাহার উপর স্বামীর দুঃখময় জীবনের কথা, ছাত্রাবস্থায় দারিদ্র্য ও অনাহারের সঙ্গে সংগ্রাম—সে সব শুনিয়াছে । সে-সব কথা অপূর্ণ বলে নাই, সে-সব বলিয়াছে প্রণব । বরং অপূর্ণ নিজের অবস্থা অনেক বাড়াইয়া বলিয়াছিল—নির্শাসিন্দপূর্ণের নদীর ধারের পৈতৃক বৃহৎ দোতলা বাড়িটার কথাটা আরও দুঃ-একবার না তুলিয়াছিল এমন নহে—নিজে কলেজ হোস্টেলে ছিল এ কথাও বলিয়াছে । বুদ্ধিমতী অপর্ণার স্বামীকে চিনিতে বাকী নাই । কিন্তু স্বামীর কথা সে যে সর্ব্বৈব মিথ্যা বলিয়া বুঝিয়াছে এ ভাব একদিনও দেখায় নাই । বরং সন্মেনহে বলে—দ্যাখো, তোমাদের দেশের বাড়িটাতে যাবে যাবে বললে, একদিনও তো গেলে না—ভাল বাড়িখানা,—পুলদার মুখে শুনোছি, জমিজমাও বেশ আছে—একদিন গিয়ে বরং সব দেখে-শুনে এসো । না দেখলে কি ও-সব থাকে ?...

অপূর্ণ আমতা আমতা করিয়া বলে—তা যেতামই তো কিন্তু বড় ম্যালেরিয়া । তাতেই তো সব ছাড়লাম কিনা ? নৈলে আজ অভাব কি ?...

কিন্তু অসতর্ক মূহুর্তে দুঃ-একটা বেকাসি কথা মাঝে মাঝে বলিয়াও ফেলে, ভুলিয়া যায় আগে কি বলিয়াছিল কোন সময় । অপর্ণা কখনও দেখায় নাই যে, এ সব কথার অসামঞ্জস্য সে বুঝিতে পারিয়াছে । না খাইয়া যে কষ্ট পায় অপর্ণার এ কথা জানা ছিল না । সচ্ছল ঘরের আদরে লালিতান্ধমেয়ে, দুঃখ-কষ্টের সম্বন্ধ সে জানে না । মনে মনে ভাবে, এখন হইতে স্বামীকে সে সুখে রাখবে ।

এটা একটা নেশার মত তাহাকে পাইয়াছে । অস্পৃশ্যনেই সে আবিষ্কার করিয়া ফেলিল, অপূর্ণ কি কি খাইতে ভালবাসে । তালের ফুলদার সে করিতে জানিত না, কিন্তু অপূর্ণ খাইতে ভালবাসে বলিয়া মনসাপোতাঙ্কনিরুপমার কাছে শিখিয়া লইয়াছিল ।

এখানে সে কর্তাধন অপূর্ণকে কিছু না জানাইয়া রাজার হইতে ভাল আনাইয়াছে, সব উপকরণ আনাইয়াছে । অপূর্ণ হয়তো বর্ষার জলে ভিজিয়া অফিস হইতে বাসায় ফিরিয়া হাসিমুখে বলিত—কোথায় গেলে অপর্ণা ? এত সকালে রান্নাঘরে কি, দেখি ? পরে উঁকি দিয়া দেখিয়া বলিত, তালের বড়া ডাজা হচ্ছে বুঝি ! তুমি জানলে কি ক'রে—বাবে !...

অপর্ণা উঠিয়া স্বামীর শুকনো কাপড়ের ব্যবস্থা করিয়া দিত, বলিত, এসো না, ওখানেই বসে থাকে, গরম গরম ভেজে দি— । অপূর্ণ বুকটা ছাঁৎ করিয়া উঠিত । ঠিক এই ভাবেরই কথা বলিত মা । অপূর্ণ অদ্ভুত মনে হয়, মায়ের মত স্নেহশীলা, সেবাপরায়ণা, সেইরকম অন্তঃস্বামিনী । বাস্তুক্যের কস্মিন্দু মা যেন ইহারই নবীন হাতে সকল ভার সঁপিয়া দিয়া চলিয়া গিয়াছে । মেয়েদের দেখিবার চোখ তাহার নতুন করিয়া ফোটে, প্রত্যেককে দেখিয়া

মনে হয়, এ কাহারও মা, কাহারও স্ত্রী, কাহারও বোন। জীবনে এই তিনরূপেই সে নারীদের পাইয়াছে, তাহাদের মঙ্গল হস্তের পরিবেষণে এই ছাশ্বিশ বৎসরের জীবন পদুশ্ট হইয়াছে, তাহাদের কি চিন্তিতে বাকী আছে তাহার ?

স্টীমার ছাড়িয়া দৃজনৈ নৌকায় চড়িল। অপর্ণার খুড়তুতো ভাই মুরারি উহাদের নামাইয়া লইতে আসিয়াছিল, সে-ও গম্ভ করিতে করিতে চলিল। অপর্ণা ঘোমটা দিয়া একপাশে সরিয়া বসিয়াছিল। হেমন্ত-অপরাহ্নের স্নিগ্ধ ছায়া নদীর বৃকে নামিয়াছে, বাঁ দিকের তীরে সারি সারি গ্রাম, একখানা বড় হাঁড়-কলসী বোঝাই ভড় যশাইকাটির ঘাটে বাধা।

অপূর মনে একটা মূস্তুর আনন্দ—আর মনেও হয় না যে জগতে শীলদের অফিসের মত ভয়ানক স্থান আছে। তাহার সহজ আনন্দ-প্রবণ মন আবার নাচিয়া উঠিল, চারিধারের এই শ্যামলতা, প্রসার, নদীজলের গন্ধের সঙ্গে তাহার যে নাড়ীর যোগ আছে।

কৌতুক দেখিবার জন্য অপর্ণাকে লক্ষ্য করিয়া হাসিমুখে বলিল—ওগো কলাবৌ, ঘোমটা খোলো, চেয়ে দ্যাখো, বাপের বাড়ির দ্যাশ্টো চেয়ে দ্যাখো গো—

মুরারি হাসিমুখে অন্যদিকে মুখ ফিরাইয়া রহিল। অপর্ণা লজ্জায় আরও জড়সড় হইয়া বসিল। আরও খানিকটা আসিয়া মুরারি বলিল—তোমরা যাও, এইখানেই হাটে যদি বড় মাছ পাওয়া যায়, জ্যাঠাইমা কিনতে বলে দিচ্ছেন। এইটুকু হেঁটে যাব এখন।

মুরারি নামিয়া গেলে অপর্ণা বলিল—আচ্ছা, তুমি কি? দাদার সামনে ওইরকম করে আমায়—তোমার সেই দৃষ্টুমি এখনও গেল না? কি ভাবলে বল তো দাদা—ছিঃ! পরে রাগের সুরে বলিল—দৃষ্টু কোথাকার, তোমার সঙ্গে আমি আর কোথাও কথখনো যাবো না—কথখনো না, থেকে একলা বাসায়।

—বয়েই গেল! আমি তোমাকে মাথার দিব্যি দিয়ে সেধেছিলুম কিনা? আমি নিজে মজা করে রেখে খাব।

—তাই খেও। আহা হা, কি রান্নার ছাঁদ, তবু যদি আমি না জানতাম! আলু ভাতে, বেগুন ভাতে, সাত রকম তরকারী সব ভাতে—কি রাধুনী!

—নিজের দিকে চেয়ে কথা বলো। প্রথম ষোড়িন খুলনার ঘাটে রেখেছিলে, মনে আছে—সব আলুনি?

—ওমা মা আমার কি হবে! এত বড় মিথ্যেবাদী তুমি, সব আলুনি! ওমা আমি কোথায়—

—সব। বিলকুল। মায় পটলভাজা পর্যন্ত।

অপর্ণা রাগ করিতে গিয়া হাসিয়া ফেলিল, বলিল—তুমি ডাঙন মাছ খাও নি? আমাদের এ নোনা গাঙের ডাঙন মাছ ভারী মিষ্টি। কাল মাকে বলে তোমায় খাওয়াব।

—লজ্জা করবে না তার বেলায়? কি বলবে মাকে—ও মা, এই আমার—

অপর্ণা স্বামীর মুখে হাত চাপা দিয়া বলিল—চূপ।

ঠিক সন্ধ্যার সময় অপর্ণাদের ঘাটে নৌকা লাগিল। দৃজনেরই মনে এক অপদৃশ্য ভাব। শটিবনের সুগন্ধভরা স্নিগ্ধ হেমন্ত-অপরাহ্ন তার সবটা কারণ নয়, নদীতীরে স্পৃশি হইয়া থাকা গোলগাছের সবুজ সারিও নয়, কারণ—তাহাদের আনন্দ-প্রবণ অনাবিল যৌবন—ব্যগ্র, নবীন, আগ্রহভরা যৌবন।

জ্যোৎস্নারাত্রি উপরের ঘরে ফুলশয্যার সেই পালকে বাতি জ্বালিয়া বসিয়া পড়িতে পড়িতে সে অপর্ণার প্রতীক্ষায় থাকে। নারিকেলশাখার দেবীপঙ্কের বকের পালকের মত শব্দ চাঁদের আলো পড়ে, বাহিরের রাত্রির দিকে চাইয়া কত কথা মনে আসে, কত সব

পূরাতন স্মৃতি—কোথায় যেন এই ধরণের সব পূরানো দিনের কত জ্যেষ্ঠনা করা রাত । এ যেন সব আরব্য-উপন্যাসের কাহিনী, সে ছিল কোন কুঁড়েঘরে, পেট পূরানো সব দিন খাইতেও পাইত না—সে আজ এত বড় প্রাচীন জমিদার ঘরের জামাই, অথচ আশ্চর্য এই যে, এইটাই মনে হইতেছে সত্য । পূরানো দিনের জীবনটা অবাস্তব, অস্পষ্ট, ধোয়া ধোয়া মনে হয় ।

হেমস্তের রাতি । ঠাণ্ডা বেশ । কেমন একটা গন্ধ বাতাসে, অপূর মনে হয় কুয়াসার গন্ধ । অনেক রাত্রি অপর্ণা আসে । অপূর বলে—এত রাত যে ! আমি কতক্ষণ জেগে বসে থাকি !

অপর্ণা হাসে । বলে—নিচে কাকাবাবুর শোবার ঘর । আমি সিঁড়ি দিয়ে এলে পায়ের শব্দ ওঁর কানে যায়—এই জন্য উঁনি ঘরে খিল না দিলে আসতে পারি নে । ভারী লজ্জা করে ।

অপূর জানালার খড়খড়টা সশব্দে বন্ধ করিয়া দিল । অপর্ণা লাজুক মূখে বলিল—এই শব্দ হ'ল বুঝি দৃষ্টিম ? তুমি কী !—কাকাবাবু এখনো ঘুমোয় নি যে !

অপূর আবার খটাস করিয়া খড়খড়ি খুলিয়া অপেক্ষাকৃত উচ্চসুরে বলিল—অপর্ণা, এক গ্লাস জল আনতে ভুলে গেলে যে !...ও অপর্ণা—অপর্ণা ?...

অপর্ণা লজ্জায় বালিশের মধ্যে মূখ গুঁজড়াইয়া পড়িয়া রহিল ।

ভোর রাত্রিও দুজনে গল্প করিতেছিল ।

সকালের আলো ফুটিল । অপর্ণা বলিল—তোমার ক'টায় স্টীমার ?...সারারাত তো নিজেও ঘুমুয়ে না, আমাকেও ঘুমুয়ে দিলে না—এখন খানিকটা ঘুমিয়ে থাকো—আমি অন্যদিকে পাঠিয়ে ভুলে দেব'খন বেলা হলে । গিয়েই চিঠি দিও কিন্তু । জানলার পর্দাগুলো ধোয়ার বাড়ি দিও—আমি না গেলে আর সাবান কে দেবে ? সম্মুখে স্বামীর গায়ে হাত বুলাইয়া বলিল—কি রকম রোগা হয়ে গিয়েছ—এখন তোমাকে কাছছাড়া করতে ইচ্ছে করে না—কলকাতায় না মেলে দুধ, না মেলে কিছ । এখানে এসময় কিছদিন থাকলে শরীরটা সারত । রোজ অফিস থেকে এসে মোহনভোগ খেও—পিপটুর মাকে বলে এসেছি—সে-ই ক'রে দেবে । এখন তো খরচ কমল ? বেশী ছেলে পড়ানোতে কাজ নেই । যাই তাহলে ?

অপূর বলিল—ব'স, ব'স—এখনও কোথায় তেমন ফর্সা হয়েছে ?—কাকার উঠতে এখনও দেরি !

অপর্ণা বলিল—হ্যা, আর একটা কথা—ব্যাকো, মনসাপোতার ঘরটা এবার খুঁচি দিয়ে রেখো । নইলে বর্ষার দিকে বড় খরচ পড়ে যাবে, কলকাতার বাসায় তো চিরদিন চলবে না—ওই হ'ল আপন ঘরদোর । এবার মনসাপোতায় ফিরব, বাস না করলে খড়ের ঘর টেকে না । যাই এবার, কাকা এবার উঠবেন । যাই ?

অপর্ণা চলিয়া গেলে অপূর মন খুঁত খুঁত করিতে লাগিল । এখনও বাড়ির কেহই উঠে নাই—কেন সে অপর্ণাকে ছাড়িয়া দিল ? কেন বলিল—যাও ! তাহার সম্মতি না পাইলে অপর্ণা কখনই যাইত না ।

কিন্তু অপর্ণা আর একবার আসিয়াছিল ষটাখানেক পরে, চা দেওয়া হইবে কিনা জিজ্ঞাসা করিতে—অপূর তখন ঘুমাইতেছে । খোলা জানালা দিয়া মূখে রোদ লাগতেছে । অপর্ণা সন্তপণে জানালাটা বন্ধ করিয়া দিল । ঘুমন্ত অবস্থায় স্বামীকে এমন দেখায় ! এমন একটা মায়া হয় ওর ওপরে ! সিঁড়ি দিয়া নামিবার সময় ভাবিল, মা সত্যিই বলে বটে, পটের মূখ—পটে আঁকা ঠাকুর দেবতার মত মূখ—

চলিয়া আসিবার সময়ে কিন্তু অপর্ণার সঙ্গে দেখা হইল না। অপর্ণার আগ্রহ ছিল, কিন্তু আত্মীয় কুটুম্ব পরিজনে বাড়ি সরগরম—কাহাকে যে বলে অপর্ণাকে একবার ডাকিয়া দিতে? মদুখচোরা অপদ ইচ্ছাটা কাহাকেও জানাইতে পারিল না। নৌকায় উঠিয়া মদুরারির ছোট ভাই বিশদু বলিল—আসবার সময় দাঁদির সঙ্গে দেখা করে এলেন না কেন, জামাইবাবু? দাঁদি সিঁড়ির ঘরে জানালার ধারে দাঁড়িয়ে কাঁদছিল, আপনি যখন চলে আসেন—

কিন্তু নৌকা তখন জোর ভাঁটার টানে যশাইকাটির বাঁকের প্রায় কাছাকাছি আসিয়া পেরিঁছিয়াছে।

এবার কলিকাতায় আসিয়া অনেকদিন পরে দেওয়ানপদরের বাল্যবন্ধু দেবব্রতের সঙ্গে দেখা হইল। সে আমেরিকা যাইতেছে। পরস্পরের দেখা-সাক্ষাৎ না হওয়ায় কেহ কাহারও ঠিকানা জানিত না। অথচ দেবব্রত এখানেই কলেজে পড়িতেছিল, এবার বি. এস-সি. পাস করিয়াছে।...অপর্ণার কাছে ব্যাপারটা আশ্চর্য ঠেকিল, আনন্দ হইল, হিংসাত হইল। প্রতি শনিবারে বাড়ি না যাইয়া যে থাকিতে পারিত না, সেই ঘর-পাগল দেবব্রত আমেরিকা চলিয়া যাইতেছে!

মাস দুই-তিন বড় কষ্টে কাটিল। আজ এক বছরের অভ্যাস—অফিস হইতে বাসায় ফিরিয়া অপর্ণার হাসিভরা মদুখ দেখিয়া কাম্বোজময় মন শান্ত হইত। আজকাল এমন কষ্ট হয়! বাসায় না ফিরিয়াই সোজা ছেলে পড়াইতে যায় আজকাল, বাসায় মন লাগে না, খালি খালি ঠেকে।

লীলারা কেহ এখানে নাই। বন্দুমানের বিষয় লইয়া কি সব মামলা মকদ্দমা চলিতেছে, অনেকদিন হইতে তাহারা সেখানে।

একদিন রবিবারে সে বেলুড় মঠ বেড়াইয়া আসিয়া অপর্ণাকে এক লম্বা চিঠি দিল, ভারী ভাল লাগিয়াছে জামগাটা, অপর্ণা এখানে আসিলে একদিন বেড়াইয়া আসিবে। এসব পত্রের উত্তর অপর্ণা খুব শীঘ্রই দেয়, কিন্তু পত্রখানার কোন জবাব আসিল না—দুদিন, চারদিন, সাতদিন হইয়া গেল। তাহার মন অশ্রু হইয়া উঠিল—কি ব্যাপার? অপর্ণা হয়ত নাই, সে মারা গিয়াছে—ঠিক তাই। রাত্রে নানা রকম স্বপ্ন দেখে—অপর্ণা ছলছল চোখে বলিতেছে—তোমায় তো বলেছিলাম আমি বৈশাখদিন বাঁচব না, মনে নেই? সেই মনসাপোতায় একদিন রাত্রে?—আমার মনে কে বলত। যাই—আবার আর জন্মে দেখা হবে।

পরদিন পড়বে শনিবার। সে অফিসে গেল না, চাকুরির মায়ফ না করিয়াই স্টুটেকেস গুছাইয়া বাহির হইয়া যাইতেছে এমন সময় শ্বশুরবাড়ির পত্র পাইল। সকলেই ভাল আছে। যাক্—বাঁচা গেল! উঃ, কি ভয়ানক দুর্ভাবনার মধ্যে ফেলিয়াছিল উহারা! অপর্ণার উপর একটু অভিমানও হইল। কি কাণ্ড, মন ভাল না থাকিলে এমন সব অশ্রুত কথাও মনে আসে। কল্পদিন সে ক্রমাগত ভাবিয়াছে, 'ওগো মাঝ তরী হেথ' গানটা কলিকাতায় আজকাল সবাই গায়। কিন্তু গানটার বর্ণনার সঙ্গে তার শ্বশুরবাড়ির এত হৃদহৃদ মিল হয় কি করিয়া? গানটা কি তাহার বেলায় খাটিয়া যাইবে?

শনিবার অফিস হইতে ফিরিয়া দেখিল, মদুরারি তাহার বাসায় বার-বারাশ্রয় চেনার-খানাতে বাসিয়া আছে। শ্যালককে দেখিয়া অপদ খুব খুশী হইল—হাসিমুখে বলিল, এ কি, বাসরে! সাক্ষাৎ বড়কুটুম যে। কার মদুখ দেখে না জানি যে আজ সকালে—

মদুরারি খামে-আটা একখানা চিঠি তাহার হাতে দিল—কোন কথা বলিল না। অপদ পত্র-খানা হাত বাড়াইয়া লইতে গিয়া দেখিল, মদুরারির মদুখ কেমন হইয়া গিয়াছে। সে যেন চোখের জল চাপিতে প্রাণপণ চেষ্টা করিতেছে।

অপদ্র বৃকের ভিতরটা হঠাৎ যেন হিম হইয়া গেল। কেমন করিয়া আপনা-আপনি তাহার মূখ দিয়া বাহির হইল—অপর্য্য নেই ?

—মদ্রার নিজেকে আর সামলাইতে পারিল না।

—কি হইয়াছিল ?

—কাল সকালে আটটার সময় প্রসব হ'ল—সাড়ে ন'টার সময়—

—জ্ঞান ছিল ?

—আগাগোড়া। ছোট কাকীমার কাছে চুপি চুপি নাকি বলেছিল ছেলে হওয়ার কথা তোমাকে তার ক'রে জানাতে। তখন ভালই ছিল। হঠাৎ ন'টার পর থেকে—

ইহার পর অপদ্র অনেক সময় ভাবিয়া আশ্চর্য্য হইত—সে তখন স্বাভাবিক সূত্রে অতর্কিত প্রসঙ্গ একসঙ্গে করিয়াছিল কি করিয়া ! মদ্রার বাড়ি ফিরিয়া গল্প করিয়াছিল—অপদ্র'রবে কি ক'রে খবরটা শোনাব, সারা রেল স্টীমারে শূধু তাই ভেবেছিলাম—কিন্তু সেখানে গিয়ে আশ্চর্য্য হয়ে গেলাম, আমায় বলতে হ'ল না—ওই খবর টেনে বার করলে।

মদ্রার চলিয়া গেলে সন্ধ্যার দিকে একবার অপদ্র মনে হইল, নবজাত পদ্রটি বাঁচিয়া আছে, না নাই ? সে কথা তো মদ্রারিকে জিজ্ঞাসা করা হয় নাই বা সে-ও কিছদ্র বলে নাই। কে জানে, হয়ত নাই।

কথাটা ক্রমে বাসার সকলেই শুনিল। পরদিন যথারীতি অফিসে গিয়াছিল, অফিস হইতে ফিরিয়া হাতমূখ ধুইতেছে, উপরের ভাড়াটে বশুদ্র সেন মহাশয় অপদ্রদের ঘরের বারান্দাতে উঠিলেন। অপদ্র বলিল—এই যে সেন মহাশয়, আসুন, আসুন।

সেন মহাশয় জিহ্বা ও তালদ্র সাহায্যে একটা দ্বংখসূচক শব্দ উচ্চারণ করিয়া টুলখানা টানিয়া লইয়া হতাশভাবে বসিয়া পড়িলেন।

—আহা-হা, রূপে সরস্বতী গুণে লক্ষ্মী। কলের কাছে মেদিন মা আমার সাবান নিয়ে কাপড় ধুচ্ছেন, আমি সকাল সকাল স্নান করব বলে ওপরের জানালা দিয়ে মূখ বাড়িয়ে দেখি। বললাম—কে, বৌমা ? তা মা আমার একটু হাসলেন—বলি তা থাক, মায়ের কাপড় কাচা হয়ে থাক। স্নানটা না হয় ন'টার পরেই করা যাবে এখন—একদিন ইলিশ মাছের দইমাছ রেখেছেন, অর্মানি তা বাটি ক'রে ওপরে পাঠিয়ে দিয়েছেন—আহা কি নরম কথা, কি লক্ষ্মীপ্রী—সবই শ্রীহরির ইচ্ছে ! সবই তাঁর—

তিনি উঠিয়া যাইবার পর আনিলেন গাঙ্গুলী-গৃহণী। বয়সে প্রবীণা হইলেও ইনি কখনও অপদ্র সঙ্গে সাক্ষাৎভাবে কথাবার্তা বলেন নাই। আধঘোমটা দিয়া ইনি দোরের আড়াল হইতে বলিতে লাগিলেন—আহা, জলজ্যান্ত বৌটা, এমন হবে তা বখনও জানি নি, ভাবি নি—কাল আমার বড় ছেলে নবীন বলছে রাস্তরে, যে, মা শূনেছ এইরকম, অপদ্র'র-বাবুর স্ত্রী মারা গিয়েছেন এই মাস্তর খবর এল—তা বাবা আমি বিশ্বাস করি নি। আজ সকালে আবার বাঁটুল বললে—তা বলি, যাই জেলে আসি—আসব কি বাবা, দ্রুই ছেলের আপিসের ভাত, বাঁটুলের আজকাল আবার দমদমার গুলির কারখানার কাজ, দ্রুটো নাকে-মুখে গন্ধুই দৌড়ায়, এখন আড়াই টাকা হস্তা, সাহেব বলেছে গৌশেখ মাস থেকে দেড় টাকা বাড়িয়ে দেবে। ওই এক ছেলে রেখে ওরমা মারা যায়, সেই থেকে আমারই কাছে—আহা তা ভেবে না বাবা—সবারই ও কষ্ট আছে,—তুমি পদ্র'র মানদ্র তোমার ভাবনা কি বাবা ? বলে—

বজায় থাকুক্ চুড়া-বাঁশী

মিলবে কত সেবাদাসী—

—একটা ছেড়ে দশটা বিয়ে কর না কেন ?—তোমার বয়সটাই বা কি এমন—

অপু ভাবিল—এরা লোক ভাল তাই এসে এসে বলছে। কিন্তু আমরা কেন একটু একা থাকতে দেয় না? কেউ না আসে ঘরে সেই আমার ভাল। এরা কি বন্ধবে?

“সন্ধ্যা হইয়া গেল। বারান্দায় যে কোণে ফুলের টব সাজানো, দু-একটা মশা সেখানে বিন্ বিন্ করিতেছে। অন্যদিন সে সেই সময়ে আলো জ্বালে, স্টোভ জ্বালিয়া চা ও হালদা করে, আজ অশুকারের মধ্যে বারান্দার চেয়ারখানাতে বসিয়াই রহিল—একমনে সে কি একটা ভাবি তেঁছিল—গভীরভাবে ভাবিতেছিল।

ঘরের মধ্যে দেশলাই জ্বালার শব্দ সে চমকিয়া উঠিল। বৃকের ভিতরটা যেন কেমন করিয়া উঠিল—মুহুর্তের জন্য মনে হইল যেন অপর্ণা আছে। এখানে থাকিলে এই সময়ে সে স্টোভ ধরাইত, সন্ধ্যা দিত। ডাকিয়া বলিল—কে?

পিপুটু আসিয়া বলিল—ও কাকাবাবু—মা আপনাদের কেরোসিনের তেলের বোতলটা কোথায় জিজ্ঞেস করলে—

অপু বিস্ময়ের সুরে বলিল—ঘরে কে রে, পিপুটু? তোর মা? ও! বৌ-ঠাকুরদু?—বলিতে বলিতে সে উঠিয়া দেখিল পিপুটুর মা ঘরের মেঝেতে স্টোভ মুছিতেছে।

—বৌ-ঠাকুরদু, তা আপনি আবার কষ্ট করে কেন মিথ্যে—আমি বলব ওটা—

তেলের বোতলটা দিয়া সে আবার আসিয়া বারান্দাতে বসিল। পিপুটুর মা স্টোভ জ্বালিয়া চা ও খাবার তৈরী করিয়া পিপুটুর হাতে পাঠাইয়া দিল ও রাত্রি নয়টার পর নিজের ঘর হইতে ভাত বাড়িয়া আনিয়া অপুদের ঘরের মেঝেতে খাইবার ঠাই করিয়া ভাতের থালা ঢাকা দিয়া রাখিয়া গেল।

পিপুটুর বাবা সারিয়া উঠিয়াছেন, তবে এখন বড় দুশ্বল, লাঠি ধরিয়া সকালে বিকালে একটু-আধটু গোলদীঘতে বেড়াইতে যান, নিচের একঘর ভাড়াটে উঠিয়া যাওয়াতে সেই ঘরেই আজকাল ইঁহারা থাকেন। ডাক্তার বলিয়াছে, আর মাসখানেকের মধ্যে দেশে ফেরা চলিবে। পরদিন সকালেও পিপুটুর মা ভাত দিয়া গেল। বৈকালে অফিস হইতে আসিয়া কাপড় জামা না ছাড়িয়াই বাহিরে বারান্দাতে বসিয়াছে। বউটি স্টোভ ধরাইতে আসিল।

অপু উঠিয়া গিয়া বলিল—রোজ রোজ আপনাকে এ কষ্ট করতে হবে না, বৌদি। আমি এই গোলদীঘর ধারের দোকান থেকে খেয়ে আসব চা।

বউটি বলিল—আপনি অত কুণ্ঠিত হছেন কেন ঠাকুরপো, আমার আর কি কষ্ট? টুলটা নিয়ে এসে এখানে বসুন, দেখুন চা তৈরী করি।

এই প্রথম পিপুটুর মা তাহার সাহিত কথা কহিল। পিপুটু বলিল—কাকাবাবু, আমাকে গোলদীঘতে বেড়াতে নিয়ে যাবে—একটা ফুলের চারা তুলে জানুব, এনে পুতে দেব।

বউটির বয়স ত্রিশের মধ্যে—পাতলা একহারা গড়ন, শ্যামবর্ণ, মাঝামাঝি দেখিতে, খুব ভালও নয়, মন্দও নয়। অপু টুলটা দুয়ারের কাছে টাঙ্গিয়া বসিল। বউটি চায়ের জল নামাইয়া বলিল—এ কাজ করি ঠাকুরপো, একেবারে চাটি ময়দা মেখে আপনাকে খানকতক লুচি ভেজে দি—ক'খানাই বা খান—একেবারে রাতের খাবারটা এই সঙ্গেই খাইয়ে দি—সারাদিনে ক্ষিদেও তো পেয়েছে।

মেয়েটির নিঃসংশোচ ব্যবহারে তাহার নিজের সংশোচ ক্রমে চলিয়া যাইতেছিল। সে বলিল—বেশ, করুন। মন্দ কি। ওরে পিপুটু, ওই পেয়লাটা নিয়ে আয়—

—থাক, থাক ঠাকুরপো, আমি ওকে আলাদা দিচ্ছি। কেটলিতে এখনও চা আছে—আপনি খান। আপনাদের বেলুনটা কোথায় ঠাকুরপো?

—সত্যি আপনি বস্তু কষ্ট করছেন, বৌ-ঠাকুরদু—আপনাকে এত কষ্ট দেওয়াটা—

পিপুটুর মা বলিল—আপনি বার বার ও রকম বলছেন কেন? আপনারা আমার যা

উপকার করেছেন, তা নিজের আত্মীয়ও করে না আজকাল। কে পরকে থাকবার জন্যে ঘর ছেড়ে দেয়? ...কিন্তু আমার সে বলবার মুখ তো দিলেন না ভগবান, কি করি বলুন। আমি রুগী সামলে মেয়েকে যদি খাওয়াতে না পারি, তাই সে দুবেলা আপনি খেয়ে অর্ধসে গেলোই পিণ্টুকে নিজে গিয়ে ডেকে এনে আপনার পাতে খাওয়াত। এক একদিন—

কথা শেষ না করিয়াই পিণ্টুর মা হঠাৎ চূপ করিল। অপূর মনে হইল ইহার সঙ্গে অপর্ণার কথা কহিয়া সূখ আছে, এ বৃদ্ধিবে, অন্য কেহ বৃদ্ধিবে না।

সারাদিন অপূর কাজকর্ম ভুলিয়া থাকিতে প্রাণপণ চেষ্টা করে, যখনই একটু মনে আসে অর্মান একটা কিছুর কাজ দিয়া সেটাকে চাপা দেয়। আগে সে মাঝে মাঝে অন্যান্যনস্ক হইয়া বাসিয়া কি ভাবিত, খাতাপত্রে গল্প কবিতা লিখিত—কাজ ফাঁকি দিয়া অন্য বই পড়িত। কিন্তু অপর্ণার মৃত্যুর পর হইতে সে দশগুণ খাটিতে লাগিল, সকলের কাছে কাজের তাগাদা করিয়া বেড়ায়, সারাদিনের কাজ দু'ঘণ্টায় করিয়া ফেলে, তাহার লেখা চিঠি টাইপ করিতে করিতে নূপেন বিরক্ত হইয়া উঠিল।

পূর্ণিমা তিথিটা অপর্ণা ছাদের আলিসার ধারে দাঁড়াইয়া, এই তো গত কোজাগরী পূর্ণিমার রাত্তিতে লক্ষ্মীর মত মহিমময়ী, কি সুন্দর ডাগর চোখ দুটি, কি সুন্দর মুখশ্রী। অপূর মনে হইয়াছিল, ওর খাড় ফেরাবার ভঙ্গিটা যেন রাণীর মত—এক এক সময় সম্মম আসে মনে। অপর্ণা হাসিয়া বলে—আমার যে লজ্জা করে, নইলে সকালে তোমার খাবার ক'রে দিতে ইচ্ছে করে, আমার ছোট বোন লুচি ভাজতে জানে না,—সেজ খুড়ীমা ছেলে সামলে সময় পান না—মা থাকেন ভাঁড়ারে, তোমার খাবার কষ্ট হয়—না? হঠাৎ অপূর মনে হয়—দূর ছাই—কি লিখে যাচ্ছি মিছে—কি হবে আর এসবে?...

কি বিরাট শূন্যতা—কি যেন এক বিরাট ক্ষতি হইয়া গিয়াছে, জীবনে আর কখনও তাহা পূর্ণ হইবার নহে—কখনও নয়, কাহারও দ্বারা না—সম্মুখে বৃক্ষ নাই, লতা নাই, ফুলফল নাই—শুধু এক রুদ্ধ দুসর বলকাময় বহুবিস্তীর্ণ মরুভূমি।

মাসখানেক পরে পিণ্টুর মা চোখের জলে ভাসিয়া বিদায় লইল। পিণ্টুর বাবা বেশ সবল হইয়া উঠিয়াছেন, দুইজনেই আত্মীয়ের মত নানা সাম্বন্ধনার কথা বলিয়া গেল। পিণ্টুর মা বলিল—কখনো ভাই দৌখ নি, ঠাকুরপো। আপনাকে সেই ভাইয়ের মত পেলুন, কিন্তু করতে পারলাম না কিছুর—দিদি বলে যদি মাঝে মাঝে আমাদের ওখানে যান—তবে জানব সত্যিই আমি ভাই পেরোছি।

অপূর সংসারের বহু দ্রব্য পিণ্টুদের জিনিসপত্রের সঙ্গে বাঁধিয়া দিল—ডালা, কুলো, ধামা, বঁটি, চাকী, বেলুন। পিণ্টুর মা কিছুরতেই সে সব লইতে রাজী নয়—অপূর বলল, কি হবে বোঠান, সংসার তো উঠে গেল, ওসব আর হবে কি, অন্য কাউকে বিলিয়ে দেওয়ার চেয়ে আপনারা নিয়ে যান, আমার মনে তৃপ্ত হবে তবুও।

মৃত্যুর পর কি হয় কেহই বলিতে পারে না? দুই-একজনকে জিজ্ঞাসাও করিল—ওসব কথা ভাবিয়া তো তাহাদের ঘুম নাই। মেসে বরদাবাবুর উপর তাহার শ্রদ্ধা ছিল, তাহার কাছেও একদিন কথাটা প্যাঁড়ল। বরদাবাবু তাহাকে মামুলি সাম্বন্ধনার কথা বলিয়া কস্তব্য সমাপন করিলেন। একদিন পল ও ভার্জিনিয়ার গল্প পড়িতে পড়িতে দৌখিল মৃত্যুর পর ভার্জিনিয়া প্রণয়ী পলকে দেখা দিয়াছিল—হতাশ মন এইটুকু স্মরণেই ব্যগ্র আগ্রহে আঁকড়াইয়া ধরিতে ব্যস্ত হইয়া উঠিল। তবুও তো এতটুকু আলো! সে অধিসে, মেসে, বাসায় যে সব লোকের সঙ্গে কারবার করে—তাহারা নিতান্ত মামুলি ধরণের সাংসারিক জীব—অপূর প্রথম শূন্যতা তাহারা আড়ালে হাসে, চোখ টেপার্টোপ করে—করণার হাসি হাসে। এইটাই অপূর বরদাস্ত করিতে পারে না আদৌ। একদিন একজন সম্মাসীর সম্মান

পাইয়া দরমাহাটার এক গলিতে তাহার কাছে সকালের দিকে গেল। লোকের খুব ভিড়, কেহ দর্শনপ্রার্থী, কেহ ঔষধ লইতে আসিয়াছে। অনেকক্ষণ অপেক্ষা করিবার পর অপূর ডাফ পাড়িল। সন্ন্যাসী গেরুয়াধারী নহেন, সাদা ধূতি পরণে, গায়ে হাত-কটা বেনিয়ান, জলচৌকির উপর আসন পাতিয়া বসিয়া আছেন। অপূর প্রশ্ন শুনিয়া গম্ভীরভাবে বলিলেন—আপনার স্ত্রী কতদিন মারা গেছেন? মাস দুই?—তার পুনর্জন্ম হয়ে গিয়েছে।—অপূর অবাক হইয়া জিজ্ঞাসা করিল—কি করে আপনি—মানে—

সন্ন্যাসীজী বলিলেন—মৃত্যুর সঙ্গে সঙ্গেই হয়। এতদিন থাকে না—আপনাকে বলে দিচ্ছি, বিশ্বাস করতে হয় এসব কথা। ইংরিজি পড়ে আপনারা তো এ সব মানেন না। তাই হতে হবে।

অপূর একথা আদৌ বিশ্বাস হইল না। অপর্ণা, তাহার অপর্ণা, আর মাস আট-নয় পরে অন্য দেশে কোন গৃহস্থের ঘরে সব ভুলিয়া ছোট খুকী হইয়া জন্মবে?—এত স্নেহ, এত প্রেম, এত মমতা—এসব ভুলোবাজি? অসম্ভব!—সারারাত কিস্তু এই চিন্তায় সে ছটফট করিতে লাগিল—একবার ভাবে, হয়ত সন্ন্যাসী ঠিকই বলিয়াছেন—কিন্তু তার মন বলে, ও-কথাই নয়—মিথ্যা, মিথ্যা, মিথ্যা স্বয়ং পিতামহ রক্ষা আসিয়া বলিলেও সে-কথা বিশ্বাস করিবে না। দুঃখের মধ্যে হাসিও পাইল।—ভাবিল অপর্ণার পুনর্জন্ম হয়ে গেছে, ওর কাছে টেলিগ্রাম এসেছে! হাম্বাগ কোথাকার—দ্যাখ না কাশু!—

এত ভয়ানক সঙ্গীহীনতার ভাব গত দশ-এগারো মাস তাহার হয় নাই। পিণ্ডুরা চলিয়া যাওয়ার পর বাসাও আর ভাল লাগে না, অপর্ণার সঙ্গে বাসাটা এতখানি জড়ানো যে, আর সেখানে থাকা অসম্ভব হইয়া উঠিল। শুদ্ধপণি বিপদ, গাঙ্গুলী-গম্বী তাহার কোন বোনঝির সঙ্গে তাহার বিবাহের যোগাযোগের জন্য একেবারে উঠিয়া পাড়িয়া লাগিয়াছেন। তাহাকে একা একটু বসিতে দেখিলে সংসারের অসারত্ব, কথিত বোনঝিটির রূপগুণ, সম্মুখের মাঘ মাসে মেয়েটিকে একেবারে দেখিয়া আসিবার প্রস্তাব, নানা বাজে কথা।

নিজে রাধিয়া খাওয়ার ব্যবস্থা—অবশ্য ইতিপূর্বে সে বরাবরই রাধিয়া খাইয়া আসিয়াছে বটে, কিন্তু এবার যেন রাধিতে গিয়া কাহার উপর একটা স্নাতীর অভিমান। ঘরটাও বড় নিঃসর্জন, রাত্রিতে প্রাণ যেন হাঁপাইয়া উঠে। পাষাণভারের মত দারুণ নিঃসর্জনতা সব সময় বৃকের উপর চাঁপিয়া বসিয়া থাকে। এমন কি, শুদ্ধ ঘর নয়, পথে-ঘাটে অফিসেও তাই—মনে হয় জগতে কেহ কোথাও আপনার নাই।

তাহার বন্ধুবান্ধবদের মধ্যে কে কোথায় চলিয়া গিয়াছে ঠিকানা নাই—প্রণবও নাই এখনে। মৃত্যুর আলাপী দুঃচারজন বন্ধু আছে বটে কিন্তু ও-সব বে-দরদী লোকের সঙ্গ ভাল লাগে না। রবিবার ও ছুটির দিনগুলি তো আর কাটেই না—অপূর মনে পড়ে বৎসরখানেক পূর্বেও শনিবারের প্রত্যাহার সে-সব আগ্রহভরা দিন-গণনা—আর আজকাল? শনিবার যত নিকটে আসে তত ভয় বাড়ে।

বেবাজারের এক গলির মধ্যে তাহার এক কলেজ-বন্ধুর পেটেন্ট ঔষধের দোকান। অপর্ণার কথা ভুলিয়া থাকিবার জন্য সে মাঝে মাঝে সেখানে গিয়া বসে। এ রবিবার দিনটাও বেড়াইতে বেড়াইতে গেল। কারবারের অবস্থা খুব ভাল নয়। বন্ধুটি তাহাকে দেখিয়া বলিল—ও, তুমি?—আমার আজকাল হয়েছে ভাই—কে আসিল বলে চমকিয়ে চাই, কাননে ডাকিলে পাখি—সকাল থেকে হরদম পাওনাদার আসছে আর যাচ্ছে—আমি বলি বন্ধি কোন পাওনাদার এল, ব'স ব'স।

অপূর বসিয়া বলিল—কাবুলীর টাকাটা শোধ দিলে?

—কোথা থেকে দেব দাদা? সে এলেই পালাই, নয় তো মিথ্যে কথা বলি। খবরের

কাগজে বিজ্ঞাপনের দেনার দরুন—ছোট আদালতে নালিশ করেছিল, পরশু এসে বাস্তুপন্ন আদালতের বেলিফ্ সীল ক'রে গিয়েছে। তোমার কাছে বলতে কি, এবেলার বাজারের খরচটা পৰ্য্যন্ত নেই—তার ওপর ভাই বাড়িতে সুখ নেই। আমি চাই একটু ঝগড়াঝাঁটি হোক, মান-অভিমান হোক—তা নয়, বোটা হয়েছে এমন ভাল মানুষ সাত চড়ে রা নেই—

অপদ হাসিয়া উঠিয়া বলিল— বল কি হে, সে তোমার ভাল লাগে না বুঝি ?...

—রামোঃ—পানুসে লাগে, ঘোর পানুসে। আমি চাই একটু দুঃখ হবে, একগুঁয়ে হবে—স্মার্ট হবে—তা নয় এত ভাল মানুষ, যা বলছি তাই করছে—সংসারের এই কষ্ট, হয়তো একবেলা খাওয়াই হ'ল না—মুখে কথাটি নেই! কাপড় নেই—তাই সই, ডাইনে বললে তক্ষুণি ডাইনে, বায়ে বললে বায়ে—নাঃ, অসহ্য হয়ে পড়েছে। বৈচিত্র্য নেই রে ভাই। পাশের বাসার বোটা সেদিন কেমন স্বামীর উপর রাগ ক'রে কাচের গ্লাস, হাতবাক্স দু'দুদাম করে আছাড় মেরে ভাঙলে, দেখে হিংসে হ'ল, ভাবলাম হায় রে, আমার কি রূপাল! না, হাসি না—আমি তোমাকে সত্যি সত্যি প্রাণের কথা বলছি ভাই—এরকম পানুসে ঘরকন্মা আর আমার চলছে না—বিলিভ্ মি—অসম্ভব!...ভালমানুষ নিয়ে ধুয়ে খাব ?...একটা দুঃখ মেরের সম্পান দিতে পার ?...

—কেন, আবার বিয়ে করবে নাকি ?—একটাকে পার না খেতে দিতে—তোমার দেখছি সুখে থাকতে ভুতে কিলোয়—

—না ভাই, এ সুখ আমার আর—জীবনটা এখন দেখছি একেবারে ব্যর্থ হ'ল, মনের কোনও সামর্থ্যই মিটল না—এক এক সময় ভাবি ওঁর সঙ্গে আমার ঠিক মিলন হয় নি—মিলন যদি ঘটত তা হলে দ্বন্দ্বও হ'ত—বুঝলে না ?...কে, টে'পি ?—এই আমার বড় মেয়ে—শোন, তোর মার কাছ থেকে দুটো পয়সা নিয়ে দু'পয়সার বেগুনি কিনে নিয়ে আয় তো আমাদের জন্যে, পার অর্নি চায়ের কথা বলে দে—

—আচ্ছা মরণের পর মানুষ কোথায় যায় জান ? বলতে পার ?

—ও সব ব্যাপার নিয়ে মাথা ঘামাই নি কখনও। পাওনাদার কি ক'রে তাড়ানো যায় বলতে পার ? এখনি কাবুলীওয়ালা একটা আসবে নেবুতলা থেকে। আঠার টাকা ধার নিয়েছি, চার আনা টাকা পিছদ সুদ হ'তায়। দু-হ'তায় সুদ বাকী, কি যে আজ তাকে বলি ?—স্কাউন্সেলটা এল বলে—দিতে পার দুটো টাকা ভাই ?

—এখন তো নেই কাছে, একটা আছে, রেখে দাও। কাল সকালে আর একটা টাকা দিয়ে যাব এখন। এই যে টে'পি, বেশ বেগুনি এনোছি—না না, আমি খাব না, তোমরা খাও, আচ্ছা এই—এই একখানা তুলে নিলাম, নিয়ে যা টে'পি।

বন্দুর দোকান হইতে বাহির হইয়া সে খানিকটা লক্ষ্যহীনভাবে ঘুরিল। লীলা কি এখানে আছে ? একবার দেখিয়া আসিবে ? প্রায় এক বৎসর লীলারা এখানে নাই, তাহার দাদামহাশয় মামলা করিয়া লীলার পৈতৃক-সম্পত্তি কিছু উদ্ধার করিয়াছেন, আজকাল লীলা মায়ের সঙ্গে আবার বন্দুমানের বাড়িতেই ফিরিয়া গিয়াছে। থাড' ইয়ারে ভর্তি হইয়া এক বৎসর পড়িয়াছিল—পরীক্ষা দেখে নাই, লেখাপড়া ছাড়িয়া দিয়াছে।

সন্ধ্যার কিছু পূর্বে ভবানীপুরে লীলাদের গুহানে গেল। রামলগন বেয়ারা তাহাকে চেনে, বৈঠকখানায় বসাইল, মিঃ লাফিডী এখানে নাই, রাঁচি গিয়াছেন। লীলা দ্বিধমণি ? কেন, সে-কথা কিছু বাবু জানা নাই ? দ্বিধমণির তো বিবাহ হইয়া গিয়াছে গত বৈশাখ মাসে। নাগপুরে জামাইবাবু বড় ইঞ্জিনিয়ার, বিলাভস্বরত—একেবারে খাঁটি সাহেব, দৌখলে চিনিবার জো নাই। খুব বড়লোকের ছেলে—এদের সমান বড়লোক। কেন, বাবুর কাছে নিমন্ত্রণের চিঠি যায় নাই ?

অপ্ন বিবর্ণমুখে বলিল—কই না, আমার কাছে, হ্যাঁ—না আর ব'সব না—আচ্ছা ।
 বাহিরে আসিয়া জগৎটা যেন অপ্নর কাছে একেবারে নিষ্জ'র্ন, সঙ্গীহীন, বিশ্বাস ও
 বৈচিত্র্যহীন ঠেকিল । কেন এ রকম মনে হইতেছে তাহার ? লীলা বিবাহ করিবে ইহার
 মধ্যে অসম্ভব তো কিছ্ন নাই ! সম্পূর্ণ স্বাভাবিক । তবে তাহার মন খারাপ করিবার কি
 আছে ? ভালই তো । জামাই ইঞ্জিনিয়ার, শিক্ষিত, অবস্থাপন্ন—লীলার উপযুক্ত বর জুটিয়াছে,
 ভালই তো ।

রাস্তা ছাড়িয়া ভিক্টোরিয়া মেমোরিয়ালের সম্মুখের মাঠটাতে অশ্ব' অশ্বকারের মধ্যে সে
 উদ্ভ্রাস্তের মত অনেকক্ষণ ঘুরিয়া বেড়াইল ।

লীলার বিবাহ হইয়াছে, খুবই আনন্দের কথা, ভাল কথা । ভালই তো ।

পঞ্চদশ পরিচ্ছেদ

কলিকাতা আর ভাল লাগে না, কিছ্নতেই না—এখানকার ধরাবাঁধা রুটিনমায়িক কাজ,
 বশ্বতা, একঘেয়েমি—এ যেন অপ্নর অসহ্য হইয়া উঠিল । তা ছাড়া একটা যুক্তিহীন ও
 ভিত্তিহীন অস্পষ্ট ধারণা তাহার মনের মধ্যে ক্রমেই গাঁড়িয়া উঠিতেছিল—কলিকাতা ছাড়িলেই
 যেন 'সম্ব' দঃখ দঃ হইবে—মনের শান্তি আবার ফিরিয়া পাওয়া যাইবে ।

শীলেশের অফিসের কাজ ছাড়িয়া দিয়া অবশেষে সে চাঁপদানীর কাছে একটা গ্রাম্য স্কুলের
 মাস্টারি লইয়া গেল । জায়গাটা না-শহর, না-পাড়াগাঁ গোছের—চারিধারে পাটের কল ও
 কুলিবান্ধি, টিনের চালাওয়ালা ঘোকানঘর ও বাজার, কয়লার গঁড়োফেলা রাস্তার কালো ধূলা
 ও ধোঁয়া, শহরের পারিপাট্যও নাই, পাড়াগাঁয়ের সহজ শ্রীও নাই ।

বর্ডারদের ছুটিতে প্রণব ঢাকা হইতে কলিকাতায় অপ্নর সহিত সাক্ষাৎ করিতে আসিল ।
 সে জানিত অপ্ন আজকাল কলিকাতায় থাকে না—সম্ম্যার কিছ্ন আগে সে গিয়া চাঁপদানী
 পৌঁছিল ।

খাঁজিয়া খাঁজিয়া অপ্নর বাসাও বাহির করিল । বাজারের একপাশে একটা ছোট ঘর—
 তার অশ্ব'কটা একটা ডাক্তারখানা, স্থানীয় একজন হাতুড়ে ডাক্তার সকালে বিকালে রোগী
 দেখেন । বাকী অশ্ব'কটাত্তে অপ্নর একখানা তক্তপোশ, একটা আধময়লা বিছানা, খান-
 কতক বই, একটা বাঁশের আলনায় খানকতক কাপড় ঝুলানো । তক্তপোশের নিচে অপ্নর
 স্টীলের তোয়ঙ্গটা ।

অপ্ন বলিল—এসো এসো, এখানকার ঠিকানা কি ক'রে জানলে ?

—সে কথার ধরকার নেই । তারপর কলিকাতা ছেড়ে এখানে কি মনে ক'রে ?—বাস্ !
 এমন জায়গায় মানুষ থাকে ?

—খারাপ জায়গাটা কি দেখাল ? তা ছাড়া কলিকাতায় যেন আর ভাল লাগে না—
 দিনকতক এমন হ'ল যে, বাইরে যেখানে হয় যাব, সেই সময় এখানকার মাস্টারিটা জুটে গেল,
 তাই এখানে এলাম । দাঁড়া, তোর চায়ের কথা বলে আসি— ।

পাশেই একটা বাঁকুড়ানিবাসী বামুনের তেলেভাজা পরোটার দোকান । রাত্রে তাদেরই
 দোকানে অভি অপ্নকৃত খাদ্য কলংক-ধরা পিতলের ঝালায় আনীত হইতে দেখিয়া প্রণব
 অবাক হইয়া গেল—অপ্নর রুচি অন্ততঃ মার্জিত ছিল চিরদিন, হয়ত তাহা সরল ছিল,
 অনাড়ম্বর ছিল, কিন্তু অমার্জিত ছিল না । সেই অপ্নর এ কি অবনতি ! এ-রকম একদিন
 নয়, রোজই রাত্রে নাকি এই তেলেভাজা পরোটাই অপ্নর প্রাণধারণের একমাত্র উপায় । এত
 অপারিকারও তো সে অপ্নকে কস্মিন্‌কালে দেখিয়াছে এমন মনে হয় না ।

কিন্তু প্রণবের সবচেয়ে বৃদ্ধে বাঞ্জিল যখন পরদিন বৈকালে অপদ্ ভাহাকে সঙ্গে জইয়া গিয়া পাণের এক স্যাকরার দোকানে নীচ-শ্রেণীর তাসের আড্ডায় অতি ইতর ও স্থূল ধরণের হাস্য-পরিহাসের মধ্যে বসিয়া ঘণ্টার পর ঘণ্টা ধরিয়া মহানন্দে তাস খেলিতে লাগিল।

অপদ্র ঘরটাতে ফিরিয়া আসিয়া প্রণব বলিল—কাল আমার সঙ্গে চল্ অপদ্—এখানে তোকে থাকতে হবে না—এখান থেকে চল্।

অপদ্ বিশ্ময়ের সুরে বলিল—কেন রে, কি কারণ দেখিল এখানে? বেশ জায়গা তো, বেশ লোক সবাই। ওই যে দেখিল বিশ্বস্তর স্বর্ণকার—উনি এদিকের একজন বেশ অবস্থাপন্ন লোক, ওঁর বাড়ি দেখিস নি! গোলা কত! মেয়ের বিয়েতে আমায় নেমস্ত্র করোছিল, কি খাওয়ানটাই খাওয়ালেন—উঃ! পরে খুশীর সহিত বলিল—এখানে ওঁরা সব বলেছেন আমায় ধানের জমি দিয়ে বাস করাবেন—নিকটেই বেগমপুরে ওঁদের—বেশ জায়গা—কাল তোকে দেখাব চল—ওঁরাই ঘরদোর বেঁধে দেবেন বলেছেন—আপাতত মাটির, মানে, বিচুলির ছাউনি, এদেশে উলুখড় হয় না কিনা!

প্রণব সঙ্গে লইয়া যাইবার জন্য খুব পীড়াপীড়ি করিল—অপদ্ তর্ক করিল, নিজের অবস্থার প্রাধান্য প্রমাণ করিবার উদ্দেশ্যে নানা যুক্তির অবতারণা করিল, শেষে রাগ করিল, বিরক্ত হইল—যাহা সে কখনও হয় না। প্রকৃতিতে তাহার রাগ বা বিরক্তি ছিল না কখনই। অবশেষে প্রণব নিরুপায় অবস্থায় পরদিন সকালের ট্রেনে কলিকাতায় ফিরিয়া গেল।

যাইবার সময় তাহার মনে হইল, সে অপদ্ যেন আর নাই—প্রাণশক্তির প্রাচুর্য একদিন যাহার মধ্যে উছলিয়া উঠিতে দেখিয়াছে, আজ সে যেন প্রাণহীন নিঃপ্রভ। এমনতর স্থূল তৃপ্ত বা সন্তোষ-বোধ, এ ধরণের আশ্রয় আঁকড়াইয়া ধরিবার কাঙালপনা কই অপদ্ প্রকৃতিতে তো ছিল না কখনও!

স্থূল হইতে ফিরিয়া রোজ অপদ্ নিজের ঘরে রোয়াকে একটা হাতলভাঙা চেয়ার পাতিয়া বসিয়া থাকে। এখানে সে অত্যন্ত একা ও সঙ্গীহীন মনে করে, বিশেষ করিয়া সন্ধ্যাবেলা। সেটা এত অসহনীয় হইয়া উঠে, কোথাও একটু বসিয়া গল্পগুজব করিতে ভাল লাগে, মানুষের সঙ্গ স্পৃহণীয় মনে হয়, কিন্তু এখানে অধিকাংশই পাটকলের সন্দার, বাবু, বাজারের দোকানদার, তাও সবাই তাহার অপরিচিত। বিশু স্যাকরার দোকানের সাম্য আড্ডা সে নিজে খুঁজিয়া বাহির করিয়াছে, তবুও ন'টা-দশটা পর্যন্ত রাত একরকম কাটে ভালই।

অপদ্র ঘরের রোয়াকটার সামনেই মার্টিন কোম্পানীর ছোট লাইন, সেটা পার হইয়া একটা পুকুর, জল যেমন অপরিষ্কার, তেমন বিশ্বাস্য। পুকুরের ওপারে একটা কুলিবাঁজি, দু'বেলা যত ময়লা কাপড় সবাই এক পুকুরেই কাঁচিতে নামে। রোদ উঠিলেই কুলি লাইনের ছাপ-মারা খয়েরী-রংয়ের বারো-হাতী শাড়ি পুকুরের ও-পারের ঘাসের উপর রোদে মেলানো অপদ্র রোয়াক হাতে দেখিতে পাওয়া যায়; কুলিবাঁজির ও-পাশে গোটাকতক বাধাম গাছ, একটা ইটখোলা, খানিকটা ধানক্ষেত, একটা পাটের গতিবন্দী কল। এক একদিন রাতে ইটের পিঙ্কার ফাটলে ফাটলে রাঙা বেগুনী আলো জ্বলে, মাঝে মাঝে নিভিয়া যায়, আবার জ্বলে, অপদ্ নিজের রোয়াকে বসিয়া বসিয়া মনোবোগের সঙ্গে দেখে। রাত দশটার মার্টিন লাইনের একখানা গাড়ি হাওড়ার দিক হইতে আসে—অপদ্র রোয়াক ঘেঁষিয়া যায়—শোটিলা-পট্টালি, লোকজন, মেয়েরা—পাশেই স্টেশনে গিয়া থামে, একটু পরেই বঁকুড়াবাসী ব্রাহ্মণটি তেলোভাঙ্গা পরোটা ও তরকারী আনিয়া হাজির করে, খাওয়া শেষ করিয়া শ্বইতে অপদ্র প্রায় এগারোটা বাজে। দিনের পর দিন একই রুটিন। বৈচিত্র্যও

নাই, বদলও নাই।

অপদ্ কাহারো সহিত গায়ে পাড়িয়া আত্মীয়তা করিতে যায় যে, কোন মতলব আঁটিয়া তাহা নহে, ইহা সে যখনই করে, তখনই সে করে নিজের অজ্ঞাতসারে—নিঃসঙ্গতা দূর করিবার অচেতন আগ্রহে। কিন্তু নিঃসঙ্গতা কাটিতে চায় না সব সময়। ষাইবার মত জায়গা নাই, করিবার মত কাজও নাই—চূপচাপ বসিয়া বসিয়া সময় কাটে না। ছুটির দিনগুলি তো অসম্ভবরূপ দীর্ঘ হইয়া পড়ে।

নিকটেই গ্রাণ্ড পোস্টঅফিস। অপদ্ রোজ বৈকালে ছুটির পরে সেখানে গিয়া বসিয়া প্রতিদিনের ডাক অতি আগ্রহের সহিত দেখে। ঠিক বৈকালে পাঁচটার সময় সব-অফিসের পিণ্ডন চিঠিপত্র-ভরা সীল-করা ডাক-ব্যাগটি ঘাড়ে করিয়া আনিয়া হাজির করে, সীল ভাঙিয়া বড় কাঁচি দিয়া সেটার মুখের বাঁধন কাটা হয়। এক একদিন অপদ্ই বলে—ব্যাগটা খুলি চরণবাবু?

চরণবাবু বলেন—হ্যাঁ হ্যাঁ, খুলুন না, আমি ততক্ষণ ইন্সটাম্পের হিসেবটা মিলিয়ে ফেলি—এই নিন্ কাঁচি!

পোস্টকার্ড, খাম, খবরের কাগজ, পুঁলিশ্বা, মনি-অর্ডার। চরণবাবু বলেন—মনি-অর্ডার সাতখানা? দেখেছেন কাণ্ডটা মশাই, এদিকে টাকা নেই মোটে। টোটালটা দেখুন না একবার দয়া করে—সাতাশ টাকা ন' আনা? তবেই হয়েছে—রইল পড়ে, আমি তো আর ইন্সট্রী গয়না বন্ধক দিয়ে টাকা এনে মনি-অর্ডার তামিল করতে পারি না মশাই? এদিকে ক্যাশ বন্ধে নেওয়া চাই বাবুদের রোজ রোজ—

প্রতিদিন বৈকালে পোস্টমাস্টারের 'টহলদারী' করা অপদ্‌র কাছে অত্যন্ত আনন্দদায়ক কাজ। সাগ্রহে স্কুলের ছুটির পর পোস্টঅফিসে দৌড়ানো চাই-ই তাহার। তার সবচেয়ে আকর্ষণের বস্তু খামের চিঠিগুলি। প্রতিদিনের ডাকে বিস্তর খামের চিঠি আসে—নানাধরণের খাম, সাদা, গোলাপী, সবুজ, নীল। চিঠি-প্রাপ্তিটা চিরদিনই জীবনের একটি দুর্লভ ঘটনা বলিয়া, চিরদিনই চিঠির—বিশেষ করিয়া খামের চিঠির—প্রতি তাহার কেমন একটা বিচিত্র আকর্ষণ। মধ্যে দু' বৎসর অপর্ণা সে পিপাসা মিটাইয়াছিল—এক একখানা খাম বা তাহার উপরের লেখাটা এতটা হৃৎহৃৎ সে রকম, যে প্রথমটা হঠাৎ মনে হয় দুঃখ বা সেই-ই চিঠি দিয়াছে। একদিন শ্রীগোপাল মল্লিক লেনের বাসায় এই রকম খামের চিঠি তাহারও কত আসিত।

তাহার নিজের চিঠি কোনদিন থাকে না, সে জানে তাহা কোথাও হইতে আসিবার সম্ভাবনা নাই—কিন্তু শব্দ, নানা ধরণের চিঠির বাহ্যদৃশ্যের মোহটাই তাহার কাছে অত্যন্ত প্রবল।

একদিন কাহার একখানি মালিকশূন্য সাক্ষরশূন্য পোস্টকার্ডের চিঠি ডেড-লেটার অফিস হইতে ঘুরিয়া সারা অঙ্গে ভক্ত বৈষ্ণবের মত বহু ডাক-মোহরের ছাপ লইয়া এখানে আসিয়া পড়িল। বহু সন্ধান করিয়াও তাহার মালিক জুটিল না। সেখানা রোজ এ-গ্রাম ও-গ্রাম হইতে ঘুরিয়া আসে—পিণ্ডন কৈফিয়ৎ দেয়, এ নামে কোন লোকই নাই এ অঞ্চলে। ক্রমে—চিঠিখানা অনাদৃত অবস্থায় এখানে-ওখানে পড়িয়া থাকিতে দেখা গেল—একদিন ঘরবাটি দিবার সময় জঞ্জালের সঙ্গে কে সামনের মাঠের ঘাসের উপরে ফেলিয়া দিয়াছিল, অপদ্‌ কৌতুহলের সঙ্গে ফুড়াইয়া লইয়া পড়িল—

শ্রীচরণকমলেশ্বর

মেজদাদা, আজ অনেকদিন ধাবৎ আপনি আমাধের নিকট কোন পত্রাদি দেন না এবং আপনি কোথায় আছেন, কি ঠিকানা না জানিতে পারান আপনাকেও আমরা পত্র লিখি

নাই। আপনার আগের ঠিকানাতেই এ পত্রখানা দিলাম, আশা করি উত্তর দিতে ভুলবেন না। আপনি কেন আমাদের নিকট পত্র দেওয়া বন্ধ করিয়াছেন, তাহার কারণ বুঝিতে সক্ষম হই নাই। আপনি বোধহয় আমাদের কথা ভুলিয়া গিয়াছেন, তাহা না হইলে আপনি আমাদের এখানে না আসিলেও একখানা পত্র দিতে পারেন। এতদিন আপনার খবর না জানিতে পারিলাম কি ভাবে দিন বাপন করিতেছি তাহা সামান্য পত্রে লিখিলে কি বিশ্বাস করিবেন মেজদাদা? আমাদের সঙ্গে আপনার সম্পর্ক কি একেবারেই ফুরাইয়া গিয়াছে? সে যা হোক, স্বেরূপ অদৃষ্ট নিয়ে জন্মগ্রহণ করিয়াছি সেইরূপ ফল। আপনাকে বৃথা দোষ দিব না। আশা করি আপনি অসম্ভব হইবেন না। যদি অপরাধ হইয়া থাকে, ছোট বোন বলিয়া ক্ষমা করিবেন। আপনার শরীর কেমন আছে, আপনি আমার সর্ভাঙ্গ প্রণাম জানিবেন, খুব আশা করি পত্রের উত্তর পাইব। আপনার পত্রের আশায় পথ চাহিয়া রহিলাম। ইতি—

সেবিকা

কুসুমলতা বসু

কাঁচা মেয়েলি হাতের লেখা, লেখার অপটুত্ব ও বানান-ভুলে ভরা। সহোদর বোনের চিঠি নয়, কারণ পত্রখানা লেখা হইতেছে জীবনকৃষ্ণ চক্রবর্তী নামের কোন লোককে। এত আগ্রহপূর্ণ, আবেগভরা পত্রখানার শেষকালে এই গতি ঘটিল? খেয়েটি ঠিকানা জানে না, নয় তো লিখিতে ভুলিয়াছে! অপটু লেখার ছত্রে ছত্রে যুগ আন্তরিকতা ফুটিয়াছে তাহার প্রতি সম্মান দেখাইবার জন্য পত্রখানা সে ভুলিয়া লইয়া নিজের বাসে আনিয়া রাখিল। মেয়েটির ছবি চোখের সম্মুখে ফুটিয়া উঠে—পনেরো-ষোল বৎসর বয়স, সূঠাম গড়ন, ছিপ-ছিপে পাতলা, একরাশ কালো কৌকড়া কৌকড়া চুল মাথায়। ডাগর চোখ।...কোথায় সে তাহার মেজদাদার পত্রের উত্তরের অপেক্ষায় বৃথাই পথ চাহিয়া আছে! মানবমনের এত প্রেম, এত আগ্রহভরা আহ্বান, পবিত্র বালিকাস্বপ্নের এ অমূল্য অর্ঘ্য কেন জগতে এভাবে ধূলয় অনাদরে গড়াগড়ি যায়, কেহ পোছে না, কেহ তা লইয়া গর্ব করে না?

বিশ্বস্তর স্যাকরার দোকানে সোদিন রাত এগারটা পর্যন্ত জোর তাসের আড্ডা চলিল—সবাই উঠিতে চায়, সবাই বলে রাত বেশী হইয়াছে, অথচ অপু সকলকে অনুরোধ করিয়া বসায়, কিছুতেই খেলা ছাড়িতে চায় না। অবশেষে অনেক রাতে বাসায় ফিরিতেছে, কলুদের পুকুরের কাছে স্কুলের খাড়া পিঁড়িত আশু সান্যাল লাঠি ঠক্ ঠক্ করিতে করিতে চলিয়াছেন। অপুকে দেখিয়া বলিলেন, কি অপস্বর্বাদ, যে, এত রাতে কোথায়?

—কোথাও না; এই বিশু স্যাকরার দোকানে তাসের—

খাড়া পিঁড়িত ঐষক-ঐষক চাহিয়া নিল সুরে বলিলেন—একটা কথা আপনাকে বলি, আপনি বিদেশী লোক—পূর্ণ ধীর্ভদ্রীর খপরে পড়ে গেলেন কি করে বলুন তো?

অপু বুঝিতে না পারিয়া বলিল, খপরে-পড়া কেমন বুঝতে পারছি নে—কি ব্যাপারটা বলুন তো?

পিঁড়িত আরও নিচু সুর করিয়া বলিল—ওখানে অঁত ঘন ঘন ষাওয়া-আসা আপনার কি ভাল দেখাচ্ছে, ভাবছেন? ওদের টাকাকাঁড় দেওয়া ও-সব? আপনি হচ্ছেন ইক্ষুলের মাস্টার, আপনাকে নিয়ে অনেক কথা উঠেছে, তা বোধ করি জানেন না?

—না! কি কথা?

—কি কথা তা আর বুঝতে পারছেন না মশাই? হুঁ—পরে কিছু খামিয়া বলিলেন—ও সব ছেড়ে দিন, বুঝলেন? আরও একজন আপনার আগে ঐ রকম খপরে পড়েছিল, এখানকার নন্দ পুঁইয়ের আবগারী দোকানে কাজ করত, ঠিক আপনার মত অল্প বয়স—

মশাই, টাকা শূণ্যে শূণ্যে তাকে একেবারে—ওদের ব্যবসাই ঐ। সমাজে একঘরে করবার কথা হচ্ছে—থার্ড পিণ্ডত একটু খামিয়া একটু অর্থসূচক হাস্য করিয়া বলিলেন,—আর ও-মেয়ের এমন মোহই বা কি, শহর অঞ্চলে বরং ওর চেয়ে ঢের—

অপদ এতক্ষণ পর্যন্ত পিণ্ডতের কথাবার্তার গতি ও বক্তব্য-বিষয়ের উদ্দেশ্য কিছই ধরিতে পারে নাই—কিন্তু শেষের কথাটাতে সে বিস্ময়ের সুরে বলিল—কোন মেয়ে, পটেশ্বরী ?

—হ্যা হ্যা হ্যা, থাক্ থাক্, একটু আশ্তে—

—কি করেছে বলছেন পটেশ্বরী ?

—আমি আর কি বলছি কিছই, সবাই যা বলে আমিও তাই বলছি। নতুন কথা আর কিছই বলছি কি ? যাবেন না ও-সবে, তাতে বিদেশী লোক, সাবধান ক'রে দি। ভুল্লোকের ছেলে, নিজের চরিগটা আগে রাখতে হবে ভাল, বিশেষ যখন ইংকুলের শিক্ষক এখানকার।

থার্ড পিণ্ডত পাশের পথে নামিয়া পড়িলেন। অপদ প্রথমটা অবাক হইয়া গিয়াছিল, কিন্তু বাসায় ফিরিতে ফিরিতে সমস্ত ব্যাপারটা তাহার কাছে পরিষ্কার হইয়া গেল।

পূর্ণ দ্বীঘড়ীর বাড়িতে যাওয়া-আসার ইতিহাসটা এইরূপ—

প্রথমে এখানে আসিয়া অপদ কয়েকজন ছাত্র লইয়া এক সেবা-সমিতি স্থাপন করিয়াছিল। একদিন সে স্কুল হইতে ফিরতেছে, পথে একজন অপরিচিত প্রৌঢ় ব্যক্তি তাহার হাত দু'টো জড়াইয়া ধরিয়া প্রায় ডাক ছাড়িয়া কাঁদিয়া বলিল, আপনাবা না দেখলে আমার ছেলেটা মারা যেতে বসেছে—আজ পনেরো দিন টাইফয়েড, তা আমি কলের চাকরি বজায় রাখব, না রুগীর সেবা করব ? আপনি দিন-মানটার জন্যে জনাকতক ভলান্টিয়ার যদি আমার বাড়ি—আর সেই সঙ্গে যদি দু-একদিন আপনি—

তোত্রিশ দিনে রোগী আরাম হইল। এই তোত্রিশ দিনের অধিকাংশ দিনই অপদ নিজে ছাত্রদের সঙ্গে প্রাণপণে খাটিয়াছে। রাত্রি তিনটায় ঔষধ খাওয়াইতে হইবে, অপদ ছাত্রদিগকে জাগিতে না দিয়া নিজে জাগিয়াছে, তিনটা না বাজা পর্যন্ত বাহিরের দাওয়ার একপাশে বই পড়িয়া সময় কাটাইয়াছে, পাছে মনি বসিয়া থাকিলে ঘুমাইয়া পড়ে।

একদিন দুপুরে টাল খাইয়া রোগী যায়-যায় হইয়াছিল। দ্বীঘড়ী মশায় পাটকলে, সে দিন ভলান্টিয়ার-দলের আবার কেহই ছিল না, দুপুরে ভাত খাইতে গিয়াছিল। অপদ দ্বীঘড়ী মশায়ের স্ত্রীকে ভরসা দিয়া বুঝাইয়া শান্ত রাখিয়া মেয়ে দু'টির সাহায্যে গরম জল করাইয়া বোতলে পুরিয়া সে'ক-তাপ ও হাত পা ঘষিতে ঘষিতে আবার দেহের উষ্ণতা ফিরিয়া আসে।

ছেলে সারিয়া উঠিলে দ্বীঘড়ী মশায় একদিন বলিলেন—আপনি আমার যা উপকারটা করেছেন মাস্টার মশায়—তা এক মূখে আর কি বলব—আমার স্ত্রী বলিছিল, আপনার তো রে'খে যাওয়ার কষ্ট—এই একমাসে আপনি তো আমাদের আঁপনার লোক হয়ে পড়েছেন—তা আপনি কেন আমাদের ওখানেই খান না ? আপনি বাড়ির ছেলের মত থাকবেন, থাকবেন, কোনও অসুবিধে আপনার হতে পারে না।

সেই হইতেই অপদ এখানে একবেলা করিয়া খায়।

পরিচয় অল্প দিনের বটে, কিন্তু বিপদের দিনের মধ্য দিয়া সে পরিচয়—কাজেই ঘনিষ্ঠতা রূপে আত্মীয়তায় পরিণত হইতে চলিয়াছে। অপদ পূর্ণ দ্বীঘড়ীর স্ত্রীকে শূন্য 'মাসিমা' বলিয়া ডাকে তাহাই নয়, মাসের বেতন পাইলে সবটা আনিয়া নতুন-পাতানো মাসিমার হাতে তুলিয়া দেয়। সে-টাকার হিসাব প্রতি মাসের শেষে মাসিমা মূখে মূখে বুঝাইয়া দিয়া আরও চার-পাঁচ টাকা বেশী খরচ দেখাইয়া দেন এবং পরের মাসের মাহিনা হইতে কাটিয়া রাখেন। বাজারে বিশু স্যাক্রা একদিন বলিয়াছিল—দ্বীঘড়ী বাড়ি টাকা রাখবেন না

অমন করে, ওরা অভাবী লোক, বিশেষ করে দীঘড়ী-গিন্নী ভারী খেলোয়াড় মেয়েছেলে, বিনেশী লোক আপনি, আপনাকে বলে রাখি, ওদের সঙ্গে অত মেলামেশার দরকার কি আপনার ?

মেয়ে-দুইটির সঙ্গে সে মেশে বটে। বড় মেয়েটির নাম পটেস্বরী, বয়স বছর চৌদ্দ, পনেরো হইবে, রং উজ্জ্বল শ্যামবর্ণ, তবে তাহাকে দেখিয়া স্দস্বরী বলিয়া কোনদিনই মনে হয় নাই অপদর। তবে এটুকু সে লক্ষ্য করিয়াছে, তাহার স্দবিধা অস্দবিধার দিকে বাড়ির এই মেয়েটিই একটু বেশী লক্ষ্য রাখে। পটেস্বরী না রাঁধিয়া দিলে অশ্বৈক দিন বোধ হয় তাহাকে না খাইয়াই স্কুলে যাইতে হইত। তাহার ময়লা রুমালগুলি নিজের চাহিয়া লইয়া সাবান দিয়া রাখে, ছোট ভাইয়ের হাতে টিফিনের সময় তাহার জন্য আটার রুটি পাঠাইয়া দেয়, অপ্নু খাইতে বসিলে পান সাজিয়া রুমালে জড়াইয়া রাখে। কি একটা রত্তের সময় বলিয়াছিল, আপনার হাত দিয়ে রত্তটা নেব মাস্টার মশাই! এ সবের জন্য সে মনে মনে মেয়েটির উপর কৃতজ্ঞ—কিন্তু এ সব জিনিস যে বাহিরের দিক হইতে এরূপ ভাবে দেখা যাইতে পারে, একথা পর্যন্ত তাহার মনে কখনও উদয় হয় নাই—সে জানেই না এ ধরনের সন্দেহ ও অশ্রুচি মনোভাবের খবর।

সে বিস্মিতও হইল, রাগও করিল। শেষে ভাবিয়া চিন্তিয়া পরদিন হইতে পূর্ণ দীঘড়ীর বাড়ি যাওয়া-আসা বন্ধ করিল। ভাবিল—কিছ না, মাঝে পড়ে পটেস্বরীকে বিপদে পড়তে হবে।

ইতিমধ্যে বাকুড়াবাসী বামুনটি রাশীকৃত বাজার-দেনা ফেলিয়া একদিন ঝাঁঝরা, হাত অ ও বেলুনখানা মাত্র সম্বল করিয়া চাঁপদানীর বাজার হইতে রাতারাতি উধাও হইয়াছিল, স্দতরাং আহারাদির খুবই কষ্ট হইতে লাগিল।

দীঘড়ী-বাড়ি হইতে ফিরিয়া সে মনে মনে ভাবিল, এ-রকম বাবা-মা তো কখনও দেখি নি? বেচারীকে এ-ভাবে কষ্ট দেওয়া—ছিঃ—যাক্, ওদের সঙ্গে কোনও সম্পর্ক আর রাখব না।

সেদিন ছুটির পর অপ্নু একখানা খবরের কাগজ উল্টাইতে উল্টাইতে দেখিতে পাইল একটা শিক্ষাবিষয়ক প্রবন্ধের লেখক তাহার বন্ধু জানকী এবং নামের তলায় ব্র্যাকেটের মধ্যে লেখা আছে—On deputation to England.

জানকী ভাল করিয়া এম-এ ও বি-টি পাশ করিবার পর গবর্নমেন্ট স্কুলে মাস্টারি করিতেছে এ-সংবাদ পূর্বেই সে জানিত কিন্তু তাহার বিলাত যাওয়ার কোন খবরই তাহার জানা ছিল না। কে-ই বা দিবে? দেখি দেখি—বা রে! জানকী বিলাত গিয়াছে, বাঃ—প্রবন্ধটা কৌতুহলের সহিত পড়িল। বিলাতের একটা বিখ্যাত স্কুলের শিক্ষাপ্রণালী ও ছাত্রজীবনের দৈনন্দিন ঘটনা-সংক্রান্ত আলোচনা। বাহির হইয়া পথ চলিতে চলিতে ভাবিল, উঃ, জানকী যে জানকী—সেও গেল বিলেত!

মনে পড়িল কলেজ-জীবনের কথা—বাগবাজারের সেই শ্যামরায়ের মন্দির ও ঠাকুরবাড়ি—গরীব ছাত্রজীবনে জানকীর সঙ্গে কতদিন সেখানে খাইতে যাওয়ার কথা। ভালই হইয়াছে, জানকী কম কষ্টটা করিয়াছিল কি একদিন! বেশ হইয়াছে, ভালই হইয়াছে।

এ-সময়ের রাস্তায় বড় ধুলো, তাহার উপর আবার কয়লার গুড়া দেওয়া—পথ হাঁটা মোটেই প্রীতিকর নয়। দুধারে কুলিবস্তী; ময়লা দাঁড় চারপাই পাতিয়া লোকগুলো তামাক টানিতেছে ও গুণ করিতেছে। এ-পথ চলিতে চলিতে অপরিচ্ছন্ন, সংকীর্ণ বস্তী-গুলির দিকে চাহিয়া সে কতবার ভাবিয়াছে, মানুষ কোন টানে, কিসের লোভে এ-ধরনের নরককুণ্ডে স্বেচ্ছায় বাস করে? জানে না, বেচারীরা জানে না, পলে পলে এই নোংরা

আবহাওয়া তাহাদের মনুষ্যকে, রুচিকে, চরিত্রকে, ধর্মপন্থাকে গলা টিপিয়া ধরন করিতেছে। সূর্যের আলো কি ইহারা কখনও ভোগ করে নাই? বন-বনানীর শ্যামলতাকে ভালবাসে নাই? পৃথিবীর মস্ত রূপকে প্রত্যক্ষ করে নাই?

নিকটে মাঠ নাই, বেগমপুরের মাঠ অনেক দূরে, রবিবার ভিন্ন সেখানে যাওয়া চলে না। সুত্তরাং খানিকটা বেড়াইয়াই সে ফিরিল।

অনেকদিন হইতে এ-অঞ্চলের মাঠে ও পাড়াগায়ে ঘুরিয়া ঘুরিয়া এঁদের গাছ-পালা ও বনের ফুলের একটা তালিকা ও বর্ণনা সে একখানা বড় খাতায় সংগ্রহ করিয়াছে। স্কুলের দ্ব-একজন মাস্টারকে দেখাইলে তাহারা হাসিয়া উড়াইয়া দিলেন। ও-সবের কথা লইয়া আবার বই! পাগল আর কাকে বলে!

বাসায় আসিয়া আজ আর সে বিশদ স্যাক্রার আড্ডায় গেল না। বসিয়া বসিয়া ভাবিতে ভাবিতে জ্ঞানকীর কথা মনে পড়িল। বিলাতে—তা বেশ। কতদিন গিয়াছে কে জানে? ব্রিটিশ মিউজিয়ম-টিউজিয়ম এতদিনে সব দেখা হইয়া গিয়াছে নিশ্চয়। পুরানো নর্ম্যান দুর্গ দু-একটা, পাশে পাশে জুর্নিপারের বন, দূরে চেউ-খেলানো মাঠের সীমায় খড়মাটির পাহাড়ের পিছনে সম্মুখের আটল্যান্টিকের উদার বৃক্ষে অন্ত-আকাশের রঙিন প্রতিচ্ছায়া, কি কি গাছ, পাড়াগায়ের মাঠের ধারে কি কি বনের ফুল? ইংল্যান্ডের বনফুল নাকি ভারী দেখিতে সুন্দর—পিপ, ক্লিম্যাটিস, ডেজী।

বিশদ স্যাক্রার ঘোকান হইতে লোক ডাকিতে আসে, আসিবার আজ এত দৌরকিসের? খেলড়ে ভীম সাধুর্থা, মহেশ সাবুই, নীলু ময়রা, ফকির আঁভি—ইহারা অনেকক্ষণ আসিয়া বসিয়া আছে—মাস্টার মশায়ের সাইবার অপেক্ষায় এখনও খেলা যে আরম্ভ হয় নাই।

অপু যায় না—তাহার মাথা ধরিয়াছে—না, আজ সে আর খেলায় যাইবে না।

ক্রমে রাত্রি বাড়ে, পশ্চিমপুরের ও-পারে ফুলবস্তীর আলো নিবিয়া যায়, নৈশ-বায়ু শীতল হয়, রাত্রি সাড়ে দশটায় আপ ট্রেন হোল্ডে-দুলিতে ঝক-ঝক শব্দে রোয়াকের কোল ঘেঁষিয়া চলিয়া যায়, পয়েন্টস্ম্যান আধারে-লঠন-হাতে আসিয়া সিগন্যালের বাতি নামাইয়া লইয়া যায়। জিজ্ঞাসা করে—মাস্টারবাবু, এখনও বসিয়ে আছেন?

—কে ভজ্জয়া? হ্যাঁ—সে এখনো বসিয়া আছে।

কিসের ক্ষুধা—কিসের যেন একটা অতৃপ্ত ক্ষুধা।

ও-বেলা একখানা পুরানো জ্যোতির্বিজ্ঞানের বই লইয়া নাড়াচাড়া করিতেছিল—এখানা খুব ভাল বই এ-সম্বন্ধে। শীলদের ব্যাড্র চাকরিজীবনে কিনিয়াছিল—এখানা হইতে অপর্ণাকে কতদিন নীহারিকা ও নক্ষত্রপুঞ্জের ফটোগ্রাফ দেখাইয়া বুঝাইয়া দিত—ও-বেলা যখন সেখানা লইয়া পড়িতেছিল তখন তাহার চোখে পড়িল, অতি ক্ষুদ্র সাধা রংয়ের—খালি চোখের খুব তেজ না থাকিলে দেখা প্রায় অসম্ভব—এরূপ একটা পোকা বইয়ের পাতায় চলিয়া বেড়াইতেছে। ওর সম্বন্ধে ভাবিয়াছিল—এই বিশাল জগৎ, নক্ষত্রপুঞ্জ, উষ্কা, নীহারিকা, কোটি কোটি দৃশ্য-অদৃশ্য জগৎ লইয়া এই জনস্ত বিশ্ব—ও-ও তো এরই একজন অধিবাসী—এই যে চলিয়া বেড়াইতেছে পাতাটার উপরে, ও-ই ওর জীবনানন্দ—কতটুকু ওর জীবন, আনন্দ কতটুকু?

কিন্তু মানুষেরই বা কতটুকু? ঐ নক্ষত্র-জগতের সঙ্গে মানুষের সম্বন্ধই বা কি? আজকাল তাহার মনে একটা নৈরাশ্য ও সন্দেহবাদের ছায়া মাঝে মাঝে যেন উঁকি মারে। এই বর্ষাকালে সে দেখিয়াছে, ভিলা জুতার উপর এক রকম ক্ষুদ্র ক্ষুদ্র ছাতা গজার—কতদিন মনে হইয়াছে মানুষও তেমনি পৃথিবীর পৃষ্ঠে এই রকম ছাতার মত জন্মিয়াছে—এখানকার উষ্ক বায়ুমণ্ডল ও তাহার বিভিন্ন গ্যাসগুলা প্রাণপোষণের অনুকূল একটা অবস্থার

সৃষ্টি করিলাছে বলিয়া । এরা নিতান্তই এই পৃথিবীর, এরই সঙ্গে এদের বন্ধন আশ্চর্য্যেতে জড়ানো, ব্যাঙের ছাতার মতই হঠাৎ গজাইয়া উঠে, লাখে লাখে, পালে পালে জন্মান, আবার পৃথিবীর বন্ধকেই যায় মিলাইয়া । এরই মধ্য হইতে সহস্র ক্ষুদ্র ও তুচ্ছ ঘটনার আনন্দ, হাসি-খুশিতে দৈন্য-ক্ষুদ্রতাকে ঢাকিয়া রাখে—গড়ে চাঁপশাটো বছর পরে সব শেষ । যেমন-ঐ পোকাকার সব শেষ হইয়া গেল তেমনি ।

এই অবোধ জীবগণের সঙ্গে ঐ বিশাল নক্ষত্র-জগতের, ঐ গ্রহ, উল্কা, ধূমকেতু—ঐ নিঃসীম নাক্ষত্রিক বিরাট শূন্যের কি সম্পর্ক ? সূর্যের পিপাসাও যেমন মিথ্যা, অনন্ত জীবনের স্বপ্নও তেমনি মিথ্যা—ভিজা জুতার বা পচা বিচালী-গাদায় ব্যাঙের ছাতার মত বাহাদের উৎপত্তি—এই মহনীয় অনন্তের সঙ্গে তাদের কিসের সম্পর্ক ?

• মৃত্যুপারে কিছই নাই, সব শেষ । মা গিয়াছে—অপর্ণা গিয়াছে—অনিল গিয়াছে—সব ঘাঁড়ি পিড়িয়া গিয়াছে—পূর্ণচ্ছেদ ।

ঐ জ্যোতির্বিজ্ঞানের বইখানাতে যে বিশ্বজগতের ছবি ফুটিয়াছে, ঐ পোকাটার পক্ষে যেমন তাহার কল্পনা ও ধারণা সম্পূর্ণ অসম্ভব, এমন সব উচ্চতর বিবর্তনের প্রাণী কি নাই বাহাদের জগতের তুলনায় মানুষের জগৎটা ঐ বইয়ের পাতার বিচরণশীল প্রায় আনুভূতিক পোকাটার জগতের মতই ক্ষুদ্র, তুচ্ছ, নগণ্য ?

হয়ত তাহাই সত্য, হয়ত মানুষের সকল কল্পনা, সকল জ্ঞান-বিজ্ঞান মিলিয়া যে বিশ্বটার কল্পনা করিলাছে সেটা বিরাট বাস্তবের অতি ক্ষুদ্র এক ভগ্নাংশ নয়,—তাহা নিতান্ত ঐ পৃথিবীর মাটির, ...মাটির... মাটির ।

আধুনিক জ্যোতির্বিজ্ঞানের জগতের তুলনায় ঐ পোকাটার জগতের মত ! হয়ত তাহাই, কে বলিবে হ্যাঁ কি না ?

মানুষ মরিয়া কোথায় যায় ? ভিজা জুতাকে রোদে দিলে তাহার উপরকার ছাতা কোথায় যায় ?

ষোড়শ পরিচ্ছেদ

স্কুলের সেক্রেটারী স্থানীয় বিখ্যাত চাউল ব্যবসায়ী রামতারণ গুহঁইয়ের বাড়ি এবার পূজার খুব ধুমধাম । স্কুলের বিদেশী মাস্টার মহাশয়েরা কেহ বাড়ি যান নাই, এই বাজারে চাকুরিটা ঘি ঘি বা জুটিয়া গিয়াছে, এখন সেক্রেটারীর মনস্তৃষ্টি করিয়া সেটা তো বজায় রাখিতে হইবে ! তাহার পূজার কর্মদিন সেক্রেটারীর বাড়িতে প্রাণপণ পরিশ্রম করিয়া লোকজনের আদর-অভ্যর্থনা, খাওয়ানোর বিলি-বন্দোবস্ত প্রভৃতিতে মহাবাস্ত, সকলেই বিজয়া দশমীর পরদিন বাড়ি বাইবেন ! অপূর হাতে ছিল ভাড়ার । ঘরের চার্জ—কর্মদিন রাত্রি এগারোটা পর্বন্ত খাটিবার পর বিজয়া দশমীর দিন বৈকালে সে ছুটি পাইয়া কলিকাতায় আসিল ।

প্রায় এক বৎসরের একঘেয়ে ওই পাড়াগেঁয়ে জীবনের পরে বেশ লাগে শহরের এই সজীবতা । এই দিনটার সঙ্গে বহু অতীত দিনের নানা উৎসব-চপল আনন্দস্মৃতি জড়ানো আছে, কলিকাতায় আসিলেই যেন পুরানো দিনের সে-সব উৎসবরাজি তাহাকে পুরাতন সঙ্গী বলিয়া চিনিয়া ফেলিয়া প্রীতিমধুর কলহাস্যে আবার তাহাকে ব্যগ্র আলিঙ্গনে আবশ্ব করিয়া ফেলিবে । পথে চলিতে চলিতে নিজের ছেলের কথা মনে হইতে লাগিল বার বার । তাহাকে দেখা হয় নাই—কি জানি কি রকম দোখিতে হইয়াছে । অপর্ণার মত, না তাহার মত ?... ছেলের উপর অপূর মনে মনে খুব সম্বন্ধ ছিল না, অপর্ণার মৃত্যুর জন্য সে মনে মনে ছেলেকে দায়ী করিয়া বসিয়াছিল বোধ হয় । ভাবিয়াছিল, পূজার সময় একবার সেখানে

গিন্না দেখিয়া আসিবে—কিন্তু ষাওয়ার কোন ভাগিদ মনের মধ্যে খঁজিয়া পাইল না। চক্ষু-লজ্জার খাতিরে খোকার পোশাকের দরুন পাঁচটি টাকা বশুরবাড়িতে মনি-অর্ডার করিয়া পাঠাইয়া পিতার কস্তব্য সমাপন করিয়াছে।

আজকার দিনে শব্দ আত্মীয় বন্ধুবান্ধবদের সঙ্গে সাক্ষাৎ করিতে ইচ্ছা যায়। কিন্তু তাহার কোনও পূর্বপরিচিত বন্ধু আজকাল আর কলিকাতায় থাকে না, কে কোথায় ছড়াইয়া পড়িয়াছে। গ্রে শ্রীটের মোড়ে দাঁড়াইয়া প্রতিমা দেখিতে দেখিতে ভাবিতে লাগিল—কোথায় যাওয়া যায় ?

তার পরে সে লক্ষ্যহীনভাবে চলিল। একটা সরু গলি, দুজন লোকে পাশাপাশি যাওয়া যায় না, দুধারে একতলা নীচু সঁাতসেঁতে ঘরে ছোট ছোট গৃহস্থেরা বাস করিতেছে—একটা রান্নাঘরে ছাঁশ্বশ-সাতাশ বছরের একটি বৌ লুচি ভাজিতেছে, দুটি ছোট মেয়ে ময়দা বেলিয়া দিতেছে—অপু ভাবিল, একবৎসর পরে আজ হয়ত ইহাদের লুচি খাইবার উৎসব-দিন। একটা উঁচু রোয়াকে অনেকগুলি লোক কোলাকুলি করিতেছে, গোলাপী সিনেকের ব্রুকপরা কোঁকড়াচুল একটি ছোট মেয়ে দরজার পর্দা তুলিয়া তাহার দিকে চাহিয়া আছে। একটা দৃশ্যে তাহার ভারী দুঃখ হইল। এক মর্দুর দোকানে প্রোঁটা মর্দুওয়ালীকে একটি অস্বপ্নসী নীচশ্রেণীর পতিতা মেয়ে বলিতেছে—ও দিদি—দিদি? একটু পায়ের ধুলো দ্যাও। পরে পায়ের ধুলো লইয়া বলিতেছে, একটু সিঁশ্ব খাওয়াবে না, শোনো—ও দিদি? মর্দুওয়ালী তাহার কথায় আদৌ কান না দিয়া সোনার মোটা অনন্ত-পরা বিয়ের সহিত কথাবার্তা করিতেছে—মেরেটি তাহার মনোযোগ ও অনগ্রহ আকর্ষণ করিবার জন্য আবার প্রণাম করিতেছে ও আবার বলিতেছে—দিদি, ও দিদি? একটু পায়ের ধুলো দ্যাও। পরে হাসিয়া বলিতেছে—একটু সিঁশ্ব খাওয়ালে না, ও দিদি?

অপু ভাবিল, এ রূপহীনা হতভাগিনীও হয়ত কলিকাতায় তাহার মত একাকী, কোন খোলার ঘরের অধিকার গর্ভগৃহ হইতে আজিকার দিনের উৎসবে যোগ দিতে তাহার চুনারি শাড়িখানা পরিয়া বাহির হইয়াছে। পাশের দোকানের অবস্থাপন্ন মর্দুওয়ালীর অনগ্রহ ভিক্ষা করিতেছে, উৎসবের অংশ হইতে যাহাতে সে বঞ্চিত না হয়। ওর চোখে ওই মর্দুওয়ালীই হয়ত কত বড়লোক!

ঘুরিতে ঘুরিতে সেই কবিরাজ-বন্ধুটির দোকানে গেল। বন্ধু দোকানেই বাসিয়া আছে, ধুব আদর করিয়া বলিল—এসো, এসো ভাই, ছিলে কোথায় এতদিন? বন্ধুর অবস্থা পূর্বাপেক্ষাও খারাপ, পুষ্কের বাসা ছাড়িয়া নিকটের একটা গলিতে সাড়ে তিন টাকা ভাড়াতে একটা খোলার ঘর লইয়াছে—নতুবা চলে না। বলিল—আর ভাই পারি নে, এখন হয়েছে দিন-আনি দিন-খাই অবস্থা—আমি আর শ্রী দুজনে মিলে বাড়িতে আচার-চার্টনি, পয়সা প্যাকেট চা—এই সব করে বিক্রি করি—অসম্ভব শ্রীগল করতে হচ্ছে ভাই, এসো বাসায় এসো।

নীচু সঁাতসেঁতে ঘর। বন্ধুর রৌ বা ছেলেমেয়ে কেহই বাড়ি নাই—পাড়ার মেয়েদের সঙ্গে গিলর মুখে বড় রাস্তার ধারে দাঁড়াইয়া প্রতিমা দেখিতেছে। বন্ধু বলিল—এবার আর ছেলেমেয়েদের কাপড়-টাপড় দিতে পারি নি—বলি ঐ পুরানো কাপড় ধোপার বাড়ি থেকে কাচিয়ে পর। বোটোর চোখে জল দেখে শেষকালে ছোট মেয়েটার জন্য একখানা ডুরে শাড়ি—তাই। ব'স ব'স, চা খাও, বাঃ, আজকের দিনে যদি এলে। দাঁড়াও, ডেকে আনি ওকে।

অপু ইতিমধ্যে গিলর মোড়ের দোকান হইতে আট আনার খাবার কিনিয়া আনি। খাবারের টোঙা হাতে বখন সে ফিরিয়াছে তখন বন্ধু ও বন্ধুপত্নী বাসায় ফিরিয়াছে।—

বাঃ রে, আবার কোথায় গিয়েছিলে—ওতে কি ? খাবার ? বাঃ রে, খাবার তুমি আবার কেন—

অপদ হাসিমুখে বলিল—তোমার আমার জন্যে তো আনি নি ? খুকী রয়েছে, ঐ খোকা রয়েছে—এস তো মান্দ—কি নাম ? রমলা ? ও বাবা, বাপের শখ দ্যাখ—রমলা ! বোঁ-ঠাকুরগুণ—ধরুন তো এটা ।

বন্দুপত্নী আধঘোমটা টানিয়া প্রসন্ন হাসিভরা মুখে ঠোঙাটি হাতে লইলেন । সকলকে চা ও খাবার দিলেন । সেই খাবারই ।

আধঘণ্টাটুক পর অপদ বলিল—উঠি ভাই, আবার চাঁপদানীতেই ফিরব—বেশ ভাল ভাই—কণ্টের সঙ্গে তুমি এই যে লড়াই করছ—এতেই তোমাকে ভাল করে চিনে নিলাম—কিন্তু বোঁ-ঠাকুরগুণকে একটা কথা বলে যাই—অত ভালমানুষ হবেন না—আপনার স্বামী তা পছন্দ করেন না । দু-একদিন একটু-আধটু চুলোচুলি, হাতা-বন্ধ বেলাদন-বন্ধ—জীবনটা বেশ একটু সরস হয়ে উঠবে—বুঝলেন না ? এ আমার মত নয় কিন্তু, আমার এই বন্দুপতির মত—আচ্ছা আসি, নমস্কার ।

বন্দুপতি পিছদ পিছদ আসিয়া হাসিমুখে বলিল ওহে তোমার বোঁ-ঠাকুরগুণ বলছেন. ঠাকুরপোকে জিজ্ঞেস কর, উনি বিয়ে করবেন, না, এই রকম সন্ধ্যাসি হয়ে ঘরে ঘরে বেড়াবেন ? উত্তর দাও ।

অপদ হাসিয়া বলিল—দেখে শুনে আর ইচ্ছে নেই ভাই, বলে দাও ।

বাইরে আসিয়া ভাবে—আচ্ছা তবু এরা আজ ছিল বলে বিজ্ঞার আনন্দটা করা গেল । সত্যিই শাস্ত বোঁটি । ইচ্ছে করে এদের কোনও হেপ করি—কি করে হয়, হাতে এদিকে পরসা কোথায় ?

তাহার পর কিসের টানে সে ষ্টামে উঠিয়া একেবারে ভবানীপুরে লীলাদের বাড়ি গিয়া হাজির হইল । রাত তখন প্রায় সাড়ে-আটটা । লীলার দাদামশায়ের লাইব্রেরী-ঘরটাতে লোকজন কথাবাত্তা বলিতেছে—গাড়িবারান্দাতে দুখানা মোটর দাঁড়াইয়া আছে—পোকাকার উপদ্রবের ভয়ে হলের ইলেকট্রিক আলোগুলিতে রাঙা সিঙ্কের ঘেরাটোপ বাঁধা । মার্শ্বালের সিঁড়ির ধাপ বাহিয়া হলের সামনের চাতালে উঠবার সময় সেই গম্বুটা পাইল—কিসের গম্বু ঠিক সে জানে না, হয়ত ধামী আসবাবপত্রের গম্বু, নম্র লীলার দাদামশায়ের দামী চুরটের গম্বু—এখানে আসিলেই ওটা পাওয়া যায় ।

লীলা—এবার হয়ত লীলা...অপদর বুকটা টিপ্ টিপ্ করিতে লাগিল ।

লীলার ছোট ভাই বিমলেশ্বর তাহাকে দেখিতে পাইয়া ছুটিয়া আসিয়া হাত ধরিল ।

এই বালকটিকে অপদর বড় ভাল লাগে—মাত্র বার দুই ইহার আগে সে অপদকে দেখিয়াছে, কিন্তু কি চোখেই যে দেখিয়াছে ! একটু বিশ্ময়মাথানো আনন্দের সুরে বলিল—অপদস্ববাবু, আপনি এতদিন পরে কোথা থেকে ? আসুন, আসুন, বসবেন । বিজ্ঞার প্রণামটা, দাঁড়ান ।

—এসো এসো, কল্যাণ হোক, মা কোথায় ?

—মা গিয়েছেন বাগবাজারের বাড়িতে—আসবেন এখনি—বসুন ।

—ইয়ে—তোমার দাঁড় এখানে তো—না ?—ও ।

এক মূহুর্তে সারা বিজ্ঞা দশমীর উৎসবটা, আজিকার সকল ছুটাছুটি ও পরিশ্রমটা অপদর কাছে বিশ্বাস, নীরস, অর্থহীন হইয়া গেল । শব্দ আজ বলিয়া নয়, পূজা আরম্ভ হইবার সময় হইতেই সে ভাবিতেছে—লীলা পূজার সময় নিশ্চয় কলিকাতায় আসিবে—বিজ্ঞার দিন গিয়া দেখা করিবে । আজ চাঁপদানীর চটকলে পাঁচটার ভোঁ বিজ্ঞা প্রভাত

সুচনা হওয়ার সঙ্গে সঙ্গে সে অসীম আনন্দের সহিত বিছানায় শুইয়া ভাবিয়াছিল—বৎসর দুই পরে আজ লীলার সঙ্গে ওবেলা দেখা হইবে এখন ! সেই লীলাই নাই এখানে !...

বিমলেশ্বর তাহাকে উঠিতে দিল না। চা ও খাবার আনিয়া খাওয়াইল। বলিল—বৎসর, এখন উঠতে দেব না, নতুন আইসক্রিমের কলটা এসেছে—ষড়মামার বন্ধুদের জন্যে সিঁথির আইসক্রিম হচ্ছে—খাবেন সিঁথির আইসক্রিম ? রোজ দেওয়া—আপনার জন্যে এক ডিশ আনতে বলে এলাম। আপনার গান শোনা হয় নি কতদিন, না সত্যি, একটা গান করতেই হবে—ছাড়াই নে।

—লীলা কি সেই রায়পুরেই আছে ? আসবে-টাসবে না ?...

—এখন তো আসবে না দিদি—দিদির নিজের ইচ্ছেতে তো কিছু হবার জো নেই—দাদামশায় পত্র লিখেছিলেন, জামাইবাবু উত্তর দিলেন এখন নয়, দেখা যাবে এর পর।

তাহার পর সে অনেক কথা বলিল। অপু এ-সব জানিত না।—জামাইবাবু লোক ভাল নয়, খুব রাগী, বদমেজাজী। দিদি খুব তেজী মেয়ে বলিয়া পারিয়া উঠে না—ভদ্র ব্যবহার আদৌ ভাল নয়। নীচু সুরে বলিল—নাকি খুব মাতালও—দিদি তো সব কথা লেখে না, কিন্তু এবার বড়দিদির হেলে কিছুদিন বেড়াতে গিয়েছিল নাকি গরমের ছুটিতে, সে এসে সব বললে। বড়দিদিকে আপনি চেনেন না ? সজ্জাতাদি ? এখানেই আছেন, এসেছেন আজ—ডাকব তাঁকে ?

অপু মনে পাড়ল সজ্জাতাকে। বড় বৌরানীর মেয়ে বাল্যের সেই সুন্দরী, তবু সজ্জাতা—বর্ধমানের বাড়িতে তাহারই ঘোবনপুষ্পিত তনুলতাটি একদিন অপু অনভিজ্ঞ শৈশবচক্রুর সম্মুখে নারী-সৌন্দর্যের সমগ্র ভাণ্ডার যেন নিঃশেষে উজাড় করিয়া টালিয়া দিয়াছিল—বারো বৎসর পূর্বের সে উৎসবের দিনটা আজও এমন স্পষ্ট মনে পড়ে !

একটু পরে সজ্জাতা হাসিমুখে পূর্ণা ঠেলিয়া ঘরে ঢুকিল, কিন্তু একজন অপরিচিত, সুন্দর, তরুণ যুবককে ঘরের মধ্যে দেখিয়া প্রথমটা সে তাড়াতাড়ি পিছু হটিয়া পূর্ণাটা পুনরায় টানিতে যাইতেছিল—বিমলেশ্বর হাসিয়া বলিল—বাঃ রে, ইনিই তো অপূর্ববাবু বড়দি, চিনতে পারেন নি ?

অপু উঠিয়া পায়ের ধলা লইয়া প্রশ্ন করিল। সে সজ্জাতা আর নাই, বয়স গ্রিশ পার হইয়াছে, খুব মোটা হইয়া গিয়াছে, মাথার সামনের দিকে দু-এক গাছা চুল উঠিতে শুরু হইয়াছে, ঘোবনের চটল লাভণ্য গিয়া মূখে মাতৃস্বের কোমলতা। বর্ধমানে থাকিতে অপু সঙ্গে একদিনও সজ্জাতার আলাপ হয় নাই—রাধুনীর ছেলের সঙ্গে বাড়ির বড় মেয়ের কোন আলাপই বা সম্ভব ছিল ? সবাই তো আর লীলা নয় ! তবে বাড়ির রাধুনী বামনীর ছেলোটিকে ভয়ে ভয়ে বড়লোকের বাড়িতে একজলা দালানের বারান্দাতে অনেকবার সে বেড়াইতে, ঘোরাফেরা করিতে দেখিয়াছে বটে।

সজ্জাতা বলিল—এসো এসো, বঁস। এখানে কি কর ? মা কোথায় ?

—মা তো অনেকদিন মারা গিয়েছেন।

—তুমি বিয়ে-খাওয়া করেছ তো—কোথায় ?

সে সংক্ষেপে সব বলিল। সজ্জাতা বলিল—তা আবার বিয়ে কর নি ? না না, বিয়ে করে ফেল, সংসারে থাকতে গেলে ও-সব ভুঁয়া স্নাচ্ছেই, বিশেষ যখন তোমার মা-ও নেই। সে বাড়ির আর মেয়ে-টেনে নেই ?

অপু মনে হইল, লীলা থাকিলে, সে 'তোমার মা' এ-কথা না বলিয়া শুধু 'মা' বলিত, তাহাই সে বলে। লীলার মত আর কে এমন দয়াময়ী আছে তাহার জীবনে, যে তাহার সকল দারিদ্র্যকে, সকল হীনতাকে উপেক্ষা করিয়া পরিপূর্ণ করণের ও মমতার স্নেহপাণি

সহজ বশুত্বের মাধ্যমে তাহার দিকে এমন প্রসারিত করিয়া দিয়াছে? সূজাতার কথার উত্তর দিতেই এ-কথাটা ভাবিয়া সে কেমন অনামনস্ক হইয়া গেল।

সূজাতা ভিতরে চলিয়া গেলে অপূর মনে হইল শূদ্ধ মাতৃত্বের শান্ত কোমলতা নহ্ন, সূজাতার মধ্যে গৃহিণীপনার প্রবীণতাও আসিয়া গিয়াছে। বলিল আসি ভাই বিমল, আমার আবার সাড়ে দশটায় গাড়ি।

বিমলেন্দু তাকে আগাইয়া দিতে তাহার সহিত অনেকদূর আসিল। বলিল—আর বছর ফাগুন মাসে দিদি এসেছিল, দিন পনেরো ছিল। কাউকে বলবেন না, আপনার পুরানো আপিসে একবার আমার পাঠিয়েছিল আপনার খোঁজে—সবাই বললে তিনি চাকরি ছেড়ে চলে গিয়েছেন কোথায় কেউ জানে না। আপনার কথা আমি লিখব, আপনার ঠিকানাটা দিন না?...দাঁড়ান, লিখে নিই।

মাঘীপূর্ণিমার দিনটা ছিল ছুটি। সারাদিন সে আশে-পাশের গ্রামগুলো পায়ে হাঁটিয়া ঘুরিয়া বেড়াইয়াছে। সন্ধ্যার অনেক পরে সে বাসায় আসিয়া শূইবামাত্র ঘুমাইয়া পড়িল। কত রাতে জানে না, তন্তুপোশের কাছে জানালাতে কাহার মৃদু করাঘাতের শব্দে তাহার ঘুম ভাঙিয়া গেল। শীত এখনও বেশী বলিয়া জানালা বন্ধই ছিল, বিছানার উপর বসিয়া সে জানালাটা খুলিয়া ফেলিল। কে যেন বাহিরের রোয়াকে জ্যোৎস্নার মধ্যে দাঁড়াইয়া! কে?—উত্তর নাই। সে তড়াতড়াই দূরার খুলিয়া বাহিরের রোয়াকে আসিয়া অবাক হইয়া গেল—কে একটি স্ত্রীলোক এত রাতে তাহার জানালায় কাছে দেয়াল ঘেষিয়া বিবস্নভাবে দাঁড়াইয়া আছে।

অপূ আশ্চর্য হইয়া কাছে গিয়া বলিল—কে ওখানে? পরে বিস্ময়ের সুরে বলিল—পটেশ্বরী! তুমি এখানে এত রাতে! কোথা থেকে—তুমি শব্দরবাড়ি ছিলে, এখানে কি কর্বে—

পটেশ্বরী নিঃশব্দে কাঁদিতোছিল, কথা বলিল না—অপূ চাহিয়া দেখিল, তাহার পায়ে কাছে একটা ছোট পুঁতুলি পড়িয়া আছে। বিস্ময়ের সুরে বলিল কে'দো না পটেশ্বরী, কি হয়েছে বল। আর এখানে এ-ভাবে দাঁড়িয়েও তো—শূনি কি হয়েছে? তুমি এখন আসছ কোথেকে বল তো?

পটেশ্বরী কাঁদিতে কাঁদিতে বলিল—রিম্ড়ে থেকে হেঁটে আসছি—অনেক রাত্তিরে বেরিয়েছি, আমি আর সেখানে যাব না—

—আচ্ছা, চলা চলো, তোমায় বাড়িতে দিয়ে আসি—কি বোকা মেয়ে! এত রাত্তিরে কি এ ভাবে বেরুতে আছে।...ছি—আর এই কনকনে শীতে, গায়ে একখানা কাপড় নেই কিছূ না—এ কি ছেলেমানুষি!

—আপনার পায়ে পড়ি মাস্টার মশাই, আপনি বাবাকে বলবেন, আর যেন সেখানে না পাঠায়—সেখানে গেলে আমি মরে যাব—পায়ে পড়ি আপনার—

বাড়ির কাছাকাছি গিয়া বলিল—বাড়িতে যেতে বস্তু ভয় করছে, মাস্টার মশায়—আপনি একটু বলবেন বাবাকে মাকে বুঝিয়ে—

সে এক কাশ আর কি অত রাতে! ভাগ্যে রাত অনেক, পথে কেহ নাই।

অপূ তাহাকে সঙ্গে লইয়া দীঘড়ী-বাড়ি আসিয়া পটেশ্বরীর বাবাকে ডাকিয়া তুলিয়া সব কথা বলিল। পূর্ণ দীঘড়ী বাহিরে আসিলেন, পটেশ্বরী আমগাছের তলায় বসিয়া পড়িয়া হাঁটুতে মৃদু গর্জনা কাঁদতেছে ও হাড়ভাঙা শীতে ঠক-ঠক করিয়া কাঁপতেছে না একখানা শীতবস্ত্র না একখানা মোটা চাদর।

বাড়ির মধ্যে গিয়া পটেস্বরী কাঁদিয়া মাকে জড়াইয়া ধরিল—একটু পরে পূর্ণ দীঘড়ী তাহাকে ডাকিয়া বাড়ির মধ্যে লইয়া গিয়া দেখাইলেন পটেস্বরীর হাতে, পিঠে ঘাড়ের কাছে প্রহারের কালশিরার দাগ, এক এক জায়গায় রক্ত ফুটিয়া বাহির হইতেছে—মাকে ছাড়া দাগ-গালি সে আর কাহাকেও দেখায় নাই, তিনি আবার স্বামীকে দেখাইয়াছেন। ক্রমেই জানা গেল পটেস্বরী নাকি রাত বারেটা হইতে পুকুরের ঘাটে শীতের মধ্যে বসিয়া ভাবিয়াছে কি করা যায়—দু ঘণ্টা শীতে ঠকঠক করিয়া কাঁপবার পরও সে বাড়ি আসিবার সাহস সঞ্চয় করিতে না পারিয়া মাষ্টার মহাশয়ের জানালায় শব্দ করিয়াছিল।

মেয়েকে আর সেখানে পাঠানো চলিতে পারে না এ কথা ঠিক। দীঘড়ী মশাই অপুকে জিজ্ঞাসা করিলেন, তাহার কোন উকীল বন্ধু আছে কি-না; এ সম্বন্ধে একটা আইনের পরামর্শ বিশেষ আবশ্যিক—মেয়ের ভরণপোষণের দাবী দিয়া তিনি জামাইয়ের নামে নালিশ করিতে পারেন কি না। অপু দিন দুই শব্দই ভাবিতে লাগিল এক্ষেত্রে কি করা উচিত।

সুতরাং শব্দবতই সে খুব আশ্চর্য হইয়া গেল, যখন মাঘীপূর্ণিমার দিন-পাঁচেক পরে সে শুনিল পটেস্বরীর স্বামী আসিয়া পুনরায় তাহাকে লইয়া গিয়াছে।

কিন্তু তাহাকে আরও বেশী আশ্চর্য হইতে হইল, সম্পূর্ণ আর এক ব্যাপারে। একদিন সে স্কুল হইতে ছুটির পরে বাঁহরে আসিতেছে, স্কুলের বেহারা তাহার হাতে একখানা চিঠি দিল—খুলিয়া পড়িল, স্কুলের সেক্রেটারী লিখিতেছেন, তাহাকে আর বর্তমানে আবশ্যিক নাই—এক মাসের মধ্যে সে যেন অন্যত্র চাকুরি দেখিয়া লয়।

অপু বিস্মিত হইল—কি ব্যাপার! হঠাৎ এ নোটিশের মানে কি? সে তখনই হেড-মাষ্টারের কাছে গিয়া চিঠিখানি দেখাইল। তিনি নানা কারণে অপু উপর সন্তুষ্ট ছিলেন না। প্রথম, সেবাসমিতি দলগঠন অপুই করিয়াছিল, নেতৃত্বও করিত সে। ছেলেদের সে অত্যন্ত প্রিয়পাত্র, তাহার কথায় ছেলেরা ওঠে বসে। জিনিসটা হেডমাষ্টারের চক্ষুশূল। অনেকদিন হইতেই তিনি সুযোগ খুঁজিতেছিলেন—ছিন্নটা এত দিন পান নাই পাইলে কি আর একটা অনভিজ্ঞ ছোকরাকে জন্ম করিতে এতদিন লাগিত?

হেডমাষ্টার কিছু জানেন না—সেক্রেটারীর ইচ্ছা, তাহার হাত নাই। সেক্রেটারী জানাইলেন, কথাটা এই যে, অপুস্বাব্দুর নামে নানা কথা রটিয়াছে, দীঘড়ী-বাড়ীর মেয়েটির এই সব ঘটনা লইয়া। অনেকদিন হইতেই এ লইয়া তাহার কানে কোন কোন কথা গেলেও তিনি শোনে নাই। কিন্তু সম্প্রতি ছেলেদের অভিভাবকদের মধ্যে অনেকে আপত্তি করিতেছেন যে, ও-রূপ চরিত্রের শিক্ষককে স্কুলে কেন রাখা হয়। অপু প্রতীবাদ সেক্রেটারী কানে তুলিলেন না।

—দেখুন, ও-সব কথা আলাদা। আমাদের স্কুলের ও ছাত্রদের দিক থেকে এ-ব্যাপারটা অন্যভাবে আমরা দেখব কি না! একবার যার নামে কুৎসা রটেছে, তাকে আর আমরা শিক্ষক হিসাবে রাখতে পারি নে তা সে সত্যিই হোক, বা মিথ্যেই হোক।

অপু মুখ লাল হইয়া গেল এই বিরাট আবিচারে। সে উত্তেজিত সুরে বলিল—বেশ তো মশায়, এ বেশ জাস্টিস্ হ'ল তো! সত্যি মিথ্যে না জেনে আপনারা একজনকে এই বাজারে অনায়াসে চাকরি থেকে ছাড়িয়ে দিচ্ছেন—বেশ তো?

বাঁহরে আসিয়া রাগে ও ক্রোধে তাহার চোখে জল আসিয়া গেল। মনে ভাবিল এসব হেডমাষ্টারের কারসাজি—আমি যাব তাঁর বাড়ি খোশামোদ করতে? যার যাক্ চাকরি। কিন্তু এদের অদ্ভুত বিচার বটে—ডিফেন্ড করার একটা সুযোগ তো খুনি আসামীকেও দেওয়া হয়ে থাকে, তা-ও এরা আমায় দিলে না!

কয়দিন সে বসিয়া ভাবিতে লাগিল, এখানকার চাকুরির মেসাদ তো আর এই মাসটা—

ভারপর কি করা যাইবে? শুলে এক নতুন মাস্টার কিছদিন পূর্বে কোন এক মাসিক পত্রিকায় গল্প লিখিয়া দশটা টাকা পাইয়াছিলেন। গল্পটা সেই ভ্রমলোকের কাছে অপূর্ণ অনেকবার শুনিয়াছে। আচ্ছা, সেও এখানে বসিয়া খাতায় একটা উপন্যাস লিখিতে শুরুর করিয়াছিল—মনে মনে ভাবিল—দশ-বারো চ্যাপ্টার তো লেখা আছে, উপন্যাসখানা যদি লিখে শেষ করতে পারি, তার বদলে কেউ টাকা দেবে না? কেমন হচ্ছে কে জানে; এক-বার রামবাবুকে দেখাব।

নোটিশ-মত অপূর্ণ কাজ ছাড়িবার আর বিলম্ব নাই, একদিন পোস্টাফিসের ডাক-ব্যাগ খুলিয়া খাম ও পোস্টকার্ডগুলি নাড়িতে-চাড়িতে একখানা বড়, চোকা সবুজ রংএর মোটা খামের ওপর নিজের নাম দেখিয়া বিস্মিত হইল—কে তাহাকে এত বড় শোখিন খামে চিঠি দিল। প্রণব নয়, অন্য কেহ নয়, হাতের লেখাটা সম্পূর্ণ অপরিচিত।

খুলিয়া দেখিলেই তো তাহার সকল রহস্য এখনই চলিয়া যাইবে, এখন থাক, বাসায় গিয়া পড়িবে এখন। এই অজ্ঞানার আনন্দটুকু যতক্ষণ ভোগ করা যায়!

রান্না-খাওয়ার কাজ শেষ হইতে মার্টিন কোম্পানীর রাত দশটার গাড়ি আসিয়া পড়িল, বাজারের গোকানে দোকানে ঝাঁপ পড়িল। অপূর্ণ পত্রখানা খুলিয়া দেখিল—দুখানা চিঠি, একখানা ছোট চার-পাঁচ লাইনের, আর একখানা মোটা সাদা কাগজে—পরক্ষণেই আনন্দে, বিস্ময়ে, উত্তেজনায় তার বুকের রক্ত যেন চলকাইয়া উঠিয়া গেল মাথায়—সম্বন্ধে, কার চিঠি এ! চোখকে যেন বিশ্বাস করা যায় না—লীলা তাহাকে লিখিতেছে! সঙ্গের চিঠিখানা তার ছোট ভাইয়ের—সে লিখিতেছে, দিদির 'এ পত্রখানা তাহার পত্রের মধ্যে আসিয়াছে, অপূর্ণকে পাঠাইবার অনুরোধ ছিল দিদির, পাঠানো হইল।

অনেক কথা, ন' পৃষ্ঠা ছোট ছোট অক্ষরের চিঠি! খানিকটা পড়িয়া সে ধোলা হাওয়ায় আসিয়া বসিল। কি অবর্ণনীয় মনোভাব, বোঝানো যায় না, বলা যায় না। আরম্ভটা এইরকম—
ভাই অপূর্ণ,

অনেকদিন তোমার কোন খবর পাই নি—তুমি কোথায় আছ, আজকাল কি কর, জানবার ইচ্ছে হয়েছে অনেকবার কিন্তু কে বলবে, কার কাছেই বা খবর পাব? সেবার কলকাতায় গিয়ে বিনুকে একদিন তোমার পুরানো ঠিকানায় তোমার সম্বন্ধে পাঠিয়েছিলাম—সে বাড়িতে অন্য লোক আজকাল থাকে, তোমার সম্বন্ধ দিতে পারে নি, কি করেই বা পারবে? একথা বিনু বলে নি তোমায়?

আমি বড় অশাস্তিতে আছি এখানে, কখনও ভাবি নি এমন আমার হবে। কখনও যদি দেখা হয় তখন সব বলব। এই সব অশাস্তির মধ্যে যখন আবার মনে হয় তুমি হয়ত মলিন-মুখে কোথায় পথে পথে ঘুরে বেড়াচ্ছ—তখন মনের মন্ত্রণা আরও বেড়ে যায়। এই অবস্থায় হঠাৎ একদিন বিনুর পত্রে জানলাম বিজয়া দশমীর দিন তুমি ভবানীপুরের বাড়িতে গিয়েছিলে, তোমার ঠিকানাও পেলাম।

বন্ধমানের কথা মনে হয়? অত আদরের বন্ধমানের বাড়িতে আজকাল আর যাবার জো নেই। জ্যাঠামশায় মারা যাওয়ার পর থেকেই রমেন-দা বড় বাড়াবাড়ি করে তুলেছিল। আজকাল সে যা করছে, তা তুমি হয়ত কখনও শোনও নি। মানুষের ধাপ থেকে সে যে কত নীচে নেমে গিয়েছে, আর যা কীর্তিকারখানা, তা লিখতে গেলে পর্দা হয়ে পড়ে। কোন মাড়োয়ারীর কাছে নিজের অংশ বন্ধক রেখে টাকা ধার করেছিল এখন তার পরামর্শে পার্টিশান স্কাট আরম্ভ করেছে—বিনুকে ফাঁকি দেবার উদ্দেশ্যে। এ-সব তোমার মাথায় আসবে কোনও দিন?

কত রাত পর্যন্ত অপদু চোখের পাতা বজ্রাইতে পারিল না। লীলা বাহা লিখিয়াছে তাহার অপেক্ষা বেশী যেন লেখে নাই। সারা পঠখানিতে একটা শান্ত সহানুভূতি স্নেহ-প্রীতি, করুণা। এক মনুহস্তে আজ দু বৎসরব্যাপী এই নিঃসঙ্গতা অপদুর যেন কাটিয়া গেল—এইমাত্র সে ভাবিতেছিল সংসারে সে একা—তাহার কেহ কোথাও নেই। লীলার পত্রে জগতের চেহারা যেন এক মনুহস্তে বদলাইয়া গেল। কোথায় সে—কোথায় লীলা! ... বহুদূরের ব্যবধান ভেদ করিয়া তাহার প্রাণের উষ্ণ প্রেমময় স্পর্শ অপদুর প্রাণে লাগিয়াছে—কিন্তু কি অপদূর্ব রসায়ন এ স্পর্শটা—কোথায় গেল অপদুর চাকুরি যাইবার দৃঃখ—কোথায় গেল গোটা-দুই বৎসরের পাষণ্ডভারের মত নিঃসঙ্গতা নারীহৃদয়ে অপদূর্ব রসায়নের প্রলেপ তাহার সকল মনে, সকল অঙ্গে, কী যে আনন্দ ছড়াইয়া দিল! লীলা যে আছে, ... সব সময় তাহার জন্য ভাবে—দৃঃখ করে, জীবনে অপদুর আর কি চায়? সাক্ষাতের আবশ্যক নাই, জন্মজন্মান্তর ব্যাপিয়া এই স্পর্শটুকু অক্ষয় হইয়া বিরাজ করুক। ...

লীলার পত্র পাইবার দিন-বারো পরে তাহার যাইবার দিন আসিয়া গেল।

ছেলেরা সভা করিয়া তাহাকে বিদায়-সম্বর্ধনা দিবার উদ্দেশ্যে চাঁদা উঠাইতেছিল—হেডমাস্টার খুব বাধা দিলেন। যাহাতে সভা না হইতে পায় সেইজন্য দলের চাইদিগকে ডাকিয়া টেস্ট পরীক্ষার সময় বিপদে ফেলিবেন বলিয়া শাসাইলেন—পরিশেষে স্কুল-ঘরে সভার স্থানও দিতে চাহিলেন না, বলিলেন—তোমরা ফেরারওয়েল দিতে যাচ্ছ, ভাল কথা, কিন্তু এসব বিষয়ে আয়রন ডিসিপ্রিন চাই—যার চরিট নেই, তার কিছই নেই, তার প্রতি কোনও সম্মান তোমরা দেখাও, এ আমি চাই নে, অসন্ত স্কুল-ঘরে আমি তার জায়গা দিতে পারি নে।

সেদিন আবার বড় ব্যক্তি। মহেন্দ্র শূবুই-এর আটচালায় জননির্যাক্ষেপ উপরের ক্লাসের ছেলে হেডমাস্টারের ভয়ে লুকাইয়া হাতে লেখা অভিনন্দনপত্র পড়িয়া ও গাঢ়ফুলের মালা গলায় দিয়া অপদুরকে বিদায়-সম্বর্ধনা জানাইল, সভা ভঙ্গের পর জলযোগ করাইল। প্রত্যেকে পারের ধূলা লইয়া, তাহার বাড়ি আসিয়া বিছানাপত্র গুছাইয়া দিয়া, নিজেরা তাহাকে বৈকালে ট্রেনে তুলিয়া দিল।

অপদুর প্রথমে আসিল কলিকাতায়।

একটা খুব লম্বা পাড়ি দিবে—যেখানে সেখানে—যেদিকে দুই চোখ যায়—এতদিনে সত্যই মনুষ্টি। আর কোনও জালে নিজেকে জড়াইবে না—সব দিক হইতে সতর্ক থাকিবে—শিকলের বাঁধন অনেক সময় অলক্ষিতে জড়ায় কিনা পারে!

ইম্পিরিয়াল লাইব্রেরীতে গিয়া সারা ভারতবর্ষের ম্যাপ ও গ্ল্যাট্‌লাস কম্বিন খরিয়া দেখিয়া কাটাইল—ড্যানিয়েলের ওরিয়েন্টাল সিনারি ও পিকার্টিনের ভ্রমণ-বৃত্তান্তের নানা স্থান নোট করিয়া লইল—বেঙ্গল নাগপদুর ও ইস্ট ইন্ডিয়ান রেলের নানা স্থানের ভাড়া ও অন্যান্য তথ্য জিজ্ঞাসা করিয়া বেড়াইল। সস্তর টাকা আছে, ভাবনা কিসের?

কিন্তু বাণ্ডার আগে একবার ছেলেকে চোখের দেখা দেখিয়া বাণ্ডার দরকার না? সেই দিনই বৈকালের ট্রেনে সে শব্দুরবাড়ি রওনা হইল। অপদুরের মা জামাইকে এতটুকু তিরস্কার করিলেন না, এতদিন ছেলেকে না দেখিতে আসার দরুণ একটি কথাও বলিলেন না। বরং এত আদর-স্বয় করিলেন যে অপদুর নিজেকে অপরাধী ভাবিয়া সঙ্কুচিত হইয়া রহিল। অপদুর বাণ্ডার লোকজনের সঙ্গে কথা কহিতেছে, এমন সময়ে তাহার খুড়শাশুড়ী একটি সুন্দর খোকােকে কোলে করিয়া সেখানে আসিলেন। অপদুর ভাবিল—বেশ খোকাটি তো! কাদের? খুড়শাশুড়ী বলিলেন—বাণ্ড তো খোকন, এবার তোমার আপনার লোকের কাছে। ধান্য বাহোক, এমন নিষ্ঠুর বাপ কখনও দেখি নি। বাণ্ড তো একবার কোলে—

ছেলে তিন বৎসর প্রায় ছাড়াইয়াছে—ফুটফুটে সন্দ্বন্দর গায়ের রং—অপর্ণার মত ঠেটি ও মৃৎখের নীচেকার ভঙ্গী, চোখ বাপের মত ডাগর ডাগর। কিন্তু সবসদৃশ্য ধরিলে অপর্ণার মৃৎখের আদলই বেশী ফুটিয়া উঠে খোকায় মৃৎখে। প্রথমে সে কিছ্‌তেই বাবার কাছে আসিবে না, অপর্ণাচিত মৃৎখ দেখিয়া ভয়ে দ্বিদিমাকে জড়াইয়া রহিল—অপর্ণার মনে ইহাতে আঘাত লাগিল। সে হাসিমুখে হাত বাড়াইয়া বার বার খোকাকে কোলে আনিতে গেল—ভয়ে শেষকালে খোকা দ্বিদিমার কাছে মৃৎখ লুকাইয়া রহিল। সন্ধ্যার সময় খানিকটা ভাব হইল। তাহাকে দ্ব-একবার ‘বাবা’ বলিয়া ডাকিলও। একবার কি একটা পাখি দেখিয়া বলিল—ফাখি, ফাখি, উই এস্তা ফাখি নেবো বাবা—

‘প’কে কাঁচ জিব ও ঠোঁটের কি কৌশলে ‘ফ’ বলিয়া উচ্চারণ করে, কেমন অদ্ভুত বলিয়া মনে হয়। আর এত কথাও বলে খোকা!

কিন্তু বেশীর ভাগই বোঝা যায় না—উলটো-পালটা কথা, কোন কথার উপর জোর দিতে গিয়া কোন কথার উপর দেয়—কিন্তু অপর্ণার মনে হয় কথা কহিলে খোকায় মৃৎখ দিয়া যেন মানিক ঝরে—সে যাহাই কেন বলুক না, প্রত্যেক ভাঙা, অশুদ্ধ, অপূর্ণ কথাটি অপর্ণার মনে বিস্ময় জাগায়। সৃষ্টির আদিম যুগ হইতে কোন শিশু যেন কখনও ‘বাবা’ বলে নাই, ‘জল’ বলে নাই,—কোন অসাধ্যসাধনই না তাহার খোকা করিতেছে!

পথে বাবার সঙ্গে বাহির হইয়াই খোকা বকুনি শুরুর করিল। হাত-পা নাড়িয়া কি বঝাইতে চায়—অপর্ণা না বঝিয়াই অন্যমনস্ক সুরে ঘাড় নাড়িয়া বলে—ঠিক ঠিক। তারপর কি হ’ল রে খোকা?

একটা বড় সাঁকো পথে পড়ে, খোকা বলে—বাবা যাব—ওই দেখব।

অপর্ণা বলে—আস্তে আস্তে নেমে যা—নেমে গিয়ে একটা কু-উ করাবি—

খোকা আস্তে আস্তে ঢালু বাহিয়া নীচে নামে—জলনিকাশের পথটার ফাঁকে ওঁদিকের গাছপালা দেখা যাঁতেছে—না বঝিয়া বলে—বাবা, এই মধ্যে একতা বাগান—

—কু করো তো খোকা, একটা কু করো।

খোকা উৎসাহের সহিত বাঁশের মত সুরে ডাকে—কু-উ-উ—পরে বলে—তুমি কল্লন মাযা?

অপর্ণা হাসিয়া বলে—কু-উ-উ-উ—

খোকা আমোদ পাইয়া নিজে আবার করে—আবার বলে—তুমি কল্লন?...বাড়ি ফিরবার পথে বলে, খবিছাক এনো বাবা—দ্বিদিমা খবিছাক আঁড়বে—খবিছাক ভালো—। মধ্যবেলা খোকা আরও কত গল্প করে। এখানকার চাঁদ গোল। মাসিমার বাড়ি একবার গয়াছিল, সেখানকার চাঁদ ছোট—এতটুকু! অতটুকু চাঁদ কেন বাবা? শীঘ্রই অপর্ণা দেখিল খোকা দৃষ্টেও বড়। অপর্ণা পকেট হইতে টাকা বাহির করিয়া গুণিতেছে, খোকা দেখিতে পাইয়া চাঁৎকার করিয়া সবাইকে বলে—দ্যাখ, কত তাকা!—আয় আয়—

পরে একটা টাকা তুলিয়া লইয়া বলে—এটা আমি কিছ্‌তি দেবো না।—হাতে মঠো পাঁধিয়া থাকে—আমি কাঁচের ভাতা কিনবো—অপর্ণা ভাবে খোকাটা দৃষ্টেও তো হয়েছে—

—না কিছ্‌তি দেবো না—হি-হি—ঘাড় দ্বলাইয়া হাসে।

অপর্ণা টাকাটা হাত হইতে লইতে কষ্ট হয়—তবু লয়। একটা টাকার ওর কি দরকার? মহামিছি নষ্ট!

কলিকাতা ফিরবার সময়ে অপর্ণার মা বলিলেন—বাবা আমার মেয়ে গিয়েছে, যাক—কিন্তু তোমার কষ্টই হয়েছে আমার বেশী! তোমাকে যে কি চোখে দেখেছিলাম বলতে বি. র. ৩-৫

পারি নে, তুমি যে এ রকম পথে পথে বেড়াচ্ছ, এতে আমার বুক ফেটে যায়, তোমার মা বেঁচে থাকলে কি বিয়ে না করে পারতে? খোকনের কথাটাও তো ভাবতে হবে, একটা বিয়ে কর বাবা।

নৌকায় আবার পীরপূরের ঘাটে আসা। অপর্ণার ছোট খুড়তুত ভাই ননী, তাহাকে তুলিয়া দিতে আসি তেছিল।

খররোদ্রে বড়দলের নোনাজল চক্-চক্ করিতেছে। মাঝ নদীতে একখানা বাদাম-তোলা মহাজনী নৌকা, দূরে বড়দলের মোহনার দিকে সন্দরবনের ধোয়া ধোয়া অস্পষ্ট সীমারেখা।

আশ্চর্য! এরই মধ্যে অপর্ণা যেন কত দূরের হইয়া গিয়াছে। অসীম জলরাশির প্রান্তের ওই অনতিস্পষ্ট বনরেখার মতই দূরের—অনেক দূরের।

অপূনের ডিঙিখানা দক্ষিণতীর ঘেষিয়া যাইতেছিল, নৌকার তলায় ছলাৎ ছলাৎ শব্দ চেটে লাগিতেছিল, কোথাও একটা উঁচু ডাঙা, কোথাও পাড় ধসিয়া নদীগর্ভে পড়িয়া যাওয়ার কাশঝোপের শিকড়গুলো বাহির হইয়া ফুলিতেছে। একটা জায়গায় আসিয়া অপূর হঠাৎ মনে হইল, জায়গাটা সে চিনিতে পারিয়াছে—একটা ছোট খাল, ডাঙার উপরে একটা হিজল গাছ। এই খালটিতেই অনেকদিন আগে অপর্ণাকে কলিকাতা হইতে আনিবার সময় সে বলিয়াছিল—ও কলা-বো, বোমটা খোল, বাপের বাড়ির দ্যাশটা চেয়েই দ্যাখো—

তারপর স্টীমার চড়িয়া খুলনা, বাঁ দিকে সে একবার চাহিয়া দেখিয়া লইল। ওই যে ছোট্ট খড়ের ঘরটি—প্রথম যেখানে সে ও অপর্ণা সংসার পাতে।

সেদিনকার সে অপূর্ব আনন্দমুহূর্তটিতে সে কি স্বপ্নেও ভাবিয়াছিল যে এমন একদিন আসিবে, যেদিন শূন্যদৃষ্টিতে খড়ের ঘরখানার দিকে চাহিয়া দেখিতে দেখিতে সমস্ত ঘটনাটা মনে হইবে মিথ্যা স্বপ্ন?

নির্নিমেষ, উৎসুক, অবাধ চোখে সেদিকে চাহিয়া থাকিতে থাকিতে অপূর কেমন এক দুঃস্বপ্নময়ী ইচ্ছা হইতে লাগিল—একবার ঘরখানার মধ্যে যাইতে, সব দেখিতে। হয়তো অপর্ণার হাতের উন্ননের মাটির ঝিকটা এখনও আছে—আর যেখানে বসিয়া সে অপর্ণার হাতের জলখাবার খাইয়াছিল। প্রথম যেখানটিতে অপর্ণা ট্রাঙ্ক হইতে আয়না চিরুনি বাহির করিয়া তাহার জন্য রাখিয়া দিয়াছিল...

ট্রেনে উঠিয়া জানালার ধারে বসিয়া থাকে। স্টেশনের পর স্টেশন আসে ও চলিয়া যায়, অপূর শব্দই ভাবে বড়দলের তীর, চাঁদাকাটার বন, ভাঁটার জল কল্কল্ করিয়া নামিয়া যাইতেছে, একটি অনহায় ক্ষুদ্র শিশুর অবোধ হাসি—অশ্রুকার রাগে বিকীর্ণ জলরাশির ওপারে কোথায় দাঁড়াইয়া অপর্ণা যেন সেই মনসাপোতার বাড়ির পুরাতন দিনগুলির মত দুঃস্মরণীয় চোখে হাসিমুখে বলিতেছে—আর কক্ষনো যাবো না তোমার সঙ্গে। আর কক্ষনো না দেখে নিও।

ফাল্গুন মাস। কলিকাতায় সন্দর দক্ষিণ হাওয়া বহিতেছে, সকালে একটু শীতও, বোর্ডিংয়ের বারান্দাতে অপূর বিছানা পাতিয়া শাইয়া ছিল। খুব ভোরে ঘুম ভাঙিয়া বিছানায় শাইয়া শাইয়া তাহার মনে হইল, আজ আর স্কুল নাই, টিউশনি নাই—আর বেলা দশটার নাকে-মুখে গর্জিয়া কোথাও ছটিতে হইবে না—আজ সমস্ত সময়টা তাহার নিজের, তাহা লইয়া সে বাহা খুঁশি করিতে পারে—আজ সে মস্ত!...মস্ত!...মস্ত!—আর কাহাকেও গ্রাহ্য করে না সে! কথাটা ভাবিতেই সারা দেহ অপূর্ব উল্লাসে শিহরিয়া উঠিল

—বাধন-ছেঁড়া মৃত্তির উল্লাস ! বহুকাল পর স্বাধীনতার আশ্বাদন আজ পাওয়া গেল । ঐ আকাশের ক্রমবিলীনমান নক্ষত্রটার মতই আজ সে দূর পথের পথিক—অজানার উদ্দেশ্যে সে যাত্রার আরম্ভ হয়ত আজই হয়, কি কালই হয় !

পুলকিত মনে বিছানা হইতে উঠিয়া নাপিত ডাকাইয়া কামাইল, ফর্সা কাপড় পড়িল । পুরাতন শৌখিনতা আবার মাথা চাড়া দিয়া উঠার দরুন দরজির দোকানে একটা মটকার পাজ্জাবি তৈয়ারি করিতে দিয়াছিল, সেটা নিজে গিয়া লইয়া আসিল ।• ভাবিল—একবার ইন্সপিরিয়াল লাইব্রেরীতে গিয়ে দেখে আসি নতুন বই কি এসেছে, আবার কতদিনে কলিকাতায় ফিরি, কে জানে ? বৈকালে মিউজিয়মে রকফেলার ট্রাস্টের পক্ষ হইতে মশক ও ম্যালেরিয়া সম্পর্কে বক্তৃতা ছিল । অপুও গেল । বক্তৃতাটি সচ্ছন্দ । একটি ছবি দেখিয়া সে চমকিয়া উঠিল । মশকের জীবনীতহাসের প্রথম পর্যায়ে সেটা থাকে কীট—তারপর হঠাৎ কীটের খোলস ছাড়িয়া সেটা পাখা গজাইয়া উড়িয়া যায় । ঠিক যে সময়ে কীটদেহটা অসাড়, প্রাণহীন অবস্থায় জলের তলায় ডুবিয়া যাইতেছে—নব-কলেবরধারী মশকটা পাখা ছাড়িয়া জল হইতে শূন্যে উড়িয়া গেল ।

মানুষেরও তো এমন হইতে পারে ! জলের তলায় সম্তরণকারী অন্যান্য মশক কীটের চোখে তাদের সঙ্গী তো মরিয়াই গেল—তাদের চোখের সামনে দেহটা তলাইয়া যাইতেছে । কিন্তু জলের উর্ধ্বে যে জগতে মশক নবজন্ম লাভ করিল, এরা তো তার কোনও খবরই রাখে না, সে জগতে প্রবেশের অধিকার তখনও তারা তো অর্জন করে নাই—মৃত্যু দ্বারা, অন্ততঃ তাদের চোখে যা মৃত্যু তার দ্বারা । এই মশক নিয়ন্ত্রণের জীব, তার পক্ষে বা বৈজ্ঞানিক সত্য, মানুষের পক্ষে তা কি মিথ্যা ?

কথাটা সে ভাবিতে ভাবিতে ফিরিল ।

যাইবার আগে একবার পরিচিত বন্ধুদের সহিত দেখা করিতে বাহির হইয়া পরদিন সকালে সে সেই কবিবরাজ বন্ধুটির দোকানে গেল । দোকানে তাহার দেখা পাওয়া গেল না, উড়িয়া ছোকরা-চাকরকে ফিরা খবর পাঠাইয়া পরে সে বাসার মধ্যে ঢুকিল ।

সেই খোলার-বাড়ি—সেই বাড়িটাই আছে । সঙ্কীর্ণ উঠানের একপাশে দুখানা বেলে-পাথরের শিল পাতা । বন্ধুটি নোড়া দিয়া কি পিষিতেছে, পাশে বড় একখানা খবরের কাগজের উপর একরাশ ধূসর রংয়ের গঁড়া । সারা উঠান জুড়িয়া কুলার-ডালায় নানা শিকড়-বাকড় রৌদ্রে শুকাইতে দেওয়া হইয়াছে ।

বন্ধু হাসিয়া বলিল, এসো এসো, তারপর এতদিন কোথায় ছিলে ? কিছুর মনে করো না ভাই, খারাপ হাত, মাজন শৈতীর করছি—এই ব্যাখ না ছাপানো লেবেল—চন্দ্রমুখী মাজন, মহিলা হোম ইন্ডাস্ট্রিয়াল সিন্ডিকেট—আজকাল মেয়েদের নাম না দিলে পাবলিকের সিমপ্যাথি পাওয়া যায় না, তাই ঐ নাম দিইয়াছি । ব'স ব'স—ওগো, বার হয়ে এসো না । অপূর্বে এসেছে, একটু চা-টা করো ।

অপু হাসিয়া বলিল, সিন্ডিকেটের সভ্য তো দেখছি আপাতত মোটে দুজন, তুমি আর তোমার স্ত্রী এবং খুব যে গ্যাকুটিভ সভ্য তাও বদ্বাছি ।

হাসিমুখে বন্ধু-পক্ষী ঘর হইতে বাহিরে আসিলেন, তাহার অবস্থা দেখিয়া অপূর মনে হইল, অন্য শিলখানাতে তিনিও কিছুর পূর্বে মাজন-পেয়া-কার্বেয় নিযুক্ত ছিলেন । তাহার আসিবার সংবাদ পাইয়াই শিল ছাড়িয়া ঘরের মধ্যে পলাইয়াছিলেন । হাত-মুখের গঁড়া ধুইয়া ফোলিয়া সভ্য-ভব্য হইয়া বাহির হইলেও মাথার এলোমেলো উড়ন্ত চুলে কপালের পাশের ঘামে সে কথা জানাইয়া দেয় ।

বন্ধু বলিল—কি করি বল ভাই, দিনকাল যা পড়েছে, পাওনাদারের কাছে দবেলা

অপমান হাঁচ্ছ, ছোট আদালতে নালিশ করে পোকানের ক্যাশবাক্স সীল করে রেখেছে। দিন একটা টাকা খরচ - বাসায় কোন দিন খাওয়া হয়, কোন দিন—

বন্ধু-পত্নী বাধা দিয়া বলিলেন, তুমি ও-কাঁদুনি গেলো অন্য সময়। এখন উনি এলেন এতদিন পর, একটু চা খাবেন, ঠান্ডা হবেন, তা না তোমার কাঁদুনি শূন্য হ'ল।

—আহা, আমি কি পথের লোককে ধরে বলতে যাই? ও আমার ক্লাসফ্রেন্ড, ওদের কাছে দুঃখের কথাটা বললেও—ইয়ে, পাতা চায়ের প্যাকেট একটা খুলে নাও না? আটা আছে নাকি? আর দ্যাখ, না হয় ওকে খান-চারেক রুটি অস্ত্র—

—আচ্ছা, সে ভাবনা তোমায় ভাবতে হবে না। পরে অপদূর দিকে চাহিয়া হাসিয়া বলিলেন—আপনি সেই বিজয়া দশমীর পর আর একদিনও এলেন না যে বড়?

চা ও পরোটা খাইতে খাইতে অপদূর নিজের কথা সব বলিল—শীঘ্রই বাহিরে যাইতেছে, সে কথাটাও বলিল। বন্ধু বলিল, তবেই দ্যাখো ভাই, তবু তুমি একা আর আমি স্ত্রী-পুত্র নিয়ে এই কলকাতা শহরের মধ্যে আজ পাঁচ-পাঁচটি বছর যে কি করে দিন কাটাচ্ছি তা আর—এই সব নিয়ে একরকম চালাই, পয়সা-প্যাকেট চা আছে, খাদ্যাদি মোদক আছে। মাজনের লাভ মন্দ না, কিন্তু কি জ্ঞান, এই কৌটোটা পড়ে যায় দেড়-পয়সার ওপর, মাজনে, লেবেলে, ক্যাপসুলে তাও প্রায় দু'পয়সা—তোমার কাছে আর লুকিয়ে কি করব, স্বামী-স্ত্রীতে খাটি কিন্তু মজুরী পোষায় কই? তবুও তো দোকানীর কমিগন ধরি নি হিসেবের মধ্যে। এদিকে চার পয়সার বেশী দাম করলে কম্পিট করতে পারব না।

খানিক পরে বন্ধু বলিল—ওহে তোমার বৌঠাকরুণ বলছেন, আমাদের তো একটা খাওয়া পাওনা আছে, এবার সেটা হয়ে থাক না কেন?—বেশ একটা ফেয়ারওয়েল ফিষ্ট হয়ে যাবে এখন, তবে উলটো, এই যা—

অপদূর মনে মনে ভারী কৃতজ্ঞ হইয়া উঠিল বন্ধু-পত্নীর প্রতি। ইহাদের মলিন বেশ ও ছেলেমেয়েগুলির জীর্ণ চেহারা হইতে ইহাদের ইতিহাস সে ভালই বুঝিয়াছিল। কিছুর ভালো খাবার আনাইয়া খাওয়ানো, একটু সামোদ আহ্বান করা—কিন্তু হয়ত সেটা দরিদ্র সংসারে সাহায্যের মত দেখাইবে। যদি ইহারা না লয় বা মনে কিছুর ভাবে?—ও-পক্ষ হইতে প্রশ্নাবটা আসিতে সে ভারী খুশী হইল।

ভোজের আয়োজনে ছ-সাত টাকা ব্যয় করিয়া অপদূর বন্ধুর সঙ্গে ঘুরিয়া বাজার করিল। কই মাছ, গলদা-চিংড়ি, ডিম, আলু, ছানা, দই, সস্দেশ।

হয়তো খুব বড় ধরনের কিছুর ভোজ নয়, কিন্তু বন্ধু-পত্নীর আদরে হাসিমুখে তাহা এত মধুর হইয়া উঠিল! এমন কি এক সময়ে অপদূর মনে হইল আসলে তাহাকে খাওয়ানোর জন্যই বন্ধু-পত্নীর এ ছল। লোকে হৃষ্টদেবতাকেও এত যত্ন করে না বোধ হয়। পিছনে সব সময় বন্ধুর বৌটি পাখা হাতে বসিয়া তাহাদের বার্তা দিইয়া কর্তোছিলেন, অপদূর হাত উঠাইতেই হাসিমুখে বলিলেন—ও হবে না, আপনি আর একটু ছানার ডালনা নিন—ও কি, মোচার চপ পাতে রাখলেন কার জন্যে? সে শুনব না—

এই সময় একটি পনেরো-ষোল বছরের ছেলে উঠানে আসিয়া দাঁড়াইল। বন্ধু বলিল—এসো, এসো কুঞ্জ, এসো বাবা, এইটি আমার শালীর ছেলে, বাগবাজারে থাকে। আমার সে ভায়রা-ভাই মারা গেছে গত শ্রাবণ মাসে। পাটের প্রেসে কাজ করত, গঙ্গার ঘাটে রেললাইন পেরিয়ে আসতে হয়। তা রোজই আসে, সেদিন একখানা মালগাড়ি দাঁড়িয়ে আছে। তা ভাবলে, আবার অতখানি ঘুরে যাব? যেমন গাড়ির তলা দিয়ে গলে আসতে গিয়েছে আর অর্মানি গাড়িখানা দিয়েছে ছেড়ে। তারপর চাকায় কেটে-কুটে একেবারে আর কি—দুটি মেরে, আমার শালী আর এই ছেলোট, একরকম করে বন্ধু-বান্ধবের সাহায্যে চলছে।

উপায় কি ? তাই আজ ভাল খাওয়াটা আছে, কাল স্ত্রী বললে, যাও কুজকে বলে এসো—
ওরে বসে যা বাবা, খালা না থাকে পাতা একখানা পেতে। হাত-মুখটা ধুয়ে আয় বাব্বা—
এত দেরি করে ফেললি কেন ?

বেলা বেশী ছিল না। খাওয়া-দাওয়ার পর গম্বপ করিতে করিতে অনেক রাত হইয়া
গেল। অপদ্ বলিল, আচ্ছা, আজ উঠি ভাই, বেশ আনন্দ হ'ল আজ অনেকদিন পরে—

বন্ধু বলিল, ওগো, অপদুর্ভাগ্যকে আলোটা ধরে গলির মূখটা পার ক'রে দাও তো ? আমি
আর উঠতে পারি নে—

একটা ছোট্ট কেরোসিনের টেমি হাতে বোঁটি অপদ্ পিছনে পিছনে চলিল।

অপদ্ বলিল, থাক, বোঁঠাকরুণ, আর এগোবেন না, এমন আর কি অশ্ধকার, যান
আপনি—

—আবার কবে আসবেন ?

— ঠিক নেই, এখন একটা লম্বা প্যাড়ি তো দি—

—কেন, একটা বিয়ে-প্রা করুন না ? পথে পথে সন্ন্যাসী হয়ে এ রকম বেড়ানো কি
ভাল ? মাও তো নেই শুনুছি। কবে যাবেন আপনি ?... যাবার আগে একবার আসবেন
না, যদি পারেন।

—তা হয়ে উঠবে না বোঁঠাকরুণ। ফিরি যদি আবার তখন বরণ—আচ্ছা নমস্কার।

বোঁটি টেমি হাতে গলির মুখে দাঁড়াইয়া রহিল।

পরদিন সে সকালে উঠিয়া ভাবিয়া দেখিল, হাতের পয়সা নানারকমে উড়িয়া যাইতেছে,
আর কিছুদিন দেরি করিলে যাওয়াই হইবে না। এখানেই আবার চাকরির উমেদার হইয়া
দ্বারে দ্বারে ঘুরিতে হইবে। কিন্তু আকাশপাতাল ভাবিয়াও কিছু ঠিক হইল না। একবার
মনে হয় এটা ভাল, আবার মনে হয় ওটা ভাল। অবশেষে স্থির করিল স্টেশনে গিয়া সম্মুখে
যাহা পাওয়া যাইবে, তাহাতেই উঠা যাইবে। জিনিস-পত্র বাঁধিয়া গুছাইয়া হাওড়া স্টেশনে
গিয়া দেখিল, আর মিনিট পনেরো পরে চার নম্বর প্ল্যাটফর্ম হইতে গয়া প্যাসেঞ্জার
ছাড়িতেছে। একখানা থার্ড ক্লাসের টিকিট কিনিয়া সোজা ট্রেনে উঠিয়া জানালার ধারের
একটা জায়গায় সে নিজের বিছানাটি পাতিয়া বসিল।

অপদ্ কি জানিত এই যাত্রা তাহাকে কোন পথে চালিত করিয়া লইয়া চলিয়াছে ? এই
চারটা বিশ মিনিটের গয়া প্যাসেঞ্জার ? পরবর্তী জীবনে সে কতবার ভাবিয়াছে যে সে তো
পাঁজি দেখিয়া যাত্রা শুরুর করে নাই, কিন্তু কোন মহাশুভ মাহেশ্বরক্ষেণে সে হাওড়া স্টেশনে
থার্ড ক্লাস টিকিট ঘরের ঘুলঘুলিতে ফিরাঙ্গ মেয়ের কাছে গিয়া একখানা টিকিট চাহিয়াছিল
—দশ টাকার একখানা নোট দিয়া সাড়ে পাঁচ টাকা ফেরত পাইয়াছিল। মানুষ যদি তাহার
ভবিষ্যৎ জানিতে পারিত !

অপদ্ বস্ত্রমানে এসব কিছুই ভাবিতোছিল না। এত ব্যস্ত হইল, কখনও সে গ্যাণ্ডকর্ড
লাইনে বেড়ায় নাই, সেই ছেলেবেলায় দুটি বার ছাড়া ইস্ট ইন্ডিয়ান রেলও আর কখনও
চড়ে নাই, রেল চাড়িয়া দূরদেশে যাওয়ার আনন্দে সে ছেলেমানুষের মতই উৎফুল্ল হইয়া
উঠিয়াছিল।

রাতার ধারে গাছপালা ক্রমশঃ কিরূপ বদলাইয়া যায়, লক্ষ্য করিবার ইচ্ছা অনেকদিন
হইতে তাহার আছে, বস্তুমান পর্যন্ত দেখিতে দেখিতে গেল, কিন্তু তাহার পরই অশ্ধকারে
আর দেখা গেল না।

সপ্তদশ পরিচ্ছেদ

পরিদিন বৈকালে গয়ায় নামিয়া সে বিষ্ণুপাদমন্দিরে পিণ্ড দিল। ভাবিল, আমি এসব মানি বা না মানি, কিন্তু সবটুকু তো জানি নে? যদি কিছ্ থাকে, বাপমায়ের উপকারে লাগে! পিণ্ড দিবার সময়ে ভাবিয়া ভাবিয়া ছেলেবেলায় বা পরে যে যেখানে মারা গিয়াছে বলিয়া জানা ছিল, তাহাদের সকলেরই উদ্দেশে পিণ্ড দিল। এমন কি, পিসিমা হিন্দুর ঠাকরুণকে সে মনে করিতে না পারিলেও দিদির মূখে শুনিয়াছে,—তীর উদ্দেশে—আতুরী ডাইনী বড়ীর উদ্দেশেও।

বৈকালে বৃন্দগয়া দেখিতে গেল। অপূর্ণ যদি কাহারও উপর শ্রদ্ধা থাকে তবে তাহার আবালায় শ্রদ্ধা এই সত্যদ্রষ্টা মহাসম্মাসীর উপর। ছেলের নাম তাই সে রাখিয়াছে অমিতাভ।

বামে ক্ষীণস্রোতা ফল্গু কটা রঙের বালুশয্যায় ক্রান্ত দেহ এলাইয়া দিয়াছে, ওপারে হাজারিবাগ জেলার সীমান্তবর্তী পাহাড়শ্রেণী, সারাপথে ভারী সুন্দর ছায়া, গাছপালা, পাথর ডাক, ঠিক যেন বাংলাদেশ। সোজা বাঁধানো রাস্তাটি ফল্গুর ধারে ধারে ডালপালার ছায়ায় ছায়ায় চলিয়াছে, সারাপথ অপূর্ণ স্বপ্নাভিভূতের মত এক্সার উপর বসিয়া রহিল। একজন হালফ্যাশানের কাপড়-পরা তরুণী মহিলা ও সম্ভবত তাহার স্বামী মোটরে বৃন্দগয়া হইতে ফিরিতেছেন, অপূর্ণ ভাবিল হাজারি হাজার বছর পরেও এ কোন নতন যুগের ছেলেমেয়ে—প্রাচীনকালের সেই পীঠস্থানটি এমন মাগহে দেখিতে আসিয়াছিল? মনে পড়ে সেই অপূর্ণবঁ রাত্রি, নবজাত শিশুর চাঁদমুখ—ছন্দক...গয়ার জঙ্গলে দিনের পর দিন সে কি কঠোর তপস্যা। কিন্তু এ মোটর গাড়ি? শতাব্দীর ঘন অরণ্য পার হইয়া এমন একদিন নামিয়াছে পৃথিবীতে, পুরাতনের সবই চূর্ণ করিয়া, উল্টাইয়া-পাল্টাইয়া নবযুগের পতন করিয়াছে। রাজা শুম্ভোধনের কাঁপলাবস্তুর মহাকালের স্রোতের মূখে ফেনার ফুলের মত কোথায় ভাসিয়া গিয়াছে, কোন চিহ্নও রাখিয়া যায় নাই—কিন্তু তাহার দিগ্বিজয়ী পুত্র দিকে দিকে যে বৃহত্তর কাঁপলাবস্তুর অদৃশ্য সিংহাসন প্রতিষ্ঠা করিয়া গিয়াছেন—তাঁহার প্রভুত্বের নিকট এই আড়াই হাজার বৎসর পরেও কে না মাথা নত করিবে?

গয়া হইতে পরিদিন সে দিল্লী এক্সপ্রেসে চাঁপল—একেবারে দিল্লীর টিকিট কাটয়া। পাশের বোম্বোতেই একজন বাঙালী ভদ্রলোক ও তাহার স্ত্রী যাইতেছিলেন! কথায় কথায় ভদ্রলোকটির সঙ্গে আলাপ হইয়া গেল। গাড়িতে আর কোন বাঙালী নাই, কথাবাত্তার সঙ্গী পাইয়া তিনি খুব খুশী। অপূর্ণ কিন্তু বেশী কথাবাত্তা ভাল লাগিতোছিল না। এরা এ-সময় এত বক-বক করে কেন? মারোয়াড়ী দুটি তো সাসারাম হইতে নিজেদের মধ্যে বকুনি শব্দ করিয়াছে, মূখের আর বিরাম নাই।

খুশীভরা, উৎসুক, ব্যগ্র মনে সে প্রত্যেক পাথরের নর্দীর্ঘাট, গাছপালাটি লক্ষ্য করিয়া চলিয়াছিল। বামদিকের পাহাড়শ্রেণী পিছনে সূর্য অস্ত গেল, সারা পশ্চিম আকাশটা লাল হইয়া আছে, আনন্দের আবেগে সে দ্রুতগামী গাড়ির দরজা খুলিয়া দরজার হাতল ধরিয়া ঝড়হাতেই ভদ্রলোকটি বলিয়া উঠিলেন, উঁহু, পড়ে যাবেন, পাদানিতে স্লিপ করলেই—বন্দ করুন মশাই।

অপূর্ণ হাসিয়া বলিল, বেশ লাগে কিন্তু, মনে হয় যেন উড়ে যাচ্ছি।

গাছপালা, খাল, নদী, পাহাড়, কাঁকর-ভরা জমি, গোটা শাহাবাদ জেলাটা তাহার পায়ের তলা দিয়া পলাইতেছে। অনেক দূর পর্যন্ত শোণ নদের বালুর চড়া জ্যোৎস্নায় অশ্রুত দেখাইতেছে। নীল নদ? ঠিক এটা যেন নীল নদ। ওপারে সাত-আট মাইল গাধার পিঠে চাড়িয়া গেলে ফ্যারাও রামোসিসের তৈরী আব্দ সিম্বলের বিরাত পাষণ মন্দির—ধূসর অম্পট

কুয়াসায় ঘেরা মরুভূমির মধ্যে অতীতকালের বিস্মৃত দেবদেবীর মন্দির, এপিস, আইসিস, হোরাস, হাথর, রা—নীল নদ যেমন গতির মূখে উপলব্ধ পাশে ঠেলিয়া রাখিয়া পলাইয়া চলে—মহাকালের বিরাট রথচক্র তাড়ব-নৃত্যচ্ছেদে সব স্থাবর অস্থাবর জিনিসকে পিছ, ফেলিয়া মহাবেগে চলিবার সময় এই বিরাট গানাইট মন্দিরকে পথের পাশে ফেলিয়া রাখিয়া চলিয়া গিয়াছে, জনহীন মরুভূমির মধ্যে বিস্মৃত সভ্যতার চিহ্ন—মন্দিরটা, কোন বিস্মৃত ও বাতিল দেবদেবীর উদ্দেশ্যে গঠিত ও উৎসর্গীকৃত।

একটু রাগে ভদ্রলোকটি বলিলেন, এ লাইনে ভাল খাবার পাবেন না, আমার সঙ্গে খাবার আছে, আসুন খাওয়া যাক।

তাহার স্ত্রী কলার পাতা চিরিয়া সকলকে বেষ্টির উপর পাতিয়া দিলেন—লুচি, হালুয়া ও সন্দেশ—সকলকে পরিবেশন করিলেন। ভদ্রলোকটি বলিলেন, আপনি খানকতক বেশী লুচি নিন, আমরা তো আজ মোগলসরাইয়ে রেকর্ডজার্নি করব, আপনি তো সোজা দিল্লী চলেছেন।

এ-ও অপর এক অভিজ্ঞতা। পথে বাহির হইলে এত শীঘ্রও এমন ঘনিষ্ঠতা হয়! এক গিলির মধ্যে শহরে শত বর্ষ বাস করিলেও তো তাহা হয় না? ভদ্রলোকটি নিজের পরিচয় দিলেন নাগপুরের কাছে স্কোন গবর্নমেন্ট রিজার্ভ ফরেস্ট-এ কাজ করেন, ছুটি লইয়া কালীঘাটে শ্বশুরবাড়ি আসিয়াছিলেন, ছুটি অস্ত্রে কর্মস্থানে চলিয়াছেন। অপদকে ঠিকানা দিলেন। বার বার অনুরোধ করিলেন, সে যেন দিল্লী হইতে ফিরিবার পথে একবার আতি অবশ্য অবশ্য যায়, বাঙালীর মুখ মোটে দেখিতে পান না—অপদ গেলে তাহারা তো কথা কহিয়া বাচেন। মোগলসরাই-এ গাড়ি দাঁড়ইল। অপদ মালপত্র নামাইতে সাহায্য করিল। হাসিয়া বলিল—আচ্ছা বোঠাকরুণ, নমস্কার, শূীগার্গিরই আপনাদের ওখানে উপদ্রব করছি কিন্তু।

দিল্লীতে ট্রেন পেঁছাইল রাত্রি সাড়ে এগারোটায়।

গার্জিয়াবাদ স্টেশন হইতেই সে বাহরের দিকে খুঁকিয়া চাহিয়া দেখিল—যে-দিল্লীতে গাড়ি আসিতেছিল তাহা এস. কপুর কোম্পানীর দিল্লী নয়, লেজিসলেটিভ ম্যাসেমন্ট্রীর মেম্বারদের দিল্লী নয়, এসিয়াটিক পেট্রোলিয়মের এক্সপেটের দিল্লী নয়—সে দিল্লী সম্পূর্ণ ভিন্ন—বহুকালের বহুকালের নরনারীদের—মহাভারত হইতে শুরু করিয়া রাজসিংহ ও মাধবী-কঙ্কণ,—সমুদয় কবিতা, উপন্যাস, গল্প, নাটক, কল্পনা ও ইতিহাসের মাল-মশলায় তাহার প্রতি ইটখানা তৈরি, তার প্রতি খুলিকণা অপুর মনের রোমাঞ্চে সফল নায়ক-নায়িকার পূণ্য-পাদপূত—ভীষ্ম হইতে আওরঙ্গজেব ও সদাশিব রাও পর্যন্ত—গান্ধারী হইতে জাহানারা পর্যন্ত—সাধারণ দিল্লী হইতে সে দিল্লীর দরদর অনেক!—দিল্লী হনোজ দর অন্ত, বহুদর বহুশতাব্দীর দর পারে, সে দিল্লী কখনও কেহ দেখে নাই।

আজ নয়, মনে হয় শৈশবে মায়ের মুখে মহাভারত শোনার দিন হইতে ছিরের পুরুরের ধারের বাঁশবনের ছায়ার কাঁচা শেওড়ার ডাল পাতিয়া 'রাজপুত্র জীবন-সম্মা' ও 'মহারাজ্ঞ জীবন-প্রভাত' পড়িবার দিনগুলি হইতে, সকল ইতিহাস, যাত্রা, থিয়েটার, কত গল্প, কত কবিতা, এই দিল্লী, আগ্রা, সমগ্র রাজপুতানা ও আর্ঘ্যবর্ত—তাহার মনে একটি আতি অপরূপ, অভিনব, স্বপ্নময় আসন অধিকার করিয়া আছে—অন্য কাহারও মনে সে রকম আছে কিনা, সেটা প্রশ্ন নয়, তাহার মনে আছে এইটাই বড় কথা।

কিন্তু বাহিরে ঘন অন্ধকার, কিছু দেখা যায় না—অনেকক্ষণ চাহিয়া কেবল কতকগুলো সিগন্যালের বাতি ছাড়া আর কিছুই চোখে পড়ে না, একটা প্রকাণ্ড ইয়ার্ড কেবিন, লেখা

আছে, 'দিল্লী জংশন ইস্ট'—একটা গ্যাসোলিনের ট্যাংক—তাহার পরই চারদিকে আলোকিত প্র্যাটফর্ম—প্রকাণ্ড মোতলা স্টেশন—সেই পিয়াম'সোপ, কিটিংস পাউডার, হল্‌স্ ডিসটেন্সার, লিুপটেনের চা। আবদুল আজিজ হাকিমের রৌশনেসেকাৎ, উৎকৃষ্ট ঘাঘের মলম।

নিজের ছোট ক্যান্ডাসের স্‌টেকেস ও ছোট বিছানাটা হাতে লইয়া অপ্‌স্টেশনে নামিল—রাত অনেক, শহর সম্পূর্ণ অপরিচিত, জিজ্ঞাসা করিয়া জানিল, ওয়েটিংরুম দোতলায়, রাতি সেখানে কাটানোই নিরাপদ মনে হইল।

সকালে উঠিয়া জিনিসপত্র স্টেশনে জমা দিয়া সে বাহিরে আসিয়া দাঁড়াইল। অর্ধমাইল-ব্যাপী দীর্ঘ শোভাযাত্রা করিয়া সন্মসৃজিত হস্তীপৃষ্ঠে সোনার হাওদার কোন শাহাজাদী নগর ভ্রমণে বাহির হইয়াছেন কি? দ্বাধারে আবেদনকারী ও ওম্‌রাহ্‌ দল আভূমি তসলীম করিয়া অনুগ্রহ ভিক্ষার অপেক্ষায় করজোড়ে খাড়া আছে কি? নব আগন্তুক নরেন্দ্রনাথ পাংশা বেগমের কোন সরাইখানায় ধূমপানরত বৃন্দ পারশ্যদেশীয় শেখের নিকট পথের কথা জিজ্ঞাসা করিয়াছিল?

কিন্তু এ যে একেবারে কলিকাতার মতই সব! এমন কি মণিলাল জুয়েলাসের বিজ্ঞাপন পর্য্যন্ত। দৃজন লোক কলিকাতা হইতে বেড়াতে আসিয়াছিল, টাঙাভাড়া সস্তা পড়িবে বলিয়া তাহাকে তাহারা সঙ্গে লইবার প্রস্তাব করিল। কুতুবের পথে একজন বলিল, মশাই, আরও বার-দুই দিল্লী এসেছি, কুতুবের ঘুরগীর কাটলেট খাননি কখনও, না? আর—সে যা জিনিস, চলুন, এক ডজন কাটলেট অর্ডার দিয়ে তবে উঠব কুতুবমিনারে।

বাল্যকালে দেওয়ানপুরে পড়িবার সময় পুরানো দিল্লীর কথা পড়িয়া তাহার কল্পনা করিতে গিয়া বার বার স্কুলের পাশের একটা পুরাতন ইটখোলার ছবি অপূর্ণ মনে উদয় হইত, আজ অপূর্ণ দেখিল পুরাতন দিল্লী বাল্যের সেই টের পাজাটা নয়। কুতুবমিনার নতুন দিল্লী শহর হইতে যে এতদূর তাহা সে ভাবে নাই। তদুপরি সে দেখিয়া বিস্মিত হইল, এই দীর্ঘ পথের দ্বাধারে মরুভূমির মত অন্ধকার কাটাগাছ ও ফর্ণগমনসার ঘোপে ভরা রৌদ্র-দৃশ্য প্রান্তরের এখানে ওখানে সর্বত্র ভাঙা বাড়ি, মিনার, মসজিদ, কবর, খিলান, দেওয়াল। সাতটা প্রাচীন মৃত রাজধানীর মত কঙ্কাল পথের দ্বাধারে উঁচুনিচু জমিতে বাবলাগাছ ও ও ক্যাকটাস গাছের ঘোপ-ঝাপের আড়ালে স্তম্ভগোরব নিশ্চলভাবে আত্মগোপন করিয়া আছে—পৃথিবীর পিথোরার দিল্লী, লাল, হাট, দাসবংশের দিল্লী, তোগলকদের দিল্লী, আলাউদ্দীন খিলজীর দিল্লী, শিরি ও জাহানপনাহ্, মোগলদের দিল্লী। অপূর্ণ জীবনে এ রকম দৃশ্য দেখে নাই, কখনো কল্পনাও করে নাই, সে অস্বাক হইল, অভিভূত হইল, নীরব হইয়া গেল, গাইড-বুক উল্টাইতে ভুলিয়া গেল, ম্যাপের নম্বর মিলাইয়া দেখিতে ভুলিয়া গেল—মহাকালের এই বিরাট শোভাযাত্রা একটার পর একটা বায়োস্কোপের ছবির মত চলিয়া যাইবার দৃশ্যে সে যেন সর্বিংহারা হইয়া পড়িল। আরও বিশেষ হইল এই জন্য যে, মন তাহার নবীন আছে। কখনও কিছ্‌ দেখে নাই, চিরকাল আঁস্তাকুড়ের আবর্জনায়া কাটাইয়াছে অথচ মন হইয়া উঠিয়াছে সর্বাংশী, বৃদ্ধুক্‌। তাই সে যাহা দেখিতেছিল, তাহা যেন বাহিরের চোখটা দিয়া নয়, সে কোন তীক্ষ্ণদর্শী তৃতীয় নেত্র, যেটা না খুলিলে বাহিরের চোখের দেখাটা নিষ্ফল হইয়া যায়।

ঘুরিতে ঘুরিতে দুপুরের পর সে গেল কুতুব হইতে অনেক দূরে গিয়াসুন্দরী তোগলকের অসমাপ্ত নগর—তোগলকাবাদে। গ্রীষ্ম দুপুরের খররোদ্রে তখন চারিধারের উষরভূমি আগুন-রাঙা হইয়া উঠিয়াছে। দুর্ হইতে তোগলকাবাদ দেখিয়া মনে হইল যেন কোন দৈত্যের হাতে গাধা এক বিরাট পাষাণ-দুর্গ। তৃণ-বিরল উষরভূমি, পত্রহীন বাবলা ও কটক-ময় ক্যাকটাসের পটভূমিতে খররোদ্রে সে যেন এক বর্ষের অসুন্দরী স্‌উচ্চ পাষাণ দুর্গপ্রাচীর

হইতে শিশু, কাঁথিয়াবাড়, মালব, পাজাব,—সারা আৰ্ঘ্যবস্ত্ৰকে শ্ৰুকুটি করিয়া দাঁড়াইয়া আছে। কোথাও সূক্ষ্ম কারুকাৰ্যের প্রচেষ্টা নাই বটে, নিষ্ঠুর বটে, রক্ষ বটে, কিন্তু সবটা মিলিয়া এমন বিশালতার সৌন্দৰ্য, পৌরুষের সৌন্দৰ্য, বশ্ববৃত্ততার সৌন্দৰ্য—যা মনকে ভীষণভাবে আকৃষ্ট করে, হৃদয়কে বজ্রমৃদুতে আকড়াইয়া ধরে। সব আছে, কিন্তু দেহে প্রাণ নাই, চারিধারে ধ্বংসস্থাপ, কাঁটাগাছ, বিশৃঙ্খলতা, বড় বড় পাথর গড়াইয়া উঠিবার পথ বজ্রাইয়া রাখিয়াছে—মৃতমুখের শ্ৰুকুটি মাত্র।

সাদু নিজামউদ্দীনের অভিশাপ মনে পড়িল—ইয়ে বাসে গুজর, ইয়ে রাহে গুজর—

পৃথ্বীরায়ের দুর্গের চব্বতরার উপর যখন সে দাঁড়াইয়া—হি-হি, কি মূর্শকিল, কি অদ্ভুতভাবে নিশ্চিন্দপূরের সেই বনের ধারের ছিঁরে পুকুরটা এ দুর্গের সঙ্গে জড়িত হইয়া আছে, বাল্যে তাহারই ধারের শেওড়াবনে বসিয়া 'জীবন-প্রভাত' পড়িতে পড়িতে কতবার কল্পনা করিত, পৃথ্বীরায়ের দুর্গ ছিঁরে পুকুরের উঁচু ও-দিকের পাড়টার মত বৃষ্টি। এখনও ছবিটা দোঁখতে পাইতেছে—কতকগুলি গুগুলি শামুক, ও-পারের বাঁশঝাড়। যাক, চব্বতরার উপর দাঁড়াইয়া থাকিতে থাকিতে দুর্ পশ্চিম আকাশের চারিধারের মহাম্মশানের উপর ধূসর ছায়া ফেলিয়া সান্নাজোর উত্থান-পতনের কাহিনী আকাশের পটে আগুনের অক্ষরে লিখিয়া সূৰ্য্য অন্ত গেল। সে সব অতি পবিত্র, গোপনীয় মূহূর্ত্ত অপূর জীবনের—দেবতারা তখন কানে কানে কথা বলেন, তাহার জীবনে এরূপ সূৰ্য্যাস্ত আর কটা বা আসিয়াছে? ভয় ও বিস্ময় দুই-ই হইল, সারা গায়ে যেন কাঁটা দিয়া উঠিল, কি অপূৰ্ব্ব অনদ্ভূতি! জীবনের চক্ৰবালনেমি এতদিন যে কত ছোট অপরিসর ছিল, আজকার দিনটির পূৰ্ব্ব তাহা জানিত না।

নিজামউদ্দীন আউলিয়ার মসজিদ প্রাপ্তপে সয়্যুট-দুর্হতা জাহানারার তৃণাবৃত পবিত্র কবরের পার্শ্ব দাঁড়াইয়া মসজিদ-দ্বারে ত্রীত দু-চার পয়সার গোলাপফুল ছড়াইতে ছড়াইতে অপূর অশ্রু বাধা মানিল না। ঐশ্বৰ্যের মধ্যে, ক্ষমতার দ্বয়ের মধ্যে লালিত হইয়াও পূণ্যবতী শাহাজাদীর এ দীনতা, ভাবুকতা, তাহার কল্পনাকে মূৰ্ব রাখিয়াছে চিরদিন। এখনও যেন বিশ্বাস হয় না যে, সে যেখানে দাঁড়াইয়া আছে সেটা সত্যই জাহানারার কবর-ভূমি। পরে সে মসজিদ হইতে একজন প্রোট মুসলমানকে ডাকিয়া আনিয়া কবরের শিরোদেশের মার্শেবল ফসকের সেই বিখ্যাত ফাসসী কবিতাটি দেখাইয়া বলিল, মেহেরবানি করকে পড়িয়ে, হাম লিখ লেঙ্গে।

প্রোটটি কিঞ্চৎ বর্শশের লোভে খামখেয়ালী বাঙালী বাবুটিকে খুশী করার জন্য জোরে জোরে পড়িল—

বিজুস গ্যাহ্ কসে ন-পোশাদ্ মজার ইমা-রা।

কি করবপোষ্-ই-ঘরীবান্ হামিন্ মীগ্যাহ্ বস অস্ত্।

পরে সে কবি আমীর খসরুর কবরের উপরও ফুল ছড়াইল।

পরদিন বৈকালে শাহজাহানের লালপাথরের কেলা দেখিতে গিয়া অপরাহুর ধূসর ছায়ায় মেওয়ান-ই-খাসের পাথের খোলা ছাদে একখানা পাথরের বেষ্টিতে বহুক্ষণ বসিয়া রহিল। মনে হইল এসব স্থানের জীবনধারণ কাহিনী কেহ লিখিতে পারে নাই। গল্পে, উপন্যাসে, নাটকে, কবিতায় যাহা পড়িয়াছে, সে সবটাই কল্পনা, বাস্তবের সঙ্গে তাহার কোন সম্পর্ক নাই। সে জেব্-উমিসা, সে উদ্দিপূরী বেগম, সে মমতাজমহল, সে জাহানারা—আবালা যাহাদের সঙ্গে পরিচয়, সবগুলিই কল্পনা-সৃষ্ট প্রাণী, বাস্তবজগতের মমতাজ বেগম, উদ্দিপূরী, জেব্-উমিসা হইতে সম্পূর্ণ পৃথক। কে জানে এখানকার সে সব রহস্যভরা ইতিহাস? মূক যমুনা তাহার সাক্ষী আছে, গৃহভিত্তির প্রতি পাষণথুড

তাহার সাক্ষী আছে, কিন্তু তাহারা তো কথা বলিতে পারে না !

তিনদিন পর সে বৈকালের দিকে কাটনী লাইনের একটা ছোট্ট স্টেশনে নিজের বিছানা ও সূটকেসটা লইয়া নামিয়া পড়িল। হাতে পয়সা বেশী ছিল না বলিয়া প্যান্ডসজ্জার ট্রেনে এলাহাবাদ আসিতে বাধ্য হয়—তাই এত দেরি। কয়দিন শ্রান নাই, চুল রন্ধ, উষ্ক-খুষ্ক—জোর পশ্চমা বাতাসে ঠোঁট শুকাইয়া গিয়াছে।

ট্রেন ছাড়িয়া চলিয়া গেল। ক্ষুদ্র স্টেশন, সম্মুখে একটা ছোট্ট পাহাড়। দোকান-বাজারও চোখে পড়িল না।

স্টেশনের বাহিরের বাঁধানো চাতালে একটু নিষ্কর্জন স্থানে সে বিছানার বাঁশডালটা খুলিয়া পাতিল। কিছই ঠিক নাই, কোথায় যাইবে, কোথায় শুনাইবে, মনে এক অপূর্বে অজানা আনন্দ।

শতরঞ্জির উপর বসিয়া সে খাতা খুলিয়া খানিকটা লিখিল, পরে একটা সিগারেট খাইয়া সূটকেসটা ঠেস দিয়া চুপচাপ বসিয়া রহিল। টোকা মাথায় একজন গোড়ি যুবককে কাঁচা শালপাতার পাইপ খাইতে খাইতে কোঁতুহলী-চোখের কাছে আসিয়া দাঁড়াইতে দেখিয়া অপূর্বে বলিল, উমেরিয়া হিঁসাসে কেস্টা দূর হোগা ?

প্রথমবার লোকটা কথা বুলিল না। দ্বিতীয়বারে ভাঙা হিন্দীতে বলিল, তিশ মীল্।

ত্রিশ মাইল রাস্তা! এখন সে যায় কিসে? মহা মূর্খকিল! জিজ্ঞাসা করিয়া জানিল, ত্রিশ মাইল পথের দূরধারে শূধু বন আর পাহাড়। কথাটা শুনিয়া অপূর্বে ভারি আনন্দ হইল। বন, কি রকম বন? শূধু ঘন? বাঘ পর্যন্ত আছে? বাঃ—কিন্তু এখন কি করিয়া যাওয়া যায়?

কথায় কথায় গোড়ি লোকটি বলিল, তিন টাকা পাইলে সে নিজের ঘোড়াটা ভাড়া দিতে রাজী আছে।

অপূর্বে রাজী হইয়া ঘোড়া আনিতে বলাতে লোকটা বিস্মিত হইল। আর বেলা কতটুকু আছে, এখন কি জঙ্গলের পথে যাওয়া যায়? অপূর্বে নাছোড়বান্দা। সামনের এই সূধুর জ্যোৎস্নাভরা রাতে জঙ্গলের পথে ঘোড়ায় চাপিয়া যাওয়ার একটা দুর্দমনীয় লোভ তাহাকে পাইয়া বসিল—জীবনে এ সুযোগ কটা আসে, এ কি ছাড়া যায়?

গোড়ি লোকটি জানাইল, আরও একটাকা খোরাকি পাইলে সে তলুপি বহিতে রাজী আছে। সম্ভ্যার কিছ পূর্বে অপূর্বে ঘোড়ায় চাড়িয়া রওনা হইল—পিছনে মোট-মাথায় লোকটা।

শিশু রাত্রি—স্টেশন হইতে অতদূরে একটা বাঁশ, একটি পাহাড়ী নালা, বাকি ঘুরিয়াই পথটা শাল-বনের মধ্যে ঢুকিয়া পড়িল। চারিদিকে জ্ঞানাতিক পোকা জন্মিতেছে—রাত্রির অপূর্বে নিস্তব্ধতা, গরোধশীর চাঁদের আলো শাল-পলাশের পাতার ফাঁকে ফাঁকে মাটির উপর ঘন আলো-আঁধারের বৃষ্টি-কাটা জ্বাল বৃষ্টিয়া দিয়াছে। অপূর্বে পাহাড়ী লোকটার নিকট হইতে একটা শালপাতার পাইপ ও সে-দেশী তামাক চাহিয়া লইয়া ধরাইল বটে, কিন্তু দুটান দিতেই মাথা কেমন ঘুরিয়া উঠিল—শালপাতার পাইপটা ফেলিয়া দিল।

বন সত্যই ঘন—পথ আঁকা-বাঁকা, ছোট ঝরণা এখানে-ওখানে, উপল-বিছানো পাহাড়ী নদীর তীরে ছোট ফার্নের ঘোপ, কি ফুলের সুবাস, রাত্রির পাখির ডাক। নিষ্কর্জনতা, গভীর নিষ্কর্জনতা!

মাঝে-মাঝে সে ঘোড়াকে ছুটাইয়া দেয়, ঘোড়া-চড়া অভ্যাস তাহার অনেকদিন হইতে আছে। বাল্যকালে মাঠের ছুটা ঘোড়া ধরিয়া কত চড়িয়াছে, চাঁপদানীতেও ডাক্তারবাড়ির

ঘোড়ার প্রায় প্রতিদিনই চাড়িত।

সারারাত্রি চলিয়া সকাল সাড়ে সাতটায় উমেরিয়া পেঁয়ছিল। একটা ছোট গ্রাম,— পোস্টাফিস, ছোট বাজার ও কয়েকটা গালার আড়ত। ফরেস্ট রেঞ্জার ভদ্রলোকটির নাম অবনীমোহন বসু। তিনি তাহাকে দেখিয়া বিস্মিত হইলেন—আসুন, আসুন, আপনি পন্ন দিলেন না, কিছ্‌ না, ভাবলুম বোধ হয় এখনও আসবার দেরি আছে—এতটা পথ এলেন রাতারাত্রি? ভয়ানক লোক তো আপনি!

পথেই একটা ছোট নদীর জলে স্নান করিয়া চুল আঁচড়াইয়া সেফটফাট হইয়া আসিয়াছে। তখনই চা খাবারের বন্দোবস্ত হইল। অপদ্‌ লোকটিকে নিজের মনিব্যাগ শূন্য করিয়া চার টাকা দিয়া বিদায় দিল।

দুপুরের আহারের সময় অবনীবাবুর শ্রী দুর্জনকে পরিবেশন করিয়া খাওয়াইলেন। অপদ্‌ হাসিমুখে বলিল, এখানে আপনাদের জ্বালাতন করতে এলুম বৌঠাকরুণ!

অবনীবাবুর শ্রী হাসিয়া বলিলেন, -না এলে দুঃখিত হতাম আমরা কিছ্‌ জ্ঞানি আপনি আসবেন। কাল ওঁকে বলছিলাম আপনার আসবার কথা, এমন কি আপনার থাকবার জন্য সাহেবের বাংলাটা ঝাঁট দিয়ে ধুয়ে রাখার কথাও হ'ল—ওটা এখন খালি পড়ে আছে কিনা।

—এখানে আর কোন বাঙালী কি অন্য কোন দেশের শিক্ষিত লোক নিকটে নেই?

অবনীবাবু বলিলেন, আমার এক বন্ধু খুরিয়ার পাহাড়ে তামার খনির জন্য প্রসপেকটিং করছেন—মিঃ রায়চৌধুরী, জিওলজিস্ট, বিলেতে ছিলেন অনেকদিন—তিনি এখানে তাঁবুতে আছেন—মাঝে মাঝে তিনি আসেন।

অপদ্‌ দিনেই ইঁহাদের সঙ্গে কেমন একটা সহজ মধুর স্বেচ্ছ গড়িয়া উঠিল যাহা কেবল এই সব স্থানে, এই সব অবস্থাতেই সম্ভব, কৃত্রিম সানাজিকতার হুমকি এখানে মানুষের সঙ্গে মানুষের স্বাভাবিক বন্ধুত্বের দাবিকে ঘাড় গর্দাজিয়া থাকিতে বাধ্য করে না বলিয়াই। একদিন বসিয়া বসিয়া সে খেয়ালের বশে কাগজে একুটা কথকতার পালা লিখিয়া ফেলিল। সেদিন সকালে চা খাইবার সময় বলিল, দিদি, আজ ও-বেলা আপনাদের একটা নতুন জিনিস শোনাব।

অবনীবাবুর শ্রীকে সে দিদি বলিতে শুরু করিয়াছে। তিনি সাগ্রহে বলিলেন, কি, কি বলুন না? আপনি গান জানেন—না? আমি অনেকদিন ওঁকে বলেছি আপনি গান জানেন।

—গানও গাইব, কিছ্‌ একটা কথকতার পালা শোনাব, আমার বাবার মুখে শোনা জড়-ভরতের উপাখ্যান।

দিদির মুখ আনন্দে উজ্জ্বল হইয়া উঠিল। তিনি হাসিয়া স্বামীকে কহিলেন, দেখলে গো—দ্যাখ! বলি নি আমি, গলার স্বর অমন, নিশ্চই গান জানেন—খাটল না কথা?

দুপুরবেলা দিদি তাহাকে তাস খেলার জন্য পীড়াপীড়ি শুরু করিলেন।

—লেখা এখন থাক্‌। তাস জোড়াটা না খেলে খেলে পোকায় কেটে দিলে—এখানে খেলার লোক মেলে না—যখন ওঁর বন্ধু মিঃ রায়চৌধুরী আসেন তখন মাঝে-মাঝে খেলা হয়—আসুন আপনি। উঁনি, আর আপনি—

—আর একজন?

—আর কোথায়? আমি আর আপনি বসব—উঁনি, একা দুঁহাত নিয়ে খেলবেন।

জ্যেৎনা রাত্রে বাংলোর বারান্দাতে সে কথকতা আরম্ভ করিল। জড়ভরতের বালা-জীবনের করুণ কাহিনী নিজেরই শৈশব-স্মৃতির ছায়াপাতে, সত্য ও পুত্‌ হইয়া উঠে, কাশীর

দশাশ্বমেধ ঘাটে বাবার গলার শব্দ কেমন করিয়া অলক্ষিতে তাহার গলায় আসে—শালবনের পত্রমর্মরে, নৈশপাখির গানের মধ্যে রাজর্ষি ভরতের সরল বৈরাগ্য ও নিঃশব্দ আনন্দ যেন প্রতি সুরমুচ্ছনাকে একটি অতি পবিত্র মহিমাময় রূপ দিয়া দিল। কথকতা থামিলে সকলেই চূপ করিয়া রহিল। অপদ্ খানিকটা পর হাসিয়া বলিল—কেমন লাগল ?

অবনীবাবু একটু ধম্মপ্রাণ লোক, তাঁহার খুবই ভাল লাগিয়াছে—কথকতা দু-একবার শুনিয়াছেন বটে; কিন্তু এ কি জিনিস ! ইহার কাছে সে সব লাগে না।

কিন্তু সকলের চেয়ে মৃদু হইলেন অবনীবাবুর স্ত্রী। জ্যেষ্ঠতার আলোতে তাঁহার চোখে ও কপালে অশ্রু চিক্-চিক্ করিতেছিল। অনেকক্ষণ তিনি কোন কথা বলিলেন না। স্বদেশ হইতে দূরে এই নিঃসন্তান দম্পতির জীবনযাত্রা এখানে একেবারে বৈচিত্র্যহীন, বহুদিন এমন আনন্দ তাঁহাদের কেহ দেয় নাই।

দিন দুই পরে অবনীবাবুর বন্ধু মিঃ রায়চৌধুরী আসিলেন, ভারী মনখোলা ও অমায়িক ধরণের লোক, বয়স চল্লিশের কাছাকাছি, কানের পাশে চুলে পাক ধরিয়াছে, বলিষ্ঠ গঠন ও সুন্দর রূপ। একটু অতিরিক্ত মাত্রায় মদ খান। জ্বলপদ হইতে হুইস্কি আনাইয়াছেন কিরূপ কষ্ট স্বীকার করিয়া, খানিকক্ষণ তাহার বর্ণনা করিলেন। অবনীবাবুও যে মদ খান অপদ্ তাহা হিতপূর্বে জানিত না। মিঃ রায়চৌধুরী অপদ্কে বলিলেন, আপনার গুণের কথা সব শুনলাম, অপদ্ স্বাব্দ। সে আপনাকে দেখেই আমার মনে হয়েছে। আপনার চোখ দেখলে যে কোন লোক আপনাকে ভাবুক বলবে। তবে কি জানেন, আমরা হয়ে পড়েছি ম্যাটার-অব-ফ্যাঙ্ক। আজ আপনাকে আর একবার কথকতা করতে হবে, ছাড়া চ নে আজ।

কথাবাস্তায়, গানে, হাসিখুশিতে সৌন্দর্য প্রায় সারারাত কাটিল। মিঃ রায়চৌধুরী চলিয়া যাইবার দিন তিনেক পরে একজন চাণরাসী তাঁহার নিকট হইতে অপদ্ নামে একখানা চিঠি আনিল। তাঁহার ওখানে একটা জিলাং তাঁবুর তত্ত্বাবধানের জন্য একজন লোক দরকার। অপদ্ স্বাব্দ কি আসিতে রাজী আছেন ? আপাতত মাসে পঞ্চাশ টাকা ও বাসস্থান। অপদ্ নিকট ইহা একেবারে অপ্রত্যাশিত। ভাবিয়া দেখিল, হাতে আনা মণেক পয়সা মাত্র অবশিষ্ট আছে, উঁহারা অবশ্য যতই আশ্রয়তা দেখান, গান ও কথকতা করিয়া চিরদিন তো এখানে কাটানো চলিবে না ? আশ্চর্যের বিষয়, এতদিন কথাটা আদৌ তাহার মনে উদয় হয় নাই যে কেন ?

মিঃ রায়চৌধুরীর বাংলা প্রায় মাইল-কুড়ি দূর। তিনদিন পরে ঘোড়া ও লোক আসিল। অবনীবাবু ও তাঁহার স্ত্রী অত্যন্ত দুঃখের সহিত তাহাকে বিদায় দিলেন। পথ অতি দুর্গম, উমেরিয়া হইতে তিন মাইল উত্তর-পশ্চিম দিকে গেলেই ঘন জঙ্গলের মধ্যে ভুবিয়া যাইতে হয়। দুই-তিনটা ছোট ছোট পাহাড়ী নদী, আবার ছোট ছোট ফার্ন ঝোপ, বরণা—একটার জলে অপদ্ মৃদু ধুইয়া দেখিল জলে গন্ধকের গন্ধ। পাহাড়িয়া করবী ফুটিয়া আছে, বাতাস নবীন মাদকতায় ভঁরা, খুব শিশু, এমন কি যেন একটু গা সির-সির করে—এই ঠেঁঠ মাসেও।

সন্ধ্যায় পূর্বে সে গম্ভীর স্থানে পেঁছাইয়া গেল। খনির কার্যকারিতা ও লাভালাভের বিষয় এখনও পরীক্ষাধীন, মাত্র খান চার-পাঁচ চওড়া খড়ের ঘর। দুইটা বড় বড় তাঁবু, কুলীদের থাকিবার ঘর, একটা অফিস ঘর। সবসুন্দর আট-দশ বিঘা জমির উপর সব। চারিদিক ঘেরিয়া ঘন, দুর্গম অরণ্য, পিছনে পাহাড়, আবার পাহাড়।

মিঃ রায়চৌধুরী বলিলেন—খুব সাহস আছে আপনার তা আমি বুঝি এখন শুনলাম আপনি রাতে ঘোড়ায় চড়ে উমেরিয়া এসেছিলেন। ও পথে রাতে এদেশের লোকও যেতে সাহস পায় না।

অষ্টাদশ পরিচ্ছেদ

অপূর এক সম্পূর্ণ নতুন জীবন শুরুর হইল এ-দিনটি হইতে। এমন এক জীবন, যাহা সে চিরকাল ভালবাসিয়াছে, যাহার স্বপ্ন দেখিয়া আসিয়াছে। কিন্তু কোনদিন যে হাতের মঠার নাগাল পাওয়া যাইবে তাহা ভাবে নাই।

তাহাকে যে ড্রিল তাঁবুর ওস্বাবধানে থাকিতে হইবে, তাহা এখন হইতে আরও সতেরো-আঠারো মাইল দূরে। মিঃ রায়চৌধুরী নিজের একটা ঘোড়া দিয়া তাহাকে পরদিনই কর্মস্থানে পাঠাইয়া দিলেন। নতুন স্থানে আসিয়া অপূর অবাক হইয়া গেল। বন ভালবাসিলে কি হইবে, এ ধরনের বন কখনও দেখে নাই। নিবিড় বন্যারী প্রান্তে উচ্চ তৃণভূমি, তারই মধ্যে খড়ের বাগলোঘর, একটা পাতকুয়া, কুলীদের বাগের খুঁপড়ি, পিছনে ও দক্ষিণে পাহাড়, সৈদিকের ঘন বন কত দূর পর্যন্ত বিস্তৃত তাহা চোখে দেখিয়া আন্দাজ করা যায় না—ক্রোশের পর ক্রোশ ধরিয়া পাহাড়, একটার পিছনে আর একটা, আর গভীর জনমানবহীন অরণ্য, সীমা নাই, কুল-কিনারা নাই। চারিদিকের দৃশ্য অতি গম্ভীর। তাঁবুর ঠিক পিছনেই পাহাড় শ্রেণীর একটা স্থান আবার অনাবৃত, বেঙ্গায় খাড়া ও উঁচু—বিরাতকায় নয় গ্রানাইট চুড়াটা বৈকালের শেষ রোদে কখনও দেখায় রাঙা, কখনও ধূসর, কখনও ঈষৎ তাম্রাভ কালো রংয়ের—এরূপ গম্ভীর-দৃশ্য আরণাভূমির কল্পনাও জীবনে সে করে নাই কখনও!

অপূর সারাদিনের কাজও খুব পরিশ্রমের, সকালে স্নানের পর কিছূ খাইয়াই ঘোড়ায় উঠিতে হয়, মাইল চারেক দূরের একটা জায়গায় কাজ তদারক করিবার পর প্রায়ই মিঃ রায়চৌধুরীর ষোলো মাইল দূরবর্তী তাঁবুতে গিয়া রিপোর্ট করিতে হয়—তবে সেটা রোজ নয়, দু'দিন অন্তর অন্তর। ফিরিতে কোন দিন হয় সম্পূর্ণ, কোন দিন বা রাত্রি এক প্রহর বেড় প্রহর। সবটা মিলিয়া কুড়ি-পঁচিশ মাইলের চক্র, পথ কোথাও সমতল, কোথাও ঢাল, কোথাও দুর্গম। ঢালুটাতে জঙ্গল আছে তবে তার তলা অনেকটা পরিষ্কার, ইংরাজীতে যাকে বলে open forest—কিন্তু পোয়াটাক পথ যাইতে না যাইতে সে মানুষের জগৎ হইতে সম্পূর্ণ বিচ্ছিন্ন হইয়া ঘন অরণ্যের নিঃসর্জনতার মধ্যে একেবারে ডুবিয়া যায়—সেখানে জন নাই, মানুষ নাই, চারিপাশে বড় বড় গাছ, ডালে পাতায় নিবিড় জড়াজড়ি, পথ নাই বলিলেও হয়, কখনও ঘোড়া চালাইতে হয় পাহাড়ী নদীর শৃঙ্খ খাত বাহিয়া, কখনও গভীর জঙ্গলের দুর্ভেদ্য বেত-বন ঠেলিয়া—যেখানে বন্যশূকর বা সস্বর হরিণের দল যাতায়াতের সুড়ি পথ তৈরি করিয়াছে—সে পথে। কত ধরনের গাছ, লতা, গাছের ডালে এখানে-ওখানে বিচিত্র রঙের অর্কিড, নিচে স্নাজোলিয়ার হলুদ ফুল ফুটিয়া প্রভাতের বাতাসকে গম্ভীরাক্রান্ত করিয়া তোলে। ঘোড়া চালাইতে চালাইতে অপূর মনে হয় সে যেন জগতে সম্পূর্ণ একা, সারা দুনিয়ার সঙ্গে তার কোন সম্পর্ক নাই—শুধু আছে সে, আর তাহার ঘোড়াটি ও চারিপাশের এই অপূর্বদৃষ্ট বিজন বন! আর কী নিঃসর্জনতা! কলিকাতার বাসায় নিজের বন্ধ-দুসার ঘরটার কৃষ্ণ নিঃসর্জনতা নয়, এ ধরনের নিঃসর্জনতার সঙ্গে তাহার কখনও পরিচয় ছিল না। এ নিঃসর্জনতা বিরাত, অশ্রুত, এমন কিছূ, যাহা পূর্বে হইতে ভাবিয়া অনুমান করা যায় না, অভিভূততার অপেক্ষা রাখে।

ভারী পছন্দ হয় এ জীবন, গল্পের বইয়ে-টইয়ে যে রকম পড়িত, এ যেন ঠিক তাহাই। খোলা জায়গা পাইলেই ঘোড়া ছাড়িয়া দেয়, গতির আনন্দে সারা দেহে একটা উত্তেজনা আসে। খানাখন্দ, শিলা, পাইওরাইটের স্তূপ কে মানে? নত শাল-শাখা এড়াইয়া দোদুল্যমান অজানা লতার পাশ কাটাইয়া পৌরুষ-ভরা উদ্ভামতার আনন্দে তীরবেগে ঘোড়া উড়াইয়া চলে।

ঠিক এই সব সময়েই তাহার মনে পড়ে—প্রায়ই মনে পড়ে—শীলেদের অফিসের সেই তিনবেসর-ব্যাপী বশ্ব, সংকীর্ণ, অশ্বকার কেরানী-জীবনের কথা। কখনও চোখ বৃজ্জলে অফিসটা সে দেখিতে পায়, বাঁয়ে নুপেন টাইপস্ট বসিয়া খট-খট করিতেছে, রামধন নিকাশ-নিবস বসিয়া খাতাপত্র লিখিতেছে, সেই বাঁধানো মোটা ফাইলের দপ্তরটা—নিকশনিবসের পিছনের বেওয়াল চুন-বালি খসিয়া দেখিতে হইয়াছে যেন একটি পূজা-নিরত পুরুতঠাকুর। রোজ সে ঠাট্টা করিয়া বলিত, 'ও রামধনবাবু, আপনার পুরুতঠাকুর আজ ফুল ফেলবেন না?' উঃ সে কি বশ্বতা—এখন যেন সে-সব একটা দৃশ্যবল্লের মত মনে হয়।

সারাদিনের পরিশ্রমের পর সে বাংলোয় ফিরিয়া পাতকুয়ার ঠাণ্ডা জলে স্নান করিয়া একপ্রকার বন্য লেবুর রস মিশানো চিনির শরবত খায় গরমের দিনে, শরীর যেন জুড়াইয়া যায়—তার পরই রামচরিত মিশ্র আসিয়া রাতের খাবার দিয়া যায়—আটার রুটি, কুমড়া বা ঢাড়সের তরকারী ও অড়হরের ডাল। বারো-তেরো মাইল দূরের এক বস্তি হইতে জিনিস-পত্র সপ্তাহ অন্তর কুলীরা লইয়া আসে—মাছ একেবারেই মেলে না, মাঝে-মাঝে অপূ পাখি শিকার করিয়া আনে। একদিন সে বনের মধ্যে এক হরিণকে বন্দকের পাল্লার মধ্যে পাইয়া অবাধ হইয়া গেল—বড়শিক্ষা কিংবা সম্বর হরিণ ভারী সতর্ক, মানুুষের গশ্ব পাইলে তার ত্রিসীমানায় থাকে না—কিন্তু তাহার ঘোড়ার বারো-গজের মধ্যে এ হরিণটা আসিল কিরূপে? খুশী ও আগ্রহের সহিত বন্দুক উঠাইয়া লক্ষ্য করিতে গিয়া সে দেখিল লতাপাতার আড়াল হইতে শব্দ মুখটি বাহির করিয়া হরিণটিও অবাধ চোখে তাহার দিকে চাহিয়া আছে—ঘোড়ায় চড়া মানুুষ দেখিা ভাবিতেছে হয়ত, এ আবার কোন জীব!... হঠাৎ অপূর বৃকের মধ্যটা ছাঁৎ করিয়া উঠিল—হরিণের চোখ দুটি যেন তাহার খোকায় চোখের মত! অর্মানি ডাগর ডাগর, অর্মানি অবোধ, নিপাপ : সে উদ্যত বন্দুক নামাইয়া তখনি টোটাগুলি খুলিয়া লইল। এখানে যতদিন ছিল, আর কখনও শিকারের চেষ্টা করে নাই।

খাওয়া-দাওয়া শেষ হয় সন্ধ্যার পরেই, তার পরে সে নিজের খড়ের বাংলোর বন্দুপাউন্ডে চেল্লার পাতিয়া বসে।—অপূর্ব নিশ্চলতা! অপূর্ণ জ্যেৎস্না ও আঁধারে পিছনকার পাহাড়ের গভীরদর্শন অনাবৃত গ্রানাইট প্রাচীরটা কি অশ্রুত দেখায়! শালকুম্বের সুবাসভরা অশ্বকার, মাথার উপরকার আকাশে অগণিত নৈশ নক্ষত্র। এখানে অন্য কোন সাথী নাই, তাহার মন ও চিন্তার উপর অন্য কাহারও দাবী-দাওয়া নাই, উত্তেজনা নাই, উৎকণ্ঠা নাই—আছে শব্দ সে, আর এই বিশাল অরণ্য প্রকৃতির ককর্শ, বন্দুর, বিরাট সৌন্দর্য আর আছে এই নক্ষত্রভরা নৈশ আকাশটা।

বাল্যকাল হইতেই সে আকাশ ও গ্রহ-নক্ষত্রের প্রতি আকৃষ্ট। কিন্তু এখানে তাদের এ কি রূপ! কুলীরা সকাল সকাল খাওয়া সারিয়া ঘুমাইয়া পড়ে—রামচরিত মিশ্র মাঝে মাঝে অপূকে সাবধান করিয়া দেয়, তাম্বুকা বাহার মৎ বৈঠিয়ে বাবুজী—শেরকা বড়া ডর হ্যায়—পরে সে কাঠকুটা জ্বালিয়া প্রকাশ অগিকুন্ড করিয়া গ্রীষ্মের রাত্রেও বসিয়া আগুন পোহায়—অবশেষে সেও ঘাইয়া শাইয়া পড়ে, তাহার অমিকুন্ড নিভিয়া যায়—শুশ্ব রাত্রি, আকাশ অশ্বকার...পৃথিবী অশ্বকার...আকাশে বাতাস অশ্রুত নীরবতা, আবল্লসের ডালপাতার ফাঁকে দু-একটা তারা যেন অসীম রহস্যভরা মহাব্যোমের বৃকের স্পন্দনের মত দিপ্দিপ করে, বহুপাতি স্পন্দিত হয়, উত্তর-পূর্ব কোণের পশ্চতসান্দুর বনের উপরে কালপূরুষ উঠে, এখানে-ওখানে অশ্বকারের বৃকে আগুনের আচ্ছন্ন কাটিয়া উল্কাপিণ্ড খসিয়া পড়ে। রাত্রি গভীর হইবার সঙ্গে সঙ্গে নক্ষত্রগুলি কি অশ্রুতভাবে স্থান পরিবর্তন করে! আবল্লস ডালের ফাঁকের তারাগুলা ক্রমশঃ নিচে নামে, কালপূরুষ ক্রমে পশ্চতসান্দুর দিক হইতে

মাথার উপরকার আকাশে সরিয়া আসে, বিশালকায় ছায়াপথটা তেরছা হইয়া ঘুরিয়া যায়, বৃহস্পতি পশ্চিম আকাশে ঢলিয়া পড়ে। রাত্রির পর রাত্রি এই গতির অপূৰ্ব লীলা দেখিতে দেখিতে এই শাস্ত সনাতন জগৎটা যে কি ভয়ানক রুদ্ধ গতিবেগ প্রচ্ছন্ন রাখিয়াছে তাহার সিন্ধতা ও সনাতনত্বের আড়ালে, সে সৰ্বশেষে অপূৰ মন সচেতন হইয়া উঠিল— অদ্ভুতভাবে সচেতন হইয়া উঠিল। জীবনে কখনও তাহার এত ঘনিষ্ঠ পরিচয় হয় নাই বিশাল নক্ষত্র-জগৎটার সঙ্গে, এভাবে হইবার আশাও কখনও কি ছিল ?

অপূৰ বাংলো-ঘরের পিছনে ও দক্ষিণে পাহাড়, পিছনকার পাহাড়তলী আধমাইলের কম, দক্ষিণের পাহাড় মাইল দুই দূরে। সামনের বহুদূর বিস্তৃত উঁচুনীচু জমিটা শাল ও পপরেল চারা ও এক প্রকার অশ্বশৃঙ্ক তুণে ভরা অনেক দূর পর্য্যন্ত খোলা। সারা পশ্চিম দিক্‌চক্রবাল জুড়িয়া বহুদূরে বিস্তৃত পশ্চিমের নীল অস্পষ্ট সীমারেখা, ছিন্দওয়ারা ও মহাদেও শৈলশ্রেণী—পশ্চিমা বাতাসের ধূলা-বালি যোদিন আকাশকে আবৃত না করে সেদিন বড় সন্দেহ দেখায়। মাইল এগারো দূরে নন্দী বিজন বন-প্রান্তরের মধ্যে দিয়া বহিয়া চলিয়াছে, খুব সকালে ঘোড়ায় উঠিয়া স্নান করিতে গেলে বেলা নয়টার মধ্যে ফিরিয়া আসা যায়।

দক্ষিণে পশ্চিমের ঘন বন নিবিড়, জনমানবহীন, রুদ্ধ ও গভীর। দিনের শেষে পশ্চিম গগন হইতে অস্ত-সূর্যের আলো পড়িয়া পিছনের পাহাড়ের যে অংশটা খাড়া ও অনাবৃত, তাহার গ্রানাইট-দেওয়ালটা প্রথমে হয় হৃদয়, পরে হয় মেটে সিঁদুরের রং, পরে জরদা রঙের হইতে হইতে হঠাৎ ধূসর ও তারপরেই কালো হইয়া যায়। ওদিক দিগন্তলক্ষ্মীর ললাটে আলোর টিপের মত সখ্যাতারা ফুটিয়া উঠে, অরণ্যানী ঘন অশ্বকারে ভরিয়া যায়, শাল ও পাহাড়ী বাঁশের ডালাপালায় বাতাস লাগিয়া একপ্রকার শব্দ হয় রামচরিত ও জহুরী মিং নেকড়ে বাঘের ভয়ে আগুন জ্বালে, চারিধারে শিয়াল ডাকিতে শব্দ করে, বন-মোরগ ডাকে অশ্বকার আকাশে দেখিতে দেখিতে গ্রহ, তারা, জ্যোতিষ্ক, ছায়াপথ একে একে দেখা দেয়। পৃথিবী, আকাশ-বাতাস অপূৰ্ব রহস্যভরা নিস্তব্ধতায় ভরিয়া আসে, তাঁবুর পাশের দীর্ঘ ঘাসের বন দুলাইয়া এক একদিন বন্যবাহ পলাইয়া যায়, দূরে কোথায় হায়েনা উম্মাদের মত হাসিয়া উঠে, গভীর রাতে কৃষ্ণপক্ষের ভাঙা চাঁদ পাহাড়ের পিছন হইতে ধীরে ধীরে উঠিতে থাকে, এ যেন সত্যই গম্ভীর বইয়ে-পড়া জীবন।

এক এক দিন বৈকালে সেই ঘোড়ায় চড়িয়া বেড়াইতে যায়। শূন্য উঁচুনীচু অশ্বশৃঙ্ক তুণভূমি, ছোটবড় শিলাখণ্ড ছড়ানো, মাঝে মাঝে শাল ও বাদাম গাছ। আর এক জাতীয় বড় বন্য গাছের কি অপূৰ্ব আঁকাবাঁকা ডালপালা, চৈত্রের রেঁদ্রে পাতা ঝরিয়া গিয়াছে, নীল আকাশের পটভূমিতে পত্রশূন্য ডালপালা যেন ছবি মত দেখা যায়। অপূৰ তাঁবু হইতে মাইল-তিনেক দূরে একটা ছোট পাহাড়ী নদী আঁকিয়া বাঁকিয়া গিয়াছে, অপূৰ তাহার নাম রাখিয়াছে বক্রতোয়া। গ্রীষ্মকালে জল আদৌ থাকে না, তাহারই ধারে একটা শাল-ঝাড়ের নিচের একখানা পাথরের উপর সে এক একদিন গিয়া বসে, ঘোড়াটা গাছের ডালে বাঁধিয়া রাখে—স্থানটা ঠিক ছবি মত।

স্বর্ণাভ বালুর উপর অস্বীকৃত বনানদীর উপর-ঢাকা চরণ-চিহ্ন—হাত কয়েক মাত্র প্রশস্ত নদীখাত, উভয় তীরই পাষাণময়, ওপারে কঠিন ও দানাদার কোয়ার্ট্‌জাইট্‌ ও ফিকে হৃদয় রঙের বড় বড় পাথরের চাঁইয়ে ভরা, অতীত কোন হিম-ধূসরের তুষার নদীর শেষ প্রবাহে ভাসিয়া আসিয়া এখানে হয়ত আটকাইয়া গিয়াছে, সোনালী রঙের নদী-বালু হয়ত সূর্য-রেন্দু মিশানো, অস্ত সূর্যের রাঙা আলোর অত চক্-চক্ করে কেন নতুবা ? নিকটে সূর্য-লতা-কস্তুরীর জঙ্গল, খরবেশাখী রোদে শৃঙ্ক শূঁটিগূলি ফাটিয়া মৃগনাভির গন্ধে

অপরাহের বাতাস ভারাক্রান্ত করিয়া তুলিয়াছে। বক্রতোয়া হইতে খানিকটা দূরে ঘন বনের মধ্যে পাহাড়ের গায়ে একটা ছোট বরণা, যেন উঁচু চৌবাচ্চা ছাপাইয়া জল পাড়িতেছে এমন মনে হয়। নিচের একটা খাতে গ্রীষ্মদিনেও জল থাকে। রাতে ওখানে হরিণদের দল জল খাইতে আসে শূন্য অপদ্ কতবার দেখে প্রহর রাতে ধোড়ায় চাঁড়িয়া সেখানে গিয়াছে, কখনও দেখে নাই। গ্রীষ্ম গেল, বর্ষাও কাটিল, শরৎকালে বনা শেফালিবনে অজস্র ফুল ফুটিল, বক্রতোয়ার শাল-ঝাড়টার কাছে বসিলে তখনও বরণার শব্দ পাওয়া যায়—এমন সময়ের এক জ্যোৎস্না-রাতে সে জহুরী সিংকে সঙ্গে লইয়া জায়গাটাতে গেল। দশমীর জ্যোৎস্না ডালে-পাতায়, পাহাড়ী বাদাম বনের মাথায়—স্বন্দ্র বাতাসে শেফালির ঘন মিষ্ট গন্ধ। এই জ্যোৎস্না-মাথা বনভূমি, এই রাত্তির স্তম্ভতা, এই শিশিরাদ্র নৈশ বায়ু—এরা যেন কত কালের কথা মনে করাইয়া দেয়, যেন দূর কোনও জন্মান্তরের কথা।

হরিণের দল কিস্তু দেখা গেল না।

এই সব নিঃসঙ্গ স্থানে অপদ্ দেখিল মনের ভাব সম্পূর্ণ অন্যরকম হয়। শহরে বা লোকান্তরে যে-মন মাঝমগ্ন। লইয়া ব্যাপৃত থাকে, ambition লইয়া বাস্ত থাকে, এখানকার উদার নক্ষত্রাচিত আকাশের তলার সে-সব আশা, আকাঙ্ক্ষা, সমস্যা অতি তুচ্ছ ও অর্কিণ্ডের মনে হয়। মন আরও ব্যাপক হয়, উদার হয়, দৃষ্টা হয়, angle of vision একদম বদলাইয়া যায়। এই জন্য অনেক অনেক বই-ই-গার্হস্থ্য সমাজে যা খুব ঘোরতর সমস্যামূলক ও প্রয়োজনীয় ও উপাদেয়—এখানকার নিঃসঙ্গ ও বিশ্বতোমুখী জীবনে তা অতি খেলো, রসহীন ও অপ্রয়োজনীয় মনে হয়। এখানে ভাল লাগে সেই সব, যাহা শাস্বত কালের। এই অনন্তের সঙ্গে যাহার যোগ আছে। অপদ্ সেই গ্রহবিজ্ঞানের বইখানা যেমন—এখন যেন তাদের নতুন অর্থ হয়। এক ভাবিতে শেখায়! চৈতন্যের কোন নতুন দ্বার যেন খুলিয়া যায়।

ফাগুদ মাসে একজন ফরেষ্ট সার্ভেয়ার আসিয়া মাইল দশেক দূরে বনের মধ্যে তাঁবু ফেলিলেন। অপদ্ তাঁহার সাহিত্য ভাব করিয়া ফেলিল। মাদ্রাজী ভদ্রলোক, বেশ লেখাপড়া জানা। অপদ্ প্রায়ই সম্ভাটা সেখানে কাটাইত, চা খাইত, গঙ্গপগুজব করিত, ভদ্রলোক খিওডোলাইট্ পাতিয়া এ-নক্ষত্র ও-নক্ষত্র চিনাইয়া দিতেন, এক একদিন আবার অপদ্‌র নিমন্ত্রণ করিয়া একরকম ভাতের পিঠা খাওয়াইতেন, অপদ্ সকালে উঠিয়া যাইত, অপদ্‌রের পর খাওয়া সারিয়া ধোড়ায় নিজের তাঁবুতে ফিরিত।

ফিরিবার পথে ডানদিকের পাহাড়ী ঢালতে বহুদূর ব্যাপিয়া শীতের শেষে লোহিয়া ও বিজনির ফুলের বন। ধোড়া থামাইয়া অনেকক্ষণ ধারিয়া দেখিত, তাঁবুতে ফিরিবার কথা ভুলিয়া যাইত। যে কখনও এমন নিঃসঙ্গ আরণ্যভূমিতে—যেখানে ক্রোশের পর ক্রোশ যাও লোক নাই, জল নাই, গ্রাম নাই, বাস্তু নাই—সে-সব স্থানের মূক্ত আকাশের তলে কঠিন ব্যালাস্ট্ কি গ্রানাইটের রুদ্ধ পশ্বত-প্রাচীরের ছায়ায়, নিয়ুভূমিতে, ঢালতে ঝাঁঝী অপদ্‌র রাশি রাশি অর্গণিত বেগুনি জরদা ও শ্বেতাভ হলুদ রঙের বন্য লোহিয়া ও বিজনির ফুলের বন না দেখিয়াছে—তাহাকে এ দৃশ্যের ধারণা করানো অসম্ভব হইবে। এমন কত শত বৎসর ধরিয়া প্রতি বসন্তে রাশি-রাশি ফুল ফুটিয়া ঝরিউঁছে, কেহ দেখিবার নাই, শব্দ ভোম্‌রা ও মৌমাছিদের মহোৎসব।

একদিন অমর-কষ্টক দেখিতে যাইবার জন্য অপদ্ মিঃ রায়চৌধুরীর নিকট ছটি চাহিল।

মনটা ইহার আগে অত্যন্ত উতলা হইয়াছিল, কেন যে উতলা হইল, কারণটা কিছুতেই ভাল ধরিতে পারিল না। ভাবিল এই সময় একবার ঘুরিয়া আসিবে।

মিঃ রায়চৌধুরী শূন্যনিয়া বলিলেন—যাবেন কিসে? পথ কিন্তু অত্যন্ত খারাপ, এখান থেকে প্রায় আশি মাইল দূরে হবে, এর মধ্যে ষাট মাইল ডেন্‌স্‌ ভার্জিন ফরেস্ট—বাঘ, ভালুক, নেকড়ে দল সব আছে। বিনা বন্দুকে যাবেন না, ঘোড়া সহস নিয়ে যান—রাত হবার আগে আশ্রয় নেবেন কোথাও—সেন্ট্রাল ইন্ডিয়ান বাঘ, রসগোল্লাটির মত লুফে নেবে নইলে। ঐ জন্যে কত দিন আপনাকে বারণ করেছি এখানেও সশস্য পর তাবুর বাইরে বসবেন না—বা অশ্বকারে বনের পথে একা ঘোড়া চালাবেন না—তা আপনি বন্ড রেকলেস।

তখন সে উৎসাহে পড়িয়া বিনা ঘোড়াতেই বাহির হইল বটে, কিন্তু দ্বিতীয় দিন সশস্য সময় সে নিজের ভুল বুঝিতে পারিল—খারালো পাথরের নড়াডিতে জুতার তলা কাটিয়া চিরিয়া গেল, অতদূর পথ হাঁটবার অভ্যাস নাই, পায়ে এক বিরাট ফোঁসকা উঠিয়াছে। পিছনে রামচরিত বোঁচকা লইয়া আসিতোঁছিল, সে সমানে পথ হাঁটিয়া চলিয়াছে, মুখে কথাটি নাই। বহু দূরের একটা পাহাড় দেখাইয়া বলিল, ওর পাশ দিয়া পথ। পাহাড়টা ধোঁয়া ধোঁয়া দেখা যায়, বোঝা যায় না, মেঘ না পাহাড়—এত দূরে। অপূ ভাবিল পায়ে হাঁটিয়া অতদূর সে যাইবে ক’দিনে?

এ ধরনের ভীষণ আরণ্যভূমি, অপূর মনে হইল এ অঞ্চলে এতদিন আসিয়াও সে দেখে নাই। সে যেখানে থাকে, সেখানকার বন ইহার তুলনায় শিশু, নিতান্ত অবোধ শিশু। দুপুরের পর যে বন শূন্য হইয়াছে তাহা এখনও শেষ হয় নাই, অথচ সন্ধ্যা হইয়া আসিল।

অশ্বকার নামিবার আগে একটা উঁচু পাহাড়ের উপরকার চড়াই পথে উঠিতে হইল—উঠিয়াই দেখা গেল—স্বৰ্ণাশ, সামনে আবার ঠিক এমনি আর একটা পাহাড়। অপূর পায়ের ব্যথাটা খুব বাড়িয়াছিল, তৃষ্ণাও পাইয়াছিল বেজায়—অনেকক্ষণ হইতে জলের সন্ধান মেলে নাই, আবলুস গাছের তলা বিছাইয়া অল্পমধুর কেঁদফল পড়িয়া ছিল—সারা দুপুর তাহাই চুষিতে চুষিতে কাটিয়াছে কিন্তু জল অভাবে আর চলে না।

দূরে দূরে, উত্তরে ও পশ্চিমে নীল পশ্চতমালা। নিজের উপত্যকার ঘন বনানী সশস্যর ছায়ায় ধূসর হইয়া আসিতেছে, সরু পথটা বনের মধ্য দিয়া আঁকিয়া বাঁকিয়া নামিয়া গিয়াছে। সৌভাগ্যের বিষয়, সশস্যের পাহাড়টার ওপারে এক মাইলের মধ্যে বন-বিভাগের একটা ডাকবাংলো পাওয়া গেল। চারধারে নিবিড় শালবন, মধ্যে ছোট্ট খড়ের ঘর। খাল ও বন বিভাগের লোকেরা মাঝে মাঝে রাত্রি কাটায়।

এ রাত্রির অভিজ্ঞতা ভারি অশুভ ও বিচিত্র। বাংলোতে অপূরা একটা প্রোট লোককে পাইল, সে ইহারই মধ্যে ঘরে খিল দিয়া বসিয়া কি পড়িতেছিল, ডাকাডাকিতে উঠিয়া দরজা খুলিয়া দিল। জিজ্ঞাসা করিয়া জানা গেল লোকটা মৈথলী ব্রাহ্মণ, নাম আজবলাল বা। বয়স ষাট বা সত্তর হইবে। সে সেই রাত্রে নিজের ভাঙার হইতে আটা ঘৃত বাহির করিয়া আনিয়া অপূর নিষেধ সত্ত্বেও উৎকৃষ্ট পূরি ভাজিয়া আনিল—পরে অতিথি-সৎকার সারিয়া সে ঘরের মধ্যে বসিয়া সশস্যের সংস্কৃত রামায়ণ পড়িতে আরম্ভ করিল। কিছুর পরেই অপূ বুঝিল লোকটা সংস্কৃত ভাল জানে—নানা কাব্য উত্তমরূপে পড়িয়াছে। নানা স্থানে হইতে শ্লোক মৃৎস্থ বলিতে লাগিল—কাব্যচর্চায় অমুখারণ উৎসাহ, তুলসীদাসী রামায়ণ হইতে অনর্গল দোহা আবৃত্তি করিয়া যাইতে লাগিল।

ক্রমে ওবাজী নিজের কাহিনী বলিল। দেশ ছিল দ্বারভাঙা জেলায়। সেখানেই শৈশব কাটে, তের-বৎসর বয়সে উপনয়নের পর এক বৈনিয়ার কাছে চাকরি লইয়া কাশী আসে। পড়াশুনা সেইখানেই—তারপরে কয়েক জায়গায় টোল খুলিয়া ছাত্র পড়াইবার চেষ্টা করিয়াছিল—কোথাও সন্নিবিধা হয় নাই। পেটের ভাত জুটে না, নানা স্থানে ঘুরিবার পর এই ডাকবাংলোয় আজ সাত-আট বছর বসবাস করিতেছে। লোকজন বড় এখানে কেহ আসে

না, কালেভদ্রে এক-আধ জন, সে-ই একা থাকে, মাঝে মাঝে তের মাইল দূরের বস্তি হইতে শাবার জিনিষ ভিক্ষা করিয়া আনে, বেশ চলিয়া যায়। সে আছে আর আছে তার কাব্য-গ্রন্থগুলি—তার মধ্যে দুখানা হাতে-লেখা পুঁথি, মেঘদূত ও কয়েক সর্গ ভাটি।

অপদুর এত সুন্দর লাগিল এই নিরীহ, অশুভ প্রকৃতির লোকটির কথাবার্তা ও তাহার আগ্রহভরা কাব্যপ্রীতি—এই নিঃসর্জন বনবাসেও একটা শাস্ত সন্তোষ। তবে লোকটি যেন একটু বেশী বকে, বিদ্যাটি যেন বেশী জাহির করিতে চায়—কিন্তু এত সহলভাবে করে যে, দোষ ধরাও যায় না। অপদুর বলিল—পাঁড়তজী, আপনাকে এখানে থাকতে দেয়, কেউ কিছুর বলে না?

—না বাবুজী, নাগেশ্বরপ্রসাদ বলে একজন ইঞ্জিনিয়ার আছেন, তিনি আমাকে খুব মানেন, সেই জন্যে কেউ কিছুর বলে না।

কথায় কথায় অপদুর বলিল—আচ্ছা পাঁড়তজী, এ বন কি অমর-কণ্টক পর্য্যন্ত এমনি ঘন?

—বাবুজী, এই হচ্ছে প্রসিদ্ধ বিখ্যারণ্য। অমর-কণ্টক ছাড়িয়ে বহুদূর পর্য্যন্ত বন, এমনি ঘন—চিরকূট ও দণ্ডকারণ্য এই বনের পশ্চিমদিকে। এর বর্ণনা শুনুন তবে নৈষধচারিতে—দয়্যাস্তি রাজ্যলুপ্ত নলের সঙ্গে ছাড়াছাড়া হবার পরে এই বনে পথ হারিয়ে ঘুরাছিলেন—ঋক্ষবান পশুরতের পাশের পথ দিয়ে তিনি বিদর্ভ দেশে যান। রামায়ণেও এই বনের বর্ণনা শুনবেন অরণ্যকাণ্ডে। শুনুন তবে।

অপদুর ভাবিল লোকটা বস্তমানের কোনও ধার ধারে না, প্রাচীন শিক্ষা-দীক্ষায় একেবারে ভুবিয়া আছে—সব কথায় পুরাণের কথা আনিয়া ফেলে। লোকটিকে ভারি অশুভ লাগিতেছিল—সারাজীবন এখানে-ওখানে ঘুরিয়া কিছুরই করিতে পারে নাই—এই বনবাসে নিজের প্রিয় পুঁথিগুলি লইয়া বৎসরের পর-বৎসর কাটাইয়া চলিয়াছে, কোন দুঃখ নাই, কষ্ট নাই। এ ধরণের লোকের দেখা মেলে না বেশী।

ওঝাজী সুন্দরে রামায়ণের বনবর্ণনা পাঁড়তেছিল। কি অশুভভাবে যে চারিপাশের দৃশ্যের সঙ্গে খাপ খায়। নিঃসর্জন শালবনে অস্পষ্ট জ্যোৎস্না উঠিয়াছে, তেঁদু ও চিরঞ্জিগাছের পাতাগুলি এক এক জায়গায় ঘন কালো দেখাইতেছে, বনের মধ্যে শিয়ালের দল ডাকিয়া উঠিয়া প্রহর ঘোষণা করিল।

কোথায় রেল, মোটর, এরোপ্লেন, ট্রেড-ইউনিয়ন? ওঝাজীর মূখে অরণ্যকাণ্ডের শ্লোক শুনিতে শুনিতে সে যেন অনেক দূরের এক সুপ্রাচীন জাতির অতীত সভ্যতা ও সংস্কৃতির মধ্যে গিয়া পড়িল একেবারে। অতীতের গিরিতরঙ্গিনী-তীরবর্তী তপোবন, হোমধুমপবিত্র গোধূলের আকাশতলে বিস্তৃত অগ্নিশালা, ব্রহ্মভাণ্ড, অর্জুন, কুশ, সান্থ, জলকলস, চীর ও কুম্ভাজিন পরিহিত সজপা মূনিগণের বেদপাঠধর্মান্...শাস্ত গিরিসান্দ...বনজ কুমুমের সুগন্ধ...গোদাবরীতে পদ্মাগা নাগকেশরের বনে পদ্ম-আহরণরতা সুমুখী আশ্রম-বালকগণ...কুশাঙ্গী রাজবধুগণ...ক্ষীণ-জ্যোৎস্নায় নদীজল আলা হইয়া উঠিয়াছে, তীরে শ্বেতবেতসের বনে ময়ূর ডাকিতেছে...

সে যেন স্পষ্ট দেখিল, এই নিবিড় অজানা অরণ্যানীর মধ্য দিয়া নির্ভীক, কবাটবক্ষ, ধনুপাণি, প্রাচীন রাজপুত্রগণ সকল বিপদকে অতিক্রম করিয়া চলিয়াছেন। দূরে নীল মেঘের মত পরিদৃশ্যমান ময়ূর-নির্নাদিত ঘন বন, দুর্গম পথের নানা স্থানে শ্বাপদ রাক্ষসে পূর্ণ বৃন্দ, গুহা, গহ্বর, মহাগজ ও মহাব্যাঘ্র দ্বারা অধুষিত...অজানা ও মৃত্যুসঙ্কুল—চারিদিকে পৃথ্বীরাজির ধাতুরঞ্জিত শৃঙ্গসকল আকাশে মাথা তুলিয়া দাঁড়াইয়া আছে—কুম্ভাঙ্গ, সিদ্ধদ্বার, শিরীষ, অশ্বর্জুন, শাপ, নীপ, বেতস, তিনিশ ও তমাল তরুতে শ্যামায়মান গিরিসান্দ...শরদ্বারা বিধ্ব রুরু ও পৃথ্বমৃগ আগুনে ঝলসাইয়া খাওয়া, বিশাল

ইঙ্গুদী তরঙ্গমূলে সতর্ক রাত্রি যাপন...

ওঝাজী উৎসাহ পাইয়া অপদকে একটা পর্দাটলি খুলিয়া একরায় সংস্কৃত কবিতা দেখাইলেন গম্ভীর সহিত বলিলেন, বাবুজী, ছেলেবেলা থেকেই সংস্কৃত কবিতায় আমার হাত আছে, একবার কাশী-নরেশের সভায় আমার গুরুদেব ঈশ্বরশরণ আমায় নিয়ে যান। একজোড়া দোশালা বিদায় পেয়েছিলাম, এখনও আছে। গ্রিশ-পর্য়াগ্রিশ বছর আগেকার কথা। —তারপর তিনি অনেকগুলি কবিতা শুনাইলেন, বিভিন্ন ছন্দের সৌন্দর্য্য ও তাহাতে তাহার রচিত শ্লোকের কৃতিত্ব সরল উৎসাহে বর্ণনা করিলেন। এই গ্রিশ বৎসর ধরিয়৷ ওঝাজী বহু কবিতা লিখিয়াছেন, ও এখনও লেখেন, সবগুলি সম্বন্ধে সম্ময় করিয়া রাখিয়াও দিয়াছেন, একটিও নষ্ট হইতে দেন নাই, তাহাও জানাইলেন।

একটা অদ্ভুত ধরণের দ্বন্দ্ব ও বিষাদ অপদর হৃদয় অধিকার করিল। কত কথা মনে আসিল, তাহার বাবা এই রকম গান ও পাঁচালি লিখিত তাহার ছেলেবেলায়। কোথায় গেল সে সব? যদুগ যে বদল হইয়া যাইতেছে, ইহারা তাহা ধরিতে পারে না। ওঝাজীর এত আগ্রহের সহিত লেখা কবিতা কে পড়িবে? কে আজকাল ইহার আদর করিবে? কোন্ অশা ইহাতে পূরিবে ওঝাজীর? অথচ কত ঐকান্তিক আগ্রহ ও আনন্দ ইহার পিছনে আছে। চাঁপদানীর পোস্টাফিসে কুড়াইয়া পাওয়া সেই ছোট মুদ্রিত নাম-ঠিকানা-ভুল পত্রখানার মতই তাহা ব্যর্থ ও নিরর্থক হইয়া যাইবে!

সকালে উঠিয়া সে ওঝাজীকে একখানা দশটাকার নোট দিয়া প্রণাম করিল। নিজের একখানা ভাল বাঁধানো খাতা লিখবার জন্য দিল—কাছে আর টাকা বেশী ছিল না, থাকিলে হয়ত আরও দিত। তাহার একটা দুর্ভাগ্যতা এই যে, যে একবার তাহার হৃদয় স্পর্শ করিতে পারিয়াছে তাহাকে দিবার বেলায় সে মৃত্তহস্ত, নিজের সূর্যবধা-অসূর্যবধা তখন সে দেখে না।

ডাকবাংলা হইতে মাইল খানেক পরে পথ ক্রমে উপরের দিকে উঠিতে লাগিল, ক্রমে আরও উপরে, উচ্চ মালভূমির উপর দিয়া পথ—শাল, বাঁশ, খয়ের ও আবলুসের ঘন অরণ্য—ডাইনে বামে উঁচুনিচু ছোট বড় পাহাড় ও টিলা—শালপুষ্পসুন্দরভি সকালের হাওয়া যেন মনের আয়ু বাড়াইয়া দেয়। চতুর্থ দিন বৈকালে অমর-কটক হইতে কিছু দূরে অপদরূপ পৌশ্ধর্ষভূমির সঙ্গে পরিচয় হইল—পথটা সেখানে নীচের দিকে নামিয়াছে, দুই দিকে পাহাড়ের মধ্যে সিকিমাইল চওড়া উপত্যকা, দুধারের সানুদেশের বন অজস্র ফুলে ভরা—পলাশের গাছ যেন জ্বলিতেছে। হাত দুই উঁচু পাহাড়ের পাড়, মধ্যে গৈরিক বালু ও উপল-শয্যায় শিশু শোণ—নির্ম্মল জলের ধারা হাসিয়া খুশিয়া আনন্দ বিলাইতে বিলাইতে ছুটিয়া চলিয়াছে—একটা ময়ূর শিলাখণ্ডের অড়াল হইতে নিকটের গাছের ডালে উঠিয়া বসিল। অপদর পা আর নড়িতে চায় না—তার মূর্খ ও বিস্মিত চোখের সম্মুখে শৈশব কল্পনার স্বর্গকে কে আবার এভাবে বাস্তবে পরিণত করিয়া খুলিয়া বিছাইয়া দিল!

এত দূরবিসর্পিত দিগ্বলয় সে কখনও দেখে নাই, এত শিশুজন্মতার কখনও ধারণা ছিল না তাহার—বহুদূরে পশ্চিম আকাশের অনতিস্পষ্ট সুদীর্ঘ নীল শৈলরেখার উপরকার আকাশটাতে সে কি অগরূপ বর্ণসমূহ!

কি অপদূর্ষ দৃশ্য চোখের সম্মুখে যে খুলিয়া যায়! এমন সে কখনও দেখে নাই—জীবনে কখনও দেখে নাই।

এ বিপুল আনন্দ তাহার প্রাণে কোথা হইতে আসে!

এই সম্মুখ, এই শ্যামলতা, এই মৃত্ত প্রসারের দর্শনে যে অমৃত মাখানো আছে, সে মৃত্তে তাহা কাহাকে বলিবে?...কে তাহার এ চোখ ফুটাইল, কে সাঁঝ-সকালের, সূর্য্যাস্তের, নীল বনানীর শ্যামলতার মায়ী-কাজল তাহার চোখে মাখাইয়া দিল?

দূরবিসর্পিত চক্রবালরেখা দিগন্তের যতটুকু ঘোরিয়াছে, তাহারই কোন কোন অংশে, বহুদূরে নেমির শ্যামলতা অনতিস্পষ্ট সাম্ভাদিগন্তে বিলীন, কোন কোন অংশ ধোঁয়া ধোঁয়া দেখা-যাওয়া বনরেখায় পরিষ্ফুট, কোন দিকে সাদা-সাদা বকের দল আকাশের নীলপটে ডানা মেলিয়া দূর হইতে দূরে চলিয়াছে...মন কোথাও বাধে না। অবাধ, উদার দৃষ্টি, পরিচয়ের গাণ্ডি পার হইয়া যাইয়া অদৃশ্য অজানার উদ্দেশে ভাসিয়া চলে...

তাহার মনে হইল সত্য, সত্য, সত্য—এই শাস্ত নিঃসর্জন আরণ্যভূমিতে বনের ডালপালার আলোছায়ার মধ্যে পদস্পর্শিত কোবিদারের সঙ্গশেষ দিনের পর দিন ধরিয়া এক একটি নব জগতের জন্ম হয়—এই দূর ছায়াপথের মত তাহা দূরবিসর্পিত, এটুকু শেষ নয়, এখানে আরম্ভও নয়—তাহাকে ধরা যায় না অথচ এই সব নীরব জীবনমুহূর্তে অনন্ত দিগন্তের দিকে বিস্তৃত তাহার রহস্যময় প্রসার মনে মনে বেশ অনুভব করা যায়। এই এক বৎসরের মধ্যে মাঝে মাঝে সে তাহা অনুভব করিয়াছেও—এই অদৃশ্য জগৎটার মোহস্পর্শ মাঝে মাঝে বৈশাখী শালমঞ্জরীরা উন্মাদ সুবাসে, মধ্যা-ধূসর অনতিস্পষ্ট গির্গামালার সীমারেখায়, নেকড়ে বাঘের ডাকে ভর জ্যোৎস্নান্নাত শূন্য জনহীন আরণ্যভূমির গাশ্বতীষ্যে, অর্গণত তারাখচিত নিঃসীম শূন্যের ছবিতে। বৈকালে ঘোড়াটি বাঁধিয়া যখনই বক্রতোয়ার ধারে বসিয়াছে, যখনই অপর্ণার মুখ মনে পড়িয়াছে, কতকাল ভুলিয়া যাওয়া দিদির মুখখানা মনে পড়িয়াছে—তখনই সঙ্গে সঙ্গে তাহার ইহাও মনে হইয়াছে যে, যে-জীবন যে-জগৎকে আমরা প্রতিদিনের কাজকর্ম হাতে-ঘাটে হাতের কাছে পাইতেছি জীবন তাহা নয়, এই কর্মব্যস্ত অগভীর একঘেয়ে জীবনের পিছনের একটি সুন্দর পরিপূর্ণ, আনন্দ-ভরা সৌম্য জীবন লুকানো আছে—সে এক শাস্ত রহস্যভরা গহন গভীর জীবন-মন্দিরানী, যাহার গতি কল্প হইতে কল্পান্তরে; দৃষ্টিতে তাহা করিয়াছে অমৃতত্বের পাথর, অশ্রুকে করিয়াছে অনন্ত জীবনের উৎসধারা...

আজ তাহার বসিয়া বসিয়া মনে হয়, শীলদের বাড়ি চাকুরি তাহার দৃষ্টিতে আরও শক্তি দিয়াছিল, অশ্রুকার অফিস ঘরে একটুখানি জায়গায় দশটা হইতে সাতটা পর্যন্ত আবস্থ থাকিয়া একটুখানি খোলা জায়গায় জন্য সে কি তীর লোলুপতা, বৃভূক্ষা—দুই টিউশনির ফাঁকে গড়ের মাঠের দিকের বড় গির্জাটার চড়ার পিছনকার আকাশের দিক্তে তৃষিত চোখে চাহিয়া থাকার সে কি হ্যাংলাবি! কিন্তু সেই বৃষ্টি জীবনই পিপাসাকে আরও বাড়াইয়া দিয়াছিল, শক্তির অপচয় হইতে দেয় নাই, ধরিয়া বাঁধিয়া সংহত করিয়া রাখিয়াছিল। আজ মনে হয় চাঁপদানীর হেড মাস্টার যতীশবাবুও তাহার বৃষ্টি—জীবনের পরম বৃষ্টি—সেই নিঃপাপ দরিদ্র ঘরের উৎপীড়িতা মেয়ে পটেশ্বরীও। ভগবান তাহাকে নিমিত্তস্বরূপ করিয়াছিলেন—তাহারা সকলে মিলিয়া চাঁপদানীর সেই কুলী-বস্তুর জীবন হইতে তাহাকে জোর করিয়া দূর করিয়া না দিলে আজও যে সেখানেই থাকিয়া যাইত। এমন সব অপরাহ্নে সেখানে বিশু স্যাকরার দোকানের সাম্ভ্য আঙড়ায় মহা খুশিতে আজও বসিয়া আস খেলিত।

এ কথাও প্রায়ই মনে হয়, জীবনকে খুব কম মানদুয়েই চেনে। জন্মগত ভুল সংস্কারের চোখে সবাই জীবনকে বৃষ্টিবার চেষ্টা করে, দেখিবার চেষ্টা করে, দেখাও হয় না, বোঝাও হয় না। তা ছাড়া সে চেষ্টাই বা ক'জন করে?...

অমর-কণ্টক তখনও কিছু দূর। অপদ বালিল, রামচারিত, কিছু শূকনো ডাল আর শালপাতা কুড়িয়ে আন, চা করি। রামচারিতের ঘোর আপ্যন্ত তাহাতে। সে বালিল, হুজুর, এসব বনে বড় ভালদুকের ভয়। অশ্রুকার হবার আগে অমর-কণ্টকের ডাকবাংলোয় যেতে হবে। অপদ বালিল, তাড়াতাড়ি চা হয়ে যাবে, যাও না তুমি। পরে সে বড় লোটাটায়

শোণের জল আনিয়া তিন টুকরা পাথরের উপর চাপাইয়া আগুন জ্বালিল। হাসিয়া বলিল, একটা ভজন গাও রামচরিত, যে আগুন জ্বলেছে, এর কাছে তোমার ভালুক এগোবে না, নির্ভয়ে গাও।

জ্যোৎস্না উঠিল। চারিধারে অশ্রুত, গম্ভীর শোভা। কল্যকার কাব্যপদ্যের রেশ তাহার মন হইতে এখনও যায় নাই। বসিয়া বসিয়া মনে হইল সত্যই যেন কোন সন্দেহরী চারুনেত্রা রাজবধু—নব-পদীপতা মল্লীলতার মত তম্বী লীলাময়ী—এই জনহীন নিষ্ঠুর আরণ্যভূমিতে পথ হারাইয়া বিপন্নর মত ঘুরিতেছেন—তাহার উদ্ভাস্ত স্বামী ঘুমন্ত অবস্থায় তাহাকে পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছে—দূরে ঋক্ষবান্ পশ্বতের পশ্ব দিয়া বিদর্ভ ঘাইবার পথটি কে তাহাকে বলিয়া দিবে।

ঊনবিংশ পরিচ্ছেদ

নন-কো-অপারেশনের উত্তেজনাপূর্ণ দিনগুলি তখন বছর তিনেক পিছাইয়া পড়িয়াছে, এমন সময় একদিন প্রণব রাজসাহী জেল হইতে খালাস পাইল।

জেলে তাহার স্বাস্থ্যহানি হয় নাই, কেবল চোখের কেমন একটা অসুখ হইয়াছে, চোখ কর'কর' করে, জল পড়ে। জেলের ডাক্তার মিঃ সেন চশমা লইতে বলিয়াছেন এবং কলিকাতার এক চক্ষুরোগবিশেষজ্ঞের নামে একটি পত্রও দিয়াছেন।

জেল হইতে বাহির হইয়া সে ঢাকা রওনা হইল এবং সেখান হইতে গেল স্বগ্রামে। এক প্রোটা খুড়ীমা ছাড়া তাহার আর কেহ নাই, বাপ মা শৈশবেই মারা গিয়াছেন, এক বোন ছিল, সেও বিবাহের পর মারা যায়।

সন্ধ্যার কিছু আগে সে বাড়ি পৌঁছিল। খুড়ীমা ভাঙা রোয়াকের ধারে কবলের আসন পাতিয়া বসিয়া মালা জপ করিতেছিলেন, তাহাকে দেখিয়া কাঁদিয়া ফেলিলেন। খুড়ীমার নিজের ছেলোট মানুষ নয়, গাঁজা খাইয়া বেড়ায়, প্রণবকে ছেলেবেলা হইতে মানুষ করিয়াছেন, ভালওবাসেন, কিন্তু লেখাপড়া জানিলে কি হইবে, তাহার পদনঃ পদনঃ সদপদেশ সবেও সে কেবলই নানা হাঙ্গামায় পড়িতেছে, ইচ্ছা করিয়া পড়িতেছে।

এ বৃদ্ধবয়সে শব্দ তাহারই মরণ নাই, ইত্যাদি নানা কথা ও তিরস্কার প্রণবকে রোয়াকের ধারে দাঁড়াইয়া শুনিতে হইল। বাগানের বড় কাঁঠাল গাছের একটা ডাল কে কাটিয়া লইয়া গিয়াছে, খুড়ীমা চোঁকি দিয়া বেড়ান কখন, তিনি ও-সব পারিবেন না, তাহাকে যেন কাশী পাঠাইয়া দেওয়া হয়, কারণ কস্তুরদের অত কষ্টের বিষয়-সম্পত্তি চোখের উপর নষ্ট হইয়া যাইতেছে, এ দৃশ্য দেখাও তাহার পক্ষে অসম্ভব।

দিনচারেক বাড়ি থাকিয়া খুড়ীমাকে একটু শান্ত করিয়া চণ্ডীর ব্যবস্থার দোহাই দিয়া সে কলিকাতায় রওনা হইল। সোদপদুরে খুড়ীমার একজন ছেলেবেলার-পাতানো গোলাপফুল আছেন, তাহার প্রণবকে দেখিতে চান একবার, সেখানে যেন সে অবশ্য অবশ্য যায়, খুড়ীমার মাথার দিব্য। প্রণব মনে মনে হাসিল। বৎসর-চার পূর্বে গোলাপ-ফুলের বড় মেয়েটির যখন বিবাহের বয়স হইয়াছিল, তখন খুড়ীমা ওই কথাই বলিয়াছিলেন, কিন্তু প্রণব যাওয়ার সময় করিয়া উঠিতে পারে নাই। তারপরই আসিল নন-কো-অপারেশনের টেড, এবং নানা দৃঃখ দর্ভোগ। সেটির বিবাহ হইয়াছে, এবার বোধ হয় ছোটটির পালা।

কলিকাতায় আসিয়া সে প্রথমে অপদুর খোঁজ করিল, পরিচিত স্থানগুলিতে গিয়া দেখিল, দু-একদিন ইন্সপিরিয়াল লাইব্রেরী খুঁজিল, কারণ যদি অপদুর কলিকাতায় থাকে তবে ইন্সপিরিয়াল লাইব্রেরীতে না আসিয়া থাকিতে পারিবে না। কোথাও তাহার সন্ধান মিলিল

না। চাঁপদানীতে যে অপদু নাই তাহা তিন বৎসর আগে জেলে ঢুকিবার সময় জানিত, কারণ তাহারও প্রায় এক বৎসর আগে অপদু সেখান হইতে চলিয়া গিয়াছে।

একদিন সে মশ্মথদের বাড়ি গেল। তখন রাত প্রায় আটটা, বাহিরের ঘরে মশ্মথ বসিয়া কাগজপত্র দেখিতেছে, সে আজকাল এটর্নি, খুড়-শ্বশুরের বড় নামডাকে ও পশারের সাহায্যে নতুন বসিলেও দু'পয়সা উপার্জন করে। মশ্মথ যে ব্যবসায় উন্নতি করিবে, তাহার প্রমাণ সেদিনই পাইল।

ঘণ্টাখানেক কথাবার্তার পরে রাত সাড়ে-সাতটার কাছাকাছি মশ্মথ যেন একটু উসখুস করিতে লাগিল—যেন কাহার প্রতীক্ষা করিতেছে। একটু পরেই একখানা বড় মোটরগাড়ি আসিয়া দরজায় লাগিল, একটি প'য়ত্রিশ-ছত্রিশ বছরের যুবকের হাত ধরিয়া দু'জন লোক ঘরে প্রবেশ করিল। প্রণব দেখিয়াই বদ্বিলা, যুবকটি মাতাল অবস্থায় আসিয়াছে। সঙ্গে লোক দুইটির মধ্যে একজনের একটা চোখ খারাপ, ঘোলাটে ধরণের—বোধ হয় সে-চোখে দেখিতে পায় না, অপর লোকটি বেশ সুন্দর। মশ্মথ হাসিমুখে অভ্যর্থনা করিয়া বলিল, এই যে মল্লিক মশায়, আসুন, ইনিই মিঃ সেনশর্মা? ... আসুন, নমস্কার। গোপালবাবু, বসুন এইখানে। আর ও'কে আমাদের কনিডিশনস্ সব বলেছেন তো?

ধরণে প্রণব বদ্বিলা মল্লিক মশায় বড় পাকা লোক। 'উত্তর দিবার পূর্বে' তিনি একবার প্রণবের দিকে চাহিলেন। 'প্রণব উঠিতে যাইতছিল, মশ্মথ বলিল—না, না, বসো হে। ও আমার ক্লাসফ্রেন্ড, একসঙ্গে কলেজে পড়তুম—ও ঘরের লোক, বন্দু আপনি! মল্লিক মশায় একটা প'টুটলি খুলিয়া কি সব কাগজ বাহির করিলেন, তাঁহাদের মধ্যে নিশ্চিন্দুরে খানিকক্ষণ কি কথাবার্তা হইল। সঙ্গে অন্য লোকটি দু'-বার যুবকটির কানে-কানে ফিস্-ফিস্ করিয়া কি কি বলিল, পরে যুবক একটা কাগজে নাম সই করিল। মশ্মথ দু'বার সইটা পরীক্ষা করিয়া কাগজখানা একটা খামের মধ্যে পুঁরিয়া টেঁবলে রাখিয়া দিল ও একরাশ নোটের তাড়া মল্লিক মশায়কে গুণিয়া দিল। পরে দলটি গিয়া মোটরে উঠিল।

প্রণব অপদুর মত নিবেদ্য নয়, সে ব্যাপারটা বদ্বিলা। যুবকটির নাম অজিতলাল সেনশর্মা, কোনও জমিদারের ছেলে। যে জন্যই হউক, সে দুই হাজার টাকার হ্যাণ্ডনোট কাটিয়া দেড় হাজার টাকা লইয়া গেল এবং মল্লিক মশায় তাহার দালাল, কারণ, সকলকে মোটরে উঠাইয়া দিয়া তিনি আবার ফিরিয়া আসিলেন ও পুঁরিয়া প্রণবের দিকে বিরক্তির দৃষ্টিতে চাহিয়া মশ্মথের সঙ্গে নিশ্চিন্দুরে কিসের তর্ক উঠাইলেন—সাড়ে সাত পাসেন্টের জন্য তিনি যে এতটা কষ্ট স্বীকার করেন নাই, এ কথা কয়েকবার শুনাইলেন। ঠিক সেই সময়েই প্রণব বিদায় লইল।

পরদিন মশ্মথের সঙ্গে আবার দেখা। মশ্মথ হাসিয়া বলিল—কালকের সেই কাপ্তেন-বাবুটি হে—আবার শেষরাতে তিনটির সময় মোটরে এসে হাজির। আবার চাই হাজার টাকা, —থোকে খাটি'ফাইভ পাসেন্ট লাভ মেরে দিলুম। মল্লিক লোকটা ঘুঘু দালাল। বড়লোকের কাপ্তেন ছেলে যখন শেষরাতে হ্যাণ্ডনোট কাটছেন, তখন আমরা যা পারি ক'রে নিতে—আমার কি, লোকে যদি দেড়হাজার টাকার হ্যাণ্ডনোট কেটে এক হাজার নেয় আমার তাতে দোষ কি? এই-সব চারিয়েই তো আমাদের খেতে হবে! কত রাত এমন আসে দ্যাখ না, টাকার যা বাজার কলকাতায়, কে দেবে?

প্রণব খুব আশ্চর্য হইল না। ইহাদের কার্যকলাপ সে কিছু কিছু জানে, এক অপকৃত্যস্থ মাতাল যুবকের নিকট হইতে ইহারা এক রাত্রিতে হাজার টাকা অসং উপায়ে উপার্জন করিয়া বড় গলায় সেইটাই আবার বাহাদুরি করিয়া জাহির করিতেছে! হতভাগ্য যুবকটির জন্য প্রণবের কষ্ট হইল—মস্ত অবস্থায় সে যে কি সই করিল, কত টাকা তাহার

বদলে পাইল, হয়ত বা তাহা সে বদ্বিতেও পারিল না।

কালিকাতা হইতে সে মামার বাড়ি আসিল। মাতৃসমা বড় মামীমা আর ইহজগতে নাই। গত বৎসর পূজার সময় তিনি—প্রণব তখন জেলে। সেখানেই সে সংবাদটা পায়। গঙ্গা-নন্দকাটির ঘাটে নৌকা ভিড়িতে তাহার চোখ ছলছল করিয়া উঠিল। কাল ট্রেনে সারা রাত ঘুম হয় নাই আদৌ, তাড়াতাড়ি শনানাহার সায়িয়া দোতলার কেণের ঘরে বিশ্রামের জন্য ঘাইয়া দেখিল, বিছানার উপর একটি পাঁচ ছয় বৎসরের ছেলে চুপ করিয়া শুইয়া! দেখিয়া মনে হইল, একরাশ বাসি গোলাপফুল কে যেন বিছানার উপর উপড় করিয়া ঢালিয়া রাখিয়াছে—হ্যাঁ, সে যাহা ভাবিয়াছে তাই—জ্বরের ছেলের গা যেন পুড়িয়া ঘাইতেছে, মূখ জ্বরের ধমকে লাল, ঠোঁট কাঁপিতেছে, শ্বেন যেন দিশেহারা ভাব। মাথার দিকে একখানা রেকাবিতে দুখানা আধ-খাওয়া ময়দার রুটি ও খানিকটা চিনি। প্রণব জিজ্ঞাসা করিল—তুমি কাজল, না?

খোকা যেন হঠাৎ চমক ভাঙিয়া কতকটা ভয় ও কতকটা বিস্ময়ের দৃষ্টিতে চাইয়া রহিল, কোনও কথা বলিল না।

প্রণবের মনে ষড় কণ্ট হইল—ইহাকে ইহারা এ-ভাবে একা উপরের ঘরে ফেলিয়া রাখিয়াছে! অসহায় বালক একলাটি শুইয়া মূখ বদ্বিয়া জ্বরের সঙ্গে বদ্বিতেছে, পথ্য দিয়াছে কি—না, দুখানা ময়দার হাতে-গড়া রুটি ও খানিকটা আল চিনি! আর কিছুর জোটে নাই ইহাদের? জ্বরের ঘোরে তাহাই বালক যাহা পারিয়াছে খাইয়াছে। প্রণব জিজ্ঞাসা করিল—খোকা রুটি কেন, সাবু দেয় নি তোমায়?

খোকা বলিল—ছাবু নেই।

—নেই কে বললে?

—মা-মাসীমা বললে ছাবু নেই।

সে জ্বরের হাঁপাইতেছে দেখিয়া প্রণব ঠাণ্ডা জল আনিয়া তাহার মাথাটা বেশ করিয়া ধুইয়া দিয়া পাখার বাতাস করিতে লাগিল। কিছুক্ষণ এরূপ করিতেই জ্বরটা একটু কমিয়া আসিল, বালক কতকটা সুস্থ হইল। দিশেহারা ও হাঁস-ফাঁস ভাবটা কাটিয়া গেল। প্রণব বলিল—বল তো আমি কে?

খোকা বলিল—জা-জা-জা-জানি নে তো?

প্রণব বলিল—আমি তোমার মামা হই খোকা। তোমার বাবা বদ্বি আসে নি এর মধ্যে? কাজল খাড় নাড়িয়া বলিল—ন-ন-না তো, বাবা কতদিন আসে নি।

প্রণব কৌতুহলের সুরে বলিল—তুমি এত তোৎলা হ'লে কি ক'রে, কাজল?

সে অপূর ছেলেকে খুব ছোটবেলায় দেখিয়াছিল। আজ দেখিয়া মনে হইল, অপূর ঠোঁটের স্কুমার রেখাটুকু ও গায়ের-সুন্দর রংটি বাদে ইহার মূখের বাকী সবটুকু মায়ের মত।

কাজল ভাবিয়া ভাবিয়া বলিল—আমার বাবা আসবে না?

—আসবে না কেন? বাঃ!

—ক-ক-কবে আসবে?

—এই এল বলে। বাবার জন্যে মন কেমন করে বদ্বি?

কাজল কিছু বলিল না।

অপূর উপরে প্রণবের খুব রাগ হইল। ভাবিল—আচ্ছা পাষাণ্ড তো? মা-মরা ক'চি বাচ্চাটাকে বেঘোরে ফেলে রেখে কোথায় নিরুদ্দেশ হয়ে বসে আছে! ওকে এখানে কে দেখে তার নেই ঠিক—দয়া মায়া নেই শরীরে?

শশীনারায়ণ বাড়ুস্ব্য প্রণবের নিকট জামাইয়ের যথেষ্ট নিশ্চয় করিলেন—বন্দুর সঙ্গে

বিয়ের যোগাযোগটি তো ঘটিয়েছিলে, ভেবে দ্যাখো তো আজ পাঁচ বছরের মধ্যে নিজের ছেলেকে এ মবার চোখের দেখা দেখতে এল না, ত্রিশ-চল্লিশ টাকা মাইনের চাকরি করছেন আর ঘরে বেড়াচ্ছেন ভবঘুরের মত, চাল নেই চুলো নেই, কোন জন্ম যে করবেন সে আশাও নেই—ব'লো না, হাড়ে চটেছি আমি, এদিকে ছেলোটো কি অবিকল তাই!...এই বয়েস থেকেই তেমনি নিশ্চিন্দ, অথচ যেমনি চঞ্চল তেমনি একগুঁয়ে। চঞ্চল কি একটু আধটু? ঐটুকু তো ছেলে, একদিন করেছে কি, একদল গরুর গাড়ির গাড়োয়ানের সঙ্গে চলে গিয়েছে সেই পীরপুরের বাজারে—এদিকে আমরা খুঁজে পাই নে, চারিদিকে লোক পাঠাই—শেষে মাখন মনুহরীর সঙ্গে দেখা, সে ধরে নিয়ে আসে। খাওয়াও, দাওয়াও, মেয়ের ছেলে কখনও আপনার হয় না, যে পর সে-ই পর।

খোকা বাপের মত লাজুক ও মনুখচোরা—কিন্তু প্রণবের মনে হইল, এমন সুন্দর ছেলে সে খুব কম দেখিয়াছে। সারা গা বহিয়া যেন লাগা বরিতেছে, সদাসম্বাদা মনুখ টিপিয়া কেমন এক করুণ, অপ্রতিভ ধরণের হাসি হাসে—মনুখানা এত লাজুক ও অবাধ দেখায় সে সময়!...কেমন যে একটা করুণা হয়! এখানে কয়েক দিন থাকিয়া প্রণব বুঝিয়াছে, দাঁদিমা মারা যাওয়ার পর এ বাড়িতে বালককে যত্ন করিবার আর কেহ নাই—সে এখন খায়, কখন শোয়, কি পরে—এ সব বিষয়ে বাড়ির কাহারও দৃষ্টি নাই। শশিনারায়ণ বাড়ীষ্যে তো নাতিকে দু'চক্ষে দেখিতে পারেন না, সম্বাদা কড়া শাসনে রাখেন। তাহার বিশ্বাস এখন হইতে শাসন না করিলে এ-ও বাপের মত ভবঘুরে হইয়া যাইবে, অথচ বালক বুঝিয়া উঠিতে পারে না, দাদামহাশয় কেন তাহাকে এমন উঠিতে-তাড়া বসিতে-তাড়া দেন—ফলে সে দাদামহাশয়কে যমের মত ভয় করে, তাহার ত্রিসীমানা দিয়া হাঁটিতে চায় না।

কলিকাতায় ফিরিয়া প্রণব দেবব্রতর সঙ্গে দেখা করিল। দেবব্রত একটু বিষন্ন—বিলাত যাইবার পূর্বে সে একটি মেয়েকে নিজের চোখে দেখিয়া বিবাহের জন্য পছন্দ করিয়াছিল—কিন্তু তখন নানা কারণে সম্বন্ধ ভাঙিয়া যায়—সে আজ তিন বৎসর পূর্বে কথ্য। এবার বিদেশ হইতে ফিরিয়া সে নিছক কৌতূহলের বশবস্তী হইয়া সম্বন্ধ লইয়া জানে মেয়েটির এখনও বিবাহ হয় নাই। মেয়েটির ডান পায়ের হাঁটুতে নাকি কি হইয়াছে, ডাক্তারে সন্দেহ করিতেছেন বোধ হয় তাহাতে চিরজীবনের জন্য ঐ পা খাটো হইয়া থাকিবে—এ অবস্থায় কে-ই বা বিবাহ করিতে অগ্রসর হইবে? শূন্যবামাত্র দেবব্রত ধরিয়া বসিয়াছে সে ঐ মেয়েকেই বিবাহ করিবে—মায়ের ঘোর আপত্তি, পিসেমহাশয়ের আপত্তি, মামাদের আপত্তি—সে কিন্তু নাছোড়বান্দা। হয় ঐ মেয়েকে বিবাহ করিবে, নতুবা দরকার নাই বিবাহে।

দেবব্রতর সঙ্গে প্রণবের খুব ঘনিষ্ঠ আলাপ ছিল না, অপূর সঙ্গে ইতিপূর্বে বার দুই-তিন তাহার কাছে গিয়াছিল এই মাত্র। এবার সে যাহু অপূর কোন সম্বন্ধ দিতে পারে কিনা তাহাই জানিবার জন্য। কিন্তু এই বিবাহ-বিভ্রাটকে অবলম্বন করিয়া মাস-দুইয়ের মধ্যে দু'জনের একটা ঘনিষ্ঠ বন্ধুত্ব গড়িয়া উঠিল।

দেবব্রত এই সব গোলমালের দরুন পিসেমহাশয়ের বাসা ছাড়িয়া কলিকাতা হোস্টেলে উঠিয়াছিল—বৈকালে সেখানে একদিন প্রণব বেড়াইতে গিয়া শূন্যল, দেবব্রতর মা এ বিবাহে মত দিয়াছেন। দেবব্রত বলিল—ঠিক সময় এসেছেন, আমি ভাবছিলাম আপনার কথা—কাল পিসেমহাশয় আর বড় মামা যাবেন মেয়েকে আশীর্বাদ করতে, আপনিও যান ওদের সঙ্গে। ঠিক বিকেল পাঁচটায় এখানে আসবেন।

মেয়ের বাড়ি গোয়াবাগানে। ছোট দোতলা বাড়ি, নিচে একটা প্রেস। মেয়ের বাপ গভর্ণমেণ্টের চাকরি করেন। মেয়েটিকে দেখিয়া খুব সুন্দরী বলিয়া মনে হইল না প্রণবের,

গায়ের রং যে ফর্সা তাও নয়, তবে মূখে এমন কিছ্ আছে যাতে একবার দেখলে বার বার চাইয়া দেখিতে ইচ্ছা করে। ঘাড়ের কাছে একটা ষোতুকিচ্ছ, চুল বেশ বড় বড় ও কোঁকড়ানো। বিবাহের দিনও উভয় পক্ষের সম্মতিক্রমে ধার্য হইয়া গেল।

দেবব্রত সঙ্গতিপন্ন গৃহস্থ-ঘরের ছেলে। দৃংখ কষ্ট কাহাকে বলে জানে না, এ পর্য্যন্ত বরাবর যথেষ্ট পয়সা হাতে পাইয়াছে, তাহার পিসেমহাশয় অপদ্রুত, তাহার সম্পত্তি ও কলিকাতার দৃখানা বাড়ি দেবব্রতই পাইবে। কিন্তু পয়সা অপব্যয় করার দিকে দেবব্রতর ঝোক নাই, সে খুব হিসাবী ও সতর্ক এ বিষয়ে। সাংসারিক বিষয়ে দেবব্রত খুব হর্দিশয়ার—পাটনায় যে চাকরিটা সে সম্প্রতি পাইয়াছে, সে শৃধ তাহার যোগাড়-শ্রু ও সুপারিশ ধরবার কৃতিত্বের পুরস্কার—নতুবা কুড়ি-বাইশ জন বিলাত-ফেরত অভিজ্ঞ ইঞ্জিনীয়ারের দরখাস্তের মধ্যে তাহার মত তরুণ ও অনভিজ্ঞ লোকের চাকুরি পাইবার কোন আশা ছিল না। শাখারিটোলায় দেবব্রতের পিসেমহাশয় তারিণী মিত্রের বাড়ি হইতেই দেবব্রত বিবাহ করিতে গেল। পিসিমার ইচ্ছা ছিল খুব বড় একটা মিছিল করিয়া বর রওনা হয়, কিন্তু পিসেমহাশয় বুঝাইলেন ও সব একালের ছেলে—বিশেষ করিয়া দেবব্রতর মত বিলাত-ফেরত ছেলে—পছন্দ করবে না। মায়ের নিকট বিবাহ করিতে যাইবার অনুমতি প্রার্থনা করিবার সময় দেবব্রতর চোখ ভিজিয়া উঠিল—স্বর্গগত স্বামীকে স্মরণ করিয়া দেবব্রতর মা-ও চোখের জল ফেলিলেন—সবাই বকিল, তিরস্কার করিল। একজন প্রতিবেশিনী হাসিয়া বলিলেন—দোর-ধরুণীর টাকা কে ?...

দেবব্রতর পিসিমা বলিলেন—আমার কাছে গুণে নিও মেজবো। ও-কি দোর-ধরা হ'ল ? আমার ছেলেবেলায় আমাদের বাঙাল দেশে নিয়ম ছিল দেখেছি, সাতজন এমো আর সাতজন কুমারী এই চৌদ্দজনকে দোর-ধরুণীর টাকা দিয়ে তবে বর বেরুতে পেত বাড়ি থেকে। একালে তো সব দাঁড়িয়েছে—

দেবব্রত একটুখানি দাঁড়াইল। ফিরিয়া বলিল—মা, শোন একটু।...

আড়ালে গিয়া চুপি চুপি বলিল—চাটুষ্যে-বাড়ির মেয়েটা দোর ধরার জন্য দাঁড়িয়েছিল, আমি জানি, ছোট পিসিমা তাকে সরিয়ে দিয়েছেন—এ-সবেরে আমার মনে বড় কষ্ট হয়, মা। এই দশ টাকার নোটটা রাখো, তাকে তুমি দিও—কেন তাকে সরালে বল তো—আমি জানি অর্ধিশ্য কেন সরিয়েছে—কিন্তু এতে লোকের মনে কষ্ট হয় তাও ওরা বোঝে না !

মা বলিলেন—ও-কথা তোর ওদের বলবার দরকার নেই—টাকা দিলি আমি দেবো এখন। ছোট ঠাকুরঝির দোষ কি, বিধবা মেয়েকে কি বলে আজ সামনে রাখে বল না ? হি'দর নিয়মগুলো তো মানতে হবে, সবাই তো তোমার মত বেকজ্ঞানী হয়নি এখনো। মেয়েটার দোষ দিইনে, তার আর বয়স কি—ছেলেমানুষ—সে না হয় অত বোঝে-সোঝে না, আমোদে নেচে দোর ধরবে বলে দাঁড়িয়েছে—তার বাপ-মায়ের তো এটা দেখতে হয়। শৃভকাজের দিন বিধবা মেয়েকে কেন এখানে পাঠানো বাপ ? তা নয়—গরীব কিনা, পাঠিয়েছে—যা কিছ্ ঘরে আসে—। যাক্। আমি দেবো এখন—তা হ'্যা রে, পাঁচটা দিলেই তো হ'ত—এত কেন ?...

—না মা, ঐ থাক্, দিও ; ছোটপিসিকাকে ব'লো বুঝিয়ে ওতে শৃভকাজ এগোয় না, আরও পিঁছিয়ে যায়।

দৃনতনখানা বাড়ির মোড়ে চাটুষ্যে-বাড়িটা। ইহারা সবাই ছাপাখানায় কাজ করে, বৃশ চাটুষ্যে মহাশয়ও আগে কম্পার্জিটরের কাজ করিতেন, আজকাল চোখে দেখেন না বলিয়া ছাড়িয়া দিয়াছেন। আজকাল তাহার কাজ প্রতিবেশীর নিকট অভাব জানাইয়া আধূলি ধার করিয়া বেড়ানো। দেবব্রত ইহাদের সকলকেই অনেক দিন হইতে চেনে।

তাহার গোলাপফুল সাজানো মোটরখানা চাটুষ্যে-বাড়ির সম্মুখে মোড় ঘুরিবার সময় দেবব্রত কেবলই ভাবিতেছিল, কোনও জানালার ফাঁক দিয়া তের বৎসরের বিধবা মেয়েটা হয়ত কোঁতুহলের সহিত তাহাদের মোটর ও ফিটন গাড়ির সারির দিকে চাহিয়া আছে।

রাত্রের গোড়ার দিকেই বিবাহ ও বরযাত্রীভোজন মিটিয়া গেল।

দেবব্রত বাসরে গিয়া দেখিল, সেখানে অত্যন্ত ভিড়—বাসরের ঘর খুব বড় নয়—সামনের দালানেও স্থান নাই, অন্য অন্য ঘরের বাস্তু তোরঙ্গ সব দালানে বাহির করা হইয়াছে, অথচ মেয়েদের ভিড় এত বেশী যে বসাতো দুয়ের কথা, সকলের দাঁড়াইবার জায়গাও নাই। সে বড় শালাকে বলিল—দেখুন, যদি অনুমতি করেন, একটু ইঞ্জিনীয়ারিং বিদ্যে জাহির করি। এই ট্রাঙ্কগুলো এখানে রাখার কোন মানে নেই—লোক ডাকিয়ে দেওয়ালের দিকে এক সারি এখানে, আর এক সারি ক'রে দিন সিঁড়ির ধাপে ধাপে—বুঝলেন না?—যাবার আসবারও কষ্ট হবে না অথচ এদের জায়গা হবে এখন। তাহার ছোট শালীরা ব্যাপারটা লইয়া তাহাকে কি একটা ঠাট্টা করিল। সুবাই হাসিয়া উঠিল।

রাত্রি একটার পর কিন্তু যে-যাহার স্থানে চলিয়া গেল। দেবব্রত বাসর হইতে বাহির হইয়া দালানের একটা স্টীলের তোরঙ্গের উপর বসিয়া একটা সিগারেট ধরাইল। তাহার মনে আনন্দের সঙ্গে কেমন একটা উত্তেজনা। মনে মনে একটা তৃপ্তিও অনুভব করিল।... জীবন এখন সুদীর্ঘশ্বাস পথে চলিবে—লক্ষ্মীছাড়ার জীবন শেষ হইল। পাটনার চাকুরিতে একটা সুবিধা এই যে, জায়গা খুব স্বাস্থ্যকর, বাড়িভাড়া সস্তা, বছরে পঞ্চাশ টাকা করিয়া মাহিনা বাড়িবে—তবে প্রভিডেন্ট ফণ্ডের সুদ কিছু কম। সে ভাবিল—যাই তো আগে, ফৈজুদ্দীন হোসেনকে একটু হাতে রাখতে হবে, ওর হাতেই সব—অন্য ডিরেক্টর তো কাঠের পুতুল। ক্যান্টনমেন্টের ক্লাবে গিয়েই ভর্তি হয়ে যাবো—ওরা আবার ওসব দেখলে ভেঙ্গে কিনা!

নববধু এখনও ঘুমায় নাই, দেবব্রত গিয়া বলিল—বাইরে এসো না সুদীর্ঘশ্বাস, কেউ নেই। আসবে?

নববধু চেলীর পুটুল নয়, কিন্তু পায়ের জন্য তার উঠিতে কষ্ট হয়—দেবব্রত তাহাকে সম্বন্ধে ধরিয়া দালানে আনিয়া তোরঙ্গটার উপর ধীরে ধীরে বসাইয়া দিল। নববধু হাসিয়া বলিল—ওই দোরটা বন্ধ করে দাও—সিঁড়ির ওইটে—শেকল উঠিয়ে দাও—হ্যাঁ—ঠিক হয়েছে—নৈলে এক্ষণি কেউ এসে পড়বে।

দেবব্রত পাশে বসিয়া বলিল—রাত জেগে কষ্ট হচ্ছে খুব—না?

—কি এমন কষ্ট, তা ছাড়া দুপুরবেলা আমি ঘুমিয়েছি খুব।

—আচ্ছা, তুমি কনে-চন্দন পরো নি কেন সুদীর্ঘশ্বাস? এখানে সে চলন নেই?

মেয়েটি সলজ্জমুখে বলিল—মা পরাতে বেরিয়েছেন—

—তবে?

—জ্যাঠাইমা বললেন, তুমি নাকি পছন্দ করবে না।

দেবব্রত হাসিয়া উঠিয়া বলিল—কেন বল তো—বিলেত-ফেরত বলে? বা তো—

পরে সে বলিল—আমি সাত তারিখে পাটনায় যাব, বুঝলে, তোমাকে আর মাকে এসে নিয়ে যাব মাস দুই পরে, সুদীর্ঘশ্বাস। তোমার বাবাকে বলে রেখেছি।

মেয়েটি নতমুখে বলিল—আচ্ছা একটা কথা বলব? কিছু মনে করবে না?...

—বল না, কি মনে করব?—

—আচ্ছা, আমার এই পা নিয়ে তুমি যে বিয়ে করলে, যদি পা না সারে? দ্যাখ, তোমার গা ছুঁয়ে সত্যি বলাই আমার ইচ্ছে ছিল না বিয়ের। মাকে কতবার বুঝিয়ে বেরিয়েছি, মা

এই তো আমার পায়ের দশা, পরের ওপর অনর্থক কেন বোঝা চাপানো সারাজীবন—তা মা বললেন তুমি নাকি খুব—তোমার নাকি খুব হচ্ছে। আচ্ছা কেন বল তো এ মতি তোমার হ'ল ?

দেবরত্ন বলিল—*পঃ) কথা বললে তুমিও কিছুর মনে করবে না সুনীতি ? তাহলে বলি শোন, তোমার এই পায়ের দোষ যদি না হ'ত তবে আমি অন্য জায়গায় বিয়ে ক'রে ফেলতুম ...যেদিন থেকে শুনছি পায়ের দোষের জন্য তোমার বিয়ে এই তিন বছরের মধ্যে হয় নি—সেদিন থেকে আমার মন বলেছে ওখানেই বিয়ে করব, নয় তো নয়। অন্য জায়গায় বিয়ে করলে মনে শান্তি পেতাম না সুনীতি। সেই যে তোমাকে দেখে গিয়েছিলুম, তারপর বিয়ে তখন ভেঙে গেল, কিন্তু তোমার মন্থখানা কতবার যে মনে হয়েছে ! ...কেন কে জানে—আমি কাব্য করছি নে সুনীতি, ওসব আমার আসে না, আমি সত্য কথা বলছি।

তারপর সে আজ ওবেলায় চাটুযো-বাড়ির বিধবা মেয়েটির কথা বলিল। বলিল—দ্যাখ এও তো কাব্যের কথা নয়—আজ বিয়ের আসনে বসে কেবলই সেই ছোট মেয়েটার কথা মনে হয়েছে। ছোট পিসিমা তাকে তাড়িয়ে দিয়ে আজ আমার অর্ধেক আনন্দ মাটি করেছেন সুনীতি—তোমার কাছে বলছি, আর কাউকে বলো না যেন ! এ কেউ বুঝবে না, আমার মা-ও বোঝেন নি।

ঘড়িতে ঢং ঢং করিয়া রাত্রি দুইটা বাজিল।

কাজলের মূর্শকিল বাধে রোজ সন্ধ্যার সময়। খাওয়া-দাওয়া হইয়া গেলে তাহার মাসীমা বলেন, ওপরে চলে যাও, শূন্যে পড় গিয়ে। কাজল বিপন্নমুখে রোয়াকের কোণে দাঁড়াইয়া শীতে ঠক-ঠক করিয়া কাঁপতে থাকে। ওপরে কেউ নাই, মধ্যে একটা অশ্ধকার সিঁড়ি, তাহার উপর দোতলার পাশের ধরটাতে আলনার একরাশ লেপকাঁথা বাঁধা আছে। আধ-অশ্ধকারে সেগুলা এমন দেখায় !

আগে আগে দ্বিদিমা সঙ্গে করিয়া লইয়া গিয়া ঘুম পাড়াইয়া রাখিয়া আসিতেন। দ্বিদিমা আর নাই, মাসীমারা খাওয়াইয়া দিয়াই খালাস। সেদিন সে সেজ দ্বিদিমাকে বলিয়াছিল, তিনি ঝংকার দিয়া বলিয়া উঠিলেন, আমার তো আর খেয়ে দেয়ে কাজ নেই, এখন তোমায় যাই শোওয়াতে। একা এটুকু আর ঘেতে পারেন না, সেদিন তো পীরপুরের হাটে একা পালিয়ে যেতে পেরেছিলাম ? ছেলের ন্যাকরা দেখে বাঁচিলে।

নিরুপায় হইয়া ভয়ে ভয়ে সিঁড়ি বাহিয়া সে উপরে উঠে। কিন্তু ঘরে ঢুকিতে আর সাহস না করিয়া প্রথমটা দোরের কাছে দাঁড়াইয়া থাকে। কোণে কড়ির আলনার নীচে দাদামহাশয়ের একরাশ পুরানো হুঁকার খোল ও হুঁকা-দান। এককোণে মিটমিটে তেলের প্রদীপ, তাতে সামান্য একটুখানি আলো হয় মাত্র, কোণের অশ্ধকার তাহাতে আরও যেন সন্দেহজনক দেখায়। এখানে একবার আসিলে আর কুহ কোথাও নাই, ছোট মাসীমা নাই, ছোটদ্বিদিমা নাই, দলু নাই, টাটি নাই—শুধু সে আর চারিপাশের এই-সব অজানা বিভীষিকা। কিন্তু এখানেই বা সে কতক্ষণ দাঁড়াইয়া থাকিবে—ছোট মাসীমা ও বিন্দু-বিষ এঘরে শোয়, তাহাদের আসিতে এখনও বহু দেরি, শীতের হাওয়ায় হাড়-কাঁপনি ধরিয়া যায় যে! অগত্যা সে অন্যান্য দিনের মত চোখ বুজিয়া ঘরের মধ্যে ঢুকিয়া নিজের বিছানার উপর উঠিয়াই ছোট লেপটা একেবারে মর্দুঁ দিয়া ফেলে। কিন্তু বেশীক্ষণ লেপমর্দুঁ দিয়া থাকিতে পারে না—ঘরের মধ্যে কখন কিছুর নাই তো ? মন্থ খুলিয়া একবার ভীতচোখে চারিদিকে চাহিয়া দেখিয়া আবার লেপমর্দুঁ দেয়—আর যত রাজ্যের ভুতের গল্প কি ঠিক ছাই এই সময়টাতে মনে আসে।

দিদিমা থাকিতে এ-সব কষ্ট ছিল না। দিদিমা তাহাকে ঘুম না পাড়াইয়া নামিতেন না। কাজল উপরে আসিয়াই বিছানার উপরকার সাজানো লেপ-কাঁথার শুপের উপর খুশী ও আমোদের সহিত বার বার লাফাইয়া পাড়িয়া চেঁচাইতে থাকিত—আমি জলে ঝাঁপাই—হি-হি—আমি জলে ঝাঁপাই—ও দিদিমা—হি-হি—

কোনোরকমে দিদিমা তাহার লাফানো হইতে নিবৃত্ত করিয়া শোয়াইতে কৃতকার্য হইলে সে দিদিমার গলা জড়াইয়া ধরিয়া বলিত,—এইবার একতা গ-গ-অ-প।—কথার শেষের দিকে পাতলা রাঙা ঠোঁট দুটি ফুলের কঁড়ির মত এক জায়গায় জড় করিয়া না আনিলে কথা মূখ দিয়া বাহির হইত না। তাহার দিদিমা হাসিয়া বলিত—ষে গড় খাস, গড় খেয়ে খেয়ে এমনি তোহলা। গল্প বলব, কিন্তু তুমি পাশ ফিরে চুপটি কঁরে শোবে, নড়বেও না, চড়বেও না। কাজল ছু কঁচকইয়া ঘাড় সামনের দিকে নামাইয়া খুঁতনী প্রায় বৃকের উপর লইয়া আসিত। পরে চোখের ভুরু উপরের দিকে উঠাইয়া হাসি-ভরা চোখে চুপ করিয়া দিদিমার মুখের দিকে চাহিয়া থাকিত। দিদিমা বলিত, দুঃখটুকি কঁরো না দাদাভাই, আমার এখন অনেক কাজ, তোমার দাদু আবার এখনি পাশার আঙা থেকে আসবেন, তাঁকে খেতে দেব। ঘুমোও তো লক্ষ্মী ভাইটি! কাজল বলিত, ইঞ্জি!...দা-দা-দাদুকে খাবার দেবে তো ছোট মামীমা, তু-তুমি এখন যাবে বৈ কি?—একতা গ-গ-অ-প কর, হ্যাঁ দিদিমা—

এ ধরনের কথা সে শিখিয়াছে বড় মাসতুতো ভাগ্নেদের কাছে। তাহার বড় মাসীমার ছেলে দলু কথায় কথায় বলে—ইঞ্জি! কাজলও শুনিনা। শুনিনা তাহাই ধরিয়াছে।

তাহার পর দিদিমা গল্প করিতেন, কাজল জানালার বাহিরে তারাভরা, শুশু, নৈশ আকাশের দিকে চাহিয়া একবার মূখ ফুলাইত আবার হাঁ করিত, আবার ফুলাইত আবার হাঁ করিত। দিদিমা বলিত—আঃ, ছিঃ দাদু! ও-রকম দুঃখটুকি করলে ঘুমুবে কখন? এখনি তোমার দাদু ডাকবেন আমায়, তখন তো আমায় যেতে হবে। চুপটি কঁরে শোও। নইলে ডাকব তোমার দাদুকে?

দাদামহাশয়কে কাজল বড় ভয় করে, এইবার সে চুপ হইয়া যাইত। কোথায় গেল সেই দিদিমা! সে আরও বছর দেড় আগে, তখন তাহার বয়স সাড়ে-চার বছর—একদিন ভারি মজার ব্যাপার ঘটিয়াছিল। সে রাতে ঘুমাইতছিল, সকালে উঠিলে অরু চুপি চুপি বলিল—ঠাকুমা কাল রাতে মারা গিয়েছে, জানিস নে কাজল?

—কো-কোথায় গিয়েছে?

—মারা গিয়েছে, সত্যি আজ শেষরাতে নিয়ে গিয়েছে। তুই ঘুমুচ্ছিলি তখন।

—আবার ক-কবে আসবে?

অরু বিজ্ঞের স-রে বলিল—আর বৃষ্টি আসে? তুই যা বোকা। ঠাকুরমাকে তো পাড়াতে নিলে চলে গেছে ওই দিকে।—সে হাত তুলিয়া নদীর বাঁকের দিকে দেখাইয়া দিল।

অরু ভারী চালবাজ। সব তাতেই ওই রকম চাল দেয়, ভারি তো এক বছরের বড়, দেখায় যেন সব জানে, সব বোঝে। ওই চালবাজের জন্যই তো কাজল অরুকে দেখিতে পারে না।

সে খুব বিস্মিতও হইল। দিদিমা আর আসিকে না! কেন?...কি হইয়াছে দিদিমার?... বা-রে!

কিন্তু সেই হইতে দিদিমাকে আর সে দেখিতে পায় নাই। গোপনে গোপনে অনেক কাঁদিয়াছে, কোথায় দিদিমা এরকম একরাতের মধ্যে নিরুদ্দেশ হইয়া যাইতে পারে, সে সম্বন্ধে অনেক ভাবিয়াছে, কিছু ঠিক করিতে পারে নাই।

আজকাল আর কেহ কাছে বসিয়া খাওয়ার না, সঙ্গে করিয়া উপরে লইয়া আসে না, গল্প

করে না। একলাটি এই অশুকারের মধ্যে দিয়া আসিয়া উপরের ঘরে শুইতে হয়। সকলের চেয়ে মনুশকিল হইয়াছে এইটাই বেশী কি-না।

বিংশ পরিচ্ছেদ

আরও এক বৎসর কাটিয়া গিয়াছে। চৈত্র মাস যায় যায়।

অপু অনেকদিন পরে দেশে ফিরিতেছিল। গাড়ির মধ্যে একজন মনুসলমান ভদ্রলোক লক্ষ্মী-এর খরমুজার গুণ বর্ণনা করিতেছিল, অনেকে মন দিয়া শুনিতোছিল—অপু অন্যমনস্ক ভাবে জানালার বাহিরে চাহিয়া ছিল। কতক্ষণে গাড়ি বাংলা দেশে আসিবে? সাতসমুদ্র তেরোনদী পারের রূপকথার রাজ্য বাংলা! আজ দীর্ঘ সাড়ে পাঁচ বৎসর সে বাংলার শাস্ত, কমনীয় রূপ দেখে নাই, এই বৈশাখে বাঁশের বনে বনে শুকুনো বাঁশখোলার তলা-বিছাইয়া পাড়িয়া-থাকা কাণ্ডনফুলে-ভরা সান-বাঁধানো পুকুরের ঘাটে সদ্যস্নাত নতমুখী তরুণীর মূর্তি—কলিকাতার মেস-বাটী, দালানের রৌলিং-এ কাপড় মেলিয়া দেওয়া, বাবুরা সব আফসে, নিচের বালীতে বেকাল তিনটার সময় বলের মুখ হইতে জল পাড়িতেছে...এ সব সুপারীচত প্রিয় দৃশ্যগুলি আর একবার দেখিবার জন্য—উঃ, মন কি ছটফটই না কারিয়াছে গত ছ'বছর! বাংলা ছাড়িয়া সে ভাল করিয়া বাংলাকে চিনিয়াছে, বুঝিয়াছে। কতক্ষণে বাংলাকে দেখা যাইবে আজ? সম্বন্ধা ঠিক সাতটার সময়।

রাণীগঞ্জ ছাড়িয়া অনেক দূর আসিবার পরে, বালুদ্রম মাঠের মধ্যে সিঙ্গারন নদীর গ্রীষ্মের জল খররোদ্রে শুকাইয়া গিয়াছে—দূর গ্রামের মেয়েরা আসিয়া নদীখাতের বালু খুঁড়িয়া সেই জলে কলসী ভর্তি করিয়া লইতেছে—একটি কুষক-বধু জল-ভরা কলসী কাঁখে রেলের ফটকের কাছে দাঁড়াইয়া গাড়ি দেখিতেছে—অপু দৃশ্যটা দেখিয়া পুলকিত হইয়া উঠিল—সারা শরীরে একটা অপূৰ্ব আনন্দ-শহরন! কতদিন বাংলার মেয়ের এ পরিচিত ভাঙ্গিটি সে দেখে নাই! চোখ, মন জুড়াইয়া গেল।

বর্ধমান ছাড়িয়া নিদাঘ অপরাহ্নের ঘন ছায়ায় একটা অশুভ দৃশ্য চোখে পড়িল। একটা ছোট পুকুর ফুটন্ত পদমফুলে একেবারে ভরা, ফুলে পাতায় জল দেখা যায় না—ওপারে বিচালি-ছাওয়া গৃহস্থের বাটী, একটা প্রাচীন সাজনা গাছ জলের ধারে ভাঙিয়া পাড়িয়া গলিয়া আসিয়া যাইতেছে, একটা গোবরগাদা—আজ সারাদিনের আগুন-বাঁশ্টর পরে, বিহার ও সাঁওতালপরগণার বর্ধদুর, আগুন-রাঙা ভূমিশ্রীর পরে, ছায়াভরা পদপুকুরটা যেন সারা বাংলার কমনীয় রূপের প্রতীক হইয়া তাহার চোখে দেখা দিল।

হাওড়া স্টেশনে ট্রেনটা আসিয়া দাঁড়াইতেই সে যেন খানিকটা অবাধ হইয়া চারিদিকে চাহিয়া দেখিল—এত আলো, এত লোকজন, এত ব্যস্ততা, এত গাড়ি-ঘোড়া জীবনে যেন সে এই প্রথম দেখিতেছে, হাওড়া পুল পার হইবার সময় ওপারের আলোকোজ্জ্বল মহানগরীর দৃশ্যে সে যেন মনুখ হইয়া গেল—ওগুলা কি? মোটর বাস? কই আগে তো ছিল না কখনও? কি বড় বড় বাড়ি কলিকাতায়, ফুটপাতে কি লোকজনের ভিড়! বাড়ির মাথায় একটা কিসের বিজ্ঞাপনের বিজলী আলোর রঙীন হরপ একবার জ্বলিতেছে, আবার নিভিতেছে—উঃ, কী কাণ্ড!

হ্যারিসন রোডের একটা বোর্ডিং-এ উঠিয়া একা একটা ঘর লইল—স্বানের ঘর হইতে সাবান মাখিয়া স্নান সারিয়া সারাদিনের ধুমধূলি ও গরমের পর ভারী আরাম পাইল। ঘরের আলোর স্ফটিক টিপিয়া ছেলমানুষের মত আনন্দে আলোটাকে একবার জ্বালাইতে একবার নিভাইতে লাগিল—সবই নতুন মনে হয়। সবই অশুভ লাগে।

পরদিন সে কলিকাতার সখবর্ত্ত ঘুরিল—কোন পরিচিত বন্ধু-বান্ধবের সহিত দেখা হইল না। বোবাজারের সেই কবিরাজ বন্ধুটি বাসা উঠাইয়া কোথায় চলিয়া গিয়াছে, পদস্বপরিচিত মেসগদুলিতে নতুন লোকেরা আসিয়াছে, কলেজ স্কোয়ারের সেই পুরাতন চায়ের দোকানটি উঠিয়া গিয়াছে।

সন্ধ্যার সময় সে একটা নতুন বাংলা থিয়েটারে গেল শুধু বাংলা গান শোনার লোভে। বেশী দামের টিকিট ফিনিয়া রঙ্গমণ্ডের ঠিক সম্মুখের সারির আসনে বসিয়া পদলীকিত ও উৎসুক চোখে সে চারিদিকের দর্শকের ভিড়টা দেখিতেছিল। একটা অঙ্কের শেষে সে বাহিরে আসিল, ফুটপাতে একজন বড়ী পান বিক্রী করিতেছে, অপদকে বলিল, বাবু, পান নেবেন না? নেন না! অপদু ভাবিল, সবাই মিঠে পান কিনেছে বড় আয়নাওয়ালী দোকান থেকে। এ বড়ীর পান বোধ হয় কেউ কেনে না—আহা, নিই এর কাছ থেকে।

সকলেরই উপর কেমন একটা করুণার ভাব, সবারই উপর কেমন একটা ভালবাসা, সহানুভূতির ভাব—অপদুর মনের বর্ত্তমান অবস্থায় বড়ী পানওয়ালী হাত পাতিয়া দশটা টাকা চাহিয়া বসিলেও সে তৎক্ষণাৎ তাহা দিতে পারিত।

দ্বিতীয় অঙ্কের শেষে সে বাহির হইয়া বড়ীটার কাছে পান কিনিতে যাইতেছে, এমন সময় পিছনের আসনের দিকে তাহার নজর পড়িল।

সে একটু আগাইয়া গিয়া কাঁধে হাত দিয়া বলিল—সুরেশ্বরদা, চিনতে পারেন?

কলিকাতায় প্রথম ছাত্র-জীবনের সেই উপকারী বন্ধু সুরেশ্বর, সঙ্গে একটি তরুণী মহিলা। সুরেশ্বর মূখের দিকে চাহিয়া বলিল—গুডেনস্ গ্রেসাস্! আমাদের সেই অপদুস্ব না?

অপদু হাসিয়া বলিল, কেন, সম্ভেদ হইছে নাকি? ওঃ কতদিন পরে আপনার সঙ্গে—, ওঃ?

—দেখে সম্ভেদ হবার কথা বটে। মূখের চেহারা বদলেছে, রঙটা একটু তামাটে—যদিও you are as handsome as ever—ও, তোমার সঙ্গে আলাপ করিয়ে দিই—ইনি আমার বোটার-হাফ। আর ইনি আমার বন্ধু অপদুস্ব-বাবু—কাঁব, ভাবুক, লেখক, ভবঘুরে এ্যান্ড হোয়াট নট—তারপর, কোথায় ছিলে এতদিন?

—কোথায় ছিলুম না তাই বরং জিজ্ঞেস করুন—in all sorts of places—তবে সভ্য জগৎ থেকে দূরে—ছ'বছর পর কাল কলকাতায় এসেছি। ও ড্রপ উঠল বৃদ্ধি, এখন থাক, বলব এখন।

—মোস্ট বাজে প্লে। তার চেয়ে চলো, তোমার সঙ্গে বাইরে যাই—

অপদু বন্ধুকে সিগারেট দিয়া নিজে সিগারেট ধরাইতে ধরাইতে বলিল—আপনার এ-সব দেখে একঘেয়ে হয়ে গিয়েছে, তাই ভাল লাগছে না বোধ হয়! আমার চোখ নিয়ে যদি দেখতেন, তবে ছ'বছর বনবাসের পর উড়িয়াদের রামযাত্রাও ভাল লাগত। জানেন সুরেশ্বরদা, সেখানে আমার ঘর থেকে কিছু দূরে এক জায়গায় একটা গিরগাঁট থাকত—সেটা এবেলা-ওবেলা রঙ বদলাত, দু'টি বেলা তাই শখ করে দেখতে যেতুম—তাই ছিল একমাত্র তামাশা, তাই দেখে আনন্দ পেতুম।

রাত সাড়ে ন'টায় থিয়েটার ভাঙল। তারপর সে থিয়েটার-ঘর হইতে নিঃসৃত সুবেশ নরনারীর স্রোতের দিকে চাহিয়া রহিল—এই আলো, লোকজন, সাজানো দোকানপসার—এসব সে ছেলেমানুষের মত আনন্দে চাহিয়া চাহিয়া দেখিতেছিল।

শ্রুতীক মাণিকতলায় শব্দুরবাড়িতে নামাইয়া দিয়া সুরেশ্বর অপদুর সহিত কর্পোরেশন স্ট্রীটের এক রেস্টোরাঁয় গিয়া উঠিল। অপদুর কথা সব শুনিয়া বলিল—এই পাঁচ বছর ওখানে ছিলে? মন-কমন করত না দেশের জন্যে?

—Oh, at times I felt so terribly homesick—homesick for Bengal—

শেষ দু-বছর দেশ দেখবার জন্য পাগল হয়েছিলুম— ।

ফুটপাথ বাহিয়া কয়েকটি ফিফিঞ্জ মেয়ে হাসি বলরব করিতে করিতে পথ চলিতেছে, অপদ সাগ্ৰহে সেদিকে চাহিয়া রহিল। মানুষের গলার সদৃশ মানুষের কাছে এত কাম্যও হয়। রাস্তাভরা লোকজন, মোটর গাড়ি, পাশের একাট একতলা বাড়িতে সাজানো গোছানো ছোট ঘরে কয়েকটি সাহেবের ছেলেমেয়ে ছুটোছুটি করিয়া খেলা করিতেছে—সবই অদ্ভুত সবই সদৃশের বলিয়া মনে হয়। আলোকোজ্জ্বল রেস্টোরাঁটার অনবরত লোকজন ঢুকিতেছে, বাহির হইতেছে, মোটর হর্নের আওয়াজ, মোটর বাইকের শব্দ, একখানা রিক্সা গাড়ি ঠুং ঠুং করিতে করিতে চলিয়া গেল—অপদ চাহিয়া চাহিয়া দাঁখিতেছিল—যেন এসব সে এখনও দেখে নাই।

সুরেশ্বরকে বলিল—দেখুন জানালায় ধারে এসে—ঐ যে নক্ষত্রটা দেখছেন, আজ ক'বছর ধরে ওটাকে উঠতে দেখেছি ঘন বন-জঙ্গল-ভরা পাহাড়ের মাথার ওপরে। আজ ওটাকে হোয়াইটওয়ে লেডলার বাড়ির মাথার ওপরে উঠতে দেখে কেমন নতুন নতুন ঠেকছে। এই তো পৌনে দশটা রাত? এ সময় গত পাঁচ বৎসর শূন্য আমি জঙ্গল পাহাড়—আর তৌড়য়ার ডাক, কখনো কখনো বাঘের ডাকও—। আর কি loneliness! শহরে বসে সে সব বোঝা যাবে না।

সুরেশ্বরও নিজের কথা বলিল। চট্টগ্রাম অঞ্চলে কোন কলেজের অধ্যাপক, বিবাহ করিয়াছে কলিকাতায়। সম্প্রতি শালীর বিবাহ উপলক্ষে আসিয়াছে। বলিল—দ্যাখ ভাই, তোমার ও জীবন একবার আশ্বাদ করতে ইচ্ছে হয়—কিন্তু তখন কি জানতুম বিয়ে এমন জিনিস হয়ে দাঁড়াবে? যদি কিছু করতে চাও জীবনে, বিয়ে করো না কখনও, বলে দিলুম। বিয়ে করো নি তো?

অপদ হাসিয়া বলিল—ওঃ, আমি ভাবছি আপনার এ লেকচার যদি বৌদি শুনতেন!...

—না না, শোনো। সত্যি বলছি, সে উর্নিশ-শো পনেরো সালের সুরেশ্বর আর নই আমি। সংসারের হাড়িকাঠে ঘোবন গিয়েছে, শক্তি গিয়েছে, স্বপ্ন গিয়েছে, জীবনটা বৃথা খুইয়েছি—কত কি করবার ইচ্ছে ছিল—ও, যেদিন এম. এ. ডিপ্লোমাটা নিয়ে কনভোকেশন হল থেকে বেরুলাম, মনে আছে মাঘের শেষ, গোলদাঁঘির দেবদারু গাছে নতুন পাতা গিজিয়েছে, সবে দাঁখনা হাওয়া শূন্য হয়েছে, গাউন সমেত এক দোকানে গিয়ে ফটো ওঠালুম, কি খুশী! মনে হ'ল, সারা পৃথিবীটা আমার পায়ের তলায়! ফটোখানা আজও আছে—চেয়ে দেখে ভাবি, কি ছিলুম কি হয়ে দাঁড়িয়েছি! পাড়াগাঁয়ের কলেজে তিন-শো চাঁদ্বশ দিন একই কথা আওড়াই, দলাদলি করি, প্রিন্সিপ্যালের মন যোগাই, স্ত্রীব সঙ্গে ঝগড়া করি, ছেলেদের ডাক্তার দেখাই, এর মধ্যে মেয়ের বিয়ের ভাবনাও ভাবি—না না, তুমি হেসো না, এসব ঠাট্টা নয়।

অপদ বলিল—এত সেন্টেমেন্টাল হয়ে পড়লেন কেন হঠাৎ সুরেশ্বরদা—এক পেয়লা কাফ—

—না না, তোমাকে পেয়ে সব বললুম, কারুর কাছে বলি নে, কে বুঝবে, তারা সবাই দেখছে, দিব্যি চাকরি করছি, মাইনে বাড়ছে, তবে তো বেশই আছি। আমি যে মরে যাচ্ছি, তা কেউ বুঝবে না।

রেস্টোরাঁ হইতে বাহির হইয়া পরস্পর বিদায় লইল। অপদ বলিল—জানেন তো বলেছে—In each of us a child has lived and a child has died—a child of promise, who never grew up—আচ্ছা, জীবনটা অদ্ভুত জিনিস সুরেশ্বরদা—অত সহজে তাকে উড়িয়ে দেওয়া চলে না। আচ্ছা আসি, বড় আনন্দ পেলাম আজ। যখন প্রথম

কলকাতায় পড়তে আসি, জায়গা ছিল না, তখন আপনারা জায়গা দিয়েছিলেন, সে কথা ভুলি নি এখনও ।

পরদিন দুপুর পর্যন্ত সে ঘুমাইয়া কাটাইল । বৈকালের দিকে ভবানীপুরে লীলার মামার বাড়ি গেল । অনেক দিন সে লীলার কোন সংবাদ জানে না—দূর হইতে লাল ইঁটের বাড়িটা চোখে পড়িতেই একটা আশা ও উদ্বেগে বুক টিপ্ টিপ্ করিয়া উঠিল, লীলা এখানে আছে,—না নাই—এদি গিয়া দেখে সে আছে ! সেই একদিন দেখা হইয়াছিল অপর্ণার মৃত্যুর পূর্বে । আজ আট বৎসর হইতে চলিল—এই দীর্ঘ সময়ের মধ্যে আর কোন দিন দেখা হয় নাই ।

প্রথমেই দেখা হইল লীলার ভাই বিমলেশ্বর সঙ্গে । সে আর বালক নাই, খুব লম্বা হইয়া পড়িয়াছে, মুখের চেহারা অন্য রকম দাঁড়াইয়াছে । বিমলেশ্বর প্রথমটা যেন অপুকে চিনিতে পারিল না, পরে চিনিয়া বৈঠকখানার পাশের ঘরে লইয়া বসাইল । দু পাঁচ মিনিট একথা ও-কথার পরে অপু যতদূর সম্ভব সহজ স্বরে বলিল—তারপর তোমার দিদির খবর কি—এখানে না শ্বশুরবাড়ি ?

বিমলেশ্বর কেমন একটা আশ্চর্য্য সুরে বলিল—ও, ইয়ে আসুন আমার সঙ্গে—চলুন ।

কেমন একটা অজানা আশঙ্কায় অপু মন ভরিয়া উঠিল, ব্যাপার কি ? একটু পরে গিয়া বিমলেশ্বর রাস্তার মোড়ে দাঁড়াইয়া নীচু স্বরে বলিল—দিদির কথা কিছ্ শোনেন নি আপনি ? অপু উদ্ভিন্নমুখে বলিল—না—কি ? লীলা আছে তো ?

—আছেও বটে, নেইও বটে । সে সব অনেক কথা, আপনি ফ্যামিলির ফ্রেণ্ড বলে বলছি । দিদি ঘর ছেড়েছে । স্বামী গোড়া থেকেই ঘোর মাতাল—অতি কু-চরিত্র । বোষ্টক স্ট্রীটের এক ইহুদী মেয়েকে নিয়ে বাড়াবাড়ি আরম্ভ ক'রে দিলে—তাকে নিজের বাসাতে রাখে নিয়ে যেতে শুরুর করলে । দিদিকে জানেন তো ? তেজী মেয়ে, এ সব সহ্য করার পাত্রী নয়—সেই রাতেই ট্যান্স ডাবিয়ে পশুপুকুরে চলে আসে নিজের ছোট মেয়েটাকে নিয়ে । মাস দুই পর একদিন দাদাবাবু এল, মেয়েকে সিনেমা দেখাবার ছুতো ক'রে নিয়ে গেল জম্বলপুরে... আর দিদির কাছে পাঠায় না । তারপর দিদি যা করেছে—সে যে আবার দিদি করতে পারত তা কখনও কেউ ভাবে নি । হীরক সেনকে মনে আছে ? সেই যে ব্যারিস্টার হীরক সেন, আমাদের এখানে পার্টিতে দেখেছেন অনেকবার । সেই হীরক সেনের সঙ্গে দিদি একদিন নিরুদ্দেশ হয়ে গেল । এক বৎসর কোথায় রইল—আজকাল ফিরে এসেছে, কিন্তু হীরক সেনকে ছেড়েছে । একা আলিপুরে বাড়ি ভাড়া নিয়ে থাকে । এ বাড়িতে তার নাম আর করার উপায় নেই । মা কাশীবাসিনী হয়েছেন, আর আসবেন না ।

কথা শেষ করিয়া বিমলেশ্বর নিজেকে একটু সংযত করার জন্যই বোধ হয় একটু চুপ করিয়া রহিল । পরে বলিল,—হীরক সেন কিছ্ না—এ শব্দ তার একটা শোধ তোলা মাত্র, সেন তো শব্দ উপলক্ষ । আচ্ছা, তবে আসি অপুশব্দে, এখন কিছ্ দিন থাকবেন তো এখানে ?—বিমলেশ্বর চলিয়া যায় দেখিয়া অপু কথা খঁজিয়া পাইল, তাড়াতাড়ি তাহার হাতখানা ধরিয়া অকারণে বলিল—শোনো, শোনো, লীলা আলিপুরে আছে তা হলে ?

এ প্রশ্ন সে করিতে চাহে নাই, সে জানে এ প্রশ্নের কোন অর্থ নাই । কিন্তু এক সঙ্গে এত কথা জিজ্ঞাসা করিতে ইচ্ছা হইতছিল—কোনটা সে জিজ্ঞাসা করিবে ?

বিমলেশ্বর বলিল,—এতে আমাদের যে কি মর্ম্মান্তিক—বর্ষ্মানে আমাদের বাড়ির সেই নিস্তারিণী ঝিকে মনে আছে ? সে দিদিকে ছেলেবেলায় মানুস করছে, পুঞ্জের সময় বাড়ি গেলুম, সে ভেউ-ভেউ ক'রে কাঁদতে লাগল । সে-বাড়িতে দিদির নাম পর্যন্ত করার জো নেই । রমেনদা আজকাল বাড়ির মালিক, বন্ধলেন না ? দিদিও সুখে নেই, বলবেন না কাউকে,

আমি লুকিয়ে যাই, এত কাঁদে মেয়ের জন্যে। হীরক সেন দাঁদির টাকাগুলো দু হাতে উড়িয়েছে, আবার বলেছিল বিলেতে বেড়াতে নিয়ে যাবে। সেই লোভ দেখিয়েই নাকি টানে—দাঁদি আবার তাই বিশ্বাস করত। জানেন তো দাঁদিরও বোঁক আছে, চিরকাল।

বিমলেশ্বর চলিয়া যাইতে উদ্যত হইলে, অপু আবার গিয়া তাহার হাত ধরিয়া বলিল—
তুমি মাঝে মাঝে কোন্ সময়ে যাও?—বিমলেশ্বর বলিল—রোজ যে যাই তা নয়, বিকেলে দাঁদি মোটরে বেড়াতে আসে ভিক্টোরিয়া মোমোরিয়ালের সামনের মাঠে, এখানে দেখা করি।

বিমলেশ্বর চলিয়া গেলে অপু অন্যমনস্ক ভাবে হাঁটিতে হাঁটিতে রসা রোডে আসিয়া পড়িল—কি ভাবিতে ভাবিতে সে শব্দই হাঁটিতে লাগিল। পথের ধারে একটা পার্ক, ছেলেমেয়েরা খেলা করিতেছে। দাঁড়ি ঘুরাইয়া ছোট মেয়েরা লাফাইতেছে, সে পার্কটার চুকিয়া একটা বেঙ্গের উপর বসিল। লীলার উপর রাগ বা অভিমান কোনটাই হইল না, সে অনভব করিল, এত ভালবাসে নাই সে কোনাদিনই লীলাকে। এই আট বৎসরে লীলা তো তাহার কাছে অবাস্তব হইয়া পড়িয়াছে, তাহার মন্থ পর্ষস্তু ভাল মনে হয় না, অথচ মনের কোন্ গোপন অশ্ধকার কোণে এত ভালবাসা সঞ্চিত হইয়াছিল তাহার জন্য! ভাবিল, ওর দাদামশায়েরই যত দোষ, কে এ বিয়ে দিতে মাথার দাঁবি্য দিয়োঁছিল তাঁকে? বেচারী লীলা! সবাই মিলে ওর জীবনটা নষ্ট করৈঁ দিলে!

কিছুদিন কলিকাতায় থাকিবার পরে সে বাসা বদলাইয়া অন্য এক বোর্ডিং-এ গিয়া উঠিল। পুরানো দিনের কণ্ঠগুলো আবার সবই আসিয়া জুটিয়াছে—একা এক ঘরে থাকিবার মত পয়সা হাতে নাই, অথচ দুই-তিনটি কেরানীবাবুর সঙ্গে এক ঘরে থাকা আজকাল তাহার পক্ষে একেবারেই অসম্ভব মনে হয়। লোক তাঁহারা ভালই, অপু'র চেয়ে বয়স অনেক বেশী, সংসারী, ছেলেমেয়ের বাপ। ব্যবহারও তাঁহাদের ভাল। কিন্তু হইলে কি হয়, তাঁহাদের মনের ধারা যে-পথ অবলম্বনে গড়িয়া উঠিয়াছে অপু তাহার সহিত আদৌ পরিচিত নয়। সে নিঃসর্জনতা-প্রিয়, একা চুপ করিয়া বসিয়া থাকিতে চায়, সেইটাই এখানে হইবার জো নাই। হয়ত সে বৈকালের দিকে বারান্দাটাতে সবে আসিয়া বসিয়াছে—কেশববাবু হুঁকা হাতে পিছন হইতে বলিয়া উঠিলেন—এই যে অপু'র বাবু, একাটি বসে আছেন? চৌধুরী-ব্রাদার্স বৃদ্ধি এখনও অফিস থেকে ফেরেন নি? আজ শোনে ন কি বৃদ্ধি মোহনবাগানের কাণ্ডটা? আরে রামোঃ—শুনুন তবে—

কলিকাতা তাহার পুরাতন রূপে আবার ফিরিয়া আসিয়াছে। সেই ধলা, ধোঁয়া, গোলমাল, একষেয়েমি, সংকীর্ণতা, সব দিনগুলো এক রকমের হওয়া—সেই সব।

সে চলিয়া আসিত না, কিংবা হয়ত আবার এতদিনে চলিয়া যাইত, মন্থশকিল এই যে, মিঃ রায়চৌধুরীও ওখানকার কাজ শেষ করিয়া কলিকাতায় ফিরিয়া একাটি জয়েন্টস্টক কোম্পানী গড়িবার চেষ্টায় আছেন, অপুকে তাঁহার অফিসে কাজ দিতে রাজী হইয়াছেন। কিন্তু অপু বসিয়া বসিয়া ভাবিতেছিল, গত ছ'বছরের জীবনের পরে আবার কি সে অফিসের ডেস্ক বসিয়া কেরানীগার করিতে পারিবে? এদিকে পয়সা ফুরাইয়া আসিল যে! না করিলেই বা চলে কিসে?

সেখানে থাকিতে, এই ছয় বৎসরে যা হইয়াছিল, অপু বোঝে এখানে তা চর্শ্বশ বৎসরেও হইত না। আটের নতুন স্বপ্ন সেখানে সে দেখিয়াছে।

ওখানকার সূর্যাস্তের শেষ আলোয়, জনহীন প্রান্তরে, নিস্তম্ভ আরণ্যভূমির মায়ায়, অশ্ধকার-ভরা নিশীথ রাত্রির আকাশের নীচ, শালমঞ্জরীর ঘন সূবাসভরা দুপু'রের রোদে সে জীবনের গভীর রহস্যময় সৌন্দর্যকে জানিয়াছে।

কিন্তু কলিকাতার মেসে তাহা তো মনে আসে না—সে ছাঁককে চিন্তায় ও কল্পনায় গড়িয়া

তুলিতে গভীরভাবে নিৰ্জন চিন্তার দরকার হয়—সেইটাই তাহার হয় না এখানকার মেসজীবনে। সেখানে তাহার নিৰ্জন প্রাণের গভীর, গোপন আকাশে সত্যের যে নক্ষত্রগুণ স্বতঃস্ফূর্ত ও জ্যোতিস্মান হইয়া দেখা দিয়াছিল, এখানকার তরল জীবনানন্দের পূর্ণ জ্যোতিস্মান হয়ত তাহারা চিরদিনই অপ্রকাশ রহিয়া যাইত।

মনে আছে, সে ভাবিয়াছিল, ঐ সৌন্দর্যকে, জীবনের ঐ অপূৰ্ণ রূপকে সে যতদিন কাল-কলমে বন্দী করিয়া দশজনের চোখের সামনে না ফুটাইতে পারিবে—ততদিন সে কিছতেই ক্ষান্ত হইবে না—

আর একদিন সেখানে সে কি অতুত শিক্ষাই না পাইয়াছিল।

ঘোড়া করিয়া বেড়াইতেছিল। এক জায়গায় বনের ধারে ঝোপের মধ্যে অনেক লতাগাছে গা লুকাইয়া একটা তেলাকুচা গাছ। তেলাকুচা বাংলার ফল—অপরিচিত মহলে একমাত্র পরিচিত বৃক্ষ, সেখানে দাঁড়াইয়া গাছটাকে দেখিতে বড় ভাল লাগিতেছিল।...তেলাকুচা লতার পাতাগুলা সব শুকাইয়া গিয়াছে, কেবল অগ্রভাগে ঝুলিতেছিল একটা আধ-পাকা ফল। তারপর দিনের পর দিন সে ঐ লতাটার মৃত্যু-মশ্রনা লক্ষ্য করিয়াছে। ফলটা যতই পাকিয়া উঠিতেছে, বোটার গোড়ায় যে অংশ সবুজ ছিল, সেটুকু যতই রাঙা সিঁদুরের রং হইয়া উঠিতেছে, লতাটা ততই দীর্ঘ দিন হলে শীর্ণ হইয়া শুকাইয়া আসিতেছে।

একদিন দেখিল, গাছটা সব শুকাইয়া গিয়াছে, ফলটাও বোটা শুকাইয়া গাছে ঝুলিতেছে, তুলতুলে পাকা, সিঁদুরের মত টুকটুকে রাঙা—যে কোন পাখি, বানর কি কাঠবেড়ালীর অতি লোভনীয় আহাৰ্য্য। যে লতাটা এতদিন ধরিয়া ন'কোটি মাইল দূরের সূর্য হইতে তাপ সংগ্রহ করিয়া, চারিপাশের বায়ুমণ্ডল হইতে উপাদান লইয়া মৃত, জড়পদার্থ হইতে এ উপাদেয় খাবার তৈয়ারী করিয়াছিল, তাহার জীবনের উদ্দেশ্য শেষ হইয়া গিয়াছে—ঐ পাকা টুকটুকে ফলটাই তাহার জীবনের চরম পরিণতি! ফলটা পাখিতে কাঠবেড়ালীতে খাইবে, এজন্য গাছটাকে তাহারা ধন্যবাদ দিবে না; তেলাকুচা লতাটা অজ্ঞাত, অখ্যাতই থাকিয়া যাইবে। তবুও জীবন তাহার সার্থক হইয়াছে—ঐ টুকটুকে ফলটাতে ওর জীবন সার্থক হইয়াছে। যদি ফলটা কেউ না-ই খায়, তাহাতেও ক্ষতি নাই, মাটিতে বাড়িয়া পড়িয়া আরও কত তেলাকুচার জন্ম ঘোষণা করিবে, আরও কত লতা, কত ফুল-ফল, কত পাখির আহাৰ্য্য।

মন তখন ছিল অদ্ভুত রকমের তাজা, সবল, গ্রহণশীল, সহজ আনন্দময়। তেলাকুচা-লতার এই ঘটনাটা তাহার মনে বড় ধাক্কা দিয়াছিল—সে কি ঐ সামান্য বন-ঝোপের তেলাকুচা-লতাটার চেয়েও হীন হইবে?...তাহার জীবনের কি উদ্দেশ্য নাই? সে জগতে কি কিছ দিবে না?

সেখানে কতদিন শালবনের ছায়ায় পাথরের উপর কঁসয়া দুপুরে এ প্রশ্নমনে জাগিয়াছে! ...কত নিস্তম্ভ তারাভরা রাতে গভীর বিস্ময়ের দৃষ্টিতে তাঁবুর বাহিরের ঘন নৈশ অশ্চকারের দিকে চাহিয়া চাহিয়া এই ঘব স্বপ্নই মনে জাগিত। বহু দূর, দূর ভবিষ্যতে শিরীষফুলের পাপাড়র মত নরম ও কচি-মৃদু কত শত অনাগত বংশধরদের কথা মনে পড়িত, খোকার মৃদুখানা কি অপূৰ্ণ প্রেরণা দিত সে সময়!—ওদেরও জীবনে কত দুঃখরাতের বিপদ আসিবে, কত সন্ধ্যার অশ্চকার ঘনাইবে—তখন যুগান্তের এপার হইতে দুঃহস্ত বাড়াইয়া দিতে হইবে তোমাকে—তোমার কত শত বান্দ্র রজনীর মৌন জনসেবা, হে বিস্মৃত পথের মহাজন পাখিক, একদিন সার্থক হইবে—অপরের জীবনে।

দুঃখের নিশীথে তাহার প্রাণের আকাশে সত্যের যে নক্ষত্রাজি উজ্জ্বল হইয়া ফুটিয়াছে— তা সে লিপিবদ্ধ করিয়া রাখিয়া যাইবে, জীবনকে সে কি ভাবে দেখিল তাহা লিখিয়া রাখিয়া যাইবে—

নিজের প্রথম বইখানির দিনে দিনে প্রবন্ধমান পাণ্ডুলিপিপকে সে সন্মেনহ প্রতীক্ষার চোখে দেখে—বইয়ের ভবিষ্যৎ সম্বন্ধে কত কথা তাহার আগ্রহভরা বক্ষপক্ষনে আশা, আনন্দের সঙ্গীত জাগায়—মা যেমন শিশুকে চোখের সম্মুখে কাম্বাহাসির মধ্য দিয়া বাড়িতে দেখেন, দূর, দূর, বক্ষে তাহার ভবিষ্যতের কথা ভাবেন—তেমনি ।

বই-লেখার কণ্টকু করার চেয়ে বইয়ের কথা ভাবিতে ভাল লাগে । কাদের কথা বইয়ে লেখা থাকিবে ?—কত লোকের কথা । গরীবদের কথা । ওদের কথা ছাড়া লিখিতে ইচ্ছা হয় না ।

পথে ঘাটে, হাটে, গ্রামে, শহরে, রেলের কত অশ্রুত ধরণের লোকের সঙ্গে পরিচয় ঘটিয়াছে জীবনে—কত সাধু-সন্ন্যাসী, দোকানী, মাষ্টার, ভিখারী, গায়ক, পুতুল-নাচওয়াল, আম-পাড়ানি, ফেরিওয়াল, লেখক, কবি, ছেলে-মেয়ে—এদের কথা ।

আজিকার দিন হইতে অনেক দিন পরে—হয়তো শত শত বৎসর পরে তাহার নাম যখন এ-বছরের-ফোটা-শালফুলের মঞ্জরীর মত—কিংবা তাহার ঘরের কোণের মাকড়সার জালের মত—কোথায় মিলাইয়া যাইবে, তখন তাহার কত অনাগত বংশধর কত সকালে সম্মুখ, মাঠে, গ্রাম্য নদীতীরে, দুঃখের দিনে, শীতের সম্মুখ অথবা অন্ধকার গহন নিস্তম্ব দূপের রাতে, শিশিরভেজা ঘাসের উপর তারার আলোর নীচে শুইয়া-শুইয়া তাহার বই পড়িবে—কিংবা বইয়ের কথা ভাবিবে ।

ভবিষ্যৎ সম্বন্ধে কত আশংকাও জাগে । যদি কেউ না পড়ে ? আবার ভাবে, পৃথিবীর কোন অতীতে আদিম যুগের শিল্পীদল দুর্গম গিরিগুহার অন্ধকারে বৃষ, বাইসন, ম্যামথ আঁকিয়া গিয়াছিল—প্রাচীনদিনের বিস্মৃত প্রতিভা এককাল পর তাহার দাবি আদায় করিতেছে—নতুবা ক্যান্টোরিয়া, দর্দ্রু ও পিরেনিজের পশ্চতগুহাগুলায় দেশবিদেশের মনীষী ও ভ্রমণকারীদের এত ভিড় কিসের ? তেলাঁকুচা লতাটা শুকাইয়া গিয়াছে ; কিন্তু সে জীবন দিয়া ফলটাকে মানুষ করিয়া গিয়াছে যে ! আত্মদানের ফল বৃথা যাইবে না । কত গাছ গঙ্গাইবে ওর বীজে—

নিজের প্রথম বইখানি—মনে কত চিন্তাই আসে । অনভিজ্ঞ মন সবতাতেই অবাক হইয়া যায়, সবতাতেই গাঢ় পদলক অনুভব করে ।

এই তাহার বই লেখার ইতিহাস ।

কিন্তু প্রথম ধাক্কা খাইল বইখানার পাণ্ডুলিপি হাতে দোকানে দোকানে ঘুরিয়া । অজ্ঞাত-নামা লেখকের বই কেহ লওয়া দুরে থাকুন, ভাল করিয়া কথাও বলে না । একটা দোকানে খাতা রাখিয়া যাইতে বলিল । দিন পাঁচেক পরে তাহাদের একখানা পোস্টকার্ড পাইয়া অপু ভাল কাপড় পরিয়া, জুতা বদল করিয়া বন্ধুর চশমা ধার করিয়া দূর, দূর, বক্ষে সেখানে গিয়া হাজির হইল । অত ভাল বই তাহার—পড়িয়া হয়ত উহারা অবাক হইয়া গিয়াছে ।

দোকানের মালিক প্রথমে তাহাকে চিনিতে পারিল না, পরে চিনিয়া বলিল—ও ! ওহে সতীশ, এঁর সেই খাতাখানা একে দিয়ে দাও তো—বড় আলমারির দেয়ালে দেখো ।

অপু কপাল ঘামিয়া উঠিল । খাতা ফেরত দিতে চায় কেন ? সে বিবর্ণ মুখে বলিল—আমার বইখানা কি—

না । নতুন লেখকের বই নিজের খরচে তাহারা ছাপাইবে না । তবে যদি সে পাঁচ শত টাকা খরচ দেয়, তবে সে অন্য কথা । অপু অত টাকা কখনও এক জায়গায় দেখে নাই ।

পরদিন সকালে বিমলেশ্বর অপু বাসার আসিয়া হাজির । বৈকালে পাঁচটার সময় ভিক্টোরিয়া মেমোরিয়ালের সামনের মাঠে লীলা আসিবে, বিশেষ করিয়া বলিয়া দিয়াছে

তাহাকে লইয়া যাইতে ।

বৈকালে বিমলেশ্বর আবার আসিল । দু'জনে মাঠে ঘন্টাখানেক অপেক্ষা করিবার পর বিমলেশ্বর একটা হলদে রঙের মোটর দেখাইয়া বলিল, ঐ দাঁদি আসছে—আসুন, গাছতলার গাড়ি পার্ক করবে, এখানে স্ট্র্যাফিক পুলিশে আজকাল বড় কড়াকড়ি করে ।

অপদ্বর বুক টিপ-টিপ করিতেছিল । কি বলিবে, কি বলিবে সে লীলাকে ?

বিমলেশ্বর আগে আগে, অপদ্বর পিছনে পিছনে । লীলা গাড়ি হইতে নামে নাই, বিমলেশ্বর গাড়ির জানালার কাছে গিয়া বলিল,—দাঁদি, অপদ্বর বাবু এসেছেন, এই যে ।—পরক্ষণেই অপদ্বর গাড়ির পাশে দাঁড়াইয়া হাসিমুখে বলিল—এই যে, কেমন আছ, লীলা ?

সত্যই অপদ্বর সুন্দর । অপদ্বর মনে হইল, যে-কবি বলিয়াছেন, সৌন্দর্য্যই একটা মহৎ গুণ, যে সুন্দর তাহার আর কোন গুণের দরকার হয় না, তিনি সত্যদর্শী, অক্ষরে অক্ষরে তাহার উক্তি সত্য ।

তবুও আগের লীলা নাই, একটু মোটা হইয়া পড়িয়াছে, মুখের পে তরুণ লাভ্য আর কই ? মুখের পরিণত সৌন্দর্য্য ঠিক তাহার মা মেজবৌরানীর এ বয়সে যাহা ছিল তাই, সেই ছেলেবেলায় বশ্বমানের বাটীতে দেখা মেজবৌরানীর মুখের মত । ঊনাম লালসামাখা সৌন্দর্য্য নয়—শান্ত, বরণ যেন্দুকিছন্ন বিষয় ।

বাড়ির বাহির হইয়া গিয়াছে যে-মেরে, তাহার ছবির সঙ্গে অপদ্বর কিছুতেই এই বিষয়-নয়না দেবীমূর্ত্তিকে খাপ খাওয়াইতে পারিল না । লীলা ব্যস্ত হইয়া হাসিমুখে বলিল—এসো, অপদ্বর এসো । তুমি তো আমাদের ভুলেই গিয়েচ একেবারে । উঠে এসে বসো । চলো, তোমাকে একটু বেড়িয়ে নিয়ে আসি । শোভা সিং, লোক—

লীলা মধ্যে বাসিল, ও-পাশে বিমলেশ্বর, এ-পাশে অপদ্বর, অপদ্বর মনে পড়িল বাল্যকাল ছাড়া লীলার এত কাছে সে আর কখনও বসে নাই । বার বার লীলার মুখের দিকে চাহিয়া চাহিয়া দেখিতেছিল । এতকাল পরে লীলাকে আবার এত কাছে পাইয়াছে—বার বার দেখিয়াও যেন তৃপ্ত হইতেছিল না । লীলা অনর্গল বকিতেছিল, নানারকম মোটরগাড়ির তুলনামূলক সমালোচনা করিতেছিল, মাঝে মাঝে অপদ্বর সম্বন্ধে এটা-ওটা প্রশ্ন করিতেছিল । লোক দেখিয়া অপদ্বর কিন্তু নিরাশ হইল । সে মনে মনে ভাবিল—এই লোক ! এরই এত নাম ! এ কলকাতার বাবুদের ভাল লাগতে পারে—ভারী তো ! লীলা গাভার এরই এত সুখ্যাতি করছিল—আহা, বেচারী কলকাতা ছেড়ে বিশেষ কোথাও তো যায় নি !—লীলা পাছে অপ্রতিভ হয় এই ভয়ে সে নিজের মতটা আর ব্যস্ত করিল না । একটা নারিকেল গাছের তলায় বোধি পাতা—সেখানে দু'জনে বাসিল । বিমলেশ্বর মোটর লইয়া লোক ঘুরিতে গেল । লীলা হাসিমুখে বলিল—তারপর, তুমি নাকি দিগ্বিজয়ে বেরিয়েছিলে ?

—তোমার বশ্বরবাড়ির দেশে গিয়েছিলুম—জম্বলপদুরের কাছে ।—বলিয়া ফেলিয়া অপদ্বর ভাবিল কথাটা বলা ভাল হয় নাই, হয়তো লীলার মনে কষ্ট হইবে—হিঃ—

কথাটা ঘুরাইয়া ফেলিয়া বলিল—আচ্ছা ঐ ধীপ-মতন ব্যাপারগুলো—ওতে যাবার পথ নেই...

—সাঁতার দিলে যাওয়া যায় । তুমি র্তো ভালো সাঁতার জানো—না ? ও-সব কথা থাক—এতদিন কোথায় ছিলে, কি করছিলে বলা । তোমাকে দেখে আজ এত খুশী হইছি !...আমার বাসায় এসো আলিপুরে—চা খাবে । একটু তামাটে রঙ হয়েছে, কেন ? ...রোদে ঘুরে ঘুরে বৃষ্টি—আচ্ছা, আমার কথা তোমার মনে ছিল ?

অপদ্বর একটু হাসিল । কোন নাটুকে ধরণের কথা সে মুখে বলিতে পারে না । আর এই সময়েই বত মদুখচোরা রোগ আসিয়া জেটে ! কতকাল পরে তো লীলাকে একা কাছে

পাইয়াছে—কিন্তু মূখে কথা যোগায় কৈ? ...কত কথা লীলাকে বলিবে ভাবিয়াছিল—এখন লীলাকে কাছে পাইয়া সে-সব কথা মূখ দিয়া তো বাহির হয়ই না—বরং নিতান্ত হাস্যকর বলিয়া মনে হয়।

হঠাৎ লীলা বলিল—হ্যাঁ ভালো কথা, তুমি নাকি বই লিখেছ? একদিন আমাকে দেখাবে না, কি লিখলে? আমি জানি তুমি একদিন বড় লেখক হবে, তোমার সেই ছেলেবেলার গল্প লেখার কথা মনে আছে? তখন থেকেই জানি।

পরে সে একটা প্রস্তাব করিল। বিমলেন্দুর মূখে সে সব শুনিয়াছে, বইওয়ালারা বই লইতে চায় না—ছাপাইতে কত খরচ পড়ে? এ বই ছাপাইয়া বাহির করিবার সম্ভব খরচ দিতে সে রাজী।

অপ্রত্যাশিত আনন্দে অপূর সারা শরীরে যেন একটা বিদ্যুতের ঢেউ খেলিয়া গেল। সব খরচ! যত লাগে! তবুও আজ সে মূখে কিছুর বলিল না।

অপূর মনে লীলার জন্য একটা করুণা ও অননুক্ষণা জাগিয়া উঠিল, ঠিক পুরাতন দিনের মত। লীলারও কত আশা ছিল আর্টিস্ট হইবে, ছবি আঁকিবে, অনভিজ্ঞ তরুণ বয়সে তাহারই মত কত কি স্বপ্নের জাল বুনিত। এখন শূন্য নতুন নতুন মোটরগাড়ি কিনিতেছে, সাহেবী দোকানে লেন কিনিয়া বেড়াইতেছে—পুরাতন দিনের যজ্ঞবেদীতে আগুন কই, নিভিয়া গিয়াছে। যজ্ঞ কিন্তু অসমাপ্ত। কুপার পাত্র লীলা! অভাগিনী লীলা!

ঠিক সেই পুরাতন দিনের মত মনটি আছে কিন্তু। তাহাকে সাহায্য করিতে মায়ের-পেটের-মমতাময়ী-বোনের মতই হাত বাড়াইয়া দিয়াছে অমনি। আশৈশব তাহার বন্ধু... তাহার সস্বন্ধে অন্ততঃ ওর মনের তারটি খাঁটি সুরেই বাজিল চিরদিন। এখানেও হয়ত করুণা, মমতা, অননুক্ষণা—ওদেরই বাড়িতে না তাহার মা ছিল রাধুনী, কে জানে হয়তো কোন শূভ মুহুর্তে তাহার হীনতা, দৈন্য, অসহায় বাল্যজীবন, বড়লোকের মেয়ে লীলার কোমল বাল্য-মনে ঘা দিয়াছিল, সহানুভূতি, করুণা, মমতা জাগাইয়াছিল। সকল সত্যকার ভালবাসার মশলা এরাই—এরা যেখানে নাই, ভালবাসা সেখানে মাদকতা আনিতে পারে, মোহ আনিতে পারে, কিন্তু চিরস্থায়িত্বের পিন্ধতা আনে না।

সে ভাবিল, লীলার মনটা ভাল বলে সেই সুরমোগে সবাই ওর টাকা নিচ্ছে। ও বেচারী এখনও মনে সেই ছেলেমানুষটি আছে—আমি ওকে exploit করতে পারব না। দরকার নেই আমার বই-ছাপানোর।

এদিকে মূর্শকিল। হাতের টাকা ফুরাইল। চাকুরিও জোটে না।

মিঃ রায়চৌধুরী অনবরত ঘুরাইতে ও হাটাইতে লাগিলেন। অপূর যেখানে ছিল সেখানে আবার এঁরা ম্যাজ্ট্রাজের কাজ আরম্ভ করিয়াছেন, অপূর ধরিয়া পড়িল তাহাকে আবার সেখানে পাঠানো হউক। অনেকেদিন ঘোরানোর পর মিঃ রায়চৌধুরী একদিন প্রস্তাব করিলেন, সে আরও কম টাকা বেতনে সেখানে যাইতে রাজী আছে কি না? অপমানে অপূর চোখে জল আসিল, মূখ রাঙা হইয়া উঠিল। একথা বলিতে উহারা আজ সাহস করিল শূন্য এইজন্য যে, উহারা জানেন যতই কমে হউক না কেন সে সেখানে ফিরিয়া যাইতে রাজী হইবে। অর্থের জন্য নয়—অর্থের জন্য এ অপমান সে সহ্য করিবে না নিশ্চয়।

কিন্তু...

শরতের প্রথম—নিচের অধিত্যকায় প্রথম আবলুস ফল পাকিতে শুরুর করিয়াছে বটে, কিন্তু মাথার উপরে পশ্চিমসান্দর উচ্চস্থানে এখনও বর্ষা শেষ হয় নাই। টেপারী বনে এখনও ফল পাকিয়া হলে হইয়া আছে, ভালুক-দল এখনও সম্মার পরে টেপারী খাইতে

নামে, টিগা পাখির ঝাঁক সারাদিন কলরব করে, আরও উপরে যেখান হইতে বাদাম ও সেগুন বনের শব্দ, সেখানে অল্প সাধা মাজুফল, আরও উপরে রিঠাগাছে থোলো-থোলো ফুল ধরিত্তাছে, এমন কি ভাল করিয়া খুঁজিয়া দেখিলে দু-একটা রিঠাগাছে এখনও দু এক ঝাড় দৌরতে-ফাটা রিঠা ফুলও পাওয়া যাইতে পারে।

সেখানকার সেই বিরাট রক্ষ আরণ্যভূমি, নক্ষত্রালোকিত আলো-আঁধার, উদার জনহীন, বিশাল তৃণভূমি। সেই টানা একঘেয়ে পশ্চিমে হাওয়া, সেই অবাধ জ্যেৎস্না, স্বাধীনতা, প্রসারতা, সেই বিরাট নিঃস্রবতা তাহাকে আবার ডাকিতেছে।

এক এক সময় তাহার মনে হয় কানাডায়, অষ্ট্রেলিয়ায়, নিউজিল্যান্ডে, আফ্রিকায় মানুষ প্রকৃতির এই গুরু সৌন্দর্যকে ধ্বংস করিতেছে সত্য, গাছপালাকে দূর করিয়া দিতেছে বটে, কিন্তু প্রকৃতি একদিন প্রতিশোধ লইবে। ট্রীপকস্-এর অরণ্য আবার জাগিবে, মানুষকে তাহারা তাড়াইবে, আদিম অরণ্যানী আবার ফিরিবে। ধরাবিদ্রাবণকারী সভ্যতাদপী মানুষ যে স্থানে সাম্রাজ্য স্থাপন করিয়াছে, পশ্চতমালার নাম দিয়াছে নিজের দেশের রাজার নামে, হ্রদের নাম দিয়াছে রাজমন্ত্রীর নামে; ওর শব্দশুক, পাখি, শিল, বল্গা-হরিণ, ভালুককে খুন করিয়াছে—তেল, বসা, চামড়ার লোভে, ওর মহিমময় পাইন অরণ্য ধূলিমাৎ করিয়া কাঠের কারখানা খুলিয়াছে, এ সবে প্রতিশোধ একদিন আসিবে।

এ যেন এমন একটা শক্তি বা বিপুল, বিশাল, বিরাট। অসীম ধৈর্যের ও গান্ধীর্ষ্যের সহিত সে সংহত শক্তিতে চূপ করিয়া অপেক্ষা করিতেছে, কারণ সে জানে তাহার নিজ শক্তির বিপুলতা। অপদৃ একবার ছিন্ণওয়রার জঙ্গলে একটা খনির সাইডিং লাইন তৈরি হওয়ার সময়ে আরণ্যভূমির তপস্যাস্তম্ভ, দূরদর্শী, রুদ্ধদেবের মত মৌন, এই গম্ভীর ভাব লক্ষ্য করিয়াছিল। ঐ শক্তিটা ধীরভাবে শব্দ সুযোগ প্রতীক্ষা করিতেছে মাত্র।

অপদৃ কিন্তু চাকরি হইল না। এবার একা মিঃ রায়চৌধুরীর হাত নয়। জয়েন্ট-স্টক কোম্পানীর অন্যান্য ডাইরেটররা নাকি রাজী হইল না। হয়ত বা তাহারা ভাবিল, এ-লোকটার সেখানে ফিরিবার এত আগ্রহ কেন? পুরানো লোক, চুরির সন্দুক-সম্ভান জানে, সেই লোভেই যাইতেছে। তা ছাড়া ডাইরেটররাও মানুষ, তাহাদেরও প্রত্যেকেরই বেকার ভাগনে, ভাইপো, শালীর ছেলে আছে।

সে ভাবিল, চাকরি না হয়, বইখানা বাহির করিয়া দেখিবে চলে কিনা। মাসিক পত্রিকায় দু-একটা গল্পও দিল, একটা গল্পের বেশ নাম হইল, কিন্তু টাকা কেহ দিল না। হঠাৎ তাহার মনে হইল—অপদৃর গহনাগুলি শব্দরবাড়িতে আছে, সেগুলি সেখান হইতে এই সাত-আট বৎসর সে আনে নাই। সেগুলি বোঁচিয়া তেঁ বই বাহির করার খরচ যোগাড় হইতে পারে! এই সহজ উপায়টা কেন এতদিন মাথায় আসে নাই?

সে লীলার কাছে আরও কয়েকবার গেল, কিন্তু কথাটা প্রকাশ করিল না। উপন্যাসের খাতাখানা লইয়া গিয়া পড়িয়া শোনাইল। লীলা খুব উৎসাহ দেয়। একদিন লীলা হিসাব করিতে বসিল বই ছাপাইতে কত লাগিবে। অপদৃ ভাবিল—অন্য কেউ যদি দিত হয়ত নিতুম, কিন্তু লীলা বেচারীর টাকা নেব না।

একদিন সে হঠাৎ খবরের কাগজে তাহার সেই কবিবরাজ বন্দুটির ঔষধের দোকানের বিজ্ঞাপন দেখিতে পাইল। সেইদিনই সন্ধ্যার পর সে ঠিকানা খুঁজিয়া সেখানে গেল, সুকিয়া স্ট্রীটের একটা গলিতে দোকান। বন্দুটি বাহিরেই বসিয়া ছিল, দেখিয়া বলিয়া উঠিল—বাঃ তুমি! তুমি বেঁচে আছ দাদা?

অপদৃ হাসিয়া বলিল—উঃ, কম খুঁজি নি তোমায়! ভাগ্যসু আজ তোমার শিপ্পাশ্রমের

বিজ্ঞাপনটা চোখে পড়ল, তাই তো এলুম। তারপর কি খবর বল? দোকানের আসবাবপত্র দেখে মনে হচ্ছে, অবস্থা ফিরিয়ে ফেলেছ।

বন্দু খানিকটা চূপ করিয়া রহিল। খানিকটা এ-গল্প ও-গল্প করিল। পরে বলিল— এসো, বাসায় এসো।

ছোট সাদা রঙের দোতলা বাড়ি, নীচের উঠানে একটা টিনের শেডের তলায় আট-দশটি লোক কি সব জিনিস প্যাক্ করিতেছে, লেবেল আঁটিতেছে, অন্যদিকে একটা কল ও চোঁবাচা, আর একটা টিনের শেডে গদ্যাম। উপরে উঠিয়াই একটা মাঝারি হলঘর, 'দু'পাশে দু'টা ছোট-ছোট ঘর, বেশ সাজানো। একটা সেট্ টমাসের বড় ব্লক ঘড়ি দালানে টকটক করিতেছে। বন্দু ডাকিয়া বলিল—ওরে বন্দু, শোন, তোর মাকে বল, এক্ষুনি দু'পেয়লা চা দিতে।

অপ্ন উৎসুকভাবে বলিল—তার আগে একবার-বোঁঠাকশুণের সঙ্গে দেখাটা করি— বন্দুকে বল তাঁকে এদিকে একবার আসতে বলতে? না কি, এখন অবস্থা ফিরেছে বলে তিনি আর আমার সঙ্গে দেখা করবেন না?

কবিরাজ বন্দু গ্লানমুখে চূপ করিয়া রহিল—পরে নিম্নসুরে অনেকটা যেন আপন মনেই বলিল—সে আর তোমার সঙ্গে দেখা করবে না ভাই। তাকে আর কোথায় পাবে? রমলা আর সে দুজনেই ফাঁকি দিয়েছে!

অপ্ন অবাধ মুখে তাহার দিকে চাহিয়া রহিল।

—এ মাঘে রমলা গেল, পরের শ্রাবণে সে গেল। ওঃ, সে কি সোজা কষ্ট গিয়েছে ভাই? তখন ওঁদিকে কাবুলীর দেনা, এদিকে মহাজনের দেনা—বাড়িতে যমে-মানুষে টানাটানি চলেছে। তোমার কথা কত বলত। এই শ্রাবণে পাঁচ বছর হয়ে গিয়েছে। তারপর বিয়ে করব, না, করব না,—আজ বছর তিনেক হ'ল বদিয়াবাটীতে—

তারপর বন্দুর কথায় নতুন-বোঁ চা ও খাবার লইয়া অপ্নর সামনেই আসিল। শ্যামবর্ণ, শ্বাস্থ্যবতী, কিশোরী মেয়েটি, চোখ মুখ দেখিয়া মনে হয় খুব চটপটে, চতুর। খাবার খাইতে গিয়া খাবারের দলা যেন অপ্নর গলায় আটকাইয়া যায়। বন্দুটি নিজের কোন্ কালির বড়ি ও পাতা চায়ের প্যাকেটের খুব বিক্রি ও ব্যবসায়ের বিক হইতে এ-দুটি দ্রব্যের সাফল্যের গল্প করিতেছিল।

উঠিবার সময় বাহিরে আসিয়া অপ্ন জিজ্ঞাসা করিল—নতুন বোঁটি দেখতে তো বেশ, এ-দিকেও বেশ গুণবতী, না?

—মন্দ না। কিন্তু বড় মদুখরা ভাই। আগের তাকে তো জানতে? সে ছিল ভাল মানুষ। এর পান থেকে চুন খসলেই—কি করি ভাই, আমার ইচ্ছে ছিল না যে আবার—

ফুটপাথে একা পড়িয়াই অপ্নর মনে পড়িল, পটুয়াটোলার সেই খোলার বাড়ির দরজার প্রদীপ হাতে হাস্যমুখী, নিরাভরণা, দরিদ্র গৃহলক্ষ্মীকে—আজ ছ'বছর কাটিয়া গেলেও মনে হয় যেন কালকার কথা।

একবিংশ পর্নিচ্ছেদ

কাজল বড় হইয়া উঠিয়াছে, আজকাল গ্রামের সীতানাথ পাণ্ডিত সকালে একবেলা করিয়া পড়াইয়া যান, কিন্তু একটু ঘুমকাজুরে বলিয়া সন্ধ্যার পরে দাদামশাইয়ের অনেক বকুনি সত্বেও সে পড়িতে পারে না, চোখের পাতা যেন জড়াইয়া আসে, অনেক সময় যেখানে-সেখানে ঘুমাইয়া পড়ে—রাতে কেহ যদি ডাকিয়া খাওয়ায়, তবেই খাওয়া হয়। তা ছাড়া, বেশী রাতে খাইতে হইলে দাদামশায়ের সঙ্গে বসিয়া খাইতে হয়—সে এক বিপদ।

দাদামশায়ের সহিত পারতপক্ষে কাজল খাইতে বসিতে চাহে না। বড় ভাত ফেলে, ছড়ায়—গুছাইয়া খাইতে জানে না বলিয়া দাদামশায় তাকে খাইতে বসিয়া সহবৎ শিক্ষা দেন।

কাজল আলুভাতে দিয়া শুকনা ভাত খাইতেছে—দাদামশায় হাঁকিয়া বলিলেন—ডাল দিয়ে মাথো—শুধু ভাত খাচো কেন?—মাথো—মেখে খাও—

তাড়াতাড়ি কম্পত ও আনাড়ী হাতে ডাল মাখিতে গিয়া থালার কানা ছাড়াইয়া কিছুর ডাল-মাখা ভাত মাটিতে পড়িয়া গেল। দাদামশায় ধমক দিয়া উঠিলেন—পড়ে গেল, পড়ে গেল—আঃ, ছোড়া ভাতটা পর্যন্ত যদি গুঁছিয়ে খেতে জানে!—তোল্ তোল্—খুঁটে খুঁটে তোল্—কাজল ভয়ে ভয়ে মাটি-মাখা ভাতগুঁড়ি থালার পাশ হইতে আবার থালায় তুলিয়া লইল।—বেগুন পটোল ফেলিছস্ কেন?—ও খাবার জিনিস না?—সব একসঙ্গে মেখে নে—

খানিকটা পরে তাহার দৃষ্টি পড়িল, কাজল উচ্ছেভাজা খায় নাই—তখন অম্বল দিয়া খাওয়া হইয়া গিয়াছে—তিনি বলিলেন—উচ্ছেভাজা খাসনি?—খাও—ও অম্বলমাখা ভাত ঠেলে রাখো। উচ্ছেভাজা ততো বলিয়া কাজলের মূখে ভালো লাগে না—সে তাতে হাতও দেয় নাই। দাদামশায়ের ভয়ে অম্বল-মাখা ভাত ঠেলিয়া রাখিয়া তিস্ত উচ্ছেভাজা একটি একটি করিয়া খাইতে হইল—একখানি ফেলিবার জো নাই—দাদামশায়ের সতর্ক দৃষ্টি। ভাত খাইবে কি কাল্লায় কাজলের গলায় ভাতের দলা আটকাইয়া যায়। খাওয়া হইয়া গেলে মেজ মামমীর কাছে গিয়া বলিয়া কহিয়া একটা পান লয়—পান খুলিয়া দেখি কি মশলা আছে, পরে মিনতির সুরে একবার মেজমামমীর কাছে, একবার ছোট মামমীর কাছে বলিয়া বেড়ায়—ইতি একটু কাৎ, ও মামমী তোমার পায়ের পিড়ি—একটু কাৎ দাও না—। কাঠ অর্থাৎ দারুচিনি। মামমীয়ার ঝংকার দিয়ে বলেন—রোজ রোজ ডালিচিনি চাই—ছেলে আবার শৌখিন কত!—উঃ, তায় আবার জিব দেখা চাই—মুখ রাঙা হ'ল কিনা—

তবে পড়াশুনার আগ্রহ তাহার বেশী ছাড়া কম নয়। বিশেষ্বর মদহরীর হাতবাক্সে কেশরজনের উপহারের দরুন গণ্ডের বই আছে অনেকগুণি। খুঁনী আসামী কেমন করিয়া ধরা পড়িল, সেই সব গল্প। আর পড়িতে ইচ্ছা করে আরব্য উপন্যাস, কি ছবি! কি গল্প! দাদামশায়ের বিছানার উপর একদিন পড়িয়া ছিল—সে উল্টাইয়া দেখিতেছে, টের পাইয়া বিশেষ্বর মদহরী কাড়িয়া লইয়া বলিল, এঃ, আট বছরের ছেলের আবার নবেল পড়া? এইবার একদিন তোমার দাদামশায় শুনতে পেলে দেখো কি করবে!

কিন্তু বইখানা কোথায় আছে সে জানে—দোতলায় শোবার ঘরের সেই কাঁঠালকাঠের সিঁদুকটার মধ্যে—একবার যদি চাবিটা পাওয়া যাইত! সারারাত জাগিয়া পড়িয়া ভোরের আগেই তাহা হইলে তুলিয়া রাখে।

এ কয়েকদিন বৈকালে দাদামশায় বসিয়া বসিয়া তামাক খান, আর সে পশ্চিমশায়ের কাছে বসিয়া বসিয়া পড়ে। সেই সময় পশ্চিমশায়ের পেছনকার অর্থাৎ চণ্ডীমন্ডপের উত্তরধারের সমস্ত ফাঁকা জায়গাটা অজুত ঘটনার রঙ্গভূমিতে পরিণত হয়, ঘটনাটাও হয়ত খুব স্পষ্ট নয়, সে ঠিক বুঝাইয়া বলিতে তো পারে না। কিন্তু দিদিমার মূখে শোনা নানা গল্পের রাজপুত্র ও পাঠের পুত্রের নাম-না-জানা নদীর ধারে ঠিক অই সম্ম্যাবেলাটাতেই পৌঁছায়—কোন রাজপুত্রকে কাপাইয়া রাজকন্যাদেয় সোনার রথ বৈকালের আকাশপানে উঠিয়া অদৃশ্য হইয়া যায়—সে অনামনস্ক হইয়া দেওয়ালের পাশে বুকিয়া আকাশটার দিকে চাইয়া থাকে, কেমন যেন দুঃখ হয়—ঠিক সেই সময় সীতানাথ পশ্চিমত বলেন—দেখুন, দেখুন, বাঁড়ুঘ্যমশায়, আপনার নাতির কাণ্ডটা দেখুন, প্লগেটে বড়ুকে লিখতে দিলাম, তা গেল চুলোয়—হাঁ করে থাকিয়ে কি দেখছে দেখুন—এমন অমনোযোগী ছেলে যদি—

দাদামশায় বলেন—দিন না ধাঁ করে এক খাপড় বসিয়ে গালে—হতভাগা ছেলে

কোথাকার—হাড় জ্বালিয়েছে, বাবা করবে না খোঁজ, আমার ঘাড়ে এ বয়সে যত ঝুঁকি।

তবে কাজল যে দৃষ্ট হইয়া উঠিয়াছে, এ কথা সবাই বলে। একদণ্ড সৃষ্টির নয়, সর্ব্বদা চম্পল, একদণ্ড চূপ করিয়া থাকে না, সর্ব্বদা বাকিতেছে। পশ্চিমশায় বলেন—দেখ জে দল, কেমন অন্ধ কবে? ওর মধ্যে অনেক জিনিস আছে—আর তুই অন্ধ একেবারে গাথা।—পশ্চিম পিছন ফিরিলেই কাজল মামাতো-ভাই দলকে আঙুল দিয়া ঠেলিয়া চূপিচূপি বলে, —তো-তোয় মধ্যে অনেক জিনিস আছে, কি জিনিস আছে রে, ভাত-ডাল খি-খিচুড়ি... খিচুড়ি? হি-হি ইল্লি! খিচুড়ি খাবি, দল?

দাদামশায়ের কাছে আবার নালিশ হয়।

তখন দাদামশায় ডাকিয়া শান্তম্বরূপ বানান জিজ্ঞাসা করিতে আরম্ভ করেন—বানান কর সর্ব্ব। কাজল বানানটা জানে, কিন্তু ভয়জনিত উন্মত্ততার দরুন হঠাৎ তাহার তোতলামিটা বেশী করিয়া দেখা দেয়—দু'একবার চেষ্টা করিয়াও 'দস্যু স' কথাটা কিছুতেই উচ্চারণ করিতে পারিবে না বদ্বিয়া অবশেষে বিপন্নমুখে বলে—তা-তালব্য শয়ে দীঘ্য-উকার—

ঠাসু করিয়া চড় গালে। ফরসা গাল, তখনই দাঁড়িমের মত রাঙা হইয়া ওঠে, কান পর্যন্ত রাঙা হইয়া যায়। কাজলের ভয় হয় না, একটা নিষ্ফল অভিমান হয়—বাঃ রে, বানানটা তো সে জানে, কিন্তু মুখে যে আটকাইয়া যায় তা তার ঘোষ কিসের? কিন্তু মুখে অত কথা বলিয়া বদ্বাইয়া প্রতিবাদ বা আত্মপক্ষ সমর্থন করিবার মত এতটা জ্ঞান তাহার হয় নাই—সবটা মিলিয়া অভিমানের মাঠাটাই বাড়াইয়া তোলে। কিন্তু অভিমানটা কাহার উপর সে নিজেও ভাল বোঝে না।

এই সময়ে কাজলের জীবনে একটা অদ্ভুত ঘটনা ঘটিল।

সীতানাথ পশ্চিমমহাশয় একটু-আধটু জ্যোতিষের চর্চা করিতেন। কাজলের পড়িবার সময় তাহার দাদামশায়ের সঙ্গে সীতানাথ পশ্চিম সে সম্বন্ধে আলোচনা করিতেন—পাঁজি দেখিয়া ঠিকুজি তৈয়ারী, জন্মের লগ্ন ও যোগ গণনা, আয়ুষ্কাল নির্ণয় ইত্যাদি। আজ বছরখানেক ধরিয়া কাজল প্রায়ই এসব শুনিয়া আসিতেছে—যদিও সেখানে সে কোন কথা বলে না।

কাস্তিক মাসের শেষ, শীত তখনও ভাল পড়ে নাই। বাড়ির চারিপাশে অনেক খেজুর-বাগান, শিউলিরা কাস্তিকের শেষে গাছ কাটিয়াছে। শীতের ঠান্ডা সামান্য বাতাসে টাটকা খেজুর-রসের গন্ধ মাখানো থাকে।

কাজলের প্যাডায় প্রকটাকরণ এই সময় কি রোগে পড়িলেন! প্রকটাকরণের বয়স কত তা নির্ণয় করা কঠিন—মুড়ি ভাজিয়া বিক্রয় করিতেন, পাত-পত্র কেহই ছিল না—কাজল অনেকবার মুড়ি কিনিতে গিয়াছে তাহার বাড়ি। অত্যন্ত খিটখিটে মেজাজের লোক, বিশেষ করিয়া ছেলোপিলেদের দ্বন্দ্ব, চন্দ্র পাড়িয়া দেখিতে পারিতেন না—দর দর করিতেন, উঠানে পা দিলে পাছে গাছটা ভাঙে, উঠানটা খুঁড়িয়া ফেলে—এই ছিল তাহার ভয়। কাজলকে বাড়ির কাছাকাছি দেখিলে বলিতেন—একটা যেন মগ—মগ একটা—বাড়ি যা বাপু—কিষ্টি-টিষ্টির খোঁচা মেরে বসবি—যা বাপু এখন থেকে। ঝালের চারাগুলো মাড়াস নে—

সোঁদন দপুয়ের পর তাহার মামাতো-বোন অরু বলিল—বেশ ঠাকুমা মর-মর হয়েছে, সবাই দেখতে যাচ্ছে—যাবি কাজল?

ছোট একতলা বাড়ির ঘর, পাতার অনেকে দেখিতে আসিয়াছে—মেজতে বিছানা পাতা, কাজল ও অরু দোরের কাছে দাঁড়াইয়া উঁকি মারিয়া দেখিল। প্রকটাকরণকে আর চেনা যায় না, মুখের চেহারা যেন শীর্ণ তেজনি ভয়ঙ্কর. চন্দ্র কোটরগত, তাহার ছোট-মাম

কাছে বসিয়া আছে, হারু কবিরাজ দাওয়ায় বসিয়া লোকজনের সঙ্গে কি কথা বলিতেছে ।

বৈকালে দুর্গা তনবার শোনা গেল রক্ষাাকরণের রাত্রি কাটে কিনা সম্প্রদেহ ।

কাজল কিছু বিস্মিত হইল । এমন দোষদেউপ্রতাপ রক্ষাাকরণ, যাহাকে গামছা পরিয়া উঠানে গোবরজল ছিটাইতে দেখিয়া সে তখনই ভাবিত—তাহার দাদামশায়ের মত লোক পর্যন্ত যাহাকে মানিয়া চলে—তাহার এ কি দশা হইয়াছে আজ !...এত অসহায়, এত দুর্বল তাহাকে কিসে করিয়া ফেলিল ?

রক্ষাাকরণ সম্প্রদায় আগে মারা গেলেন । কাজলের মনে হইল পাড়াময় একটা নিস্তব্ধতা—কেমন একটা অবোধ্য বিতর্কিতকার ছায়া যেন সারা পাড়াকে অন্ধকারের মত গ্রাস করিতে আসিতেছে...সকলেরই মুখে যেন একটা ভয়ের ভাব ।

শীতের সম্প্রদায় ঘনাইয়াছে । পাড়ার সকলে রক্ষাাকরণের সংস্কারের ব্যবস্থা করিতে তাহার বাড়ির উঠানে সমবেত হইয়াছে । কাজলের দাদামশায়ও গিয়াছেন । কাজল ভয়ে ভয়ে খানিকটা দূরে অগ্রসর হইয়া দেখিতে গেল কিন্তু রক্ষাাকরণের বাড়ি পর্যন্ত মাইতে পারিল না—কিছু দূরে একটা বাশঝাড়ের নীচে দাঁড়াইয়া রহিল । সেখান হইতে উঠানটা বা বাড়িটা দেখা যায় না—কথাবাত্তার শব্দও কানে আসে না । বাতাস লাগিয়া বাশঝাড়ের কণ্ঠে কণ্ঠে শব্দ হইতেছে—চারিধার নিঃশব্দ—কাজলের বুক দুর্দুর্দু করিতেছিল—একটা অদ্ভুত ধরনের ভাবে তাহার মন পূর্ণ হইল—ভয় নয়, একটা বিস্ময়-মাখানো রহস্যের ভাব—অন্ধকারে গা লুকাইয়া দু-একটা বাদুড় আকাশ দিয়া উড়িয়া চলিয়াছে—অন্যদিন এমন সময়ে বাদুড় দেখিলেই কাজল বলিয়া উঠে—বাদুড় বাদুড় মেথর, যা খাবি তা তেঁতর—

আজ উড়নশীল বাদুড়ের দৃশ্য তাহার মনে কৌতুক না জাগাইয়া সেই অজানা রহস্যের ভাবই যেন ঘনীভূত করিয়া তুলিল !—

রক্ষাাকরণ মারা গেলেন বটে—কিন্তু মৃত্যুকে কাজল এই প্রথম চিনিল । দিদিমা মারা গিয়াছিলেন কাজলের পাঁচবছর বয়সে—তাহাও গভীর রাত্রে কাজল তখন ঘুমাইয়া ছিল—কিছু দেখে নাই—বোঝেও নাই । এবার মৃত্যুর বিভীষিকা, এই অপূর্ণ রহস্য তাহার শিশুমনকে আচ্ছন্ন করিয়া ফেলিল । একা একা বেড়ায়, তেমন সঙ্গী-সেজুড় নাই—আর ঐ সব কথা ভাবে । একদিন তাহার মনে হইল যদি সেও রক্ষাাকরণের মত মরিয়া যায় !...হাত-পায়ে যেন সে বল হারাইয়া ফেলিল,—সত্য, সে-ও হয়তো মারা যাইবে !...

দিনের পর দিন ভয়টা বাড়িতে লাগিল । একলা শূন্য শূন্য কথাটা ভাবে—নদীর বাধা ঘাটের পৈঠায় সম্প্রদায় সময় বসিয়া ঐ কথাই মনে ওঠে !...এই বড়দলের তীরে দিদিমার মত, রক্ষাাকরণের মত তার দেহও একদিন পড়াইতে—

কথাটা ভাবিতেই ভয়ে সর্বশরীর যেন অবশ হইয়া আসে...

কাজল তাহার জন্মের সালটা জানিত ; কিছদিন আগে তাহার দাদামশায় সীতানাপ পাঁড়তের কাছে কাজলের ঠিকুজি করাইয়াছিলেন—সে সে-সময় সেখানে ছিল । কিন্তু তারিখটা জানে না—তবে মাঘ মাসের শেষের দিকে, তা জানে ।

একদিন সে দুপুরে চুপি চুপি কাছারিঘরে ঢুকিল । তাকের উপরে রাশীকৃত পুরোনো পাঁজি সাজানো থাকে । চুপি চুপি সবগদল নামাইয়া ১৩৩০ সালের পাঁজখানা বাছিয়া লইয়া মাঘ মাসের শেষের দিকের তারিখগুলো দেখিতে লাগিল—কি সে বদ্বিল সে-ই জানে—তাহার মনে হইল ২৫-শে মাঘ বড় খারাপ দিন । ঐ দিন জন্মিলে আয়ু কম হয়, খুব কম । তাহার প্রাণ উড়িয়া গেল—ঐ দিনটাতেই হয়তো সে জন্মিয়াছে ।...ঠিক ।...

বড়মামীকে বৈকালে জিজ্ঞাসা করিল—আমি জন্মেছি কত তারিখে মামীমা ? বড়

মামীমার তো তাহা ভাবিয়া ঘুম নাই ! তিনি জানেন না । বড় মামাতো ভাই পটলকে জিজ্ঞাসা করিল—আমি কবে জন্মাছি জানিস? পটলদা?...পটলের বয়স বছর দশেক, সে কি করিয়া জানিবে? দাদামশায়ের কাছে ঠিকুজি আছে, কিন্তু জিজ্ঞাসা করিতে ভরসা হয় না । একদিন সীতানাথ পিণ্ডতকে জিজ্ঞাসা করিল । তিনি বলিলেন—কেন, সে খোঁজে তোমার কি দরকার? সে থাকিতে না পারিয়া সোজাসুজি বলিয়াই ফেলিল—আ-আমি ক-কর্ত্বিন বাঁচিব, পিণ্ডতমশায়?...

সীতানাথ পিণ্ডত অবাক হইয়া তাহার মুখের দিকে চাহিয়া রহিলেন—এমন কথা কোন ছেলের মুখে কখনও তিনি শুনেন নাই । শশীনারায়ণ বাড়ুয়েকে ডাকিয়া কহিলেন—শুনছেন ও বাড়ুয়েমশায়, আপনার নাতি কি বলছে?

শশীনারায়ণ শুনিয়া বলিলেন—এদিকে তো বেশ ইঁচড়-পাকা? দু'মাসের মধ্যে আজও তো ষষ্ঠীয় নামতা রুস্ত হ'ল না—বলো বারো পোনেরং কত?

কাজলের ভয়কে বেহই বদ্বিল না । কাজল ধমক খাইল বটে, কিন্তু ভয় কি তাহাতে যায়? এক এক সময়ে তাহার মন হাঁপাইয়া ওঠে—কাহাকেও বলিতে পারে না, বদ্বাইতে পারে না...এখন সে কি করে? এখানে তাহার কথা কেহ শুনিলে না, রাখিবে না তাহা সে বোঝে । তাহার বাবাকে বলিতে পারিলে হয়তো উপায় হইত ।

বর্ষাকালের শেষের দিকে সে দু'একবার জ্বরে পড়ে । জ্বর আঁগিলে উপরের ঘরে একলাট একটা কিছু টানিয়া গায়ে দিয়া চূপ করিয়া শুইয়া থাকে । কাহারও পায়ের শব্দে মুখ তুলিয়া বলে—ও মামীমা জ্বর এয়েচে আমার—একটা লে-এ-এ-প বে-বের করে দাও না?—ইচ্ছা করে কেহ কাছে বসে, কিন্তু বাড়ির এত লোক সবাই নিদ্রের নিজের কাজে ব্যস্ত । জ্বরের প্রথম দিকে কিন্তু চমৎকার লাগে, কেমন যেন একটা নেশা, সব কেমন অশুভ লাগে । ঐ জানালার গরাদেতে একটা ডেও-পিপড়ে বেড়াইতেছে, চুনে-কালিতে মিশাইয়া জানালার কবাটে একটা ঘাড়িওয়াল মজার মুখ । জানালার বাহিরের নারিকেল গাছে নারিকেলসুখ একটা কাঁড়ি ভাঙিয়া ঝুলিয়া পড়িয়াছে । নিচে তাহার ছোট মামাতো বোন অরু, 'ভাত ভাত' করিয়া চিংকার শব্দ করিয়াছে—বেশ লাগে । কিন্তু শেষের দিকে বড় কষ্ট, গা জ্বালা করে, হাত-পা ব্যথা করে, সারা শরীর বিম্ব-বিম্ব করে, মাথা যেন ভার বোঝা, এ সময় কেহ কাছে আসিয়া যদি বসে !

কাছারির উত্তর গায়ে পাথের ধারে এক বড়ীর খাবারের দোকান, বারো মাস খুব সকালে উঠিয়া সে তেলেভাজা বেগুনি ফুলুরি ভাজে । কাজল তাহার বাঁধা খরিশ্বার । অনেকবার বকুনি খাইয়াও সে এ লোভ সামলাইতে সমর্থ হয় নাই । সারিবার দিন দুই পরেই কাজল সেখানে গিয়া হাজির । অনেকক্ষণ সে বসিয়া বসিয়া ফুলুরিভাজা দেখিল, পুইপাতার বেগুনি, জ্বাপাতার তিল-পিটুঁলি । অবশেষে সে অপ্রীতিত মুখে বলে—আমায় পুইপাতার বেগুনি দাও না দিদিমা? দেবে? এই নাও পয়সাটা ।

বড়ী দিতে চায় না, বলে—না খোকা দাদা, সেদিন জ্বর থেকে উঠেছ, তোমার বাড়ির লোকে শুনলে আমায় বকবে—কিন্তু কাজলের নিম্ব-শ্বাতিশয্যে অবশেষে দিতে হয় ।

একদিন বিশেষ্বর মদহরীর কাছে ধরা পড়িয়া যায় । বড়ীর দোকান হইতে বাহির হইয়া জ্বাপাতার তিল-পিটুঁলির ঠোঙা-হাতে খাইতে খাইতে পুকুর পাড় পর্যন্ত গিয়াছে—বিশেষ্বর আসিয়া ঠোঙাটি কাড়িয়া লইয়া ছুঁড়িয়া ফেলিয়া দিয়া বলিল—আচ্ছা পাঁজি ছেলে তো? আমার ঐ তেলে-ভাজা খাবারগুলো রোজ রোজ খাওয়া?

কাজল বলিল—আমি খা-খা-খাছি তা তো-তোমার কি?

বিশেষ্বর মদহরী হঠাৎ আসিয়া তাহার কান ধরিয়া একটা বাকুনি দিয়া বলিল—আমার

কি, বটে ?

রাগে অপমানে কাজলের মূখ রাঙা হইয়া গেল। ইহাদের হাতে মার খাওয়ার অভিজ্ঞতা তাহার এই প্রথম। সে ছেলেমানুষি সুরে চিৎকার করিয়া বলিল—মুখপুড়ি, হতচ্ছাড়া তুমি মাল্লে কেন ?

বিশ্বেশ্বর তাহার গালে জোরে এক চড় বসাইয়া দিয়া বলিল—আমি কেন, এসো তো কর্তার কাছে একবার—এসো।

কাজল পাগলের মত যা তা বলিয়া গালি দিতে লাগিল। চড়ের চোটে তখন তাহার কান মাথা ঝাঁ-ঝাঁ করিতেছে, এবং বোধ হয় এ অপমানের কোনও প্রতিকার এখনকার কাহারও নিকট হইতে হইবার আশা নাই, মুহূর্ত-মধ্যে ঠাওরাইয়া বৃষ্টিয়া চিৎকার করিয়া বলিল—আমার বা-বাবা আসুক, বলে দেব, দেখো—দেখো তখন—

বিশ্বেশ্বর হাসিয়া বলিল—আচ্ছা যাও, তোমার বাবার ভয় আমি একেবারে গর্তের মধ্যে যাব আর কি ? আজ পাঁচ বছরের মধ্যে খোঁজ নিলে না, ভারী তো—। হয়ত একথা বলিতে বিশ্বেশ্বর সাহস করিত না, যদি মে না জানিত তাহার এ জামাইটির প্রতি কর্তার মনোভাব কিরূপে।

কাজল রাগের মাথায় ওকতকটা পাছে বিশ্বেশ্বর দাদামশায়ের কাছে ধরিয় লইয়া যায় সেই ভয়ে, পুকুরের দক্ষিণ-পাড়ের নারিকেল বাগানের দিকে ছুটিয়া যাইতে যাইতে বলিতে লাগিল—দেখো না, দেখো তুমি, বাবা আসুক না—পরে পিছন দিকে চাহিয়া খুব কড়া কথা শুনানো হইতেছে, এমন সুরে বলিল—তোমার পেটে খি-খিচুড়ি আছে, খি-খিচুড়ি খাবে—খিচুড়ি ?

নদীর বাধাঘাটে সোদিন সন্ধ্যাবেলা বসিয়া বসিয়া সে অনেকক্ষণ দিদিমার কথা ভাবিল। দিদিমা থাকিলে বিশ্বেশ্বর মুহূর্তী গায়ে হাত তুলিতে পারিত ? সে জবাপাতার বেগুনি খায় তো ওর কি ?

ঐ একটা নক্ষত্র খসিয়া পড়িল। দিদিমা বলিত নক্ষত্র খসিয়া পড়িলে সে সময় পৃথিবীতে কেউ না কেউ জন্মায়। মরিয়া কি নক্ষত্র হয় ? সে যদি মারা যায়, হয়তো অর্মান আকাশের গায়ে নক্ষত্র হইয়া ফুটিয়া থাকিবে।

আরও মাস কয়েক পরে, ভাদ্রমাসের শেষের দিকে। দাদামশায়ের বৈকালিক মিছরি পানা খাওয়ার শ্বেত পাথরের গেলাসটা তাহার বড় মামীমা মাজিয়া ধুইয়া উপরের ঘরের বাসনের জলচৌকিতে রাখিতে তাহার হাতে দিল। সিঁড়িতে উঠিবার সময় কেমন করিয়া গেলাস হাত হইতে পড়িয়া চুরমার হইয়া গেল ভাঙিয়া। কাজলের মূখ ভয়ে বিবর্ণ হইয়া গেল, তাহার ক্ষুদ্র স্তূর্ণপেডের গতি যেন মিনিটখানেকের জন্য বন্ধ হইয়া গেল, যাঃ, সর্বনাশ ! দাদামশায়ের মিছরিপানার গেলাসটা যে ! সে দিশেহারা অবস্থায় টুকরাগুলো তাড়াতাড়ি খুঁটিয়া খুঁটিয়া তুলিল ; পরে অন্য জায়গায় ফেলিলে পাছে কেহ টের পায়, তাই তাড়াতাড়ি আরব্য উপন্যাস সাহার মধ্যে আছে সেই বড় কুঠের সিঁদুকটার পিছনে গোপনে রাখিয়া দিল। এখন সে কি করে ! কাল যখন গেলাসের খোঁজ পড়িবে বিকালবেলা, তখন সে কি জবাব দিবে ?

কাহারও কাছে কোন কথা বলিল না, বাকী দিনটুকু ভাবিয়া ভাবিয়া কিছুর ঠিক করিতেও পারিল না ; এক জায়গায় বসিতে পারে না, উদ্ভিন্ন বন্ধে ছটফট করিয়া বেড়ায়—ঐ রকম একটা গেলাস আর কোথাও পাওয়া যায় না ? একবার সে এক খেলুড়ে বন্ধুকে চুপি চুপি বলিল,—ভাই তো-তোদের বাড়ি একটা পাথরের গে-গেলাস আছে ?

কোথায় সে এখন পায় একটা শ্বেত পাথরের গেলাস ? রাত্রে একবার তাহার মনে হইল সে বাড়ি ছাড়িয়া পলাইয়া যাইবে। কলিকাতা কোন্ দিকে ? সে বাবার কাছে চলিয়া যাইবে কলিকাতায়—কাল বৈকালের পূর্বেই।

কিন্তু রাত্রে পালানো হইল না। নানা দৃশ্যবর্ণ দেখিয়া সে সকালে ঘুম ভাঙিয়া উঠিল, দুই-তিন বার কাঠের সিঁদুকটার পিছনে মস্তূর্ণণে উঁক মারিয়া দেখিল, গেলাসের টুকরা-গুলা সেখান হইতে কেহ বাহির করিয়াছে কিনা। বড় মামামার সামনে অদূর যায় না, পাছে গেলাসটা কোথায় জিজ্ঞাসা করিয়া বসে। দুপুরের কিছন্ন পরে বাড়ির রাস্তা দিয়া কে একজন সাইকেল চাড়িয়া যাইতেছে দেখিয়া সে নাটমন্দিরের বেড়ার কাছে ছুটিয়া দেখিতে গেল—কিন্তু সাইকেল দেখা তাহার হইল না, নদীর বাঁধাঘাটে একখানা কাহাদের ডিঙিনোকা লাগিয়াছে, একজন ফর্সা চেহারার লোক একটা ছাঁড়ি ও ব্যাগ হাতে ডিঙি হইতে নামিয়া ঘাটের সিঁড়িতে পা দিয়া মাঝির সঙ্গে কথা কহিতেছে—কাজল অবাধ হইয়া ভাবিতেছে, লোকটা কে, এমন সময় লোকটা মাঝির সঙ্গে কথা শেষ করিয়া এদিকে মদুখ ফিরাইল। সঙ্গে সঙ্গে কাজল অশ্রুপঙ্কণের জন্য চোখে যেন ধোঁয়া দেখিল, পরক্ষণেই সে নাটমন্দিরের বেড়া গলাইয়া বাহিরের নদীর ধারে রাস্তাটা বাহিয়া বাঁধাঘাটের দিকে ছুটিল। যদিও অনেক বছর পরে দেখা, তবুও কাজল চিন্মিয়াছে লোকটিকে তাহার বাবা।

অপদ খুলনার স্টীমার ফেল করিয়াছিল। নতুবা সে কাল রাত্রেই এখানে পেঁাছিত। সে মাঝদের জিজ্ঞাসা করিতোঁছিল, পরশু ভোরে নৌকা এখানে আনিয়া তাহাকে বরিশালের স্টীমার ধরাইয়া দিতে পারিবে কিনা। কথা শেষ করিয়াই ফিরিয়া চাহিয়া সে দেখিল একটি ছোট সূত্রী বালক ঘাটের দিকে দৌড়িয়া আসিতেছে। পরক্ষণেই সে চিনিল। আজ সারা পথ নৌকায় সে ছেলের কথা ভাবিয়াছে, না জানি সে কত বড় হইয়াছে, কেমন দেখিতে হইয়াছে, তাহাকে ভুলিয়া গিয়াছে, না মনে রাখিয়াছে! ছেলের আগেকার চেহারা তাহার মনে ছিল না। এই সূত্রীর বালকটিকে দেখিয়া সে যুগপৎ প্রীত ও বিস্মিত হইল— তাহার সেই তিন বছরের ছোট্ট খোকা এমন সূত্রী লাবণ্যভরা বালকে পরিণত হইল কবে ?

সে হাসিমুখে বলিল—কি রে খোকা, চিন্মতে পারিন ?

কাজল ততক্ষণে আসিয়া অসীম নির্ভরতার সহিত তাহার কোমর জড়াইয়া ধরিয়াকে— ফুলের মত মদুখটি উঁচু করিয়া হাসি-ভরা চোখে বাবার মুখের দিকে চাহিয়া বলিল—না বৈ কি ? আমি বেড়ার ধার থেকে দেখেই ছুট দিইছি—এতদিন আস নি কে-কেন বাবা ?

একটা অশ্রুত ব্যাপার ঘটিল। এতদিন তো ভুলিয়া ছিল, কিন্তু আজ এইমাত্র—হঠাৎ দেখিবামাত্রই—অপদর বুকের মধ্যে একটা গভীর স্নেহসমুদ্র উবেল হইয়া উঠিল। কি আশ্চর্য, এই ক্ষুদ্র বালকটি তাহারই ছেলে, জগতে নিতান্ত অসহায় হাত-পা হারা, অবোধ— জগতে সে ছাড়া ওর আর কেউ তো নাই ! কি করিয়া এতদিন সে ভুলিয়া ছিল !

কাজল বলিল—ব্যাগে কি বাবা ?

—দেখি ? চল দেখাব এখন। তোর জন্যে কেমন পিস্তল আছে, একসঙ্গে দুম্ দুম্ আওয়াজ হয়, ছবিব বই আছে দুখানা। কেনন একটা রবারের বেলুন—

—তো-তো-তোমাকে একটা কথা বলব বাবা ? তো-তোমার কাছে একটা পাথরের গে-গেলাস আছে ?

—পাথরের গেলাস ? কেন রে, পাথরের গেলাস কি হবে ?

কাজল চুপি চুপি বাবাকে গেলাস ভাঙার কথা সব বলিল। বাবার কাছে কোন ভয় হয় না। অপদ হাসিয়া ছেলের গানে হাত বলাইয়া বলিল—আচ্ছা চল, কোনো ভয় নেই।

সঙ্গে সঙ্গে কাজলের সব ভয়টা কাটিয়া গেল, একজন অসীম শক্তির বজ্রপাণি দেবতা যেন হঠাৎ বাহুদ্বয় মেলিয়া তাহাকে আশ্রয় ও অভয়দান করিয়াছে—মাভেঃ ।

রাতে কাজল বলিল--আমি তোমার সঙ্গে যাব বাবা ।

অপদ্র অনিচ্ছা ছিল না, কিন্তু কলিকাতায় এখন নিজেরই অচল । সে ভুলাইবার জন্য বলিল—আচ্ছা হবে, হবে । শোন, একটা গল্প বলি থোকা । কাজল চুপ করিয়া গল্প শুনিল । বলিল—নিয়ম যাবে তো বাবা ? এখানে সবাই বকে, মারে বাবা ! তুমি নিয়ে চল, তোমার কত কাজ করে দেব ।

অপদ্র হাসিয়া বলে কাজ করে দিবি ? কি কাজ করে দিবি রে থোকা ?

তারপর সে ছেলেকে গল্প শোনায়, একবার চাহিয়া দেখে, কখন সে ঘুমাইয়া পড়িয়াছে । খানিক রাতি পর্যন্ত সে একথানা বই পড়িল, পরে আলো নিভাইবার পূর্বে ছেলেকে ভাল করিয়া শোয়াইতে গেল । ঘুমন্ত অবস্থায় বালককে কি অশ্রুত ধরণের অবোধ, অসহায়, দুর্বল ও পরাধীন মনে হইল অপদ্র ! কি অশ্রুত ধরণের অসহায় ও পরাধীন ! সে ভাবে, এই যে ছেলে, পৃথিবীতে এ তো কোথাও ছিল না, যাচিয়াও তো আসে নাই—অপর্ণা ও সে, দু'জনে যে উহাকে কোন অনন্ত হইতে সৃষ্ট করিয়াছে—তাহার পর সংসারে আনিয়া অবোধ নিঃপাপ বালককে, একা এভাবে সংসারে ছাড়িয়া দিয়া পালানো কি অপর্ণাই সহ্য করিবে ? কিন্তু এখন কোথায় বা লইয়া যায় ?

প্রাচীন গ্রীসের এক সমাধির উপরে সেই যে স্মৃতিফলকটির কথা সে পড়িয়াছিল ক্রেতারিক হ্যারিসনের বই-এ—

This child of ten years

Philip, his father laid here,

His great hope, Nikoteles.

সে দু'র কালের ছোট বালকটির স্মৃতির গুণ, স্মৃতির রং, দেব-শিশুর মত স্মৃতির দশ বৎসরের বালক নিকোটিলিসকে আজ রাতে সে যেন নিঃস্বর্ণ প্রান্তরে খেলা করিতে দেখিতে পাইতেছে—সোনালী চুল, ডাগর ডাগর চোখ । তাহার স্নেহস্মৃতি গ্রীসের সে নিঃস্বর্ণ প্রান্তরের সমাধিক্ষেত্রের বৃকে অমর হইয়া আছে । শতশতাব্দী পূর্বে সেই বিরহী পিতৃহৃদয়ের সঙ্গে সে যেন আজ নিজের নাড়ির যোগ অনুভব করিল । মনে হইল, মানুষ সব কালে, সব অবস্থায় এক, এক । কিংবা...দেবতার মন্দির-দ্বারে আরোগ্যকামী বহু ষাণ্ডী জড়ো হইয়াছে নানা দিক্‌দেশ হইতে...ছোট ছেলোটের গরীব বাবা তাহাকে আনিয়াছে...ছেলেটি অসুখে ভোগে, রুগ্ণ, স্বপ্নে দেবতা আঁসিয়া বলিলেন—যদি তোমার রোগ সারিয়ে দিই, আমায় কি দেবে ইউফোনিস্ ? উঃ, সত্যি ! অসুখ সারিলে সে বাঁচে ! ছেলেটি উৎসাহের সুরে বলিল—দশটা মার্বেল আমার আছে, সব কটাই দিয়ে দেব—দেবতা খুশীর সুরে বলিলেন—স-ব-ক-টা ! বলা কি ? শ্ৰেণী বেষ, রোগ সারিয়ে দেব তোমার ।

বাৎসল্যরসের এমন গভীর অনুভূতি জীবনে তাহার এই প্রথম...

অনেক দিন পরে উপরের ঘরটাতে শূইল ! সেই তাহার ফুলশয্যার খাটটাতে । কাজল পাশেই ঘুমাইতেছে—কিন্তু রাত পর্যন্ত তাহার নিজের ঘুম আসিল না । জানালায় বাহিরে চাহিয়া চাহিয়া কি ভাবিতে লাগিল । গত পাঁচ ছয় বৎসর বিদেশে সম্পূর্ণ অন্য ধরণের জীবনযাত্রা ও নবতর অনুভূতিরাজির ফলে পুরাতন দিনের অনেক অনুভূতিই অস্পষ্ট হইয়া গিয়াছে—এখানকার তো আরও, কারণ আট নয় বৎসর এখানকার জীবনের সঙ্গে কোনো প্রত্যক্ষ যোগ নাই । তাই আজ এই চিলে-কোঠার বহু-পরিচিত ঘরটা, এই পালকটা, এই স্দুপারি বনের সারি—এসব যেন স্বপ্ন বলিয়া মনে হইতেছে । ঠিক আবার পুরানো দিনের

মত জ্যোৎস্না উঠিয়াছে, ঠিক সেই সব দিনের মত নাটমন্দির হইতে নৈশ কীর্তনের খোলের আওয়াজ আসিতেছে— কিন্তু সে অপদ নাই—বদলাইয়া গিয়াছে—বেমালুম বদলাইয়া গিয়াছে।

স্ট্রীর গহনা বেচিয়া বহু ছাপাইয়া ফেলিল পুজার পরেই।

কেবল হার ছড়াটা বেচিতে পারিল না। অপর্ণার অন্যান্য গহনার অপেক্ষা সে এই হার ছড়াটার সঙ্গে বেশী পরিচিত। তাই হারটা সামনে খুলিয়া খানিকক্ষণ ভাবিল, অপর্ণার সেই হাসি-হাসি মধুখানা যেন ঝাপসা-মত মনে পড়ে—প্রথমটাতে হঠাৎ যেন খুব সুস্পষ্ট মনে আসে—আধ সেকেন্ড কি সিকি সেকেন্ড মাত্র সময়ের জন্য—তারপরই ঝাপসা হইয়া যায়। ঐ আধ সেকেন্ডের জন্য মনে হয়, সে-ই সেরকম ঘাড় বঁকাইয়া মূখে হাসি টিপিয়া সামনে দাঁড়াইয়া আছে।

ছাপানো বই-এর প্রথম কপিখানা দপ্তরীর বাড়ি হইতে আনাইয়া দেখিয়া সে দুঃখ ভুলিয়া গেল। কিছুর না, সব দুঃখ দূরে হইবে। এই বই-এ সে নাম করিবে।

আজ বিংশ বৎসরের দূর জীবনের পার হইতে সে নিশ্চিন্দপরের পোড়ো ভিটাকে অভিনন্দন পাঠাইল মনে মনে। যেখানেই থাকি, ভুলি নি। যাহাদের বেদনার রঙে তাহার বইখানা রঙীন, কত স্থানে, কত অবস্থায় তাহাদের সঙ্গে পরিচয়, হয়ত কেউ বাঁচিয়া আছে, কেউ বা নাই। তাহারা আজ কোথায় সে জানে না, এই নিশ্চয় রাত্রির অধিকার-শান্তির মধ্য দিয়া সে মনে মনে সকলকেই আজ তাহার ধন্যবাদ জানাইতেছে।

মাসকয়েকের জন্য একটা ছোট অফিসে একটা চাকরি জুটিয়া গেল তাই রক্ষা। এক জায়গায় আবার ছেলে পড়ায়। এসব না করিলে খরচ চলে না কিসে, বই-এর বিজ্ঞাপনের টাকাই বা আসে কোথা হইতে। আবার সেই সাড়ে নটার সময় আপিসে দৌড়, সেখান হইতে বাহির হইয়া একটা গলির মধ্যে একতলা বাসার ছোট ঘরে দুটি ছেলে পড়ানো। বাড়ির কর্তার কিসের ববনা আছে, এই ঘরে তাহাদের প্যাকবাক্স ছাদের কড়ি পর্যন্ত সাজানো। তাহারই মাঝখানে ছোট তক্তপোশে মাদুর পাতিয়া ছেলে-দুটি পড়ে—সম্ভ্যার পরে অপদ এখনই পড়াইতে গিয়াছে, তখনই দেখিয়াছে কয়লার ধোঁয়ার ঘরটা ভরা।

শীতকাল কাটিয়া পুনরায় গ্রীষ্ম পড়িল। বই-এর অবস্থা খুব সুবিধা নয়, নিজে না খাইয়া বিজ্ঞাপনের খরচ যোগায়, তবু বই-এর কাটা নাই! বইওয়ালারা উপদেশ দেয়, এডিটরদের কাছে, কি বড় বড় সাহিত্যিকদের কাছে যান, একটু যোগাড়যন্ত্র করে ভাল সমালোচনা বার করুন, আপনাকে চেনে কে, বই কি হাওয়ায় কাটেবে মশাই! অপদ সে সব পারিবে না, নিজের লেখা বই বগলে করিয়া ঘোরে ঘোরে ঘুরিয়া বেড়ানো তাহার কর্ম নয়। এতে বই কাটে ভাল, না কাটে সে কি করিবে?

অত্যন্ত জীবন পুরাতন পরিচিত পথ ধরিয়াই বাঁহিয়া ালিল—আপিস আর ছেলে-পড়ানো। রাগে আর একটা নতুন বই লেখে। ও যেন একটা নেশা, বই বিক্রি হয়-না-হয়, কেউ পড়ে-না-পড়ে, তাহাকে যেন লিখিয়া যাইতেই হইবে।

মেসে লেখার অত্যন্ত অসুবিধে হইতেছে দেখিয়া সে একটা ছোট একতলা বাড়ির নীচেকার একটা ঘর আট টাকায় ভাড়া লইয়া সেখানে উঠিয়া গেল। মেসের বাবুরা লোক বেশ ভালই—কিন্তু তাহাদের মানসিক ধারা যে-পথ অবলম্বনে চলে অপদের পথ তা নয়—তাহাদের মূখতা, সংস্কার, সীমাবদ্ধতা ও সম্বর্কমের মানসিক দৈন্য অপদকে পীড়া দেয়। খানিকক্ষণ মিষ্টালাপ হয়তো এদের সঙ্গে চলিতে পারে—কিন্তু বেশীক্ষণ আড্ডা দেওয়া অসম্ভব—বরং কারখানার ননী মিশ্রী, কি চাপাদানীর বিশদ স্যাকরার আড্ডার লোকজনকে

ভালই লাগিত—কারণ তাহারা যে জগৎটাতে বাস করিত—অপ্নর কাছে সেটা একেবারেই অপরিচিত—তাহাদের মোহ ছিল, সেই অজানা ও অপরিচয়ের মোহ, কাশীর কথক ঠাকুর কি অমরকটকের আজবলাল বা-কে যে কারণে ভাল লাগিয়াছিল। কিন্তু এরা সে ধরণের অনন্য-সাধারণ নয়, নিতান্তই সাধারণ ও নিতান্ত ক্ষুদ্র। কাজেই বেশীক্ষণ থাকিলেই হাঁপ ধরে। অপ্নর নতুন ঘরটাতে দরজা জানালা কম, দক্ষিণ দিকের ছোট জানালাটা খুলিলে পাশের বাড়ির ইঁট-বার করা দেওয়ালটা দেখা যায় মাত্র। ভাবিল—তবুও তো একা থাকতে পারব—লেখাটা হবে।

বাড়ি বদল করার দিনটা জিনিসপত্র সরাইতে ও ঘর গৃহাইতে সন্ধ্যা হইয়া গেল। হাত-পা ধুইয়া ঠাণ্ডা হইয়া বসিল।

আজ রবিবার ছেলে-পড়ানো নাই। বাপু! নিশ্বাস ফেলিয়া বাঁচিল। সেই অতটুকু ঘর, কয়লার ধোঁয়া আর রাজ্যের প্যাকবাক্সের টার্পিন তেলের মত গন্ধ। আজ কয়েক দিন হইল কাজলের একখানা চিঠি পাইয়াছে, এই প্রথম চিঠি, কাটাকুটি বানান ভুলে ভর্তি। আর একবার পত্রখানা বাহির করিয়া পড়িল—বার-পনেরো হইল এইবার লইয়া। বাবার জন্য তাহার মন কেমন করে, একবার যাইতে লিখিয়াছে, একখানা আরব্য উপন্যাস ও একটা লঠন লইয়া যাইতে লিখিয়াছে, যেন বেশী দেরি না হয়! অপ্ন ভাবে ছেলেটা পাগল, লঠন কি হবে? লঠন?...দ্যাখ তো কাণ্ড। উঠিয়া ঘরে আলো জ্বালিয়া ছেলের পত্রের জবাব লিখিল। সে আগামী শনিবার তাহাকে দেখিতে যাইতেছে। সোম ও মঙ্গলবার ছুটি, ট্রেনে স্টীমারে বেজায় ভিড়। খুলনার স্টীমার এবারও ফেল করিল। শ্বশুরবাড়ি পেঁছিতে বেলা দুপ্নর গড়াইয়া গেল।

নৌকা হইতেই দেখে কাজল ঘাটে তাহার অপেক্ষায় হাসিমুখে দাঁড়াইয়া—নৌকা থামিতে-না-থামিতে সে ছুটিয়া আসিয়া তাহাকে জড়াইয়া ধরিল। মুখ উঁচু করিয়া বলিল—বাবা, —আমার আরব্য উপন্যাস?—অপ্ন সে-কথা একেবারেই ভুলিয়া গিয়াছে। কাজল কাদ-কাদ সুরে বলিল—হুঁ-উঁ বাবা, এত করে লিখলাম, তুমি ভুলে গেলে—লঠন?...

অপ্ন বলিল,—আচ্ছা তুই পাগল নাকি—কি করবি?—

কাজল বলিল—সে লঠন নয় বাবা!...হাতে ঝুলনো যায়, রাঙা কাচ, সবুজ কাচ বের করা যায় এমনি ধারা। হুঁ-উঁ, তুমি আমার কোন কথা শোনো না। একটা আর্শি আনবে বাবা?

—আর্শি?—কি করবি আর্শি?

—আমি আর্শিতে ছিঁয়া দেখবো—

অপ্নের দাঁড়ি মনোরমা অনেকদিন পরে বাপের বাড়ি আসিয়াছেন। বেশ সুন্দরী, অনেকটা অপ্নের মত মুখ। ছোট ভগ্নীপাতকে পাইয়া খুব আহর্ষিত হইলেন, শ্বশুরগত মা ও বোনের নাম করিয়া চোখের জল ফেলিলেন। অপ্ন তাহার কাছে সত্যকার স্নেহ-ভালবাসা পাইল। সন্ধ্যাবেলা অপ্ন বলিল—আসুন দাঁড়ি, ছাদের উপর বসে আপনার সঙ্গে একটু গল্প করি।

ছাদ নিষ্কর্জন, নদীর ধারেই, অনেকদূর পর্যাস্ত দেখা যায়।

অপ্ন বলিল—আমার বিয়ের রাতের কথা মনে হয় মনোরমাদি?

মনোরমা মৃদু হাসিয়া বলিলেন—সেও যেন এক শ্বশুর! কোথা থেকে কি যেন সব হয়ে গেল ভাই—এখন ভেবে দেখলে—সোঁদন তাই এই ছাদের উপর বসে অনেকক্ষণ ধরে ভাব-ছিলুম—তোমাকেও তো আমি সেই বিয়ের পর আর কখনও দেখি নি। এবার এসেছিলুম ভাগ্যিস, তাই দেখাটা হ'ল।

হাসির ভঙ্গি ঠিক অপর্ণার মত, মূখের কত কি ভাব, ঠিক তাহারই মত—বিশ্মিতের জগৎ হইতে সেই যেন আবার ফিরিয়া আসিয়াছে।

মনোরমা অনুযোগ করিয়া বলিলেন—তুমি তো দাঁদি বলে খোঁজও কর না ভাই। এবার পূজোর সময় বরিশালে যেও—বলা রইল, মাথার দিব্য। আর তোমার ঠিকানাটা আমায় লিখে দিও তো!

কোথা হইতে কাজল আসিয়া বলিল—বাবা একটা অর্থ জান?...

—অর্থ? কি অর্থ?

কাজলের মুখ তাহার অপূর্ণ স্বপ্নের মনে হয়—কেমন একধরনের ঘাড় একধারে বাঁকাইয়া চোখে খুঁশীর হাসি হাসিয়া কথাটা শেষ করে, আবার তখন বোকার মতই হাসে—হঠাৎ যেন মুখখানা করুণ ও অপ্ৰতিভ দেখায়। ঠিক এই সময়েই অপূর্ণের মনে ওই স্নেহের বেদনাটা দেখা দেয়—কাজলের ঐ ধরনের মুখভঙ্গিতে।

—বল দেখি, বাবা, ‘এখান থেকে বিলাম সাড়া, সাড়া গেল সেই বামুনপাড়া?’ কি অর্থ? অপূর্ণ ভাবিয়া চাবিয়া বলিল—পাখি।

কাজল তেলমান্দাঁষ হাসির খই ফুটাইয়া বলিল—ইল্লি! .পাখি বুঝি? শাক তো—শাকের ডাক। তুমি কিছুর জানো না বাবা।

অপূর্ণ বলিল—ছিঃ বাবা, ও-রকম ইল্লি-টিল্লি বলো না, বলতে নেই—কথা, ছিঃ।

—কেন বলতে নেই বাবা?...

—ও ভাল কথা নয়।

আসিবার আগের দিন রাত্রে কাজল চুপি চুপি বলিল—এবার আমার নিয়ে যাও বাবা, আমার এখানে থাকতে একটুও ভাল লাগে না।

অপূর্ণ ভাবিল—নিয়মই যাই এবারে, এখানে ওকে কেউ দেখে না, তাছাড়া লেখাপড়াও এখানে থাকলে যা হবে!

পরদিন সকালে ছেলেকে লইয়া সে নৌকায় উঠিল। অপর্ণার ভোরঙ্গ ও হাতবাক্সটা এখানে আট-নয় বৎসর পড়িয়া আছে, তাহার বড় শালী মস্ত্র দিয়া দিলেন। ইহাদের তুলিয়া দিতে আসিয়া ঘাটে দাঁড়াইয়া চোখের জল ফেলিলেন। অপূর্ণকে বার বার বরিশালে যাইতে অনুরোধ করিলেন। সকালের নবীন রোদ ভাঙা নাটমন্দিরের গায়ে পড়িয়াছে। নদীজল হইতে একটা আমিষ গন্ধ আসিতেছে। শব্দর মহাশয়ের তামাক-খাওয়ার কয়লা পোড়ানোর জন্য শুকনা ডালপালায় আগুন দেওয়া হইয়াছে নদীর ধারটাতেই। কুন্ডলী পাকাইয়া ধোয়ার রাশ উপরে উঠিয়াছে। সকালের বাতাসটা বেশ ঠাণ্ডা। আজ বহু বৎসর আগে যেদিন বশু প্রণবের সঙ্গে বিবাহের নিমন্ত্রণে এ বাটী আসিয়াছিল তখন সে কি ভাবিয়াছিল এই বাড়টার সহিত তাহার জীবনে এমন একটি অদ্ভুত যোগ সাধিত হইবে? আজও সেদিনটার কথা বেশ স্পষ্ট মনে আছে, আগের দিন একটা গ্রামোফোনের গান শুনিয়াছিল—‘বরিশ ধরা মাঝে শান্তির বারি।’ শুনিয়া গানটা মুখস্থ করিয়াছিল ও সারাপথে ও স্টীমারে আপন মনে গাহিয়াছিল। এখনও গুন, গুন করিয়া গানটা গাহিলে সেই দিনটা আবার ফিরিয়া আসে।

ছেলেকে সঙ্গে লইয়া অপূর্ণ প্রথমে মনসাপোতা আসিল। বছর ছয়-সাত এখানে আসা ঘটে নাই। এই সময়ে দিনকয়েকের ছুটি আছে, এইবার একবার না দেখিয়া গেলে আর আসা ঘটিবে না অনেকদিন।

ঘরদোরের অবস্থা খুব ঝারাপ। অপূর্ণের মনে পড়িল, ঠিক এই অপর্ণাকার ভাঙা ঘরে
বি. র. ৩-৮

এই বালকের মাকে সে একদিন আনিয়া তুলিয়াছিল। তেলিদের বাড়ি হইতে চাঁবি আনিয়া ঘরের তালা খুলিয়া ফেলিল। খড় নানাস্থানে উড়িয়া পড়িয়াছে, ইন্দুরের গর্ত, পাড়ার গরু-বাহুর উঠিয়া দাওয়া ভাঙিয়া নষ্ট করিয়া ফেলিয়াছে, উঠানে বনজঙ্গল।

কাজল চারিদিকে চাহিয়া চাহিয়া অবাক হইয়া বলিল, বাবা, এইটে তোমাদের বাড়ি ?

অপু হাসিয়া বলিল—তোমাদেরও বাড়ি বাবা। আমার বাড়ির কোঠা দেখেছ জন্মে অবধি, তাতে তো চলবে না, পৈতৃক সম্পত্তি তোমার এই।

সকালে উঠিয়া একটি খবরে সে স্তম্ভিত হইয়া গেল। নিরুপমা আর নাই। সে গত পৌষ মাসে তীর্থ করিতে গিয়াছিল, পথে কলেরা হয়, সেখানেই মারা যায়। নিরুপমার জ্যাঠা বৃন্দ সরকার মহাশয় বলিতেছেন—আর দাদাঠাকুর, তোমরা লেখাপড়া শিখে দেশে তো আর আসবে না? মেয়েটার কথা মনে হলে আর অন্য মত্থে ওঠে না। হ'ল কি জান, বললে কুড়ুলের পাটে মেলা দেখতে যাব। তার তো জানো পুজো-আচ্ছা এক বাতিক ছিল। পাড়ার সবাই যাচ্ছে, আমি বলি, তা যাও। ওমা, তিনদিন পর সকালে খবর এল নিরু মা মর-মর, শান্তিপুত্রের পথে একটা দোকানে কি সমাচার, না কলেরা। গেলুম সবাই ছুটে। পেঁছতে সশ্বে হয়ে গেল। আমরা যখন গেলুম তখন বাকরোধ হয়ে গিয়েছে, চিনতে পারলে, চোখ দিয়ে হু-হু জল পড়তে লাগল। দাদাঠাকুর—মা আমার পাড়াসুন্দর সবাই উপকার করে বেড়াত তুমি সবই জান—আর অসুখ দেখে সেই পাড়ার লোকই...যারা সঙ্গে ছিল, পথের ধারের একটা দোচালা ভাঙা ঘরে মাকে আমার ফেলে সবাই পালিয়েছে। পাণের দোকানটা লোক ভাল—সে-ই একটু দেখাশুনা করেছে। চিকিৎসা হয় নি, পুত্রও হয় নি, বেখোরে নিরু-মাকে হারালুম।

সরকার-বাড়ি হইতে ফিরিতে একটু বেলা হইয়া গেল। উঠানে পা দিয়া ডাকিল ও খোক—কায়ল দুপুরে ঘুমাইতেন, এখন ধূম ভাঙিয়া উঠিয়াছে এবং তেলি-বাড়ি হইতে আঁকশ যোগাড় করিয়া আনিয়া উঠানের গাছের চাঁপা ফুল পাড়িবার জন্য নিচের একটা ডালে আঁকশ বাধাইয়া টানাটানি করিতেছে।

দৃশ্যটা তাহার কাছে অশুভ মনে হইল। অপর্ণার পোতা সেই চাঁপাফুল গাছটা। কবে তাহার ফুল ধরিয়াছে, কবে গাছটা মানুষ হইয়াছে, গত সাত বৎসরের মধ্যে অপু সে খোঁজ লওয়ার অবকাশ ছিল না—কিছু খোঁকা কেমন করিয়া—

সে বলিল—খোঁকা ফুল পাড়িছিস্ তো, গাছটা কে পুঁতেছিল জানিস্ ?

কাজল বাবার দিকে চাহিয়া হাসিয়া বলিল—তুমি এসো না বাবা, ঐ ডালটা চেপে ধরো না! মোটে দুটো পড়েছে।

অপু বলিল—কে পুঁতেছিল জানিস গাছটা? তোর মা!

কিছু মা বলিলে কাজল কিছুই বোঝে না! জ্ঞান হইয়া অবধি সে দ্বিধা ছাড়া আর কাহাকেও চিনিত না, দ্বিধাই তাহার সব। মা একটা অবাস্তব কাৰ্পনিক ব্যাপার মাত্র। মায়ের কথায় তার মনে কোনও বিশেষ সুখ বা দুঃখ জাগায় না।

অনেকদিন পরে মনসাপোতা আসা। সকলেই বাড়িতে ডাকে, নানা সদুপদেশ দেয়। ক্ষেত্র কপালী অপুকে ডাকিয়া অনকক্ষণ কথাবার্তা কহিল, দুধ পাঠাইয়া দিল—ঘর ছাইবার জন্য ভড়েরা এক গাড়ি উলুখড় দিতে চাহিল।

রাগে আবার কি কাজে সরকার-বাড়ির সামনের পথ দিয়া আসিতে হইল। বাড়িটার দিকে যেন চাওয়া যায় না। গোটা মনসাপোতাটা নিরুদির অভাবে ফাঁকা হইয়া গিয়াছে তাহার কাছে। নিরুদি, আজ খোকাকে নিয়ে এসেছি, তুমি এসে ওকে দেখবে না, আদর করবে না, খাওয়া দাওয়ার বন্দোবস্ত করে দেবে না ?

রাগ্রে অপদ্ আর কিছুতেই ঘুমাতে পারে না। চোখের সামনে নিরুপমার সেই হাসি-হাসি মুখ, সেই অনবোগের স্মরণ। আর একটি বার দেখা হয় না তাহার সঙ্গে ?

কাজলকে সে কলিকাতায় লইয়া আসিল পরদিন বৈকালের ট্রেনে। সন্ধ্যার পর গাড়ি-খানা শিয়ালদহ স্টেশনে ঢুকিল। এত আলো, এত বাড়ি-ঘর, এত গাড়িঘোড়া—কি কান্ড এ সব ! কাজল বিশ্ময়ে একেবারে নিশ্বাস হইয়া গেল। সে শব্দ বাবার হাত ধরিয়া চারিদিকে ডাগর চোখে চাহিতে চাহিতে চলিল।

হারিসন রোডের বড় বড় বাড়িগুলো দেখাইয়া একবার সে বলিল—ওগুলো কাদের বাড়ি, বাবা ? অত বাড়ি ?

বাবার বাসাটায় ঢুকিয়া কাপড়-চোপড় ছাড়িয়া সে গিলির মোড়ে দাঁড়াইয়া বড় রাস্তার গাড়িঘোড়া দেখিতে লাগিল। অবাক-জলপান জিনিসটা কি ? বাবার দেওয়া দুটো পয়সা কাছে ছিল, এক পয়সার অবা-ক-জলপান কিনিয়া খাইয়া সে সত্যি অবা-ক-হইয়া গেল। মনে হইল, এমন অপূর্ণ জিনিস সে জীবনে আর কখনও খায় নাই। চাল-ছোলা ভাজা সে অনেক খাইয়াছে। কিন্তু কি মশলা দিয়া ইহারা তৈরী করে এই অবা-ক-জলপান ?

অপদ্ তাহাকে ডাকিয়া বাসার মধ্যে লইয়া গেল—ওরকম একলা কোথাও যাস্ নে থোকা। হারিয়ে যাবি কি, কি হবে। যন্ত্রণার দরকার নেই।

কাজলের দুঃখপ কাটিয়া গিয়াছে। আর দাদামশায়ের বন্ধুনি খাইতে হইবে না, একা গিয়া দোতলার ঘরে রান্নাতে শ্বইতে হইবে না, মামীমাদের ভয়ে পাতের প্রত্যেক ভীতিটি খুঁটিয়া গুছাইয়া খাইতে হইবে না। একটি ভাত পাতের নিচে পড়িয়া গেলে বড় মামীমা বলিত - পেয়েছ পরের, দেখার ফেল আর ছড়াও - বাবার অন্ত তো খেতে হ'ল না কখনো !

ছেলেমানুষ হইলেও সব সময় এই বাবার খোঁটা কাজলের মনে বাজিত -

অপদ্ বাসায় আসিয়া দেখিল, কে একখানা চিঠি দিয়াছে তাহার নামে—অপরিচিত হস্তাক্ষর। আজ পাচ-ছয় দিন পত্রখানা আসিয়া চিঠির বাস্তব পড়িয়া আছে। খুলিয়া পড়িয়া দেখিল একজন অপরিচিত ভদ্রলোক তাহাকে লিখিতেছেন, তাহার বই পড়িয়া মুগ্ধ হইয়াছেন, শব্দ তিনি নহেন, তাহার বাড়িস্থ সবাই—প্রকাশের নিকট হইতে ঠিকানা জানিয়া এই পত্র লিখিতেছেন, তিনি তাহার সহিত দেখা করিতে চাহেন।

দু-তিনবার চিঠিখানা পড়িল। এতদিন পরে বোঝা গেল যে, অন্ততঃ একটি লোকেরও ভাল লাগিয়াছে তাহার বইখানা।

পরের প্রশংসা শুনিতে অপদ্ চিরকালই ভালবাসে, তবে বহু দিন তাহার অদৃষ্টে সে জিনিসটা জোটে নাই—প্রথম যৌবনের সেই সরল হামবড়া ভাব বয়সের অভিজ্ঞতার ফলে দূর হইয়া গিয়াছিল, তবুও সে আনন্দের সহিত বন্ধুবান্ধবের নিকট চিঠিখানা দেখাইয়া বেড়াইল।

পরের দিন কাজল চিঠিখানা দেখিল, গড়ের মাঠ দেখিল। মিউজিয়ামে অধুনালুপ্ত সেকালের কচ্ছপের প্রস্তরীভূত বৃহৎ খোলা দু'টি দেখিয়া সে অনেকক্ষণ অবাক হইয়া চাহিয়া চাহিয়া দাঁড়াইয়া কি ভাবিল। পরে অপদ্ ফিরিয়া যাইতেছে, কাজল বাবার কাপড় ধরিয়া টানিয়া দাঁড় করাইয়া বলিল—শোন বাবা !—কচ্ছপ দুটোর দিকে আগ্রহ দিয়া দেখাইয়া বলিল—আচ্ছা এ দুটোর মধ্যে যদি যুগ্ম হয় তবে কে জেতে বাবা !—অপদ্ গম্ভীর মুখে ভাবিয়া ভাবিয়া বলে—ওই বাঁ দিকেরটা জেতে।—কাজলের মনের দ্বন্দ্ব দূর হয়।

কিন্তু গোলদীঘতে মাঝের ঝাঁক দেখিয়া সে সকলের অপেক্ষা খুশী। এত বড় বড় মাছ আর এত একসঙ্গে ! মেলা ছেলেমেয়ে মাছ দেখিতে জুটিয়াছে বৈকালে, সেও বাবার কথায় এক পয়সার মর্দি কিনিয়া জলে ছড়াইয়া দিয়া অধীর আগ্রহে মাছের খেলা দেখিতে লাগিল।

তুমি ছিঁপে ধরবে বাবা ? কত বড় বড় মাছ ?

অপু বলিল—চূপ্ চূপ্ ও মাছ ধরতে দেয় না।

ফুটপাতে একজন ভিখারী বসিয়া। কাজল ভয়ের সুরে বলিল—শিগরিণ একটা পয়সা দাও বাবা, নইলে ছুঁয়ে দেবে।—তাহার বিশ্বাস, কলিকাতার যেখানে যত ভিখারী বসিয়া আছে ইহাদের পয়সা দিতেই হইবে, নতুবা ইহারা আসিয়া ছুঁইয়া দিবে, তখন তোমার বাড়ি ফিরিয়া শ্রান করিতে হইবে সম্ম্যাবেলা, কাপড় ছাড়িতে হইবে—সে এক মহা হাঙ্গামা।

বর্ষাকালের মাঝামাঝি অপূর চাকরিটি গেল। অর্থের এমন কষ্ট সে অনেক দিন ভোগ করে নাই। ভাল স্কুলে দিতে না পারিয়া সে ছেলেকে বর্ণোপদেশের ক্রি স্কুলে ভর্তি করিয়া দিল। ছেলেকে দুধ পর্যন্ত দিতে পারে না, ভাল কিছু খাওয়াইতে পারে না। বইয়ের বিশেষ কিছু আসে নাই। হাত এদিকে কপর্দকশূন্য।

কাজলের মধ্যে অপূ একটা পৃথক জগৎ দেখিতে পায়। দুটা টিনের চাকতি, গোটা দুই মার্শেল, একটা কল-টেপা খেলনা, মোটরগাড়ি, খান দুই বই—ইহাতে যে মানুষ কিসে এত আনন্দ পায়—অপূ তাহা বুঝিতে পারে না। চন্দ্র ও দুশ্ট ছেলে—পাছে হারাইয়া যায়, এই ভয়ে অপূ তাহাকে মাঝে মাঝে ঘরে চাবি দিয়া রাখিয়া নিজের কাজে বাহির হইয়া যায়—এক একদিন চার পাঁচ ঘণ্টাও হইয়া যায়—কাজলের কোনো অসুবিধা নাই—সে রাস্তার ধারের জানালাটার দাঁড়ইয়া পথের লোকজন দেখিতেছে—না হয়, বাবার বইগুলো নাড়িয়া চাড়িয়া ছবি দেখিতেছে মোটের উপর আনন্দেই আছে।

এই বিরাট নগরীর জীবনস্রোত কাজলের কাছে অজানা দুর্ভেদ্য। কিন্তু তাহার নবীন মন ও নবীন চন্দ্র যে-সকল জিনিস দেখে ও দেখিয়া আনন্দ পায় বয়স্ক লোকের ক্রান্ত দৃষ্টিতে তাহা অতি তুচ্ছ। হয়তো আঙুল দিয়া দেখাইয়া বলে—দ্যাখো বাবা, ওই চিলটা একটা কিসের ডাল মূখে করে নিয়ে যাচ্ছিল, সামনের ছাদের আলসেতে লেগে ডালটা ওই দ্যাখো বাবা রাস্তার পড়ে গিয়েচে—

বাবার সঙ্গে বেড়াইতে বাহির হইয়া এত ট্রাম, মোটর, লোকজনের ভিড়ের মাঝখানে কোথায় একটা কাক ফুটপাতের ধারে জ্বেনের জলে শ্রান করিতেছে তাই দেখিয়া তাহার মহা আনন্দ—তাহা আবার বাবাকে না দেখাইলে কাজলের মনে তৃপ্ত হইবে না। সব বিষয়েই বাবাকে আনন্দের ভাগ না দিতে পারিলে, কাজলের আনন্দ পূর্ণ হয় না। খাইতে খাইতে বেগুনিটা, কি তেলে-ভাজা কচুরিখানা এক কামড় খাইয়া ভাল লাগলে বাকী আধখানা বাবার মুখে গর্জিয়া দিবে—অপূও তাহা খাইয়া ফেলে—ছিঃ, আমার মুখে দিতে নেই—একথা বলিতে তার প্রাণ কেমন করে—কাজেই পিতৃয়ের গাশ্বীর্ষাভরা ব্যবধান অকারণে গড়িয়া উঠিয়া পিতা-পুত্রের সহজ সরল মৈত্রীকে বাধাদান করে নাই, কাজল জীবনে বাবার মত সহচর পায় নাই—এবং অপূও বোধ হয় কাজলের মত বিশ্বস্ত ও একান্ত নির্ভরশীল তরুণ বন্ধু খুব বেশী পায় নাই জীবনে।

আর কি সরলতা ! ..পথে হয়ত দুজনে বেড়াইতে বাহির হইয়াছে, কাজল বলিল—শোনো বাবা, একটা কথা—শোনো, চূপি চূপি বলব—পরে পথের এদিক ওদিক চাহিয়া লাজুক মুখে কানে কানে বলে—ঠাকুর বড় দুটোখানি ভাত দ্যায় হোটলে—আমার খেয়ে পেট ভরে না—তুমি বলবে বাবা ? বললে আর দুটো দেবে না ?

দিনকতক গালির একটা হোটলে পিতাপুত্র দুজনে খায়—হোটলের ঠাকুর হয়ত শহরের ছেলের হিসেবে ভাত দেয় কাজলকে—কিন্তু পাড়াগায়ের ছেলে কাজল বয়সের অনূপাতে দুটি বেশী ভাতই খাইয়া থাকে।

অপু মনে মনে হাসিয়া ভাবে—এই কথা আবার কানে কানে বলা !... রাস্তার মধ্যে ওকে চেনেই বা কে আর শুনছেই বা কে !... ছেলেটা বেজায় বোকা ।

আর একদিন কাজল লাজুক মুখে বলিল—বাবা একটা কথা বলব ?

—কি ?

—নাঃ বাবা—বলব না—

—বল না কি ?

কাজল সরিয়া আসিয়া চুপি চুপি লাজুক সুরে বলিল—তুমি মদ খাও বাবা ?

অপু বিস্মিত হইয়া বলিল—মদ ?...কে বলেছে তোকে ?

—সেই যে সেদিন খেলে ? সেই রাস্তার মোড়ে একটা দোকান থেকে ? পান কিনলে আর সেই যে—

অপু প্রথমটা অবাক হইয়া গিয়াছিল—পরে বুঝিয়া হো-হো করিয়া হাসিয়া উঠিয়া বলিল,—দূর বোকা—সে হলো লেমনেড্—সেই পানের দোকানে তো ?...তোর ঠাণ্ডা লেগেছিল বলে তোকে দিই নি।...খাওয়ার তোকে একদিন, ও একরকম মিষ্টি শরবৎ । দূর—

কাজলের কাছে অনেক ব্যাপার পরিষ্কার হইয়া গেল । কর্নিকাতায় আসিয়া সে দেখিয়া অবাক হইয়া গিয়াছিল যে এখানে গোড়ে গোড়ে মদের দোকান—পান ও মদ একসঙ্গে বিক্রয় হয় প্রায় সর্বত্র । সোডা লেমনেড্ সে কখনো দেখে নাই ইহার আগে, জানিত না—কি করিয়া সে ধরিয়া লইয়াছে বোতলে ওগুলো মদ । তাই তো সেদিন বাবাকে খাইতে দেখিয়া অবাক হইয়া গিয়াছিল—এত দিন লাজুক বলে নাই । সেই দিনই অপু তাহাকে লেমনেড্ খাওয়াইয়া তাহার ভ্রম ঘুচাইয়া দিল ।

এই অবস্থায় একদিন সে বিমলেন্দ্রের পত্র পাইল, একবার আলিপুরে লীলার ওখানে পত্রপাঠ আসিতে । লীলার ব্যাপার সুবিধা নয় । তাহারও আর্থিক অবস্থা বড় শোচনীয় । নিজের যাহা কিছু ছিল গিয়াছে, আর কেহ দেয়ও না, বাপের বাড়িতে তাহার নাম করিবার পর্য্যন্ত উপায় নাই । ইদানীং তাহার মা কাশী হইতে তাহাকে টাকা পাঠাইতেন । বিমলেন্দ্র নিজের খরচ হইতে বাঁচাইয়া কিছু টাকা দিদির হাতে দিয়া যাইত । তাহার উপর মর্শ্বিকল এই যে লীলা বড়মানুষের মেয়ে, কষ্ট করা অভ্যাস নাই, হাত ছোট করিতে জানে না ।

এই রকম কিছুদিন গেল । লীলা যেন দিন দিন কেমন হইয়া যাইতেছিল । অমন হাস্য-মুখী লীলা, তাহার মুখে হাসি নাই, মনমরা বিষণ্ণ ভাব । শরীরও যেন দিন দিন শূন্য হইয়া যাইতে থাকে । গত বর্ষাকাল এই ভাবেই কাটে, বিমলেন্দ্র পুজার সময় পীড়া-পীড় করিয়া ডাক্তার দেখায় । ডাক্তার বলেন, থাইসিসের সূত্রপাত হইয়াছে, সতর্ক হওয়া দরকার ।

বিমলেন্দ্র লিখিয়াছে—লীলার খুব জ্বর । ভুলি বকিতেছে, কেহই নাই, সে একা ও একটি চাকর সারারাত জাগিয়াছে, আত্মীয়স্বজন কেহ ডাকিলে আসিবে না, কি করা যায় এ অবস্থায় ! অপু এখানে আজকাল তত আসিতে পারে না, অনেকদিন লীলাকে দেখে নাই । লীলার মুখে যেন রাঙা, অস্বাভাবিকভাবে রাঙা ও উজ্জ্বল দেখাইতেছে ।

বিমলেন্দ্র শঙ্কমুখে বলিল—কাল রঘুয়ার মুখে খবর পেয়ে এসে দেখি এই অবস্থা । এখন কি করি বলুন তো ? বাড়ির কেউ আসবে না, আমি কাউকে বলতেও যাব না, মাকে একথানা টেলিগ্রাম করে দেব ?

অপু বলিল—মা যদি না আসেন ?

—কি বলেন ? একদিন ছুটে আসবেন—দিদি-ভ্রাতৃ প্রাণ তারি । তিনি যে আজ চার

বছর কলকাতামুখো হন নি, সে এই দিদির কাশুই তো। মদুশকিল হয়েছে কি জানেন, কাল রাগও বকেছে, শুধু খুকী, খুকী, অথচ তাকে আনানো অসম্ভব।

অপু বলিল—আর এক কাজ করতে হবে, একজন নার্স আমি নিয়ে আসি ঠিক করে। মেয়েমানুষের নার্সিং পদুর্ষকে দিয়ে হয় না। বসো তোমরা।

দুই তিন দিনে সবাই মিলিয়া লীলাকে সারাইয়া তুলিল। জ্ঞান হইলে সে একদিন কেবল অপুকে ঘরের মধ্যে দেখিতে পাইয়া কাছে ডাকিয়া ক্ষীণ সুরে বলিল—কখন এলে অপুর্ষ্ব ?

রোগ হইতে উঠিয়াও লীলার শ্বাস্ত্র্য ভাল হইল না। শুইয়া আছে তো শুইয়াই আছে, বসিয়া আছে তো বসিয়াই আছে। মাথার চুল উঠিয়া যািতে লাগিল। আপন মনে গদুম হইয়া বসিয়া থাকে, ভাল করিয়া কথাও বলে না, হাসেও না। কোথাও নড়িতে চড়িতে চায় না। ইতিমধ্যে কাশী হইতে লীলার মা আসিলেন। বাপের বাড়ি থাকেন, রোজ মোটরে আসিয়া দুই তিন ঘণ্টা থাকেন—আবার চলিয়া যান। ডাক্তার বলিয়াছে, শ্বাস্ত্র্যকর জায়গায় না লইয়া গেলে রোগ সারিবে না।

দুপুর বেলাটা—কিন্তু একটু মেঘ করার দরুন রৌদ্র নাই কেথাও। অপু লীলার বাসায় গিয়া দেখিল লীলা জান্নাধার ধারে বসিয়া আছে। সে সব সময় আসিতে পারে না, কাজলকে একা বাসায় রাখিয়া আসা চলে না। ভারী চঞ্চল ও রীতিমত নিশ্বেদাধ ছিলে। তাহা ছাড়া রান্নাবান্না ও সমুদয় কাজ করিতে হয় অপু, কাজলকে দিয়া কুটাগাছটা ভাঙিবার সাহায্য নাই, সে খেলাধুলা লইয়া সারাদিন মহাব্যস্ত—অপু তাহাকে কিছু করিতে বলেও না, ভাবে—আহা, খেলুক একটু। পুওর মাদারলেস্ চাইবড !

লীলা গ্লান হাসিয়া বলিল—এস।

—এরা কোথায় ? বিমলেস্দু কোথায় ? মা এখনও আসেন নি ?

—বসো। বিমলেস্দু এই কোথায় গেল। নার্স তো নিচে, বোধ হয় খেয়ে একটু ঘুসুমেছে।

—তারপর কোথায় যাওয়া ঠিক হ'ল—সেই ধরমপুর্ষ্বেরই ? সঙ্গে যাবেন কে—

—মা আর বিমল।

খানিকক্ষণ দুজনেই চুপ করিয়া রহিল। পরে লীলা তাহার দিকে ফিরিয়া বলিল—আচ্ছা অপুর্ষ্ব, বশুর্মানের কথা মনে হয় তোমার ?

অপু ভাবিল, আহা, কি হয়ে গিয়েচে লীলা !

মুখে বলিল—মনে থাকবে না কেন খুব মনে আছে !

লীলা অন্যমনস্কভাবে বলিল—তোমরা সেই ওঁদিকের একটা ঘরে থাকতে—সেই আমি যেতুম—

—তুমি আমাকে একটা ফাউন্টেন পেন দিয়েছিলে মনে আছে লীলা ? তখন ফাউন্টেন পেন নতুন উঠেচে।—মনে নেই তোমার ?

লীলা হাসিল।

অপু হিসাব করিয়া বলিল—তা ধর প্রায় আজ বিশ-বাইশ বছর আগেকার কথা।

লীলা খানিকটা চুপ করিয়া থাকিয়া বলিল—অপুর্ষ্ব, কেউ মোটরটা কিনবে বলতে পারো, তোমার সন্ধানে আছে ?

লীলার অত সাধের গাড়ীটা...এত কষ্টে পড়িয়াছে সে !—

লীলা বলিল—আমি সে সব গ্রাহ্য করি নে, কিন্তু মা-ও ভাবেন—যাক্ সে সব কথা। তুমি আমাকে কোথাও নিয়ে যাবে অপুর্ষ্ব ?

—কোথায় ?

—যেখানে হোক। তোমার সেই পোতেরা প্লাতায় - মনে নেই, সেই যে সমুদ্রের মধ্যে কোন ডুবোজাহাজ উদ্ধার করে বলেছিলে সোনা আনবে? সেই যে 'মুকুলে' পড়ে বলেছিলে ?

কথাটা অপূর মনে পড়িল। হাসিয়া বলিল, হ্যাঁ সেই—ঠিক। উঃ সে কথা মনে আছে তোমার।

—আমি বলেছিলাম, কেমন করে যাবে? তুমি বলেছিলে, জাহাজ কিনে সমুদ্রে যাবে। অপূর হাসিল। শৈশবের সাধ-আশার নিষ্ফলতা সম্বন্ধে সে কি একটা বলিতে যাইতেছিল, কিন্তু হঠাৎ তাহার মনে পড়িয়া গেল, লীলাও এ ধরনের নানা আশা গোষণ করিত, বিদেশে যাইবে, বড় আর্টিস্ট হইবে ইত্যাদি—ওব সামনে আর সে কথা বলার আবশ্যিক নাই।

কিন্তু লীলাই আবার খানিকটা চূপ করিয়া থাকিয়া বলিল—যাবে না? যাও যাও—পরে হি-হি করিয়া হাসিয়া কেমন একটা অশ্রুত সুরে বলিল—সমুদ্র থেকে সোনা আনবে তো তোমারাই—পোতেরা প্লাতা থেকে, না? ...দ্যাখো, এখনও ঠিক মনে করে রেখেছি—রাখি নি? হি-হি—একটু চা খাবে?

লীলার মুখের শীর্ণ হাসি ও তাহার বাদুনীহারা উদ্ভ্রান্ত আলগা ধরনের কথাবার্তা অপূর বৃক্কে তীক্ষ্ণ তীরের মত বিধিল। সঙ্গে সঙ্গে বৃষ্টি ঐত ভালবাসে নাই সে লীলাকে আর কোনো দিন আজ যত বাসিয়াছে।

—দুপুর বেলা চা খাব কি? সেজন্য ব্যস্ত হয়ো না লীলা।

লীলা বলিল—তোমার মুখে সেই পুরনো গানটা শুনিনি অনেকদিন—সেই 'আমি চঞ্চল হে'—গাও তো?

মেঘলা দিনের দুপুর। বাহিরের দিকে একটা সাহেব-বাড়ির কম্পাউন্ডে গাছের ডালে অনেকগুলি পাখি কলরব করিতেছে। অপূর গান আরম্ভ করিল, লীলা জানালার ধারেই বসিয়া বাহিরের দিকে মুখ রাখিয়া গানটা শুনিতে লাগিল। লীলার মনে আনন্দ দিবার জন্য অপূর গানটা দু-তিনবার ফিরাইয়া ফিরাইয়া গাহিল। গান শেষ হইয়া গেল, তবু লীলা জানালার বাহিরেই চাহিয়া আছে, অনামনশ্চকভাবে যেন কি জিনিস লক্ষ্য করিতেছে।

খানিকক্ষণ কাটিয়া গেল। দুজনেই চূপ করিয়া ছিল। হঠাৎ লীলা বলিল—একটা কথার উত্তর দেবে?

লীলার গলার স্বরে অপূর বিস্মিত হইল। বলিল—কি কথা?...

—আচ্ছা, বেঁচে লাভ কি? .

অপূর এ প্রশ্নের জন্য প্রস্তুত ছিল না—বলিল—এ কথার কি—এ কথা কেন?

—বল না?...

—না লীলা। এ ধরনের কথাবার্তা কেন? এর দরকার নেই।

—আচ্ছা, একটা সত্যি কথা বলবে? ..

—কি বল?...

—আচ্ছা, আমাকে লোকে কি ভাবে? .

সেই লীলা! তাহার মুখে এ রকম দুর্বল ধরনের কথাবার্তা, সে কি কখনও স্বপ্নেও ভাবিয়াছিল! অপূর এক মুহূর্তেই সব বৃষ্টি—অভিমানিনী তেজস্বিনী লীলা আর সব সহ্য করিতে পারে, লোকের ঘৃণা তাহার অসহ্য। গত কয়েক বৎসরে ঠিক তাহাই জুটিয়াছে তাহার কপালে। এতদিন সেটা বোঝে নাই—সম্প্রতি বৃষ্টিয়াছে—জীবনের উপর টান হারাইতে বসিয়াছে।

অপূর গলায় যেন একটা ডেলা আটকাইয়া গেল। সে যতদূর সম্ভব সহজ সুরে বলিল—এ ধরণের কথা সে এ পর্য্যন্ত কোনো দিন লীলার কাছে বলে নাই, কোনো দিন না—দ্যাখো লীলা, অন্য লোকের কথা জ্ঞান নে, তবে আমার কথা শুনবে? আমি তোমাকে আমার চেয়ে অনেক বড় তো ভাবিই—অনেকের চেয়ে বড় ভাবি—তোমাকে কেউ চেনে নি, চিনলে না, এই কথা ভাবি।—আজ নয় লীলা, এতটুকু বেলা থেকে তোমায় আমি জানি, অন্য লোক ভুল করতে পারে, কিন্তু আমি—

লীলা যেন অবাক হইয়া গেল, কখনও সে এ রকম দেখে নাই অপূরকে। সে জিজ্ঞাসা করিতে যাইতেছিল—সত্যি বলছ?—কিন্তু অপূর মুখ দেখিয়া হয়ত বৃষ্টিল প্রশ্নটা অনাবশ্যক। পরক্ষণেই খেয়ালী অপূর আর একটা কাজ করিয়া বসিল—এটাও সে ইহার আগে কখনো করে নাই—লীলার খুব কাছে সরিয়া গিয়া তার ডান হাতখানা নিজের দৃহাতের মধ্যে লইয়া লীলাকে নিজের দিকে টানিয়া তার মুখ ফিরাইল। পরে গভীর স্নেহে তার উত্তপ্ত ললাটে, কানের পাণের চূর্ণ কুস্তলে হাত বুলাইতে বুলাইতে দৃঢ়স্বরে বলিল—তুমি আমি ছেলেবেলার সাথী, লীলা—আমরা কেউ কাউকে ভুলব না—কোনো অবস্থাতেই না। এতদিন ভুলি নি-ও কখনো লীলা।

লীলার সারা দেহ শিহরিয়া উঠিল...যাহা আজ অপূর মুখে, কথার সুরে ডাগর চোখের অরুপট দৃষ্টিতে পাইল—জীবনে কোনোদিন কাহারও কাছ হইতে তাহা সে কখনও পায় নাই—আজ সে দেখিল অপূরকে চিরকাল ভালবাসিয়া আসিয়াছে—বিশেষ করিয়া অপূর মাতৃবয়োগের পর লালদীঘির সামনের ফুটপাতে তাকে যৌন শঙ্কমুখে নিরাশ্রয় ভাবে বেড়াইতে দেখিয়াছিল—সেদিনটি হইতে।

...অপূর চমক ভাঙিল—লীলা কখন তাহার বক্ষে মুখ লুকাইয়াছিল তাহার অশ্রু-প্লাবিত পান্ডুর মুখখানি।...

অপূর বাহিরে চলিয়া আসিল—সে অন্তর্ভব করিতেছিল, লীলার মত সে কাহাকেও ভালবাসে না—সেই গভীর অন্তঃস্পর্শমিশ্রিত ভালবাসা, যা মানুষকে সব ভুলাইয়া দেয়, আত্ম-বিসর্জনে প্রণোদিত করে।

লীলাকে যে করিয়া হউক সে সুখী করিবে। লীলাকে এতটুকু কষ্টে পিড়িতে দিবে না, নিজেকে ছোট ভাবিতে দিবে না। যাহার ইচ্ছা লীলাকে ছাড়ুক, সে লীলাকে ছাড়িতে পারিবে না। সে লীলাকে কোথাও লইয়া যাইবেই—এ অবস্থায় কলিকাতায় থাকিলে লীলা বাঁচিবে না। বিশ্ব এ চাঁদকে—লীলার মুখের অনুরোধ আর একদিকে।

সারাপথ ভাবিতে ভাবিতে ফিরিল।

দিন তিনেক পরে।

বেলা আটটা। অপূর সকালে ফান সারিয়া কাজলকে সঙ্গে করিয়া বেড়াইতে বাহির হইবে—এমন সময়ে মিঃ লাহিড়ীর ছোট নারি অরুণ ঘরে ঢুকিল। এককোণে ডাকিয়া লইয়া চুপি চুপি উত্তোজিত সুরে বলিল—শিগগির আসুন, দীর্ঘ কাল রাতে বিষ খেয়েছে।

বিষ! সর্বনাশ!—লীলা বিষ খাইয়াছে!

কাজলকে কি করা যায়?—খোকা তুই—বরং—ঘরে থাক একা। আমি একটা কাজে যাচ্ছি। দেরি হবে ফিরতে।

কিন্তু কাজলের চোখে ধূলা দেওয়া অত সহজ নয়। কেন বাবা? কি কাজ? কোথায়? কত দেরি হইতে পারে?—কোনোমতে ভুলাইয়া তাহাকে রাখিয়া দুজন ট্যাঙ্ক ধরিয়া লীলার বাসায় আসিল। আরও দুখানা মোটর দাঁড়াইয়া আছে! টুকতেই লীলাদের বাড়ির ডাক্তার

বৃন্দ কেদারবাবুদের সঙ্গে দেখা । অরণ্য ব্যস্তসমস্ত ভাবে জিজ্ঞাসা করিল—কি অবস্থা এখন ?

কেদারবাবু বলিলেন—অবস্থা তেমনি । আর একটা ইন্‌জেকশ্যন করছি । হিল্কক্‌ সাহেব এলে যে বুঝতে পারি । অপদ্র প্রশ্নের উত্তরে বলিলেন—বন্ড স্যাড্‌ ব্যাপার - বন্ড স্যাড্‌ । জিনিসটা ? মরফিয়া । রাগ্রে কখন খেয়েছে, তা তো বোঝা যায় নি, আজ সকালে তাও বেলা হলে তবে টের পাওয়া গেল । কর্ণেল হিল্কক্‌কে আনতে লোক গিয়েছে—তিনি না আসা পর্য্যন্ত—

অরণ্যের সঙ্গে সঙ্গে উপরের সেই ঘরটাতে গেল—মাত্র দিন তিনেক আগে যেটাতে বসিয়া সে লীলাকে গান শুনাইয়া গিয়াছে । প্রথমটা কিস্তু সে ঘরে ঢুকিতে পারিল না, তাহার হাত কাঁপতোছিল, পা কাঁপতোছিল । ঘরটা অন্ধকার, জানালার পর্দাগুলো বৃন্দ, ঘরে বেশী লোক নাই, কিস্তু বারান্দাতে আট-দশজন লোক । সবাই পশ্চিমপুকুরের বাড়ির ।—সবাই চুপি চুপি কথা কাহিতেছে, পা টিপিয়া টিপিয়া হাঁটিতেছে । কিছু বিশেষ অস্বাভাবিক ব্যাপার ঘটয়াছে এখানে । এমন বলিয়া কিস্তু অপদ্র মনে হইল না । অথচ একজন—যে পৃথিবীর মূখকে এত ভালবাসিত, আকাঙ্ক্ষা করিত, আশা করিত—উপেক্ষায় মূখ বাকাইয়া পৃথিবী হইতে ধীরে ধীরে বিদায় লইতেছে ।

সেদিনকার সেই জানালার পাশের খাটেই লীলা শুনাইয়া । সুংগ্ৰা নাই, পাণ্ডুর, কেমন যেন বিবর্ণ—ঠোঁট দীর্ঘ নীল । একখানা হাত খাটের বাহিরে ঝুলিতোছিল সে তুলিয়া দিল । গায়ে রেশমের বরফি-কাটা বিলাতী লেপ । কি অপূর্ব যে দেখাইতেছে লীলাকে ! মরণ-হত মৃত্যুপাণ্ডুর মূখের সৌন্দর্য্য যেন এ পৃথিবীর নয়—কিংবা হিরন্মত হাতীর দাঁতের খোদাই মূখ যেন । দেবীর মত সৌন্দর্য্য আরও অপার্থিব হইয়া উঠিয়াছে ।

তাহার মনে হইল লীলা ঘামিতেছে । তবে বোধ হয় আর ভয় নাই, বিপদ কাটিয়া গিয়াছে । চুপি চুপি বলিল—ঘামছে কেন ?

ডাক্তারবাবু বলিলেন—ওটা মরফিয়ার সিম্‌টম্‌ ।

মিনিট-দশ কাটিল । অপদ্র বাহিরের বারান্দাতে আসিয়া দাঁড়াইল । পাশের ঘরে লোকেরা একবার ঢুকিতেছে, আবার বাহির হইতেছে, অনেকেই আসিয়াছে, কেবল মিঃ লাহড়ী ও লীলার মা নাই । মিঃ লাহড়ী দার্শ্জালিং-এ, লীলার মা মাত্র কাল এখান হইতে বৃন্দমানে কি কাজে গিয়াছেন । লীলা সত্যি অভাগিনী !

এমন সময় নীচে একটা গোলমাল । একখানা গাড়ির শব্দ উঠিল । ডাক্তার সাহেব আসিয়াছেন—তিনি উপরে উঠিয়া আসিলেন, পিছনে কেদারবাবু ও বিমলেশ্দু । অনেকেই ঘরে ঢুকিতে যাইতোছিল, কেদারবাবু র্ননষেধ করিলেন । মিনিট সাতেক পরে ডাক্তার সাহেব চলিয়া গেলেন । বলিয়া গেলেন—Too late, কোনও আশা নাই ।

আরও আধঘণ্টা । এত লোক !—অপদ্র ভাবিল, ইহারা এতকাল কোথায় ছিল ? আজ too late ! Too late !

লীলা মারা গেল বেলা দশটায় । অপদ্র তখন খাটের পাশেই দাঁড়াইয়া । এতক্ষণ লীলা চোখ বৃন্দমানেই ছিল, সে সময়টা হঠাৎ চোখ মেলিয়া চাহিল—তারাগদা বড় বড়, তাহার দিকেও চাহিল, অপদ্র দেহে যেন বিদ্রাৎ খেলিয়া গেল—লীলা তাহাকে চিনিয়াছে বোধ হয় । কিস্তু পরক্ষণেই দৌখিল—দৃষ্টি অর্থহীন, আভাহীন, উদাসীন, অস্বাভাবিক । তারপরই লীলা যেন চোখ তুলিয়া কাড়কাঠে, সেখান হইতে আরও অস্বাভাবিকভাবে মাথার শিয়রে কার্নিসের বিটের দিকে ইচ্ছা করিয়াই কি দেখিবার জন্য চোখ ঘুরাইল—স্বাভাবিক অবস্থায় মানু্য ওরকম চোখ ঘুরাইতে পারে না ।

তারপরেই সবাই ঘরের বাহির হইয়া আসিল । কেবল বিমলেশ্দু ছেলেমানুষের মত

চীৎকার করিয়া কাঁদিয়া উঠিল।

অপুও ফিরিল। হায়রে পাপ, হায় পুণ্য! কে মানদণ্ডে তোল করিবে? মূর্খ... মূর্খ... মূর্খ... মূর্খ... লীলার বিচার করিবে কে? এই সব মূর্খের দল? দুঃখের মধ্যে তাহার হাসি আসিল।

দ্বাবিংশ পরিচ্ছেদ

কাজল এই কয়মাসেই বেশ লেখাপড়া শিখিয়াছে। বাড়িতেই পড়ে—অনেক সময় নিজের বই রাখিয়া বাবার বইগুলির পাতা উল্টাইয়া দেখে। আজকাল বাবা কি কাজে প্রায় সম্বন্ধাই বাহিরে বাহিরে ঘুরিয়া বেড়ায়, এই জন্য বাবার কাজও সে অনেক করে।

বাসায় অনেকগুলো বিড়াল জুটিয়াছে। সে যখন প্রথম আসিয়াছিল তখন ছিল একটা মাত্র বিড়াল—এখন জুটিয়াছে আরও গোটা তিন। কাজল খাইতে বসিলেই পাতের কাছে সবগুলো আসিয়া জোটে। তাহারা ভাত খায় না, খায় শুধু মাছ। কাজল প্রথমে ভাবে কাহাকেও সে এক টুকরাও দিবে না—করুক মিউ মিউ। কিন্তু একটু পরে একটা অল্প বয়সের বিড়ালের উপর বড় দয়া হয়। এক টুকরো তাহাকে দিতেই অন্য সবগুলো করুণসুরে ডাক শব্দ করে—কাজল ভাবে—আহা, ওরা কি বসে বসে দেখবে—দিই ওদেরও একটু একটু। একে একে দিতে কাজলের মাছ প্রায় সব ফুরাইয়া যায়। বাড়িঘোদের ছেলে অনু একটা বিড়ালছানাকে রাস্তার উপর দিয়া যে ইঞ্জিন যায়, ওরই তলার ফেলিয়া দিয়াছিল—ভাগ্যে সেটা মরে নাই—যে ইঞ্জিন চালায়, সে ততক্ষণাৎ থামাইয়া ফেলে। কাজল আজকাল একটা কেরোসিন কাঠের বাঞ্চে বিড়ালগুলির থাকিবার জায়গা করিয়া দিয়াছে।

রাতে শুইয়াই কাজল অর্মান বলে,—গল্প বল বাবা। আচ্ছা বাবা, ওই যে রাস্তায় ইঞ্জিন চালায় যারা, ওরা কি যখন হয় থামাতে পারে, ঘোঁড়কে ইচ্ছে চালাতে পারে? সে মাঝে মাঝে গিলির মুখে দাঁড়াইয়া বড় রাস্তার স্টীম রোলার চালাইতে দেখিয়াছে। যে লোকটা চালায় তাহার উপর কাজলের মনে মনে হিংসা হয়। কি মজা ওই কাজ করা! যখন খুঁশি চালানো, যতদূর হয়, যখন খুঁশি থামানো। মাঝে মাঝে সিটি দেয়, একটা চাকা বসিয়া বসিয়া ঘোরায়। সব চুপ করিয়া আছে, সামনের একটা ডাঙা যেই টেপে অর্মান ঘটাৎ ঘটাৎ বিকট শব্দ।

এই সময়ে অপু হঠাৎ অসুখ হইল। সকালে অন্য দিনের মত আর বিছানা হইতে উঠিতেই পারিল না—বাবা সকালে উঠিয়া মাদুর পাতিয়া বসিয়া তামাক খায়, কাজলের মনে হয় সব ঠিক আছে—কিন্তু আজ বেলা দশটা বাজিল, বাবা এখনও শুইয়া—জগৎটা যেন আর স্থিতিশীল নয়, নিত্য নয়। সব কি যেন হইয়া গিয়াছে। সেই রোদ উঠিয়াছে, কিন্তু রোদের চেহারা অন্য রকম, গলিতার চেহারা অন্য রকম, কিছু ভাল লাগে না, বাবার অসুখ এই প্রথম, বাবাকে আর কখনো সে অসুখ দেখে নাই—কাজলের ক্ষুদ্র জগতে সব যেন ওলটপালট হইয়া গেল। সারা দিনটা কাটিল, বাবার সাড়া নাই, সংজ্ঞা নাই—জ্বরে অজ্ঞান হইয়া পড়িয়া। কাজল পাউরুটি কিনিয়া আনিয়া খাইল। সন্ধ্যা কাটিয়া গেল। কাজল পরমানন্দ পানওয়ালার দোকান হইতে তেল পরিয়া আনিয়া লণ্ঠন জ্বালিল। বাবা তখনও সেই রকমই শুইয়া। কাজল অস্থির হইয়া উঠিল—তাহার কোনও অভিজ্ঞতা নাই এ সব বিষয়ে, কি এখন সে করে? দু-একবার বাবার কাছে গিয়া ডাকিল, জ্বরের ঘোরে বাবা একবার বলিয়া উঠিল—স্টোভটা নিয়ে আয়, ধরাই খোঁকা—স্টোভটা—

অর্থাৎ সে স্টোভটা ধরাইয়া কাজলকে রাখিয়া দিবে।

কাজল ভাবিল, বাবাও তো সারাদিন কিছ্ খায় নাই—স্টোভ ধরাইয়া বাবাকে সাব্দ তৈরি করিয়া দিবে। কিন্তু স্টোভ সে ধরাইতে জানে না, কি করে এখন? স্টোভটা ঘরের মেঝেতে লইয়া দেখিল তেল নাই। আবার পরমানেশ্বর দোকানে গেল। পরমানন্দকে সব কথা খুলিয়া বলিল। পাশেই একজন নতুন-পাশকরা হোমিওপ্যাথিক ডাক্তারের ডিম্পেসারী। ডাক্তারটি একেবারে নতুন, একা ডাক্তারখানায় বাসিয়া কাড়-বরগা গুণিতোছিলেন, তিনি তাহাদের সঙ্গে বাসায় আসিলেন, অপুকে ডাকিয়া তাহার হাত ও বুক দেখিলেন, কাজলকে ঔষধ লইবার জন্য ডাক্তারখানায় আসিতে বলিলেন। অপু তখন একটু ভাল-সে ব্যস্তসমস্ত হইয়া ক্ষীণসুরে বলিল—ও পারবে না, রান্ধিরে এখন থাক, ছেলেমানুষ, এখন থাক—

এই সবেের জন্য বাবার উপর রাগ হয় কাজলের। কোথায় সে ছেলেমানুষ, সে বড় হইয়াছে। কোথায় সে না যাইতে পারে, বাবা পাঠাইয়া দেখুক দিকি সে কেমন পারে না? বিশেষতঃ অপরের সামনে তাহাকে কচি বলিলে, ছেলেমানুষ বলিলে, আদর করিলে বাবার উপর তাহার ভীষণ রাগ হয়।

বাবার সামনে স্টোভ ধরাইতে গেলে কাজল জানে বাবা বারণ করিবে,—বলিবে—‘উ’হু, করিস নে খোকা, হাত পুড়িয়ে ফেলবি। সে সরু বারান্দাটার এক কোণে স্টোভটা লইয়া গিয়া কয়েকবার চেষ্টা করিয়াও সেটা জ্বালিতে পারিল না। অপু একবার বলিল—কি কচ্ছিস ও খোকা, কোথায় গেলি ও খোকা? আঃ, বাবার জ্বালায় অস্থির!... ঘরে আসিয়া বলিল—বাবা কি খাবে? মিছরী আর বিস্কুট কিনে আনবো? অপু বলিল—না না, সে তুই পারবি নে। আমি খাবো না কিছ্। লক্ষ্মী বাবা, কোথাও যেও না ঘর ছেড়ে, রান্ধিরে কি কোথাও যায়? হারিয়ে যাবি—

হ্যাঁ, সে হারাইয়া যাইবে! ছাড়িয়া দিলে সে সব জায়গায় যাইতে পারে, পৃথিবীর সম্বন্ধে একা যাইতে পারে, বাবার কথা শুনিলে তাহার হাসি পায়।

পরদিন সকালে উঠিয়া কাজল প্রথমে ঔষধ আনিল। বাবার জন্য ফুটপাতের দোকান হইতে খেজুর ও কমলালেবু কিনিল। একটু দুরের দুরের দোকান হইতে জ্বাল-দেওয়া গরম দুধও কিনিয়া আনিল। দুধের ঘটি হাতে ছেলে ফিরিলে অপু বলিল—কথা শুনবি নে খোকা? দুধ আনতে গেলি রাস্তা পার হয়ে সেই আমহাট স্ট্রীটের দোকানে? এখন গাড়ি ঘোড়ার বড় ভিড়—যেও না বাবা—দে বাকী পয়সা।

খুচরা পয়সা না থাকায় ছেলেকে সকালে ঔষধের দামের জন্য একটা টাকা দিয়াছিল, কাজল টাকাটা ভাঙাইয়া এগুলা কিনিয়াছে, নিজে মাত্র এক পয়সার বেগুনি খাইয়াছিল (তেলভাজা খাবারের উপর তাহার বেজায় লোভ), বাকী পয়সা বাবার হাতে ফেরত দিল।

অপু বলিল—একখানা পাউরুটি নিয়ে আয়, ওই দুধের আমি অতটা তো খাবো না, তুই অর্ধেকটা রুটি দিয়ে খা—

—না বাবা, এই তো কাছেই হোটেল, আমি ওখানে গিয়ে—

—না, না, সেও তো রাস্তা পার হয়ে, আপিসের সময় এখন মোটরের ভিড়, এ-বেলা ওই খাও বাবা, আমি তোমাকে ওবেলা দুটো রেখে দেবো।

কিন্তু দুপুরের পর অপু আবার খুব জ্বর আসিল। রাতের দিকে এত বাড়িল, আর কোনও সংজ্ঞা রহিল না। কাজল দ্বোরে চাবি দিয়া ছুটিয়া আবার ডাক্তারের কাছে গেল। ডাক্তার আবার আসিলেন, মাথায় জলপটির ব্যবস্থা দিলেন, ঔষধও দিলেন। জিজ্ঞাসা করিলেন—এখানে আর কেউ থাকে না? তোমরা দুজন মোটে?... অসুখ যদি বাড়ে, তবে বাড়িতে টেলিগ্রাম কর'রে দিতে হবে। দেশে কে আছে?

—দেশে কেউ নেই। আমার মা তো নেই।... আমি আর বাবা শুধু—

—মুশকিল। তুমি হেলেমানুষ কি করবে? হাসপাতালে দিতে হবে তা হলে, দেখি আজ রাতটা—

কাজলের প্রাণ উড়িয়া গেল। হাসপাতাল! সে শুনিয়াছে সেখানে গেলে মানুষ আর ফেরে না! বাবার অসুখ কি এত বেশী যে, হাসপাতালে পাঠাইতে হইবে?

ডাক্তার চলিয়া গেল। বাবা শূন্যই আছে—শিয়রের কাছে আখভাঙা ডালিম, গোটাকতক লেবুর কোয়া। পালংশাকের গোড়া বাবা খাইতে ভালবাসে, বাজার হইতে সৈদিন পালংশাকের গোড়া আনিয়াছিল, ঘরের কোণে চূপাড়িতে শুকাইতেছে—বাবা যদি আর না ওঠে? না রাধে? কাজলের গলায় কিসের একটা ডেলা ঠেলিয়া উঠিল। চোখ ফাটিয়া জল আসিল—ছোট বারান্দার এক কোণে গিয়া সে আকুল হইয়া নিঃশব্দে কাঁদিতে লাগিল। ভগবান বাবাকে সারাইয়া তোল, পালংশাকের গোড়া বাবাকে খাইতে না দেখিলে সে বুক ফাটিয়া মরিয়া যাইবে—ভগবান বাবাকে ভাল করিয়া দাও।

মেঝেতে তাহার পিড়বার মাদ রটা পাতিয়া দে শূন্যই পড়িল। ঘরে লণ্ঠনটা জ্বালিয়া রাখিল—একবার নাড়িয়া দেখিল কতটা তেল আছে, সারারাও জ্বালিবে কি না। অশুধকারে তাহার বড় ভয়—বিশেষ বাবা আগ নড়ে না, চড়ে না, কথাও বলে না।

দেয়ালে কিসের সব যেন ছায়া! কাজল চক্ষু বুজিল।

মাস দেড় হইল অপু সারিয়া উঠিয়াছে। হাসপাতালে যাইতে হয় নাই। এই গলিরই মধ্যে বাড়ুস্বেরা বেশ সঙ্গতপন্ন গৃহস্থ, তাহাদের এক ছেলে ভাল ডাক্তার। তিনি অপু বাড়ুওয়ালার মূখে সব শুনিয়া নিজে দেখিতে আসেন—ইনজেকশনের ব্যবস্থা করেন, শূন্যস্বার লোক দেন, কাজলকে নিজের বাড়ি হইতে খাওয়াইয়া আনেন। উহাদের বাড়ির সঙ্গে খুব ঘনিষ্ঠ আলাপ হইয়া গিয়াছে।

চৈত্রের প্রথম। চাকুরি অনেক খুঁজিয়াও মিলিল না। তবে আজকাল লিখিয়া কিছু আয় হয়।

সকালে একদিন অপু মেঝেতে মাদুর পাতিয়া বসিয়া বসিয়া কাজলকে পড়াইতেছে, একজন কুড়ি-বাইশ বছরের চোখে-চশমা ছেলে দোরের কাছে আসিয়া দাঁড়াইয়া বলিল—আজ্ঞে আসতে পারি?—আপনারই নাম অপুস্ব'বাবু? নমস্কার—

—আসুন, বসুন বসুন। কোথেকে আসছেন?

—আজ্ঞে, আমি ইউনিভার্সিটিতে পড়ি। আপনার বই পড়ে আপনার সঙ্গে দেখা করতে এলাম। আমার অনেক বন্ধুবান্ধব সবাই এত মূগ্ধ হয়েছে, তাই আপনার ঠিকানা নিয়ে—

অপু খুব খুশী হইল—বই পড়িয়া এত ভাল লাগিয়াছে যে, বাড়ি খুঁজিয়া দেখা করিতে আসিয়াছে একজন শিক্ষিত তরুণ যুবক! এ তার জীবনে এই প্রথম।

ছেলেটি চারিদিকে চাহিয়া বলিল—আজ্ঞে, ইয়ে, এই ঘরটাতে আপনি থাকেন বুঝি?

অপু একটু সঙ্কচিত হইয়া পড়িল, ঘরের আসবাবপত্র অতি হীন, ছেঁড়া মাদুরে পিতাপুত্রে বসিয়া পড়িতেছে। খানিকটা আগে কাজল ও সে দুজনে মূড়ি খাইয়াছে, মেঝের খানিকটাতে তার চিহ্ন। সে ছেলের ঘাড়ের সব দোষটা চাপাইয়া দিয়া সলজ্জ সুরে বলিল—তুই এমন দুষ্টু হয়ে উঠেছিস খোকা, রোজ রোজ তোকে বাল খেয়ে অমন করে ছড়াবি নে—তা তোর—আর বাটিটা অমন দোরের গোড়ায়—

কাজল এ অকারণ তিরস্কারের হেতু না বুঝিয়া কান-কান মূখে বলিল—আমি কই বাবা, তুমিই তো বাটিটাতে মূড়ি—

—আচ্ছা, আচ্ছা, থাম, লেখ, বানানগুলো লিখে ফেল।

যুবকটি বলিল—আমাদের মধ্যে আপনার বই নিয়ে খুব আলোচনা—আজ্ঞে হ্যাঁ। ওবেলা বাড়িতে থাকবেন? “বিভাবরী” কাগজের এডিটর শ্যামাচরণবাবু আপনার সঙ্গে দেখা করতে আসবেন, আমি—আরও তিন-চার জন সেই সঙ্গে আসব।—তিনটে? আচ্ছা, তিনটেতেই ভাল।

আরও খানিক কথাবার্তার পর যুবক বিদায় লইলে অপু ছেলের দিকে চাহিয়া বলিল,—
উস-স-স-স, খোকা?

ছেলে ঠোঁট ফুলাইয়া বলিল—আমি আর তোমার সঙ্গে কথা কব না বাবা—

—না বাপ আমার, লক্ষ্মী আমার, রাগ করো না। কিন্তু কি করা যায় বল তো?

—কি বাবা?

—তুই এক্ষুনি ওঠ, পড়া থাক এবেলা, এই ঘরটা ঝেড়ে বেশ ভাল করে সাজাতে হবে—
আর ওই তোর ছেঁড়া জামাটা তত্তপোশের নিচে লুকিয়ে রাখ দিকি!—ওবেলা “বিভাবরী”র সম্পাদক আসবে

—“বিভাবরী” কি বাবা?

—“বিভাবরী” কাগজ রে পাগল, কাগজ—দৌড়ে যা তো, পমশের বাসা থেকে বাল্যভটা চেয়ে নিয়ে আয় তো!

বৈকালের দিকে ঘরটা একরকম মন্দ দাঁড়াইল না। তিনটার পরে সবাই আসিলেন। শ্যামাচরণবাবু বলিলেন—আপনার বইটার কথা আমার কাগজে যাবে আসছে মাসে। ওটাকে আমিই আবিষ্কার করেছি মশাই! আপনার লেখা গল্পটকপ? দিন না।

পরের মাসে “বিভাবরী” কাগজে তাহার সম্বন্ধে এক নাতিদীর্ঘ প্রবন্ধ বাহির হইল, সঙ্গে সঙ্গে তাহার গল্পটাও বাহির হইল। শ্যামাচরণবাবু ভদ্রতা করিয়া পঁচশটা টাকা গল্পের মূল্যস্বরূপ লোক মারফৎ পাঠাইয়া দিয়া আর একটা গল্প চাহিয়া পাঠাইলেন।

অপু ছেলেকে প্রবন্ধটি পড়িতে দিয়া নিজে চোখ বুজিয়া বিছানায় শুইয়া শুনিতে লাগিল। কাজল খানিকটা পড়িয়া বলিল—বাবা, এতে তোমার নাম লিখেছে যে! অপু হাসিয়া বলিল—দেখেছিস খোকা, লোক কত ভাল বলছে আমাকে? তোকেও একদিন ওই রকম বলবে, পড়াশুনো করবি ভাল করে, বুঝলি?

দোকানে গিয়া শুনিল “বিভাবরী”তে প্রবন্ধ বাহির হইবার পর খুব বই কাটিতেছে—
তাহা ছাড়া তিন বিভিন্ন স্থান হইতে তিনখানি পত্র আসিয়াছে। বইখানার অজস্র প্রশংসা!

একদিন কাজল বসিয়া পড়িতেছে, সে ঘরে ঢুকিয়া হাত দুখানা পিছনের দিকে লুকাইয়া বলিল,—খোকা, বল তো হাতে কি? কথাটা বলিয়াই মনে পড়িয়া গেল, শৈশবে একদিন তাহার বাবা—সেও এমনি বৈকাল বেলাটা— তাহার বাবা এইভাবেই, ঠিক এই কথা বলিয়াই খবরের কাগজের মোড়কটা তাহার হাতে দিয়াছিল! জীবনের চক্র ঘুরিয়া ঘুরিয়া কি অশ্রুত ভাবেই আর্বাতি হইতেছে, চিরষুগ ধরিয়া! কাজল ছুটিয়া গিয়া বলিল,—কি বাবা, দেখি?
—পরে বাবার হাত হইতে জিনিসটা লইয়া দেখিয়া বিস্মিত ও পুলকিত হইয়া উঠিল। অজস্র ছবিওয়লা আরব্য উপন্যাস! দাদামশায়ের বইয়ে তো এত রঙীন ছবি ছিল না? নাকের কাছে ধরিয়া দোঁখল কিন্তু তেমন পুরনো গন্ধ নাই, সেই এক অভাব।

অনেক দিন পরে হাতে পরস্যা হওয়াতে সে নিজের জন্যও একরাশ বই ও ইংরেজী ম্যাগাজিন কিনিয়া আনিয়াছে।

পরদিন সে বৈকালে তাহার এক সাহেব বন্ধুর নিকট হইতে একখানি চিঠি পাইয়া গ্রেট ইন্সটান' হোটেলে তাহার সঙ্গে দেখা করিতে গেল। সাহেবের বাড়ি কানাডায়, চম্পশ-

বিয়ার্লিশ বয়স, নাম এ্যাশ্বাট'ন । হিমালয়ের জঙ্গলে গাছপালা খর্দাজতে আসিয়াছে, ছবিও আঁকে । ভারতবর্ষে এই দুইবার আসিল । স্টেটস্-ম্যানে তাহার লেখা হিমালয়ের উচ্ছ্বাসিত বর্ণনা পড়িয়া অপদু হোটেলে গিয়া মাস-দুই পদুর্ষ লোকটির সঙ্গে আলাপ করে । এই দু মাসের মধ্যে দুজনের বন্ধুত্ব খুব জমিয়া উঠিয়াছে ।

সাহেব তাহার জন্য অপেক্ষা করিতেছিল । ফ্রান্সের টিলা সূট পরা, মদুখে পাইপ, খুব দীর্ঘাকার, স্ত্রী মদুখ, নীল চোখ, কপালের উপরের দিকের চুল খানিকটা উঠিয়া গিয়াছে । অপদুকে দেখিয়া হাসিমদুখে আগাইয়া আসিল, বলিল—দেখ, কাল একটা অম্ভুত ব্যাপার ঘটেছিল । ও-রকম কোনদিন হয় নি । কাল একজন বন্ধুর সঙ্গে মোটরে কলকাতার বাইরে বেড়াতে গিয়েছিলুম । একটা জায়গায় গিয়ে বসেছি, কাছে একটা পদুকুর, ও-পারে একটা মন্দির, একসার বাঁশগাছ, আর তালগাছ, এমন সময়ে চাঁদ উঠল, আলো আর ছায়ার কি খেলা ! দেখে আর চোখ ফেরাতে পারি নি । মনে হল, Ah, this is the East !... The eternal East, এমন দেখিনি কখনও ।

অপদু হাসিয়া বলিল,—and pray, who is the Sun ?...

এ্যাশ্বাট'ন হো-হো করিয়া হাসিয়া বলিল,—না, শোন, আমি কাশী যাচ্ছি, তোমাকে না নিয়ে আমি যাব না কিন্তু । আসছে হপ্তাতেই যাওয়া দাক্ চলো ।

কাশী ! সেখানে সে কেমন করিয়া যাইবে ! কাশীর মাটিতে সে পা দিতে পারিবে না । শত-সহস্র-মর্তি-জড়ানো কাশী, জীবনের ভাঙারের অক্ষয় সগুণ—ও কি যখন-তখন গিয়া নষ্ট করা যায় ! সেবার পশ্চিম যাইবার সময় মোগলসরই দিয়া গেল, কিন্তু কাশী যাইবার অত ইচ্ছা সঙ্গেও যাহতে পারিল না কেন ?...কেন, তাহা অপরকে সে কি করিয়া বুঝায় !...

বন্ধু বলিল, তুমি জাভায় এসো না আমার সঙ্গে ? বরোবদুরের স্কেচ আঁকব, তা ছাড়া মাউন্ট শ্যালাকের বনে যাব । ওয়েস্ট জাভাতে বৃষ্টি কম হয় বলে ট্রপিক্যাল ফরেস্ট তত জমকালো নয়, কিন্তু ইন্ট জাভার বন দেখলে তুমি মদুপ হবে, তুমি তো বন ভালবাস, এস না !...

বন্ধুর কাছে লীলাদের বাড়ি অনেকদিন আগে দেখা বিয়ার্লিচে দাস্তের সেই ছবিটা । অপদু বলিল—বতিচেলির, না ?

—না । আগে বলত লিওনার্ডের—আজকাল ঠিক হয়েছে অস্ট্রোজো ডা প্রেডিডস-এর, বতিচেলির কে বলল ?

লীলা বলিয়াছিল । বেচারী লীলা !

সপ্তাহের শেষে কিন্তু বন্ধুটির আগ্রহ ও অনুরোধ এড়াইতে না পারিয়া তাহাকে কাশী রওনা হইতে হইল । কাশীতে পরিদর্শন বেলা বারোটোর সময় পেঁচিয়া বন্ধুকে ক্যান্টন-মেটের এক সাহেবী হোটেলে ভুলিয়া দিল ও নিজে একা করিয়া শহরে ঢুকিয়া গোধূলিয়ার মোড়ের কাছে 'পার্বতী আশ্রমে' আসিয়া উঠিল ।

গোধূলিয়ার মোড় হইতে একটু দূরে সেই বালিকা বিদ্যালয়টা আজও আছে । ইহারই একটু দূরে তাহাদের সেই স্কুলটা ! কোথায় ? একটা গলির মধ্যে ঢুকিল । এখানেই কোথায় যেন ছিল । একটা বাড়ি সে চিনিল । তাহার এক সহপাঠী এই বাড়িতে থাকিত—দু-একবার তাহার সঙ্গে এখানে আসিয়াছিল । বাসা নয়, নিজেদের বাড়ি । একটা বাঙ্গালী ভদ্রলোক দাঁড়াইয়া শসা কিনিতোছিল—সে জিজ্ঞাসা করিল—এই বাড়িতে প্রসন্ন বলে একটা ছেলে আছে, জানেন ?—ভদ্রলোক বিস্ময়ের সুরে বলিলেন—প্রসন্ন ? ছেলে ?...অপদু সামলাইয়া বলিল—ছেলে না, মানে এই আমাদের বয়সী । কথাটা বালিয়া সে অপ্রতিভ

হইল—প্রসন্ন বা সে আজ কেহই ছেলে নয়—আর তাহাদের ছেলে বলা চলে না—একথা মনে ছিল না। প্রসন্নের ছেলে-বয়সের মর্ন্তিত্বই মনে আছে কি না! প্রসন্ন বাড়ি নাই, জিজ্ঞাসা করিয়া জানিল সে আজকাল চার-পাঁচটি ছেলেমেয়ের বাপ।

শ্কুলটা কোথায় ছিল সে চিনিতে পারিল না। একজন লোককে বলিল—মশায়, এখানে 'শুভঙ্করী পাঠশালা' বলে একটা শ্কুল কোথায় ছিল জানেন?

—শুভঙ্করী পাঠশালা? কৈ না, আমি তো এই গলিতে দশ বছর আছি—

—তাতে হবে না, সম্ভবত বাইশ-তেইশ বছর আগেকার কথা।

—ও, বসাক মশায়, বসাক মশায়, আসুন একবারটি এদিকে। ওঁকে জিজ্ঞেস করুন, ইনি চাঁল্লশ বছরের খবর বলিতে পারবেন।

বসাক মশায় প্রশ্ন শুনিয়া বলিলেন—বিলক্ষণ! তা আর জানি নে! ঐ হরগোবিন্দ শেঠের বাড়িতে শ্কুলটা ছিল। ঢুকেই নিচু-মত তো! দুধারে উঁচু রোয়াক।

অপু বলিল—হাঁ হাঁ ঠিক। সামনে একটা চৌবাচ্চা—

—ঠিক ঠিক—আমাদের আনন্দবাবু শ্কুল। আনন্দবাবু মারাও গিয়েছেন আজ আঠার-উনিশ বছর। শ্কুলও তাঁর সঙ্গে সঙ্গে গিয়েছে। আপনি এসব জানলেন কি করে?

—আমি পড়তুম ছেলেবেলায়। তারপর কাশী থেকে চলে যাই।

একটা বাড়ি খুঁজিয়া বাহির করিল। তাদের বাড়ির মোড়েই। ইহারা তখন শোলায় ফুল ও টোপের তেরী করিয়া বেচিত। অপু বাড়টার মধ্যে ঢুকিয়া গেল। গৃহিণীকে চিনিল—বলিল, আমায় চিনতে পারেন? ঐ গলির মধ্যে থাকতুম ছেলেবেলায়—আমার বাবা মারা গেলেন?—গৃহিণী চিনিতে পারিলেন। বসিতে দিলেন, বলিলেন—তোমার মা কেমন আছেন?

অপু বলিল—তাহার মা বাঁচিয়া নাই।

—আহা! বড় ভালমানুষ ছিল! তোমার মার হাতে দোড়ার বোতল খুলতে গিয়ে হাত কেটে গিয়েছিল মনে আছে?

অপু হাসিয়া বলিল—খুব মনে আছে, বাবার অসুখের সময়!

গৃহিণীর ডাকে একটি বত্রিশ-তেরিশ বছরের বিধবা মেয়ে আসিল। বলিলেন—একে মনে আছে?...

—আপনার মেয়ে না? উনি কি জন্যে রোজ বিকেলে জানলার ধারে খাটে শূয়ে কাঁদতেন! তা মনে আছে।

—ঠিক বাবা,—তোমার সব মনে আছে দেখছি। আমার প্রথম ছেলে তখন বছরখানেক মারা গিয়েছে—তোমরা যখন এখানে এলে। তার জন্যেই কাঁদত। আহা, সে ছেলে আজ বাঁচলে চাঁল্লশ বছর বয়েস হ'ত।

একবার মণিকর্ণিকার ঘাটে গেল। পিতার নম্বর দেহের রেণু-মেশানো পবিত্র মণিকর্ণিকা।

বৈকালে বহুক্ষণ দশাম্বমেধ ঘাটে বসিয়া কাটাইল।

ঐ সেই শীতলা মন্দির—ওরই সামনে বাবার কথকতা হইত সে-সব দিনে—সঙ্গে সঙ্গে সেই বৃন্দ বাঙাল কথক ঠাকুরের কথা মনে হইয়া অপু মন উদাস হইয়া গেল। কোন জাদুবলে তাহার বালকস্বপ্নের ধ্বংস শেনহটুকু সেই বৃন্দ ছুরি করিয়াছিল—এখন এতকাল পরেও তাহার উপর অপু সে স্নেহ অক্ষুণ্ন আছে—আজ তাহা সে ব্যথিল।

পরদিন সকালে দশাম্বমেধ ঘাটে সে স্নান করিতে নামিতেছে, হঠাৎ তাহার চোখে পড়িল

একজন বৃশ্চা একটা পিতলের ঘটিতে গঙ্গাজল ভর্তি করিয়া লইয়া স্নান সারিয়া উঠিতেছেন—চাহিয়া চাহিয়া দেখিয়া সে চিনিল—কলিকাতার সেই জ্যাঠাইমা! সুরেশের মা!...বহুকাল সে আর জ্যাঠাইমাদের বাড়ি যায় নাই, সেই নববর্ষের দিনটার অপমানের পর আর কখনও না। সে আগাইয়া গিয়া পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া বলিল—চিনতে পারেন জ্যাঠাইমা? আপনারা কাশীতে আছেন নাকি আজকাল?—বৃশ্চা খানিকক্ষণ ফ্যাল ফ্যাল করিয়া চাহিয়া থাকিয়া বলিলেন—নিশ্চিন্দপরের হরি ঠাকুরপোর ছেলে না?—এসো, এসো, চিরজীবী হও বাবা—আর বাবা চোখেও ভাল দেখে নে—তার ওপর দেখ এই বয়সে একা বিদেশে পড়ে থাকা—ভারী ঘটিটা কি নিয়ে উঠতে পারি? ভাড়াটেকের মেয়ে জলটুকু বয়ে দেয়—তো তার আজ তিনদিন জ্বর—

—ও, আপনিই বৃশ্চি একলা কাশীবাস—সুনীলদাদারা কোথায়?

বৃশ্চা ভারী ঘটিটা ঘাটের রপায় উপর নামাইয়া বলিলেন—সব কলকাতায়, আমরা দিয়েছে ভেঙ্গ করে বাবা। ভাল ঘর দেখে যিয়ে দিলুম সুনীলের, গুপ্তিপাড়ার মদুখুসো—ওমা, বৌ এসে বাবা সংসারের হ'ল কাল—সে সব বলব এখন বাবা—তিন-এর-এক ব্লেজবরের গালি—মন্দিরের ঠিক বাঁ গায়ে—এটা থাকি, কাজের সঙ্গে দেখাশুনা হয় না। সুরেশ এসেছিল, পুজোর সময় দু'দিন ছিল। থাকতে পারে না—তুমি এসো বাবা আমার বাসায় আজ বিকেলে, আবিশ্য, আবিশ্য।

অপু বলিল—বাড়ান জ্যাঠাইমা, চট করে ডুব দিয়ে নি, আপনি ঘটিটা ওখানে রাখুন, পেছে দিচ্ছি।

—না বাবা, থাক, আমিই নিয়ে যাচ্ছি, তুমি বললে এই যথেষ্ট হ'ল—বেঁচে থাকো।

তবুও অপু শূন্য না, স্নান সারিয়া ঘটি হাতে জ্যাঠাইমার সঙ্গে তাঁহার বাসায় গেল। ছোট্ট একতলা ঘরে থাকেন—পশ্চিম দিকের ঘরে জ্যাঠাইমা থাকেন, পাশের ঘরে আর একজন প্রোটা থাকেন—তাঁহার বাড়ি ঢাকা। অন্য ঘরগুলি একাট বাঙালী গৃহস্থ ভাড়া লইয়াছেন, ঘরের ছোট মেয়ের কথা জ্যাঠাইমা বলতেন।

তিনি বলিলেন—সুনীল আমার তেমন ছেলে না। ঐ যে হাড়হাবাতে ছোটলোকের ঘরের মেয়ে এনেছিলাম, সংসারটা সুস্থ উচ্চন দিলে। এক থেকে শূন্য হ'ল শোন। ও বছর শেষ মাসে নবান্ন করোছি, ঠাকুরঘরের বারকোশে নবান্ন মেখে ঠাকুরদের নিবেদন করে রেখে দিইছি। দুই নাতিকে ডাকছি, ভাবলাম ওদের একটু একটু নবান্ন মুখে দি। বৌটা এমন বদমায়েস, ছেলেদের আমার ঘরে আসতে দিলে না। শিখিয়ে দিয়েছে, ও-ঘরে যাস নি, নবান্নর চাল খেলে নাকি ওদের পেট কামড়াবে। তাই আমি বললাম, বলি হ্যাঁ গা বোমা, আমি কি ওদের নতুন চাল খাইয়ে, মেরে ফেলবার মতলব করছি? তা শুনিয়ে শুনিয়ে বলছে, সেকলে লোক ছেলোপলে মানুষ করার কি বোঝে? আমার ছেলে আমি যা ভাল বুঝব করব, উনি যেন তার ওপর কথা না কহতে আসেন। এই সব নিয়ে ঝগড়া শূন্য, তারপর দেখি ছেলেও তো বোমার হয়ে কথা বলে। তখন আমি বললাম, আমাকে কাশী পাঠিয়ে দাও, আমি আর তোমার সংসারে থাকব না। বৌ রাত্রে কানে কি মস্তুর দিয়েছে, ছেলে দেখি তাতেই রাজী। তাহলেই বোঝ বাবা, এত করে মানুষ করে শেষে কিনা আমার কপালে—জ্যাঠাইমার দুই চোখ দিয়া টপ্ টপ্ করিয়া জল পড়িতে লাগিল।

অপু জিজ্ঞাসা করিল—কেন, সুরেশদা কিছুর বললেন না?

—আহা, সে আগাই বলি নি? সে শব্দরবাড়ির বিষয় পেয়ে সেখানেই বাস করছে, সেই রাজসাহী না দিনাজপুর। সে একখানা পস্তর দিয়েও খোঁজ করে না, মা আছে কি মলো। তবে আর তোমাকে বলছি কি? সুরেশ কলকাতায় থাকলে কি আর কথা ছিল বাবা?

অপ্নকে খাইতে দিয়া গল্প করিতে করিতে তিনি বলিলেন, ও, ভুলে গিয়েছি তোমাকে বলতে, আমাদের নিশ্চিন্দপ্নরের ভুবন মন্থখুয়োর মেয়ে লীলা যে কাশীতে আছে, জান না ?

অপ্ন বিস্ময়ের সুরে বলিল—লীলাদি ! নিশ্চিন্দপ্নরের ? কাশীতে কেন ?

জ্যাঠাইমা বলিলেন—ওর ভাশ্নর কি চাকরি করে এখানে। বড় কষ্ট মেয়েটার, শ্বামী তো আজ ছ'সাত বছর পক্ষাঘাতে পঙ্গু, বড় ছেলোটো কাজ না পেয়ে বসে আছে, আরও চার-পাঁচটি ছেলমেয়ে সবসুখ, ভাশ্নরের সংসারে ঘাড় গুঁজে থাকে। ষাও না, দেখা ক'রে এসো আজ বিকেলে, কালীতলার গলিতে ঢুকেই বাঁদিকের বাড়িটা।

বাল্যজীবনের সেই রান্দিদর বোন লীলাদি ! নিশ্চিন্দপ্নরের মেয়ে। বৈকাল হইতে অপ্নর দোর সাঁহল না, জ্যাঠাইমার বাড়ি হইতে বাঁহর হইয়াই সে কালীতলার গলি খুঁজিয়া বাঁহর করিল—সরু ধরণের তেতলা বাড়িটা। সিঁড়ি যেমন সঙ্কীর্ণ, তেমন অশ্কার, এত অশ্কার যে পকেট হইতে দেশলাই-এর কাঠি বাঁহর করিয়া না জ্বালাইয়া সে এই বেলা দ্রুইটার সময়ও পথ খুঁজিয়া পাইতছিল না !

একটা ছোট দ্রুয়ার পার হইয়া সরু একটা দালান। একটি দশ বারো বছরের ছেলের প্রপ্নের উত্তরে সে বলিল, এখানে কি নিশ্চিন্দপ্নরের লীলাদি আছে ? আমি তাঁর সঙ্গে দেখা করতে এসেছি বলে গিয়ে। অপ্নর কথা শেষ না হইতে পাশের ঘর হইতে নারী-কণ্ঠের প্রপ্ন শোনা গেল, কে রে থোকা ? সঙ্গে সঙ্গে একটি পাতলা গড়নের গৌরবর্ণ মহিলা দরজার চৌকাঠে আসিয়া দাঁড়াইলেন, পরনে আধ-ময়লা শাড়ি, হাতে শাখা, বয়স বছর সাঁইত্রিশ, মাথায় একরাশ কালো চুল। অপ্ন চিনিল, কাছে গিয়া পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া হাসিমুখে বলিল, চিনতে পার লীলাদি ?

পরে তাহার মুখের দিকে বিস্ময়ের দৃষ্টিতে চাহিয়া আছে এবং চিনতে পারে নাই দেখিয়া বলিল, আমার নাম অপ্ন, বাড়ি নিশ্চিন্দপ্নরে ছিল আগে—

লীলা তাড়াতাড়ি আনন্দের সুরে বলিয়া উঠিল—ও ! অপ্ন, হরিকাকার ছেলে ! এসো এসো ভাই, এসো। পরে সে অপ্নর চিবুক স্পর্শ করিয়া আদর করিল এবং কি বলিতে গিয়া ঝর ঝর করিয়া কাঁদিয়া ফেলিল।

অম্ভুত মন্থস্ত ! এমন সব অপ্নশ্ব সদৃশিত মন্থস্ত ও জীবনে আসে ! লীলাদির ঘনিষ্ঠ আদরটুকু অপ্নর সারা শরীরে একটা স্নিগ্ধ আনন্দের শিহরণ আনিল। গ্রামের মেয়ে, তাহাকে ছোট দেখিয়াছে, সে ছাড়া এত আপনার জনের মত অন্তরঙ্গতা কে দেখাইতে পারে ? লীলাদি ছিল তাহাদের ধনী প্রতিবেশী ভুবন মন্থখুয়োর মেয়ে, বয়সে তাহার অপেক্ষা অনেক বড়, অল্প বয়সে বিবাহ হইয়াছিল, তরুপরেই শ্বশ্নরবাড়ি চলিয়া আসিয়াছিল ও সেইখানেই থাকিত। শৈশবে অল্পদিন মাত্র উভয়ের সাক্ষাৎ কিন্তু আজ অপ্নর মনে হইল লীলাদির মত আপনার জন সারা কাশীতে আর কেহ নাই। শৈশব-স্বপ্নের সেই নিশ্চিন্দপ্নর, তারই জলে বাতাসে দ্রুজনের দেহ পদ্রু ও বান্ধিত হইয়াছে একদিন।

তারপর লীলা অপ্নর জন্য আসন আনিয়া পাতিয়া দিল, দালানেই পাতিল, ঘরদোর বেশী নাই, বিশেষ করিয়া পরের সংসার, নিজের নহে। সে নিজে কাছে বসিল, কত খোঁজ-খবর লইল। অপ্নর বারণ সত্ত্বেও ছেলেকে দিয়া জলখাবার আনাইল, চা করিয়া দিল।

তারপর লীলা নিজের অনেক কথা বলিল। বড় ছেলোটো চৌশ্ব বছরের হইয়া মারা গিয়াছে, তাহার উপর সংসারের এই দ্রুদশা। উনি পক্ষাঘাতে পঙ্গু, ভাশ্নরের সংসারে চোর হইয়া থাকা, ভাশ্নর লোক মৃন্দন, কিন্তু বড়জা—পায়ে কোটি কোটি দ্রুডবৎ। দ্রুদশার একশেষ। সংসারের যত উজ্জ্বল সব তাহার ঘাড়ে, আপন জন কেহ কোথাও নাই, বাপের বাড়িতে এমন কেহ নাই বাহার কাছে দ্রুই দিন গিয়া আগ্রহ লইতে পারে। সতু

মানুষ নয়, লেখাপড়া শেখে নাই, গ্রামে মন্দির দোকান করে, পৈতৃক সম্পত্তি একে একে বেচিয়া খাইতেছে—তাহার উপর দুইটি বিবাহ করিয়াছে, একরাশ ছেলোপিলে। তাহার নিজেরই চলে না, লীলা সেখানে আর কি করিয়া থাকে।

অপু বলিল—দুটো বিয়ে কেন ?

—পেটে বিদ্যো না থাকলে যা হয়। প্রথম পক্ষের বোয়ের বাপের সঙ্গে কি ঝগড়া হ'ল, তাকে জ্বদ করার জন্যে আবার বিয়ে করলে। এখন নিজেই জ্বদ হচ্ছেন, দুই বো ঘাড়—তার ওপর দুই বোয়ের ছেলোপিলে। তার ওপর রাগও ওখানেই কিনা!

—রাগুদি ? ওখানে কেন ?

—তারও কপাল ভাল নয়। আজ বছর সাত-আট বিধবা হয়েছে, তার আর কোনও উপায় নেই, সতুর সংসারেই আছে। শ্বশুরবাড়িতে এক দেওর আছে, মাঝে মাঝে নিয়ে যায়, বেশির ভাগ নিশ্চিন্দপুঁরেই থাকে।

অপু অনেকক্ষণ ধরিয়া রাগুদির কথা জিজ্ঞাসা করবে ভাবিতোছিল, কিন্তু কেন প্রশ্নটা করিতে পারে নাই সে-ই জানে। লীলার কথায় পরে অপু অন্যমনস্ক হইয়া গেল। হঠাৎ লীলা বলিল—দ্যাখ্, ভাই অপু, নিশ্চিন্দপুঁরের সেই বাঁশবাগানের ভিটে এত মিষ্টি লাগে, কি মধু যে মাখানো ছিল তাতে ! ভেবে দ্যাখ্, মা নেই, বাবা নেই, কিছু তো নেই—তবুও তার কথা ভাবি। সেই বাপের ভিটে আজ দোঁখ নি এগারো বছর। সেবার সতুকে চিঠি লিখলাম, উত্তর দিলে এখানে কোথায় থাকবে, থাকবার ঘরদোর নেই, পুঁবের দালান ভেঙে পড়ে গিয়েছে, পশ্চিমের কুঠুরী দুটোও নেই, ছেলোপিলে কোথায় থাকবে,—এই সব একরাশ ওজর। বলি থাক তবে, ভগবান যদি মধুখ তুলে চান কোনদিন, দেখব—নয় তো বাবা বিশ্বনাথ তো চরণে রেখেইছেন—

আবার লীলা ঝরঝর করিয়া কাঁদিয়া ফেলিল।

অপু বলিল, ঠিক বলেছ লীলাদি, আমারও গাঁয়ের কথা এত মনে পড়ে। সত্যিই, কি মধুমাখানো ছিল, তাই এখন ভাবি।

লীলা বলিল, পদ্মপাতায় খাবার খাস নি কতদিন বল দিকি ? এ সব দেশে শালপাতায় খাবার খেতে খেতে পদ্মপাতার কথা জুলেই গিয়েছি, না ? আবার এক একদিন এক একটা দোকানে কাগজে খাবার দেয় ! সোদন আমার মেজ ছেলে এনেছে, আমি বলি দর দর, ফেলে দিয়ে আয়, কাগজে আবার মিষ্টি খাবার কেউ দেয় আমাদের দেশে ?

অপু সারা দেহ স্মৃতির পদলকে যেন অবশ হইয়া গেল। লীলাদি মেয়েমানুষ কিনা, এত খুঁটিনাটি জিনিসও মনে রাখে। ঠিকই বটে, সেও পদ্মের পাতায় কতকাল খাবার খায় নাই, ভুলিয়াই গিয়াছিল কথাটা। তাহাদের দেশে বড় বড় বিল, পদ্মপাতা সস্তা, শালপাতার রেওয়াজ ছিল না। নিমন্ত্রণ বাড়িতেও পদ্মপাতাতে ব্রাহ্মণভোজন হইত, লীলাদির কথায় আজ আবার সব মনে পড়িয়া গেল।

লীলা চোখ মূছিয়া জিজ্ঞাসা করিল,—তুই কতদিন ঘাস নি সেখানে অপু ? তেইশ বছর ? কেন, কেন ? আমি না হয় মেয়েমানুষ—তুই তো ইচ্ছে করলেই যেতে—

—তা নয় লীলাদি, প্রথমে ভাবতুম বড় ইয়ে যখন রোজগার করব, মাকে নিয়ে আবার নিশ্চিন্দপুঁরের ভিটেতে গিয়ে বাস করব, মার বড় সাধ ছিল। মা মারা যাওয়ার পরেও ভেবেছিলুম, কিন্তু তার পরে—ইয়ে—

স্মৃতিবিলোপের কথাটা অপু বয়োজ্যেষ্ঠা লীলাদির নিকট প্রথমটা তুলিতে পারিল না। পরে বলিল। লীলা বলিল, বৌ কতদিন বেঁচে ছিলেন ?

অপু লাজুক সরে বলিল—বছর চারেক—

—তা এ তোমার অন্যায় কাজ ভাই—তোমার এ বয়সে বিয়ে করবে না কেন?... তোমাকে তো এতটুকু দেখেছি, এখনও বেশ মনে হচ্ছে—ছোট, পাতলা টুকটুকে ছেলোট—একটি কণ্ঠ হাতে নিয়ে আমাদের ঘাটের পথের বাঁশতলাটায় বেড়িয়ে বেড়িয়ে বেড়াচ্ছ—কালকের কথা যেন সব—না না, ও কি, ছিঃ—বিয়ে কর ভাই। খোকাকে কলকাতায় রেখে এলে কেন—দেখতাম একবারটি।

লীলাও উঠিতে দেয় না—অপদুও উঠিতে চায় না। লীলার স্বামীর সঙ্গে আলাপ করিল—ছেলেমেয়েগর্দালিকে আদর করিল। উঠিবার সময় লীলা বলিল—কাল আসিস অপদু, নেমস্তন্ন রইল—এখানে দুপদুরে খাবি। পরদিন নেমস্তন্ন রাখিতে গিয়া কিন্তু অপদু লীলাদির পরাধীনতা মস্মে' মস্মে' বদ্বিঝল—সকাল হইতে সমুদয় সংসারের রান্নার ভার একা লীলাদির উপর। কৈশোরে লীলাদি দোঁখতে ছিল খুব ভাল—এখন কিন্তু সে লাভগ্যের কিছুই অবশিষ্ট নাই—চুল দু-চার গাছ! এরই মধ্যে পাকিয়াছে, শীর্ণ মূখ, শিরা-বাহির হওয়া হাত, আধময়লা শাড়ি পরনে, রাঁধবার আলাদা ঘরদোর নাই, ছোট দালানের অশ্বে'কটা দরমার বেড়া দিয়া ঘেরা, তারই ও-ধারে রান্না হয়। লীলাদি সমস্ত রান্না সারিয়া তার জন্য মাছের ডিমের বড়া ভাজিতে বসিল, একবার কড়াখানা উনুন হইতে নামায়, আবার তোলে, আবার নামায়, আবার ভাজে। আগুনের তাতে মূখ তার রাঙা দেখাইতছিল—অপদু ভাবিল কেন এত কষ্ট করছে লীলাদি, আহা রোজ রোজ ওর এই কষ্ট, তার ওপর আমার জন্যে আর কেন কষ্ট করা?

বিদায় লইবার সময় লীলা বলিল—কিছুই করতে পারলুম না ভাই—এলি যদি এত কাল পরে, কি করি বল, পরের ঘরকন্না, পরের সংসার, মাথা নিচু করে থাকি, উদয়াস্ত খাটুনিটা দেখালি তো? কি আর করি, তবুও একটা ধরে আছি। মেয়েটা বড় হয়ে উঠল, বিয়ে তো দিতে হবে? ঐ বটঠাকুর ছাড়া আর ভরসা নাই। সম্ভ্যবেলাটা বেশ ভাল লাগে—দশাশ্বমেধ ঘাটে সম্ভ্যর সময় বেশ কথা হয়, পাঁচালী হয়, গান হয়—বেশ লাগে! দোঁখিসু নি? আসিস না আজ ওবেলা—বেশ জায়গা, আসিসু, দোঁখিসু এখন। এসো, এসো, কল্যাণ হোক।—তারপর সে আবার কাঁদিয়া ফেলিল—বলিল—তোদের দেখলে যে কত কথা মনে পড়ে—কি সব দিন ছিল—

এবার অপদু অতিকণ্ঠে চোখের জল চাপিল।

আর একটি কষ্টব্য আছে তাহার কাশীতে—লীলার মায়ের সঙ্গে দেখা করা। বাঙালী-টোলার নারদ ঘাটে তাঁর নিজেদের বাড়ি আছে—খুঁজিয়া বাড়ি বাহির করিল। মেজ-বোরানী অপদুকে দোঁখিয়া খুব আনন্দ প্রকাশ করিলেন। চোখের জল ফেলিলেন।

কথাবাস্তা চলিতেছে এমন সময় ঘরে একটি ছোট মেয়ে ঢুকিল—বয়স ছয়-সাত হইবে, স্কপরা কোঁকড়া কোঁকড়া চুল—অপদু তাহাকে দোঁখিয়াই বদ্বিঝতে পারিল—লীলার মেয়ে। কি সুন্দর দোঁখিতে! এত সুন্দরও মানুষ হয়? স্নেহে, স্মৃতিতে, বেদনায় অপদুর চোখে জল আসিল—সে ডাক দিল—শোন খুকী মা, শোন তো।

খুকী হাসিয়া পলাইতেছিল, মেজ-বোরানী ডাকিয়া আনিয়া কাছে বসাইয়া দিলেন। সে তার দিদিমার কাছেই কাশীতে থাকে আজকাল। গত বৈশাখ মাসে তাহার বাবা মারা গিয়াছেন—লীলার মৃত্যুর পূর্বে। কিন্তু লীলাকে সে-সংবাদ জানানো হয় নাই। দোঁখিতে অবিকল লীলা—এ বয়সে লীলা যা ছিল তাই। কেমন করিয়া অপদুর মনে পড়িল শৈশবের একটি দিনে বস্ম'মানে লীলাদের বাড়িতে সেই বিবাহ উপলক্ষে মেয়ে-মজলিসের কথা—লীলা যেখানে হাসির কবিতা আবৃত্তি করিয়া সকলকে হাসাইয়াছিল—সেই লীলাকে সে প্রথম দেখে এবং লীলা তখন দোঁখিতে ছিল ঠিক এই খুকীর মত অবিকল।

মেজ-বৌরানী বলিলেন—মেয়ে তো ভাল, কিন্তু বাবা, ওর কি আর বিয়ে দিতে পারব ? ওর মার কথা যখন সকলে শুনবে—আর তা না জানে কে—ওই মেয়ের কি আর বিয়ে হবে বাবা ?

অপ্নর দুঃস্বপ্নীয় ইচ্ছা হইল একটি কথা বলিবার জন্য—সেটা কিন্তু সে চাপিয়া রাখিল। মুখে বলিল—দেখুন, বিয়ের জন্য ভাবচেন কেন ? লেখাপড়া শিখুক, বিয়ে নাই বা হ'ল, তাতে কি ? মনে ভাবিল—এখন সে কথা বলব না, খোকা যদি বাঁচে, মানুষ হয়ে ওঠে—তবে সে কথা তুলব। যাইবার সময় অপ্ন লীলার মেয়েকে আবার কাছে ডাকিল। এবার খুকী তাহার কাছে ঘেঁষিয়া দাঁড়াইয়া ডাগর ডাগর উৎসুক চোখে তাহার মুখের দিকে চাহিয়া রহিল।

সেদিনের বাকী সময়টুকু অপ্ন বন্ধুর সঙ্গে সারনাথ দেখিয়া কাটাইল। সন্ধ্যার দিকে একবার কালীতলার গলিতে লীলাদির বাসায় বিদায় লইতে গেল—কাল সকালেই এখন হইতে রওনা হইবে। নিশ্চিন্দপ্নরের মেয়ে, শৈশব-দিনের এক স্নেহের আনন্দ-মুহুর্তের সঙ্গে লীলাদির নাম জড়ানো—বার বার কথা কহিয়াও যেন তাহার তৃপ্ত হইতেনিছিল না।

আসিবার সময় অপ্ন মুগ্ধ হইল লীলাদির আন্তরিকতা দেখিয়া। তাহাকে আগাইয়া দিতে আসিয়া সে নিচে নামিয়া আসিল, আবার চিবুক ছুঁইয়া আদর করিল, চোখের জল ফেলিল, যেন মা, কি মায়ের উপটের বড় বোন। কতকগুলো কাঠের খেলনা হাতে দিয়া বলিল—খোকাকে দিস—তার জন্যে কাল কিনে এনোছি।

অপ্ন ভাবিল—কি চমৎকার মানুষ লীলাদি !...আহা পরের সংসারে কি কষ্টটাই না পাচ্ছে। মুখে কিছুর বললুম না—তোমায় আমি বাপের ভিটে দেখাব লীলাদি, এই বছরের মধ্যেই।

দুইনে উঠিয়া সারাপথ কত কি কথা তাহার মনে যাওয়া-আসা করিতে লাগিল। রাজঘাটের স্টেশনে ট্রেনে উঠিল আজ কতকাল পরে ! বাল্য-কালে এই স্টেশনেই সে প্রথম জলের কল দেখে, কাশী নামিয়াই ছুটিয়া গিয়াছিল আগে জলের কলটার কাছে। চেঁচাইয়া বলিয়াছিল, দেখো দেখো মা, জলের কল।—সে সব কি আজ ?

আজ কর্তাদিন হইতে সে আর একটি অদ্ভুত জিনিস নিজের মনের মধ্যে অনুভব করিতেছে, কি তীরভাবেই অনুভব করিতেছে ! আগে তো সে এরকম ছিল না ? অন্ততঃ এ ভাবে তো কই কখনও এর আগে—সেটা হইতেছে ছেলের জন্য মন-কেমন করা।

কত কথাই মনে হইতেছে এই কর্তাদিনে—পাশের বাড়ির বাঁড়ুঘ্যে-গাংগী কাজলকে বড় ভালবাসে—সেখানেই তাহাকে রাখিয়া আসিয়াছে। কখনও মনে হইতেছে, কাজল যে দুশুটু ছেলে, হয়ত গলির মোড়ে দাঁড়াইয়া ছিল, কোনও বদমাইস লোকে ভুলাইয়া কোথায় লইয়া গিয়াছে কিংবা হয়ত চূপ চূপি বাড়ি হইতে বাহির হইয়া রাস্তা পার হইতে যাইতেনিছিল, মোটর চাপা পড়িয়াছে। কিন্তু তাহা হইলে কি বাঁড়ুঘ্যেরা একটা তার করিত না ? হয়ত তার করিয়াছিল, ভুল ঠিকানায় গিয়া পেঁচিয়াছে। উহাদের আলিসাবিহীন নেড়া ছাদে ঘুড়ি উড়াইতে উঠিয়া পড়িয়া যায় নাই তো ? কিন্তু কাজল তো কখনও ঘুড়ি ওড়ায় না ? একটু আনাড়ি, ঘুড়ি ওড়ানো কাজ একেবারে পারে না। না—সে উড়াইতে যায় নাই, তবে হয়ত বাঁড়ুঘ্যেবাড়ির ছেলেদের দলে ঝিগিয়া উঠিয়াছিল, আশ্চর্য কি !

আর্টিস্ট বন্ধুর কথার উত্তরে সে খানিকটা আগে বলিয়াছিল—সে জাভা, বালি, সুমাত্রা দেখবে, প্রশান্ত মহাসাগরের দ্বীপপুঞ্জ দেখবে, আফ্রিকা দেখবে—ওদের বিষয় লইয়া উপন্যাস লিখবে। সাহেবরা দেখিরাছে তাদের চোখে—সে নিজের চোখে দেখিতে চায়, তার মনের রঙে কোন রঙ ধরায়—ইউগাণ্ডার দিক্‌দিশাহীন তৃণভূমি, কোনিয়ার অরণ্য। বড়ো বেধুন রাস্তে কৰ্ণাটক চীৎকার করবে, হায়েনা পচা জীবজন্তুর গন্ধ উশ্বাসের মত আনন্দে হি-হি করিয়া হাসবে, দুপ্নরে অগ্নিবর্ষী খররোদ্রে কম্পমান উত্তাপভরক মাঠে প্রান্তরে,

জনহীন বনের ধারে কতকগুলি উঁচুনীচু সদাচঞ্চল বাঁকা রেখার সৃষ্টি করবে। সিংহেরা দল পাকাইয়া ছোট কণ্টকবৃক্ষের এতটুকু ক্ষুদ্র ছায়ায় গোলাকারে দাঁড়াইয়া অগ্নিবৃষ্টি হইতে আত্মরক্ষা করে—পার্ক' ন্যাশনাল আলবাত' wild celery-র বন...

কিন্তু খোকা যে টানিতেছে আজকাল, কোনও জায়গায় যাইতে মন চায় না খোকাকে ফেলিয়া। কাজল, খোকা, কাজল, খোকা, খোকন, ও ঘড়ি উড়াইতে পারে না, কিছুর বন্ধিতে পারে না, কিছুর পারে না, বড় নিশ্চেষ্ট। কিন্তু ওর আনাড়ি মুঠাতে বৃকের তার আঁকড়াইয়া ধরিয়াকে। টানিতেছে, প্রাণপণে টানিতেছে—ছোট দুর্বল হাত দু'টি নিশ্চরভাবে মূঢ়াড়াইয়া সরাইয়া লওয়া? স্বর্বাশ! ধামা-চাপা থাকুক বিদেশযাত্রা।

ট্রেন হু-হু চলিতেছে... মাঝে মাঝে আম বন, জলার ধারে লালহাঁস বসিয়া আছে, আখের ক্ষেতে জল দিতেছে, গম কাটিতেছে। রেলের ধারের বাঁশুতে উদ্‌খলে শস্য কুটিতেছে, মহিষের পাল চারিয়া ফিরিতেছে। বড় বড় মাঠে দু'পুত্র গড়াইয়া গিয়া ক্রমে রোদ পড়িয়া আসিল। দূরে দূরে চক্রবালসীমায় এক-আধটা পাহাড় ঘন নীল ও কালো হইয়া উঠিতেছে।

কি জানি কেন আজ কত কথাই মনে পড়িতেছে, বিশেষ করিয়া নিশ্চিন্দপুত্রের কথা। হয়ত এককাল পরে লীলাদির সঙ্গে দেখা হওয়ার জন্যই। ঠিক তাই। বহু দূরে আর একটি সম্পূর্ণ অন্য ধরণের জীবন-ধারণ, বাঁশবনের আমবনের ছায়ায় পাখির কলকাকলীর মধ্য দিয়া, জানা-অজানা বনপুষ্পের সুবাসের মধ্য দিয়া সুখে-দুঃখে বহুকাল আগে বহিত—এককালে ষার সঙ্গে অতি ঘনিষ্ঠ যোগ ছিল তার—আজ তা স্বপ্ন—স্বপ্ন, কতকাল আগে দেখা স্বপ্ন! গোটা নিশ্চিন্দপুত্র, তার ছেলেবেলাকার দিদি, মা ও রানুদি, মাঠ বন, ইছামতী সব অস্পষ্ট হইয়া গিয়াছে, ধোঁয়া ধোঁয়া মনে হয়, স্বপ্নের মতই অবাস্তব। সেখানকার সব কিছুর অস্পষ্ট স্মৃতিতে মাত্র আসিয়া দাঁড়াইয়া গিয়াছে।

এই তো ফাগুন-চৈত্র মাস—সেই বাঁশপাতা ও বাঁশের খোলার রাশি—শৈশবের ভাঙা জানালাটার ধারে বসিয়া বসিয়া কতকাল আগের সে সব কল্পনা, আনন্দপূর্ণ দিনগুলি, শীত-রাত্রির সুখস্পর্শ কাঁথার তলা,—অনন্ত কালসমূহে সে সব ভাসিয়া গিয়াছে, কত কাল আগে।...

কেবল স্বপ্নে, এক একদিন যেন বাল্যের সেই রূপো চৌকিদার গভীর রাত্রের ঘুমের মধ্যে কড়া হাঁক দিয়া যায়—ও রায় ম—শ—য়—য়, সঙ্গে সঙ্গে নিশ্চিন্দপুত্র ফিরিয়া আসে, আবার বাঁড়ির পাশেই সেই পোড়ো ভিতাতে বহুকাল আগের বসন্ত নামে, প্রথম চৈত্রের নানা জানা-অজানা ফুলে বনভূমি ভাঁরয়া যায়, তাহাদের পুরানো কোঠাবাড়ির ভাঙা জানালার ধারে অতীত দিনের শত সুখদুঃখে পরিচিত পাখির দল কলকণ্ঠে গান গাইয়া উঠে, ঠাকুরমাদের নারিকেল গাছে কাঠঠোকরার শব্দ বিচিত্র গোপনতায় তন্দ্রারত হইয়া পড়ে... স্বপ্নে দশ বৎসরের শৈশবটি আবার নবীন হইয়া ফিরিয়া আসে...

এতদিন সে বাঁড়িটা আর নাই... কতকাল আগে ভাঙিয়া-চূরিয়া ইট কাঠ স্তুপাকার হইয়া আছে—তাহাও হয়তো মাটির তলায় চাপা পড়িতে চলিল—সেই শৈশবের জানালাটার কোনও চিহ্ন নাই—দীর্ঘদিনের শেষে সোনালী রোদ যখন বনগাছের ছায়া দীর্ঘতর করিয়া তোলে, ফিঙে-দোয়েল ডাক শব্দ করে—তখন আর কোনও মৃগ শিশু জানালার ধারে বসিয়া থাকে না—হাত তুলিয়া অনুযোগের সুরে বলে না—আজ রাতে যদি মা ঘরে জল পড়ে, কাল কিন্তু ঠিক রাগদাঁড়ির বাঁড়ি গিয়ে শোবো—রোজ রোজ রাত জাগতে পারি নে বলে দিচ্ছি।

অপুত্র একটা কথা মনে হইয়া হাঁস পাইল!

গ্রাম ছাড়িয়া আসিবার বছরখানেক আগে অপুত্র একরাশ কাড়ি পাইয়াছিল। তাহার বাবা শিষ্যবাড়ি হইতে এগূলি আনেন। এত কাড়ি, কখনও অপুত্র ছেলেবেলায় একসঙ্গে দেখে নাই। তাহার মনে হইল সে হঠাৎ অত্যন্ত বড়লোক হইয়া গিয়াছে—কাড়ি খেলায় সে যতই হারিয়া

যাক তাহার অফুরন্ত ঐশ্বর্যের শেষ হইবে না। একটা গোল বিস্কুটের ঠোঙায় কাড়ির রাশি রাখিয়া দিয়াছিল। সে ঠোঙাটা আবার তোলা থাকিত তাদের বনের ধারের দিকের ঘরটায় উঁচু কুলঙ্গিটাতে।

তারপর নানা গোলমালে খেলাধুলায় অপূর উৎসাহ গেল কমিয়া, তারপরই গ্রাম ছাড়িয়া উঠিয়া আসিবার কথা হইতে লাগিল। অপূর আর একদিনও ঠোঙার কাড়িগূলি লইয়া খেলা করিল না, এমন কি দেশ ছাড়িয়া চলিয়া আসিবার সময়েও গোলমালে, ব্যস্ততায়, প্রথম দূর বিদেশে রওনা হইবার উত্তেজনার মূহুর্ত্তে সেটার কথাও মনেও উঠে নাই। অত সাধের কাড়ি-ভড়া-ঠোঙাটা সেই কাড়িকাঠের নিচেকার বড় কুলঙ্গিটাতেই রাখিয়া গিয়াছিল।

তারপর অনেককাল পরে সে কথা অপূর মনে হয় আবার। তখন অপূর্ণা মারা গিয়াছে। একদিন অন্যমনস্কভাবে ইডেন গার্ডেনের কেয়াঝোপে বসিয়া ছিল, গঙ্গার ও-পারের দিকে সূর্যাস্ত দেখিতে দেখিতে কথাটা হঠাৎ মনে পড়ে।

আজও মনে হইল।

কাড়ির কোটা!...একবার সে মনে মনে হাসিল...বহুকাল আগে নিশ্চিন্ত হইয়া লুপ্ত হইয়া যাওয়া ছেলেবেলার কাড়ির উত্তর দিকের ঘরের কুলঙ্গিতে বসানো সেই টিনের ঠোঙাটা! —দূরে সেটা যেন শূন্যে কোথায় এখনও ঝুলিতেছে, তাহার শৈশবজীবনের প্রতীকস্বরূপ... অস্পষ্ট, অবাস্তব, স্বপ্নময় ঠোঙাটা সে স্পষ্ট দেখিতে পাইতেছে, পয়সায় চার গড়া করিয়া মাকড়সার ডিমের মত সেই যে ছোট ছোট বিস্কুট, তারই ঠোঙাটি—উপরে একটা বিবর্ণ-প্রায় হাঁকরা রাস্কসের মূখের ছবি...দূরের কোন কুলঙ্গিতে বসানো আছে...তার পিছনে বাঁশবন, শিমূলবন, তার পিছনে সোনাডাঙার মাঠ, ঘুঘুর ডাক...তাদেরও পিছনে তেইশ বছর আগেকার অপূর্ণ মায়ামাখানো নিরুন্ম চৈত্র-দুপুরের রৌদ্রভরা নীলাকাশ...

ত্রয়োবিংশ পরিচ্ছেদ

চৈত্র মাসের প্রথমে একটা বড় পার্টিতে সে নিমন্ত্রিত হইয়া গেল। খুব বড় গাড়িবারান্দা, সামনের 'লনে' ছোট ছোট টেবিল ও চেয়ার পাতা, খানিকটা জায়গা সানিময়ানা টাঙানো। নিমন্ত্রিত পুরুষ মহিলাগণ যাহার যেখানে ইচ্ছা বেড়াইতেছেন! একটা মাস্বেলের বড় চৌবাচ্চায় গোটাকতক কুমুদ ফুল, ঠিক মাঝখানে একটা মাস্বেলের ফোয়ারা—গৃহকর্তী তাহাকে লইয়া গিয়া জায়গাটা দেখাইলেন, সেটা নাকি তাঁদের 'লিলি পন্ড'। জয়পুর হইতে ফোয়ারাটা তৈয়ারী করাইয়া আনিতে কত খরচ পড়িয়াছে, তাহাও জানাইলেন।

পার্টির সকল আমোদ-প্রমোদের মধ্যে একটি মেয়ের কঠিন-সঙ্গীত সর্বাঙ্গপেক্ষা আনন্দদায়ক মনে হইল। রিজের টেবিলে সে যোগ দিতে পারিল না, কারণ রিজখেলা সে জানে না, গান শেষ হইলে খানিকটা বসিয়া বসিয়া খেলাটা দেখিল। চা, কেক, স্যান্ডউইচ, সন্দেশ, রসগোল্লা, গম্প-গুজব, আবার গান! ফিরিবার সময় মনটা খুব খুশী ছিল। ভাবিল—এদের পার্টিতে নেমস্তন্ন পেয়ে আসা একটা ভাগ্যের কথা। আমি লিখে নাম করোঁছি, তাই আমার হ'ল। যার তার হোক দাঁক? কেমন কাটল সন্ধ্যাটা। আহা, থোকাকে আনলে হ'ত, ঘূমিয়ে পড়বে এই ভয়ে আনতে সাহস হ'ল না যে।—খান-দুই কেক খোকায় জন্য চুপিচুপি কাগজে জড়াইয়া পকেটে পুরিয়া রাখিয়াছিল, খুলিয়া দেখিল সেগুলি ঠিক আছে কি না।

থোকা ঘূমাইয়া পড়িয়াছিল, ডাকিয়া উঠাইতে গিয়া বলিল, ও থোকা, থোকা, ওঠ, খুব ঘূমুচ্ছিস্ যে—হি হি—ওঠ রে। কাজলের ঘূম ভাঙিয়া গেল। যখনই সে বোঝে বাবা আদর করিতেছে, মুখে কেমন ধরণের মধুর দৃষ্টামির হাসি হাসিয়া ঘাড় কাৎ করিয়া কেমন

এক অশ্রুত ভঙ্গী করিয়া আদরের প্রতীক্ষায় থাকে, আর এত আদর খাইতেও পারে ।

অপদ্ বলিল, শোন খোকা গল্প করি,—ঘুমুস্ নে—

কাজল হাসিমুখে বলে, বলো দিকি বাবা একটা অর্থ ?

হাত কন্ কন্ মানিকতলা, এ ধন তুমি পেলে কোথা,

রাজার ভান্ডারে নেই, বেনের দোকানে নেই—

অপদ্ মনে মনে ভাবে—খোকা, তুই—তুই আমার সেই বাবা । ছেলোবলায় চলে গিয়েছিলে, তখন তো কিছ্ বৃদ্ধি নি, বৃদ্ধতামও না—শিশু ছিলাম । তাই আবার আমার কোলে আদর কাড়াতে এসেছ বৃদ্ধি ? মুখে বলে, কি জানি, জাঁতি বৃদ্ধি ?

—আহা-হা, জাঁতি কি আর দোকানে পাওয়া যায় না ! তুমি বাবা কিছ্ জান না—

—ভাল কথা, কেক্ এনেছি, দ্যাখ্, বড়লোকের বাড়ির কেক্, ওঠ,—

—বাবা তোমার নামে একখানা চিঠি এসেছে, ঐ বইখানা তোলা তো ।...

আর্টিস্ট বন্ধুটির পত্র । বন্ধু লিখিয়াছে,—সমুদ্রপারের বৃহত্তর ভারতবর্ষ শূদ্ কুলী-আমদানীর সাথ্ কতা ঘোষণা করিয়া নীরব থাকিয়া যাইবে ? তোমাদের মত আর্টিস্ট লোকের এখানে আসার যে নিত্যন্ত দরকার । চোখ থাকিয়াও নাই-শতকরা নিরানব্বই জনের, তাই চক্ষুস্মান মানুষদের একবাক্স এ-সব স্থানে আসিতে বলি । পত্রপাঠ এসো, ফিজিতে মিশনারীরা স্কুল খুলিতেছে, হিন্দী জানা ভারতীয় শিক্ষক চায়, দিনকতক মাস্টারী তো করো, তারপর একটা কিছ্ ঠিক হইয়া যাইবে, কারণ চিরদিন মাস্টারী করিবার মত শান্ত ধাত তোমার নয়, তা জানি । আসিতে বিলম্ব করিও না ।

পত্র পাঠ শেষ করিয়া সে খানিকক্ষণ কি ভাবিল, ছেলেকে বলিল, আচ্ছা খোকা, আমি তোকে ছেড়ে কোথাও যদি চলে যাই, তুই থাকতে পারাব নে ? যদি তোকে আমার বাড়ি রেখে যাই ?—

কাজল কাদ কাদ মুখে বলিল, হ্যা তাই যাবে বৈকি ! তুমি ভারী দেরি কর, কাশীতে বলে গেলে তিন দিন হবে, ক'দিন পরে এলে ? না বাবা—

অপদ্ ভাবিল, অবোধ শিশু ! এ কি কাশী ? এ বহুদূরে, দিনের কথা কি এখানে ওঠে ?—থাক, কোথায় যাইবে সে ? কাহার কাছে রাখিয়া যাইবে খোকাকে ? অসম্ভব !

কাজল ঘুমাইয়া পড়িলে ছাদে উঠিয়া সে অনেকক্ষণ একা বসিয়া রহিল ।

দূরে বাড়িটার মাথায় সাকুলার রোডের দিকে ভাঙা চাঁদ উঠিতেছে, রাত্রি বারোটোর বেশী—নিচে একটা মোটর লরী ঘস্ ঘস্ আওয়াজ করিতেছে । এই রকম সময়ে এই রকম ভাঙা চাঁদ উঠিত দূরে জঙ্গলের মাথায় পাহাড়ের একটা জায়গায়, যেখানে উটের পিটের মত ফুলিয়া উঠিয়াই পরে বসিয়া গিয়া একটা খাঁজের সৃষ্টি করিয়াছে—সেই খাঁজটার কাছে, পাহাড়ী ঢালতে বাদাম গাছের বনে দিনমান্নে পাকা পাতায় বনশীর্ষ যেখানে রক্তাভ দেখায় । এতক্ষণে বন-মোরগেরা ডাকিয়া উঠিত, কক্, কক্, কক্—

সে মনে মনে কল্পনা করিবার চেষ্টা করিল, সাকুলার রোড নাই, বাড়িঘর নাই, মোটর লরীর আওয়াজ নাই, ব্রিজের আড়া নাই, 'লিলি পন্ড' নাই, তার ছোট্ট খড়ের বাথলো ঘর-খানায় রামচারিত মিশ্র মেজেতে ঘুমাইতেছে, গায়নে পিছনে ঘন অরণ্যভূমি, নির্জন, নিস্তম্ভ, আধ-অন্ধকার রাত্রি । ক্রোশের পর ক্রোশ যাও, শূদ্ উ'চু নীচু ডাঙ্গা, শূকনা ঘাসের বন, সাজা ও আবলুসের বন, শালবন, পাহাড়ী চামেলি ও লোহিয়ার বন—বনফুলের অফুরন্ত জঙ্গল । সঙ্গে সঙ্গে মনে আসিল সেই মূর্খতা, সেই রহস্য, সে সব অনদ্ভূতি, ঘোড়ার পিঠে মাঠের পর মাঠ উদ্দাম গতিতে ছুটিয়া চলা, সেই দৃঢ়-পৌরুষ জীবন, আকাশের সঙ্গে, ছায়াপথের সঙ্গে, নক্ষত্রজগতের সঙ্গে প্রতি সম্প্যায় প্রতি রাতে যে অপূর্ব মানসিক সম্পর্ক ।

এই কি জীবন সে যাপন করিতেছে এখানে? প্রতিদিন একই রকম একঘেয়ে নীরস, বৈচিত্র্যহীন—আজ যা, কালও তা। অর্থহীন কোলাহলে ও সাথকতাহীন রিজের আন্ডার আবহাওয়ায়, টাকা রোজগারের মৃগতৃষ্ণিকায় লুপ্ত জীবন-নদীর স্তম্ভ, সহজ, সাবলীল ধারা যে দিনে দিনে শুকাইয়া আসিতেছে, এ কি সে বৃষ্টিমাও বৃষ্টিতেছে না?

ঘুমের ঘোরে কাজল বিছানার মাঝখানে আসিয়া পড়িয়াছে, তাহাকে এক পাশে সরাইয়া শোয়াইল। একেই তো সন্দ্বন্দর, তার উপর কি যে সন্দ্বন্দর দেখাইতেছে খোকাকে ঘুমন্ত অবস্থায়!

কাশী হইতে ফিরিবার সপ্তাহ খানেকের মধ্যে অপদ্ ‘বিভাবরী’, ও ‘বঙ্গ-সুহৃৎ’ দুখানা পত্রিকার তরফ হইতে উপন্যাস লিখিতে অনুরোধ হইয়াছিল। দুখানাই প্রসিদ্ধ মাসিক পত্র, দুখানারই গ্রাহক সারা বাংলা জুড়িয়া এবং পৃথিবীর যেখানে যেখানে বাঙালী আছে, সম্বন্ধ। ‘বিভাবরী’ তাহাকে সম্প্রতি আগাম কিছু টাকা দিল—‘বঙ্গ-সুহৃৎ’-এর নিজেদের বড় প্রেস আছে—তাহারা নিজের খরচে অপদ্‌র একখানা ছোট গণেশ্বর বই ছাপাইতে রাজী হইল। অপদ্‌র বইখানির বিক্রয়ও হঠাৎ বাড়িয়া গেল, আগে যে সব দোকানে তাহাকে পুঁছিতও না—সে সব দোকান হইতে বই চাহিয়া পাঠাইতে লাগিল। এই সময়ে একটি বিখ্যাত পুস্তক-প্রকাশক ফার্মের নিকট হইতে একখানা পত্র পাইল, অপদ্‌ যেন একবার গিয়া দেখা করে।

অপদ্‌ বৈকালের দিকে দোকানে গেল। তাহারা বইখানির দ্বিতীয় সংস্করণ নিজেদের খরচে ছাপাইতে ইচ্ছুক—অপদ্‌ কি চায়? অপদ্‌ ভাবিয়া দেখিল। প্রথম সংস্করণ হু-হু কাটিতেছে—অপর্গার গহনা বিক্রয় করিয়া বই ছাপাইয়াছিল, লাভটা তার সবই নিজের। ইহাদের দিলে লাভ কমিয়া যাইবে বটে, কিন্তু দোকানে ছুটাছুটি, তাগাদা—এসব হাঙ্গামাও কমবে। তা ছাড়া নগদ টাকার একটা মোহ আছে, সাত পাঁচ ভাবিয়া সে রাজী হইল। ফার্মের কর্তা তখনই একটা লেখাপড়া করিয়া লইলেন—আপাততঃ ছ’শো টাকায় কথাবার্তা মিটিল, শ’-দুই সে নগদ পাইল।

দু’শো টাকা খুচরা ও নোট। এক গাদা টাকা। হাতে ধরে না। কি করা যায় এত টাকায়? পুরানো দিন হইলে সে ট্যান্সি করিয়া খানিকটা বেড়াইত, রেপ্টুরেন্টে খাইত, বায়োস্কোপ দেখিত। কিন্তু আজকাল আগেই খোকাকর কথা মনে হয়। খোকাকে কি আনন্দ দেওয়া যায় এ টাকায়? মনে হয় লীলার কথা। লীলা কত আনন্দ করিত আজ!

একটা ছোট গালি দিয়া যাইতে যাইতে একটা শরবৎ-এর দোকান। দোকানটাতে পান বিড়ি বিস্কুট বিক্রী হয়, আবার গোটা দুই তিন সিরাপের বোতলও রহিয়াছে। দিনটা খুব গরম, অপদ্‌ শরবৎ খাওয়ার জন্য দোকানটাতে দাঁড়াইল। অপদ্‌র একটু পরেই দু’টি ছেলেমেয়ে সেখানে কি কিনিতে আসিল। গালিরই কোন গরীব ভাড়াটে গৃহস্থ ঘরের ছোট ছেলে মেয়ে—মেয়েটি বছর সাত, ছেলোট একটু বড়। মেয়েটি আঙ্গুল দিয়া সিরাপের বোতল দেখাইয়া বলিল—ওই দ্যাখ দাদা সবুজ—বেশ ভালো, না? ছেলোট বলিল—সব মিশিয়ে দ্যায়। বরফ আছে, ওই যে—

—ক’ পয়সা নেয়?

—চার পয়সা।

অপদ্‌র জন্য দোকানী শরবৎ মিশাইতেছে, বরফ ভাঙতেছে, ছেলেমেয়ে দু’টি মৃৎখনেতে দেখিতে লাগিল। মেয়েটি অপদ্‌র দিকে চাহিয়া বলিল—আপনাকে ওই সবুজ বোতল থেকে দেবে না?

যেন সবুজ বোতলের মধ্যে শচীদেবীর পায়স পোরা আছে।

অপদ্‌র মন করুণার্ত হইল। ভাবিল—এরা বোধ হয় কখনও কিছু দেখে নি—এই রং-করা

টক চিনির রসকে কি ভাবছে, ভালো সিরাপ কি জানে না। বলিল—খুকী, খোকা, শরবৎ খাবে? খাও না—ওদের দু'গ্লাস শরবৎ দাও তো—

প্রথমটা তারা খাইতে রাজী হয় না, অনেক করিয়া অপদু তাহাদের লজ্জা ভাঙিল। অপদু বলিল—ভালো সিরাপ তোমার আছে? থাকে তো দাও, আমি দাম দোব। কোন জায়গা থেকে এনে দিতে পার না?

বোতলে যাহা আছে তাহার অপেক্ষা ভাল সিরাপ এ অঞ্চলে নাকি কুহাপি মেলা সম্ভব নয়। অবশেষে সেই শরবৎই এক এক বড় গ্লাস দুই ভাই-বোন মহাতৃপ্ত ও আনন্দের সহিত খাইয়া ফেলিল, সবুজ বোতলের সেই টক চিনির রসই।

অপদু তাহাদের বিস্কুটও এক পয়সা মোড়কের বাজে চকলেট্ কিনিয়া দিল—দোকানটাতে ভালো কিছু যদি পাওয়া যায় ছাই। তবুও অপদুর মনে হইল পয়সা তার সার্থক হইয়াছে আজ।

বাসায় ফিরিয়া তাহার মনে হইল বড় সাহিত্যের প্রেরণার মূলে এই মানব-বেদনা। ১৮৩৩ সাল পর্যন্ত রাশিয়ার প্রজাস্বত্ব আইন, 'সার্ব' নীতি; জার-শাসিত রাশিয়ার সাইবেরিয়া, শীত, অত্যাচার, কুসংস্কার, দারিদ্র্য—গোগোল, ডস্টয়ভ্‌স্কি, গোর্কি, টলস্টয় ও শেকভের সাহিত্য সম্ভব করিয়াছে। সে বেশ কল্পনা করিতে পারে, দাসব্যবসায়ের দুর্দর্শনে, আঁককার এক মরুবেষ্টিত পল্লী-কুটির হইতে কোমল-বয়স্ক এক নিগ্নো বালক পিতামাতার স্নেহকোলে হইতে নিষ্ঠুরভাবে বিচ্যুত হইয়া বহু দূর বিদেশের দাসের হাতে ক্রীতদাসরূপে বিক্রিত হইল, বহুকাল আর সে বাপ-মাকে দেখিল না, ভাই-বোনদের দেখিল না—দেশে দেশে তাহার অভিনব জীবনধারার দৈন্য, অত্যাচার ও গোপন অশ্রুজলের কাহিনী, তাহার জীবনের সে অপদূর্ভাব ভাবানুভূতির অভিজ্ঞতা সে যদি লিখিয়া রাখিয়া যাইতে পারিত! আঁককার নীরব নৈশ আকাশ তাহাকে প্রেরণা দিত, তাল্লবর্ণ মরুদিগন্তের স্বপ্নমায়া তাহার চোখে অঙ্জন মাখাইয়া দিত; কিন্তু বিশ্বসাহিত্যের দুর্ভাগ্য, তাহারা নীরবে অত্যাচার সহ্য করিয়া বিশ্ব হইতে বিদায় লইল।

দিন-দুই পরে একদিন সন্ধ্যার পর গড়ের মাঠ হইতে একা বেড়াইয়া ফিরিবার মূখে হোয়াইটওয়ে লেডল'র দোকানের সামনে একটুখানি দাঁড়াইয়াছে—একজন আধাবয়সী লোক কাছে আসিয়া বলিল—বাবু, প্রেমারা খেলবেন? খুব ভাল জায়গা। আমি নিজে যাব, এখান থেকে পাঁচ মিনিট। ভদ্র জায়গা, কোন হাস্যমায় পড়তে হবে না। আসবেন?

অপদু বিস্মিত মূখে লোকটার মূখের দিকে চাহিল। আধময়লা কাপড় পরণে, খোঁচা খোঁচা কড়া দাড়ি-গোফ, ময়লা দেশী টুইলের সার্ট, ক'জর বোতাম নাই—পানে ঠোঁট দুটো কালো। দেখিয়াই চিনিল—সে ছাত্র-জীবনের পরিচিত বন্ধু হরেন—সেই যে ছেলোটী একবার তাহাদের কলেজ হইতে বই চুরি করিয়া পালাইতে গিয়া ধরা পড়ে। বহুকাল আর দেখা-সাক্ষাৎ নাই—অপদু লেখাপড়া ছাড়িয়া দিবার পর আর কখনো নয়। লোকটাও অপদুকে চিনিল, ধমত খাইয়া গেল। অপদুও বিস্মিত হইয়াছিল—এইসব ব্যাপারের অভিজ্ঞতা তাহার নাই—জীবনে কখনও না—তবুও সে বন্ধুমাছিল তাহার এই ছাত্রজীবনের বন্ধুটি কোন পথে আসিয়া দাঁড়াইয়াছে। সে কিছু উত্তর করিবার পূর্বে হরেন আসিয়া তাহার হাত দু'টি ধরিল—বলিল, মাপ কর ভাই, আগে টের পাই নি। বহুকাল পরে দেখা—থাক কোথায়?

অপদু বলিল—তুমি থাক কোথায়—এখানেই আছে—কত দিন?...

—এই নিকটেই। তালতলা লেন—আসবে...অনেক কথা আছে—

—আজ আর হবে না, আসছে সোমবার পাঁচটার সময় যাব। নশ্বরটা লিখে নিই।

—সে হবে না ভাই—তুমি আর আসবে না—তোমার দেখা আর পাবার ভরসা রাখি নে। আজই চलो।

অতি অপরিচ্ছন্ন বাসা। একটি মাত্র ছোট ঘর।

অপ্ন ঘরে ঢুকতেই একটা কেমন ভ্যাপ্সা গন্ধ তাহার নাকে গেল। ছোট ঘর, জিনিসপত্রে ভর্তি, মেঝেতে বিছানা-পাতা, তাহারই একপাশে হরেন অপ্নর বসিবার জায়গা করিয়া দিল। ময়লা চাদর, ময়লা কাঁথা, ময়লা বালিশ, ময়লা কাপড়, ছেঁড়া মাদুর—কলাইকরা গ্লাস, থালা, কালি-পড়া হারিকেন লণ্ঠন, কাঁথার আড়াল হইতে তিন-চারটি শীর্ণ কালো কালো ছোট হাত পা বাহির হইয়া আছে—একটি সাত আট বছরের মেয়ে ওদিকের দালানে দুরারের চৌকাঠের উপর বসিয়া। দালানের ওপাশটা রান্নাঘর—হরেনের স্ত্রী সম্ভবতঃ রাখিতেছে।

হরেন মেয়েটিকে বলিল—ওরে টেপ, তামাক সাজ তো—

অপ্ন বলিল—ছোট ছেলেমেয়েকে দিয়ে তামাক সাজাও কেন? নিজে সাজাও—ও শিক্ষা ভালো নয়—

হরেন স্ত্রীর উদ্দেশ্যে চীৎকার করিয়া বলিল—কোথায়-ঠেরলে গো, এদিকে এসো, ইনি আমার কলেজ-আমলের সকলের চেয়ে বড় বন্ধু, এত বড় বন্ধু আর কেউ ছিল না—এঁর কাছে লজ্জা করতে হবে না—একটু চা-টা খাওয়াও—এসো এদিকে।

তারপর হরেন নিজের কাহিনী পাড়িল। কলেজ ছাড়িয়াই বিবাহ হয়—তারপর এই দুঃখদুর্দশা—বড় জড়িয়া পড়িয়াছে—বিশেষতঃ এই সব লেণ্ড-গেণ্ড। কত রকম করিয়া দেখিয়াছে—কিছুতেই কিছু হয় না। স্কুলমাস্টারী, দোকান, চালানী ব্যবসা, ফটোগ্রাফের কাজ, কিছুই বাকী রাখে নাই—আজকাল যাহা করে তা তো অপ্ন দেখিয়াছে। বাসায় কেহ জানে না—উপায় কি?—এতগুলি মন্থে অন্ন তো—এই বাজার ইত্যাদি।

হরেনের কথাবার্তার ধরণ অপ্নর ভাল লাগিল না। চোখেমন্থে কেমন যেন একটা—ঠিক বোঝানো যায় না—অপ্নর মনে হইল হরেন এই সব নীচ ব্যবসায় পোক্ত হইয়া গিয়াছে।

হরেনের স্ত্রীকে দেখিয়া অপ্নর মন সহানুভূতিতে আর্দ্র হইয়া উঠিল। কালো, শীর্ণ চেহারা, হাতে গাছকতক কাচের চুড়ি। মাথায় সামনের দিকে চুল উঠিয়া যাইতেছে, হাতে কাপড়ে বাটনার হলুদ-মাথা! সে এমন আনন্দ ও ক্ষিপ্ততার সহিত চা আনিয়া দিল যে, সে মনে করে যেন এত দিনে স্বামীর পরমহিতৈষী বন্ধুর সাক্ষাৎ যখন পাওয়া গিয়াছে—দুঃখ বন্ধি ঘুঁচিল। উঠিবার সময় হরেন বলিল—ভাই বাড়ি-ভাড়া কাল না দিলে অপমান হ'ব—পাঁচটা টাকা থাকে তো দাও তো!

অপ্ন টাকাটা দিয়া দিল। বাহির হইতে যাইতেছে, বড় ছেলেটিকে তার মা যেন কি শিখাইয়া দিল, সে দরজার কাছে আসিয়া বলিল—ও কাকাবাবু, আমার দু'খানা ইস্কুলের বই এখনও কেনা হয় নি—কিনে দেবেন? বই না কিনলে মাস্টার মারবে—

হরেন ভানের সুরে বলিল—যা যা আবার বই—হ্যাঁ, ইস্কুলও যত—ফি বছর বই বদলাবে—যা এখন—

অপ্ন তাহাকে বলিল—এখন তো আর কিছুই হাতে নেই খোকা, পকেট একেবারে খালি।

হরেন অনেক দূর পর্যন্ত সঙ্গে সঙ্গে আসিল। সে চাষবাস করিবার জন্য উত্তরপাড়ার জমি দেখিয়া আসিয়াছে, দুই হাজার টাকা হইলে হয়—অপ্ন কি টাকাটা ধার দিতে

পারিবে ? না হয়, আধাআধি বথরা—খুব লাভের ব্যবসা ।

প্রথম দিনের সাক্ষাতেই এ সব ?

কেমন একটা অপ্রীতিকর মনোভাব লইয়া অপদ্ব বাসায় ফিরিল । শেষে কিনা জন্মার দালালী ? প্রথম যৌবনে ছিল চোর, আরও কত কি করিয়াছে, কে খোঁজ রাখে ? এ আর ভাল হইল না !

দিন তিনেক পর একদিন সকালে হরেন আসিয়া হাজির অপদ্ব বাসায় । নানা বাজে কথার পর উত্তরপাড়ার জমি লওয়ার কথা পাড়িল । টিউবওয়েল বসাইতে হইবে । কারণ জলের সন্নিবিধা নাই—অপদ্ব কত টাকা দিতে পারে ? উঠিবার সময় বলিল—ওহে, তুমি মানিককে কি বই কিনে দেবে বলোছিলে, আমায় বলছিল ! অপদ্ব ভাবিয়া দেখিল এরূপ কোন কথা মানিককে সে বলে নাই—যাহা হউক, না হয় দিয়া দিবে এখন । মানিককে বইয়ের দরুন টাকা হরেনের হাতে দিয়া দিল ।

তাহার পর হইতে হরেনের ষাতায়াত শব্দ হইল একটু ঘন ঘন । বাবার সঙ্গে মাঝে মাঝে মানিকও আসিতে লাগিল । কখনও সে আসিয়া বলে, তাহারা বায়স্কোপ দেখিতে যাইবে, টাকা দিন কাকাবাবু । কখনও তাহার জন্মতা নাই, কখনও ছোট খোকার জামা নাই—কখনও তাহার বড় দাঁদ, ছোট দাঁদের বায়না । ইহারা আসিলেই দ্বিতিন টাকার কমে অপদ্ব পার হইবার উপায় নাই । হরেনও নানা ছুতায় টাকা চায়, বাড়ি ভাড়া—স্ত্রীর অসুখ ।

একদিন কাজলের একটা সেলুলয়েডের ঘর-সাজানো জাপানী সামুরাই পদতুল খুঁজিয়া পাওয়া গেল না । তার দিন-দুই আগে মানিকের সঙ্গে তার ছোট বোন টে'পি আসিয়াছিল—অনেকক্ষণ পদতুলটা নাড়াচাড়া করিতোঁছিল, কাজল দেখিয়াছে । তারপর দিন-দুই আর সেটার খোঁজ নাই, কাজল আজ দেখিল পদতুলটা নাই । ইহার দিন পনেরা পরে হরেনের বাসায় চায়ের নিমন্ত্রণে গিয়া অপদ্ব দেখিল, কাজলের জাপানী পদতুলটা একেবারে সামনেই একটা হ্যারিকেন ল'ঠনের পাশে বসানো । পাছে ইহারা ল'জায় পড়ে তাই সেদিকটা পিছন ফিরিয়া বসিল ও যতক্ষণ রহিল, ল'ঠনটার দিকে আদৌ চাহিল না । ভাবিল—যাক গে, খুকী লোভ সামলাতে না পেরে এনেছে, খোকাকে আর একটা কিনে দেবো ।

উঠিয়া আসিবার সময় মানিক বলিল—মা বললেন, তোর কাকাবাবুকে বল—একদিন আমাদের কালীঘাট দেখিয়ে আনতে—সামনের রবিবারে চলুন কাকাবাবু, আমাদের ছুটি আছে, আমিও যাব ।

অপদ্ব বেশ কিছু খরচ হইল বুবিবারে । ট্যান্ডিভাড়া, জলখাবার, ছেলোপিলেদের খেলনা ক্রয়, এমন কি বড় মেয়েটির একখানা কাপড় পর্য্যন্ত । কাজলও গিয়াছিল, সে এই প্রথম কালীঘাট দেখিয়া খুব খুশী ।—

সেদিন নিজের অলঙ্কতে অপদ্ব মনে হইল তাহার কবিরাজ বশুটুও তাহার প্রথম পক্ষের স্ত্রীর কথা—তাদের প্রথম জীবনের সেই দারিদ্র্য—সেই পরিশ্রম—কখনও বিশেষ কিছু জো চাহে নাই কোনদিন—বরং কিছু দিতে গেলে ক্ষম হইত । কিন্তু আন্তরিক স্নেহটুকু ছিল তাহার উপর । এখনও ভাবিলে অপদ্ব মন উদাস হইয়া পড়ে ।

বাড়ি ফিরিয়া দেখিল, একটি সতের-আঠারো বছরের ছোকরা তাহার জন্য অপেক্ষা করিতেছে । দেখিতে শুনিতে বেশ, সন্দ্বর চোখ-মুখ, একটু লাজুক, কথা বলিতে গেলে মুখ রক্তা হইয়া যায় ।

অপদ্ব তাহাকে চিনিল—চাঁপদানীর পূর্ণ দিবসের ছেলে রসিকলাল—যাহাকে সে টাইফয়েড হইতে বাঁচাইয়াছিল । অপদ্ব বলিল—রসিক, তুমি আমার বাসা জানলে কি কর ?

—আপনার লেখা বেরুচ্ছে ‘বিভাবরী’ কাগজে—তাদের অফিস থেকে নিয়েছি—

—তারপর, অনেককাল পর দেখা—কি খবর বলো ?

• —শুনুন, দ্বিধিকে মনে আছে তো ? দ্বিধি আমার পাঠিয়ে দিয়েছে—বলে দিয়েছে যদি কলকাতায় যাস, তবে মাস্টার মশায়ের সঙ্গে দেখা করিস। আপনার কথা বড় বলে, আপনি একবার আসুন না চাঁপদানীতে !

—পটেবরী ? সে এখনও মনে ক’রে রেখেছে আমার কথা ?

রসিক সুর নিচু করিয়া বলিল—আপনার কথা এমন দিন নেই—আপনি চলে এসেচেন আট দশ বছর হ’ল—এই আট দশ বছরের মধ্যে আপনার কথা বলে নি—এমন একটা দিনও বোধ হয় যায় নি। আপনি কি কি খেতে ভালবাসতেন—সে সব দ্বিধির এখন মন্থস্থ। কলকাতায় এলেই আমার বলে মাস্টার মশায়ের খোঁজ করিস না রে ? আমি কোথায় জানব আপনার খোঁজ—কলকাতা শহর কি চাঁপদানী ? দ্বিধি তা বোঝে না। তাই এবার ‘বিভাবরী’তে আপনার লেখা—

—পটেবরী কেমন আছে ? আজকাল আর সে সব শব্দরবাড়ির অত্যাচার—

—শাশুড়ী মারা গিয়েছে, আজকাল কোন অত্যাচার নেই, দু’তিনটি ছেলেমেয়ে হয়েছে, —সে-ই আজকাল গিন্নী, তবে সংসারের বড় কষ্ট। আমাকে বলে দেয় বোতলের চাটুনি কিনতে—দশ আনা দাম—আমি কোথা থেকে পাব—তাই একটা ছোট বোতল আজ এই দেখুন কিনে নিয়ে যাচ্ছি ছ’ আনায়। টে’পারির আচার। ভালো না ?

—এক কাজ করো। চলো আমি তোমাকে আচার কিনে দিচ্ছি, আমার আচার ভালবাসে ? চলো দেশী চাটুনি কিনি। ভিনিগার দেওয়া বিলিতি চাটুনি হয়তো পছন্দ করবে না।

—আপনি কবে আসবেন ? আপনার সঙ্গে দেখা হয়েছে অথচ আপনাকে নিয়ে যাই নি শুনলে দ্বিধি আমাকে বাড়িতে তিষ্ঠুতে দেবে না কিন্তু, আজই আসুন না ?—

—সে এখন হবে না, সময় নেই। সন্নিবে মত দেখব।

অপু অনেকগুলি ছেলেমেয়ের খেলনা, খাবার চাটুনি কিনিয়া দিল। রসিককে স্টেশনে তুলিয়া দিয়া আসিল। রসিক বলিল—আপনি কিন্তু ঠিক যাবেন একদিন এর মধ্যে—নৈলে ওই বললুম যে—

কি চমৎকার নীল আকাশ আজ ! গরম আজ একটু কম।

চৈত্র দুপুরের এই ঘন নীল আকাশের দিকে চাহলেই আজকাল কেন শৈশবের কথাই তাহার মনে পড়ে ?

একটা জিনিস সে লক্ষ্য করিয়াছে। বাল্যে যখন অন্য কোনও স্থানে সে যায় নাই—যখন যাহা পড়িত—মনে মনে তাহার ঘটনাস্থলের কল্পনা করিতে গিয়া নিশ্চিন্দপুরেরই বাঁশবন, আমবাগান, নদীর ঘাট, কুঁঠর মাঠের ছবি মনে ফুটিয়া উঠিত—তাও আবার তাদের পাড়ার ও তাদের বাড়ির আশে-পাশের জায়গার। তাদের বাড়ির পিছনের বাঁশবন তো রামায়ণ মহাভারত মাথানো ছিল—দশরথের রাজপ্রাসাদ ছিল তাদের পাড়ার ফণি মধুঘোষদের ভাঙা দোতলা বাড়িটা—মাধবীকঙ্কণে পড়া একলিঙ্গের মন্দির ছিল ছিরে পুকুরের পশ্চিম-দিকের সীমানার বড় বাঁশঝাড়টার তলায়—বঙ্গবাসীতে পড়া জোয়ান-অব-আর্ক মেম্বশাল চরাইত নদীপারের দেয়াড়ের কাশবনের চরে, শিমুল গাছের ছায়ায়...তারপর বড় হইয়া কত নতুন স্থানে একে একে গেল, মনের ছবি ক্রমশঃ পরিবর্তিত হইতে লাগিল—ম্যাপ চিহ্নিল, ভূগোল পড়িল, বড় হইয়া যে সব বই পড়িল তাদের ঘটনা নিশ্চিন্দপুরের মাঠে, বনে, নদীর

পথেঘাটে নাই, কিন্তু এতকালের পরেও বাল্যের যে ছবিগদ্যলি একবার আঁকত হইয়া গিয়াছিল তা অপরিবর্তিতই আছে—এতকাল পরেও যদি রামায়ণ-মহাভারতের কোনও ঘটনা কল্পনা করে—নিশ্চিন্দপরের সেই অস্পষ্ট, বিস্মৃতপ্রায় স্থানগদ্যলিই তার রথীভূমি হইয়া দাঁড়াইয়া—অনেককাল পর সোদিন আর একবার পুরনো বইয়ের দোকানে দাঁড়াইয়া দাঁড়াইয়া মাধবীকণ্ণ ও জীবনসম্মা পাড়িতেছিল—কি অশুভ!—পাতায় পাতায় নিশ্চিন্দপূর মাখানো, বাল্যের ছবি এখনও সেই অস্পষ্ট-ভাবে-মনে-হওয়া জঙ্গলে-ভরা পোড়ো পুকুরটার পশ্চিম সীমানার বাঁশঝাড়ের তলায় !...

এবারমাঝেমাঝে দু-একটি পুস্তক-পরিচিত বন্ধুর সঙ্গে অপূর দেখা হইতে লাগিল প্রায়ই। কেহ উকিল, কেহ ডাক্তার—জানকী মফঃস্বলের একটা গবর্ণমেন্ট স্কুলের হেডমাষ্টার, মস্মথ এটর্ন'র ব্যবসায়ে বেশ উপার্জন করে। দেবরত একবার ইতিমধ্যে সস্ত্রীক কলিকাতা আসিয়াছিল, স্ত্রীর পা সারিয়া গিয়াছে, দু'টি মেয়ে হইয়াছে। চাকরিতে সে বেশ নাম করিয়াছে, তবে চেষ্টিয় আছে কস্ট্রাক্টরী ব্যবসায় স্বাধীনভাবে আরম্ভ করিতে। দেওয়ান-পূরের বাল্যবন্ধু সেই সমীর আজকাল ইন্সিওরেন্সের বড় দালাল। সে চিরকাল পয়সা চিনিত, হিসাবী ছিল—আজকাল অবস্থা ফিরাইয়া ফেলিয়াছে। কষ্টদুঃখ করিতে করিতে একবারও সে ইহাদিগকে হিংসা করে না। তারপর এবার জানুকীর সঙ্গে একদিন কলিকাতায় দেখা হইল। মোটা হইয়া গিয়াছে বেজায়, মনের তেজ নাই, গৃহস্থালির কথাবার্তা—স্বপূর মনে হইল সে যেন একটা বন্ধ ঘরের জানালা বন্ধ করিয়া বসিয়া আছে।

তাহার এটর্ন' বন্ধু মস্মথ একদিন বলিল—ভাই, সকাল থেকে ব্রিফ নিয়ে বসি, সারাদিনের মধ্যে আর বিশ্রাম নেই—খেয়েই হাইকোর্ট, পাঁচটার ফিরে একটা জমিদারী এস্টেটের ম্যানেজারী করি ঘণ্টা-তিনেক—তারপর বাড়ি ফিরে আবার কাজ—থবরের কাগজখানা পড়বার সময় পাই নে, কিন্তু এত টাকা রোজগার করি, তবু মনে হয়, ছাত্রজীবনই ছিল ভাল। তখন কোন একটা জিনিস থেকে বেশী আনন্দ পেতুম—এখন মনে হয়, আই হ্যাভ লস্ট দি সস্ অফ্ লাইফ—

অপূ নিজের কথা ভাবিয়া দেখে। কৈ, এত বিরুদ্ধ ঘটনার ভিতর দিয়াও তাহার মনের আনন্দ—কেন নষ্ট হয় নাই? নষ্ট হয় তো নাই—ই, কেন তাহা দিনে দিনে এমন অশুভ ধরণের উচ্ছ্বাসিত প্রাচুর্য্যে বাড়িয়া চলিয়াছে? কেন পৃথিবীটা, পৃথিবী নয়—সারা বিশ্বেটা, সারা নাক্ষত্রিক বিশ্বেটা এক অপরূপ রঙে তাহার কাছে রঙীন? আর দিনে দিনে এ কি গহন গভীর রহস্য তাহাকে মূগ্ধ করিয়া প্রতি বিষয়ে অতি তীব্রভাবে সচেতন করিয়া দিতেছে?...

সে দেখিতে পায় তার ইতিহাস, তার এই মনের আনন্দের প্রগতির ইতিহাস, তার ক্রমবর্ধমান চেতনার ইতিহাস।

এই জগতের পিছনে আর একটা যেন জগৎ আছে। এই দৃশ্যমান আকাশ, পাখির ডাক, এই সমস্ত সংসার-জীবন-যাত্রা—তারই ইঙ্গিত আনে মাত্র—দূর দিগন্তের বহুদূর ওপারে কোথায় যেন সে জগৎটা—পিয়াজের একটা খোসার মধ্যে যেমন আর একটা খোসা তার মধ্যে আর একটা খোসা, সেটাও তেমনি এই আকাশ, বাতাস, সংসারের আবরণে কোথাও যেন ঢাকা আছে, কোন জীবন-পারের মনের পারের দেশে। শ্বির সম্মায় নিষ্কর্মে একা কোথাও বসিয়া ভাবিলেই সেই জগৎটা একটু একটু নজরে আসে।

সেই জগৎটার সঙ্গে যোগ-সেতু প্রথম স্থাপিত হয় তার বাল্যে—দ্বিধা যখন মারা যায়। তারপর অনিল—মা—অপর্ণা—সম্বশেষে লীলা। দৃশ্যের অধুর পারাবার সারাজীবন ধরিয় পাড়ি দিয়া আসিয়া আজ যেন বহু দূরে সে দেশের তালীবনরেখা অস্পষ্ট নজরে আসে।

আজ গোলদীঘর বৌগুথানায় বসিয়া তাই সে ভাবিয়া দেখিল, অনেক দিন আগে তার বন্ধু অনিল যে-কথা বলিয়াছিল, এ জেনারেশনের হাত হইতে কাজের ভার লওয়া—আর সবাই তা লইয়াছে, তার সকল সহপাঠীই এখন জীবনে সুপ্রতিষ্ঠিত, দিকে দিকে জীবনের সকল কৰ্ম্মক্ষেত্রে তারা নামিয়া পড়িয়াছে, কেবল ভবঘুরে হইয়াছে সে ও প্রণব। কিন্তু সত্য কথা সে বলিবে? ...মন তার কি বলে?

তার মনে হয় সে যাহা পাইয়াছে জীবনে, তাহাতেই তার জীবন হইয়াছে সার্থক। সে চায় না অর্থ, চায় না—কি সে চায়?

সেটাও তো খুব স্পষ্ট হইয়া উঠে নাই। সে কি অপরাধ জীবন-পদক এক একদিন দুপুরের রোদে ছাদটাতে সে অনুভব করে, তাকে অভিভূত, উর্ষেজিত করিয়া তোলে, আকাশের দিকে উৎসুক চোখে চাহিয়া থাকে, যেন সে দৈব্যাবাগীর প্রত্যাশা করিতেছে। ...

কাজল কি একটা বই আগ্রহের সঙ্গে পড়িতেছে—অপু ঘরে ঢুকিতেই চোখ তুলিয়া ব্যগ্র উৎসাহের সুরে উজ্জ্বলমুখে বলিল—ওঃ, কি চমৎকার গল্পটা বাবা!—শোনো না বাবা—এখানে বসো—। পরে সে আরও কি সব বলিয়া যাইতে লাগিল। অপু অন্যমনস্ক মনে ভাবিতেছিল—বিদেশে যাওয়ার ভাড়া সে যোগাড় করিতে পারে—কিন্তু খোকা—খোকাকে কোথায় রাখিয়া যায়? ...মামার বাড়ি পাঠাইয়া দিবে? মন্দ কি? ...কিছু দিন না হয় সেখানেই থাকুক—বছর দুই তিন তারপর সে তো ঘুরিয়া আসিবেই। তাই করিবে? ... মন্দ কি?

কাজল অভিমানের সুরে বলিল—তুমি কিছুর শুনচ না বাবা—

—শুন্ব না কেন রে, সব শুনছি। তুই বলে যা না?

—ছাই শুনছো, বল দিকি শ্বেতপদুরী কোন্ বাগানে আগে গেল?

অপু বলিল—কোন্ বাগানে?—আচ্ছা একটু আগে থেকে বল তো খোকা—ওটা ভাল মনে নেই! খোকা অতশত ঘোরপাচ বুঝিতে পারে না,—সে আবার গোড়া হইতে গল্প-বলা শুরুর করিল—বলিল—এইবার তো রাজকন্যা শেকড় খুঁজতে যাচ্ছে, কেমন না? মনে আছে তো?—(অপু এক বর্ণও শোনে নাই) তারপর শোনো বাবা—

কাজলের মাথার চুলের কি সুন্দর ছেলেমানুষি গন্ধ!—দোলা, চুঁষকাটি, ঝিনুকবাটি, মায়ের কোল—এই সব মনে করাইয়া দেয়—নিতাস্ত কাঁচ। সত্যি গুরু দিকে চাহিয়া দেখিলে আর চোখ ফিরাইতে ইচ্ছা হয় না—কি হাসি, কি চোখ দুটি—মুখ কি সুন্দর—ঐটুকু এক রসি ছিলে—যেন বাস্তব নয়, যেন এ পৃথিবীর নয়—কোন্ সময় জ্যোৎস্নাপরী আসিয়া ওকে যেন উড়াইয়া লইয়া কোনও স্বপ্নপারের দেশে লইয়া যাইবে—দিনরাত কি চঞ্চলতা, কি সব অশুভ খেয়াল ও আব্দার—অথচ কি অবাধ ও অসহায়!—ওকে কি করিয়া প্রতারণা করা যাইবে?—ও তো একদণ্ড ছাড়িয়া থাকিতে পারে না—ওকে কি বলিয়া ভুলানো যায়? অপু মনে মনে সেই ফন্দিটাই ভাবিতে লাগিল।

ছেলেকে বলিল—চিনি নিলে আয় তো খোকা—একটু হালদা করি।

কাজল মিনিট দশেক মাত্র বাহিরে গিয়াছে—এমন সময় গলির বাহিরে রাস্তায় কিসের একটা গোলমাল অপুর কানে গেল। বাহির হইয়া ঘরের দোরে দাঁড়াইল—গলির ভিতর হইতে লোক দোড়াইয়া বাহিরের দিকে ছুটিতেছে—একজন বলিল—একটা কে লরি চাপা পড়েছে—

অপু দৌড়িয়া গলির মুখে গেল। বেজায় ভিড়, সবাই আগাইতে চায়, সবাই ঠেলাঠেলি করিতেছে। অপুর পা কাঁপিতেছিল, জিভ শুকাইয়া আসিয়াছে। একজন কে বলিল—কে

চাপা পড়েছে মশাই—

—ওই যে ওখানে একটি ছেলে—আহা মশায়, তখনই হয়ে গিয়েছে—মাথাটা আর নেই—

অপু, রুশ্বাসে জিজ্ঞাসা করিল—বয়স কত ?

—বছর নয় হবে—ভুল্লোকের ছেলে, বেশ ফর্সা দেখতে—আহা !—

অপু এ প্রশ্নটা কিছুতেই মুখ দিয়া বাহির করিতে পারিল না—তাহার গায়ে কি ছিল। কাজল তার নতুন তৈরী খন্দরের শার্ট পরিয়া এইমাত্র বাহির হইয়া গিয়াছে—

কিন্তু এই সময়ে হঠাৎ অপু হাতে পায়ে অদ্ভুত ধরণের বল পাইল—বোধ হয় যে খুব ভালবাসে, সে ছাড়া এমন বল আর কেহ পায় না এমন সময়ে। খোকার কাছে এখনি ঘাইতে হবে—যদি একটুও বাঁচিয়া থাকে—সে বোধ হয় জল খাইবে, হয়ত ভয় পাইয়াছে—

ওপারের ফুটপাতে গ্যাসপোস্টের পাশে ট্যান্ডি আসিয়া দাঁড়াইয়াছে, পুঁলিশ আসিয়াছে—ট্যান্ডিতে ধরাধরি করিয়া দেহটা উঠাইতেছে! অপু ধাক্কা মারিয়া সামনের লোকজনকে হঠাইয়া খানিকটা জায়গা ফাঁকা করিয়া ফেলিল। কিন্তু ফাঁকায় আসিয়া সামনে ট্যান্ডিটার দিকে চাহিয়াই তাহার মাথাটা ঘুরিয়া উঠিল যে, পাশের লোকের কাঁধে নিজের অজান্তসারে ভর না দিলে সে হয়তো পড়িয়াই যাইত। ট্যান্ডির সামনে যুে ভিড় জমিয়াছে তারই মধ্যে দাঁড়াইয়া ডিঙি মারিয়া কাণ্ডটা দেখিবার বৃথা চেষ্টা করিতেছে—কাজল। অপু ছুটিয়া গিয়া ছেলের হাত ধরিল—কাজল ভীত অথচ কৌতূহলী চোখে মৃতদেহটা দেখিবার চেষ্টা করিতেছিল—অপু তাহাকে হাত ধরিয়া লইয়া আসিল।—কি দেখাছিল ওখানে? ...আয় বাসায়—

অপু অনুভব করিল তাহার মাথা যেন বিম্বিম্ব করিতেছে—সারা দেহে যেন এইমাত্র কে ইলেক্ট্রিক ব্যাটারির শক্ লাগাইয়া দিয়াছে।

গুলির পথে কাজল একটু ইতস্তত করিয়া অপ্রতিভের সুরে বলিল—বাবা, গোলমালে আমায় যে সিকিটা দিরাইছিলে চিনি আনতে, কোথায় পড়ে গিয়েচে খুঁজে পাই নি।

—যাক্ গে। চিনি নিয়ে চলে আসতে পারতিস কোনকালে—তুই বড় চঞ্চল ছেলে খোকা।

দিন দুই পরে সে কি কাজে হ্যারিসন রোড দিয়ে চিংপুরের দিকে ট্রামে চড়িয়া যাইতে ছিল, মোড়ের কাছে শীলেদের বাড়ির রোকড়নিবশ রামধনবাবুকে ছাতি মাথায় যাইতে দেখিয়া সে তাড়াতাড়ি ট্রাম হইতে নামিল, কাছে গিয়া বলিল, কি রামধনবাবু, চিনতে পারেন? রামধনবাবু হাত তুলিয়া নমস্কার করিয়া বলিলেন, আরে অপুশ্ববাবু যে? তারপর কোথা থেকে আজ এতকাল পরে! ওঃ আপনি একটু অন্যরকম দেখতে হয়ে গিয়েছেন, তখন ছিলেন ছোকরা—

অপু হাসিয়া বলিল—তা বটে। এদিকেও চৌত্রিশ পঁয়ত্রিশ হ'ল—কতকাল আর ছোকরা থাকব—আপনি কোথায় চলেছেন?

—আপিস যাচ্ছ, বেলা প্রায় এগারোটী বাজে—না? একটু বেঁচ হয়ে গেল। একদিন আসুন না? কতদিন তো কাজ করেছেন, আপনার পুরনো আপিস, হঠাৎ চাকরিটা দিলেন ছেড়ে, তা নইলে আজ এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার হ'তে পারতেন, হারিচরণবাবু মারা গিয়েছেন কিনা।

সত্যিই বটে বেলা সাড়ে দশটা। রামধনবাবু পুরনো দিনের মত ছাতি মাথায়, লংকথের ময়লা ও হাত-ছেঁড়া পাজিবি গায়ে, ক্যান্সসের জুতা পায়ে দিয়া, অপু দশ বৎসর

পূর্বে যে আপিসটাতে কাজ করিত, সেখানে গুটি গুটি চলিয়াছেন।

অপু জিজ্ঞাসা করিল, রামধনবাবু, কতদিন কাজ হ'ল ওদের ওখানে আপনার সবসুধ ?
রামধনবাবু পূর্বনো দিনের মত গাশ্ব'তসুরে বললেন, এই সাইত্রিশ বছর যাচ্ছে। কেউ পারবে না বলে দাঁড়ি,—এক কলমে এক সেরেস্তায়। আমার দ্যাখ'তায় পাঁচ পাঁচটা ম্যানোজার বদল হ'ল—কত এল, কত গেল—আমি ঠিক বজায় আছি। এ শর্মার চাকরি ওখান থেকে কেউ নড়াতে পারছেন না—যিনিই আসুন। হাসিয়া বললেন—এবার মাইনে বেড়েছে, এই প'য়তাল্লিশ হ'ল।

অপু'র মাথা কেমন ঘূ'রিয়া উঠিল—সাইত্রিশ বছর একই অশ্কার ঘরে একই হাতবাক্সের উপর ভারী খেরো-বাঁধানো রোকড়ের খাতা খুলিয়া কালি ও স্টিলপেনের সাহায্যে শীলেদের সংসারের চালভালের হিসাব লিখিয়া চলা—চারিধারে সেই একই দোকান-পসার, একই পরিচিত গলি, একই সহকর্মী'র দল, একই কথা অলোচনা—বারোমাস, তিনশো তিরিশদিন।—সে ভাবিতে পারে না—এই বশজল, পঞ্চল, পচা পানা পুকুরের মত গতিহীন, প্রাণহীন, ক্ষুদ্র জীবনের কথা ভাবলেও তাহার গা কেমন করিয়া উঠে।

বেচারী রামধনবাবু—দরিদ্র, বৃশ, ও'র দোষ নাই, তাও সে জানে। কলিকাতার বহু শিক্ষিতসমাজে, আড্ডায়, ক্লাবে সে মিশিয়াছে। বৈচিত্র্যহীন, একঘেয়ে জীবন—অর্থহীন, ছন্দহীন, ঘটনাহীন, দিনগুলি! শূ'ধু টাকা, টাকা—শূ'ধু খাওয়া, পানাসক্তি, ব্রিজখেলা, ধূমপান, একই তুচ্ছ বিষয়ে একঘেয়ে অসার বকুনি—তরুণ মনের শক্তিকে নষ্ট করিয়া দেয়, আনন্দকে ধ্বংস করে, দৃষ্টিকে সংকীর্ণ করে, শেষে ঘোর কুয়াশা আসিয়া সূ'র্যালোককে রুশ করিয়া দেয়—ক্ষুদ্র, পঞ্চল, অকিঞ্চৎকর জীবন কোন রকমে খাত বাহিয়া চলে!—সে শক্তিহীন নয়—এই পরিণাম হইতে সে নিজকে বাঁচাইবে।

তারপর সে রামধনবাবু'র অনুরোধে ও কতকটা কৌতুহলের বশবর্তী হইয়া শীলেদের বাড়ি গেল। সেই আপিস, ঘরদোর, লোকের দল বজায় আছে। প্রবোধ মূহুরী বড়লোক হইবার জন্য কোন লটারীতে প্রতি বৎসর একখানি টিকিট কিনিতেন, বলিতেন—ও পাঁচটা টাকা বাজে খরচের সামিল ধরে রেখোঁছ দাদা। যদি একবার লেগে যায়, তবে সুদে আসলে সব উঠে আসবে। তাহা আজও আসে নাই, কারণ তিনি আজও দেবোস্তর এস্টেটের হিসাব কষিতেছেন।

খুব আদর-অভ্যর্থনা করিল সকলে। মেজবাবু কাছে বসাইয়া জিজ্ঞাসাবাদ করিলেন। বেলা এগারোটা বাজে, তিনি এই মাত্র ঘুম হইতে উঠিয়াছেন—বিলিয়ার্ড ঘরের সামনের বারান্দাতে চাকর তাঁহাকে এখনি তৈল মাখাইবে, বড় রূপায় গুড়গুড়িতে রেশমের গলাবন্ধ-ওয়লা নলে বেহারা তাম্বাক দিয়া গেল।

এ বাড়ির এফটি ছেলেকে অপু পূর্বে দিনকতক পড়াইয়াছিল, তখন সে ছোট ছিল, বেশ সুন্দর দোঁখতে ছিল—ভারী পবিত্র মুখশ্রী, স্বভাবটিও ছিল ভারী মধুর। সে এখন আঠার উনিশ বছরের ছেলে, কাছে আসিয়া পায়ের ধূলা লইয়া প্রণাম করিল—অপু দোঁখিয়া ব্যথিত হইল, সে এই সকালেই অন্ততঃ দশটা পান খাইয়াছে—পান খাইয়া খাইয়া ঠোট কালো—হাতে রূপায় পানের কোটা—পান জুর্দা। এবার টেস্ট পরীক্ষায় ফেল মারিয়াছে, খানিকক্ষণ কেবল নানা ফিম্বের গল্প করিল, বাস্টার কিটনকে মাস্টারমশায়ের কেমন লাগে?—চার্লি চ্যাপলিন? নর্মী শিয়ালার—ও সে অশুভ!

ফিরিবার সময় অপু'র মনটা বেদনায় পূর্ণ হইয়া গেল। বালক, ও'র দোষ কি? এই আবহাওয়ায় খুব বড় প্রতিভাও শূ'কাইয়া যায়—ও তো অসহায় বালক—

রামধনবাবু বলিলেন, চললেন অপু'বাবু? নশ্কার। আসবেন মাঝে মাঝে।

গিলর বাহিরে সেই পচা খড় বিচারি, পচা আপেলের খোলা, শর্টকি মাছের গন্ধ

রাগিতে অপূর মনে হইল সে একটা বড় অন্যায় করিতেছে, কাজলের প্রতি একটা গুরুভর আবিচার করিতেছে। ওরও তো সেই শৈশব। কাজলের এই অমূল্য শৈশবের দিনগুলিতে সে তাহাকে এই ইট, কংক্রিট, সিমেন্ট ও বাড-কোম্পানীর পেটেন্ট স্টোনে বাঁধানো কারাগারে আবদ্ধ রাখিয়া দিনের পর দিন তাহার কাঁচা, উৎসুক, স্বপ্নপ্রবণ শিশুমন তুচ্ছ বৈচিত্র্যহীন অনুভূতিতে ভরাইয়া তুলিতেছে—তাহার জীবনে বন-বনানী নাই, নদী-স্রোত নাই, পাখির কলস্বর, মাঠ, জোৎসনা, সঙ্গী-সাথীদের সুখদুঃখ—এসব কিছই নাই, অথচ কাজল অতি সুন্দর ভাবপ্রবণ বালক—তাহার পরিচয় সে অনেকবার পাইয়াছে।

কাজল দুঃখ জানুক, জানিয়া মানুষ হউক। দুঃখ তার শৈশবের গলেপ পড়া সেই সোনা-করা জাদুকর! ছেঁড়া-খোঁড়া কাপড়, ঝুলি ঘাড়ে বেড়ায়, এই চাপ-বাড়ি, কোণে-কাঁদাড়ে ফেরে, কারুর সঙ্গে কথা কয় না, কেউ পোছে না, সকলে পাগল বলে, দূর দূর করে, রাতদিন হাপর জ্বালায়, রাতদিন হাপর জ্বালায়।

পেতল থেকে, রাং থেকে, সীসে থেকে ও-লোক কিন্তু সেনা করিতে জানে, করিয়াও থাকে।

এই দিনটিতে বসিয়া ভাবিতে ভাবিতে স্মরণপ্রথম এককাল পরে একটা চিন্তা মনে উদয় হইল। নিশ্চিন্দপূর একবারটি ফিরিলে কেমন হয়? সেখানে আর কেউ না থাক, শৈশব-সঙ্গিনী রাগুদাদি তো আছে। সে যদি বিদেশে চলিয়া যায়, তার আগে খোকাকে তার পিতামহের ভিটাটা দেখাইয়া আনাও তো একটা কস্তব্য?

পরদিনই সে কাশীতে লীলাদিকে পঁচিশটা টাকা পাঠাইয়া লিখিল, সে খোকাকে লইয়া একবার নিশ্চিন্দপূর যাইতেছে, খোকাকে পিতামহের গ্রামটা দেখাইয়া আনিবে। পত্রপাঠ যেন লীলাদি তার দেওরকে সঙ্গে লইয়া সোজা নিশ্চিন্দপূর চলিয়া যায়।

চতুর্বিংশ পরিচ্ছেদ

ট্রেনে উঠিয়াও যেন অপূর বিশ্বাস হইতোছিল না, সে সত্যই নিশ্চিন্দপূরের মাটিতে আবার পা দিতে পারিবে—নিশ্চিন্দপূর, সে তো শৈশবের স্বপ্নলোক! সে তো মূছিয়া গিয়াছে, মিলাইয়া গিয়াছে, সে শব্দ একটা অনতিস্পষ্ট সুখস্মৃতি মাত্র, কখনও ছিল না, নাই-ও।

মাঝেরপাড়া স্টেশনে ট্রেন আছিল বেলা একটার সময়। খোকা লাফ দিয়া নামিল, কারণ প্লাটফর্ম খুব নিচু। অনেক পরিবর্তন হইয়াছে স্টেশনটার, প্লাটফর্মের মাঝখানে জাহাজের মাস্তুলের মত উঁচু যে সিগন্যালটা ছেলেবেলায় তাহাকে তাক লাগাইয়া দিয়াছিল সেটা আর এখন নাই। স্টেশনের বাহিরে পথের উপর একটা বড় জাম গাছ, অপূর মনে আছে এটা আগে ছিল না। ওই সেই বড় মাদার গাছটা, যেটার তলায় অনেককাল আগে তাহাদের এদেশ ছাড়িবার দিনটাতে মা খিচুড়ি রাখিয়াছিলেন। গাছের তলায় দুখানা মোটর-বাস যাত্রীর প্রত্যাশায় দাঁড়াইয়া, অপূরা থাকিতে থাকিতে দুখানা পূরনো ফোর্ড ট্যাঙ্কও আসিয়া জুটিল। আজকাল নাকি নবাবগঞ্জ পর্যন্ত বাস ও ট্যাঙ্ক হইয়াছে, জিজ্ঞাসা করিয়া জানিল—জিনিসটা অপূর কেমন যেন ভাল লাগিল না। কাজল নবীন যুগের মানুষ, সাগ্রহে বলিল—মোটর কার্টে ক'রে যাব বাবা? অপূর ছেলেকে জিনিসপত্রসমেত ট্যাঙ্কতে উঠাইয়া দিল, বটের ঝুরি দোলানো শিশু ছায়াভরা সেই প্রাচীন দিনের পথটা দিয়া সে নিজে মোটরে চাড়িয়া যাইতে পারিবে না কখনই। এ দেশের সঙ্গে পেট্রোল গ্যাসের গন্ধ কি খাপ খায়?

চৈত্রমাসের শেষ । বাংলায় সত্যিকার বসন্ত এই সময়েই নামে । পথ চলিতে চলিতে পথের ধারের ফুলেভরা ঘেঁটুবনের সৌন্দর্য্যে সে মগ্ন হইয়া গেল । এই কম্পমান চৈত্রদপ্লরের রৌদ্রের সঙ্গে, আকাশে ফুলের গন্ধের সঙ্গে শৈশব যেন মিশানো আছে—পশ্চিম বাংলার পল্লীতে এ কমনীয় বসন্তের রূপ সে তো ভুলিয়াই গিয়াছিল ।

এই সেই বেত্রবতী ! এমন মধুর স্বপ্নভরা নামটি কোন নদীর আছে পৃথিবীতে ? খেলা পার হইয়া আবার সেই আষাঢ়ের বাজার । ভিড়াল ডানলপ টায়ারের বিজ্ঞাপন-ওয়াল পেট্রোলের দোকান নদীর উপরেই । বাজারেরও চেহারা অনেক বদল হইয়া গিয়াছে । তেইশ বছর আগে এত কোঠাবাড়ি ছিল না । আষাঢ় হইতে হাঁটিয়া যাওয়া সহজ, মাত্র দু মাইল, জিনিসপত্রের জন্যে একটা মুটে পাওয়া গেল, মোটরবাস ও ট্যাক্সির দরুণ ভাড়াটিয়া গরুর গাড়ি আজকাল নাকি এদেশ হইতে উঠিয়া গিয়াছে । মুটে বলিল—ধুগেপলাশগাছির ওই কাঁচা রাস্তাটা দিয়ে যাবেন তো বাবু ? ধুগেপলাশগাছি !...নামটাই তো কতকাল শোনে নাই, এতদিন মনেও ছিল না । উঃ, কতকাল পরে এই অতি সুন্দর নামটা সে আবার শুনিতোছে ।

বেলা পড়িয়া আসিয়াছে এমন সময়ে পথটা সোনাডাঙ্গা মাঠের মধ্যে ঢুকিয়া পড়িল—পাশেই মধুখালির বিল—পশ্চিমবনে ভারিয়া আছে । এই সেই অপূর্ণ সৌন্দর্য্যভূমি, সোনাডাঙ্গার স্বপ্নমাখানো মাঠটা—মনে হইল এত জায়গায় তো বেড়াইল, এমন অপরূপ মাঠ ও বন কই কোথাও তো দেখে নাই ! সেই বনঝোপ, ঢিবি, বন, ফুলে ভর্তি বাবুলা—বৈকালের এ কী অপূর্ণ রূপ !

তারপরই দূর হইতে ঠাকুরাঝ-পুকুরের সেই ঠ্যাঙাড়ে বটগাছটার উঁচু ঝাঁকড়া মাথাটা নজরে পড়িল—যেন দিক্‌সমুদ্রে ছবিয়া আছে—ওর পরেই নিশ্চিন্দপূর ।—ক্রমে বটগাছটা পিছনে পড়িল—অপূর বৃক্ষের রক্ত চল্‌কাইয়া যেন মাথায় উঠিতে চাহিতেছে, সারা দেহ এক অপূর্ণ অনুভূতিতে যেন অবশ হইয়া আসিতেছে । ক্রমে মাঠ শেষ হইল, ঘাটের পথের সেই আমবাগানগুলো—সে রুমাল কুড়াইবার ছলে পথের মাটি একটু ভুলিয়া মাথায় ঠেকাইল । ছেলেকে বলিল—এই হ'ল তোমার ঠাকুরদাদার গাঁ, খোকা, ঠাকুরদাদার নামটা মনে আছে তো—বল তো বাবা, কি ?

কাজল হাসিয়া বলিল—শ্রীহরিহর রায়, আহা, তা কি আর মনে আছে !

অপূ বলিল, শ্রী নয় বাবা, ঈশ্বর বলতে হয়, শিখিয়ে দিলাম যে সৈদিন ?

রাগুদিদির সঙ্গে দেখা হইল পরদিন বৈকালে ।

সাক্ষাতের পূর্বে—ইতিহাসটা কৌতুকপূর্ণ, কথাটা রানীর মুখেই শুনিল ।

রানী অপূ আসিবার কথা শুনেন নাই, নদীর ঘাট হইতে বৈকালে ফিরিতেছে, বাঁশবনের পথে কাজল দাঁড়াইয়া আছে, সে একা গ্রামে বেড়াইতে বাহির হইয়াছে ।

রানী প্রথমটা খতমত খাইয়া গেল—অনেককাল আগেকার একটি ছবি অস্পষ্ট মনে পড়িল—ছেলেবেলায় ওই ঘাটের ধারের জঙ্গলে-ভরা ভিটাটাতে হরিকাকারা বাস করিত, কোথায় যেন তাহারা উঠিয়া গিয়াছিল তারপরে । তাদের বাড়ির সেই অপূ না ? ছেলেবেলায় সেই অপূ ? পরক্ষণেই সামলাইয়া লইয়া সে কাছে গিয়া ছেলোটর মুখের দিকে চাহিল—অপূও বটে, নাও বটে । যে বয়সে সে গ্রাম ছাড়িয়া চলিয়া গিয়াছিল তার সে সময়ের চেহারাখানা রানীর মনে আঁকা আছে, কখনও ভুলিবে না—সেই বয়স, সেই চেহারা, অবিবল । রানী বলিল—তুমি কাদের বাড়ি এসেছ খোকা ?

কাজল বলিল—গাঙ্গুলীদের বাড়ি—

রানী ভাবিল, গাঙ্গুলীরা বড়লোক, কলিকাতা হইতে কেহ কুটুম্ব আসিয়া থাকিব, তাদেরই ছেলে। কিন্তু মানুষের মতও মানুষ হয়? বৃকের ভিতরটা ছাঁই করিয়া উঠিয়াছিল একেবারে। গাঙ্গুলীবাড়ির বড় মেয়ের নাম করিয়া বলিল—তুমি বৃকি কাছাপিসির নাত? কাঙ্গল লাজুক চোখে চাহিয়া বলিল—কাছাপিসি কে জানি না তো? আমার ঠাকুরদাদার এই গায়ে বাড়ি ছিল—তার নাম ঈশ্বর হরিহর রায়—আমার নাম শ্রীঅমিত্যভ রায়।

বিস্ময়ে ও আনন্দে রানীর মূখ দিয়া কথা বাহির হইল না অনেকক্ষণ। সঙ্গে সঙ্গে একটা অজানা ভয়ও হইল। রুদ্ধনিশ্বাসে বলিল—তোমার বাবা...খোকা?...

কাঙ্গল বলিল—বাবার সঙ্গেই তো কাল এলাম! গাঙ্গুলীবাড়িতে এসে উঠলাম রাতে। বাবা ওদের বাইরের ঘরে বসে গল্প করচে, মেলা লোক দেখা করতে এসেচে কিনা তাই।...

রানী দুই হাতের তালুর মধ্যে কাঙ্গলের সন্দর মূখখানা লইয়া আদরের সুরে বলিল—খোকন, খোকন, ঠিক বাবার মত দেখতে—চোখ দুটি অবিকল! তোমার বাবাকে এ পাড়ায় ডেকে নিলে এস খোকন। বলগে রাগ্নাপিসি ডাকচে।

সন্দ্যার আগেই ছেলের হাত ধরিয়া অপু রানীদের বাড়ি ঢুকিয়া বলিল—কোথায় গেলে রাগ্নাদি, চিনতে পার?

রাগ্নু ঘরের ভিতর হইতে ছুটিয়া আসিল, অবাক হইয়া খানিকক্ষণ তাহার দিকে চাহিয়া রহিল, বলিল—মনে করে যে এলি এককাল পরে?—তা ও-পাড়ায় গিয়ে উঠলি কেন? গাঙ্গুলীরা আপনার লোক হ'ল তোর?...পরে লীলাদির মত সেও কাঁদিয়া ফেলিল।

কি অদ্ভুত পরিবর্তন! অপুও অবাক হইয়া দেখিতেছিল, চৌদ্দ বছরের সে বালিকা রাগ্নাদি কোথায়! বিধবার বেশ, বাল্যের সে লাভণ্যের কোনও চিহ্ন না থাকিলেও রানী এখনও সন্দরী, কিন্তু এ যেন সম্পূর্ণ অপরিচিত, শৈশবসঙ্গিনী রাগ্নাদির সঙ্গে ইহার মিল কোথায়? এই সেই রাগ্নাদি!...

সে কিন্তু সকলের অপেক্ষা আশ্চর্য হইল ইহাদের বাড়িটার পরিবর্তন দেখিয়া। ভুবন মূখমুখোরা ছিলেন অবস্থাপন্ন গৃহস্থ, ছেলেবেলার সে আট-দশটা গোলা, প্রকাণ্ড চণ্ডীমন্ডপ, গরুবাছুর, লোকজনের কিছই নাই। চণ্ডীমন্ডপের ভিটা মাত্র পাড়িয়া আছে, পশ্চিমের কোঠা ভাঙিয়া কাহারো হট লইয়া গিয়াছে। বাড়িটার ভাঙা, ধুগা, ছন্নছাড়া চেহারা, এ কি অদ্ভুত পরিবর্তন!

রানী সজলচোখে বলিল -- দেখাছিস্ কি, কিছ নেই আর। মা বাবা মারা গেলেন, টুন, খুড়ীমা এঁরাও গেলেন, সতুর মা-ও মারা গেল, সতু মানুষ হ'ল না তো, এতদিন বিষয় বেচে বেচে চালাচ্ছে। আমারও—

অপু বলিল—হ্যা, লীলাদির কাছে সব শুনলাম সেদিন কাশীতে—

—কাশীতে! দিদির সঙ্গে দেখা হয়েছে তোর? কবে—কবে?...

পরে অপু মূখে সব শুনিয়া সে ভারী খুশী হইল। দিদি আসিতেছে তাহা হইলে? কতকাল দেখা হয় নাই।

রানী বলিল—বৌ কোথায়? বাসায়—তোর কাছে?

অপু হাসিয়া বলিল—স্বর্গে!

—ও আমার কপাল। কত দিন? বিয়ে করিস নি আর?...

সেই দিনই আবার বৈকালে চড়ক। আর তেমন জাঁকজমক হয় না, চড়ক গাছ পর্দাওয়া কেহ ধরপাক খায় না। সে বাল্যমুখ কোথায়, মেলা দেখার অধীর আনন্দে ছুটিয়া যাওয়া—সে মনটা আর নাই, কেবল সে-সব অর্থহীন আশা, উৎসাহ, অপূর্ণ অনদ্ভূতির স্মৃতিটা মাত্র আছে। এখন যেন সে দর্শক আর বিচারক মাত্র, চম্বশ বৎসরে মনটা কেমন বদলাইয়া গিয়াছে,

বাড়িয়াছে—তাহারই একটা মাপ-কাটি আজ খাঁজিয়া পাইয়া দেখিয়া অবাক হইয়া গেল। চড়কতলায় পুরানো আমলের কত পরিচিত বস্তু নাই, নিবারণ গোয়ালো লাঠি খেলিত, ক্ষেত্র কার্পালী বহুরূপীর সাজ দিত, হাটের মাল বাঁশের বাঁশ বাজাইয়া বিক্রয় করিত, ইহারা কেহ আর নাই, কেবল পুরাতনের সঙ্গে একটা যোগ এখনও আছে। চিনিবাস বৈরাগী এখনও তেলে-ভাজা খাবারের দোকান করে।

আজ চাঁদ্রশ বছর আগে এই চড়কের মেলার পরিদর্শনই তারা গ্রাম ছাড়িয়া চলিয়া গিয়াছিল—তারপর কত ঘটনা, কত দুঃখ বিপদ, কত নতুন বস্তু বাস্তু সব, গোটা জীবনটাই—কিন্তু কেমন করিয়া এই পরিবর্তনের মধ্য দিয়াও সেই দিনটির অনুভূতিগুলির স্মৃতি এত সজীব, টাটকা, তাজা অবস্থায় আজ আবার ফিরিয়া আসিল।

সম্মা হইয়া গিয়াছে। চড়কের মেলা দেখিয়া হাসিমুখে ছেলেমেয়েরা ফিরিয়া যাইতেছে, কারও হাতে বাঁশের বাঁশ, কারও হাতে মাটির রং করা ছোবা পালকি। একদল গেল গাঙ্গুলী-পাড়ার দিকে, একদল সোনাডাঙ্গা মাঠের মাটির পথ বাহিয়া, ছাতিমবনের তলায় ধূলুর্জুড়ি মাধবপুরের খেয়াঘাটে—চাঁদ্রশ বছর আগে যাহারা ছিল ছোট, এই বৃক্ষ মেলা দেখিয়া ভেঁপু বাজাইতে বাজাইতে তেলেভাজা, জিবেগজা হাতে ফিরিয়া গিয়াছিল, তাহারা অনেকদিন বড় হইয়া নিজ নিজ কর্মক্ষেত্রে চুঁ চুঁয়া পড়িয়াছে—কেউ বা মারা গিয়াছে, আজ তাদের ছেলে-মেয়েদের দল ঠিক আবার তাহাই করিতেছে, মনে মনে আজিকার এই নিপাপ, দায়িত্বহীন জীবনকোরকগুলিকে সে আশীর্বাদ করিল।

বৈশাখের প্রথমেই লীলা তার দেওরের সঙ্গে নিশ্চিন্দপুরে আসিল। দুই বোনে অনেকদিন পরে দেখা, দুই জনে গলা জড়াইয়া কাঁদিতে বসিল। অপুকে লীলা বলিল—তোমার মনে যে এত ছিল, তা তখন কি জানি? তোমার কল্যাণেই বাপের ভিটে আবার দেখলুম, কখনও আশা ছিল না যে আবার দেখব। খোকার জন্য কাশী হইতে একরাশ খেলনা ও খাবার আনিয়াছে, মহা খুশীর সহিত পাড়ায় পাড়ায় ঘুরিয়া সকলের সঙ্গে দেখাশুনা করিল।

অপু বৈকালে ছেলেকে লইয়া নৌকায় খাবরাপোতার ঘাট পর্যন্ত বেড়াইতে গেল। তেঁতুলতলার ঘাটের পাশে দক্ষিণদেশের বিন্দুকতোলা বড় নৌকা বাঁধা ছিল, হাওয়ায় আলকাতরা ও গাবের রস মাখানো বড় ডিঙিগুলার শৈশবের সেই অতি পুরাতন বিস্মৃত গন্ধ...নদীর উত্তর পাড়ে ক্রমাগত নলবন, ওকড়া ও বন্যবড়োর গাছ, ঢালু ঘাসের জমি জলের কিনারা ছুঁইয়া আছে, মাঝে মাঝে ঝিঙে পটলের ক্ষেতে উত্তরে মজুরেরা টোকা মাথায় নিড়ান দেয়, এক এক স্থানে নদীর জল ঘন কালো, নিখর, কলার পাটির মত সমতল—যেন মনে হয়, নদী এখানে গহন, গভীর, অতলস্পর্শ,—ফুলে ভরা উলুখড়ের মাঠ, আকাশবন, ডাঁশা খেজুরের কাঁদ দুলানো খেজুর গাছ, উইটিবি, বকের দল, উঁচু শিমুল ডালে চিলের বাসা—সবাইপুরের মাঠের দিক হইতে বড় এক ঝাঁক শামকুট পাখি মধুখালি বিলের দিকে গেল—একটি বাবলাগাছে অজস্র বনধূল ফল দুর্লভে দেখিয়া খোকা আঙ্গুল দিয়া দেখাইয়া বলিল—ওই দেখ বাবা, ওই যে কলকাতায় আমাদের গলির মোড়ে বিক্রী হয় গায়ে সাবান মাখবার জন্যে, কত ঝুলচে দেখ, ও কি ফল বাবা?

অপু কিন্তু নিশ্চিন্দ হইয়া বসিয়া ছিল। কতকাল সে এ সব দেখে নাই!...পৃথিবীর এই মৃত্তক রূপ তাহাকে যে আনন্দ দেয়, সে আনন্দ উগ্রবীর্য সুরার মত নেশার ঘোর আনে তাহার শিরায় রক্তে, তাহা অভিভূত করিয়া ফেলে, আচ্ছন্ন করিয়া ফেলে, তাহা অবর্ণনীয়। ইহাদের যে গোপন বাণী শ্রুত তাহারই মনের কানে কানে, মূখে তাহা বলিয়া বুঝাইবে সে কাহাকে?

দূর গ্রামের জাওয়া-বাঁশের বন অস্ত্র-আকাশের রাঙা পটে অতিকায় লায়ার পাখির পদ্মের মত খাড়া হইয়া আছে, একধারে খুব উঁচু পাড়ে সারিবাঁধা গাঙ্‌শালিকের গর্ত, কি অপ্‌স্বৰ্গ শ্যামলাতা, কি সাম্‌থ্য-শ্রী !

কাজল বলিল—বেশ দেশ বাবা—না ?

—তুই এখানে থাক থোকা—আমি যদি রেখে যাই এখানে, থাকতে পারবি নে ? তোর পিসিমার কাছে থাকবি, কেমন তো ?

কাজল বলিল—হ্যাঁ, ফেলে রেখে যাবে বৈ কি ? আমি তোমার সঙ্গে যাব বাবা ।

অপু ভাবিতোছিল ঠিকশবে এই ইছামতী ছিল তার কাছে কি অপ্‌স্বৰ্গ কল্পনায় ভরা ! গ্রামের মধ্যের বর্ষাদিনের জলকাদা-ভরা পথঘাট, বাঁগপাতা-পচা আঁটাল মাটির গন্ধ থেকে নিষ্কৃতি পাইয়া সে মস্ত্র আকাশের তলে নদীর ধারটিতে আসিয়া বসিত । কত বড় নৌকা ওর ওপর দিয়া দূর দূর দেশে চলিয়া যাইত । কোথায় ঝালকাঁট, কোথায় বরিশাল, কোথায় রায়মঙ্গল—অজানা দেশের অজানা কল্পনায় মগ্ধ মনে কতদিন সে না ভাবিয়াছে, সেও একদিন ওই রকম নেপাল মাঝির বড় ডিঙিটা করিয়া নিরদ্দেশ্য বাঁগজ্যাঘাটায় বাহির হইয়া যাইবে ।

ইছামতী ছিল পাড়ান্ধের গরীব ঘরের মা । তার তীরের আকাশ-বাতাসের সঙ্গীত মায়ের মূখের ঘুম-পাড়ানি গানের মত শত স্নেহে তার নবমুকুলিত কাঁচ মনকে মানুষ করিয়া তুলিয়াছিল, তার তীরে সে সময়ের কত আকাঙ্ক্ষা, বৈচিত্র্য, রোমান্স,—তার তীর ছিল দূরের অদেখা বিদেশ, বর্ষার দিনে এক ইছামতীর কুলে-কুলে ভরা ঢলঢল গৈরিক রূপে সে অজানা মহাসমুদ্রের তীরহীন অসীমতার স্বপ্ন দেখিত—ইংরাজ বই-এ পড়া Cape Nun-এর ওঁদিকের দেশটা...যে দেশ হইতে লোক আর ফেরে না—He who passes Cape Nun, will either return or not—মুগ্ধচোখে কুলছাপানো ইছামতী দেখিয়া তখন সে ভাবিত—ওঃ, কত বড় আমাদের এই গাঙটা ! ..

এখন সে আর খালক নাই, কত বড় বড় নদীর দুকুল-ছাপানো লীলা দেখিয়াছে—গঙ্গা, শোণ, বড়দল, নন্দা—তাদের অপ্‌স্বৰ্গ সন্ধ্যা, অপ্‌স্বৰ্গ বর্ণসম্ভার দেখিয়াছে—সে বৈচিত্র্য, সে প্রখরতা ইছামতীর নাই, এখন তার চোখে ইছামতী ছোট নদী । এখন সে বদ্বিয়াছে তার গরীব ঘরের মা উৎসব-দিনের যে বেশভূষায় তার শৈশব-কল্পনাকে মগ্ধ করিয়া দিত, এসব বনেদী বড় ঘরের মেয়েদের হীরামুক্তার ঘটা, বারানসী শাড়ির রংঢং-এর কাছে তার মায়ের সেই কাচের চুড়ি, শাখা কিছাই নয় ।

কিন্তু তা বলিয়া ইছামতীকে সে কি কখনো ভুলিবে ?

দুপুরে সে ঘরে থাকিতে পারে না । এই চৈত্রদুপুরের রোদের উষ্ণ নিঃস্বাস কত পরিচিত গন্ধ বহিয়া আনে—শুকনো বাঁশের খোলার, ফুটন্ত বেঁটুবনের, বরা পাতার, সৌদা সৌদা রোদপোড়া মাটির, নিম ফুলের, আরও কত কি কত কি,—বাল্যে এই সব দুপুর তাকে ও তাহার দাঁদিকে পাগল করিয়া দিয়া টো টো করিয়া শব্দ মাঠে, বাগানে, বাঁশতলায়, নদীর ধারে ঘুরাইয়া লইয়া বেড়াইত—আজও সেই রকমই পাগল করিয়া দিল । গ্রামসুখ সবাই দুপুরে বৃষ্টি—সে একা একা বাহির হয়—উদ্‌মাস্তের মত মাঠের বেঁটুফুলেভরা উঁচু ডাঙার, পথে পথে নিয়ম দুপুরে বেড়াইয়া ফেরে—কিন্তু তবু মনে হয়, বাল্যের স্মৃতিতে যতটা আনন্দ পাইতেছে, বস্তুমানের আসল-আনন্দ সে ধরণের নয়—আনন্দ আছে, কিন্তু তাহার প্রকৃতি বদলাইয়া গিয়াছে । তখনকার দিনে দেবদেবীরা নিশ্চিন্দুপুরে বাঁশবনের ছায়ায় এই সব দুপুরে নামিয়া আসিতেন । এক একদিন সে নদীর ধারের সুগন্ধ তৃণ-ভূমিতে চুপ

করিয়া হাতে মাথা রাখিয়া শূন্য থাকে ঘণ্টার পর ঘণ্টা, কিছুই করে না, রৌদ্রভরা নীল অকাশটার দিকে চাহিয়া শূন্য চূপ করিয়া থাকে—কিছু ভাবেও না...সবুজ ঘাসের মধ্যে মৃৎ ডুবাইয়া মনে মনে বলে—ওগো মাতৃভূমি, তুমি ছেলেবেলায় যে অমৃতদানে মানুষ করোঁছিলে, সেই অমৃত হ'ল আমার জীবন-পথের পাথেয়—তোমার বনের ছায়ায় আমার সকল স্বপ্ন জন্ম নিয়েছিল একদিন, তুমি আবার শক্তি দাও, হে শক্তিরূপিনী !

দুঃখ হয় কলিকাতার ছাত্রটির জন্য। এদের বাপের বাড়ি বৌবাজারে, মামার বাড়ি পটুয়াটোলায়, পিসির বাড়ি বাগবাজারে—বাংলাদেশকে দেখিল না কখনও। এরা কি মাধবপুর গ্রামের উলখড়ের মাঠের ও-পারের আকাশে রং-ধরা দেখিল? শুশ্রু শরৎ-দুপুরের ঘন বনানীর মধ্যে ঘুঘুর ডাক শুনিয়েছে? বন-অপরাজিতা ফুলের নীরব মহোৎসব এদের শিশু-আত্মায় তার আনন্দের স্পর্শ দিয়েছে কোনও কালে? ছোট মাটির ঘরের দাওয়ায় আসনপািড়ি হইয়া বসিয়া নারিকেল-পত্রশাখায় জ্যোৎস্নার কাঁপন দেখে নাই কখনও—এরা অতি হতভাগ্য।

রানীর যত্নে আদরে সে মৃৎ হইয়া গেল। সত্বদের বাড়ির সেই আজকাল কত্রী, নিজের ছেলেমেয়ে হয় নাই, ভাইপোদের মানুষ করে। অপুকে রানী বাড়িতে আনিয়া রাখিল—কাজলকে দুদিনে এমন আপন করিয়া লইয়া ফেলিয়াছে যে, সে পিসিমা বলিতে অজ্ঞান। রানীর মনে মনে ধারণা, অপু শহরে থাকে যখন, তখন খুব চায়ের ভক্ত,—দুটি বেলা ঠিক সময়ে চা দিবার জন্য তাহার প্রাণপণ চেষ্টা। চায়ের কোন সরঞ্জাম ছিল না, লুকাইয়া নিজের পয়সায় সত্বকে দিয়া নবাবগঞ্জের বাজার হইতে চায়ের ডিস্ পেয়লা আনাইয়া লইয়াছে—অপু চা তেমন খায় না কখনও, কিন্তু এখানে সে সেকথা বলে না। ভাবে—যত্ন করচে রাগুদি, করুক না। এমন যত্ন আর জুটবে কোথাও? তুমিও যেমন!

দুপুরে একদিন খাইতে বসিয়া অপু চূপ করিয়া চোখ বুজিয়া বসিয়া আছে। রানীর দিকে চাহিয়া হাসিয়া বলিল—একটা বড় চমৎকার ব্যাপার হ'ল—দেখো, এই টকে-বাওয়া এ'চড়-চচ্চাড়ি কতকাল খাই নি—নিশ্চিন্দপুর ছেড়ে আর কখনও নয়—তাই মৃৎ দিয়েই ছেলেবেলার কথা মনে পড়ে গেল রাগুদি—

রাগুদি বোঝে এসব কথা—তাই রাগুদির কাছে বলিয়াও সুখ।

এ কয়দিন আকাশটা ছিল মেঘ-মেঘ। কিন্তু হঠাৎ কখন মেঘ কাটিয়া গিয়াছে সে জানে না—বৈকালে ঘুম ভাঙিয়া উঠিয়া সে অবাধ চোখে চূপ করিয়া বাহিরের রোয়াকে বসিয়া রহিল—বাল্যের সেই অপূর্ণ বৈকাল—যাহার জন্য প্রথম প্রথম বিরহী বালক-মন কত হিপাইয়াছে বিদেশে, ক্রমে একটা অপূর্ণ মধুর স্মৃতিমাত্র মনে আঁকিয়া রাখিয়া সেটা কবে মন হইতে বেমালম্ অন্তর্হিত হইয়া গিয়াছিল—

মনে পড়ে ছেলেবেলায় এই সব সময়ে ঘুম ভাঙিয়া তাহার মনটা কেমন অকারণে খারাপ হইত—এক একদিন কেমন কান্না আসিত, বিছানায় বসিয়া ফুঁপাইয়া ফুঁপাইয়া কাঁদিত—তাহার মা ঘাট হইতে আসিয়া বলিত—ও-ওই উড়ে গেল—ও-ও-ওই!...কে'দো না খোকা, বাইরে এসে পাখি দেখসে। আহা হা, তোমার বড় দুঃখ—খোকন—তোমার নাতি মরছে, পুত্র মরছে, সাত ডিঙে ধন সমুদ্রেরে ডুবে গিয়েছে, তোমার বড় দুঃখ—কে'দো না কে'দো না, আহা হা!...

রানী পাতকুয়া হইতে জল তুলিয়া লইয়া যাইতেছে, অপু বলিল—মনে পড়ে রাগুদি, এই উঠানে এমন সব বিকেলে বৌ-চুরি খেলা খেলতুম কত, তুমি, আমি, দিদি, সত্ব, নেড়া—? রাগু বলিল—আহা, তাই বুঝি ভাবিচস্ বসে বসে! কত মালা গাখতুম মনে আছে

বকুলতলায় ? সারাদিন বকুলতলাতেই পড়ে আছি আমি, দু'গা—আজকাল ছেলেমেয়েরা আর মালা গাঁথে না, বকুল ফুলও আর তেমন পড়ে থাকে না—কালে কালে সবই যাচ্ছে ।

কিছু পরে জল লইয়া ফিরবার সময়ে বলিল—এক কাজ কর না কেন অপদ, সতু তো তোদের নীলমণি জ্যাঠার দরুণ জমাটা ছেড়ে দেবে, তুই কেন গিয়ে বাগানটা নিগে যা না ? তোদেরই তো ছিল—ও যা, নিজের জমি-জমাই বিক্রী ক'রে ফেললে সব, তা আবার জমার বাগান রাখবে—নিবি তুই ?

অপদ বলিল,—মায়ের বড় ইচ্ছে ছিল, রাগদাঁদি । মরবার কিছুদিন আগেও বলত, বড় হ'লে বাগানখানা নিস অপদ । আমার আপত্তি নেই, যা দাম হবে আমি দেব ।

প্রতি সন্ধ্যায় সতুদের রোয়াকে মাদুর পাতা হয়, রানী, লীলা, অপদ, ছেলোপলেদের মজলিস বসে । সতুও যোগ দেয়, তবে তাম্বাকের দোকান বন্ধ করিয়া আসিতে তাহার রাত হইয়া যায় । অপদ বলে—আচ্ছা আজকাল তোমরা ঘাটের পথে ষাড়াতলায় পিঠে দাও না রাগদাঁদি ? কই সেই ষাড়াগাছটা তো নেই সেখানে ?

রানী বলে—সেটা মরে গিয়েছে—তার পাশেই একটা চারা, দেখিস নি সি'দুর দেওয়া আছে ?...

নানা পুরানো কথা হয় । অপদ জিজ্ঞাসা করে—ছেলেবেলায় একবার পঙ্গপালের দল এসেছিল, মনে আছে লীলাদি ? ...গ্রামের একটি বিধবা যখন নববধূরূপে এ গ্রামে প্রথম আসেন, অপদ তখন ছেলেমানুষ । তিনিও সন্ধ্যার পরে এ বাড়িতে আসেন । অপদ বলে—খুড়ীমা, আপনি নতুন এসে কোথায় দুখে-আলতার পাথরে দাঁড়িয়েছিলেন মনে আছে আপনার ?

বিধবাটি বললেন—সে সব কি আর এ জন্মের কথা, বাবা ? সে সব কি আর মনে আছে ?

অপদ বলে—আমি বলি শুনুন, আপনাদের দীক্ষণের উঠোনে যে নিচু গোয়ালঘরটা ছিল, তারই ঠিক সামনে ।

বিধবা মেয়েটি আশ্চর্য হইয়া বলেন—ঠিক ঠিক, এখন মনে পড়েছে, এত দিনের কথা তোমার মনে আছে বাবা !

তারই বাড়ির আর এক বিবাহে কোথা হইতে তাঁদের এক কুটুম্বিনী আসেন, খুব সুন্দরী—এতকাল পরে তার কথা উঠে । সবাই তাঁকে দেখিয়াছিল সে সময়, কিন্তু নামটা কাহারও মনে নাই এখন । অপদ বলে—দাঁড়াও রাগদাঁদি, নাম বলছি—তার নাম সুবাসিনী ।

সবাই আশ্চর্য হইয়া যায় । লীলা বলে—তোমার তখন বয়স আট কি নয়, তোমার মনে আছে তার নাম ?—ঠিক, সুবাসিনীই বটে । সবারই মনে পড়ে নামটা ।

অপদ মৃদু মৃদু হাসিমুখে বলে—আরও বলছি শোনো, ডুরে শাড়ি পরত, রাঙা জমির ওপর ডুরে দেওয়া—না ?

বিধবা বধুটি বলেন,—খনি বাপদু যা হোক, রাঙা ডুরে পরত ঠিকই, বয়েস ছিল বাইশ-তেইশ । তখন তোমার বয়েস বছর আষ্টেক হবে । ছািম্বশ-সাতাশ বছর আগেকার কথা যে !

অপদ খুব মনে আছে, অত সুন্দরী মেয়ে তাদের গায়ে আসে নাই ছেলেবেলায় । সে বলিল—রাঙা শাড়ি পরে আমাদের উঠোনের কীঠালতলায় জল সহিতে গিয়ে দাঁড়িয়েছে, ছবিটা দেখতে পাচ্ছি এখনও ।

এখানকার বৈকালগুলি সত্যই অপূর্ণ । এত জায়গায় তো সে বেড়াইল, মাসখানেক এখানে থাকিয়া মনে হইল এমন বৈকাল সে কোথাও দেখে নাই । বিশেষ করিয়া বৈশাখ জ্যৈষ্ঠ মাসের মেঘহীন এই বৈকালগুলিতে সূর্য্য ষোড়শ অশু ঘাইবার পথে মেঘাবৃত না হয়, শেষ রাঙা আলোটুকু পৰ্য্যন্ত বড় গাছের মগডালে, বাঁশঝাড়ের আগায় হালকা সি'দুরের রং

মাথাইয়া দেয়, সেদিনের বৈকাল। এমন বিল্বফুলের অপূৰ্ব সূর্য্যভি-মাথানো, এমন পাখি-ডাকা উদাস বৈকাল—কোথায় এর তুলনা? এত বেলগাছও কি এ দেশটায়, ঘাটে, পথে, ঞ-পাড়া, ও-পাড়া সম্বন্ধে বিল্বফুলের সঙ্গন্ধ।

একদিন—জ্যৈষ্ঠের প্রথমটা, বৈকালে আকাশ অন্ধকার করিয়া ঈশান কোণে হইতে কাল-বৈশাখীর মেঘ উঠিল, তার পরেই খুব ঝড়, এ বছরের প্রথম কালবৈশাখী। অপূৰ্ব আকাশের দিকে চাহিয়া চাহিয়া দাঁখল—তাদের পোড়োভিটার বাঁশবনের মাথার উপরকার দৃশ্যটা কি সুপরিচিত! বাল্যে এই মাথাদুলানো বাঁশঝাড়ের উপরকারের নীলকুম্ব মেঘসজ্জা মনে কেমন সব অনতিস্পষ্ট আশা-আকাঙ্ক্ষা জাগাইত, কত কথা যেন বলিতে চাহিত, আজও সেই মেঘ, সেই বাঁশবন, সেই বৈকাল সবই আছে, কিন্তু সে অপূৰ্ব জগৎটা আর নাই। এখন যা আনন্দ সে শুধু স্মৃতির আনন্দ মাত্র। এবার নিশ্চিন্দপূর ফিরিয়া অবধি সে ইহা লক্ষ্য করিতেছে—এই বন, এই দুপূর, এই গভীর রাতে চৌকদারের হাঁকনি, কি লক্ষ্মীপেঁচার ডাকের সঙ্গে এক অপূৰ্ব স্বপ্ন মাথানো ছিল, দিগন্তরেখার ওপারের এক রহস্যময় কম্পলোক তখন সদা-সম্বন্দা হাতছানি দিয়া আহ্বান করিত—তাদের সম্বন্ধ আর মেলে না।

সে পাখির দল মরিয়া গিয়াছে, তেমন দুপূর আর হয় না; যে চাঁদ এমন বৈশাখীরাত্রে খড়ের ঘরের দাওয়ার ধারের নারিকেল-পত্রশাখায় জ্যোৎস্নার কম্পন আনিয়া এক ক্ষুদ্র কম্পনা-প্রবণ গ্রাম্য বালকের মনে মূলাহীন, কারণহীন আনন্দের বান ডাকাইত, সে সব চাঁদ নির্ভিয়া গিয়াছে। সে বালকটিই বা কোথায়? পঁচিশ বৎসর আগেকার এক দুপূরে বাপমায়ের সঙ্গে দেশ ছাড়িয়া চলিয়া গিয়াছিল, আর ফেরে নাই, জাওয়া-বাঁশের বনের পথে তার ছোট ছোট পায়ের দাগ অস্পষ্ট হইয়া মুছিয়া গিয়াছে বহুদিন।

তার ও তার দাঁদির সে সব আশা পূর্ণ হইয়াছিল কি?

হায় অবোধ বালক-বালিকা!

রোজ রোজ বৈকালে মেঘ হয়, ঝড় ওঠে। অপূৰ্ব বলে—রাগুদি, আম কুড়িয়ে আনি? রানী হাসে। অপূৰ্ব ছেলেকে লইয়া নতুন-কেনা বাগানে আসিয়া দাঁড়ায়—সবাইকে আম কুড়াইতে ডাকে, কাহাকেও বাধা দেয় না। বাল্যের সেই পটুলে, তেঁতুলতলী, নেকো, বাঁশতলা,—ঘন মেঘের ছায়ায় জ্বলেপাড়ার তো আবালবৃন্দ্বনিতা ধামা হাতে আম কুড়াইতে আসে। অপূৰ্ব ভাবে, আহা, জীবনে এই এদের কত আনন্দের কত সার্থকতার জিনিস। চারিধারে চাহিয়া দেখে, সমস্ত বাগানের তলাটা ধাবমান, কৌতুকপূর্ণ, চীৎকাররত বালক-বালিকাতে ভারিয়া গিয়াছে!

দাঁদি দুর্গা, ছোট্ট মেরোটি, এই কাজলের চেয়ে কিছূঁড়, পরের বাগানে আম কুড়াইবার অপরাধে বকুন-খাওয়া কৃত্রিম উল্লাসভরা হাসিমুখে একদিন ওই ফণমনসার ঝোপের পাশের বেড়াটা গলিয়া বাহির হইয়া গিয়াছিল—বহুকালের কথাটা।

অপূৰ্ব কি করিবে আমবাগানে? এই সব গরীব ঘরের ছেলেমেয়েরা সাধ মিটাইয়া আম কুড়াইবে এ বাগানে, কেহ তাহাদের বারণ করিবার থাকিবে না, বকিবার থাকিবে না, অপমান করিবার থাকিবে না, ফণমনসার ঝোপের আড়ালে অপমানিতা ছোট্ট খুকীটি ধলামাথা আঁচল গুছাইয়া লইয়া ফিরিয়া দাঁড়াইয়া মৃদু মৃদু তৃপ্তির হাসি হাসিবে...

এত দিন সে এখানে আসিলেও নিজেদের ভিটাটাতে ঢুকিতে পারে নাই, যদিও বাহির হইতে সেটা প্রতিদিনই দেখিত; কারণ ঘাটের পথটা তার পাশ দিয়াই। বৈকালের দিকে সে একদিন একা চুপি চুপি বনজঙ্গল ঠেলিয়া সেখানে ঢুকিল। বাড়িটা আর নাই, পড়িয়া ইট স্তুপাকার হইয়া আছে—লতাপাতা, শ্যাওড়াবন, বনচালতার গাছ, ছেলেবেলাকার মত কালমেঘের জঙ্গল। পিছনের বাঁশঝাড়গুলো এই দীর্ঘ সময়ের মধ্যে বাড়িয়া চারিধারে

ঝুঁকিয়া পড়িয়াছে ।

কোনও ঘরের চিহ্ন নাই, বন জঙ্গল, রাঙা রোদ বাঁশের মগডালে । পশ্চিমের পাঁচিলের গায়ে সেই কদলুঙ্গিটা আজও আছে, ছেলেবেলায় যে কদলুঙ্গিটাতে সে ভাঁটা, বাতাবীলেবুঁর বল, কাঁড় রাখিত । এত নিচু কদলুঙ্গিটা তখন কত উঁচু বলিয়া মনে হইত, তাহার মাথা ছাড়াইয়া উঁচু ছিল, ডিঙ্গাইয়া দাঁড়াইলে তবে নাগাল পাওয়া যাইত ! ঠেসদেওয়ালের গায়ে ছুরি দিয়া ছেলেবেলায় একটা ভূত আঁকিয়াছিল, সেটা এখনও আছে । পাশেই নীলমণি জ্যাঠামশায়ের পোড়োভিটা—সেও ঘন বনে ভরা, চারিধার নিঃশব্দ, নিঃশব্দ—এ পাড়াটাই জনহীন হইয়া গিয়াছে, এখার দিয়া লোকজনের যাতায়াত বড় কম । এই সে স্থানটি, কতকাল আগে যেখানে দাঁদি ও সে একদিন চড়ুইভাতি করিয়াছিল ! কণ্টকাকর্ণি শে'য়াকদুল বনে দুর্গম দুর্ভেদ্য হইয়া পড়িয়াছে সারা জায়গাটা ! পোড়ো ভিটার সে বেলগাছটা—একদিন যার তলায় ভীষ্মদেব শরশয্যা পাতিতেন তাহার নয় বৎসরের শৈশবে—সেটা এখনও আছে, পুষ্পিত শাখা-প্রশাখার অপূর্ব সুবাসে অপরাহ্নের বাতাস শিশু করিয়া তুলিয়াছে ।

পাঁচিলের ঘুলঘুলিটা কত নিচু বলিয়া মনে হইতেছে, এইটাতেই অপু আশ্চর্য হইল—বার বার কথাটা তার মনে হইতেছিল । কত ছোট ছিল সে তখন ! খোকার মত অতটুকু বোধ হয় ।

কাঁচকলায়ের ডালের মত সেই কি লতার গন্ধ বাহির হইতেছে ! কতদিন গন্ধটা মনেছিল না, বিদেশে আর সব কথা হয়ত মনে পড়িতে পারে, কিন্তু পুরাতন দিনের গন্ধগুলি তো মনে পড়ে না !

এ অভিজ্ঞতাটা অপু'র এতদিন ছিল না । সোদিন বাঁওড়ের ধারে বেড়াইতে গিয়া পাকা বটফলের গন্ধে অনেকদিনের একটা স্মৃতি মনে উদয় হইয়াছিল—ছোট্ট কাচের পরশলা বসানো মোমবাতীর সেকেলে লস্টন হাতে তাহার বাবা শশী যোগীর দোকানে আলকাতরা কিনিতে আসিয়াছে—সেও আসিয়াছে বাবার কাঁধে চাড়িয়া বাবার সঙ্গে—কাচের লস্টনের ক্ষীণ আলো, আধ-অন্ধকার বাঁশবন, বাঁওড় হইতে নাল ফুল তুলিয়া বাবা তাহার হাতে দিয়াছে—কোন শৈশবের অস্পষ্ট ছবিটা, অবাস্তব, ধোঁয়া-ধোঁয়া ! পাকা বটফলের গন্ধে কতকাল পরে তাহার সেই অত্যন্ত শৈশবের একটা সন্ধ্যা আবার ফিরিয়ে আসিয়াছিল সোদিন ।

পোড়োভিটার সীমানায় প্রকাণ্ড একটা খেজুর গাছে কাঁদি কাঁদি ডাঁশা খেজুর ঝুলিতেছে—এটা সেই চারা খেজুর গাছটা, দাঁদি যার ডাল কাটারি দিয়া কাঁটরা গোড়ার দিকে দাঁড় বাঁধিয়া খেলাঘরের গরু করিত—কত বড় ও উঁচু হইয়া গিয়াছে গাছটা !

এইখানে খিড়কীদোরটা ছিল; চিহ্নও নাই কোনও । এইখানে দাঁড়াইয়া দাঁদির চুরি-করা সেই সোনার কোটাটা ছুঁড়িয়া ফেলিয়া দিয়াছিল একদিন । কত সুপরিচিত জিনিস এই দীর্ঘ পঁচিশ বছর পরে আজও আছে ! রাঙা গাইয়ের বিচারি খাওয়ার মাটির নাদাটা কাঁঠালতলায় বাঁশপাতা ও মাটি বোঝাই হইয়া এখনও পড়িয়া আছে । ছেলেবেলায় ঠেসদেওয়াল গাথার জন্য বাবা মজুর দিয়া এক জায়গায় ইট জড় করিয়া রাখিয়াছিলেন...অর্থাভাবে গাথা হয় নাই । ইটগুলা এখনও বাঁশবনের ছায়ার তেঁমনি পড়িয়া আছে । কতকাল আগে মা তাকের উপর জলদানে-পাওয়া মেটে কলসী তুলিয়া রাখিয়াছিল, সংসারের প্রয়োজনের জন্য—পড়িয়া মাটিতে অর্ধপ্রোথিত হইয়া আছে । সকালের অপেক্ষা সে যেন অবাধ হইয়া গেল পাঁচিলের সেই ঘুলঘুলিটা আজও নতুন, অবিকৃত অবস্থায় দাঁদিয়া—বালিচুন একটুও খসে নাই, যেন কালকের তৈরী—এই জঙ্গল ও ধ্বংসস্তূপের মধ্যে কি হইবে ও কদলুঙ্গিতে ?

খিড়কীদোরের পাশে উঁচু জমিটাতে মায়ের হাতে পোঁতা সজনে গাছ এখনও আছে । মাইবার বছরখানেক আগে মাত্র মা ডালটা পুঁতিয়াছিল—এই দীর্ঘ সময়ের মধ্যে গাছটা

বাড়িয়া বড়ো হইয়া গিয়াছে—ফল খাইতে আর কেহ আসে নাই—জঙ্গলে ঢাকিয়া পড়িয়া আছে এককাল—অপরাহের রাঙা রোদ গাছটার গায়ে পড়িয়া কি উদাস, বিবাদমাথা দৃশ্যটা ফুটাইয়াছে যে! ছায়া ঘন হইয়া আছে, কাঁচাকলায়ের ডালের মত সেই লতাটার গন্ধ আরও ঘন হয়—অপূর শরীর যেন শিহরিয়া ওঠে—এ গন্ধ তো শূন্য গন্ধ নয়—এই অপরাহ্নে, এই গন্ধের সঙ্গে জড়ানো আছে মায়ের কত রাত্রের আদরের ডাক, দিদির কত কথা, বাবার পদাবলী গানের সুর, বাল্যের ঘরকন্নার স্নানাময় দারিদ্র্য—কত কি—কত কি—

ঘন বনে ঘন ঘন ডাকে, ঘন ঘন—ঘন—

সে অবাক্ চোখে রাঙ্গারোদ-মাথানো সজনে গাছটার দিকে আবার চায়...

মনে হয় এ বন, এ স্তূপাকার ইটের রাশি, এ সব স্বপ্ন—এখনি মা ঘাট হইতে সম্প্রদায় গা ধুইয়া ফিরিয়া ফরসা কাপড় পরিয়া ভিজা কাপড়খানা উঠানের বাঁহের আলনার মেলিয়া দিবে, তারপর প্রদীপ হাতে সম্প্রদায় দিতে দিতে তাহাকে দেখিয়া খমকিয়া দাঁড়াইয়া বিস্মিত অনুযোগের সুরে বলিয়া উঠিবে—এত সম্ম্যে ক'রে বাড়ি ফিরিল অপূ ?

ভিটার চারিদিকে খোলামকুঁচি, ভাঙা কলসী, কত কি ছড়ানো—ঠাকুরমায়ের পোড়ো-ভিটাতে তো পা রাখবার স্থান নাই, বৃষ্টির ধোয়াতে কর্তৃদনের ভাঙা খাপরা খোলামকুঁচি বাহির হইয়াছে। এগুলি অপূকে বড় মৃগ করিল, সে হাতে করিয়া তুলিয়া দেখিতে লাগিল। কর্তৃদনের গৃহস্থ-জীবনের স্নান-দুঃখ এগুলার সঙ্গে জড়ানো! মা পিছনের বাঁশবনে এক জায়গায় সংসারের হাঁড়কুঁড়ি ফেলিত, সেগুলি এখনও সেইখানেই আছে! একটা আশ্বেক-পিঠে গড়িবার মাটির মূঁচ এখনও অভয় অবস্থায় আছে। অপূ অবাক হইয়া ভাবে, কোন আনন্দ-ভরা শৈশবসম্প্রদায় সঙ্গে ওর সম্বন্ধ ছিল না জানি! উঠানের মাটির খোলামকুঁচির মধ্যে সবুজ কাচের চুড়ির একটা টুকরা পাওয়া গেল। হয়ত তার দিদির হাতের চুড়ির টুকরা।—এ ধরনের চুড়ি ছোট মেয়েরাই পরে—টুকরাটা সে হাতে তুলিয়া লইল। এক জায়গায় আধখানা বোতল-ভাঙা—ছেলেবেলায় এ ধরনের বোতলে মা নারিকেল তৈল রাখিত—হয়ত সেটাই।

একটা দৃশ্য তাকে বড় মৃগ করিল। তাদের রান্নাঘরের ভিটার ঠিক যে কোণে মা রাখিবার হাঁড়কুঁড়ি রাখিত—সেখানে একখানা কড়া এখনও বসানো আছে, মরিচা ধরিয়া বিকৃত হইয়া গিয়াছে, আটা খসিয়া গিয়াছে, কিন্তু মাটিতে বসিয়া যাওয়ার দরুন একটুও নড়ে নাই।

তাহারা যেদিন রান্না-খাওয়া সারিয়া এ গাঁ ছাড়িয়া রওনা হইয়াছিল—আজ চম্বশ বৎসর পূর্বে, মা এঁটো কড়াখানাকে ওইখানেই বসাইয়া রাখিয়া চলিয়া গিয়াছিল—কে কোথায় লুপ্ত হইয়া গিয়াছে, কিন্তু ওখানা ঠিক আছে এখনও।

কত কথা মনে ওঠে। একজন মানুষের অন্তরতম অন্তরের কাহিনী কি অন্যমানুষ বোঝে! বাহরের মানুষের কাছে একটা জঙ্গলে-ভরা পোড়োভটা মাত্র—মশার ডিপো। তুচ্ছ জিনিস। কে বুঝিবে চম্বশ বৎসর পূর্বে এক দরিদ্রের অবোধ বালকের জীবনের আনন্দ-মুহূর্তগুলির সহিত এ জায়গার কত যোগ ছিল?

ত্রিশ, পঞ্চাশ, একশো, হাজার, তিন হাজার বছর কাটিয়া যাইবে—তখন এ গ্রাম লুপ্ত হইবে, ইছামতীই চলিয়া যাইবে, সম্পূর্ণ নতুন ধরনের সভ্যতা, নতুন ধরণের রাজনৈতিক অবস্থা—যাদের বিষয় এখন কল্পনা করিতেও কেহ সাহস করে না, তখন আসিবে জগতে! ইংরেজ জাতির কথা প্রাচীন ইতিহাসের বিষয়ীভূত হইয়া দাঁড়াইবে, বর্তমান বাংলা ভাষাকে তখনও হয়ত আর কেহ বুঝিবে না, একেবারে লুপ্ত হইয়া গিয়া সম্পূর্ণ অন্য ধরণের ভাষা এদেশে প্রচলিত হইবে।

তখনও এই রকম বৈকাল, এই রকম কালবৈশাখী নামিবে তিন হাজার বর্ষ পরের বৈশাখ-

দিনের শেষে ! তখনও এই রকম পাখি ডাকবে, এই রকম চাঁদ উঠবে। তখন কি কেহ ভাববে তিন হাজার বছর পূর্বের এক বিস্মৃত বৈশাখী বৈকালের এক গ্রাম্য বালকের ক্ষুদ্র জগৎটি এই রকম বৃষ্টির গন্ধে, ঝোড়ো হাওয়ায় কি অপূর্ব আনন্দে দু'লিয়া উঠিত—এই স্নিগ্ধ অপরাহ্ন তার মনে কি আনন্দ, আশা-আকাঙ্ক্ষা জাগাইয়া তুলিত ! তিন হাজার বছরের প্রাচীন জ্যোৎস্না একদিন কোন মায়াম্বল তাহার শৈশব-মনে ফুটাইয়া তুলিয়াছিল ? নিঃশব্দে শব্দ-দু'পরে বনপথে ক্রীড়ারত সে ক্ষুদ্র নয় বৎসরের বালকের মনের বিচিত্র অনর্ভূতিরাজির ইতিহাস কোথায় লেখা থাকবে ? কোথায় লেখা থাকবে বিস্মৃত অতীতে তার সে সব আনন্দ-ভরা জীবনযাত্রা, বিদেশ হইতে বহুদিন পরে বাড়ি ফিরিয়া মায়ের হাতে বেলের শরবৎ খাওয়ার সে মধুময় চৈত্র অপরাহ্নটি, বশবনের ছায়ায় অপরাহ্নের নিদ্রা ভাঙিয়া পাণিপায়ের সে মনমাতানো ডাক, কোথায় লেখা থাকবে বর্ষাদিনের বৃষ্টি-সিক্ত রাত্রিগুলির সে-সব আনন্দ-কাহিনী !

দূর ভবিষ্যতের যেসব তরুণ বালকবালিকার মনে এইসব কালবৈশাখী নব আনন্দের বাস্তব আনিবে, কোন পথে তারা আসিবে ?

বাহির হইয়া আবার সে ফিরিয়া চাহিল।

সারা ভিটার উপর আসন্ন সন্ধ্যা এক অশুভ, করুণামাখা ছায়া ফেলিয়াছে। মনে হয়, বাড়িটার এই অপূর্ব বৈকাল কাহার জন্য বহুকাল অপেক্ষা করিয়া ক্লান্ত, জীর্ণ, অবসন্ন ও অনাসক্ত হইয়া পড়িয়াছে—আর সাড়া দেয় না, প্রাণ আর নাই।

বার বার করিয়া ধূলধূলিটার কথাই মনে পড়িতেছিল। ধূলধূলি দুটা এত ভাল আছে এখনও, অথচ মানুষেরাই গেল চলিয়া !

সে নিশ্চিন্দপূরেও আর নাই। এখন যদি সে এখানে আবার বাসও করে, সে অপূর্ব আনন্দ আর পাইবে না—এখন সে তুলনা করিতে শিখিয়াছে, সমালোচনা করিতে শিখিয়াছে, ছেলেবেলায় যারা ছিল সাথী—এখন তাদের সঙ্গে আর অপূর্ব কোনোদিকেই মিশ খায় না—তাদের সঙ্গে কথা কহিয়া আর সে সুখ নাই, তারা লেখাপড়া শিখে নাই, এই পঁচিশ বৎসরে গ্রাম ছাড়িয়া অনেকেই কোথাও যায় নাই—সবারই পৈতৃক কিছুর জমজমা আছে, তাহাই হইয়াছে তাদের কাল। তাদের মন, তাদের দৃষ্টি পঁচিশ বৎসর পূর্বের সেই বালাকালের কোঠায় আজও নিশ্চল।...কোনোদিক হইতেই অপূর্ব আর কোন যোগ নাই তাহাদের সহিত। বাল্যে কিন্তু এসব দৃষ্টি-খোলে নাই—সব জিনিসের উপর একটা অপরিসীম নির্ভরতার ভাব ছিল—সব অবস্থাকেই মানিয়া লইত বিনা বিচারে। সত্যকার জীবন তখনই বাপন করিয়াছিল নিশ্চিন্দপূরে।

তাহা ছাড়া বাল্যের সুপরিচিত ও অতি প্রিয় সাথীদের অনেকে বাঁচিয়া নাই। বোষ্টম দাদু নাই, জ্যাঠাইমা—রাগদ্বির মা নাই, আশালতা বিবাহের পর মরিয়া গিয়াছে, পটু এদেশ হইতে উঠিয়া গিয়া অন্য কোথাও বাস করিতেছে, নেড়া, রাজু রায়, প্রসন্ন গুরুমশায় কেহই আর নাই—স্বামী মারা যাওয়ার পরে গোকুলের বউ খুঁড়িমাকে তাহার ভাই আসিয়া লইয়া গিয়াছে—দশ-বারো বৎসর তিনি এখানে আসেন নাই, বাঁচিয়া আছেন কিনা কেহ জানে না।

ভদ্দ মেয়েদের ভাল লাগে। রাগদ্বির, ও বাড়ির খুঁড়িমা, রাজলক্ষ্মী, লীলাদি, এরা স্নেহে, প্রেমে, দুঃখে, শোকে যেন অনেক বাড়িয়াছে, এতকাল পরে অপূর্বকে পাইয়া ইহার সর্কলেই খুশী, কথায় কাজে এদের ব্যবহার মধুর ও অকপট। পুরাতন দিনের কথা এদের সহিত কহিয়া সুখ আছে—বহুকালের খুঁটনাটি কথাও মনে রাখিয়াছে—হয়তো বা জীবনের পরিধি উহাদের সংকীর্ণ বলিয়াই, ক্ষুদ্র বলিয়াই এতটুকু তুচ্ছ জিনিসও আঁকড়াইয়া রাখিয়াছে।

আজ সে একথা বঝিয়াছে, জীবনে অনবরত বিরুদ্ধ অবস্থার সঙ্গে লড়াই করিয়া চলিতে

হইয়াছিল বলিয়াই আজ সে যাহা পাইয়াছে—এখানে পৈতৃক জমিজমার মালিক হইয়া নির্ভাবনায় বসিয়া থাকিলে তাহা পাইত না। আজ যদি সে বিদেশে যায়, সমুদ্রপারে যায়—যে চোখ লইয়া সে যাইবে, নিশ্চিন্দপন্থে গত পশ্চিম বৎসর নিস্তব্ধ জীবন যাপন করিলে সে চোখ খুলিলে না। একদিন নিশ্চিন্দপন্থকে যেমন সে সুখ-দুঃখ দ্বারা অর্জন করিয়াছিল—আজ তেমনি সুখ-দুঃখ দিয়া বাহিরকে অর্জন করিয়াছে।

নদীতে গা ধুইতে গিয়া নিশ্চয় সম্প্রায় এই সব কথাই সে ভাবিতোঁছিল। সারাদিনটা আজ গরমট গরম, প্রতিপদ তিথি—কাল গিয়াছে পূর্ণিমা। আজ এখনি জ্যোৎস্না উঠিবে।

এই নদীতে ছেলেবেলায় যে-সব বধুরা জল লইতে আসিত, তারা এখন প্রোটা, কত নাইও—মরিয়া হাজিয়া গিয়াছে, যে-সব কোকিল সেই ছেলেবেলাকার রামনবমী দিনের পদক-মুহুর্ত্তগদলি ভরাইয়া দূপদূরে কু কু ডাক দিত, কচিপাতা-ওঠা বাঁশবনে তাদের ছেলেমেয়েরা আবার তেমনি গায়।

শুধু তাহার দিদি শুইয়া আছে। রায়পাড়ার ঘাটের ওধারে ওই প্রাচীন ছাতিম গাছটার তলায় তাহাদের গ্রামের শ্মশান, সেখানে। সে-দিদির বয়স আর বাড়ে নাই, মূখের তারুণ্য বিলুপ্ত হয় নাই—তার কাচের চুড়ি, নাট্যফলের পুঁটলি অক্ষয় হইয়া আছে এখনও। প্রাণের গোপন অন্তরে যেখানে অপূর্ণ শৈশবকালের কাঁচা শিশুমনটি প্রবৃদ্ধ জীবনের শত জ্ঞান অভিজ্ঞতা, উচ্চাশা ও কর্মস্তুপের নিচে চাপা পড়িয়া মরিয়া আছে—সেখানে সে চিরবালিকা, শৈশব-জীবনের সে সমাধিতে জনহীন অশ্বকার রাত্রি সেই আসিয়া নীরবে চোখের জলফেলে—শিশু প্রাণের সাথীকে আবার খঁজিয়া ফেরে।

আজ চাঁদ্বশ বৎসর ধরিয়া সার্ব-সকালে তার আশ্রয়স্থানটিতে সোনার সূর্য্যাকরণ পড়ে। বর্ষাকালের নিশীথে মেঘ ঝর-ঝর জল ঢালে, ফাগুন দিনে ঘেঁটফুল, হেমন্ত দিনে ছাতিমফুল ফোটে। জ্যোৎস্না উঠে। কত পাখি গান গায়। সে এ সবই ভালবাসিত। এ সব ছাড়িয়া যাইতে পারে নাই কোথাও।

পঞ্চবিংশ পরিচ্ছেদ

জ্যেষ্ঠ মাসের শেষে সে একবার কলিকাতায় আসিল—ফিরিতে কুড়ি-পঁচিশ দিন দেরি হইয়া গেল—আষাঢ় মাসের শেষ, বর্ষা ইতিমধ্যে খুব পড়িয়াছিল, সম্প্রতি দু-একদিন একটু ধরণ, কখনও আকাশ মেঘাচ্ছন্ন, দিন ঠান্ডা, কোনদিন বা সারাদিন খর রৌদ্র।—

এই কদিনে দেশের চেহারা বদলাইয়াছে, গাছপালা আরও ঘন সবুজ, উঁচু গাছের মাথা হইতে কাঁচ মাকাললতা লম্বা হইয়া ঝুলিয়া পড়িয়াছে—বাল্যের অতীত পরিচিত দৃশ্য, এখনও বউ-কথা-কণ্ড ডাকে, কিন্তু কোকিল ও পাঁপিয়া আর নাই—এখনও বনে সৌদাল ফুলের ঝাড় অজস্র, কাঁচ পটুপটি ফলের থোলো বাঁধিয়াছে গাছে গাছে—কটুগন্ধ ঘেঁটকোল রোজ বেলাশেষে কোন ঝোপঝোপের অশ্বকারে ফোটে, ঘাটের পথে ফিরবার সময় মেয়েরা নাকে কাপড় চাপা দেয়—কি পরিচিত, কি অপূর্ণ ধরণের পরিচিত সবই, অথচ বেমানন্দ ভুলিয়া গিয়াছিল সবটা এতদিন। বাহিরের মাঠ সবুজ হইয়াছে নবীন আউশ ধানে—এই সময় একদিন সে সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে আর একটা অদ্ভুত অভিজ্ঞতা লাভ করিল।

খুব রৌদ্র, দুপূর্ণ ঘুরিয়া গিয়াছে, বেলা তিনটার কম নয়, অপূর্ণ কি কাজে গ্রামের পিছন-দিকের বনের পথ ধরিয়া যাইতোঁছিল। দুধারে বর্ষার বনঝোপ ঘন সবুজ, বাঁশবনে একটা

কর্ণি হইতে হলদে পাখি উড়িয়া আর একটা কণ্ঠিতে বসিতেছে ।

একটা জাগরণ ঘনবনের মধ্যে সন্দি পথ, বড়গাছের পাতার ফাঁক দিয়া বলমলে পরিপূর্ণ রৌদ্র পড়িয়া কচি, সবুজ পাতার রাশি স্বচ্ছ দেখাইতেছে, কেমন একটা অপূর্ণ স্নেহ উঠিতেছে বনঝোপ হইতে—সে হঠাৎ থমকিয়া দাঁড়াইয়া গেল সেদিকে চাহিয়াই ।...তাহার সেই অপূর্ণ শৈশব-জগৎটা !—

ঠিক এইরকম সন্দি বনের পথ বাহিয়া এমনি রৌদ্রালোকিত ঘুঘুডাকা ধীরে শ্রাবণ দিনে, দুপুর ঘুরিয়া বৈকাল আসিবার পূর্ণ সময়টিতে সে ও দ্বি দিদি চৌশালিকের বাসা, পাকা মাকালফল, মিষ্টি রাণচিতার ফল খুঁজিয়া বেড়াইত—দুপুর রোদের গন্ধমাখানো, কত লতা দোলানো, সেই রহস্যভরা, করুণ, মধুর আনন্দলোকটি !...মাইল বাহিয়া এ গতি নগ্ন, সেখানে যাওয়ার যানবাহন নাই—পৃথিবীর কোথায় যেন একটি পথ আছে ঘাহা সময়ের বীথিতল বাহিয়া মানুষকে লইয়া চলে তার অলক্ষিতে । ঘন ঝোপের ভিতর উঁকি মারিতেই চক্ষুর নিমেষে তাহার ছাশ্বশ বৎসর পূর্বের শৈশবলোকটিতে আবার সে ফিরিয়া গেল, যখন এই বন, এই নীল আকাশ, উজ্জ্বল আনন্দভরা এই রৌদ্রমাখানো শ্রাবণ দুপুরটাই ছিল জগতের সবটুকু—বাহিরের বিশ্বটা ছিল অজানা, সে সম্বন্ধে কিছু জানিতও না, ভাবিতও না—রঙে রঙে রঙীন রহস্যঘন সেই তার প্রাচীন দিনের জগৎটা !...

এ যেন নবযৌবনের উৎস-নৃত্য, মন বার বার এর ধারায় স্নান করিয়া হারানো নবীনত্বকে ফিরিয়া পায়—গাছপালার সবুজ, রৌদ্রলোকের প্রাচুর্য, দুর্গাট্টনট্টনের অবাধ কাকলী—ঘন সন্দি পথের দূরপারে শৈশবসঙ্গিনী দ্বিদির ডাক যেন শোনা যায় ।...

কতক্ষণ সে অবাক হইয়া দাঁড়াইয়া রহিল—বুঝাইবার ভাষা নাই, এ অনুভূতি মানুষকে বোঝা করিয়া দেয় ! অপূর্ণ চোখ ঝাপসা হইয়া আসিল—কোন দেবতা তার প্রার্থনা শুনিয়াছিলেন ? তার নিশ্চিন্দপূর্ণ আসা সার্থক হইল ।

আজ মনে হইতেছে যৌবন তার শূণ্যের দেবতাদের মত অক্ষয়, অনন্ত সে জগৎটা আছে—তার মধ্যেই আছে । হয়তো কোনও বিশেষ পাখির গানের সুরে, কি কোনও বনফুলের গন্ধ শৈশবের সে হারানো জগৎটা আবার ফিরবে । অপূর্ণ কাছে সেটা একটা আধ্যাত্মিক অনুভূতি, সৌন্দর্যের প্লাবন বহাইয়া ও মৃত্যুর বিচিত্র বাস্তব বহন করিয়া তা আসে, যখনই আসে । কিন্তু ধ্যানে তাকে পাইতে হয়, শূন্য অনুভূতিতেই সে রহস্য-লোকের সম্মান মিলে !

তার ছেলে কাজল বর্তমানে সেই জগতের অধিবাসী । এজন্য ওর কম্পনাকে অপূর্ণ সঞ্জীবিত রাখিতে প্রাণপণ করে—শক ও হরণের মত বৈষয়িকতা ও পাকাবৃষ্টির চাপে সে-সব সোনার স্বপ্নকে রুটহস্তে কেহ পাছে ভাঙিয়া দেয়—তাই সে কাজলকে তার বৈষয়িক শব্দর মহাশয়ের নিকট হইতে সরাইয়া আনিয়াছে—নিশ্চিন্দপূর্ণের বাণবনে, মাঠে, ফুলে ভরা বনঝোপে, নদী-তীরের উল্লসিত নিশ্চিন্দ চরে সেই অদৃশ্য জগৎটার সঙ্গে ওর সেই সংযোগ স্থাপিত হউক—যা একদিন বাল্যে তার নিজের একমাত্র পাখি'ব ঐশ্বর্য ছিল...

নিশ্চিন্দপূর্ণ
১৭ই আষাঢ়

ডাই প্রণব,

অনেকদিন তোমার কোনো সংবাদ পাই নি, কোনো সম্মানও জানতুম না, হঠাৎ সেদিন কাগজে দেখলাম তুমি আদালতে কমান্ডারমেন্টে নিয়ে এক বক্তৃতা দিয়েছ, তা থেকেই তোমার বর্তমান অবস্থা জানতে পারি ।

তুমি জান না বোধ হয় আমি অনেকদিন পর আমার গ্রামে ফিরেছি । অবশ্য দু'দিনের

জন্য, সে-সব কথা পরে লিখব। খোকাকেও এনেছি। সে তোমার বড় মনে রেখেছে, তুমি ওর মাথায় জল দিয়ে বাতাস করে জ্বর সারিয়েছিলে সে-কথা ও এখনও ভোলে নি।

দেখ প্রণব, আজকাল আমার মনে হয়,—অনুভূতি, আশা, কল্পনা, স্বপ্ন—এসবই জীবন! এবার এখানে এসে জীবনটাকে নতুন চোখে দেখতে পাই, এমন স্দৃষ্টিতে ও অবকাশ আর কোথাও হয় নি—এক নাগপদর ছাড়া! কত আনন্দের দিনের যাওয়া-আসা হ'ল জীবনে। যৌদিনটিতে ছেগেবেলায় বাবার সঙ্গে প্রথম কুঠির মাঠ দেখতে যাই সরস্বতী পুজোর বিকেলে—যৌদিন আমি ও দাঁদ রেলরাস্তা দেখতে ছুটে যাই—যৌদিন বিয়ের আগের রাতে তোমার মামার বাড়ির ছাদটিতে বসে ছিলাম সন্ধ্যায়,—জাম্বাস্টমীর ভিভিন্নভরা বর্ষণসিক্ত রাত জেগে কাটিয়েছিলাম আমি ও অপর্ণা মনসাপোতার খড়ের ঘরে, জীবনের পথে এরাই তো আনন্দের অক্ষয় পাথর যে আনন্দ অর্থের উপর নির্ভর করে না, ঐশ্বর্যের ওপর নির্ভর করে না, মান-সম্মান বা সাফল্যের উপরও নির্ভর করে না, যা স্দৃষ্টির কিরণের মত অকুপণ, অপক্ষপাতী, উদার—ধনী-দরিদ্র বিচার করে না, উপকরণের স্বল্পতা বা বাহুল্যের উপর নির্ভর করে না। বড়-লোকের মেয়েরা নতুন মোটর কিনে যে আনন্দ পায়, মা অবিকল সেই আনন্দই পেতেন যদি নৈমস্ত্র থেকে আমি ভাল ছাঁদা বেঁধে আনতে পারতুম, আমার দাঁদ সেই আনন্দই পেত যদি রুন্বোপে কোথাও পাকা ফলে ভরা মাকাললতা কি বৈচিত্র্যের স্থান পেত।

জীবনে সম্বৎপ্রথম ঘেবার একা বিদেশে গেলুম পিসিমার বাড়ি সিংহবরী কালীর পুজা দিতে, বছর নয়েক বয়স তখন—হাজার বছর যদি বাঁচ, কে ভুলে যাবে সৌদনের সে আনন্দ ও অনুভূতির কথা? বহু পয়সা খরচ করে মেরু পর্যটকেরা তুষারবর্ষা শীতের রাতে, উত্তর-হিমকটিবন্ধের বরফ-জমা নদী ও অশ্ধকার আরণ্যভূমির নিঃশব্দতার মধ্যে, Northern light জ্বলা আকাশের তলায়, অবাস্তব, হলুদরঙের চাঁদের আলোয়, শুল্কতুষারাবৃত পাইন ও সিলভার পুন্সের অরণ্যে নেকড়ে বাঘের ডাক শুনে সে আনন্দ পান না—আমি সৌদন খালি পায়ে বালুমাটির পথে শিমুল সৌদালি বনের ছায়ায় ছায়ায় ভিন্-গায়ে যেতে যেতে যে আনন্দ পেয়েছিলাম। আমি তো বড় হয়ে জীবনে কত জায়গায় গেলুম, কিন্তু জীবনের উষার মস্তুর প্রথম আশ্বাদের সে পাগল-করা আনন্দের সাক্ষাৎ আর পাই নি—তাই রেবাতটের সেই বেতস তরুতলেই অবদ্ব মন বার বার ছুটে ছুটে যায় যদি, তাকে দোষ দিতে পারি কৈ? ..

আজ একথা বদ্বি ভাই যে, স্দৃষ্টি ও দৃষ্টি দুই-ই অপূর্ণ। জীবন খুব বড় একটা রোম্যান্স—বেঁচে থেকে একে ভোগ করাই রোম্যান্স—অতি তুচ্ছতম, হীনতম, একঘেয়ে জীবনও রোম্যান্স। এ বিশ্বাসটা এতদিন আমার ছিল না—ভাবতুম লাফালাফি করে বেড়ালেই বদ্বি জীবন সার্থক হয়ে গেল—তা নয়, দেখলাম ভাই।

এর স্দৃষ্টি, দৃষ্টি, আশা, নিরাশা—আশ্বার যে কি বিচিত্র, অমূল্য স্নাতভেগার—তা বদ্বি দেখতে ধ্যানদৃষ্টির প্রয়োজনীয়তা আছে, তা আসে এই রহস্যমাখা যাত্রাপথের অমানবীয় সৌন্দর্যের ধারণা থেকে।...

শৈশবের গ্রামখানাতে ফিরে এসে জীবনের এই সৌন্দর্যের পটাই শূন্য চোখে দেখছি। এতদিনের জীবনটা এক চমকে দেখবার এমন স্দৃষ্টি আর হয় নি কখনও। এত বিচিত্র অনুভূতি, এত পরিবর্তন, এত রস—অনেকক্ষণ শূন্যে শূন্যে চারিধারের রৌদ্রদীপ্ত মধ্যাহ্নের অপূর্ণ শান্তির মধ্যে কত কথাই মনে আসে, কত বছর আগেকার সে শৈশব-স্মৃতি যেন কানে বাজে, এক পদুরনো শাস্ত দৃষ্টির রহস্যময় স্দৃষ্টি...কত দিগন্তব্যাপী মাঠের মধ্যে এই শাস্ত দৃষ্টির কত বটের তলা, রাখালের শাঁশির স্দৃষ্টির ওপারের যে দেশটি অনন্ত তার কথাই মনে ওঠে।

কিছুতেই আমাদের দেশের লোকে বিস্মিত হয় না কেন বলতে পার, প্রণব? বিস্মিত

হবার ক্ষমতা একটা বড় ক্ষমতা। যে মানুষ কোনও কিছুর দেখে বিস্মিত হয় না, মৃগ্য হয় না, সে তো প্রাণহীন। কলকাতায় দেখেছি কি তুচ্ছ জিনিস নিয়েই সেখানকার বড় বড় লোক দিন কাটায়। জীবনকে যাপন করা একটা ঘট—তা এরা জানে না বলেই অল্প বয়সে আমাদের দেশে জীবনের ব্যবসানে দেউলে হয়ে পড়ে।

দিনের মধ্যে খানিকটা অনস্ত নিঃসর্জনে বসে একে ভাবতে হয়—উঃ, সে দেখেছিলুম নাগপুরে ভাই—সে কী অবর্ণনীয় আনন্দ পেতুম। বৈকালটিতে যখন কোনো শালবনের ছায়ায় পাথরের ওপর গিয়ে বসতুম—লোকাতীত যে বড় জীবন শত শত জন্মমৃত্যুর দূর পারে অক্ষয়, তার অস্তিত্বকে মন যেন চিনে নিত...ডি সিটারের, আইনস্টাইনের বিশ্বটার চেয়েও তো বড়।

এখানে এসেও তাই মনে হচ্ছে প্রণব।...এখানে বৃষ্টি ছিঁ জগতে কত সামান্য জিনিস থেকে কত গভীর আনন্দ আসতে পারে। তুচ্ছ টাকা, তুচ্ছ যশমান। আমার জীবনে এরাই হোক অক্ষয়। এত ছায়া, এত ডাঁশা খেজুরের আতাফুলের স্নগন্ধ, এত স্মৃতির আনন্দ কোথায় আর পাব? হাজার বছর কাটিয়ে দিতে পারি এখানে, তবু এ পুরানো হবে না যেন।

লীলাকে জানতে? আমার মৃত্যুতে দু'একবার শুনেনি। সে আর নেই। সে সব অনেক কথা। কিন্তু যখনই তার কথা ভাবি, অপর্ণার কথা ভাবি, তখন মনে হয় এদের দু'জনের সঙ্গ পেয়ে আমার জীবন ধন্য হয়ে গিয়েছে—বাইগেলে পড়েছি তো—And I saw a new Heaven and a New Earth—এরা জীবন দিয়ে আমার সে চোখ খুলে দিয়েছে।

হ্যাঁ, তোমায় লিখি। আমি বাইরে যাচ্ছি। খুব সম্ভব যাব ফির্জ ও সামোয়া—এক বৃষ্টির কাছ থেকে ভরসা পেয়েছি। কাজলকে কোথায় রেখে যাই এই ছিল সমস্যা। তোমার মামার রাড়ি রাখব না—তোমার মেজমামীমা লিখেছেন কাজলের জন্যে তাঁদের মন খারাপ, সে চলে গিয়ে বাড়ি অশ্বকার হয়ে গিয়েছে। হোক অশ্বকার, সেখানে আর নয়। আমার এক বাল্যসঙ্গিনী এখানে আছেন। তাঁর কাছেই ওকে রেখে যাব। এঁর সম্বন্ধ না পেলে বিদেশে যাওয়া কখনও ঘটে উঠত না, খোকাকে যেখানে-সেখানে ফেলে যেতে পারতুম না তো!

আজ আবার স্নায়োদর্শী তিথি, মেঘশূন্য আকাশ সুনীল। খুব জ্যোৎস্না উঠবে—ইচ্ছ হয় তোমায় নিয়ে দেখাই—এসব, তোমার ঋণ শোধ দিতে পারব না জীবনে ভাই—তুমিই অপর্ণাকে জুড়িয়ে দিয়েছিলে—কত বড় দান যে সে জীবনের, তা তুমিও হয়তো বুঝবে না।

তোমারই চিরদিনের বৃন্দ
অপূর্ব

ষড়্বিংশ পরিচ্ছেদ

দুপুরে একদিন রাগ্ন বালিল, অপূ তোর কিছুর দেনা আছে—

—কি দেনা রাগ্নদি?

—মনে আছে আমার খাতায় একটা গল্প শেষ করিস নি?

রাগ্ন একটা খাতা বাহির করিয়া আনিল। অপূ খাতাটা চিনতে পারিল না। রাগ্ন বালিল—এতে একটা গল্প আখ্যানা লিখেছিলি মনে আছে ছেলেবেলায়? শেষ লিখে দে এবার।...অপূ অবাক হইয়া গেল। বালিল—রাগ্নদি, সেই খাতাখানা এককাল রেখে দিলেছ তুমি?

রাগ্ন মৃদু মৃদু হাসিল।

—বেশ দাও! এখন আমার লেখা কাগজে বেরুচ্ছে, তোমার খাতাখানায় গল্পটা অর্ধেক রাখব না। কিন্তু কি ভেবে খাতাখানা রেখেছিলে রাগ্নদি এতদিন?

—শূন্যবি ? একদিন তোর সঙ্গে দেখা হবেই, গল্প শেষ করে দিবিই জানতুম !

অপু মনে ভাবিল—তোমাদের মত বাল্যসঙ্গিনী জন্ম জন্ম যেন পাই রাখুদি। মদুখে বলিল—সত্যি ? দেখি—দেখি খাতটা !

খাতা খুলিয়া বাল্যের হাতের লেখাটা দেখিয়া কৌতুক বোধ করিল। রাখীকে দেখাইয়া হাসিয়া বলিল—একটা পাতে সাতটা বানান ভুল করে বসে আছি দ্যাখো।

সে এই মঙ্গলরূপিনী নারীকেই সারাজীবন দেখিয়া আসিয়াছে—এই স্নেহময়ী, করুণাময়ী নারীকে—হয়তো ইহা সম্ভব হইয়াছে এই জন্য যে, নারীর সঙ্গে তার পরিচয় অপকালের ও ভাসা ভাসা ধরণের বলিয়া—অপর্ণা দু'দিনের জন্য তার ঘর করিয়াছিল—লীলার সহিত যে পরিচয় তাহা সংসারের শত সুখ দুঃখ ও সদাজাগ্রত স্বার্থস্বন্দ্বের মধ্য দিয়া নহে—পটেশ্বরী, রাখুদি, নিস্মলা, নিরুদি, তেওয়ারী-বধু—সবাই তাই। তাই যদি হয়, অপু দুঃখিত নয়—তাই ভালো, এই স্রোতের শেওলার মত ভাসিয়া বেড়ানো। ভবঘুরে পৃথিবী-জীবনে সহচর-সহচরীগণের যে কল্যাণপাণি ক্ষুধার সময় তাহাঃ অমৃত পরিবেশন করিয়াছে—তাহাতেই সে ধন্য, আরও বেশী মেশামেশি করিয়া তাহাদের দুঃখলতাকে আবিষ্কার করিবার শখ তাহার নাই—সে যাহা পাইয়াছে, চিরকাল সে নারীর নিকট কৃতজ্ঞ হইয়া থাকিবে ইহার জন্য।

ভাদের শেষে আর একবার কলিকাতায় আসিয়া খবরের কাগজে একদিন পড়িল, ফিজ-প্রত্যগত কয়েকজন ভারতীয় আর্থ'মিশনে আসিয়া উঠিয়াছেন। তখনই সে আর্থ'মিশনে গেল। নিচে কেহ নাই, জিজ্ঞাসা করিলে একজন উপরের তলায় ঘাইতে বলিল।

ত্রিশ-বত্রিশ বৎসরের একজন যুবক হিন্দীতে তাহার আগমনের উদ্দেশ্য জিজ্ঞাসা করিল। অপু বলিল—আপনারা এসেছেন শূনে দেখা করতে এলাম। ফিজের সব খবর বলবেন দয়া করে? আমার খুব ইচ্ছে সেখানে যেতে।

যুবকটি একজন আর্থ'সমাজী মিশনারী। সে ইন্সট আফ্রিকা, ট্রানডাড, মারিশাস—নানা স্থানে প্রচার-কাৰ্য্য করিয়াছে। অপুকে ঠিকানা দিল, পোস্ট বক্স ১১৭৫, লউটোকা, ফিজ। বলিল, অযোধ্যা জেলায় আমার বাড়ি—এবার যখন ফিজ যাব একসঙ্গেই যাব।

অপু যখন আর্থ'মিশন হইতে বাহির হইল, বেলা তখন সাড়ে দশটা।

বাসায় আসিয়া টীকিতে পারিল না। কাজল সেখানে নাই, ঘরটার সম্বন্ধ কাজলের স্মৃতি, ওই জানালাতে কাজল দাঁড়াইয়া দাঁড়াইয়া রাস্তার লোক দেখিত, দেওয়ালের ঐ পেরেকটা সে-ই পর্দা রাখিয়াছিল একটা টিনের ভেঁপু ঝুলাইয়া রাখিত, ওই কোণটাতে টুলটার উপর বসিয়া পা দুলাইয়া দুলাইয়া মন্দি খাইত—অপু যেন হাঁফ ধরে—ঘরটাতে সত্যিই থাকা যায় না।

বৈকালে খানিকটা বেড়াইল। বাকী চারশ' টাকা আদায় হইল। আর কিছুদিন পর কলিকাতা ছাড়িয়া চলিয়া যাইবে—কত দূর, সপ্তসিন্দু পালের দেশ!...কে জানে আর ফিরিবে কিনা! ডিটা-লেভু, তানি লেভু, নিউ হোর্বাউস, সামোয়া!—অশ্চিন্তাঙ্কিত প্রবালবাধে-ঘেরা নিস্তরঙ্গ ঘন নীল উপসাগর, একদিকে সিন্দু সীমাহারা, অকুল!—দক্ষিণ মেরু পর্বত বিস্তৃত—অন্যদিকে ঘরোয়া ছোট পুরুরের মত উপসাগরটির তীরে নারিকেলপত্র নিস্মৃত ছোট ছোট কুটির—মধ্যে লৌহপ্রস্তরের পাহাড়ের স্কন্ধাগ্র নাসা উভয়কে ষিখাভিত্ত করিতেছে—রৌদ্রালোকপ্লাবিত সাগরবেলা। পৃথিবী-জীবনের যাত্রা আবার নতুন দেশের নতুন আকাশতলে শূন্য হইবার দিন ঘনাইয়া আসিতেছে!

পুরাতন দিনের সঙ্গে যে-সব জয়গার সম্পর্ক—আর একবারে সে-সব দিকে ঘুরিয়া ঘুরিয়া বেড়াইল...

যায়ের মৃত্যুর পূর্বে যে ছোট একতলা ঘরটাতে থাকিত অভয় নিয়োগী লেনের মধ্যে—

সেটার পাশ দিয়াও গেল। বহুকাল এইদিকে আসে নাই।

গিলির মূখে একটা গ্যাসপোস্টের কাছে সে চূপ করিয়া খানিকক্ষণ দাঁড়াইয়া রহিল—

একটি ছিপ্ছিপে চেহারার উনিশ কুড়ি বছরের পাড়াগাঁয়ের যুবক সামনের ফুটপাতে হাঁ করিয়া দাঁড়াইয়া আছে—কিছন্দ মূখচোরা, কিছন্দ নিশ্বেদ—বোধ হয় নতুন কলিকাতায় আসিয়াছে—বোধ হয় পেট ভরিয়া খাইতে পায় নাই—ক্ষুধাশীর্ণ মূখ—অপদ্ম ওকে চেনে—ওর নাম অপস্বর্ষ রায়।—তেরো বছর আগে ও এই গলিটার মধ্যে একতলা বাড়িটাতে থাকিত। এক মর্টে হোটেলের রান্না ভাত-ডালের জন্য হোটেলওয়ালার কত মূখ-নাড়া সহ্য করিত—মায়ের সঙ্গে দেখা করিবার প্রত্যাশায় পাঁচলের গায়ে দাগ কাটিয়া ছুটির আর কতদিন বাকি হিসাব রাখিত। দাগগুলি জামরুল গাছটার পাশে লোনাধরা পাঁচলের গায়ে আজও হয় তো আছে।

সম্ভ্যার অশ্বকারে গ্যাস জ্বলিয়া উঠার সঙ্গে সঙ্গে যুবকের ছবি মিলাইয়া গেল।...

বাসায় নিশ্জর্ন ছাদে একা আসিয়া বসিল। মনে কি অশুভ ভাব!—কি অশুভ অনভূতি!—নবমীর জ্যোৎস্না উঠিয়াছে—কেমন সব কথা মনে উঠে—বিচিত্র সব কথা—বসিয়া বসিয়া ভাবে, এই রকম জ্যোৎস্না আজ উঠিয়াছে তাদের মনসাপোতার বাড়িতে, নাগপুরের বনে তার সেই বাংলোর সামনের মাঠে, বাল্যে সেই একটিবার গিয়াছিল লক্ষ্মণ মহাশয়ের বাড়ি, তাদের উঠানের পাশে সেই পুকুর-পাড়িটাতে, নিশ্চিন্দপুরের পোড়ো-ভিটাতে, অপর্ণা ও সে শ্বশুরবাড়ির যে ঘরটাতে শূইত—তারই জানালার গায়ে—চাঁপদানীতে পটেশ্বরীদের বাড়ির উঠানে—দেওয়ানপুরের পোর্ডিংয়ের কম্পাউন্ডে, জীবনের সহিত জড়ানো এই সব স্থানের কথা ভাবিতেই জীবনের বিচিত্রতা, প্রগাঢ় রহস্য তাহাকে অভিভূত করিয়া ফেলিল...

এবার কলিকাতা হইতে বাড়ি ফিরিবার সময় মাঝেরপাড়া স্টেশনে নামিয়া অপদ্ম আর হাঁটিয়া বাড়ি যাইতে পারিল না—খোকাকে আজ দেড়মাস দেখে নাই—হৃৎকোশ রাস্তা পায়ে হাঁটিয়া বাড়ি পৌঁছিতে সম্ভা হইয়া যাইবে—খোকার জন্য মন এত অধীর হইয়া উঠিয়াছে যে, এত দৌর করা একেবারে অসম্ভব।—বাবার কথা মনে হইল—বাবাও ঠিক তাকে দেখিবার জন্য, দ্বিদিনে দেখিবার জন্য এমনি ব্যস্ত হইয়া উঠিতেন—প্রবাস হইতে ফিরিবার পথে, তাদের বাল্যে। আজকাল পিতৃহৃদয়ের এসব কাহিনী সে বুঝিয়াছে—কিন্তু তখন তো হাঁটিয়া যাওয়া ছাড়া পস্থা ছিল না, এখন আর সেদিন নাই, মোটরবাসে এক ঘণ্টার মধ্যেই নিশ্চিন্দপুর। যা একটু দৌর সে কেবল বেগবতীর খেয়াঘাটে।

গ্রামে পৌঁছিতে অপদ্ম প্রায় বেলা তিনটা বাজিয়া গেল।

সম্ভ্যার কিছন্দ পুস্বে মাদুর পরিত্যাগ রাখা দিদের রোয়াকে ছেলেকে লইয়া বসিল। লীলা আসিল, রাগন্দ আসিল, ও-বাড়ির রাজলক্ষ্মী আসিয়া বসিল। রাগন্দদের বাড়ির চারিধারে হেমন্ত অপরাহ্ন ঘনাইয়াছে—নানা লতাপাতায় সঙ্গুধ উঠিতেছে...

কি অশুভ ধরণের সোনালী রোদ এই হেমন্ত বৈকালের! আকাশ ঘন নীল—তার তলে রাগন্দদের বাড়ির পিছনের বাগঝাড়ে সোনালী সর্ডিকর মত বাঁশের সূচালো ডগায় রাস্তা রোদ মাখানো, কোনটার উপর ফিঙে পাখি বসিয়া আছে—বাদুড়ের দল বাসায় ফিরিতেছে। ...পাঁচলের পাশের বনে এক-একটা আমড়া গাছে থোলো থোলো কাঁচা আমড়া।

সম্ভ্যার শাঁক বাজিল। জগতের কি অপস্বর্ষ রূপ!...আবার অপদ্ম মনে হয়, এদের পেছনে কোথায় আর একটা অসাধারণ জগৎ আছে—ওই বাঁশবনের মাথার উপরকার সিঁদুরে মেঘভরা আকাশ, বাঁশের সোনালী সর্ডিকর আগায় বসা ফিঙে-পাখির দুলদুলি—সেই অপস্বর্ষ, অচিন্ত্য জগৎটার সীমানায় মনকে লইয়া গিয়া ফেলে। সম্ভ্যার শাঁক কি তাদের পোড়ো

ভিটাতেও বাজল ? পূজার সময় বাবার খরচপত্র আসিত না, মা কত কষ্ট পাইত—দিদির চিঠিকৎসা হয় নাই।—সে সব কথা মনে আসিল কেন এখন ?

অন্য সবাই উঠিয়া যায়। কাজল পড়িবার বই বাহির করে। রাগ্নু রান্নাঘরে রাখে, কুটনো কোটে। অপ্নুকে বলে—এইখানে আয় বসবি, পিঁড়ি পেতে দি—

অপ্নু বলে, তোমার কাছে বেশ থাকি রাগ্নুদি ! গাঁয়ের ছেলেদের কথাবার্তা ভাল লাগে না। রাগ্নু বলে—দু’টি মূড়ি মেখে দি—খা বসে বসে। দু’খটা জ্বাল দিয়েই চা ক’রে দিচ্ছি।—রাগ্নুদি সেই ছেলেবেলাকার ঘটটা তোমাদের—না ?

রাগ্নু বলে—আমার ঠাকুরমা জগন্নাথ থেকে এনেছিলেন তাঁর ছেলেবয়সে। আচ্ছা অপ্নু, দু’গুগার মূখ তোর মনে পড়ে ?

অপ্নু হাসিয়া বলে—না রাগ্নুদি। একটু যেন আবছায়া—তাও সত্যি কিনা বদ্বিনে। রাগ্নু দীর্ঘশ্বাস ফেলিয়া বলিল—আহা ! সব স্বপ্ন হয়ে গেল ! অপ্নু ভাবে, আজ যদি সে মারা যায়, ধোকাও বোধ হয় তাহার মূখ এমনি ভুলিয়া যাইবে। রাগ্নুর মেয়ে বলিল—ও মামা, আমাদের বাড়ির ওপর দিয়ে আজ এইলোপেলেন্ গিইল।

কাজল বলিল—হ’্যা বাবা, আজ দু’প্নুরে। এই তেঁতুল গাছের ওপর দিয়ে গেল।

অপ্নু বলিল—সত্যি রাগ্নুদি ?

—হ’্যা তাই। কি ইংরেজ বদ্বিনে—উড়ো জাহাজ যাকে বলে—কি আওয়াজটা !—

নিশ্চিন্দপ্নুরের সাত বছরের মেয়ে আজকাল এরোপ্লেন দেখিতে পায় তাহা হইলে ?

পরিদিন সম্ভার পর জ্যোৎস্না-রাত্রে অভ্যাস মত নদীর ধারে মাঠে বেড়াইতে গেল।

কতকাল আগে নদীর ধারের ওইখানটিতে একটা সাইবাবলাতলায় বসিয়া এইরকম বৈকালে সে মাছ ধরিত—আজকাল সেখানে সাইবাবলার বন, ছেলেবেলার সে গাছটা আর চিনিয়া লওয়া যায় না।

ইছামতী এই চণ্ডল জীবনধারার প্রতীক। ওর দু’পাড় ভরিয়া প্রতি চৈত্র বৈশাখে কত বনকুম্ভ, গাছপালা, পাখি-পাখালী, গায়ে গায়ে গ্রামের হাট—শতাব্দীর পর শতাব্দী ধরিয়া কত ফুল ঝরিয়া পড়ে, কত পাখির দল আসে যায়, ধারে ধারে কত জেলেরা জাল ফেলে, তীরবর্তী গৃহস্থবাড়িতে হাঁস-কাম্বার লীলাখেলা হয়, কত গৃহস্থ আসে, কত গৃহস্থ যায়—কত হাঁসমূখ শিশু মায়ের সঙ্গে নাহিতে নামে, আবার বৃথাবৃথায় তাহাদের নশ্বর দেহের রেগ্নু কলম্বনা ইছামতীর স্রোতোজলে ভাসিয়া যায়—এমন কত মা, কত ছেলেমেয়ে, তরুণ-তরুণী মহাকাালের বীথিপথে আসে যায়—অথচ নদীদেখায় শান্ত, শিন্ধ, ঘরোয়া, নিরীহ।

আজকাল নিশ্চিন্দে বসিলেই তাহার মনে হয়, এই পৃথিবীর একটা আধ্যাত্মিক রূপ আছে, এর ফুলফল, আলোছায়ার মধ্যে জন্মগ্রহণ করার দরুন এবং শৈশব হইতে এর সঙ্গে ঘনিষ্ঠ পরিচয়ের বন্ধনে আবদ্ধ থাকার দরুন, এর প্রকৃত রূপটি আমাদের চোখে পড়ে না। এ আমাদের দর্শন ও শ্রবণগ্রাহ্য জিনিসে গড়া হইলেও আমাদের সম্পূর্ণ অজ্ঞাত ও ঘোর রহস্যময়, এর প্রতি রেগ্নু যে অসীম জটিলতায় আচ্ছন্ন—যা কিনা মানুুষের বৃশ্চিক ও কল্পনার অতীত, এ সত্যটা হঠাৎ চোখে পড়ে না। যেমন সাহেব বৃশ্চিক বলিত, “ভারতবর্ষের একটা রূপ আছে, সে তোমরা জান না। তোমরা এখানে জন্মেছ কিনা, অতি পরিচয়ের দোষে সে চোখ ফোটে নি তোমাদের।”

আকাশের রং আর এক রকম—দূরের সে গহন হিরাকসের সমুদ্র ঈষৎ কৃষ্ণাভ হইয়া উঠিয়াছে—তার তলায় সারা সবুজ মাঠটা, মাথবপ্নুরের বাণবনটা কি অপ্নুর্ষ, অশুভ, অপার্থিব ধরণের ছবি ফুটাইয়া তুলিতেছে !...ও যেন পরিচিত পৃথিবীটা নয়, অন্য কোন

অজানা জগতের, কোনও অজ্ঞাত দেবলোকের...

প্রকৃতির একটা যেন নিজস্ব ভাষা আছে। অপদৃ দেখাচ্ছে, কতদিন বরুতোয়ার উপল-ছাওয়া-তটে শাল-ঝাড়ের নিচে ঠিক দূপুরে বসিয়া—দূরে নীল আকাশের পটভূমিতে একটা পশুশূন্য প্রকাণ্ড কি গাছ—সেদিকে চাইলেই এমন সব কথা মনে আসিত যা অন্য সময় আসার কল্পনাও করিতে পারিত না—পাহাড়ের নিচে বনফলের জঙ্গলেরও একটা কি বলিবার ছিল যেন। এই ভাষাটা ছবির ভাষা—প্রকৃতি এই ছবির ভাষায় কথা বলেন—এখানেও সে দেখিল গাছপালায়, উইটিবির পাশে শুকনো খড়ের ঝোপে, দূরের বাঁশবনের সারিতে—সেই সব কথাই বলে—সেই সব ভাবই মনে আনে। প্রকৃতির এই ছবির ভাষাটা সে বোঝে। তাই নিঃস্বপ্ন মাঠে, প্রান্তরে বনের ধারে একা বেড়াইয়া সে যত প্রেরণা পায়—যে পদূলক অনুভব করে তা অপদৃ—সত্যিকারের Joy of life—পায়ের তলায় শুকনো লতা-কাটি, দেয়াড়ের চরে রাঙা-রোদ মাখানো কষাড় ঝোপ, আকস্মিক বন, ঘেঁটুবন—তার আত্মাকে এরা ধ্যানের খোরাক যোগায়, এ যেন অদৃশ্য স্বাতী নক্ষত্রের বারি, তারই প্রাণে মৃত্যুর দানা বাঁধে।

সম্ভার পুরবী কি গৌরীরাগিণীর মত বিষাদ-ভরা আনন্দ, নির্লিপ্ত ও নিঃস্বকার—বহুদূরের ওই নীল কৃষ্ণাভ মেঘরাশি, ঘন নীল, নিখর, গহন আকাশটা মনে যে ছবি আঁকে, যে চিন্তা যোগায়, তার গাঁত গোমুখী-গঙ্গার মত অনন্তের দিকে, সে সৃষ্টি-স্ফীতি-লয়ের কথা বলে, মৃত্যুপারের দেশের কথা কয়,—ভালবাসা—বেদনা—ভালবাসিয়া হারানো—বহুদূরের এক প্রীতিভরা পদনক্ষত্রের বাণী...

এই সব শান্ত সম্ভার ইছামতীর তীরের মাঠে বসিলেই রক্তমেঘস্বপ্ন ও নীলাকাশের দিকে চাইয়া চারিপাশের সেই অনন্ত বিশ্বের কথাই মনে গড়ে। মনে পড়ে বাল্যে এই কাঁটাভরা সাঁইবাবলার ছায়ায় বসিয়া বসিয়া মাছ ধরিতে ধরিতে সে দূর দেশের স্বপ্ন দেখিত—আজকাল চেতনা তাহার বাল্যের সে ক্ষুদ্র গাঁড় পার হইয়া ক্রমেই দূর হইতে দূরে আলোকের পাখায় চলিয়াছে। এই ভাবিয়া এত এক সময় সে আনন্দ পায়—কোথাও না যাক—যে বিশ্বের সে একজন নাগরিক, তা ক্ষুদ্র, দীন বিশ্ব নয়। লক্ষ কোটি আলোক-বর্ষ যার গণনার মাপকাঠি, দিকে দিকে অন্ধকারে ছবিয়া ছবিয়া নক্ষত্রপুঞ্জ, নীহারিকাদের দেশ, অদৃশ্য ঈথারের বিশ্ব যেখানে মানুষের চিন্তাতীত, কল্পনাতীত দূরত্বের ক্রমবর্ধমান পরিধিপানে বিস্তৃত—সেই বিশ্ব সে জন্মিয়াছে...

ঐ অসীম শূন্য কত জীবলোকে ভরা—কি তাদের অদ্ভুত ইতিহাস! অজানা নদীতটে প্রণয়ীদের কত অশ্রুভরা আনন্দতীর্থ—সারা শূন্য ভরিয়া আনন্দসম্পদনের মেলা—ঈথারের নীল সমুদ্র বাহিয়া বহু দূরের বহুস্তর বিশ্বের সে-সব জীবনধারার টেড প্রান্তে, দূপুরে, রাতে, নিঃস্বপ্নে একা বসিলেই তাহার মনের বেলায় আসিয়া লাগে—অসীম আনন্দ ও গভীর অনুভূতিতেই মন ভরিয়া উঠে—পরে সে বৃষ্টিতে পারে শুদ্ধ প্রসারতার দিকে নয়—যদিও তা বিপুল ও অপরিমেয়—কিন্তু সঙ্গে সঙ্গে চেতনা-স্তরের আর একটা Dimension যেন তার মন খঁজিয়া পায়—এই নিস্তম্ভ শরত-দূপুরে যখন অতীতকালের এমনি এক মধুর মৃৎ শৈশব-দূপুরের ছায়াপাতে স্নিগ্ধ ও করুণ হইয়া উঠে তখনই সে বৃষ্টিতে পারে চেতনার এ স্তর বাহিয়া সে বহুদূর যাইতে পারে—হয়ত কোন অজ্ঞাত সৌন্দর্যমগ্ন রাজ্যে, দৈনন্দিন ঘটনার গভীরগতিক অনুভূতিরাজি ও একঘেয়ে মনোভাব যে রাজ্যের সম্মান দিতে পারিতই না কোনদিন।...

নদীর ধারে আজিকার এই আসন্ন সম্ভার মৃত্যুর নব রূপ সে দেখিতে পাইল। মনে হইল যুগে যুগে এ জন্মমৃত্যুচক্র কোন-বিশাল-আত্মা দেব-শিঙণীর হাতে আবর্তিত হইতেছে—তিনি জানেন কোন-জীবনের পর কোন-অবস্থার জীবনে আসিতে হয়, কখনও বা সঙ্গতি,

কখনও বা বৈষম্য—সবটা মিলিয়া অপূর্ণ রসসৃষ্টি—বৃহত্তর জীবনসৃষ্টির আর্ট—

ছ'হাজার বছর আগে হয়ত সে জন্মিয়াছিল প্রাচীন ঈজিপ্টে—সেখানে নলখাগড়া প্যাপিরাসের বনে, নীলনদের রৌদ্রদীপ্ত তটে কোন দরিদ্রঘরের মা বোন বাপ ভাই বন্ধুবান্ধবদের দলে কবে সে এক মধুর শৈশব কাটাইয়া গিয়াছে—আবার হয়ত জন্ম নিয়াছিল রাইন নদীর ধারে—কক্-ওক্ বাচ্ ও বাচ্ বনের শ্যামল ছায়ায় বনেদী ঘরের প্রাচীন প্রাসাদে, মধ্যযুগের আড়ম্বরপূর্ণ আবহাওয়ায়, সুন্দরমুখ সখীদের দলে। হাজার বছর পর আবার হয়ত সে পৃথিবীতে ফিরিয়া আসিবে—তখন কি মনে পড়িবে এবারকারের এই জীবনটা?—কিংবা কে জানে আর হয়তো এ পৃথিবীতে আসিবে না—ওই যে বটগাছের সারির মাথায় সন্ধ্যার ক্ষীণ প্রথম তারকাটি—ওদের জগতে অজানা জীবন-ধারার মধ্যে হয়ত এবার নবজন্ম! কতবার যেন সে আসিয়াছে... জন্ম হইতে জন্মান্তরে, মৃত্যু হইতে মৃত্যুর মধ্য দিয়া... বহু, বহু দূর অতীতে ও ভবিষ্যতে বিস্তৃত সে পথটা যেন বেশ দেখিতে পাইল... কত নিশ্চিন্দপূর, কত অপর্ণা, কত দুর্গা দ্বিধা—জীবনের ও জন্মমৃত্যুর বীথিপথ বাহিয়া ক্লাস্ত ও আনন্দিত আত্মার যে কি অপূর্ণ অভিযান—শুধু আনন্দে, যৌবনে, জীবনে, পুণ্যে ও দুঃখে, শোকে ও শান্তিতে।... এই সবটা লইয়া যে আসল বৃহত্তর জীবন—পৃথিবীর জীবনটুকু যার ক্ষুদ্র ভগ্নাংশ মাত্র—তার স্বপ্ন যে শুধুই কল্পনা-বিলাস এ যে হয় না তা কে জানে—বৃহত্তর জীবনচক্র কোন দেবতার হাতে আর্ভূত হয় কে জানে?... হয়ত এমন সব প্রাণী আছেন যারা মানুষের মত ছবিতে, উপন্যাসে, কবিতায় নিজেদের শিষ্টপসৃষ্টির আকাঙ্ক্ষা পূর্ণ করেন না—তারা এক এক বিশ্ব সৃষ্টি করেন—তার মানুষের সুখে-দুঃখে উত্থানে-পতনে আত্মপ্রকাশ করাই তাঁদের পশ্চিৎ—কোন মহান বিবর্তনের জীব তাঁর অচিন্তনীয় কলাকুশলতাকে গ্রহে গ্রহে নক্ষত্রে নক্ষত্রে এ-রকম রূপ দিয়াছেন—কে তাঁকে জানে?...

একটি অবর্ণনীয় আনন্দে, আশায়, অনভূতিতে, রহস্যে মন ভরিয়া উঠিল। প্রাণবন্ত তার আশা, সে অমর ও অনন্ত জীবনের বাণী নীলতার রৌদ্রদংশ শাখাপত্রের তিষ্ঠ গন্ধ আনে—নীলশূন্যে বালিহাসের সই সই রব শোনায়ে। সে জীবনের অধিকার হইতে তাহাকে কাহারও বঞ্চনা করিবার শক্তি নাই—তার মনে হইল সে দীন নয়, দুঃখী নয়, তুচ্ছ নয়—ওটুকু শেষ নয়, এখানে আরম্ভও নয়। সে জন্মজন্মান্তরের পণিক আত্মা, দূর হইতে কোন সুন্দরের নিত্য নূতন পথহীন পথে তার গাঁত, এই বিপুল নীল আকাশ, অগণ্য জ্যোতির্লোক, সপ্তর্ষিমন্ডল, ছায়াপথ, বিশাল অ্যান্ড্রোমিডা নীহারিকার জগৎ, বিহ্বল পিতৃলোক—এই শত, সহস্র শতাব্দী তার পারে-চলার পথ—তার ও সকলের মৃত্যুধারা অস্পষ্ট যে বিরাট জীবনটা নিউটনের মহাসমুদ্রের মত সকলেরই পুরোভাগে অক্ষুণ্ণভাবে বর্তমান—নিঃসীম সময় বাহিয়া সে গাঁত সারা মানবের যুগে যুগে বাধাহীন হউক।...

অপু তাহাদের ঘাটের ধারে আসিল। ওইখানটিতে এমন এক সন্ধ্যার অন্ধকারে বনেদেবী বিশালাক্ষী স্বরূপ চক্রবর্তীকে দেখা দিয়াছিলেন কতকাল আগে!

আজ যদি আবার তাহাকে দেখা দেন!

—তুমি কে?

—আমি অপু।

—তুমি বড় ভাল ছেলে। তুমি কি বর চাও?

—অন্য কিছই চাই নে, এ গাঁয়ের বনঝোপ, নদী, মাঠ, বিশবাগানের ছায়ায়, অবোধ, উৎসাহী, স্বপ্নময় আমার সেই সে দশ বৎসর বয়সের শৈশবটি—তাকে আর একটবার ফিরিয়ে দেবে দেবী?

“You enter it by the Ancient way
Through Ivory Gate and Golden”...

ঠিক দুপুর বেলা।

রাণী কাজলকে আটকাইয়া রাখিতে পারে না...বেজায় চঞ্চল। এই আছে, কোথা দিয়া। সে কখন বাহির হইয়া গিয়াছে—কেহ বলিতে পারে না।

সে রোজ জিজ্ঞাসা করে—পিসিমা, বাবা কবে আসবে? কতদিন দেরি হবে?

অপু যাইবার সময় বলিয়া গিয়াছিল—রাণুদি, থোকাকে তোমার হাতে দিয়ে যাচ্ছি, ওকে এখানে রাখবে, ওকে বলো না আমি কোথা যাচ্ছি। যদি আমার জন্য কাঁদে, ভুলিয়ে রেখো—তুমি ছাড়া ওকাজ আর কেউ পারবে না।

রাণু চোখ মর্দাছিয়া বলিয়াছিল—ওকে এরকম ফাঁকি দিতে তোর মন সরছে? বোকা ছেলে তাই বুঝিয়ে গেলি—যদি চালাক হ'ত?

অপু বলিয়াছিল, দেখ আর এন্টা কথা বলি। ওই বাঁশবনের জায়গাটা—তোমায় চল দেখিয়ে রাখি—একটা সোনার কৌটো মাটিতে পোঁতা আছে আজ অনেকদিন—মাটি খুঁড়লেই পাবে। আর যদি না ফিরি আর খোকা যদি বাঁচে—বৌমাকে কৌটোটা দিও সিঁদুর রাখতে। খোকাও কষ্ট পেয়ে মানুষ হোক—এত তাড়াতাড়ি স্কুলে ভর্তি করার দরকার নেই। যেখানে যায় যেতে দিও—নেপল যখন ঘাটে যাবে, তুমি নিজে নাইতে নিয়ে যেও—সাঁতার জানে না, ছেলেমানুষ ছুবে যাবে। ও একটু ভীতু আছে, কিন্তু সে ভয় এনেই তা-নেই বলে ভেঙে দেওয়ার চেষ্টা করো না—কি আছে কি নেই তা বলতে কেউ পারে না রাণুদি। কোনোদিকেই গৌড়ামি ভাল নয়—তা ওর ওপর চাপাতে যাওয়ারও দরকার নেই। যা বোঝে বন্ধুক, সেই ভাল।

অপু জানিত, কাজল শুধু তার কল্পনা-প্রবণতার জন্য ভীতু। এই কল্পনিক ভয় সকল আনন্দ রোমাঞ্চ ও অজানা কল্পনার উৎস-মুখ। মৃত্ত প্রকৃতির তলায় খোকার মনের সব বৈকাল ও রাত্রিগুলি অপূর্ণ রহস্যে রঙীন হইয়া উঠুক—মনে প্রাণে এই তাহার আশীর্বাদ।

ভবঘুরে অপু আবার কোথায় চলিয়া গিয়াছে। হয়ত লীলার মূখের শেষ অনুরোধ রাখিতে কোন পোতেরী প্লাতার ডুবো জাহাজের সোনার সন্ধানই বা বাহির হইয়াছে। গিয়াছেও প্রায় ছ'সাত মাস হইল।

সত্বেও অপু ছেলেকে ভালবাসে। সে ছেলেবয়সের সেই দৃষ্ট সতু আর নাই, এখন সংসারের কাছে ঠেকিয়া সম্পূর্ণ বদলাইয়া গিয়াছে। এখন সে আবার খুব হরিভক্ত। গলার মালা, মাথায় লম্বা চুল। দোকান হইতে ফিরিয়া হাত মুখ ধুইয়া রোয়াকে বসিয়া খোল লইয়া কীৰ্ত্তন গায়। নীলমণি রায়ের দরুন জমার বাগান বিক্রয় করিয়া অপু কাছে সত্তর টাকা পাইয়াছিল—তাহা ছাড়া কাঁটিহার তামাকের চালান আনিবার জন্য অপু নিকট আরও পঞ্চাশটি টাকা ধার স্বরূপ লইয়াছিল। এটা রাণীকে লুকাইয়া—কারণ রাণী জানিতে পারিলে মহা অনর্থ বাধাইত—কখনই টাকা লইতে দিত না।

কাজলের ঝোক পাখির উপর। এত পাখি সে কখনও দেখে নাই—তাহার মামার বাড়ির দেশে ঘিঞ্জি বসতি, এত বড় বন, মাঠ নাই—এখানে আসিয়া সে অবাক হইয়া গিয়াছে। রাত্রে শুইয়া শুইয়া মনে হয় পিছনের সমস্ত মাঠ, বন রাত্রির অন্ধকারের মধ্যে দৈত্যদানো, ভূত ও শিয়ালের ভিড়ে ভরিয়া গিয়াছে—পিসিমার কাছে আরও ঘেঁষিয়া শোয়। কিন্তু দিনমানে আর ভয় থাকে না, তখন পাখির ডিম ও বাসা খুঁজিয়া বেড়াইবার খুব সুযোগ। রাণু বারণ করিয়াছে—গাঙের ধারের পাখির গর্তে হাত দিও না কাজল, সাপ থাকে। শোনে না, সেদিনও গিয়াছিল পিসিমাকে লুকাইয়া, কিন্তু অশুকার হইয়া গেলেই তার যত ভয়।

দুপুরে সেদিন পিসিমাদের বাড়ির পিছনে বাঁশবনে পাখির বাসা খুঁজিতে বাহির হইয়াছিল। সব শীতকাল শেষ হইয়া রৌদ্র বেজায় চড়িয়াছে, আকাশে বাতাসে বনে কেমন

গন্ধ। বাবা তাহাকে কত বনের গাছ, পাখি চিনাইয়া দিয়া গিয়াছে, তাই সে জানে কোথায় বনমরিচার লতায় থোকা থোকা স্দুগন্ধ-ফুল ধরিয়েছে, কেলেকোঁড়ার লতার কচি ডগা ঝোপের মাথায় মাথায় সাপের মত দুর্লভেছে।

কখনও সে ঠাকুরদাদার পোড়ো ভিটাটাতে ঢোকে নাই। বাহির হইতে তাহার বাবা তাহাকে দেখাইয়াছিল, বোধ হয় ঘন বন বলিয়া ভিতরে লইয়া যায় নাই। একবার ঢুকিয়া দেখিতে খুব ফোঁতুহল হইল।

জায়গাটা খুব উঁচু ঢিবিমত। কাজল এদিক ওদিক চাহিদা ঢিবিটার উপরে উঠিল—তার পরে ঘন কুঁচকাটা ও শ্যাওড়া বনের বেড়া ঠেলিয়া নিচের উঠানে নামিল। চারিধারে ইট, বাঁশের কণ্ডি, ঝোপঝাপ। পাখি নাই এখানে? এখানে তো কেউ আসে না—কত পাখির বাসা আছে হয়ত—কে বা খোঁজ রাখে?

বসন্তবোরী ডাকে—টুকলি, টুকলি—তাহার বাবা চিনাইয়াছিল, কোথায় বাসাটা? না, এমনি ডালে বসিয়া ডাকিতেছে?

মুখ উঁচু করিয়া খোকা ঝিকড়ে গাছের ঘন ডালপালার দিকে উৎসুক চোখে দেখিতে লাগিল।

এক ঝলক হাওয়া ফেন পাশের পোড়ো ঢিবিটার দিক হইতে অভিনন্দন বহন করিয়া আনিল—সঙ্গে সঙ্গে ভিটার মালিক ব্রজ চক্রবর্তী, ঠ্যাঙাড়ে বীরু রায়, ঠাকুরদাদা হরিহর রায়, ঠাকুরমা সম্বর্জয়া, পিসিমা দুর্গা—জানা অজানা সমস্ত পুঁশ্বপুঁশ্ব দিবসের প্রসন্ন হাসিতে অভ্যর্থনা করিয়া বলিল—এই যে তুমি—আমাদের হয়ে ফিরে এসেছ, আমাদের সকলের প্রতিনিধি যে আজ তুমি—আমাদের আশীর্বাদ নাও, বংশের উপস্থিত হও।

আরও হইল। সোদালী বনের ছায়া হইতে জল আহরণরত সহদেব, ঠাকুরমাদের বেলতলা হইতে শরশয্যাশায়িত ভীষ্ম, এ ঝোপের ও ঝোপের তলা হইতে বীর কণ, গান্ধীবধারী অর্জুন, অভাগিনী ভানুমতী, কপিধরুজ রথে সারথি ব্রীক্শ, পরাজিত রাজপুত্র দুর্যোধন, তমসাতীরের পর্ণকুটীরে প্রীতিমতী, তাপসলধু বৈষ্ণিতা অশ্রুদুখী ভগবতী দেবী জানকী, স্বয়ংবর সভায় বরমালাহস্তে লাম্যমাণা আনতবদনা সন্দ্রা, মধ্যাহ্নের খররৌদ্দের মাঠে মাঠে গোচারণরত সহায়-সঙ্গদহীন দরিদ্র ব্রাহ্মণ-পুত্র ত্রিজট—হাতছানি দিয়া হাসিমুখে অভ্যর্থনা করিয়া বলিল—এই যে তুমি, এই যে আবার ফিরে এসেছ! চেন না আমাদের? কত দুপদরে ভাঙা জানালাটার বসে বসে আমাদের সঙ্গে মুরখোমুখি যে কত পরিচয়! এসো...এসো...এসো...

সঙ্গে সঙ্গে রাগদুর্গলা শ্যেনা গেল—ও খোকা, ওঁরে দৃষ্টু ছেলে, এই এক গলা বনের মধ্যে ঢুকে তোমার কি হচ্ছে জিজ্ঞেস করি—বেরিয়ে আয় বলছি। খোকা হাসিমুখে বাহির হইয়া আসিল। সে পিসিমাকে মোটেই ভয় করে না। সে জানে পিসিমা তাকে খুব ভালবাসে—দিদিমার পরে এক বাবা ছাড়া শুকে এমন ভাল আর কেউ বাসে নাই।

হঠাৎ সেই সময় রাগদুর্গ মনে হইল অপদৃষ্টিক এমনি দৃষ্টু মুখের ভাঁজ করিত ছেলেবেলায়—ঠিক এমনিটি।

যুগে যুগে অপরািজিত জীবন-রহস্য কি অপুঁশ্ব মহিমাতেই আবার আত্মপ্রকাশ করে!

খোকায় বাবা একটু ভুল করিয়াছিল।

চম্বিশ বৎসরের অন্দুপস্থিতর পর অবোধ বালক অপুঁ আবার নিশ্চিন্দপদরে ফিরিয়া আসিয়াছে।

আরগ্যক

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

প্রস্তাবনা

সমস্ত দিন আপিসের হাড়ভাঙা খাটুনির পরে গাড়ের মাঠে ফোর্টের কাছ ঘেঁষিয়া বসিয়া ছিলাম।

নিকটেই একটা বাদাম গাছ, চূপ করিয়া খানিকটা বসিয়া বাদামগাছের সামনে ফোর্টের পরিখার ডেউখেলানো জমিটা দেখিয়া হঠাৎ মনে হইল যেন লবটুলিয়ার উত্তর সীমানায় সরস্বতী কুণ্ডীর ধারে সম্ভ্রাবেলায় বসিয়া আছি। পরক্ষণেই পলাশী গেটের পথে মোটর-হর্নের আওয়াজে সে ভ্রম ঘুটিল।

অনেক দিনের কথা হইলেও কালকার বলিয়া মনে হয়।

কলিকাতা শহরের হৈ-চৈ কর্মকোলাহলের মধ্যে অহরহ ডুবিয়া থাকিয়া এখন যখন লবটুলিয়া বইহার কি আজমাবাদের সে অরণ্য-ভূভাগ, সে জ্যোৎস্না, সে তিমিরময়ী স্তব্ধ রাত্রি, ধু-ধু ঝাউবন আর কাশবনের চর, দিখলয়লীন ধূসর শৈলশ্রেণী, গভীর রাত্রে বন্য নীল-গাইয়ের দলের দ্রুত পদক্ষনি, খররৌদ্র-মধ্যাহ্নে সরস্বতী কুণ্ডীর জলের ধারে পিপাসার্ত বন্য মহিষ, সে অপূর্ব মুক্ত শিলাস্তুত প্রান্তরে রঙিন বনফুলের শোভা, ফুটন্ত রক্তপলাশের ঘন অরণ্যের কথা ভাবি, তখন মনে হয় বুঝি কোন অবসর-দিনের শেষে সম্ভ্রায় ঘুমের ঘোরে এক সৌন্দর্যভরা জগতের স্বপ্ন দেখিয়াছিলাম, পৃথিবীতে তেমন দেশ যেন কোথাও নাই।

শুধু বনপ্রান্তর নয়, কত ধরনের মানুষ দেখিয়াছিলাম।

কুস্তা...মুসম্মত কুস্তার কথা মনে হয়। এখনও যেন সৃষ্টিয়া বইহারের বিস্তীর্ণ বন্যকুলের জঙ্গলে সে দরিদ্র মেয়েটি তার ছেলেমেয়েদের সঙ্গে লইয়া বন্যকুল সংগ্রহ করিয়া তাহার দৈনন্দিন সংসার-যাত্রার ব্যবস্থায় ব্যস্ত।

নয়ত জ্যোৎস্না-ভরা গভীর শীতের রাত্রে সে আমার পাতের ভাত লইবার আশায় আজমাবাদ কাছারির প্রাঙ্গণের এক কোণে, ইঁদারাটার কাছে দাঁড়াইয়া আছে।

মনে হয় ধাতুরিয়ার কথা...নাটুয়া বালক ধাতুরিয়া!....

দক্ষিণ দেশে ধরমপুর পরগণার ফসল মারা যাওয়াতে ধাতুরিয়া নাচিয়া গাহিয়া পেটের ভাত জুটাইতে আসিয়াছিল, লবটুলিয়া অঞ্চলের জনবিরল বন্য গ্রামগুলিতে....চীনা ঘাসের দানা ভাজা আর আখের গুড় খাইতে পাইয়া কি খুশির হাসি দেখিয়াছিলাম তার মুখে! কৌকড়া কৌকড়া চুল, ডাগর চোখ, একটু মেয়েলি ধরনের ভাবভঙ্গী, বছর তের-চৌদ্দ বয়সের সুশ্রী ছেলোটি; সংসারে বাপ নাই, মা নাই, কেহ কোথাও নাই, তাই সেই অল্প বয়সেই তাকে নিজের চেষ্টা নিজেকেই দেখিতে হয়... সংসারের স্রোতে কোথায় ভাসিয়া গেল আবার। মনে পড়ে সরল মহাজন ধাওতাল সাহুকে। আমার খড়ের বাংলোর কোণটাতে বসিয়া সে বড় বড় সুপারি জাঁতি দিয়া কাটিতেছে। গভীর জঙ্গলের মধ্যে ছোট কুঁড়েঘরের ধারে বসিয়া দরিদ্র ব্রাহ্মণ রাজু পাঁড়ে তিনটি মহিষ চরাইতেছে এবং আপনমনে গাহিতেছে—

দয়া হোই জী—

মহালিখারূপের পাহাড়ের পাদদেশে বিশাল বনপ্রান্তরে বসন্ত নামিয়াছে, লবটুলিয়া বইহারের সর্বত্র হলুদ রঙের গোলগোলি ফুলের মেলা, দ্বিপ্রহরে তাত্রাভ রৌদ্রদক্ষ দিগন্ত বালির

ঝড়ে ঝাপসা, রাত্রে দূরে মহালিখারূপের পাহাড়ে আগুনের মালা, শালবনে আগুন দিয়াছে, কত অতিদরিদ্র বালক-বালিকা, নরনারী, কত দুর্দান্ত প্রকৃতির মহাজন, গায়ক, কাঠুরে, ভিখারীর বিচিত্র জীবনযাত্রার সঙ্গে পরিচয় হইয়াছিল। অক্ষকার প্রান্তরে খড়ের বাংলোয় বসিয়া বসিয়া বন্য শিকারীর মুখে অদ্ভুত গল্প শুনিতাম, মোহনপুরা রিজার্ভ ফরেস্টের মধ্যে গভীর রাত্রিতে বন্যমহিষ শিকার করিতে গিয়া ডালপালা ঢাকা গর্তের ধারে বিরাটকায় বন্য মহিষদের দেবতাকে তারা দেখিয়াছিল।

ইহাদের কথাই বলিব। জগতের যে পথে সভ্য মানুষের চলাচল কম, কত অদ্ভুত জীবনধারার শ্রোত আপনমনে উপলব্ধিকীর্ণ অজানা নদীখাত দিয়া ঝিরঝির করিয়া বহিয়া চলে সে পথে, তাহাদের সহিত পরিচয়ের স্মৃতি আজও ভুলিতে পারি নাই।

কিন্তু আমার এ স্মৃতি আনন্দের নয়, দুঃখের। এই স্বচ্ছন্দ প্রকৃতির লীলাভূমি আমার হাতেই বিনষ্ট হইয়াছিল, বনের দেবতারা সেজন্য আমায় কখনও ক্ষমা করিবেন না জানি। নিজের অপরাধের কথা নিজের মুখে বলিলে অপরাধের ভার শুনিয়াছি লঘু হইয়া যায়। তাই এই কাহিনীর অবতারণা।



প্রথম পরিচ্ছেদ

১

পনের-ষোল বছর আগেকার কথা। বি.এ. পাস করিয়া কলিকাতায় বসিয়া আছি। বহু জায়গায় ঘুরিয়াও চাকুরি মিলিল না।

সরস্বতী-পূজার দিন। মেসে অনেকদিন ধরিয়া আছি তাই নিতান্ত তাড়াইয়া দেয় না, কিন্তু তাগাদার উপর তাগাদা দিয়া মেসের ম্যানেজার অস্থির করিয়া তুলিয়াছে। মেসে প্রতিমা গড়াইয়া পূজা হইতেছে—ধুমধামও মন্দ নয়, সকালে উঠিয়া ভাবিতেছি আজ সব বন্ধ, দু-একটা জায়গায় একটু আশা দিয়াছিল, তা আজ আর কোথাও যাওয়া কোন কাজের হইবে না, বরং তার চেয়ে ঘুরিয়া ঘুরিয়া ঠাকুর দেখিয়া বেড়াই।

মেসের চাকর জগন্নাথ এমন সময় একটুকরা কাগজ হাতে দিয়া গেল। পড়িয়া দেখিলাম ম্যানেজারের লেখা তাগাদার চিঠি। আজ মেসে পূজা-উপলক্ষে ভালো খাওয়া-দাওয়ার ব্যবস্থা হইয়াছে, আমার কাছে দু মাসের টাকা বাকি, আমি যেন চাকরের হাতে অন্তত দশটি টাকা দিই। অন্যথা কাল হইতে খাওয়ার জন্য আমাকে অন্যত্র ব্যবস্থা করিতে হইবে।

কথা খুব ন্যায্য বটে, কিন্তু আমার সম্বল মোটে দুটি টাকা আর কয়েক আনা পয়সা। কোন জবাব না দিয়াই মেস হইতে বাহির হইলাম। পাড়ার নানা স্থানে পূজার বাজনা বাজিতেছে, ছেলেমেয়েরা গলির মোড়ে দাঁড়াইয়া গোলমাল করিতেছে, অভয় ময়রার খাবারের দোকানে অনেক রকম নতুন খাবার থালায় সাজানো—বড়রাস্তার ওপারে কলেজ হোস্টেলের ফটকে নহবৎ বসিয়াছে। বাজার হইতে দলে দলে লোক ফুলের মালা ও পূজার উপকরণ কিনিয়া ফিরিতেছে।

ভাবিলাম কোথায় যাওয়া যায়। আজ এক বছরের উপর হইল জোড়াসাঁকো স্কুলের চাকুরি ছাড়িয়া দিয়া বসিয়া আছি—অথবা বসিয়া ঠিক নাই, চাকুরির খোঁজে হেন মার্চেন্ট আপিস নাই, হেন স্কুল নাই, হেন খবরের কাগজের আপিস নাই, হেন বড়লোকের বাড়ি নাই—

যেখানে অন্তত দশ বার না হাঁটাচাঁটি করিয়াছি, কিন্তু সকলেরই এক কথা, চাকুরি খালি নাই।

হঠাৎ পথে সতীশের সঙ্গে দেখা। সতীশের সঙ্গে হিন্দু হোস্টেলে একসঙ্গে থাকিতাম। বর্তমানে সে আলিপুরের উকিল, বিশেষ কিছু হয় বলিয়া মনে হয় না, বালিগঞ্জের ওদিকে কোথায় একটা টিউশনি আছে, সেটাই সংসারসমুদ্রে বর্তমানে তাহার পক্ষে ভেলার কাজ করিতেছে। আমার ভেলা তো দূরের কথা, একখানা মাস্তুল-ভাজা কাঠও নাই, যতদূর হাবুডুবু খাইবার তাহা খাইতেছি—সতীশকে দেখিয়া সে কথা আপাতত ভুলিয়া গেলাম। ভুলিয়া গেলাম তাহার আর একটা কারণ, সতীশ বলিল—এই যে, কোথায় চলেছ সত্যচরণ? চল হিন্দু হোস্টেলের ঠাকুর দেখে আসি—আমাদের পুরনো জায়গাটা। আর ওবেলা বড় জলসা হবে—এসো। ওয়ার্ড সিক্সের সেই অবিনাশকে মনে আছে, সেই যে ময়মনসিংহের কোন জমিদারের ছেলে, সে যে আজকাল বড় গায়ক। সে গান গাইবে, আমায় আবার একখানা কার্ড দিয়েছে—তাদের এস্টেটের দু-একটা কাজকর্ম মাঝে মাঝে করি কিনা। এসো, তোমায় দেখলে সে খুশি হবে।

কলেজে পড়িবার সময়, আজ পাঁচ-ছয় বছর আগে, আমোদ পাইলে আর কিছু চাহিতাম না—এখনও সে মনের ভাব কাটে নাই দেখিলাম। হিন্দু হোস্টেলে ঠাকুর দেখিতে গিয়া সেখানে মধ্যাহ্ন-ভোজনের নিমন্ত্রণ পাইলাম। কারণ আমাদের দেশের অনেক পরিচিত ছেলে এখানে থাকে, তাহারা কিছুতেই আসিতে দিতে চাহিল না। বলিলাম—বিকেলে জলসা হবে, তা এখন কি! মেস থেকে খেয়ে আসব এখন।

তাহারা সে কথায় কর্ণপাত করিল না।

কর্ণপাত করিলে আমাকে সরস্বতী-পূজার দিনটা উপবাসে কাটাইতে হইত। ম্যানেজারের অমন কড়া চিঠির পরে আমি গিয়া মেসের লুচি পায়সের ভোজ খাইতে পারিতাম না—যখন একটা টাকাও দিই নাই। এ বেশ হইল—পেট ভরিয়া নিমন্ত্রণ খাইয়া বৈকালে জলসার আসরে গিয়া বসিলাম। আবার তিন বৎসর পূর্বের ছাত্র-জীবনের উল্লাস ফিরিয়া আসিল—কে মনে রাখে—যে চাকুরি পাইলাম কি না-পাইলাম, মেসের ম্যানেজার মুখ হাঁড়ি করিয়া বসিয়া আছে কি না-আছে। ঠুংরি ও কীর্তনের সমুদ্রে তলাইয়া গিয়া ভুলিয়া গেলাম যে দেনা মিটাইতে না পারিলে কাল সকাল হইতে বায়ু ভক্ষণের ব্যবস্থা হইবে। জলসা যখন ভাঙিল তখন রাত এগারোটা। অবিনাশের সঙ্গে আলাপ হইল, হিন্দু হোস্টেলে থাকিবার সময় সে আর আমি ডিবেটিং ক্লাবের চাঁই ছিলাম—একবার স্যার গুরুদাস বন্দ্যোপাধ্যায়কে আমরা সভাপতি করিয়াছিলাম। বিষয় ছিল, “স্কুল-কলেজে বাধ্যতামূলক ধর্মশিক্ষা প্রবর্তন করা উচিত”। অবিনাশ প্রস্তাবকর্তা আমি প্রতিবাদী-পক্ষের নায়ক। উভয় পক্ষের তুমুল তর্কের পরে সভাপতি আমাদের পক্ষে মত দিলেন। সেই হইতে অবিনাশের সঙ্গে খুব বন্ধুত্ব হইয়া যায়—যদিও কলেজ হইতে বাহির হইয়া এই প্রথম আবার তার সঙ্গে দেখাসাক্ষাৎ।

অবিনাশ বলিল—চল, আমার গাড়ি রয়েছে—তোমাকে পৌঁছে দিই। কোথায় থাক?

মেসের দরজায় নামাইয়া দিয়া বলিল—শোন, কাল হ্যারিংটন স্ট্রীটে আমার বাড়িতে চা খাবে বিকেল চারটের সময়। ভুলো না যেন। তেত্রিশের দুই। লিখে রাখো তো নোট-বইয়ে।

পরদিন খুঁজিয়া হ্যারিংটন স্ট্রীট বাহির করিলাম, বন্ধুর বাড়িও বাহির করিলাম। বাড়ি খুব বড় নয়, তবে সামনে পিছনে বাগান। গেটে উইস্টারিয়া লতা, নেপালী দারোয়ান, ও পিতলের প্লেট। লাল সুরকির বাঁকা রাস্তা—রাস্তার এক ধারে সবুজ ঘাসের লন, অন্য ধারে বড় বড়

মুচুকুন্দ চাঁপা ও আমগাছ। গাড়িবারান্দায় বড় একখানা মোটর গাড়ি। বড়লোকের বাড়ি নয় বলিয়া ভুল করিবার কোন দিক হইতে কোন উপায় নাই। সিঁড়ি দিয়া উপরে উঠিয়াই বসিবার ঘর। অবিনাশ আসিয়া আদর করিয়া ঘরে বসাইল এবং প্রায় সঙ্গে সঙ্গেই পুরাতন দিনের কথাবার্তায় আমরা দু'জনেই মশগুল হইয়া গেলাম। অবিনাশের বাবা ময়মনসিংহের একজন বড় জমিদার, কিন্তু সম্প্রতি কলিকাতার বাড়িতে তাঁহার কেহই নাই। অবিনাশের এক ভগ্নীর বিবাহ উপলক্ষে গত অগ্রহায়ণ মাসে দেশে গিয়াছিলেন—এখনও কেহই আসেন নাই।

একথা ও-কথার পর অবিনাশ বলিল—এখন কি করছ সত্য?

বলিলাম—জোড়াসাঁকো স্কুলে মাস্টারি করতুম, সম্প্রতি বেসেই আছি একরকম। ভাবছি আর মাস্টারি করব না। দেখছি অন্য কোন দিকে যদি—দু-এক জায়গায় আশাও পেয়েছি।

আশা পাওয়ার কথা সত্য নয়, কিন্তু অবিনাশ বড়লোকের ছেলে, মস্তবড় এস্টেট ওদের। তাহার কাছে চাকুরির উমেদারি করিতেছি এটা না দেখায়, তাই কথাটা বলিলাম।

অবিনাশ একটুখানি ভারিয়া বলিল—তোমার মত একজন উপযুক্ত লোকের চাকুরি পেতে দেরি হবে না অবিশ্যি। আমার একটা কথা আছে, তুমি তো আইনও পড়েছিলে—না?

বলিলাম—পাসও করেছি, কিন্তু ওকালতি করবার মতিগতি নেই।

অবিনাশ বলিল—আমাদের একটা জঙ্গল-মহাল আছে পূর্ণিয়া জেলায়। প্রায় বিশ-ত্রিশ হাজার বিঘে জমি। আমাদের সেখানে নুঁয়েব আছে কিন্তু তার ওপর বিশ্বাস করে অত জমি বন্দোবস্তের ভার দেওয়া চলে না। আমরা একজন উপযুক্ত লোক খুঁজছি। তুমি যাবে?

কান অনেক সময় মানুষকে প্রবঞ্চনা করে জানিতাম। অবিনাশ বলে কি! যে চাকুরির খোঁজে আজ একটি বছর কলিকাতার রাস্তাঘাট চষিয়া বেড়াইতেছি, চায়ের নিমন্ত্রণে সম্পূর্ণ অযাচিতভাবে সেই চাকুরির প্রস্তাব আপনা হইতে সম্মুখে আসিয়া উপস্থিত হইল?

তবুও মান বজায় রাখিতে হইবে। অত্যন্ত সংযমের সহিত মনের ভাব চাপিয়া উদাসীনের মত বলিলাম—ও! আচ্ছা ভেবে বলব। কাল আছ তো?

অবিনাশ খুব খোলাখুলি ও দিলদরিয়া মেজাজের মানুষ। বলিল—ভাবাভাবি রেখে দাও। আমি বাবাকে আজই পত্র লিখতে বসছি। আমরা একজন বিশ্বাসী লোক খুঁজছি। জমিদারির ঘূর্ণ কর্মচারী আমরা চাই নে—কারণ তারা প্রায়ই চোর। তোমার মত শিক্ষিত ও বুদ্ধিমান লোকের সেখানে দরকার। জঙ্গল-মহাল আমরা নতুন প্রজার সঙ্গে বন্দোবস্ত করব। ত্রিশ হাজার বিঘের জঙ্গল। অত দায়িত্বপূর্ণ কাজ কি যার-তার হাতে ছেড়ে দেওয়া যায়? তোমার সঙ্গে আজ আলাপ নয়, তোমার নাজীনক্ষত্র আমি জানি। তুমি রাজি হয়ে যাও—আমি এখনি বাবাকে লিখে অ্যাপয়েন্টমেন্ট লেটার আনিয়ে দিচ্ছি।

২

কি করিয়া চাকুরি পাইলাম তাহা বেশি বলিবার আবশ্যিক নাই। কারণ এ গল্পের উদ্দেশ্য সম্পূর্ণ স্বতন্ত্র। সংক্ষেপে বলিয়া রাখি—অবিনাশের বাড়ির চায়ের নিমন্ত্রণ খাইবার দুই সপ্তাহ পরে আমি একদিন নিজের জিনিসপত্র লইয়া বি এন্ ডব্লিউ রেলওয়ের একটা ছোট স্টেশনে নামিলাম।

শীতের বৈকাল। বিস্তীর্ণ প্রান্তরে ঘন ছায়া নামিয়াছে, দূরে বনশ্রেণীর মাথায় মাথায় অল্প অল্প কুয়াশা জন্মিয়াছে। রেল-লাইনের দু-ধারে মটর-ক্ষেত, শীতল সান্ধ্য-বাতাসে তাজা মটরশাকের স্নিগ্ধ সুগন্ধে কেমন মনে হইল যে-জীবন আরম্ভ করিতে যাইতেছি তাহা বড়

নির্জন হইবে, এই শীতের সন্ধ্যা যেমন নির্জন, যেমন নির্জন এই উদার প্রান্তর আর ওই দূরের নীলবর্ণ বনশ্রেণী, তেমনি।

গরুর গাড়িতে প্রায় পনের-ষোল ত্রেণশ চলিলাম সারারাত্রি ধরিয়া—ছইয়ের মধ্যে কলিকাতা হইতে আনীত কম্বল রাগ ইত্যাদি শীতে জল হইয়া গেল—কে জানিত এ-সব অঞ্চলে ভয়ানক শীত! সকালে রৌদ্র যখন উঠিয়াছে, তখনও পথ চলিতেছি। দেখিলাম, জমির প্রকৃতি বদলাইয়া গিয়াছে—প্রাকৃতিক দৃশ্যও অন্য মূর্তি পরিগ্রহ করিয়াছে—ক্ষেতখামার নাই, বস্তি লোকালয়ও বড়-একটা দেখা যায় না—কেবল ছোটবড় বন, কোথাও ঘন, কোথাও পাতলা, মাঝে মাঝে মুক্ত প্রান্তর, কিন্তু তাহাতে ফসলের আবাদ নাই।

কাছারিতে পৌছিলাম বেলা দশটার সময়। জঙ্গলের মধ্যে প্রায় দশ-পনেরো বিঘা জমি পরিষ্কার করিয়া কতকগুলি খড়ের ঘর, জঙ্গলেরই কাঠ, বাঁশ ও খড় দিয়া তৈরি—ঘরে শুকনো ঘাস ও বন-ঝাড়ুয়ের সরু গুঁড়ির বেড়া, তাহার উপর মাটি দিয়া লেপা।

ঘরগুলি নতুন তৈরি, ঘরের মধ্যে ঢুকিয়াই টাটকা-কাটা খড়, আধকাঁচা ঘাস ও বাঁশের গন্ধ পাওয়া গেল। জিজ্ঞাসা করিয়া জানিলাম, আগে জঙ্গলের ওদিকে কোথায় কাছারি ছিল, কিন্তু শীতকালে সেখানে জলাভাব হওয়ায় এই ঘর নতুন বাঁধা হইয়াছে, কারণ পাশেই একটা বরনা থাকায় এখানে জলের কষ্ট নাই।

৩

জীবনের বেশির ভাগ সময় কলিকাতায় কাটাইয়াছি। বন্ধু-বান্ধবের সঙ্গ, লাইব্রেরি, থিয়েটার, সিনেমা, গানের আড্ডা—এসব ভিন্ন জীবন কল্পনা করিতে পারি না—এ অবস্থায় চাকুরির কয়েকটি টাকার খাতিরে যেখানে আসিয়া পড়িলাম, এত নির্জন স্থানের কল্পনাও কোনদিন করি নাই। দিনের পর দিন যায়, পূর্বাকাশে সূর্যের উদয় দেখি দূরের পাহাড় ও জঙ্গলের মাথায়, আবার সন্ধ্যায় সমগ্র বনঝাড়ু ও দীর্ঘ ঘাসের বনশীর্ষ সিঁদুরে রঙে রাঙাইয়া সূর্যকে ডুবিয়া যাইতে দেখি—ইহার মধ্যে শীতকালের যে এগার-ঘণ্টা ব্যাপী দিন, তা যেন খাঁ-খাঁ করে শূন্য, কি করিয়া তাহা পুরাইব, প্রথম প্রথম সেইটা আমার পক্ষে হইল মহাসমস্যা। কাজকর্ম করিলে অনেক করা যায় বটে, কিন্তু আমি নিতান্ত নব আগন্তুক, এখনও ভাল করিয়া এখানকার লোকের ভাষা বুঝিতে পারি না, কাজের কোন বিলিব্যবস্থাও করিতে পারি না, নিজের ঘরে বসিয়া বসিয়া, যে কয়খানি বই সঙ্গে আনিয়াছিলাম তাহা পড়িয়াই কোন রকমে দিন কাটাই। কাছারিতে লোকজন যারা আছে তারা নিতান্ত বর্বর, না বোঝে তাহারা আমার কথা, না আমি ভাল বুঝি তাহাদের কথা। প্রথম দিন-দশেক কি কষ্টে যে কাটিল! কতবার মনে হইল চাকুরিতে দরকার নাই, এখানে হাঁপাইয়া মরার চেয়ে আধপেটা খাইয়া কলিকাতায় থাকা ভাল। অবিনাশের অনুরোধে কি ভুলই করিয়াছি এই জনহীন জঙ্গলে আসিয়া, এ-জীবন আমার জন্য নয়।

রাত্রিতে নিজের ঘরে বসিয়া এই সবই ভাবিতেছি, এমন সময় ঘরের দরজা ঠেলিয়া কাছারির বৃদ্ধ মুন্স্রী গোষ্ঠ চক্রবর্তী প্রবেশ করিলেন। এই একমাত্র লোক যাহার সহিত বাংলা কথা বলিয়া হাঁপ ছাড়িয়া বাঁচি। গোষ্ঠবাবু এখানে আছেন অন্তত সতের-আঠার বছর। বর্ধমান জেলায় বনপাশ স্টেশনের কাছে কোন্ গ্রামে বাড়ি। বলিলাম, বসুন গোষ্ঠবাবু—

গোষ্ঠবাবু অন্য একখানা চেয়ারে বসিলেন। বলিলেন—আপনাকে একটা কথা বলতে এলাম

নিরিবিলা, এখানকার কোনও মানুষকে বিশ্বাস করবেন না। এ বাংলা দেশ নয়। লোকজন সব বড় খারাপ—

—বাংলা দেশের মানুষও সবাই যে খুব ভাল, এমন নয় গোষ্ঠাবাবু—

—সে আর আমার জানতে বাকি নেই, ম্যানেজারবাবু। সেই দুঃখে আর ম্যালেরিয়ার তাড়নায় প্রথমে এখানে আসি। প্রথম এসে বড় কষ্ট হত, এ জঙ্গলে মন হাঁপিয়ে উঠত— আজকাল এমন হয়েছে, দেশ তো দূরের কথা, পূর্ণিয়া কি পাটনাতে কাজে গিয়ে দু-দিনের বেশি তিন দিন থাকতে পারি নে।

গোষ্ঠাবাবুর মুখের দিকে সকৌতুকে চাহিলাম—বলে কি!

জিজ্ঞাসা করিলাম—থাকতে পারেন না কেন? জঙ্গলের জন্য মন হাঁপায় নাকি?

গোষ্ঠাবাবু আমার দিকে চাহিয়া একটু হাসিলেন। বলিলেন, ঠিক তাই, ম্যানেজারবাবু। আপনিও বুঝবেন। নতুন এসেছেন কলকাতা থেকে, কলকাতার জন্যে মন উড়ুউড়ু করছে, বয়সও আপনার কম। কিছুদিন এখানে থাকুন। তারপর দেখবেন।

—কি দেখব?

—জঙ্গল আপনাকে পেয়ে বসবে। কোন গোলমাল কি লোকের ভিড় ফ্রমশ আর ভাল লাগবে না। আমার তাই হয়েছে মশাই। এই গত মাসে মুঙ্গের গিয়েছিলাম মোকদ্দমার কাজে—কেবল মনে হয় কবে এখান থেকে বেরুব।

মনে মনে ভাবিলাম, ভগবান সে দূরবস্থার হাত থেকে আমায় উদ্ধার করুন। তার আগে চাকুরিতে ইস্তফা দিয়া কোনকালে কলিকাতায় ফিরিয়া গিয়াছি!

গোষ্ঠাবাবু বলিলেন, বন্দুকটা রাত-বেরাত শিয়রে রেখে শোবেন, জায়গা ভাল নয়। এর আগে একবার কাছারিতে ডাকাতি হয়ে গিয়েছে। তবে আজকাল এখানে আর টাকাকড়ি থাকে না, এই যা কথা।

কৌতূহলের সহিত বলিলাম, বলেন কি! কতকাল আগে ডাকাতি হয়েছিল?

—বেশি না। এই বছর আট-নয় আগে। কিছুদিন থাকুন, তখন সব কথা জানতে পারবেন। এ অঞ্চল বড় খারাপ। তা ছাড়া এই ভয়ানক জঙ্গলে ডাকাতি করে মেরে নিলে দেখবেই বা কে?

গোষ্ঠাবাবু চলিয়া গেলে একবার ঘরের জানালার কাছে আসিয়া দাঁড়াইলাম। দূরে জঙ্গলের মাথায় চাঁদ উঠিতেছে—আর সেই উদীয়মান চন্দ্রের পটভূমিকায় আঁকাবাঁকা একটা বনঝাউয়ের ডাল ঠিক যেন জাপানী চিত্রকর হকুসাই-অঙ্কিত একখানি ছবি।

চাকুরি করিবার আর জায়গা খুঁজিয়া পাই নাই! এসব বিপজ্জনক স্থান, আগে জানিলে কখনই অবিনাশকে কথা দিতাম না।

দুর্ভাবনা সত্ত্বেও উদীয়মান চন্দ্রের সৌন্দর্য আমাকে বড় মুগ্ধ করিল।

কাছারির অনতিদূরে একটা ছোট পাথরের টিলা, তার উপর প্রাচীন ও সুবৃহৎ একটা বটগাছ। এই বটগাছের নাম গ্র্যান্ট সাহেবের বটগাছ। কেন এই নাম হইল, তখন অনুসন্ধান করিয়াও কিছু জানিতে পারি নাই। একদিন নিস্তরু অপরাহ্নে বেড়াইতে বেড়াইতে পশ্চিম দিগন্তে সূর্যাস্তের শোভা দেখিতে টিলার উপরে উঠিলাম।

টিলার উপরকার বটতলায় আসন্ন সন্ধ্যার ঘন ছায়ায় দাঁড়াইয়া দাঁড়াইয়া কত দূর পর্যন্ত এক চমকে দেখিতে পাইলাম—কলুটোলার মেস, কপালীটোলার সেই ব্রিজের আড্ডাটি, গোলদীঘিতে আমার প্রিয় বেঞ্চখানা—প্রতিদিন এমন সময়ে যাহাতে গিয়া বসিয়া কলেজ স্ট্রীটের বিরামহীন জনশ্রোত ও বাস্ মোটরের ভিড় দেখিতাম। হঠাৎ যেন কত দূরে পড়িয়া রহিয়াছে মনে হইল তাহারা। মন হু-হু করিয়া উঠিল—কোথায় আছি! কোথাকার জনহীন অরণ্যে—প্রান্তরে খড়ের চালায় বাস করিতেছি চাকুরির খাতিরে! মানুষ এখানে থাকে? লোক নাই, জন নাই, সম্পূর্ণ নিঃসঙ্গ—একটা কথা কহিবার মানুষ পর্যন্ত নাই। এদেশের এই সব মূৰ্খ, বর্বর মানুষ, এরা একটা ভাল কথা বলিলে বুঝিতে পারে না—এদেরই সাহচর্যে দিনের পর দিন কাটাইতে হইবে? সেই দূরবিসর্পী দিগন্তব্যাপী জনহীন সন্ধ্যার মধ্যে দাঁড়াইয়া মন উদাস হইয়া গেল, কেমন ভয়ও হইল। তখন সঙ্কল্প করিলাম, এ মাসের আর সামান্য দিনই বাকি, সামনের মাসটা কোনরূপে চোখ বুজিয়া কাটাইব, তার পর অবিনাশকে একখানা লম্বা পত্র লিখিয়া চাকুরিতে ইস্তফা দিয়া কলিকাতায় ফিরিয়া গিয়া সভ্য বন্ধুবান্ধবদের অভ্যর্থনা পাইয়া, সভ্য খাদ্য খাইয়া, সভ্য সুরের সঙ্গীত শুনিয়া, মানুষের ভিড়ের মধ্যে ঢুকিয়া, বহু মানবের আনন্দ-উল্লাসভরা কণ্ঠস্বর শুনিয়া বাঁচিব।

পূর্বে কি জানিতাম মানুষের মধ্যে থাকিতে এত ভালবাসি! মানুষকে এত ভালবাসি! তাহাদের প্রতি আমার যে কর্তব্য হয়ত সব সময় তাহা করিয়া উঠিতে পারি না,—কিন্তু ভালবাসি তাহাদের নিশ্চয়ই। নতুবা এত কষ্ট পাইব কেন তাহাদের ছাড়িয়া আসিয়া?

প্রেসিডেন্সি কলেজের রেলিঙে বই বিক্রী করে সেই যে বৃদ্ধ মুসলমানটি, কতদিন তাহার দোকানে দাঁড়াইয়া পুরনো বই ও মাসিক পত্রিকার পাতা উন্টাইয়াছি—কেনা উচিত ছিল হয়ত, কিন্তু কেনা হয় নাই—সেও যেন পরম আত্মীয় বলিয়া মনে হইল—তাহাকে আজ কতদিন দেখি নাই।



কাছারিতে ফিরিয়া নিজের ঘরে ঢুকিয়া টেবিলে আলো জ্বালিয়া একখানা বই লইয়া বসিয়াছি, সিপাহী মুনেশ্বর সিং আসিয়া সেলাম করিয়া দাঁড়াইল। বলিলাম—কি মুনেশ্বর? ইতিমধ্যে দেহাতি হিন্দী কিছু কিছু বলিতে শিখিয়াছিলাম।

মুনেশ্বর বলিল—হুজুর, আমায় একখানা লোহার কড়া কিনে দেবার হুকুম যদি দেন মুহুরী বাবুকে।

—কি হবে লোহার কড়া?

মুনেশ্বরের মুখ প্রাপ্তির আশায় উজ্জ্বল হইয়া উঠিল। সে বিনীত সুরে বলিল—একখানা লোহার কড়া থাকলে কত সুবিধে হুজুর। যেখানে সেখানে সঙ্গে নিয়ে গেলাম, ভাত রাঁধা যায়, জিনিসপত্র রাখা যায়, ওতে করে ভাত খাওয়া যায়, ভাঙবে না। আমার একখানাও কড়া নেই। কতদিন থেকে ভাবছি একখানা কড়ার কথা—কিন্তু হুজুর, বড় গরীব, একখানা কড়ার দাম ছ-আনা, অত দাম দিয়ে কড়া কিনি কেমন করে? তাই হুজুরের কাছে আসা, অনেক দিনের সাধ একখানা কড়া আমার হয়, হুজুর যদি মঞ্জুর করেন, হুজুর মালিক।

একখানা লোহার কড়াই যে এত গুণের, তাহার জন্য যে এখানে লোক রাত্রে স্বপ্ন দেখে, এ ধরনের কথা এই আমি প্রথম শুনিলাম। এত গরীব লোক পৃথিবীতে আছে যে ছ-আনা দামের একখানা লোহার কড়াই জুটিলে স্বর্গ হাতে পায়? শুনিয়াছিলাম এদেশের লোক বড় গরীব। এত গরীব তাহা জানিতাম না। বড় মায়া হইল।

পরদিন আমার সেই করা চিরকুটের জোরে মুনেশ্বর সিং নউগচ্ছিয়ার বাজার হইতে একখানা পাঁচ নম্বরের কড়াই কিনিয়া আনিয়া আমার ঘরের মেঝেতে নামাইয়া আমায় সেলাম দিয়া দাঁড়াইল।

—হো গৈল, হুজুরকি কৃপা-সে—কড়াইয়া হো গৈল।

তাহার হর্ষোৎফুল্ল মুখের দিকে চাহিয়া আমার এই একমাসের মধ্যে সর্বপ্রথম আজ মনে হইল—বেশ লোকগুলো! বড় কষ্ট তো এদের!

দ্বিতীয় পরিচ্ছেদ

১

কিছুতেই কিন্তু এখানকার এই জীবনের সঙ্গে নিজেকে আমি খাপ খাওয়াইতে পারিতেছি না। বাংলা দেশ হইতে সদ্য আসিয়াছি, চিরকাল কলিকাতায় কাটািয়াছি, এই অরণ্যভূমির নির্জনতা যেন পাথরের মত বৃকে চাপিয়া আছে বলিয়া মনে হয়।

এক-একদিন বৈকালে বেড়াইতে বাহির হইয়া অনেক দূর পর্যন্ত যাই। কাছারির কাছে তবুও লোকজনের গলা শুনিতে পাওয়া যায়, রশি দুই-তিন গেলেই কাছারি-ঘরগুলো যেমন দীর্ঘ বনঝাউ ও কাশ জঙ্গলের আড়ালে পড়ে, তখন মনে হয় সমস্ত পৃথিবীতে আমি একাকী। তারপর যত দূর যাওয়া যায়, চণ্ডা মাঠের দু-ধারে ঘন বনের সারি বহুদূর পর্যন্ত চলিয়াছে, শুধু বন আর ঝোপ, গজারি গাছ, বাবলা, বন্য কাঁটা-বাঁশ, বেত ঝোপ। গাছের ও ঝোপের মাথায় মাথায় অস্তোন্মুখ সূর্য সিঁদুর ছড়াইয়া দিয়াছে—সন্ধ্যার বাতাসে বন্যপুষ্প ও তৃণশুম্ভের সুঘ্রাণ, প্রতি ঝোপ পাখির কাকলীতে মুখর, তার মধ্যে হিমালয়ের বনটিয়াও আছে। মুক্ত দূরপ্রসারী তৃণাবৃত প্রান্তর ও শ্যামল বনভূমির মেলা।

এই সময় মাঝে মাঝে মনে হইত যে, এখানে প্রকৃতির যে রূপ দেখিতেছি, এমনটি আর কোথাও দেখি নাই। যতদূর চোখ যায়, এ সব যেন আমার, আমি এখানে একমাত্র মানুষ, আমার নির্জনতা ভঙ্গ করিতে আসিবে না কেউ—মুক্ত আকাশতলে নিস্তরঙ্গ সন্ধ্যায় দূর দিগন্তের সীমারেখা পর্যন্ত মনকে ও কল্পনাকে প্রসারিত করিয়া দিই।

কাছারি হইতে প্রায় এক ক্রোশ দূরে একটা নাবাল জায়গা আছে, সেখানে ক্ষুদ্র কয়েকটি পাহাড়ী ঝরনা ঝির ঝির করিয়া বহিয়া যাইতেছে, তাহার দু-পারে জলজ লিলির বন, কলিকাতার বাগানে যাহাকে বলে স্পাইডার-লিলি। বন্য স্পাইডার-লিলি কখনও দেখি নাই, জানিতামও না যে, এমন নিভৃত ঝরনার উপল-বিছানো তীরে ফুটন্ত লিলি ফুলের এত শোভা হয় বা বাতাসে তাহারা এত মৃদু কোমল সুবাস বিস্তার করে। কতবার গিয়া এখানটিতে চূপ করিয়া বসিয়া আকাশ, সন্ধ্যা ও নির্জনতা উপভোগ করিয়াছি।

মাঝে মাঝে ঘোড়ায় চড়িয়া বেড়াই। প্রথম প্রথম ভাল চড়িতে পারিতাম না, ক্রমে ভালোই শিখিলাম। শিখিয়াই বুঝিলাম জীবনে এত আনন্দ আর কিছুতেই নাই। যে কখনও এমন নির্জন আকাশতলে দ্বিস্তব্যাপী বনপ্রান্তরে ইচ্ছামত ঘোড়া ছুটাইয়া না বেড়াইয়াছে, তাহাকে বোঝানো যাইবে না সে কি আনন্দ! কাছারি হইতে দশ পনের মাইল দূরবর্তী স্থানে সার্ভে পার্টি কাজ করিতেছে, প্রায়ই আজকাল সকালে এক পেয়লা চা খাইয়া ঘোড়ার পিঠে জিন কষিয়া সেই যে ঘোড়ায় উঠি, কোনদিন ফিরি বৈকালে, কোনদিন বা ফিরিবার পথে জঙ্গলের মাথার উপর নক্ষত্র উঠে, বৃহস্পতি জ্বল্ জ্বল্ করে ; জ্যোৎস্নারাত্রে বনপুষ্পের সুবাস জ্যোৎস্নার সহিত মেশে, শৃগালের রব প্রহর ঘোষণা করে, জঙ্গলের ঝাঁঝি পোকা দল বাঁধিয়া ডাকিতে থাকে।

২

যে কাজে এখানে আসা তার জন্য অনেক চেষ্টা করা যাইতেছে। এত হাজার বিঘা জমি, হঠাৎ বন্দোবস্ত হওয়াও সোজা কথা নয় অবশ্য। আর একটা ব্যাপার এখানে আসিয়া জানিয়াছি, এই জমি আজ ত্রিশ বছর পূর্বে নদীগর্ভে সিকস্তি হইয়া গিয়াছিল—বিশ বছর হইল বাহির হইয়াছে—কিন্তু যাহারা পিতৃপিতামহের জমি গঙ্গায় ভাঙিয়া যাওয়ার পরে অন্যত্র উঠিয়া গিয়া বাস করিয়াছিল, সেই পুরাতন প্রজাদিগকে জমিদার এই সব জমিতে দখল দিতে চাহিতেছেন না। মোটা সেলামী ও বর্ধিত হারে খাজনার লোভে নূতন প্রজাদের সঙ্গেই বন্দোবস্ত করিতে চান। অথচ যে-সব গৃহহীন, আশ্রয়হীন অতিদরিদ্র পুরাতন প্রজাকে তাহাদের ন্যায্য অধিকার হইতে বঞ্চিত করা হইয়াছে তাহারা বার বার অনুরোধ-উপরোধ কান্নাকাটি করিয়াও জমি পাইতেছে না।

আমার কাছেও অনেকে আসিয়াছিল। তাহাদের অবস্থা দেখিলে কষ্ট হয়, কিন্তু জমিদারের হুকুম, কোনও পুরাতন প্রজাকে জমি দেওয়া হইবে না। কারণ একবার চাপিয়া বসিলে তাহাদের পুরাতন স্বর্ভ তাহারা আইনত দাবি করিতে পারে। জমিদারের লাঠির জোর বেশি, প্রজারা আজ বিশ বৎসর ভূমিহীন ও গৃহহীন অবস্থায় দেশে দেশে মজুরি করিয়া খায়, কেহ সামান্য চাম্বাস করে, অনেকে মরিয়া গিয়াছে, তাহাদের ছেলেপিলেরা নাবালক বা অসহায়—প্রবল জমিদারের বিরুদ্ধে শ্রোতের মুখে কুটার মতো ভাসিয়া যাইবে।

এদিকে নূতন প্রজা সংগ্রহ করা যায় কোথা হইতে? মুঙ্গের, পূর্নিয়া, ভাগলপুর, ছাপরা প্রভৃতি নিকটবর্তী জেলা হইতে লোক যাহারা আসে, দর শুনিয়া পিছাইয়া যায়। দু-পাঁচজন কিছু কিছু লইতেছেও। এই রূপ মৃদু গতিতে অগ্রসর হইলে দশ হাজার বিঘা জঙ্গলী জমি প্রজা-বিলি হইতে বিশ-পাঁচিশ বৎসর লাগিয়া যাইবে।

আমাদের এক ডিহি কাছারি আছে—সেও ঘোর জঙ্গলময় মহাল—এখান থেকে উনিশ মাইল দূরে। জায়গাটার নাম লবটুলিয়া, কিন্তু এখানেও যেমন জঙ্গল, সেখানেও তেমনি, কেবল

সেখানে কাছারি রাখার উদ্দেশ্য এই যে, সেই জঙ্গলটা প্রতি বছর গোয়ালাদের গরু-মহিষ চরাইবার জন্য খাজনা করিয়া দেওয়া হয়। এ বাদে সেখানে প্রায় দু-তিনশ' বিঘা জমিতে বন্যকুলের জঙ্গল আছে, লাক্ষা-কীট পৃষিবার জন্য লোকে এই কুল-বন জমা লইয়া থাকে। এই টাকাটা আদায় করিবার জন্য সেখানে দশ টাকা মাহিনার একজন পাটোয়ারী ও তাহার একটা ছোট কাছারি আছে।

কুল-বন ইজারা দিবার সময় আসিতেছে, একদিন ঘোড়া করিয়া লবটুলিয়াতে রওনা হইলাম। আমার কাছারি ও লবটুলিয়ার মাঝখানে একটু উঁচু রাজমাটির ডাঙা প্রায় সাত-আট মাইল লম্বা, এর নাম 'ফুলকিয়া বইহার'—কত ধরনের গাছপালা ও ঝোপ-জঙ্গলে পরিপূর্ণ। জায়গায় জায়গায় বন এত ঘন যে, ঘোড়ার গায়ে ডালপালা ঠেকে। ফুলকিয়া বইহার যেখানে নামিয়া গিয়া সমতল ভূমির সহিত মিশিল, চান্দন বলিয়া একটি পাহাড়ী নদী সেখানে উপলখণ্ডের উপর দিয়া ঝিরঝির করিয়া বহিতেছে, বর্ষাকালে সেখানে জল খুব গভীর—শীতকালে এখন তত জল নাই।

লবটুলিয়ায় এই প্রথম আসিলাম। অতি ক্ষুদ্র এক খড়ের ঘর, তার মেজে জমির সঙ্গে সমতল, ঘরের বেড়া পর্যন্ত শুকনো কাশের, বনঝাউয়ের ডালের পাতা দিয়া বাঁধা। সন্ধ্যার কিছু পূর্বে সেখানে পৌঁছিলাম—এত শীত যেখানে থাকি সেখানে নাই, শীতে জমিয়া যাইবার উপক্রম হইলাম বেলা না পড়িতেই।

সিপাহীরা বনের ডালপালা জ্বলাইয়া আশুন করিল, সেই আশুনের ধারে ক্যাম্পচেয়ারে বসিলাম, অন্য সবাই গোল হইয়া আশুনের চারিধারে বসিল।

কোথা হইতে সের পাঁচেক একটা রুই মাছ পাটোয়ারী আনিয়াছিল, এখন কথা উঠিল, রান্না করিবে কে? আমি সঙ্গে পাচক আনি নাই। নিজেও রান্না করিতে জানি না। আমার সঙ্গে সাক্ষাৎ করিবার জন্য সাত-আটজন লোক লবটুলিয়াতে অপেক্ষা করিতেছিল—তাহাদের মধ্যে কণ্টু মিশ্র নামে এক মৈথিল ব্রাহ্মণকে পাটোয়ারী রান্নার জন্য নিযুক্ত করিল।

পাটোয়ারীকে বলিলাম—এ-সব লোকেই কি ইজারা ডাকবে?

পাটোয়ারী বলিল—না হুজুর। ওরা খাবার লোভে এসেছে। আপনার আসবার নাম শুনে আজ দু-দিন ধরে কাছারিতে এসে বসে আছে। এদেশের লোকের ওই রকম অভ্যেস। আরও অনেকে বোধ হয় কাল আসবে।

এমন কথা কখনও শুনি নাই। বলিলাম—সে কি! আমি তো নিমন্ত্রণ করি নি এদের?

—হুজুর, এরা বড় গরিব; ভাত জিনিসটা খেতে পায় না। কলাইয়ের ছাতু, মকাইয়ের ছাতু, এই এরা বারোমাস খায়। ভাত খেতে পাওয়াটা এরা ভোজের সমান বিবেচনা করে। আপনি আসছেন, ভাত খেতে পাবে এখানে, সেই লোভে সব এসেছে। দেখুন না আরও কত আসে।

বাংলা দেশের লোকে বড় বেশি সভ্য হইয়া গিয়াছে ইহাদের তুলনায়, মনে হইল। কেন জানি না, এই অন্নভোজনলোলুপ সরল ব্যক্তিগুলিকে আমার সে-রাত্রি এত ভাল লাগিল! আশুনের চারিধারে বসিয়া তাহারা নিজেদের মধ্যে গল্প করিতেছিল, আমি শুনিতেছিলাম। প্রথমে তাহারা আমার আশুনে বসিতে চাহে নাই আমার প্রতি সম্মানসূচক দূরত্ব বজায় রাখিবার জন্য—আমি তাহাদের ডাকিয়া আনিলাম। কণ্টু মিশ্র কাছে বসিয়াই আসানকাঠের ডালপালা জ্বলাইয়া মাছ রাঁধিতেছে—ধুনা পুড়াইবার মত সুগন্ধ বাহির হইতেছে ধোঁয়া হইতে—আশুনের কুণ্ডের বাহিরে গেলে মনে হয়, যেন আকাশ হইতে বরফ পড়িতেছে—এত শীত।

খাওয়া-দাওয়া হইতে রাত হইয়া গেল অনেক; কাছারিতে যত লোক ছিল, সকলেই খাইল। তারপর, আবার আশুনের ধারে গোল হইয়া বসা গেল। শীতে মনে হইতেছে শরীরের রক্ত

পর্যন্ত জমিয়া যাইবে। ফাঁকা বলিয়াই শীত বোধ হয় এত বেশি, কিংবা বোধ হয় হিমালয় বেশি দূর নয় বলিয়া।

আগুনের ধারে আমরা সাত-আটজন লোক, সামনে ছোট ছোট দুখানি খড়ের ঘর। একখানিতে থাকিব আমি, আর একখানিতে বাকি এতগুলি লোক। আমাদের চারিদিকে ঘিরিয়া অন্ধকার বন ও প্রান্তর, মাথার উপরে নক্ষত্র-ছড়ানো দূরপ্রসারী অন্ধকার আকাশ। আমার বড় অদ্ভুত লাগিল, যেন চিরপরিচিত পৃথিবী হইতে নির্বাসিত হইয়া মহাশূন্যে এক গ্রহে অন্য এক অজ্ঞাত রহস্যময় জীবনধারার সহিত জড়িত হইয়া পড়িয়াছি।

একজন ত্রিশ-বত্রিশ বছরের লোক এ-দলের মধ্যে আমার মনোযোগকে বিশেষভাবে আকৃষ্ট করিয়াছিল। লোকটির নাম গনোরী তেওয়ারী, শ্যামবর্ণ দোহারা চেহারা, মাথায় বড় চুল, কপালে দুটি লম্বা ফোঁটা কাটা, এই শীতে গায়ে একখানা মোটা চাদর ছাড়া আর কিছু নাই, এ-দেশের রীতি অনুযায়ী গায়ে একটা মেরজাই থাকা উচিত ছিল, তা পর্যন্ত নাই। অনেকক্ষণ হইতে আমি লক্ষ্য করিতেছিলাম, সে সকলের দিকে কেমন কুণ্ঠিতভাবে চাহিতেছিল, কারণ কথায় কোনও প্রতিবাদ করিতেছিল না, অথচ কথা যে সে কম বলিতেছিল তা নয়।

আমার প্রতি কথার উত্তরে কেবল সে বলে—হুজুর।

এদেশের লোকে যখন কোন মান্য ও উচ্চপদস্থ ব্যক্তির কথা মানিয়া লয়, তখন কেবল মাথা সামনের দিকে অল্প ঝাঁকাইয়া সসন্ত্রমে বলে—হুজুর।

গনোরীকে বলিলাম—তুমি থাকো কোথায়, তেওয়ারীজি?

আমি যে তাহাকে সরাসরি প্রশ্ন করিব, এতটা সম্মান যেন তাহার পক্ষে সম্পূর্ণ অপ্রত্যাশিত, এভাবে সে আমার দিকে চাহিল। বলিল—ভীমদাসটোলা, হুজুর।

তারপর সে তাহার জীবনের ইতিহাস বর্ণনা করিয়া গেল, একটানা নয়, আমার প্রশ্নের উত্তরে টুকরা টুকরা ভাবে।

গনোরী তেওয়ারীর বয়স যখন বারো বছর, তার বাপ তখন মারা যায়। এক বৃদ্ধা পিসিমা তাহাকে মানুষ করে, সে পিসিমাও বাপের মৃত্যুর বছর-পাঁচ পরে যখন মারা গেলেন, গনোরী তখন জগতে ভাগ্য অন্বেষণে বাহির হইল। কিন্তু তাহার জগৎ পূর্বে পূর্ণিয়া শহর, পশ্চিমে ভাগলপুর জেলার সীমানা, দক্ষিণে এই নির্জন অরণ্যময় ফুলকিয়া বইহার, উত্তরে কুশী নদী—ইহারই মধ্যে সীমাবদ্ধ। ইহারই মধ্যে গ্রামে গ্রামে গৃহস্থের দ্বারা ফিরিয়া কখনও ঠাকুরপূজা করিয়া, কখনও গ্রাম্য পাঠশালায় পণ্ডিত করিয়া কায়ক্ৰেশে নিজের আহারের জন্য কলাইয়ের ছাতু ও চীনা ঘাসের দানার রুটির সংস্থান করিয়া আসিয়াছে। সম্প্রতি মাস দুই চাকুরি নাই, পর্বতা গ্রামের পাঠশালা উঠিয়া গিয়াছে, ফুলকিয়া বইহারের দশ হাজার বিঘা অরণ্যময় অঞ্চলে লোকের বসতি নাই—এখানে যে মহিষ-পালকের দল মহিষ চরাইতে আনে জঙ্গলে, তাহাদের বাথানে বাথানে ঘুরিয়া খাদ্যভিক্ষা করিয়া বেড়াইতেছিল—আজ আমার আসিবার খবর পাইয়া অনেকের সঙ্গে এখানে আসিয়াছে।

আসিয়াছে কেন, সে কথা আরও চমৎকার।

—এখানে এত লোক এসেছে কেন তেওয়ারীজি?

—হুজুর, সবাই বললে ফুলকিয়ার কাছারিতে ম্যানেজার এসেছেন, সেখানে গেলে ভাত খেতে পাওয়া যাবে, তাই ওরা এল, ওদের সঙ্গে আমিও এলাম।

—ভাত এখানকার লোকে কি খেতে পায় না?

—কোথায় পাবে হুজুর। নউগচ্ছিয়ায় মাড়োয়ারীর রোজ ভাত খায়, আমি নিজে আজ ভাত খেলাম বোধ হয় তিন মাস পরে! গত ভাদ্রমাসের সংক্রান্তিতে রাসবিহারী সিং রাজপুতের বাড়ি নেমস্তন্ন ছিল, সে বড়লোক, ভাত খাইয়েছিল। তার পর আর খাই নি।

যতগুলি লোক আসিয়াছিল, এই ভয়ানক শীতে কাহারও গাত্রবস্ত্র নাই, রাত্রে আশুন পোহাইয়া রাত কাটায়। শেষ-রাত্রে শীত যখন বেশি পড়ে, আর ঘুম হয় না শীতের চোটে—আশুনের খুব কাছে ঘেঁষিয়া বসিয়া থাকে ভোর পর্যন্ত।

কেন জানি না, ইহাদের হঠাৎ এত ভাল লাগিল! ইহাদের দারিদ্র্য, ইহাদের সারল্য, কঠোর জীবন-সংগ্রামে ইহাদের যুঝিবার ক্ষমতা—এই অন্ধকার আরণ্যভূমি ও হিমবর্ষী মুক্ত আকাশ বিলাসিতার কোমল পুষ্পাস্কৃত পথে ইহাদের যাইতে দেয় নাই, কিন্তু ইহাদিগকে সত্যকার পুরুষমানুষ করিয়া গড়িয়াছে। দুটি ভাত খাইতে পাওয়ার আনন্দে যারা ভীমদাসটোলা ও পর্বতা হইতে নমাইল পথ হাঁটিয়া আসিয়াছে বিনা নিমন্ত্রণে—তাহাদের মনের আনন্দ গ্রহণ করিবার শক্তি কত সতেজ ভাবিয়া বিস্মিত হইলাম।

অনেক রাত্রে কিসের শব্দে ঘুম ভাঙিয়া গেল—শীতে মুখ বাহির করাও যেন কষ্টকর, এমন যে শীত এখানে তা না-জানার দরুন উপযুক্ত গরম কাপড় ও লেপ-তোশক আনি নাই। কলিকাতায় যে-কম্বল গায়ে দিতাম সেখানাই আনিয়াছিলাম—শেষরাত্রে শীতে সে যেন ঠাণ্ডা জল হইয়া যায় প্রতিদিন। যে-পাশে শুইয়া থাকি, শরীরের গরমে সে-দিকটা তবুও থাকে এক রকম, অন্য কাতে পাশ ফিরিতে গিয়া দেখি বিছানা কনকন করিতেছে সে-পাশে—মনে হয় যেন ঠাণ্ডা পুকুরের জলে পৌষ মাসের রাত্রে ডুব দিলাম। পাশেই জঙ্গলের মধ্যে কিসের যেন সন্মিলিত পদশব্দ—কাহারো যেন দৌড়িতেছে—গাছপালা, শুকনো বনঝাউয়ের গাছ মট্ মট্ শব্দে ভাঙিয়া উর্ধ্বশ্বাসে দৌড়িতেছে।

কি ব্যাপারখানা, কিছু বুঝিতে না পারিয়া সিপাহী বিষুগ্রাম পাঁড়ে ও স্কুলমাস্টার গনোরী তেওয়ারীকে ডাক দিলাম। তাহারা নিদ্রাজড়িত চোখে উঠিয়া বসিল—কাছারির মেঝেতে যে আশুন জ্বালা হইয়াছিল, তাহারই শেষ দীপ্তিকৃতে ওদের মুখে আলস্য, সন্ত্রম ও নিদ্রালুতার ভাব ফুটিয়া উঠিল। গনোরী তেওয়ারী কান পাতিয়া একটু শুনিয়াই বলিল—কিছু না হুজুর, নীলগাইয়ের জেরা দৌড়ছে জঙ্গলে—

কথা শেষ করিয়াই সে নিশ্চিত মনে পাশ ফিরিয়া শুইতে যাইতেছিল, জিজ্ঞাসা করিলাম—নীলগাইয়ের দলের হঠাৎ এত রাত্রে অমন দৌড়বার কারণ কি?

বিষুগ্রাম পাঁড়ে আশ্বাস দিবার সুরে বলিল—হয়তো কোনও জানোয়ারে তাড়া করে থাকবে হুজুর—এছাড়া আর কি।

—কি জানোয়ার?

—কি আর জানোয়ার হুজুর, জঙ্গলের জানোয়ার। শের হতে পারে—নয় তো ভালু—

যে ঘরে শুইয়া আছি, নিজের অজ্ঞাতসারে তাহার কাশাঁটায়া বাঁধা আগড়ের দিকে নজর পড়িল। সে আগড়ও এত হালকা যে, বাহির হইতে একটি কুকুরে ঠেলা মারিলেও তাহা ঘরের মধ্যে উন্টাইয়া পড়ে—এমন অবস্থায় ঘরের সামনেই জঙ্গলে নিস্তব্ধ নিশীথরাত্রে বাঘ বা ভালুকে বন্য নীলগাইয়ের দল তাড়া করিয়া লইয়া চলিয়াছে—এ সংবাদটিতে যে বিশেষ আশঙ্কিত হইলাম না, তাহা বলাই বাহুল্য।

একটু পরেই ভোর হইয়া গেল।

দিন যতই যাইতে লাগিল, জঙ্গলের মোহ ততই আমাকে ক্রমে পাইয়া বসিল। এর নির্জনতা ও অপরাহ্নের সিঁদুর-ছড়ানো বনঝাউয়ের জঙ্গলের কি আকর্ষণ আছে বলিতে পারি না—আজকাল ক্রমশ মনে হয় এই দিগন্তব্যাপী বিশাল বনপ্রান্তর ছাড়িয়া, ইহার রোদপোড়া মাটির তাজা সুগন্ধ, এই স্বাধীনতা, এই মুক্তি ছাড়িয়া কলিকাতার গোলমালের মধ্যে আর ফিরিতে পারিব না।



এ মনের ভাব একদিনে হয় নাই। কত রূপে কত সাজেই যে বন্যপ্রকৃতি আমার মুগ্ধ অনভ্যস্ত দৃষ্টির সম্মুখে আসিয়া আমায় ভুলাইল!—কত সন্ধ্যা আসিল অপূর্ব রক্তমেঘের মুকুট মাথায়, দুপুরের খরতর রৌদ্র আসিল উন্মাদিনী ভৈরবীর বেশে, গভীর নিশীথে জ্যোৎস্নাবরণী নুরসুন্দরীর সাজে হিমস্নিগ্ধ বনকুসুমের সুবাস মাথিয়া, আকাশভরা তারার মালা গলায়—অন্ধকার রজনীতে কাল-পুরুষের আঙনের খড়া হাতে দিগ্বিদিক ব্যাপিয়া বিরাট কালীমূর্তিতে।

একদিনের কথা জীবনে কখনও ভুলিব না। মনে আছে সেদিন দোল-পূর্ণিমা। কাছারির সিপাহীরা ছুটি চাহিয়া লইয়া সারাদিন ঢোল বাজাইয়া হোলি খেলিয়াছে। সন্ধ্যার সময়ও নাচগানের বিরাম নাই দেখিয়া আমি নিজের ঘরে টেবিলে আলো জ্বলাইয়া অনেক রাত পর্যন্ত হেড আপিসের জন্য চিঠিপত্র লিখিলাম। কাজ শেষ হইতেই ঘড়ির দিকে চাহিয়া দেখি, রাত প্রায় একটা বাজে। শীতে জমিয়া যাইবার উপক্রম হইয়াছি। একটা সিগারেট ধরাইয়া জানালা দিয়া বাহিরের দিকে উঁকি মারিয়া মুগ্ধ ও বিস্মিত হইয়া দাঁড়াইয়া রহিলাম। যে-জিনিসটা আমাকে মুগ্ধ করিল তাহা পূর্ণিমা-নিশীথিনীর অবর্ণনীয় জ্যোৎস্না।

হয়তো যতদিন আসিয়াছি, শীতকাল বলিয়া গভীর রাত্রে কখনও বাহিরে আসি নাই কিংবা অন্য যে-কোন কারণেই হউক, ফুলকিয়া বইহারের পরিপূর্ণ জ্যোৎস্না-রাত্রির রূপ এই আমি প্রথম দেখিলাম।

দরজা খুলিয়া বাহিরে আসিয়া দাঁড়াইলাম। কেহ কোথাও নাই, সিপাহীরা সারাদিন আমোদ-প্রমোদের পরে ক্লাস্তদেহে ঘুমাইয়া পড়িয়াছে। নিঃশব্দ অরণ্যভূমি, নিস্তব্ধ জনহীন নিশীথরাত্রি। সে জ্যোৎস্না-রাত্রির বর্ণনা নাই। কখনও সে-রকম ছায়াবিহীন জ্যোৎস্না জীবনে দেখি নাই। এখানে খুব বড় বড় গাছ নাই, ছোটখাটো বনঝাউ ও কাশবন—তাহাতে তেমন ছায়া হয় না। চক্চকে সাদা বালি মিশানো জমি ও শীতের রৌদ্রে অর্ধশুষ্ক কাশবনে জ্যোৎস্না পড়িয়া এমন এক অপার্থিব সৌন্দর্যের সৃষ্টি করিয়াছে, যাহা দেখিলে মনে কেমন ভয় হয়। মনে কেমন যেন একটা উদাস বাঁধনহীন মুক্ত ভাব—মন হু-হু করিয়া ওঠে, চারিধারে চাহিয়া সেই নীরব নিশীথরাত্রে জ্যোৎস্নাভরা আকাশতলে দাঁড়াইয়া মনে হইল এক অজানা পরীরাজ্যে আসিয়া পড়িয়াছি—মানুষের কোন নিয়ম এখানে খাটিবে না। এই সব জনহীন স্থান গভীর রাতে জ্যোৎস্নালোকে পরীদের বিচরণভূমিতে পরিণত হয়, আমি অনধিকার প্রবেশ করিয়া ভাল করি নাই।

তাহার পর ফুলকিয়া বইহারের জ্যোৎস্নারাত্রি কতবার দেখিয়াছি—ফাঙ্কনের মাঝামাঝি যখন দুধলি ফুল ফুটিয়া সমস্ত প্রান্তরে যেন রঙিন ফুলের গালিচা বিছাইয়া দেয়, তখন কত জ্যোৎস্নাশুভ্র রাতে বাতাসে দুধলি ফুলের মিশ্র সুবাস প্রাণ ভরিয়া আত্মপ্রাণ করিয়াছি—প্রত্যেক বারেই মনে হইয়াছে জ্যোৎস্না যে এত অপরাধ হইতে পারে, মনে এমন ভয়মিশ্রিত উদাস ভাব আনিতে পারে, বাংলা দেশে থাকিতে তাহা তো কোনদিন ভাবিও নাই! ফুলকিয়ার সে জ্যোৎস্না-রাত্রির বর্ণনা দিবার চেষ্টা করিব না, সেরূপ সৌন্দর্যলোকের সহিত প্রত্যক্ষ পরিচয় যতদিন না হয় ততদিন শুধু কানে শুনিয়া বা লেখা পড়িয়া তাহা উপলব্ধি করা যাইবে না—করা সম্ভব নয়। অমন মুক্ত আকাশ, অমন নিস্তব্ধতা, অমন নির্জনতা, অমন দিগদিগন্ত-বিসর্পিত বনানীর মধ্যেই শুধু অমনতর রূপলোক ফুটিয়া উঠে। জীবনে একবারও সে জ্যোৎস্নারাত্রি দেখা উচিত; যে না দেখিয়াছে, ভগবানের সৃষ্টির একটি অপূর্ব রূপ তাহার নিকট চির-অপরিচিত রহিয়া গেল।

৫

একদিন ডিহি আজমাবাদের সার্ভে-ক্যাম্প হইতে ফিরিবার সময় সন্ধ্যার মুখে বনের মধ্যে পথ হারাইয়া ফেলিলাম। বনের ভূমি সর্বত্র সমতল নয়, কোথাও উঁচু জঙ্গলাবৃত্ত বালিয়াড়ি টিলা, তারপরই দুটি টিলার মধ্যবর্তী ছোটখাটো উপত্যকা। জঙ্গলের কিন্তু কোথাও কোন বিরাম নাই—টিলার মাথায় উঠিয়া চারিদিকে চাহিয়া দেখিলাম যদি কোন দিকে কাছারির মহাবীরের ধ্বংস আলো দেখা যায়—কোন দিকে আলোর চিহ্নও নাই—শুধু উঁচুনিচু টিলা ও ঝাউবন আর কাশবন—মাঝে মাঝে শাল ও আসান গাছের বনও আছে। দুই ঘণ্টা ঘুরিয়াও যখন জঙ্গলের কূলকিনারা পাইলাম না, তখন হঠাৎ মনে পড়িল নক্ষত্র দেখিয়া দিক ঠিক করি না কেন? গ্রীষ্মকাল, কালপুরুষ দেখি প্রায় মাথার উপর রহিয়াছে। বুঝিতে পারিলাম না কোন দিক হইতে আসিয়া কালপুরুষ মাথার উপর উঠিয়াছে—সপ্তর্ষিমণ্ডল খুঁজিয়া পাইলাম না। সূতরাং নক্ষত্রের সাহায্যে দিকনিরূপণের আশা পরিত্যাগ করিয়া ঘোড়াকে ইচ্ছামত ছাড়িয়া দিলাম। মাইল দুই গিয়া জঙ্গলের মধ্যে একটা আলো দেখা গেল। আলো লক্ষ্য করিয়া সেখানে উপস্থিত হইয়া দেখিলাম, জঙ্গলের মধ্যে কুড়ি বর্গহাত আন্দাজ পরিষ্কার স্থানে একটা খুব নিচু

ঘাসের খুপরি। কুঁড়ের সামনে গ্রীষ্মের দিনেও আশুন জ্বালানো। আশুনের নিকট হইতে একটু দূরে একটা লোক বসিয়া কি করিতেছে।

আমার ঘোড়ার পায়ের শব্দ শুনিয়া লোকটি চমকিয়া উঠিয়া দাঁড়াইয়া বলিল—কে? তার পরেই আমায় চিনিতে পারিয়া তাড়াতাড়ি কাছে আসিল ও আমাকে খুব খাতির করিয়া ঘোড়া হইতে নামাইল।

পরিশ্রান্ত হইয়াছিলাম, প্রায় ছ-ঘণ্টা আছি ঘোড়ার উপর, কারণ সার্ভে-ক্যাম্পেও আমিদের পিছু পিছু ঘোড়ায় টো টো করিয়া জঙ্গলের মধ্যে ঘুরিয়াছি। লোকটার প্রদত্ত একটা ঘাসের চেটেইয়ে বসিলাম। জিজ্ঞাসা করিলাম—তোমার নাম কি? লোকটা বলিল—গনু মাহাতো, জাতি গান্দোতা। এ অঞ্চলে গান্দোতা জাতির উপজীবিকা চাষবাস ও পশুপালন, তাহা আমি এতদিনে জানিয়াছিলাম—কিন্তু এ লোকটা এই জনহীন গভীর বনের মধ্যে একা কি করে?

বলিলাম—তুমি এখানে কি করো? তোমার বাড়ি কোথায়?

—ছজুর, মহিষ চরাই। আমার ঘর এখান থেকে দশ ক্রোশ উত্তরে ধরমপুর, লছমনিয়াটোলা।

—নিজের মহিষ? কতগুলো আছে?

লোকটা গর্বের সুরে বলিল—পাঁচটা মহিষ আছে ছজুর।

পাঁচটা মহিষ? দস্তুরমত অবাক হইলাম। দশ ক্রোশ দূরের গ্রাম হইতে পাঁচটা মাত্র মহিষ সম্বল করিয়া লোকটি এই বিজন বনের মধ্যে মহিষচরির খাজনা দিয়া একা খুপরি বাঁধিয়া মহিষ চরায়—দিনের পর দিন, মাসের পর মাস, এই ছোট্ট খুপরিটাতে কি করিয়া সময় কাটায়—কলিকাতা হইতে নতুন আসিয়াছি, শহরের থিয়েটার-বায়োস্কোপে লালিত সুবর্ক আমি—বুঝিতে পারিলাম না।

কিন্তু এদেশের অভিজ্ঞতা আরও বেশি হইলে বুঝিয়াছিলাম, কেন গনু মাহাতো ওভাবে থাকে। তাহার অন্য কোন কারণ নাই ইহা ছাড়া যে, গনু মাহাতোর জীবনের ধারণাই এইরূপ। যখন তাহার পাঁচটি মহিষ তখন তাহাদের চরাইতে হইবে, এবং যখন চরাইতে হইবে, তখন জঙ্গলে আছে, কুঁড়ে বাঁধিয়া একা থাকিতেই হইবে। এ অত্যন্ত সাধারণ কথা, ইহার মধ্যে আশ্চর্য হইবার কি আছে।

গনু কাঁচা শালপাতার একটি লম্বা পিকা বা চুরট তৈরি করিয়া আমার হাতে সসম্মানে দিয়া আমার অভ্যর্থনা করিল। আশুনের আলোতে উহার মুখ দেখিলাম—বেশ চওড়া কপাল, উঁচু নাক, রং কালো—মুখশ্রী সরল, শান্ত চোখের দৃষ্টি। বয়স ষাটের উপর হইবে, মাথার চুল একটিও কালো নাই। কিন্তু শরীর এমন সুগঠিত যে, এই বয়সেও প্রত্যেকটি মাংসপেশী আলাদা করিয়া গুনিয়া লওয়া যায়।

গনু আশুনে আরও বেশি কাঠ ফেলিয়া দিয়া নিজেও একটি শালপাতার পিকা ধরাইল। আশুনের আভায় খুপির মধ্যে এক-আধখানা পিতলের বাসন চক্ চক্ করিতেছে। আশুনের কুণ্ডের মণ্ডলীর বাহিরে ঘোরতর অন্ধকার ও ঘন বন। বলিলাম—গনু, একা এখানে থাক, জন্তু-জানোয়ারের ভয় করে না?

গনু বলিল—ভয় ডর করলে কি আমাদের চলে ছজুর? আমাদের যখন এই ব্যবসা! সেদিন তো রাত্রে আমার খুপির পেছনে বাঘ এসেছিল। মহিষের দুটো বাচ্চা আছে, ওদের ওপর তাক্। শব্দ শুনে রাত্রে উঠে টিন বাজাই, মশাল জ্বালি, চিৎকার করি। রাত্রে আর ঘুম হল না ছজুর; শীতকালে তো সারারাত এই বনে ফেট ডাকে।

—খাও কি এখানে? দোকান-টোকান তো নেই, জিনিসপত্র পাও কোথায়? চাল ডাল—

—হুজুর, দোকানে জিনিস কেনবার মত পয়সা কি আমাদের আছে, না আমরা বাঙালী বাবুদের মতো ভাত খেতে পাই? এই জঙ্গলের পেছনে আমার দু-বিঘে খেড়ী ক্ষেত আছে। খেড়ীর দানা সিদ্ধ, আর জঙ্গলে বাথুয়া শাক হয়, তাই সিদ্ধ, আর একটু লুন, এই খাই। ফাগুন মাসে জঙ্গলে শুড়মী ফল ফলে, লুন দিয়ে কাঁচা খেতে বেশ লাগে—লতানে গাছ, ছোট ছোট কাঁকুড়ের মতো ফল হয়; সে সময় এক মাস এ অঞ্চলের যত গরীব লোক শুড়মী ফল খেয়ে কাটিয়ে দেয়। দলে দলে ছেলেমেয়ে আসবে জঙ্গলের শুড়মী তুলতে।

জিজ্ঞাসা করিলাম—রোজ রোজ খেড়ীর দানা সিদ্ধ আর বাথুয়া শাক ভাল লাগে?

—কি করব হুজুর, আমরা গরীব লোক, বাঙালী বাবুদের মত ভাত খেতে পাব কোথায়? ভাত এ অঞ্চলের মধ্যে কেবল রাসবিহারী সিং আর নন্দলাল পাঁড়ে খায় দুবেলা। সারাদিন মহিষের পেছনে ভূতের মতন খাটি হুজুর, সন্ধ্যার সময় ফিরি যখন, তখন এত ক্ষিদে পায় যে, যা পাই খেতে তাই ভাল লাগে।

গনুকে বলিলাম—কলকাতা শহর দেখেছ গনু?

—না হুজুর। কানে শুনেছি। ভাগলপুর শহরে একবার গিয়েছি, বড় ভারী শহর। ওখানে হাওয়ার গাড়ি দেখেছি, বড় তাজ্জব চিজ হুজুর। ঘোড়া নেই, কিছু নেই, আপনা-আপনি রাস্তা দিয়ে চলছে।

এই বয়সে উহার স্বাস্থ্য দেখিয়া অবাধ হইলাম। সাহসও যে আছে, ইহা মনে মনে স্নিকার করিতে হইল।

গনুর জীবিকানির্বাহের একমাত্র অবলম্বন মহিষ কয়টি। তাদের দুধ অবশ্য এ-জঙ্গলে কেঁ কিনিবে, দুধ হইতে মাখন তুলিয়া ঘি করে ও দুতিন মাসের ঘি একত্রে জমাইয়া ন-মাইল দূরবর্তী ধরমপুরের বাজারে মাড়োয়ারীদের নিকট বিক্রয় করিয়া আসে। আর থাকিবার মধ্যে ওই দু-বিঘা খেড়ী অর্থাৎ শ্যামাঘাসের ক্ষেত, যার দানা সিদ্ধ এ-অঞ্চলের প্রায় সকল গরীব লোকেরই একটা প্রধান খাদ্য। গনু সে-রাত্রে আমাকে কাছারিতে পৌছাইয়া দিল, কিন্তু গনুকে আমার এত ভাল লাগিল যে, কতবার শান্ত বৈকালে তাহার খুপরের সামনে আশুন পোহাইতে পোহাইতে গল্প করিয়া কাটাইয়াছি। ওদেশের নানারূপ তথ্য গনুর কাছে যেরূপ শুনিয়াছিলাম, অত কেউ দিতে পারে নাই।

গনুর মুখে কত অদ্ভুত কথা শুনিলাম। উঁড়ু সপের কথা, জীবন্ত পাথর ও আঁতুড়ে ছেলের হাঁটিয়া বেড়াইবার কথা, ইত্যাদি। ওই নির্জন জঙ্গলের পারিপার্শ্বিক অবস্থার সঙ্গে গনুর সে-সব গল্প অতি উপাদেয় ও অতি রহস্যময় লাগিত—আমি জানি কলিকাতা শহরে বসিয়া সে-সব গল্প শুনিলে তাহা আজগুবি ও মিথ্যা মনে হইতে বাধ্য। যেখানে-সেখানে যে-কোন গল্প শোনা চলে না, গল্প শুনিবার পটভূমি ও পারিপার্শ্বিক অবস্থার উপর উহার মাধুর্য যে কতখানি নির্ভর করে, তাহা গল্পপ্রিয় ব্যক্তি মাত্রই জানেন। গনুর সকল অভিজ্ঞতার মধ্যে আমার আশ্চর্য বলিয়া মনে হইয়াছিল বন্যমহিষের দেবতা টাড়াবারোঁর কথা।

কিন্তু, যেহেতু এই গল্পের একটি অদ্ভুত উপসংহার আছে—সেজন্য সে-কথা এখন না বলিয়া যথাস্থানে বলিব। এখানে বলিয়া রাখি, গনু আমাকে যে-সব গল্প বলিত—তাহা রূপকথা নহে, তাহার ব্যক্তিগত অভিজ্ঞতার বিষয়। গনু জীবনকে দেখিয়াছে তবে অন্যভাবে। অরণ্য-প্রকৃতির ঘনিষ্ঠ সংস্পর্শে আজীবন কাটাইয়া সে অরণ্য-প্রকৃতি সম্বন্ধে একজন রীতিমত

বিশেষজ্ঞ ব্যক্তি। তাহার কথা হঠাৎ উড়াইয়া দেওয়া চলে না। মিথ্যা বানাইয়া বলিবার মত কল্পনাশক্তিও গনুর আছে বলিয়া আমার মনে হয় নাই।

তৃতীয় পরিচ্ছেদ

১

গ্রীষ্মকাল পড়িতে গ্র্যান্ট সাহেবের বটগাছের মাথায় পীরপৈতি পাহাড়ের দিক হইতে একদল বক উড়িয়া আসিয়া বসিল, দূর হইতে মনে হয় যেন বটগাছের মাথা সাদা থোকা থোকা ফুলে ভরিয়া গিয়াছে।

একদিন অর্ধশঙ্ক কাশের বনের ধারে টেবিল-চেয়ার পাতিয়া কাজ করিতেছি, মুনেশ্বর সিং সিপাহী আসিয়া বলিল—হজুর, নন্দলাল ওঝা গোলাওয়ালা আপনার সঙ্গে দেখা করতে এসেছে।

একটু পরে প্রায় পঞ্চাশ বছরের একটি বৃদ্ধ ব্যক্তি আমার সামনে আসিয়া সেলাম করিল ও আমার নির্দেশমতো একটা টুলের উপর বসিল। বসিয়াই সে একটি পশমের থলি বাহির করিল। তাহার পর থলোটর ভিতর হইতে খুব ছোট একখানি জাঁতি ও দুইটি সুপারি বাহির করিয়া সুপারি কাটিতে আরম্ভ করিল। পরে কাটা সুপারি হাতে রাখিয়া দুই হাত একত্র করিয়া আমার সামনে মেলিয়া ধরিয়া সসন্ত্রমে বলিল—সুপারি লিজিয়ে হজুর।

সুপারি ও-ভাবে খাওয়া অভ্যাস না থাকিলেও ভদ্রতার খাতিরে লইলাম। জিজ্ঞাসা করিলাম—কোথা হতে আসা হচ্ছে, কি কাজ?

তাহার উত্তরে লোকটি বলিল, তাহার নাম নন্দলাল ওঝা, মৈথিল ব্রাহ্মণ। জঙ্গলের উত্তর-পূর্ব কোণে কাছারি হইতে প্রায় এগার মাইল দূরে সুংঠিয়াদিয়ারাতে তাহার বাড়ি। বাড়িতে চাষবাস আছে, কিছু সুদের কারবারও আছে—সে আসিয়াছে তার বাড়িতে আগামী পূর্ণিমার দিন আমায় নিমন্ত্রণ করিতে—আমি কি তাহার বাড়িতে দয়া করিয়া পদধূলি দিতে রাজি আছি? এ সৌভাগ্য কি তাহার হইবে?

এগার মাইল দূরে এই রৌদ্রে নিমন্ত্রণ খাইতে যাইবার লোভ আমার ছিল না—কিন্তু নন্দলাল ওঝা নিতান্ত পীড়াপীড়ি করাতে অগত্যা রাজি হইলাম—তা ছাড়া এদেশের গৃহস্থ-সংসার সম্বন্ধে অভিজ্ঞতা সঞ্চয় করিবার লোভও সংবরণ করিতে পারিলাম না।

পূর্ণিমার দিন দুপুরের পরে দীর্ঘ কাশের জঙ্গলের মধ্য দিয়া কাহাদের একটি হাতি আসিতেছে দেখা গেল। হাতি কাছারিতে আসিলে মাছতের মুখে শুনিলাম হাতিটি নন্দলাল ওঝার নিজের—আমাকে লইয়া যাইতে পাঠাইয়া দিয়াছে। হাতি পাঠাইবার আবশ্যক ছিল না—কারণ আমার নিজের ঘোড়ায় অপেক্ষাকৃত অল্প সময়ে পৌঁছিতে পারিতাম।

যাহাই হউক, হাতিতে চড়িয়াই নন্দলালের বাড়িতে রওনা হইলাম। সবুজ বনশীর্ষ আমার পায়ের তলায়, আকাশ যেন আমার মাথায় ঠেকিয়াছে—দূর, দূর-দাঁগুস্তের নীল শৈলমালার রেখা বনভূমিকে ঘিরিয়া যেন মায়ালোক রচনা করিয়াছে—আমি সে-মায়ালোকের অধিবাসী—বহু দূর স্বর্গের দেবতা। কত মেঘের তলায় তলায় পৃথিবীর কত শ্যামল বনভূমির উপরকার নীল বায়ুমণ্ডল ভেদ করিয়া যেন আমার অদৃশ্য যাতায়াত।

পথে চাম্‌টার বিল পড়িল, শীতের শেষেও সিল্লী আর লাল হাঁসের ঝাঁকে ভর্তি। আর একটু গরম পড়িলেই উড়িয়া পলাইবে। মাঝে মাঝে নিতান্ত দরিদ্র পল্লী। ফণীমনসা-ঘেরা তামাকের ক্ষেত ও খোলায় ছাওয়া দীন-কুটার।

সুংঠিয়া গ্রামে হাতি ঢুকিলে দেখা গেল পথের দু-ধারে সারবন্দী লোক দাঁড়াইয়া আছে আমায় অভ্যর্থনা করিবার জন্য। গ্রামে ঢুকিয়া অল্প দূর পরেই নন্দলালের বাড়ি।

খোলায় ছাওয়া মাটির ঘর আট-দশখানা—সবই পৃথক পৃথক, প্রকাণ্ড উঠানের মধ্যে ইতস্তত ছড়ানো। আমি বাড়িতে ঢুকিতেই দুই বার হঠাৎ বন্দুকের আওয়াজ হইল। চমকাইয়া গিয়াছি—এমন সময়ে সহস্রাধিক নন্দলাল ওঝা আসিয়া আমায় অভ্যর্থনা করিয়া বাড়িতে লইয়া গিয়া একটা বড় ঘরের দাওয়ায় চেয়ারে বসাইল। চেয়ারখানি এদেশের শিশুকাঠের তৈয়ারি এবং এদেশের গ্রাম্য মিস্ত্রীর হাতেই গড়া। তাহার পর দশ-এগার বছরের একটি ছোট মেয়ে আসিয়া আমার সামনে একখানা থালা ধরিল—খালায় গোটাকতক আস্ত পান, আস্ত সুপারি, একটা মধুপর্কের মতো ছোট বাটিতে সামান্য একটু আতর, কয়েকটি শুষ্ক খেজুর ; ইহা লইয়া কি করিতে হয় আমার জানা নাই—আমি আনাড়ির মতো হাসিলাম ও বাটি হইতে আঙুলের আগায় একটু আতর তুলিয়া লইলাম মাত্র। মেয়েটিকে দু’একটি ভদ্রতাসূচক মিস্ত্রী কথাও বলিলাম। মেয়েটি থালা আমার সামনে রাখিয়া চলিয়া গেল।

তারপর খাওয়ানোর ব্যবস্থা। নন্দলাল যে ঘটা করিয়া খাওয়ানোর ব্যবস্থা করিয়াছে, তাহা আমার ধারণা ছিল না। প্রকাণ্ড কাঠের পিঁড়ির আসন পাতা—সম্মুখে এমন আকারের একখানি পিতলের থালা আসিল, যাহাতে করিয়া আমাদের দেশে দুর্গাপূজার বড় নৈবেদ্য সাজায়। খালায় হাতির কানের মত পুরী, বাথুয়া শাক ভাজা, পাকা শশার রায়তা, কাঁচা তেঁতুলের ঝোল, মহিষের দুধের দই, পেঁড়া। খাবার জিনিসের এমন অদ্ভুত যোগাযোগ কখনও দেখি নাই। আমায় দেখিবার জন্য উঠানে লোকে লোকারণ্য হইয়া গিয়াছে ও আমার দিকে এমন ভাবে চাহিতেছে যে, আমি যেন এক অদৃষ্টপূর্ব জীব। শুনিলাম ইহারা সকলেই নন্দলালের প্রজা।

সন্ধ্যার পূর্বে উঠিয়া আসিবার সময় নন্দলাল একটি ছোট থলি আমার হাতে দিয়া বলিল—হুজুরের নজর। আশ্চর্য হইয়া গেলাম। থলিতে অনেক টাকা, পঞ্চাশের কম নয়। এত টাকা কেহ কাহাকেও নজর দেয় না, তাছাড়া নন্দলাল আমার প্রজাও নয়। নজর প্রত্যাখ্যান করাও গৃহস্থের পক্ষে নাকি অপমানজনক—সুতরাং আমি থলি খুলিয়া একটা টাকা লইয়া থলিটা তাহার হাতে ফিরাইয়া দিয়া বলিলাম—তোমার ছেলেপুলেদের পেঁড়া খাইতে দিও।

নন্দলাল কিছুতেই ছাড়িবে না—আমি সে-কথায় কান না দিয়াই বাহিরে আসিয়া হাতির পিঠে চড়িলাম।

পরদিনই নন্দলাল ওঝা আমার কাছারিতে গেল, সঙ্গে তাহার বড় ছেলে। আমি তাহাদিগকে সমাদর করিলাম—কিন্তু খাইবার প্রস্তাবে তাহারা রাজি হইল না। শুনিলাম মৈথিল ব্রাহ্মণ অন্য ব্রাহ্মণের হস্তের প্রস্তুত কোন খাবারই খাইবে না। অনেক বাজে কথার পরে নন্দলাল একান্তে আমার নিকট কথা পাড়িল, তাহার বড় ছেলে ফুলকিয়া বইহারের তহশীলদারির জন্য উমেদার—তাহাকে আমায় বহাল করিতে হইবে। আমি বিস্মিত হইয়া বলিলাম—কিন্তু ফুলকিয়ার তহশীলদার তো আছে—সে পোস্ট তো খালি নেই। তাহার উত্তরে নন্দলাল আমাকে চোখ ঠারিয়া ইশারা করিয়া বলিল, হুজুর, মালিক তো আপনি। আপনি মনে করলে কি না হয়?

আমি আরও অবাক হইয়া গেলাম। সে কি রকম কথা! ফুলকিয়ার তহশীলদার ভালই কাজ করিতেছে—তাহাকে ছাড়াইয়া দিব কোন অপরাধে?

নন্দলাল বলিল—কত রূপেয়া হুজুরকে পান খেতে দিতে হবে বলুন, আমি আজ সাজেই

হুজুরকে পৌছে দেব। কিন্তু আমার ছেলেকে তহশীলদারি দিতে হবেই হুজুরের। বলুন কত, হুজুর। পাঁচ-শ?... এতক্ষণে বেশ বুঝিতে পারিলাম, নন্দলাল যে আমাকে কাল নিমন্ত্রণ করিয়াছিল তাহার প্রকৃত উদ্দেশ্য কি। এদেশের লোক যে এমন খড়িবাজ, তাহা জানিলে কখনও ওখানে যাই? আচ্ছা বিপদে পড়িয়াছি বটে!

নন্দলালকে স্পষ্ট কথা বলিয়াই বিদায় করিলাম। বুবিলাম নন্দলাল আশা ছাড়িল না।

আর একদিন দেখি, ঘন বনের ধারে নন্দলাল আমার অপেক্ষায় দাঁড়াইয়া আছে।

কি কুক্ষণেই উহার বাড়িতে নিমন্ত্রণ খাইতে গিয়াছিলাম—দুখানা পুরী খাওয়াইয়া সে যে আমার জীবন এমন অতিষ্ঠ করিয়া তুলিবে—তাহা আগে জানিলে কি উহার ছায়া মাড়াই?

নন্দলাল আমাকে দেখিয়া মিষ্টি মোলায়েম হাসিয়া বলিল—নোমোস্কার হুজুর।

—হঁ। তার পর এখানে কি মনে করে?

—হুজুর সবই জানেন। আমি আপনাকে বারো-শ' টাকা নগদ দেব। আমার ছেলেকে কাজে লাগিয়ে দিন।

—তুমি পাগল নন্দলাল? আমি বহাল করবার মালিক নই। যাদের জমিদারি, তাদের কাছে দরখাস্ত করতে পারো। তাছাড়া বর্তমানে যে রয়েছে—তাকে ছাড়াব কোন্ অপরাধে?

বলিয়াই বেশি কথা না বাড়াইয়া ঘোড়া ছুটাইয়া দিলাম।

ক্রমে আমার কড়া ব্যবহারে নন্দলালকে আমি আমার ও স্টেটের মহাসক্র করিয়া তুলিলাম। তখনও বুঝি নাই, নন্দলাল কিরূপ ভয়ানক প্রকৃতির মানুষ। ইহার ফল আমাকে ভাল করিয়াই ভুগিতে হইয়াছিল।

২

উনিশ মাইল দূরবর্তী ডাকঘর হইতে ডাক আনা এখানকার এক অতি আবশ্যিক ঘটনা। অতদূরে প্রতিদিন লোক পাঠানো চলে না বলিয়া সপ্তাহে দুবার মাত্র ডাকঘরে লোক যাইত। মধ্য-এশিয়ার জনহীন, দুস্তর ও ভীষণ টাকলামাকান মরুভূমির তাঁবুতে বসিয়া বিখ্যাত পর্যটক সোয়েন হেডিনও বোধ হয় এমনি আগ্রহে ডাকের প্রতীক্ষা করিতেন। আজ আট-নয় মাস এখানে আসিবার ফলে দিনের পর দিন, রাতের পর রাত এই জনহীন বন-প্রান্তরে সূর্যাস্ত, নক্ষত্ররাজি, চাঁদের উদয়, জ্যোৎস্না ও বনের মধ্যে নীলগাইয়ের দৌড় দেখিতে দেখিতে যে-বহির্জগতের সঙ্গে সকল যোগ হারাইয়া ফেলিয়াছি—ডাকের চিঠি কয়খানির মধ্য দিয়া আবার তাহার সহিত একটা সংযোগ স্থাপিত হইত।

নির্দিষ্ট দিনে জওয়াহিরলাল সিং ডাক আনিতে গিয়াছে। আজ দুপুরে সে আসিবে। আমি ও বাঙালী মুহুরী বাবুটি ঘন ঘন জঙ্গলের দিকে চাহিতেছি। কাছারি হইতে মাইল দেড় দূরে একটা উঁচু টিবিবর উপর দিয়া পথ। ওখানে আসিলে জওয়াহিরলাল সিংকে বেশ স্পষ্ট দেখা যায়।

বেলা দুপুর হইয়া গেল। জওয়াহিরলালের দেখা নাই। আমি ঘন ঘন ঘর-বাহির করিতেছি। এখানে আপিসের কাজের সংখ্যা নিতান্ত কম নয়। বিভিন্ন আমিনের রিপোর্ট দেখা, দৈনিক ক্যাশবই সহ করা, সদরের চিঠি-পত্রের উত্তর লেখা, পাটোয়ারী ও তহশীলদারদের আদায়ের হিসাব-পরীক্ষা, নানাবিধ দরখাস্তের ডিক্রি ডিসমিস করা, পুণিয়া, মুন্সের, ভাগলপুর প্রভৃতি স্থানে নানা আদালতে নানাপ্রকার মামলা ঝুলিতেছে—এ সকল স্থানের উকীল ও মামলা-তদ্বিরকারকদের

রিপোর্ট পাঠ ও তার উত্তর দেওয়া—আরও নানা প্রকার বড় ও খুচরা কাজ প্রতিদিন নিয়মমত না করিলে দু-তিনদিনে এত জমিয়া যায় যে, তখন কাজ শেষ করিতে প্রাণান্ত হইয়া উঠে। ডাক আসিবার সঙ্গে সঙ্গে আবার একরাশি কাজ আসিয়া পড়ে। শহরের নানা ধরনের চিঠি, নানা ধরনের আদেশ, অমুক জায়গায় যাও, অমুকের সঙ্গে অমুক মহালের বন্দোবস্ত কর, ইত্যাদি।

বেলা তিনটার সময় জওয়াহিরলালের সাদা পাগড়ি রৌদ্রে চকচক করিতেছে দেখা গেল। বাঙালী মুহুরীবাবু হাঁকিলেন—ম্যানেজারবাবু, আসুন, ডাকপেয়াদা আসছে—এঁ যে—

আপিসের বাহিরে আসিলাম। ইতিমধ্যে জওয়াহিরলাল আবার ঢিবি হইতে নামিয়া জঙ্গলের মধ্যে ঢুকিয়া পড়িয়াছে। আমি অপেরাঙ্গাস আনাইয়া দেখিলাম, দূরে জঙ্গলের মধ্যে দীর্ঘ দীর্ঘ ঘাসের ও বনবাউয়ের মধ্যে সে আসিতেছে বটে। আর আপিসের কাজে মন বসিল না। সে কি আকুল প্রতীক্ষা! যে জিনিস যত দুষ্প্রাপ্য, মানুষের মনের কাছে তাহার মূল্য তত বেশি। এ কথা খুবই সত্য যে, এই মূল্য মানুষের মন-গড়া একটি কৃত্রিম মূল্য, প্রার্থিত জিনিসের সত্যকার উৎকর্ষ বা অপকর্ষের সঙ্গে এর কোনও সম্বন্ধ নাই। কিন্তু জগতের অধিকাংশ জিনিসের উপরই একটা কৃত্রিম মূল্য আরোপ করিয়াই তো আমরা তাকে বড় বা ছোট করি।

জওয়াহিরলালকে কাছারির সামনে একটা অপারিসর বালুময় নাবাল জমির ও-পারে দেখা গেল। আমি চেয়ার ছাড়িয়া উঠিলাম। মুহুরীবাবু আগাইয়া গেলেন। জওয়াহিরলাল আসিয়া সেলাম করিয়া দাঁড়াইল এবং পকেট হইতে চিঠির তাড়া বাহির করিয়া মুহুরীবাবুর হাতে দিল।

আমারও খান-দুই পত্র আছে—অতি পরিচিত হাতের লেখা। চিঠি পড়িতে পড়িতে চারিপাশের জঙ্গলের দিকে চাহিয়া নিজেই অবাক হইয়া গেলাম। কোথায় আছি, কখনও ভাবি নাই আমি এখানে কোনদিন থাকিব, কলিকাতার আড্ডা ছাড়িয়া এমন জায়গায় দিনের পর দিন কাটািব। একখানা বিলাতী ম্যাগাজিনের গ্রাহক হইয়াছি, আজ সেখানা আসিয়াছে। মোড়কের উপরে লেখা “উড়ো জাহাজের ডাকে”। জনাকীর্ণ কলিকাতা শহরের বৃকে বসিয়া বিংশ শতাব্দীর এই বৈজ্ঞানিক আবিষ্কারের সুখ কি বুঝা যাইবে? এখানে—এই নির্জন বন-প্রদেশে—সকল বিষয়েই ভাবিবার ও অবাক হইবার অবকাশ আছে—এখানকার পারিপার্শ্বিক অবস্থা সে-অনুভূতি আনয়ন করে।

যদি সত্য কথা বলিতে হয়, জীবনে ভাবিয়া দেখিবার শিক্ষা এইখানে আসিয়াই পাইয়াছি। কত কথা মনে জাগে, কত পুরনো কথা মনে হয়—নিজের মনকে এমন করিয়া কখনও উপভোগ করি নাই। এখানে সহস্র প্রকার অসুবিধার মধ্যেও সেই আনন্দ আমাকে যেন একটা নেশার মত পাইয়া বসিতেছে দিন দিন।

অথচ সত্যই আমি প্রশান্ত মহাসমুদ্রের কোনও জনহীন দ্বীপে একা পরিত্যক্ত হই নাই। বোধ হয় ত্রিশ-বত্রিশ মাইলের মধ্যে রেল স্টেশন। সেখানে ট্রেনে চড়িয়া একঘণ্টার মধ্যে পূর্ণিয়া যাইতে পারি—তিন ঘণ্টার মধ্যে মুঙ্গের যাইতে পারি। কিন্তু প্রথম তো রেল-স্টেশনে যাইতেই বেজায় কষ্ট—সেকস্ট স্বীকার করিতে পারি, যদি পূর্ণিয়া বা মুঙ্গের শহরে গিয়া কিছু লাভ থাকে। এমনি দেখিতেছি কোনও লাভই নাই, না আমাকে সেখানে কেউ চেনে, না আমি কাউকে চিনি। কি হইবে গিয়া?

কলিকাতা হইতে আসিয়া বই আর বন্ধু-বান্ধবের সঙ্গে গল্প ও আলোচনার অভাব এত বেশি অনুভব করি যে কতবার ভাবিয়াছি এ জীবন আমার পক্ষে অসহ্য। কলিকাতাতেই আমার সব, পূর্ণিয়া বা মুঙ্গেরে কে আছে যে সেখানে যাইব? কিন্তু সদর-আপিসের বিনা অনুমতিতে কলিকাতায় যাইতে পারি না—তাছাড়া অর্থব্যয়ও এত বেশি যে দু-পাঁচ দিনের জন্য যাওয়া পোষায় না।

কয়েক মাস সুখে-দুখে কাটিবার পর চৈত্র মাসের শেষ হইতে এমন একটা কাণ্ডের সূত্রপাত হইল, যাহা আমার অভিজ্ঞতার মধ্যে কখনও ছিল না। পৌষ মাসে কিছু কিছু বৃষ্টি পড়িয়াছিল, তার পর হইতেই ঘোর অনাবৃষ্টি দেখা দিল। মাঘ মাসে বৃষ্টি নাই, ফাল্গুনে না, চৈত্রে না, বৈশাখে না। সঙ্গে সঙ্গে যেমন অসহ্য গ্রীষ্ম, তেমনি নিদারুণ জলকষ্ট।

সাদা কথায় গ্রীষ্ম বা জলকষ্ট বলিলে এ বিভীষিকাময় প্রাকৃতিক বিপর্যয়ের স্বরূপ কিছুই বোঝানো যাইবে না। উত্তরে আজমাবাদ হইতে দক্ষিণে কিষণপুর—পূর্বে ফুলকিয়া বইহার ও লবটুলিয়া হইতে পশ্চিমে মুঙ্গের জেলার সীমানা পর্যন্ত সারা জঙ্গল মহালের মধ্যে যেখানে যত খাল, ডোবা, কুণ্ডী অর্থাৎ বড় জলাশয় ছিল—সব গেল শুকাইয়া। কুয়া খুঁড়িলে জল পাওয়া যায় না—যদি বা বালির উনুই হইতে কিছু কিছু জল ওঠে, ছোট এক বালতি জল কুয়ায় জমিতে এক ঘণ্টার উপর সময় লাগে। চারিধারে হাহাকার পড়িয়া গিয়াছে। পূর্বে একমাত্র কুশী নদী ভরসা—সে আমাদের মহালের পূর্বতম প্রান্ত হইতে সাত আট মাইল দূরে বিখ্যাত মোহনপুরা রিজার্ভ ফরেস্টের ওপারে। আমাদের জমিদারি ও মোহনপুরা অরণ্যের মধ্যে একটা ছোট পাহাড়ী নদী নেপালের তরাই অঞ্চল হইতে বহিয়া আসিতেছে—কিন্তু বর্তমানে শুধু শুষ্ক বালুময় খাতে তাহার উপলঢাকা চরণটিহ বিদ্যমান। বালি খুঁড়িলে যে জলটুকু পাওয়া যায়, তাহারই লোভে কত দূরের গ্রাম হইতে মেয়েরা কলসী লইয়া আসে ও সারা দুপুর বালি-কাদা ছানিয়া আধ-কলসীটাক ঘোলা জল লইয়া বাড়ি ফিরে।

কিন্তু পাহাড়ী নদী—স্থানীয় নাম মিছি নদী—আমাদের কোনও কাজে আসে না—কারণ আমাদের মহাল হইতে বহু দূরে। কাছারিতেও কোন বড় ইঁদারা নাই—ছোট যে বালির পাতকুয়াটি আছে, তাহা হইতে পানীয় জলের সংস্থান হওয়াই বিষম সমস্যার কথা দাঁড়াইল। তিন বালতি জল সংগ্রহ করিতে দুপুর ঘুরিয়া যায়।

দুপুরে বাহিরে দাঁড়াইয়া তাশ্রাভ অগ্নিবর্ষী আকাশ ও অর্ধশুক বনঝাউ ও লম্বা ঘাসের বন দেখিতে ভয় করে—চারিধার যেন দাউ দাউ করিয়া জ্বলিতেছে, মাঝে মাঝে আশুনের হল্কার মত তপ্ত বাতাস সর্বাঙ্গ বলসাইয়া বহিতেছে—সূর্যের এ রূপ, দ্বিপ্রহরের রৌদ্রের এ ভয়ানক রুদ্র রূপ কখনও দেখি নাই, কল্পনাও করি নাই। এক-এক দিন পশ্চিম দিক হইতে বালির ঝড় বয়—এ সব দেশে চৈত্র-বৈশাখ মাস পশ্চিমে বাতাসের সময়—কাছারি হইতে এক-শ' গজ দূরের জিনিস ঘন বালি ও ধূলিরাশির আড়ালে ঢাকিয়া যায়।

অর্ধেক দিন রামধনিয়া টহলদার আসিয়া জানায়—কুঁয়ামে পানি নেই ছে, হুজুর। কোন-কোন দিন ঘণ্টাখানেক ধরিয়া ছানিয়া ছানিয়া বালির ভিতর হইতে আধ বালতি তরল কদম স্নানের জন্য আমার সামনে আনিয়া ধরে। সে ভয়ানক গ্রীষ্মে তাহাই তখন অমূল্য।

একদিন দুপুরের পরে কাছারির পিছনে একটা হরীতকী গাছের তলায় স্বপ্ন ছায়ায় দাঁড়াইয়া আছি—হঠাৎ চারিধারে চাহিয়া মনে হইল দুপুরের এমন চেহারা কখনও দেখি তো নাই-ই, এ জায়গা হইতে চলিয়া গেলে আর কোথাও দেখিবও না। আজন্ম বাংলা দেশের দুপুর দেখিয়াছি—জ্যৈষ্ঠ মাসের খররৌদ্রভরা দুপুর দেখিয়াছি—কিন্তু এ রুদ্রমূর্তি তাহার নাই। এ ভীম-ভৈরব রূপ আমাকে মুগ্ধ করিল। সূর্যের দিকে চাহিয়া দেখিলাম, একটা বিরাট অগ্নিকুণ্ড—

ক্যালসিয়াম পুড়িতেছে, হাইড্রোজেন পুড়িতেছে, লোহা পুড়িতেছে, নিকেল পুড়িতেছে, কোবাল্ট পুড়িতেছে—জানা-অজানা শত শত রকমের গ্যাস ও ধাতু কোটি যোজন ব্যাসযুক্ত দীপ্ত ফার্নেসে একসঙ্গে পুড়িতেছে—তারই ধূ-ধূ আওনের চেউ অসীম শূন্যের ঈথারের স্তর ভেদ করিয়া ফুলকিয়া বইহার ও লোপাইটোলার তৃণভূমিতে বিস্তীর্ণ অরণ্যে আসিয়া লাগিয়া, প্রতি তৃণপত্রের শিরা-উপশিরার সব রসটুকু শুকাইয়া বামা করিয়া, দিগ্দিগন্ত বলসাইয়া পুড়াইয়া শুরু করিয়াছে ঋৎসের এক তাণ্ডব-লীলা। চাহিয়া দেখিলাম দূরে দূরে প্রান্তরের সর্বত্র কম্পমান তাপ-তরঙ্গ ও তাহার ওধারে তাপজনিত একটি অস্পষ্ট কুয়াশা। গ্রীষ্ম-দুপুরে কখনও এখানে আকাশ নীল দেখিলাম না—তাম্রাভ, কটা—শূন্য, একটি চিল-শকুনিও নাই—পাখির দল দেশ ছাড়িয়া পলাইয়াছে। কি অদ্ভুত সৌন্দর্য ফুটিয়াছে এই দুপুরের! খর উত্তাপকে অগ্রাহ্য করিয়া সেই হরীতকীতলায় দাঁড়াইয়া রহিলাম কতক্ষণ। সাহারা দেখি নাই, সোয়েন হেডিনের বিখ্যাত টাকলামাকান্ মরুভূমি দেখি নাই, গোবি দেখি নাই—কিন্তু এখানে মধ্যাহ্নের এই রুদ্রভৈরব রূপের মধ্যে সে-সব স্থানের অস্পষ্ট আভাস ফুটিয়া উঠিল।

কাছারি হইতে তিন মাইল দূরে একটি বনে-ঘেরা ক্ষুদ্র কুণ্ডিতে সামান্য একটু জল ছিল, কুণ্ডীটাতে গত বর্ষার জলে খুব মাছ হইয়াছিল বলিয়া শুনিয়াছিলাম—খুব গভীর বলিয়া এই অনাবৃষ্টিতেও তাহার জল একেবারে শুকাইয়া যায় নাই। কিন্তু সে জলে কাহারও কোন কাজ হয় নাই—প্রথমত, তার কাছাকাছি অনেক দূর লইয়া কোন মানুষের বসতি নাই—দ্বিতীয়ত, জল ও তীরভূমির মধ্যে কাদা এত গভীর যে, কোমর পর্যন্ত বসিয়া যায়—কলসীতে জল পুরিয়া পুনরায় তীরে উত্তীর্ণ হইবার আশা বড়ই কম। আর একটি কারণ এই যে, জলটা খুব ভাল নয়—স্নান বা পানের আদৌ উপযুক্ত নয়, জলের সঙ্গে কি জিনিস মিশানো আছে জানি না—কিন্তু কেমন একটা অপ্রীতিকর ধাতব গন্ধ।

একদিন সন্ধ্যায় পশ্চিমে বাতাস ও উত্তাপ কম পড়িয়া গেলে ঘোড়ায় বাহির হইয়া ঐ কুণ্ডীটার পাশের উঁচু বালিয়াড়ি ও বন-ঝাড়য়ের জঙ্গলের পথে উপস্থিত হইয়াছি। পিছনে গ্র্যান্ট সাহেবের সেই বড় বটগাছের আড়ালে সূর্য অস্ত হইতেছিল। কাছারির খানিকটা জল বাঁচাইবার জন্য ভাবিলাম, এখানে ঘোড়াটাকে একবার জল খাওয়াইয়া লই। যত কাদা হোক, ঘোড়া ঠিক উঠিতে পারিবে। জঙ্গল পার হইয়া কুণ্ডীর ধারে গিয়া এক অদ্ভুত দৃশ্য চোখে পড়িল। কুণ্ডীর চারিদিকে কাদার উপর আট-দশটা ছোট বড় সাপ, অন্য দিকে তিনটা প্রকাণ্ড মহিষ একসঙ্গে জল খাইতেছে। সাপগুলি প্রত্যেকটি বিষাক্ত, করাত ও শঙ্খচিতি শ্রেণীর, যাহা এদেশে সাধারণত দেখা যায়।

মহিষ দেখিয়া মনে হইল, এ ধরনের মহিষ আমি আর কখনও দেখি নাই। প্রকাণ্ড এক জোড়া শিং, গায়ে লম্বা লম্বা লোম—বিপুল শরীর। কাছেও কোনো লোকালয় বা মহিষের বাখান নাই—তবে এ মহিষ কোথা হইতে আসিল বুঝিয়া উঠিতে পারিলাম না। ভাবিলাম, চরির খাজনা ফাঁকি দিবার উদ্দেশ্যে কেহ লুকাইয়া হয়তো জঙ্গলের মধ্যে কোথাও বা বাখান করিয়া থাকিবে। কাছারির কাছাকাছি আসিয়াছি, মুনেশ্বর সিং চাকলাদারের সহিত দেখা। তাহাকে কথটা বলিতেই সে চমকিয়া উঠিল—আরে সর্বনাশ! বলেন কি হুজুর! হনুমানজী খুব বাঁচিয়ে দিয়েছেন আজ! ও পোষা ভঁইস্ নয়, ও হ'ল আড়ন, বুনো ভঁইস্ হুজুর, মোহনপুরা জঙ্গল থেকে এসেছে জল খেতে। ও অঞ্চলে কোথাও জল নেই তো! জলকষ্টে পড়ে এসেছে।

কাছারিতে কথাটা তখনই রাষ্ট্র হইয়া গেল। সকলেই এক বাক্যে বলিল—উঃ, হুজুর খুব বেঁচে গিয়েছেন। বাঘের হাতে পড়লে বরং রক্ষা পাওয়া যেতে পারে, বুনো মহিষের হাতে পড়লে নিস্তার নেই। আর এই সন্ধ্যাবেলা ওই নির্জন জায়গায় যদি একবার আপনাকে ওরা তাড়া করত, ঘোড়া ছুটিয়ে বাঁচতে পারতেন না হুজুর।

তারপর হইতে জঙ্গলে—ঘেরা ওই ছোট কুণ্ডীটা বন্য জানোয়ারের জলপানের একটা প্রধান আড্ডা হইয়া দাঁড়াইল। অনাবৃষ্টি যত হইতে লাগিল, রৌদ্রের ক্রমবর্ধমান প্রখরতায় দিক্‌দিগন্তে দাবদাহ যত প্রচণ্ড হইয়া উঠিতে লাগিল, খবর আসিতে লাগিল সেই জঙ্গলের মধ্যে কুণ্ডীতে লোকে বাঘকে জল খাইতে দেখিয়াছে, বন-মহিষকে জল খাইতে দেখিয়াছে, হরিণের পালকে জল খাইতে দেখিয়াছে, নীল গাই ও বুনো শয়োর তো আছেই—কারণ শেষের দুই প্রকার জানোয়ার এ জঙ্গলে অত্যন্ত বেশী। আমি নিজে আর একদিন জ্যোৎস্না-রাত্রে ঘোড়ায় করিয়া কুণ্ডীতে যাই শিকারের উদ্দেশ্যে—সঙ্গে তিন-চারজন সিপাহী ছিল—দু-তিনটি বন্দুকও ছিল। সে যা দৃশ্য দেখিয়াছিলাম সে রাত্রে, জীবনে ভুলিবার নয়। তাহা বুঝিতে হইলে কল্পনা ছবি আঁকিয়া লইতে হইবে এক জনহীন জ্যোৎস্নাময়ী রাত্রি ও বিস্তীর্ণ বনপ্রান্তরের। আরও কল্পনা করিয়া লইতে হইবে সারা বনভূমি ব্যাপিয়া এক অদ্ভুত নিস্তরুতার, অভিজ্ঞতা না থাকিলে যদিও সে নিস্তরুতা কল্পনা করা প্রায় অসম্ভব।

উষ্ণ বাতাস অর্ধশুষ্ক কাশ-ডাঁটার গন্ধে নিবিড় হইয়া উঠিয়াছে, লোকালয় হইতে বহুদূরে আসিয়াছি, দিগ্বিদিকের জ্ঞান হারাইয়া ফেলিয়াছি।

কুণ্ডীতে প্রায় নিঃশব্দে জল খাইতেছে একদিকে দুটি নীল গাই, অন্য দিকে দুটি হায়েনা, নীল গাই দুটি একবার হায়েনাদের দিকে চাহিতেছে, হায়েনারা একবার নীল গাই দুটির দিকে চাহিতেছে—আর দু-দলের মাঝখানে দু-তিন মাস বয়সের এক ছোট নীল গাইয়ের বাচ্চা। অমন করুণ দৃশ্য কখনও দেখি নাই—দেখিয়া পিপাসার্ত বন্য জন্তুদের নিরীহ শরীরে অতর্কিতে গুলি মারিবার প্রবৃত্তি হইল না।

এদিকে বৈশাখও কাটিয়া গেল। কোথাও একফোঁটা জল নাই। আরও এক বিপদ দেখা দিল। এই সুবিস্তীর্ণ বনপ্রান্তরে মাঝে মাঝে লোকে দিক হারাইয়া আগেও পথ ভুলিয়া যাইত—এখন এই সব পথহারা পথিকদের জলাভাবে প্রাণ হারাইবার সম্ভব আশঙ্কা দাঁড়াইল, কারণ ফুলকিয়া বইহার হইতে গ্র্যান্ট সাহেবের বটগাছ পর্যন্ত বিশাল তৃণভূমির মধ্যে কোথাও একবিন্দু জল নাই। এক-আধটা শুষ্কপ্রায় কুণ্ডী যেখানে আছে, অনভিজ্ঞ দিগ্‌ভ্রান্ত পথিকদের পক্ষে সে সব খুঁজিয়া পাওয়া সহজ নয়। একদিনের ঘটনা বলি।


8

সেদিন বেলা চারটার সময় অত্যন্ত গরমে কাজে মন বসাইতে না পারিয়া একখানা কি বই পড়িতেছি, এমন সময় রামবিরিজ সিং আসিয়া এত্তেলা করিল, কাছারির পশ্চিমদিকে উঁচু ডাঙার উপরে একজন কে অদ্ভুত ধরনের পাগলা লোক দেখা যাইতেছে—সে হাত-পা নাড়িয়া দূর হইতে কি যেন বলিতেছে। বাহিরে গিয়া দেখিলাম সতাই দূরের ডাঙার উপরে কে একজন দাঁড়াইয়া—মনে হইল মাতালের মত টলিতে টলিতে এদিকেই আসিতেছে। কাছারিসুদ্ধ লোক জড় হইয়া সেদিকে হাঁ করিয়া চাহিয়া আছে দেখিয়া আমি দুজন সিপাহী পাঠাইয়া দিলাম লোকটাকে এখানে আনিতে।

লোকটাকে যখন আনা হইল, দেখিলাম তাহার গায়ে কোন জামা নাই—পরনে মাত্র একখানা ফর্সা ধুতি, চেহারা ভাল, রং গৌরবর্ণ। কিন্তু তাহার মুখের আকৃতি অতি ভীষণ, গালের দুই কশ বাহিয়া ফেনা বাহির হইতেছে, চোখদুটি জবাফুলের মত লাল, চোখে উন্মাদের মত দৃষ্টি। আমার ঘরের দাওয়ায় একটা বালতিতে জল ছিল—তাই দেখিয়া সে পাগলের মত ছুটিয়া বালতির দিকে গেল। মুনেশ্বর সিং চাকলাদার ব্যাপারটা বুঝিয়া তাড়াতাড়ি বালতি সরাইয়া লইল। তাহার পর তাহাকে বসাইয়া হাঁ করাইয়া দেখা গেল জিত ফুলিয়া বীভৎস ব্যাপার হইয়াছে। অতি কষ্টে জিভটা মুখের একপাশে সরাইয়া একটু একটু করিয়া তাহার মুখে জল দিতে দিতে আধ ঘণ্টা পরে লোকটা কথঞ্চিৎ সুস্থ হইল। কাছারিতে লেবু ছিল, লেবুর রস ও গরম জল এক গ্লাস তাহাকে খাইতে দিলাম। ক্রমে ঘণ্টাখানেক পরে সে সম্পূর্ণ সুস্থ হইয়া উঠিল। শুনিলাম তার বাড়ি পাটনা। গালার চাষ করিবার উদ্দেশ্যে সে এ-অঞ্চলে কুলের জঙ্গলের অনুসন্ধান করিতে পূর্ণিয়া হইতে রওনা হইয়াছে আজ দুই দিন পূর্বে। তার পর দুপুরের সময় আমাদের মহালে ঢুকিয়াছে, এবং একটু পরে দিগ্ভ্রাস্ত হইয়া পড়িয়াছে, কারণ এরকম একঘেয়ে একই ধরনের গাছে-ভরা জঙ্গলে দিক্ ভুল করা খুব সোজা, বিশেষত বিদেশী লোকের পক্ষে। কালকার ভীষণ উত্তাপে ও গরম পশ্চিমা বাতাসের দমকার মধ্যে সারা বৈকাল ঘুরিয়াছে—কোথাও একফোঁটা জল পায় নাই, একটা মানুষের সঙ্গে দেখা হয় নাই—রাত্রে অবসন্ন অবস্থায় এক গাছের তলায় শুইয়াছিল—আজ সকাল হইতে আবার ঘোরা শুরু করিয়াছে—মাথা ঠাণ্ডা রাখিলে সূর্য দেখিয়া দিক্ নির্ণয় করা হয়তো তার পক্ষে খুব কঠিন হইত না—অন্তত পূর্ণিয়ায়ও ফিরিয়া যাইতে পারিত—কিন্তু ভয়ে দিশাহারা হইয়া একবার এদিক একবার ওদিক ছুটাছুটি করিয়াছে আজ সারা দুপুর, তাহার উপর খুব চিৎকার করিয়া লোক ডাকিবার চেষ্টা করিয়াছে। কোথায় লোক? ফুলকিয়া বইহারের কুলের জঙ্গল যেদিকে, সেদিক হইতে লবটুলিয়া পর্যন্ত দশ-বারো বর্গমাইল-ব্যাপী বনপ্রান্তর সম্পূর্ণ জনমানবশূন্য, সুতরাং আশ্চর্যের বিষয় নয় যে, তাহার চিৎকার কেহ শোনে নাই। আরও তাহার আতঙ্ক হইবার কারণ, সে ভাবিয়াছিল তাহাকে জঙ্গলের মধ্যে জিনপরীতে পাইয়াছে—মারিয়া না ফেলিয়া ছাড়িবে না। তাহার গায়ে একটা জামা ছিল, কিন্তু আজ অসহ্য পিপাসায় দুপুরের পরে এমন গা-জ্বলুনি শুরু হইয়াছিল যে জামাটা খুলিয়া কোথায় ফেলিয়া দিয়াছে। এ অবস্থায় দৈবক্রমে আমাদের কাছারির হনুমানের ধ্বজার লাল নিশানটা দূর হইতে তাহার চোখে না পড়িলে লোকটা আজ বেঘোরে মারা পড়িত।

একদিন এই ঘোর উত্তাপ ও জলকষ্টের দিনে ঠিক দুপুরবেলা সংবাদ পাইলাম, নৈরুত কোণে মাইল-খানেক দূরের জঙ্গলে ভয়ানক আগুন লাগিয়াছে এবং আগুন কাছারির দিকে অগ্রসর হইয়া আসিতেছে। সবাই মিলিয়া তাড়াতাড়ি বাহির হইয়া দেখিলাম প্রচুর ধূমের সঙ্গে রাঙা অগ্নিশিখা লকলক করিয়া বহুদূর আকাশে উঠিতেছে। সেদিন আবার দারুণ পশ্চিমে বাতাস, লম্বা লম্বা ঘাস ও বন-ঝাড়ুয়ের জঙ্গল সূর্যতাপে অর্ধশুষ্ক হইয়া বারুদের মত হইয়া আছে, এক-এক স্ফুলিঙ্গ পড়িবামাত্র গোটা ঝাড় জ্বলিয়া উঠিতেছে—সেদিকে যতদূর দৃষ্টি যায়, ঘন নীলবর্ণ ধূমরাশি ও অগ্নিশিখা—আর চটপট শব্দ। ঝড়ের মুখে পশ্চিম হইতে পূর্ব দিকে বাঁকা আগুনের শিখা ঠিক যেন ডাক-গাড়ির বেগে ছুটিয়া আসিতেছে আমাদের কয়খানা খড়ের বাংলোর দিকেই। সকলেরই মুখ শুকাইয়া গেল, এখানে থাকিলে আপাতত তো বেড়া-আগুনে বলসাইয়া মরিতে হয়—দাবানল তো আসিয়া পড়িল!

ভাবিবার সময় নাই। কাছারির দরকারী কাগজপত্র, তহবিলের টাকা, সরকারি দলিল ম্যাপ, সর্বস্ব মজুত—এ বাদে আমাদের নিজেদের ব্যক্তিগত জিনিস যার যার তো আছেই। এ সব তো যায়! সিপাহীরা শুষ্কমুখে ভীতকণ্ঠে বলিল—আগ তো আ গৈল, হুজুর! বলিলাম—সব জিনিস বার কর। সরকারি তহবিল ও কাগজপত্র আগে।



জনকতক লোক লাগিয়া গেল আগুন ও কাছারির মধ্যে যে জঙ্গল পড়ে তাহারই যতটা পারা যায় কাটিয়া পরিষ্কার করিতে। জঙ্গলের মধ্যে বাথান হইতে আগুন দেখিয়া বাথানওয়ালা চরির প্রজা দু-দশ জন ছুটিয়া আসিল কাছারি রক্ষা করিতে, কারণ পশ্চিমা বাতাসের বেগ দেখিয়া তাহারা বুঝিতে পারিয়াছে কাছারি ঘোর বিপন্ন।

কি অদ্ভুত দৃশ্য! জঙ্গল ভাঙিয়া ছিঁড়িয়া ছুটিয়া পশ্চিম হইতে পূর্ব দিকে নীলগাইয়ের দল প্রাণভয়ে দৌড়িতেছে, শিয়াল দৌড়িতেছে, কান উঁচু করিয়া খরগোশ দৌড়িতেছে, একদল বন্যশূকর তো ছানাপোনা লইয়া কাছারির উঠান দিয়াই দিগ্‌বিদিগ জ্ঞানশূন্য অবস্থায় ছুটিয়া গেল—ও অঞ্চলের বাথান হইতে পোষা মহিষের দল ছাড়া পাইয়া প্রাণপণে ছুটিতেছে, একঝাঁক বনটিয়া মাথার উপর দিয়া সোঁ করিয়া উড়িয়া পলাইল, পিছনে পিছনে একটা বড় ঝাঁক লাল হাঁস। আবার এক ঝাঁক বনটিয়া, গোটাকতক সিপ্লি। রামবিরিজ সিং চাকলাদার অবাক হইয়া বলিল—পানি কাঁহা নেই ছে...আরে এ লাল হাঁসকা জেরা কাঁহাসে আয়া, ভাই রামলগন? গোষ্ঠ মুছরী বিরক্ত হইয়া বলিল—আঃ বাপু রাখ! এখন প্রাণ নিয়ে টানাটানি, লাল হাঁস কোথা থেকে এল তার কৈফিয়তে কি দরকার?

আগুন বিশ মিনিটের মধ্যে আসিয়া পড়িল। তার পরে দশ-পনেরজন লোক মিলিয়া প্রায় ঘণ্টাখানেক আগুনের সঙ্গে সে কি যুদ্ধ! জল কোথাও নাই—আধকাঁচা গাছের ডাল ও বালি এইমাত্র অস্ত্র। সকলের মুখচোখ আগুনের ও রৌদ্রের তাপে দৈত্যের মত বিভীষণ হইয়া উঠিয়াছে, সর্বাঙ্গে ছাই ও কালি, হাতের শিরা ফুলিয়া উঠিয়াছে, অনেকেরই গায়ে হাতে ফোঁস্কা—এদিকে কাছারির সব জিনিসপত্র, বাস্র, খাট, দেরাজ, আলমারি তখনও টানাটানি করিয়া বাহির করিয়া বিশৃঙ্খলভাবে উঠানে ফেলা হইতেছে। কোথাকার জিনিস যে কোথায় গেল, কে তার ঠিকানা রাখে। মুছরীবাবুকে বলিলাম—ক্যাশ আপনার জিন্মায় রাখুন, আর দলিলের বাস্রটা।

কাছারির উঠান ও পরিষ্কৃত স্থানে বাধা পাইয়া আশুনের শ্রোত উত্তর ও দক্ষিণ বাহিয়া নিমেষের মধ্যে পূর্বমুখে ছুটিল—কাছারিটা কোনক্রমে রক্ষা পাইয়া গেল এ যাত্রা। জিনিসপত্র আবার ঘরে তোলা হইল, কিন্তু বহুদূরে পূর্বাকাশ লাল করিয়া লোলজিহ্বা প্রলয়ঙ্করী অগ্নিশিখা সারারাত্রি ধরিয়া জ্বলিতে জ্বলিতে সকালের দিকে মোহনপুরা রিজার্ভ ফরেস্টের সীমানায় গিয়া পৌঁছিল।

দু-তিন দিন পরে খবর পাওয়া গেল কারো ও কুশী নদীর তীরবর্তী কর্দমে আট-দশটা বন্য মহিষ, দুটি চিতাবাঘ, কয়েকটি নীলগাই হাবড়ে পড়িয়া পুঁতিয়া রহিয়াছে। ইহারা আশুনে দেখিয়া মোহনপুরা জঙ্গল হইতে প্রাণভয়ে নদীর ধার দিয়া ছুটিতে ছুটিতে হাবড়ে পড়িয়া গিয়াছে—যদিও রিজার্ভ ফরেস্ট হইতে কুশী ও কারো নদী প্রায় আট-ন’ মাইল দূরে।

চতুর্থ পরিচ্ছেদ

১

বৈশাখ জ্যৈষ্ঠ কাটিয়া গিয়া আষাঢ় পড়িল। আষাঢ় মাসে প্রথমেই কাছারির পুণ্যাহ উৎসব। এ জায়গায় মানুষের মুখ বড় একটা দেখিতে পাই না বলিয়া আমার একটা শখ ছিল কাছারির পুণ্যাহের দিনে অনেক লোক নিমন্ত্রণ করিয়া খাওয়াইব। নিকটে কোন গ্রাম না থাকায় আমরা গনোয়ী তেওয়ারীকে পাঠাইয়া দূরে-দূরের বস্তির লোকদের নিমন্ত্রণ করিলাম। পুণ্যাহের পূর্বদিন হইতে আকাশ মেঘাচ্ছন্ন হইয়া টিপ টিপ বৃষ্টি পড়িতে শুরু করিয়াছিল, পুণ্যাহের দিন আকাশ ভাঙিয়া পড়িল। এদিকে দুপুর হইতে না হইতে দলে দলে লোক নিমন্ত্রণ খাওয়ার লোভে ধারাবর্ষণ উপেক্ষা করিয়া কাছারিতে পৌঁছিতে লাগিল, এমন মুষ্কিল যে, তাহাদের বসিবার জায়গা দিতে পারা যায় না। দলের মধ্যে অনেক মেয়ে ছেলেপুলে লইয়া খাইতে আসিয়াছে, কাছারির দপ্তরখানায় তাহাদের বসিবার ব্যবস্থা করিলাম, পুরুষেরা যে যেখানে পারে আশ্রয় লইল।

এ-দেশে খাওয়ানোর কোন হাঙ্গামা নেই, এত গরীব দেশ যে থাকিতে পারে তাহা আমার জানা ছিল না। বাংলা দেশ যতই গরীব হোক, এদের দেশের সাধারণ লোকদের তুলনায় বাংলা দেশের গরীব লোকেও অনেক বেশি অবস্থাপন্ন। ইহারা এই মুখলধারে বৃষ্টি মাথায় করিয়া খাইতে আসিয়াছে চীনা ঘাসের দানা, টক দই, ভেলি গুড় ও লাডু। কারণ ইহাই এখানে সাধারণ ভোজের খাদ্য।

দশ-বারো বছরের একটি অচেনা ছোকরা সকাল হইতেই খুব খাটিতেছিল, গরীব লোকের ছেলে, নাম বিশুয়া, দূরের কোন বস্তি হইতে আসিয়া থাকিবে। বেলা দশটার সময় সে কিছু জলখাবার চাহিল। ভাঁড়ারের ভার ছিল লবটুলিয়ার পাটোয়ারীর উপর, সে এক খুঁচি চীনার দানা ও একটু নুন তাহাকে আনিয়া দিল।

আমি পাশেই দাঁড়াইয়া ছিলাম। ছেলেটি কালো কুচকুচে, সূত্রী মুখটা, যেন পাথরের কৃষ্ণঠাকুর। সে যখন ব্যস্তসমস্ত হইয়া মলিন মোটা মার্কিনী আট-হাতি খান কাপড়ের খুঁট পাতিয়া সেই তুচ্ছ জলখাবার লইল তখন তাহার মুখে সে কি খুশির হাসি! আমি বলিতে পারি অতি গরীব অবস্থারও কোনও বাঙালী ছেলে চীনার দানা কখনও খাইবেই না, খুশি হওয়া তো দূরের কথা। কারণ একবার শখ করিয়া চীনার দানা খাইয়া যে স্বাদ পাইয়াছি, তাহাতে মুখরোচক সুখাদ্য হিসাবে তাহাকে উল্লেখ কখনই করিতে পারিব না।

বৃষ্টির মধ্যে কোনও রকমে তো ব্রাহ্মণভোজন একরকম চুকিয়া গেল। বৈকালের দিকে দেখি ঘোর অবিশ্রান্ত বৃষ্টির মধ্যে অনেকক্ষণ হইতে তিনটি স্ত্রীলোক উঠানে পাতা পাতিয়া বসিয়া ভিজিয়া ঝুপসি হইতেছে—সঙ্গে দুটি ছোট ছোট ছেলেমেয়েও। তাহাদের পাতে চীনার দানা আছে, কিন্তু দই বা ভেলি গুড় কেহ দিয়া যায় নাই, তাহারা হাঁ করিয়া কাছারি ঘরের দিকে চাহিয়া আছে। পাটোয়ারীকে ডাকিয়া বলিলাম—এদের কে দিচ্ছে? এরা বসে আছে কেন? আর এদের এই বৃষ্টির মধ্যে উঠানে বসিয়েছেই বা কে?

পাটোয়ারী বলিল—হুজুর, ওরা জাতে দোষাদ। ওদের ঘরের দাওয়ায় তুললে ঘরের সব জিনিসপত্র ফেলা যাবে, কোনও ব্রাহ্মণ, ছত্ৰী কি গাঙ্গোতা সে জিনিস খাবে না। আর জায়গাই বা কোথায় আছে বলুন?

ওই গরীব দোষাদদের মেয়ে কয়টির সামনে আমি গিয়া নিজে বৃষ্টিতে ভিজিয়া দাঁড়াইতে লোকজনেরা ব্যস্ত হইয়া তাহাদের পরিবেশন করিতে লাগিল। সামান্য চীনার দানা, গুড় ও জলো টক দই এক-একজন যে পরিমাণে খাইল, চোখে না দেখিলে তাহা বিশ্বাস করিবার কথা নহে। এই ভোজ খাইবার জন্য এত আগ্রহ দেখিয়া ঠিক করিলাম, দোষাদদের এই মেয়েদের নিমন্ত্রণ করিয়া একদিন খুব ভাল করিয়া সত্যকার সভ্য খাদ্য খাওয়াইব। সপ্তাহখানেক পরেই পাটোয়ারীকে দিয়া দোষাদপাড়ার মেয়ে কয়টি ও তাহাদের ছেলেমেয়েদের নিমন্ত্রণ করিলাম, সেদিন তাহারা যাহা খাইল—লুচি, মাছ, মাংস, ক্ষীর, দই, পায়ের, চাটনি—জীবনে কোনও দিন সেরকম ভোজ খাওয়ার কল্পনাও করে নাই। তাদের বিস্মিত ও আনন্দিত চোখ-মুখের সে হাসি কতদিন আমার মনে ছিল! সেই ভবঘুরে গাঙ্গোতা ছোকরা বিশুয়াও সে দলে ছিল।

২

সার্ভে-ক্যাম্প থেকে একদিন ঘোড়া করিয়া ফিরিতেছি, বনের মধ্যে একটা লোক কাশঘাসের ঝোপের পাশে বসিয়া কলাইয়ের ছাতু মাখিয়া খাইতেছে। পাত্রের অভাবে ময়লা থান কাপড়ের প্রান্তেই ছাতুটা মাখিতেছে—এত বড় একটা তাল যে, একজন লোকে—হলই বা হিন্দুস্থানী, মানুষ তো বটে—কি করিয়া অত ছাতু খাইতে পারে এ আমার বুদ্ধির অগোচর। আমায় দেখিয়া লোকটা সসন্ত্রমে খাওয়া ছাড়িয়া উঠিয়া দাঁড়াইয়া সেলাম হুকিয়া বলিল—ম্যানেজার সাহেব! থোড়া জলখাই করতে হেঁ হুজুর, মাফ কিজিয়ে।

একজন ব্যক্তি নির্জনে বসিয়া, শান্ত ভাবে জলখাবার খাইতেছে, ইহার মধ্যে মাপ করিবার কি আছে খুঁজিয়া পাইলাম না। বলিলাম—খাও, খাও, তোমায় উঠতে হবে না। নাম কি তোমার?

লোকটা তখনও বসে নাই, দণ্ডায়মান অবস্থাতেই সসন্ত্রমে বলিল—গরীব কা নাম ধাওতাল সাহু, হুজুর।

চাহিয়া দেখিয়া মনে হইল লোকটার বয়স ষাটের উপর হইবে। রোগা লম্বা চেহারা, গায়ের রং কালো, পরনে অতি মলিন থান ও মেরজাই, পা খালি।

ধাওতাল সাহুর সঙ্গে এই আমার প্রথম আলাপ।

কাছারিতে আসিয়া রামজোত পাটোয়ারীকে জিজ্ঞাসা করিলাম—ধাওতাল সাহুকে চেনো? রামজোত বলিল—জী হুজুর। ধাওতাল সাহুকে এ অঞ্চলে কে না জানে? সে মস্ত বড় মহাজন, লক্ষপতি লোক, এদিকে সবাই তার খাতক। নওগছিয়ায় তার ঘর। পাটোয়ারীর কথা শুনিয়া খুব আশ্চর্য হইয়া গেলাম। লক্ষপতি লোক বনের মধ্যে বসিয়া ময়লা উড়ানির প্রান্তে

এক তাল নিরুপকরণ কল্লাইয়ের ছাতু খাইতেছে—এ দৃশ্য কোন বাঙালী লক্ষপতির সম্বন্ধে অন্তত কল্পনা করা অতীব কঠিন। ভাবিলাম পাটোয়ারী বাড়াইয়া বলিতেছে, কিন্তু কাছারিতে যাহাকে জিজ্ঞাসা করি, সে-ই ঐ কথা বলে, ধাওতাল সাহু? তার টাকার লেখা-জোখা নেই।

ইহার পরে নিজের কাজে ধাওতাল সাহু অনেকবার কাছারিতে আমার সহিত দেখা করিয়াছে, প্রতিবার একটু একটু করিয়া তাহার সহিত আলাপ জমিয়া উঠিলে বুঝিলাম, একটি অতি অদ্ভুত লোকোত্তর চরিত্রের মানুষের সঙ্গে পরিচয় ঘটয়াছে। বিংশ শতাব্দীতে এ ধরনের লোক যে আছে, না দেখিলে বিশ্বাস করা যায় না।

ধাওতালের বয়স যাহা আন্দাজ করিয়াছিলাম, প্রায় তেষটি-চৌষটি। কাছারির পূর্ব-দক্ষিণ দিকের জঙ্গলের প্রান্ত হইতে বারো-তেরো মাইল দূরে নওগছিয়া নামে গ্রামে তাহার বাড়ি। এ অঞ্চলে প্রজা, জোতদার, জমিদার, ব্যবসাদার প্রায় সকলেই ধাওতাল সাহুর খাতক। কিন্তু তাহার মজা এই যে, টাকা ধার দিয়া সে জোর করিয়া কখনও তাগাদা করিতে পারে না। কত লোকে যে কত টাকা তাহার ফাঁকি দিয়াছে! তাহার মত নিরীহ, ভালমানুষ লোকের মহাজন হওয়া উচিত ছিল না, কিন্তু লোকের উপরোধ সে এড়াইতে পারে না। বিশেষত সে বলে, যখন সকলেই মোটা সুদ লিখিয়া দিয়াছে, তখন ব্যবসা হিসাবেও তো টাকা দেওয়া উচিত। একদিন ধাওতাল আমার সঙ্গে দেখা করিতে আসিল, উড়ানিতে বাঁধা এক বাণ্ডিল পুরনো দলিলপত্র। বলিল—হুজুর, মেহেরবানি করে একটু দেখবেন দলিলগুলো?

পরীক্ষা করিয়া দেখি, প্রায় আট-দশ হাজার টাকার দলিল ঠিক সময়ে নালিশ না-করার দরুণ তামাদি হইয়া গিয়াছে।

উড়ানির আর এক মুড়ো খুলিয়া সে আরও কতকগুলি জরাজীর্ণ কাগজ বাহির করিয়া বলিল—এগুলো দেখুন দেখি হুজুর! ভাবি একবার জেলায় গিয়ে উকিলদের দেখাই, তা মামলা কখনো করিনি, করা পোষায় না। তাগাদা করি, দিচ্ছি দেব করে টাকা দেয় না অনেকে।

দেখিলাম, সবগুলিই তামাদি দলিল। সবসুদ্ধ জড়াইয়া সেও চার-পাঁচ হাজার টাকা। ভালোমানুষকে সবাই ঠকায়। বলিলাম—সাহুজী, মহাজনী করা তোমার কাজ নয়। এ-অঞ্চলে মহাজনী করতে পারবে রাসবিহারী সিং রাজপুত্রের মত দুঁদে লোকেরা, যাদের সাত-আটটা লাঠিয়াল আছে, খাতকের ক্ষেতে নিজে ঘোড়া করে গিয়ে লাঠিয়াল মোতায়েন করে আসে, ফসল ত্রোক করে টাকা আর সুদ আদায় করে। তোমার মত ভালমানুষ লোকের টাকা শোধ করবে না কেউ। দিও না কাউকে আর।

ধাওতালকে বুঝাইতে পারিলাম না। সে বলিল—সবাই ফাঁকি দেয় না হুজুর। এখনও চন্দ্র-সূর্য উঠছে, মাথার উপর দীন-দুনিয়ার মালিক এখনও আছেন। টাকা কি বসিয়ে রাখলে চলে, সুদে না বাড়ালে আমাদের চলে না হুজুর। এই আমাদের ব্যবসা।

তাহার এ-যুক্তি আমি বুঝিতে পারিলাম না, সুদের লোভে আসল টাকা নষ্ট হইতে দেওয়া কেমনতর ব্যবসা জানি না। ধাওতাল সাহু আমার সামনেই অল্পন বদনে পনের-ষোল হাজার টাকার তামাদি দলিল ছিড়িয়া ফেলিল—এমন ভাবে ছিড়িল যেন সেগুলো বাজে কাগজ—অবশ্য বাজে কাগজের পর্যায়েই তাহারা আসিয়া দাঁড়াইয়াছে বটে। তাহার হাত কাঁপিল না, গলার সুর কাঁপিল না।

বলিল—রাঁইচি আর রেড়ির বীজ বিক্রি করে টাকা করেছিলাম হুজুর, নয়তো আমার পৈতৃক আমলের একটা ঘষা পয়সাও ছিল না। আমি করেছি, আবার আমিই লোকসান দিচ্ছি। ব্যবসা করতে গেলে লাভ-লোকসান আছেই হুজুর।

তা আছে স্বীকার করি, কিন্তু কয়জন লোক এত বড় ক্ষতি এমন শাস্ত্রমুখে উদাসীনভাবে সহ্য করিতে পারে, সেই কথাই ভাবিতেছিলাম। তাহার বড়মানুষী গর্ব দেখিলাম মাত্র একটি ব্যাপারে ; একটা লাল কাপড়ের বটুয়া হইতে সে মাঝে মাঝে ছোট্ট একখানা জাঁতি ও সুপারি বাহির করিয়া কাটিয়া মুখে ফেলিয়া দেয়। আমার দিকে চাহিয়া হাসিমুখে একবার বলিয়াছিল—রোজ এক কনোয়া করে সুপুরি খাই বাবুজী। সুপুরির বড় খরচ আমার।

বিশ্বে নিস্পৃহতা ও বৃহৎ ক্ষতিকোে তাচ্ছিল্য করিবার ক্ষমতা যদি দার্শনিকতা হয়, তবে ধাওতাল সাহস্র মত দার্শনিক আমি তো অস্তুত দেখি নাই।

৩

ফুলকিয়ার ভিতর দিয়া যাইবার সময় আমি প্রতিবারই জয়পাল কুমারের মক্কাইয়ের পাতা-ছাওয়া ছোট্ট ঘরখানার সামনে দিয়া যাইতাম। কুমার অর্থে কুণ্ডকার নয়, ভুঁইহার বামুন।

খুব বড় একটা প্রাচীন পাকুড় গাছের নীচেই জয়পালের ঘর। সংসারে সে সম্পূর্ণ একা, বয়সেও প্রাচীন, লম্বা রোগা চেহারা, মাথায় লম্বা সাদা চুল। যখনই যাইতাম, তখনই দেখিতাম কুঁড়েঘরের দোরের গোড়ায় সে চূপ করিয়া বসিয়া আছে। জয়পাল তামাক খাইত না, কখনও তাকে কোন কাজ করিতে দেখিয়াছি বলিয়াও মনে হয় না, গান গাহিতে শুনি নাই—সম্পূর্ণ কর্মশূন্য অবস্থায় মানুষ কি ভাবে যে এমন ঠায় চূপ করিয়া বসিয়া থাকিতে পারে, জানি না। জয়পালকে দেখিয়া বড় বিস্ময় ও কৌতহল বোধ করিতাম। প্রতিবারই উহার ঘরের সামনে ঘোড়া থামাইয়া উহার সহিত দুটা কথা না বলিয়া যাইতে পারিতাম না।

জিজ্ঞাসা করিলাম—জয়পাল, কি কর বসে?

—এই, বসে আছি হুজুর।

—বয়স কত হল?

—তা হিসেব রাখিনি, তবে যেবার কুশীনদীর পুল হয়, তখন আমি মহিষ চরাতে পারি।

—বিয়ে করেছিলে? ছেলেপুলে ছিল?

—পরিবার মরে গিয়েছে আজ বিশ-পঁচিশ বছর। দুটো মেয়ে ছিল, তারাও মারা গেল। সেও তেরো-চৌদ্দ বছর আগে। এখন একাই আছি।

—আচ্ছা, এই যে একা এখানে থাক, কারও সঙ্গে কথা বলো না, কোথাও যাও না, কিছু করও না—এ ভাল লাগে? একঘেয়ে লাগে না?

জয়পাল অবাক হইয়া আমার দিকে চাহিয়া বলিত—কেন খারাপ লাগবে হুজুর? বেশ থাকি। কিছু খারাপ লাগে না।

জয়পালের এই কথাটা আমি কিছুতে বুঝিতে পারিতাম না। আমি কলিকাতার কলেজে পড়িয়া মানুষ হইয়াছি, হয় কোন কাজ, নয়তো বঙ্গবান্ধবের সঙ্গে আড্ডা, নয় বই, নয় সিনেমা, নয় বেড়ানো—এ ছাড়া মানুষ কি করিয়া থাকে বুঝি না। ভাবিয়া দেখিতাম, দুনিয়ায় কত কি পরিবর্তন হইয়া গেল, গত বিশ বৎসর জয়পাল কুমার ওর ঘরের দোরটাতে ঠায় চূপ করিয়া বসিয়া বসিয়া তার কতটুকু খবর রাখে? আমি যখন ছেলেবেলায় স্কুলের নীচের ক্লাসে পড়িতাম, তখনও জয়পাল এমনি বসিয়া থাকিত, বি. এ. যখন পাস করিলাম তখনও জয়পাল এমনি করিয়া বসিয়া থাকে। আমার জীবনেরই নানা ছোট বড় ঘটনা যা আমার কাছে পরম

বিস্ময়কর বস্তু, তারই সঙ্গে মিলাইয়া জয়পালের এই বৈচিত্র্যহীন নির্জন জীবনের অতীত দিনগুলির কথা ভাবিতাম।

জয়পালের ঘরখানা গ্রামের একেবারে মাঝখানে হইলেও, কাছে অনেকটা পতিত জমি ও মকাই-খেত, কাজেই আশে-পাশে কোন বসতি নাই। ফুলকিয়া নিতান্ত ক্ষুদ্র গ্রাম, দশ-পনের ঘর লোকের বাস, সকলেই চতুর্দিকব্যাপী জঙ্গল-মহালে মহিষ চরাইয়া দিন গুজরান করে। সারাদিন ভূতের মত খাটে আর সন্ধ্যার সময় কলুইয়ের ভূষির আগুন জ্বালাইয়া তার চারিপাশে পাড়াসুদ্ধ বসিয়া গল্পগুজব করে, খৈনি খায় কিংবা শালপাতার পিকার ধূমপান করে। হুঁকায় তামাক খাওয়ার চলন এদেশে খুবই কম। কিন্তু কখনও কোন লোককে জয়পালের সঙ্গে আড্ডা দিতে দেখি নাই।

প্রাচীন পাকুড় গাছটার মগডালে বকেরা দল বাঁধিয়া বাস করে, দূর হইতে দেখিলে মনে হয়, গাছের মাথায় থোকা থোকা সাদা ফুল ফুটিয়াছে। স্থানটা ঘন ছায়াভরা, নির্জন, আর সেখানটাতে দাঁড়াইয়া যে দিকেই চোখ পড়ে, সেদিকেই নীল নীল পাহাড় দূরদিগন্তে হাত ধরাধরি করিয়া ছোট ছেলেমেয়েদের মত মণ্ডলাকারে দাঁড়াইয়া। আমি পাকুড় গাছের ঘন ছায়ায় দাঁড়াইয়া যখন জয়পালের সঙ্গে কথা বলিতাম, তখন আমার মনে এই সুবৃহৎ বৃক্ষতলের নিবিড় শান্তি ও গৃহস্বামীর অনুদ্বিগ্ন, নিষ্পৃহ, ধীর জীবনযাত্রা ধীরে ধীরে কেমন একটা প্রভাব বিস্তার করিত। ছুটাছুটি করিয়া বেড়াইয়া লাভ কি? কি সুন্দর ছায়া এই শ্যাম বংশী-বটের, কেমন মধুর যমুনাঙ্গল, অতীতের শত শতাব্দী পায় পায় পায় হইয়া সময়ের উজানে চলিয়া যাওয়া কি আরামের!

কিন্তু জয়পালের জীবনযাত্রার প্রভাব ও কিছু চারিধারের বাধা-বন্ধনশূন্য প্রকৃতি আমাকেও ক্রমে ক্রমে যেন ঐ জয়পাল কুমারের মত নির্বিকার, উদাসীন ও নিষ্পৃহ করিয়া তুলিতেছে। শুধু তাই নয়, আমার যে চোখ কখনও এর আগে ফুটে নাই সে চোখ যেন ফুটিয়াছে, যে-সব কথা কখনও ভাবি নাই তাহাই ভাবাইতেছে। ফলে এই মুক্ত প্রান্তর ও ঘনশ্যাম অরণ্য-প্রকৃতিকে এত ভালবাসিয়া ফেলিয়াছি যে, একদিন পুর্ণিয়া কি মুঙ্গের শহরে কার্য উপলক্ষে গেলে মন উড়ু উড়ু করে, মন টিকিতে চায় না। মনে হয়, কতক্ষণে জঙ্গলের মধ্যে ফিরিয়া যাইব, কতক্ষণে আবার সেই ঘন নির্জনতার মধ্যে, অপূর্ব জ্যোৎস্নার মধ্যে, সূর্যাস্তের মধ্যে, দিগন্তব্যাপী কালবৈশাখীর মেঘের মধ্যে, তারাভরা নিদাঘ-নিশীথের মধ্যে ডুব দিব!

ফিরিবার সময় সভ্য লোকালয়কে বহুদূর পিছনে ফেলিয়া, মুকুন্দি চাকলাদারের হাতের বাবলাকাঠের খুঁটির পাশ কাটাইয়া যখন নিজের জঙ্গলের সীমানায় ঢুকি, তখন সুন্দরবিসপী নিবিড়শ্যাম বনানী, প্রান্তর, শিলাঙ্গুপ, বনটিয়ার ঝাঁক, নীল গাইয়ের জেরা, সূর্যালোক, ধরণীর মুক্ত প্রসার আমায় একেবারে একমুহূর্তে অভিভূত করিয়া দেয়।

পঞ্চম পরিচ্ছেদ

১

খুব জ্যোৎস্না, তেমনি হাড়কাঁপানো শীত। পৌষ মাসের শেষ। সদর কাছারি হইতে লবটুলিয়াঃ ডিহি কাছারিতে তদারক করিতে গিয়াছি। লবটুলিয়ার কাছারিতে রাত্রে রান্না শেষ হইয়া সকলের আহাৰাদি হইতে রাত এগারটা বাজিয়া যাইত। একদিন খাওয়া শেষ করিয়া রান্নাঘর হইতে বাহিরে আসিয়া দেখি, তত রাত্রে আর সেই কনকনে হিমবর্ষী আকাশের তলায় কে একটি মেয়ে ফুটফুটে জ্যোৎস্নায় কাছারির কম্পাউন্ডের সীমানায় দাঁড়াইয়া আছে। পাটোয়ারীকে জিজ্ঞাসা করিলাম—ওখানে কে দাঁড়িয়ে?

পাটোয়ারী বলিল—ও কুস্তা। আপনার আসবার কথা শুনে আমায় কাল বলছিল—ম্যানেজারবাবু আসবেন, তাঁর পাতের ভাত আমি গিয়ে নিয়ে আসবো। আমার ছেলেপুলের বড় কষ্ট। তাই বলেছিলাম—যাস্।

কথা বলিতেছি, এমন সময় কাছারির টহলদার বলোয়া আমার পাতের ডালমাখা ভাত, ভাজা মাছের টুকরো, পাতের গোড়ায় ফেলা তরকারি ও ভাত, দুধের বাটির ভুজ্বলবিশিষ্ট দুধ-ভাত—সব লইয়া গিয়া মেয়েটির অনীত একটা পেতলের কানাউঁচু খালায় ঢালিয়া দিল। মেয়েটি চলিয়া গেল।

আট-দশ দিন সেবার লবটুলিয়া কাছারিতে ছিলাম, প্রতি রাত্রে দেখিতাম ইঁদারার পাড়ে সেই মেয়েটি আমার পাতের ভাতের জন্য সেই গভীর রাত্রে আর সেই ভয়ানক শীতের মধ্যে বাহিরে শুধু আঁচল গায়ে দিয়া দাঁড়াইয়া আছে। প্রতিদিন দেখিতে দেখিতে একদিন কৌতূহলবশে পাটোয়ারীকে জিজ্ঞাসা করিলাম—কুস্তা—যে রোজ ভাত নিয়ে যায়, ও কে, আর জঙ্গলে থাকেই বা কোথায়? দিনে তো কখনও দেখিনে ওকে?

পাটোয়ারী বলিল—বলছি হুজুর।

ঘরের মধ্যে সন্ধ্যা হইতে কাঠের গুঁড়ি জ্বলাইয়া গনগনে আগুন করা হইয়াছে—তারই ধারে চেয়ার পাতিয়া অনেকক্ষণ ধরিয়া বসিয়া কিস্তির আদায়ী হিসাব মিলাইতেছিলাম। আহাৰাদি শেষ করিয়া আসিয়া মনে হইল একদিনের পক্ষে কাজ যথেষ্টই করিয়াছি। কাগজপত্র গুটাইয়া পাটোয়ারীর গল্প শুনিতে প্রস্তুত হইলাম।

—শুনুন হুজুর। বছর দশেক আগে এ অঞ্চলে দেবী সিং রাজপুতের বড় রবরবা ছিল। তার ভয়ে যত গাঙ্গোতা আর চাষী ও চরির প্রজা জুজু হয়ে থাকত। দেবী সিং-এর ব্যবসা ছিল খুব চড়া সুদে টাকা ধার দেওয়া এই সব লোককে—আর তার পর লাঠিবাজি করে সুদ ও আসল টাকা আদায় করা। তার তাঁবে আট-ন’ জন লাঠিয়াল পাইকই ছিল। এখন যেমন রাসবিহারী সিং রাজপুত এ অঞ্চলের মহাজন, তখন ছিল দেবী সিং।

দেবী সিং জৌনপুর জেলা থেকে এসে পূর্ণিয়ায় বাস করে। তার পর টাকা ধার দিয়ে জোর-জবরদস্তি করে এ দেশের যত ভীতু গাঙ্গোতা প্রজাদের হাতের মুঠোয় পুরে ফেললে। এখানে আসবার বছর কয়েক পরে সে কাশী যায় এবং সেখানে এক বাইজীর বাড়ি গান শুনতে গিয়ে তার চৌদ্দ-পনের বছরের মেয়ের সঙ্গে দেবী সিং-এর খুব ভাব হয়। তার পর তাকে নিয়ে দেবী সিং পালিয়ে এখানে আসে। দেবী সিং-এর বয়স সাতাশ-আটাশ হবে।

এখানে এসে দেবী সিং তাকে বিয়ে করে। কিন্তু বাইজীর মেয়ে বলে সবাই যখন জেনে ফেললে, তখন দেবী সিং-এর নিজের জাতভাই, রাজপুত্রা ওর সঙ্গে খাওয়া-দাওয়া বন্ধ করে ওকে একঘরে করলে। পয়সার জোরে দেবী সিং সে সব গ্রাহ্য করত না। তার পর বাবুগিরি আর অযথা ব্যয় করে এবং এই রাসবিহারী সিং-এর সঙ্গে মকদ্দমা করতে গিয়ে দেবী সিং সর্বস্বান্ত হয়ে গেল। আজ বছর চারেক হল সে মারা গিয়েছে।

ঐ কুস্তাই দেবী সিং রাজপুত্রের সেই বিধবা স্ত্রী। এক সময়ে ও লবটুলিয়া থেকে কিংখাবের ঝালর-দেওয়া পালকি চেপে কুশী ও কলবলিয়ার সঙ্গমে স্নান করতে যেত, বিকানীর মিছরী খেয়ে জল খেত—আজ ওর এই দুর্দশা! আরও মুশকিল এই যে, বাইজীর মেয়ে সবাই জানে বলে ওর এখানে জাত নেই, তা কি ওর স্বামীর আত্মীয়বন্ধু রাজপুত্রদের মধ্যে, কি দেশওয়ালী গাঙ্গোতাদের মধ্যে। ক্ষেত থেকে গম কাটা হয়ে গেলে যে গমের গুঁড়ো শীষ পড়ে থাকে, তাই টুকরি করে ক্ষেতে ক্ষেতে বেড়িয়ে কুড়িয়ে এনে বছরে দু-এক মাস ও ছোট ছোট ছেলেমেয়েদের আধপেটা খাইয়ে রাখে। কিন্তু কখনও হাত পেতে ভিক্ষে করতে ওকে দেখি নি হুজুর। আপনি এসেছেন জমিদারের ম্যানেজার, রাজার সমান, আপনার এখানে প্রসাদ পেলে ওর তাতে অপমান নেই।

বলিলাম—ওর মা, সেই বাইজী, ওর খোঁজ করে নি তারপর কখনও?

পাটোয়ারী বলিল—দেখি নি তো কখনও হুজুর। কুস্তাও কখনও মায়ের খোঁজ করে নি। ও-ই দুঃখ-খান্দা করে ছেলেপুলেকে খাওয়াচ্ছে। এখন ওকে কি দেখছেন, ওর এক সময় যা রূপ ছিল, এ অঞ্চলে সে রকম কখনও কেউ দেখে নি। এখন বয়েসও হয়েছে, আর বিধবা হওয়ার পরে দুঃখে-কষ্টে সে-চেহারায় কিছু নেই। বড় ভাল আর শান্ত মেয়ে কুস্তা। কিন্তু



এদেশে ওকে কেউ দেখতে পারে না, সবাই নাক সিঁটকে থাকে, নীচু চোখে দেখে, বোধ হয় বাইজীর মেয়ে বলে।

বলিলাম—তা বুঝলাম, কিন্তু এই রাত বারোটোর সময় এই ঘন জঙ্গলের মধ্যে দিয়ে ও একা লবটুলিয়া বস্তিতে যাবে—সে তো এখান থেকে প্রায় তিন পোয়া পথ!

—ওর কি ভয় করলে চলে ছজুর? এই জঙ্গলে হরবখত ওকে একলা ফিরতে হয়। নইলে কে আছে ওর, যে চালাবে?

তখন ছিল পৌষ মাস, পৌষ-কিস্তির তাগাদা শেষ করিয়াই চলিয়া আসিলাম। মাঘ মাসের মাঝামাঝি আর একবার একটা ক্ষুদ্র চরি মহাল ইজারা দিবার উদ্দেশ্যে লবটুলিয়া যাওয়ার প্রয়োজন হইয়াছিল।

তখন শীত কিছুমাত্র কমে নাই, তার উপরে সারাদিন পশ্চিমাভাস বহিবার ফলে প্রত্যহ সন্ধ্যার পরে শীত দ্বিগুণ বাড়িতে লাগিল। একদিন মহালের উত্তর সীমানায় বেড়াইতে বেড়াইতে কাছারি হইতে অনেক দূরে গিয়া পড়িয়াছি—সেদিকটাতে বহুদূর পর্যন্ত শুধু কুলগাছের জঙ্গল। এই সব জঙ্গল জমা লইয়া ছাপরা ও মজঃফরপুর জেলার কালোয়ার-জাতীয় লোকে লাঙ্কার চাষ করিয়া বিস্তার পয়সা উপার্জন করে। কুলের জঙ্গলের মধ্যে প্রায় পথ ভুলিবার উপক্রম করিয়াছি, এমন সময় হঠাৎ একটা নারীকণ্ঠে আতঙ্কনের শব্দ, বালক-বালিকার গলার চিৎকার ও কান্না এবং কর্কশ পুরুষ-কণ্ঠে গালিগালাজ শুনিতে পাইলাম। কিছুদূর অগ্রসর হইয়া দেখি, একটি মেয়েকে লাঙ্কার ইজারাদারের চাকরেরা চুলের মুঠি ধরিয়া টানিয়া লইয়া আসিতেছে। মেয়েটির পরনে ছিল মলিন বস্ত্র, সঙ্গে দু'তিনটি ছোট ছোট রোরুদ্যমান বালক-বালিকা, দুজন ছত্রি চাকরের মধ্যে একজনের হাতে একটা ছোট বুড়িতে আধবুড়ি পাকা কুল। আমাকে দেখিয়া ছত্রি দুজন উৎসাহ পাইয়া যাহা বলিল তাহারে অর্থ এই যে, তাহাদের ইজারা করা জঙ্গলে এই গাঙ্গোতীন চুরি করিয়া কুল পাড়িতেছিল বলিয়া তাহাকে কাছারিতে পাটোয়ারীর বিচারার্থ ধরিয়া লইয়া যাইতেছে, ছজুর আসিয়া পড়িয়াছেন, ভালই হইয়াছে।

প্রথমেই ধমক দিয়া মেয়েটিকে তাহাদের হাত হইতে ছাড়াইলাম। মেয়েটি তখন ভয়ে লজ্জায় জড়সড় হইয়া একটি কুলঝোপের আড়ালে গিয়া দাঁড়াইয়াছে। তাহার দুর্দশা দেখিয়া এত কষ্ট হইল!

ইজারাদারের লোকেরা কি সহজে ছাড়িতে চায়? তাহাদের বুঝাইলাম—বাপু, গরিব মেয়েমানুষ যদি ওর ছেলেপুলেকে খাওয়াইবার জন্য আধবুড়ি টক কুল পাড়িয়াই থাকে, তাহাতে তোমাদের লাঙ্কাচাষের বিশেষ কি ক্ষতিটা হইয়াছে! উহাকে বাড়ি যাইতে দাও।

একজন বলিল—জানেন না ছজুর, ওর নাম কুস্তা, এই লবটুলিয়াতে ওর বাড়ি, ওর অভ্যেস চুরি করে কুল পাড়া। আরও একবার আর-বছর হাতে হাতে ধরেছিলাম—ওকে এবার শিক্ষা না দিয়ে দিলে—

প্রায় চমকিয়া উঠিলাম। কুস্তা! তাহাকে তো চিনি নাই? তাহার একটা কারণ, দিনের আলোতে কুস্তাকে তো দেখি নাই, যাহা দেখিয়াছি রাত্রে। ইজারাদারের লোকজনকে তৎক্ষণাৎ শাসাইয়া কুস্তাকে মুক্ত করিলাম। সে লজ্জায় মাটির সঙ্গে মিশিয়া ছেলেপুলেদের লইয়া বাড়ি চলিয়া গেল। যাইবার সময় কুলের ধামাটি ও আঁকশিগাছটা সেখানেই ফেলিয়া গেল। বোধ হয় ভয়ে ও সংকোচে। আমি উপস্থিত লোকগুলির মধ্যে একজনকে সেগুলি কাছারিতে লইয়া যাইতে বলাতে তাহার খুব খুশি হইয়া ভাবিল ধামা ও আঁকশি সরকারে নিশ্চয়ই বাজেয়াপ্ত হইবে। কাছারিতে আসিয়া পাটোয়ারীকে বলিলাম—তোমাদের দেশের লোক এত নিষ্ঠুর কেন বনোয়ারীলাল?

বনোয়ারী পাটোয়ারী খুব দুঃখিত হইল। বনোয়ারী লোকটা ভাল, এদেশের তুলনায় সত্যিই তার হৃদয়ে দয়ামায়া আছে। কুস্তার ধামা ও আঁকশি সে তখনই পাইক দিয়া লবটুলিয়াতে কুস্তার বাড়ি পাঠাইয়া দিল।

সেই রাত্রি হইতে কুস্তা বোধ হয় লজ্জায় আর কাছারিতেও ভাত লইতে আসে নাই।

শীত শেষ হইয়া বসন্ত পড়িয়াছে।

আমাদের এ জঙ্গল-মহালের পূর্ব-দক্ষিণ সীমানা হইতে সাত-আট ক্রোশ দূরে অর্থাৎ সদর কাছারি হইতে প্রায় চোদ্দ-পনের ক্রোশ দূরে ফাল্গুন মাসে হোলির সময় একটা প্রসিদ্ধ গ্রাম্য মেলা বসে, এবার সেখানে যাইবে বলিয়া ঠিক করিয়াছিলাম। বহু লোকের সমাগম অনেকদিন দেখি নাই, এদেশের মেলা কি রকম জানিবার একটা কৌতূহলও ছিল। কিন্তু কাছারির লোকে পুনঃ পুনঃ নিষেধ করিল, পথ দুর্গম ও পাহাড়-জঙ্গলে ভর্তি, উপরন্তু গোটা পথটার প্রায় সর্বত্রই বাঘের ও বন্যমহিষের ভয়, মাঝে মাঝে বস্তি আছে বটে, কিন্তু সে বড় দূরে দূরে, বিপদে পড়িলে তাহারা বিশেষ কোন উপকারে আসিবে না, ইত্যাদি।

জীবনে কখনও এতটুকু সাহসের কাজ করিবার অবকাশ পাই নাই, এই সময়ে এই সব জায়গায় যতদিন আছি যাহা করিয়া লইতে পারি, বাংলা দেশে ও কলিকাতায় ফিরিয়া গেলে কোথায় পাইব পাহাড় জঙ্গল, কোথায় পাইব বাঘ ও বন্য মহিষ? ভবিষ্যতের দিনে আমার মুখে গল্পশ্রবণনিরত পৌত্র-পৌত্রীদের মুখ ও উৎসুক তরুণ দৃষ্টি কল্পনা করিয়া মনেশ্বর মাহাতো, পাটোয়ারী ও নবীনবাবু মুখুরীর সকল আপত্তি উড়াইয়া দিয়া মেলার দিন খুব সকালে ঘোড়া করিয়া রওনা হইলাম। আমাদের মহালের সীমানা ছাড়াইতেই ঘণ্টা-দুই লাগিয়া গেল, কারণ পূর্ব-দক্ষিণ সীমানাতেই আমাদের মহালের জঙ্গল বেশি, পথ নাই বলিলেও চলে, ঘোড়া ভিন্ন অন্য কোন যান-বাহন সে পথে চলা অসম্ভব, যেখানে- সেখানে ছোট-বড় শিলাখণ্ড ছড়ানো, শাল-জঙ্গল, দীর্ঘ কাশ ও বন-ঝাড়-এর বন, সমস্ত পথটা উঁচু-নীচু, মাঝে মাঝে উঁচু বালিয়াড়ি, রাজা মাটির ডাঙা, ছোট পাহাড়, পাহাড়ের উপর ঘন কাঁটা-গাছের জঙ্গল। আমি যদুচ্ছাক্রমে কখনও দ্রুত, কখনও ধীরে অশ্চালনা করিতেছি, ঘোড়াকে কদমচালে ঠিক চালানো সম্ভব হইতেছে না—খারাপ রাস্তা ও ইতস্তত বিক্ষিপ্ত শিলাখণ্ডের দরুণ কিছুদূর অন্তর অন্তর ঘোড়ার চাল ভাঙ্গিয়া যাইতেছে, কখনও গ্যালপ, কখনও দুলকি, কখনও বা পায়চারি করিবার মত মুদু গতিতে শুধু হাঁটিয়া যাইতেছে।

আমি কিন্তু কাছারি ছাড়িয়া পর্যন্তই আনন্দে মগ্ন হইয়া আছি, এখানে চাকুরি লইয়া আসার দিনটি হইতে এদেশের এই ধু-ধু মুক্ত প্রান্তর ও বনভূমি আমাকে ক্রমশ দেশ ভুলাইয়া দিতেছে, সভ্য জগতের শত প্রকারের আরামের উপকরণ ও অভ্যাসকে ভুলাইয়া দিতেছে, বন্ধু-বান্ধব পর্যন্ত ভুলাইবার যোগাড় করিয়া তুলিয়াছে। যাক্ না ঘোড়া আস্তে বা জোরে, শৈলসানুতে যতক্ষণ প্রথম বসন্তে প্রস্ফুটিত রাজা পলাশ ফুলের মেলা বসিয়াছে, পাহাড়ের নীচে, উপরে, মাঠের সর্বত্র ঝুপসি গাছের ডাল ঝাড় ঝাড় ধাতুপফুলের ভারে অবনত, গোলগোলি ফুলের নিষ্পত্র দুধশুভ্র কাণ্ডে হলুদ রঙের বড় বড় সূর্যমুখী ফুলের মত ফুল মধ্যাহ্নের রৌদ্রকে মুদু সুগন্ধে অলস করিয়া তুলিয়াছে—তখন কতটা পথ চলিল, কে রাখে তাহার হিসাব?

কিন্তু হিসাব খানিকটা যে রাখিতেই হইবে, নতুবা দিগ্ভ্রান্ত ও পথভ্রান্ত হইবার সম্পূর্ণ সম্ভাবনা, আমাদের জঙ্গলের সীমানা অতিক্রম করিবার পূর্বেই এ সত্যটি ভাল করিয়া বুঝিলাম। কিছুদূর তখন অন্যমনস্ক ভাবে গিয়াছি, হঠাৎ দেখি সম্মুখে বহুদূরে একটা খুব বড় অরণ্যনীর ধসনীল শীর্ষদেশ রেখাকারে দিগ্বলয়ের সে-অংশে এ-প্রান্ত হইতে ও-প্রান্ত পর্যন্ত বিস্তৃত। কোথা হইতে আসিল এত বড় বন এখানে? কাছারিতে কেহ তো একথা বলে নাই যে, মৈষণ্ডির মেলার কাছাকাছি কোথাও অমন বিশাল অরণ্য বর্তমান? পরক্ষণেই ঠাহর করিয়া

বুঝিলাম, পথ হারায়াছি, সম্মুখের বনরেখা মোহনপুরা রিজার্ভ ফরেস্ট না হইয়া যায় না—
 যাহা আমাদের কাছারি হইতে খাড়া উত্তর-পূর্ব কোণে অবস্থিত। এসব দিকে চলতি বাঁধা-পথ
 বলিয়া কোন জিনিস নাই, লোকজনও কেহ বড় একটা হাঁটে না। তাহার উপর চারিদিক
 দেখিতে ঠিক একই রকম, সেই এক ধরনের ডাঙা, এক ধরনের পাহাড়, একধরনের গোলগোলি
 ও ধাতুপ ফুলের বন, সঙ্গে সঙ্গে আছে চড়া রৌদ্রের কম্পমান তাপ-তরঙ্গ। দিক্‌ভুল হইতে
 বেশিক্ষণ লাগে না আনাড়ি লোকের পক্ষে।

ঘোড়ার মুখ আবার ফিরাইলাম। হুঁশিয়ার হইয়া গন্তব্যস্থানের অবস্থান নির্ণয় করিয়া একটা
 দিক্‌চিহ্ন দূর হইতে আন্দাজ করিয়া বাছিয়া লইলাম। অকূল সমুদ্রে জাহাজ ঠিক পথে চালনা,
 অনন্ত আকাশে এরোপ্লেনের পাইলটের কাজ করা, আর এই সব অজানা সুবিশাল পথহীন
 বনপ্রান্তরে অশ্চালনা করিয়া তাহাকে গন্তব্যস্থানে লইয়া যাওয়া প্রায় একই শ্রেণীর ব্যাপার।
 অভিজ্ঞতা যাঁহাদের আছে, তাঁহাদের এ কথার সত্যতা বুঝিতে বিলম্ব হইবে না।

আবার রৌদ্রদম্ব নিষ্পত্র গুল্মরাজি, আবার বনকুসুমের মৃদুমধুর গন্ধ, আবার অনাবৃত
 শিলাস্তূপসদৃশ প্রতীয়ারমান গণ্ডশৈলমালা, আবার রক্তপলাশের শোভা। বেলা বেশ চড়িল, জল
 খাইতে পাইলে ভাল হইত, হাঁহর মধ্যেই মনে হইল, কারো নদী ছাড়া এ পথে কোথাও জল
 নাই জানি, এখনও আমাদের জঙ্গলেরই সীমা কতক্ষণে ছাড়াইব ঠিক নাই, কারো নদী তো
 বহুদূর—এ চিন্তার সঙ্গে সঙ্গে তৃষ্ণা যেন হঠাৎ বাড়িয়া উঠিল।

মুকুন্দি চাকলাদারকে বলিয়া দিয়াছিলাম আমাদের মহালের সীমানায় সীমানাজ্ঞাপক বাবলা
 কাঠের খুঁটি বা মহাবীরের স্বজার অনুরূপ যাহা হয় কিছু পুঁতিয়া রাখে। এ সীমানায় কখনও
 আসি নাই, দেখিয়া বুঝিলাম চাকলাদার সে আদেশ পালন করে নাই; ভাবিয়াছে, এই জঙ্গ
 ল ঠেলিয়া কলিকাতার ম্যানেজারবাবু আর সীমানা পরিদর্শনে আসিয়াছেন, তুমিও যেমন! কে
 খাটিয়া মরে? যেমন আছে তেমনি থাকুক।

পথের কিছুদূরে আমাদের সীমানা ছাড়াইয়া এক জায়গায় ধোঁয়া উঠিতেছে দেখিয়া সেখানে
 গেলাম। জঙ্গলের মধ্যে একদল লোক কাঠ পুড়াইয়া কয়লা করিতেছে—এই কয়লা তাহারা
 গ্রামে গ্রামে শীতকালে বেচিবে। এদেশের শীতে গরিব লোকে মালসায় কয়লার আশুন করিয়া
 শীত নিবারণ করে; কাঠকয়লা চার সের পয়সায় বিক্রয় হয়, তাও কিনিবার পয়সা অনেকের
 জোটে না, আর এত পরিশ্রম করিয়া কাঠকয়লা পুড়াইয়া পয়সায় চার সের দরে বেচিয়া
 কয়লাওয়ালাদের মজুরিই বা কি ভাবে পোষায়, তাও বুঝি না। এদেশে পয়সা জিনিসটা বাংলা
 দেশের মত সস্তা নয়, এখানে আসিয়া পর্যন্ত তা দেখিতেছি। শুকনো কাশ ও সাবাই ঘাসের
 ছোট্ট একটা ছাউনি কেঁদ ও আমলকীর বনে, সেখানে বড় একটা মাটির হাঁড়িতে মকাই সিদ্ধ
 করিয়া কাঁচা শালপাতায় সকলে একত্রে খাইতে বসিয়াছে, আমি যখন গেলাম। লবণ ছাড়া অন্য
 কোন উপকরণই নাই। নিকটে বড় বড় গর্তের মধ্যে ডালপালা পুড়িতেছে, একটা ছোকরা
 সেখানে বসিয়া কাঁচাশালের লম্বা ডাল দিয়া আঙুনে ডালপালা উন্টাইয়া দিতেছে।

জিজ্ঞাসা করিলাম—কি ও গর্তের মধ্যে, কি পুড়ছে?

তাহারা খাওয়া ছাড়াইয়া সকলে একযোগে দাঁড়াইয়া উঠিয়া ভীতনেত্রে আমার দিকে
 চাহিয়া খতমত খাইয়া বলিল—লকড়ি কয়লা হুজুর।

আমার ঘোড়ায় চড়া মূর্তি দেখিয়া লোকগুলো ভয় পাইয়াছে, বুঝিলাম আমাকে বন-
 বিভাগের লোক ভাবিয়াছে। এসব অঞ্চলের বন গবর্নমেন্টের খাসমহলের অন্তর্ভুক্ত, বিনা
 অনুমতিতে বন কাটা কি কয়লা পোড়ানো বে-আইনী।

তাহাদের আশ্বস্ত করিলাম। আমি বন-বিভাগের কর্মচারী নই, কোন ভয় নাই তাদের, যত ইচ্ছা কয়লা করুক। একটু জল পাওয়া যায় এখানে? খাওয়া ফেলিয়া একজন ছুটিয়া গিয়া মাজা বকবকে জামবাটিতে পরিষ্কার জল আনিয়া দিল। জিজ্ঞাসা করিয়া জানিলাম, কাছেই বনের মধ্যে ঝরণা আছে, তার জল।

ঝরণা?—আমার কৌতূহল হইল। ঝরণা কোথায়? শুনি নাই তো এখানে ঝরণা আছে!

উহারা বলিল—ঝরণা নাই হুজুর, উনুই! পাথরের গর্তে একটু একটু করে জল জমে, এক ঘণ্টায় আধ সের জল হয়, খুব সাফা পানি, ঠাণ্ডাও বহুৎ।

জায়গাটা দেখিতে গেলাম। কি সুন্দর ঠাণ্ডা বনবীথি! পরীরা বোধ হয় এই নির্জন অরণ্যে শিলাতলে শরৎ বসন্তের দিনে, কি গভীর নিশীথ রাতে জলকেলি করিতে নামে। বনের খুব ঘন অংশে বড় বড় পিয়াল ও কেঁদের ডালপালা দিয়া ঘেরা একটা নাবাল জায়গা, তলাটা কালো পাথরের, একখানা খুব বড় প্রস্তর-বেদী যেন কালে ক্ষয় পাইয়া টেকির গড়ের মত হইয়া গিয়াছে। যেন খুব একটা বড় প্রাকৃতিক পাথরের খোরা। তার উপর সপুষ্প পিয়াল শাখা ঝুপসি হইয়া পড়িয়া ঘন ছায়ার সৃষ্টি করিয়াছে। পিয়াল ও শাল মঞ্জুরীরা সুগন্ধ বনের ছায়ায় ভুরভুর করিতেছে। পাথরের খোলে বিন্দু বিন্দু জল জমিতেছে, এইমাত্র জল তুলিয়া লইয়া গিয়াছে, এখনও আধ ছটাক জলও জমে নাই।

উহারা বলিল—এ ঝরণার কথা অনেকে জানে না হুজুর, আমরা বনে-জঙ্গলে হরবখ্ত বেড়াই, আমরা জানি।

আরও মাইল-পাঁচেক গিয়া কারো নদী পড়িল, খুব উঁচু বালির পাড় দু-ধারে, অনেকটা খাড়া নীচে নামিয়া গেলে তবে নদীর খাত, বর্তমানে খুব সামান্যই জল আছে, দু-পারে অনেক দূর পর্যন্ত বালুকাময় তীর ধু-ধু করিতেছে। যেন পাহাড় হইতে নামিতেছি মনে হইল; ঘোড়ায় জল পার হইয়া যাইতে যাইতে এক জায়গায় ঘোড়ার জিন পর্যন্ত আসিয়া ঠেকিল, রেকাবদলসুদ্ধ পা মুড়িয়া অতি সন্তর্পণে পার হইলাম। ওপারে ফুটন্ত রক্তপলাশের বন, উঁচু-নীচু রাজ-রাজ শিলাখণ্ড, আর শুধুই পলাশ আর পলাশ, সর্বত্র পলাশ ফুলের মেলা। একবার দূরে একটা বুনো মহিষকে ধাতুপফুলের বন হইতে বাহির হইতে দেখিলাম—সেটা পাথরের উপর দাঁড়াইয়া পায়ের খুর দিয়া মাটি খুঁড়িতে লাগিল। ঘোড়ার মুখের লাগাম কষিয়া থমকিয়া দাঁড়াইলাম; ত্রিসীমানায় কোথাও জন-মানব নাই, যদি শিং পাতিয়া তাড়া করিয়া আসে? কিন্তু সৌভাগ্যের বিষয়, সেটা আবার পথের পাশের বনের মধ্যে ঢুকিয়া অদৃশ্য হইয়া গেল।

নদী ছাড়াইয়া আরও কিছুদূর গিয়া পথের দৃশ্য কি চমৎকার! তবুও তো ঠিক-দুপুর বাঁ বাঁ করিতেছে, অপরাহ্নের ছায়া নাই, রাত্রির জ্যোৎস্নালোক নাই—কিন্তু সেই নিস্তন্ধ খররৌদ্র-মধ্যাহ্নে বাঁ-দিকে বনাবৃত দীর্ঘ শৈলমালা, দক্ষিণে লৌহপ্রস্তর ও পাইয়োরাইট ছড়ানো উঁচু-নীচু জমিতে শুধুই শুভকাণ্ড গোলগোলি ফুলের গাছ ও রাজা ধাতুপফুলের জঙ্গল। সেই জায়গাটা সত্যিই একেবারে অদ্ভুত; অমন রক্ষ অথচ সুন্দর, পুষ্পাকীর্ণ অথচ উদ্দাম ও অতিমাত্রায় বন্য ভূমিষ্ঠী দেখিই নাই কখনও জীবনে। আর তার উপর ঠিক দুপুরের খাঁ-খাঁ রৌদ্র। মাথার উপরের আকাশ কি ঘন নীল! আকাশে কোথাও একটা পাখী নাই, শূন্য—মাটিতে বন্য-প্রকৃতির বৃকে কোথাও একটা মানুষ বা জীবজন্তু নাই—নিঃশব্দ, ভয়ানক নিরালা। চারিদিকে চাহিয়া প্রকৃতির এই বিজন রূপলীলার মধ্যে ডুবিয়া গেলাম—ভারতবর্ষে এমন জায়গা আছে জানিতাম না তো! এ যেন ফিল্মে দেখা দক্ষিণ-আমেরিকার আরিজোনা বা নাভাজো মরুভূমি কিংবা হডসনের পুস্তকে বর্ণিত গিলানদীর অববাহিকা অঞ্চল।

মেলায় পৌঁছিতে বেলা একটা বাজিয়া গেল। প্রকাণ্ড মেলা, যে দীর্ঘ শৈলশ্রেণী পথের বাঁধারে আমার সঙ্গে সঙ্গে ক্রোশ-তিনেক ধরিয়া চলিয়া আসিতেছিল, তারই সর্বদক্ষিণ প্রান্তে ছোট্ট একটা গ্রামের মাঠে, পাহাড়ের ঢালুতে চারিদিকে শাল-পলাশের বনের মধ্যে এই মেলা বসিয়াছে। মহিষারডি, কড়ারী-তিনটাঙা; লছমনিয়াটোলা, ভীমদাসটোলা, মহালিখারূপ প্রভৃতি দূরের নিকটের নানাস্থান হইতে লোকজন, প্রধানত মেয়েরা আসিয়াছে। তরুণী বন্য মেয়েরা আসিয়াছে চুলে পিয়াল ফুল কি রাজা ধাতুপ-ফুল গুঁজিয়া ;কারো কারো মাথায় বাঁক খোঁপায় কাঠের চিরুনি আটকানো, বেশ সূঠাম, সুললিত, লাভণ্যভরা, দেহের গঠন প্রায় অনেক মেয়েরই—তারা আমোদ করিয়া খেলো পুঁতির দানার মালা, সস্তা জাপানি কি জার্মানির সাবানের বাস্ক, বাঁশি, আয়না, অতি বাজে এসেঙ্গ কিনিতেছে, পুরুষেরা এক পয়সায় দশটা কালী সিগারেট কিনিতেছে, ছেলেমেয়েরা তিলুয়া, রেউড়ি, রামদানার লাড্ডু ও তেলে-ভাজা খাজা কিনিয়া খাইতেছে।

হঠাৎ মেয়েমানুষের গলায় আর্ত কান্নার স্বর শুনিয়া চমকিয়া উঠিলাম। একটা উঁচু পাহাড়ী ডাঙ্গায় যুবক-যুবতীরা ভিড় করিয়া দাঁড়াইয়া হাসি-খুশি গল্পগুজব আদর-আপ্যায়নে মত্ত ছিল—কান্নাটা উঠিল সেখান হইতেই। ব্যাপার কি? কেহ কি হঠাৎ পঞ্চত্বপ্রাপ্ত হইল? একজন লোককে জিজ্ঞাসা করিয়া জানিলাম, তা নয়, কোনও একটি বধুর সহিত তার পিত্রালয়ের গ্রামের কোনও মেয়ের সাক্ষাৎ হইয়াছে—এদেশের রীতিই নাকি এইরূপ, গ্রামের মেয়ে বা কোনও প্রবাসিনী সখী, কুটুম্বিনী বা আত্মীয়দের সঙ্গে অনেকদিন পরে দেখা হইলেই উভয়ে উভয়ের গলা জড়াইয়া মড়াকান্না জুড়িয়া দিবে। অনভিজ্ঞ লোককে ভাবিতে পারে উহাদের কেহ মরিয়া গিয়াছে, আসলে ইহা আদর-আপ্যায়নের একটা অঙ্গ। না কাঁদিলে নিন্দা হইবে। মেয়েরা বাপের বাড়ির মানুষ দেখিয়া কাঁদে না—অর্থৎ তাহা হইলে প্রমাণ হয় যে, স্বামীগৃহে বড় সুখেই আছে—মেয়েমানুষের পক্ষে ইহা নাকি বড়ই লজ্জার কথা।

এক জায়গায় বইয়ের দোকানে চটের থলের উপর বই সাজাইয়া বসিয়াছে—হিন্দী গোলেবকাউলী, লয়লা-মজনু, বেতাল পঁচিশী, প্রেমসাগর ইত্যাদি। প্রবীণ লোকে কেহ কেহ বই উল্টাইয়া পাশ্টাইয়া দেখিতেছে—বুঝিলাম বুকস্টলে দণ্ডায়মান পাঠকের অবস্থা আনাতোল ফ্রাঁসের প্যারিসেও যেমন, এই বন্য দেশে কড়ারী তিনটাঙায় হোলির মেলাতেও তাহাই। বিনা পয়সায় দাঁড়াইয়া পড়িয়া লইতে পারিলে কেহ বড়-একটা বই কেনে না। দোকানীর ব্যবসাবুদ্ধি কিন্তু বেশ প্রখর, সে জনৈক তন্ময়চিন্ত পাঠককে জিজ্ঞাসা করিল—কেতাব কিনবে কি? না হয় তো রেখে দিয়ে অন্য কাজ দেখ। মেলার স্থান হইতে কিছুদূরে একটা শালবনের ছায়ায় অনেক লোক রাঁধিয়া খাইতেছে—ইহাদের জন্য মেলার এক অংশে তরিতরকারীর বাজার বসিয়াছে, কাঁচা শালপাতার ঠোঙায় শুঁটকি কুচো চিংড়ী ও নালসে পিঁপড়ের ডিম বিক্রয় হইতেছে। লাল পিঁপড়ের ডিম এখানকার একটি প্রিয় সুখাদ্য। তা ছাড়া আছে কাঁচা পেপে, শুকনো কুল, কেঁদ-ফল, পেয়ারা ও বুনো শিম।

হঠাৎ কাহার ডাক কানে গেল—ম্যানেজারবাবু,—

চাহিয়া দেখি ভিড় ঠেলিয়া লবটুলিয়ার পাটোয়ারীর ভাই ব্রহ্মা মাহাতো আগাইয়া আসিতেছে।—হুজুর, আপনি কখন এলেন? সঙ্গে কে?

বলিলাম—ব্রহ্মা, এখানে কি মেলা দেখতে?

—না হুজুর, আমি মেলার ইজারাদার। আসুন, আসুন, আমার তাঁবুতে চলুন, একটু পায়ের ধুলো দেবেন।

মেলার একপাশে ইজারাদারের তাঁবু, সেখানে ব্রহ্মা খুব খাতির করিয়া আমায় লইয়া গিয়া একখানা পুরনো বেস্টউড চেয়ারে বসাইল। সেখানে একজন লোক দেখিলাম, অমন লোক বোধ হয় পৃথিবীতে আর দেখিব না। লোকটি কে জানি না, ব্রহ্মা মাহাতোর কোন কর্মচারী হইবে। বয়স পঞ্চাশ-ষাট বছর, গা খালি, রং কালো, মাথার চুল কাঁচা-পাকায় মেশানো। তাহার হাতে একটা বড় থলিতে এক থলি পয়সা, বগলে একখানা খাতা, সম্ভবত মেলার খাজনা আদায় করিয়া বেড়াইতেছে, ব্রহ্মা মাহাতোকে হিসাব বুঝাইয়া দিবে।

মুগ্ধ হইলাম তাহার চোখের দৃষ্টির ও মুখের অসাধারণ দীন নম্র ভাব দেখিয়া। যেন কিছু ভয়ের ভাবও মেশানো ছিল সে দৃষ্টিতে। ব্রহ্মা মাহাতো রাজা নয়, ম্যাজিস্ট্রেট নয়, কাহারও দণ্ডমুণ্ডের কর্তা নয়, গভর্নমেন্টের খাসমহলের জনৈক বর্ধিষুং প্রজা মাত্র—লইয়াছেই না হয় মেলার ইজারা,—এত দীন ভাব কেন ও লোকটার তার কাছে? তারও পরে আমি যখন তাঁবুতে গেলাম, স্বয়ং ব্রহ্মা মাহাতো আমাকে অত খাতির করিতেছে দেখিয়া লোকটা আমার দিকে অতিরিক্ত সন্ত্রম ও দীনতার দৃষ্টিতে ভয়ে ভয়ে এক-আধ বারের বেশি চাহিতে ভরসা পাইল না। ভাবিলাম লোকটার অত দীনহীন দৃষ্টি কেন? খুব কি গরিব? লোকটার মুখে কি যেন ছিল, বার বার আমি চাহিয়া দেখিতে লাগিলাম, Blessed are the meek for theirs is the Kingdom of Heaven. এমন ধারা সত্যিকার দীন-বিনম্র মুখ কখনও দেখি নাই।

ব্রহ্মা মাহাতোকে লোকটার কথা জিজ্ঞাসা করিয়া জানিলাম, তার বাড়ি কড়ারী তিনটাঙা, যে গ্রামে ব্রহ্মা মাহাতোর বাড়ি; নাম গিরিধারীলাল, জাতি গাঙ্গোতা। উহার এক ছোট ছেলে ছাড়া আর সংসারে কেহই নাই। অবস্থা যাহা অনুমান করিয়াছিলাম—অতি গরিব। সম্প্রতি ব্রহ্মা তাহাকে মেলায় দোকানের আদায়কারী কর্মচারী বহাল করিয়াছে—দৈনিক চার আনা বেতন ও খাইতে দিবে।

গিরিধারীলালের সঙ্গে আমার আরও দেখা হইয়াছিল, কিন্তু তাহার সঙ্গে শেষবারের সাক্ষাতের সময়কার অবস্থা বড় করুণ, পরে সে-সব কথা বলিব। অনেক ধরনের মানুষ দেখিয়াছি, কিন্তু গিরিধারীলালের মত সাদা মানুষ কখনও দেখি নাই। কত কাল হইয়া গেল, কত লোককে ভুলিয়া গিয়াছি, কিন্তু যাহাদের কথা চিরকাল মনে আঁকা আছে ও থাকিবে, সেই অতি অল্প কয়েকজন লোকের মধ্যে গিরিধারীলাল একজন।

৩

বেলা পড়িয়া আসিতেছে। এখনই রওনা হওয়া দরকার, ব্রহ্মা মাহাতোকে সে কথা বলিয়া বিদায় চাহিলাম। ব্রহ্মা মাহাতো তো একেবারে আকাশ হইতে পড়িল, তাঁবুতে যাহারা উপস্থিত ছিল তাহারা হাঁ করিয়া আমার মুখের দিকে চাহিল। অসম্ভব! এই ত্রিশ মাইল রাস্তা অবেলায় ফেরা! হুজুর কলিকাতার মানুষ, এ অঞ্চলের পথের খবর জানা নাই তাই একথা বলিতেছেন। দশ মাইল যাইতে সূর্য যাইবে ডুবিয়া, না হয় জ্যোৎস্নারাত্রিই হইল, ঘন পাহাড়-জঙ্গলের পথ, মানুষ-জন কোথাও নাই, বাঘ বাহির হইতে পারে, বুনো মহিষ আছে, বিশেষত পাকা কুলের সময়, এখন ভালুক তো নিশ্চয়ই বাহির হইবে, কারো নদীর ওপারে মহালিখারাপের জঙ্গলে এই তো সেদিনও এক গরুর গাড়ির গাড়োয়ানকে বাঘে লইয়াছে, বেচারী জঙ্গলের পথে একা গাড়ি চালাইয়া আসিতেছিল। অসম্ভব হুজুর। রাত্রে এখানে থাকুন, খাওয়া-দাওয়া করুন, যখন দয়া করিয়া আসিয়াছেন গরীবের ডেরায়। কাল সকালে তখন ধীরে-সুস্থে গেলেই হইবে।

এ বাসন্তী পূর্ণিমার পরিপূর্ণ জ্যোৎস্নারাত্রে জনহীন পাহাড়-জঙ্গলের পথে একা ঘোড়ায় চড়িয়া যাওয়ার প্রলোভন আমার কাছে দুর্দমনীয় হইয়া উঠিল। জীবনে আর কখনও হইবে না, এই হয়ত শেষ, আর যে অপূর্ব বন-পাহাড়ের দৃশ্য দেখিয়া আসিয়াছি পথে! জ্যোৎস্নারাত্রে—বিশেষত পূর্ণিমার জ্যোৎস্নায় তাহাদের রূপ একবার দেখিব না যদি, তবে এতটা কষ্ট করিয়া আসিবার কি অর্থ হয়?

সকলের সনির্বন্ধ অনুরোধ এড়াইয়া রওনা হইলাম। ব্রহ্মা মাহাতো ঠিকই বলিয়াছিল, কারো নদীতে পৌঁছিবার কিছু পূর্বেই টকটকে লাল সুবৃহৎ সূর্যটা পশ্চিম দিক্চক্রবালে একটা অনুচ্চ শৈলমালার পিছনে অস্ত গেল। কারো নদীর তীরের বালিয়াড়ির উপর যখন ঘোড়াসুদ্ধ উঠিয়াছি, এইবার এখান হইতে ঢালু বালির পথে নদীগর্ভে নামিব—হঠাৎ সেই সূর্যাস্তের দৃশ্য এবং ঠিক পূর্বে বহু দূরে কৃষ্ণ রেখার মত পরিদৃশ্যমান মোহনপুরা রিজার্ভ ফরেস্টের মাথায় নবোদিত পূর্ণচন্দ্রের দৃশ্য—যুগপৎ এই অস্ত ও উদয়ের দৃশ্যে থমকিয়া ঘোড়াকে লাগাম কষিয়া দাঁড় করাইলাম। সেই নির্জন অপরিচিত নদীতীরে সমস্তই যেন একটা অবাস্তব ব্যাপারের মত দেখাইতেছে—

পথে সর্বত্র পাহাড়ের ঢালুতে ও ডাঙায় ছাড়া-ছাড়া জঙ্গল, মাঝে মাঝে সরু পথটাকে যেন দুই দিক হইতে চাপিয়া ধরিতেছে, আবার কোথাও কিছুদূরে সরিয়া যাইতেছে। কি ভয়ঙ্কর নির্জন চারিদিক, দিনমানে যা-হয় একরূপ ছিল, জ্যোৎস্না উঠিবার পর মনে হইতেছে যেন অজানা ও অদ্ভুত সৌন্দর্যময় পরীরাজ্যের মধ্য দিয়া চলিয়াছি। সঙ্গে সঙ্গে বাঘের ভয়ও হইল, মনে পড়িল মেলায় ব্রহ্মা মাহাতো এবং কাছারিতে প্রায় সকলেই রাত্রে এপথে একা আসিতে বার বার নিষেধ করিয়াছিল, মনে পড়িল নন্দকিশোর গোসাঁই নামে আমাদের একজন বাথানদার প্রজা আজ মাস দুই-তিন আগে কাছারিতে বসিয়া গল্প করিয়াছিল এই মহালিখারূপের জঙ্গলে সেই সময় কাহাকে বাঘে খাওয়ার ব্যাপার। জঙ্গলের এখানে-ওখানে বড় বড় কুলগাছে



কুল পাকিয়া ডাল নত হইয়া আছে—তলায় বিস্তর শুকনো ও পাকা কুল ছড়ানো—সুতরাং ভালুক বাহির হইবারও সম্ভাবনা খুবই। বুনো মহিষ এ বনে না থাকিলেও মোহনপুরা

জঙ্গল হইতে ওবেলার মত এক-আধটা ছিটকাইয়া আসিতে কতক্ষণ! সম্মুখে এখনও পনের মাইল নির্জন বনপ্রান্তরের উপর দিয়া পথ।

ভয়ের অনুভূতি চারিপাশের সৌন্দর্যকে যেন আরও বাড়াইয়া তুলিল। এক এক স্থানে পথ দক্ষিণ হইতে খাড়া উত্তরে ও উত্তর হইতে পূর্বে ঘুরিয়া গিয়াছে, পথের খুব কাছে বাম দিকে সর্বত্রই একটানা অনুচ্চ শৈলমালা, তাদের ঢালুতে গোলগোলি ও পলাশের জঙ্গল, উপরের দিকে শাল ও বড় বড় ঘাস। জ্যোৎস্না এবার ফুটফুট করিতেছে, গাছের ছায়া হৃৎস্বতম হইয়া উঠিয়াছে, কি একটা বন্য-ফুলের সুবাসে জ্যোৎস্নাশুভ্র প্রান্তর ভরপুর, অনেক দূরে পাহাড়ে সাঁওতালেরা জুম চাষের জন্য আগুন দিয়াছে, সে কি অভিনব দৃশ্য, মনে হইতেছে পাহাড়ে পাহাড়ে আলোর মালা কে যেন সাজাইয়া রাখিয়াছে।

কখনও যদি এসব দিকে না আসিতাম, কেহ বলিলেও বিশ্বাস করিতাম না যে, বাংলা দেশের এত নিকটেই এরূপ সম্পূর্ণ জনহীন অরণ্যপ্রান্তর ও শৈলমালা আছে, যাহা সৌন্দর্যে আরিজোনার পাথুরে মরুদেশ বা রোডেশিয়ার বৃশভেভের অপেক্ষা কম নয় কোন অংশে—বিপদের দিক দিয়া দেখিতে গেলেও এসব অঞ্চল নিতান্ত পুতুপুতু বলা চলে না, সন্ধ্যার পরেই যেখানে বাঘ-ভালুকের ভয়ে লোকে পথ হাঁটে না।

এই মুক্ত জ্যোৎস্নাশুভ্র বনপ্রান্তরের মধ্য দিয়া যাইতে যাইতে ভাবিতেছিলাম, এ এক আলাদা জীবন, যারা ঘরের দেওয়ালের মধ্যে আবদ্ধ থাকিতে ভালবাসে না, সংসার করা যাদের রক্তে নাই, সেই সব বারমুখো, খাপছাড়া প্রকৃতির মানুষের পক্ষে এমন জীবনই তো কাম্য। কলিকাতা হইতে প্রথম প্রথম আসিয়া এখানকার এই ভীষণ নির্জনতা ও সম্পূর্ণ বন্য জীবনযাত্রা কি অসহ্য হইয়াছিল, কিন্তু এখন আমার মনে হয় এই ভাল, এই বর্বর রক্ষণ বন্য প্রকৃতি আমাকে তার স্বাধীনতা ও মুক্তির মস্ত্রে দীক্ষিত করিয়াছে, শহরের খাঁচার মধ্যে আর দাঁড়ে বসিয়া থাকিতে পারিব কি? এই পথহীন প্রান্তরের শিলাখণ্ড ও শালপলাশের বনের মধ্য দিয়া এই রকম মুক্ত আকাশতলে পরিপূর্ণ জ্যোৎস্নায় হু-হু ঘোড়া ছুটাইয়া চলার আনন্দের সহিত আমি দুনিয়ার কোন সম্পদ বিনিময় করিতে চাহি না।

জ্যোৎস্না আরও ফুটিয়াছে, নক্ষত্রদল জ্যোৎস্নালোকে প্রায় অদৃশ্য, চারিধারে চাহিয়া মনে হয় এ সে পৃথিবী নয় এতদিন যাহাকে জানিতাম, এ স্বপ্নভূমি, এই দিগন্তব্যাপী জ্যোৎস্নায় অপার্থিব জীবেরা এখানে নামে গভীর রাত্রি, তারা তপস্যার বস্ত্র, কল্পনা ও স্বপ্নের বস্ত্র, বনের ফুল যারা ভালবাসে না, সুন্দরকে চেনে না, দিখলয়রেখা যাদের কখনও হাতছানি দিয়া ডাকে নাই, তাদের কাছে এ পৃথিবী ধরা দেয় না কোন কালেই।

মহালিখারূপের জঙ্গল শেষ হইতেই মাইল চার গিয়া আমাদের সীমানা শুরু হইল। রাত প্রায় নটার সময়ে কাছারি পৌঁছিলাম।

কাছারিতে ঢোলের শব্দ শুনিয়া বাহিরের দিকে চাহিয়া দেখি একদল লোক কাছারির কম্পাউন্ডে কোথা হইতে আসিয়া ঢোল বাজাইতেছে। ঢোলের শব্দে কাছারির সিপাহী কর্মচারীরা আসিয়া তাহাদের ঘিরিয়া দাঁড়াইল। কাহাকেও ডাকিয়া ব্যাপারটা কি জিজ্ঞাসা করিব ভাবিতেছি, এমন সময় জমাদার মুক্তিনাথ সিং দরজার কাছে আসিয়া সেলাম করিয়া বলিল—একবার বাইরে আসবেন মেহেরবানি করে?

—কি জমাদার, কি ব্যাপার?

—হুজুর, দক্ষিণ দেশে এবার ধান মরে যাওয়াতে অজন্মা হয়েছে, লোকে চালাতে না পেলে দেশে দেশে নাচের দল নিয়ে বেরিয়েছে। ওরা কাছারিতে হুজুরের সামনে নাচবে বলে এসেছে, যদি হুকুম হয় তবে নাচ দেখায়।

নাচের দল আমার আপিস-ঘরের সামনে আসিয়া দাঁড়াইল।

মুক্তিনাথ সিং জিঞ্জাসা করিল, কোন নাচ তাহারা দেখাইতে পারে, দলের মধ্যে একজন ষাট-বাশ্টি বছরের বৃদ্ধ সেলাম করিয়া বিনীতভাবে বলিল—হুজুর, হো হো নাচ। আর ছক্কর-বাজি নাচ।

দলটি দেখিয়া মনে হইল নাচের কিছু জানুক না-জানুক, পেটে দুটি খাইবার আশায় সব ধরনের, সব বয়সের লোক ইহার মধ্যে ঢুকিয়া পড়িয়াছে। অনেকক্ষণ ধরিয়া তাহারা নাচিল ও গান গাহিল। বেলা পড়িবার সময় তাহারা আসিয়াছিল, ক্রমে আকাশে জ্যোৎস্না ফুটিল, তখনও তাহারা ঘুরিয়া ঘুরিয়া হাত ধরিয়া নাচিতেছে ও গান গাহিতেছে। অদ্ভুত ধরনের নাচ ও সম্পূর্ণ অপরিচিত সুরের গান। এই মুক্ত প্রকৃতির বিশাল প্রসার ও এই সভ্য জগৎ হইতে বহুদূরে অবস্থিত নিভৃত বন্য আবেষ্টনীর মধ্যে, এই দিগন্তপরিপ্লাবী ছায়াবিহীন জ্যোৎস্নালোকে এই নাচ-গানই চমৎকার খাপ খায়। একটি গানের অর্থ এইরূপঃ—

“শিশুকালে বেশ ছিলাম।

আমাদের গ্রামের পিছনে যে পাহাড়, তার মাথায় কেঁদ-বন, সেই বনে কুড়িয়ে বেড়াইতাম পাকা ফল, গাঁথতাম পিয়াল ফুলের মালা।

দিন খুব সুখেই কাটত, ভালবাসা কাকে বলে, তা তখন জানতাম না।

পাঁচ-নহরী ঝরণার ধারে সেদিন কররা পাখী মারতে গিয়েছি।

হাতে আমার বাঁশের নল ও আঠা-কাঠি।

তুমি কুসুম-রঙে ছোপানো শাড়ি পরে এসেছিলে জল ভরতে।

দেখে বললে—ছিঃ, পুরুষমানুষে কি সাত-নলি দিয়ে বনের পাখী মারে!

আমি লজ্জায় ফেলে দিলাম বাঁশের নল, ফেলে দিলাম আঠা-কাঠির তাড়া।

বনের পাখী গেল উড়ে, কিন্তু আমার মন-পাখী তোমার প্রেমের কাঁদে চিরদিনের মত যে ধরা পড়ে গেল!

আমায় সাত-নলি চেলে পাখী মারতে বারণ করে এ-কি করলে তুমি আমার! কাজটা কি ভাল হল, সখি?”

ওদের ভাষা কিছু বুঝি, কিছু বুঝি না। গানগুলি সেই জন্যই বোধ হয় আমার কাছে আরও অদ্ভুত লাগিল। এই পাহাড় ও পিয়ালবনের সুরে বাঁধা এদের গান, এখানেই ভাল লাগিবে।

ইহাদের দক্ষিণা মাত্র চার আনা পয়সা। কাছারির আমলারা একবাক্যে বলিল—হুজুর, তাই অনেক জায়গায় পায় না, বেশি দিয়ে ওদের লোভ বাড়াবেন না, তাছাড়া বাজার নষ্ট হবে। যা রেট তার বেশি দিলে গরিব গেরস্তরা নিজেদের বাড়িতে নাচ করাতে পারবে না হুজুর।

আবাক হইলাম—দু-তিন ঘণ্টা প্রাণপণে খাটিয়াছে, কমসে-কম সতর-আঠারজন লোক—চার আনায় ইহাদের জন-পিছু একটা করিয়া পয়সাও তো পড়িবে না। আমাদের কাছারিতে নাচ দেখাইতে এই জনহীন প্রান্তর ও বন পার হইয়া এতদূর আসিয়াছে। সমস্ত দিনের মধ্যে ইহাই রোজগার। কাছে আর কোনও গ্রাম নাই যেখানে আজ রাত্রে নাচ দেখাইবে।

রাত্র কাছারিতে তাহাদের খাওয়া ও থাকার ব্যবস্থা করিয়া দিলাম। সকালে তাহাদের দলের সর্দারকে ডাকাইয়া দুইটি টাকা দিতে লোকটা অবাক হইয়া আমার মুখের দিকে চাহিয়া রহিল। নাচ দেখিয়া খাইতে কেহই দেয় না, তাহার উপর আবার দু-টাকা দক্ষিণা!

তাহাদের দলে বারো-তেরো বছরের একটি ছেলে আছে, ছেলোটর চেহারা যাত্রাদলের কৃষ্ণঠাকুরের মত। এক-মাথা ঝাঁকড়া ঝাঁকড়া চুল, ভারি শাস্ত, সুন্দর চোখ-মুখ, কুচকুচে কালো গায়ের রং। দলের সামনে দাঁড়াইয়া সে-ই প্রথমে সুর ধরে ও পায়ে ঘুড়ুর বাঁধিয়া নাচে যখন—ঠোঁটের কোণে হাসি মিলাইয়া থাকে। সুন্দর ভঙ্গিতে হাত দুলাইয়া মিষ্ট সুরে গায়—
রাজা লিজিয়ে সেলাম ময় পরদেশিয়া।

শুধু দুটি খাইবার জন্য ছেলেটি দলের সঙ্গে ঘুরিতেছে। পয়সার ভাগ সে বড় একটা পায় না। তাও সে খাওয়া কি? চীনা ঘাসের দানা, আর নুন। বড়-জোর তার সঙ্গে একটু তরকারি—আলুপটল নয়, জলী গুড়মি ফল-ভাজা, নয়ত বাথুয়া শাক সিদ্ধ, কিংবা ধুঁধুল ভাজা। এই খাইয়াই মুখে হাসি তার সর্বদা লাগিয়া আছে। দিব্যি স্বাস্থ্য, অপূর্ব লাভ্য সারা সঙ্গে।

দলের অধিকারীকে বলিলাম, ধাতুরিয়াকে রেখে যাও এখানে। কাছারিতে কাজ করবে, আর থাকবে খাবে।

অধিকারী সেই দাড়িওয়ালা বৃদ্ধ লোকটি, সে-ও এক অদ্ভুত ধরনের লোক। এই বাষট্টি বছরেও সে একেবারে বালকের মত।

বলিল—ও থাকতে পারবে না হুজুর। গাঁয়ের সব লোকের সঙ্গে একসঙ্গে আছে, তাই ও আছে ভাল। একলা থাকলে মন-কেমন করবে, ছেলেমানুষ কি থাকতে পারে? আবার আপনার সামনে ওকে নিয়ে আসব হুজুর।

ষষ্ঠ পরিচ্ছেদ

১

জঙ্গলের বিভিন্ন অংশ সার্ভে হইতেছিল। কাছারি হইতে তিন ক্রেগশ দূরে বোমাইবুরুর জঙ্গলে আমাদের এক আমীন রামচন্দ্র সিং এই উপলক্ষে কিছুদিন ধরিয়া আছে। সকালে খবর পাওয়া গেল রামচন্দ্র সিং হঠাৎ আজ দিন দুই-তিন হইল পাগল হইয়া গিয়াছে।

শুনিয়া তখনই লোকজন লইয়া সেখানে গিয়া পৌঁছিলাম। বোমাইবুরুর জঙ্গল খুব নিবিড় নয়, খুব ফাঁকা উঁচু-নীচু প্রান্তরে মাঝে মাঝে ঘনসম্মিবদ্ধ বনঝোপ। মাঝে মাঝে বড় বড় গাছ, ডাল হইতে সরু দড়ির মত লতা ঝুলিতেছে, যেন জাহাজের উঁচু মাস্তুলের সঙ্গে দড়াডড়ি বাঁধা। বোমাইবুরুর জঙ্গল সম্পূর্ণরূপে লোকবসতি-শূন্য।

গাছপালার নিবিড়তা হইতে দূরে ফাঁকা মাঠের মধ্যে কাশে-ছাওয়া ছোট্ট দুখানা কুঁড়ে। একখানা একটু বড়, এখানাতে রামচন্দ্র আমীন থাকে, পাশের ছোটখানায় তার পেয়াদা আসরফি টিভেল থাকে। রামচন্দ্র নিজের কাঠের মাচার উপর চোখ বুজিয়া শুইয়াছিল। আমাদের দেখিয়া ধড়মড় করিয়া উঠিয়া বসিল। জিজ্ঞাসা করিলাম—কি হয়েছে রামচন্দ্র? কেমন আছ?

রামচন্দ্র হাতজোড় করিয়া নমস্কার করিয়া চুপ করিয়া রহিল।

কিন্তু আসরফি টিভেল সে-কথার উত্তর দিল। বলিল—বাবু, একটা বড় আশ্চর্য কথা। আপনি শুনলে বিশ্বাস করবেন না। আমি নিজেই কাছারিতে গিয়ে খবর দিতাম, কিন্তু আমীনবাবুকে ফেলে যাই বা কি করে? ব্যাপারটা এই, আজ কদিন থেকে আমীনবাবু বলছেন

একটা কুকুর এসে রাতে তাঁকে বড় বিরক্ত করে। আমি শুই এই ছোট ঘরে, আমীনবাবু শুয়ে থাকেন এখানে। দু-তিনদিন এই রকম গেল। রোজই উনি বলেন—আরে, কোথেকে একটা সাদা কুকুর আসে রাতে। মাচার ওপর বিছানা পেতে শুই, কুকুরটা এসে মাচার নীচে কেঁউ কেঁউ করে। গায়ে ঘেঁষ দিতে আসে। শুনি, বড়-একটা গা করি নে। আজ চারদিন আগে উনি অনেক রাতে বললেন—আসরফি, শীগগির এসো বেরিয়ে, কুকুরটা এসেছে। আমি তার লেজ চেপে ধরে রেখেছি। লাঠি নিয়ে এস।

আমি ঘুম ভেঙে উঠে লাঠি আলো নিয়ে ছুটে যেতে যেতে দেখি—বললে বিশ্বাস করবেন না হুজুর, কিন্তু হুজুরের সামনে মিথ্যে বলব এমন সাহস আমার নেই—একটি মেয়ে ঘরের ভিতর থেকে বার হয়ে জঙ্গলের দিকে চলে গেল। আমি প্রথমটা খতমত খেয়ে গেলাম। তারপরে ঘরের মধ্যে ঢুকে দেখি আমীনবাবু বিছানা হাতড়ে দেশলাই খুঁজছেন। উনি বললেন—কুকুরটা দেখলে?

আমি বললাম—কুকুর কই বাবু, একটা কে মেয়ে তো বার হয়ে গেল।

উনি বললেন—উল্লুক, আমার সঙ্গে বেয়াদবি? মেয়েমানুষ কে আসবে এই জঙ্গলে দুপুর রাতে? আমি কুকুরটার লেজ চেপে ধরেছিলাম, এমন কি তার লম্বা কান আমার গায়ে ঠেকেছে। মাচার নীচে ঢুকে কেঁউ কেঁউ করছিল। নেশা করতে শুরু করেছ বুঝি? রিপোর্ট করে দেবো সদরে।

পরদিন রাতে আমি সজাগ হয়ে ছিলাম অনেক রাত পর্যন্ত। যেই একটু ঘুমিয়েছি অমনি আমীনবাবু ডাকলেন। আমি তাড়াতাড়ি ছুটে বেরিয়ে আমার ঘরের দোর পর্যন্ত গিয়েছি, এমন সময় দেখি একটি মেয়ে ওঁর ঘরের উত্তর দিকের বেড়ার গা বেয়ে জঙ্গলের দিকে যাচ্ছে। তখন হুজুর আমি নিজে জঙ্গলের মধ্যে ঢুকলাম। অতঁটুকু সময়ের মধ্যে লুকোবে কোথায়, যাবেই বা কত দূর? বিশেষ করে আমরা জঙ্গল জরীপ করি, অন্ধি-সন্ধি সব আমাদের জানা। কত খুঁজলাম বাবু, কোথাও তার চিহ্নটি পাওয়া গেল না। শেষে আমার কেমন সন্দেহ হল, মাটিতে আলো ধরে দেখি কোথাও পায়ের দাগ নেই, আমার নাগরা জুতোর দাগ ছাড়া।

আমীনবাবুকে আমি একথা বললাম না আর সেদিন। একা দুটি প্রাণী থাকি এই ভীষণ জঙ্গলের মধ্যে হুজুর। ভয়ে আমার গায়ে কাঁটা দিয়ে উঠল। আর বোমাইবুরু জঙ্গলের একটু দুর্নামও শোনা ছিল। ঠাকুরদাদার মুখে শুনেছি, বোমাইবুরু পাহাড়ের উপর ওই যে বটগাছটা দেখছেন দূরে—একবার তিনি পূর্ণিমা থেকে কলাই বিক্রির টাকা নিয়ে জ্যোৎস্না-রাতে ঘোড়ায় করে জঙ্গলের পথে ফিরছিলেন—ওই বটতলায় এসে দেখেন একদল অল্পবয়সী সুন্দরী মেয়ে হাত-ধরাধরি করে জ্যোৎস্নার মধ্যে নাচছে। এদেশে বলে ওদের ‘ডামাবাণু’—এক ধরনের জীনপরী, নির্জন জঙ্গলের মধ্যে থাকে। মানুষকে বেঘোরে পেলে মেরেও ফেলে।

হুজুর, পরদিন রাতে আমি নিজে আমীনবাবুর তাঁবুতে শুয়ে জেগে রইলাম সারারাত। সারারাত জেগে জরীপের থাকবন্দীর হিসেব কষতে লাগলাম। বোধ হয় শেষরাতের দিকে একটু তন্দ্রা এসে থাকবে—হঠাৎ কাছেই একটা কিসের শব্দ শুনে মুখ তুলে চাইলাম—দেখি আমীন সাহেব ঘুমুচ্ছেন ওঁর খাটে, আর খাটের নীচে কি একটা ঢুকেছে। মাথা নীচু করে খাটের নীচে দেখতে গিয়েই চমকে উঠলাম। আধ-আলো আধ-অন্ধকারে প্রথমটা মনে হল, একটি মেয়ে যেন গুটি-সুটি মেরে খাটের তলায় বসে আমার দিকে হাসিমুখে চেয়ে আছে—স্পষ্ট দেখলাম হুজুর, আপনার পায়ে হাত দিয়ে বলতে পারি। এমন কি, তার মাথায় বেশ কালো চুলের গোছা পর্যন্ত স্পষ্ট দেখেছি। লঠনটা ছিল, যেখানটাতে বসে হিসেব কষছিলাম

সেখানে—হাত ছ'সাত দূরে। আরও ভাল করে দেখব বলে লঠনটা যেমন আনতে গিয়েছি, কি একটা প্রাণী ছুটে খাটের তলা থেকে বেরিয়ে পালাতে গেল—দোরের কাছে লঠনের আলোটা বাঁকা ভাবে পড়েছিল, সেই আলোতে দেখলাম একটা বড় কুকুর, কিন্তু তার আগাগোড়া সাদা হুজুর, কালোর চিহ্ন কোথাও নেই তার গায়ে।

আমীন সাহেব জেগে বললেন—কি, কি? বললাম—ও কিছ নয়, একটা শেয়াল কি কুকুর ঘরে ঢুকেছিল। আমীন সাহেব বললেন—কুকুর? কি রকম কুকুর? বললাম—সাদা কুকুর। আমীন সাহেব যেন একটা নিরাশার সুরে বললেন—সাদা ঠিক দেখেছ? না কালো? বললাম—না, সাদাই হুজুর।

আমি একটু বিস্মিত যে না হয়েছিলাম এমন নয়—সাদা না হয়ে কালো হলেই বা আমীনবাবুর কি সুবিধা হবে তাতে বুঝলাম না। উনি ঘুমিয়ে পড়লেন—কিন্তু আমার যে কেমন একটা ভয় ও অস্বস্তি বোধ হল, কিছুতেই চোখের পাতা বোজাতে পারলাম না। খুব সকালে উঠে খাটের নীচেটা একবার কি মনে করে ভাল করে খুঁজতে গিয়ে সেখানে একগাছা কালো চুল পেলাম। এই সে চুলও রেখেছি, হুজুর। মেয়েমানুষের মাথার চুল। কোথা থেকে এল এ চুল? দিবি কালো কুচকুচে নরম চুল। কুকুর—বিশেষত সাদা কুকুরের গায়ে এত বড়, নরম কালো চুল হয় না। এ হল গত রবিবার অর্থাৎ আজ তিন দিনের কথা। এই তিন দিন থেকে আমীন সাহেব তো এক রকম উন্মাদ হয়েই উঠেছেন। আমার ভয় করছে হুজুর—এবার আমার পালা কিনা তাই ভাবছি।

গল্পটা বেশ আশাঢ়ে-গোছের বটে। সে চুলগাছি হাতে করিয়া দেখিয়াও কিছু বুঝিতে পারিলাম না। মেয়েমানুষের মাথার চুল, সে-বিষয়ে আমারও কোনো সন্দেহ রহিল না। আসরফি টিম্বেল ছোকরা মানুষ, সে যে নেশা-ভাঙ করে না, একথা সকলেই একবাক্যে বলিল।

জনমানবশূন্য প্রান্তর ও বনঝোপের মধ্যে একমাত্র তাঁবু এই আমীনের। নিকটতম লোকালয় হইতেছে—লবটুলিয়া—ছয় মাইল দূরে। মেয়েমানুষই বা কোথা হইতে আসিতে পারে অত গভীর রাত্রে—বিশেষ যখন এই সব নির্জন বনপ্রান্তরে বাঘ ও বুনো শূয়োরের ভয়ে সন্ধ্যার পরে আর লোকে পথ চলে না?

যদি আসরফি টিম্বেলের কথা সত্য বলিয়া ধরিয়া লই, তবে ব্যাপারটা খুব রহস্যময়। অথবা এই পাণ্ডুবর্জিত দেশে, এই জনহীন বনজঙ্গল ও ধূ-ধূ প্রান্তরের মধ্যে বিংশ শতাব্দী তো প্রবেশের পথ খুঁজিয়া পায়ই নাই—উনবিংশ শতাব্দীও পাইয়াছে বলিয়া মনে হয় না। অতীত যুগের রহস্যময় অন্ধকারে এখনও এসব অঞ্চল আচ্ছন্ন—এখানে সবই সম্ভব।

সেখানকার তাঁবু উঠাইয়া রামচন্দ্র আমীন ও আসরফি টিম্বেলকে সদর কাছারিতে লইয়া আসিলাম। রামচন্দ্রের অবস্থা দিন দিন খারাপ হইতে লাগিল, ক্রমশ সে ঘোর উন্মাদ হইয়া উঠিল। সারারাত্রি চিৎকার করে, বকে, গান গায়। ডাক্তার আনিয়া দেখাইলাম, কিছুতেই কিছু হইল না, অবশেষে তাহার এক দাদা আসিয়া তাহাকে লইয়া গেল।

এই ঘটনার একটা উপসংহার আছে, যদিও তাহা ঘটয়াছিল বর্তমান ঘটনার সাত-আট মাস পরে, তবুও এখানেই তাহা বলিয়া রাখি।

এ ঘটনার ছ-মাস পরে চৈত্র মাসের দিকে দুটি লোক কাছারিতে আমার সঙ্গে দেখা করিল। একজন বৃদ্ধ, বয়স ষাট-পঁয়ষট্টির কম নয়, অন্যটি তার ছেলে, বয়স কুড়ি-বাইশ। তাদের বাড়ি বালিয়া জেলায়, আমাদের এখানে আসিয়াছে চরি-মহাল ইজারা লইতে, অর্থাৎ আমাদের জঙ্গলে খাজনা দিয়া তাহারা গরু-মহিষ চরাইবে।

অন্য সব চরি-মহাল তখন বিলি হইয়া গিয়াছে, বোমাইবুরুর জঙ্গলটা তখনও খালি পড়িয়া ছিল, সেইটাই বন্দোবস্ত করিয়া দিলাম। বৃদ্ধ ছেলেকে সঙ্গে লইয়া একদিন মহাল দেখিয়াও আসিল। খুব খুশি, বলিল—খুব বড় বড় ঘাস হুজুর, বহু আচ্ছা জঙ্গল। হুজুরের মেহেরবানি না হলে অমন জঙ্গল মিলত না।

রামচন্দ্র ও আসরফি টিঙেলের কথা তখন আমার মনে ছিল না, থাকিলেও বৃদ্ধের নিকট তাহা হয়ত বলিতাম না। কারণ, ভয় পাইয়া সে ভাগিয়া গেলে জমিদারের লোকসান। স্থানীয় লোকেরা কেহই ও জঙ্গল ইজারা লইতে ঘেষে না, রামচন্দ্র আমীনের সেই ব্যাপারের পরে।

মাসখানেক পরে বৈশাখের গোড়ায় একদিন বৃদ্ধ লোকটি কাছারিতে আসিয়া হাজির, মহা রাগত ভাব, তার পিছনে সেই ছেলোটী কাঁচুমাচু ভাবে দাঁড়াইয়া।

বলিলাম—কি ব্যাপার?

বৃদ্ধ রাগে কাঁপিতে কাঁপিতে বলিল—এই বাঁদরটাকে নিয়ে এলাম হুজুরের কাছে দরবার করতে। ওকে আপনি পা থেকে খুলে পঁচিশ জুতো মারুন, ও জন্ম হয়ে যাক।

—কি, হয়েছে কি?

—হুজুরের কাছে বলতে লজ্জা করে। এই বাঁদর, এখানে এসে পর্যন্ত বিগড়ে যাচ্ছে। আমি সাত-আট দিন আজ প্রায়ই লক্ষ্য করছি—লজ্জা করে বলতে হুজুর—প্রায়ই মেয়েমানুষ ঘর থেকে বার হয়ে যায়। একটা মাত্র খুপরি হাত-আষ্টেক লম্বা, ঘাসে ছাওয়া, ও আর আমি দু-জনে শুই। আমার চোখে ধুলো দিতে পারাও সোজা কথা নয়। দু-দিন যখন দেখলাম, তখন ওকে জিজ্ঞেস করলাম, ও একেবারে গাছ থেকে পড়ল হুজুর। বলে—কই, আমি তো কিছুই জানি নে! আরও দু-দিন যখন দেখলাম, তখন একদিন দিলাম আচ্ছা করে ওকে মার। চোখের সামনে বিগড়ে যাবে ছেলে? কিন্তু তার পরেও যখন দেখলাম, এই পরশু রাত্রেই হুজুর—তখন ওকে আমি হুজুরের দরবারে নিয়ে এসেছি, হুজুর শাসন করে দিন।

হঠাৎ রামচন্দ্র আমীনের ব্যাপারটা মনে পড়িয়া গেল। জিজ্ঞাসা করিলাম—কত রাত্রে দেখেছ?

—প্রায়ই শেষরাত্রের দিকে হুজুর। এই রাতের দু-এক ঘড়ি বাকি থাকতে।

—ঠিক দেখেছ, মেয়েমানুষ?

—হুজুর, আমার চোখের তেজ এখনও তত কম হয়নি। জরুর মেয়েমানুষ, বয়সেও কম, কোনদিন পরনে সাদা ধোয়া শাড়ি, কোনদিন বা লাল, কোনদিন কালো। একদিন মেয়েমানুষটা বেরিয়ে যেতেই আমি পেছন পেছন গেলাম। কাশের জঙ্গলের মধ্যে কোথায় পালিয়ে গেল, টের পেলুম না। ফিরে এসে দেখি, ছেলে আমার যেন খুব ঘুমের ভান করে পড়ে রয়েছে, ডাকতেই ধড়মড় করে ঠেলে উঠল, যেন সদ্য ঘুম ভেঙে উঠল। এ রোগের ওষুধ কাছারি ভিন্ন হবে না বুঝলাম, তাই হুজুরের কাছে—

ছেলেটিকে আড়ালে লইয়া গিয়া জিজ্ঞাসা করিলাম—এ সব কি শুনছি তোমার নামে?

ছেলেটি আমার পা জড়াইয়া ধরিয়া বলিল—আমার কথা বিশ্বাস করুন হুজুর। আমি এর বিন্দুবিসর্গ জানি না। সমস্ত দিন জঙ্গলে মহিষ চরিয়ে বেড়াই—রাতে মড়ার মত ঘুমুই, ভোর হলে তবে ঘুম ভাঙে। ঘরে আগুন লাগলেও আমার হুঁশ থাকে না।

বলিলাম—তুমি কোনদিন কিছু ঘরে ঢুকতে দেখনি?

—না হুজুর। আমার ঘুমুলে হুঁশ থাকে না।

এ-বিষয়ে আর কোন কথা হইল না। বৃদ্ধ খুব খুশি হইল, ভাবিল আমি আড়ালে লইয়া গিয়া ছেলেকে খুব শাসন করিয়া দিয়াছি। দিন-পনের পরে একদিন ছেলেটি আমার কাছে

আসিল। বলিল—হুজুর, একটা কথা আছে। সেবার যখন আমি বাবার সঙ্গে কাছারিতে এসেছিলাম, তখন আপনি ও-কথা জিজ্ঞেস করেছিলেন কেন যে আমি কোনও কিছু ঘরে ঢুকতে দেখেছি কি না?

—কেন বল তো?

—হুজুর, আমার ঘুম আজকাল খুব সজাগ হয়েছে—বাবা ওই রকম করেন বলে আমার মনে কেমন একটা ভয়ের দরুনই হোক বা যার দরুনই হোক। তাই আজ ক-দিন থেকে দেখছি, রাত্রে একটা সাদা কুকুর কোথা থেকে আসে—অনেক রাত্রে আসে, ঘুম ভেঙে এক-একদিন দেখি সেটা বিছানার কাছেই কোথায় ছিল—আমি জেগে শব্দ করতেই পালিয়ে যায়—কোনও দিন জেগে উঠলেই পালায়। সে কেমন বুঝতে পারে যে, এইবার আমি জেগেছি। এরকম তো ক-দিন দেখলাম—কিন্তু কাল রাতে হুজুর, একটা ব্যাপার ঘটেছে। বাপজী জানে না—আপনাকে চুপি চুপি বলতে এলাম। কাল অনেক রাতে ঘুম ভেঙে দেখি, কুকুরটা ঘরে কখন ঢুকেছিল দেখিনি—আস্তে আস্তে ঘর থেকে বার হয়ে যাচ্ছে। সেদিকের কাশের বেড়ায় জানালার মাপে কাটা ফাঁক। কুকুর বেরিয়ে যাওয়ার পরে—বোধ হয় পলক ফেলতে যতটা দেরি হয়, তার পরেই আমার সামনের জানালা দিয়ে দেখি একটি মেয়েমানুষ জানলার পাশ দিয়ে ঘরের পেছনের জঙ্গলের দিকে চলে গেল। আমি তখুনি বাইরে ছুটে গেলাম—কোথাও কিছু না। বাবাকেও জানাইনি, বুড়া মানুষ ঘুমুচ্ছে। ব্যাপারটা কি হুজুর বুঝতে পারছিলেন।

আমি তাহাকে আশ্বাস দিলাম—ও কিছু নয়, চোখের ভুল। বলিলাম, যদি তাহাদের ওখানে থাকিতে ভয় করে, তাহারা কাছারিতে আসিয়া শুইতে পারে। ছেলেটি নিজের সাহস-হীনতায় বোধ করি কিঞ্চিৎ লজ্জিত হইয়া চলিয়া গেল। কিন্তু আমার অস্বস্তি দূর হইল না, ভাবিলাম এইবার কিছু শুনিলে কাছারি হইতে দুইজন সিপাহী পাঠাইব রাত্রে ওদের কাছে শুইবার জন্য।

তখনও বুঝিতে পারি নাই জিনিসটা কত সঙ্গীন। দুর্ঘটনা ঘটিয়া গেল অতি অকস্মাৎ এবং অতি অপ্রত্যাশিত ভাবে।

দিন-তিনেক পরে।

সকালে সবে বিছানা ছাড়িয়া উঠিয়াছি, খবর পাইলাম কাল রাত্রে বোমাইবুরু জঙ্গলে বৃদ্ধ ইজারাদারের ছেলেটি মারা গিয়াছে। যোড়ায় চড়িয়া আমরা তখনই রওনা হইলাম। গিয়া দেখি তাহারা যে ঘরটাতে থাকিত তাহারই পিছনে কাশ ও বনঝাড় জঙ্গলে ছেলেটির মৃতদেহ তখনও পড়িয়া আছে। মুখে তাহার ভীষণ ভয় ও আতঙ্কের চিহ্ন—কি একটা বিভীষিকা দেখিয়া আঁৎকাইয়া যেন মারা গিয়াছে। বৃদ্ধের মুখে শুনলাম, শেষ রাত্রির দিকে উঠিয়া ছেলেকে সে বিছানায় না দেখিয়া তখনি লণ্ঠন ধরিয়া খোঁজাখুঁজি আরম্ভ করে—কিন্তু ভোরের পূর্বে তাহার মৃতদেহ দেখিতে পাওয়া যায় নাই। মনে হয়, সে হঠাৎ বিছানা হইতে উঠিয়া কোন-কিছুর অনুসরণ করিয়া বনের মধ্যে ঢোকে—কারণ, মৃতদেহের কাছে একটা মোটা লাঠি ও লণ্ঠন পড়িয়াছিল, কিসের অনুসরণ করিয়া সে বনের মধ্যে রাত্রে একা আসিয়াছিল তাহা বলা শক্ত। কারণ নরম বালিমাটির উপরে ছেলেটির পায়ের দাগ ছাড়া অন্য কোনও পায়ের দাগ নাই—না মানুষ, না জানোয়ারের। মৃতদেহেও কোনরূপ আঘাতের চিহ্ন ছিল না। বোমাইবুরু জঙ্গলের এই রহস্যময় ব্যাপারের কোন মীমাংসাই হয় নাই, পুলিশ আসিয়া কিছু করিতে না পারিয়া ফিরিয়া গেল, লোকজনের মনে এমন একটা আতঙ্কের সৃষ্টি করিল ঘটনাটি যে, সন্ধ্যার বহু পূর্ব হইতে ও-অঞ্চলে আর কেহ যায় না। দিনকতক তো এমন হইল যে, কাছারিতে একলা নিজের ঘরটিতে শুইয়া বাহিরের ধপধপে সাদা, ছায়াহীন, উদাস, নির্জন

জ্যোৎস্নারাত্রির দিকে চাহিয়া কেমন একটা অজানা আতঙ্কে প্রাণ কাঁপিয়া উঠিত, মনে হইত কলিকাতায় পালাই, এ-সব জায়গা ভাল নয়, এর জ্যোৎস্নাভরা নৈশ-প্রকৃতি রূপকথার রাক্ষসী রাণীর মত, তোমাকে ভুলাইয়া বেঘোরে লইয়া গিয়া মারিয়া ফেলিবে। যেন এ-সব স্থান মানুষের বাসভূমি নয় বটে, কিন্তু ভিন্ন লোকের রহস্যময়, অশরীরী প্রাণীদের রাজ্য, বহুকাল ধরিয়া তাহারা ই বসবাস করিয়া আসিতেছিল, আজ হঠাৎ তাদের সেই গোপন রাজ্যে মানুষের অনধিকার প্রবেশ তাহারা পছন্দ করে নাই, সুযোগ পাইলেই প্রতিহিংসা লইতে ছাড়িবে না।

২

প্রথম রাজু পাঁড়ের সঙ্গে যেদিন আলাপ হইল, সেদিনটা আমার বেশ মনে হয় আজও। কাছারিতে বসিয়া কাজ করিতেছি, একটি গৌরবর্ণ সুপুরুষ ব্রাহ্মণ আমাকে নমস্কার করিয়া দাঁড়াইল। তাহার বয়স পঞ্চাশ-ছাশ্বাশ্ব হইবে, কিন্তু তাহাকে বৃদ্ধ বলিলে ভুল করা হয়, কারণ তাহার মত সুগঠিত দেহ বাংলা দেশে অনেক যুবকেরও নাই। কপালে তিলক, গায়ে একখানি সাদা চাদর, হাতে একটা ছোট পুঁটুলি।

আমার প্রশ্নের উত্তরে লোকটি বলিল, সে বহুদূর হইতে আসিতেছে, এখানে কিছু জমি বন্দোবস্ত লইয়া চাষ করিতে চায়। অতি গরিব, জমির সেলামী দিবার ক্ষমতা তাহার নাই, আমি সামান্য কিছু জমি স্টেটের সঙ্গে আধা বখরায় বন্দোবস্ত দিতে পারি কিনা?

এক ধরনের মানুষ আছে, নিজের সম্বন্ধে বেশি কথা বলিতে জানে না, কিন্তু তাহাদের মুখের ভাব দেখিলেই মনে হয় যে, সত্যই বড় দুঃখী। রাজু পাঁড়েকে দেখিয়া আমার মনে হইল এ অনেক আশা করিয়া ধরমপুর পরগণা হইতে এতদূর আসিয়াছে জমির লোভে, জমি না পাইলে কিছু না বলিয়াই ফিরিয়া যাইবে বটে, কিন্তু বড়ই আশাভঙ্গ ও ভরসাহারা হইয়া ফিরিবে।

রাজুকে দু-বিঘা জমি লবটুলিয়া বইহারের উত্তরে ঘন জঙ্গলের মধ্যে বন্দোবস্ত দিলাম, একরকম বিনামূল্যেই। বলিয়া দিলাম, জঙ্গল পরিষ্কার করিয়া সে আবাদ করুক, প্রথমে দু বৎসর কিছু লাগিবে না, তৃতীয় বৎসর হইতে চার আনা বিঘাপিছু খাজনা দিতে হইবে। তখনও বুঝি নাই, কি অদ্ভুত ধরনের মানুষকে জমিদারিতে বসাইলাম!

রাজু আসিল ভাদ্র কি আশ্বিন মাসে, জমি পাইয়া চলিয়াও গেল, তাহার কথা বহু কাজের মধ্যে সম্পূর্ণরূপে ভুলিয়া গেলাম। পর বৎসর শীতের শেষে হঠাৎ একদিন লবটুলিয়া কাছারি হইতে ফিরিতেছি, দেখি একটি গাছতলায় কে বসিয়া কি একখানা বই পড়িতেছে। আমাকে দেখিয়া লোকটি বই মুড়িয়া তাড়াতাড়ি উঠিয়া দাঁড়াইল। আমি চিনিলাম, সেই রাজু পাঁড়ে। কিন্তু আর-বছর জমি বন্দোবস্ত দেওয়ার পর লোকটা একবারও কাছারিমুখে হইল না, এর মানে কি? বলিলাম—কি রাজু পাঁড়ে, তুমি আছ এখানে? আমি ভেবেছি তুমি জমি ছেড়ে-ছুড়ে চলে গিয়েছ বোধ হয়। চাষ কর নি?

দেখিলাম, ভয়ে রাজুর মুখ শুকাইয়া গিয়াছে। আমতা আমতা করিয়া বলিল—হ্যাঁ, হুজুর, চাষ কিছু—এবার হুজুর—

আমার কেমন রাগ হইয়া গেল। এই সব লোকের মুখ বেশ মিষ্টি, লোক ঠকাইয়া গায়ে হাত বুলাইয়া কাজ আদায় করিতে বেশ পটু। বলিলাম—দেড় বছর তোমার চুলের টিকি তো দেখা যায় নি। দিব্যি স্টেটকে ঠকিয়ে ফসল ঘরে তুলছ—কাছারির ভাগ দেওয়ার যে কথা ছিল, তা বোধ হয় তোমার মনে নেই?

রাজু এবার বিস্ময়পূর্ণ বড় বড় চোখ তুলিয়া আমার দিকে চাহিয়া বলিল—ফসল হুজুর? কিন্তু সে তো ভাগ দেবার কথা আমার মনেই ওঠেনি—সে চীনা ঘাসের দানা—

কথাটা বিশ্বাস হইল না। বলিলাম—চীনার দানা খাচ্ছ এই ছ-মাস? অন্য ফসল নেই? কেন, মকাই কর নি?

—না হুজুর, বড্ড গজার জঙ্গল। একা মানুষ, ভরসা করে উঠতে পারি নি। পনের কাঠা জমি অতিকষ্টে তৈরি করেছি। আসুন না হুজুর, একবার দয়া করে পায়ের ধুলো দিয়ে যান।

রাজুর পিছনে পিছনে গেলাম। এত ঘন জঙ্গল মাঝে মাঝে যে, ঘোড়ার চুকিতে কষ্ট হইতেছিল। খানিক দূরে গিয়ে জঙ্গলের মধ্যে গোলাকার পরিষ্কার জায়গা প্রায় বিঘাখানেক, মাঝখানে জংলী ঘাসেরই তৈরি ছোট নিচু দুখানা খুপরি। একখানাতে রাজু থাকে, আর একখানায় তার ক্ষেতের ফসল জমা আছে। থলে কি বস্তা নাই, মাটির নিচু মেঝেতে রাশীকৃত চীনা ঘাসের দানা স্তূপীকৃত করা। বলিলাম—রাজু, তুমি এত আলসে ঝুঁড়ে লোক তা তো জানতুম না, দেড় বছরের মধ্যে দু-বিঘের জঙ্গল কাটতে পারলে না?

রাজু ভয়ে ভয়ে বলিল—সময় হুজুর বড় কম যে!

—কেন, কি কর সারাদিন?

রাজু লাজুক মুখে চূপ করিয়া রহিল। রাজুর বাসস্থান খুপরির মধ্যে জিনিসপত্রের বাহুল্য আদৌ নাই। একটা লোটা ছাড়া অন্য তৈজস চোখে পড়িল না। লোটাটা বড়গোছের, তাতেই ভাত রান্না হয়। ভাত নয়, চীনা ঘাসের বীজ। কাঁচা শালপাতায় ঢালিয়া সিদ্ধ চীনার বীজ খাইলে তৈজসপত্রের কি দরকার? জলের জন্য নিকটেই কুণ্ডী অর্থাৎ ক্ষুদ্র জলাশয় আছে। আর কি চাই?

কিন্তু খুপরির একধারে সিঁদুরমাখানো ছোট কালো পাথরের রাখাক্ষমূর্তি দেখিয়া বুঝিলাম, রাজু ভক্তমানুষ! ক্ষুদ্র পাথরের বেদী বনের ফুলে সাজাইয়া রাখিয়াছে, বেদীর একপাশে দু-একখানা পুঁথি ও বই। অর্থাৎ, তাহার সময় নাই মানে সে সারাদিন পূজা-আচ্ছা লইয়াই বোধ হয় ব্যস্ত থাকে। চাষ করে কখন?

এই রাজুকে প্রথম বুঝিলাম।

রাজু পাঁড়ে হিন্দী লেখাপড়া ভাল জানে, সংস্কৃতও সামান্য জানে। তাও সে সর্বদা পড়ে না, মাঝে মাঝে অবসর সময়ে গাছতলায় কি একখানা হিন্দী বই খুলিয়া একটু বসে—অধিকাংশ সময় দূরের আকাশ ও পাহাড়ের দিকে চাহিয়া চূপচাপ বসিয়া থাকে। একদিন দেখি, একটা ছোট খাতায় খাগের কলমে বসিয়া কি লিখিতেছে। ব্যাপার কি? পাঁড়ে কবিতাও লেখে নাকি? কিন্তু সে এতই লাজুক, নীরব চাপা মানুষটি, তাহার নিকট হইতে কোন কথা বাহির করিয়া লওয়া বড় কঠিন। নিজের সম্বন্ধে সে কিছুই বলিতে চায় না।

একদিন জিজ্ঞাসা করিলাম—পাঁড়েজী, তোমার বাড়িতে আর কে আছে?

—সবাই আছে হুজুর, আমার তিন ছেলে, দুই লেড়কী, বিধবা বহিন।

—তাদের চলে কিসে?

রাজু আকাশের দিকে হাত তুলিয়া বলিল—ভগবান চালাচ্ছেন। তাদের দু'মুঠো খাওয়ানোর ব্যবস্থা করব বলেই তো হুজুরের আশ্রয়ে এসে জমি নিয়েছি। জমিটা তৈরি করে ফেলতে পারলে—

—কিন্তু দু-বিঘে জমির ফসলে অত বড় একটা সংসার চলবে? আর তাই বা তুমি উঠে-পড়ে চেপ্টা করছ কই?

রাজু কথার জবাব প্রথমটা দিল না। তার পর বলিল—জীবনের সময়টাই বড় কম ছজুর। জঙ্গল কাটতে গিয়ে কত কথা মনে পড়ে, বসে বসে ভাবি। এই যে বন-জঙ্গল দেখছেন, বড় ভাল জায়গা। ফুলের দল কত কাল থেকে ফুটছে আর পাখী ডাকছে, বাতাসের সঙ্গে মিলে দেবতার পৃথিবীর মাটিতে পা দেন এখানে। টাকার লোভ, পাওনা-দেনার কাজ যেখানে চলে, সেখানকার বাতাস বিষিয়ে ওঠে। সেখানে ওঁরা থাকেন না। কাজেই এখানে দা-কুড়ুল হাতে করলেই দেবতারা এসে হাত থেকে কেড়ে নেন—কানে চুপি চুপি এমন কথা বলেন, যাতে বিষয়-সম্পত্তি থেকে মন অনেক দূরে চলে যায়।

দেখিলাম, রাজু কবি বটে, দার্শনিকও বটে।

বলিলাম—কিন্তু রাজু, দেবতারা এমন কথা বলেন না যে, বাড়িতে খরচ পাঠিও না, ছেলেপুলে উপোস করুক। ওসব কথাই নয় রাজু, কাজে লাগে। নইলে জমি কেড়ে নেব।

আরও কয়েক মাস গেল। রাজুর ওখানে মাঝে মাঝে যাই। ওকে কি ভালোই লাগে। সেই গভীর নির্জন লবটুলিয়া বইহারের জঙ্গলে একা ছোট একটা ঘাসের খুপরিতে সে কেমন করিয়া দিনের পর দিন বাস করে, এ আমি ভাবিয়া উঠিতে পারি না।

সত্যকার সাত্ত্বিক প্রকৃতির লোক রাজু। অন্য কোন ফসল জন্মাইতে পারে নাই, চীনা ঘাসের দানা ছাড়া। সাত-আট মাস হাসিমুখে তাই খাইয়াই চালাইতেছে। কারও সঙ্গে দেখা হয় না, গল্পগুজবের লোক নাই, কিন্তু তাহাতে ওর কিছুই অসুবিধা হয় না, বেশ আছে। দুপুরে যখনই রাজুর জমির উপর দিয়া গিয়াছি, তখনই দুপুর রোদে ওকে জমিতে কাজ করিতে দেখিয়াছি। সন্ধ্যার দিকে ওকে প্রায়ই চূপ করিয়া হরীতকী গাছটার তলে বসিয়া থাকিতে দেখিয়াছি—কোনদিন হাতে খাতা থাকে, কোনদিন থাকে না।

একদিন বলিলাম—রাজু, আরও কিছু জমি তোমায় দিচ্ছি, বেশি করে চাষ কর, তোমার বাড়ির লোক না খেয়ে মরবে যে! রাজু অতি শাস্ত প্রকৃতির লোক, তাহাকে কোন কিছু বুঝাইতে বেশি বেগ পাইতে হয় না। জমি সে লইল বটে, কিন্তু পরবর্তী পাঁচ-ছ' মাসের মধ্যে জমি পরিষ্কার করিয়া উঠিতে পারিল না। সকালে উঠিয়া তাহার পূজা ও গীতাপাঠ করিতে বেলা দশটা বাজে, তার পর কাজে বার হয়। ঘণ্টা-দুই কাজ করিবার পরে রান্না-খাওয়া করে, সারা দুপুরটা খাটে বিকাল পাঁচটা পর্যন্ত। তারপরই আপন মনে গাছতলায় চূপ করিয়া বসিয়া কি ভাবে। সন্ধ্যার পরে আবার পূজাপাঠ আছে।

সে-বছর রাজু কিছু মকাই করিল, নিজে না খাইয়া সেগুলি সব দেশে পাঠাইয়া দিল, বড় ছেলে আসিয়া লইয়া গেল। কাছারিতে ছেলেটা দেখা করিতে আসিয়াছিল, তাহাকে ধমক দিয়া বলিলাম—বুড়ো বাপকে এই জঙ্গলে একা ফেলে রেখে বাড়িতে বসে দিবি ফুটি করছ, লজ্জা করে না? নিজেরা রোজগারের চেষ্টা কর না কেন?

৩

সেবার শুয়োরমারি বস্তিতে ভয়ানক কলেরা আরম্ভ হইল, কাছারিতে বসিয়া খবর পাইলাম। শুয়োরমারি আমাদের এলাকার মধ্যে নয়, এখান থেকে আট-দশ ক্রোশ দূরে, কুশী ও কলবলিয়া নদীর ধারে। প্রতিদিন এত লোক মরিতে লাগিল যে, কুশী নদীর জলে সর্বদা মড়া ভাসিয়া যাইতেছে, দাহ করিবার ব্যবস্থা নাই। একদিন শুনিলাম, রাজু পাঁড়ে সেখানে চিকিৎসা করিতে

বাহির হইয়াছে। রাজু পাঁড়ে যে চিকিৎসক তাহা জানিতাম না। তবে আমি কিছুদিন হোমিওপ্যাথি ওষুধ নাড়াচাড়া করিয়াছিলাম বটে, ভাবিলাম এই সব ডাক্তার-কবিরাজশূন্য স্থানে দেখি যদি কিছু উপকার করিতে পারি। কাছারি হইতে আমার সঙ্গে আরও অনেকে গেল। গ্রামে পৌছিয়া রাজু পাঁড়ের সঙ্গে দেখা হইল। সে একটা বটুয়াতে শিকর-বাকড় জড়ি-বুটি লইয়া এ-বাড়ি ও-বাড়ি রোগী দেখিয়া বেড়াইতেছে। আমায় নমস্কার করিয়া বলিল—হজুর, আপনার বড্ড দয়া, আপনি এসেছেন, এবার লোকগুলো যদি বাঁচে।

এমন ভাবটা দেখাইল যেন আমি জেলার সিভিল সার্জন কিংবা ডাক্তার গুডিভ চক্রবর্তী। সে-ই আমাকে সঙ্গে করিয়া গ্রামে রোগীদের বাড়ি বাড়ি ঘুরাইয়া লইয়া বেড়াইল।

রাজু ওষুধ দেয়, সবই দেখিলাম ধারে। সারিয়া উঠিলে দাম দিবে এই নাকি কড়ার হইয়াছে। কি ভয়ানক দারিদ্রের মূর্তি কুটীরে কুটীরে। সবই খোলার কিংবা খড়ের বাড়ি, ছোট্ট ছোট্ট ঘর, জানালা নাই, আলো-বাতাস ঢোকে না কোন ঘরে। প্রায় সব ঘরেই দু-একটি রোগী, ঘরের মেঝেতে ময়লা বিছানায় শুইয়া। ডাক্তার নাই, ওষুধ নাই, পথ্য নাই। অবশ্য রাজু সাধ্যমত চেষ্টা করিতেছে, না ডাকিলেও সব রোগীর কাছে গিয়া তাহার জড়ি-বুটির ওষুধ খাওয়াইয়াছে, একটা ছোট ছেলের রোগশয্যার পাশে বসিয়া কাল নাকি সারা রাত সেবাও করিয়াছে। কিন্তু মড়কের তাহাতে কিছুমাত্র উপশম দেখা যাইতেছে না, বরং বাড়িয়াই চলিয়াছে।

রাজু আমায় ডাকিয়া একটা বাড়িতে লইয়া গেল। একখানা মাত্র খড়ের ঘর, মেঝেতে রোগী তালপাতার চেটাইয়ে শুইয়া, বয়েস পঞ্চাশের কম নয়। সতের-আঠারো বছরের একটি মেয়ে দোরের গোড়ায় বসিয়া হাপুস নয়নে কাঁদিতেছে। রাজু তাহাকে ভরসা দিয়া বলিল—কাঁদিস নে বেটি, হজুর এসেছেন, আর ভয় নেই, রোগ সেরে যাবে।

বড়ই লজ্জিত হইলাম নিজের অক্ষমতার কথা স্মরণ করিয়া। জিজ্ঞাসা করিলাম—মেয়েটি বুঝি রোগীর মেয়ে?

রাজু বলিল—না হজুর, ওর বো। কেউ নেই সংসারে মেয়েটার, বিধবা মা ছিল, বিয়ে দিয়ে মারা গিয়েছে। একে বাঁচান হজুর, নইলে মেয়েটা পথে বসবে।

রাজুর কথার উত্তরে কি বলিতে যাইতেছি এমন সময় হঠাৎ চোখ পড়িল রোগীর শিয়রের দিকে দেওয়ালে মেঝে থেকে হাত তিনেক উঁচুতে একটা কাঠের তাকের প্রতি। দেখি তাকের উপর একটা আঢাকা পাথরের খোরায় দুটি পান্তাভাত। ভাতের উপর দু-দশটা মাছি বসিয়া আছে। কি সর্বনাশ! ভীষণ এশিয়াটিক কলেরার রোগী ঘরে, আর রোগীর নিকট হইতে তিন হাতের মধ্যে ঢাকাবিহীন খোরায় ভাত!

সারাদিন রোগীর সেবা করার পরে দরিদ্র ক্ষুধার্ত বালিকা হয়ত পাথরের খোরাটি পাড়িয়া পান্তাভাত দুটি নুন লঙ্কা দিয়া আগ্রহের সহিত খাইতে বসিবে। বিষাক্ত অন্ন, যার প্রতি গ্রাসে নিষ্ঠুর মৃত্যুর বীজ। বালিকার সরল অশ্রুভরা চোখ দুটির দিকে চাহিয়া শিহরিয়া উঠিলাম। রাজুকে বলিলাম—এ ভাত ফেলে দিতে বল ওকে। এ-ঘরে খাবার রাখা!

মেয়েটি ভাত ফেলিয়া দিবার প্রস্তাবে বিস্মিত হইয়া আমাদের মুখের দিকে চাহিল। ভাত ফেলিয়া দিবে কেন? তবে সে খাইবে কি? ওঝাজীদের বাড়ি থেকে কাল রাতে ঐ ভাত দুটি তাহাকে খাইতে দিয়া গিয়াছিল।

আমার মনে পড়িল ভাত এ-দেশে সুখাদ্য বলিয়া গণ্য, আমাদের দেশে যেমন লুচি কি পোলাও। কিন্তু একটু কড়া সুরেই বলিলাম—উঠে এখনি ভাত ফেলে দাও আগে।

মেয়েটি ভয়ে ভয়ে উঠিয়া খোরার ভাত ফেলিয়া দিল।

তাহার স্বামীকে কিছুতেই বাঁচানো গেল না। সন্ধ্যার পরেই বৃদ্ধ শেষ নিঃশ্বাস ত্যাগ করিল। মেয়েটির কি কামা! রাজুও সেই সঙ্গে কাঁদিয়া আকুল।

আর একটি বাড়িতে রাজু আমায় লইয়া গেল। সেটা রাজুর এক দূরসম্পর্কীয় শালার বাড়ি। এখানে প্রথম আসিয়া এই বাড়িতেই রাজু উঠিয়াছিল। খাওয়া-দাওয়া এখানেই করিত। এখানে মা ও ছেলের একসঙ্গে কলেরা, পাশাপাশি ঘরে দুই রোগী থাকে, এ উহাকে দেখিবার জন্য ব্যাকুল, ও ইহাকে দেখিবার জন্য ব্যাকুল। সাত-আট বছরের ছোট ছেলে।

ছেলে প্রথমে মারা গেল। মাকে জানিতে দেওয়া হইল না। আমার হোমিওপ্যাথি ঔষধে মায়ের অবস্থা ভাল হইয়া দাঁড়াইতে লাগিল ক্রমশ। মা কেবলই ছেলের খবর নেয়, ও-ঘরে ছেলের সাড়াশব্দ পাওয়া যাচ্ছে না কেন? কেমন আছে সে?

আমরা বলি—তাকে ঘুমের ঔষধ দেওয়া হয়েছে—ঘুমোচ্ছে।

চুপি চুপি ছেলের মৃতদেহ ঘর হইতে বাহির করা হইল।

গ্রামের লোক স্বাস্থ্যের নিয়ম একেবারে জানে না। একটি মাত্র পুকুর, সেই পুকুরেই কাপড় কাচে, সেখানেই স্নান করে। স্নান করা আর জল পান করা যে একই কথা নয়, ইহা কিছুতেই তাহাদের বুঝাইতে পারিলাম না। কত লোক কত লোককে ফেলিয়া পলাইয়া গিয়াছে। একটা ঘরের মধ্যে একটা রোগী দেখিলাম, সে বাড়িতে আর লোক নাই। রোগগ্রস্ত লোকটি ঐ বাড়ির ঘর-জামাই, স্ত্রী আর-বছর মারা গিয়াছে। তত্রাচ লোকটার অবস্থা খারাপ বলিয়াই হউক বা যে কারণেই হউক, শ্বশুরবাড়ির লোকে তাহাকে ফেলিয়া পলাইয়াছে। রাজু তাহাকে দিনরাত সেবা করিতে লাগিল। আমি ঔষধপত্রের ব্যবস্থা করিয়া দিলাম। লোকটা শেষ পর্যন্ত বাঁচিয়া গেল। বুঝিলাম, শ্বশুরবাড়ির অন্নদাস হিসাবে তাহার অদৃষ্টে এখনও অনেক দুঃখ আছে।

রাজুকে খলি বাহির করিয়া চিকিৎসার মোট উপার্জন গণনা করিতে দেখিয়া জিজ্ঞাসা করিলাম—কত হল, রাজু?

রাজু গুনিয়া-গাঁথিয়া বলিল—এক টাকা তিন আনা।

ইহাতেই সে বেশ খুশি হইয়াছে। এদেশের লোক একটা পয়সার মুখ সহজে দেখিতে পায় না, এক টাকা তিন আনা উপার্জন এখানে কম নহে। রাজুকে আজ পনের-ষোল দিন, ডাক্তারকে ডাক্তার, নার্সকে নার্স, কি খাটুনিটাই খাটিতে হইয়াছে।

অনেক রাত্রে গ্রামের মধ্যে কাম্বাকাটির রব শোনা গেল। আবার একজন মরিল। রাত্রে ঘুম হইল না। গ্রামের অনেকেই ঘুমায় নাই, ঘরের সামনে বড় বড় কাঠ জ্বলাইয়া আগুন করিয়া গন্ধক পোড়াইতেছে ও আগুনের চারিধারে ঘিরিয়া বসিয়া গল্প-গুজব করিতেছে। রোগের গল্প, মৃত্যুর খবর ছাড়া ইহাদের মুখে অন্য কোন কথা নাই—সকলেরই মুখে একটা ভয়, আতঙ্কের চিহ্ন পরিস্ফুট। কাহার পালা আসে!

দুপুর রাত্রে সংবাদ পাইলাম, ওবেলার সেই সদ্য-বিধবা বালিকাটির কলেরা হইয়াছে। গিয়া দেখিলাম, তাহার স্বামীগৃহের পাশে এক বাড়ির গোয়ালে সে শুইয়া আছে। ভয়ে নিজের ঘরে আসিয়া শুইতে পারে নাই, অথচ তাহাকে কেহ স্থান দেয় নাই সে কলেরার রোগী ছুঁইয়াছিল বলিয়া। গোয়ালের এক পাশে কয়েক আঁটি গমের বিচালির উপর পুরানো চট পাতা, তাতেই বালিকা শুইয়া ছটফট করিতেছে। আমি ও রাজু বহু চেষ্টা করিলাম হতভাগিনীকে বাঁচাইবার। একটি লঠন, একটু জল কোথাও পাওয়া যায় না। উঁকি মারিয়া কেহ দেখিতে পর্যন্ত আসিল

না। আজকাল এমন আতঙ্কের সৃষ্টি হইয়াছে যে, কলেরা কাহারও হইলে তাহার ত্রিসীমানায় লোক ঘেঁষে না।

রাত ফরসা হইল।

রাজুর খুব নাড়ীজ্ঞান, হাত দেখিয়া বলিল—এ ছজুর সুবিধে নয় গতিক।

আমি আর কি করিব, নিজে ডাক্তার নয়, স্যালাইন দিতে পারিলে হইত, এ অঞ্চলে তেমন ডাক্তার কোথাও নাই।

সকাল নটায় বালিকা মারা গেল।

আমরা না থাকিলে তাহার মৃতদেহ কেহ বাহির করিতে আসিত কিনা সন্দেহ, আমাদের অনেক তদ্বির ও অনুরোধে জন-দুই আহীর চাষী বাঁশ লইয়া আসিয়া মৃতদেহ বাঁশের সাহায্যে ঠেলিতে ঠেলিতে নদীর দিকে লইয়া গেল।

রাজু বলিল—বেঁচে গেল ছজুর। বিধবা বেওয়া অবস্থায়, তাতে ছেলেমানুষ, কি খেত, কে ওকে দেখত!

বলিলাম—তোমাদের দেশ বড় নিষ্ঠুর, রাজু।

আমার মনে কষ্ট রহিয়া গেল যে, আমি তাহাকে তাহার মুখের অত সাধের ভাত দুটি খাইতে দিই নাই।

8

নিস্তরক দুপুরে দূরে মহালিখারাপের পাহাড় ও জঙ্গল অপূর্ব রহস্যময় দেখাইত। কতবার ভাবিয়াছি একবার গিয়া পাহাড়টা ঘুরিয়া দেখিয়া আসিব, কিন্তু সময় হইয়া উঠে নাই। শুনিতাম মহালিখারাপের পাহাড় দুর্গম বনাকীর্ণ, শঙ্খচূড় সাপের আড্ডা, বনমোরগ, দুষ্ট্রাপ্য বন্য চন্দ্রমল্লিকা, বড় বড় ভালুকঝোড়ে ভর্তি। পাহাড়ের উপরে জল নাই বলিয়া, বিশেষত ভীষণ শঙ্খচূড় সাপের ভয়ে, এ অঞ্চলের কাঠুরিয়ারাও কখনও ওখানে যায় না।

দিকচক্রবালে দীর্ঘ নীলরেখার মত পরিদৃশ্যমান এই পাহাড় ও বন দুপুরে, বিকালে, সন্ধ্যায় কত স্বপ্ন আনে মনে। একে তো এদিকের সারা অঞ্চলটাই আজকাল আমার কাছে পরীর দেশ বলিয়া মনে হয়, এর জ্যোৎস্না, এর বন-বনানী, এর নির্জনতা, এর নীরব রহস্য, এর সৌন্দর্য, এর মানুষজন, পাখীর ডাক, বন্য ফুলশোভা—সবই মনে হয় অদ্ভুত, মনে এমন এক গভীর শান্তি ও আনন্দ আনিয়া দেয়, জীবনে যাহা কোথাও কখনও পাই নাই। তার উপরে বেশি করিয়া অদ্ভুত লাগে ওই মহালিখারাপের শৈলমালা ও মোহনপুরা রিজার্ভ ফরেস্টের সীমারেখা। কি রূপলোক যে ইহার ফুটাইয়া তোলে দুপুরে, বৈকালে, জ্যোৎস্নারাত্রি—কি উদাস চিত্তার সৃষ্টি করে মনে!

একদিন পাহাড় দেখিব বলিয়া বাহির হইলাম। ন'মাইল ঘোড়ায় গিয়া দুই দিকের দুই শৈল-শ্রেণীর মাঝের পথ ধরিয়া চলি। দুই দিকের শৈলসানু বনে ভরা, পথের ধারে দুই দিকের বিচিত্র ঘন বন-ঝোপের মধ্য দিয়া সুঁড়িপথ আঁকিয়া বাঁকিয়া চলিয়াছে, কখনও উঁচু-নীচু, মাঝে মাঝে ছোট ছোট পার্বত্য ঝরণা উপলাস্কৃত পথে বহিয়া চলিয়াছে, বন্য চন্দ্রমল্লিকা ফুটিতে দেখি নাই, কারণ তখন শরৎকাল, চন্দ্রমল্লিকা ফুটিবার সময়ও নয়, কিন্তু কি অজস্র বন্য শেফালিবৃক্ষ বনের সর্বত্র, ফুলের খই ছড়াইয়া রাখিয়াছে বৃক্ষতলে, শিলাখণ্ডে, ঝরণার উপলাকীর্ণ তীরে। আরও কত কি বিচিত্র বন্যপুষ্প ফুটিয়াছে বর্ষাশেষে, পুষ্পিত সপ্তপর্ণের বন,

অর্জুন ও পিয়াল, নানাজাতীয় লতা ও অর্কিডের ফুল—বহুপ্রকার পুষ্পের সুগন্ধ একত্র মিলিত হইয়া মৌমাছিদের মত মানুষকেও নেশায় মাতাল করিয়া তুলিতেছে।

এতদিন এখানে আছি, এ সৌন্দর্যভূমি আমার কাছে অজ্ঞাত ছিল। মহালিখারূপের জঙ্গল ও পাহাড়কে দূর হইতে ভয় করিয়া আসিয়াছি, বাঘ আছে, সাপ আছে, ভালুকের নাকি লেখাজোখা নাই—এ পর্যন্ত তো একটা ভালুকঝোড় কোথাও দেখিলাম না। লোকে যতটা বাড়াইয়া বলে, ততটা নয়।

ক্রমে পথটার দু-ধারে বন ঘনাইয়া পথটাকে যেন দু-দিক হইতে চাপিয়া ধরিল। বড় বড় গাছের ডালপালা পথের উপর চন্দ্রাতপের সৃষ্টি করিল। ঘনসন্নিবিষ্ট কালো কালো গাছের গুঁড়ি, তাদের তলায় কেবলই নানাজাতীয় ফার্ন, কোথাও বড় গাছেরই চারা। সামনে চাহিয়া দেখিলাম পথটা উপরের দিকে ঠেলিয়া উঠিতেছে, বন আরও কৃষ্ণায়মান, সামনে একটা উদ্ভুঙ্গ শৈলচূড়া, তাহার অনাবৃত শিখরদেশের অল্প নীচেই যে-সব বন্যপাদপ, এত নিচু হইতে সেগুলি দেখাইতেছে যেন ছোট ছোট শেওড়া গাছের ঝোপ। অপূর্ব, গভীর শোভা এই জায়গাটার। পথ বাহিয়া পাহাড়ের উপরে অনেক দূর উঠিলাম, আবার পথটা নামিয়া গড়াইয়া গিয়াছে, কিছুদূর নামিয়া আসিয়া একটা পিয়ালতলায় ঘোড়া বাঁধিয়া শিলাখণ্ডে বসিলাম—উদ্দেশ্য, শ্রান্ত অশ্বকে কিছুক্ষণ বিশ্রামের অবকাশ দেওয়া।

সেই উদ্ভুঙ্গ শৈলচূড়া হঠাৎ কখন বামদিকে গিয়া পড়িয়াছে ; পার্বত্য অঞ্চলের এই মজার ব্যাপার কতবার লক্ষ্য করিয়াছি, কোথা দিয়া কোনটা ঘুরিয়া গিয়া আধরশি পথের ব্যবধানে দুইটি সম্পূর্ণ ভিন্ন দৃশ্যের সৃষ্টি করে, এই যাহাকে ভাবিতেছি খাড়া উত্তরে অবস্থিত, হঠাৎ দু-কদম যাইতে-না-যাইতে সেটা কখন দেখি পশ্চিমে ঘুরিয়া দাঁড়াইয়াছে।

চূপ করিয়া কতক্ষণ বসিয়া রহিলাম। কাছেই বনের মধ্যে কোথায় একটা ঝরণার কলমর্মর সেই শৈলমালাবেষ্টিত বনানীর গভীর নিস্তব্ধতাকে আরও বাড়াইয়া তুলিয়াছে। আমার চারিদিকেই উঁচু উঁচু শৈলচূড়া, তাদের মাথায় শরতের নীল আকাশ। কতকাল হইতে এই বন পাহাড় এই এক রকমই আছে। সুদূর অতীতের আর্ঘেরা খাইবার গিরিবর্ষ পার হইয়া প্রথম যেদিন পঞ্চনদে প্রবেশ করিয়াছিলেন, এই বন তখনও এই রকমই ছিল, বুদ্ধদেব নববিবাহিতা তরুণী পত্নীকে ছাড়িয়া যে-রাত্রি গোপনে গৃহত্যাগ করেন, সেই অতীত রাত্রিতে এই গিরিচূড়া গভীর রাত্রির চন্দ্রালোকে আজকালের মতই হাসিত, তমসাতীরের পর্ণকুটীরে কবি বাস্মিকি একমনে রামায়ণ লিখিতে লিখিতে কবে চমকিয়া উঠিয়া দেখিয়াছিলেন সূর্য অস্তচলচূড়াবলম্বী, তমসার কালো জলে রক্তমেঘস্তুপের ছায়া পড়িয়া আসিয়াছে, আশ্রমমুগ আশ্রমে ফিরিয়াছে, সেদিনটিতেও পশ্চিম দিকান্তের শেষ রাজা আলোয় মহালিখারূপের শৈলচূড়া ঠিক এমনি অনুরঞ্জিত হইয়াছিল, আজ আমার চোখের সামনে ধীরে ধীরে যেমন হইয়া আসিতেছে। সেই কতকাল আগে যেদিন চন্দ্রগুপ্ত প্রথম সিংহাসনে আরোহণ করেন, গ্রীকরাজ হেলিওডোরাস্ গরুড়ধ্বজ-স্তম্ভ নির্মাণ করেন ; রাজকন্যা সংযুক্তা যেদিন স্বয়ম্বর-সভায় পৃথ্বীরাজের মূর্তির গলায় মালাদান করেন ; সামুগড়ের যুদ্ধে হারিয়া হতভাগ্য দারা যে-রাত্রি আগ্রা হইতে গোপনে দিল্লী পলাইলেন ; চৈতন্যদেব যেদিন শ্রীবাসের ঘরে সংকীর্তন করেন ; যেদিনটিতে পলাশীর যুদ্ধ হইল—মহালিখারূপের এই শৈলচূড়া, এই বনানী ঠিক এমনি ছিল। তখন কাহারো বাস করিত এই সব জঙ্গলে? জঙ্গলের অনতিদূরে একটা গ্রামে দেখিয়া আসিয়াছিলাম কয়েকখানি মাত্র খড়ের ঘর আছে, মছয়বীজ ভাঙিয়া তৈল বাহির করিবার জন্য দু-দণ্ড কাঠের তৈরি একটা

টেকির মত কি আছে, আর এক বুড়িকে দেখিয়াছিলাম, তাহার বয়স আশি-নব্বুই হইবে, শনের-নুড়ি চুল, গায়ে খড়ি উড়িতেছে, রৌদ্রে বসিয়া বোধ করি মাথার উকুন বাহিতেছিল— ভারতচন্দ্রের জরতীবেশধারিণী অন্নপূর্ণার মত। এখানে বসিয়া সেই বুড়িটার কথা মনে পড়িল—এ অঞ্চলের বন্য সভ্যতার প্রতীক ওই প্রাচীন বৃদ্ধা—পূর্বপুরুষেরা এই বনজঙ্গলে বহু সহস্র বছর ধরিয়া বাস করিয়া আসিতেছে। যীশুখ্রীষ্ট যেদিন ক্রুশে বিদ্ধ হইয়াছিলেন, সেদিনও উহার মছয়াবীজ ভাঙিয়া যেরূপ তৈল বাহির করিত, আজ সকালেও সেইরূপ করিয়াছে। হাজার হাজার বছর ধরিয়া নিশ্চিহ্ন হইয়া গিয়াছে অতীতের ঘন কুছাটিকার্য, উহার আজও সাতনলি ও আঠাকাঠি দিয়া সেইরূপই পাখী শিকার করিতেছে—ঈশ্বর সম্বন্ধে, জগৎ সম্বন্ধে উহাদের চিন্তাধারা বিন্দুমাত্র অগ্রসর হয় নাই। ঐ বুড়ির দৈনন্দিন চিন্তাধারা কি জানিবার জন্য আমি আমার এক বছরের উপার্জন দিতে প্রস্তুত আছি।

বুঝি না কেন এক-এক জাতির মধ্যে সভ্যতার কী বীজ লুক্কায়িত থাকে, তাহারা যত দিন যায় তত উন্নতি করে—আবার অন্য জাতি হাজার বছর ধরিয়াও সেই একস্থানে স্থাপুবৎ নিশ্চল হইয়া থাকে কেন? বর্বর আৰ্যজাতি চার-পাঁচ হাজার বছরের মধ্যে বেদ, উপনিষদ, পুরাণ, কাব্য, জ্যোতির্বিদ্যা, জ্যামিতি, চরক-সুশ্রুত লিখিল, দেশ জয় করিল, সাম্রাজ্য পত্তন করিল, ভেনাস দ্য মিলোর মূর্তি, পার্থেনন, তাজমহল, কোলৌ ক্যাথিড্রাল গড়িল, দরবারী কানাড়া ও ফিফ্থ্‌ সিম্‌ফোনির সৃষ্টি করিল—এরোপ্লেন, জাহাজ, রেলগাড়ি, বেতার, বিদ্যুৎ আবিষ্কার করিল—অথচ পাপুয়া, নিউগিনি, অস্ট্রেলিয়ার আদিম অধিবাসীরা, আমাদের দেশের ওই মুণ্ডা, কোল, নাগা, কুকিগণ যেখানে সেখানেই কেন রহিয়াছে এই পাঁচ হাজার বছর?

অতীত কোন দিনে, এই যেখানে বসিয়া আছি, এখানে ছিল মহাসমুদ্র—প্রাচীন সেই মহাসমুদ্রের ঢেউ আসিয়া আছাড় খাইয়া পড়িত ক্যান্ডিয়ান যুগের এই বালুময় তীরে—এখন যাহা বিরাট পর্বতে পরিণত হইয়াছে। এই ঘন অরণ্যানীর মধ্যে বসিয়া অতীত যুগের সেই নীল সমুদ্রের স্বপ্ন দেখিলাম।

পুরা যতঃ শ্রোতঃ পুলিনমধুনা তত্র সরিতাম্।

এই বালু-প্রস্তরের শৈলচূড়ায় সেই বিস্মৃত অতীতের মহাসমুদ্র বিক্ষুব্ধ উর্মিমালার চিহ্ন রাখিয়া গিয়াছে—অতি স্পষ্ট সে চিহ্ন—ভূতত্ত্ববিদের চোখে ধরা পড়ে। মানুষ তখন ছিল না, এ ধরনের গাছপালাও ছিল না, যে ধরনের গাছপালা জীবজন্তু ছিল, পাথরের বৃকে তারা তাদের ছাঁচ রাখিয়া গিয়াছে, যে-কোন মিউজিয়ামে গেলে দেখা যায়।

বৈকালের রোদ রাঙা হইয়া আসিয়াছে মহালিখারূপ পাহাড়ের মাথায়। শেফালিবনের গন্ধভরা বাতাসে হেমস্তের হিমের ঈষৎ আমেজ, আর এখানে বিলম্ব করা উচিত হইবে না, সম্মুখে কৃষ্ণ-একাদশীর অন্ধকার রাত্রি, বনमध्ये কোথায় একদল শেয়াল ডাকিয়া উঠিল। ভালুক বা বাঘ পথ না আটকাই।

ফিরিবার পথে এইদিন প্রথম বন্য ময়ূর দেখিলাম বনাস্তম্বলীতে শিলাখণ্ডের উপর। একজোড়া ছিল, আমার ঘোড়া দেখিয়া ভয় পাইয়া ময়ূরটা উড়িয়া গেল, তাহার সঙ্গিনী কিন্তু নড়িল না। বাঘের ভয়ে আমার তখন দেখিবার অবকাশ ছিল না, তবু একবার সেটার সামনে থমকিয়া দাঁড়াইলাম। বন্য ময়ূর কখনও দেখি নাই, লোকে বলিত এ অঞ্চলে ময়ূর আছে, আমি বিশ্বাস করিতাম না। কিন্তু বেশীক্ষণ বিলম্ব করিতে ভরসা হইল না, কি জানি মহালিখারূপের বাঘের গুজবটাও যদি এরকম সত্য হইয়া যায়!

দেশের জন্য মন কেমন করা একটি অতি চমৎকার অনুভূতি। যারা চিরকাল এক জায়গায় কাটায়, স্বগ্রাম বা তাহার নিকটবর্তী স্থান ছাড়িয়া নড়ে না—তাহারা জানে না ইহার বৈচিত্র্য। দূরপ্রবাসে আত্মীয়-স্বজনশূন্য স্থানে দীর্ঘদিন যে বাস করিয়াছে, সে জানে বাংলা দেশের জন্য, বাঙালীর জন্য, নিজের গ্রামের জন্য, দেশের প্রিয় আত্মীয়স্বজনের জন্য মন কি রকম হু-হু করে, অতি তুচ্ছ পুরাতন ঘটনাও তখন অপূর্ব বলিয়া মনে হয়—মনে হয় যাহা হইয়া গিয়াছে, জীবনে আর তাহা হইবার নহে—পৃথিবী উদাস হইয়া যায়, বাংলা দেশের প্রত্যেক জিনিসটা অত্যন্ত প্রিয় হইয়া উঠে।

এখানে বছরের পর বছর কাটাইয়া আমারও ঠিক সেই অবস্থা ঘটিয়াছে। কতবার সদরে ছুটির জন্য চিঠি লিখিব ভাবিয়াছি, কিন্তু কাজ এত বেশি সব সময়েই হাতে আছে যে, ছুটি চাহিতে সংকোচ বোধ হয়। অথচ এই জনশূন্য পাহাড়-জঙ্গলে, বাঘ ভালুক নীলগাইয়ের দেশে মাসের পর মাস, বছরের পর বছর একা কাটানো যে কি কষ্ট! প্রাণ হাঁপাইয়া উঠে এক-এক সময়, বাংলা দেশ ভুলিয়া গিয়াছি, কত-কাল দুর্গোৎসব দেখি নাই, চড়কের ঢাক শুনি নাই, দেবালয়ের ধূনাগুণ্ডুলের সৌরভ পাই নাই, বৈশাখী প্রভাতে পাখীর কলকূজন উপভোগ করি নাই—বাংলার গৃহস্থালির সে শান্ত পূত ঘরকন্মা, জলচৌকিতে পিতল-কাঁসার তৈজসপত্র, পিড়িতে আলপনা, কুলুঙ্গীতে লক্ষ্মীর কড়ির চূপড়ি—সে সব যেন বিস্মৃত অতীত এক জীবন-স্বপ্ন!

শীত গিয়া যখন বসন্ত পড়িয়াছে তখন আমার এই ভাবটা অত্যন্ত বেশি বাড়িল।

সেই অবস্থায় ঘোড়ায় চড়িয়া সরস্বতী কুণ্ডীর ওদিকে বেড়াইতে গেলাম। একটা নিচু উপত্যকায় ঘোড়া হইতে নামিয়া চূপ করিয়া দাঁড়াইলাম। আমার চারিদিক ঘিরিয়া উঁচু মাটির পাড়, তাহার উপর দীর্ঘ দীর্ঘ কাশ ও বনঝাড়ের ঘন জঙ্গল। ঠিক আমার মাথার উপরে খানিকটা নীল আকাশ। একটা কণ্টকময় গাছে বেগুনী রঙের ঝাড় ঝাড় ফুল ফুটিয়াছে, বিলাতী কর্নফ্লগওয়ার ফুলের মত দেখিতে। একটা ফুলের বিশেষ কোন শোভা নাই, অজস্র ফুল একত্র দলবদ্ধ হইয়া অনেকখানি জায়গা জুড়িয়া দেখাইতেছে ঠিক বেগুনী রঙের একখানি শাড়ির মত। বর্ণহীন, বৈচিত্র্যহীন অর্ধশুদ্ধ কাশ-জঙ্গলের তলায় ইহারা খানিকটা স্থানে বসন্তোৎসবে মাতিয়াছে—ইহাদের উপরে প্রবীণ, বিরাট বনঝাড়ের স্তম্ভ রক্ষ অরণ্য এদের ছেলেমানুষিকে নিতান্ত অবজ্ঞা ও উপেক্ষার চোখে দেখিয়া অন্যদিকে মুখ ফিরাইয়া প্রবীণতার ধৈর্যে তাহা সহ্য করিতেছে। সেই বেগুনী রঙের জংলী ফুলগুলিই আমার কানে শুনাইয়া দিল বসন্তের আগমন-বাণী। বাতাবীলেবুর ফুল নয়, ঘেঁটুফুল নয়, আশ্রমুকুল নয়, কামিনীফুল নয়, রক্তপলাশ বা শিমুল নয়, কি একটা নামগোত্রহীন রূপহীন নগণ্য জংলী কাঁটাগাছের ফুল। আমার কাছে কিন্তু তাহাই কাননভরা বনভরা বসন্তের কুসুমরাজির প্রতীক হইয়া দেখা দিল। কতক্ষণ সেখানে একমনে দাঁড়াইয়া রহিলাম, বাংলা দেশের ছেলে আমি, কতকগুলি জংলী কাঁটার ফুল যে ডালি সাজাইয়া বসন্তের মান রাখিয়াছে এ দৃশ্য আমার কাছে নূতন। কিন্তু কি গভীর শোভা উঁচু ডাঙার উপরকার অরণ্যের! কি ধ্যানস্তিমিত, উদাসীন, বিলাসহীন, সন্ন্যাসীর মত রক্ষ বেশ তার, অথচ কি বিরাট! সেই অর্ধশুদ্ধ, পুষ্পপত্রহীন বনের নিস্পৃহ আত্মার সহিত ও নিম্নের এই বন্য, বর্বর, তরুণদের বসন্তোৎসবের সকল নিরাড়ম্বর প্রচেষ্টার উচ্ছ্বসিত আনন্দের সহিত আমার মন এক হইয়া গেল।

সে আমার জীবনের এক পরম বিচিত্র মুহূর্ত। কতক্ষণ দাঁড়াইয়া আছি, দু-একটা নক্ষত্র উঠিল মাথার উপরকার সেই নীল আকাশের ফাল্গিতুকুতে, এমন সময় ঘোড়ার পায়ের শব্দে চমকাইয়া উঠিয়া দেখি, আমীন পুরণচাঁদ নাচা বইহারের পশ্চিম সীমানার জরীপের কাজ শেষ করিয়া কাছারি ফিরিতেছে। আমায় দেখিয়া ঘোড়া হইতে নামিয়া বলিল—হুজুর এখানে? তাহাকে বলিলাম, বেড়াইতে আসিয়াছি।

সে বলিল—একা এখানে থাকবেন না সন্ধ্যাবেলা, চলুন কাছারিতে। জায়গাটা ভাল নয়, আমার টিম্বেল স্বচক্ষে দেখেছে হুজুর। খুব বড় বাঘ, ওধারের ওই কাশের জঙ্গলে—আসুন হুজুর।

পিছনে অনেক দূরে পূরণচাঁদের টিম্বেল গান ধরিয়াছে :—

দয়া হেই জী—

সেই দিন হইতে ঐ কাঁটার ফুল দেখিলেই আমার মন হ হ করিয়া উঠিত বাংলা দেশের জন্য। আর ঠিক কি পূরণচাঁদের টিম্বেল ছটুলাল প্রতি সন্ধ্যায় নিজের ঘরে রুটি সেকিতে সেকিতে ঐ গানই গাহিবে—

দয়া হেই জী—

ভাবিতাম, আসন্ন ফাল্গুন-বেলায় আশ্রবউলের গন্ধভরা ছায়ায় শিমুল ফুলফোটা নদীচরের এপারে দাঁড়াইয়া কোকিলের কূজন শুনিবার সুযোগ এ জীবনে বুঝি আর মিলিবে না, এই বনেই বেঘোরে বাঘ বা বন্যমহিষের হাতে কোনদিন প্রাণ হারাইতে হইবে।

বনঝাউ-বন তেমনই স্থির হইয়া দাঁড়াইয়া থাকিত, দূর বনলীল দেখিলয় তেমনই ধূসর, উদাসীন দেখাইত।

এমনি এক দেশের জন্য মন-কেমন-করা দিনে রাসবিহারী সিং-এর বাড়ি হইতে হোলির নিমন্ত্রণ পাইলাম। রাসবিহারী সিং এ অঞ্চলের দুর্দান্ত মহাজন, জাতিতে রাজপুত্র, কারো নদীর তীরবর্তী গবর্নমেন্ট খাসমহালের প্রজা। তাহার গ্রাম কাছারি হইতে বারো-চৌদ্দ মাইল উত্তরপূর্ব কোণে, মোহনপুরা রিজার্ভ ফরেস্টের গায়ে।

নিমন্ত্রণ না রাখিলেও ভাল দেখায় না, কিন্তু রাসবিহারী সিং-এর বাড়িতে যাইতে আমার নিতান্ত অনিচ্ছা। এ-অঞ্চলের যত গরিব গাঙ্গোতা জাতীয় প্রজার মহাজন হইল সে। গরিবকে মারিয়া তাহাদের রক্ত চুষিয়া নিজে বড়লোক হইয়াছে। তাহার কড়া শাসন ও অত্যাচারে কাহারও টু শব্দটি করিবার যো নাই। বেতন বা জমিভোগী লাঠিয়াল পাইকের দল লাঠিহাতে সর্বদা ঘুরিতেছে, ধরিয়া আনিতে বলিলে বাঁধিয়া আনিয়া হাজির করিবে। যদি কোন রকমে রাসবিহারীর মনে হইল অমুক বিষয়ে অমুক তাহাকে যথেষ্ট মর্যাদা দেয় নাই বা তাহার প্রাপ্য সম্মান ক্ষুণ্ণ করিয়াছে, তাহা হইলে সে হতভাগ্যের আর রক্ষা নাই। রাসবিহারী সিং ছলে-বলে-কৌশলে তাহাকে জঙ্গ করিয়া রীতিমত শিক্ষা দিয়া ছাড়িবেই।

আমি আসিয়া দেখি রাসবিহারী সিং-ই এদেশের রাজা। তাহার কথায় গরিব গৃহস্থ প্রজা খরহরি কাঁপে, অপেক্ষাকৃত অবস্থাপন্ন লোকেও কিছু বলিতে সাহস করে না, কেননা রাসবিহারীর লাঠিয়াল-দল বিশেষ দুর্দান্ত, মারধর দাঙ্গা-হাঙ্গামায় তাহারা বিশেষ পটু। পুলিশও নাকি রাসবিহারীর হাতে আছে। খাসমহালের সার্কেল অফিসার বা ম্যানেজার আসিয়া রাসবিহারী সিং-এর বাড়িতে আতিথ্য গ্রহণ করেন। এ অবস্থায় সে কাহাকে গ্রাহ্য করিবে এ জঙ্গলের মধ্যে?

আমার প্রজার উপর রাসবিহারী সিং প্রভুত্ব জাহির করিবার চেষ্টা করে—তাহাতে আমি বাধা দিই। আমি স্পষ্ট জানাইয়া দিই, তোমাদের নিজেদের এলাকার মধ্যে যা হয় করিও, কিন্তু

আমার মহালের কোনও প্রজার কেশাগ্র স্পর্শ করিলে আমি তাহা সহ্য করিব না। গত বৎসর এই ব্যাপার লইয়া রাসবিহারী সিং-এর লাঠিয়াল-দলের সঙ্গে আমার কাছারির মুকুন্দি চাকলাদার ও গণপৎ তহশিলদারের সিপাহীদের একটা ক্ষুদ্র রকমের মারামারি হইয়া যায়। গত শ্রাবণ মাসেও আবার একটা গোলমাল বাধিয়াছিল। তাহাতে ব্যাপার পুলিস পর্যন্ত গড়ায়। পুলিশের দারোগা আসিয়া সেটা মিটাইয়া দেয়। তাহার পর কয়েক মাস যাবৎ রাসবিহারী সিং আমার মহালের প্রজাদের কিছু বলে না।

সেই রাসবিহারী সিং-এর নিকট হইতে হোলির নিমন্ত্রণ পাইয়া বিস্মিত হইলাম।

গণপৎ তহশিলদারকে ডাকিয়া পরামর্শ করিতে বসি। গণপৎ বলিল—কি জানি হুজুর, ও লোকটাকে বিশ্বাস নেই। ও সব পারে, কি মতলবে আপনাকে নিয়ে যেতে চায় কে জানে? আমার মতে না যাওয়াই ভাল।

আমার কিন্তু এ-মত মনঃপূত হইল না। হোলির নিমন্ত্রণে না গেলে রাসবিহারী অত্যন্ত অপমান বোধ করিবে। কারণ হোলির উৎসব রাজপুতদের একটি প্রধান উৎসব। হয়ত ভাবিতে পারে যে, ভয়ে আমি গেলাম না। তা যদি ভাবে, সে আমার পক্ষে ঘোর অপমানের বিষয়। না, যাইতেই হইবে, যা থাকে অদৃষ্টে।

কাছারির প্রায় সকলেই আমায় নানা-মতে বুঝাইল। বৃদ্ধ মনেশ্বর সিং বলিল—হুজুর, যাচ্ছেন বটে, কিন্তু আপনি এ-সব দেশের গতিক জানেন না। এখানে হট বলতে খুন করে বসে। জাহিল আদমির দেশ, লেখাপড়া-জানা লোক তো নেই। তা ছাড়া রাসবিহারী অতি ভয়ানক মানুষ। কত খুন করেছে জীবনে, তার লেখাজোখা আছে হুজুর? ওর অসাধ্য কাজ নেই—খুন, ঘর-জালানি, মিথ্যে মকদ্দমা খাড়া করা, ও সবতাতেই মজবুত।

ও-সব কথা কানে না তুলিয়াই খাসমহালে রাসবিহারীর বাড়ি গিয়া পৌঁছিলাম। খোলায় ছাওয়া ইটের দেওয়ালওয়ালা ঘর, যেমন এ-দেশে অবস্থাপন্ন লোকের বাড়ি হইয়া থাকে। বাড়ির সামনে বারান্দা, তাতে কাঠের খুঁটি আলকাতরা-মাখানো। দুখানা দড়ির চারপাই, তাতে জনদুই লোক বসিয়া ফর্সিতে তামাক খাইতেছে।

আমার ঘোড়া উঠানের মাঝখানে গিয়া দাঁড়াইতেই কোথা হইতে গুডুম গুডুম করিয়া দুটি বন্দুকের আওয়াজ হইল। রাসবিহারী সিং-এর লোক আমায় চেনে, তাহারা স্থানীয় রীতি অনুসারে বন্দুকের আওয়াজ দ্বারা আমাকে অভ্যর্থনা করিল, ইহা বুঝিলাম। কিন্তু গৃহস্বামী কোথায়? গৃহস্বামী না আসিয়া দাঁড়াইলে ঘোড়া হইতে নামিবার প্রথা নাই।

একটু পরে রাসবিহারী সিং-এর বড় ভাই রাসউল্লাস সিং আসিয়া বিনীত সুরে দুই হাত সামনে তুলিয়া বলিল—আইয়ে জনাব, গরীবখানামে তসরুফ লেতে আইয়ে—। আমার মনের অস্বস্তি ঘুচিয়া গেল। রাজপুত জাতি অতিথি বলিয়া স্বীকার করিয়া তাহার অনিষ্ট করে না। কেহ আসিয়া অভ্যর্থনা না করিলে ঘোড়া হইতে না নামিয়া ঘোড়ার মুখ ফিরাইয়া দিতাম কাছারির দিকে।

উঠানে বহু লোক। ইহারা অধিকাংশই গাঙ্গোতা প্রজা। পরনের মলিন ছেঁড়া কাপড় আবীর ও রঙে ছোপানো, নিমন্ত্রণে বা বিনা-নিমন্ত্রণে মহাজনের বাড়ি হোলি খেলিতে আসিয়াছে।

আধ-ঘণ্টা পরে রাসবিহারী সিং আসিল এবং আমায় দেখিয়া যেন অবাক হইয়া গেল। অর্থাৎ আমি যে তাহার বাড়ি নিমন্ত্রণ রক্ষা করিতে যাইব, ইহা যেন সে স্বপ্নেও ভাবে নাই। যাহা হউক, রাসবিহারী আমায় যথেষ্ট খাতির-যত্ন করিল।

পাশের যে-ঘরে সে আমায় লইয়া গেল, সেটায় থাকিবার মধ্যে আছে খান-দুই-তিন সিসম কাঠের দেশী ছুতারের হাতে তৈরি খুব মোটা মোটা পায়ী ও হাতলওয়ালী চেয়ার এবং একখানা কাঠের বেঞ্চি। দেওয়ালে সিন্দূর-চন্দন-লিপ্ত একটি গণেশমূর্তি।

একটু পরে একটি বালক একখানা বড় খালা লইয়া আমার সামনে ধরিল। তাহাতে কিছু আবীর, কিছু ফুল, কয়েকটি টাকা, গোটাকতক চিনির এলাচদানা ও মিছরিখণ্ড, একছড়া ফুলের মালা। রাসবিহারী সিং আমার কপালে কিছু আবীর মাখাইয়া দিল, আমিও তাহার কপালে আবীর দিলাম, ফুলের মালাগাছি তুলিয়া লইলাম। আর কি করিতে হইবে না বুঝিতে পারিয়া আনাড়ি ভাবে খালার দিকে চাহিয়া আছি দেখিয়া রাসবিহারী সিং বলিল—আপনার নজর, হুজুর। ও আপনাকে নিতে হবে। আমি পকেট হইতে আর কিছু টাকা বাহির করিয়া খালার টাকার সঙ্গে মিশাইয়া বলিলাম—সকলকে মিষ্টিমুখ করাও এই দিয়ে।

রাসবিহারী সিং তার পর আমাকে তাহার ঐশ্বর্য দেখাইয়া লইয়া বেড়াইল। গোয়ালে প্রায় ষাট-পঁয়ষট্টিটি গরু। সাত-আটটি ঘোড়া আস্তাবলে—দুটি ঘোড়া নাকি অতি সুন্দর নাচিতে পারে, একদিন নাচ আমায় সে দেখাইবে। হাতি নাই কিন্তু শীঘ্র কিনিবার ইচ্ছা আছে। এ-দেশে হাতি না থাকিলে সে সম্ভ্রান্ত লোক হয় না। আট-শ মণ গম চার্ষে উৎপন্ন হয়, দু-বেলায় আশি-পঁচাশিজন লোক খায়, সে নিজে সকালে নাকি দেড় সের দুধ ও এক সের বিকানীর মিছরি স্নানান্তে জলযোগ করে। বাজারের সাধারণ মিছরি সে কখনও খায় না, বিকানীর মিছরি ছাড়া। মিছরি খাইয়া জলযোগ যে করে, সে এ-দেশে বড়লোক বলিয়া গণ্য হয়—বড়লোকের উহা আর একটি লক্ষণ।

তার পর রাসবিহারী একটা ঘরে আমায় লইয়া গেল, সে ঘরের আড়া হইতে দু-হাজার আড়াই-হাজার ছড়া ভুট্টা ঝুলিতেছে। এগুলি ভুট্টার বীজ, আগামী বৎসরের চাষের জন্য রাখিয়া দেওয়া হইয়াছে। একখানা লোহার কড়া আমায় দেখাইল, লোহার চাদর গুল্-বসানো পেরেক দিয়া জুড়িয়া কড়াখানা তৈরি, তাতে দেড় মণ দুধ একসঙ্গে জ্বাল দেওয়া হয় প্রত্যহ। তাহার সংসারে প্রত্যহই ঐ পরিমাণ দুধ খরচ হয়। একটা ছোট ঘরে লাঠি, ঢাল, সড়কি, বর্শা, টাঙ্গি, তলোয়ার এত অগুপ্তি যে সেটাকে রীতিমত অস্ত্রাগার বলিলেও চলে।

রাসবিহারী সিং-এর ছয়জন ছেলে—জ্যেষ্ঠ পুত্রটির বয়স ত্রিশের কম নয়। প্রথম চারটি ছেলে বাপের মতই দীর্ঘকায়, জোয়ান, গৌফ ও গালপাড়ার বহর এরই মধ্যে বেশ। তাহার ছেলেদের ও তাহার অস্ত্রাগার দেখিয়া মনে হইল দরিদ্র, অনাহারজীর্ণ গাঙ্গোতা প্রজাগণ যে ইহাদের ভয়ে সঙ্কুচিত হইয়া থাকিবে ইহা আর বেশি কথা কি!

রাসবিহারী অত্যন্ত দান্তিক ও রাশভারী লোক। তাহার মানের জ্ঞানও বিলক্ষণ সজাগ। পান হইতে চুন খসিলেই রাসবিহারী সিং-এর মান যায়, সুতরাং তাহার সহিত ব্যবহার করিতে গেলে সর্বদা সতর্ক ও সম্ভ্রান্ত থাকিতে হয়। গাঙ্গোতা প্রজাগণ তো সর্বদা তটস্থ অবস্থায় আছে, কি জানি কখন মনিবের মানের ক্রটি ঘটে।

বর্বর প্রাচুর্য বলিতে যাহা বুঝায়, তাহার জাজ্বল্যমান চিত্র দেখিলাম রাসবিহারীর সংসারে। যথেষ্ট দুধ, যথেষ্ট গম, যথেষ্ট ভুট্টা, যথেষ্ট বিকানীর মিছরি, যথেষ্ট মান, যথেষ্ট লাঠিসোঁটা। কিন্তু কি উদ্দেশ্যে? ঘরে একখানা ভাল ছবি নাই, ভাল বই নাই, ভাল কৌচ-কেদারা দূরের কথা, ভাল তাকিয়া-বালিশ-সাজানো বিছানাও নাই। দেওয়ালে চুনের দাগ, পানের দাগ, বাড়ির পিছনের নর্দমা অতি কদর্য নোংরা জল ও আবর্জনায বোজানো, গৃহ-স্থাপত্য অতি কুশ্রী।

ছেলেমেয়েরা লেখাপড়া করে না, নিজেদের পরিচ্ছদ ও জুতা অত্যন্ত মোটা ও আধময়লা। গত বৎসর বসন্তরোগে বাড়ির তিন-চারটি ছেলেমেয়ে এক মাসের মধ্যে মারা গিয়াছে। এ বর্বর প্রাচুর্য তবে কোন কাজে লাগে? নিরীহ গাঙ্গোতা প্রজা ঠেঞ্জইয়া এ প্রাচুর্য অর্জন করার ফলে কাহার কি সুবিধা হইতেছে? অবশ্য রাসবিহারী সিং-এর মান বাড়িতেছে।

ভোজ্যদ্রব্যের প্রাচুর্য দেখিয়া কিন্তু তাক্ লাগিল। এত কি একজনে খাইতে পারে? হাতির কানের মত বৃহদাকার পুরী খান-পনেরো, খুরিতে নানারকম তরকারি, দই, লাড্ডু, মালপোয়া, চাটনি, পাঁপর। আমার তো এ চার-বেলার খোরাক। রাসবিহারী সিং নাকি একা এর দ্বিগুণ আহার্য উদরস্থ করিয়া থাকে একবারে।

আহার শেষ করিয়া যখন বাহিরে আসিলাম, তখন বেলা আর নাই। গাঙ্গোতা প্রজার দল উঠানে পাতা পাতিয়া দই ও চীনা ঘাসের ভাজা দানা মহা আনন্দে খাইতে বসিয়াছে। সকলের কাপড় লাল রঙে রঞ্জিত, সকলের মুখে হাসি। রাসবিহারীর ভাই গাঙ্গোতাদের খাওয়ানোর তদারক করিয়া বেড়াইতেছে। ভোজনের উপকরণ অতি সামান্য, তাতেই ওদের খুশি ধরে না।

অনেক দিন পরে এখানে সেই বালক-নর্তক ধাতুরিয়ার নাচ দেখিলাম। ধাতুরিয়া আর একটু বড় হইয়াছে, নাচেও আগের চেয়ে অনেক ভাল। হোলি-উৎসবে এখানে নাচিবার জন্য তাহাকে বায়না করিয়া আনা হইয়াছে।

ধাতুরিয়াকে কাছে ডাকিয়া বলিলাম—চিনতে পার ধাতুরিয়া?

ধাতুরিয়া হাসিয়া সেলাম করিয়া বলিল—জী হুজুর। আপনি ম্যানেজারবাবু। ভাল আছেন হুজুর?

ভারি সুন্দর হাসি ওর মুখে। আর ওকে দেখিলেই মনে কেমন একটা অনুকম্পা ও করুণার উদ্বেক হয়। সংসারে আপন বলিতে কেহ নাই, এই বয়সে নাচিয়া গাহিয়া পরের মন যোগাইয়া পয়সা রোজগার করিতে হয়, তাও রাসবিহারী সিং-এর মত ধনগর্বিত অরসিকদের গৃহ-প্রাঙ্গণে।

জিজ্ঞাসা করিলাম—এখানে তো অর্ধেক রাত পর্যন্ত নাচতে গাইতে হবে, মজুরী কি পাবে? ধাতুরিয়া বলিল—চার আনা পয়সা হুজুর, আর খেতে দেবে পেট ভরে।

—কি খেতে দেবে?

—মাটা, দই, চিনি। লাড্ডুও দেবে বোধ হয়, আর-বছর তো দিয়েছিল।

আসন্ন ভোজ খাইবার লোভে ধাতুরিয়া খুব প্রফুল্ল হইয়া উঠিয়াছে। বলিলাম—সব জায়গায় কি এই মজুরী?

ধাতুরিয়া বলিল—না হুজুর, রাসবিহারী সিং বড়মানুষ, তাই চার আনা দেবে আর খেতেও দেবে। গাঙ্গোতাদের বাড়ি নাচলে দেয় দু আনা, খেতে দেয় না, তবে আধ সের মকাইয়ের ছাতু দেয়।

—এতে চলে?

—বাবু, নাচে কিছু হয় না, আগে হত। এখন লোকের কষ্ট, নাচ দেখবে কে? যখন নাচের বায়না না থাকে, ক্ষেতে-খামারে কাজ করি। আর-বছর গম কেটেছিলাম। কি করি হুজুর, খেতে তো হবে। এত শখ করে হুজুরবাজি নাচ শিখেছিলাম গয়া থেকে—কেউ দেখতে চায় না, হুজুরবাজি নাচের মজুরী বেশি।

ধাতুরিয়াকে আমি কাছারিতে নাচ দেখাইবার নিমন্ত্রণ করিলাম। ধাতুরিয়া শিল্পী লোক—সত্যিকার শিল্পীর নিস্পৃহতা ওর মধ্যে আছে।

পূর্ণিমার জ্যোৎস্না খুব ফুটিলে রাসবিহারী সিং-এর নিকট বিদায় লইলাম। রাসবিহারী সিং পুনরায় দুটি বন্দুকের আওয়াজ করিল, আমার ঘোড়া উহাদের উঠান পার হইবার সঙ্গে সঙ্গে আমার সম্মানের জন্য।

দোল-পূর্ণিমার রাত্রি। উদার মুক্ত প্রান্তরের মধ্যে সাদা বালির রাস্তা জ্যোৎস্নাসম্পাতে চিক্চিক্ করিতেছে। দূরে একটা সিঁদ্রী পাখী জ্যোৎস্নারাতে কোথায় ডাকিতেছে—যেন এই বিশাল, জনহীন প্রান্তরের মধ্যে পথহারা কোনো বিপন্ন নৈশ-পথিকের আকুল কণ্ঠস্বর!

পিছন হইতে কে ডাকিল—হুজুর, ম্যানেজারবাবু—

চাহিয়া দেখি ধাতুরিয়া আমার ঘোড়ার পিছু পিছু ছুটিতেছে।

ঘোড়া থামাইয়া জিজ্ঞাসা করিলাম—কি ধাতুরিয়া?

ধাতুরিয়া হাঁপাইতেছিল। একটুখানি দাঁড়াইয়া দম লইয়া, একটু ইতস্তত করিয়া পরিশেষে লাজুক মুখে বলিল—একটা কথা বলছিলাম, হুজুর—

তাহাকে সাহস দিবার সূরে বলিলাম—কি, বল না?

—হুজুরের দেশে কলকাতায় আমায় একবার নিয়ে যাবেন?

—কি করবে সেখানে গিয়ে?

—কখনও কলকাতায় যাই নি, শুনেছি সেখানে গাওনা-বাজনা-নাচের বড় আদর। ভাল ভাল নাচ শিখেছিলাম, কিন্তু এখানে দেখবার লোক নেই, তাতে বড় দুঃখ হয়। হুজুরবাজি নাচটা না নেচে ভুলে যেতে বসেছি। উঃ, কি করেই ওই নাচটা শিখি! সে কথা শোনার জিনিস।

গ্রামটা ছাড়াইয়াছিলাম। ধূ-ধূ জ্যোৎস্নালোকিত মাঠ। ভাবে বোধ হইল ধাতুরিয়া লুকাইয়া আমার সহিত দেখা করিতে চায়, রাসবিহারী সিং টের পাইলে শাসন করিবে এই ভয়ে। নিকটেই মাঠের মধ্যে একটা ফুলে-ভর্তি শিমুল-চারার। ধাতুরিয়ার কথা শুনিয়া শিমুল গাছটার তলায় ঘোড়া হইতে নামিয়া একখণ্ড পাথরের উপর বসিলাম। বলিলাম—বল তোমার গল্প।

—সবাই বলত গয়া জেলায় এক গ্রামে ভিটলদাস বলে একজন গুণীলোক আছে, সে হুজুরবাজি নাচের মস্ত ওস্তাদ। আমার ঝাঁক ছিল হুজুরবাজি যে করে হোক শিখবই। গয়া জেলাতে চলে গেলাম, গাঁয়ে গাঁয়ে ঘুরি আর ভিটলদাসের খোঁজ করি। কেউ বলতে পারে না। শেষকালে একদিন সন্ধ্যার সময় একটা আহীরদের মহিষের বাথানে আশ্রয় নিয়েছি, সেখানে শুনলাম হুজুরবাজি নাচ নিয়ে তাদের মধ্যে কথাবার্তা হচ্ছে। অনেক রাত তখন, শীতও খুব। আমি বিচালি পেতে বাথানের এক কোণে শুয়ে ছিলাম, যেমন হুজুরবাজির কথা কানে যাওয়া অমনি লাফিয়ে উঠেছি। ওদের কাছে এসে বসি। কি খুশিই যে হলাম বাবুজী সে আর কি বলব! যেন একটা কি তালুক পেয়ে গিয়েছি। ওদের কাছে ভিটলদাসের সন্ধান পেলাম। ওখান থেকে সতের ক্রোশ রাস্তা তিনটাঙা বলে গ্রামে তাঁর বাড়ি।

বেশ লাগিতেছিল একজন তরুণ শিল্পী শিল্পশিক্ষার আকুল আগ্রহের গল্প। বলিলাম, তার পর?

—হেঁটে সেখানে গেলাম। ভিটলদাস দেখি বুড়ো মানুষ। একমুখ সাদা দাড়ি। আমায় দেখে বললেন—কি চাই? আমি বললাম—আমি হুজুরবাজি নাচ শিখতে এসেছি। তিনি যেন অবাক হয়ে গেলেন। বললেন—আজকালকার ছেলেরা এ পছন্দ করে? এ তো লোকে ভুলেই গিয়েছে। আমি তাঁর পায়ে হাত দিয়ে বললাম—আমায় সেখাতে হবে, বহুদূর থেকে আসছি আপনার নাম শুনে। তাঁর চোখ দিয়ে জল এল। বললেন—আমার বংশে সাতপুরুষ ধরে এই

নাচের চর্চা। কিন্তু আমার ছেলে নেই, বাঁইরের কেউ এসে শিখতেও চায় নি, আমার এত বয়স হয়েছে, এর মধ্যে। আজ তুমি প্রথম এলে। আচ্ছা, তোমায় শেখাব।—তা বুঝলেন হুজুর, এত কষ্ট করে শেখা জিনিস। এখানে গাঙ্গোতাদের দেখিয়ে কি করব? কলকাতায় গুণের আদর আছে। সেখানে নিয়ে যাবেন, হুজুর?

বলিলাম—আমার কাছারিতে একদিন এসো ধাতুরিয়া, এ-সম্বন্ধে কথা বলব।

ধাতুরিয়া আশ্বস্ত হইয়া চলিয়া গেল।

আমার মনে হইল উহার এত কষ্ট করিয়া শেখা গ্রাম্য নাচ কলিকাতায় কে-ই বা দেখিবে। আর ও বেচারী একা সেখানে কি-ই বা করিবে?

অষ্টম পরিচ্ছেদ

১

প্রকৃতি তাঁর নিজের ভক্তদের যা দেন, তা অতি অমূল্য দান। অনেক দিন ধরিয়া প্রকৃতির সেবা না করিলে কিন্তু সে দান মেলে না। আর কি ঈর্ষার স্বভাব প্রকৃতিরোগী—প্রকৃতিকে যখন চাহিব, তখন প্রকৃতিকে লইয়াই থাকিতে হইবে, অন্য কোনো দিকে মন দিয়াছি যদি, অভিমানিনী কিছুতেই তাঁর অবগুণ্ঠন খুলিবেন না।

কিন্তু অনন্যমনা হইয়া প্রকৃতিকে লইয়া ডুবিয়া থাকো, তাঁর সর্ববিধ আনন্দের বর, সৌন্দর্যের বর, অপূর্ব শান্তির বর তোমার উপর অজস্রধারে এত বর্ষিত হইবে, তুমি দেখিয়া পাগল হইয়া উঠিবে, দিনরাত মোহিনী প্রকৃতিরোগী তোমাকে শতরূপে মুগ্ধ করিবেন, নূতন দৃষ্টি জাগ্রত করিয়া তুলিবেন, মনের আয়ু বাড়াইয়া দিবেন, অমরলোকের আভাসে অমরত্বের প্রাপ্তে উপনীত করাইবেন।

কয়েক বারের কথা বলি। সে অমূল্য অনুভূতিরাজির কথা বলিতে গেলে লিখিয়া পাতার পর পাতা ফুরাইয়া যায়, কিন্তু তবু বলা শেষ হয় না, যা বলিতে চাহিতেছি তাহার অনেকখানিই বাকি থাকিয়া যায়। এসব শুনিবার লোকও সংখ্যায় অত্যন্ত কম, ক'জন মনে-প্রাণে প্রকৃতিকে ভালবাসে?

অরণ্য-প্রান্তরে লবটুলিয়ার মাঠে মাঠে দুখলি ঘাসের ফুল ফুটাইয়া জানাইয়া দেয় যে বসন্ত পড়িয়াছে। সে ফুলও বড় সুন্দর, দেখিতে নক্ষত্রের মত আকৃতি, রং হলদে, লম্বা লম্বা সরু লতার মত ঘাসের ডাঁটাটা অনেকখানি জমি জুড়িয়া মাটি আঁকড়াইয়া থাকে, নক্ষত্রাকৃতি হলদে ফুল ধরে তার গাঁটে গাঁটে। ভোরে মাঠ, পথের ধার সর্বত্র আলো করিয়া ফুটিয়া থাকিত—কিন্তু সূর্যের তেজ বাড়িবার সঙ্গে সঙ্গে সব ফুল কুঁকড়াইয়া পুনরায় কুঁড়ির আকার ধারণ করিত—পরদিন সকালে আবার সেই কুঁড়িগুলিই দেখিতাম ফুটিয়া আছে।

রক্তপলাশের বাহার আছে মোহনপুরা রিজার্ভ ফরেস্টে ও আমাদের সীমানার বাহিরের জঙ্গলে কিংবা মহালিখারূপের শৈলসানুপ্রদেশে। আমাদের মহাল হইতে সে-সব স্থান অনেক দূরে, ঘোড়ায় তিন-চার ঘণ্টা লাগে। সে-সব জায়গায় চৈত্রে শালমঞ্জুরীর সুবাসে বাতাস মাতাইয়া রাখে, শিমুলবনে দিগন্তরেখা রাজাইয়া দেয়, কিন্তু কোকিল, দোয়েল, বৌ-কথা-কও প্রভৃতি গায়ক পাখীরা ডাকে না, এ-সব জনহীন স্থানের পান্থদের যে ছন্দছাড়া রূপ, বোধহয় তাহারা তাহা পছন্দ করে না।

এক-এক দিন বাংলা দেশে ফিরিবার জন্য মন হাঁপাইয়া উঠিত, বাংলা দেশের পল্লীর সে সুমধুর বসন্ত কল্পনায় দেখিতাম, মনে পড়িত বাঁধানো পুকুরঘাটে স্নানান্তে আর্দ্রবস্ত্রে গমনরতা কোন তরুণী বধুর ছবি, মাঠের ধারে ফুলফোটা ঘেঁটুবন, বাতাবিলেবু ফুলের সুগন্ধে মোহময় ঘনছায়া ভরা অপরাহ্ন। দেশকে কী ভাল করিয়াই চিনিলাম বিদেশে গিয়া! দেশের জন্য এই মনোবেদনা দেশে থাকিতে কখনও অনুভব করি নাই, জীবনে এ একটা বড় অনুভূতি, যে ইহার আশ্বাদ না পাইল, সে হতভাগ্য একটা শ্রেষ্ঠ অনুভূতির সহিত অপরিচিত রহিয়া গেল।

কিন্তু যে-কথাটা বার বার নানা ভাবে বলিবার চেষ্টা করিতেছি, কিন্তু কোনো বারই ঠিকমত বুঝাইতে পারিতেছি না, সেটা হইতেছে এই প্রকৃতির একটা রহস্যময় অসীমতার, দুরধিগম্যতার, বিরাটত্বের ও ভয়াল গা-ছম-ছম-করানো সৌন্দর্যের দিকটা। না দেখিলে কি করিয়া বুঝাইব সে কী জিনিস!

জনশূন্য বিশাল লবটুলিয়া বইহারের দিগন্তব্যাপী দীর্ঘ বনঝাড় ও কাশের বনে নিস্তব্ধ অপরাহ্নে একা ঘোড়ার উপর বসিয়া এখানকার প্রকৃতির এই রূপ আমার সারা মনকে অসীম রহস্যানুভূতিতে আচ্ছন্ন করিয়া দিয়াছে, কখনও তাহা আসিয়াছে ভয়ের রূপে, কখনও আসিয়াছে একটা নিস্পৃহ, উদাস, গভীর মনোভাবের রূপে, কখনও আসিয়াছে কত মধুময় স্বপ্ন, দেশ-বিদেশের নর-নারীর বেদনার রূপে। সে যেন খুব উচ্চদরের নীরব সঙ্গীত—নক্ষত্রের ক্ষীণ আলোর তালে, জ্যোৎস্নারাত্রের অবাস্তবতায়, ঝিল্লীর তানে, ধাবমান উষ্কার অগ্নিপুচ্ছের জ্যোতিতে তার লয়-সঙ্গতি।

সে রূপ তাহার না দেখাই ভাল, যাহাকে ঘরদুয়ার বাঁধিয়া সংসার করিতে হইবে। প্রকৃতির সে মোহিনীরূপের মায়া মানুষকে ঘরছাড়া করে, উদাসীন ছন্নছাড়া ভবঘুরে হ্যারি জনস্টন, মার্কো পোলো, হাডসন, শ্যাকলটন করিয়া তোলে—গৃহস্থ সাজিয়া ঘরকন্না করিতে দেয় না—অসম্ভব তাহার পক্ষে ঘরকন্না করা একবার সে-ডাক যে শুনিয়াছে, সে অনবগুণ্টিতা মোহিনীকে একবার যে প্রত্যক্ষ করিয়াছে।

গভীর রাত্রে ঘরের বাহিরে একা আসিয়া দাঁড়াইয়া দেখিয়াছি, অন্ধকার প্রান্তরের অথবা ছায়াহীন ধূ-ধূ জ্যোৎস্না-ভরা রাত্রির রূপ। তার সৌন্দর্যে পাগল হইতে হয়—একটুও বাড়াইয়া বলিতেছি না—আমার মনে হয় দুর্বলচিত্ত মানুষ যাহারা, তাহাদের পক্ষে সে-রূপ না দেখাই ভাল, সর্বনাশী রূপ সে, সকলের পক্ষে তার টাল-সামলানো বড় কঠিন।

তবে একথাও ঠিক, প্রকৃতিকে সে-রূপে দেখাও ভাগ্যের ব্যাপার। এমন বিজন বিশাল উন্মুক্ত আরণ্য-প্রান্তর, শৈলমালা, বনঝাড় আর কাশের বন কোথায় যেখানে-সেখানে? তার সঙ্গে যোগ চাই গভীর নিশীথিনীর নীরবতার ও তার অন্ধকার বা জ্যোৎস্নার—এত যোগাযোগ সুলভ হইলে পৃথিবীতে কবি আর পাগলে দেশ ছাইয়া যাইত না?

একদিন প্রকৃতির সে-রূপ কিভাবে প্রত্যক্ষ করিয়াছিলাম, সে ঘটনা বলি।

পূর্ণিয়া হইতে উকিলের ‘তার’ পাইলাম পরদিন সকাল দশটার মধ্যে আমায় সেখানে হাজির হইতে হইবে। অন্যথায় স্টেটের একটা বড় মোকদ্দমায় আমাদের হার সুনিশ্চিত।

আমাদের মহাল হইতে পূর্ণিয়া পঞ্চাশ মাইল দূরে। রাত্রের ট্রেন মাত্র একখানি, যখন ‘তার’ হস্তগত হইল তখন সতের মাইল দূরবর্তী কাটারিয়া স্টেশনে গিয়া সে-ট্রেন ধরা অসম্ভব।

ঠিক হইল এখনই ঘোড়ায় রওনা হইতে হইবে।

কিন্তু পথ সুদীর্ঘ বটে, বিপদসঙ্কলও বটে, বিশেষ করিয়া এই রাত্রিকালে, এই আরণ্য-অঞ্চলে। সুতরাং তহশিলদার সুজন সিং আমার সঙ্গে যাইবে ইহাও ঠিক হইল।

সন্ধ্যায় দুজনে ঘোড়া ছাড়িলাম। কাছারি ছাড়িয়া জঙ্গলে পড়িতেই কিছু পরে কৃষ্ণ তৃতীয়ার চাঁদ উঠিল। অস্পষ্ট জ্যোৎস্নায় বন-প্রান্তর আরও অদ্ভুত দেখাইতেছে। পাশাপাশি দু'জনে চলিয়াছি—আমি আর সূজন সিং। পথ কখনও উঁচু, কখনও নিচু, সাদা বালির উপর জ্যোৎস্না পড়িয়া চকচক করিতেছে। ঝোপঝাপ মাঝে মাঝে, আর শুধু কাশ আর ঝাউবন চলিয়াছে, সূজন সিং গল্প করিতেছে। জ্যোৎস্না ক্রমেই ফুটিতেছে—বনজঙ্গল, বালুচর ক্রমশ স্পষ্টতর হইতেছে। বহুদূর পর্যন্ত নিচু জঙ্গলের শীর্ষদেশ একটানা সরল রেখায় চলিয়া গিয়াছে—যতদূর দৃষ্টি যায় ধু-ধু প্রান্তর একদিকে, অন্যদিকে জঙ্গল। বাঁদিকে দূরে অনুচ্চ শৈলমালা। নির্জন; নীরব, মানুষের বসতি কুত্রাপি নাই, সাড়া নাই, শব্দ নাই, যেন অন্য কোন অজানা গ্রহের মধ্যে নির্জন বনপথে দুটি মাত্র প্রাণী আমরা।

এক জায়গায় সূজন সিং ঘোড়া থামাইল। ব্যাপার কি? পাশের জঙ্গল হইতে একটি ধাড়ি বন্যশূকর একদল ছানাপোনা লইয়া আমাদের পথ পার হইয়া বাঁদিকের জঙ্গলে ঢুকিতেছে। সূজন সিং বলিল—তবুও ভাল হুজুর, ভেবেছিলাম বুনো মহিষ। মোহনপুরা জঙ্গলের কাছে আসিয়া পড়িয়াছি, বুনো মহিষের ভয় এখানে খুব। সেদিনও একজন লোক মারিয়াছে মহিষে।

আরও কিছুদূর গিয়া জ্যোৎস্নায় দূর হইতে কালোমত সত্যই কি একটা দেখা গেল।

সূজন বলিল—ঘোড়া ভয় পাবে হুজুর, ঘোড়া রুখুন।

শেষে দেখা গেল সেটা নড়েও না চড়েও না। একটু একটু করিয়া কাছে গিয়া দেখা গেল, সেটা একটা কাশের খুপরি। আবার ঘোড়া ছুটাইয়া দিলাম। মাঠ-ঘাট-বন, ধু-ধু জ্যোৎস্নাভরা বিশ্ব—কি একটা সঙ্গীহারা পাখী আকাশের গায়ে কি বনের মধ্যে কোথায় ডাকিতেছে টি-টি-টি-টি—ঘোড়ার খুরে বড় বালি উঠিতেছে, ঘোড়া এক মুহূর্ত থামাইবার উপায় নাই—উড়াও, উড়াও—

অনেকক্ষণ একভাবে বসিয়া ষিঠ টন টন করিতেছে, জিনের বসিবার জায়গাটা গরম হইয়া উঠিয়াছে, ঘোড়া ছাড়তোক ভাঙিয়া দুলাকি চাল ধরিয়াছে, আমার ঘোড়াটা আবার বড্ড ভয় পায়, এজন্য সতর্কতার সঙ্গে সামনের পথে অনেক দূর পর্যন্ত নজর রাখিয়া চলিয়াছি—হঠাৎ থমকিয়া ঘোড়া দাঁড়াইয়া গেলে ঘোড়া হইতে ছিটকাইয়া পড়া অনিবার্য।

কাশের মাথায় ঝুঁটি বাঁধিয়া জঙ্গলে পথ ঠিক করিয়া রাখিয়াছে, রাস্তা বলিয়া কিছু নাই, সেই কাশের ঝুঁটি দেখিয়া এই গভীর জঙ্গলে পথ ঠিক করিয়া লইতে হয়। একবার সূজন সিং বলিল—হুজুর, এ-পথটা যেন নয়, পথ ভুলেছি আমরা।

আমি সপ্তর্ষিমণ্ডল দেখিয়া প্রবৃত্তারা ঠিক করিলাম—পূর্ণিগা আমাদের মহাল হইতে খাড়া উত্তরে, তবে ঠিকই আছি, সূজনকে বুঝাইয়া বলিলাম।

সূজন বলিল—না হুজুর, কুশীনদীর খেয়া পেরুতে হবে যে, খেয়া পার হয়ে তবে সোজা উত্তরে যেতে হবে। এখন উত্তর-পূর্ব কোণ কেটে বেরুতে হবে।

অবশেষে পথ মিলিল।

জ্যোৎস্না আরও ফুটিয়াছে—সে কি জ্যোৎস্না! কি রূপ রাত্রির! নির্জন বালুর চরে, দীর্ঘ বনঝাউয়ের জঙ্গলের পাশের পথে জ্যোৎস্না যাহারা কখনও দেখে নাই, তাহারা বুঝিবে না এ জ্যোৎস্নার কি চেহারা! এমন উন্মুক্ত আকাশতলে ছায়াহীন উদাস গভীর জ্যোৎস্নাভরা রাত্রিতে, বন-পাহাড়-প্রান্তরের পথের জ্যোৎস্না, বালুচরের জ্যোৎস্না—ক'জন দেখিয়াছে? উঃ, সে কি ছুট! পাশাপাশি চলিতে চলিতে দুই ঘোড়াই হাঁপাইতেছে, শীতেও ঘাম দেখা দিয়াছে আমাদের গায়ে।

এক জায়গায় বনের মধ্যে একটা শিমুলগাছের তলায় আমরা ঘোড়া থামাইয়া একটু বিশ্রাম করি, সামান্য মিনিট-দশেক। একটা ছোট নদী বহিয়া গিয়া অদূরে কুশীনদীর সঙ্গে মিশিয়াছে, শিমুলগাছটাতে ফুল ফুটিয়াছে, বনটা সেখানে চারিধার হইতে আসিয়া আমাদের এমন ঘিরিয়াছে যে, পথের চিহ্নমাত্র নাই, অথচ খাটো খাটো গাছপালার বন—শিমুলগাছটাই সেখানে খুব উঁচু—বনের মধ্যে মাথা তুলিয়া দাঁড়াইয়া আছে। দুজনেরই জল-পিপাসা পাইয়াছে দারুণ।

জ্যোৎস্না স্নান হইয়া আসে। অন্ধকার বনপথ, পশ্চিম দিগন্তের দূর শৈলমালার পিছনে শেষরাত্রির চন্দ্র ঢলিয়া পড়িয়াছে। ছায়া দীর্ঘ হইয়া আসিল, পাখী-পাখালির শব্দ নাই কোন দিকে, শুধু ছায়া-ছায়া, অন্ধকার মাঠ, অন্ধকার বন। শেষরাত্রির বাতাস বেশ ঠাণ্ডা হইয়া উঠিল। ঘড়িতে রাত প্রায় চারটা। ভয় হয়, শেষরাত্রের অন্ধকার বুনো হাতির দল সামনে না আসে! মধুবনীর জঙ্গলে একপাল বুনো হাতিও আছে।

এবার আশে-পাশে ছোট ছোট পাহাড়, তার মধ্য দিয়া পথ, পাহাড়ের মাথায় নিম্পত্র শুভ্রকাণ্ড গোলগোলি ফুলের গাছ, কোথাও রক্তপলাশের বন। শেষরাত্রের চাঁদ-ডোবা অন্ধকারে বন-পাহাড় অদ্ভুত দেখায়। পূর্ব দিকে ফর্সা হইয়া আসিল—ভোরের হাওয়া বহিতেছে, পাখীর ডাক কানে গেল। ঘোড়ার সর্বাঙ্গ দিয়া দর-দর-ধারে ঘাম ছুটিতেছে, ছুট ছুট, খুব ভাল ঘোড়া তাই এই পথে সমানে এত ছুটিতে পারে। সন্ধ্যায় কাছারি ছাড়িয়াছি—আর ভোর হইয়া গেল। সম্মুখে এখনও যেন পথের শেষ নাই, সেই একঘেয়ে বন, পাহাড়।

সামনের পাহাড়ের পিছন থেকে টকটকে লাল সিঁদুরের গোলার মত সূর্য উঠিতেছে। পথের ধারে এক গ্রামে ঘোড়া থামাইয়া কিছু দুধ কিনিয়া দুজনে খাইলাম। পরে আরো ঘণ্টা-দুই চলিয়াই পুর্ণিয়া শহর।

পুর্ণিয়ায় স্টেটের কাজ তো শেষ করিলাম, সে যেন নিতান্ত অন্যান্যস্বভাব সহিত, মন পড়িয়া রহিল পথের দিকে। আমার সঙ্গীর ইচ্ছা, কাজ শেষ করিয়াই বাহির হইয়া পড়ে—আমি তাহাকে বাধা দিলাম, জ্যোৎস্না-রাত্রি এতটা পথ অশ্বারোহণে যাইবার বিচিত্র সৌন্দর্যের পুনরাব্দানের লোভে।

গেলামও তাই। পরদিন চাঁদ একটু দেহিতে উঠিলেও ভোর পর্যন্ত জ্যোৎস্না পাওয়া গেল। আর কী সে জ্যোৎস্না! কৃষ্ণপঙ্কের স্তিমিতালোক চন্দ্রের জ্যোৎস্না বনে-পাহাড়ে যেন এক শান্ত, স্নিগ্ধ, অথচ এক আশ্চর্য রূপে অপরিচিত স্বপ্নজগতের রচনা করিয়াছে—সেই খাটো খাটো কাশ-জঙ্গল, সেই পাহাড়ের সানুদেশে পীতবর্ণ গোলগোলি ফুল, সেই উঁচু-নিচু পথ—সব মিলিয়া যেন কোন্ বহুদূরের নক্ষত্রলোক—মৃত্যুর পরে অজানা কোন্ অদৃশ্য লোকে অশরীরী হইয়া উড়িয়া চলিয়াছি—ভগবান বুদ্ধের সেই নির্বাণলোকে, যেখানে চন্দ্রের উদয় হয় না, অথচ অন্ধকারও নাই।

অনেক দিন পরে যখন এই মুক্ত জীবন ত্যাগ করিয়া সংসারে প্রবেশ করি, তখন কলিকাতা শহরের ক্ষুদ্র গলির বাসাবাড়িতে বসিয়া স্ত্রীর সেলাইয়ের কল চালনার শব্দ শুনিতে শুনিতে অবসর-দিনের দুপুরে কতবার এই রাত্রির কথা, এই অপূর্ব আনন্দের কথা, এই জ্যোৎস্নামাথা রহস্যময় বনত্রীর কথা, শেষরাত্রের চাঁদডোবা অন্ধকারে পাহাড়ের উপর শুভ্রকাণ্ড গোলগোলি গাছের কথা, শুকনো কাশ-জঙ্গলের সোঁদা সোঁদা তাজা গন্ধের কথা ভাবিয়াছি—কতবার কল্পনায় আবার ঘোড়ায় চড়িয়া জ্যোৎস্নারাত্রি পুর্ণিয়া গিয়াছি।

চৈত্রমাসের মাঝামাঝি একদিন খবর পাইলাম সীতাপুর গ্রামে রাখালবাবু নামে একজন বাঙালী ডাক্তার ছিলেন, তিনি কাল রাত্রে হঠাৎ মারা গিয়াছেন।

হাঁহার নাম পূর্বে কখনও শুনি নাই। তিনি যে ওখানে ছিলেন, তাহা জানিতাম না। শুনিলাম আজ বিশ-বাইশ বৎসর তিনি সেখানে ছিলেন। ও-অঞ্চলে তাঁহার পসার ছিল, ঘর-বাড়িও নাকি করিয়াছিলেন ঐ গ্রামেই। তাঁহার স্ত্রী-পুত্র সেখানেই থাকে।

ঐহী অবাঙালীর দেশে একজন বাঙালী ভদ্রলোক মারা গিয়াছেন হঠাৎ, তাঁহার স্ত্রী-পুত্রের কি দশা হইতেছে, কে তাঁহাদের দেখাশুনা করিতেছে, তাঁহার সৎকার বা শ্রাদ্ধশান্তির কি ব্যবস্থা হইতেছে, এসব জানিবার জন্য মন অত্যন্ত চঞ্চল হইয়া উঠিল। ভাবিলাম আমার প্রথম কর্তব্য হইতেছে সেখানে গিয়া সেই শোকসন্তপ্ত পরিবারের খোঁজখবর লওয়া।

খবর লইয়া জানিলাম গ্রামটি এখন হইতে মাইল-কুড়ি দূরে, কড়ারী খাসমহালের সীমানায়। বৈকালের দিকে সেখানে গিয়া পৌঁছিলাম। লোকজনকে জিজ্ঞাসা করিয়া রাখালবাবুর বাড়ি খুঁজিয়া বাহির করিলাম। দুখানা বড় বড় খোলার ঘর, খান-তিনেক ছোট ছোট ঘর। বাহিরে এ-দেশের ধরনে একখানা বসিবার ঘর, তার তিন দিকে দেওয়াল নাই। বাঙালীর বাড়ি বলিয়া চিনিবার কোনও উপায় নাই, বসিবার ঘরে দড়ির চারপাই হইতে উঠানের হনুমান-মুষ্টিটি পর্যন্ত সব এদেশী।

আমার ডাকে একটি বারো-তেরো বছরের ছেলে বাহির হইয়া আসিল। আমায় ঠেঁট হিন্দীতে জিজ্ঞাসা করিল—কাকে খুঁজছেন?

তাহার চেহারা দেখিয়া মনে হয় না যে সে বাঙালীর ছেলে। মাথায় লম্বা টিকি, গলায় অবশ্য বর্তমানে কাচা—সবই বুঝিলাম, কিন্তু মুখের ভাব পর্যন্ত হিন্দুস্থানী বালকের মত কি করিয়া হয়?

আমার পরিচয় দিয়া বলিলাম—তোমাদের বাড়িতে এখন বড় লোক কে আছেন, তাঁকে ডাক।

ছেলেটি বলল, সে-ই বড় ছেলে। তার আর দুটি ছোট ছোট ভাই আছে। বাড়িতে আর কোন অভিভাবক নাই।

বলিলাম—তোমার মায়ের সঙ্গে আমি একবার কথা কইতে চাই। জিজ্ঞেস করে এস।

খানিকটা পরে ছেলেটি আসিয়া আমায় বাড়ির মধ্যে লইয়া গেল। রাখালবাবুর স্ত্রীকে দেখিয়া মনে হইল বয়স অল্প, ত্রিশের মধ্যে, সদ্য-বিধবার বেশ, কাঁদিয়া কাঁদিয়া চক্ষু ফুলিয়াছে। ঘরের আসবাবপত্র নিতান্ত দরিদ্রের গৃহস্থালির মত। একদিকে একটা ছোট গোলা, ঘরের দাওয়ায় খান-দুই চারপাই, ছেঁড়া লেপ-কাঁথা, এদেশী পিতলের ঘয়লা, একটা গুড়গুড়ি, পুরনো টিনের তোরঙ্গ। বলিলাম—আমি বাঙালী, আপনার প্রতিবেশী। আমার কানে গেল রাখালবাবুর কথা, তাই এলাম। আমার এখানে একটা কর্তব্য আছে বলে মনে করি। আমার কোনো সাহায্য যদি দরকার হয়, নিঃসংকোচে বলুন। রাখালবাবুর স্ত্রী কপাটের আড়ালে দাঁড়াইয়া নিঃশব্দে কাঁদিতে লাগিলেন। আমি বুঝাইয়া শান্ত করিয়া পুনরায় আমার আসিবার উদ্দেশ্য ব্যক্ত করিলাম। রাখালবাবুর স্ত্রী এবার আমার সামনে বাহির হইলেন। কাঁদিতে কাঁদিতে

বলিলেন—আপনি আমার দাদার মত, আমাদের এই ঘোর বিপদের সময় ভগবান আপনাকে পাঠিয়েছেন।

ক্রমে কথায় কথায় জানা গেল, এই বাঙালী পরিবার সম্পূর্ণ নিঃশ্ব ও অসহায় এই ঘোর বিদেশে। রাখালবাবু গত এক বৎসরের উপর শয়্যাগত ছিলেন। তাঁর চিকিৎসার ও সংসার-খরচে সঞ্চিত অর্থ সব নিঃশেষ হইয়া গিয়াছে—এখন এমন উপায় নাই যে তাঁর শ্রদ্ধের যোগাড় হয়।

জিজ্ঞাসা করিলাম—আচ্ছা, রাখালবাবু তো অনেকদিন ধরে এ অঞ্চলে আছেন, কিছু করতে পারেন নি?

রাখালবাবুর স্ত্রীর সংকোচ ও লজ্জা অনেকটা দূর হইয়াছিল। তিনি যেন এই প্রবাসে, এই দুর্দিনে একজন বাঙালীর মুখ দেখিয়া অকূলে কূল পাইয়াছেন, মুখের ভাবে মনে হইল।

বলিলেন—আগে কি রোজগার করতেন জানি নে। আমার বিয়ে হয়েছে এই পনের বছর—আমার সতীন মারা যেতে আমায় বিয়ে করেন। আমি এসে পর্যন্ত দেখছি কোন রকমে সংসার চলে। এখানে ভিজিটের টাকা বড় একটা কেউ দেয় না, গম দেয়, মকাই দেয়। গত বছর মাঘ মাসে উনি অসুখে পড়লেন, সেই থেকে আর একটি পয়সা ছিল না। তবে এদেশের লোক খারাপ নয়, যার কাছে যা পাওনা ছিল, বাড়ি বয়ে সে-সব গম মকাই কলাই দিয়ে গিয়েছে। তাই চলেছে, নয়ত না খেয়ে মরত সবাই।

—আপনার বাপের বাড়ি কোথায়? সেখানে খবর দেওয়া হয়েছে?

রাখালবাবুর স্ত্রী কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলেন—খবর দেবার কিছু নেই। আমার বাপের বাড়ি কখনও দেখি নি। শুনেছিলুম ছিল মুর্শিদাবাদ জেলায়। ছেলেবেলা থেকে আমি সাহেবগঞ্জে ভগ্নীপতির বাড়িতে মানুষ। মা-বাবা কেউ ছিলেন না। আমার সে-দিদি আমার বিয়ের পর মারা যান। ভগ্নীপতি আবার বিয়ে করেছেন। তাঁর সঙ্গে আর আমার সম্পর্ক কি?

—রাখালবাবুর কোন আত্মীয়স্বজন কোথাও নেই?

—দেশে জ্ঞাতি ভাইয়েরা আছে শুনতাম বটে, কিন্তু তারা কখনও সংবাদ নেয় নি, উনিও দেশে যাতায়াত করতেন না। তাদের সঙ্গে সদ্ভাবও নেই, তাদের খবর দেওয়া-না-দেওয়া সমান। এক মামাশ্বশুর আছেন আমার শুনতাম, কাশীতে। তা-ও তাঁর ঠিকানা জানিনে।

ভয়ানক অসহায় অবস্থা। আপনার জন কেহ নাই, এই বন্ধুহীন বিদেশে দুই-তিনটি নাবালক ছেলে লইয়া সহায়সম্পদশূন্য বিধবা মহিলাটির দশা ভাবিয়া মন রীতিমত দমিয়া গেল। তখনকার মত যাহা করা উচিত করিয়া আমি কাছারিতে ফিরিয়া আসিলাম, সদরে লিখিয়া স্টেট হইতে আপাতত এক শত টাকা সাহায্যের ব্যবস্থা করিয়া রাখালবাবুর শ্রদ্ধাও কোনরকমে শেষ করিয়া দিলাম।

ইহার পর আরও বারকয়েক রাখালবাবুর বাড়িতে গিয়াছি। স্টেট হইতে মাসে দশটি টাকা সাহায্য মঞ্জুর করা হইয়া লইয়া প্রথমবারের টাকাটা নিজেই দিতে গিয়াছিলাম। দিদি খুব যত্ন করিতেন, অনেক স্নেহ-আত্মীয়তার কথা বলিতেন। সেই বিদেশে তাঁর স্নেহ-যত্ন আমার বড় ভাল লাগিত। তারই লোভে অবসর পাইলেই সেখানে যাইতাম।

লবটুলিয়ার উত্তর প্রান্ত খুব বড় একটা হ্রদের মত। এরকম জলাশয়কে এদেশে বলে কুণ্ডী। এই হ্রদটার নাম সরস্বতী কুণ্ডী।

সরস্বতী কুণ্ডীর পাড়ের তিনদিকে নিবিড় বন। এ ধরনের বন আমাদের মহালে বা লবটুলিয়াতে নাই। এ বনে বড় বড় বনস্পতিদের নিবিড় সমাবেশ—জলের সান্নিধ্য বশতই হোক বা যে-জন্যই হোক, বনের তলদেশে নানা বিচিত্র লতাপাতা, বন্যপুষ্পের ভিড়। এই বন বিশাল সরস্বতী কুণ্ডীর নীল জলকে তিনদিকে অর্ধচন্দ্রাকারে ঘিরিয়া রাখিয়াছে, একদিকে ফাঁকা—সেখান হইতে পূর্বদিকে বহুদূর-প্রসারিত নীল আকাশ ও দূরের শৈলমালা চোখে পড়ে। সুতরাং পূর্ব-পশ্চিম কোণের তীরের কোন এক জায়গায় বসিয়া দক্ষিণ ও বাম দিকে চাহিয়া দেখিলে সরস্বতী কুণ্ডীর সৌন্দর্যের অপূর্বতা ঠিক বোঝা যায়। বামে চাহিলে গভীর হইতে গভীরতর বনের মধ্যে দৃষ্টি চলিয়া গিয়া ঘন নিবিড় শ্যামলতার মধ্যে নিজেকে নিজে হারাইয়া ফেলি, দক্ষিণে চাহিলে স্বচ্ছ নীল জলের ওপারে সুদূরবিসর্পী আকাশ ও অস্পষ্ট শৈলমালার ছবি মনকে বেলুনের মত ফুলাইয়া পৃথিবীর মাটি হইতে উড়াইয়া লইয়া চলে।

এখানে একখানা শিলাখণ্ডের উপর কতদিন গিয়া একা বসিয়া থাকিতাম। কখনও বনের মধ্যে দুপুরবেলা আপন মনে বেড়াইতাম। কত বড় বড় গাছের ছায়ায় বসিয়া পাখীর কূজন শুনিতাম। মাঝে মাঝে গাছপালা, বন্যলতার ফুল সংগ্রহ করিতাম। এখানে যত রকমের পাখীর ডাক শোনা যায়, আমাদের মহালে অত পাখী নাই। নানা রকমের বন্য ফল খাইতে পায় বলিয়া এবং সম্ভবত উচ্চ বনস্পতিশিরে বাসা বাঁধিবার সুযোগ ঘটে বলিয়া সরস্বতী কুণ্ডীর তীরের বনে পাখীর সংখ্যা অত্যন্ত বেশী। বনে ফুলও অনেক রকমের ফোটে।

হ্রদের তীরের নিবিড় বন প্রায় তিন মাইলের উপর লম্বা, গভীরতায় প্রায় দেড় মাইল। জলের ধার দিয়া বনের মধ্যে গাছপালার ছায়ায় ছায়ায় একটা সুঁড়িপথ বনের গুরু হইতে শেষ পর্যন্ত আসিয়াছে—এই পথ ধরিয়া বেড়াইতাম। গাছপালার ফাঁকে ফাঁকে মাঝে মাঝে সরস্বতীর নীল জল, তার উপর উপুড়-হইয়া-পড়া দূরের আকাশটা এবং দিকান্তলীন শৈলশ্রেণী চোখে পড়িত। ঝিঝিঝি করিয়া স্নিগ্ধ হাওয়া বহিত, পাখী গান গাহিত, বন্য ফুলের সুগন্ধ পাওয়া যাইত।

একদিন একটা গাছের ডালে উঠিয়া বসিলাম। সে-আনন্দের তুলনা হয় না। আমার মাথার উপরে বিশাল বনস্পতিদলের ঘন সবুজ পাতার রাশি, তার ফাঁকে ফাঁকে নীল আকাশের টুকরা, প্রকাণ্ড একটা লতায় থোকা থোকা ফুল দুলিতেছে। পায়ের দিকে অনেক নীচে ভিজা মাটিতে বড় বড় ব্যাঙের ছাতা গজাইয়াছে। এখানে আসিয়া বসিয়া শুধু ভাবিতে ইচ্ছা হয়। কত ধরনের কত নব অনুভূতি মনে আসিয়া জোটে। এক প্রকার অতল-সমাহিত অতিমানস চেতনা ধীরে ধীরে গভীর অন্তস্তল হইতে বাহিরের মনে ফুটিয়া উঠিতে থাকে। এ আসে গভীর আনন্দের মূর্তি ধরিয়া। প্রত্যেক বৃক্ষলতার হৃৎস্পন্দন যেন নিজের বুকের রক্তের শান্ত স্পন্দনের মধ্যে অনুভব করা যায়।

আমাদের যেখানে মহাল, সেখানে পাখীর এত বৈচিত্র্য নাই। সেখানটা যেন অন্য জগৎ, তার গাছপালা জীবজন্তু অন্য ধরনের। পরিচিত জগতে বসন্ত যখন দেখা দিয়াছে, লবটুলিয়ায় তখন একটা কোকিলের ডাক নাই, একটা পরিচিত বসন্তের ফুল নাই। সে যেন রক্ষ কৰ্কশ

ভৈরবী মূর্তি ; সৌম্য সুন্দর বটে, কিন্তু মাধুর্যহীন—মনকে অভিভূত করে ইহার বিশালতায়, রক্ষতায়। কোমল বর্জিত খাড়াব সুর, মালকোষ কিংবা চৌতালের ধ্রুপদ, মিষ্টত্বের কোন পর্দার ধারা মাড়াইয়া চলে না—সুরের গভীর উদাস্ত রূপে মনকে অন্য এক স্তরে লইয়া পৌছাইয়া দেয়।

সরস্বতী কুণ্ডী সেখানে ঠুংরী, সুমিষ্ট সুরের মধুর ও কোমল বিলাসিতায় মনকে আর্দ্র ও স্বপ্নময় করিয়া তোলে। স্তব্ধ দুপুরে ফাল্গুন-চৈত্র মাসে এখানে তীর-তরুর ছায়ায় বসিয়া পাখীর কূজন শুনিতে শুনিতে মন কত দূরে কোথায় চলিয়া যাইত, বন্য নিমগাছের সুগন্ধি নিমফুলের সুবাস ছড়াইত বাতাসে, জলে জলজ লিলির দল ফুটিত। কতক্ষণ বসিয়া থাকিয়া সন্ধ্যার পর সেখান হইতে উঠিয়া আসিতাম।

নাট্য বইহার জরীপ হইতেছে প্রজাদের মধ্যে বিলির জন্য, আমীনদের কাজ দেখাইবার জন্য প্রায়ই সেখানে যাইতে হয়। ফিরিবার পথে মাইল দুই পূর্ব-দক্ষিণ দিকে একটু ঘুরিয়া যাই, শুধু সরস্বতী কুণ্ডীর এই বনভূমিতে ঢুকিয়া বনের ছায়ায় খানিকটা বেড়াইবার লোভে।

সেদিন ফিরিতেছিলাম বেলা তিনটার সময়। খর রৌদ্রে বিস্তীর্ণ রৌদ্রদন্ধ প্রান্তর পার হইয়া ঘর্মান্ত কলেবরে বনের মধ্যে ঢুকিয়া ঘন ছায়ায় ছায়ায় জলের ধার পর্যন্ত গেলাম—প্রান্তরসীমা হইতে জলের কিনারা প্রায় দেড় মাইলের কম নয়, কোন কোন স্থানে আরও বেশি। একটা গাছের ডালে ঘোড়া বাঁধিয়া নিবিড় ঝোপের তলায় একখানা অয়েলক্লথ পাতিয়া একেবারে শুইয়া পড়িলাম। ঘন ঝোপের ডালপালা চারিধার হইতে এমন ভাবে আমায় ঢাকিয়াছে যে বাহির হইতে আমায় কেউ দেখিতে পাইবে না। হাত-দুই উপরেই গাছপালা, মোটা মোটা কাঠের মত শক্ত গুঁড়িওয়াল কি একপ্রকার বন্যলতা জড়াজড়ি করিয়া ছাদ রচনা করিয়াছে—একটা কি গাছ হইতে হাতখানেক লম্বা বড় বড় বনসিমের মত সবুজ সবুজ ফল আমার প্রায় বুকের কাছে দুলিতেছে। আর একটা কি গাছ, তার ডালপালা প্রায় অর্ধেক ঝোপটা জুড়িয়া, তাহাতে কুচো কুচো ফুল ধরিয়াছে, ফুলগুলি এত ছোট যে কাছে না গেলে চোখে পড়ে না—কিন্তু কি ঘন নিবিড় সুবাস সে-ফুলের! ঝোপের নিভৃত তল ভারাক্রান্ত সেই অজানা বনপুষ্পের সুবাসে।

পূর্বেই বলিয়াছি সরস্বতী কুণ্ডীর বন পাখীর আড্ডা। এত পাখীও আছে এখানকার বনে। কত ধরনের, কত রং-বেরঙের পাখী—শ্যামা, শালিক, হরটিট, বনটিয়া, ফেজান্টক্রো, চড়াই, ছাতারে, ঘুমু, হরিয়াল। উঁচু গাছের মাথায় বাজবৌরী, চিল, কুল্লো—সরস্বতীর নীল জলে বক, সিল্লী, রাঙাহাঁস, মানিকপাখী, ডাক প্রভৃতি জলচর পাখী—পাখীর কাকলীতে মুখর হইয়া উঠিয়াছে ঝোপের উপরটা, কি বিরক্তই করে তারা, তাদের উল্লাস-ভরা অবাক কূজনে কান পাতা দায়। অনেক সময় মানুষকে গ্রাহ্যই করে না, আমি শুইয়া আছি দেখিতেছে, আমার চারিপাশে হাত-দেড়-দুই দূরে তারা ঝুলন্ত ডালপালায়-লতায় বসিয়া কিচ্ কিচ্ করিতেছে—আমার প্রতি লক্ষ্যপণ্ড নাই।

পাখীদের এই অসংকোচ সঞ্চরণ আমার বড় ভাল লাগিত। উঠিয়া বসিয়াও দেখিয়াছি তাহারা ভয় পায় না, একটু উড়িয়া গেল, কিন্তু একেবারে দেশছাড়া হইয়া পলায় না। খানিক পরে নাচিতে নাচিতে বকিতে বকিতে আবার অত্যন্ত কাছে আসিয়া পড়ে।

এখানেই একদিন প্রথম বন্য হরিণ দেখিলাম। জানিতাম বন্য হরিণ আমাদের মহালের জঙ্গলে আছে, কিন্তু এর আগে কখনও চোখে পড়ে নাই। শুইয়া আছি—হঠাৎ কিসের পায়ের শব্দে উঠিয়া বসিয়া মাথার শিয়রের দিকে চাহিয়া দেখি ঝোপের নিভৃততর দুর্গমতর অঞ্চলে

নিবিড় লতাপাতার জডাজড়ির মধ্যে আসিয়া দাঁড়াইয়াছে একটা হরিণ। ভাল করিয়া চাহিয়া দেখি, বড় হরিণ নয়, হরিণশাবক। সে আমায় দেখিতে পাইয়া অবোধবিস্ময়ে বড় বড় চোখে আমার দিকে চাহিয়া আছে—ভাবিতেছে, এ আবার কোন্ অদ্ভুত জীব!

খানিকক্ষণ কাটিয়া গেল, দুজনেই নির্বাক, নিস্পন্দ।

আধ মিনিট পরে হরিণ-শিশুটা যেন ভাল করিয়া দেখিবার জন্য আবার একটু আগাইয়া আসিল। তার চোখে ঠিক যেন মনুষ্যশিশুর মত সাগ্রহ কৌতূহলের দৃষ্টি। আরও কাছে আসিত কিনা জানি না, আমার ঘোড়াটা সে-সময় হঠাৎ পা নাড়িয়া গা-ঝাড়া দিয়া ওঠাতে হরিণশিশু চকিত ও সম্ভ্রান্ত ভাবে ঝোপের মধ্য দিয়া দৌড়াইয়া তাহার মায়ের কাছে সংবাদটা দিতে গেল।



তারপর কতক্ষণ ঝোপের তলায় বসিয়া রহিলাম। গাছপালার ফাঁকে ফাঁকে চোখে পড়ে সরস্বতী কুণ্ডীর নীল জল অর্ধচন্দ্রাকারে দূর শৈলমালার পাদদেশ পর্যন্ত প্রসারিত, আকাশ নীল, মেঘের লেশ নাই কোন দিকে—কুণ্ডীর জলচর পাখীর দল ঝগড়া, কলরব, তুমুল দাঙ্গা শুরু করিয়াছে—একটা গম্ভীর ও প্রবীণ মানিকপাখী তীরবতী এক উচ্চ বনস্পতির শীর্ষে বসিয়া থাকিয়া থাকিয়া তাহার বিরক্তি জ্ঞাপন করিতেছে। জলের ধারে ধারে বড় বড় গাছের মাথায় বকের দল এমন বাঁক বাঁধিয়া আছে, দূর হইতে মনে হয় যেন সাদা সাদা থোকা থোকা ফুল ফুটিয়াছে।

রোদ ক্রমশ রাঙা হইয়া আসিল।

ওপারে শৈলচূড়ায় যেন তামার রং ধরিয়াছে। বকের দল ডানা মেলিয়া উড়িতে আরম্ভ করিল। গাছপালার মগডালে রোদ উঠিয়া গেল।

পাখীর কুজন বাড়িল, আর বাড়িল অজানা বনকুসুমের সেই সুঘ্রাণটা। অপরাহ্নের ছায়ায় গন্ধটা যেন আরও ঘন, আরও সুমিষ্ট হইয় উঠিয়াছে। একটা বেজি খানিকদূর হইতে মাথা উঁচু করিয়া আমার দিকে একদৃষ্টে চাহিয়া দেখিতেছে।

কি নিভৃত শান্তি! কি অদ্ভুত নির্জনতা! এতক্ষণ তো এখানে আছি, সাড়ে তিন ঘণ্টার কম নয়—বন্য পাখীর কাকলী ছাড়া অন্য কোন শব্দ শুনি নাই, আর পাখীদের পায়ে পায়ে ডালপাতার মচমচানি, শুষ্কপত্র বা লতার টুকরা পতনের শব্দ। মানুষের চিহ্ন নাই কোন দিকে।

নানা বিচিত্র ও বিভিন্ন গড়ন বনস্পতিদের শীর্ষদেশের। এই সম্ভার সময় রাজা রোদ পড়িয়া তাদের শোভা হইয়াছে অদ্ভুত। তাদের কত গাছের মগডাল জড়াইয়া লতা উঠিয়াছে, এক ধরনের লতাকে এদেশে বলে ভঁয়োর লতা—আমি তাহার নাম দিয়াছি ভোমরা লতা—সে লতা যে গাছের মাথায় উঠিবে, আশ্চর্য্যে জড়াইয়া ধরিয়া থাকে। এই সময় ভোমরা লতায় ফুল ফোটে—ছোট ছোট বনজুইয়ের মত সাদা সাদা ফুলে কত বড় বড় গাছের মাথা আলো করিয়া রাখিয়াছে। অতি চমৎকার সুঘ্রাণ, অনেকটা যেন প্রস্ফুটিত সর্ষে ফুলের মত—তবে অতটা উগ্র নয়।

সরস্বতী কুণ্ডীর বনে কত বন্য শিউলি গাছ—শিউলি গাছের প্রাচুর্য এক এক জায়গায় এত বেশি, যেন মনে হয় শিউলির বন। বড় বড় শিলাখণ্ডের উপর শরতের প্রথমে সকালবেলা রাশি রাশি শিউলি ফুল বরিয়া পড়িয়াছিল—দীর্ঘ এক রকম কর্কশ ঘাস সেই সব পাথরের আশে-পাশে—বড় বড় ময়না-কাঁটার গাছ তার সঙ্গে জড়াইয়াছে—কাঁটা, ঘাস, শিলাখণ্ড সবতাহেই রাশি রাশি শিউলি ফুল—আর্দ্র ছায়াগহন স্থান, তাই সকালের ফুল এখনও শুকাইয়া যায় নাই।

সরস্বতী হৃদকে কত রূপেই দেখিলাম! লোকে বলে সরস্বতী কুণ্ডীর জঙ্গলে বাঘ আছে, জ্যোৎস্না-রাতে সরস্বতীর বিস্তৃত জলরাশির কৌমুদীম্নাত শোভা দেখিবার লোভে রাসপূর্ণিমার দিন তহশিলদার বনোয়ারীলালের চোখে খুলা দিয়া আজমাবাদের সদর কাছারি আসিবার ছুতায় লবটুলিয়া ডিহি কাছারি হইতে লুকাইয়া একা ঘোড়ায় এখানে আসিয়াছি।

বাঘ দেখি নাই বটে, কিন্তু সেদিন আমার সতাই মনে হইয়াছিল এখানে মায়াবিনী বনদেবীরা গভীর রাত্রে জ্যোৎস্নাম্নাত হৃদের জলে জলকেলি করিতে নামে। চারিধার নীরব নিস্তরঙ্গ—পূর্ব তীরের ঘন বনে কেবল শৃগালের ডাক শোনা যাইতেছিল—দুরের শৈলমালা ও বনশীর্ষ অস্পষ্ট দেখাইতেছে—জ্যোৎস্নার হিম বাতাসে গাছপালা ও ভোমরা লতার নৈশ-পুষ্পের মুদু সুবাস...আমার সামনে বন ও পাহাড়ে বেষ্টিত নিস্তরঙ্গ বিস্তীর্ণ হৃদের বুকে হৈমন্তী পূর্ণিমার থৈ থৈ জ্যোৎস্না...পরিপূর্ণ, ছায়াহীন, জলের উপর পড়া, ক্ষুদ্র ক্ষুদ্র বীচিমালায় প্রতিফলিত হওয়া অপার্থিব দেবলোকের জ্যোৎস্না... ভোমরা লতার সাদা-ফুলে-ছাওয়া বড় বড় বনস্পতিশীর্ষে জ্যোৎস্না পড়িয়া মনে হইতেছে গাছে গাছে পরীদের শুভ বস্ত্র উড়িতেছে...

আর এক ধরনের পোকা একঘেষে ডাকিতেছিল—ঝিঁঝিঁ পোকার মতই। দু-একটা পত্র পতনের শব্দ বা খস্ খস্ করিয়া শুষ্ক পত্ররাশির উপর দিয়া বন্য জন্তুর পলায়নের শব্দ...

বনদেবীরা আমরা থাকিতে তো আর আসে না। কত গভীর রাত্রে আসে কে জানে। আমি বেশি রাত পর্যন্ত হিম সহ্য করিতে পারি নাই। ঘণ্টাখানেক থাকিয়াই ফিরি।

সরস্বতী কুণ্ডীর এই পরীদের প্রবাদ এখানেই শুনিয়াছিলাম।

শ্রাবণ মাসে একদিন আমাকে উত্তর সীমানার জরীপের ক্যাম্পে রাত্রি যাপন করিতে হয়। আমার সঙ্গে ছিল আমীন রঘুবর প্রসাদ। সে আগে গবর্ণমেন্টের চাকুরি করিয়াছে, মোহনপুরা রিজার্ভ ফরেস্ট ও এ-অঞ্চলের বনের সঙ্গে তার পঁচিশ ত্রিশ বছরের পরিচয়।

তাহার কাছে সরস্বতী কুণ্ডীর কথা তুলিতেই সে বলিল—জুজুর, ও মায়ার কুণ্ডী, ওখানে রাত্রে হরী-পরীরা নামে; জ্যোৎস্নারাত্রে তারা কাপড় খুলে রাখে ডাঙায় ঐসব পাথরের ওপর, রেখে জলে নামে। সে-সময় যে তাদের দেখতে পায়, তাকে ভুলিয়ে জলে নামিয়ে ডুবিয়ে মারে। জ্যোৎস্নার মধ্যে দেখা যায় মাঝে মাঝে পরীদের মুখ জলের উপরে পদ্মফুলের মত জেগে আছে। আমি দেখি নি কখনও, হেড সার্ভেয়ার ফতে সিং একদিন দেখেছিলেন। একদিন তারপর তিনি গভীর রাত্রে একা ওই হৃদের ধারে বনের মধ্যে দিয়ে যাচ্ছিলেন সার্ভে-

তাঁবুতে—পরদিন সকালে তাঁর লাস কুণ্ডীর জলে ভাসতে দেখা যায়। বড় মাছে তাঁর একটা কান খেয়ে ফেলেছিল। হুজুর, ওখানে আপনি ও-রকম যাবেন না।

এই সরস্বতী কুণ্ডীর ধারে একদিন দুপুরে এক অদ্ভুত লোকের সন্ধান পাইলাম।

সার্ভে-ক্যাম্প হইতে ফিরিবার পথে একদিন হু দের তীরের বনপথ দিয়া আস্তে আস্তে আসিতেছি, বনের মধ্যে দেখি একটি লোক মাটি খুঁড়িয়া কি যেন করিতেছে। প্রথমে ভাবিলাম লোকটা ভুঁই-কুমড়া তুলিতে আসিয়াছে। ভুঁই-কুমড়া লতাজাতীয় উদ্ভিদ, মাটির মধ্যে লতার নীচে চালকুমড়ার আকারের প্রকাণ্ড কন্দ জন্মায়—উপর হইতে বোঝা যায় না। কবিরাজী ঔষধে লাগে বলিয়া বেশ দামে বিক্রয় হয়। কৌতূহলবশত ঘোড়া হইতে নামিয়া কাছে গেলাম, দেখি ভুঁই-কুমড়া নয়, কিছু নয়, লোকটা কিসের যেন বীজ পুঁতিয়া দিতেছে।

আমায় দেখিয়া সে খতমত খাইয়া অপ্রতিভ দৃষ্টিতে আমার দিকে চাহিল। বয়স হইয়াছে, মাথায় কাঁচা-পাকা চুল। সঙ্গে একটা চটের থলে, তার ভিতর হইতে ছোট একখানা কোদালের আগটুকু দেখা যাইতেছে, একটা শাবল পাশে পড়িয়া, ইতস্তত কতকগুলি কাগজের মোড়ক ছড়ানো।

বলিলাম—তুমি কে? এখানে কি করছ?

সে বলিল—হুজুর কি ম্যানেজারবাবু?

—হ্যাঁ। তুমি কে?

—নমস্কার। আমার নাম যুগলপ্রসাদ। আমি আপনাদের লবটুলিয়ার পাটোয়ারী বনোয়ারীলালের চাচাতো ভাই।

তখন আমার মনে পড়িল, বনোয়ারী পাটোয়ারী একবার কথায় কথায় তাহার চাচাতো ভাইয়ের কথা তুলিয়াছিল। উঠাইবার কারণ, আজমাবাদের সদর কাছারিতে—অর্থাৎ আমি যেখানে থাকি—সেখানে একজন মুহুরীর পদ খালি ছিল। বলিয়াছিলাম একটা ভাল লোক দেখিয়া দিতে। বনোয়ারী দুঃখ করিয়া বলিয়াছিল, লোক তো তাহার সাক্ষাৎ চাচাতো ভাই-ই ছিল, কিন্তু লোকটা অদ্ভুত মেজাজের, একরকম খামখেয়ালী উদাসীন ধরনের। নইলে কায়েথী হিন্দীতে অমন হস্তাক্ষর, অমন পড়ালেখার এলেম্ এ-অঞ্চলের বেশি লোকের নাই।

জিজ্ঞাসা করিয়াছিলাম, কেন, সে কি করে?

বনোয়ারী বলিয়াছিল—তার নানা বাতিক হুজুর, এখানে ওখানে ঘুরে বেড়ানো এক বাতিক। কিছু করে না, বিয়ে-সাদি করেছে, সংসার দেখে না, বনে-জঙ্গলে ঘুরে বেড়ায়, অথচ সাধু-সন্নিসিও নয়, ঐ এক ধরনের মানুষ।

এই তাহা হইলে বনোয়ারীলালের সেই চাচাতো ভাই?

কৌতূহল বাড়িল, বলিলাম—ও কি পুঁতছ ওখানে?

লোকটা বোধ হয় গোপনে কাজটা করিতেছিল, যেন ধরা পড়িয়া লজ্জিত ও অপ্রতিভ হইয়া গিয়াছে এমন সুরে বলিল—কিছু না, এই—একটা গাছের বীজ—

আমি আশ্চর্য হইলাম। কি গাছের বীজ? ওর নিজের জমি নয়, এই ঘোর জঙ্গল, ইহার মাটিতে কী গাছের বীজ ছড়াইতেছে—তাহার সার্থকতাই বা কি? কথাটা তাহাকে জিজ্ঞাসা করিলাম।

বলিল—অনেক রকম বীজ আছে হুজুর, পূর্ণিয়ায় দেখেছিলাম একটা সাহেবের বাগানে ভারি চমৎকার বিলিতি লতা—বেশ রাজ্য রাজ্য ফুল। তারই বীজ, আরও অনেক রকম বনের ফুলের বীজ আছে, দূর দূর থেকে সংগ্রহ করে এনেছি, এখানকার জঙ্গলে ও-সব লতা-ফুল নেই। তাই পুঁতে দিচ্ছি, গাছ হয়ে দু-বছরের মধ্যে ঝাড় বেঁধে যাবে, বেশ দেখাবে।

লোকটার উদ্দেশ্য বুঝিয়া তাহার উপর আমার শ্রদ্ধা হইল। লোকটা সম্পূর্ণ বিনাস্বার্থে একটা বিস্তৃত বন্যভূমির সৌন্দর্য বৃদ্ধি করিবার জন্য নিজের পয়সা ও সময় ব্যয় করিতেছে, যে বনে তাহার নিজের ভূস্বত্ব কিছুই নাই—কি অদ্ভুত লোকটা!

যুগলপ্রসাদকে ডাকিয়া এক গাছের তলায় দুজনে বসিলাম। সে বলিল—আমি এর আগেও এ কাজ করেছি হুজুর, লবটুলিয়াতে যত বনের ফুল দেখেন, ফুলের লতা দেখেন, ও-সব আমি আজ দশ-বারো বছর আগে কতক পুর্ণিয়ার বন থেকে, কতক দক্ষিণ ভাগলপুরের লছমীপুর স্টেটের পাহাড়ী জঙ্গল থেকে এনে লাগিয়েছিলাম। এখন একেবারে ও-সব ফুলের জঙ্গল বেঁধে গিয়েছে।

—তোমার কি এ কাজ খুব খাল লাগে?

—লবটুলিয়া বইহারের জঙ্গলটা ভারি চমৎকার জায়গা—ওই সব ছোটখাটো পাহাড়ের গায়ে কি এখনকার বনে-ঝোপে নতুন নতুন ফুল ফোটােব, এ আমার বহুদিনের শখ।

—কি ফুল নিয়ে আসতে?

—কি করে আমার এদিকে মন গেল, তা একটু আগে হুজুরকে বলি। আমার বাড়ি ধরমপুর অঞ্চলে। আমাদের দেশে বুনো ভাণ্ডীর ফুল একেবারেই ছিল না। আমি মহিষ চরিয়ে বেড়াইতাম ছেলেবেলায় কুশীনদীর ধারে ধারে, আমার গাঁ থেকে দশ-পনেরো ক্রোশ দূরে। সেখানে দেখতাম বনে-জঙ্গলে, মাঠে বুনো ভাণ্ডীর ফুলের বড় শোভা। সেখান থেকে বীজ নিয়ে গিয়ে দেশে লাগাই, এখন আমাদের অঞ্চলের পথের ধারে বনঝোপে কি লোকের বাড়ির পেছনে পোড়ো জমিতে ভাণ্ডীর ফুলের একেবারে জঙ্গল; সেই থেকে আমার এই দিকে মাথা গেল। যেখানে যে ফুল নেই, সেখানে সেই ফুল গাছ, লতা নিয়ে পুঁতব, এই আমার শখ। সারাজীবন ওই করে ঘুরেছি। এখন আমি ও-কাজে ঘুণ হয়ে গেছি।

যুগলপ্রসাদ দেখিলাম এদেশের বহু বনের ফুল ও সুদৃশ্য বৃক্ষলতার খবর রাখে। এ বিষয়ে সে যে একজন বিশেষজ্ঞ, তাহাতে আমার কোন সন্দেহ রহিল না। বলিলাম—তুমি এরিস্টলোকিয়া লতা চেনো?

তাহাকে ফুলের গড়ন বলিতেই সে বলিল, হংস-লতা? হাঁসের মত চেহারার ফুল হয় তো? ও তো এদেশের গাছ নয়। পাটনায় দেখেছি বাবুদের বাগানে।

তাহার জ্ঞান দেখিয়া আশ্চর্য হইতে হয়। নিছক সৌন্দর্যের এমন পূজারীই বা ক'টা দেখিয়াছি? বনে বনে ভাল ফুল ও লতার বীজ ছড়াইয়া তাহার কোন স্বার্থ নাই, এক পয়সা আয় নাই, নিজে সে নিতান্তই গরিব, অথচ শুধু বনের সৌন্দর্য-সম্পদ বাড়াইবার চেষ্টায় তার এ অক্লান্ত পরিশ্রম ও উদ্বেগ।

আমায় বলিল—সরস্বতী কুণ্ডীর মত চমৎকার বন এ অঞ্চলে কোথাও নেই বাবুজী। কত গাছপালা যে আছে, আর কি দেখেছেন জলের শোভা! আচ্ছা, আপনি কি বিবেচনা করেন এতে পদ্ম হবে পুঁতে দিলে? ধরমপুরের পাড়াগাঁ অঞ্চলে পদ্ম আছে অনেক পুকুরে। ভাবছিলাম গেঁড় এনে পুঁতে দেব।

আমি তাহাকে সাহায্য করিতে মনে মনে সংকল্প করিলাম। দুজনে মিলিয়া এ বনকে নানা নতুন বনের ফুলে, লতায়, গাছে সাজাইব, সেদিন হইতে ইহা আমাকে যেন একটা নেশার মত পাইয়া বসিল। যুগলপ্রসাদ খাইতে পায় না, সংসারে বড় কষ্ট, ইহা আমি জানিতাম। সদরে লিখিয়া তাহাকে দশ টাকা বেতনে একটা মুহুরীর চাকুরি দিলাম আজমাবাদ কাছারিতে।

সেই বছরে আমি কলিকাতা হইতে সাটনের বিদেশী বন্য পুপ্পের বীজ আনিয়া ও ডুয়ার্সের পাহাড় হইতে বন্য জুইয়ের লতার কাটিং আনিয়া যথেষ্ট পরিমাণে রোপণ করিলাম

সরস্বতী হ্রদের বনভূমিতে। কি আহ্লাদ ও উৎসাহ যুগলপ্রসাদের! আমি তাকে শিখাইয়া দিলাম, এ উৎসাহ ও আনন্দ যেন সে কাছারির লোকের কাছে প্রকাশ না করে। তাকে তো লোকে পাগল ভাবিবেই, সেই সঙ্গে আমাকেও বাদ দিবে না। পর বৎসর বর্ষার জলে আমাদের রোপিত গাছ ও লতার ঝাড় অদ্ভুতভাবে বাড়িয়া উঠিতে লাগিল। হ্রদের তীরের জমি অত্যন্ত উর্বর, গাছপালাগুলিও যাহা পুঁতিয়াছিলাম, এদেশের আবহাওয়ার উপযোগী। কেবল সাটনের বীজের প্যাকেট লইয়া গোলমাল বাধিয়াছিল। প্রত্যেক প্যাকেটের উপর তাহারা ফুলের নাম ও কোন কোন স্থলে এক লাইনে ফুলের সংক্ষিপ্ত বর্ণনাও দিয়াছিল। ভাল রং ও চেহারা বাছিয়া বাছিয়া যে বীজগুলি লাগাইলাম, তাহার মধ্যে ‘হোয়াইট বিম’ ও ‘রেড ক্যাম্পিয়ন’ এবং ‘স্টিচওয়াট’ অসাধারণ উন্নতি দেখাইল। ‘ফল্গ্লাভ’ ও ‘উড অ্যানিমোন’ মন্দ হইল না। কিন্তু অনেক চেষ্টা করিয়াও ‘ডগ রোজ’ বা ‘হিনসাক্ল’-এর চারা বাঁচাইতে পারা গেল না।

হলদে ধুরা-জাতীয় এক প্রকার গাছ হ্রদের ধারে ধারে পুঁতিয়াছিলাম। খুব শীঘ্রই তাহার ফুল ফুটিল। যুগলপ্রসাদ পুর্ণিয়ার জঙ্গল হইতে বন্য বয়ড়া লতার বীজ আনিয়াছিল, চারা বাহির হইবার সাত মাসের মধ্যেই দেখি কাছাকাছি অনেক ঝোপের মাথা বয়ড়া লতায় ছাইয়া যাইতেছে। বয়ড়া লতার ফুল যেমন সুদৃশ্য, তেমনি তাহার মৃদু সুবাস।

হেমন্তের প্রথমে একদিন দেখিলাম বয়ড়া লতায় অজস্র কুঁড়ি ধরিয়াছে।

যুগলপ্রসাদকে খবরটা দিতেই সে কলম ফেলিয়া আজমাবাদ কাছারি হইতে সাতমাইল দূরবর্তী সরস্বতী হ্রদের তীরে প্রায় দৌড়িতে দৌড়িতেই আসিল।

আমায় বলিল—লোকে বলেছিল ঞ্জুর, বয়ড়া লতা জন্মাবে, বাড়বেও বটে, কিন্তু ওর ফুল ধরবে না। সব লতায় নাকি ফুল ধরে না। দেখুন কেমন কুঁড়ি এসেছে!

হ্রদের জলে ‘ওয়াটার ক্রোফট’ বলিয়া এক প্রকার জলজ ফুলের গেঁড় পুঁতিয়াছিলাম। সে গাছ ঝুঁঝু করিয়া এত বাড়িতে লাগিল যে, যুগলপ্রসাদের ভয় হইল জলে পদ্মের স্থান বুঝি ইহারা বেদখল করিয়া ফেলে!

বোগেনভিলিয়া লতা লাগাইবার ইচ্ছা ছিল, কিন্তু শহরের শৌখিন পার্ক বা উদ্যানের সঙ্গে এতই ওর সম্পর্কটা জড়ানো যে আমার ভয় হইল, সরস্বতী কুণ্ডীর বনে ফুলেভরা বোগেনভিলিয়ার ঝোপ ইহার বন্য আকৃতি নষ্ট করিয়া ফেলিবে। যুগলপ্রসাদেরও এসব বিষয়ে মত আমার ধরনের। সেও বারণ করিল।

অর্থব্যয়ও কম করি নাই। একদিন গনোরী তেওয়ারীর মুখে শুনিলাম, কারো নদীর ওপারে জয়ন্তী পাহাড়ের জঙ্গলে এক প্রকার অদ্ভুত ধরনের বন্যপুষ্প হয়—ওদেশে তার নাম দুধিয়া ফুল। হলুদ গাছের মত পাতা, অত বড়ই গাছ—খুব লম্বা একটা ডাঁটা ঠেলিয়া উঁচুদিকে তিন-চার হাত ওঠে। একটা গাছে চার-পাঁচটা ডাঁটা হয়, প্রত্যেক ডাঁটায় চারটি করিয়া হলদে রঙের ফুল ধরে—দেখিতে খুব ভাল তো বটেই, ভারি সুন্দর তার সুবাস। রাত্রে অনেক দূর পর্যন্ত সুগন্ধ ছড়ায়। সে-ফুলের একটা গাছ যেখানে একবার জন্মায়, দেখিতে দেখিতে এত ঝুঁঝু করিয়া বংশবৃদ্ধি হয় যে, দু-তিন বছরে রীতিমত জঙ্গল বাঁধিয়া যায়।

শুনিয়া পর্যন্ত আমার মনের শান্তি নষ্ট হইল। ঐ ফুল আনিতেই হইবে। গনোরী বলিল, বর্ষাকাল ভিন্ন হইবে না; গাছের গেঁড় আনিয়া পুঁতিতে হয়—জল না পাইলে মরিয়া যাইবে।

পয়সা-কড়ি দিয়া যুগলপ্রসাদকে পাঠাইলাম। সে বহু অনুসন্ধানে জয়ন্তী পাহাড়ের দুর্গম জঙ্গল হইতে দশ-বারো গুণা গেঁড় যোগাড় করিয়া আনিল।

নবম পরিচ্ছেদ

১

প্রায় তিন বছর কাটিয়া গিয়াছে।

এই তিন বছরে আমার অনেক পরিবর্তন ঘটিয়াছে। লবটুলিয়া ও আজমাবাদের বন্য প্রকৃতি কি মায়া-কাজল লাগাইয়া দিয়াছে আমার চোখে—শহরকে একরকম ভুলিয়া গিয়াছি। নির্জনতার মোহ, নক্ষত্রভরা উদার আকাশের মোহ আমাকে এমনি পাইয়া বসিয়াছে যে, মধ্যে একবার কয়েকদিনের জন্য পাটনায় গিয়া ছুটফুট করিতে লাগিলাম কবে পিচ-ঢালা বাঁধ-ধরা রাস্তার গণ্ডি এড়াইয়া চলিয়া যাইব লবটুলিয়া বইহারে—পেয়ালার মত উপুড়করা নীল আকাশের তলে মাঠের পর মাঠ, অরণ্যের পর অরণ্য, যেখানে তৈরি রাজপথ নাই, ইটের ঘরবাড়ি নাই, মোটর-হর্নের আওয়াজ নাই, ঘন ঘুমের ফাঁকে যেখানে কেবল দূর অক্ষকার বনে শেয়ালের দলের প্রহর-ঘোষণা শোনা যায়, নয়তো ধাবমান নীলগাইয়ের দলের সম্মিলিত পদধ্বনি, নয়তো বন্য মহিষের গম্ভীর আওয়াজ।

আমার উপরওয়ালারা ক্রমাগত আমাকে চিঠি লিখিয়া তাগাদা করিতে লাগিলেন, কেন আমি এখানকার জমি প্রজাবিলি করিতেছি না। আমি জানি আমার তাহাই একটি প্রধান কাজ বটে, কিন্তু এখানে প্রজা বসাইয়া প্রকৃতির এমন নিভৃত কুঞ্জবনকে নষ্ট করিতে মন সরে না। যাহারা জমি ইজারা লইবে, তাহারা তো জমিতে গাছপালা বনবোপ সাজাইয়া রাখিবার জন্য কিনিবে না—কিনিয়াই তাহারা জমি সাফ করিয়া ফেলিবে, ফসল রোপণ করিবে, ঘর-বাড়ি বাঁধিয়া বসবাস শুরু করিবে—এই নির্জন শোভাময় বন্য প্রান্তর, অরণ্য, কুণ্ডী, শৈলমালা জনপদে পরিণত হইবে, লোকের ভিড়ে ভয় পাইয়া বনলক্ষ্মীরা উর্ধ্বস্থানে পলাইবেন—মানুষ ঢুকিয়া এই মায়াকাননের মায়াও দূর করিবে, সৌন্দর্যও ঘুচাইয়া দিবে।

সে জনপদ আমি মনশ্চক্ষে স্পষ্ট দেখিতে পাই।

পাটনা, পূর্ণিয়া কি মুঙ্গের যাইতে তেমন জনপদ এদেশের সর্বত্র। গায়ে গায়ে কুশ্রী, বেচপ খোলার একতলা কি দোতলা মাঠকোঠা, চালে চালে বসতি, ফণিমনসার ঝাড়, গোবরজুপের আবর্জনার মাঝখানে গরু-মহিষের গোয়াল—ইঁদারা হইতে রহট দ্বারা জল উঠানো হইতেছে, ময়লা কাপড়-পরা নর-নারীর ভিড়, হনুমানজীর মন্দিরে ধ্বজা উড়িতেছে, রূপার হাঁসুলি গলায় উলঙ্গ বালক-বালিকার দল ধূলা মাখিয়া রাস্তার উপর খেলা করিতেছে।

কিসের বদলে কি পাওয়া যাইবে!

এমন বিশাল ছেদহীন, বাধাবন্ধনহীন, উদ্দাম সৌন্দর্যময়ী আরণ্যভূমি দেশের একটা বড় সম্পদ—অন্য কোন দেশ হইলে আইন করিয়া এখানে ন্যাশনাল পার্ক করিয়া রাখিত। কর্মক্রান্ত শহরের মানুষ মাঝে মাঝে এখানে আসিয়া প্রকৃতির সাহচর্যে নিজেদের অবসন্ন মনকে তাজা করিয়া লইয়া ফিরিত। তাহা হইবার জো নাই, যাহার জমি সে প্রজাবিলি না করিয়া জমি ফেলিয়া রাখিবে কেন?

আমি প্রজা বসাইবার ভার লইয়া এখানে আসিয়াছিলাম—এই আরণ্য-প্রকৃতিকে ধ্বংস করিতে আসিয়া এই অপূর্ব সুন্দরী বন্য নায়িকার প্রেমে পড়িয়া গিয়াছি। এখন আমি ক্রমশ সে-দিন পিছাইয়া দিতেছি—যখন ঘোড়ায় চড়িয়া ছায়াগহন বৈকালে কিংবা মুক্তাগুহ

জ্যোৎস্নারাত্রী একা বাহির হই, তখন চারিদিকে চাহিয়া মনে মনে ভাবি, আমার হাতেই ইহা নষ্ট হইবে? জ্যোৎস্নালোকে উদাস আত্মহারা, শিলাস্তুত ধূ-ধূ নির্জন বন্য প্রান্তর! কি করিয়াই আমার মন ভুলাইয়াছে চতুরা সুন্দরী!

কিন্তু কাজ যখন করিতে আসিয়াছি, করিতেই হইবে। মাঘ মাসের শেষে পাটনা হইতে ছটু সিং নামে এক রাজপুত্র আসিয়া হাজার বিঘা জমি বন্দোবস্ত লইতে চাহিয়া দরখাস্ত দিতেই আমি বিষম চিন্তায় পড়িলাম—হাজার বিঘা জমি দিলে তো অনেকটা জায়গাই নষ্ট হইয়া যাইবে—কত সুন্দর বনবোপ, লতাবিতান নির্মমভাবে কাটা পড়িবে যে!

ছটু সিং ঘোরাঘুরি করিতে লাগিল—আমি তাহার দরখাস্ত সদরে পাঠাইয়া দিয়া ধ্বংসলীলাকে কিছু বিলম্বিত করিবার চেষ্টা করিলাম।

২

একদিন লবটুলিয়া জঙ্গলের উত্তরে নাড়া বইহারের মুক্ত প্রান্তরের মধ্য দিয়া দুপুরের পরে আসিতেছি— দেখিলাম, একখানা পাখরের উপর কে বসিয়া আছে পথের ধারে।

তাহার কাছে আসিয়া ঘোড়া থামাইলাম। লোকটির বয়স ষাটের কম নয়, পরনে ময়লা কাপড়, একটা ছেঁড়া চাদর গায়ে।

এ জনশূন্য প্রান্তরে লোকটা কি করিতেছে একা বসিয়া?

সে বলিল—আপনি কে বাবু?

বলিলাম—আমি এখানকার কাছারির কর্মচারী।

—আপনি কি ম্যানেজারবাবু?

—কেন বল তো? তোমার কোন দরকার আছে? হ্যাঁ, আমিই ম্যানেজার।

লোকটা উঠিয়া আমার দিকে আশীর্বাদের ভঙ্গিতে হাত তুলিল। বলিল—হুজুর, আমার নাম মটুকনাথ পাঁড়ে, ব্রাহ্মণ। আপনার কাছেই যাচ্ছি।

—কেন?

—হুজুর, আমি বড় গরিব। অনেক দূর থেকে হেঁটে আসছি হুজুরের নাম শুনে। তিন দিন থেকে হাঁটিছি পথে পথে। যদি আপনার কাছে চলাচলতির কোন একটা উপায় হয়—

আমার কৌতূহল হইল, জিজ্ঞাসা করিলাম—এ ক’দিন জঙ্গলের পথে তুমি কি খেয়ে আছ?

মটুকনাথ তাহার মলিন চাদরের একপ্রান্তে বাঁধা পোয়াটাক কলাইয়ের ছাতু দেখাইয়া বলিল—সেরখানেক ছাতু ছিল এতে বাঁধা, এই নিয়ে বাড়ি থেকে বেরিয়েছিলাম। তাই ক’দিন খাচ্ছি। রোজগারের চেষ্টায় বেড়াচ্ছি, হুজুর—আজ ছাতু ফুরিয়ে এসেছে, ভগবান জুটিয়ে দেবেন আবার।

আজমাবাদ ও নাড়া বইহারের এই জনশূন্য বনপ্রান্তরে উড়ানির খুঁটে ছাতু বাঁধিয়া লোকটা কী রোজগারের প্রত্যাশায় আসিয়াছে বুঝিতে পারিলাম না। বলিলাম—বড় বড় শহর ভাগলপুর, পূর্ণিয়া, পাটনা, মুঙ্গের ছেড়ে এ জঙ্গলের মধ্যে এলে কেন পাঁড়েজী? এখানে কি হবে? লোক কোথায় এখানে? তোমাকে দেবে কে?

মটুকনাথ আমার মুখের দিকে নৈরাশ্যপূর্ণ দৃষ্টিতে চাহিয়া বলিল—এখানে কিছু রোজগার

হবে না বাবু? তবে আমি কোথায় যাব? ও-সব বড় শহরে আমি কাউকে চিনি নে, রাস্তাঘাট চিনি নে, আমার ভয় করে। তাই এখানে যাচ্ছিলাম—

লোকটাকে বড় অসহায়, দুঃখী ও ভালমানুষ বলিয়া মনে হইল। সঙ্গে করিয়া কাছারিতে লইয়া আসিলাম।

কয়েকদিন চলিয়া গেল। মটুকনাথকে কোন কাজ করিয়া দিতে পারিলাম না—দেখিলাম, সে কোন কাজ জানে না—কিছু সংস্কৃত পড়িয়াছে, ব্রাহ্মণ-পণ্ডিতের কাজ করিতে পারে। টোলে ছাত্র পড়াইত, আমার কাছে বসিয়া সময়ে অসময়ে উদ্ভট শ্লোক আবৃত্তি করিয়া বোধ হয় আমার অবসর-বিনোদনের চেষ্টা করে।

একদিন আমায় বলিল—আমায় কাছারির পাশে একটু জমি দিয়ে একটা টোল খুলিয়ে দিন হজুর।

বলিলাম—কে পড়বে টোলে পণ্ডিতজী, বুনো মহিষ ও নীলগাইয়ের দল কি ভট্টি বা রঘুবংশ বুঝবে?

মটুকনাথ নিপাট ভালমানুষ—বোধ হয় কিছু না ভাবিয়া দেখিয়াই টোল খুলিবার প্রস্তাব করিয়াছিল। ভাবিলাম, বুঝিবা এবার সে নিরস্ত হইবে। কিন্তু দিন-কতক চূপ করিয়া থাকিয়া আবার সে কথাটা পাড়িল।

বলিল—দিন দয়া ক'রে একটা টোল আমায় খুলে। দেখি না চেষ্টা ক'রে কি হয়। নয়তো আর যাব কোথায় হজুর?

ভাল বিপদে পড়িয়াছি, লোকটা কি পাগল! ওর মুখের দিকে চাহিলেও দয়া হয়, সংসারের ঘোরপেঁচ বোঝে না, নিতান্ত সরল, নির্বোধ ধরনের মানুষ—অথচ একরাশ নির্ভর ও ভরসা লইয়া আসিয়াছে—কাহার উপর কে জানে?

তাহাকে কত বুঝাইলাম, আমি জমি দিতে রাজী আছি, সে চাষবাস করুক, যেমন রাজু পাঁড়ে করিতেছে। মটুকনাথ মিনতি করিয়া বলিল, তাহারা বংশানুক্রমে শাস্ত্র-ব্যবসায়ী ব্রাহ্মণ-পণ্ডিত, চাম্বকাজের সে কিছুই জানে না। জমি লইয়া কি করিবে?

তাহাকে বলিতে পারিতাম, শাস্ত্রব্যবসায়ী পণ্ডিত-মানুষ এখানে মরিতে আসিয়াছে কেন, কিন্তু কোন কঠিন কথা বলিতে মন সরিল না। লোকটাকে বড় ভাল লাগিয়াছিল। অবশেষে তাহার নির্বন্ধাতিশয্যে একটা ঘর বাঁধিয়া দিয়া বলিলাম, এই তোমার টোল, এখন ছাত্র যোগাড় হয় কি না দেখ।

মটুকনাথ পূজার্চনা করিয়া দু-তিনটি ব্রাহ্মণ ভোজন করাইয়া টোল প্রতিষ্ঠা করিল। এ জঙ্গলে কিছুই মেলে না, সে নিজের হাতে মকাইয়ের আটার মোটা মোটা পুরী ভাজিল এবং জংলী ধুঁধুলের তরকারি। বাথান হইতে মহিষের দুধ আনাইয়া দই পাতিয়া রাখিয়াছিল। নিমস্ত্রিতের দলে অবশ্য আমিও ছিলাম।

টোল খুলিয়া কিছুদিন মটুকনাথ বড় মজা করিতে লাগিল।

পৃথিবীতে এমন মানুষও সব থাকে!

সকালে স্নানাহ্নিক সারিয়া সে টোলঘরে একখানা বন্য খেজুরপাতায়-বোনা আসনের উপর গিয়া বসে এবং সম্মুখে মুক্তবোধ খুলিয়া সূত্র আবৃত্তি করে, ঠিক যেন কাহাকে পড়াইতেছে। এমন চোঁচাইয়া পড়ে যে, আমি আমার আপিসঘরে বসিয়া কাজ করিতে করিতে শুনিতে পাই।

তহশিলদার সজ্জন সিং বলে—পণ্ডিতজী লোকটা বন্ধ পাগল! কি করছে দেখুন হজুর!

মাস-দুই এইভাবে কাটে। শূন্য ঘরে মটুকনাথ সমান উৎসাহে টোল করিয়া চলিয়াছে। একবার সকালে, একবার বৈকালে। ইতিমধ্যে সরস্বতী পূজা আসিল। কাছারিতে দোয়াত-পূজার দ্বারা বাশ্বেদবীর অর্চনা নিষ্পন্ন করা হয় প্রতি বৎসর, এ জঙ্গলে প্রতিমা কোথায় গড়ানো হইবে? মটুকনাথ তার টোলে শুনিলাম আলাদা পূজা করিবে, নিজের হাতে নাকি প্রতিমা গড়িবে।

ষাট বছরের বৃদ্ধের কি ভরসা, কি উৎসাহ!

নিজের হাতে ছোট প্রতিমা গড়িল মটুকনাথ। টোলে আলাদা পূজা হইল।

বৃদ্ধ হাসিমুখে বলিল—বাবুজী, এ আমাদের পৈতৃক পূজো। আমার বাবা চিরকাল তাঁর টোলে প্রতিমা গড়িয়ে পূজো করে এসেছেন, ছেলেবেলায় দেখেছি। এখন আবার আমার টোলে—

কিন্তু টোল কই?

মটুকনাথকে একথা বলি নাই অবশ্য।

৩

সরস্বতী পূজার দিন-দশ-বারো পরে মটুকনাথ পণ্ডিত আমাকে আসিয়া জানাইল, তাহার টোলে একজন ছাত্র আসিয়া ভর্তি হইয়াছে। আজই সে নাকি কোথা হইতে আসিয়া পৌঁছিয়াছে।

মটুকনাথ ছাত্রটিকে আমার সামনে হাজির করাইল। চৌদ্দ-পনেরো বছরের কালো, শীর্ণকায় বালক, মৈথিলী ব্রাহ্মণ, নিতান্ত গরীব, পরনের কাপড়খানি ছাড়া দ্বিতীয় বস্ত্র পর্যন্ত নাই।

মটুকনাথের উৎসাহ দেখে কে! নিজে খাইতে পায় না, সেই মুহূর্তে সে ছাত্রটির ভরণপোষণের ভার গ্রহণ করিয়া বসিল। ইহাই তাহার কুলপ্রথা, টোলের ছাত্রের সকল প্রকার অভাব-অনটন এতদিন তাহাদের টোল হইতে নির্বাহ হইয়া আসিয়াছে, বিদ্যা শিখিবার আশায় যে আসিয়াছে, তাহাকে সে ফিরাইতে পারিবে না।

মাস দুইয়ের মধ্যে দেখিলাম, আরও দু-তিনটি ছাত্র জুটিল টোলে। ইহারা এক বেলা খায়, এক বেলা খায় না। সিপাহীরা চাঁদা করিয়া মকায়ের ছাত্তু, আটা, চীনার দানা দেয়, কাছারি হইতে আমিও কিছু সাহায্য করি। জঙ্গল হইতে বাথুয়া শাক তুলিয়া আনে ছাত্রেরা—তাহাই সিদ্ধ করিয়া খাইয়া হয়তো একবেলা কাটাইয়া দেয়। মটুকনাথেরও সেই অবস্থা।

রাত দশটা-এগারোটা পর্যন্ত মটুকনাথ শুনি ছাত্র পড়াইতেছে টোলঘরের সামনে একটা হরীতকী গাছের তলায়। অন্ধকারেই অথবা জ্যোৎস্নালোকে—কারণ আলো জ্বলাইবার তেল জোটে না।

একটা জিনিস লক্ষ্য করিয়া আশ্চর্য হইয়াছি। মটুকনাথ টোলঘরের জন্য জমি ও ঘর বাঁধিয়া দেওয়ার প্রার্থনা ছাড়া আমার কাছে কোন দিন কোন আর্থিক সাহায্য চায় নাই। কোন দিন বলে নাই, আমার চলে না, একটা উপায় করুন না! কাহাকেও সে কিছু জানায় না, সিপাহীরা নিজের ইচ্ছায় যা দেয়।

বৈশাখ হইতে ভাদ্র মাসের মধ্যে মটুকনাথের টোলের ছাত্রসংখ্যা বেশ বাড়িল। দশ-বারোটি বাপে-তাড়ানো মায়ে-খেদানো গরিব বালক বিনা পয়সায় অল্প আয়াসে খাইতে পাইবার লোভে নানা জায়গা হইতে আসিয়া জুটিয়াছে। কারণ এ-সব দেশে কাকের মুখে একথা ছড়ায়। ছাত্রগুলিকে দেখিয়া মনে হইল ইহারা পূর্বে মহিষ চরাইত ; কারণ মধ্যে

এটুকু বুদ্ধির উজ্জ্বলতা নাই—ইহারা পড়িবে কাব্য-ব্যাকরণ? মটুকনাথকে নিরীহ মানুষ পাইয়া পড়িবার ছুতায় তাহার ঘাড়ে বসিয়া খাইতে আসিয়াছে। কিন্তু মটুকনাথের এসব দিকে খেয়াল নাই, সে ছাত্র পাইয়া মহা খুশি।

একদিন শুনিলাম, টোলের ছাত্রগণ কিছু খাইতে না পাইয়া উপবাস করিয়া আছে। সেই সঙ্গে মটুকনাথও।

মটুকনাথকে ডাকাইয়া ব্যাপার জিজ্ঞাসা করিলাম।

কথাটা ঠিকই। সিপাহীরা চাঁদা করিয়া যে আটা ও ছাতু দিয়াছিল, তাহা ফুরাইয়াছে, কয়েক দিন রাত্রে শুধু বাথুয়া শাক সিদ্ধ আহার করিয়া চলিতেছিল, আজ তাহাও পাওয়া যায় নাই। তাহা ছাড়া উহা খাইয়া অনেকের অসুখ হওয়াতে কেহ খাইতে চাহিতেছে না।

—তা এখন কি করবে পণ্ডিতজী?

—কিছু তো ভেবে পাচ্ছিনে হুজুর। ছোট ছোট ছেলেগুলো না খেয়ে থাকবে—

আমি উহাদের সকলের জন্য সিধা বাহির করিয়া দিবার ব্যবস্থা করিলাম। দু-তিন দিনের উপযুক্ত চাল, ডাল, ঘি, আটা। বলিলাম—টোল কি ক'রে চালাবে, পণ্ডিতজী? ও উঠিয়ে দাও। খাবে কি, খাওয়াবে কি?

দেখিলাম, আমার কথায় সে আঘাত পাইয়াছে। বলিল—তাও কি হয় হুজুর? তৈরি টোল কি ছাড়তে পারি? এ আমার পৈতৃক ব্যবসায়।

মটুকনাথ সদানন্দ লোক। তাহাকে এ-সব বুঝাইয়া ফল নাই। সে ছাত্র কয়টি লইয়া বেশ মনের সুখেই আছে দেখিলাম।

আমার এই বনভূমির একপ্রান্ত যেন সেকালের খষিদের আশ্রম হইয়া উঠিয়াছে মটুকনাথের কৃপায়। টোলের ছাত্ররা কলরব করিয়া পড়াশুনা করে, মুক্তবোধের সূত্র আওড়ায়, কাছারির লাউ-কুমড়ার মাচা হইতে ফল চুরি করে, ফুলগাছের ডালপাতা ভাসিয়া ফুল লইয়া যায়, এমন কি মাঝে মাঝে কাছারির লোকজনের জিনিসপত্রও চুরি যাইতে লাগিল—সিপাহীরা বলাবলি করিতে লাগিল, টোলের ছাত্রদের কাজ।

একদিন নায়েবের ক্যাশবাক্স খোলা অবস্থায় তাহার ঘরে পড়িয়া ছিল। কে তাহার মধ্য হইতে কয়েকটি টাকা ও নায়েবের একটি ঘষা মরা-সোনার আংটি চুরি করিল। তাহা লইয়া খুব হৈ হৈ করিল সিপাহীরা। মটুকনাথের এক ছাত্রেরা কাছে কয়েকদিন পরে আংটিটা পাওয়া গেল। সে কোমরের ঘুনসিতে বাঁধিয়া রাখিয়াছিল, কে দেখিতে পাইয়া কাছারিতে আসিয়া বলিয়া দিল। ছাত্র বামাল-সুদ্ধ ধরা পড়িল।

আমি মটুকনাথকে ডাকাইয়া পাঠাইলাম। সে সত্যই নিরীহ লোক, তাহার ভালমানুষির সুযোগ গ্রহণ করিয়া দুর্দান্ত ছাত্রের যাহা খুশি করিতেছে। টোল ভাঙিবার দরকার নাই, অন্তত কয়েকজন ছাত্রকে তাড়াইতেই হইবে। বাকি যাহার্ন থাকিতে চায়, আমি জমি দিতেছি, উহারা নিজেদের মাথার ঘাম পায়ে ফেলিয়া জমিতে কিছু কিছু মকাই, চীনাঘাস ও তরকারির চাষ করুক। খাদ্যশস্য যাহা উৎপন্ন হইবে, তাহাতেই উহাদের চলিবে।

মটুকনাথ এ-প্রস্তাব ছাত্রদের কাছে করিল। বারোজন ছাত্রের মধ্যে আটজন শুনিবামাত্র পলাইল। চারজন রহিয়া গেল, তাও আমার মনে হয় বিদ্যানুরাগের জন্য নয়, নিতান্ত কোথাও কোন উপায় নাই বলিয়া। পূর্বে মহিষ চরাইত, এখন না-হয় চাষ করিবে। সেই হইতে মটুকনাথের টোল চলিতেছে মন্দ নয়।

ছট্ট সিং ও অন্যান্য প্রজাদের জমি বিলি হইয়া গিয়াছে। সর্বসুদ্ধ প্রায় দেড় হাজার বিঘা জমি। নাঢ়া বইহারের জমি অত্যন্ত উর্বর বলিয়া ঐ অংশেই দেড় হাজার বিঘা জমি একসঙ্গে উহাদের দিতে হইয়াছে। সেখানকার প্রান্তরসীমার বনানী অতি শোভাময়ী, কতদিন সন্ধ্যাবেলা ঘোড়ায় আসিবার সময়ে সে বন দেখিয়া মনে হইয়াছে, জগতের মধ্যে নাঢ়া বইহারের এই বন একটা বিউটি স্পট—গেল সে বিউটি স্পট।

দূর হইতে দেখিতাম বনে আগুন দিয়াছে, খানিকটা পোড়াইয়া না ফেলিলে ঘন দুর্ভেদ্য জঙ্গল কাটা যায় না। কিন্তু সব জায়গায় তো বন নাই, দিগন্তব্যাপী প্রান্তরের ধারে ধারে নিবিড় বন, হয়ত প্রান্তরের মাঝে মাঝে বনঝোপ, কত কি লতা, কত কি বনকুসুম।...

চট্ট চট্ট শব্দ করিয়া বন পুড়িতেছে, দূর হইতে শুনি—কত শোভাময় লতাঝিতান ধ্বংস হইয়া গেল, বসিয়া বসিয়া ভাবি। কেমন একটা কষ্ট হয় বলিয়া ওদিকে যাই না। দেশের একটা এত বড় সম্পদ, মানুষের মনে যাহা চিরদিন শান্তি ও আনন্দ পরিবেষণ করিতে পারিত—একমুষ্টি গমের বিনিময়ে তাহা বিসর্জন দিতে হইল।

কার্তিক মাসের প্রথমে একদিন জায়গাটা দেখিতে গেলাম। সমস্ত মাঠটাতে সরিষা বপন করা হইয়াছে—মাঝে মাঝে লোকজনেরা ঘর বাঁধিয়া বাস করিতেছে, ইহার মধ্যেই গরু-মহিষ, স্ত্রী-পুত্র আনিয়া গ্রাম বসাইয়া ফেলিয়াছে।

শীতকালের মাঝামাঝি যখন সর্বক্ষেত হলুদ ফুলে আলো করিয়াছে, তখন যে দৃশ্য চোখের সম্মুখে উন্মুক্ত হইল, তাহার তুলনা নাই। দেড় হাজার বিঘা ব্যাপী একটা বিরাট প্রান্তর দূর দিগন্তসীমা পর্যন্ত হলুদরঙের গালিচায় ঢাকা—এর মধ্যে ছেদ নাই, বিরাম নাই—উপরে নীল আকাশ, ইন্দ্রনীলমণির মত নীল—তার তলায় হলুদ—হলুদ রঙের ধরণী, যতদূর দৃষ্টি যায়। ভাবিলাম, এও একরকম মন্দ নয়।

একদিন নূতন গ্রামগুলি পরিদর্শন করিতে গেলাম। ছট্ট সিং বাদে সকলেই গরীব প্রজা। তাহাদের জন্য একটা নৈশ স্কুল করিয়া দিব ভাবিলাম—অনেক ছোট ছোট ছেলেমেয়েকে সর্বক্ষেতের ধারে ধারে ছুটাছুটি করিয়া খেলা করিতে দেখিয়া আমার নৈশ স্কুলের কথা আগে মনে পড়িল।

কিন্তু শীঘ্রই নূতন প্রজারা ভয়ানক গোলমাল বাধাইল। দেখিলাম ইহারা মোটেই শান্তিপ্ৰিয় নয়। একদিন কাছারিতে বসিয়া আছি, খবর আসিল নাঢ়া বইহারের প্রজারা নিজেদের মধ্যে ভয়ানক দাঙ্গা শুরু করিয়াছে। জমির আল নির্দিষ্ট কিছু না থাকতেই এই গোলমাল বাধিয়াছে, যাহার পাঁচ-বিঘা জমি সে দশ-বিঘা জমির ফসল দখল করিতে বসিয়াছে। আরও শুনিলাম, সর্বোপরি পাকিবার কিছুদিন আগে ছট্ট সিং নিজের দেশ হইতে বহু রাজপুত লাঠিয়াল ও সড়কিওয়ালারা গোপনে আনিয়া রাখিয়াছিল, তাহার আসল উদ্দেশ্য এখন বোঝা যাইতেছে। নিজের তিন-চার-শ বিঘা আবাদী জমির ফসল বাদে সে লাঠির জোরে সমস্ত নাঢ়া বইহারের দেড় হাজার বিঘা (বা যতটা পারে) জমির ফসল দখল করিতে চায়।

কাছারির আমলারা বলিল—এ-দেশের এই নিয়ম ছড়ুর। লাঠি যার ফসল তার।

যাহাদের লাঠির জোর নাই, তাহারা কাছারিতে আসিয়া আমার কাছে কাঁদিয়া পড়িল। তাহারা নিরীহ গরিব গাঙ্গোতা প্রজা—সামান্য দু-দশ বিঘা জমি জঙ্গল কাটিয়া চাষ করিয়াছিল,

স্ত্রী-পুত্র আনিয়া জমির ধারেই ঘর-বাড়ি করিয়া বাস করিতেছিল—এখন সারা বছরের পরিশ্রমের ও আশার সামগ্রী প্রবলের অভ্যাচারে যাইতে বসিয়াছে!

কাছারির দুইজন সিপাহীকে ঘটনাস্থলে পাঠাইয়াছিলাম ব্যাপার কি দেখিতে। তাহারা উর্ধ্বাঙ্গে ছুটিয়া আসিয়া জানাইল—ভীমদাস টোলার উত্তরসীমায় ভয়ানক দাঙ্গা বাধিয়াছে।

তখনই তহশিলদার সজ্জন সিং ও কাছারির সমস্ত সিপাহীদের লইয়া ঘোড়ায় করিয়া ঘটনাস্থলে রওনা হইলাম। দূর হইতেই একটা হৈ হৈ গোলমাল কানে আসিল। নাড়া বইহারের মাঝখান দিয়া একটি ক্ষুদ্র পার্বত্য নদী বহিয়া গিয়াছে—গোলমালটা যেন সেদিকেই বেশি।

নদীর ধারে গিয়া দেখি নদীর দুই পারেই লোক জড়ো হইয়াছে—প্রায় ষাট-সত্তর জন এপারে, ওপারে ত্রিশ-চল্লিশ জন ছুঁ সিং-এর রাজপুত লাঠিয়াল। ওপারের লোক এপারে আসিতে চায়, এপারের লোকেরা বাধা দিতে দাঁড়াইয়াছে। ইতিমধ্যে জন-দুই লোক জখমও হইয়াছে—তাহারা এপারের দলের। জখম হইয়া নদীর জলে পড়িয়াছিল, সেই সময় ছুঁ সিং-এর লোকেরা টাঙি দিয়া একজনের মাথা কাটিতে চেষ্টা করে—এ-পক্ষ ছিনাইয়া নদী হইতে উঠাইয়া আনিয়াছে। নদীতে অবশ্য পা ডোবে না এমনি জল, পাহাড়ী নদী তার উপর শীতের শেষ।

কাছারির লোকজন দেখিয়া উভয় পক্ষ দাঙ্গা থামাইয়া আমার কাছে আসিল। প্রত্যেক পক্ষ নিজেদের যুধিষ্ঠির এবং অপর পক্ষকে দুর্যোধন বলিয়া অভিহিত করিতে লাগিল। সে হৈ-হৈ কলরবের মধ্যে ন্যায়-অন্যায় নির্ধারণ করা সম্ভব নয়। উভয় পক্ষকে কাছারিতে আসিতে বলিলাম। আহত লোক দুটির সামান্য লাঠির চোট লাগিয়াছিল, এমন গুরুতর জখম কিছু নয়। তাহাদেরও কাছারিতে লইয়া আসিলাম।

ছুঁ সিং-এর লোকেরা বলিল, দুপুরের পরে তাহারা কাছারিতে আসিয়া দেখা করিবে। ভাবিলাম, সব মিটিয়া গেল। কিন্তু তখনও আমি এদেশের লোক চিনি নাই। দুপুরের অল্প পরেই আবার খবর আসিল নাড়া বইহারে ঘোর দাঙ্গা বাধিয়াছে। আমি পুনরায় লোকজন লইয়া ছুটিলাম। একজন ঘোড়সওয়ারকে পনের মাইল দূরবতী নওগাছিয়া থানায় রওনা করিয়া দিলাম। গিয়া দেখি ঠিক ও-বেলার মতই ব্যাপার। ছুঁ সিং এবেলা আরও অনেক লোক জড়ো করিয়া আনিয়াছে। শুনিলাম রাসবিহারী সিং রাজপুত ও নন্দলাল ওঝা গোলাওয়াল ছুঁ সিংকে সাহায্য করিতেছে। ছুঁ সিং ঘটনাস্থলে ছিল না, তাহার ভাই গজাধর সিং ঘোড়ায় চাপিয়া কিছুদূরে দাঁড়াইয়াছিল—আমায় আসিতে দেখিয়া সরিয়া পড়িল। এবার দেখিলাম রাজপুতদলের দুজনের হাতে বন্দুক রহিয়াছে।

ওপার হইতে রাজপুতেরা হাঁকিয়া বলিল—হুজুর, সরে যান আপনি, আমরা একবার এই বাঁদীর বাচ্চা গাঙ্গোতাদের দেখে নিই।

আমার দলবল গিয়া আমার হুকুমে উভয় দলের মাঝখানে দাঁড়াইল। আমি তাহাদিগকে জানাইলাম নওগাছিয়া থানায় খবর গিয়াছে, এতক্ষণ পুলিশ অর্ধেক রাস্তা আসিয়া পড়িল। ওসব বন্দুক কার নামে? বন্দুকের আওয়াজ করিলে তার জেল অনিবার্য। আইন ভয়ানক কড়া। বন্দুকধারী লোক দুজন একটু পিছাইয়া পড়িল।

আমি এপারের গাঙ্গোতা প্রজাদের ডাকিয়া বলিলাম—তাহাদের দাঙ্গা করিবার কোনো দরকার নাই। তাহারা যে যার জায়গায় চলিয়া যাক। আমি এখানে আছি। আমার সমস্ত আমলা ও সিপাহীরা আছে। ফসল লুঠ হয় আমি দায়ী।

গাঙ্গোতা-দলের সর্দার আমার কথার উপর নির্ভর করিয়া নিজের লোকজন হটাইয়া

কিছুদূরে একটা বকাইন গাছের তলায় দাঁড়াইল। আমি বলিলাম—ওখানেও না। একেবারে সোজা বাড়ি গিয়ে ওঠো। পুলিশ আসছে।

রাজপুতেরা অত সহজে দমিবার পাত্রই নয়। তাহারা ওপারে দাঁড়াইয়া নিজেদের মধ্যে কি পরামর্শ করিতে লাগিল। তহশিলদারকে জিজ্ঞাসা করিলাম, কি ব্যাপার সজ্জন সিং? আমাদের উপর চড়াও হবে নাকি?

তহশিলদার বলিল, হুজুর, ওই যে নন্দলাল ওঝা গোলাওয়াল জুটেছে, ওকেই ভয় হয়। ও বদমাশটা আস্ত ডাকাত।

—তাহলে তৈরি হয়ে থাকো। নদী পার কাউকে হতে দেবে না। ঘণ্টা দুই সামলে রাখো, তারপরেই পুলিশ এসে পড়বে।

রাজপুতেরা পরামর্শ করিয়া কি ঠিক করিল জানি না, একদল আগাইয়া আসিয়া বলিল— হুজুর, আমরা ওপারে যাব।

বলিলাম, কেন?

—আমাদের কি ওপারে জমি নেই?

—পুলিসের সামনে সে কথা বোলো। পুলিশ তো এসে পড়ল। আমি তোমাদের এপারে আসতে দিতে পারিনে।

—কাছারিতে একরাশ টাকা সেলামী দিয়ে জমি বন্দোবস্ত নিয়েছি কি ফসল লোকসান করবার জন্যে? এ আপনার অন্যায জুলুম।

—সে কথাও পুলিসের সামনে বোলো।

—আমাদের ওপারে যেতে দেবেন না?

—না, পুলিশ আসবার আগে নয়। আমার মহালে আমি দাঙ্গা হ'তে দেবো না।

ইতিমধ্যে কাছারির আরও লোকজন আসিয়া পড়িল। ইহারা আসিয়া রব উঠাইয়া দিল, পুলিশ আসিতেছে। ছটু সিং-এর দল ক্রমশ দু-একজন করিয়া সরিয়া পড়িতে লাগিল। তখনকার মত দাঙ্গা বন্ধ হইল বটে, কিন্তু মারপিট, পুলিশ-হাঙ্গামা, খুন-জখমের সেই যে সূত্রপাত হইল, দিন দিন তাহা বাড়িয়া চলিতে লাগিল বই কমিল না। আমি দেখিলাম ছটু সিং-এর মত দুর্দান্ত রাজপুতকে একসঙ্গে অতটা জমি বিলি করিবার ফলেই যত গোলমালের সৃষ্টি। ছটু সিংকে একদিন ডাকাইলাম। সে বলিল, এসবের বিন্দুবিসর্গ সে জানে না। সে অধিকাংশ সময় ছাপরায় থাকে। তার লোকেরা কি করে না-করে তার জন্য সে কি করিয়া দায়ী?

বুঝিলাম লোকটা পাকা ঘুঘু। সোজা কথায় এখানে কাজ হইবার সম্ভাবনা নাই। ইহাকে জব্দ করিতে হইলে অন্য পথ দেখিতে হইবে।

সেই হইতে আমি গাঙ্গোতা প্রজা ভিন্ন অন্য কোন লোককে জমি দেওয়া একেবারে বন্ধ করিয়া দিলাম। কিন্তু যে-ভুল আগেই হইয়া গিয়াছে, তাহার কোন প্রতিকার আর হইল না। নাড়া বইহারের শাস্তি চিরদিনের জন্য ঘুচিয়া গেল।

৫

আমাদের বারো মাইল দীর্ঘ জংলী-মহালের উত্তর অংশে প্রায় পাঁচ-ছ'শ একর জমিতে প্রজা বসিয়া গিয়াছে। পৌষ মাসের শেষে একদিন সেদিকে যাইবার দরকার হইয়াছিল—গিয়া দেখি এরা এ-অঞ্চলের চেহারা বদলাইয়া দিয়াছে।

ফুলকিয়ার জঙ্গল হইতে হঠাৎ বাহির হইয়া চোখে পড়িল সামনে দিকান্তবিস্তীর্ণ ফুল-ফোটা সর্বেক্ষেত—যতদূর চোখ যায়, ডাইনে, বাঁয়ে, সামনে, একটানা হলদে-ফুল-তোলা একখানা সুবিশাল গালিচা কে যেন পাতিয়া গিয়াছে—এর কোথাও বাধা নাই, ছেদ নাই, জঙ্গলের সীমা হইতে একেবারে বহু, বহু দূরের চক্রবাল-রেখায় নীল শৈলমালার কোলে মিশিয়াছে। মাথার উপরে শীতকালের নির্মেষ নীল আকাশ। এই অপরূপ শস্যক্ষেত্রের মাঝে মাঝে প্রজাদের কাশের খুপরি। স্ত্রী-পুত্র লইয়া এই দূরন্ত শীতে কি করিয়া তাহারা যে এই কাশ-উঁটার বেড়া-ঘেরা কুটিরে এই উন্মুক্ত প্রান্তরের মধ্যে বাস করে!

ফসল পাকিবার সময়ের আর বেশি দেরি নাই। ইহার মধ্যে কাটুনী মজুরের দল নানাদিক হইতে আসিতে শুরু করিয়াছে। ইহাদের জীবন বড় অদ্ভুত—পূর্ণিয়া, তরাই ও জয়ন্তীর পাহাড়-অঞ্চল ও উত্তর ভাগলপুর হইতে স্ত্রী-পুত্র লইয়া ফসল পাকিবার সময় ইহারা আসিয়া ছোট ছোট কুঁড়েঘর নির্মাণ করিয়া বাস করে ও জমির ফসল কাটে—ফসলের একটা অংশ মজুরিস্বরূপ পায়। আবার ফসল কাটা শেষ হইয়া গেলে কুঁড়েঘর ফেলিয়া রাখিয়া স্ত্রী-পুত্র লইয়া চলিয়া যায়। আবার আর বছর আসিবে। ইহাদের মধ্যে নানা জাতি আছে—বেশির ভাগই গাঙ্গোতা কিন্তু ছত্রী, ভূমিহার ব্রাহ্মণ, মৈথিল ব্রাহ্মণ পর্যন্ত আছে।

এ-অঞ্চলের নিয়ম, ফসল কাটিবার সময়ে ক্ষেতে বসিয়া খাজনা আদায় করিতে হয়—নয়তো এত গরিব প্রজা, ফসল ক্ষেত হইতে উঠিয়া গেলে আর খাজনা দিতে পারে না। খাজনা আদায় তদারক করিবার জন্য দিনকতক আমাকে ফুলকিয়া বইহারের দিকান্তবিস্তীর্ণ শস্যক্ষেত্রের মধ্যে থাকিবার দরকার হইল।

তহশিলদার বলিল—ওখানে তাহলে ছোট তাঁবুটা খাঁটিয়ে দেব?

—একদিনের মধ্যেই ছোট একটি কাশের খুপরি করে দাও না?

—এই শীতে তাতে কি থাকতে পারবেন, ছজুর?

—খুব। তুমি তাই কর।

তাহাই হইল। পাশাপাশি তিন-চারটা ছোট ছোট কাশের কুটির, একটা আমার শয়নঘর, একটা রান্নাঘর, একটাতে দুজন সিপাহী ও পাটোয়ারী থাকিবে। এ-ধরনের ঘরকে এদেশে বলে ‘খুপরি’—দরজা-জানলার বদলে কাশের বেড়ার খানিকটা করিয়া কাটা—বন্ধ করিবার উপায় নাই—হু-হু হিম আসে রাতে। এত নীচু যে হামাগুড়ি দিয়া ভিতরে ঢুকিতে হয়। মেঝেতে খুব পুরু করিয়া শুকনো কাশ ও বন-ঝাড়য়ের সুঁটি বিছানো—তাহার উপর শতরঞ্জি, তাহার উপর তোশক-চাদর পাতিয়া ফরাস করা। আমার খুপরিটি দৈর্ঘ্যে সাত হাত প্রস্থে তিন হাত। সোজা হইয়া দাঁড়ানো অসম্ভব ঘরের মধ্যে, কারণ উচ্চতায় মাত্র তিন হাত।

কিন্তু বেশ লাগে এই খুপরি। এত আরাম ও আনন্দ কলিকাতায় তিন-চারতলা বাড়িতে থাকিয়াও পাই নাই। তবে বোধ হয় আমি দীর্ঘদিন এখানে থাকিবার ফলে বন্য হইয়া যাইতেছিলাম, আমার রুচি, দৃষ্টিভঙ্গি, ভাল-মন্দ-লাগা সবেরই উপর এই মুক্ত অরণ্য-প্রকৃতির অল্প-বিস্তর প্রভাব আসিয়া পড়িয়াছিল, তাই এমন হইতেছে কিনা কে জানে?

খুপরিতে ঢুকিয়া প্রথমই আমার ভাল লাগিল সদ্য-কাটা কাশ-উঁটার তাজা সুগন্ধটা, যাহা দিয়া খুপরি বোড়া বাঁধা। তাহার পর ভাল লাগিল আমার মাথার কাছেই এক বর্গহাত পরিমিত ঘুলঘুলিপথে দৃশ্যমান, অর্ধশায়িত অবস্থায় আমার দুটি চোখের দৃষ্টির প্রায় সমতলে অবস্থিত ধূ-ধূ বিস্তীর্ণ সর্বেক্ষেতের হলদে ফুলরাশি। এ-দৃশ্যটা একেবারে অভিনব, আমি যেন একটা পৃথিবীজোড়া হলদে কার্পেটের উপরে শুইয়া আছি। হু-হু হাওয়ায় তীর বাঁঝালো সর্বেফুলের গন্ধ।

শীতও যা পড়িতে হয় পড়িয়াছিল। পশ্চিমে হাওয়ার একদিনও কামাই ছিল না, অমন কড়া রৌদ্র যেন ঠাণ্ডা জল হইয়া যাইতে কনকনে পশ্চিমা হাওয়ার প্রাবল্যে। বইহারের বিস্তৃত কুল-জঙ্গলের পাশ দিয়া ঘোড়ায় করিয়া ফিরিবার সময় দেখিতাম দূরে তিরাশী-চৌকার অনুচ্চ নীল পাহাড়-শ্রেণীর ওপারে শীতের সূর্যাস্ত। সারা পশ্চিম আকাশ অগ্নিকোণ হইতে নৈর্ঝত কোণ পর্যন্ত রাজ হইয়া যায়, তরল আওনের সমুদ্র, হু-হু করিয়া প্রকাণ্ড অগ্নিগোলকের মত বড় সূর্যটা নামিয়া পড়ে—মনে হয় পৃথিবীর আঙ্গিক গতি যেন প্রত্যক্ষ করিতেছি, বিশাল ভূপৃষ্ঠ যেন পশ্চিম দিক হইতে পূর্বে ঘুরিয়া আসিতেছে, অনেকক্ষণ চাহিয়া থাকিলে দৃষ্টিবিভ্রম উপস্থিত হইত, সত্যই মনে হইত যেন পশ্চিম দিক্চক্রবাল-প্রান্তের ভূপৃষ্ঠ আমার অবস্থিতি-বিন্দুর দিকে ঘুরিয়া আসিতেছে।

রোদটুকু মিলাইয়া যাওয়ার সঙ্গে সঙ্গে বেজায় শীত পড়িত, আমরাও সারাদিনের গুরুতর পরিশ্রম ও ঘোড়ায় ইতস্তত ছুটাছুটির পরে সন্ধ্যাবেলা প্রতিদিন আমার খুপারির সামনে আঙন জ্বলাইয়া বসিতাম।

সঙ্গে সঙ্গে অন্ধকারাবৃত বনপ্রান্তরের উর্ধ্বাকাশে অগণ্য নক্ষত্রলোক কত দূরের বিশ্বরাজির জ্যোতির দূতরূপে পৃথিবীর মানুষের চক্ষুর সম্মুখে দেখা দিত। আকাশে নক্ষত্ররাজি জ্বলিত যেন জ্বলজ্বলে বৈদ্যুতিক বাতির মত—বাংলা দেশে অমন কৃপ্তিকা, অমন সপ্তর্ষিমণ্ডল কখনও দেখি নাই। দেখিয়া দেখিয়া তাহাদের সঙ্গে নিবিড় পরিচয় হইয়া গিয়াছিল। নীচে ঘন অন্ধকার বনানী, নির্জনতা, রহস্যময়ী রাত্রি, মাথার উপরে নিত্যসঙ্গী অগণ্য জ্যোতির্লোক। এক-একদিন এক ফালি অবাস্তব চাঁদ অন্ধকারের সমুদ্রে সুদূর বাতিঘরের আলোর মত দেখাইত। আর সেই ঘনকৃষ্ণ অন্ধকারকে আঙনের তীক্ষ্ণ তীর দিয়া সোজা কাটিয়া এদিকে ওদিকে উন্মোচনা খসিয়া পড়িতেছে। দক্ষিণে, উত্তরে, ঈশানে, নৈর্ঝতে, পূর্বে, পশ্চিমে, সবদিকে। এই একটা, ওই একটা, ওই দুটো, এই আবার একটা—মিনিটে মিনিটে, সেকেন্ডে সেকেন্ডে।

এক-একদিন গনোরী তেওয়ারী ও আরও অনেকে তাঁবুতে আসিয়া জেটে। নানা রকম গল্প হয়। এইখানেই একদিন একটা অদ্ভুত গল্প শুনিলাম। কথায় কথায় সেদিন শিকারের গল্প হইতেছিল। মোহনপুরা জঙ্গলের বন্য-মহিষের কথা উঠিল। দশরথ সিং ঝাণ্ডাওয়ালার নামে এক রাজপুত সেদিন লবটুলিয়া কাছারিতে চরের ইজারা ডাকিতে উপস্থিত ছিল। লোকটা এক সময়ে খুব বনেজঙ্গলে ঘুরিয়াছে, দুঁদে শিকারী বলিয়া তার নাম আছে। দশরথ ঝাণ্ডাওয়ালার বলিল—হুজুর, ওই মোহনপুরা জঙ্গলে বুনো মহিষ শিকার করতে আমি একবার টাড়াবারো দেখি।

মনে পড়িল, গনু মহাতো একবার এই টাড়াবারোর কথা বলিয়াছিল বটে। বলিলাম—ব্যাপারটা কি ?

—হুজুর, সে অনেক দিনের কথা। কুশী নদীর পুল তখনও তৈরি হয় নি। কাটারিয়ায় জোড়া খেয়া ছিল, গাড়ির প্যাসেঞ্জার খেয়ায় মালসুদ্ধ পারাপার হত। আমরা তখন ঘোড়ার নাচ নিয়ে খুব উন্মত্ত, আমি আর ছাপরার ছুঁ সিং। ছুঁ সিং হরিহরছত্র মেলা থেকে ঘোড়া নিয়ে আসত, আমরা দুজন সেই সব ঘোড়াকে নাচ শেখাতাম, তারপর বেশি দামে বিক্রী করতাম। ঘোড়ার নাচ দু-রকম, জমৈতি আর ফনৈতি। জমৈতিতে যে-সব ঘোড়ার তালিম বেশি, তারা বেশি দামে বিক্রী হয়। ছুঁ সিং ছিল জমৈতি নাচ শেখাবার ওস্তাদ। দুজনে তিন-চার বছরে অনেক টাকা করেছিলাম।

একবার ছুঁ সিং পরামর্শ দিলে ঢোলবাজ্য জঙ্গলে লাইসেন্স নিয়ে বুনো মহিষ ধরে ব্যবসা

করতে। সব ঠিকঠাক হল, ঢোলবাজ্যা দ্বারভাঙ্গা মহারাজের রিজার্ভ ফরেস্ট। আমরা কিছু টাকা খাইয়ে বনের আমলাদের কাছ থেকে পারমিট আনলাম। তারপর ক'দিন ধরে ঘন জঙ্গলের মধ্যে বুনো মহিষের যাতায়াতের পথের সন্ধান করে বেড়াই। অত বড় বন ছজুর, একটা বুনো মহিষের দেখা যদি কোন দিন মেলে! শেষে এক বুনো সাঁওতাল লাগলাম। সে একটা বাঁশবনের তলা দেখিয়ে বললে, গভীর রাত্রে এই পথ দিয়ে বুনো মহিষের জেরা (দল) জল খেতে যাবে। সেই পথের মধ্যে গভীর খানা কেটে তার ওপর বাঁশ ও মাটি বিছিয়ে ফাঁদ তৈরি করলাম। রাত্রে মহিষের জেরা যেতে গিয়ে গর্তের মধ্যে পড়বে।

সাঁওতালটা দেখে-শুনে বললে—কিন্তু সব করছিস বটে তোরা, একটা কথা আছে। ঢোলবাজ্যা জঙ্গলের বুনো মহিষ তোরা মারতে পারবি নে। এখানে টাঁড়বারো আছে।

আমরা তো অবাক। টাঁড়বারো কি?

সাঁওতাল বুড়ো বললে—টাঁড়বারো হ'ল বুনো মহিষের দলের দেবতা। সে একটাও বুনো মহিষের ক্ষতি করতে দেবে না।

ছুঁ সিং বললে—ওসব ঝুট কথা। আমার মানি নে। আমরা রাজপুত, সাঁওতাল নই।

তারপর কি হ'ল শুনলে অবাক হয়ে যাবেন ছজুর। এখনও ভাবলে আমার গায়ে কাঁটা দেয়। গহিন রাতে আমরা নিকটেই একটা বাঁশঝাড়ের আড়ালে অন্ধকারে নিঃশব্দে দাঁড়িয়ে আছি, বুনো মহিষের দলের পায়ের শব্দ শুনলাম, তারা এদিকে আসছে। ক্রমে তারা খুব কাছে এল, গর্ত থেকে পঞ্চাশ হাতের মধ্যে। হঠাৎ দেখি গর্তের ধারে, গর্তের দশ হাত দূরে এক দীর্ঘাকৃতি কালোমত পুরুষ নিঃশব্দে হাত তুলে দাঁড়িয়ে আছে। এত লম্বা সে-মূর্তি, যেন মনে হল বাঁশঝাড়ের আগায় ঠেকেছে। বুনো মহিষের দল তাকে দেখে থমকে দাঁড়িয়ে গেল, তারপর ছত্রভঙ্গ হয়ে এদিক ওদিক পালাল, ফাঁদের ত্রিসীমানাতে এল না একটাও। বিশ্বাস করুন আর না করুন, নিজের চোখে দেখা।

তারপর আরও দু-একজন শিকারীকে কথাটা জিজ্ঞেস করেছি, তারা আমাদের বললে, ও-জঙ্গলে বুনো মহিষ ধরবার আশা ছাড়। টাঁড়বারো একটা মহিষও মারতে ধরতে দেবে না। আমাদের টাকা দিয়ে পারমিট আনানো সার হ'ল, একটা বুনো মহিষও সেবার ফাঁদে পড়ল না।

দশরথ বাগাওয়ালার গল্প শেষ হইলে লবটুলিয়ার পাটোয়ারীও বলিল—আমরাও ছেলেবেলা থেকে টাঁড়বারোর গল্প শুনে আসছি। টাঁড়বারো বুনো মহিষের দেবতা—বুনো মহিষের দল বেঘোরে পড়ে প্রাণ না হারায়, সেদিকে তাঁর সর্বদা দৃষ্টি।

গল্প সত্য কি মিথ্যা আমার সে-সব দেখিবার আবশ্যিক ছিল না, আমি গল্প শুনিতে শুনিতে অন্ধকার আকাশে জ্যোতির্ময় খড়াধারী কালপুরুষের দিকে চাহিতাম, নিস্তব্ধ ঘন বনানীর উপর অন্ধকার আকাশ উপড় হইয়া পড়িয়াছে, দূরে কোথায় বনের মধ্যে বন্য কুক্কট ডাকিয়া উঠিল, অন্ধকার ও নিঃশব্দ আকাশ, অন্ধকার ও নিঃশব্দ পৃথিবী শীতের রাত্রে পরস্পরের কাছাকাছি আসিয়া কি যেন কানাকানি করিতেছে—অনেক দূরে মোহনপুরা অরণ্যের কালো সীমারেখার দিকে চাহিয়া এই অশ্রুতপূর্ব বনদেবতার কথা মনে হইয়া শরীর যেন শিহরিয়া উঠিত। এই সব গল্প শুনিতে ভাল লাগে, এই রকম নির্জন অরণ্যের মাঝখানে ঘন শীতের রাত্রে এই রকম আঙনের ধারেই বসিয়া।

পনেরো দিন এখানে একেবারে বন্য-জীবন যাপন করিলাম, যেমন থাকে গাঙ্গোতারা কি গরিব ভুঁইহার বামুনরা। ইচ্ছা করিয়া নয়, অনেকটা বাধ্য হইয়াই থাকিতে হইল এ ভাবে। এ জঙ্গলে কোথা হইতে কি আনাইব? খাই ভাত ও বন-ধুঁধলের তরকারি, বনের কাঁকরোল কি মিষ্টি আলু তুলিয়া আনে সিপাহীরা, তাই ভাজা বা সিদ্ধ। মাছ দুধ ঘি—কিছু নাই।

অবশ্য বনে সিঙ্গি ও ময়ূরের অভাব ছিল না, কিন্তু পাখী মারিতে তেমন যেন মন সরে না বলিয়া বন্দুক থাকা সত্ত্বেও নিরামিষই খাইতে হইত।

ফুলকিয়া বইহারে বাঘের ভয় আছে। একদিনের ঘটনা বলি।

হাড়াভাজা শীত সেদিন। রাত দশটার পরে কাজকর্ম মিটাইয়া সকাল সকাল শুইয়া ঘুমাইয়া পড়িয়াছি, হঠাৎ কত রাত্রে জানি না, লোকজনের চিৎকারে ঘুম ভাঙিল। জঙ্গলের ধারের কোনো জায়গায় অনেকগুলি লোক জড়ো হইয়া চিৎকার করিতেছে। উঠিয়া তাড়াতাড়ি আলো জ্বালিলাম। আমার সিপাহীরা পাশের খুপরি হইতে বাহির হইয়া আসিল। সবাই মিলিয়া ভাবিতেছি ব্যাপারটা কি, এমন সময়ে একজন লোক ছুটিতে ছুটিতে আসিয়া বলিল—ম্যানেজারবাবু, বন্দুকটা নিয়ে শীগগির চলুন—বাঘে একটা ছোট ছেলে নিয়ে গিয়েছে খুপরি থেকে।

জঙ্গলের ধার হইতে মাত্র দু-শ' হাত দূরে ফসলের ক্ষেতের মধ্যে ডোমন বলিয়া একজন গাঙ্গোতা প্রজার একখানা খুপরি। তাহার স্ত্রী ছ-মাসের শিশু লইয়া খুপরির মধ্যে শুইয়াছিল—অসম্ভব শীতের দরুন খুপরির মধ্যেই আশ্রয় জ্বালানো ছিল এবং ধোঁয়া বাহির করিয়া দিবার জন্য ঝাঁপটা একটু ফাঁক ছিল। সেই পথে বাঘ ঢুকিয়া ছেলেটিকে লইয়া পলাইয়াছে।

কি করিয়া জানা গেল বাঘ? শিয়ালও তো হইতে পারে। কিন্তু ঘটনাস্থলে পৌঁছিয়া আর কোন সন্দেহ রহিল না, ফসলের ক্ষেতের নরম মাটিতে স্পষ্ট বাঘের খাবার দাগ।

আমার পাটোয়ারী ও সিপাহীরা মহালের অপবাদ রটিতে দিতে চায় না, তাহারা জোর গলায় বলিতে লাগিল—এ আমাদের বাঘ নয় হুজুর, এ মোহনপুরা রিজার্ভ ফরেস্টের বাঘ। দেখুন না কত বড় থাবা!

যাহাদেরই বাঘ হউক, তাহাতে বড় কিছু আসে যায় না। বলিলাম, সব লোক জড়ো কর, মশাল তৈরি কর—চল জঙ্গলের মধ্যে দেখি। সেই রাত্রে অত বড় বাঘের পায়ের সন্ধ্যা থাবা দেখিয়া ততক্ষণ সকলেই ভয়ে কাঁপিতে শুরু করিয়াছে—জঙ্গলের মধ্যে কেহ যাইতে রাজী নয়। ধমক ও গালমন্দ দিয়া জন-দশেক লোক জুটাইয়া মশাল-হাতে টিন পিটাইতে পিটাইতে সবাই মিলিয়া জঙ্গলের নানা স্থানে বৃথা অনুসন্ধান করা গেল।

পরদিন বেলা দশটার সময় মাইল-দুই দূরে দক্ষিণপূর্ব কোণের ঘন জঙ্গলের মধ্যে একটা বড় আসান-গাছের তলায় শিশুটির রক্তাক্ত দেহাবশেষ আবিষ্কৃত হইল।

কৃষ্ণপক্ষের কি ভীষণ অন্ধকার রাত্রিগুলিই নামিল তাহার পরে!

সদর কাছারি হইতে বাঁকে সিং জমাদারকে আনাইলাম। বাঁকে সিং শিকারী, বাঘের গতিবিধির অভ্যাস তার ভালই জানা। সে বলিল, হুজুর, মানুষখেকো বাঘ বড় ধূর্ত হয়। আর কঁটা লোক মরবে। সাবধান হয়ে থাকতে হবে।

ঠিক তিনদিন পরেই বনের ধারে সন্ধ্যার সময় একটা রাখালকে বাঘে লইয়া গেল। ইহার পর লোকে ঘুম বন্ধ করিয়া দিল। রাত্রে এক অপরূপ ব্যাপার! বিস্তীর্ণ বইহারের বিভিন্ন খুপরি হইতে সারা রাত টিনের ক্যানেস্ত্রা পিটাইতেছে, মাঝে মাঝে কাশের ডাঁটার আঁটি জ্বলাইয়া আশ্বন করিয়াছে, আমি ও বাঁকে সিং প্রহরে প্রহরে বন্দুকের দ্যাওড় করিতেছি। আর শুধুই কি বাঘ? ইহার মধ্যে একদিন মোহনপুরা ফরেস্ট হইতে বন্য মহিষের দল বাহির হইয়া অনেকখানি ক্ষেতের ফসল তচনচ করিয়া দিল।

আমার কাশের খুপরের দরজার কাছেই সিপাহীরা খুব আশ্বন করিয়া রাখিয়াছে। মাঝে মাঝে উঠিয়া তাহাতে কাঠ ফেলিয়া দিই। পাশের খুপরিতে সিপাহীরা কথাবার্তা বলিতেছে— খুপরের মেঝেতেই শুইয়া আছি, মাথার কাছে ঘুলঘুলি দিয়া দেখা যাইতেছে ঘন অন্ধকারে— ঘেরা বিস্তীর্ণ প্রান্তর, দূরে ক্ষীণ তারার আলোয় পরিদৃশ্যমান জঙ্গলের আবছায়া সীমারেখা। অন্ধকার আকাশের দিকে চাহিয়া মনে হইল, যেন মৃত নক্ষত্রলোক হইতে তুষারবর্ষী হিমবাতাস তরঙ্গ তুলিয়া ছুটিয়া আসিতেছে পৃথিবীর দিকে—লেপ-তোশক হিমে ঠাণ্ডা জল হইয়া গিয়াছে, আশ্বন নিবিয়া আসিতেছে, কি দুরন্ত শীত! আর সেই সঙ্গে উন্মুক্ত প্রান্তরের অবাধ হু-হু তুষারশীতল নৈশ হাওয়া!

কিন্তু কি করিয়া থাকে এখানকার লোকেরা এই শীতে, এই আকাশের তলায় সামান্য কাশের খুপরের ঠাণ্ডা মেঝের উপর কি করিয়া রাত্রি কাটায়ে? তাহার উপর ফসল চৌকি দিবার এই কষ্ট, বন্য মহিষের উপদ্রব, বন্য-শুকরের উপদ্রব কম নয়—বাঘও আছে। আমাদের বাংলা দেশের চাষীরা কি এত কষ্ট করিতে পারে? অত উর্বর জমিতে, অত নিরুপদ্রব গ্রাম্য পরিবেশের মধ্যে ফসল করিয়াও তাহাদের দুঃখ ঘোচে না।

আমার ঘরের দু-তিন-শ হাত দূরে দক্ষিণ ভাগলপুর হইতে আগত জনকতক কাটুনি মজুর স্ত্রী-পুত্র লইয়া ফসল কাটিতে আসিয়াছে। একদিন সন্ধ্যায় তাহাদের খুপরের কাছ দিয়া আসিবার সময় দেখি কুঁড়ের সামনে বসিয়া সবাই আশ্বন পোহাইতেছে।

এদের জগৎ আমার কাছে অনাবিষ্কৃত, অজ্ঞাত। ভাবিলাম, সেটা দেখি না কেমন!

গিয়া বলিলাম—বাবাজী, কি করা হচ্ছে?

একজন বৃদ্ধ ছিল দলে, তাহাকেই এই সম্বোধন। সে উঠিয়া দাঁড়াইয়া আমায় সেলাম করিল, বসিয়া আশ্বন পোহাইতে অনুরোধ করিল। ইহা এদেশের প্রথা। শীতকালে আশ্বন পোহাইতে আহ্বান করা ভদ্রতার পরিচয়।

গিয়া বসিলাম। খুপরের মধ্যে উঁকি দিয়া দেখি বিছানা বা আসবাবপত্র বলিতে ইহাদের কিছু নাই। কুঁড়ের মেঝেতে মাত্র কিছু শুকনো ঘাস বিছানো। বাসনকোসনের মধ্যে খুব বড় একটা কাঁসার জামবাটি আর একটা লোটা। কাপড় যার যা পরনে আছে—আর এক টুকরা বস্ত্রও বাড়তি নাই। কিন্তু তাহা তো হইল, এই নিদারুণ শীতে ইহাদের লেপ-কাঁথা কই? রাত্রে গায়ে দেয় কি?

কথাটা জিজ্ঞাসা করিলাম।

বৃদ্ধের নাম নক্ছেদী ভকত। জাতি গাঙ্গোতা। সে বলিল—কেন, খুপরের কোণে ঐ যে কলাইয়ের ভূষি দেখছেন না রয়েছে টাল করা?

বুঝিতে পারিলাম না। কলাইয়ের ভূষির আশ্বন করা হয় রাত্রে?

নক্ছেদী আমার অজ্ঞতা দেখিয়া হাসিল।

—তা নয় বাবুজী। কলাইয়ের ভূষির মধ্যে ঢুকে ছেলেপিলেরা শুয়ে থাকে, আমরাও কলাইয়ের ভূষি গায়ে চাপা দিয়ে শুই। দেখছেন না, অন্তত পাঁচ মণ ভূষি মজুত রয়েছে। ভারী ওম্ কলাইয়ের ভূষিতে। দুখানা কয়ল গায়ে দিলেও অমন ওম্ হয় না। আর আমরা পাবই বা কোথায় কয়ল বলুন না?

বলিতে বলিতে একটা ছোট ছেলেকে ঘুম পাড়াইয়া তাহার মা খুপরির কোণের ভূষির গাদার মধ্যে তাহার পা হইতে গলা পর্যন্ত ঢুকাইয়া কেবলমাত্র মুখখানা বাহির করিয়া শোওয়াইয়া রাখিয়া আসিল। মনে মনে ভাবিলাম, মানুষে মানুষের খোঁজ রাখে কতটুকু? কখনও কি জানিতাম এসব কথা? আজ যেন সত্যিকার ভারতবর্ষকে চিনিতেছি।

অগ্নিকুণ্ডের অপর পার্শ্বে বসিয়া একটি মেয়ে কি রাঁধিতেছে।

জিজ্ঞাসা করিলাম—ও কি রান্না হচ্ছে?

নক্ছেদী বলিল—ঘাটো।

—ঘাটো কি জিনিস?

এবার বোধ হয় রন্ধনরতা মেয়েটি ভাবিল, এ বাংগালী বাবু সম্ভাব্যে কোথা হইতে আসিয়া জুটিল। এ দেখিতেছি নিতান্ত বাতুল। কিছই খোঁজ রাখে না দুনিয়ার। সে খিল্খিল করিয়া হাসিয়া উঠিয়া বলিল—ঘাটো জানো না বাবুজী? মকাই-সেদ্ধ। যেমন চাল সেদ্ধ হ'লে বলে ভাত, মকাই সেদ্ধ করলে বলে ঘাটো।

মেয়েটি আমার অজ্ঞতার প্রতি কৃপাবশত কাঠের খুস্তির আগায় উক্ত দ্রব্য একটুখানি হাঁড়ি হইতে তুলিয়া দেখাইল।

—কি দিয়ে খায়?

এবার হইতে যত কথাবার্তা মেয়েটিই বলিল। হাসি-হাসি মুখে বলিল—নুন দিয়ে, শাক দিয়ে—আবার কি দিয়ে খাবে বল না!

—শাক রান্না হয়েছে?

—ঘাটো নামিয়ে শাক চড়াব। মটরশাক তুলে এনেছি।

মেয়েটি খুবই সপ্রতিভ। জিজ্ঞাসা করিল—কলকাতায় থাকো বাবুজী?

—হ্যাঁ।

—কি রকম জায়গা? আচ্ছা, কলকাতায় নাকি গাছ নাই? ওখানকার সব গাছপালা কেটে ফেলেছে?

—কে বললে তোমায়?

—একজন ওখানে কাজ করে আমাদের দেশের। সে একবার বলেছিল। কি রকম জায়গা দেখতে বাবুজী?

এই সরলা বন্য মেয়েটিকে যতদূর সম্ভব বুঝাইবার চেষ্টা পাইলাম আধুনিক যুগের একটা বড় শহরের ব্যাপারখানা কি। কতদূর বুঝিল জানি না, বলিল—কলকাতা শহর দেখতে ইচ্ছে হয়—কে দেখাবে?

তাহার পর আরও অনেক কথা বলিলাম তাহার সঙ্গে। রাত বাড়িয়া গিয়াছে, অন্ধকার ঘন হইয়া আসিল। উহাদের রান্না শেষ হইয়া গেল। খুপরির ভিতর হইতে সেই বড় জামবাটিটা আনিয়া তাহাতে ফেন-ভাতের মত জিনিসটা ঢালিল। উপর উপর একটু নুন ছড়াইয়া বাটিটা মাঝখানে রাখিয়া ছেলেমেয়েরা সবাই মিলিয়া চারিদিক গোল হইয়া বসিয়া খাইতে আরম্ভ করিল।

আমি বলিলাম—তোমরা এখান থেকে বুঝি দেশে ফিরবে?

নক্ছেদী বলিল—দেশে এখন ফিরতে অনেক দেরি। এখান থেকে ধরমপুর অঞ্চলে ধান কাটতে যাব—ধান তো এদেশে হয় না—ওখানে হয়। ধান কাটার কাজ শেষ হলে আবার যাব গম কাটতে মুঙ্গের জেলায়। গমের কাজ শেষ হতে জ্যৈষ্ঠ মাস এসে পড়বে; তখন আবার খেড়ী কাটা শুরু হবে আপনাদেরই এখানে। তার পর কিছুদিন ছুটি। শ্রাবণ-ভাদ্রে আবার মকাই ফসলের সময় আসবে। মকাই শেষ হলেই কলাই এবং ধরমপুর-পূর্ণিয়া অঞ্চলে কার্তিকশাল ধান। আমরা সারা বছর এই রকম দেশে দেশেই ঘুরে বেড়াই। যেখানে যে সময়ে যে ফসল, সেখানে যাই। নইলে খাব কি?

—বাড়ি-ঘর বলে তোমাদের কিছু নেই?

এবার মেয়েটি কথা বলিল। মেয়েটির বয়স চক্কিশ-পঁচিশ, খুব স্বাস্থ্যবতী, বার্নিশকরা কালো রং, নিটোল গড়ন। কথাবার্তা বেশ বলিতে পারে, আর গলার সুরটা দক্ষিণ-বিহারের দেহাতী হিন্দীতে বড় চমৎকার শোনায়।

বলিল—কেন থাকবে না বাবুজী? সবই আছে। কিন্তু সেখানে থাকলে আমাদের তো চলে না। সেখানে যাব গরমকালের শেষে, শ্রাবণ মাসের মাঝামাঝি পর্যন্ত থাকব। তার পর আবার বেরুতে হবে বিদেশে—বিদেশেই যখন আমাদের চাকরি। তা ছাড়া বিদেশে কত কি মজা দেখা যায়—এই দেখবেন ফসল কাটা হয়ে গেলে আপনাদের এখানেই কত দেশ থেকে কত লোক আসবে। কত বাজিয়ে, গাইয়ে, নাচনেওয়ালী, কত বহরুপী সং—আপনি বোধ হয় দেখেন নি এসব? কি করে দেখবেন, আপনাদের এ অঞ্চলে তো ঘোর জঙ্গল হয়ে পড়ে ছিল—সবে এইবার চাষ হয়েছে। এই দেখুন না আসে আর পনের দিনের মধ্যেই। এই তো সবারই রোজগারের সময় আসছে।

চারিদিক নির্জন। দূরের বস্তিতে কারা টিন পিটাইতেছে অন্ধকারের মধ্যে। মনে ভাবিলাম, এই অর্গলহীন কাশউঁটার বেড়ার আগড়-দেওয়া কুঁড়েতে ইহারা রাত কাটাইবে এই স্থাপদসঙ্কুল অরণ্যের ধারে, ছেলেপুলে লইয়া—সাহসও আছে বলিতে হইবে। এই তো মাত্র দিন-কয়েক আগে এদেরই মত আর একটা খুপরি হইতে বাঘে ছেলে লইয়া গিয়াছে মায়ের কোল হইতে—এদেরই বা ভরসা কিসের? অথচ একটা ব্যাপার দেখিলাম, ইহারা যেন ব্যাপারটা গ্রাহ্যের মধ্যেই আনিতেছে না। তত সন্ত্রস্ত ভাবও নাই। এই তো এত রাত পর্যন্ত উন্মুক্ত আকাশের তলায় বসিয়া গল্পগুজব, রান্নাবান্না করিল। বলিলাম—তোমরা একটু সাবধানে থাকবে। মানুষ-থেকো বাঘ বেরিয়েছে, জান তো? মানুষ-থেকো বাঘ বড় ভয়ানক জানোয়ার, আর বড় ধূর্ত। আশুন রাখো খুপরির সামনে, আর ঘরের মধ্যে গিয়ে ঢুকে পড়। ঐ তো কাছেই বন, রাত-বেরাতের ব্যাপার—

মেয়েটি বলিল—বাবুজী, ও আমাদের সঙ্গে গিয়েছে। পূর্ণিয়া জেলায় যেখানে ফি-বছর ধান কাটতে যাই, সেখানে পাহাড় থেকে বুনো হাতি নামে। সে জঙ্গল আরও ভয়ানক। ধানের সময় বিশেষ করে বুনো হাতির দল এসে উপদ্রব করে।

মেয়েটি আশুনের মধ্যে আর কিছু শুকনো বনঝাউয়ের ডাল ফেলিয়া দিয়া সামনের দিকে সরিয়া আসিয়া বসিল।

বলিল—সেবার আমরা অখিলকুচা পাহাড়ের নীচে ছিলাম। একদিন রাত্রে এক খুপরির বাইরে রান্না করছি, চেয়ে দেখি পঞ্চাশ হাত দূরে চার-পাঁচটা বুনো হাতি—কালো কালো

পাহাড়ের মতো দেখাচ্ছে অন্ধকারে—যেন আমাদের খুপরির দিকেই আসছে। আমি ছোট ছেলেটাকে বুকে নিয়ে বড় মেয়েটাকে হাত ধরে রান্না ফেলে খুপরির মধ্যে তাদের রেখে এলাম। কাছে আর কোনো লোকজন নেই, বাইরে এসে দেখি তখন হাতি কটা একটু থমকে দাঁড়িয়েছে। ভয়ে আমার গলা কাঠ হয়ে গিয়েছে। হাতিতে খুব দেখতে পায় না তাই রক্ষে—ওরা বাতাসে গন্ধ পেয়ে দূরের মানুষ বুঝতে পারে। তখন বোধ হয় বাতাস অন্য দিকে বইছিল, যাই হোক, তারা অন্য দিকে চলে গেল। ওঃ, সেখানেও এমন বাবুজী সারারাত টিন পেটায় আর আলো জ্বালিয়ে রাখে হাতির ভয়ে। এখানে বুনো মহিষ, সেখানে বুনো হাতি। ওসব গা-সওয়া হয়ে গিয়েছে।

রাত বেশি হওয়াতে নিজের বাসায় ফিরিলাম।

দিন পনেরোর মধ্যে ফুলকিয়া বইহারের চেহারা বদলাইয়া গেল। সরিষার গাছ শুকাইয়া মাড়িয়া বীজ বাহির করিবার সঙ্গে সঙ্গে কোথা হইতে দলে দলে নানা শ্রেণীর লোক আসিয়া জুটিতে লাগিল। পূর্ণিয়া, মুঙ্গের, ছাপরা প্রভৃতি স্থান হইতে মাড়োয়ারী ব্যবসায়ীরা দাঁড়িপাল্লা ও বস্তা লইয়া আসিল মাল কিনিতে। তাহাদের সঙ্গে কুলির ও গাড়োয়ানের কাজ করিতে আসিল এক দল লোক। হালুইকররা আসিয়া অস্থায়ী কাশের ঘর তুলিয়া মিঠাইয়ের দোকান খুলিয়া সতেজে পুরী, কটোরি, লাড্ডু, কালাকন্দ বিক্রয় করিতে লাগিল। ফিরিওয়ালারা নানা রকম সস্তা ও খেলো মনোহারী জিনিস, কাচের বাসন, পুতুল, সিগারেট, ছিটের কাপড়, সাবান ইত্যাদি লইয়া আসিল।

এ বাদে আসিল রং-তামাশা দেখাইয়া পয়সা রোজগার করিতে কত ধরনের লোক। নাচ দেখাইতে, রামসীতা সাজিয়া ভক্তের পূজা পাইতে, হনুমানজীর সিঁদুরমাখা মূর্তি হাতে পাণ্ডাঠাকুর আসিল প্রণামী কুড়াইতে। এসময় সকলেরই দু-পয়সা রোজগারের সময় এসব অঞ্চলে।

আর বছরও যে জনশূন্য ফুলকিয়া বইহারের প্রান্তর ও জঙ্গল দিয়া, বেলা পড়িয়া গেলে ঘোড়ায় যাইতেও ভয় করিত—এ বছর তাহার আনন্দোৎসব মূর্তি দেখিয়া চমৎকৃত হইতে হয়। চারিদিকে বালক-বালিকার হাস্যধ্বনি, কলরব, সস্তা টিনের ভেঁপুর পিঁপিঁ বাজনা, বুমবুমির আওয়াজ, নাচিয়েদের ঘুড়ুর ধ্বনি—সমস্ত ফুলকিয়ার বিরাট প্রান্তর জুড়িয়া যেন একটা বিশাল মেলা বসিয়া গিয়াছে।

লোকসংখ্যাও বাড়িয়া গিয়াছে অত্যন্ত বেশি। কত নূতন খুপরি, কাশের লম্বা চালাঘর চারিদিকে রাতারাতি উঠিয়া গেল। ঘর তুলিতে এখানে কোন খরচ নাই, জঙ্গলে আছে কাশ ও বনঝাড় কি কেঁদ-গাছের গুঁড়ি ও ডাল। শুকনো কাশের ডাঁটার খোলা পাকাইয়া এদেশে একরকম ভারি শক্ত রশি তৈরি করে, আর আছে ওদের নিজেদের শারীরিক পরিশ্রম।

ফুলকিয়ার তহশিলদার আসিয়া জানাইল, এই সব বাহিরের লোক, যাহারা এখানে পয়সা রোজগার করিতে আসিয়াছে, ইহাদের কাছে জমিদারের খাজনা আদায় করিতে হইবে।

বলিল—আপনি রীতিমত কাছারি করুন হুজুর, আমি সব লোক একে একে আপনার কাছে হাজির করাই—আপনি ওদের মাথাপিছু একটা খাজনা ধার্য করুন দিন।

কত রকমের লোক দেখিবার সুযোগ পাইলাম এই ব্যাপারে!

সকাল হইতে দশটা পর্যন্ত কাছারি করিতাম, বৈকালে আবার তিনটার পর হইতে সন্ধ্যা পর্যন্ত।

তহশিলদার বলিল—এরা বেশি দিন এখানে থাকবে না, ফসল মাড়াই ও বেচাকেনা শেষ হয়ে গেলেই সব পালাবে। এর আগে এদের পাওনা আদায় করে নিতে হবে।

একদিন দেখিলাম একটি খামারে মাড়োয়ারী মহাজনেরা মাল মাপিতেছে। আমার মনে হইল ইহারা ওজনে নিরীহ প্রজাদের ঠকাইতেছে। আমার পাটোয়ারী ও তহশিলদারদের বলিলাম সমস্ত ব্যবসায়ীর কাঁটা ও দাঁড়ি পরীক্ষা করিয়া দেখিতে। দু-চারজন মহাজনকে ধরিয়া মাঝে মাঝে আমার সামনে আনিতে লাগিল—তাহারা ওজনে ঠকাইয়াছে, কাহারও দাঁড়ির মধ্যে জুয়াচুরি আছে। সে-সব লোককে মহাল হইতে বাহির করিয়া দিলাম। প্রজাদের এত কষ্টের ফসল আমার মহালে অন্তত কেহ ফাঁকি দিয়া লইতে পারিবে না।

দেখিলাম শুধু মহাজনে নয়, নানা শ্রেণীর লোকে ইহাদের অর্থের ভার লাঘব করিবার চেষ্টায় ওৎ পাতিয়া রহিয়াছে।

এখানে নগদ পয়সার কারবার খুব বেশি নাই। ফিরিওয়ালাদের কাছে কোন জিনিস কিনিলে ইহারা পয়সার বদলে সরিষা দেয়, জিনিসের দামের অনুপাতে অনেক বেশি সরিষা দিয়া দেয়—বিশেষত মেয়েরা। তাহারা নিতান্ত নিরীহ ও সরল, যা-তা বুঝাইয়া তাহাদের নিকট হইতে ন্যায্যমূল্যের চতুর্গুণ ফসল আদায় করা খুবই সহজ।

পুরুষেরাও বিশেষ বৈষয়িক নয়।

তাহারা বিলাতী সিগারেট কেনে, জুতা-জামা কেনে। ফসলের টাকা ঘরে আসিলে ইহাদের ও বাড়ির মেয়েদের মাথা ঘুরিয়া যায়—মেয়েরা ফরমাশ করে রঙিন কাপড়ের, কাচের ও এনামেলের বাসনের, হালুইকরের দোকান হইতে ঠোঙা ঠোঙা লাড্ডু-কটোরী আসে, নাচ দেখিয়া, গান শুনিয়াই কত পয়সা উড়াইয়া দেয়। ইহার উপর রামজী, হনুমানজীর প্রণামী ও পূজা তো আছেই। তাহার উপরেও আছে জমিদার ও মহাজনের পাইক-পেয়াদারা। দুর্দান্ত শীতে রাত জাগিয়া বন্য-শুকর ও বন্য-মহিষের উপদ্রব হইতে কত কষ্টে ফসল বাঁচাইয়া, বাঘের মুখে, সাপের মুখে নিজেদের ফেলিতে দ্বিধা না করিয়া সারা বছরে ইহাদের যাহা উপার্জন,—এই পনেরো দিনের মধ্যে খুশির সহিত তাহা উড়াইয়া দিতে ইহাদের বাধে না দেখিলাম।

কেবল একটা ভালর দিক দেখা গেল, ইহারা কেহ মদ বা তাড়ি খায় না। গাঙ্গোতা বা তুঁইয়ার ব্রাহ্মণদের মধ্যে এ-সব নেশার রেওয়াজ নাই—সিদ্ধিটা অনেকে খায়, তাও কিনিতে হয় না, বনসিদ্ধির জঙ্গল হইয়া আছে লবটুলিয়া ও ফুলকিয়ার প্রান্তরে, পাতা ছিড়িয়া আনিলেই হইল—কে দেখিতেছে?

একদিন মুনেশ্বর সিং আসিয়া জানাইল, একজন লোক জমিদারের খাজনা ফাঁকি দিবার উদ্দেশ্যে উর্ধ্বস্থানে পলাইতেছে—ছকুম হয় তো ধরিয়া আনে।

বিস্মিত হইয়া বলিলাম—পালাচ্ছে কি রকম? দৌড়ে পালাচ্ছে?

—ঘোড়ার মত দৌড়চ্ছে হুজুর, এতক্ষণে বড় কুণ্ডী পার হয়ে জঙ্গলের ধারে গিয়ে পৌঁছল। দুর্বৃত্তকে ধরিয়া আনিবার ছকুম দিলাম।

এক ঘণ্টার মধ্যে চার-পাঁচজন সিপাহী পলাতক আসামীকে আমার সামনে আনিয়া হাজির করিল।

লোকটাকে দেখিয়া আমার মুখে কথা সরিল না। তাহার বয়স ষাটের কম কোনমতেই হইবে বলিয়া আমার তো মনে হইল না—মাথার চুল সাদা, গালের চামড়া কুণ্ঠিত হইয়া গিয়াছে, চেহারা দেখিয়া মনে হয় সে কতকাল বুড়ুক্ষু ছিল, এইবার ফুলকিয়া বইহারের খামারে আসিয়া পেট ভরিয়া খাইতে পাইয়াছে।

শুনিলাম সে নাকি ‘ননীচোর নাটুয়া’ সাজিয়া আজ কয়দিনে বিস্তর পয়সা রোজগার করিয়াছে, গ্র্যান্ট সাহেবের বটগাছের তলায় একটা খুপরিতে থাকিত, আজ কয়দিন ধরিয়া সিপাহীরা তাহার কাছে খাজনার তাগাদা করিতেছে, কারণ এদিকে ফসলের সময়ও ফুরাইয়া আসিল। আজ তাহার খাজনা মিটাইবার কথা ছিল। হঠাৎ দুপুরের পরে সিপাহীরা খবর পায় সে লোকটা তল্লিতল্লা বাঁধিয়া রওয়ানা হইয়াছে। মুনেশ্বর সিং ব্যাপার কি জানিতে গিয়া দেখে যে আসামী বইহার ছাড়িয়া চলিতে আরম্ভ করিয়াছে পূর্ণিয়া অভিমুখে—মুনেশ্বরের হাঁক শুনিয়া সে নাকি দৌড়িতে আরম্ভ করিল। তাহার পরই এই অবস্থা।

সিপাহীদের কথার সত্যতা সম্বন্ধে কিন্তু আমার সন্দেহ জন্মিল। প্রথমত, ‘ননীচোর নাটুয়া’ মানে যদি বালক শ্রীকৃষ্ণ হয়, তবে ইহার সে সাজিবার বয়স আর আছে কি? দ্বিতীয়ত, এ লোকটা উর্ধ্বশ্বাসে ছুটিয়া পলাইতেছিল, এ কথাই বা কি করিয়া সম্ভব!

কিন্তু উপস্থিত সকলেই হলফ করিয়া বলিল—উভয় কথাই সত্য।

তাহাকে কড়া সুরে বলিলাম—তোমার এ দুর্বুদ্ধি কেন হল, জমিদারের খাজনা দিতে হয় জান না? তোমার নাম কি?

লোকটা ভয়ে বাতাসের মুখে তালপাতার মত কাঁপিতেছিল। আমার সিপাহীরা একে চায় তো আরে পায়, ধরিয়া আনিতে বলিলে বাঁধিয়া আনে। তাহারা যে এই বৃদ্ধ নটের প্রতি খুব সদয় ও মোলায়েম ব্যবহার করে নাই ইহার অবস্থা দেখিয়া তাহা বুঝিতে দেরি হইল না।

লোকটা কাঁপিতে কাঁপিতে বলিল, তাহার নাম দশরথ।

—কি জাত? বাড়ি কোথায়?

—আমরা ভুঁইয়ার বাভন হুজুর। বাড়ি মুঙ্গের জেলা—সাহেবপুর কামাল।

—পালাছিলে কেন?

—কই না, পালাব কেন, হুজুর?

—বেশ, খাজনা দাও।

—কিছুই পাই নি, খাজনা দেব কোথা থেকে? নাচ দেখিয়ে সর্ষে পেয়েছিলাম, তা বেচে ক’দিন পেটে খেয়েছি। হনুমানজীর কিরিয়া।

সিপাহীরা বলিল—সব মিথ্যে কথা। শুনবেন না হুজুর। ও অনেক টাকা রোজগার করেছে। ওর কাছেই আছে। হুকুম করেন তো ওর কাপড়চোপড় সন্ধান করি।

লোকটা ভয়ে হাতজোড় করিয়া বলিল—হুজুর, আমি বলছি আমার কাছে কত আছে।

পরে কোমর হইতে একটা গেঁজে বাহির করিয়া উপুড় করিয়া ঢালিয়া বলিল—এই দেখুন হুজুর, তের আনা পয়সা আছে। আমার কেউ নেই, এই বুড়ো বয়সে কে-ই বা আমায় দেবে? আমি নাচ দেখিয়ে এই ফসলের সময় খামারে খামারে বেড়িয়ে যা রোজগার করি। আবার সেই গমের সময় পর্যন্ত এতেই চালাব, তার এখনও তিন মাস দেরি। যা পাই পেটে দুটো খাই, এই পর্যন্ত। সিপাহীরা বলেছে, আমায় নাকি আট আনা খাজনা দিতে হবে—তা হলে আমার আর রইল মোটে পাঁচ আনা। পাঁচ আনায় তিন মাস কি খাব?

বলিলাম—তোমার হাতে ও পোঁটলাতে কি আছে? বার কর।

লোকটা পোঁটলা খুলিয়া দেখাইল তাহাতে আছে ছোট একখানা টিনমোড়া আরশি, একটা রাংতার মুকুট—ময়ূরপাখা সমেত, গালে মাখিবার রং, গলায় পরিবার পুঁতির মালা ইত্যাদি—কৃষ্ণঠাকুর সাজিবার উপকরণ।

বলিল—দেখুন তবুও বাঁশী নেই ছজুর। একটা টিনের বড় বাঁশী আট আনার কম হবে না। এখানে নলখাগড়ার বাঁশীতে কাজ চালিয়েছি। এরা গাঙ্গোতা জাত, এদের ভুলানো সহজ। কিন্তু আমাদের মুঙ্গের জেলার লোক সব বড় এলেমদার। বাঁশী না হলে হাসবে। কেউ পয়সা দেবে না।

আমি বলিলাম—বেশ, তুমি খাজনা দিতে না পারো, নাচ দেখিয়ে যাও, খাজনার বদলে। বৃদ্ধ হাতে যেন স্বর্ণ পাইয়াছে এমন ভাব দেখাইল। তাহার পর গালেমুখে রং মাখিয়া ময়ূরপাখা মাখায় ঐ বয়সে সে যখন বারো বছরের বালকের ভঙ্গিতে হেলিয়া দুলিয়া হাত নাড়িয়া নাচিতে নাচিতে গান ধরিল—তখন হাসিব কি কাঁদিব স্থির করিতে পারিলাম না।

আমার সিপাহীরা তো মুখে কাপড় দিয়া বিদ্রূপের হাসি চাপিতে প্রাণপণ করিতেছে। তাহাদের চক্ষে ‘ননীচোর নাটুয়া’র নাচ এক মারাত্মক ব্যাপারে পরিণত হইল। বেচারীরা ম্যানেজারবাবুর সামনে না পারে প্রাণ খুলিয়া হাসিতে, না পারে দুর্ভাগ্যবান হাসির বেগ সামলাইতে।

সে-রকম অদ্ভুত নাচ কখনও দেখি নাই, ষাট বছরের বৃদ্ধ কখনও বালকের মত অভিমানে ঠোঁট ফুলাইয়া কাল্পনিক জননী যশোদার নিকট হইতে দূরে চলিয়া আসিতেছে, কখনও একগাল হাসিয়া সঙ্গী রাখাল বালকগণের মধ্যে চোরা-ননী বিতরণ করিতেছে, যশোদা হাত বাঁধিয়া রাখিয়াছেন বলিয়া কখনও জোড়-হাতে চোখের জল মুছিয়া খুঁৎ খুঁৎ করিয়া বালকের সুরে কাঁদিতেছে। সমস্ত জিনিস দেখিলে হাসিতে হাসিতে পেটের নাড়ি ছিঁড়িয়া যায়। দেখিবার মত বটে।

নাচ শেষ হইল। আমি হাততালি দিয়া যথেষ্ট প্রশংসা করিলাম।

বলিলাম—এমন নাচ কখনও দেখি নি, দশরথ। বড় চমৎকার নাচো। আচ্ছা তোমার খাজনা মাপ করে দিলাম—আর আমার নিজ থেকে এই দু টাকা বখশিশ দিলাম খুশি হয়ে। ভারি চমৎকার নাচ।

আর দিন-দশ-বারের মধ্যে ফসল কেনাবেচা শেষ হইয়া গেল, বাড়তি লোক সব যে যার দেশে চলিয়া গেল। রহিল মাত্র যাহারা এখানে জমি চাষিয়া বাস করিতেছে তাহারাই। দোকান-পসার উঠিয়া গেল, নাচওয়ালারা, ফিরিওয়ালারা অন্যত্র রাজগারের চেষ্টায় গেল। কাটুনি জনমজুরের দল এখনও পর্যন্ত ছিল শুধু এই সময়ের আমোদ তামাশা দেখিবার জন্য—এইবার তাহারাও বাসা উঠাইবার যোগাড় করিতে লাগিল।

২

একদিন বেড়াইয়া ফিরিবার সময় আমি আমার পরিচিত সেই নক্ছেদী ভকতের খুপরিতে দেখা করিতে গেলাম।

সন্ধ্যার বেশি দেরি নাই, দিগন্তব্যাপী ফুলকিয়া বইহারের পশ্চিম প্রান্তে একেবারে সবুজ বনরেখার মধ্যে ডুবিয়া টকটকে রাজা প্রকাণ্ড বড় সূর্যটা অন্ত যাইতেছে। এখানকার এই সূর্যাস্তগুণি—বিশেষতঃ এই শীতকালে—এত অদ্ভুত সুন্দর যে এই সময়ে মাঝে মাঝে আমি মহালিখারূপের পাহাড়ে সূর্যাস্তের কিছু পূর্বে উঠিয়া বিস্ময়জনক দৃশ্যের প্রতীক্ষা করি।

নক্ছেদী তাড়াতাড়ি উঠিয়া কপালে হাত দিয়া আমায় সেলাম করিল। বলিল—ও মঞ্চী, বাবুজীকে বসবার একটা কিছু পেতে দে।

নক্ছেদীর খুপরিতে একজন প্রৌঢ়া স্ত্রীলোক আছে, সে যে নক্ছেদীর স্ত্রী তাহা অনুমান করা কিছু শক্ত নয়। কিন্তু সে প্রায়ই বাহিরের কাজকর্ম অর্থাৎ কাঠ ভাঙা, কাঠ কাটা, দূরবতী

ভীমদাসটোলার পাতকুয়া হইতে জল আনা ইত্যাদি লইয়া থাকে। মঞ্চী সেই মেয়েটি, যে আমাকে বুনো হাতির গল্প বলিয়াছিল। সে আসিয়া শুষ্ক কাশের ডাঁটায় বোনা একখানা চেটাই পাতিয়া দিল।

তার সেই দক্ষিণ-বিহারের দেহাতী 'ছিকাহিকি' বুলির সুন্দর টানের সঙ্গে মাথা দুলাইয়া হাসিতে হাসিতে বলিল—কেমন দেখলেন বাবুজী বইহারের মেলা? বলেছিলাম না, কত নাচ-তামাশা-আমোদ হবে, কত জিনিস আসবে, দেখলেন তো? অনেক দিন আসেন নি বাবুজী, বসুন। আমরা যে শীগগির চলে যাচ্ছি।

ওদের খুপরির দোরের কাছে লম্বা আধশুকনো ঘাসের উপর চেটাই পাতিয়া বসিলাম, যাহাতে সূর্যাস্তটা ঠিক সামনাসামনি দেখিতে পাই। চারিদিকের জঙ্গলের গায়ে একটা মুদু রাঙা আভা পড়িয়াছে, একটা অবর্ণনীয় শান্তি ও নীরবতা বিশাল বইহার জুড়িয়া।

মঞ্চীর কথার উত্তর দিতে বোধ হয় একটু দেরি হইল। সে আবার কি একটা প্রশ্ন করিল, কিন্তু ওর 'ছিকাহিকি' বুলি আমি খুব ভাল বুঝি না, কি বলিল না বুঝিতে পারিয়া অন্য একটা প্রশ্ন দ্বারা সেটা চাপা দিবার জন্য বলিলাম—তোমরা কালই যাবে?

—হ্যাঁ, বাবুজী।

—কোথায় যাবে?

—পূর্ণিয়া কিষণগঞ্জ অঞ্চলে যাব।

পরে বলিল—নাচ-তামাশা কেমন দেখলেন বাবু? বেশ ভাল ভাল লোক গাইয়ে এবার এসেছিল। একদিন ঝল্লুটোলায় বড় বকাইন গাছের তলায় একটা লোক মুখে ঢোলক বাজিয়েছিল, শুনেছিলেন? কি চমৎকার বাবুজী! দেখিলাম মঞ্চী নিতান্ত বালিকার মতই নাচ-তামাশায় আমোদ পায়। এবার কত রকম কি দেখিয়াছে, মহা উৎসাহ ও খুশির সুরে তাহারই বর্ণনা করিতে বসিয়া গেল।

নকছেদী বলিল—নে নে, বাবুজী কলকাতায় থাকেন, তোর চেয়ে অনেক কিছু দেখেছেন। ও এ-সব বড় ভালবাসে বাবুজী, ওরই জন্যে আমরা এতদিন এখানে রয়ে গেলাম। ও বললে—না, দাঁড়াও, খামারের নাচ-তামাশা, লোকজন দেখে তবে যাব। বড্ড ছেলেমানুষ এখনও!

মঞ্চী যে নকছেদীর কে হয় তাহা এতদিন জিজ্ঞাসা করি নাই, যদিও ভাবিতাম বৃদ্ধের মেয়েই হইবে। আজ ওর কথায় আমার আর কোনো সন্দেহ রহিল না।

বলিলাম—তোমার মেয়ের বিয়ে দিয়েছ কোথায়?

নকছেদী আশ্চর্য হইয়া বলিল—আমার মেয়ে! কোথায় আমার মেয়ে হুজুর?

—কেন, এই মঞ্চী তোমার মেয়ে নয়?

আমার কথায় সকলের আগে খিল খিল করিয়া হাসিয়া উঠিল মঞ্চী। নকছেদীর প্রৌঢ়া স্ত্রীও মুখে আঁচল চাপা দিয়া খুপরির ভিতর ঢুকিল।

নকছেদী অপমানিত হওয়ার সুরে বলিল—মেয়ে কি হুজুর! ও যে আমার দ্বিতীয় পক্ষের স্ত্রী!

বলিলাম—ও!

অতঃপর খানিকক্ষণ সবাই চুপচাপ। আমি তো এমন অপ্রতিভ হইয়া পড়িলাম যে, কথা খুঁজিয়া পাই না।

মঞ্চী বলিল—আগুন ক'রে দিই, বড্ড শীত।

শীত সত্যই বড় বেশি। সূর্য অস্ত যাওয়ার সঙ্গে সঙ্গে যেন হিমালয় পাহাড় নামিয়া আসে। পূর্ব-আকাশের নীচের দিকটা সূর্যাস্তের আভায় রাজ্য, উপরটা কৃষ্ণভ নীল।

খুপরি হইতে কিছু দূরে একটা শুকনো কাশ-ঝাড়ে মঞ্চী আঙুন লাগাইয়া দিতে দশ-বারো ফুট দীর্ঘ ঘাস দাউ দাউ করিয়া জুলিয়া উঠিল। আমরা জুলন্ত কাশঝোপের কাছে গিয়া বসিলাম।

নকছেদী বলিল—বাবুজী, এখনও ও ছেলেমানুষ আছে, ওর জিনিসপত্র কেনার দিকে বেজায় ঝোক। ধরুন এবার প্রায় আট-দশ মন সর্বে মজুরি পাওয়া গিয়েছিল—তার মধ্যে তিন মণ ও খরচ করে ফেলেছে শখের জিনিসপত্র কেনবার জন্যে। আমি বললাম, গতর-খাটানো মজুরির মাল দিয়ে তুই ওসব কেন কিনিস? তা মেয়েমানুষ শোনে না। কাঁদে, চোখের জল ফেলে। বলি, তবে কেন্।

মনে ভাবিলাম, তরুণী স্ত্রীর বৃদ্ধ স্বামী, না বলিয়াই বা আর কি উপায় ছিল?

মঞ্চী বলিল—কেন, তোমায় তো বলেছি, গম কাটানোর সময় যখন মেলা হবে, তখন আর কিছু কিনব না। ভালো জিনিসগুলো সস্তায় পাওয়া গেল—

নকছেদী রাগিয়া বলিল—সস্তা! বোকা মেয়েমানুষ পেয়ে ঠকিয়ে নিয়েছে কেঁয়ে দোকানদার আর ফিরিওয়ালার—সস্তা? পাঁচ সের সর্বে নিয়ে একখানা চিরুনি দিয়েছে, বাবুজী। আর-বছর তিরিশি রতনগঞ্জের গমের খামারে—

মঞ্চী বলিল—আচ্ছা বাবুজী, নিয়ে আসছি জিনিসগুলো, আপনিই বিচার ক'রে বলুন সস্তা কি না—

কথা শেষ করিয়াই মঞ্চী খুপরির দিকে ছুটিল এবং কাশডাঁটায়-বোনা ডালা-আঁটা একটা ঝাঁপি হাতে করিয়া ফিরিল। তারপর সে ডালা তুলিয়া ঝাঁপির ভিতর হইতে জিনিসগুলি একে একে বাহির করিয়া আমার সামনে সাজাইয়া রাখিতে লাগিল।

—এই দেখুন কত বড় কাঁকই, পাঁচ সের সর্বের কমে এমনিতরো কাঁকই হয়? দেখেছেন কেমন চমৎকার রং! শৌখীন জিনিস না? আর এই দেখুন একখানা সাবান, দেখুন কেমন গন্ধ, এও নিয়েছে পাঁচ সের সর্বে। সস্তা কি না বলুন বাবুজী?



সস্তা মনে করিতে পারিলাম কই? এমন একখানা বাজে সাবানের দাম কলিকাতার বাজারে এক আনার বেশি নয়, পাঁচ সের সর্ষের দাম নয়ালির মুখেও অন্তত সাড়ে-সাত আনা। এই সরলা বন্য মেয়েরা জিনিসপত্রের দাম জানে না, খুবই সহজ এদের ঠকানো।

মঞ্চী আরও অনেক জিনিস দেখাইল। আল্লাদের সহিত একবার এটা দেখায়, একবার ওটা দেখায়। মাথার কাঁটা, বুটো পাথরের আংটি, চীনামাটির পুতুল, এনামেলের ছোট ডিশ, খানিকটা চওড়া লাল ফিতে—এই সব জিনিস। দেখিলাম মেয়েদের প্রিয় জিনিসের তালিকা সব দেশেই সব সমাজেই অনেকটা এক। বন্য মেয়ে মঞ্চী ও তাহার শিক্ষিতা ভগ্নীর মধ্যে বেশি তফাৎ নাই। জিনিসপত্র সংগ্রহ ও অধিকার করার প্রবৃত্তি উভয়েরই প্রকৃতিদত্ত। বুড়ো নক্ছেদী রাগিলে কি হইবে।

কিন্তু সব চেয়ে ভাল জিনিসটি মঞ্চী সর্বশেষে দেখাইবে বলিয়া চাপিয়া রাখিয়া দিয়াছে তাহা কি তখন জানি!

এইবার সে গর্ভমিশ্রিত আনন্দের ও আগ্রহের সহিত সেটা বাহির করিয়া আমার সামনে মেলিয়া ধরিল।

একছড়া নীল ও হলদে হিংলাজের মালা।

সত্যি, কি খুশি ও গর্বের হাসি দেখিলাম ওর মুখে! ওর সভ্য বোনের মত ও মনের ভাব গোপন করিতে তো শেখে নাই, একটি অনাবিল নির্ভেজাল নারী-আত্মা ওর এই সব সামান্য জিনিসের অধিকারের উচ্ছ্বসিত আনন্দের ভিতর দিয়া আত্মপ্রকাশ করিতেছে। নারী-মনের এমন স্বচ্ছ প্রকাশ দেখিবার সুযোগ আমাদের সভ্য-সমাজে বড়-একটা ঘটে না।

—বলুন দিকি কেমন জিনিস?

—চমৎকার!

—কত দাম হতে পারে এর বাবুজী? কলকাতায় আপনারা পেরেন তো?

কলিকাতায় আমি হিংলাজের মালা পরি না, আমরা কেহই পরি না, তবুও আমার মনে হইল ইহার দাম খুব বেশি হইলেও ছ-আনার বেশি নয়। বলিলাম—কত নিয়েছে বল না?

—সতের সের সর্ষে নিয়েছে। জিতি নি?

বলিয়া লাভ কি যে, সে ভীষণ ঠকিয়াছে। এ-সব জায়গায় এ রকম হইবেই। কেন মিথ্যা আমি নক্ছেদীর কাছে বকুনি খাওয়াইয়া ওর মনের এ অপূর্ব আল্লাদ নষ্ট করিতে যাইব?

আমারই অনভিজ্ঞতার ফলে এ বছর এমন হইতে পারিয়াছে। আমার উচিত ছিল ফিরিওয়ালাদের জিনিসপত্রের দরের উপর কড়া নজর রাখা। আমি কিন্তু নতুন লোক এখানে, কি করিয়া জানিব এদেশের ব্যাপার? ফসল মাড়িবার সময় মেলা হয়, তাহাই তো জানিতাম না। আগামী বৎসর যাহাতে এমনধারা না ঘটে, তাহার ব্যবস্থা করিতে হইবে।

পরদিন সকালে নক্ছেদী তাহার দুই-স্ত্রী ও পুত্র-কন্যা লইয়া এখান হইতে চলিয়া গেল। যাইবার পূর্বে আমার খুপরিতে নক্ছেদী খাজনা দিতে আসিল, সঙ্গে আসিল মঞ্চী। দেখি মঞ্চী গলায় সেই হিংলাজের মালাছড়াটি পরিয়া আসিয়াছে। হাঁসিমুখে বলিল—আবার আসব ভাদ্র মাসে মকাই কাটতে। তখন থাকবেন তো বাবুজী? আমরা জংলী হতুঁকির আচার করি শ্রাবণ মাসে—আপনার জন্যে আনব।

মঞ্চীকে বড় ভাল লাগিয়াছিল, চলিয়া গেলে দুঃখিত হইলাম।

একাদশ পরিচ্ছেদ

১

এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হইল।

মোহনপুরা রিজার্ভ ফরেস্টের দক্ষিণে মাইল পনেরো-কুড়ি দূরে একটা বিস্তৃত শাল ও বিড়ির পাতার জঙ্গল সেবার কালেক্টরীর নীলামে ডাক হইবে খবর পাওয়া গেল। আমাদের হেড আপিসে তাড়াতাড়ি একটা খবর দিতে তারযোগে আদেশ পাইলাম, বিড়ির পাতার জঙ্গল যেন আমি ডাকিয়া লই।

কিন্তু তাহার পূর্বে জঙ্গলটা একবার আমার নিজের চোখে দেখা আবশ্যিক। কি আছে না-আছে না জানিয়া নীলাম ডাকিতে আমি প্রস্তুত নই। এদিকে নীলামের দিনও নিকটবর্তী, 'তার' পাওয়ার পরদিন সকালে রওনা হইলাম।

আমার সঙ্গে লোকজন খুব ভোরে বাস্ক-বিছানা ও জিনিসপত্র মাথায় রওনা হইয়াছিল, মোহনপুরা ফরেস্টের সীমানায় কারো নদী পার হইবার সময়ে তাহাদের সহিত দেখা হইল। সঙ্গে ছিল আমাদের পাটোয়ারী বনোয়ারীলাল।

কারো ক্ষীণকায়ী পার্বত্য শ্রোতস্থিনী—হাঁটুখানেক জল ঝিঝিঝি করিয়া উপলরাশির মধ্য দিয়া প্রবাহিত। আমরা দুজনে ঘোড়া হইতে নামিলাম, নয়ত পিছল পাথরের নুড়িতে ঘোড়া পা হড়কাইয়া পড়িয়া যাইতে পারে। দু-পারে কটা বালির চড়া। সেখানেও ঘোড়ায় চাপা যায় না, হাঁটু পর্যন্ত বালিতে এমনিই ডুবিয়া যায়। অপর পারের কড়ারী জমিতে যখন পৌঁছিলাম, তখন বেলা এগারটা। বনোয়ারী পাটোয়ারী বলিল— এখানে রান্নাবান্না করে নিলে হয় জুজুর, এর পরে জল পাওয়া যায় কি না ঠিক নেই।

নদীর দু-পারেই জনহীন আরণ্যভূমি, তবে বড় জঙ্গল নয়, ছোটখাটো কেঁদ পলাশ ও শালের জঙ্গল—খুব ঘন ও প্রস্তরাকীর্ণ, লোকজনের চিহ্ন কোন দিকে নাই।

আহারাদির কাজ খুব সংক্ষেপে সারিলেও সেখান হইতে রওনা হইতে একটা বাজিয়া গেল।

বেলা যখন যায়-যায়, তখনও জঙ্গলের কুলকিনারা নাই, আমার মনে হইল আর বেশি দূর অগ্রসর না হইয়া একটা বড় গাছের তলায় আশ্রয় লওয়া ভাল। অবশ্য বনের মধ্যে ইহার পূর্বে দুইটি বন্য গ্রাম ছাড়াইয়া আসিয়াছি—একটার নাম কুলপাল, একটার নাম বুরুডি, কিন্তু সে প্রায় বেলা তিনটার সময়। তখন যদি জানা থাকিত যে সন্ধ্যার সময়ও জঙ্গল শেষ হইবে না, তাহা হইলে সেখানেই রাত্রি কাটাইবার ব্যবস্থা করা যাইত।

বিশেষ করিয়া সন্ধ্যার পূর্বে জঙ্গল বড় ঘন হইয়া আসিল। আগে ছিল ফাঁকা জঙ্গল, এখন যেন ক্রমেই চারিদিক হইতে বড় বড় বনস্পতির দল ভিড় করিয়া সরু সুঁড়িপথটা চাপিয়া ধরিতেছে—এখন যেখানে দাঁড়াইয়া আছি, সেখানটাতে তো চারিদিকেই বড় বড় গাছ, আকাশ দেখা যায় না, নৈশ অন্ধকার ইতিমধ্যেই ঘনাইয়া আসিয়াছে।

এক এক জায়গায় ফাঁকা জঙ্গলের দিকে বনের কি অনুপম শোভা! কি এক ধরনের থোকা থোকা সাদা ফুল সারা বনের মাথা আলো করিয়া ফুটিয়া আছে ছায়াগহন অপরাহ্নের নীল আকাশের তলে। মানুষের চোখের আড়ালে সভ্য জগতের সীমা হইতে বহু দূরে এত সৌন্দর্য

কার জন্য যে সাজানো! বনোয়ারী বলিল—ও বুনো তেউড়ির ফুল, এই সময় জঙ্গলে ফোটে, হুজুর। এক রকমের লতা।

যেদিকে চোখ যায়, সেদিকেই গাছের মাথা, ঝোপের মাথা, ঈষৎ নীলাভ শুভ্র বুনো তেউড়ির ফুল ফুটিয়া আলো করিয়া রহিয়াছে—ঠিক যেন রাশি রাশি পুঁজা নীলাভ কাপাস তুলা কে ছড়াইয়া রাখিয়াছে বনের গাছের মাথায় সর্বত্র। যোড়া থামাইয়া মাঝে মাঝে কতক্ষণ ধরিয়া দাঁড়াইয়াছি—এক এক জায়গার শোভা এমনই অদ্ভুত যে সেদিকে চাহিয়া যেন একটা ছন্নছাড়া মনের ভাব হইয়া যায়—যেন মনে হয়, কত দূরে কোথায় আছি, সভ্য জগৎ হইতে বহু দূরে এক জনহীন অজ্ঞাত জগতের উদাস, অপরূপ বন্য সৌন্দর্যের মধ্যে—যে জগতের সঙ্গে মানুষের কোনও সম্পর্ক নাই, প্রবেশের অধিকারও নাই, শুধু বন্য জীবজন্তু, বৃক্ষলতার জগৎ।

বোধ হয় আরও দেরি হইয়া গিয়াছিল আমার এই বার বার জঙ্গলের দৃশ্য হাঁ করিয়া থমকিয়া দাঁড়াইয়া দেখিবার ফলে। বেচারী বনোয়ারী পাটোয়ারী আমার তাঁবে কাজ করে, সে জোর করিয়া আমায় কিছু বলিতে না পারিলেও মনে মনে নিশ্চয়ই ভাবিতেছে—এ বাঙালী বাবুটির মাথায় নিশ্চয় দোষ আছে! এঁকে দিয়া জমিদারির কাজ আর কত দিন চলিবে? একটি বড় আসান-গাছের তলায় সবাই মিলিয়া আশ্রয় লওয়া গেল। আমরা আছি সবসুদ্ধ আট-দশজন লোক।

বনোয়ারী বলিল—বড় একটা আশুন কর আর সবাই কাছাকাছি ঘেঁষে থাকো। ছড়িয়ে থেকো না, নানা রকম বিপদ এ জঙ্গলে রাত্রিকালে।

গাছের নীচে ক্যাম্প-চেয়ার পাতিয়া বসিয়াছি, মাথার উপর অনেকদূর পর্যন্ত ফাঁকা আকাশ। এখনও অন্ধকার নামে নাই, দূরে নিকটে জঙ্গলের মাথায় বুনো তেউড়ির সাদা ফুল ফুটিয়া আছে রাশি রাশি, অজস্র। আমার ক্যাম্প-চেয়ারের পাশেই দীর্ঘ দীর্ঘ ঘাস আধ-শুকনো, সোনালী রঙের। রোদ-পোড়া মাটির সোঁদা গন্ধ, শুকনো ঘাসের গন্ধ, কি একটা বন-ফুলের গন্ধ, যেন দুর্গা-প্রতিমার রাঙতার ডাকের সাজের গন্ধের মত। মনের মধ্যে এই উন্মুক্ত, বন্য জীবন আনিয়া দিয়াছে একটা মুক্তি ও আনন্দের অনুভূতি—যাহা কোথাও কখনও আসে না, এই রকম বিরাট নির্জন প্রান্তর ও জনহীন অঞ্চল ছাড়া। অভিজ্ঞতা না থাকিলে বলিয়া বোঝানো বড়ই কঠিন সে মুক্ত-জীবনের উল্লাস।

এমন সময় আমাদের এক কুলি আসিয়া পাটোয়ারীর কাছে বলিল, একটু দূরে জঙ্গলের শুষ্ক ডালাপালা কুড়াইতে গিয়া সে একটা কি জিনিস দেখিয়াছে। জায়গাটা ভাল নয়, ভূত বা পরীর আড্ডা, এখানে না তাঁবু ফেলিলেই হইত।

পাটোয়ারী বলিল—চলুন হুজুর, দেখে আসি কি জিনিসটা।

কিছু দূরে জঙ্গলের মধ্যে একটা জায়গা দেখাইয়া কুলিটা বলিল—এখানে নিকটে গিয়ে দেখুন হুজুর। আর কাছে যাব না।

বনের মধ্যে কাঁটা-লতা ঝোপ হইতে মাথা উঁচু স্তম্ভের মাথায় একটা বিকট মুখ খোদাই-করা, সন্ধ্যাবেলা দেখিলে ভয় পাইবার কথা বটে।

মানুষের হাতের তৈরি এ-বিষয়ে ভুল নাই, কিন্তু এ জনহীন জঙ্গলের মধ্যে এ স্তম্ভ কোথা হইতে আসিল বুঝিতে পারিলাম না। জিনিসটা কত দিনের প্রাচীন তাহাও বুঝিতে পারিলাম না।

সে-রাত্রি কাটিয়া গেল। সকালে উঠিয়া বেলা নটার মধ্যে আমরা গন্তব্যস্থানে পৌঁছিয়া গেলাম।

সেখানে পৌছিয়া জঙ্গলের বর্তমান মালিকের জনৈক কর্মচারীর সঙ্গে দেখা হইল। সে আমায় জঙ্গল দেখাইয়া বেড়াইতেছে—হঠাৎ জঙ্গলের মধ্যে একটা শুষ্ক নালা ওপারে ঘন বনের মধ্যে দেখি একটা প্রস্তরস্তম্ভের শীর্ষ জাগিয়া আছে—ঠিক কাল সন্ধ্যাবেলার সেই স্তম্ভটার মত। সেই রকমের বিকট মুখ খোদাই করা।

আমার সঙ্গে বনোয়ারী পাটোয়ারী ছিল, তাহাকেও দেখাইলাম। মালিকের কর্মচারী স্থানীয় লোক, সে বলিল—ও আরও তিন-চারটা আছে এ-অঞ্চলে জঙ্গলের মধ্যে মধ্যে। এ-দেশে আগে অসভ্য বুনো জাতির রাজ্য ছিল, ও তাদেরই হাতের তৈরি। ওগুলো সীমানার নিশানদিহি খাষা।

বলিলাম—খাষা কি ক'রে জানলে?

সে বলিল—চিরকাল শুনে আসছি বাবুজী, তা ছাড়া সেই রাজার বংশধর এখনও বর্তমান। বড় কৌতূহল হইল।

—কোথায়?

লোকটা আসুল দিয়া দেখাইয়া বলিল—এই জঙ্গলের উত্তর সীমানায় একটা ছোট বস্তি আছে—সেখানে থাকেন। এ-অঞ্চলে তাঁর বড় খাতির। আমরা শুনেছি উত্তরে হিমালয় পাহাড় আর দক্ষিণে ছোটনাগপুরের সীমানা, পূর্বে কুশী নদী, পশ্চিমে মুঙ্গের—এই সীমানার মধ্যে সমস্ত পাহাড়-জঙ্গলের রাজা ছিল ওঁর পূর্বপুরুষ।

মনে পড়িল, পূর্বেও আমার কাছারিতে একবার গনোরী তেওয়ারী স্কুলমাস্টার গল্প করিয়াছিল বটে যে, এ-অঞ্চলের আদিম-জাতীয় রাজা, তাদের বংশধর এখনও আছে। এ-দিকের যত পাহাড়ী জাতি—তাহাকে এখনও রাজা বলিয়া মানে। এখন সে কথা মনে পড়িল। জঙ্গলের মালিকের সেই কর্মচারীর নাম বুদ্ধ সিং, বেশ বুদ্ধিমান, এখানে অনেককাল চাকুরি করিতেছে, এই সব বন-পাহাড় অঞ্চলের অনেক ইতিহাস সে জানে দেখিলাম।

বুদ্ধ সিং বলিল—মুঘল বাদশাহের আমলে এরা মুঘল সৈন্যদের সঙ্গে লড়েছে—এই জঙ্গলের মধ্যে দিয়ে তারা যখন বাংলাদেশে যেত—এরা উপদ্রব করত তীর-ধনুক নিয়ে। শেষে রাজমহলে যখন মুঘল সুবাদারেরা থাকতেন, তখন এদের রাজ্য যায়। ভারী বীরের বংশ এরা, এখন আর কিছুই নেই। যা কিছু বাকি ছিল, ১৮৬২ সালের সাঁওতাল বিদ্রোহের পরে সব যায়। সাঁওতাল-বিদ্রোহের নেতা এখনও বেঁচে আছেন। তিনি বর্তমান রাজা। নাম দোবরু পান্না বীরবর্দী। খুব বুদ্ধি আর খুব গরিব। কিন্তু এ দেশের সকল আদিম জাতি এখনও তাঁকে রাজার সম্মান দেয়। রাজ্য না থাকলেও রাজা বলেই মানে।

রাজার সঙ্গে দেখা করিবার বড়ই ইচ্ছা হইল।

রাজসন্দর্শনে যাইতে হইলে কিছু নজর লইয়া যাওয়া উচিত। যার যা প্রাপ্য সম্মান, তাকে তা না দিলে কর্তব্যের হানি ঘটে।

কিছু ফলমূল, গোটা দুই বড় মুরগী—বেলা একটার মধ্যে নিকটবর্তী বস্তি হইতে কিনিয়া আনিলাম। এ-দিকের কাজ শেষ করিয়া বেলা দুইটার পরে বুদ্ধ সিংকে বলিলাম—চল, রাজার সঙ্গে দেখা করে আসি।

বুদ্ধ সিং তেমন উৎসাহ দেখাইল না! বলিল—আপনি সেখানে কি যাবেন! আপনাদের সঙ্গে দেখা করিবার উপযুক্ত নয়। পাহাড়ী অসভ্য জাতদের রাজা, তাই ব'লে কি আর আপনাদের সমান সমান কথা বলিবার যোগ্য বাবুজী? সে তেমন কিছু নয়।

তাহার কথা না শুনিয়াই আমি ও বনোয়ারীলাল রাজধানীর দিকে গেলাম। তাকেও সঙ্গে লইলাম।

রাজধানীটা খুব ছোট, কুড়ি-পঁচিশ ঘর লোকের বাস।

ছোট ছোট মাটির ঘর, খাপরার চাল—বেশ পরিষ্কার করিয়া লেপাপোঁছা। দেওয়ালের গায়ে মাটির সাপ, পদ্ম, লতা প্রভৃতি গড়া। ছোট ছোট ছেলেরা খেলা করিয়া বেড়াইতেছে, স্ত্রীলোকেরা গৃহকর্ম করিতেছে। কিশোরী ও যুবতী মেয়েদের সূঠাম গড়ন ও নিটোল স্বাস্থ্য, মুখে কেমন সুন্দর একটা লাভণ্য প্রত্যেকেরই। সকলেই আমাদের দিকে অবাক হইয়া চাহিয়া রহিল।

বুদ্ধ সিং একজন স্ত্রীলোককে বলিল—রাজা ছে রে?

স্ত্রীলোকটি বলিল, সে দেখে নাই। তবে কোথায় আর যাইবে, বাড়িতেই আছে।

২

আমরা গ্রামে যেখানে আসিয়া দাঁড়াইলাম, বুদ্ধ সিং-এর ভাবে মনে হইল এইবার রাজপ্রাসাদের সম্মুখে নীত হইয়াছি। অন্য ঘরগুলির সঙ্গে রাজপ্রাসাদের পার্থক্য এই মাত্র লক্ষ করিলাম যে, ইহার চারিপাশ পাথরের পাঁচিলে ঘেরা—বস্তির পিছনেই অনুচ্চ পাহাড়, সেখান হইতেই পাথর আনা হইয়াছে। রাজবাড়িতে ছেলেমেয়ে অনেকগুলি—কতকগুলি খুব ছোট। তাদের গলায় পুঁতির মালা ও নীল ফলের বীজের মালা। দু-একটি ছেলে-মেয়ে দেখিতে বেশ সুশ্রী। ষোল-সতের বছরের একটি মেয়ে বুদ্ধ সিং-এর ডাকে ছুটিয়া বাহিরে আসিয়াই আমাদের দেখিয়া অবাক হইয়া গেল, তাহার চোখের চাহনি দেখিয়া মনে হইল কিছু ভয়ও পাইয়াছে।

বুদ্ধ সিং বলিল—রাজা কোথায়?

—মেয়েটি কে? বুদ্ধ সিংকে জিজ্ঞাসা করিলাম।

বুদ্ধ সিং বলিল—রাজার নাতির মেয়ে।

রাজা বহুদিন জীবিত থাকিয়া নিশ্চয়ই বহু যুবক ও প্রৌঢ়কে রাজসিংহাসনে বসিবার সৌভাগ্য হইতে বঞ্চিত করিয়া রাখিয়াছেন।

মেয়েটি বলিল—আমার সঙ্গে এস। জ্যাঠামশায় পাহাড়ের নীচে পাথরে বসে আছেন।



মানি বা নাই মানি, মনে মনে ভাবিলাম যে-মেয়েটি আমাদের পথ দেখাইয়া লইয়া চলিয়াছে, সে সত্যই রাজকন্যা—তাহার পূর্বপুরুষেরা এই আরণ্য-ভূতালি বহুদিন ধরিয়া শাসন করিয়াছিল—সেই বংশের সে মেয়ে।

বলিলাম—মেয়েটির নাম কি জিজ্ঞেস কর।

বুদ্ধ সিং বলিল—ওর নাম ভানুমতী।

বাঃ, বেশ সুন্দর—ভানুমতী! রাজকন্যা ভানুমতী!

ভানুমতী নিটোল স্বাস্থ্যবতী, সুঠাম মেয়ে। লাবণ্যমাখা মুখশ্রী—তবে পরনের কাপড় সভ্যসমাজের শোভনতা রক্ষা করিবার উপযুক্ত অর্মাণ মাপের নয়। মাথার চুল রুম্ব, গলায় কড়ি ও পুঁতির দানা। দূর হইতে একটা বড় বকাইন্ গাছ দেখাইয়া দিয়া ভানুমতী বলিল—তোমরা যাও, জ্যাঠামশায় ওই গাছতলায় বসে গরু চরাচ্ছেন।

গরু চরাইতেছেন কি রকম! প্রায় চমকিয়া উঠিয়াছিলাম বোধ হয়। এই সমগ্র অঞ্চলের রাজা সাঁওতাল-বিদ্রোহের নেতা দোবরু পান্না বীরবর্দী গরু চরাইতেছেন!

কিছু জিজ্ঞাসা করিবার পূর্বেই মেয়েটি চলিয়া গেল এবং আমরা আর কিছু অগ্রসর হইয়া বকাইন্ গাছের তলায় এক বৃদ্ধকে কাঁচা শালপাতায় তামাক জড়াইয়া ধূমানরত দেখিলাম।
বুদ্ধ সিং বলিল—সেলাম, রাজাসাহেব।

রাজা দোবরু পান্না কানে শুনিতে পাইলেও চোখে খুব ভাল দেখিতে পান বলিয়া মনে হইল না।

বলিলেন—কে? বুদ্ধ সিং? সঙ্গে কে?

বুদ্ধ বলিল—একজন বাঙালী বাবু আপনার সঙ্গে দেখা করতে এসেছেন। উনি কিছু নজর এনেছেন—আপনাকে নিতে হবে।

আমি নিজে গিয়া বৃদ্ধের সামনে মুরগী ও জিনিস কয়টি নামাইয়া রাখিলাম।

বলিলাম—আপনি দেশের রাজা, আপনার সঙ্গে দেখা করবার জন্যে বহু দূর থেকে এসেছি। বৃদ্ধের দীর্ঘায়ত চেহারার দিকে চাহিয়া আমার মনে হইল, যৌবনে রাজা দোবরু পান্না খুব সুপুরুষ ছিলেন সন্দেহ নাই। মুখশ্রীতে বুদ্ধির ছাপ সুস্পষ্ট। বৃদ্ধ খুব খুশি হইলেন। আমার দিকে ভাল করিয়া চাহিয়া দেখিয়া বলিলেন—কোথায় ঘর?

বলিলাম—কলকাতা।

—উঃ, অনেক দূর। বড় ভারি জায়গা শুনেচি কলকাতা।

—আপনি কখনও যান নি?

—না, আমরা কি শহরে যেতে পারি? এই জঙ্গলেই আমরা থাকি ভাল। বোসো। ভানুমতী কোথায় গেল, ও ভানুমতী?

মেয়েটি ছুটিতে ছুটিতে আসিয়া বলিল—কি জ্যাঠামশায়?

—এই বাঙালী বাবু ও তাঁর সঙ্গে লোকজন আজ আমার এখানে থাকবেন ও খাওয়া-দাওয়া করবেন।

আমি প্রতিবাদ করিয়া বলিলাম—না, না, সে কি! আমরা এখনি চলে যাব, আপনার সঙ্গে দেখা করেই—আমাদের থাকার বিষয়ে—

কিন্তু দোবরু পান্না বলিলেন—না, তা হতে পারে না। ভানুমতী, এই জিনিসগুলো নিয়ে যা এখান থেকে।

আমার ইঙ্গিতে বনোয়ারীলাল পাটোয়ারী নিজে জিনিসগুলি বহিয়া অদূরবর্তী রাজার

বাড়িতে লইয়া গেল, ভানুমতীর পিছু পিছু। বৃদ্ধের কথা অমান্য করিতে পারিলাম না, বৃদ্ধের দিকে চাহিয়াই আমার সন্ত্রমে মন পূর্ণ হইয়া গিয়াছিল। সাঁওতাল-বিদ্রোহের নেতা, প্রাচীন অভিজাত-বংশীয় বীর দোবরু পান্না (হইলই বা বন্য আদিম জাতি) আমাকে থাকিতে অনুরোধ করিতেছেন—এ অনুরোধ আদেশেরই সামিল।

রাজা দোবরু পান্না অত্যন্ত দরিদ্র, দেখিয়াই বুঝিয়াছিলাম। তাঁহাকে গরু চরাইতে দেখিয়া প্রথমটা আশ্চর্য হইয়াছিলাম বটে, কিন্তু পরে মনে ভাবিয়া দেখিলাম, ভারতবর্ষের ইতিহাসে রাজা দোবরু পান্নার অপেক্ষা অনেক বড় রাজা অবস্থাবৈশিষ্ট্যে গোচারণ অপেক্ষাও হীনতর বৃত্তি অবলম্বন করিয়াছিলেন।

রাজা নিজের হাতে শালপাতার একটা চুরুট গড়িয়া আমার হাতে দিলেন। দেশলাই নাই—গাছের তলায় আগুন করাই আছে—তাহা হইতে একটা পাতা জ্বলাইয়া সম্মুখে ধরিলেন। বলিলাম—আপনারা এ-দেশের প্রাচীন রাজবংশ, আপনাদের দর্শনে পুণ্য আছে।

দোবরু পান্না বলিলেন—এখন আর কি আছে! আমাদের বংশ সূর্যবংশ। এই পাহাড়-জঙ্গল, সারা পৃথিবী আমাদের রাজ্য ছিল। আমি যৌবন বয়সে কোম্পানির সঙ্গে লড়েছি। এখন আমার বয়স অনেক। যুদ্ধে হেরে গেলাম। তারপর আর কিছু নেই।

এই আরণ্য ভূভাগের বহিঃস্থিত অন্য কোনও পৃথিবীর খবর দোবরু পান্না রাখেন বলিয়া মনে হইল না। তাঁহার কথার উত্তরে কি একটা বলিতে যাইতেছি, এমন সময় একজন যুবক আসিয়া সেখানে দাঁড়াইল।

রাজা দোবরু বলিলেন—আমার ছোট নাতি, জগরু পান্না। ওর বাবা এখানে নেই, লছমীপুরের রাণী-সাহেবের সঙ্গে দেখা করতে গিয়েছে। ওরে জগরু, বাবুজীর জন্যে খাওয়ার যোগাড় কর।

যুবক যেন নবীন শালতরু, পেশীবহুল সবল নধর দেহ। সে বলিল—বাবুজী, সজারুর মাংস খান?

পরে তাহার পিতামহের দিকে চাহিয়া বলিল—পাহাড়ের ওপারের বনে ফাঁদ পেতে রেখেছিলাম, কাল রাত্রে দুটো সজারু পড়েছে।

শুনিলাম রাজার তিনটি ছেলে, তাহাদের আট-দশটি ছেলেমেয়ে। এই বৃহৎ রাজপরিবারের সকলেই এই গ্রামে একত্র থাকে। শিকার ও গোচারণ প্রধান উপজীবিকা। এ বাদে বনের পাহাড়ী জাতিদের বিবাদ-বিসংবাদে রাজার কাছে বিচারপ্রার্থী হইয়া আসিলে কিছু কিছু ভেট্ ও নজরানা দিতে হয়—দুধ, মুরগী, ছাগল, পাখীর মাংস বা ফলমূল।

বলিলাম—আপনার চাষবাস আছে?

দোবরু পান্না গর্বের সুরে বলিলেন—ওসব আমাদের বংশে নিয়ম নেই। শিকার করার মান সকলের চেয়ে বড়, তাও এক সময়ে ছিল বর্শা নিয়ে শিকার সব চেয়ে গৌরবের। তীর-ধনুকের শিকার দেবতার কাজে লাগে না, ও বীরের কাজ নয়। তবে এখন সবই চলে। আমার বড় ছেলে মুঙ্গের থেকে একটা বন্দুক কিনে এনেছে, আমি কখনও ছুঁই নি। বর্শা ধরে শিকার আসল শিকার।

ভানুমতী আবার আসিয়া একটা পাথরের ভাঁড় আমাদের কাছে রাখিয়া গেল।

রাজা বলিলেন—তেল মাখন। কাছেই চমৎকার বরনা—স্নান করে আসুন সকলে।

আমরা স্নান করিয়া আসিলে রাজা আমাদের রাজবাড়ির একটা ঘরে লইয়া যাইতে বলিলেন।

ভানুমতী একটা ধামায় চাল ও মেটে আলু আনিয়া দিল। জগরু সজারু ছাড়াইয়া মাংস আনিয়া রাখিল কাঁচা শালপাতার পাত্রে।

ভানুমতী আর একবার গিয়া দুধ ও মধু আনিল। আমার সঙ্গে ঠাকুর ছিল না, বনোয়ারী মেটে আলু ছাড়াইতে বসিল, আমি রাঁধিবার চেষ্টায় উনুন ধরাইতে গেলাম। কিন্তু শুধু বড় বড় কাঠের সাহায্যে উনুন ধরানো কষ্টকর। দু-একবার চেষ্টা করিয়া পারিলাম না, তখন ভানুমতী তাড়াতাড়ি একটা পাখীর শুকনো বাসা আনিয়া উনুনের মধ্যে পুরিয়া দিতে আশুন বেশ জুলিয়া উঠিল। দিয়াই দূরে সরিয়া গিয়া দাঁড়াইল। ভানুমতী রাজকন্যা বটে, কিন্তু বেশ অমায়িক স্বভাবের রাজকন্যা। অথচ দিব্য সহজ, সরল মর্যাদাজ্ঞান।

রাজা দোবরু পান্না সব সময় রান্নাঘরের দুয়ারটির কাছে বসিয়া রহিলেন। আতিথ্যের এতটুকু ক্রটি না ঘটে। আহািরাদির পর বলিলেন—আমার তেমন বেশি ঘরদোরও নেই, আপনাদের বড় কষ্ট হল। এই বনের মধ্যে পাহাড়ের উপরে আমার বংশের রাজাদের প্রকাশ্য বাড়ির চিহ্ন এখনও আছে। আমি বাপ-ঠাকুরদার কাছে শুনেছি বহু প্রাচীনকালে ওখানে আমার পূর্ব-পুরুষেরা বাস করতেন। সেদিন কি আর এখন আছে! আমাদের পূর্ব-পুরুষদের প্রতিষ্ঠিত দেবতা এখনও সেখানে আছেন।

আমার বড় কৌতূহল হইল, বলিলাম—যদি আমরা একবার দেখতে যাই, তাতে কি কোনও আপত্তি আছে রাজাসাহেব?

—এর আবার আপত্তি কি! তবে দেখবার এখন বিশেষ কিছু নেই। আচ্ছা চলুন, আমি যাব। জগরু, আমাদের সঙ্গে এস।

আমি আপত্তি করিলাম—বিরানকই বহুরের বৃদ্ধকে আর পাহাড়ে উঠাইবার কষ্ট দিতে মন সরিল না। সে আপত্তি টিকিল না, রাজাসাহেব হাসিয়া বলিলেন—ও পাহাড়ে আমায় তো প্রায়ই উঠতে হয়, ওর গায়েই আমার বংশের সমাধিস্থান। প্রত্যেক পূর্ণিমায় আমায় সেখানে যেতে হয়। চলুন সে-জায়গাও দেখাব।

উত্তর-পূর্ব কোণ হইতে অনুচ্চ শৈলমালা (স্থানীয় নাম ধন্বরি) এক স্থানে আসিয়া যেন হঠাৎ ঘুরিয়া পূর্বমুখী হওয়ার দরুন একটা খাঁজের সৃষ্টি করিয়াছে, এই খাঁজের নীচে একটা উপত্যকা, শৈলসানুর অরণ্য সারা উপত্যকা ব্যাপিয়া যেন সবুজের ঢেউয়ের মত নামিয়া আসিয়াছে, যেমন বরনা নামে পাহাড়ের গা বাহিয়া। অরণ্য এখানে ঘন নয়, ফাঁকা ফাঁকা—বনের গাছের মাথায় মাথায় সুদূর চক্রবালরেখায় নীল শৈলমালা, বোধ হয় গয়া কি রামগড়ের দিকের—যতদূর দৃষ্টি চলে শুধুই বনের শীর্ষ, কোথাও উঁচু, বড় বড় বনস্পতিসঙ্কুল, কোথাও নীচু, চারা শাল ও চারা পলাশ। জঙ্গলের মধ্যে সরু পথ বাহিয়া পাহাড়ের উপর উঠিলাম।

এক জায়গায় খুব বড় পাথরের চাঁই আড়ভাবে পৌঁতা, ঠিক যেন একখানা পাথরের কড়ি বা টেকির আকারের। তার নীচে কুস্তকারদের হাঁড়ি-কলসী পোড়ানো পণ-এর গর্তের মত কিংবা মাঠের মধ্যে খঁকশিয়ালী যেমন গর্ত কাটে—ওই ধরনের প্রকাশ্য একটা বড় গর্তের মুখ। গর্তের মুখে চারা শালের বন।

রাজা দোবরু বলিলেন—এই গর্তের মধ্যে ঢুকতে হবে। আসুন আমার সঙ্গে। কোনো ভয় নেই। জগরু, আগে যাও।

প্রাণ হাতে করিয়া গর্তের মধ্যে ঢুকিলাম। বাঘ-ভালুক তো থাকিতেই পারে, না থাকে সাপ তো আছেই।

গর্তের মধ্যে হামাগুড়ি দিয়া খানিকদূর গিয়া তবে সোজা হইয়া দাঁড়ানো যায়। ভয়ানক অন্ধকার ভিতরে প্রথমটা মনে হয়, কিন্তু চোখ অন্ধকারে কিছুক্ষণ অভ্যস্ত হইয়া গেলে আর তত অসুবিধা হয় না; জায়গাটা প্রকাশ্য একটা গুহা, কুড়ি-বাইশ হাত লম্বা, হাত পনের

চওড়া—উত্তর দিকের দেওয়ালের গায়ে আবার একটা খেঁকশিয়ালীর মত গর্ত দিয়া খানিক দূর গেলে দেওয়ালের ওপারে ঠিক এই রকম নাকি আর একটা গুহা আছে—কিন্তু সেটাতে আমরা ঢুকিবার আগ্রহ দেখাইলাম না। গুহার ছাদ বেশি উঁচু নয়, একটা মানুষ সোজা হইয়া দাঁড়াইয়া হাত উঁচু করিলে ছাদ ছুঁতে পারে। চাম্বে ধরনের গন্ধ গুহার মধ্যে—বাদুড়ের আড্ডা—এ ছাড়া ভাম, শৃগাল, বনবিড়াল প্রভৃতি থাকে শোনা গেল। বনোয়ারী পাটোয়ারী চুপি চুপি বলিল—হুজুর, চলুন বাইরে, এখানে আর বেশি দেরি করবেন না।

ইহাই নাকি দোবরু পান্নার পূর্বপুরুষদের দুর্গ-প্রাসাদ।

আসলে ইহা একটি বড় প্রাকৃতিক গুহা—প্রাচীনকালে পাহাড়ের উপরদিকে মুখওয়ালা এ গুহায় আশ্রয় লইলে শত্রুর আক্রমণ হইতে সহজে আত্মরক্ষা করা যাইত।

রাজা বলিলেন—এর আর একটা গুপ্ত মুখ আছে—সে কাউকে বলা নিয়ম নয়। সে কেবল আমার বংশের লোক ছাড়া কেউ জানে না। যদিও এখন এখানে কেউ বাস করে না, তবুও এই নিয়ম চলে আসছে বংশে।

গুহাটা হইতে বাহির হইয়া আসিয়া ধড়ে প্রাণ আসিল।

তারপর আরও খানিকটা উঠিয়া এক জায়গায় প্রায় এক বিঘা জমি জুড়িয়া বড় বড় সরু মোটা বুরি নামাইয়া, পাহাড়ের মাথায় অনেকখানি ব্যাপিয়া এক বিশাল বটগাছ।

রাজা দোবরু পান্না বলিলেন—জুতো খুলে চলুন মেহেরবানি করে।

বটগাছতলায় যেন চারিধারে বড় বড় বাটনাবাটা শিলের আকারের পাথর ছড়ানো।

রাজা বলিলেন—ইহাই তাঁহার বংশের সমাধিস্থান। এক-একখানা পাথরের তলায় এক-একটা রাজবংশীয় লোকের সমাধি। বিশাল বটতলার সমস্ত স্থান জুড়িয়া সেই রকম বড় বড় শিলাখণ্ড ছড়ানো—কোনো কোনো সমাধি খুবই প্রাচীন, দু’দিক হইতে বুরি নামিয়া যেন সেগুলিকে সাঁড়াশির মত আটকাইয়া ধরিয়াছে, সে-সব বুরি আবার গাছের গুঁড়ির মত মোটা হইয়া গিয়াছে—কোনো কোনো শিলাখণ্ড বুরির তলায় একেবারে অদৃশ্য হইয়া গিয়াছে। ইহা হইতে সেগুলির প্রাচীনত্ব অনুমান করা যায়।

রাজা দোবরু বলিলেন—এই বটগাছ আগে এখানে ছিল না। অন্য অন্য গাছের বন ছিল। একটি ছোট বটচারা ক্রমে বেড়ে অন্য অন্য গাছ মেরে ফেলে দিয়েছে। এই বটগাছটাই এত প্রাচীন যে, এর আসল গুঁড়ি নেই। বুরি নেমে যে গুঁড়ি হয়েছে, তারাই এখন রয়েছে। গুঁড়ি কেটে উপড়ে ফেললে দেখবেন ওর তলায় কত পাথর চাপা পড়ে আছে। এইবার বুঝুন কত প্রাচীন সমাধিস্থান এটা।

সতাই বটগাছতলাটায় দাঁড়াইয়া আমার মনে এমন একটা ভাব হইল, যাহা এতক্ষণ কোথাও হয় নাই, রাজাকে দেখিয়াও না (রাজাকে তো মনে হইয়াছে জনৈক বৃদ্ধ সাঁওতাল কুলীর মত), রাজকন্যাকে দেখিয়াও নয় (একজন স্বাস্থ্যবতী হো কিংবা মুগ্ধ তরুণীর সহিত রাজকন্যার কোনো প্রভেদ দেখি নাই), রাজপ্রাসাদ দেখিয়া তো নয়ই (সেটাকে একটা সাপখোপের ও ভূতের আড্ডা বলিয়া মনে হইয়াছে)। কিন্তু পাহাড়ের উপরে এই সুবিশাল, প্রাচীন বটতরুতলে কতকালের এই সমাধিস্থল আমার মনে এক অননুভূত, অপরূপ অনুভূতি জাগাইল।

স্থানটির গাভীর্য, রহস্য ও প্রাচীনত্বের ভাব অবর্ণনীয়। তখন বেলা প্রায় হেলিয়া পড়িয়াছে, হলদে রোদ পত্রাশির গায়ে, ডাল ও বুরির অরণ্যের ধনবারির অন্য চূড়ায়, দূর বনের মাথায়। অপরাহ্নের সেই ঘনায়মান ছায়া এই সুপ্রাচীন রাজ-সমাধিকে যেন আরও গভীর, রহস্যময় সৌন্দর্য দান করিল।

মিশরের প্রাচীন সম্রাটদের সমাধিস্থল থিব্‌স নগরের অদূরবর্তী ‘ভ্যালি অব্‌ দি কিংস’ আজ পৃথিবীর টুরিস্টদের লীলাভূমি, পাবলিসিটি ও ঢাক-পিটানোর অনুগ্রহে সেখানকার বড় বড় হোটেলগুলি মরশুমের সময় লোকে গিজগিজ করে—‘ভ্যালি অব্‌ দি কিংস’ অতীত কালের কুয়াশায় যত না অন্ধকার হইয়াছিল, তার অপেক্ষাও অন্ধকার হইয়া যায় দামী সিগারেট ও চুরুটের ধোঁয়ায়—কিন্তু তার চেয়ে কোনো অংশে রহস্যে ও স্বপ্নতিষ্ঠিত মহিমায় কম নয় সুদূর অতীতের এই অনার্য নৃপতিদের সমাধিস্থল, ঘন অরণ্যভূমির ছায়ায় শৈলশ্রেণীর অন্তরালে যা চিরকাল আত্মগোপন করিয়া আছে ও থাকিবে। এদের সমাধিস্থলে আড়ম্বর নাই, পালিশ নাই, ঐশ্বর্য নাই মিশরীয় ধনী ফ্যারাওদের কীর্তির মত—কারণ এরা ছিল দরিদ্র, এদের সভ্যতা ও সংস্কৃতি ছিল মানুষের আদিম যুগের অশিক্ষিতপটু সভ্যতা ও সংস্কৃতি, নিতান্ত শিশু-মানবের মন লইয়া ইহারা রচনা করিয়াছে ইহাদের গুহানিহিত রাজপ্রাসাদ, রাজসমাধি, সীমানাজ্ঞাপক খুঁটি। সেই অপরাহ্নের ছায়ায় পাহাড়ের উপরে সে বিশাল তরুতলে দাঁড়াইয়া যেন সর্বব্যাপী শাশ্বত কালের পিছন-দিকে বহুদূরে অন্য এক অভিজ্ঞতার জগৎ দেখিতে পাইলাম—পৌরাণিক ও বৈদিক যুগও যার তুলনায় বর্তমানের পর্যায়ে পড়িয়া যায়।

দেখিতে পাইলাম যাযাবর আর্যগণ উত্তর-পশ্চিম গিরিবর্ষ অতিক্রম করিয়া শ্রোতের মত অনার্য আদিমজাতি-শাসিত প্রাচীন ভারতে প্রবেশ করিতেছেন...ভারতের পরবর্তী যা কিছু ইতিহাস—এই আর্যসভ্যতার ইতিহাস—বিজিত অনার্য জাতিদের ইতিহাস কোথাও লেখা নাই—কিংবা সে লেখা আছে এই সব গুপ্ত গিরিগুহায়, অরণ্যানীর অন্ধকারে, চূর্ণায়মান অস্থি-কঙ্কালের রেখায়। সে লিপির পাঠোদ্ধার করিতে বিজয়ী আর্যজাতি কখনও ব্যস্ত হয় নাই। আজও বিজিত হতভাগ্য আদিম জাতিগণ তেমনই অবহেলিত, অপমানিত, উপেক্ষিত। সভ্যতাদর্পী আর্যগণ তাহাদের দিকে কখনও ফিরিয়া চাহে নাই, তাহাদের সভ্যতা বুঝিবার চেষ্টা করে নাই, আজও করে না। আমি, বনোয়ারী সেই বিজয়ী জাতির প্রতিনিধি, বৃদ্ধ দোবরু পান্না, তরুণ যুবক জগরু, তরুণী কুমারী ভানুমতী সেই বিজিত, পদদলিত জাতির প্রতিনিধি—উভয় জাতি আমরা এই সন্ধ্যার অন্ধকারে মুখোমুখি দাঁড়াইয়াছি—সভ্যতার গর্বে উন্নতনাসিক আর্যকান্তির গর্বে আমি প্রাচীন অভিজাতবংশীয় দোবরু পান্নাকে বৃদ্ধ সঁওতাল ভাবিতেছি, রাজকন্যা ভানুমতীকে মুণ্ডা কুলী-রমণী ভাবিতেছি—তাদের কত আগ্রহের ও গর্বের সহিত প্রদর্শিত রাজপ্রাসাদকে অনার্যসুলভ আলো-বাতাসহীন গুহাবাস, সাপ ও ভূতের আড্ডা বলিয়া ভাবিতেছি। ইতিহাসের এই বিরাট ট্র্যাজেডি যেন আমার চোখের সম্মুখে সেই সন্ধ্যায় অভিনীত হইল—সে নাটকের কুশীলবগণ এক দিকে বিজিত উপেক্ষিত দরিদ্র অনার্য নৃপতি দোবরু পান্না, তরুণী অনার্য রাজকন্যা ভানুমতী, তরুণ রাজপুত্র জগরু পান্না—এক দিকে আমি, আর আমার পাটোয়ারী বনোয়ারীলাল ও আমার পথপ্রদর্শক বুদ্ধ সিং।

ঘনায়মান সন্ধ্যার অন্ধকারে রাজসমাধি ও বটতরুতল আবৃত হইবার পূর্বেই আমরা সেদিন পাহাড় হইতে নামিয়া আসিলাম।

নামিবার পথে একস্থানে জঙ্গলের মধ্যে একখানা খাড়া সিঁদুরমাখা পাথর। আশেপাশে মানুষের হস্তরোপিত গাঁদাফুলের ও সন্ধ্যামণি-ফুলের গাছ। সামনে আর একখানা বড় পাথর, তাতেও সিঁদুর-মাখা। বহুকাল হইতে নাকি এই দেবস্থান এখানে প্রতিষ্ঠিত, রাজবংশের ইনি কুলদেবতা। পূর্বে এখানে নরবলি হইত—সম্মুখের বড় পাথরখানিই যূপ-রূপে ব্যবহৃত হইত। এখন পায়রা ও মুরগী বলি প্রদত্ত হয়।

জিজ্ঞাসা করিলাম—কি ঠাকুর ইনি?

রাজা দোবরু বলিলেন—টাড়বারো, বুনো মহিষের দেবতা।

মনে পড়িল গত শীতকালে গনু মহাতোর মুখে শোনা সেই গল্প।

রাজা দোবরু বলিলেন—টাড়বারো বড় জাগ্রত দেবতা। তিনি না থাকলে শিকারীরা চামড়া আর শিঙের লোভে বুনো মহিষের বংশ নির্বংশ করে ছেড়ে দিত। উনি রক্ষা করেন। ফাঁদে পড়বার মুখে তিনি মহিষের দলের সামনে দাঁড়িয়ে হাত তুলে বাধা দেন—কত লোক দেখেছে।

এই অরণ্যচারী আদিম সমাজের দেবতাকে সভ্য জগতে কেউই মানে না, জানেও না—কিন্তু ইহা যে কল্পনা নয়, এবং এই দেবতা যে সত্যই আছেন—তাহা স্বতঃই মনে উদয় হইয়াছিল সেই বিজন বন্যজন্তু-অধ্যুষিত অরণ্য ও পর্বত অঞ্চলের নিবিড় সৌন্দর্য ও রহস্যের মধ্যে বসিয়া।

অনেক দিন পরে কলিকাতায় ফিরিয়া একবার দেখিয়াছিলাম বড়বাজারে, জ্যৈষ্ঠ মাসের ভীষণ গরমের দিনে এক পশ্চিমা গাড়েয়ান বিপুল বোঝাই গাড়ির মহিষ দুটাকে প্রাণপণে চামড়ার পাঁচন দিয়া নির্মমভাবে মারিতেছে—সেই দিন মনে হইয়াছিল, হায় দেব টাড়বারো, এ তো ছোটনাগপুর কি মধ্যপ্রদেশের আরণ্যভূমি নয়, এখানে তোমার দয়ালু হস্ত এই নির্যাতিত পশুকে কি করিয়া রক্ষা করিবে? এ বিংশ শতাব্দীর আর্ঘ সভ্যতাদৃশ্য কলিকাতা। এখানে বিজিত আদিম রাজা দোবরু পান্নার মতই তুমি অসহায়।

আমি নওয়াদা হইতে মোটরবাস ধরিয়া গয়ায় আসিব বলিয়া সন্ধ্যার পরেই রওনা হইলাম। বনোয়ারী আমাদের ঘোড়া লইয়া তাঁবুতে ফিরিল। আসিবার সময় আর একবার রাজকুমারী ভানুমতীর সহিত দেখা হইয়াছিল। সে এক বাটি মহিষের দুধ লইয়া আমাদের জন্য দাঁড়াইয়া ছিল রাজবাড়ির দ্বারে।

দ্বাদশ পরিচ্ছেদ

১

একদিন রাজু পাঁড়ে কাছারিতে খবর পাঠাইল যে বুনো শূওরের দল তাহার চীনা ফসলের ক্ষেতে প্রতি রাতে উপদ্রব করিতেছে, তাদের মধ্যে কয়েকটি দাঁতওয়ালা ধাড়ি শূওরের ভয়ে সে ক্যানেক্সা পিটানো ছাড়া অন্য কিছু করিতে পারে না—কাছারি হইতে ইহার প্রতিকার না করিলে তাহার সমুদয় ফসল নষ্ট হইতে বসিয়াছে।

শুনিয়া নিজেই বৈকালের দিকে বন্দুক লইয়া গেলাম। রাজুর কুটীর ও জমি নাড়া-বইহারের ঘন জঙ্গলের মধ্যে। সেদিকে এখনও লোকের বসবাস হয় নাই, ফসলের ক্ষেতের পত্তনও খুব কম হইয়াছে, কাজেই বন্য জন্তুর উপদ্রব বেশি।

দেখি রাজু নিজের ক্ষেতে বসিয়া কাজ করিতেছে। আমায় দেখিয়া কাজ ফেলিয়া ছুটিয়া আসিল। আমার হাত হইতে ঘোড়ার লাগাম লইয়া নিকটের একটা হরীতকী গাছে ঘোড়া বাঁধিল।

বলিলাম—কই রাজু, তোমায় যে আর দেখি নে, কাছারির দিকে যাও না কেন?

রাজুর খুপির চারিদিকে দীর্ঘ কাশের জঙ্গল, মাঝে মাঝে কেঁদ ও হরীতকী গাছ। কি করিয়া যে এই জনশূন্য বনে সে একা থাকে! এ জঙ্গলে কাহারও সহিত দিনান্তে একটি কথা বলিবার উপায় নাই—অদ্ভুত লোক বটে!

রাজু বলিল—সময় পাই কই যে কোথাও যাব হুজুর, ক্ষেতের ফসল চৌকি দিতেই প্রাণ берিয়ে গেল। তার ওপর মহিষ আছে।

তিনটি মহিষ চরাইতে ও দেড়-বিঘা জমির চাষ করিতে এত কি ব্যস্ত থাকে যে সে লোকালয়ে যাইবার সময় পায় না, একথা জিজ্ঞাসা করিতে যাইতেছিলাম—কিন্তু রাজু আপনা হইতেই তাহার দৈনন্দিন কার্যের যে তালিকা দিল, তাহাতে দেখিলাম তাহার নিঃশ্বাস ফেলিবার অবকাশ না থাকার কথা। ক্ষেতখামারের কাজ, মহিষ চড়ানো, দুধ দোয়া, মাখন-তোলা, পূজা-অর্চনা, রামায়ণ পাঠ, রান্না-খাওয়া—শুনিয়া যেন আমারই হাঁপ লাগিল। কাজের লোক বটে রাজু! ইহার উপর নাকি সারারাত জাগিয়া ক্যানেক্সা পিটাইতে হয়।

বলিলাম—শুওর কখন বেরোয় ?

—তার তো কিছু ঠিক নেই হুজুর। তবে রাত হলেই বেরোয় বটে। একটু বসুন, দেখবেন কত আসে।

কিন্তু আমার কাছে সর্বাপেক্ষা কৌতূহলের বিষয়—রাজু একা এই জনশূন্য স্থানে কি করিয়া বাস করে। কথাটা জিজ্ঞাসা করিলাম।

রাজু বলিল—অভ্যেস হয়ে গিয়েছে, বাবুজী। বহুদিন এমনি ভাবেই আছি—কষ্ট তো হয়ই না, বরং আপনমনে বেশ আনন্দে থাকি। সারাদিন খাটি, সম্ভ্যাবেলা ভজন গাই, ভগবানের নাম নিই, বেশ দিন কেটে যায়।

রাজু, কি গনু মাহাতো, কি জয়পাল—এ ধরনের মানুষ আরও অনেক আছে জঙ্গলের মধ্যে মধ্যে—ইহাদের মধ্যে একটি নূতন জগৎ দেখিতাম, যে জগৎ আমার পরিচিত নয়।

আমি জানি রাজুর একটি সাংসারিক বিষয়ে অত্যন্ত আসক্তি আছে, সে চা খাইতে অত্যন্ত ভালবাসে। অথচ এই জঙ্গলের মধ্যে চায়ের উপকরণ সে কোথায় পায়, এই ভাবিয়া আমি নিজে চা ও চিনি লইয়া গিয়াছিলাম। বলিলাম—রাজু, একটু চা করো তো! আমার কাছে সব আছে।

রাজু মহা আনন্দে একটি তিন-সেরী লোটাতে জল চড়াইয়া দিল। চা প্রস্তুত হইল, কিন্তু একটি মাত্র ছোট কাঁসার বাটি ব্যতীত অন্য পাত্র নাই। তাহাতেই আমায় চা দিয়া সে নিজে বড় লোটাটি লইয়া চা খাইতে বসিল।

রাজু হিন্দী লেখাপড়া জানে বটে, কিন্তু বহির্জগৎ সম্বন্ধে তাহার কোনো জ্ঞান নাই। কলিকাতা নামটা শুনিয়েছে, কোন্ দিকে জানে না। বোম্বাই বা দিল্লীর বিষয়ে তার ধারণা চন্দ্রলোকের ধারণার মত সম্পূর্ণ অবাস্তব ও কুয়াশাচ্ছন্ন। শহরের মধ্যে সে দেখিয়াছে পূর্ণিয়া, তাও অনেক বছর আগে এবং মাত্র কয়েক দিনের জন্য সেখানে গিয়াছিল।

জিজ্ঞাসা করিলাম—মোটরগাড়ি দেখেছ রাজু ?

—না হুজুর, শুনেছি বিনা গরুতে বা ঘোড়ায় চলে, খুব ধোঁয়া বেরোয়, আজকাল পূর্ণিয়া শহরে অনেক নাকি এসেছে। আমার তো সেখানে অনেককাল যাওয়া নেই, আমরা গরিব লোক, শহরে গেলেই তো পয়সা চাই।

রাজুকে জিজ্ঞাসা করিলাম সে কলিকাতা যাইতে চায় কিনা। যদি চায়, আমি তাহাকে একবার ঘুরাইয়া আনিব, পয়সা লাগিবে না।

রাজু বলিল—শহর বড় খারাপ জায়গা, চোর গুণ্ডা জুয়াচোরের আড্ডা শুনেছি। সেখানে গেলে শুনেছি যে জাত থাকে না। সব লোক সেখানকার বদমাইশ। আমার এ-দেশের একজন লোক কোন্ শহরে হাসপাতালে গিয়েছিল, তার পায়ে কি হয়েছিল সেই জন্যে। ডাক্তার ছুরি দিয়ে পা কাটে আর বলে, তুমি আমাকে কত টাকা দেবে? সে বললে—দশ টাকা দেব। তখন ডাক্তার আরও কাটে। আবার বললে—এখনও বল কত টাকা দেবে? সে বললে—আরও পাঁচ

ঢাকা দেব, ডাক্তারসাহেব, আর কেটো না। ডাক্তার বললে—ওতে হবে না—বলে আবার পা কাটতে লাগল। সে গরিব লোক, যত কাঁদে, ডাক্তার ততই ছুরি দিয়ে কাটে—কাটতে কাটতে গোটা পা-খানাই কেটে ফেললে। উঃ, কি কাণ্ড ভাবুন তো হুজুর!

রাজুর কথা শুনিয়া হাস্য সংবরণ করা দায় হইয়া উঠিল। মনে পড়িল এই রাজুই একবার আকাশে রামধনু উঠিতে দেখিয়া আমাকে বলিয়াছিল—রামধনু যে দেখছেন বাবুজী, ও ওঠে উইয়ের ঢিবি থেকে, আমি স্বচক্ষে দেখেছি।

রাজুর খুপরিব সামনের উঠানে একটি বড় খুব উঁচু আসান গাছ আছে, তারই তলায় বসিয়া আমরা চা খাইতেছিলাম—যেদিকে চাই সেদিকেই ঘন বন—কেঁদ, আমলকী, পুষ্পিত বহেড়া লতার ধোপ, বহেড়া ফুলের একটি মৃদু সুগন্ধ সাস্ব্য-বাতাসকে মিষ্ট করিয়া তুলিয়াছে। আমার মনে হইল এসব স্থানে বসিয়া এমনভাবে চা খাওয়া জীবনের একটা সৌন্দর্যময় অভিজ্ঞতা। কোথায় এমন অরণ্যপ্রান্তর, কোথায় এমন জঙ্গলে-ঘেরা কাশের কুটীর, রাজুর মত মানুষই বা কোথায়? এ অভিজ্ঞতা যেমন বিচিত্র, তেমনই দুস্ত্রাণ্য।

বলিলাম—আচ্ছা রাজু, তোমার স্ত্রীকে নিয়ে এস না কেন? তোমায় আর তা হলে কষ্ট করে রোঁধে খেতে হয় না।

রাজু বলিল—সে বেঁচে নেই হুজুর। আজ সতের-আঠারো বছর মারা গিয়েছে, তারপর থেকে বাড়িতে মন বসাতে পারি নে আর।

রাজুর জীবনে রোমাঞ্চ ঘটয়াছিল, এ ভাবিতে পারাও কঠিন বটে, কিন্তু অতঃপর রাজু যে গল্প করিল, তাহাকে ও-ছাড়া অন্য নামে অভিহিত করা চলে না।

রাজুর স্ত্রীর নাম ছিল সর্জু (অর্থাৎ সরযু), রাজুর বয়স যখন আঠারো ও সরযুর চোদ্দ—তখন উত্তর-ধরমপুর, শ্যামলালটৌলাতে সরযুর বাপের টৌলে রাজু দিনকতক ব্যাকরণ পড়িতে যায়।

রাজুকে বলিলাম—কতদিন পড়েছিলে?

—কিছু না বাবুজী, বছরখানেক ছিলাম, কিন্তু পরীক্ষা দিই নি। সেখানে আমাদের প্রথম দেখাশুনো এবং ক্রমে ক্রমে—

আমাকে সমীহ করিয়া রাজু অল্প কাশিয়া চুপ করিল।

আমি উৎসাহ দিবার সুরে বলিলাম—তার পর বলে যাও—

—কিন্তু হুজুর, ওর বাবা আমার অধ্যাপক। আমি কি করে তাঁকে এ-কথা বলি? একদিন কার্তিক মাসে ছুট্ পরবের দিন সরযু ছোপানো হলদে শাড়ি পরে কুশী নদীতে একদল মেয়ের সঙ্গে নাইতে যাচ্ছে, আমি—

রাজু কাশিয়া আবার চুপ করিল।

পুনরায় উৎসাহ দিয়া বলিলাম—বল, বল, তাতে কি?

—ওকে দেখবার জন্যে আমি একটা গাছের আড়ালে লুকিয়ে রইলাম। এর কারণ এই যে, ইদানীং ওর সঙ্গে আমার আর তত দেখাশুনো হত না—এক জায়গায় ওর বিয়ের কথাবার্তাও চলছিল। যখন দলটি গাইতে গাইতে—আপনি তো জানেন ছুট্ পরবের সময় মেয়েরা গান করতে করতে নদীতে ছুট্ ভাসাতে যায়!—তারপর যখন ওরা গাইতে গাইতে আমার সামনে এল, ও আমায় দেখতে পেয়েছে গাছের আড়ালে। ও-ও হাসলে, আমিও হাসলাম। আমি হাত নেড়ে ইশারা করলাম, একটু পেছিয়ে পড়—ও হাত নেড়ে বললে, এখন নয়, ফেরবার সময়ে।

রাজুর বাহান্ন বছর বয়সের মুখমণ্ডলে বিংশবর্ষীয় তরুণ প্রেমিকের লাজুকতা ও চোখে একটি স্বপ্নভরা সুদূর দৃষ্টি ফুটিল—একথা বলিবার সময়—যেন জীবনের বহু পিছনে প্রথম যৌবনের পুণ্য দিনগুলিতে যে কল্যাণী তরুণী ছিল চতুর্দশ বর্ষদেশে—তাহাকেই খুঁজিতে বাহির হইয়াছে ওর সঙ্গীহারা প্রৌঢ় প্রাণ। এই ঘন জঙ্গলে একা বাস করিয়া সে ক্রান্ত হইয়া পড়িয়াছে। এখন যাহার কথা ভাবিতে তাহার ভাল লাগে, যাহার সাহচর্যের জন্য তার মন উন্মুখ—সে হইল বহু কালের সেই বালিকা সরযু, পৃথিবীতে যে কোথাও আজ আর নাই।

বেশ লাগিতেছিল ওর গল্প। আগ্রহের সঙ্গে বলিলাম, তার পর?

—তার পর ফেরবার পথে দেখা হ'ল। ও একটু পিছিয়ে পড়ল দলের থেকে। আমি বললাম—সরযু, আমি বড় কষ্ট পাচ্ছি, তোমার সঙ্গে দেখাশোনাও বন্ধ, আমার লেখাপড়া হবে না জানি, কেন মিছে কষ্ট পাই, ভাবছি টোল ছেড়ে চলে যাব এ মাসের শেষেই। সরযু কেঁদে ফেললে। বললে—বাবাকে বলো না কেন? সরযুর কান্না দেখে আমি মরীয়া হয়ে উঠলাম। এমনি হয়ত যে কথা কখনও আমার অধ্যাপককে বলতে পারতাম না, তাই ব'লে ফেললাম একদিন।

বিয়ে হওয়ার কোনো বাধা ছিল না, স্বজাতি, স্বঘর। বিয়ে হয়েও গেল।

খুব সহজ ও সাধারণ রোমান্স হয়ত—হয়তো শহরের কোলাহলে বসিয়া শুনিলে এটাকে নিতান্ত ঘরোয়া গ্রাম্য বৈবাহিক ব্যাপার, সামান্য একটু পুতুপুতু ধরনের পূর্বরাগ বলিয়া উড়াইয়া দিতাম। ওখানে ইহার অভিনবত্ব ও সৌন্দর্যে মন মুগ্ধ হইল। দুইটি নরনারী কি করিয়া পরস্পরকে লাভ করিয়াছিল তাহাদের জীবনে, এ-ইতিহাস যে কতখানি রহস্যময়, তাহা বুঝিয়াছিলাম সেদিন।

চা-পান শেষ করিতে সন্ধ্যা উত্তীর্ণ হইয়া আকাশে পাতলা জ্যোৎস্না ফুটিল। ষষ্ঠী কি সপ্তমী তিথি।

আমি বন্দুক লইয়া বলিলাম—চল রাজু, দেখি তোমার ক্ষেতে কোথায় শূওর।

একটা বড় তুঁতুগাছ ক্ষেতের একপাশে। রাজু বলিল—এই গাছের ওপর উঠতে হবে হুজুর। আজ সকালে একটা মাচা বেঁধেছি ওর একটা দো-ডালায়।

আমি দেখিলাম, বিষম মুশকিল। গাছে ওঠা অনেক দিন অভ্যাস নাই। তার উপর এই রাত্রিকালে। কিন্তু রাজু উৎসাহ দিয়া বলিল—কোনো কষ্ট নেই হুজুর। বাঁশ দেওয়া আছে, নীচেই ডালপালা, খুব সহজ ওঠা।

রাজুর হাতে বন্দুক দিয়া ডালে উঠিয়া মাচায় বসিলাম। রাজু অবলীলাক্রমে আমার পিছু পিছু উঠিল। দুজনে জমির দিকে দৃষ্টি রাখিয়া মাচার উপর বসিয়া রহিলাম পাশাপাশি।

জ্যোৎস্না আরও ফুটিল। তুঁতুগাছের দো-ডালা হইতে জ্যোৎস্নালোকে কিছু স্পষ্ট, কিছু অস্পষ্ট জঙ্গলের শীর্ষদেশ ভারি অদ্ভুত ভাব মনে আনিতেছিল। ইহাও জীবনের এক নূতন অভিজ্ঞতা বটে।

একটু পরে চারিপাশের জঙ্গলে শিয়ালের পাল ডাকিয়া উঠিল। সঙ্গে সঙ্গে একটা কালোমত কি জানোয়ার দক্ষিণ দিকের ঘন জঙ্গলের ভিতর হইতে বাহির হইয়া রাজুর ক্ষেতে চুকিল।

রাজু বলিল—ঐ দেখুন হুজুর—

আমি বন্দুক বাগাইয়া ধরলাম, কিন্তু আরও কাছে আসিলে জ্যোৎস্নালোকে দেখা গেল সেটা শূওর নয়, একটা নীলগাই।

নীলগাই মারিবার প্রবৃত্তি হইল না, রাজু মুখে 'দূর দূর' বলিতে সেটা ক্ষিপ্ৰপদে জঙ্গলের দিকে চলিয়া গেল। আমি একটা ফাঁকা আগ্র্যাজ করিলাম।

ঘণ্টা দুই কাটিয়া গেল। দক্ষিণ দিকের সে জঙ্গলটার মধ্যে বনমোরগ ডাকিয়া উঠিল। ভাবিয়াছিলাম দাঁতওয়ালা ধাড়ি শূওরটা মারিব, কিন্তু একটা ক্ষুদ্র শূকর-শাবকেরও টিকি দেখা গেল না। নীলগাইয়ের পিছনে ফাঁকা আওয়াজ করা অত্যন্ত ভুল হইয়াছে।

রাজু বলিল—নেমে চলুন হুজুর, আপনার আবার ভোজনের ব্যবস্থা করতে হবে।

আমি বলিলাম—কিসের ভোজন? আমি কাছারিতে যাব—রাত এখনও দশটা বাজে নি—থাকবার জো নেই। কাল সকালে সার্ভে ক্যাম্পে কাজ দেখতে বেরুতে হবে।

—খেয়ে যান হুজুর।

—এর পর আর নাড়া-বইহারের জঙ্গল দিয়ে একা যাওয়া ঠিক হবে না। এখনই যাই। তুমি কিছু মনে করো না।

ঘোড়ায় উঠিবার সময় বলিলাম—মাঝে মাঝে তোমার এখানে চা খেতে যদি আসি, বিরক্ত হবে না তো?

রাজু বলিল—কি যে বলেন! এই জঙ্গলে একা থাকি, গরিব মানুষ, আমায় ভালবাসেন তাই চা-চিনি এনে তৈরি করিয়ে একসঙ্গে খান। ও কথা বলে আমায় লজ্জা দেবেন না, বাবুজী।

সে-সময় রাজুকে দেখিয়া মনে হইল রাজু এই বয়সেই বেশ দেখিতে, যৌবনে সে যে খুবই সুপুরুষ ছিল, অধ্যাপক-কন্যা সরযু পিতার তরুণ, সুন্দর ছাত্রটির প্রতি আকৃষ্ট হইয়া নিজের সুরূচিরই পরিচয় দিয়াছিল।

রাত্রি গভীর। একা প্রান্তর বাহিয়া আসিতেছি। জ্যোৎস্না অস্ত গিয়াছে। কোনো দিকে আলো দেখা যায় না, এক অদ্ভুত নিস্তরুতা—এ যেন পৃথিবী হইতে জনহীন কোনো অজানা গ্রহলোকে নির্বাসিত হইয়াছি—দীপ্তরেখায় জ্বলজ্বলে বৃশ্চিকরাশি উদিত হইতেছে, মাথার উপরে অন্ধকার আকাশে অগণিত দুতিলোক, নিম্নে লবটুলিয়া বইহারের নিস্তরু অরণ্য, ক্ষীণ নক্ষত্রালোকে পাতলা অন্ধকারে বনঝাউয়ের শীর্ষ দেখা যাইতেছে—দূরে কোথায় শিয়ালের দল প্রহর ঘোষণা করিল—আরও দূরে মোহনপুরা রিজার্ভ ফরেস্টের সীমারেখা অন্ধকারে দীর্ঘ কালো পাহাড়ের মত দেখাইতেছে—অন্য কোন শব্দ নাই, কেবল একধরনের পতঙ্গের একঘেষে একটানা কি-র্-র্-র্ শব্দ ছাড়া; কান পাতিয়া ভাল করিয়া শুনিলে ঐ শব্দের সঙ্গে মিশানো আরও দু-তিনটি পতঙ্গের আওয়াজ শোনা যাইবে। কি অদ্ভুত রোমাঙ্গ এই মুক্ত জীবনে, প্রকৃতির সহিত ঘনিষ্ঠ নিবিড় পরিচয়ের সে কি আনন্দ! সকলের উপর কি একটা অনির্দেশ্য, অব্যক্ত রহস্য মাখানো—কি সে রহস্য জানি না—কিন্তু বেশ জানি সেখান হইতে চলিয়া আসিবার পরে আর কখনও কোথাও সে রহস্যের ভাব মনে আসে নাই।

যেন এই নিস্তরু, নির্জন রাত্রে দেবতারা নক্ষত্ররাজির মধ্যে সৃষ্টির কল্পনায় বিভোর, যে কল্পনায় দূর ভবিষ্যতে নব নব বিশ্বের আবির্ভাব, নব নব সৌন্দর্যের জন্ম, নানা নব প্রাণের বিকাশ বীজরূপে নিহিত। শুধু যে আত্মা নিরলস অবকাশ যাপন করে জ্ঞানের আকুল পিপাসায়, যার প্রাণ বিশ্বের বিরাটত্ব ও ক্ষুদ্রত্বের সম্বন্ধে সচেতন আনন্দে উল্লসিত—জন্মজন্মান্তরের পথ বাহিয়া দূর যাত্রার আশায় যার ক্ষুদ্র, তুচ্ছ বর্তমানের দুঃখ, শোক বিন্দুবৎ মিলাইয়া গিয়াছে—সেই তাঁদের সে রহস্যরূপ দেখিতে পায়। নায়মায়া বলহীনেন লভ্যঃ...

এভারেস্ট শিখরে উঠিয়া যাহারা তুষারপ্রবাহে ও ঝঞ্জায় প্রাণ দিয়াছিল, তাহারা বিশ্বদেবতার এই বিরাট রূপকে প্রত্যক্ষ করিয়াছে...কিংবা কলস্বাস্থ যখন আজোরেস্ট দ্বীপের উপকূলে দিনের পর দিন সমুদ্রবাহিত কাষ্ঠখণ্ডে মহাসমুদ্রপারের অজানা মহাদেশের বার্তা জানিতে চাহিয়াছিলেন—তখন বিশ্বের এই লীলাশক্তি তাঁর কাছে ধরা দিয়াছিল—ঘরে বসিয়া

তামাক টানিয়া প্রতিবেশীর কন্যার বিবাহ ও ধোপা নাপিত বন্ধ করিয়া যাহারা আসিতেছে—
তাহাদের কর্ম নয় ইহার স্বরূপ হৃদয়ঙ্গম করা।

২

মিছি নদীর উত্তর পাড়ে জঙ্গলের ও পাহাড়ের মধ্যে সার্ভে হইতেছিল। এখানে আজ আট-
দশ দিন তাঁবু ফেলিয়া আছি। এখনও দশ-বারো দিন হয়ত থাকিতে হইবে।

স্থানটা আমাদের মহাল হইতে অনেক দূরে, রাজা দোবরু পান্নার রাজত্বের কাছাকাছি।
রাজত্ব বলিলাম বটে, কিন্তু রাজা দোবরু তো রাজ্যহীন রাজা—তাঁহার আবাসস্থলের খানিকটা
নিকটে পর্যন্ত বলা যায়।

বড় চমৎকার জায়গা। একটা উপত্যকা, মুখের দিকটা বিস্তৃত, পিছনের দিক সংকীর্ণ—পূর্বে
পশ্চিমে পাহাড়শ্রেণী—মধ্যে এই অশ্বক্ষুরাকৃতি উপত্যকা—বন্ধুর ও জঙ্গলাকীর্ণ, ছোট বড়
পাথর ছড়ানো সর্বত্র, কাঁটা-বাঁশের বন, আরও নানা গাছপালার জঙ্গল। অনেকগুলি পাহাড়ী
ঝরনা উত্তর দিক হইতে নামিয়া উপত্যকার মুক্ত প্রান্ত দিয়া বাহিরের দিকে চলিয়াছে। এই
সব ঝরনার দু-ধারে বন বড় বেশি ঘন এবং এত দিনের বসবাসের অভিজ্ঞতা হইতে জানি
এই সব জায়গাতেই বাঘের ভয়। হরিণ আছে, বন্য মোরগ ডাকিতে শুনিয়াছি দ্বিতীয় প্রহর
রাত্রে। ফেউয়ের ডাক শুনিয়াছি বটে, তবে বাঘ দেখি নাই বা আওয়াজও পাই নাই।

পূর্বদিকের পাহাড়ের গায়ে একটা প্রকাণ্ড গুহা। গুহার মুখে প্রাচীন বাঁপালো বটগাছ—
দিনরাত শনশন করে। দুপুর রোদে নীল আকাশের তলায় এই জনহীন বন্য উপত্যকা ও গুহা
বহু প্রাচীন যুগের ছবি মনে আনে, যে-যুগে আদিম জাতির রাজাদের হয়ত রাজপ্রাসাদ ছিল
এই গুহাটা, যেমন রাজা দোবরু পান্নার পূর্বপুরুষদের আবাস-গুহা। গুহার দেওয়ালে একস্থানে
কতকগুলো কি খোদাই করা ছিল, সম্ভবত কোনো ছবি—এখন বড়ই অস্পষ্ট, ভালো বোঝা
যায় না। কত বন্য আদিম নরনারীর হাস্য-কলধ্বনি, কত সুখদুঃখ—বর্বর সমাজের অত্যাচারের
কত নয়নজলের অলিখিত ইতিহাস এই গুহার মাটিতে, বাতাসে, পাষণপ্রাচীরের মধ্যে লেখা
আছে—ভাবিতে বেশ লাগে।

গুহামুখ হইতে রশি-দুই দূরে ঝরনার ধারে বনের মধ্যে ফাঁকা জায়গায় একটা গৌড়-
পরিবার বাস করে। দুখানা খুপরি, একখানা ছোট, একখানা একটু বড়, বনের ডালপালার বেড়া,
পাতার ছাউনি। শিলাখণ্ড কুড়াইয়া তাহা দিয়া উনুন তৈয়ারি করিয়াছে আবরণহীন ফাঁকা
জায়গায় খুপরির সামনে। বড় একটা বুনো বাদামগাছের ছায়ায় এদের কুটীর। বাদামের পাকা
পাতা ঝরিয়া পড়িয়া উঠান প্রায় ছাইয়া রাখিয়াছে।

গৌড়-পরিবারের দুটি মেয়ে আছে, তাদের একটির ষোল-সতের বছর বয়স, অন্যটির বছর
চোদ্দ। রং কালো কুচকুচে বটে, কিন্তু মুখশ্রীতে বেশ একটা সরল সৌন্দর্য মাখানো—নিটোল
স্বাস্থ্য। মেয়ে দুটি রোজ সকালে দেখি দু-তিনটি মহিষ লইয়া পাহাড়ে চরাইতে যায়—আবার
সন্ধ্যার পূর্বে ফিরিয়া আসে। আমি তাঁবুতে ফিরিয়া যখন চা খাই, তখন দেখি মেয়ে দুটি আমার
তাঁবুর সামনে দিয়া মহিষ লইয়া বাড়ি ফিরিতেছে।

একদিন বড় মেয়েটি রাস্তার উপর দাঁড়াইয়া তার ছোট্ট বোনকে আমার তাঁবুতে পাঠাইয়া
দিল। সে আসিয়া বলিল—বাবুজী, সেলাম। বিড়ি আছে? দিদি চাইছে।

—তোমরা বিড়ি খাও?

—আমি খাই নে, দিদি খায়। দাও না বাবুজী, একটা আছে?

—আমার কাছে বিড়ি নেই। চুরুট আছে—কিন্তু সে তোমাদের দেবো না। বড় কড়া, খেতে পারবে না।

মেয়েটি চলিয়া গেল।

আমি একটু পরে ওদের বাড়ি গেলাম। আমাকে দেখিয়া গৃহকর্তা খুব বিস্মিত হইল—খাতির করিয়া বসাইল। মেয়ে দুটি শালপাতায় ‘ঘাটো’ অর্থাৎ মকাই-সিন্ধু ঢালিয়া নুন দিয়া খাইতে বসিয়াছে। সম্পূর্ণরূপে নিরূপকরণ মকাইসিন্ধু। তাদের মা কি একটা জ্বাল দিতেছে উনুনে। দুটি ছোট ছোট বালক-বালিকা খেলা করিতেছে।

গৃহকর্তার বয়স পঞ্চাশের উপর। সুস্থ, সবল চেহারা। আমার প্রশ্নের উত্তরে বলিল—তাদের বাড়ি সিউনি জেলাতে। এখানে এই পাহাড়ে মহিষ চরাইবার ঘাস ও পানীয় জল প্রচুর আছে বলিয়া আজ বছর-খানেক হইতে এখানে আছে। তা ছাড়া এখানকার জঙ্গলের কাঁটা-বাঁশে ধামা চূপড়ি ও মাথায় দিবার টোকা তৈরি করিবার খুব সুবিধা। শিবরাত্রির সময় অখিলকুচার মেলায় বিক্রি করিয়া দু’পয়সা হয়।

জিজ্ঞাসা করিলাম—এখানে কতদিন থাকবে?

—যতদিন মন যায়, বাবুজী। তবে এ-জায়গাটা বড় ভাল লেগেছে, নইলে এক বছর আমরা কোথাও বড় একটানা থাকি না। এখানে একটা বড় সুবিধা আছে, পাহাড়ের ওপর জঙ্গলে এত আতা ফলে—দু-ঝুড়ি করে গাছ-পাকা আতা আশ্বিন মাসে আমার মেয়েরা মহিষ চরাতে গিয়ে পেড়ে আনতো—শুধু আতা খেয়ে আমরা মাস-দুই কাটিয়েছি। আতার লোভেই এখানে থাকা। জিজ্ঞেস করুন না ওদের।

বড় মেয়েটি খাইতে খাইতে উজ্জ্বল মুখে বলিল—উঃ, একটা জায়গা আছে, ওই পূর্বদিকের পাহাড়ের কোণের দিকে কত যে বুনো আতা গাছ, ফল পেকে ফেটে কত মাটিতে পড়ে থাকে, কেউ খায় না। আমরা ঝুড়ি ঝুড়ি তুলে আনতাম।

এমন সময়ে কে একজন ঘন-বনের দিক হইতে আসিয়া খুপরি সন্মুখে দাঁড়াইয়া বলিল—সীতারাম, সীতারাম, জয় সীতারাম—একটু আগুন দিতে পারো?

গৃহকর্তা বলিল—আসুন বাবাজী, বসুন।

দেখিলাম জটাভূটধারী একজন বৃদ্ধ সাধু। সাধু ইতিমধ্যে আমায় দেখিতে পাইয়া একটু বিস্ময়ের ও বোধ হয় কথঞ্চিৎ ভয়ের সঙ্গেও, একটু সংকুচিত হইয়া একপাশে দাঁড়াইয়া ছিল।

আমি বলিলাম—প্রণাম, সাধু বাবাজী—

সাধু আশীর্বাদ করিল বটে, কিন্তু তখনও যেন তাহার ভয় যায় নাই।

তাহাকে সাহস দিবার জন্য বলিলাম—কোথায় থাকা হয় বাবাজীর?

আমার কথায় উত্তর দিল গৃহস্বামী। বলিল—বড্ড গজাড জঙ্গলের মধ্যে উনি থাকেন, ওই দুই পাহাড় যেখানে মিশেছে, ওই কোণে। অনেক দিন আছেন এখানে।

বৃদ্ধ সাধু ইতিমধ্যে বসিয়া পড়িয়াছে। আমি সাধুর দিকে চাহিয়া বলিলাম—কতদিন এখানে আছেন?

এবার সাধুর ভয় ভাঙিয়াছে, বলিল—আজ পনেরো-ষোল বছর, বাবুসাহেব।

—একা থাকা হয় তো? বাঘ আছে শুনেছি এখানে, ভয় করে না?

—আর কে থাকবে বাবুসাহেব? পরমাত্মার নাম নিই—ভয়ডর করলে চলবে কেন? আমার বয়স কত বল তো বাবুসাহেব?

ভাল করিয়া লক্ষ করিয়া বলিলাম—সত্তর হবে।

সাধু হাসিয়া বলিল—না বাবুসাহেব, নব্বুইয়ের ওপর হয়েছে। গয়ার কাছে এক জঙ্গলে ছিলাম দশ বছর। তারপর ইজারাদার জঙ্গলের গাছ কাটতে লাগল, ক্রমে সেখানে লোকের বাস হয়ে পড়ল। সেখান থেকে পালিয়ে এলাম। লোকালয়ে থাকতে পারি নে।

—সাধু বাবাজী, এখানে একটা গুহা আছে, তুমি সেখানে থাক না কেন?

—একটা কেন বাবুসাহেব, কত গুহা আছে এ-পাহাড়ে। আমি ওদিকে যেখানে থাকি সেটাও ঠিক গুহা না হ'লেও গুহার মত বটে। মানে তার মাথায় ছাদ ও দু-দিকে দেয়াল আছে—সামনেটা কেবল খোলা।

—কি খাও? ভিক্ষা কর?

—কোথাও বেরুই নে বাবুসাহেব। পরমাশ্রমি আহার জুটিয়ে দেন। বাঁশের কোঁড় সেদ্ধ খাই, বনে এক রকম কন্দ হয় তা ভারি মিষ্টি, লাল আলুর মত খেতে, তা খাই। পাকা আমলকী ও আতা এ-জঙ্গলে খুব পাওয়া যায়। আমলকী খুব খাই, রোজ আমলকী খেলে মানুষ হঠাৎ বুড়ো হয় না, যৌবন ধরে রাখা যায় বহু দিন। গাঁয়ের লোকে মাঝে মাঝে দর্শন করতে এসে দুধ, ছাতু, ভুরা দিয়ে যায়। চলে যাচ্ছে এই সবে একরকম করে।

—বাঘ-ভালুকের সামনে পড়েছ কখনও?

—কখনও না। তবে ভয়ানক এক জাতের অজগর সাপ দেখেছি এই জঙ্গলে—এক জয়গায় অসাড় হয়ে পড়েছিল—তালগাছের মত মোটা, মিশ্ কালো, সবুজ আর রাঙা আঁজি কাটা গায়ে। চোখ আঙনের ভাঁটার মত জ্বলছে। এখনও সেটা এই জঙ্গলেই আছে। তখন সেটা জলের ধারে পড়েছিল, বোধ হয় হরিণ ধরবার লোভে। এখন কোনও গুহাগহুরে লুকিয়ে আছে। আচ্ছা যাই বাবুসাহেব, রাত হয়ে গেল।

সাধু আশুন লইয়া চলিয়া গেল। শুনিলাম মাঝে মাঝে সাধুটি এদের এখানে আশুন লইতে আসিয়া কিছুক্ষণ গল্প করিয়া যায়।

অন্ধকার পূর্বেই হইয়াছিল, এখন একটু মেটে মেটে জ্যোৎস্না উঠিয়াছে। উপত্যকার বনানী অদ্ভুত নীরবতায় ভরিয়া গিয়াছে। কেবল পার্শ্বস্থ পাহাড়ী ঝরনার কুলু কুলু শ্রোতের ধ্বনি ও কচিৎ দু-একটা বন্য মোরগের ডাক ছাড়া কোনো শব্দ কানে আসে না।

তাঁবুতে ফিরিলাম। পথে বড় একটা শিমুলগাছে ঝাঁক ঝাঁক জোনাকী জ্বলিতেছে, ঘুরিয়া ঘুরিয়া চক্রাকারে, উপর হইতে নীচ দিকে, নীচ হইতে উপরের দিকে—নানারূপ জ্যামিতির ক্ষেত্র অঙ্কিত করিয়া আলো-আঁধারের পটভূমিতে।

৩

এখানেই একদিন আসিল কবি বেক্টেশ্বর প্রসাদ। লম্বা, রোগা চেহারা, কালো সার্জের কোট গায়ে, আধময়লা ধুতি পরনে, মাথার চুল রক্ষ ও এলোমেলো, বয়স চল্লিশ ছাড়াইয়াছে।

ভাবিলাম চাকুরির উমেদার। বলিলাম—কি চাই?

সে বলিল—বাবুজীর (ছেজুর বলিয়া সম্বোধন করিল না) দর্শনপ্রার্থী হয়ে এসেছি। আমার নাম বেক্টেশ্বর প্রসাদ। বাড়ি বিহার শরীফ, পাটনা জিলা। এখানে চক্‌মকিটোলায় থাকি, তিন মাইল দূর এখান থেকে।

—ও, তা এখানে কি জন্যে?

—বাবুজী যদি দয়া করে অনুমতি করেন, তবে বলি। আপনার সময় নষ্ট করছি নে?

তখন, আমি ভাবিতেছি লোকটা চাকুরির জন্যই আসিয়াছে। কিন্তু ‘হুজুর’ না বলাতে সে আমার শ্রদ্ধা আকর্ষণ করিয়াছিল। বলিলাম—বসুন, অনেক দূর থেকে হেঁটে এসেছেন এই গরমে।

আর একটি বিষয় লক্ষ্য করিলাম—লোকটির হিন্দী খুব মার্জিত। সেরকম হিন্দীতে আমি কথা বলিতে পারি না। সিপাহী পিয়াদা ও গ্রাম্য প্রজা লইয়া আমার কারবার, আমার হিন্দী তাহাদের মুখে শেখা দেহাতী বুলির সহিত বাংলা ইডিয়ম মিশ্রিত একটা জগাখিচুড়ী ব্যাপার। এ-ধরনের ভদ্র ও পরিমার্জিত ভব্য হিন্দী কখনও শুনি নাই, তা বলিব কিরূপে, সুতরাং একটু সাবধানের সহিত বলিলাম—কি আপনার আসার উদ্দেশ্য বলুন!

সে বলিল—আমি আপনাকে কয়েকটি কবিতা শুনাতে এসেছি।

দস্তুরমত বিস্মিত হইলাম। এই জঙ্গলে আমাকে কবিতা শোনাইতে আসিবার এমন কি গরজ পড়িয়াছে লোকটির, হইলই বা কবি?

বলিলাম—আপনি একজন কবি? খুব খুশি হলাম। আপনার কবিতা খুব আনন্দের সঙ্গে শুনব। কিন্তু আপনি কি করে আমার সন্ধান পেলেন?

—এই মাইল-তিন দূরে আমার বাড়ি। পাহাড়ের ঠিক ওপারেই। আমাদের গ্রামে সবাই বলছিল কলকাতা থেকে এক বাংগালি বাবু এসেছেন। আপনাদের কাছে বিদ্যার বড় আদর, কারণ আপনারা নিজে বিদ্বান। কবি বলেছেন—

বিদ্বৎসু সৎকবিবাচা লভতে প্রকাশং

ছাত্রেষু কুটুমলসমং তৃণবজ্জডেযু।

বেঙ্কটেশ্বর প্রসাদ আমায় কবিতা শোনাইল। কোনো একটা রেল-লাইনের টিকিট চেকার, বুকিং ক্লার্ক, স্টেশন-মাস্টার, গার্ড প্রভৃতির নামের সঙ্গে জড়াইয়া এক সুদীর্ঘ কবিতা। কবিতা খুব উঁচুদরের বলিয়া মনে হইল না। তবে আমি বেঙ্কটেশ্বর প্রসাদের প্রতি অবিচার করিতে চাই না। তাহার ভাষা আমি ভাল বুঝি নাই—সত্য কথা বলিতে গেলে, বিশেষ কিছুই বুঝি নাই। তবুও মাঝে মাঝে উৎসাহ ও সমর্থন-সূচক শব্দ উচ্চারণ করিয়া গেলাম।

বহুক্ষণ কাটিয়া গেল। বেঙ্কটেশ্বর প্রসাদ কবিতাপাঠ থামায় না, উঠিবার নাম করা তো দূরের কথা।

ঘণ্টা দুই পরে সে একটু চুপ করিয়া হাসি-হাসি মুখে বলিল—কি রকম লাগলো বাবুজীর?

বলিলাম—চমৎকার। এমন কবিতা খুব কমই শুনেছি। আপনি কোনো পত্রিকায় আপনার কবিতা পাঠান না কেন?

বেঙ্কটেশ্বর দুঃখের সহিত বলিল—বাবুজী, এদেশে আমাকে সবাই পাগল বলে। কবিতা বুঝবার মানুষ এ-সব জায়গায় কি আছে ভেবেছেন? আপনাকে শুনিয়া আমার আজ তৃপ্তি হ’ল। সমঝদারকে এ-সব শোনাতে হয়। তাই আপনার কথা শুনেই আমি ভেবেছিলাম একদিন সময়মত এসে আপনাকে ধরতে হবে।

সেদিন সে বিদায় লইল কিন্তু পরদিন বৈকালে আসিয়া আমায় পীড়াপীড়ি করিতে লাগিল তাহাদের গ্রামে তাহাদের বাড়িতে আমায় একবার যাইতে। অনুরোধ এড়াইতে না পারিয়া তাহার সহিত পায়ে হাঁটিয়া চকমকিটোলা রওনা হইলাম।

বেলা পড়িয়াছে। সম্মুখে গম-যবের ক্ষেত্রে বহুদূর জুড়িয়া উত্তর দিকের পাহাড়ের ছায়া পড়িয়াছে। কেমন একটা শান্তি চারিধারে, সিল্লী পাখীর ঝাঁক কাঁটা-বাঁশঝাড়ের উপর উড়িয়া

আসিয়া বসিতেছে, গ্রাম্য বালক-বালিকারা এক জায়গায় বরনার জলে ছোট ছোট কি মাছ ধরিবার চেষ্টা করিতেছে।

গ্রামের মধ্যে ঠাসাঠাসি বসতি। চালে চালে বাড়ি, অনেক বাড়িতেই উঠান বলিয়া জিনিস নাই। মাঝারিগোছের একখানা খোলা-ছাওয়া বাড়িতে বেঙ্কটেশ্বর প্রসাদ আমায় লইয়া গিয়া তুলিল। রাস্তার ধারেই তার বাড়ির বাইরের ঘর, সেখানে একখানা কাঠের চৌকিতে বসিলাম। একটু পরে কবিগৃহিণীকেও দেখিলাম—তিনি স্বহস্তে দইবড়া ও মকাইভাজা আমার জন্য লইয়া যে চৌকিতে বসিয়াছিলাম তাহারই একপ্রান্তে স্থাপন করিলেন বটে, কিন্তু কথা কহিলেন না, যদিও তিনি অবগুণ্ঠনবতীও ছিলেন না। বয়স চকিশ-পঁচিশ হইবে, রং তত ফর্সা না হইলেও মন্দ নয়, মুখশ্রী বেশ শান্ত, সুন্দরী বলা না গেলেও কবিপত্নী কুরূপা নহেন। ধরনধারণের মধ্যে একটি সরল, অনায়াসশিষ্টতা ও শ্রী।

আর একটা জিনিস লক্ষ্য করিলাম—কবিগৃহিণীর স্বাস্থ্য। কি জানি কেন এদেশে যেখানে গিয়াছি, মেয়েদের স্বাস্থ্য সর্বত্র বাংলা দেশের মেয়েদের চেয়ে বহুগুণে ভাল বলিয়া মনে হইয়াছে। মোটা নয়, অথচ বেশ লম্বা, নিটোল, আঁটসাঁট গড়নের মেয়ে এদেশে যত বেশি, বাংলা দেশে তত দেখি নাই। কবিগৃহিণীও ওই ধরনের মেয়েটি।

একটু পরে তিনি এক বাটি মহিষের দুধের দই খাটিয়ার একপাশে রাখিয়া সরিয়া দরজার কবাটের আড়ালে দাঁড়াইলেন। শিকল নাড়ার শব্দ শুনিয়া বেঙ্কটেশ্বর প্রসাদ উঠিয়া স্ত্রীর নিকটে গেল এবং তখনই হাসিমুখে আসিয়া বলিল—আমার স্ত্রী বলছে আপনি আমাদের বন্ধু হয়েছেন, বন্ধুকে একটু ঠাণ্ডা করতে হয় কিনা তাই দইয়ের সঙ্গে বেশি কঁরে পিপুল গুঁট ও লঙ্কার গুঁড়ো মেশানো রয়েছে।

আমি হাসিয়া বলিলাম—তা যদি হয় তবে আমার একা কেন, সকলের চোখ দিয়ে যাতে জল বের হয় তার জন্য আমি প্রস্তাব করছি এই দই আমরা তিনজনেই খাব। আসুন—।

কবিপত্নী দরজার আড়াল হইতে হাসিলেন। আমি ছাড়িবার পাত্র নই, দই তাঁহাকেও খাওয়াইয়া ছাড়িলাম।

একটু পরে কবিপত্নী বাড়ির মধ্যে চলিয়া গেলেন এবং একটা থালা হাতে আবার ফিরিয়া আসিয়া খাটিয়ার প্রান্তে থালাটি রাখিলেন, এবার আমার সামনেই চাপা, কৌতুকমিশ্রিত সুরে আমাকে শুনাইয়া বলিলেন—বাবুজীকে বল এইবার ঘরের তৈরি প্যাঁড়া খেয়ে গালের জ্বলুনি খামান।

কি সুন্দর মিস্তি মেয়েলি ঠেঁট হিন্দী বুলি!

বড় ভাল লাগে এ-অঞ্চলের মেয়েদের মুখে এই হিন্দীর টানটি। নিজে ভাল হিন্দী বলিতে পারি না বলিয়া আমার কথ্য হিন্দীর প্রতি বেজায় আকর্ষণ। বইয়ের হিন্দী নয়—এই সব পল্লীপ্রান্তে, পাহাড়তলীতে, বনদেশের মধ্যে বিস্তীর্ণ শ্যামল যব গম-ক্ষেতের পাশে, চলনশীল চামড়ার রহট্ যেখানে মহিষের দ্বারা ঘূর্ণিত হইয়া ক্ষেতে ক্ষেতে জল সেচন করিতেছে, অস্তসূর্যের ছায়া-ভরা অপরাহ্নে দূরের নীলাভ শৈলশ্রেণীর দিকে উড়ন্ত বালিহাঁস বা সিল্লী বা বকের দল যেখানে একটা দূরবিসর্পী ভূপৃষ্ঠের আভাস বহন করিয়া আনে—সেখানকার সে হঠাৎ-শেষ-হইয়া-যাওয়া, কেমন যেন আধ-আধ, ভাঙা-ভাঙা ক্রিয়াপদযুক্ত এক ধরনের ভাষা, যাহা বিশেষ করিয়া মেয়েদের মুখে সাধারণত শোনা যায়—তাহার প্রতি আমার টান খুব বেশি। হঠাৎ আমি কবিকে বলিলাম—দয়া কঁরে দু-একটা কবিতা পড়ুন না আপনার?

বেঙ্কটেশ্বর প্রসাদের মুখ উৎসাহে উজ্জ্বল দেখাইল। একটি গ্রাম্য প্রেম-কাহিনী লইয়া কবিতা

লিখিয়াছে, সেটি পড়িয়া শুনাইল। ছোট্ট একটি খালের এ-পারের মাঠে এক তরুণ যুবক বসিয়া ভুট্টার ক্ষেত পাহারা দিত, খালের ওপারের ঘাটে একটি মেয়ে আসিত নিত্য কলসী-কাঁখে জল ভরিতে। ছেলোট ভাবিত মেয়েটি বড় সুন্দর। অন্য দিকে মুখ ফিরাইয়া শিস দিয়া গান করিত, ছাগল গরু তাড়াইত, মাঝে মাঝে মেয়েটির দিকে চাহিয়া দেখিত। কত সময়ে দুজনের চোখাচোখি হইয়া গিয়াছে। অমনি লজ্জায় লাল হইয়া কিশোরী চোখ নামাইয়া লইত। ছেলোট রোজ ভাবিত, কাল সে মেয়েটিকে ডাকিয়া কথা কহিবে। বাড়ি ফিরিয়া সে মেয়েটির কথা ভাবিত। কত কাল কাটিয়া গেল, কত 'কাল' আসিল, কত চলিয়া গেল—মনের কথা আর বলা হইল না। তার পর একদিন মেয়েটি আসিল না, পরদিনও আসিল না ; দিন, সপ্তাহ, মাস কাটিয়া গেল, কোথায় সে প্রতিদিনের সুপরিচিতা কিশোরী? ছেলোট হতশ হইয়া রোজ রোজ ফিরিয়া আসে মাঠ হইতে—ভীৰু-প্রেমিক সাহস করিয়া কাহাকেও কিছু জিজ্ঞাসা করিতে পারে না।...ক্রমে ছেলোটিকে দেশ ছাড়িয়া অন্যত্র চাকুরি লইতে হইল। বহুকাল কাটিয়া গিয়াছে। কিন্তু ছেলোটি সেই নদীর ঘাটের রূপসী বালিকাকে আজও ভুলিতে পারে নাই।

দূরের নীল শৈলমালা ও দিগন্তবিস্তারী শস্যক্ষেত্রের দিকে চোখ রাখিয়া প্রায়াক্ষকার সম্ভাষ্য এই কবিতাটি শুনিতে শুনিতে কতবার মনে হইল, এ কি বেঙ্কটেশ্বর প্রসাদেরই নিজের জীবনের অভিজ্ঞতা? কবি-প্রিয়ার নাম রুক্মা, কারণ ঐ নামে কবি একটি কবিতা লিখিয়াছে, পূর্বে আমাকে তাহা শুনাইয়াছিল। ভাবিলাম এমন গুণবতী, সুরূপা রুক্মাকে পাইয়াও কি কবির বাল্যের সে দুঃখ আজও দূর হয় নাই?

আমাকে তাঁবুতে পৌছিয়া দিবার সময়ে বেঙ্কটেশ্বর প্রসাদ একটি বড় বটগাছ দেখাইয়া বলিল—ঐ যে গাছ দেখছেন বাবুজী, ওর তলায় সেবার সভা হয়েছিল, অনেক কবি মিলে কবিতা পড়েছিল। এদেশে বলে মুসায়েরা। আমারও নিমন্ত্রণ ছিল। আমার কবিতা শুনে পাটনার ঈশ্বরীপ্রসাদ দুবে—চেনেন ঈশ্বরীপ্রসাদকে? ভারি এলেমদার লোক, 'দূত' পত্রিকার সম্পাদক—নিজেও একজন ভাল কবি—আমায় খুব খাতির করেছিলেন।

কথা শুনিয়া মনে হইল বেঙ্কটেশ্বর জীবনে এই একবারই সভাসমিতিতে দাঁড়াইয়া নিজের কবিতা আবৃত্তি করিবার নিমন্ত্রণ পাইয়াছিল এবং সেদিনটি তাহার জীবনে একটা খুব বড় ও স্মরণীয় দিন গিয়াছে। এত বড় সম্মান আর কখনও সে পায় নাই।

ত্রয়োদশ পরিচ্ছেদ

১

প্রায় তিনমাস পরে নিজের মহালে ফিরিব। সার্ভের কাজ এতদিনে শেষ হইল।

এগারো ক্রোশ রাস্তা। এই পথেই সেবার সেই পৌষ সংক্রান্তির মেলায় আসিয়াছিলাম—সেই শাল-পলাশের বন, শিলাখণ্ড-ছড়ানো মুক্ত প্রান্তর, উঁচু-নিচু শৈলমালা। ঘণ্টা-দুই চলিয়া আসিবার পরে দূরে দিখলয়ের কোলে একটি ধূসর রেখা দেখা গেল—মোহনপুরা রিজার্ভ ফরেস্ট।

এই পরিচিত দিক্জ্ঞাপক দৃশ্যটি আজ তিনমাস দেখি নাই। এতদিন এখানে আসিয়া আমাদের লবটুলিয়া ও নাঢ়া-বইহারের উপর এমন একটা টান জন্মিয়া গিয়াছে যেন ইহাদের ছাড়িয়া বেশি দিন কোথাও থাকিলে কষ্ট হয়, মনে হয় দেশ ছাড়িয়া বিদেশে আছি। আজ তিনমাস পরে মোহনপুরা রিজার্ভ ফরেস্টের সীমারেখা দেখিয়া প্রবাসীর স্বদেশে প্রত্যাবর্তনের আনন্দ অনুভব করিলাম, যদিচ এখনও লবটুলিয়ার সীমানা এখান হইতে সাত-আট মাইল দূরে হইবে।

ছোট একটা পাহাড়ের নীচে এক জায়গায় অনেকখানি জুড়িয়া জঙ্গল কাটিয়া কুসুম-ফুলের আবাদ করিয়াছিল—এখন পাকিবার সময়, কাটুনি জনেরা ক্ষেতে কাজ করিতেছে।

আমি ক্ষেতের পাশের রাস্তা দিয়া যাইতেছি, হঠাৎ ক্ষেতের দিক হইতে কে আমায় ডাকিল—বাবুজী, ও বাবুজী—বাবুজী—

চাহিয়া দেখি, আর বছরের সেই মঞ্চী। বিস্মিত হইলাম, আনন্দিতও হইলাম। ঘোড়া থামাইতেই মঞ্চী হাসিমুখে কাস্তে-হাতে ছুটিয়া আসিয়া ঘোড়ার পাশে দাঁড়াইল। বলিল—আমি দূর থেকেই ঘোড়া দেখে মালুম করেছি। কোথায় গিয়েছিলেন বাবুজী?

মঞ্চী ঠিক তেমনই আছে দেখিতে—বরং আরও একটু স্বাস্থ্যবতী হইয়াছে। কুসুম-ফুলের পাপড়ির গুঁড়া লাগিয়া তাহার হাতখানা ও পরনের শাড়ির সামনের দিকটা রাস্তা।

বলিলাম—বহরাবুরু পাহাড়ের নীচে কাজ পড়েছিল, সেখানে তিনমাস ছিলাম। সেখান থেকে ফিরছি। তোমরা এখানে কি করছ?

—কুসুম-ফুল কাটছি, বাবুজী। বেলা হয়ে গিয়েছে, এবেলা নামুন এখানে। এঁ তো কাছেই খুপরি।

আমার কোনো আপত্তি টিকিল না। মঞ্চী কাজ ফেলিয়া আমাকে তাহাদের খুপরিতে লইয়া চলিল। মঞ্চীর স্বামী নকছেদী ভকৎ আমার আসার সংবাদ শুনিয়া ক্ষেত হইতে আসিল।

নকছেদী ভকতের প্রথম পক্ষের স্ত্রী খুপরের মধ্যে রান্নার কাজ করিতেছিল, সেও আমাকে দেখিয়া খুশি হইল।

তবে মঞ্চী সকল কাজে অগ্রণী। সে আমার জন্য গমের খড় পাতিয়া পুরু করিয়া বসিবার আসন করিল। একটি ছোট বাটিতে মছয়ার তৈল আনিয়া আমাকে স্নান করিয়া আসিতে বলিল।

বলিল—চলুন আমি সঙ্গে ক'রে নিয়ে যাচ্ছি—এঁ টোলার দক্ষিণে একটা ছোট্ট কুণ্ডী আছে। বেশ জল।

বলিলাম—সে জলে আমি নাইব না মঞ্চী। টোলাসুদ্ধ লোক সেই জলে কাপড় কাচে, মুখ ধোয়, স্নান করে, বাসনও মাজে। সে জল বড় খারাপ হবে। তোমরা কি এখানে সেই জলই খাচ্ছ? তাহলে আমি উঠি। ও জল আমি খাব না।

মঞ্চী ভাবনায় পড়িয়া গেল। বোঝা গেল ইহারাও সেই জল ছাড়া অন্য জল পাইবে কোথায় যে খাইবে না! না খাইয়া উপায় কি?

মঞ্চীর বিষণ্ণ মুখ দেখিয়া আমার কষ্ট হইল। এই দূষিত জল ইহারা মনের আনন্দে পান করিয়া আসিতেছে, কখনও ভাবে নাই এ-জলে আবার কি থাকিতে পারে, আজ আমি যদি জলের অজুহাতে ইহাদের আতিথ্য গ্রহণ না করিয়া চলিয়া যাই, সরলপ্রাণ মেয়েটি মনে বড় আঘাত পাইবে।

মঞ্চীকে বলিলাম—বেশ, এঁ জল খুব ক'রে ফুটিয়ে নাও—তবে খাব। স্নান করা থাক্ গে।

মঞ্চী বলিল—কেন বাবুজী, আমি আপনাকে এক টিন জল ফুটিয়ে দিচ্ছি, তাতেই আপনি স্নান করুন। এখনও তেমন বেলা হয় নি। আমি জল নিয়ে আসছি, বসুন।

মঞ্চী জল আনিয়া রান্নার যোগাড় করিয়া দিল। বলিল—আমার হাতে তো খাবেন না বাবুজী, আপনি নিজেই রাঁধুন তবে!

—কেন খাব না, তুমি যা পার তাই রাঁধো।

—তা হবে না বাবুজী, আপনিই রাঁধুন। একদিনের জন্যে আপনার জাত কেন মারব? আমার পাপ হবে।

—কিছু হবে না। আমি তোমাকে বলছি, এতে কোনো দোষ হবে না।

অগত্যা মঞ্চী রাঁধিতে বসিল। রাঁধিবার আয়োজন বিশেষ কিছু নয়—খানকতক মোটা মোটা হাতে-গড়া রুটি ও বুনো ধুঁধুলের তরকারি। নক্ছেদী কোথা হইতে এক তাঁড় মহিষের দুধ যোগাড় করিয়া আনিল।

রাঁধিতে বসিয়া মঞ্চী এতদিন কোথায় কোথায় ঘুরিয়াছে, সে গল্প করিতে লাগিল। পাহাড়ের অঞ্চলে কলাই কাটিতে গিয়া একটা রামছাগলের বাচ্চা পুষিয়াছিল, সেটা কি করিয়া হারাইয়া গেল সে-গল্পও আমাকে ঠায় বসিয়া শুনিতে হইল।

আমায় বলিল—বাবুজী, কাঁকোয়াড়া-রাজের জমিদারিতে যে গরম জলের কুণ্ড আছে, জানেন? আপনি তো কাছাকাছি গিয়েছিলেন, সেখানে যান নি?

আমি বলিলাম, কুণ্ডের কথা শুনিয়াছি, কিন্তু সেখানে যাওয়া আমার ঘটে নাই।

মঞ্চী বলিল—জানেন বাবুজী, আমি সেখানে নাইতে গিয়ে মার খেয়েছিলাম। আমাকে নাইতে দেয় নি।

মঞ্চীর স্বামী বলিল—হাঁ, সে এক কাণ্ড বাবুজী। ভারি বদমাইস সেখানকার পাণ্ডার দল।

বলিলাম—ব্যাপারখানা কি?

মঞ্চী স্বামীকে বলিল—তুমি বল না বাবুজীকে। বাবুজী কলকাতায় থাকেন, উনি লিখে দেবেন। তখন বদমাইশ গুণ্ডারা মজা টের পাবে।

নক্ছেদী বলিল—বাবুজী, ওর মধ্যে সূর্য-কুণ্ড খুব ভাল জায়গা। যাত্রীরা সেখানে স্নান করে। আমরা আমলাতলীর পাহাড়ের নীচে কলাই কাটছিলাম, পূর্ণিমার যোগ পড়লো কিনা! মঞ্চী নাইতে গেল ক্ষেতের কাজ বন্ধ রেখে। আমার সেদিন জ্বর, আমি নাইবো না। বড়বৌ তুলসীও গেল না, ওর তত ধর্মের বাতিক নেই। মঞ্চী সূর্য-কুণ্ডে নামতে যাচ্ছে, পাণ্ডারা বলেছে—এই, ওখানে কেন নামছিস? ও বলেছে—জলে নাইবো। তারা বলেছে—তুই কি জাত? ও বলেছে—গাঙ্গোতা। তখন তারা বলেছে—গাঙ্গোতীনকে আমরা নাইতে দিই নে কুণ্ডের জলে, চলে যা। ও তো জানেন তেজী মেয়ে। ও বলেছে—এ তো পাহাড়ী ঝরনা, যে-সে নাইতে পারে। ঐ তো কত লোক নাইছে। ওরা কি সকলে ব্রাহ্মণ আর ছত্রী? বলে যেমন নামতে গিয়েছে, দুজন ছুটে এসে ওকে টেনে-হিঁচড়ে মারতে মারতে সেখান থেকে তাড়িয়ে দিলে। ও কাঁদতে কাঁদতে ফিরে এল।

—তার পর কি হ'ল?

—কি হবে বাবুজী? আমরা গরীব গাঙ্গোতা কাটনি মজুর। আমাদের ফরিয়াদ কে শুনবে। আমি বলি, কাঁদিস্ নে, তোকে আমি মুঙ্গেরের সীতাকুণ্ডে নাইয়ে আনবো।

মঞ্চী বলিল—বাবুজী, আপনি একটু লিখে দেবেন তো কথাটা! আপনাদের বাঙালী বাবুদের কলমের খুব জোর। পাজীগুলো জন্ম হয়ে যাবে।

উৎসাহের সহিত বলিলাম—নিশ্চয়ই লিখবো।

তাহার পর মঞ্চী পরম যত্নে আমায় খাওয়াইল। বড় ভাল লাগিল তাহার আগ্রহ ও সেবায়ত্ন।

বিদায় লইবার সময় তাহাকে বার-বার বলিলাম—সামনের বৈশাখ মাসে যব গম কাটুনির সময় তারা যেন নিশ্চয়ই আমাদের লবটুলিয়া-বইহারে যায়।

মঞ্চী বলিল—ঠিক যাব বাবুজী। সে কি আপনাকে বলতে হবে!

মঞ্চীর আতিথ্য গ্রহণ করিয়া চলিয়া আসিবার সময় মনে হইল, আনন্দ, স্বাস্থ্য ও সারল্যের প্রতিমূর্তি যেন সে। এই বনভূমির সে যেন বনলক্ষ্মী, পরিপূর্ণ-যৌবনা, প্রাণময়ী, তেজস্বিনী অথচ মুগ্ধা, অনভিজ্ঞা, বালিকাস্বভাবা।

বাঙালীর কলমের উপর অসীম নির্ভরশীলা এই বন্য মেয়েটির নিকট সেদিন যে অসীকার করিয়া আসিয়াছিলাম, আজ তাহা পালন করিলাম—জানি না ইহাতে এককাল পরে তাহার কি উপকার হইবে! এতদিন সে কোথায়, কি ভাবে আছে, বাঁচিয়া আছে কি না, তাহাই বা কে জানে?

২

শ্রাবণ মাস। নবীন মেঘে ঢল নামিয়াছে অনেক দিন, নাচা ও লবটুলিয়া-বইহারে কিংবা গ্র্যাণ্ট সাহেবের বটতলায় দাঁড়াইয়া চারিদিকে চাও, শুধুই দেখ সবুজের সমুদ্রের মত নবীন কচি কাশবন।

একদিন রাজা দোবরু পান্নার চিঠি পাইয়া শ্রাবণ-পূর্ণিমায় তাঁর ওখানে ঝুলনোৎসবের নিমন্ত্রণ রক্ষা করিতে চলিলাম। রাজু ও মটুকনাথ ছাড়িল না, আমার সঙ্গে তাহারাও চলিল। হাঁটিয়া যাইবে বলিয়া উহারা রওনা হইল আমার আগেই।

বেলা দেড়টার সময় ডোঙায় মিছি নদী পার হইলাম। দলের সকলের পার হইতে আড়াইটা বাজিয়া গেল। দলটিকে পিছনে ফেলিয়া তখন ঘোড়া ছুটাইয়া দিলাম।

ঘন মেঘ করিয়া আসিল পশ্চিমে। তার পরেই নামিল বন্ম বন্ম বর্ষা।

কি অপূর্ব বর্ষার দৃশ্য দেখিলাম সেই অরণ্য-প্রান্তরে! মেঘে মেঘে দিগন্তের শৈলমালা নীল, থমকানো কালো বিদ্যুৎগর্ভ মেঘে আকাশ ছাইয়া আছে, কচিৎ পথের পাশের শাল কি কেঁদ শাখায় ময়ূর পেখম মেলিয়া নৃত্যপরায়ণ, পাহাড়ী ঝরনার জলে গ্রাম্য বালক-বালিকা মহা উৎসাহে শাল-কাটির ও বন্য বাঁশের ঘুনি পাতিয়া কুচো মাছ ধরিতেছে, ধূসর শিলাখণ্ড ভিজিয়া কালো দেখাইতেছে, তাহার উপর বসিয়া মহিষের রাখাল কাঁচা শালপাতার লম্বা বিড়ি টানিতেছে। শান্ত স্তব্ধ দেশ—অরণ্যের পর অরণ্য, প্রান্তরের পর প্রান্তর, শুধুই ঝরনা, পাহাড়ী গ্রাম, মরুম-ছড়ানো রাঙা মাটির জমি, কচিৎ কোথাও পুষ্পিত কদম্ব বা পিয়াল বৃক্ষ।

সম্ভ্যার পূর্বে আমি রাজা দোবরু পান্নার রাজধানীতে পৌঁছিয়া গেলাম।

সেবারকার সেই খড়ের ঘরখানা অতিথিদের অভ্যর্থনার জন্য চমৎকার করিয়া লেপিয়া পুঁছিয়া রাখা হইয়াছে। দেওয়ালে গিরিমাটির রং, পদ্ম গাছ ও ময়ূর আঁকা, শাল কাঠের খুঁটির গায়ে লতা ও ফুল জড়ানো। আমার বিছানা এখনও আসিয়া পৌঁছায় নাই, আমি ঘোড়ায় আগেই পৌঁছিয়াছিলাম—কিন্তু তাহাতে কোনো অসুবিধা হইল না। ঘরে নূতন মাদুর পাতাই ছিল, গোটা দুই ফর্সা তাকিয়াও দিয়া গেল।

একটু পরে ভানুমতী একখানা বড় পিতলের সরাতে ফলমূল-কাটা ও একবাটি জ্বাল-দেওয়া দুধ লইয়া ঘরে ঢুকিল, তাহার পিছু পিছু আসিল একখানা কাঁচা শালপাতায় গোটা পান, গোটা সুপারি ও অন্যান্য পানের মশলা সাজাইয়া লইয়া আর একটি তাহার বয়সী মেয়ে।

ভানুমতীর পরনে একখানা জাম-রঙের খাটো শাড়ি হাঁটুর উপর উঠিয়াছে, গলায় সবুজ ও লাল হিংলাজের মালা, খোঁষায় জলজ স্পাইডার লিলি গৌঁজা। আরও স্বাস্থ্যবতী ও লাভণ্যময়ী হইয়া উঠিয়াছে ভানুমতী—তাহার নিটোল দেহে যৌবনের উচ্ছলিত লাভণ্যের বান ডাকিয়াছে, চোখের ভাবে কিন্তু যে সরলা বালিকা দেখিয়াছিলাম, সেই সরলা বালিকাই আছে।

বলিলাম—কি ভানুমতী, ভাল আছ?

ভানুমতী নমস্কার করিতে জানে না—আমার কথার উত্তরে সরল হাসি হাসিয়া বলিল—
আপনি, বাবুজী?

—আমি ভাল আছি।

—কিছু খান। সারাদিন ঘোড়ায় এসে খিদে পেয়েছে খুব।

আমার উত্তরের অপেক্ষা না করিয়া সে আমার সামনে মাটির মেঝেতে হাঁটু গাড়িয়া বসিয়া পড়িল ও পিতলের থালাখানা হইতে দুখানা পেঁপের টুকরা আমার হাতে তুলিয়া দিল।

আমার ভাল লাগিল—ইহার নিঃসংকোচ বন্ধুত্ব। বাংলা দেশের মানুষের কাছে ইহা কি অদ্ভুত ধরনের, অপ্রত্যাশিত ধরনের নূতন, সুন্দর, মধুর। কোনো বাঙালী কুমারী অনাস্থীয়া ষোড়শী এমন ব্যবহার করিত? মেয়েদের সম্পর্কে আমাদের মন কোথায় যেন গুটাইয়া পাকাইয়া জড়সড় হইয়া আছে সর্বদা। তাহাদের সম্বন্ধে না পারি প্রাণ খুলিয়া ভাবিতে, না পারি তাহাদের সঙ্গে মন খুলিয়া মিশিতে।

আরও দেখিয়াছি, এ-দেশের প্রান্তর যেমন উদার, অরণ্যানী, মেঘমালা, শৈলশ্রেণী যেমন মুক্ত ও দূরচ্ছন্দা—ভানুমতীর ব্যবহার তেমনি সঙ্কোচহীন, সরল, বাধাহীন। মানুষের সঙ্গে মানুষের ব্যবহারের মত স্বাভাবিক। এমনি পাইয়াছি মঞ্চীর কাছে ও বেঙ্কটেশ্বর প্রসাদের স্ত্রীর কাছে। অরণ্য ও পাহাড় এদের মনকে মুক্তি দিয়াছে, দৃষ্টিকে উদার করিয়াছে—এদের ভালবাসাও সে অনুপাতে মুক্ত, দৃঢ়, উদার। মন বড় বলিয়া এদের ভালবাসাও বড়।

কিন্তু ভানুমতীর কাছে বসিয়া হাতে তুলিয়া দিয়া খাওয়ানোর তুলনা হয় না। জীবনে সেদিন সর্বপ্রথম আমি অনুভব করিলাম নারীর নিঃসংকোচ ব্যবহারের মাধুর্য। সে যখন স্নেহ করে, তখন সে কি স্বর্গের দ্বার খুলিয়া দেয় পৃথিবীতে!

ভানুমতীর মধ্যে যে আদিম নারী আছে, সভ্য সমাজে সে-নারীর আত্মা সংস্কারের ও বন্ধনের চাপে মূর্ছিত।

সে-বার যে-রকম ব্যবহার পাইয়াছিলাম, এবারকার ব্যবহার তার চেয়েও আপন, ভানুমতী বুঝিতে পারিয়াছে এ বাঙালী বাবু তাদের পরিবারের বন্ধু, তাদেরই শুভাকাঙ্ক্ষী আপনার লোকদের মধ্যে গণ্য—সূত্রাং যে ব্যবহার তাহার নিকট পাইলাম তাহা নিজের স্নেহময়ী ভগ্নীর মতই।

অনেককাল হইয়া গিয়াছে—কিন্তু ভানুমতীর এই সুন্দর প্রীতি ও বন্ধুত্বের কথা আমার স্মৃতিপটে তেমনি সমুজ্জ্বল—বন্য অসভ্যতার এই দানের নিকট সভ্য সমাজের বহু সম্পদ আমার মনে নিষ্ণভ হইয়া আছে।

রাজা দৌবর উৎসবের অন্য আয়োজনে ব্যস্ত ছিলেন, এইবার আসিয়া আমার ঘরে বসিলেন।

আমি বলিলাম—বুলন কি আপনাদের এখানে বরাবর হয়?

রাজা দৌবর বলিলেন—আমাদের বংশে বহুদিনের উৎসব এইটি। এ সময়ে অনেক দূর থেকে আত্মীয়স্বজন আসে বুলনে নাচতে। আড়াই মণ চাল রান্না হবে কাল।

মটুকনাথ আসিয়াছে পণ্ডিত-বিদায়ের লোভে—ভাবিয়াছিল কত বড় রাজবাড়ি, কি কাণ্ডই আসিয়া দেখিবে! তাহার মুখের ভাবে মনে হইল সে বেশ একটু নিরাশ হইয়াছে। এ রাজবাড়ি অপেক্ষা টোলগৃহ যে অনেক ভাল।

রাজু তো মনের কথা চাপিতে না পারিয়া স্পষ্টই বলিল—রাজা কোথায় হজুর, এ তো এক সাঁওতাল-সর্দার! আমার যে ক'টা মহিষ আছে, রাজার শুনলাম তাও নেই, হজুর!

সে ইহারই মধ্যে রাজার পার্থিব সম্পদের বিষয় অনুসন্ধান করিয়াছে—গরু, মহিষ এদেশে সম্পদের বড় মাপকাঠি। যার যত মহিষ, সে তত বড়লোক।

গভীর রাত্রে চতুর্দশীর জ্যোৎস্না বনের বড় বড় গাছপালার আড়ালে উঠিয়া যখন সেই বন্য গ্রামের গৃহস্থবাড়ির প্রাসঙ্গে আলো-আঁধারের জাল বুনিয়াছে, তখন শুনিলাম রাজবাড়িতে বহু নারীকণ্ঠের সম্মিলিত এক অদ্ভুত ধরনের গান। কাল ঝুলন-পূর্ণিমা, রাজবাড়িতে নবাগত কুটুম্বিনী ও রাজকন্যার সহচরীগণ কল্যকার নাচগানের মহলা দিতেছে। সারারাত ধরিয় তাহাদের গান ও মাদল বাজনা থামিল না।

শুনিতে শুনিতে কখন ঘুমাইয়া পড়িয়াছি, ঘুমের মধ্যেও ওদের সেই গান কতবার যেন শুনিতে পাইতেছিলাম।

৩

কিন্তু পরদিন ঝুলনোৎসব দেখিয়া মটুকনাথ, রাজু এমন কি মনেশ্বর সিং পর্যন্ত মুগ্ধ হইয়া গেল।

পরদিন সকালে উঠিয়া দেখি ভানুমতীর বয়সী কুমারী মেয়েই অস্তত ত্রিশজন চারিপাশের বহু টোলা ও পাহাড়ী বস্ত্র হইতে উৎসব উপলক্ষে আসিয়া জুটিয়াছে। একটি ভাল প্রথা দেখিলাম, এত নাচগানের মধ্যে ইহাদের কেহই মছয়ার মদ খায় নাই। রাজা দোবরককে জিজ্ঞাসা করিতে তিনি হাসিয়া গর্বের সুরে বলিলেন—আমাদের বংশে মেয়েদের মধ্যে ও নিয়ম নেই। তা ছাড়া আমি হুকুম না দিলে কারো সাধ্য নেই আমার ছেলেমেয়ের সামনে মদ খায়।

মটুকনাথ দুপুরবেলা আমায় চুপি চুপি বলিল—রাজা দেখছি আমার চেয়ে গরীব। রাঁধবার জন্যে দিয়েছে মোটা রাজ চাল, আর পাকা চালকুমড়া, আর বুনো ধুঁধুল। এতগুলো লোকের জন্যে কি রাঁধি বলুন তো?

সারা সকাল ভানুমতীর দেখা পাই নাই—খাইতে বসিয়াছি, সে এক বাটি দুধ আনিয়া আমার সামনে বসিল।

বলিলাম—তোমাদের গান কাল রাত্রে বেশ লেগেছিল।

ভানুমতী হাসিমুখে বলিল—আমাদের গান বুঝতে পারেন?

বলিলাম—কেন পারব না? এতদিন তোমাদের সঙ্গে আছি, তোমাদের গান বুঝব না কেন?

—আজ ও-বেলা আপনি ঝুলন দেখতে যাবেন তো?

—সেজন্যেই তো এসেছি। কতদূর যেতে হবে?

ভানুমতী ধন্বরি পাহাড়শ্রেণীর দিকে আঙুল দিয়া দেখাইয়া বলিল—আপনি তো গিয়েছেন ও-পাহাড়ে। আমাদের সেই মন্দির দেখেন নি?

এই সময় ভানুমতীর বয়সী একদল কিশোরী মেয়ে আমার খাবারঘরের দরজার কাছে আসিয়া দাঁড়াইল, বাঙালীবাবুর ভোজন পরম কৌতূহলের সহিত দেখিতে এবং পরস্পরে কি বলাবলি করিতে লাগিল।

ভানুমতী বলিল—যা সব এখান থেকে, এখানে কি?

একটি মেয়ের সাহস অন্য মেয়েদের চেয়ে বেশি, সে একটু আগাইয়া আসিয়া বলিল,—বাবুজীকে ঝুলনের দিন নুন করমচা খেতে দিস্ নি তো?

তাহার এ কথায় পিছনের সব মেয়ে খিল খিল করিয়া হাসিয়া উঠিয়া এ উহার গায়ে হাসিয়া গড়াইয়া পড়িল।

ভানুমতীকে বলিলাম—ওরা হাসছে কেন?

ভানুমতী সলজ্জ মুখে বলিল—ওদের জিজ্ঞেস করুন। আমি কি জানি!

ইতিমধ্যে একটি মেয়ে বড় একটা পাকা কামরাঙা লঙ্কা আনিয়া আমার পাতে দিয়া হাসিয়া বলিল—খান বাবুজী একটু লঙ্কার আচার। ভানুমতী শুধু আপনাকে মিষ্টি খাওয়াচ্ছে, তা তো হবে না! আমরা একটু ঝাল খাওয়াই।

সকলে আবার হাসিয়া উঠিল। এতগুলি তরুণীর মুখের সরল হাসিতে দিনমানেরই যেন পূর্ণিমার জ্যোৎস্না ফুটিয়া উঠিয়াছে।

সন্ধ্যার পূর্বে একদল তরুণ-তরুণী পাহাড়ের দিকে রওনা হইল—তাহাদের পিছু পিছু আমরাও গেলাম—সে এক প্রকাণ্ড শোভাযাত্রা। পূর্বদিকে নওয়াদা-লছমীপুরার সীমানায় ধনবরি পাহাড়, যে পাহাড়ের নীচে মিছি নদী উত্তরবাহিনী হইয়াছে, সে পাহাড়ের বনশীর্ষে পূর্ণচন্দ্র উঠিতেছে, একদিকে নীচ উপত্যকা, বনে বনে সবুজ, অন্যদিকে ধনবরি শৈলমালা। মাইল-খানেক হাঁটিয়া আমরা পাহাড়ের পাদদেশে আসিয়া পৌঁছিলাম। কিছুদূর উঠিতে একটা সমতল স্থান পাহাড়ের মাথায়। জায়গাটার ঠিক মাঝখানে একটা প্রাচীন পিয়াল গাছ—গাছের গুঁড়ি ফুল ও লতায় জড়ানো। রাজা দোবরু বলিলেন—এই গাছ অনেক কালের পুরোনো—আমি ছেলেবেলা থেকে দেখে আসছি এই গাছের তলায় ঝুলনের সময় মেয়েরা নাচে।

আমরা একপাশে তালপাতার চেটাই পাতিয়া বসিলাম, আর সেই পূর্ণিমার জ্যোৎস্না প্লাবিত বনাস্থলীতে প্রায় ত্রিশটি কিশোরী তরুণী গাছটাকে ঘুরিয়া ঘুরিয়া নাচিতে লাগিল—পাশে পাশে মাদল বাজাইয়া একদল যুবক তাহাদের সঙ্গে সঙ্গে ঘুরিতেছে। ভানুমতীকে দেখিলাম এই দলের পুরোভাগে। মেয়েদের খোঁপায় ফুলের মালা, গায়ে ফুলের গহনা।

কত রাত পর্যন্ত সমানভাবে নাচ ও গান চলিল—মাঝে মাঝে দলটি একটু বিশ্রাম করিয়া লয়, আবার আরম্ভ করে—মাদলের বোল, জ্যোৎস্না, বর্ষাস্নিগ্ধ বনভূমি, সুঠাম শ্যামা নৃত্যপরায়ণা তরুণীর দল—সব মিলিয়া কোনো বড় শিল্পীর অঙ্কিত একখানি ছবির মত তা সুশ্রী—একটি মধুর সঙ্গীতের মত তার আকুল আবেদন। মনে পড়ে দূর ইতিহাসের সোলাঙ্কি-রাজকন্যা ও তার সহচরীগণের এমনি ঝুলন নাচ ও গানের কথা, মনে পড়ে রাখাল বালক বাপ্পাদিত্যকে খেলার ছলে মাল্যদানের কথা।

আজু কি আনন্দ, আজু কি আনন্দ

ঝুলত ঝুলনে শ্যামর চন্দ্র

তার চেয়েও বহু দূরের অতীতে, প্রাচীন যুগের প্রস্তর-যুগের ভারতের রহস্যচ্ছন্ন ইতিহাসের সকল ঘটনা যেন আমার সম্মুখে অভিনীত হইতে দেখিলাম—আদিম ভারতের সে সংস্কৃতি যেন মূর্তিমতী হইয়া উঠিয়াছে সরলা পর্বতবালা ভানুমতী ও তাহার সখীগণের নৃত্যে—হাজার হাজার বৎসর পূর্বের এমনি কত বন, কত শৈলমালা, এমনি কত জ্যোৎস্নারাত্রি, ভানুমতীর মত কত বালিকার নৃত্যচঞ্চল চরণের ছন্দে আকুল হইয়া উঠিয়াছিল, তাহাদের মুখের সেসব হাসি আজও মরে নাই—এই সব গুপ্ত অরণ্য ও শৈলমালার আড়ালে প্রচ্ছন্ন থাকিয়া তারা তাদের বর্তমান বংশধরগণের রক্তে আজও আনন্দ ও উৎসাহের বাণী পাঠাইয়া দিতেছে।

গভীর রাত্রি, চাঁদ ঢলিয়া পড়িয়াছে পশ্চিম দিকের দূর বনের পিছনে। আমরা সবাই পাহাড় হইতে নামিয়া আসিলাম। সুখের বিষয় আজ আকাশে মেঘ নাই, কিন্তু আর্দ্র বাতাস শেষরাত্রে অত্যন্ত শীতল হইয়া উঠিয়াছে। অত রাত্রিও আমি খাইতে বসিলে ভানুমতী দুধ ও পেঁড়া আনি।

আমি বলিলাম—বড় চমৎকার নাচ দেখলাম তোমাদের।

সে সলজ্জ হাসিমুখে বলিল—আপনার কি আর ভাল লাগবে বাবুজী—আপনাদের কলকাতায় ওসব কি কেউ দ্যাখে?

পরদিন ভানুমতী ও তাহার প্রপিতামহ রাজা দোবরু আমায় কিছুতেই আসিতে দিবে না। অথচ আমার কাজ ফেলিয়া থাকিলে চলে না, বাধ্য হইয়া চলিয়া আসিলাম। আসিবার সময় ভানুমতী বলিল—বাবুজী, কলকাতা থেকে আমার জন্যে একখানা আয়না এনে দেবেন? আমার আয়না একখানা ছিল, অনেকদিন হল ভেঙে গিয়েছে।

ষোল বছর বয়সের সূত্রী নবযৌবনা কিশোরীর আয়নার অভাব! তবে আয়নার সৃষ্টি হইয়াছে কাদের জন্যে? এক সপ্তাহের মধ্যেই পূর্ণিয়া হইতে একখানা ভাল আয়না আনাইয়া তাহাকে পাঠাইয়া দিয়াছিলাম।

চতুর্দশ পরিচ্ছেদ

১

কয়েক মাস পরে। ফাল্গুন মাসের প্রথম। লবটুলিয়া হইতে কাছারি ফিরিতেছি, জঙ্গলের মধ্যে কুঞ্জীর ধারে বাংলা কথাবার্তায় ও হাসির শব্দে ঘোড়া থামাইলাম। যত কাছে যাই, ততই আশ্চর্য হই। মেয়েদের গলাও শোনা যাইতেছে—ব্যাপার কি? জঙ্গলের মধ্যে ঘোড়া চুকাইয়া কুঞ্জীর ধারে লইয়া গিয়া দেখি, বনঝাড়ের ঝোপের ধারে শতরঞ্জি পাতিয়া আট-দশটি বাঙালী ভদ্রলোক বসিয়া গল্পগুজব করিতেছে, পাঁচ-ছয়টি মেয়ে কাছেই রামা করিতেছে, ছ-সাতটি ছোট ছোট ছেলেমেয়ে ছুটাছুটি করিয়া খেলা করিয়া বেড়াইতেছে। কোথা হইতে এতগুলি মেয়ে-পুরুষ এই ঘোর জঙ্গলে ছেলেপুলে লইয়া পিকনিক করিতে আসিল বুঝিতে না পারিয়া অবাক হইয়া দাঁড়াইয়া আছি, এমন সময় সকলেরই চোখ আমার দিকে পড়িল—একজন বাংলায় বলিল—এ ছাট্টা আবার কোথা থেকে এসে জুটল এ জঙ্গলে? আমব্রেলু?

আমি ঘোড়া হইতে নামিয়া তাহাদের কাছে যাইতে যাইতে বলিলাম—আপনারা বাঙালী দেখছি—এখানে কোথা থেকে এলেন?

তঁারা খুব আশ্চর্য হইলেন, অপ্রতিভও হইলেন। বলিলেন—ও, মশায় বাঙালী, হেঁ-হেঁ, কিছু মনে করবেন না, আমরা ভেবেছি—হেঁ-হেঁ—

বলিলাম—না না, মনে করবার আছে কি? তা আপনারা কোথা থেকে আসছেন, বিশেষ মেয়েদের নিয়ে—

আলাপ জমিয়া গেল। এই দলের মধ্যে প্রৌঢ় ভদ্রলোকটি একজন রিটার্ড ডেপুটি ম্যাজিস্ট্রেট, রায় বাহাদুর। বাকী সকলে তাঁর ছেলে, ভাইপো, ভাইঝি, মেয়ে, নাতনী, জামাই, জামাইয়ের বন্ধু ইত্যাদি। রায় বাহাদুর কলিকাতায় থাকিতে একখানি বই পড়িয়া জানিতে পারেন, পূর্ণিয়া জেলায় খুব শিকার মেলে, তাই শিকার করিবার কোনো সুবিধা হয় কিনা দেখিবার জন্য পূর্ণিয়ায় তাঁর ভাই মুলেক, সেখানেই আসিয়াছিলেন। আজ সকালে সেখান হইতে ট্রেনে চাপিয়া বেলা দশটার সময় কাটারিয়া পৌছান। সেখানে হইতে নৌকা করিয়া কুশী নদী বাহিয়া এখানে পিকনিক করিতে আসিয়াছেন—কারণ সকলের মুখেই নাকি শুনিয়াছেন লবটুলিয়া, বোমাইবুরু ও ফুল্কিয়া বইহারের জঙ্গল না দেখিয়া গেলে জঙ্গল

দেখাই হইল না। পিক্‌নিক্‌ সারিয়াই চার মাইল হাঁটিয়া মোহনপুরা জঙ্গলের নীচে কুশী নদীতে গিয়া নৌকা ধরিবেন—ধরিয়া আজ রাত্রেই কাটারিয়া ফিরিয়া যাইবেন।

আমি সত্যই অবাধ হইয়া গেলাম। সম্বলের মধ্যে দেখিলাম ইহাদের সঙ্গে আছে একটা দো-নলা শট্-গান—ইহাই ভরসা করিয়া এ ভীষণ জঙ্গলে ইহারা ছেলেমেয়ে লইয়া পিক্‌নিক্‌ করিতে আসিয়াছেন। অবশ্য সাহস আছে অস্বীকার করিব না, কিন্তু অভিজ্ঞ রায় বাহাদুরের আর একটু সাবধান হওয়া উচিত ছিল। মোহনপুরা জঙ্গলের নিকট দিয়া এদেশের জংলী লোকেরাই সম্ভার পূর্বে যাইতে সাহস করে না বন্য মহিষের ভয়ে। বাঘ বার হওয়াও আশ্চর্য নয়। বুনো শয়োর আর সাপের তো কথাই নাই। ছেলেমেয়ে লইয়া পিক্‌নিক্‌ করিতে আসিবার জায়গা নয় এটা।

রায় বাহাদুর আমাকে কিছুতেই ছাড়িবেন না। বসিতে হইবে, চা খাইতে হইবে। আমি এ জঙ্গলে কি করি, কি বৃত্তান্ত। আমি কি কাঠের ব্যবসা করি? নিজের ইতিহাস বলিবার পরে তাঁহাদিগকে সবসুদ্ধ কাছারিতে রাত্রিযাপন করিতে অনুরোধ করিলাম। কিন্তু তাঁহারা রাজী হইলেন না। রাত্রি দশটার ট্রেনে কাটারিয়াতে উঠিয়া পূর্ণিয়া আজই রাত বারোটায় পৌঁছিতে হইবে। না ফিরিলে বাড়িতে সকলে ভাবিবে, কাজেই থাকিতে অপারগ ইত্যাদি।

জঙ্গলের মধ্যে ইহারা এত দূর কেন পিক্‌নিক্‌ করিতে আসিয়াছেন তাহা বুঝিলাম না। লবটুলিয়া বইহারের উন্মুক্ত প্রান্তর বনানী ও দূরের পাহাড়রাজির শোভা, সূর্যাস্তের রং, পাখীর ডাক, দশ হাত দূরে বনের মধ্যে ঝোপের মাথায় মাথায় এই বসন্তকালে কত চমৎকার ফুল ফুটিয়া রহিয়াছে—এসবের দিকে ইহাদের নজর নাই দেখিলাম। ইহারা কেবল চিৎকার করিতেছেন, গান গাহিতেছেন, ছুটাছুটি করিতেছেন, খাওয়ার তরিবৎ কিসে হয় সে-ব্যবস্থা করিতেছেন। মেয়েদের মধ্যে দুটি কলিকাতায় কলেজে পড়ে, বাকী দু-তিনটি স্কুলে পড়ে। ছেলেগুলির মধ্যে একজন মেডিকেল কলেজের ছাত্র, বাকীগুলি বিভিন্ন স্কুল-কলেজে পড়ে। কিন্তু প্রকৃতির এই অত্যাশ্চর্য সৌন্দর্যময় রাজ্যে দৈবাৎ যদি আসিয়াই পড়িয়াছেন, দেখিবার চোখ নাই আদৌ। প্রকৃতপক্ষে ইহারা আসিয়াছিলেন শিকার করিতে—খরগোশ, পাখী, হরিণ—পথের ধারে যেন ইহাদের বন্দকের গুলি খাইবার অপেক্ষায় বসিয়া আছে।

যে মেয়েগুলি আসিয়াছে, এমন কল্পনার-লেশ-পরিশূন্য মেয়ে যদি কখনও দেখিয়াছি। তাহারা ছুটাছুটি করিতেছে, বনের ধার হইতে রান্নার জন্য কাঠ কুড়াইয়া আনিতেছে, মুখে বকুনির বিরাম নাই—কিন্তু একবার কেহ চারিধারে চাহিয়া দেখিল না যে কোথায় বসিয়া তাহারা ঝিচুড়ি রাঁধিতেছে, কোন্‌ নিবিড় সৌন্দর্যভরা বনানীপ্রান্তে।

একটি মেয়ে বলিল—‘টিন-কাটার্’ ঠুকবার বড্ড সুবিধে এখানে, না? কত পাথরের নুড়ি! আর একটি মেয়ে বলিল—উঃ, কি জায়গা! ভাল চাল কোথাও পাবার জো নেই—কাল সারা টাউন খুঁজে বেড়িয়েছি—কি বিশী মোটা চাল—তোমরা আবার বলছিলে পোলাও হবে!

ইহারা কি জানে, যেখানে বসিয়া তারা রান্না করিতেছে, তার দশ-বিশ হাতের মধ্যে রাত্রের জ্যোৎস্নায় পরীরা খেলা করিয়া বেড়ায়?

ইহারা সিনেমার গল্প শুরু করিয়াছে। পূর্ণিয়ায় কালও রাত্রে তাহারা সিনেমা দেখিয়াছে, তা নাকি যৎপরোনাস্তি বাজে। এই সব গল্প। সঙ্গে সঙ্গে কলিকাতার সিনেমার সঙ্গে তাহার তুলনা করিতেছে। টেকি স্বর্গে গেলেও ধান ভানে, কথা মিথ্যা নয়। বৈকাল পাঁচটার সময় ইহারা চলিয়া গেল।

যাইবার সময় কতকগুলি খালি জমাট দুধের ও জ্যামের টিন ফেলিয়া রাখিয়া গেল। লবটুলিয়া জঙ্গলের গাছপালার তলায় সেগুলি আমার কাছে কি খাপছাড়াই দেখাইতেছিল!

২

বসন্তের শেষ হইতেই এবার লবটুলিয়া বইহারের গম পাকিয়া উঠিল। আমাদের মহালে রাই-সরিষার চাষ ছিল গত বৎসর খুব বেশি। এবার অনেক জমিতে গমের আবাদ, সুতরাং এ বছর এখানে কাটুনি মেলার সময় পড়িল বৈশাখের প্রথমেই।

কাটুনি মজুরদের মাথায় যেন টনক আছে, তাহাদের দল এবার শীতের শেষে আসে নাই, এ সময় দলে দলে আসিয়া জঙ্গলের ধারে, মাঠের মধ্যে সর্বত্র খুপরি বাঁধিয়া বাস করিতে শুরু করিয়াছে। দুই-তিন হাজার বিঘা জমির ফসল কাটা হইবে, সুতরাং মজুরও আসিয়াছে প্রায় তিন-চার হাজারের কম নয়। আরও শুনলাম আসিতেছে।

আমি সকাল হইলেই ঘোড়ায় বাহির হই, সন্ধ্যায় ঘোড়ার পিঠ হইতে নামি। কত নূতন ধরনের লোক আসিতে আরম্ভ করিয়াছে, ইহাদের মধ্যে কত বদমাইশ, গুণ্ডা, চোর, রোগগ্রস্ত—সকলের উপর নজর না রাখিলে এসব পুলিশবিহীন স্থানে একটা দুর্ঘটনা যখন-তখন ঘটতে পারে।

দু-একটা ঘটনা বলি।

একদিন দেখি এক জায়গায় দুটি বালক ও একটি বালিকা রাস্তার ধারে বসিয়া কাঁদিতেছে।

ঘোড়া হইতে নামিলাম।

জিজ্ঞাসা করিলাম—কি হয়েছে তোমাদের?

উত্তরে যাহা বলিল উহার মর্ম এইরূপ: উহাদের বাড়ি আমাদের মহালে নয়, নন্দলাল ওঝা গোলাওয়ালার গ্রামে। উহার সহোদর ভাই-বোন, এখানে কাটুনি মেলা দেখিতে আসিয়াছিল। আজই আসিয়াছে পৌঁছিয়াছে, এবং কোথায় নাকি লাঠি ও দড়ির ফাঁসের জুয়াখেলা হইতেছিল, বড় ছেলোট সেখানে জুয়া খেলিতে আরম্ভ করে। একটা লাঠির যে-দিকটা মাটিতে ঠেকিয়া আছে সেই প্রান্তটা দড়ি দিয়া জড়াইয়া দিতে হয়, যদি দড়ি খুলিতে খুলিতে লাঠির আগায় ফাঁস জড়াইয়া যায়, তবে খেলাওয়াল খেলুড়েকে এক পয়সায় চার পয়সা হিসাবে দেয়।

বড় ভাইয়ের কাছে ছিল দশ আনা পয়সা, সে একবারও লাঠিতে ফাঁস বাধাতেই পারে নাই, সব পয়সা হারিয়া ছোট ভাইয়ের আট আনা ও পরিশেষে ছোট বোনের চার আনা পয়সা পর্যন্ত লইয়া বাজি ধরিয়া সর্বস্বান্ত হইয়াছে। এখন উহাদের খাইবার পয়সা নাই, কিছু কেনা বা দেখাশোনা তো দূরের কথা।

আমি তাহাদের কাঁদিতে বারণ করিয়া তাহাদিককে লইয়া জুয়াখেলার অকুস্থানের দিকে চলিলাম। প্রথমে তাহারা জায়গাই স্থির করিতে পারে না, পরে একটা হরীতকী গাছ দেখাইয়া বলিল—এরই তলায় খেলা হচ্ছিল। জনপ্রাণী নেই সেখানে। কাছারির রূপসিং জমাদারের ভাই সঙ্গে ছিল, সে বলিল—জুয়াচোরেরা কি এক জায়গায় বেশীক্ষণ থাকে হুজুর? লম্বা দিয়েছে কোন্ দিকে।

বিকালের দিকে জুয়াড়ী ধরা পড়িল। সে মাইল তিন দূরে একটি বস্তিতে জুয়া খেলিতেছিল, আমার সিপাহীরা দেখিতে পাইয়া তাহাকে আমার নিকট হাজির করিল। ছেলেমেয়েগুলি দেখিয়াই চিনিল।

লোকটা প্রথমে পয়সা ফেরত দিতে চায় না। বলে, সে তো জোর করিয়া কাড়িয়া লয় নাই, উহারা স্বেচ্ছায় খেলিয়া পয়সা হারিয়াছে, ইহাতে তাহার দোষ কি? অবশেষে তাহাকে ছেলেমেয়েদের সব পয়সা তো ফেরত দিতেই হইল—আমি তাহাকে পুলিশে দিবার আদেশ দিলাম।

সে হাতেপায়ে ধরিতে লাগিল। বলিলাম—তোমার বাড়ি কোথায়?

—বালিয়া জেলা, বাবুজী।

—এ রকম করে লোককে ঠকাও কেন? কত পয়সা ঠকিয়েছ লোকজনের?

—গরিব লোক, হুজুর। আমায় ছেড়ে দিন এবার। তিন দিনে মোটে দু-টাকা তিন আনা রোজগার—

—তিন দিনে খুব বেশি রোজগার হয়েছে মজুরদের তুলনায়।

—হুজুর, সারা বছরে এ-রকম রোজগার ক'বার হয়? বছরে ত্রিশ-চল্লিশ টাকা আয়।

লোকটাকে সেদিন ছাড়িয়া দিয়াছিলাম—কিন্তু আমার মহাল ছাড়িয়া সেদিনই চলিয়া যাইবার কড়ারে। আর তাকে কোনদিন কেউ আমাদের মহালের সীমানার মধ্যে দেখেও নাই।

এবার মঞ্চীকে কাটুনী মজুরদের মধ্যে না দেখিয়া উদ্বেগ ও বিস্ময় দুই-ই অনুভব করিলাম। সে বার বার বলিয়াছিল গম কাটিবার সময়ে নিশ্চয়ই আমাদের মহালে আসিবে। ফসল কাটার মেলা আসিল, চলিয়াও গেল—কেন যে সে আসিল না, কিছুই বুঝিলাম না।

অন্যান্য মজুরদের নিকট জিজ্ঞাসা করিয়াও কোনো সন্ধান মিলিল না। মনে ভাবিলাম, এত বিস্তীর্ণ ফসলের মহাল কাছাকাছির মধ্যে আর কোথাও নাই, এক কুশী নদীর দক্ষিণে ইসমাইলপুরের দ্বিয়ারা মহাল ছাড়া। কিন্তু সেখানে কেন সে যাইবে, অত দূরে, যখন মজুরি উভয় স্থানেই একই।

অবশেষে ফসলের মেলার শেষদিকে জনৈক গাঙ্গোতা মজুরের মুখে মঞ্চীর সংবাদ পাওয়া গেল। সে মঞ্চীকে ও তাহার স্বামী নক্ছেদী ভকৎকে চেনে। একসঙ্গে বহু জায়গায় কাজ করিয়াছে নাকি। তাহারই মুখে শুনিলাম, গত ফাল্গুন মাসে সে উহাদের আকবরপুর গবর্নমেন্ট খাসমহালে ফসল কাটিতে দেখিয়াছে। তাহার পর তাহারা যে কোথায় গেল, সে জানে না।

ফসলের মেলা শেষ হইয়া গেল জ্যৈষ্ঠ মাসের মাঝামাঝি, এমন সময় একদিন সদর কাছারির প্রাঙ্গণে নক্ছেদী ভকৎকে দেখিয়া বিস্মিত হইলাম। নক্ছেদী আমার পা জড়াইয়া হাউমাউ করিয়া কাঁদিয়া উঠিল। আরও বিস্মিত হইয়া পা ছাড়াইয়া লইয়া বলিলাম—কি ব্যাপার? তোমরা এবার ফসলের সময় আস নি কেন? মঞ্চী ভাল আছে তো? কোথায় সে?

উত্তরে নক্ছেদী যাহা বলিল তাহার মোট মর্ম এই, মঞ্চী কোথায় তাহা সে জানে না। খাসমহালে কাজ করিবার সময়ই মঞ্চী তাহাদের ফেলিয়া কোথায় পালাইয়া গিয়াছে। অনেক খোঁজ করিয়াও তাহার পাত্তা পাওয়া যায় নাই।

বিস্মিত ও স্তম্ভিত হইলাম। কিন্তু দেখিলাম বৃদ্ধ নক্ছেদী ভকতের প্রতি আমার কোনো সহানুভূতি নাই, যা কিছু ভাবনা সবই সেই বন্য মেয়েটির জন্য। কোথায় সে গেল, কে তাহাকে ভুলাইয়া লইয়া গেল, কি অবস্থায় কোথায় বা সে আছে? সস্তা বিলাসদ্রব্যের প্রতি তাহার যে রকম আসক্তি লক্ষ করিয়াছি, সে-সবের লোভ দেখাইয়া তাহাকে ভুলাইয়া লইয়া যাওয়াও কষ্টকর নয়। তাহাই ঘটিয়াছে নিশ্চয়।

জিজ্ঞাসা করিলাম—তার ছেলে কোথায়?

—সে নেই। সে বসন্ত হয়ে মারা গিয়েছে মাঘ মাসে।

অত্যন্ত দুঃখিত হইলাম শুনিয়া। বেচারী পুত্রশোকেই উদাসী হইয়া যেদিকে দু-চোখ যায়, চলিয়া গিয়াছে নিশ্চয়ই। কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলাম—তুলসী কোথায়?

—সে এখানেই এসেছে। আমার সঙ্গেই আছে। আমায় কিছু জমি দিন হুজুর। নইলে আমরা বুড়োবুড়ি, ফসল কেটে আর চলে না। মঞ্চী ছিল, তার জোরে আমরা বেড়াইতাম। সে আমার হাত-পা ভেঙে দিয়ে গিয়েছে।

সন্ধ্যার সময় নক্ছেদীর খুপরিতে গিয়া দেখিলাম তুলসী তাহার ছেলেমেয়ে লইয়া চীনার দানা ছাড়াইতেছে। আমায় দেখিয়া তুলসী কাঁদিয়া উঠিল। দেখিলাম মঞ্চী চলিয়া যাওয়াতে সেও যথেষ্ট দুঃখিত। বলিল—হুজুর, সব ঐ বুড়োর দোষ। গোরমিষ্টের লোক মাঠে সব টিকে দিতে এল, বুড়ো তাকে চার আনা পয়সা ঘুষ দিয়ে তাড়ালে। কাউকে টিকে নিতে দিলে না। বললে, টিকে নিলে বসন্ত হবে। হুজুর তিন দিন গেল না, মঞ্চীর ছেলেটার বসন্ত হল, মারাও গেল। তার শোকে সে পাগলের মত হয়ে গেল—খায় না, দায় না, শুধু কাঁদে।

—তার পর?

—তার পর হুজুর, খাসমহাল থেকে আমাদের তাড়িয়ে দিলে। বললে—বসন্তে তোমাদের লোক মারা গিয়েছে, এখানে থাকতে দেবো না। এক ছোকরা রাজপুত্র মঞ্চীর দিকে নজর দিত। যেদিন আমরা খাসমহাল থেকে চলে এলাম, সেই রাতেই মঞ্চী নিরুদ্দেশ হ'ল। আমি সেদিন সকালে ঐ ছোকরটাকে খুপরির কাছে ঘুরতে দেখেছি। ঠিক তার কাজ, হুজুর। ইদানীং মঞ্চী বড় কলকাতা দেখব, কলকাতা দেখব করত। তখনই জানি একটা কিছু ঘটবে।

আমারও মনে পড়িল মঞ্চী আর-বছর কলিকাতা দেখিবার যথেষ্ট আগ্রহ দেখাইয়াছিল বটে। আশ্চর্য নয়, ধূর্ত রাজপুত্র যুবক সরলা বন্য মেয়েটিকে কলিকাতা দেখাইবার লোভ দেখাইয়া ভুলাইয়া লইয়া যাইবে।

আমি জানি এ অবস্থায় এদেশের মেয়েদের শেষ পরিণতি হয় আসামের চা-বাগানে কুলীগিরিতে। মঞ্চীর অদৃষ্টে কি শেষকালে নির্বাক্তব আসামের পার্বত্য অঞ্চলে দাসত্ব ও নির্বাসন লেখা আছে?

বৃদ্ধ নক্ছেদীর উপর খুব রাগ হইল। এই লোকটা যত নষ্টের মূল। বৃদ্ধ বয়সে মঞ্চীকে বিবাহ করিতে গিয়াছিল কেন? দ্বিতীয়, গভর্নমেন্টের টিকাদারকে ঘুষ দিয়া বিদায় করিয়াছিল কেন? যদি উহাকে জমি দিই, সে ওর জন্য নয়, উহার প্রৌঢ়া স্ত্রী তুলসী ও ছেলেমেয়েগুলির মুখের দিকে চাহিয়াই দিব!

দিলামও তাই। নাড়া-বইহারে শীঘ্র প্রজা বসাইতে হইবে, সদর আপিসের হুকুম আসিয়াছে। প্রথম প্রজা বসাইলাম নক্ছেদীকে।

নাড়া-বইহারে ঘোর জঙ্গল। মাত্র দু-চার ঘর প্রজা সামান্য সামান্য জঙ্গল কাটিয়া খুপরি বাঁধিতে শুরু করিয়াছে। নক্ছেদী প্রথমে জঙ্গল দেখিয়া পিছাইয়া গিয়াছিল, বলিল—হুজুর, দিনমানেই বাঘে খেয়ে ফেলে দেবে ওখানে—কাচা-বাচা নিয়ে ঘর করি।

তাহাকে স্পষ্ট বলিয়া দিলাম, তার পছন্দ না হয়, সে অন্যত্র চেষ্টা দেখুক।

নিরুপায় হইয়া নক্ছেদী নাড়া-বইহারের জঙ্গলেই জমি লইল।

সে এখানে আসা পর্যন্ত আমি কখনও তাহার খুপরিতে যাই নাই। তবে সেদিন সন্ধ্যার সময় নাড়া-বইহারের জঙ্গলের মধ্য দিয়া আসিতে দেখি ঘন জঙ্গলের মধ্যে খানিকটা ফাঁকা জায়গা—নিকটে কাশের দুটি ছোট খুপরি। একটার ভিতর হইতে আলো বাহির হইতেছে।

সেইটাই যে নকছেদীর তা আমি জানিতাম না, ঘোড়ার পায়ের শব্দ শুনিয়া যে শ্রৌটা স্ত্রীলোকটি খুপরির বাহিরে আসিয়া দাঁড়াইল—দেখিলাম সে তুলসী।

—তোমরা এখানে জমি নিয়েছ? নকছেদী কোথায়?

তুলসী আমায় দেখিয়া ততমত খাইয়া গিয়াছে। ব্যস্তসমস্ত হইয়া সে গমের ভূষি-ভরা একটা চটের গদি পাতিয়া দিয়া বলিল—নামুন বাবুজী—বসুন একটু। ও গিয়েছে লবটুলিয়া, তেল নুন কিনে আনতে দোকানে। বড় ছেলেকে সঙ্গে নিয়ে গিয়েছে।

—তুমি একা এই ঘন-বনের মধ্যে আছ?

—ও-সব সয়ে গিয়েছে, বাবুজী। ভয়ডর করলে কি আমাদের গরীবদের চলে? একা তো থাকতে হ'ত না—কিন্তু অদৃষ্ট যে খারাপ। মঞ্চী যত দিন ছিল, জলেজঙ্গলে কোথাও ভয় ছিল না। কি সাহস, কি তেজ ছিল তার, বাবুজী!

তুলসী তাহার তরুণী সপত্নীকে ভালবাসিত। তুলসী ইহাও জানে এই বাঙালীবাবু মঞ্চীর কথা শুনিতে পাইলে খুশি হইবে।

তুলসীর মেয়ে সুরতিয়া বলিল—বাবুজী, একটা নীলগাইয়ের বাচ্চা ধরে রেখেছি, দেখবেন? সেদিন আমাদের খুপরির পেছনের জঙ্গলে এসে বিকেলবেলা খসখস করছিল—আমি আর ছনিয়া গিয়ে ধরে ফেলেছি। বড় ভাল বাচ্চা।

বলিলাম—কি খায় রে?

সুরতিয়া বলিল—শুধু চীনার দানার ভূষি আর গাছের কচি পাতা। আমি কচি কেঁদ পাতা তুলে এনে দিই।

তুলসী বলিল—দেখা না বাবুজীকে—

সুরতিয়া ক্ষিপ্তপদে হরিণীর মত ছুটিয়া খুপরির পিছনদিকে অদৃশ্য হইল। একটু পরে তাহার বালিকা-কণ্ঠের চিৎকার শোনা গেল—আরে নীলগাইয়া তো ভাগলুয়া হৈ রে ছনিয়া—উধার—ইধার—জলদি পাকড়া—

দুই বোনে ষ্টাপুটি করিয়া নীলগাইয়ের বাচ্চা পাকড়াও করিয়া ফেলিল এবং হাঁপাইতে হাঁপাইতে হাসিমুখে আমার সামনে আনিয়া হাজির করিল।

অন্ধকারে আমার দেখিবার সুবিধার জন্য তুলসী একখানা জ্বলন্ত কাঠ উঁচু করিয়া ধরিল। সুরতিয়া বলিল—কেমন, ভাল না বাবুজী? একে খাবার জন্যে কাল রাত্রে ভালুক এসেছিল। ওই মছ্যা গাছে কাল ভালুক উঠেছিল মছ্যা ফুল খেতে—তখন অনেক রাত—বাপ-মা ঘুমোয়, আমি সব টের পাই—তারপর গাছ থেকে নেমে আমাদের খুপরির পেছনে এসে দাঁড়াল। আমি একে বৃকের মধ্যে জড়িয়ে নিয়ে শুই রাতে—ভালুকের পায়ের শব্দ পেয়ে ওর মুখ হাত দিয়ে জোর করে চেপে আরও জড়িয়ে ধরে শুয়ে রইলুম—

—ভয় করল না তোর, সুরতিয়া?

—হুঁ! ভয় বই কি! ভয় আমি করি নে। কাঠ কুড়তে গিয়ে জঙ্গলে কত ভালুক-ঝোড় দেখি—তাতেও ভয় করি নে। ভয় করলে চলে বাবুজী?

সুরতিয়া বিজ্ঞের মত মুখখানা করিল।

বড় বড় কলের চিমনির মত লম্বা, কালো কেঁদ গাছের গুঁড়ি ঠেলিয়া আকাশে উঠিয়াছে খুপরি চারিধারে, যেন কালিফোর্নিয়া রেডউড গাছের জঙ্গল। বাদুড় ও নিশাচর কাঁক পাখীর ডানা-বটাপটি ডালে ডালে, ঝোপে ঝোপে অন্ধকারে জোনাকির ঝাঁক জ্বলিতেছে, খুপরি পিছনের বনেই শিয়াল ডাকিতেছে—এই কয়টি ছোট ছেলেমেয়ে লইয়া উহাদের মা যে কেমন করিয়া এই নির্জন বনে-প্রান্তরে থাকে, তাহা বুঝিয়া উঠা কঠিন। হে বিজ্ঞ, রহস্যময় অরণ্য, আশ্রিতজনের প্রতি তোমার সত্যই বড় কৃপা।

কথায় কথায় বলিলাম—মঞ্চী নিজের জিনিস সব নিয়ে গিয়েছে?

সুরতিয়া বলিল—ছোটমা কোনো জিনিস নিয়ে যায় নি। ওর যে বাস্কাটা সেবার দেখেছিলেন—ফেলেই রেখে গিয়েছে দেখবেন? আনছি।

বাস্কাটা আনিয়া সে আমার সামনে খুলিল। চিরুনি, ছোট আয়না, পুঁতির মালা, একখানা সবুজ-রঙের খেলো রুমাল—ঠিক যেন ছোট খুকির পুতুল-খেলার বাস্কা! সেই হিংলাজের মালাছড়াটা কিন্তু নাই, সেবার লবটুলিয়া খামারের মেলায় সেই যেটা কিনিয়াছিল।

কোথায় চলিয়া গেল নিজের ঘর-সংসার ছাড়িয়া কে বলিবে? ইহারা তো জন্ম লইয়া এতদিন পরে গৃহস্থালি পাতাইয়া বসবাস শুরু করিয়াছে, ইহাদের দলের মধ্যে সে-ই কেবল যে ভবঘুরে সেই ভবঘুরেই রহিয়া গেল!

ঘোড়ায় উঠিবার সময় সুরতিয়া বলিল—আর একদিন আসবেন বাবুজী—আমরা পাখী ধরি ফাঁদ পেতে। নূতন ফাঁদ বুনছি। একটা ডাঙ্ক আর একটা গুড়গুড়ি পাখী পুষিছি। এরা ডাকলে বনের পাখী এসে ফাঁদে পড়ে—আজ আর বেলা নেই—নইলে ধরে দেখাতাম—

নাচা-বইহারের বন-প্রান্তরের পথে এত রাত্রে আসিতে ভয়-ভয় করে। বাঁয়ে ছোট একটি পাহাড়ী ঝরনার জলশ্রোত কুলকুল করিয়া বহিতেছে, কোথায় কি বনের ফুল ফুটিয়াছে, গন্ধেভরা অন্ধকার এক-এক জায়গায় এত নিবিড় যে ঘোড়ার ঘাড়ের লোম দেখা যায় না, আবার কোথাও নক্ষত্রালোকে পাতলা।

নাচা-বইহার নানাপ্রকার বৃক্ষলতা, বন্যজন্তু ও পাখীদের আশ্রয়স্থান—প্রকৃতি ইহার বনভূমি ও প্রান্তরকে অজস্র সম্পদে সাজাইয়াছে, সরস্বতী কুণ্ডী এই নাচা-বইহারেরই উত্তর সীমানায়। প্রাচীন জরিপের খাক-নক্সায় দেখা যায় সেখানে কুশী নদীর প্রাচীন খাত ছিল—এখন মজিয়া মাত্র ঐ জলটুকু অবশিষ্ট আছে—অন্য দিকে সেই প্রাচীন খাতই ঘন অরণ্যে পরিণত—

পুরা যত্র শ্রোতঃ পুলিনমধুনা তত্র সরিতাম—

কি অবর্ণনীয় শোভা দেখিলাম এই বনভূমির সেই নিস্তর অন্ধকার রাত্রে! কিন্তু মন খারাপ হইয়া গেল যখন বেশ বুঝিলাম নাচা-বইহারের এ বন আর বেশি দিন নয়। এত ভালবাসি ইহাকে অথচ আমার হাতেই ইহা বিনষ্ট হইল। দু-বৎসরের মধ্যেই সমগ্র মহালাটি প্রজাবিলি হইয়া কুশী টোলা ও নোংরা বস্তিতে ছাইয়া ফেলিল বলিয়া। প্রকৃতির নিজের হাতে সাজানো তার শত বৎসরের সাধনার ফল এই নাচা-বইহার, ইহার অতুলনীয় বন্য সৌন্দর্য ও দূরবিসর্পী প্রান্তর লইয়া বেমালাম অন্তর্হিত হইবে। অথচ কি পাওয়া যাইবে তাহার বদলে?

কতকগুলি খোলার চালের বিশী ঘর, গোয়াল, মকাই-জনারের ক্ষেত, শনের গাদা, ডড়ির

চারপাই, হনুমানজীর ধ্বজা, ফণিনসার গাছ, যথেষ্ট দোস্তা, যথেষ্ট খৈনী, যথেষ্ট কলেরা ও বসন্তের মড়ক।

হে অরণ্য, হে সুপ্রাচীন, আমায় ক্ষমা করিও।

আর একদিন গেলাম সুরতিয়াদের পাখী-ধরা দেখিতে।

সুরতিয়া ও ছনিয়া দুটি খাঁচা লইয়া আমার সঙ্গে নাড়া-বইহারের জঙ্গলের বাহিরে মুক্ত প্রান্তরের দিকে চলিল।

বৈকাল বেলা, নাড়া-বইহারের মাঠে সুদীর্ঘ ছায়া ফেলিয়া সূর্য পাহাড়ের আড়ালে নামিয়া পড়িয়াছে।

একটা শিমুলচারার তলায় ঘাসের উপর খাঁচা দুটি নামাইল। একটিতে একটি বড় ডাঙ্ক, অন্যটিতে গুড়গুড়ি। এ দুটি শিক্ষিত পাখী, বন্য পাখীকে আকৃষ্ট করিবার জন্য ডাঙ্কটি অমনি ডাকিতে আরম্ভ করিল।

গুড়গুড়িটা প্রথমত ডাকে নাই।

সুরতিয়া শিষ দিয়া তুড়ি দিয়া বলিল—বোলো রে বহিনিয়া—তোহর কির—

গুড়গুড়ি অমনি ডাকিয়া উঠিল—গুড়-ড়-ড়-ড়—

নিস্তন্ধ অপরাহ্নে বিস্তীর্ণ মাঠের নির্জনতার মধ্যে সে অদ্ভুত সুর শুধুই মনে আনিয়া দেয় এমনি দ্বিস্তবিস্তীর্ণতার ছবি, এমনি মুক্ত দিক্চক্রবালের স্বপ্ন, ছায়াহীন জ্যোৎস্নালোক। নিকটেই ঘাসের মধ্যে যেখানে রাশি রাশি হলুদ রঙের দুধলি ফুল ফুটিয়াছে, তারই উপর ছনিয়া ফাঁদ পাতিল—যেন পাখীর খাঁচার বেড়ার মত, বাঁশের তৈরি। সেই বেড়া ক'খানা দিয়া গুড়গুড়ি পাখীর খাঁচাটা ঢাকিয়া রাখিয়া দিল।

সুরতিয়া বলিল—চলুন বাবুজী, লুকিয়ে বসি গে বোপের আড়ালে। মানুষ দেখলে চিড়িয়া ভাগবে।—সবাই মিলিয়া আমরা শাল-চারার আড়ালে কতক্ষণ ঘাপটি মারিয়া বসিয়া রহিলাম। ডাঙ্কটি মাঝে মাঝে থামিতেছে—গুড়গুড়ির কিস্ত রবের বিরাম নাই—একটানা ডাকিয়াই চলিয়াছে—গুড়-ড়-ড়-ড়—

সে কি মধুর অপার্থিব রব! বলিলাম—সুরতিয়া, তোদের গুড়গুড়িটা বিক্রী করবি? কত দাম?

সুরতিয়া বলিল—চূপ চূপ বাবুজী, কথা বলবেন না—ঐ শুনুন, বুনো পাখী আসছে—কিছুক্ষণ চূপ করিয়া থাকিবার পরে অন্য একটি সুর মাঠের উত্তর দিকে বনপ্রান্তর হইতে ভাসিয়া আসিল—গুড়-ড়-ড়-ড়।

আমার শরীর শিহরিয়া উঠিল। বনের পাখী খাঁচার পাখীর সুরে সাড়া দিয়াছে!

ক্রমে সে-সুর খাঁচার নিকটবর্তী হইতে লাগিল।

কিছুক্ষণ ধরিয়া দুইটি পাখীর রব পাশাপাশি শোনা যাইতেছিল, ক্রমে দুইটি সুর যেন মিশিয়া এক হইয়া গেল—হঠাৎ আবার একটা সুর—একটা পাখীই ডাকিতেছে—খাঁচার পাখীটা।

ছনিয়া ও সুরতিয়া ছুটিয়া গেল, ফাঁদে পাখী পড়িয়াছে। আমিও ছুটিয়া গেলাম।

ফাঁদে পা বাধাইয়া পাখীটা ঝটপট করিতেছে। ফাঁদে পড়িবার সঙ্গে সঙ্গে তাহার ডাক বন্ধ হইয়া গিয়াছে—কি আশ্চর্য কাণ্ড! চোখকে যেন বিশ্বাস করা শক্ত।

সুরতিয়া পাখীটা হাতে তুলিয়া দেখাইল—দেখুন বাবুজী, কেমন ফাঁদে পা আটকেছে। দেখলেন?

সুরতিয়াকে বলিলাম—পাখী তোরা কি করিস?

সে বলিল—বাবা তিরাশি-রতনগঞ্জের হাটে বিক্রী করে আসে। এক একটা শুড়শুড়ি দু'পয়সা—একটা ডাঙ্ক সাত পয়সা।

বলিলাম—আমাকে বিক্রি কর, দাম দেব।

সুরতিয়া শুড়শুড়িটা আমায় এমনিই দিয়া দিল—কিছুতেই তাহাকে পয়সা লওয়াইতে পারিলাম না।

8

আশ্বিন মাস। এই সময় একদিন সকালে পত্র পাইলাম রাজা দোবরু পান্না মারা গিয়াছেন এবং রাজপরিবার খুব বিপন্ন—আমি সময় পাইলে যেন যাই। পত্র দিয়াছে জগরু পান্না, ভানুমতীর দাদা।

তখনি রওনা হইয়া সন্ধ্যার কিছু পূর্বে চক্‌মকিটোলা পৌঁছিয়া গেলাম। রাজার বড় ছেলে ও নাতি আমাকে আগাইয়া লইয়া গেল। শুনিলাম রাজা দোবরু গরু চরাইতে চরাইতে হঠাৎ পড়িয়া গিয়া হাঁটুতে আঘাতপ্রাপ্ত হন, শেষ পর্যন্ত হাঁটুর সেই আঘাতেই তাঁর মৃত্যুর কারণ ঘটে।

রাজার মৃত্যু-সংবাদ পাওয়া মাত্র মহাজন আসিয়া গরু-মহিষ বাঁধিয়া রাখিয়াছে। টাকা না পাইলে সে গরু-মহিষ ছাড়িবে না। এদিকে বিপদের উপর বিপদ, নূতন রাজার অভিষেক-উৎসব আগামী কল্য সম্পন্ন হইবে। তাহাতেও কিছু খরচ আছে। কিন্তু সে টাকা কোথায়? তা ছাড়া গরু-মহিষ মহাজনে যদি লইয়া যায়, তবে রাজপরিবারের অবস্থা খুবই হীন হইয়া পড়িবে—এ দুখের ঘি বিক্রয় করিয়া রাজার সংসারের অর্ধেক খরচ চলিত—এখন তাহাদের না খাইয়া মরিতে হইবে।

শুনিয়া আমি মহাজনকে ডাকাইলাম। তার নাম বীরবল সিং। আমার কোনো কথাই সে দেখিলাম শুনিতে প্রস্তুত নয়। টাকা না পাইলে কিছুতেই সে গরু-মহিষ ছাড়িবে না। লোকটা ভাল নয় দেখিলাম।

ভানুমতী আসিয়া কাঁদিতে লাগিল। সে তাহার জ্যাঠামশায় অর্থাৎ প্রপিতামহকে বড়ই ভালবাসিত—জ্যাঠামশায় থাকিতে তাহারা যেন পাহাড়ের আড়ালে ছিল, যেমনি তিনি চোখ বুজিয়াছেন, আর অমনি এই সব গোলমাল। এই সব কথা বলিতে বলিতে ভানুমতীর চোখের জল কিছুতেই থামে না। বলিল—চলুন বাবুজী, আমার সঙ্গে—জ্যাঠামশায়ের গোর আপনাকে দেখিয়ে আনি পাহাড়ের উপর থেকে। আমার কিছু ভাল লাগছে না বাবুজী, কেবল ইচ্ছে হচ্ছে গুর কবরের কাছে বসে থাকি।

বলিলাম—দাঁড়াও, মহাজনের একটা কি ব্যবস্থা করা যায় দেখি। তারপর যাব—কিন্তু মহাজনের কোনো ব্যবস্থা করা আপাতত সম্ভব হইল না। দুর্দান্ত রাজপুত্র মহাজন কারও অনুরোধ-উপরোধ শুনিলার পাত্র নয়। তবে সামান্য একটু খাতির করিয়া আপাতত গরু-মহিষগুলি এখানেই বাঁধিয়া রাখিতে সম্মত হইল মাত্র, তবে দুখ এক ফোঁটাও লইতে দিবে না। মাস দুই পরে এ দেনা শোধার উপায় হইয়াছিল—সেকথা এখন নয়।

ভানুমতী দেখি একা ওদের বাড়ির সামনে দাঁড়াইয়া। বলিল—বিকেল হয়ে গিয়েছে, এর পর যাওয়া যাবে না, চলুন কবর দেখতে।

ভানুমতী একা যে আমার সঙ্গে পাহাড়ে চলিল ইহাতে বুঝিলাম সরলা পর্বতবালা এখন আমাকে তাহার পরিবারের ঘনিষ্ঠ বন্ধু ও পরমাশ্রয় মনে করে। এই পাহাড়ী বালিকার সরল ব্যবহার ও বন্ধুত্ব আমাকে মুগ্ধ করিয়াছে।

বৈকালের ছায়া নামিয়াছে সেই বড় উপত্যকাটায়।

ভানুমতী বড় তড়বড় করিয়া চলে, ব্রজা হরিণীর মত। বলিলাম—শোন ভানুমতী, একটু আস্তে চল, এখানে শিউলিফুলের গাছ কোথায় আছে?

ভানুমতীদের দেশে শিউলিফুলের নাম সম্পূর্ণ আলাদা। ঠিকমত তাহাকে বুঝাইতে পারিলাম না। পাহাড়ের উপরে উঠিতে উঠিতে অনেকদূর পর্যন্ত দেখা যাইতেছিল। নীল ধন্বরি শৈলমালা ভানুমতীদের দেশকে, রাজ্যহীন রাজা দোবরু পান্নার রাজ্যকে মেখলাকারে ঘেরিয়া আছে, বহুদূর হইতে হু-হু-খোলা হাওয়া বহিয়া আসিতেছে।

ভানুমতী চলিতে চলিতে থামিয়া আমার দিকে চাহিয়া বলিল—বাবুজী, উঠতে কষ্ট হচ্ছে?—কিছু না। একটু আস্তে চল কেবল—কষ্ট কি?

আর খানিকটা চলিয়া সে বলিল—জ্যাঠামশায় চলে গেল, সংসারে আমার আর কেউ রহিল না, বাবুজী—

ভানুমতী ছেলেমানুষের মত কাঁদ-কাঁদ হইয়া কথটা বলিল।

উহার কথা শুনিয়া আমার হাসি পাইল। বৃদ্ধ প্রপিতামহই না হয় মারা গিয়াছে, মাও নাই, নতুবা উহার বাবা, ভাই, ঠাকুরমা, ঠাকুরদা সবাই বাঁচিয়া, চারিদিকে জাজুল্যমান সংসার। হাজার হোক ভানুমতী স্ত্রীলোক এবং বালিকা, পুরুষের একটু সহানুভূতি আকর্ষণ করিবার ও মেয়েলী আদর-কাড়ানোর প্রবৃত্তি তার পক্ষে স্বাভাবিক।

ভানুমতী বলিল—আপনি মাঝে মাঝে আসবেন বাবুজী, আমাদের দেখাশুনো করবেন—ভুলে যাবেন না বলুন—

নারী সব জায়গায় সব অবস্থাতেই সমান। বন্য বালিকা ভানুমতীও সেই একই ধাতুতে গড়া।

বলিলাম—কেন ভুলে যাব? মাঝে মাঝে আসব নিশ্চয়ই—

ভানুমতী কেমন একরকম অভিমানের সুরে ঠেঁট ফুলাইয়া বলিল—হাঁ, বাংলা দেশে গেলে, কলকাতা শহরে গেলে আপনার আবার মনে থাকবে এ পাহাড়ে জংলী দেশের কথা—একটু থামিয়া বলিল—আমাদের কথা—আমার কথা—

স্নেহের সুরে বলিলাম—কেন, মনে ছিল না ভানুমতী? আয়নাখানা পাও নি? মনে ছিল কি ছিল না ভাবো—

ভানুমতী উজ্জ্বল মুখে বলিল—উঃ বাবুজী, বড় চমৎকার আয়না—সত্যি, সে-কথা আপনাকে জানাতে ভুলেই গিয়েছি।

সমাধি-স্থানের সেই বটগাছের তলায় যখন গিয়া দাঁড়াইলাম, তখন বেলা নাই বলিলেও হয়, দূর পাহাড়শ্রেণীর আড়ালে সূর্য লাল হইয়া চলিয়া পড়িতেছে, কখন ক্ষীণাঙ্গ চাঁদ উঠিয়া বটতলার অপরাহ্নের এই ঘন ছায়া ও সম্মুখবর্তী প্রদোষের গভীর অন্ধকার দূর করিবে, স্থানটি যেন তাহারই স্তব্ধ প্রতীক্ষায় নীরবে দাঁড়াইয়া আছে।

ভানুমতীকে কিছু বনের ফুল কুড়াইয়া আনিতে বলিলাম, উহার ঠাকুরদাদার কবরের পাথরে ছড়াইবার জন্য। সমাধির উপরে ফুল-ছড়ানো-প্রথা এদের দেশে জানা নাই, আমার উৎসাহে সে নিকটের একটা বুনো শিউলিগাছের তলা হইতে কিছু ফুল সংগ্রহ করিয়া আনিল। তাহার পর ভানুমতী ও আমি দুজনেই ফুল ছড়াইয়া দিলাম রাজা দোবরু পান্নার সমাধির উপরে।

ঠিক সেই সময় ডানা ঝটপট করিয়া একদল সিপ্লি ডাকিতে ডাকিতে উড়িয়া গেল বটগাছটার মগডাল হইতে—যেন ভানুমতী ও রাজা দোবরুর সমস্ত অবহেলিত, অত্যাচারিত প্রাচীন পূর্বপুরুষগণ আমার কাছে তৃপ্তিলাভ করিয়া সমস্বরে বলিয়া উঠিলেন—সাধু! সাধু! কারণ আর্ঘ-জাতির বংশধরের এই বোধ হয় প্রথম সম্মান অনার্য রাজ-সমাধির উদ্দেশে।

পঞ্চদশ পরিচ্ছেদ

১

ধাওতাল সাহ মহাজনের কাছে আমাকে একবার হাত পাতিতে হইল। আদায় সেবার হইল কম, অথচ দশ হাজার টাকা রেভিনিউ দাখিল করিতেই হইবে। তহশিলদার বনোয়ারীলাল পরামর্শ দিল, বাকি টাকাটা ধাওতাল সাহর কাছে কর্জ করুন। আপনাকে সে নিশ্চয়ই দিতে আপত্তি করিবে না। ধাওতাল সাহ আমার মহালের প্রজা নয়, সে থাকে গভর্নমেন্টের খাসমহালে। আমাদের সঙ্গে তার কোনো প্রকার বাধ্যবাধকতা নাই, এ বিষয়ে সে যে এক কথায় আমাকে ব্যক্তিগতভাবে হাজার-তিনেক টাকা ধার দিবে, এ বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ ছিল।

কিন্তু গরজ বড় বালাই। একদিন বনোয়ারীলালকে সঙ্গে লইয়া গোপনে গেলাম ধাওতাল সাহর বাড়ি, কারণ কাছারির অপর কাহাকেও জানিতে দিতে চাহি না যে, টাকা কর্জ করিয়া দিতে হইতেছে।

ধাওতাল সাহর বাড়ি পওসদিয়ার একটি ঘিঞ্জি টোলার মধ্যে। বড় একখানা খোলার চালার সামনে খানকতক দড়ির চারপাই পাতা। ধাওতাল সাহ উঠানের এক পাশের তামাকের ক্ষেত নিড়ানি দিয়া পরিষ্কার করিতেছিল—আমাদের দেখিয়া শশব্যস্তে ছুটিয়া আসিল, কোথায় বসাইবে, কি করিবে ভাবিয়া পায় না, খানিকক্ষণের জন্যে যেন দিশাহারা হইয়া গেল।

—এ কি! হুজুর এসেচেন গরিবের বাড়ি, আসুন আসুন। বসুন হুজুর। আসুন তহশিলদার সাহেব।

ধাওতাল সাহর বাড়িতে চাকরবাকর দেখিলাম না। তাহার একজন হস্তপুষ্ট নাতি, নাম রামলখিয়া, সে-ই আমাদের জন্য ছুটাছুটি করিতে লাগিল। বাড়িঘর আসবাবপত্র দেখিয়া কে বলিবে ইহা লক্ষপতি মহাজনের বাড়ি।

রামলখিয়া আমার ঘোড়ার পিঠ হইতে জিন খুরপাচ খুলিয়া ঘোড়াকে ছায়ায় বাঁধিল। আমাদের জন্য পা ধুইবার জল আনিল। ধাওতাল সাহ নিজেই একখানা তালের পাখা দিয়া বাতাস করিতে লাগিল। সাহজীর এক নাতনী তামাক সাজিতে ছুটিল। উহাদের যত্নে বড়ই বিব্রত হইয়া উঠিলাম। বলিলাম—ব্যস্ত হবার দরকার নেই সাহজী, তামাক আনতে হবে না, আমার কাছে চুরুট আছে।

যত আদর-আপ্যায়নই করুক, আসল ব্যাপার সম্বন্ধে কথা পাড়িতে একটু সমীহ হইতেছিল, কি করিয়া কথাটা পাড়ি?

ধাওতাল সাহ বলিল—ম্যানেজার সাহেব কি এদিকে পাখী মারতে এসেছিলেন?

—না, তোমার কাছেই এসেছিলাম সাহজী।

—আমার কাছে হুজুর? কি দরকার বলুন তো?

—আমাদের কাছারির সদর খাজনার টাকা কম পড়ে গিয়েছে, সাড়ে তিন হাজার টাকার বড় দরকার, তোমার কাছে সেজন্যেই এসেছিলাম।

মরীয়া হইয়াই কথাটা বলিয়া ফেলিলাম, বলিতেই যখন হইবে।

ধাওতাল সাহ কিছুমাত্র না ভাবিয়া বলিল—তার জন্যে আর ভাবনা কি হুজুর? সে হয়ে যাবে এখন, তবে তার জন্যে কষ্ট করে আপনার আসবার দরকার কি ছিল? একখানা চিরকুট লিখে তহশিলদার সাহেবের হাতে পাঠিয়ে দিলেই আপনার হুকুম তামিল হত।

মনে ভাবিলাম এখন আসল কথাটা বলিতে হইবে। টাকা আমি ব্যক্তিগতভাবে লইব, কারণ জমিদারের নামে টাকা কর্ত্ত করিবার আমমোস্তগরনামা আমার নাই। একথা শুনিতেও ধাওতাল কি আমায় টাকা দিবে? বিদেশী লোক আমি। আমার কি সম্পত্তি আছে এখানে যে এতগুলি টাকা বিনা বন্ধকে আমায় দিবে? কথাটা একটু সমীহের উপরই বলিলাম।

—সাহজী, লেখাপড়াটা কিন্তু আমার নামেই করতে হবে। জমিদারের নামে হবে না।

ধাওতাল সাহ আশ্চর্য হইবার সুরে বলিল—লেখাপড়া কিসের? আপনি আমার বাড়ি ব'য়ে এসেছেন সামান্য টাকার অভাব পড়েছে, তাই নিতে। এ তো আসবার দরকারই ছিল না, হুকুম ক'রে পাঠালেই টাকা দিতাম। তার পর যখন এসেছেন—তখন লেখাপড়া কিসের? আপনি স্বচ্ছন্দে নিয়ে যান, যখন কাছারিতে আদায় হবে, আমায় পাঠিয়ে দিলেই হবে।

বলিলাম—আমি হ্যান্ডনোট দিচ্ছি, টিকিট সঙ্গে করে এনেছি। কিংবা তোমার পাকা খাতা বার কর, সই করে দিয়ে যাই।

ধাওতাল সাহ হাতজোড় করিয়া বলিল—মাপ করুন হুজুর। ও কথাই তুলবেন না। মনে বড় কষ্ট পাব। কোনো লেখাপড়ার দরকার নেই, টাকা আপনি নিয়ে যান।

আমার পীড়াপীড়িতে ধাওতাল কর্ণপাতও করিল না। ভিতর হইতে আমায় নোটের তাড়া গুনিয়া আনিয়া দিয়া বলিল—হুজুর, একটা কিন্তু অনুরোধ আছে।

—কি?

—এ—বেলা যাওয়া হবে না। সিধা বা'র করে দিই, রান্নাখাওয়া ক'রে তবে যেতে পাবেন।

পুনরায় আপত্তি করিলাম, তাহাও টিকিল না। তহশিলদারকে বলিলাম—বনোয়ারীলাল, রাঁধতে পারবে তো? আমার দ্বারা সুবিধে হবে না।

বনোয়ারী বলিল—তা চলবে না, হুজুর, আপনাকে রাঁধতে হবে। আমার রান্না খেলে এ পাড়াপাঁয়ে আপনার দুর্নাম হবে। আমি দেখিয়ে দেব এখন।

বিরাট এক সিধা বাহির করিয়া দিল ধাওতাল সাহর নাতি। রন্ধনের সময় নাতি-ঠাকুরদা মিলিয়া নানা রকম উপদেশ-পরামর্শ দিতে লাগিল রন্ধন সম্বন্ধে।

ঠাকুরদাদার অনুপস্থিতিতে নাতি বলিল—বাবুজী, ঐ দেখছেন আমার ঠাকুরদাদা, গুঁর জন্যে সব যাবে। এত লোককে টাকা ধার দিয়েছেন বিনা সুদে, বিনা বন্ধকে, বিনা তমসুকে—এখন আর টাকা আদায় হতে চায় না। সকলকে বিশ্বাস করেন, অথচ লোকে কত ফাঁকিই দিয়েছে। লোকের বাড়ি ব'য়ে টাকা ধার দিয়ে আসেন।

গ্রামের আর একজন লোক বসিয়াছিল, সে বলিল—বিপদে আপদে সাহজীর কাছে হাত পাতলে ফিরে যেতে কখনো কাউকে দেখি নি বাবুজী। সেকেলে ধরনের লোক, এতবড় মহাজন, কখনো আদালতে মোকদ্দমা করেন নি। আদালতে যেতে ভয় পান। বেজায় ভীতু আর ভালমানুষ।

সেদিন যে-টাকা ধাওতাল সাহর নিকট হইতে আনিয়াছিলাম, তাহা শোধ দিতে প্রায় ছ'মাস দেরি হইয়া গেল—এই ছ'মাসের মধ্যে ধাওতাল সাহ আমাদের ইসমাইলপুর মহালের ত্রিসীমানা দিয়া হাঁটে নাই, পাছে আমি মনে করি যে সে টাকার তাগাদা করিতে আসিয়াছে। ভদ্রলোক আর কাহাকে বলে! .

প্রায় বছর-খানেক রাখালবাবুদের বাড়ি যাওয়া হয় নাই, ফসলের মেলার পরে একদিন সেখানে গেলাম। রাখালবাবুর স্ত্রী আমায় দেখিয়া খুব খুশি হইলেন। বলিলেন—আপনি আর আসেন না কেন দাদা, কোনো খোঁজখবর নেন না—এই নির্বাক জায়গায় বাঙালীর মুখ দেখা যে কি—আর আমাদের এই অবস্থায়—

বলিয়া দিদি নিঃশব্দে কাঁদিতে লাগিলেন।

আমি চারিদিকে চাহিয়া দেখিলাম। বাড়িঘরের অবস্থা আগের মতই হীন, তবে এবার ততটা যেন বিশৃঙ্খল নয়। রাখালবাবুর বড় ছেলেটি বাড়িতেই টিনের মিস্ত্রীর কাজ করে—সামান্যই উপার্জন—তবু যা হয় সংসার একরকম চলিতেছে।

রাখালবাবুর স্ত্রীকে বলিলাম—ছোট ছেলেটিকে অন্তত ওর মামার কাছে কাশীতে রেখে একটু লেখাপড়া শেখান।

তিনি বলিলেন—আপন-মামা কোথায় দাদা? দু-তিনখানা চিঠি লেখা হয়েছিল এত বড় বিপদের খবর দিয়ে—দশটি টাকা পাঠিয়ে দিয়ে সেই যে চূপ করল—আর এই দেড় বছর সাড়াশব্দ নেই। তার চেয়ে দাদা, ওরা মকাই কাটবে, জনার কাটবে, মহিষ চরাবে—তবুও তেমন মামার দোরে যাবে না।

আমি তখনই ঘোড়ায় ফিরিব—দিদি কিছুতেই আসিতে দিলেন না। সে-বেলা থাকিতে হইবে। তিনি কি-একটা খাবার করিয়া আমায় না খাওয়াইয়া ছাড়িবেন না।

অগত্যা অপেক্ষা করিতে হইল। মকাইয়ের ছাতুর সহিত যি ও চিনি মিশাইয়া এক রকমের লাড্ডু বাঁধিয়া ও কিছু হালুয়া তৈরি করিয়া দিদি খাইতে দিলেন। দরিদ্র সংসারে যতটা আদর-অভ্যর্থনা করা যাইতে পারে, তাহার ক্রটি করিলেন না।

বলিলেন—দাদা, ভাদ্রমাসের মকাই রেখেছিলাম আপনার জন্যে তুলে। আপনি ভুট্টাপোড়া খেতে ভালবাসেন, তাই।

জিজ্ঞাসা করিলাম—মকাই কোথায় পেলেন? কিনেছিলেন?

—না। ক্ষেতে কুড়ুতে যাই, ফসল কেটে নিয়ে গেলে যে-সব ভাঙা, বরা ভুট্টা চাষারা ক্ষেতে রেখে যায়—গাঁয়ের মেয়েরাও যায়, আমিও যাই ওদের সঙ্গে—এক বুড়ি দেড় বুড়ি করে রোজ কুড়োতাম।

আমি অবাক হইয়া বলিলাম—ক্ষেতে কুড়ুতে যেতেন?

—হ্যাঁ, রাত্রে যেতাম, কেউ টের পেত না। গাঁয়ের কত মেয়েরা তো যায়। তাদের সঙ্গে এই ভাদ্র মাসে কমসে-কম দশ টুকরি ভুট্টা কুড়িয়ে এনেছিলাম।

মনে বড় দুঃখ হইল। এ কাজ গরিব গাঙ্গোতার মেয়েরা করিয়া থাকে—এদেশের ছত্রি বা রাজপুত মেয়েরা গরিব হইলেও ক্ষেতের ফসল কুড়াইতে যায় না। আর একজন বাঙালীর মেয়েকে এ-কাজ করিতে শুনিলে মনে বড়ই লাগে। এই অশিক্ষিত গাঙ্গোতাদের গ্রামে বাস করিয়া দিদি এ-সব হীনবৃত্তি শিখিয়াছেন—সংসারের দারিদ্র্যও যে তাহার একটা প্রধান কারণ সে-বিষয়ে ভুল নাই। মুখ ফুটিয়া কিছু বলিতে পারিলাম না, পাছে মনে কষ্ট দেওয়া হয়। এই নিঃশব্দ বাঙালী পরিবার বাংলার কোনো শিক্ষা-সংস্কৃতি পাইল না, বছরকয়েক পরে চাষী গাঙ্গোতায় পরিণত হইবে—ভাষায়, চালচলনে, হাবভাবে। এখন হইতেই সে-পথে অনেক দূর অগ্রসর হইয়াছে।

রেলস্টেশন হইতে বহু-দূরে অজ পল্লীগ্ৰামে আমি আরও দু-একটি এরকম বাঙালী পরিবার দেখিয়াছি। এই সব পরিবারে মেয়ের বিবাহ দেওয়া যে কি দুঃসাধ্য ব্যাপার! এমনি আর একটি বাঙালী ব্রাহ্মণ পরিবার জানিতাম—দক্ষিণ-বিহারে এক অজ গ্রামে তাঁহারা থাকিতেন। অবস্থা নিতান্তই হীন, বাড়িতে তাঁদের তিনটি মেয়ে ছিল, বড়টির বয়স একুশ-বাইশ বছর, মেজটির কুড়ি, ছোটটিরও সতেরো। ইহাদের বিবাহ হয় নাই, হইবার কোনো উপায়ও নাই—স্বঘর জোটানো, বাঙালী পাত্রের সন্ধান পাওয়া এ-সব অঞ্চলে অত্যন্তই কঠিন।

বাইশ বছরের বড় মেয়েটি দেখিতেও সূত্রী—এক বর্ণও বাংলা জানে না—আকৃতি-প্রকৃতিতে খাঁটি দেহাতী বিহারী মেয়ে—মাঠ হইতে মাথায় মোট করিয়া কলাই আনে, গমের ভূষি আনে।

এই মেয়েটির নাম ছিল ধ্রুবা। পুরাদস্তুর বিহারী নাম।

তাহার বাবা প্রথমে এই গ্রামে হোমিওপ্যাথিক ডাক্তারি করিতে আসিয়া জমিজমা লইয়া চাম্বাসের কাজও আরম্ভ করেন। তারপর তিনি মারা যান, বড় ছেলে একেবারে হিন্দুস্থানী—চাম্বাস দেখাশুনা করিত, বয়স্থা ভগ্নীদের বিবাহের যোগাড় সে চেষ্টা করিয়াও করিতে পারে নাই। বিশেষত পণ দিবার ক্ষমতা তাদের আদৌ ছিল না জানি।

ধ্রুবা ছিল একেবারে কপালকুণ্ডলা। আমাকে ভাইয়া অর্থাৎ দাদা বলিয়া ডাকিত। গায়ে অসীম শক্তি, গম পিষিতে, উদুখলে ছাতু কুটিতে, মোট বহিয়া আনিতে, গরু-মহিষ চরাইতে চমৎকার মেয়ে, সংসারের কাজকর্মে ঘুণ। তাহার দাদা এ প্রস্তাবও করিয়াছিলেন যে, এমন যদি কোনো পাত্র পান, তিনটি মেয়েকেই একপাত্রে সম্প্রদান করিবেন। মেয়ে তিনটিরও নাকি অমত ছিল না।

মেজ মেয়ে জবাকে জিজ্ঞাসা করিয়াছিলাম—বাংলা দেখতে ইচ্ছে হয়?

জবা বলিয়াছিল—নেই ভেইয়া, উহাকে পানি বড়ি নরম ছে—

শুনিয়াছিলাম বিবাহ করিতে ধ্রুবরও খুব আগ্রহ। সে নিজে নাকি কাহাকে বলিয়াছিল, তাহাকে যে বিবাহ করিবে, তাহার বাড়িতে গরুর দোহাল বা উদুখলওয়ালী ডাকিতে হইবে না—সে একাই ঘণ্টায় পাঁচ সের গম কুটিয়া ছাতু করিতে পারে।

হায় হতভাগিনী বাঙালী কুমারী! এত বৎসর পরেও সে নিশ্চয় আজও গাঙ্গোতীন সাজিয়া দাদার সংসারে যব কুটিতেছে, কলাইয়ের বোঝা মাথায় করিয়া মাঠ হইতে আনিতেছে, কে আর দরিদ্রা দেহাতী বয়স্থা মেয়েকে বিনাপণে বিবাহ করিয়া পাঙ্কিতে তুলিয়া ঘরে লইয়া গিয়াছে, মঙ্গলশঙ্খ ও উলুধ্বনির মধ্যে!

শান্ত মুক্ত প্রান্তরে যখন সন্ধ্যা নামে, দূর পাহাড়ের গা বাহিয়া যে সরু পথটি দেখা যায় ঘনবনের মধ্যে চেরা সিঁথির মত, ব্যর্থযৌবনা দরিদ্রা ধ্রুবা হয়তো আজও এত বছরের পরে সেই পথ দিয়া শুকনো কাঠের বোঝা মাথায় করিয়া পাহাড় হইতে নামে—এ ছবি কতবার কল্পনানেত্রে প্রত্যক্ষ করিয়াছি—তেমনি প্রত্যক্ষ করিয়াছি আমার দিদি, রাখালবাবুর স্ত্রী, হয়তো আজও বৃদ্ধা গাঙ্গোতীনদের মত গভীর রাত্রে চোরের মত লুকাইয়া ক্ষেতে-খামারে শুকনো তলায়-ঝরা ভুট্টা বুড়ি করিয়া কুড়াইয়া ফেরেন।

৩

ভানুমতীদের ওখান হইতে ফিরিবার পথে শ্রাবণ মাসের মাঝামাঝি সেবার ঘোর বর্ষা নামিল। দিনরাত অবিশ্রান্ত বৃষ্টি, ঘন কাজল-কালো মেঘপুঞ্জ আকাশ ছাইয়াছে; নাটা ও ফুলকিয়া

বইহারের দিগন্তরেখা বৃষ্টির ধোঁয়ায় ঝাপসা, মহালিখারূপের পাহাড় মিলাইয়া গিয়াছে—
মোহনপুরা রিজার্ভ ফরেস্টের শীর্ষদেশ কখনও ঈষৎ অস্পষ্ট দেখা যায়, কখনও যায় না।
শুনিলাম পূর্বে কুশী ও দক্ষিণে কারো নদীতে বন্যা আসিয়াছে।

মাইলের পর মাইল ব্যাপী কাশ ও ঝাউ বন বর্ষার জলে ভিজিতেছে, আমার আপিস ঘরের
বারান্দায় চেয়ার পাতিয়া বসিয়া দেখিতাম, আমার সামনে কাশবনের মধ্যে একটা বনঝাউয়ের
ডালে একটা সঙ্গীহারা ঘুঘু বসিয়া অঝোরে ভিজিতেছে, ঘণ্টার পর ঘণ্টা একভাবেই বসিয়া
আছে—মাঝে মাঝে পালক উসকোখুসকো করিয়া ঝুলাইয়া বৃষ্টির জল আটকাইবার চেষ্টা
করে, কখনও এমনই বসিয়া থাকে।

এমন দিনে আপিস-ঘরে বসিয়া দিন কাটানো আমার পক্ষে কিন্তু অসম্ভব হইয়া উঠিত।
ঘোড়ায় জিন কমিয়া বর্ষাতি চাপাইয়া বাহির হইয়া পড়িতাম। সে কি মুক্তি! কি উদ্দাম
জীবনানন্দ! আর কি অপরূপ সবুজের সমুদ্র চারিদিকে—বর্ষার জলে নবীন, সতেজ, ঘনসবুজ
কাশের বন গজাইয়া উঠিয়াছে—যতদূর দৃষ্টি চলে, এদিকে নাড়া বইহারের সীমানা ওদিকে
মোহনপুরা অরণ্যের অস্পষ্ট নীল সীমারেখা পর্যন্ত বিস্তৃত থৈ থৈ করিতেছে এই সবুজের
সমুদ্র—বর্ষাসজল হাওয়ায় মেঘকজ্জল আকাশের নীচে এই দীর্ঘ মরকতশ্যাম তৃণভূমির মাথায়
ঢেউ খেলিয়া যাইতেছে—আমি যেন একা এক অকূল-সমুদ্রের নাবিক—কোন রহস্যময় স্বপ্ন-
বন্দরের উদ্দেশে পাড়ি দিয়াছি।

এই বিস্তৃত মেঘছায়াশ্যামল মুক্ত তৃণভূমির মধ্যে ঘোড়া ছুটাইয়া মাইলের পর মাইল
যাইতাম—কখনও সরস্বতী কুণ্ডীর বনের মধ্যে ঢুকিয়া দেখিয়াছি—প্রকৃতির এই অপূর্ব নিভৃত
সৌন্দর্যভূমি যুগলপ্রসাদের স্বহস্তে রোপিত নানাজাতীয় বন্য ফুলে ও লতায় সজ্জিত হইয়া
আরও সুন্দর হইয়া উঠিয়াছে। সমগ্র ভারতবর্ষের মধ্যে সরস্বতী হ্রদ ও তাহার তীরবর্তী
বনানীর মত সৌন্দর্যভূমি খুব বেশি নাই—এ নিঃসন্দেহে বলিতে পারি। হ্রদের ধারে রেড
ক্যাম্পিয়নের মেলা বসিয়াছে এই বর্ষাকালে—হ্রদের জলের ধারের নিকট। জলজ
ওয়াটারক্রোফ্টের বড় বড় নীলাভ সাদা ফুলে ভরিয়া আছে। যুগলপ্রসাদ সেদিনও কি একটা
বন্যলতা আনিয়া লাগাইয়া গিয়াছে জানি। সে আজমাবাদ কাছারিতে মুন্সীর কাজ করে বটে,
কিন্তু তাহার মন পড়িয়া থাকে সরস্বতী কুণ্ডীর তীরবর্তী লতাবিতানে ও বনপুষ্পের কুঞ্জে।

সরস্বতী কুণ্ডীর বন হইতে বাহির হইতাম—আবার মুক্ত প্রান্তর, আবার দীর্ঘ তৃণভূমি—
বনের মাথায় ঘন নীল বর্ষার মেঘ আসিয়া জমিতেছে, সমগ্র জলভার নামাইয়া রিক্ত হইবার
পূর্বেই আবার উড়িয়া আসিতেছে নবমেঘপুঞ্জ—একদিকের আকাশে এক অদ্ভুত ধরনের নীল
রং ফুটিয়াছে—তাহার মধ্যে একখণ্ড লঘু মেঘ অস্ত্রদিকান্তের রঙে রঞ্জিত হইয়া বহির্বিশ্বের
দিকান্তে কোন অজানা পর্বতশিখরের মত দেখা যাইতেছে।

সন্ধ্যার বিলম্ব নাই। দিগন্তহারা ফুলকিয়া বইহারের মধ্যে শিয়াল ডাকিয়া উঠিত—একে
মেঘের অঙ্ককার, তার উপর সন্ধ্যার অঙ্ককার নামিতেছে—ঘোড়ার মুখ কাছারির দিকে ফিরাইতাম।

কতবার এই ক্ষান্তবর্ষণ মেঘ-থমকানো সন্ধ্যায় এই মুক্ত প্রান্তরে সীমাহীনতার মধ্যে কোন
দেবতার স্বপ্ন যেন দেখিয়াছি—এই মেঘ, এই সন্ধ্যা, এই বন, কোলাহলরত শিয়ালের দল, সরস্বতী
হ্রদের জলজ পুষ্প, মধুগী, রাজ পাঁড়ে, ভানুমতী, মহালিখারূপের পাহাড়, সেই দরিদ্র গৌড়-পরিবার,
আকাশ, ব্যোম সবই তাঁর সুমহতী কল্পনায় একদিন ছিল বীজরূপে নিহিত—তাঁরই আশীর্বাদ
আজিকার এই নবনীলনীরদমালায় মতই সমুদয় বিশ্বকে অস্তিত্বের অমৃতধারায় সিদ্ধ করিতেছে—
এই বর্ষা-সন্ধ্যা তাঁরই প্রকাশ, এই মুক্ত জীবনানন্দ তাঁরই বাণী, অন্তরের অন্তরে যে বাণী মানুষকে

সচেতন করিয়া তোলে। সে দেবতাকে ভয় করিবার কিছুই নাই—এই সুবিশাল ফুলকিয়া বইহারের চেয়েও, ঐ বিশাল মেঘভরা আকাশের চেয়েও সীমাহীন, অনন্ত তাঁর প্রেম ও আশীর্বাদ। যে যত হীন, যে যত ছোট, সেই বিরাট দেবতার অদৃশ্য প্রসাদ ও অনুকম্পা তার উপর তত বেশি।

আমার মনে যে দেবতার স্বপ্ন জাগিত, তিনি যে শুধু প্রবীণ বিচারক, ন্যায় ও দণ্ডমুণ্ডের কর্তা, বিজ্ঞ ও বহুদর্শী কিংবা অব্যয়, অক্ষয় প্রভৃতি দুরূহ দার্শনিকতার আবরণে আবৃত ব্যাপার তাহা নয়—নাচা বইহারের কি আজমাবাদের মুক্ত প্রান্তরে কত গোখুলিবেলায় রক্তমেঘস্ত্রুপের, কত দিগন্তহারা জনহীন জ্যোৎস্নালোকিত প্রান্তরের দিকে চাহিয়া মনে হইত তিনিই প্রেম ও রোমান্স, কবিতা ও সৌন্দর্য, শিল্প ও ভাবুকতা—তিনি প্রাণ দিয়া ভালবাসেন, সুকুমার কলাবৃত্তি দিয়া সৃষ্টি করেন, নিজেকে সম্পূর্ণরূপে বিলাইয়া দিয়া থাকেন নিঃশেষে প্রিয়জনের প্রীতির জন্য—আবার বিরাট বৈজ্ঞানিকের শক্তি ও দৃষ্টি দিয়া গ্রহ-নক্ষত্র-নীহারিকার সৃষ্টি করেন।

8

এমনি এক বর্ষামুখর শ্রাবণ-দিনে ধাতুরিয়া ইসমাইলপুর কাছারিতে আসিয়া হাজির।

অনেক দিন পরে উহাকে দেখিয়া খুশি হইলাম।

—কি ব্যাপার, ধাতুরিয়া? ভালো আছিস তো?

যে ছোট পুঁটুলির মধ্যে তাহার সমস্ত জাগতিক সম্পত্তি বাঁধা, সেটা হাত হইতে নামাইয়া আমায় হাত তুলিয়া নমস্কার করিয়া বলিল—বাবুজী, নাচ দেখাতে এলাম। বড় কষ্টে পড়েছি, আজ এক মাস কেউ নাচ দেখেনি। ভাললাম, কাছারিতে বাবুজীর কাছে যাই, সেখানে গেলে তাঁরা ঠিক দেখবেন। আরো ভাল ভাল নাচ শিখেছি, বাবুজী।

ধাতুরিয়া যেন আরও রোগা হইয়া গিয়াছে। উহাকে দেখিয়া কষ্ট হইল।

—কিছু খাবি ধাতুরিয়া?

ধাতুরিয়া সলজ্জভাবে ঘাড় নাড়িয়া জানাইল, সে খাইবে।

আমার ঠাকুরকে ডাকিয়া ধাতুরিয়াকে কিছু খাবার দিতে বলিলাম। তখন ভাত ছিল না, ঠাকুর দুধ ও চিড়া আনিয়া দিল। ধাতুরিয়ার খাওয়া দেখিয়া মনে হইল, সে অন্তত দু-দিন কিছু খাইতে পায় নাই।

সন্ধ্যার পূর্বে ধাতুরিয়া নাচ দেখাইল। কাছারির প্রাঙ্গণে সেই বন্য অঞ্চলের অনেক লোক জড়ো হইয়াছিল ধাতুরিয়ার নাচ দেখিবার জন্য। আগের চেয়েও ধাতুরিয়া নাচে অনেক উন্নতি করিয়াছে। ধাতুরিয়ার মধ্যে যথার্থ শিল্পীর দরদ ও সাধনা আছে। আমি নিজে কিছু দিলাম, কাছারির লোক চাঁদা করিয়া কিছু দিল। ইহাতে তাহার কত দিনই বা চলিবে?

ধাতুরিয়া পরদিন সকালে আমার নিকট বিদায় লইতে আসিল।

—বাবুজী, কবে কলকাতা যাবেন?

—কেন বল তো?

—আমায় কলকাতা নিয়ে যাবেন বাবুজী? সেই যে আপনাকে বলেছিলাম?

—তুমি এখন কোথায় যাবে ধাতুরিয়া? খেয়ে তবে যেও।

—না বাবুজী, ঝল্লুটোলাতে একজন ভুঁইয়ার বাভনের বাড়ি, তার মেয়ের বিয়ে হবে, সেখানে হয়তো নাচ দেখতে পারে। সেই চেষ্টাতে যাচ্ছি। এখান থেকে আট ক্রোশ রাস্তা—এখন রওনা হলে বিকেল নাগাদ পৌঁছব।

ধাতুরিয়াকে ছাড়িয়া দিতে মন সরে না। বলিলাম—কাছারিতে যদি কিছু জমি দিই, তবে এখানে থাকতে পারবে? চাষবাস কর, থাক না কেন?

মটুকনাথ পণ্ডিতেরও দেখিলাম খুব ভাল লাগিয়াছে ধাতুরিয়াকে। তাহার ইচ্ছা ধাতুরিয়াকে সে টোলের ছাত্র করিয়া লয়। বলিল—বলুন না ওকে বাবুজী, দু-বছরের মধ্যে মুঞ্চবোধ শেষ করিয়ে দেব। ও থাকুক এখানে।

জমি দেওয়ার কথায় ধাতুরিয়া বলিল—বাবুজী, আপনি আমার বড় ভাইয়ের মত, আপনার বড় দয়া। কিন্তু চাষ-কাজ কি আমায় দিয়ে হবে? ওদিকে আমার মন নেই যে! নাচ দেখাতে পেলে আমার মনটা ভারি খুশি থাকে। আর কিছু তেমন ভাল লাগে না।

—বেশ, মাঝে মাঝে নাচ দেখাবে, চাষ করলে তো জমির সঙ্গে তোমায় কেউ শেকল দিয়ে বেঁধে রাখবে না?

ধাতুরিয়া খুব খুশি হইল। বলিল—আপনি যা বলবেন আমি তা শুনব। আপনাকে বড় ভাল লাগে বাবুজী। আমি ঝল্লুটোলা থেকে ঘুরে আসি—আপনার এখানেই আসব।

মটুকনাথ পণ্ডিত বলিল—আর সেই সময় তোমাকে টোলেও ঢুকিয়ে নেবো। তুমি না হয় রাতে এসে পড় আমার কাছে। মূর্খ থাকা কিছু নয়, কিছু ব্যাকরণ, কিছু কাব্য লব্জ রাখা দরকার।

ধাতুরিয়া তাহার পর বসিয়া বসিয়া নৃত্যশিল্পের বিষয়ে নানা কথা কি সব বলিল, আমি তত বুঝিলাম না। পূর্ণিয়ার হো-হো নাচের ভঙ্গীর সঙ্গে ধরমপুর অঞ্চলের ঐ শ্রেণীর নাচের কি তফাৎ— সে নিজে নতুন কি একটা হাতের মুদ্রা প্রবর্তন করিয়াছে—এই সব ধরনের কথা।

—বাবুজী, আপনি বলিয়া জেলায় ছুট পরবের সময় মেয়েদের নাচ দেখেছেন? ওর সঙ্গে ছক্করবাজি নাচের বেশ মিল থাকে একটা জায়গায়। আপনাদের দেশে নাচ কেমন হয়?

আমি তাহাকে গত বৎসর ফসলের মেলায় দৃষ্ট ‘ননীচোর নাটুয়া’র নাচের কথা বলিলাম। ধাতুরিয়া হাসিয়া বলিল—ও কিছু না বাবুজী, ও মুঙ্গেরের গের্ণো নাচ। গাঙ্গোতাদের খুশি করবার নাচ। ওর মধ্যে খাঁটি জিনিস কিছু নেই। ও তো সোজা।

বলিলাম—তুমি জানো? নেচে দেখাও তো?

ধাতুরিয়া দেখিলাম নিজের শাস্ত্রে বেশ অভিজ্ঞ। ‘ননীচোর নাটুয়া’র নাচ সত্যই সে চমৎকার নাচিল—সেই খুঁৎ-খুঁৎ করিয়া ছেলেমানুষের মত কান্না, সেই চোরা ননী বিতরণ করিবার ভঙ্গী—সেই সব। তাহাকে আরও মানাইল এই জন্য যে, সে সত্যই বালক।

ধাতুরিয়া বিদায় লইয়া চলিয়া গেল। যাইবার সময় বলিল—এত মেহেরবানিই যখন করলেন বাবুজী, একবার কলকাতায় কেন নিয়ে চলুন না? ওখানে নাচের আদর আছে।

এই ধাতুরিয়ার সহিত আমার শেষ দেখা।

মাস-দুই পরে শোনা গেল, বি এন ডব্লিউ রেললাইনের কাটারিয়া স্টেশনের অদূরে লাইনের উপর একটি বালকের মৃতদেহ পাওয়া যায়—নাটুয়া বালক ধাতুরিয়ার মৃতদেহ বলিয়া সকলে চিনিয়াছে। ইহা আশ্চর্য্য কি দুর্ঘটনা তাহা বলিতে পারিব না। আশ্চর্য্যতা হইলে, কি দুঃখেই বা সে আশ্চর্য্যতা করিল?

সেই বন্য অঞ্চলে দু-বছর কাটাইবার সময় যতগুলি নরনারীর সংস্পর্শে আসিয়াছিলাম—তার মধ্যে ধাতুরিয়া ছিল সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির। তাহার মধ্যে যে একটি নির্লোভ সদাচঞ্চল, সদানন্দ, অবৈষয়িক, খাঁটি শিল্পীমনের সাক্ষাৎ পাইয়াছিলাম, শুধু সে বন্য দেশ কেন, সভ্য অঞ্চলের মানুষের মধ্যেও তা সুলভ নয়।

আরও তিন বৎসর কাটিয়া গেল।

নাচা বইহার ও লবটুলিয়ার সমুদয় জঙ্গল-মহাল বন্দোবস্ত হইয়া গিয়াছে। এখন আর কোথাও পূর্বের মত বন নাই। প্রকৃতি কত বৎসর ধরিয়া নির্জনে নিভুতে যে কুঞ্জ রচনা করিয়া রাখিয়াছিল, কত কেঁয়োঝাঁকার নিভৃত লতা-বিতান, কত স্বপ্নভূমি—জনমজুরেরা নির্মম হাতে সব কাটিয়া উড়াইয়া দিল, যাহা গড়িয়া উঠিয়াছিল পঞ্চাশ বৎসরে, তাহা গেল এক দিনে। এখন কোথাও আর সে রহস্যময় দূরবিসর্পী প্রান্তর নাই, জ্যোৎস্নালোকিত রাত্রিতে যেখানে মায়াপরীরা নামিত, মহিষের দেবতা দয়ালু টাঁড়বারো হাত তুলিয়া দাঁড়াইয়া বন্য মহিষদলকে ধ্বংস হইতে রক্ষা করিত।

নাচা বইহারের নাম ঘুচিয়া গিয়াছে, লবটুলিয়া এখন একটি বস্তি মাত্র। যে দিকে চোখ যায়, শুধু চালে চালে লাগানো অপকৃষ্ট খোলার ঘর। কোথাও বা কাশের ঘর। ঘন ঘিঞ্জি বসতি—টোলায় টোলায় ভাগ করা—ফাঁকা জায়গায় শুধুই ফসলের ক্ষেত। এতটুকু ক্ষেতের চারিদিকে ফণিমনসার বেড়া। ধরণীর মুক্তরূপ ইহারা কাটিয়া টুকরা টুকরা করিয়া নষ্ট করিয়া দিয়াছে।

আছে কেবল একটি স্থান, সরস্বতী কুণ্ডীর তীরবর্তী বনভূমি।

চাকুরির খাতিরে মনিবের স্বার্থরক্ষার জন্য সব জমিতেই প্রজাবিলি করিয়াছি বটে, কিন্তু যুগলপ্রসাদের হাতে সাজানো সরস্বতী-তীরের অপূর্ব বনকুঞ্জ কিছুতেই প্রাণ ধরিয়া বন্দোবস্ত করিতে পারি নাই। কতবার দলে দলে প্রজারা আসিয়াছে সরস্বতী কুণ্ডীর পাড়ের জমি লইতে—বর্ধিত হারে সেলামী ও খাজনা দিতেও চাহিয়াছে, কারণ একে ঐ জমি খুব উর্বরা, তাহার উপর নিকটে জল থাকায় মকাই প্রভৃতি ফসল ভাল জন্মাইবে; কিন্তু আমি রাজী হই নাই।

তবে কতদিন আর রাখিতে পারিব? সদর আপিস হইতে মাঝে মাঝে চিঠি আসিতেছে, সরস্বতী কুণ্ডীর জমি আমি কেন বিলি করিতে বিলম্ব করিতেছি? নানা ওজর-আপত্তি তুলিয়া এখনও পর্যন্ত রাখিয়াছি বটে, কিন্তু বেশি দিন পারিব না। মানুষের লোভ বড় বেশি, দুটি ভুট্টার ছড়া আর চীনাঘাসের এক কাঠা দানার জন্য প্রকৃতির অমন স্বপ্নকুঞ্জ ধ্বংস করিতে তাহাদের কিছুমাত্র বাধিবে না, জানি। বিশেষ করিয়া এখানকার মানুষে গাছপালার সৌন্দর্য্য বোঝে না, রম্য ভূমিশ্রীর মহিমা দেখিবার চোখ নাই, তাহারা জানে পশুর মত পেটে খাইয়া জীবনযাপন করিতে। অন্য দেশ হইলে আইন করিয়া এমন সব স্থান সৌন্দর্য্যপিপাসু প্রকৃতি-রসিক নরনারীর জন্য সুরক্ষিত করিয়া রাখিত, যেমন আছে ক্যালিফোর্নিয়ায় যোসেমাই ন্যাশনাল পার্ক, দক্ষিণ আফ্রিকায় আছে ড্রুগার ন্যাশনাল পার্ক, বেলজিয়ান কঙ্গোতে আছে পার্ক ন্যাশনাল আলবার্ট। আমার জমিদাররা ও ল্যান্ডস্কেপ বুঝিবে না, বুঝিবে সেলামির টাকা, খাজনার টাকা, আদায় ইরশাল, হস্তবুদ।

এই জন্মান্তর মানুষের দেশে একজন যুগলপ্রসাদ কি করিয়া জন্মিয়াছিল জানি না—শুধু তাহারই মুখের দিকে চাহিয়া আজও সরস্বতী হ্রদের তীরবর্তী বনানী অক্ষুণ্ণ রাখিয়াছি।

কিন্তু কতদিন রাখিতে পারিব?

যাক্, আমারও কাজ শেষ হইয়া আসিল বলিয়া।

প্রায় তিন বছর বাংলা দেশে যাই নাই—মাঝে মাঝে বাংলা দেশের জন্য মন বড় উতলা হয়। সারা বাংলা দেশ যেন আমার গৃহ—তরুণী কল্যাণী বধু যেখানে আপন হাতে সম্ভ্রাপ্রদীপ দেখায়; এখানকার এমন লক্ষ্মীছাড়া উদাস ধু-ধু প্রান্তর ও ঘন বনানী নয়—যেখানে নারীর হাতের স্পর্শ নাই।

কি হইতে যেন মনে অকারণ আনন্দের বান ডাকিল, তাহা জানি না। জ্যোৎস্নারাত্রি—তখনই ঘোড়ায় জিন কথিয়া সরস্বতী কুঞ্জীর দিকে রওনা হইলাম, কারণ তখন নাচা ও লবটুলিয়া বইহারের বনরাজি শেষ হইয়া আসিয়াছে—যাহা কিছু অরণ্য-শোভা ও নির্জনতা আছে তখনও সরস্বতীর তীরেই। আমি মনে মনে বেশ বুঝিলাম, এ আনন্দকে উপভোগ করিবার একমাত্র পটভূমি হইতেছে সরস্বতী হ্রদের তীরবর্তী বনানী।

এ সরস্বতীর জল জ্যোৎস্নালোকে চিক্ চিক্ করিতেছে—চিক্ চিক্ করিতেছে কি শুধু? চেউয়ে চেউয়ে জ্যোৎস্না ভাঙিয়া পড়িতেছে। নির্জন, স্তব্ধ বনানী হ্রদের জলের তিনদিকে বেষ্টন করিয়া, বন্য লাল হাঁসের কাকলী, বন্য শেফালীগুপ্পের সৌরভ—কারণ যদিও জ্যৈষ্ঠ মাস, শেফালী ফুল এখনে বারো মাস ফোটে।

কতক্ষণ হ্রদের তীরে এদিকে ওদিকে ইচ্ছামত ঘোড়া চালাইয়া বেড়াইলাম। হ্রদের জলে পদ্ম ফুটিয়াছে, তীরের দিকে ওয়াটারক্রোফট ও যুগলপ্রসাদের আনীত স্পাইডার লিলি ঝাড় বাঁধিয়াছে। দেশে চলিয়াছি কতকাল পরে, এ নির্জন অরণ্যবাস হইতে মুক্তি পাইব, সেখানে বাঙালী মেয়ের হাতে রান্না খাদ্য খাইয়া বাঁচিব, কলিকাতায় এক-আধ দিন থিয়েটার-বায়োস্কোপ দেখিব, বন্ধুবান্ধবের সঙ্গে কতকাল পরে আবার দেখা হইবে।

এইবার ধীরে ধীরে সে অননুভূত আনন্দের বন্যা আমার মনের কূল ভাসাইয়া দোলা দিতে লাগিল। যোগাযোগ হইয়াছিল বোধ হয় অদ্ভুত—এতদিন পরে দেশে প্রত্যাবর্তন, সরস্বতী হ্রদের জ্যোৎস্নালোকিত বারিরাশি ও বনফুলের শোভা, বন্য শেফালীর জ্যোৎস্নামাখানো সুবাস, শান্ত স্তব্ধতা—ভাল ঘোড়ার চমৎকার কোপাকুণি ক্যান্টার চাল, হু-হু হাওয়া—সব মিলিয়া স্বপ্ন! স্বপ্ন! আনন্দের ঘন নেশা! আমি যেন যৌবনোন্মত্ত তরুণ দেবতা, বাধাবন্ধনহীন মুক্ত গতিতে সময়ের সীমা পার হইয়া চলিয়াছি—এই চলাই যেন আমার অদৃষ্টের জয়লিপি, আমার সৌভাগ্য, আমার প্রতি কোন্ সুপ্রসন্ন দেবতার পরম আশীর্বাদ!

হয়তো আর ফিরিব না—দেশে ফিরিয়া মরিয়াও তো যাইতে পারি। বিদায়—সরস্বতী কুঞ্জী, বিদায়—তীরতরু-সারি, বিদায়—জ্যোৎস্নালোকিত মুক্ত বনানী। কলিকাতার কোলাহলমুখর রাজপথে দাঁড়াইয়া তোমার কথা মনে পড়িবে, বিস্তৃত জীবনদিনের বীণার অনতিস্পষ্ট ঝঙ্কারের মত—মনে পড়িবে যুগলপ্রসাদের আনা গাছগুলির কথা, জলের ধারে স্পাইডার লিলি ও পদ্মের বন, তোমার বনের নিবিড় ডালপালার মধ্যে স্তব্ধ মধ্যাহ্নে ঘুঘুর ডাক, অস্ত-মেঘের ছায়ায় রাঞ্জ ময়নাকাঁটার গুঁড়ি ও ডাল, তোমার নীল জলের উপরকার নীল আকাশে উড়ন্ত সিল্কি ও লাল হাঁসের সারি—জলের ধারের নরম কাদার উপরে হরিণ-শিশুর পদচিহ্ন...নির্জনতা, সুগভীর নির্জনতা!...বিদায় সরস্বতী কুঞ্জী।

ফিরিবার পথে দেখি সরস্বতী হ্রদের বন হইতে বাহির হইয়া মাইলখানেক দূরে একটা জায়গায় বন কাটিয়া একখানা ঘর বসাইয়া মানুষ বাস করিতেছে—এই জায়গাটার নাম হইয়াছে নয়া লবটুলিয়া—যেমন নিউ সাউথ ওয়েলস্ বা নিউ ইয়র্ক। নূতন গৃহস্থ পরিবার আসিয়া বনের ডালপালা কাটিয়া (নিকটে বড় বন নাই, সূত্রাং সরস্বতীর তীরবর্তী বন হইতেই আমদানি নিশ্চয়ই) ঘাসের ছাওয়া তিন-চারখানা নীচু নীচু খুপরি বাঁধিয়াছে। তারই নীচে এখনও পর্যন্ত ভিজা দাগায়ার উপর একটা নারিকেল কিংবা কড়ুয়া তেলের গলা-ভাজা বোতল, একটি উলঙ্গ হামাগুড়িরত কৃষ্ণকায় শিশু, কয়েকটি সিহোড়া গাছের সরু ডালে বোনা ঝুড়ি, একটি মোটা রূপার অনন্ত-পর্যায় যক্ষের মত কালো আঁটসাঁট গড়নের বউ, খানকয়েক পিতলের

লোটা ও থালা ও কয়েকখানা দা, খোস্তা, কোদাল। ইহাই লইয়া ইহারা প্রায় সবাই সংসার করে। শুধু লবটুলিয়া কেন, ইসমাইলপুর ও নাচা বইহারের সর্বত্রই এইরূপ। কোথা হইতে উঠিয়া আসিয়াছে তাই ভাবি ; ভদ্রাসন নাই, পৈতৃক ভিটা নাই, গ্রামের মায়া নাই, প্রতিবেশীর স্নেহমমতা নাই—আজ ইসমাইলপুরের বনে, কাল মুঙ্গেরের দিয়ারা চরে, পরশু জয়ন্তী পাহাড়ের নীচে তরাই ভূমিতে—সর্বত্রই ইহাদের গতি, সর্বত্রই ইহাদের ঘর।

পরিচিত কণ্ঠের আওয়াজ পাইয়া দেখি রাজু পাঁড়ে এই ধরনের একটি গৃহস্থবাড়িতে বসিয়া ধর্মতত্ত্ব আলোচনা করিতেছে। উহাকে দেখিয়া ঘোড়া হইতে নামিলাম। আমায় সবাই মিলিয়া খাতির করিয়া বসাইল। রাজুকে জিজ্ঞাসা করিয়া জানিলাম সে এখানে কবিরাজি করিতে আসিয়াছিল। ভিজিট পাইয়াছে চারি কাঠা যব এবং নগদ আট পয়সা। ইহাতেই সে মহা খুশি হইয়া ইহাদের সহিত আসর জমাইয়া দার্শনিক তত্ত্ব আলোচনা জুড়িয়া দিয়াছে।

আমায় বলিল—বসুন, একটা কথার মীমাংসা করে দিন তো বাবুজী! আচ্ছা, পৃথিবীর কি শেষ আছে? আমি তো এদের বলছি বাবু, যেমন আকাশের শেষ নেই, পৃথিবীরও তেমন শেষ নেই। কেমন, তাই না বাবুজী?

বেড়াইতে আসিয়া এমন গুরুতর জটিল বৈজ্ঞানিক তত্ত্বের সম্মুখীন হইতে হইবে, তাহা ভাবি নাই।

রাজু পাঁড়ের দার্শনিক মন সর্বদাই জটিল তত্ত্ব লইয়া কারবার করে জানি এবং ইহাও জানি যে ইহাদের সমাধানে সে সর্বদাই মৌলিক চিন্তার পরিচয় দিয়া আসিতেছে, যেমন রামধনু উইয়ের টিবি হইতে জন্মায়, নক্ষত্রদল যমের চর, মানুষ কি পরিমাণে বাড়িতেছে—তাহাই সরেজমিনে তদারক করিবার জন্য যম কর্তৃক উহারা প্রেরিত হয়—ইত্যাদি।

পৃথিবীতত্ত্ব যতটা আমার জানা আছে বুঝাইয়া বলিতে রাজু বলিল—কেন সূর্য পূর্বদিকে ওঠে, পশ্চিমে অস্ত যায়, আচ্ছা কোন্ সাগর থেকে সূর্য উঠেছে আর কোন্ সাগরে নামছে—এর কেউ নিরাকরণ করতে পেরেছে? রাজু সংস্কৃত পড়িয়াছে, ‘নিরাকরণ’ কথাটা ব্যবহার করাতে গাঙ্গোতা গৃহস্থ ও তাহার পরিবারবর্গ সপ্রশংস ও বিমুগ্ধ দৃষ্টিতে রাজুর দিকে চাহিয়া রহিল এবং সঙ্গে সঙ্গে ইহাও ভাবিল ইংরেজীনবিশ বংগালীবাবুকে কবিরাজ মশায় একেবারে কি অথৈ জলে টানিয়া লইয়া ফেলিয়াছে। বংগালীবাবু এবার হাবুডুবু খাইয়া মরিল দেখিতেছি!

বলিলাম—রাজু, তোমার চোখের ভুল, সূর্য কোথাও যায় না, এক জায়গায় স্থির আছে।

রাজু আমার মুখের দিকে অবাচ হইয়া চাহিয়া রহিল। গাঙ্গোতার দল হা-হা করিয়া তাচ্ছিল্যের সুরে হাসিয়া উঠিল। হায় গ্যালিলিও! এই নাস্তিক বিচারমূঢ় পৃথিবীতেই তুমি কারারুদ্ধ হইয়াছিলে!

বিশ্বময়ের প্রথম রেশ কাটিয়া গেলে রাজু আমায় বলিল—সূর্যনারায়ণও পূর্বে উদয়-পাহাড়ে ওঠেন না বা পশ্চিম-সমুদ্রে অস্ত যান না?

বলিলাম—না।

—এ কথা ইংরিজি বইতে লিখেছে?

—হ্যাঁ।

জ্ঞান মানুষকে সত্যই সাহসী করে ; যে শাস্ত, নিরীহ রাজু পাঁড়ের মুখে কখনও উঁচু সুরে কথা শুনি নাই—সে সতেজে, সদর্পে বলিল—ঝুট বাত বাবুজী। উদয়পাহাড়ের যে গুহা থেকে সূর্যনারায়ণ রোজ ওঠেন সে গুহা একবার মুঙ্গেরের এক সাধু দেখে এসেছিলেন।

অনেক দূর হেঁটে যেতে হয়, পূর্বদিকের একেবারে সীমানায় সে পাহাড়, গুহার মুখে মত্ত পাথরের দরজা, গুঁর অশ্রের রথ থাকে সেই গুহার মধ্যে। যে-সে কি দেখতে পায় ছজুর! বড় বড় সাধু মহাস্ত দেখেন। ঐ সাধু অশ্রের রথের একটা কুচি এনেছিলেন—এই এত বড় চকচকে অশ্র—আমার গুরুভাই কামতাপ্রসাদ স্বচক্ষে দেখেছেন।

কথা শেষ করিয়া রাজু সগর্বে একবার সমবেত গাঙ্গোতাদের মুখের দিকে চক্ষু ঘুরাইয়া ফিরাইয়া চাহিল।

উদয়-পর্বতের গুহা হইতে সূর্যের উত্থানের এত বড় অকাট্য ও চাক্ষুষ প্রমাণ উত্থাপিত করার পরে আমি সেদিন একেবারে নিশ্চুপ হইয়া গেলাম।

ষোড়শ পরিচ্ছেদ

১

যুগলপ্রসাদকে একদিন বলিলাম—চল, নতুন গাছপালার সন্ধান ক'রে আসি মহালিখারূপের পাহাড়ে।

যুগলপ্রসাদ সোৎসাহে বলিল—একরকম লতানে গাছ আছে ওই পাহাড়ের জঙ্গলে—আর কোথাও নেই। চীহড় ফল বলে এদেশে। চলুন খুঁজে দেখি।

নাড়া-বইহারের নূতন বস্ত্রগুলির মধ্য দিয়া পথ। এরই মধ্যে এক এক পাড়ার সর্দারের নাম অনুসারে টোলার নামকরণ হইয়াছে—বামুটোলা, রূপদাসটোলা, বেগমটোলা ইত্যাদি। উদুখলে ধুপধাপ যব কোটা হইতেছে, খোলাছাওয়া মাটির ঘর হইতে কুশলী পাকাইয়া ধোঁয়া উপরে উঠিতেছে—উলঙ্গ কৃষ্ণকায় শিশুর দল পথের ধারে ধূলাবালি ছড়াইয়া খেলা করিতেছে।

নাড়া-বইহারের উত্তর সীমানা এখনও ঘন বনভূমি। তবে লবটুলিয়া বইহারে আর এতটুকু বনজঙ্গল বা গাছপালা নাই—নাড়া বইহারের শোভাময়ী বনভূমির বারো আনা গিয়াছে, কেবল উত্তর সীমানায় হাজার দুই বিঘা জমি এখনও প্রজাবিলি হয় নাই। দেখিলাম যুগলপ্রসাদ ইহাতে বড় দুঃখিত।

বলিল—গাঙ্গোতার দল বাঁসে সব নষ্ট করলে, ছজুর। ওদের ঘরবাড়ি নেই, হাঘরের দল। আজ এখানে, কাল সেখানে। এমন বন নষ্ট করলে!

বলিলাম—ওদের দোষ নেই যুগলপ্রসাদ। জমিদারে জমি ফেলে রাখবে কেন, তারাও তো গভর্নমেন্টের রেভিনিউ দিচ্ছে, চিরকাল ঘর থেকে রেভিনিউ গুনবে? জমিদার ওদের এনেছে, ওদের কি দোষ?

—সরস্বতী কুণ্ডী দেবেন না ছজুর। বড় কষ্টে ওখানে গাছপালা সংগ্রহ করে এনে বসিয়েছি—

—আমার ইচ্ছেয় তো হবে না, যুগল। এতদিন বজায় রেখেছে এই যথেষ্ট, আর কতদিন রাখা যাবে বল। ওদিকে জমি ভাল দেখে প্রজারা সব ঝুঁকছে।

সঙ্গে আমাদের দু-তিনজন সিপাহী ছিল। তারা আমাদের কথাবার্তার গতি বৃষ্টিতে না পারিয়া আমাকে উৎসাহ দিবার জন্য বলিল—কিছু ভাববেন না ছজুর, সামনে চৈতী ফসলের পরে সরস্বতী কুণ্ডীর জমি এক টুকরো পড়ে থাকবে না।

মহালিখারূপের পাহাড় প্রায় নয় মাইল দূরে। আমার আপিসঘরের জানালা হইতে ধোঁয়া-ধোঁয়া দেখা যাইত। পাহাড়ের তলায় পৌঁছিতে বেলা দশটা বাজিয়া গেল।

কি সুন্দর রৌদ্র আর কি অদ্ভুত নীল আকাশ সেদিন। এমন নীল কখনও যেন আকাশে দেখি নাই—কেন যে এক-এক দিন আকাশ এমন গাঢ় নীল হয়, রৌদ্রের কি অপূর্ব রং, নীল আকাশ যেন মদের নেশার মত মনকে আচ্ছন্ন করে। কচি পত্রপল্লবের গায়ে রৌদ্র পড়িয়া স্বচ্ছ দেখায়—আর নাচা বইহারের ও লবটুলিয়ার যত বন্যপক্ষীর ঝাঁক বাসা ভাঙিয়া যাওয়াতে কতক সরস্বতী সরোবরের বনে, কতক এখানে ও মোহনপুরা রিজার্ভ ফরেস্টে আশ্রয় লইয়াছে—তাহাদের কি অবিশ্রান্ত কূজন!

ঘন বন। এমন ঘন নির্জন আরণ্যভূমিতে মনে একটি অপূর্ব শান্তি ও মুক্ত অবাধ স্বাধীনতার ভাব আনে—কত গাছ, কত ডালপালা, কত বনফুল, কত বড় বড় পাথর ছড়ানো—যেখানে সেখানে বসিয়া থাক, শুইয়া পড়, অলস জীবনমুহূর্ত প্রস্ফুটিত পিয়াল বৃক্ষের নিবিড় ছায়ায় বসিয়া কাটাইয়া দাও—বিশাল নির্জন আরণ্যভূমি তোমার শ্রান্ত স্নায়ুগুণীকে জুড়াইয়া দিবে।

আমরা পাহাড়ে উঠিতে আরম্ভ করিয়াছি—বড় বড় গাছ মাথার উপরে সূর্যের আলোক আটকাইয়াছে—ছোট বড় বারণা কল্ কল্ শব্দে বনের মধ্য দিয়া নামিয়া আসিতেছে—হরীতকী গাছ, কেলিকদম্ব গাছের সেগুন পাতার মত বড় বড় পাতায় বাতাস বাধিয়া শন্ শন্ শব্দ হইতেছে। বনমধ্যে ময়ূরের ডাক শোনা গেল।

আমি বলিলাম—যুগলপ্রসাদ, চীহড় ফলের গাছ কোথায়, খোঁজ।

চীহড় ফলের গাছ পাওয়া গেল আরও অনেক উপরে উঠিয়া। স্থলপদ্মের পাতার মত পাতা, খুব মোটা কাঠময় লতা, আঁকিয়া বাঁকিয়া অন্য গাছকে আশ্রয় করিয়া উঠিয়াছে। ফলগুলি শিমজাতীয়, তবে শিমের দুখানি খোলা কটকী চটিজুতার মত বড়, অমনই কঠিন ও চওড়া—ভিতরে গোল বীচি। আমরা শুকনো লতাপাতা জ্বালাইয়া বীচি পুড়াইয়া খাইয়াছি—ঠিক যেন গোল আলুর মত আস্বাদ।

অনেকদূর উঠিয়াছি। ওই দূরে মোহনপুরা ফরেস্ট—দক্ষিণে ওই আমাদের মহাল, ওই সরস্বতী কুণ্ডীর তীরবর্তী জঙ্গল অস্পষ্ট দেখা যাইতেছে। ওই নাচা-বইহারের অবশিষ্ট সিকিভাগ বন—ওই দূরে কুশী নদী মোহনপুরা রিজার্ভ ফরেস্টের পূর্ব সীমানা বেঁধিয়া প্রবাহিত—নিম্নের সমতলভূমির দৃশ্য যেন ছবির মত!

—ময়ূর! ময়ূর—হুজুর, ঐ দেখুন, ময়ূর!—

প্রকাশ একটা ময়ূর মাথার উপরেই এক গাছের ডালে বসিয়া। একজন সিপাহী বন্দুক লইয়া আসিয়াছিল, সে গুলি করিতে গেল, আমি বারণ করিলাম।

যুগলপ্রসাদ বলিল—বাবুজী, একটা গুহা আছে পাহাড়ের মধ্যে জঙ্গলে কোথায়—তার গায়ে সব ছবি আঁকা আছে—কতকালের কেউ জানে না, সেটাই খুঁজছি।

হয়তো বা প্রাগৈতিহাসিক যুগের মানুষের হাতে আঁকা বা খোদাই ছবি গুহার কঠিন পাথরের গায়ে! পৃথিবীর ইতিহাসের লক্ষ লক্ষ বৎসরের যবনিকা এক মুহূর্তে অপসারিত হইয়া সময়ের উজানে কোথায় লইয়া গিয়া ফেলিবে আমাদের!

প্রাগৈতিহাসিক যুগের গুহাঙ্কিত ছবি দেখিবার প্রবল আগ্রহে জঙ্গল ঠেলিয়া গুহা খুঁজিয়া বেড়াইলাম—গুহাও মিলিল, কিন্তু যে অঙ্কার তাহার ভিতরে, ঢুকিবার সাহস হইল না। ঢুকিলেই বা অঙ্কারের মধ্যে কি দেখিব? অন্য একদিন তোড়জোড় করিয়া আসিতে হইবে—আজ থাক। অঙ্কারে কি শেষে ভীষণ বিষধ চন্দ্রবোড়া কিংবা শঙ্খচূড় সাপের হাতে প্রাণ দিব? এ সব স্থানে তাহাদের অভাব নাই।

যুগলপ্রসাদকে বলিলাম—এ জঙ্গলে কিছু ডালপালা লাগাও নূতন ধরনের। পাহাড়ের বন কেউ কখনো কাটবে না। লবটুলিয়া তো গেল—সরস্বতী কুণ্ডীর ভরসাও ছাড়—

যুগলপ্রসাদ বলিল—ঠিক বলেছেন হুজুর। কথাটা মনে লেগেছে। কিন্তু আপনি তো আসছেন না, আমাকে একাই করতে হবে।

—আমি মাঝে মাঝে এসে দেখে যাব। তুমি লাগাও।

মহালিখারূপের পাহাড় একটা পাহাড় নয়, একটা নাতিদীর্ঘ অনুচ্চ পাহাড়শ্রেণী, কোথাও দেড় হাজার ফুটের বেশি উঁচু নয়—হিমালয়েরই পাদশৈলের নিম্নতর শাখা, যদিও তরাই প্রদেশের জঙ্গল ও আসল হিমালয় এখান হইতে এক-শ হইতে দেড়-শ মাইল দূরে। মহালিখারূপের পাহাড়ের উপর দাঁড়াইয়া নিম্নের সমতলভূমির দিকে চাহিয়া দেখিলে মনে হয় প্রাচীন যুগের মহাসমুদ্র একসময়ে এই বালুকাময় উচ্চ তটভূমির গায়ে আছড়াইয়া পড়িত, গুহাবাসী মানব তখন ভবিষ্যতের গর্ভে নিদ্রিত এবং মহালিখারূপের পাহাড় তখন সেই সুপ্রাচীন মহাসাগরের বালুকাময় বেলাভূমি।

যুগলপ্রসাদ অন্তত আট-দশ রকমের নূতন গাছ-লতা দেখাইল—সমতলভূমির বনে এগুলি নাই—পাহাড়ের উপরকার বনের প্রকৃতি অন্য ধরনের—গাছপালাও অনেক অন্য রকম।

বেলা পড়িয়া আসিতে লাগিল। কি রকমের বনফুলের গন্ধ খুব পাওয়া যাইতেছিল—বেলা পড়ার সঙ্গে সঙ্গে গন্ধটা যেন নিবিড়তর হইয়া উঠিল। গাছের ডালে ঘুঘু, পাহাড়ী বনটিয়া, হরটিট প্রভৃতি কত কি পক্ষীর কুজন!

বাঘের ভয় বলিয়া সঙ্গীরা পাহাড় হইতে নামিবার জন্য ব্যস্ত হইয়া পড়িল, নতুবা এই আসন্ন সন্ধ্যায় নিবিড় ছায়ায় নির্জন শৈলসানুর বনভূমিতে যে শোভা ফুটিয়াছে, তাহা ফেলিয়া আসিতে ইচ্ছা করে না।

মুনেশ্বর সিং বলিল—হুজুর, মোহনপুরা জঙ্গলের চেয়েও এখানে বাঘের ভয় বেশি। বিকেলের পর এখানে যারা কাঠকুটো কাটতে আসে, সব নেমে যায়। আর দল না বেঁধে একা কেউ এ পাহাড়ে আসেও না। বাঘ আছে, শঙ্খচূড় সাপ আছে—দেখছেন না, কি গজাড জঙ্গল সারা পাহাড়ে!

অগত্যা আমরা নামিতে লাগিলাম। পাহাড়ের জঙ্গলে কেলিকদম্ব গাছের বড় পাতার আড়ালে শুক্র ও বৃহস্পতি জল জল করিতেছে।

২

একদিন দেখি এমনি একটি নূতন গৃহস্থের বাড়ির দাওয়ায় বসিয়া গনোরী তেওয়ারী স্কুলমাস্টার শালপাতার ওপর ছাতুর তাল মাখিয়া খাইতেছে।

—হুজুর যে! ভাল আছেন?

—বেশ আছি। তুমি কবে এলে? কোথায় ছিলে? এরা তোমার কেউ হয় নাকি?

—কেউ নয়। এখান দিয়ে যাচ্ছিলাম, বেলা হয়ে গিয়েছে, ব্রাহ্মণ, এদের এখানে অতিথি হলাম। তাই দুটো খাচ্ছি। চেনাশুনো ছিল না, তবে আজ হল।

গৃহকর্তা আগাইয়া আসিয়া আমাকে নমস্কার করিয়া বলিল—আসুন হুজুর, বসুন উঠে।

—না, বসব না। বেশ আছি। কতদিন জমি নিয়েছ?

—আজ দু-মাস হুজুর। এখনও জমি চষতে পারি নি।

গনোরী তেওয়ারীকে একটি ছোট মেয়ে আসিয়া কয়েকটি কাঁচা লঙ্কা দিয়া গেল। সে খাইতেছে কলাইয়ের ছাতু, নুন ও লঙ্কা। ছাতুর যে বিরাট তাল শীর্ণ গনোরী তেওয়ারীর পেটে কোথায় ধরিবে বোঝা কঠিন। গনোরী খাঁটি ভবঘুরে। যেখানে খাইতে বসিয়াছে, সেই দাওয়ার একপাশে একটি ময়লা কাপড়ের পুটুলি, একটি গেলাপ অর্থাৎ পাতলা বালাপোশ-জাতীয় লেপ দেখিয়া বুঝিতে পারিলাম উহা গনোরীর—এবং উহাই উহার সমগ্র জাগতিক সম্পত্তি। গনোরীকে বলিলাম—ব্যস্ত আছি, তুমি কাছারিতে এসো ওবেলা।

বিকালে গনোরী কাছারিতে আসিল।

বলিলাম—কোথায় ছিলে গনোরী?

—বাবুজী, মুঙ্গের জেলার পাড়ারগাঁ অঞ্চলে। বহু পাড়ারগাঁয়ে ঘুরেছি।

—কি করে বেড়াতে?

—পাঠশালা করতাম। ছেলে পড়াতাম।

—কোনো পাঠশালা টিকল না?

—দু-তিন মাসের বেশি নয় হুজুর। ছেলেরা মাইনে দেয় না।

—বিয়ে-থাওয়া করেছ? বয়স কত হল?

—নিজেরই পেট চলে না হুজুর, বিয়ে করে করব কি? বয়স চৌত্রিশ-পঁয়ত্রিশ হয়েছে।

গনোরীর মত এত দরিদ্র লোক এ অঞ্চলেও বেশি দেখা যায় না। মনে পড়িল, গনোরী একবার বিনা-নিমন্ত্রণে ভাত খাইতে আমার কাছারিতে আসিয়াছিল, প্রথম য়েবার এখানে আসি। বর্তমানে বোধ হয় কতকাল সে ভাত খাইতে পায় নাই। গাঙ্গোতা-বাড়িতে অতিথি হইয়া কলাইয়ের ছাতু খাইয়া দিন কাটাইতেছে।

বলিলাম—গনোরী, আজ রাত্রে আমার এখানে খাবে। কণ্টু মিশির রাঁধে, তার হাতে তোমার তো খেতে আপত্তি নেই?

গনোরী বেজায় খুশি হইল। একগাল হাসিয়া বলিল—কণ্টু আমাদেরই ব্রাহ্মণ, ওর হাতে আগেও তো খেয়েছি—আপত্তি কি?

তারপর বলিল—হুজুর, বিয়ের কথা যখন তুললেন তখন বলি। আর বছর শ্রাবণ মাসে একটা গাঁয়ে পাঠশালা খুললাম। গাঁয়ে এক ঘর আমাদেরই ব্রাহ্মণ ছিল। তার বাড়িতে থাকি। ওর মেয়ের সঙ্গে আমার বিয়ের কথা সব ঠিকঠাক, এমন কি আমি মুঙ্গের থেকে ভাল মেরজাই একটা কিনে আনলাম—তারপর পাড়ার লোক ভাঙচি দিলে—বললে—ও গরিব স্কুল-মাস্টার, চাল নেই, চুলো নেই, ওকে মেয়ে দিও না। তাই সে বিয়ে ভেঙে গেল। আমি সে গাঁ ছেড়ে চলেও গেলাম।

—মেয়েটিকে দেখেছিলে? দেখতে ভাল?

—দেখি নি? চমৎকার মেয়ে, হুজুর। তা আমাকে কেন দেবে? সত্যিই তো, আমার কি আছে বলুন না?

দেখিলাম গনোরী বেশ দুঃখিত হইয়াছে বিবাহ ফাঁসিয়া যাওয়াতে, মেয়েটিকে মনে ধরিয়াছিল।

তারপর অনেকক্ষণ বসিয়া সে গল্প করিল। তাহার কথা শুনিয়া মনে হইল, জীবন তাহাকে কোনো জিনিস দেয় নাই—গ্রাম হইতে গ্রামান্তরে ফিরিয়াছে, দুটি পেটের ভাতের জন্য। তাও জ্বোটাইতে পারে নাই। গাঙ্গোতাদের দুয়ারে দুয়ারে ঘুরিয়াই অর্ধেক জীবন কাটাইয়া দিল।

বলিল—অনেকদিন পরে তাই লবটুলিয়াতে এলাম। এখানে অনেক নতুন বস্তু হয়েছে শুনেছিলাম। সে জঙ্গল-মহাল আর নেই। এখানে যদি একটা পাঠশালা খুলি—তাই এলাম। চলবে না, কি বলেন ছজুর?

তখনই মনে মনে ভাবিলাম, এখানে একটা পাঠশালা করিয়া দিয়া গনোরীকে রাখিয়া দিব। এতগুলি ছোট ছোট ছেলেমেয়ে আমার মহালে নব আগন্তুক, তাহাদের শিক্ষার একটা ব্যবস্থা করা আমারই কর্তব্য। দেখি কি করা যায়।

৩

অপূর্ব জ্যোৎস্না-রাত। যুগলপ্রসাদ ও রাজু পাঁড়ে গল্প করিতে আসিল। কাছারি হইতে কিছু দূরে একটি ছোট বস্তু বসিয়াছে। সেখানকার একটি লোকও আসিল। আজ চার দিন মাত্র তাহারা ছাপরা জেলা হইতে এখানে আসিয়া বাস করিতেছে।

লোকটি তাহার জীবনের ইতিহাস বলিতেছিল। স্ত্রী-পুত্র লইয়া কত জায়গায় ঘুরিয়াছে, কত চরে-জঙ্গলে বন কাটিয়া কতবার ঘরদোর বাঁধিয়াছে। কোথাও তিন বছর, কোথাও পাঁচ বছর, এক জায়গায় কুশী নদীর ধারে ছিল দশ বছর। কোথাও উন্নতি করিতে পারে নাই। এইবার লবটুলিয়া বইহারে আসিয়াছে উন্নতি করিতে।

এইসব যাযাবর গৃহস্থজীবন বড় বিচিত্র। কথা বলিয়া দেখিয়াছি ইহাদের সঙ্গে, সম্পূর্ণ বন্ধনমুক্ত, ব্রাত্য ইহাদের জীবন—সমাজ নাই, সংসার নাই, ভিটার মায়া নাই, নীল আকাশের নীচে সংসার রচনা করিয়া, বনে, শৈলশ্রেণীর মধ্যস্থ উপত্যকায়, বড় নদীর নির্জন চরে ইহাদের বাস। আজ এখানে, কাল সেখানে।

ইহাদের প্রেম-বিরহ, জীবন-মৃত্যু সবই আমার কাছে নূতন ও অদ্ভুত। কিন্তু সকলের চেয়ে অদ্ভুত লাগিল বর্তমানে এই লোকটির উন্নতির আশা।

এই লবটুলিয়ার জঙ্গলে সামান্য পাঁচ বিঘা কি দশ বিঘা জমিতে গম চাষ করিয়া সে কিরূপ উন্নতির আশা করে বুঝিয়া উঠা কঠিন।

লোকটির বয়স পঞ্চাশ পার হইয়াছে। নাম বলভদ্র সেন্গাই, জাতে চাষা কলোয়ার অর্থাৎ কলু। এই বয়সে সে এখনও আশা রাখে জীবনে উন্নতি করিবার।

আমি জিজ্ঞাসা করিলাম—বলভদ্র, এর আগে কোথায় ছিলে?

—ছজুর, মুঙ্গের জেলায় এক দিয়ারার চরে। দু-বছর সেখানে ছিলাম—তারপরে অজন্মা হয়ে মকাই ফসল নষ্ট হয়ে গেল। সে-জায়গায় উন্নতি হবার আশা নেই, দেখলাম। ছজুর, সংসারে সবাই উন্নতি করিবার জন্যে চেষ্টা পায়। এইবার দেখি ছজুরের আশ্রয়ে—

রাজু পাঁড়ে বলিল—আমার ছটা মহিষ ছিল যখন প্রথম এখানে আসি—এখন হয়েছে দশটা। লবটুলিয়া উন্নতির জায়গা—

বলভদ্র বলিল—মহিষ আমায় একজোড়া কিনে দাও পাঁড়েজী। এবার ফসল হোক, সেই টাকা দিয়ে মহিষ কিনতেই হবে—ও ভিন্ন উন্নতি হয় না।

গনোরী ইহাদের কথা শুনিতেছিল। সেও বলিল—ঠিক কথা। আমারও ইচ্ছে আছে মহিষ দু-একটা কিনব। একটু কোথাও বসতে পারলেই—

মহালিখারূপের পাহাড়ের গাছপালা এবং তাহারও পিছনে ধনঝরি শৈলমালা অস্পষ্ট হইয়া ফুটিয়াছে জ্যোৎস্নার আলোয়, একটু একটু শীত বলিয়া ছোট একটি অগ্নিকুণ্ড করা

হইয়াছে আমাদের সামনে—এক দিকে রাজু পাঁড়ে ও যুগলপ্রসাদ, অন্য দিকে বলভদ্র ও তিন-চারটি নবাগত প্রজা।

আমার কাছে কি অদ্ভুত ঠেকিতেছিল ইহাদের বৈষয়িক উন্নতির কথা। উন্নতি সম্বন্ধে ইহাদের ধারণা অভাবনীয় ধরনের উচ্চ নয়—ছ’টি মহিষের স্থানে দশটা মহিষ, না-হয় বারোটা মহিষ—এই সুদূর দুর্গম অরণ্য ও শৈলমালা-বেষ্টিত বন্য দেশেও মানুষের মনের আশা-আকাঙ্ক্ষা কেমন, জানিবার সুযোগ পাইয়া আজকার জ্যোৎস্না-রাতটাই আমার নিকট অপূর্ব রহস্যময় মনে হইল। শুধু জ্যোৎস্না-রাত কেন, মহালিখারূপের ঐ পাহাড়, দূরে ওই ধন্বরি শৈলমালা, ঐ পাহাড়ের উপরকার ঘন বনশ্রেণী।

কেবল যুগলপ্রসাদ এ-সব বৈষয়িক কথাবার্তায় থাকে না। ও আর এক ধরনের ব্রাত্য মন লইয়া পৃথিবীতে আসিয়াছে—জমি-জমা, গরু-মহিষের আলোচনা করিতে ভালও বাসে না, তাহাতে যোগও দেয় না।

সে বলিল—সরস্বতী কুণ্ডীর পূর্ব পাড়ের জঙ্গলে যতগুলো হংসলতা লাগিয়েছিলাম, সবগুলো কেমন বাঁপালো হয়ে উঠেছে দেখেছেন বাবুজী? এবার জলের ধারে স্পাইডার-লিলির বাহারও খুব। চলুন, যাবেন জ্যোৎস্নারাতে বেড়াতে?

দুঃখ হয়, যুগলপ্রসাদের এত সাধের সরস্বতী কুণ্ডীর বনভূমি—কতদিন বা রাখিতে পারিব? কোথায় দূর হইয়া যাইবে হংসলতা আর বন্য শেফালি-বন। তাহার স্থানে দেখা দিবে শীষে-ওঠা মকাই ও জনারের ক্ষেত এবং সারি সারি খোলা-ছাওয়া ঘর, চালে চালে ঠেকানো, সামনে চারপাই পাতা।...কাদা-হাবড় আঙিনায় গরু-মহিষ নাদায় জাব খাইতেছে।

এই সময় মটুকনাথ পণ্ডিত আসিল। আজকাল মটুকনাথের টোলে প্রায় পনেরটি ছাত্র কলাপ ও মুঞ্চবোধ পড়ে। তাহার অবস্থা আজকাল ফিরিয়া গিয়াছে। গত ফসলের সময় যজমানদের ঘর হইতে এত গম ও মকাই পাইয়াছে যে, টোলের উঠানে তাহাকে একটা ছোট গোলা বাঁধিতে হইয়াছে।

অধাবসায়ী লোকের উন্নতি যে হইতেই হইবে—মটুকনাথ পণ্ডিত তাহার অকাট্য প্রমাণ। উন্নতি!—আবার সেই উন্নতির কথা আসিয়া পড়িল।

কিন্তু উন্নতির কথা না আসিয়া উপায় নাই। চোখের উপর দেখিতে পাইতেছি, মটুকনাথ উন্নতি করিয়াছে বলিয়াই তাহার আজকাল খুব খাতির-সম্মান—আমার কাছারির যে-সব সিপাহী ও আমলা মটুকনাথকে পাগল বলিয়া উপেক্ষা করিত—গোলা বাঁধার পর হইতে আমি লক্ষ্য করিতেছি, তাহারা মটুকনাথকে সম্মান ও খাতির করিয়া চলে। সঙ্গে সঙ্গে টোলের ছাত্রসংখ্যাও যেন বাড়িয়া চলিয়াছে। অথচ যুগলপ্রসাদ বা গনোরী তেওয়ারীকে কেউ পোঁছেও না। রাজু-পাঁড়েও নবাগত প্রজাদের মধ্যে খুব খাতির জমাইয়া ফেলিয়াছে—জড়িবিটির পুঁটুলি হাতে তাহাকে প্রায়ই দেখা যায় গৃহস্থবাড়ির ছেলেমেয়েদের নাড়ি টিপিয়া বেড়াইতেছে। তবে রাজু পাঁড়ে পয়সা তেমন বোঝে না, খাতির পাইয়া ও গল্প করিয়াই সন্তুষ্ট।

মাস তিন-চারের মধ্যে মহালিখারূপের পাহাড়ের কোল হইতে লবটুলিয়া ও নাঢ়া বইহারের উত্তর সীমানা পর্যন্ত প্রজা বসিয়া গেল। পূর্বে জমি বিলি হইয়া চাষ আরম্ভ হইয়াছিল বটে, কিন্তু লোকের বাস এত হয় নাই—এ বছর দলে দলে লোক আসিয়া রাতারাতি গ্রাম বসাইয়া ফেলিতে লাগিল।

কত ধরনের পরিবার। শীর্ণ টাটু ঘোড়ার পিঠে বিছানাপত্র, বাসন, পিতলের ঘয়লা, কাঠের বোঝা, গৃহদেবতা, তোলা উনুন চাপাইয়া একটি পরিবারকে আসিতে দেখা গেল। মহিষের পিঠে ছোট ছোট ছেলেমেয়ে, হাঁড়ি-কুড়ি, ভাঙা লঠন, এমন কি চারপাই পর্যন্ত চাপাইয়া আর এক পরিবার আসিল। কোনো কোনো পরিবারে স্বামী-স্ত্রীতে মিলিয়া জিনিসপত্র ও শিশুদের বাঁকের দু-দিকে চাপাইয়া বাঁক কাঁধে বহুদূর হইতে হাঁটিয়া আসিতেছে।

ইহাদের মধ্যে সদাচারী, গর্বিত মৈথিল ব্রাহ্মণ হইতে আরম্ভ করিয়া গাঙ্গোতা ও দোসাদ পর্যন্ত সমাজের সর্বস্তরের লোকই আছে। যুগলপ্রসাদ মুছরীকে জিজ্ঞাসা করিলাম—এরা কি এতদিন গৃহহীন অবস্থায় ছিল? এত লোক আসছে কোথা থেকে?

যুগলপ্রসাদের মন ভাল নয়। বলিল—এদেশের লোকই এই রকম। শুনেছে এখানে জমি সস্তায় বিলি হচ্ছে—তাই দলে দলে আসছে। সুবিধে বোঝে থাকবে, নয়তো আবার ডেরা উঠিয়ে অন্য জায়গায় ভাগবে।

—পিতৃপিতামহের ভিটের কোনো মায়া নেই এদের কাছে?

—কিছু না বাবুজী। এদের উপজীবিকাই হচ্ছে নূতন-ওঠা চর বা জঙ্গলমহাল বন্দোবস্ত নিয়ে চাষবাস করা। বাস করাটা আনুষঙ্গিক। যতদিন ফসল ভাল হবে, খাজনা কম থাকবে, ততদিন থাকবে।

—তার পর?

—তারপর খোঁজ নেবে অন্য কোথায় নূতন চর বা জঙ্গল বিলি হচ্ছে, সেখানে চলে যাবে। এদের ব্যবসাই এই।

৫

সেদিন গ্র্যান্ট সাহেবের বটগাছের নীচে জমি মাপিয়া দিতে গিয়াছি, আস্রফি টিঙেল জমি মাপিতেছিল, আমি ঘোড়ার উপর বসিয়া দেখিতেছিলাম, এমন সময় কুস্তাকে টোলার পথ ধরিয়া যাইতে দেখিলাম।

কুস্তাকে অনেক দিন দেখি নাই। আস্রফিকে বলিলাম—কুস্তা আজকাল কোথায় থাকে, ওকে দেখিনে তো?

আস্রফি বলিল—ওর কথা শোনেন নি বাবুজী? ও মধ্যে এখানে ছিল না অনেক দিন—

—কি রকম?

—রাসবিহারী সিং ওকে নিয়ে যায় তার বাড়ি। বলে, তুমি আমাদের জ্ঞাতভাইয়ের স্ত্রী—আমার এখানে এসে থাক—

—বেশ।

—সেখানে কিছুদিন থাকবার পরে—ওর চেহারা দেখেছেন তো বাবুজী, এত দুঃখে-কষ্টে এখনও—তার পর রাসবিহারী সিং কি-সব কথা ওকে বলে—এমন কি ওর ওপর অত্যাচারও করতে যায়—তাই আজ মাসখানেক হ'ল সেখান থেকে পালিয়ে এসে আছে। শুনি রাসবিহারী ছোরা নিয়ে ভয় দেখায়। ও বলেছিল,—মেরে ফেল বাবুজী, জান্ দেগা—ধরম দেগা নেহিন।

—কোথায় থাকে?

—বাম্বুটোলায় এক গাঙ্গোতার বাড়িতে আশ্রয় নিয়েছে। তাদের গোয়ালঘরের পাশে একখানা ছোট্ট চালা আছে, সেখানেই থাকে।

—চলে কি করে? ওর তো দু-তিনটে ছেলেমেয়ে?

—ভিক্ষে করে—ক্ষেতের ফসল কুড়ায়। কলাই গম কাটে। বড় ভাল মেয়ে বাবু কুস্তা। বাইজীর মেয়ে ছিল বটে, কিন্তু ভাল ঘরের মেয়ের মত মন-মেজাজ—কোন অসৎ কাজ ওকে দিয়ে হবে না।

জরীপ শেষ হইল। বালিয়া জেলার একটি প্রজা এই জমি বন্দোবস্ত লইয়াছে—কাল হইতে এখানে সে বাড়ি বাঁধিবে। গ্র্যাণ্ট সাহেবের বটগাছের মহিমাও ধ্বংস হইল।

মহালিখারূপের পাহাড়ের উপরকার বড় বড় গাছপালার মাথায় রোদ রাঙা হইয়া আসিল। সিম্মির দল ঝাঁক বাঁধিয়া সরস্বতী কুস্তীর দিকে উড়িয়া চলিয়াছে। সম্ভ্যার আর দেরি নাই।

একটা কথা ভাবিলাম।

এতটুকু জমি কোথাও থাকিবে না। এই বিশাল লবটুলিয়া ও নাড়া বইহারে, যেমন দেখিতেছি। দলে দলে অপরিচিত লোক আসিয়া জমি লইয়া ফেলিল—কিন্তু এই আরণ্যভূমিতে যাহারা চিরকাল মানুষ, অথচ যাহারা নিঃস্ব, হতভাগ্য—জমি বন্দোবস্ত লইবার পয়সা নাই বলিয়াই কি তাহারা বঞ্চিত থাকিবে? যাহাদের ভালবাসি, তাহাদের অন্তত এইটুকু উপকার করিবই।

আসুরফিকে বলিলাম—আসুরফি, কুস্তাকে কাল সকালে কাছারিতে হাজির করতে পারবে? ওকে একটু দরকার আছে।

—হাঁ হুজুর, যখন বলবেন।

পরদিন সকালে কুস্তাকে আসুরফি আমার আপিস-ঘরের সামনে বেলা নটার সময় লইয়া আসিল।

বলিলাম—কুস্তা, কেমন আছ?

কুস্তা আমায় দুই হাত জোড় করিয়া প্রণাম করিয়া বলিল—জী হুজুর, ভাল আছি।

—তোমার ছেলেমেয়েরা?

—ভাল আছে হুজুরের দোয়ায়।

—বড় ছেলেটি কত বড় হল?

—এই আট বছরে পড়েছে, হুজুর।

—মহিষ চরাতে পারে না?

—অতটুকু ছেলেকে কে মহিষ চরাতে দেবে, হুজুর?

কুস্তা সত্যই এখনও দেখিতে বেশ, ওর মুখে অসহায় জীবনের দুঃখকষ্ট যেমন ছাপ মারিয়া দিয়াছে—সাহস ও পবিত্রতাও তেমনি তাদের দুর্লভ জয়চিহ্ন অঙ্কিত করিয়া দিয়াছে।

এই সেই কাশীর বাঈজীর মেয়ে, প্রেমবিহ্বলা কুস্তা। ...প্রেমের উজ্জ্বল বর্তিকা এই দুঃখিনী রমণীর হাতে এখনও সগৌরবে জ্বলিতেছে, তাই ওর এত দুঃখ, দৈন্য, এত হেনস্থা, অপমান। প্রেমের মান রাখিয়াছে কুস্তা।

বলিলাম—কুস্তা, জমি নেবে?

কুস্তা কথাটি ঠিক শুনিয়াছে কিনা যেন বুঝিতে পারিল না। বিস্মিত মুখে বলিল—জমি, হুজুর?

—হ্যাঁ, জমি। নূতন-বিলি জমি।

কুস্তা একটুখানি কি ভাবিল। পরে বলিল—আগে তো আমাদেরই কত জোতজমা ছিল। প্রথম প্রথম এসে দেখেছি। তারপর সব গেল একে একে। এখন আর কি দিয়ে জমি নেব, হুজুর?

—কেন, সেলামীর টাকা দিতে পারবে না?

—কোথা থেকে দেব? রাস্তির ক'রে ক্ষেত থেকে ফসল কুড়োই, পাছে দিনমানে কেউ অপমান করে। আখ টুকরি এক টুকরি কলাই পাই—তাই গুঁড়ো ক'রে ছাতু ক'রে বাছাদের খাওয়াই। নিজে খেতে সব দিন কুলোয় না—

কুস্তা কথা বন্ধ করিয়া চোখ নীচু করিল। দুই চোখ বাহিয়া টস্ টস্ করিয়া জল গড়াইয়া পড়িল। আস্রফি সরিয়া গেল। ছোকরার হৃদয় কোমল, এখনও পরের দুঃখ ভাল রকম সহ্য করিতে পারে না।

আমি বলিলাম—কুস্তা, আচ্ছা ধর যদি সেলামি না লাগে?

কুস্তা চোখ তুলিয়া জলভরা বিস্মিত চোখে আমার মুখের দিকে চাহিল।

আস্রফি তাড়াতাড়ি কাছে আসিয়া কুস্তার সামনে হাত নাড়িয়া বলিল—হুজুর তোমায় এমনি জমি দেবেন, এমনি জমি দেবেন—বুঝলে না দাইজী?

আস্রফিকে বলিলাম—ওকে জমি দিলে ও চাষ করবে কি করে আস্রফি?

আস্রফি বলিল—সে বেশি কঠিন কথা নয় হুজুর। ওকে দু-একখানা লাঙ্গল দয়া ক'রে সবাই ভিক্ষে দেবে। এত ঘর গাঙ্গোতা প্রজা, একখানা লাঙ্গল ঘরপিছু দিলেই ওর জমি চাষ হয়ে যাবে। আমি সে ভার নেব, হুজুর।

—আচ্ছা, কত বিষে হ'লে ওর হয়, আস্রফি?

—দিচ্ছেন যখন মেহেরবানি ক'রে হুজুর, দশ বিষে দিন।

কুস্তাকে জিজ্ঞাসা করিলাম—কুস্তা, কেমন, দশ বিষে জমি যদি তোমায় বিনা সেলামিতে দেওয়া যায়—তুমি ঠিকমত চাষ ক'রে ফসল তুলে কাছারির খাজনা শোধ করতে পারবে তো? অবিশ্যি প্রথম দু-বছর তোমার খাজনা মাপ। তৃতীয় বছর থেকে খাজনা দিতে হবে।

কুস্তা যেন হতবুদ্ধি হইয়া পড়িয়াছে। আমরা তাহাকে লইয়া ঠাট্টা করিতেছি, না সত্য কথা বলিতেছি—ইহাই যেন সে এখনও সম্ভবাইয়া উঠিতে পারে নাই।

কতকটা দিশাহারা ভাবে বলিল—জমি! দশ বিষে জমি!

আস্রফি আমার হইয়া বলিল—হাঁ, হুজুর তোমায় দিচ্ছেন! খাজনা এখন দু-বছর মাপ। তীস্রা সাল থেকে খাজনা দিও। কেমন, রাজী?

কুস্তা লজ্জাজড়িত মুখে আমার দিকে চাহিয়া বলিল—জী হুজুর মেহেরবান। পরে হঠাৎ বিহুলার মত কাঁদিয়া ফেলিল।

আমার ইস্তিতে আস্রফি তাহাকে লইয়া চলিয়া গেল।

সপ্তদশ পরিচ্ছেদ

১

সন্ধ্যার পরে লবটুলিয়ার নূতন বস্তিগুলি দেখিতে বেশ লাগে। কুয়াশা হইয়াছে বলিয়া জ্যোৎস্না একটু অস্পষ্ট, বিস্তীর্ণ শান্তরব্যাপী কৃষিক্ষেত্র, দূরে দূরে দু-পাঁচটা আলো জ্বলিতেছে বিভিন্ন বস্তিতে। কত লোক, কত পরিবার অন্নের সংস্থান করিতে আসিয়াছে আমাদের মহালে—বন কাটিয়া গ্রাম বসাইয়াছে, চাষ আরম্ভ করিয়াছে। আমি সব বস্তির নামও জানি না, সকলকে চিনিও না। কুয়াশাবৃত জ্যোৎস্নালোকে এখানে ওখানে দূরে নিকটে ছড়ানো বস্তিগুলি কেমন রহস্যময় দেখাইতেছে। যে-সব লোক এই সব বস্তিতে বাস করে, তাহাদের

জীবনও আমার কাছে এই কুয়াশাচ্ছন্ন জ্যোৎস্নাময়ী রাত্রির মত রহস্যাবৃত। ইহাদের কাহারও কাহারও সঙ্গে আলাপ করিয়া দেখিয়াছি—জীবন সম্বন্ধে ইহাদের দৃষ্টিভঙ্গী, ইহাদের জীবনযাত্রা-প্রণালী আমার বড় অদ্ভুত লাগে।

প্রথম ধরা যাক ইহাদের খাদ্যের কথা। আমাদের মহালের জমিতে বছরে তিনটি খাদ্যশস্য জন্মায়—ভাদ মাসে মকাই, পৌষ মাসে কলাই এবং বৈশাখ মাসে গম। মকাই খুব বেশি হয় না, কারণ ইহার উপযুক্ত জমি বেশি নাই। কলাই ও গম যথেষ্ট উৎপন্ন হয়, কলাই বেশি, গম তাহার অর্ধেক। সুতরাং লোকের প্রধান খাদ্য কলাইয়ের ছাতু।

ধান একেবারেই হয় না—ধানের উপযুক্ত নাবাল-জমি নাই। এ অঞ্চলের কোথাও—এমন কি কড়ারী জমিতে কিংবা গবর্নমেন্ট খাসমহালেও ধান হয় না। ভাত জিনিসটা সুতরাং এখানকার লোকে কালেভদ্রে খাইতে পায়—ভাত খাওয়াটা শখের বা বিলাসিতার ব্যাপার বলিয়া গণ্য। দু-চারজন খাদ্যবিলাসী লোক গম বা কলাই বিক্রয় করিয়া ধান কিনিয়া আনে বটে, কিন্তু তাহাদের সংখ্যা আঙুলে গোনা যায়।

তারপর ধরা যাক ইহাদের বাসগৃহের কথা। এই যে আমাদের মহালের দশ হাজার বিঘা জমিতে অগণ্য গ্রাম বসিয়াছে—সব গৃহস্থের বাড়িই জঙ্গলের কাশ ছাওয়া, কাশউঁটার বেড়া, কেহ কেহ তাহার উপর মাটি লেপিয়াছে, কেহ কেহ তাহা করে নাই। এদেশে বাঁশ গাছ আদৌ নাই, সুতরাং বনের গাছের, বিশেষ করিয়া কেঁদ ও পিয়াল ডালের বাতা, খুঁটি ও আড়া দিয়াছে ঘরে।

ধর্মের কথা বলিয়া কোনো লাভ নাই। ইহারা যদিও হিন্দু, কিন্তু তেত্রিশ কোটি দেবতার মধ্যে ইহারা হনুমানজীকে কি করিয়া বাছিয়া বাহির করিয়া লইয়াছে জানি না—প্রত্যেক বস্তিতে একটা উঁচু হনুমানজীর ধ্বজা থাকিবেই—এই ধ্বজার রীতিমত পূজা হয়, ধ্বজার গায়ে সিঁদুর লেপা হয়। রাম-সীতার কথা ঝটিং শোনা যায়, তাঁহাদের সেবকের গৌরব তাঁহাদের দেবত্বকে একটু বেশি আড়ালে ফেলিয়াছে। বিষ্ণু, শিব, দুর্গা, কালী প্রভৃতি দেব-দেবীর পূজার প্রচার তত নাই—আদৌ আছে কিনা সন্দেহ, অন্তত আমাদের মহালে তো আমি দেখি নাই।

ভুলিয়া গিয়াছি, একজন শিবভক্ত দেখিয়াছি বটে। তার নাম দ্রোণ মাহাতো, জাতিতে গাঙ্গোতা। কাছারিতে কোথা হইতে কে একটা শিলাখণ্ড আনিয়া আজ নাকি দশ-বারো বছর কাছারির হনুমানজীর ধ্বজার নীচে রাখিয়া দিয়াছে—সিপাহীরা মাঝে মাঝে পাথরখানাতে সিঁদুর মাখায়, এক ঘটি জলও কেউ কেউ দেয়। কিন্তু পাথরখানা বেশির ভাগ অনাদৃত অবস্থাতেই পড়িয়া থাকে।

কাছারির কিছুদূরে একটা নূতন বস্তি আজ মাস-দুই গড়িয়া উঠিয়াছে—দ্রোণ মাহাতো সেখানে আসিয়া ঘর বাঁধিয়াছে। দ্রোণের বয়স সত্তরের বেশি ছাড়া কম নয়—প্রাচীন লোক বলিয়াই তাহার নাম দ্রোণ, আধুনিক কালের ছেলে-ছোকরা হইলে নাকি নাম হইত ডোমন, লোধাই, মহারাজ ইত্যাদি। এসব বাবুগিরি নাম সেকালে বাপ-মায়ে রাখিতে লজ্জাবোধ করিত।

যাহা হউক, বৃদ্ধ দ্রোণ একবার কাছারি আসিয়া হনুমান-ধ্বজার নীচে পাথরখানা লক্ষ্য করিল। তারপর হইতে বৃদ্ধ কল্বলিয়া নদীতে প্রাতঃস্নান করিয়া একঘটি জল প্রত্যহ আনিয়া নিয়মিতভাবে পাথরের উপরে ঢালিত ও সাতবার পরম ভক্তিভরে প্রদক্ষিণ করিয়া সান্ত্বনায় প্রণাম করিয়া তবে বাড়ি ফিরিত।

দ্রোণকে বলিয়াছিলাম—কল্বলিয়া তো এক ক্রোশ দূর, রোজ যাও সেখানে, তার চেয়ে ছোট কুণ্ডীর জল আনলেই পার—

দ্রোণ বলিল—মহাদেওজী শ্রোতের জলে তুষ্ট থাকেন, বাবুজী। আমার জন্ম সার্থক যে ওঁকে রোজ জল দিয়ে স্নান করাতে পাই।

ভক্তও ভগবানকে গড়ে। দ্রোণ মহাতোর শিবপূজার কাহিনী লোকমুখে বিভিন্ন বস্তিতে ছড়াইয়া পড়িতেই মাঝে মাঝে দেখি দু-পাঁচজন শিবের পূজারী নর-নারী যাতায়াত শুরু করিল। এ অঞ্চলে এক ধরনের সুগন্ধ ঘাস জঙ্গলে উৎপন্ন হয়, ঘাসের পাতা বা ডাঁটা হাতে লইয়া আত্মাণ লইলে চমৎকার সুবাস পাওয়া যায়। ঘাস যত শুকায়, গন্ধ তত তীব্র হয়। কে একজন সেই ঘাস আনিয়া শিবঠাকুরের চারিধারে রোপণ করিল। একদিন মটুকনাথ পণ্ডিত আসিয়া বলিল—বাবুজী, একজন গাঙ্গোতা কাছারির শিবের মাথায় জল ঢালে, এটা কি ভাল হচ্ছে?

বলিলাম—পণ্ডিতজী, সেই গাঙ্গোতাই ওই ঠাকুরটিকে লোকসমাজে প্রচার করেছে যতদূর দেখতে পাচ্ছি। কই তুমিও তো ছিলে, এক ঘটি জল তো কোনদিন দিতে দেখি নি তোমায়।

রাগের মাথায় খেই হারাইয়া মটুকনাথ বলিয়া বসিল—ও শিবই নয় বাবুজী। ঠাকুর প্রতিষ্ঠা না করলে পূজা পাওয়ার যোগ্য হয় না। ও তো একখানা পাথরের নুড়ি।

—তবে আর বলছ কেন? পাথরের নুড়িতে জল দিলে তোমার আপত্তি কি?

সেই হইতে দ্রোণ মহাতো কাছারির শিবলিঙ্গের চার্চার্ড পূজারী হইয়া গেল।

কার্তিক মাসে ছট-পরব এদেশের বড় উৎসব। বিভিন্ন টোলা হইতে মেয়েরা হলুদ-ছোপানো শাড়ি পরিয়া দলে দলে গান করিতে করিতে কল্বলিয়া নদীতে ছট ভাসাইতে চলিয়াছে। সারাদিন উৎসবের ধুম। সন্ধ্যায় বস্তিগুলির কাছ দিয়া যাইতে যাইতে ছট-পরবের পিঠে ভাজার ভরপুর গন্ধ পাওয়া যায়। কত রাত পর্যন্ত ছেলেমেয়েদের হাসি-কলরব, মেয়েদের গান—যেখানে নীলগাইয়ের জেরা গভীর রাত্রি দৌড়িয়া যাইত, হায়েনার হাসি ও বাঘের কাশি (অভিজ্ঞ ব্যক্তি জানেন, বাঘে অবিকল মানুষের গলায় কাশির মত এক প্রকার শব্দ করে) শোনা যাইত—সেখানে আজ কলহাস্যমুখরিত, গীতিরবপূর্ণ উৎসব-দীপ্ত এক বিস্তীর্ণ জনপদ।

ছট-পরবের সন্ধ্যায় বাম্বুটোলায় নিমন্ত্রণ রক্ষা করিতে গেলাম। শুধু এই একটি টোলায় নয়—পনেরোটি বিভিন্ন টোলা হইতে ছট-পরবের নিমন্ত্রণ পাইয়াছে কাছারি-সুন্দ সকল আমলা।

বাম্বুটোলার মোড়ল বাম্বু মহাতোর বাড়ি গেলাম প্রথমে।

বাম্বু মহাতোর বাড়ির একপাশে দেখি এখনও জঙ্গল কিছু কিছু আছে। বাম্বু উঠানে এক ছেঁড়া সামিয়ানা টাঙাইয়াছে—তাহারই তলায় আমাদের আদর করিয়া বসাইল। টোলার সকল লোক ফর্সা ধুতি ও মেরজাই পরিয়া সেখানে ঘাসে-বোনা একজাতীয় মাদুরের আসনে বসিয়া আছে। বলিলাম—খাইবার অনুরোধ রাখিতে পারিব না, কারণ অনেক স্থানে যাইতে হইবে।

বাম্বু বলিল—একটু মিষ্টিমুখ করতেই হবে। মেয়েরা নইলে বড় ক্ষুধ হবে, আপনি পায়ের ধুলো দেবেন বলে ওরা বড় উৎসাহ ক'রে পিঠে তৈরি করেছে।

উপায় নাই। গোষ্ঠবাবু মুছরী, আমি ও রাজু পাঁড়ে বসিয়া গেলাম। শালপাতায় কয়েকখানি আটা ও গুড়ের পিঠে আসিল—এক-একখানি পিঠে এক ইঞ্চি পুরু ইটের মত শক্ত, ছুঁড়িয়া মারিলে মানুষ মরিয়া না গেলেও দস্তুর মত জখম হয়। অথচ প্রত্যেকখানা পিঠে ছাঁচেফেলা চন্দ্রপুলির মত বেশ লতাপাতা কাটা। ছাঁচে ফেলিবার পরে তবে ঘিয়ে ভাজা হইয়াছে।

অত যত্নে মেয়েদের হাতে তৈরি পিষ্টকের সন্ধ্যবহার করিতে পারিলাম না। আখখানা অতিকষ্টে খাইয়াছিলাম। না মিষ্টি, না কোনো স্বাদ। বুঝিলাম গাঙ্গোতা মেয়েরা খাবার-দাবার

তৈরি করিতে জানে না। রাজু পাঁড়ে কিন্তু চার-পাঁচখানা সেই বড় বড় পিঠে দেখিতে দেখিতে খাইয়া ফেলিল এবং আমাদের সামনে চক্ষুলজ্জাবশতই বোধ হয় আর চাহিতে পারিল না।

ঝমুটোলা হইতে গেলাম লোখাইটোলা। তারপর পর্বতটোলা, ভীমদাসটোলা, আসরফিটোলা, লহমনিয়াটোলা। প্রত্যেক টোলায় নাচগান, হাসি-বাজনার ধুম। আজ সারারাত ইহারা ঘুমাইবে না। এ-বাড়ি ও-বাড়ি খাওয়া-দাওয়া করিয়া নাচ-গান করিয়াই কাটাঁইয়া দিবে।

একটি ব্যাপার দেখিয়া আনন্দ হইল, মেয়েরা সব টোলাতেই যত্ন করিয়া নাকি খাবার তৈরি করিয়াছে আমাদের জন্য। ম্যানেজারবাবু নিমন্ত্রণে আসিবেন শুনিয়া তাহারা অত্যন্ত উৎসাহের ও যত্নের সহিত নিজেদের চরম রন্ধন-কৌশল প্রদর্শন করিয়া পিষ্টক গড়িয়াছে। মেয়েদের সহায়তার জন্য মনে মনে যথেষ্ট কৃতজ্ঞ হইলেও তাহাদের রন্ধন-বিদ্যার প্রশংসা করিয়া উঠিতে পারিলাম না, ইহা আমার পক্ষে খুবই দুঃখের বিষয়। ঝমুটোলার অপেক্ষা নিকৃষ্টতর পিষ্টকের সহিতও স্থানে স্থানে পরিচয় ঘটিল।

সব জায়গায়ই দেখি রঙিন শাড়ি-পরা মেয়েরা কৌতূহলপূর্ণ চোখে আড়াল হইতে ভোজনরত বাংগালী বাবুদের দিকে চাহিয়া আছে। রাজু পাঁড়ে কাহাকেও মনে কষ্ট দিল না—পিষ্টক ভক্ষণের সীমা অতিক্রম করিয়া রাজু পাঁড়ে ক্রমশ অসীমের দিকে চলিতে লাগিল দেখিয়া আমি গণনার হাল ছাড়িয়া দিলাম—সুতরাং সে কয়খানা পিষ্টক খাইয়াছিল বলিতে পারিব না।

শুধু রাজু কেন—নিমন্ত্রিত গাঙ্গোতাদের মধ্যে সেই ইঁটের মত কঠিন পিষ্টক এক-একজন এক কুড়ি দেড় কুড়ি করিয়া খাইল—চোখে না দেখিলে বিশ্বাস করা শক্ত যে সেই জিনিস মানুষে অত খাইতে পারে।

নাচা-বইহারের ছনিয়া ও সুরতিয়াদের ওখানেও গেলাম।

সুরতিয়া আমায় দেখিয়া ছুটিয়া আসিল।

—বাবুজী, এত রাত করে ফেললেন? আমি আর মা দুজনে বঁসে আপনার জন্যে আলাদা ক'রে পিঠে গড়েছি—আমরা হাঁ করে বসে আছি আর ভাবছি এত দেরি হচ্ছে কেন—আসুন, বসুন।

নক্ছেদী সকলকে খাতির করিয়া বসাইল।

তুলসীকে খুব যত্ন করিয়া খাইবার আসন করিতে দেখিয়া মনে মনে হাসিলাম। ইহাদের এখানে খাইবার অবস্থা কি আর আছে?

সুরতিয়াকে বলিলাম—তোমার মাকে বল পিঠে তুলে নিতে। এত কে খাবে?

সুরতিয়া বিস্মিত দৃষ্টিতে আমার দিকে চাহিয়া বলিল—ও কি বাবুজী, এই ক'খানা খাবেন না? আমি আর ছনিয়াই তো পনর-ষোলখানা ক'রে খেয়েছি। খান—আপনি খাবেন ব'লে ওর ভেতরে মা কিশমিশ দিয়েছে, দুধ দিয়েছে—ভাল আটা এনেছে বাবা ভীমদাসটোলা থেকে—

খাইব না বলিয়া ভাল করি নাই। সারাবছর এই বালক-বালিকা এ-সব সুখাদ্যের মুখ দেখিতে পায় না। এদের কত কষ্টের, কত আশার জিনিস! ছেলেমানুষকে খুশি করিবার জন্য মরীয়া হইয়া দুইখানা পিষ্টক খাইয়া ফেলিলাম।

সুরতিয়াকে খুশি করিবার জন্য বলিলাম—চমৎকার পিঠে। কিন্তু সব জায়গায় কিছু কিছু খেয়েছি ব'লে খেতে পারলুম না সুরতিয়া। আর একদিন এসে হবে এখন।

রাজু পাঁড়ের হাতে একটা ছোটখাটো বোঁচকা। সে প্রত্যেকের বাড়ি হইতে ছাঁদা বাঁধিয়াছে, এক-একখানি পিষ্টকের ওজন বিবেচনা করিলে রাজুর বোঁচকার ওজন দশ-বারো সেরের কম তো কোনমতেই হইবে না।

রাজু খুব খুশি। বলিল—এ পিঠে হঠাৎ নষ্ট হয় না হুজুর, দু-তিন দিন আর আমায় রাঁধতে হবে না। পিঠে খেয়েই চলবে।

কাছারিতে পরদিন সকালে কুস্তা একখানি পিতলের খালা লইয়া আসিয়া আমার সামনে সসঙ্কোচে স্থাপন করিল। এক টুকরা ফর্সা নেকড়া দিয়া খালাখানা ঢাকা।

বলিলাম—ওতে কি কুস্তা?

কুস্তা সলজ্জ কণ্ঠে বলিল—ছট-পরবের পিঠে বাবুজী। কাল রাত্রে দু-বার নিয়ে এসে ফিরে গিয়েছি।

বলিলাম—কাল অনেক রাত্রে ফিরেছি, ছট-পরবের নেমস্তন্ন রাখতে বেরিয়েছিলাম। আচ্ছা রেখে দাও, খাব এখন।

ঢাকা খুলিয়া দেখি, খালায় কয়েকখানি পিষ্টক, কিছু চিনি, দুটি কলা, একখণ্ড ঝুনা নারিকেল, একটা কলস্যা লেবু।

বলিলাম—বাঃ, বেশ পিঠে দেখছি!

কুস্তা পূর্ববৎ মৃদুস্বরে সসংকোচে বলিল—বাবুজী, সবগুলো মেহেরবানি করে খাবেন। আপনি খাবেন বলে আলাদা করে তৈরি করেছি। তবুও আপনাকে গরম খাওয়াতে পারলাম না, বড় দুঃখ রইল।

—কিছু হয় নি তাতে, কুস্তা। আমি সবগুলো খাব। দেখতে বড় চমৎকার দেখাচ্ছে।

কুস্তা প্রণাম করিয়া চলিয়া গেল।

২

একদিন মুনেশ্বর সিং সিপাহী আসিয়া বলিল—হুজুর, ওই বনের মধ্যে গাছের নীচে একটা লোক ছেঁড়া কাপড় পেতে শুয়ে আছে—লোকজনে তাকে বস্তুতে ঢুকতে দেয় না—টিল ছুঁড়ে মারে, আপনি হুকুম করেন তো তাকে নিয়ে আসি।

কথাটা শুনিয়া আশ্চর্য হইলাম। বৈকাল বেলা, সম্ভার বেশি দেরি নাই, শীত তেমন না হইলেও কার্তিক মাস, রাত্রে যথেষ্ট শিশির পড়ে, শেষরাত্রে বেশ ঠাণ্ডা। এ অবস্থায় একটা লোক বনের মধ্যে গাছের তলায় আশ্রয় লইয়াছে কেন, লোকে তাহাকে টিল ছুঁড়িয়াই বা মারে কেন বুঝিতে পারিলাম না।

গিয়া দেখি গ্র্যান্ট সাহেবের বটগাছের ওদিকে (আজ প্রায় ত্রিশ বছর আগে গ্র্যান্ট সাহেব আমীন লবটুলিয়ার বন্য মহাল জরীপ করিতে আসিয়া এই বটতলায় তাঁবু ফেলেন, সেই হইতেই গাছটির এই নাম চলিয়া আসিতেছে) একটা বনঝোপে একটা অর্জুন গাছের তলায় একটা লোক ছেঁড়া ময়লা নেকড়াকানি পাতিয়া শয্যা রচনা করিয়া শুইয়া আছে। ঝোপের অন্ধকারে লোকটিকে ভাল করিয়া দেখিতে না পাইয়া বলিলাম—কে ওখানে? বাড়ি কোথায়? বের হয়ে এস—

লোকটি বাহির হইয়া আসিল—অনেকটা হামাগুড়ি দিয়া, অতি ধীরে ধীরে—বয়স পঞ্চাশের উপর, জীর্ণশীর্ণ চেহারা, মলিন ছেঁড়া কাপড় ও মেরজাই গায়ে—যতক্ষণ সে ঝোপের ভিতর হইতে বাহির হইতেছিল, কি একরকম অদ্ভুত, অসহায় ভাবে শিকারীর তাড়া-খাওয়া পশুর মত ভয়ানক দৃষ্টিতে আমার দিকে চাহিয়া ছিল।

ঝোপের অন্ধকার হইতে দিনের আলোয় বাহির হইয়া আসিলে দেখিলাম, তাহার বাম

হাতে ও বাম পায়ে ভীষণ ক্ষত। বোধ হয় সেই জন্য সে একবার বসিলে বা শুইলে হঠাৎ আর সোজা হইয়া দাঁড়াইতে পারে না।

মুনেশ্বর সিং বলিল—হুজুর, ওর ওই ঘায়ের জন্যেই ওকে বস্তিতে ঢুকতে দেয় না—জল পর্যন্ত চাইলে দেয় না। টিল মারে, দূর দূর ক'রে তাড়িয়ে নেয়—

বোঝা গেল তাই এ লোকটা বনের পশুর মত বনঝোপের মধ্যেই আশ্রয় লইয়াছে এই হেমন্তের শিশিরার্দ্ৰ রাত্রে।

বলিলাম—তোমার নাম কি? বাড়ি কোথায়?

লোকটা আমায় দেখিয়া ভয়ে কেমন হইয়া গিয়াছে—ওর চোখে রোগকাতর ও ভীত, অসহায় দৃষ্টি। তা ছাড়া আমার পিছনে লাঠি হাতে মুনেশ্বর সিং সিপাহী। বোধ হয় সে ভাবিল, সে যে বনে আশ্রয় লইয়াছে তাহাতেও আমাদের আপত্তি আছে—তাহাকে তাড়াইয়া দিতেই আমি সিপাই সঙ্গে করিয়া সেখানে গিয়াছি।

বলিল—আমার নাম?....নাম হুজুর গিরধারীলাল, বাড়ি তিনটাঙা। পরক্ষণেই কেমন একটা অদ্ভুত সুরে—মিনতি, প্রার্থনা এবং বিকারের রোগীর অসঙ্গত আবদারের সুর এই কয়টি মিলাইয়া এক ধরনের সুরে বলিল—একটু জল খাব—জল—

আমি ততক্ষণে লোকটাকে চিনিয়া ফেলিয়াছি। সেবার পৌষমাসের মেলায় ইজারাদার ব্রহ্মা মাহাতোর তাঁবুতে সেই যে দেখিয়াছিলাম—সেই গিরধারীলাল। সেই ভীত দৃষ্টি, সেই নম্র মুখের ভাব—

দরিদ্র, নম্র, ভীরা লোকদেরই কি ভগবান জগতে এত বেশি করিয়া কষ্ট দেন! মুনেশ্বর সিংকে বলিলাম—কাছারি যাও—চার-পাঁচজন লোক আর একটা চারপাই নিয়ে এস—

সে চলিয়া গেল।

আমি জিজ্ঞাসা করিলাম—কি হয়েছে গিরধারীলাল? আমি তোমায় চিনি। তুমি আমায় চিনতে পার নি? সেই যে সেবার ব্রহ্মা মাহাতোর তাঁবুতে মেলার সময় তোমার সঙ্গে দেখা হয়েছিল—মনে নেই? কোনো ভয় নেই। কি হয়েছে তোমার?

গিরধারীলাল ঝুঁ ঝুঁ করিয়া কাঁদিয়া ফেলিল। হাত ও পা নাড়িয়া দেখাইয়া বলিল—হুজুর, কেটে গিয়ে যা হয়। কিছুতেই সে যা সারে না, যে যা বলে তাই করি—যা ক্রমেই বাড়ে। ক্রমে সকলে বললে—তোর কুষ্ঠ হয়েছে। সেই জন্য আজ চার-পাঁচ মাস এই রকম কষ্ট পাচ্ছি। বস্তির মধ্যে ঢুকতে দেয় না। ভিক্ষে করে কোনো রকমে চলাই। রাত্রে কোথাও জায়গা দেয় না—তাই বনের মধ্যে ঢুকে শুয়ে থাকব বলে—

—কোথায় যাচ্ছিলে এদিকে? এখানে কি ক'রে এলে?

গিরধারীলাল এরই মধ্যে হাঁপাইয়া পড়িয়াছিল। একটু দম লইয়া বলিল—পূর্ণিয়ার হাসপাতালে যাচ্ছিলাম হুজুর—নইলে যা তো সারে না।

আশ্চর্য না হইয়া পারিলাম না। মানুষের কি আগ্রহ বাঁচিবার! গিরধারীলাল যেখানে থাকে, পূর্ণিয়া সেখান হইতে চল্লিশ মাইলের কম নয়—মোহনপুরা রিজার্ভ ফরেস্টের মত স্থাপদসঙ্কুল আরণ্যভূমি সামনে—ক্ষতে অবশ হাত-পা লইয়া সে চলিয়াছে এই দুর্গম পাহাড়-জঙ্গলের পথ ভাঙিয়া পূর্ণিয়ার হাসপাতালে!

চারপাই আসিল। সিপাহীদের বাসার কাছে একটা খালি ঘরে উহাকে লইয়া গিয়া শোয়াইয়া দিলাম। সিপাহীরাও কুষ্ঠ বলিয়া একটু আপত্তি তুলিয়াছিল, পরে বুঝাইয়া দিতে তাহারা বুঝিল।

গিরধারীলাল খুব ক্ষুধার্ত বলিয়া মনে হইল। অনেকদিন সে যেন পেট ভরিয়া খাইতে পায় নাই। কিছু গরম দুধ খাওয়াইয়া দিতে সে কথঞ্চিৎ সুস্থ হইল।

সন্ধ্যার দিকে তাহার ঘরে গিয়া দেখি সে অঘোরে ঘুমাইতেছে।

পরদিন স্থানীয় বিশিষ্ট চিকিৎসক রাজু পাঁড়েকে ডাকাইলাম। রাজু গভীর মুখে অনেকক্ষণ ধরিয়া রোগীর নাড়ি দেখিল, ঘা দেখিল। রাজুকে বলিলাম—দেখ, তোমার দ্বারা হবে, না পূর্ণিয়ায় পাঠিয়ে দেব?

রাজু আহত অভিমানের সুরে বলিল—আপনার বাপ-মায়ের আশীর্বাদে হুজুর অনেকদিন এই কাজ করছি। পনের দিনের মধ্যে ঘা ভাল হয়ে যাবে।

গিরধারীকে হাসপাতালে পাঠাইয়া দিলেই ভাল করিতাম, পরে বুঝিলাম। ঘায়ের জন্য নহে, রাজু পাঁড়ের জড়ি-বুটির গুণে পাঁচ-ছয় দিনের মধ্যেই ঘায়ের চেহারা বদলাইয়া গেল—কিন্তু মুশকিল বাড়িল তাহার সেবা-শুশ্রূষা লইয়া। তাহাকে কেহ ছুঁইতে চায় না, ঘায়ে ঔষধ লাগাইয়া দিতে চায় না, তাহার খাওয়া জলের ঘটিটা পর্যন্ত মাজিতে আপত্তি করে।

তাহার উপর বেচারীর হইল জ্বর। খুব বেশি জ্বর।

নিরুপায় হইয়া কুস্তাকে ডাকাইলাম। তাহাকে বলিলাম—তুমি বস্তি থেকে একজন গাঙ্গোতার মেয়ে ডেকে দাও, পয়সা দেব—ওকে দেখাশুনা করতে হবে।

কুস্তা কিছুমাত্র না ভাবিয়া তখনই বলিল—আমি করব বাবুজী। পয়সা দিতে হবে না।

কুস্তা রাজপুতের স্ত্রী, সে গাঙ্গোতা রোগীর সেবা করিবে কি করিয়া? ভাবিলাম আমার কথা সে বুঝিতে পারে নাই।

বলিলাম—ওর ঐটো বাসন মাজতে হবে, ওকে খাওয়াতে হবে—ও তো উঠতে পারে না। সে-সব তোমায় দিয়ে কি ক'রে হবে?

কুস্তা বলিল—আপনি হুকুম করলেই আমি সব করব। আমি রাজপুত কোথায় বাবুজী! আমার জাতভাই কেউ এতদিন আমায় কি দেখেছে? আপনি যা বলবেন আমি তাই করব। আমার আবার জাত কি?

রাজু পাঁড়ের জড়ি-বুটির গুণে ও কুস্তার সেবাশুশ্রূষায় মাসখানেকের মধ্যে গিরধারীলাল চাঙ্গা হইয়া উঠিল। কুস্তাকে এজন্য দিতে গেলেও কিছু লইল না। গিরধারীলালকে সে ইতিমধ্যে ‘বাবা’ বলিয়া ডাকিতে আরম্ভ করিয়াছে দেখিলাম। বলিল—আহা, বাবা বড় দুঃখী, বাবার সেবা ক'রে আবার পয়সা নেব? ধরমরাজ মাথার উপর নেই?

জীবনে যে কয়টি সং কাজ করিয়াছি, তাহার মধ্যে একটি প্রধান সং কাজ নিরীহ ও নিঃস্ব গিরধারীলালকে বিনা সেলামিতে কিছু জমি দিয়া লবটুলিয়াতে বাস করানো।

তাহার খুপরিতে একদিন গিয়াছিলাম।

নিজের বিঘা পাঁচেক জমি সে নিজের হাতেই পরিষ্কার করিয়া গম বুনিয়াছে। খুপরি চারিপাশে কতগুলি গৌড়ালেবুর চারা পুঁতিয়াছে।

—এত গৌড়া লেবুর গাছ কি হবে গিরধারীলাল?

—হুজুর, ওগুলো সরবতী লেবু। আমি বড় খেতে ভালবাসি। চিনি-মিছরি জোটে না আমাদের, ভুরা গুড়ের সরবৎ ক'রে ওই লেবুর রস দিয়ে খেতে ভারি তার!

দেখিলাম আশার আনন্দে গিরধারীলালের নিরীহ চক্ষু দুটি উজ্জ্বল হইয়া উঠিয়াছে।

—ভাল কলমের লেবু। এক-একটা হবে এক পোয়া। অনেক দিন থেকে আমার ইচ্ছে, যদি কখনো জমি-জায়গা করতে পারি, তবে ভাল সরবতী লেবুর গাছ লাগাব। পরের দোরে লেবু চাইতে গিয়ে কতবার অপমান হয়েছি হুজুর। সে দুঃখ আর রাখব না।

অষ্টাদশ পরিচ্ছেদ

১

এখান হইতে চলিয়া যাইবার সময় আসিয়াছে। একবার ভানুমতীর সঙ্গে দেখা করিবার ইচ্ছা প্রবল হইল। ধন্বরি শৈলমালা একটি সুন্দর স্বপ্নের মত আমার মন অধিকার করিয়া আছে...তাহার বনানী...তাহার জ্যোৎস্নালোকিত রাত্রি....

সঙ্গে লইলাম যুগলপ্রসাদকে।

তহশিলদার সজ্জন সিং-এর ঘোড়াটাতে যুগলপ্রসাদ চড়িয়াছিল—আমাদের মহালের সীমানা পার হইতে-না-হইতেই বলিল—হুজুর, এ ঘোড়া চলবে না, জঙ্গলের পথে রহল চাল ধরলেই হেঁচট খেয়ে পড়ে যাবে, সঙ্গে সঙ্গে আমারও পা খোঁড়া হবে। বদলে নিয়ে আসি।

তাহাকে আশ্বস্ত করিলাম। সজ্জন সিং ভাল সওয়ার, সে কতবার পূর্ণিয়ায় মোকদ্দমা তদারক করিতে গিয়াছে এই ঘোড়ায়। পূর্ণিয়া যাইতে হইলে কেমন পথে যাইতে হয় যুগলপ্রসাদের তাহা অজ্ঞাত নয় নিশ্চয়ই।

শীঘ্রই কারো নদী পার হইলাম।

তারপর অরণ্য, অরণ্য—সুন্দর, অপূর্ব, ঘন নির্জন অরণ্য! পূর্বেই বলিয়াছি এ-জঙ্গলে মাথার উপরে গাছপালার ডালে ডালে জড়াজড়ি নাই—কেঁদ-চারা, শাল-চারা, পলাশ, মছয়া, কুলের অরণ্য—প্রস্তরাকীর্ণ রাজা মাটির ডাঙা, উঁচু-নীচু। মাঝে মাঝে মাটির উপর বন্যহস্তীর পদচিহ্ন। মানুষজন নাই।

হাঁপ ছাড়িয়া বাঁচিলাম লবটুলিয়ার নূতন তৈরি ঘিঞ্জি কুশী টোলা ও বস্তি এবং একঘেষে ধূসর, চষা জমি দেখিবার পরে। এ-রকম আরণ্যপ্রদেশ এদিকে আর কোথাও নাই।

এই পথের সেই দুটি বন্য গ্রাম—বুরুডি ও কুলপাল বেলা বারোটার মধ্যেই ছাড়াইলাম। তার পরেই ফাঁকা জঙ্গল পিছনে পড়িয়া রহিল—সম্মুখে বড় বড় বনস্পতির ঘন অরণ্য। কার্তিকের শেষ, বাতাস ঠাণ্ডা—গরমের লেশমাত্রও নাই।

দূরে দূরে ধন্বরি পাহাড়শ্রেণী বেশ স্পষ্ট হইয়া ফুটিল।

সন্ধ্যার পরে কাছারিতে পৌঁছিলাম। যে বিড়িপাতার জঙ্গল আমাদের স্টেট নীলামে ডাকিয়া লইয়াছিল, এ-কাছারি সেই জঙ্গলের ইজারাদার।

লোকটা মুসলমান, শাহাবাদ জেলায় বাড়ি। নাম আবদুল ওয়াহেদ। খুব খাতির করিয়া রাখিয়া দিল। বলিল—সন্ধ্যার সময় পৌঁচেছেন, ভাল হয়েছে বাবুজী। জঙ্গলে বড় বাঘের ভয় হয়েছে। নির্জন রাত্রি।

বড় বড় গাছে শন শন করিয়া বাতাস বাধিতেছে।

কাছারির বারান্দায় বসিবার ভরসা পাইলাম না কথটা শুনিয়া।

ঘরের মধ্যে জানালা খুলিয়া বসিয়া গল্প করিতেছি—হঠাৎ কি একটা জন্তু ডাকিয়া উঠিল বনের মধ্যে। যুগলকে বলিলাম—কি ও?

যুগল বলিল—ও কিছু না, হুড়াল। অর্থাৎ নেকড়ে বাঘ।

একবার গভীর রাতে বনের মধ্যে হায়েনার হাসি শোনা গেল—হঠাৎ শুনিলে বৃকের রক্ত জমিয়া যায় ভয়ে, ঠিক যেন কাশরোগীর হাসি, মাঝে মাঝে দম বন্ধ হইয়া যায়, মাঝে মাঝে হাসির উচ্ছ্বাস।

পরদিন ভোরে রওনা হইয়া বেলা ন-টার মধ্যে দোবরু পান্নার রাজধানী চক্‌মকিটোলায় পৌঁছানো গেল। ভানুমতী কী খুশি আমার অপ্রত্যাশিত আগমনে। তার মুখে-চোখে খুশি যেন চাপিতে পারিতেছে না, উপচাইয়া পড়িতেছে।

—আপনার কথা কালও ভেবেছি বাবুজী। এতদিন আসেন নি কেন?

ভানুমতীকে একটু লম্বা দেখাইতেছে, একটু রোগাও বটে। তাছাড়া মুখশ্রী আছে ঠিক তেমনি লাষণ্যভরা, সেই নিটোল গড়ন তেমনি আছে।

—নাইবেন তো বরনায়? মছয়া তেল আনব, না কডুয়া তেল? এবার বর্ষায় বরনায় কি সুন্দর জল হয়েছে দেখবেন চলুন।

আর একটা জিনিস লক্ষ্য করিয়া আসিতেছি—ভানুমতী ভারি পরিষ্কার-পরিচ্ছন্ন, সাধারণ সাঁওতাল মেয়েদের সঙ্গে তার সেদিক দিয়া তুলনাই হয় না—তার বেশভূষা ও প্রসাধনের সহজ সৌন্দর্য ও রুচিবোধই তাহাকে অভিজাতবংশের মেয়ে বলিয়া পরিচয় দেয়।

ফে-মাটির ঘরের দাওয়ায় বসিয়া আছি, তাহার উঠানের চারিধারে বড় বড় আসান ও অর্জুন গাছ। এক বাঁক সবুজ বনটিয়া সামনের আসান গাছটার ডালে কলরব করিতেছে। হেমন্তের প্রথম, বেলা চড়িলেও বাতাস ঠাণ্ডা। আমার সামনে আধ মাইলেরও কম দূরে ধন্বরি পাহাড়শ্রেণী, পাহাড়ের গা বাহিয়া নামিয়া আসিয়াছে চেরা সিঁথির মত পথ—একদিকে অনেক দূরে নীল মেঘের মত দৃশ্যমান গয়া জেলার পাহাড়শ্রেণী।

বিড়ির পাতার জঙ্গল ইজারা লইয়া এই শান্ত জনবিরল বন্য প্রদেশের পল্লবপ্রাচ্যায় উপত্যকার কোনো পাহাড়ী বরনার তীরে কুটির বাঁধিয়া বাস করিতাম চিরদিন। লবটুলিয়া তো গেল, ভানুমতীর দেশের এ-বন কেহ নষ্ট করিবে না। এ-অঞ্চলে মরুমকাঁকর ও পাইওরাইট বেশি মাটিতে, ফসল তেমন হয় না—হইলে এ-বন কোন্ কালে ঘুচিয়া যাইত। তবে যদি আমার খনি বাহির হইয়া পড়ে, সে স্বতন্ত্র কথা।

তামার কারখানা চিমনি, টুলি লাইন, সারি সারি কুলি-বস্তি, ময়লা জলের ড্রেন, এঞ্জিন-ঝাড়া কয়লার ছাইয়ের জুপ—দোকানঘর, চায়ের দোকান, সস্তা সিনেমায় ‘জোয়ানী-হাওয়া’ ‘শের শমশের’ ‘প্রণয়ের জের’ (ম্যাটিনিতে তিন আনা, পূর্বাঙ্কে আসন দখল করুন)—দেশী মদের দোকান, দরজীর দোকান। হোমিও ফার্মেসী (সমাগত দরিদ্র রোগীদের বিনামূল্যে চিকিৎসা করা হয়)। আদি ও অকৃত্রিম আদর্শ হিন্দু হোটেল।

কলের বাঁশিতে তিনটার সিটি বাজিল।

ভানুমতী মাথায় করিয়া এঞ্জিনের ঝাড়া কয়লা বাজারে ফিরি করিতে বাহির হইয়াছে—
ক-ই-লা চা-ই-ই—চার পয়সা বুড়ি!...

ভানুমতী তেল আনিয়া সামনে দাঁড়াইল। ওদের বাড়ির সবাই আসিয়া আমাকে নমস্কার করিয়া ঘিরিয়া দাঁড়াইল। ভানুমতীর ছোট কাকা নবীন যুবক জগন্নাথ একটা গাছের ডাল ছুলিতে ছুলিতে আসিয়া আমার দিকে চাহিয়া হাসিল। এই ছেলোটিকে আমি বড় পছন্দ করি। রাজপুত্রের মত চেহারা ওর, কালোর উপরে কি রূপ। এদের বাড়ির মধ্যে এই যুবক এবং ভানুমতী, এদের দুজনকে দেখিলেই সত্যিই যে ইহারা বন্য জাতির মধ্যে অভিজাতবংশ, তা মনে না হইয়া পারে না।

বলিলাম—কি জগরু, শিকার-টিকার কেমন চলছে?

জগরু হাসিয়া বলিল—আপনাকে আজই খাইয়ে দেব বাবুজী, ভাববেন না। বলুন কি খাবেন, সজরু, না হরিয়াল, না বনমোরগ?

স্নান করিয়া আসিলাম। ভানুমতী নিজের সেই আয়নাখানি (সেবার যেখানা পূর্নিয়া হইতে আনাইয়া দিয়াছিলাম) আর একখানা কাঠের কাঁকই চুল আঁচড়াইবার জন্য আনিয়া দিল।

আহারাদির পর বিশ্রাম করিতেছি, বেলা পড়িয়া আসিয়াছে, ভানুমতী প্রস্তাব করিল—বাবুজী চলুন, পাহাড়ে উঠবেন না? আপনি তো ভালবাসেন।

যুগলপ্রসাদ ঘুমাইতেছিল, সে ঘুম ভাঙিয়া উঠিলে আমরা বেড়াইবার জন্য বাহির হইলাম। সঙ্গে রহিল ভানুমতী, ওর খুড়তুতো বোন—জগরু পান্নার মেজ ভাইয়ের মেয়ে, বছর বারো বয়স—আর যুগলপ্রসাদ।

আধ মাইল হাঁটিয়া পাহাড়ের নীচে পৌঁছিলাম।

ধনঝরির পাদমূলে এই জায়গায় বনের দৃশ্য এত অপূর্ব যে, খানিকটা দাঁড়াইয়া দেখিতে ইচ্ছা করে। যেদিকে চোখ ফিরাই সেদিকেই বড় বড় গাছ, লতা, উপল-বিছানো ঝরণার খাদ, ইতস্তত বিক্ষিপ্ত ছোট-বড় শিলাস্তূপ। ধনঝরির দিকে বন ও পাহাড়ের আড়ালে আকাশটা কেমন সরু হইয়া গিয়াছে, সামনে লাল কাঁকুড়ে মাটির রাস্তা উঁচু হইয়া ঘন জঙ্গলের মধ্য দিয়া পাহাড়ের ও-পারের দিকে উঠিয়াছে, কেমন খটখটে শুকনো ডাঙা মাটি, কোথাও ভিজা নয়, স্যাৎসেতে নয়। ঝরণার খাদেও এতটুকু জল নাই।

পাহাড়ের উপরে ঘন বন ঠেলিয়া কিছুদূর উঠিতেই কিসের মধুর সুবাসে মনপ্রাণ মাতিয়া উঠিল, গন্ধটা অত্যন্ত পরিচিত—প্রথমটা ধরিতে পারি নাই, তারপরে চাহিয়া দেখি—ধনঝরি পাহাড়ে যে এত ছাতিম গাছ তাহা পূর্বে লক্ষ্য করি নাই—এখন প্রথম হেমন্তে ছাতিম গাছে ফুল ধরিয়াছে, তাহারই সুবাস।

সে কি দু-চারটি ছাতিম গাছ! সপ্তপর্ণের বন, সপ্তপর্ণ আর কেলিকদম্ব—কদম্বফুলের গাছ নয়, কেলিকদম্ব ভিন্ন-জাতীয় বৃক্ষ, সেগুনপাতার মত বড় বড় পাতা, চমৎকার আঁকাবাঁকা ডালপালাওয়াল বনস্পতিশ্রেণীর বৃক্ষ।

হেমন্তের অপরাহ্নের শীতল বাতাসে পুষ্পিত বন্য সপ্তপর্ণের ঘন বনে দাঁড়াইয়া নিটোল স্বাস্থ্যবতী কিশোরী ভানুমতীর দিকে চাহিয়া মনে হইল, মূর্তিমতী বনদেবীর সঙ্গলাভ করিয়া ধন্য হইয়াছি—কৃষ্ণ বনদেবী! রাজকুমারী তো ও বটেই! এই বনাঞ্চল, এই পাহাড়, ওই মিছি নদী, কারো নদীর উপত্যকা, এদিকে ধনঝরি, ওদিকে নওয়াদার শৈল-শ্রেণী—এই সমস্ত স্থান এক সময়ে যে পরাক্রান্ত রাজবংশের অধীনে ছিল, ও সেই রাজবংশের মেয়ে—আজ ভিন্ন যুগের আবহাওয়ায় ভিন্ন সভ্যতার সংঘাতে যে রাজবংশ বিপর্যস্ত, দরিদ্র, প্রভাবহীন—তাই আজ ভানুমতীকে দেখিতেছি সাঁওতালী মেয়ের মত। ওকে দেখিলেই অলিখিত ভারতবর্ষের ইতিহাসের এই ট্রাজিক অধ্যায় আমার চোখের সামনে ফুটিয়া উঠে।

আজকার এই অপরাহ্নটি আমার জীবনের আরও বহু সুন্দর অপরাহ্নের সঙ্গে মিলিয়া মধুময় স্মৃতির সমারোহে উজ্জ্বল হইয়া উঠিল—স্বপ্নের মত মধুর, স্বপ্নের মতই অবাস্তব।

ভানুমতী বলিল—চলুন, আয়ও উঠবেন না?

—কি সুন্দর ফুলের গন্ধ বল তো? একটু বসবে না এখানে? সূর্য অস্ত যাচ্ছে দেখি—ভানুমতী হাসিমুখে বলিল—আপনার যা মর্জি বাবুজী। বসতে বলেন এখানে বসি। কিন্তু

জ্যাঠামশাইয়ের কবরে ফুল দেবেন না? আপনি সেই শিখিয়ে দিয়েছিলেন, আমি রোজ পাহাড়ে উঠি ফুল দিতে। এখন তো বনে কত ফুল।

দূরে মিছি নদী উত্তরবাহিনী হইয়া পাহাড়ের নীচে দিয়া ঘুরিয়া যাইতেছে। নওয়াদার দিকে যে অস্পষ্ট পাহাড়শ্রেণী, তারই পিছনে সূর্য অস্ত গেল। সঙ্গে সঙ্গে পাহাড়ী হাওয়া আরও শীতল হইল। ছাতিম ফুলের সুবাস আরও ঘন হইয়া উঠিল, ছায়া গাঢ় হইয়া নামিল শৈলসানুর বনশ্রুতীতে, নিম্নের বনাবৃত উপত্যকায়, মিছি নদীর পরপারে গণ্ড-শৈলমালার গাত্রে।

ভানুমতী একগুচ্ছ ছাতিম ফুল পাড়িয়া খোঁপায় গুঁজিল। বলিল—বসব, না উঠবেন বাবুজী?

আবার উঠিতে আরম্ভ করিলাম। প্রত্যেকের হাতে এক-একটা ছাতিম ফুলের ডাল। একেবারে পাহাড়ের উপরে উঠিয়া গেলাম। সেই প্রাচীন বটগাছটা ও তার তলায় প্রাচীন রাজসমাধি। বড় বড় বাটনা-বাটা শিলের মত পাথর চারিদিকে ছড়ানো। রাজা দোবরু পান্নার কবরের উপর ভানুমতী ও তাহার বোন নিছনী ফুল ছড়াইল, আমি ও যুগলপ্রসাদ ফুল ছড়াইলাম।

ভানুমতী বালিকা তো বটেই, সরলা বালিকার মতই মহা খুশি। বালিকার মত আদারের সুরে বলিল—এখানে একটু দাঁড়াই বাবুজী, কেমন? বেশ লাগছে, না?

আমি ভাবিতেছিলাম—এই শেষ। আর এখানে আসিব না। এ পাহাড়ের উপরকার সমাধিস্থান, এ বনাঞ্চল আর দেখিব না। ধনুঝরির শৈলচূড়ায় পুষ্পিত সপ্তপর্ণের নিকট, ভানুমতীর নিকট, এই আমার চিরবিদায়। ছ-বছরের দীর্ঘ বনবাস সাঙ্গ করিয়া কলকাতা নগরীতে ফিরিব—কিন্তু যাইবার দিন ঘনাইয়া আসিবার সঙ্গে সঙ্গে ইহাদের কেন এত বেশি করিয়া জড়াইয়া ধরিতেছি।

ভানুমতীকে কথটা বলিবার ইচ্ছা হইল, ভানুমতী কি বলে আমি আর আসিব না শুনিয়া—জানিবার ইচ্ছা হইল। কিন্তু কি হইবে সরলা বনবালাকে বৃথা ভালবাসার, আদরের কথা বলিয়া?

সন্ধ্যা হইবার সঙ্গে সঙ্গে আর একটি নূতন সুবাস পাইলাম। আশেপাশের বনের মধ্যে যথেষ্ট শিউলি গাছ আছে। বেলা পড়িবার সঙ্গে সঙ্গে শিউলি ফুলের ঘন সুগন্ধ সাস্ক-বাতাসকে সুমিষ্ট করিয়া তুলিয়াছে। ছাতিম বন এখানে নাই—সে আরও নীচে নামিলে তবে। এরই মধ্যে গাছপালার ডালে জোনাকি জ্বলিতে আরম্ভ করিয়াছে। বাতাস কি সতেজ, মধুর, প্রাণারাম! এ বাতাস সকালে বিকালে উপভোগ করিলে আয়ু না বাড়িয়া পারে? নামিতে ইচ্ছা করিতেছিল না, কিন্তু বন্য জন্তুর ভয় আছে—তা ছাড়া ভানুমতী সঙ্গে রহিয়াছে। যুগলপ্রসাদ বোধ হয় ভাবিতেছিল, নূতন কোন্ ধরনের গাছপালা এ জঙ্গল হইতে লইয়া গিয়া অন্যত্র রোপণ করিতে পারে। দেখিলাম তাহার সমস্ত মনোযোগ নূতন লতাপাতার ফুল, সুদৃশ্য পাতার গাছ প্রভৃতির দিকে নিবদ্ধ—অন্য দিকে তাহার দৃষ্টি নাই। যুগলপ্রসাদ পাগলই বটে, কিন্তু এ এক ধরনের পাগল।

নূরজাহান নাকি পারস্য হইতে চেনার গাছ আনিয়া কাশ্মীরে রোপণ করিয়াছিলেন। এখন নূরজাহান নাই, কিন্তু সারা কাশ্মীর সুদৃশ্য চেনার বৃক্ষে ছাইয়া ফেলিয়াছে। যুগলপ্রসাদ মরিয়া যাইবে, কিন্তু সরস্বতী হ্রদের জলে আজ হইতে শতবর্ষ পরেও হেমন্তে ফুটন্ত স্পাইডার-লিলি বাতাসে সুগন্ধ ছড়াইবে, কিংবা কোন-না-কোন বনঝোপে বন্য হংসলতার হংসাকৃতি নীলফুল দুলিবে, যুগলপ্রসাদই যে সেগুলি নাড়া বইহারের জঙ্গলে আমদানি করিয়াছিল একদিন—একথা না-ই বা কেহ বলিল!

ভানুমতী বলিল—বাঁয়ে ওই সেই টাড়বারোর গাছ—চিনেছেন?

বন্য-মহিষের রক্ষাকর্তা সদয় দেবতা টাড়বারোর গাছ অঙ্ককারে চিনিতে পারি নাই।
আকাশে চাঁদ নাই, কৃষ্ণপক্ষের রাত্রি।

অনেকটা নামিয়া আসিয়াছি। এবার সেই ছাতিম বন। কি মিষ্ট মনমাতানো গন্ধ!

ভানুমতীকে বলিলাম—এখানে একটু বসি।

পরে সেই বনপথে অঙ্ককারের মধ্যে নামিতে নামিতে ভাবিলাম, লবটুলিয়া গিয়াছে, নাঢ়া ও ফুলকিয়া বইহার গিয়াছে—কিন্তু মহালিখারূপের পাহাড় রহিল—ভানুমতীদের ধনুঝরি পাহাড়ের বনভূমি রহিল। এমন সময় আসিবে হয়তো দেশে, যখন মানুষে অরণ্য দেখিতে পাইবে না—শুধুই চাষের ক্ষেত আর পাটের কল, কাপড়ের কলের চিমনি চোখে পড়িবে, তখন তাহারা আসিবে এই নিভৃত অরণ্যপ্রদেশে, যেমন লোকে তীর্থে আসে। সেই সব অনাগত দিনের মানুষদের জন্য এ বন অক্ষুণ্ণ থাকুক।

২

ব্রাহ্মে বসিয়া জগরু পান্না ও তাহার দাদার মুখে তাহাদের সম্বন্ধে অনেক কথাবার্তা শুনিলাম। মহাজনের দেনা এখনও শোধ হয় নাই, দুইটি মহিষ ধার করিয়া কিনিতে হইয়াছে, না কিনিলে চলে না, গয়ার এক মাড়োয়ারী মহাজন আগে আসিয়া যি কিনিয়া লইয়া যাইত—আজ তিন-চার মাস সে আর আসে না। প্রায় আধ মণ ঘি ঘরে মজুত, খরিদদার নাই।

ভানুমতী আসিয়া দাওয়ার একধারে বসিল। যুগলপ্রসাদ অত্যন্ত চা-খোর, সে চা-চিনি সঙ্গে আনিয়াছে আমি জানি। কিন্তু লাজুকতাবশত গরম জলের কথা বলিতে পারিতেছে না, তাহাও জানি। বলিলাম—চায়ের জল একটু গরম করার সুবিধে হবে কি ভানুমতী?

রাজকুমারী ভানুমতী চা কখনও করে নাই। চা খাইবার রেওয়াজই নাই এখানে। তাহাকে জলের পরিমাণ বুঝাইয়া দিতে সে মাটির হাঁড়িতে জল গরম করিয়া আনিল। তাহার ছোট বোন কয়েকটি পাথরবাটি আনিল। ভানুমতীকে চা খাইবার অনুরোধ করিলাম, সে খাইতে চাহিল না। জগরু পান্না পাথরের ছোট খোঁরায় এক খোঁরা চা শেষ করিয়া আরও খানিকটা চাহিয়া লইল।

চা খাইয়া আর-সকলে উঠিয়া গেল, ভানুমতী গেল না। আমায় বলিল—কদিন এখানে আছেন বাবুজী? এবার বড় দেরি করে এসেছেন। কাল তো যেতেই দেব না। চলুন আপনাকে কাল ঝাটি বরনা বেড়িয়ে নিয়ে আসি। ঝাটি বরনায় আরও ভয়ানক জঙ্গল। ওদিকে বড়ো বুনো হাতী। অনেক বনময়ূরও আছে দেখতে পাবেন। চমৎকার জায়গা। পৃথিবীর মধ্যে এমন আর নেই।

ভানুমতীর পৃথিবী কতটুকু জানিতে বড় ইচ্ছা হইল। বলিলাম—ভানুমতী, কখনো কোনো শহর দেখেছ?

—না বাবুজী।

—দু-একটা শহরের নাম বল তো?

—গয়া, মুঙ্গের, পাটনা।

—কলকাতার নাম শোন নি?

—হাঁ বাবুজী।

—কোন দিকে জানো?

—কি জানি বাবুজী!

—আমরা যে দেশে বাস করি তার নাম জান?

—আমরা গয়া জেলায় বাস করি।

—ভারতবর্ষের নাম শুনেছ?

ভানুমতী মাথা নাড়িয়া জানাইল, সে শোনে নাই। কখনও কোথাও যায় নাই চক্‌মকিটোলা ছাড়িয়া। ভারতবর্ষ কোনদিকে?

একটু পরে বলিল—আমার জ্যাঠামশায় একটা মহিষ এনেছিলেন, সেটা এবেলা তিন সের, ওবেলা তিন সের দুধ দিত। তখন আমাদের এর চেয়ে ভাল অবস্থা ছিল বাবুজী, তখন যদি আপনি আসতেন, আপনাকে রোজ খোয়া খাওয়াতাম। জ্যাঠামশায় নিজের হাতে খোয়া তৈরি করতেন। কি মিষ্টি খোয়া! এখন তেমন দুধই হয় না তার খোয়া। তখন আমাদের খাতিরও ছিল খুব।

পরে হাতখানি একবার তুলিয়া চারিদিকে ঘুরাইয়া গর্বের সহিত বলিল—জানেন বাবুজী, এই সমস্ত দেশ আমাদের রাজ্য ছিল। সারা পৃথিবীটা। বনে যে গাঁড় দেখেন, সাঁওতাল দেখেন, ওরা আমাদের জাত নয়। আমরা রাজগোঁড়। আমাদের প্রজা ওরা, আমাদের রাজা ব'লে মানে।

উহার কথায় দুঃখও হইল, হাসিও পাইল। মহাজনে দেনার দায়ে দুই বেলা যাহাদের মহিষ ধরিয়া লইয়া যায়, সেও রাজবংশের গর্ব করিতে ছাড়ে না।

বলিলাম—আমি জানি ভানুমতী, তোমাদের কত বড় বংশ—

ভানুমতী বলিল—তারপর শুনুন বাবুজী, আমাদের সেই মহিষটা বাঘে নিয়ে গেল। জ্যাঠামশায় যে মহিষটা এনেছিলেন।

—কি ক'রে?

—জ্যাঠামশায় ওই পাহাড়ের নীচে চরাতে নিয়ে গিয়ে একটা গাছতলায় বসেছিলেন, সেখানে বাঘে ধরল।

বলিলাম—তুমি বাঘ দেখেছ কখনও?

ভানুমতী কালো জোড়া-ভুরু দুটি আশ্চর্য হইবার ভঙ্গিতে উপরের দিকে তুলিয়া বলিল—বাঘ দেখিনি বাবুজী! শীতকালে আসবেন চক্‌মকিটোলায়—বাড়ির উঠানে থেকে গরু-বাহুর ধরে নিয়ে যায় বাঘে—

বলিয়াই সে ডাকিল—নিছনি, নিছনি—শোন্—

ছোট বোন আসিলে বলিল—নিছনি, বাবুজীকে শুনিতে দে তো আর বছর শীতকালে বাঘ রোজ রাতে আমাদের উঠানে এসে কি ক'রে বেড়াতে। জগরু-কাকা একদিন ফাঁদ পেতেছিল। ধরা পড়ল না।

পরে হঠাৎ বলিল—ভাল কথা বাবুজী, একখানা চিঠি পড়ে দেবেন? কোথা থেকে একখানা চিঠি এসেছিল, কে পড়বে, এমনি তোলা রয়েছে। যা নিছনি, চিঠিখানা নিয়ে আয়, আর জগরু-কাকাকেও ডেকে নিয়ে আয়—

নিছনি চিঠি পাইল না। তখন ভানুমতী নিজে গিয়া অনেক খুঁজিয়া সেখানা বাহির করিয়া আমার হাতে আনিয়া দিল।

বলিলাম—কবে এসেছে এখানা?

ভানুমতী বলিল—মাস ছ-সাত হবে বাবুজী—তুলে রেখে দিইছি, আপনি এলে পড়াবো। আমরা তো কেউ পড়তে পারিনে। ও নিছনি, জগরু-কাকাকে ডেকে নিয়ে আয়। চিঠি পড়া হবে—সবাইকে ডাক দে।

ছ-সাত মাস পূর্বের পুরনো অপঠিত পত্রখানা আমি যুগলপ্রসাদের উনুনের আলোয় পড়িতে বসিলাম—আমার চারিধারে বাড়িসুদ্ধ লোক ঘিরিয়া বসিল চিঠি শুনিবার জন্য। চিঠিখানা কায়েথী-হিন্দীতে লেখা—রাজা দোবরু পামার নামে চিঠি। পাটনার জনৈক মহাজন রাজা দোবরুকে জিজ্ঞাসা করিয়া পাঠাইয়াছে, এখানে বিড়িপাতার জঙ্গল আছে কিনা— থাকিলে কি দরে ইজারা বিলি হয়।

এ পত্রের সঙ্গে ইহাদের কোনো সম্পর্ক নাই—ইহাদের অধীনে কোনো বিড়িপাতার জঙ্গল নাই। রাজা দোবরু নামে রাজা ছিলেন, চক্‌মকিটোলার নিজ বসতবাটির বাহিরে তাঁর যে কোথাও এক ছটাক জমিও নাই একথা পাটনার উক্ত পত্রলেখক মহাজন জানিলে ডাকমাশুল খরচ করিয়া বৃথা পত্র দিত না নিশ্চয়ই।

একটু দূরে দাওয়ার ও-পাশে যুগলপ্রসাদ রান্না করিতেছে। তাহার কাঠের উনুনের আলোয় দাওয়ার খানিকটা আলো হইয়াছে। এদিকে দাওয়ার অর্ধেকটায় জ্যোৎস্না পড়িয়াছে, যদিও কৃষ্ণপক্ষের আজ মোটে তৃতীয়া—ধনবারি পাহাড়ের আড়াল কাটাইয়া এই কিছুক্ষণ মাত্র চাঁদ ফাঁকা আকাশে দৃশ্যমান হইয়াছে। সামনে কিছুদূরে অর্ধচন্দ্রাকৃতি পাহাড়শ্রেণী—চক্‌মকিটোলার বস্তির ছেলেপুলেদের কথা ও কলরব শোনা যাইতেছে!...কি সুন্দর ও অপূর্ব মনে হইতেছিল এই বন্য গ্রামে যাপিত এই রাত্রিটি! ভানুমতীর তুচ্ছ ও সাধারণ গল্পও কি আনন্দই দিতেছিল! সেদিন বলভদ্রের মুখে শোনা সেই উন্নতি করিবার কথা মনে পড়িল।

মানুষে কি চায়—উন্নতি না আনন্দ? উন্নতি করিয়া কি হইবে যদি তাহাতে আনন্দ না থাকে? আমি এমন কত লোকের কথা জানি, যাহারা জীবনে উন্নতি করিয়াছে বটে, কিন্তু আনন্দকে হারািয়াছে। অতিরিক্ত ভোগে মনোবৃত্তির ধার ক্ষইয়া ক্ষইয়া ভোঁতা—এখন আর কিছুতেই তেমন আনন্দ পায় না, জীবন তাহাদের নিকট একঘেয়ে, একরঙা, অর্থহীন। মন শান-বাঁধানো—রস ঢুকিতে পায় না।

এখানেই যদি থাকিতে পারিতাম! ভানুমতীকে বিবাহ করিতাম। এই মাটির ঘরের জ্যোৎস্না-ওঠা দাওয়ায় সরলা বন্যবালা রাঁধিতে রাঁধিতে এমনি করিয়া ছেলেমানুষী গল্প করিত—আমি বসিয়া বসিয়া শুনিতাম। আর শুনিতাম বেশি রাত্রে ওই বনে ষড়ালের ডাক, বনমোরগের ডক, বন্য হস্তীর বৃংহিত, হায়েনার হাসি। ভানুমতী কালো বটে, কিন্তু এমন নিটোল স্বাস্থ্যবতী মেয়ে বাংলা দেশে পাওয়া যায় না। আর ওর ওই সতেজ সরল মন! দয়া আছে, মায়া আছে, স্নেহ আছে—তার কত প্রমাণ পাইয়াছি।ভাবিতেও বেশ লাগে। কি সুন্দর স্বপ্ন! কি হইবে উন্নতি করিয়া? বলভদ্র সেঙ্গাং গিয়া উন্নতি করুক। রাসবিহারী সিং উন্নতি করুক।

যুগলপ্রসাদ জিজ্ঞাসা করিল, রান্না হইয়াছে, চৌকা লাগাইবে কিনা। ভানুমতীদের বাড়িতে আতিথ্যের কোনো ক্রটি হয় না। এদেশে আনাজ মেলে না, তবুও কোথা হইতে জগরু বেগুন ও আলু আনিয়াছে। মাষকলাইয়ের ডাল, পাখীর মাংস, বাড়িতে তৈরি অতি উৎকৃষ্ট টাটকা ভয়সা ঘি, দুধ। যুগলপ্রসাদের হাতের রান্নাও চমৎকার।

ভানুমতী, জগরু, জগরুর দাদা, নিছনি—সবাই আজ আমাদের এখানে খাইবে—আমি খাইতে বলিয়াছি। কারণ এমন রান্না উহারা কখনও খাইতে পায় না। বলিলাম—একটু দূরে উহারাও একসঙ্গে সবাই বসুক। যুগলপ্রসাদের দেওয়ার সুবিধা হইবে। একত্র খাওয়া যাক।

ওরা রাজী হইল না। আমাদের আগে না খাওয়া হইলে উহারা খাইবে না।

পরদিন আসিবার সময় ভানুমতী এক কাণ্ড করিল।

হঠাৎ আমার হাত ধরিয়া বলিল—আজ যেতে দেব না বাবুজী—

আমি অবাক হইয়া উহার মুখের দিকে চাহিয়া রহিলাম। কষ্ট হইল।

উহার অনুরোধে সকালে রওনা হইতে পারিলাম না—দুপুরের আহালাদির পরে বিদায় লইলাম।

...

...

...

আবার দুধারে ছায়ানিবিড় বনপথ। পথের ধারে কোথাও রাজকুমারী ভানুমতী যেন দাঁড়াইয়া আছে—বালিকা নয়, যুবতী ভানুমতী—তাহাকে আমি কখনও দেখি নাই। তার সাগ্রহ দৃষ্টি, তার প্রণয়ীর আগমন-পথের দিকে নিবন্ধ—হয়তো সে পাহাড়ের ওপারের বনে শিকারে গিয়াছে, আসিবার দেরি নাই। তরুণীকে মনে মনে আশীর্বাদ করিলাম। ধনঝরি পাহাড়ের জোনাকি-জ্বলা নিস্তরু প্রাচীন ছাতিম ফুলের বন ও অপূর্ব দূরছন্দা সন্ধ্যার আড়ালে বনবালার গোপন অভিসার সার্থক হউক।

মহালে ফিরিয়া সপ্তাহখানেকের মধ্যেই সকলের নিকট বিদায় লইয়া লবটুলিয়া ত্যাগ করিলাম।

আসিবার সময় রাজু পাঁড়ে, গনোরী, যুগলপ্রসাদ, আস্রফি টিভেল প্রভৃতি পাঙ্কির চারিধার ঘিরিয়া পাঙ্কির সঙ্গে সঙ্গে লবটুলিয়ার সীমানার নূতন বস্তি মহারাজটোলা পর্যন্ত আসিল। মটুকনাথ সংস্কৃতে স্বস্তিবাচন উচ্চারণ করিয়া আমায় আশীর্বাদ করিল। রাজু বলিল—জুর, আপনি চলে গেলে লবটুলিয়া উদাস হয়ে যাবে।

প্রসঙ্গক্রমে বলি, এদেশে ‘উদাস’ শব্দের ব্যবহার এবং উহার অর্থের ব্যাপকতা অত্যন্ত বেশি। মকাই-ভাজা খাইতে খারাপ লাগিলে বলে, ‘ভাজা উদাস লাগছে।’ আমার সম্পর্কে কি অর্থে উহা ব্যবহৃত হইল ঠিক বলিতে পারিব না।

আমার বিদায় লইয়া আসিবার সময় একটি মেয়ে কাঁদিয়াছিল। আজ সকাল হইতে আসিয়া সে কাছারির উঠানে দাঁড়াইয়া ছিল—আমার পাঙ্কি যখন তোলা হইল, তখন চাহিয়া দেখি সে হাপুস-নয়নে কাঁদিতেছে। মেয়েটি কুস্তা।

নিরাশ্রয় কুস্তাকে জমি দিয়া বসবাস করাইয়াছি, আমার ম্যানেজারী জীবনের ইহা একটি সং কাজ। পারিলাম না কিছু করিতে সেই বন্য বালিকা মঞ্চীর। অভাগিনীকে কে কোথায় যে ডুলাইয়া লইয়া গেল! আজ সে যদি থাকিত তাহার নিজের নামে জমি দিতাম বিনা সেলামিতে।

নাঢ়া বইহারের সীমানায় নকছেদীর ঘর দেখিয়াই আরও ওর কথা মনে পড়িল। সুরতিয়া ঘরের বাহিরে কি করিতেছিল, আমার পাঙ্কি দেখিয়াই বলিয়া উঠিল—বাবুজী, বাবুজী, একটু রাখুন—

পরে সে ছুটিয়া আসিয়া পাঙ্কির কাছে দাঁড়াইল। ছনিয়াও আসিল পিছু পিছু।

—বাবুজী, কোথায় যাচ্ছেন?

—ভাগলপুরে। তোর বাবা কোথায়?

—ঝুলুটোলায় গমের বীজ আনতে গিয়েছে। কবে আসবেন?

—আর আসব না।

—ইস! মিথ্যে কথা!...

নাঢ়া বইহারের সীমানা পার হইয়া পাঙ্কি হইতে মুখ বাড়াইয়া একবার পিছন ফিরিয়া চাহিয়া দেখিলাম।

বহু বস্তু, চালে চালে বসত, লোকজনের কথাবার্তা, বালক-বালিকার কলহাস্য, চি
 মহিষ, ফসলের গোলা। ঘন বন কাটিয়া আমিই এই হাস্যদীপ্ত শস্যপূর্ণ জনপদ বনা
 নাত বৎসরের মধ্যে। সবাই কাল তাহাই বলিতেছিল—বাবুজী, আপনার কাজ
 রা পর্যন্ত অবাধ হয়ে গিয়েছি, নাচা লবটুলিয়া কি ছিল আর কি হয়েছে!
 ঋথাটা আমিও ভাবিতে ভাবিতে চলিয়াছি। নাচা লবটুলিয়া কি ছিল আর কি হই
 দিগন্তলীন মহালিখারূপের পাহাড় ও মোহনপুরা অরণ্যানীর উদ্দেশে দূর হইতে ন
 গাম।

হ অরণ্যানীর আদিম দেবতারা, ক্ষমা করিও আমায়। বিদায়!..

৩

ল কাটিয়া গিয়াছে তারপর—পনেরো-ষোল বছর।

াদাম গাছের তলায় বসিয়া এই সব ভাবিতেছিলাম।

বলা একেবারে পড়িয়া আসিয়াছে।

বিশ্মৃতপ্রায় অতীতের যে নাচা ও লবটুলিয়ার আরণ্য-প্রান্তর আমার হাতেই নষ্ট হইয়
 তী হ্রদের সে অপূর্ব বনানী, তাহাদের স্মৃতি স্বপ্নের মত আসিয়া মাঝে মাঝে মনকে
 । সঙ্গে সঙ্গে মনে হয়, কেমন আছে কুস্তা, কত বড় হইয়া উঠিয়াছে সুরতিয়া, মটুকন
 আজও আছে কিনা, ভানুমতী তাহাদের সেই শৈলবেষ্টিত আরণ্যভূমিতে কি করি
 গাবুর স্ত্রী, ধ্রুবা, গিরিধারীলাল, কে জানে এতকাল পরে কে কেমন অবস্থায় আ
 মার মনে হয় মাঝে মাঝে মঞ্চীর কথা। অনুতপ্তা মঞ্চী কি আবার স্বামীর কাছে ফিরি
 সামের চা-বাগানে চায়ের পাতা তুলিতেছে আজও!

সকাল তাহাদের আর খবর রাখি না।



— শেষ —

আদর্শ হিন্দু হোটেল

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

রাণাঘাটের রেল-বাজারে বেচু চক্কতির হোটেল যে রাণাঘাটের আদি ও অকৃত্রিম হিন্দু-হোটেল একথা হোটেলের সামনে বড় বড় অক্ষরে লেখা না থাকিলেও অনেকেই জানে। কয়েক বছরের মধ্যে রাণাঘাট রেল-বাজারের অসম্ভব বরকমের উন্নতি হওয়ার সঙ্গে সঙ্গে হোটেলটির অবস্থা ফিরিয়া যায়। আজ দশ বৎসরের মধ্যে হোটেলের পাকা বাড়ী হইয়াছে, চারজন রহুয়ে-বামুনে রান্না করিতে করিতে হিম্শিম্ খাইয়া যায়, এমন খদ্দেরের ভিড়।

বেচু চক্কতি (বয়স পঞ্চাশের ওপর, না-ফর্দা না-কালো দোহারা চেহারা, মাথায় কাঁচা-পাকা চুল) হোটেলের সামনের ঘরে একটা তক্তাপোশে কাঠের হাত-বাক্সের ওপর কহুয়ের তর দিয়া বসিয়া আছে। বেলা দশটা। বনগাঁ লাইনের ট্রেন এইমাত্র আসিয়া দাঁড়াইয়াছে। কিছু কিছু প্যাসেঞ্জার বাহিরের গেট দিয়া রাস্তায় পড়িতে শুরু হইয়াছে।

বেচু চক্কতির হোটেলের চাকর মতি রাস্তা ধারে দাঁড়াইয়া হাঁকিতেছে—এই দিকে আসুন বাবু, গরম ভাত তৈরি, মাছের ঝোল, ডাল, তরকারী ভাত—হিন্দু-হোটেল বাবু—

দুইজন লোক বক্তৃতায় ভুলিয়া পাশের যত্ন বাঁদুঘোর হোটেলের লোকের সাদর আমন্ত্রণ উপেক্ষা করিয়া বেচু চক্কতির হোটেলেই ঢুকিল।

—এই যে, বৌচকা এখানে রাখুন। দাঁড়ান বাবু, টিকিট নিতে হবে এখানে—কোন ক্লাসে থাকবেন? ফাস্ট ক্লাস না সেকেন্দ্র ক্লাস—ফাস্ট ক্লাসে পাঁচ আনা, সেকেন্দ্র ক্লাসে তিন আনা—

এ হোটেলের নিয়ম, পয়সা দিয়া বেচু চক্কতির নিকট হইতে টিকিট (এক টুকরা সাদা কাগজে—নম্বর ও শ্রেণী লেখা) কিনিয়া ভিতরে যাইতে হইবে। সেখানে একজন রহুয়ে-বামুন বসিয়া আছে, খদ্দেরের টিকিট লইয়া তাহাকে নির্দিষ্ট স্থানে বসাইয়া দিবার জন্ত। খাইবার জায়গা দরমার বেড়া দিয়া দুই ভাগ করা। এক দিকে ফাস্ট ক্লাস, অল্প দিকে সেকেন্দ্র ক্লাস। খদ্দের খাইয়া চলিয়া গেলে এই সব টিকিট বেচু চক্কতির কাছে জমা দেওয়া হইবে—সেগুলি দেখিয়া শুধিল মিলানো ও উৎসৃত ভাত তরকারীর পরিমাণ তদারক হইবে, রহুয়ে-বামুনের চুরি করিতে না পারে।

চাকর ভিতরে আসিয়া বলিল—মোট চার জন লোক খদ্দের। দু'জন ওদের ওখানে গেল।

বেচু চক্কতি বলিল—খাচ্ গে। তুই আর একটু এগিয়ে যা—শান্তিপুর আসবার সময় হ'ল। এই গাড়ীতে দু-পাঁচটা খদ্দের থাকেই। আর ভেতরে বামুনকে বলে আয়, শান্তিপুর আসবার আগে যেন আর ভাত না চড়ায়। এক ডেক্‌চিতে এখন চলুক।

এমন সময় হোটেলের ঝি পদ্ম ঘরে ঢুকিয়া বলিল—পয়সা দেও বাবু, দহ নে আসি।

বেচু বলিল—দই ঠিক হবে?

পদ্ম হাসিয়া বলিল—একজন ফাস্টো কেলাসে থাকে। আমায় বলে পাঠিয়েছে। দহ চাই, পাকা কলা চাই—

বেচু বলিল—কে বলতো? খদ্দের?

—খন্দের তো বটেই। পয়সা দিয়ে থাকে। এমনি না। আমার ভাইপো আসবে দেশ থেকে এই শাস্তিপুত্রের গাড়ীতে।

—না—না—তাকে পয়সা দিতে হবে না। সে ছেলেমানুষ, দু-এক দিনের অন্তে আসবে—তার কাছ থেকে পয়সা কিসের? দইয়ের পয়সা নিয়ে যা—

বেচু একথা কখনো কাহাকেও বলে না, কিন্তু পদ্ম ঝিরের সঘনো অন্ত কথা। পদ্ম ঝি এ হোটেলেরে যা বলে তাই হয়। তাহার উপর কথা বলিবার কেহ নাই। সেজন্য দুই লোকে নানারকম মন্দ কথা বলে। কিন্তু সে-সব কথায় কান দিতে গেলে চলে না।

শাস্তিপুত্রের গাড়ী আসিবার শব্দ পাওয়া গেল।

হোটেলের চাকর খন্দের আনিতে স্টেশনে যাইতেছিল, বেচু চক্ৰান্তি বলিল—খন্দের বেশী ক’রে আনতে না পারলে আর তোমায় রাখা হবে না মনে রেখো—আমার খরচা না পোষালে মধ্যে চাকর রাখতে যাই কেন? গেল হস্তাতে তুমি মোটে তেইশটা খন্দের এনেছ—তাতে হোটেল চলে?

পদ্ম ঝি বলিল—তোমায় পই-পই ক’রে বলে হার মেনে গেলাম; তিন আনা বাড়িয়ে চোন্দ পয়সা করে, আর ফাস্টো কেলাস-টেলাস্ তুলে ছাও। ক’টা খন্দের হয় ফাস্টো কেলাসে? যত বাঁড়ুঘোর হোটেলেরে ক’মিয়েছে—শুনে—

বেচু বলিল—চূপ চূপ, একটু আন্তে আন্তে বল না। কারও কানে কথা গেলে এখুনি—

এমন সময় ছ’জন খন্দের সঙ্গে করিয়া মতি চাকর ফিরিয়া আসিল।

বেচু বলিল—আস্থন বাবু, পুঁটুলি এখানে রাখুন। কোন্ কেলাসে থাকেন বাবুরা? পাঁচ আনা আর তিন আনা—

একজন বলিল—তোমার সেই বামুন ঠাকুরটি আছে তো? তার হাতের রান্না খেতেই এলাম। আমরা সে-বার খেয়ে গিয়ে আর ভুলতে পারি নে। মাংস হবে?

—না বাবু, মাংস তো রান্না নেই—তবে যদি অর্ডার দেন তো ওবেলা—

লোকটি বলিল—আমরা মোকদ্দমা করতে এসেছি কিনা, যদি জিতি পোড়ামা আর সিদ্ধেশ্বরীর ইচ্ছে—তবে হোটেলের আমাদের আজ থাকতেই হবে। কাল উকীলের বাড়ী কাজ আছে—তা হ’লে আজ ওবেলা তিন সের মাংস চাই—কিন্তু সেই বামুন ঠাকুরকে দিয়ে রান্না করানো চাই। নইলে আমরা অন্ত জায়গায় যাব।

ইহার টিকিট কিনিয়া খাইবার ঘরে ঢুকিলে পদ্ম ঝি বলিল—পোড়ারমুখো মিন্‌সে আবার স্তন্যে না পায়। কি যে ওর রান্নার স্থখ্যাত করে লোকে, তা বলতে পারি নে—কি এমন মরণ রান্নার!

বেচু বলিল—টিকিটগুলো নিয়ে আয় তো স্তেতর থেকে। এ-বেলার হিসেবটা মিটিয়ে যাখি। আর এখন তো গাড়ী নেই—আবার সেই একটায় মুড়োগাছা লোকাল—

পদ্ম বলিল—কেন আসাম মেল—

—আসাম মেলে আর তেমন খন্দের আসছে কই? আগে আগে আসাম মেলে আটটা-

দশটা খন্দের ফি দিন পাওয়া যেত—কি যে হয়েছে বাজারের অবস্থা—

পদ্ম ঝি ভিতরে গিয়া রসুয়ে-বামূনের নিকট হইতে টিকিট আনিয়া বলিল—শোনো মজা, ফাস্টো কেলাসের ডাল যা ছিল সব সাবাড়। হাজ্জারি ঠাকুরের কাণ্ড! ইদিকে এই খন্দের বাবুবা গিয়ে তাকে একেবারে স্বগ্গে তুলে দিচ্ছে, তুমি হেনো রাঁধো, তুমি তেনো রাঁধো ব'লে—যত অনাছিষ্টি কাণ্ড, যা দেখতে পারি নে তাই। এখন ডালের কি করবে বলো—

—ডাল কতটা আছে দেখলি ?

—লবডঙ্কা। আর মেয়ে-কেটে তিন জনের মত হবে—

—ক'জনের মত ডাল দিইছিলি ?

—দশ জনের মত মুগের ডাল আলাদা ফাস্টো কেলাসের মুড়িঘন্টের জন্তে দিইছি—সেকেন্ কেলাসে জিহ্ন জনের মুহুরি-খেসারি মিশেল ডাল--

—হাজ্জারি ঠাকুরকে ডেকে দে—

পদ্ম ঝি হাজ্জারি ঠাকুরকে সঙ্গে করিয়াই আনিল।

লোকটার বয়স পঁয়তাল্লিশ-ছে'চল্লিশ, একহারা চেহারা, রং কালো। দেখিলে মন হয় লোকটা নিপাট ভালমাহুষ।

বেচু চক্ৰান্তি বলিল—হাজ্জারি ঠাকুর, ডাল কম হ'ল কি ক'রে ?

হাজ্জারি ঠাকুর বলিল—তা কি ক'রে বলবো বাবু ? রোজ যেমন ডাল খন্দেরদের দিই, তার বেশী তো দিই নি। কম হ'লে আমি কি করবো বলুন।

পদ্ম ঝি বন্ধার দিয়া বলিল--তোমার হাড়ে হাড়ে বদমাইশি ঠাকুর। আমি পষ্ট দেখেছি তুমি ওই খন্দের বাবুদের মুখে রান্নার স্থখ্যাতি শুনে তাদের পাতে উড়কি উড়কি মুড়িঘন্ট চালছে। পয়সা-কড়িও দিয়েছে বোধ হয় বকশিশ—

হাজ্জারি বলিল—বকশিশ এ হোটেলে কত পাই দেখছো তো পদ্মদিদি। একটা বিড়ি খেতে কেউ ছায়—আজ পাঁচ বছর এখানে আছি ? তুমি কেবল বকশিশ পেতে ছাখে আমাকে।

পদ্ম বলিল—তুমি মুখে-মুখে তক্কো ক'রো না বলে দিচ্ছি। পদ্ম ঝি কাউকে ভয় ক'রে কথা বলবার মেয়ে নয়। ফাস্টো কেলাসের বাবুবা পূজোর সময় তোমায় গেলি কিনে দেয় নি ?

—ইস্—ভারী গেলি একটা—কিনে দিয়েছিল বুঝি, পুরনো গেলি—

বেচু চক্ৰান্তি বলিল—যাও যাও, ঠাকুর, বাজে কথা নিয়ে বকো না। বেশী খন্দের আসে, ডালের দাম তোমার মাইনে থেকে কাটা যাবে।

—কেন বাবু আমার কি দোষ হ'ল এতে। পদ্মদিদি আট জনের ডাল মেপে দিয়েছে, তাতে খেয়েছে এগারো জন—

পদ্ম এবার হাজ্জারি ঠাকুরের সামনে আসিয়া হাত-মুখ নাড়িয়া চোখ পাকাইয়া বলিল—আট জনের ডাল মেপে দিইছি—নছার, বদমাইশ, গাঁজাখোর কোধাকার—দশ জনের দশের

অর্ধেক পাঁচ পোয়া ভাল তোমায় দিই নি বের ক'রে ?

হাজারি ঠাকুর আর প্রতিবাদ করিতে বোধ হয় সাহস পাইল না।

পদ্ম ঝি অত অল্পে বোধ হয় ছাড়িত না—কিন্তু ইতিমধ্যে খন্দেররা আসিয়া পড়াতে সে কথা বন্ধ করিয়া চলিয়া গেল। হাজারি ঠাকুরও ভিতরে গেল।

বেলা প্রায় আড়াইটা।

আসাম মেল অনেককণ আসিয়া চলিয়া গিয়াছে।

হাজারি ঠাকুর একা খাওয়ার ঘরে খাইতে বসিল। বড় ডেকচিত্তে দুটিখানি মাত্র ভাত ও কড়ায় একটুখানি ঘাঁটা তরকারি পড়িয়া আছে। ভাল, মাছ বাহা ছিল, পদ্ম ঝিকে তাহার বড় খালায় বাড়িয়া দিতে হইয়াছে—সে রোজ্জ বেলা দেড়টার সময় রান্নাঘরের উদ্ভৃক্ত ভাল তরকারি মাছ নিজেদের বাসায় লইয়া যায়—রসুয়ে-বামুনদের জগ্জে কিছু থাকুক আর না থাকুক।

অল্প রসুয়ে-বামুনটা উড়িয়া। তার নাম রতন ঠাকুর। সে হোটেলের বসিয়া খায় না—তাহারও বাসা নিকটে। সেও ভাত-তরকারি লইয়া যায়।

হাজারির এখানে কেহ নাই। সে হোটেলেরই থাকে, হোটেলেরই খায়। রোজ্জই তার ভাগ্যে এই রকম। বেলা আড়াইটা পর্যন্ত খালি পেটে খাটিয়া দুটি কড়কড়ে ভাত, কোনোদিন সামান্য একটু ভাল, কোনোদিন ভাও না—ইহাই তাহার বরাদ্দ। ডেকচিত্তে বেশী ভাত থাকিলে পদ্ম ঝি বলিবে—অত ভাত থাকে কে ? ও তো তিন জনের খোরাক—আমার খালায় আর দুটো বেশী ক'রে ভাত বেড়ে দিও।

হাজারি ঠাকুর খাইতে বসিয়া রোজ্জ ভাবে—আর দুটো ভাত থাকলে ভাল হোত, না-হয় তেঁতুল দিয়ে খেতাম। পদ্মটা কি সোজা বদমাইশ মাগী—পেট ভ'রে যে কেউ খায়—তাও তার সহি হয় না। ঘু বীড়ুঘোর হোটেলের বেলা এগারোটার সময় রাঁধুনি-বামুন একখালা ভাত খেয়ে নেয়, আমাদের এখানে তা হবার জো আছে ? বাক্বাঃ, যেমন কর্কা, তেমনি গিন্নি—(পদ্ম ঝিকে মনে মনে গিন্নি বলিয়া হাজারি ঠাকুর খুব আমোদ উপভোগ করিল—মুখ ফুটিয়া বাহা বলা যায় না, মনে মনে তাহা বলিয়াও স্থখ।)

খাওয়ার পরে মাত্র আড়াই ঘণ্টা ছুটি।

আবার ঠিক বেলা পাঁচটায় উম্মনে ডেকচি চাপাইতে হইবে।

রতন ঠাকুর এই সময়টা বাসায় গিয়া ঘুমোয়, কিন্তু হাজারি ঠাকুর চূর্ণী নদীর ধারের ঠাকুর-বাড়ীতে, কিংবা রাধাবল্লভ-ভলায় নাটমন্দিরে একা বসিয়া কাটায়।

না ঘুমাইয়া একা বসিয়া কাটাইবার মানে আছে।

হাজারি ঠাকুরের এই সময়টা হইতেছে ভাবিবার সময়। এ সময় ছাড়া আর নিৰ্জ্জনে ভাবিবার অবসর পাওয়া যায় না। সন্ধ্যা সাতটা পর্যন্ত রান্নার কাজে ব্যস্ত থাকিতে হয়, রাত এগারটা পর্যন্ত খন্দেরদের পরিবেশন, রাত বারোটা পর্যন্ত নিজেদের খাওয়া-দাওয়া, তার

পর কর্তার কাছে চাল-ভালের হিসাব মিটানো। রাত একটার এদিকে শুইবার অবসর পাওয়া যায় না, ছ-দণ্ড একা বসিয়া ভাবিবার সময় কই ?

চূর্ণী নদীর ধারের জায়গাটি বেশ ভাল লাগে।

ও-পারে শান্তিপুর বাইবার কাঁচা সড়ক। থেয়া নৌকার লোকজন পারাপার হইতেছে। গ্রামের বাঁশবন, শিমুল গাছ, মাঠ, কলাই ক্ষেত, গাবভেরেণ্ডার বেড়া-ঘেরা গৃহস্থ-বাড়ী।

হাজারি ঠাকুর একটা বিড়ি ধরাইয়া ভাবিতে আরম্ভ করিল।

আজ পাঁচ বছর হইয়া গেল বেচু চক্কতির হোটেলে।

প্রথম বৈদিন রাণাঘাট আসিয়া হোটেলে ঢোকে, সে-কথা আজও মনে হয়। গাংনাপুর হইতে রাণাঘাট আসিয়া সে প্রথমেই গেল বেচু চক্কতির হোটেলে কাজের সন্ধানে।

কর্তা সামনেই বসিয়া ছিলেন। বলিলেন—কি চাই ?

হাজারি বলিল—আজ্ঞে বাবু, রত্নস্নেহ-বামনের কাজ করি। কাজের চেষ্টায় ঘুরছি, বাবু হোটেলে কাজ আছে ?

—তোমার নাম কি ?

—আজ্ঞে, হাজারি দেবশর্মা, উপাধি চক্রবর্তী।

এই ভাবে নাম বলিতে হাজারির পিতাঠাকুর তাহাকে শিখাইয়া দিয়াছিলেন।

—বাড়ী কোথায় ?

—গাংনাপুর ইস্টিশানে নেমে যেতে হয় এডোশোলা গ্রামে।

—রাঁধতে জানো ?

—বাবু একদিন রাঁধিয়ে দেখুন ! মাংস মাছ, যা দেবেন সব পারবো।

—আচ্ছা, তিন দিন এমনি রাঁধতে হবে—তার পর সাত টাকা মাইনে দেবো আর খেতে পাবে। রাজি থাকো আজই কাজে লেগে যাও।

সেই হইতে আজ পর্যন্ত সাত টাকার এক পরমা মাহিনা বাড়ে নাই। অথচ খন্দের বাবুরা সকলেই তাহার রান্নার সুখ্যাতি করে, যদিচ পদ্ম ঝিয়ের মুখে একটা সুখ্যাতির কথাও সে কখনো শোনো নাই, ভালো কথা তো দূরের কথা, পদ্ম কি তাহাকে আশবীটি পাতিয়া পারে তো কোটে। গরীব লোক, এ বাজারে চাকুরি ছাড়িয়া দিয়া বাইবেই বা কোথায় ? থাক, তাহার জন্ম সে তত ভাবে না। তাহার মনে একটা বড় আশা আছে, ভগবান তাহা যদি পূর্ণ করেন কোনোদিন—তবে তাহার সকল খেদ দূর হইয়া যায়।

হোটেলের কাজ সে খুব ভাল শিখিয়া লইয়াছে। সে নিজে একটা হোটেল খুলিবে।

হোটেলের বাহিরে লেখা থাকিবে—

হাজারি চক্রবর্তীর হিন্দু-হোটেল

রাণাঘাট

ভক্তলোকদের সন্তায় আহার ও বিশ্রামের স্থান।

আহ্নন ! দেখুন !! পরীক্ষা করুন !!!

কর্তার মত ভাকিয়া ঠেস দিয়া বসিয়া টিকিট বিক্রয় করিবে। রাধুনী-বামুন ও ঝি 'বাবু' বলিয়া ডাকিবে। সে নিজে বাজারে গিয়া মাছ তরকারী কিনিয়া আনিবে, এ হোটেলের মত ঝিয়ের উপর সব ভার ফেলিয়া দিয়া রাখিবে না। খন্দেরদের ভাল জিনিস খাওয়াইয়া খুশী করিয়া পয়সা লইবে। সে এই কয় বছরে বুঝিয়া দেখিল, লোকে ভাল জিনিস, ভাল রান্না খাইতে পাইলে ছু-পয়সা বেশী রেট দিতেও আপত্তি করে না।

এ হোটেলের মত জুরাচুরি সে করিবে না, মুহুরি ডালের সঙ্গে কম দামের খেসারি ভাল চালাইবে না, বাজারের কানা পোকাধরা বেগুন, রেল-চালানি বরফ-দেওয়া সস্তা মাছ বাছিয়া বাছিয়া হোটেলের জন্তু কিনিবে না।

এখানে খন্দেরদের বিশ্রামের বন্দোবস্ত নাই—যাহারা নিতান্ত বিশ্রাম করিতে চায়, কর্তার গদ্বিতে বসিয়া এক-আধটা বিড়ি খায়—কিন্তু তাহার মনে হয় বিশ্রামের ভাল ব্যবস্থা থাকিলে সে হোটেলের লোক বেশী আসিবে—অনেকেই খাওয়ার পরে একটু গড়াইয়া লইতে চায়, সে তাহার হোটেলের একটা আলাদা ঘর রাখিবে খুচরা খন্দেরদের বিশ্রামের জন্তু। সেখানে উক্তপোশের ওপর শতরঞ্চি ও চাদর পাতা থাকিবে, বালিশ থাকিবে, তামাক খাইবার বন্দোবস্ত থাকিবে, কেউ একটু ঘুমাইয়া লইতে চাহিলেও অন্যায়সে পারিবে। খাও-দাও, বিশ্রাম কর, তামাক খাও, চলিয়া যাও। রাণাঘাটের কোনো হোটেলের এমন ব্যবস্থা নাই, যত বাড়ুঘোর হোটেলেরও না। ব্যবসা ভাল করিয়া চালাইতে হইলে এ-সব ব্যবস্থা দরকার, নইলে রেলগাড়ীর সময়ে ইন্টিশানে গিয়া শুধু 'আস্থান বাবু, ভাল হিন্দু-হোটেল' বলিয়া চেঁচাইলে কি আর খন্দের আসে ?

খন্দেররা খোঁজে আরামের ভাল খাওয়া। যে দিতে পারিবে, তাহার ওখানেই লোক বুঁকিবে।

অবশ্য ইহা সে বোঝে, আজ যদি একটা হোটেলের বিশ্রামের ঘর করে, তবে দেখিতে দেখিতে কালই রাণাঘাটের বাজারময় সব হিন্দু-হোটেলেরই দেখা দেখি বিশ্রামের ঘর খুলিয়া বসিবে—যদি তাহাতে খন্দের টানা যায়।

তবুও একবার নাম বাহির করিতে পারিলে, প্রথম যে নাম বাহির করে তাহারই সুবিধা। আরও কত মতলব হাজারির মাথায় আছে, শুধু খন্দেরের বিশ্রাম ঘর কেন, মোকদ্দমা মামলা যাহারা করিতে আসে, তাহারা সারাদিনের খাটুনির পরে হয়তো খাইয়া-দাইয়া একটু তাস খেলিতে চায়—সে ব্যবস্থা থাকিবে, পান-তামাকের দাম দিতে হইবে না, নিজেরাই সাজিয়া খাও বা হোটেলের চাকরেই সাজিয়া দিক।

চূর্ণী নদীর ধারে ধসিয়া একা ভাবিলে এমন সব কত নতুন নতুন মতলব তাহার মনে আসে। কিন্তু কখনো কি তাহা ঘটবে ? তাহার মনের আশা পূর্ণ হইবে ? বয়স তো হইয়া গেল ছ'চল্লিশের উপর—সারাজীবন কিছু করিতে পারে নাই, সাত টাকা মাহিনার চাকুরি আজও ঘুঁচিল না—ছাঁ-পোষা গরীব লোক, কি করিয়া কি হইবে, তাহা সে ভাবিয়া পায় না।

তবু সে কেন ভাবে রোজ্ঞ এ-সব কথা, এই চূর্ণা নদীর ধারে বসিয়া? ভাবিতে বেশ লাগে, তাই ভাবে।

তবে বয়স হইয়াছে বলিয়া দমিবার পাত্র সে নয়। ছে'চল্লিশ বছর এমন কিছু বয়স নয়। এখনও সে অনেকদিন বাঁচিবে। কাজে উৎসাহ তাহার আছে, হোটেল খুলিতে পারিলে সে দেখাইয়া দিবে কি করিয়া সুনাম করিতে পারা যায়। হোটেল খুলিয়া মরিয়া গেলেও তাহার দুঃখ নাই।

সময় হইয়া গেল। আর বেশীক্ষণ বসিয়া থাকা চলিবে না। পদ্ম কি এতক্ষণ উম্মনে আঁচ দিয়াছে, দেরি করিয়া গেলে তাহার মুখনাড়া খাইতে হইবে। আর কি লাগানি-ভাঙানি! কর্তার কাছে লাগাইয়াছে সে নাকি গাঁজা খায়—অথচ সে গাঁজা ছোঁয় না কস্মিনকালে।

ফিরিবার পথে ছোট বাজারে রাধাবল্লভ-তলা।

হাজারি ঠাকুর প্রতিদিন এখানে এই সময়ে ভক্তিতরে প্রণাম করিয়া যায়।

—বাবা রাধাবল্লভ, তোমার চরণে পড়ে আছি ঠাকুর! মনোবাঞ্ছা পূর্ণ করো। পদ্ম কির বাঁটা খেতে আর পারি নে। ওই কর্তাবাবুর হোটেলের পাশে পদ্ম বিকে দেখিয়ে দেখিয়ে যেন হোটেল খুলতে পারি।

হোটলে ফিরিয়া দেখিল রতন ঠাকুর এখনও আসে নাই, পদ্ম কি উম্মনে আঁচ দিয়া কোথায় গিয়াছে।

বেচু চক্ৰতি দিবানিদ্রা হইতে উঠিয়া বাসা হইতে ফিরিয়াই হাজারিকে ডাক দিলেন।

—শোনো। আজ আমাদের এখানে ক'জন বাবু মাংস খাবেন, ফিষ্টি করবেন, তাঁরা আমায় আগাম দামও দিয়ে গেলেন। যাতে সকাল সকাল চুকে যায় তার ব্যবস্থা করবে। ঠঁরা মুশিদাবাদের গাড়ীতে আবার চলে যাবেন। মনে থাকবে তো? রতন এখনও আসে নি?

হাজারির দুঃখ হইল, বেচু চক্ৰতি একথা তাহাকে কেন বলিল না যে, তাহার হাতের রান্না খুব ভাল, অতএব সে যেন নিজেই মাংস রাঁধে। কখনো ইহারা তাহার রান্না ভাল বলে না সে জানে। অথচ এই রান্না শিখিতে সে কি পরিশ্রমই না করিয়াছে!

রান্না কি করিয়া ভাল শিখিল, সে এক ইতিহাস।

হাজারির মনে আছে, তাহাদের এড়োশোলা গ্রামে একজন সেকালের প্রাচীনা ব্রাহ্মণ বিধবা থাকিতেন, তখন হাজারির বয়স নয়-দশ বছর। রান্নায় তাঁর শুধু সাধারণ ধরণের স্বখ্যাতি নয়, অসাধারণ সুনামও ছিল। গ্রামেরও বাহিরেও অনেক জায়গায় লোকে তাঁর নাম জানিত।

হাজারির মা তাঁকে বলিল—খুড়ীমা, আপনার তো বয়েস হয়েছে, কবে চলে যাবেন—আপনার গুণ আমাকে দিয়ে যান। চিরকাল আপনার নাম করবো।

তিনি বলেন—আচ্ছা তোকে বৌ একটা জিনিস দিয়ে যাবো। কি ক'রে নিরমিষ চক্ৰি রাঁধতে হয় সেটাই তোকে দিয়ে যাবো।

সেই বৃদ্ধা হাজারির মাকে ওই একটিমাত্র জিনিস শিখাইয়াছিলেন এবং সেই একটি জিনিস রাধিবাবর গুণেই হাজারির মায়ের নাম ও-দিকের আট-দশখানা গ্রামে প্রসিদ্ধ ছিল। স্মৃতিতে অতি সামান্য জিনিস—নিরিমিষ চচ্চড়ি, ওর মধ্যে আছে কি? কিন্তু একবার জবাব পাইতে হইলে হাজারির মায়ের হাতের নিরিমিষ চচ্চড়ি খাইতে হয়।

দুঃখের বিষয় তিনি আর বাঁচিয়া নাই, ও-বৎসর দেহ রাখিয়াছেন।

হাজারি মায়ের রন্ধন-প্রতিভা উল্লেখ্যরূপে লাভ করিয়াছে—মাংস, মাছ সবই রাধে ভাল—কিন্তু তার হাতের নিরিমিষ চচ্চড়ি এত চমৎকার যে, বেচু চক্কতির হোটেলে একবার যে খাইয়া যায়, সে আবার ঘুরিয়া সেখানেই আসে। রেল-বাজারে তো অতগুলো হোটেলে বহিয়াছে—সে আর কোথাও যাইবে না।

আজও মাংস বাগ্না রাধিবাবর তার তাহারই উপর পড়িল। খন্দেররা মাংস খাইয়া খুব তারিফও করিতে লাগিল। কিন্তু অসলে তাহাতে হাজারির ব্যক্তিগত লাভ বিশেষ কিছুই নাই—খন্দেরের মুখের প্রশংসা ছাড়া। পদ্ম কি তাহাকে একটা উৎসাহের কথাও বলিল না। বেচু চক্কতিও তাই।

অনেক রাত্রে সে খাইতে বসিল। এত যে ভাল করিয়া নিজের হাতে বাগ্না মাংস, তাহার নিজের জন্ত তখন আর কিছুই নাই। যাহা ছিল, কর্তাবাবু নিজের বাসায় পাঠাইয়া দিয়াছেন। তার পরেও সামান্য কিছু যা অবশিষ্ট ছিল, পদ্ম কি চাটিয়া-পুটিয়া লইয়া গিয়াছে।

খাইবার সময় বোজাই এমন মুশকিল ঘটে। তাহার জন্ত বিশেষ কিছুই থাকে না, এক-একদিন ভাত পর্য্যন্ত কম পড়িয়া যায়—মাছ, মাংস তো দুবের কথা। বয়স ছে'চল্লিশ হইলেও হাজারি খাইতে পারে ভাল, খাইতে ভালও বাসে—কিন্তু খাইয়া অধিকাংশ দিনই তার পেট ভরে না।

রাত সাড়ে বারোটা। কর্তাবাবু হিসাব মিলাইয়া চলিয়া গিয়াছেন। হোটেলে সে আর মতি চাকর ছাড়া আর কেহ রাত্রে থাকে না। পদ্ম কি অনেকক্ষণ চলিয়া গিয়াছে—রাত দশটার পরে সে থাকে না কোনোদিনই।

মতি চাকর বলিল—চলো, ছোট বাজারে যাত্রা হচ্ছে, স্মৃতিতে যাবে বামুনঠাকুর?

—এত রাত্রে যাত্রা? পাগল আর কি! সারাদিন খেটে আবার ও-সব শখ থাকে? আমি যাবো না—তুই যাস্ তো যা। এসে ভাঁড়ার ঘরের জানালায় টোকা মারিস্। দোর খুলে দেবো।

মতি চাকর ছোকরা মানুষ। তাহার শখও বেশী। সে চলিয়া গেল।

মতি যাইবার কিছুক্ষণ পরে কে একজন বাহির হইতে দরজা ঠেলিল। হাজারি উঠিয়া গিয়া দরজা খুলিয়া পাশের হোটেলের মালিক খোদ যতু বাঁড়ুয়াকে দরজার বাহিরে দেখিয়া আশ্চর্য হইয়া গেল। যতু বাঁড়ুয়োর হোটেলের সঙ্গে তাহাদের রেবারেধি করিয়া কারবার চলে। তিনি এত রাত্রে এখানে কি মনে করিয়া? কখনো তো আসেন না! হাজারির মন সন্ত্রমে পূর্ণ হইয়া গেল, যতু বাঁড়ুয়্যেও একটা হোটেলের কর্তা, স্তবরাং হাজারির

কাছে সেও তার মনিবের সমান দরের লোক, এক রকম মনিবই।

যত্ন বাঁড়ুষ্যে বলিল, আর কে আছে ঘরে ?

যত্নর আসিবার উদ্দেশ্যে বৃষ্টিতে না পারিয়া হাজারি ততক্ষণে মনে মনে আকাশ-পাতাল ভাবিতেছিল—বিনীত ভাবে বলিল—কেউ নেই বাবু, আমিই আছি। মতি ছিল, ছোট বাজারে যাত্রা—

যত্ন বাঁড়ুষ্যে বলিল—চল ঘরের মধ্যে বসি। তোমার সঙ্গে কথা আছে।

ঘরের মধ্যে বসিয়া যত্ন বাঁড়ুষ্যে বেচু চক্রান্তির গদিতে বসিয়া একবার চারিদিকে চাহিয়া লইয়া বলিল—তুমি এখানে কত পাণ্ড ঠাকুর ?

—আজ্ঞে সাত টাকা আর খোরাকী।

—কাপড় চোপড় দেয় ?

—আজ্ঞে বছরে দু'খানা কাপড়।

যত্ন বাঁড়ুষ্যে কাশিয়া গলা পরিষ্কার করিয়া বলিলেন—শোন, আমার হোটেলে তুমি কাজ করতে যাবে ? তোমায় দশ টাকা আর খোরাকী দেবো। বছরে তিনখানা কাপড় পাবে। ধোপা-নািপত, তেল-তামাক। যাবে ?

হাজারি দম্বরমত অবাক হইয়া গিয়াছিল। কিছুক্ষণ সে কথা বলিতে পারিল না। তার পর বলিল—বাবু, এখন তো কিছু বলতে পারি নে। ভেবে বলবো।

—ভেবে বলাবলি আর কি, আমার যে কথা সেই কাজ। তুমি কাল থেকে এ হোটেল-ছেড়ে আমার হোটেলে চলো, কাল থেকেই আমি নিতে বাঁজি। তবে ইয়া, বেচু চক্রান্তির সঙ্গে আমি অসরস করতে চাইনে। সেও ব্যবসাদার, আমিও ব্যবসাদার।

হাজারির মাথা যেন ঘুরিয়া উঠিল। কেহ দেখিতেছে না তো ? পদ্ম ঝি কোথাও আড়ি পাতিয়া নাই তো ? সে তাড়াতাড়ি বলিল—এখন আমি কোন কথা বলতে পারবো না বাবু। কাল ভেবে বলবো। কাল রাত্তিরে এমন সময় আসবেন।

যত্ন বাঁড়ুষ্যে চলিয়া গেল।

হাজারি গাঁজা খায় এ খবর একেবারে মিথ্যা নয়, তবে খায় খুব সঙ্কোপনে এবং খুব কম। আজ এ ব্যাপারের পরে সে এক কলিকা গাঁজা না সাজিয়া পারিল না। সংসারে কেহ এ পর্যন্ত তাহাকে ভাল লোক বা ভাল রাঁধে বলিয়া খাইবার সঙ্গে সঙ্গে তাহার পুরস্কার দিতে চায় নাই—খন্দের মুখের ফাঁক কথায় পেট ভরে না তো !

যত্নবাবু নিজে বাড়ী বহিয়া আসিয়াছেন, তাহাকে দশ টাকা মাহিনার চাকরি (মায় খোরাকী ধোপা নািপত) দিতে !

এতদিন রাণাঘাটের বাজারে আছে—কখনও কাহারাও সঙ্গে মেশে না সে—মিশিতে ভালও বাসে না। তাহার জীবনের আশা যে-টা, সে-টা দশজনের সঙ্গে মিশিয়া আড্ডা দিয়া গাঁজা খাইয়া বেড়াইলে পূর্ণ হইবে না। তাহাকে খাটিতে হইবে, বাজার বৃষ্টিতে হইবে, হিসাব রাখা শিখিতে হইবে, একটা ভাল হোটেল চালাইবার যাত্রা কিছু স্লুক সন্ধান সব সংগ্রহ করিতে

হইবে। সংসারে উন্নতি করিতে হইলে, দেশের কাছে বড় মুখ দেখাইতে হইলে, পরের মুখে নিজের নাম শুনিতে হইলে—সেজন্ত চেষ্টা চাই, খাটুনি চাই। আড্ডা দিয়া গাঁজা খাইয়া বেড়াইলে কিংবা মতি চাকরের মত ছোট বাজারের বারোয়ারীর যাত্রা শুনিয়া বেড়াইলে কি হইবে ?

রাত অনেক। মাথা গরম হইয়া গিয়াছে। ঘুম আসার নামটি নাই।

দরজায় খটখট শব্দ হইল। হাজারি উঠিয়া দরজা খুলিল—সে আগেই বুঝিয়াছিল মতি চাকর ফিরিয়াছে। মতি ঘরে ঢুকিয়া বলিল—এখনো ঘুমোওনি ঠাকুর ? এখনো জেগে যে।

হাজারি গাঁজার কলিকা লুকাইয়া রাখিয়া তবে মতিকে দরজা খুলিয়া দিতে গিয়াছিল। বলিল—যে গরম, ঘুম আসবে কি, সারাদিন আঙনের তাতে—যাত্রা দেখলি নে ?

মতি বলিল—যাত্রার আসরে জায়গা নেই। লোক ভর্তি। ফিরে এলাম। চল এক জায়গায়, যাবে ঠাকুরমশায় ?

—কোথায় ?

—পাড়ার মধ্যে। চলো না—ঘুম যখন নেই, একটু ঘুরেই না হয় এলে। তোমার তো কোনদিন কোথাও—

হাজারি বলিল—তোরা ছেলে-ছোকরা, আমার বয়স ছে'চল্লিশ। আমি তোর বাপের বয়সের মাহুয, আমার সঙ্গে ও-সব কথা কেন ?...তোর ইচ্ছে, যা বুঝিস্ করগে যা।

—বাবুর কাছে কি পদ্মদ্বিদির কাছে কিছু ব'লো না ঠাকুরমশাই, দোহাই, দুটি পায়ে পড়ি।

আশ্চর্য্য এই যে, মতির এই কথা হাজারির মনে এক নতুন ধরনের ভাবনা আনিয়া দিল। তাহার উচ্চাশা আছে, মতির মত রাত বেড়াইয়া স্মৃতি করিয়া সময় নষ্ট করিলে ভগবান তাহাকে দয়া করিবেন না। মতি কি ভাবিয়া আর বাহিরে গেল না, বাসনের ঘরে (হোটেলের পিতল কাঁসার থালা-বাটি রান্নাঘরের পাশে সিন্দুকে থাকে, মাজাঘষার পর রোজ রাত্রে বেচু চক্কতি নিজে দাঁড়াইয়া থাকিয়া সেগুলি গুনিয়া সিন্দুকে তুলিয়া রাখিয়া চাবি নিজে সঙ্গে করিয়া লইয়া যান) গিয়া শুইয়া পড়িল। হাজারিও বাসনের ঘরে শে'য়, আজ সে বাহিরের গদির মেজ্ঞেতে তাহার পুরোনো মাদুরখানা পাতিয়া শুইল।

না—যত্নবাবুর হোটেলের সে যাইবে না। হোটেলের রাঁধুনিগরি সব জায়গায় সমান। এ হোটেলের আছে পদ্ম, ও হোটেলের হয়তো আবার কে আছে কে জানে ? তা ছাড়া, বেচু-বাবু তাহার পাঁচ বছরের অন্নদাতা। লোভে পাড়িয়া এতদিনের অন্নদাতাকে ত্যাগ করিয়া যাওয়া ঠিক নয়।

সে নিজে হোটেলের খুলবে, এই তো তাহার লক্ষ্য। রাঁধুনি-বিক্তি যতদিন করিতে হয়, এই হোটেলেরই করিবে। অন্ন কোথাও যাইবে না। তাহার পর রাখাবল্লভ দয়া করেন, তখন অন্ন কথা।

পরদিন খুব সকালে পদ্ম ঝি আসিয়া ডাকিল—ও ঠাকুর, দোর খোল—এখনও ঘুম—
বাবাঃ! কুন্তকর্ণকে হাব মানালে তোমরা!

হাজারি ভাড়াভাড়া বিছানা হইতে উঠিয়া ছেঁড়া মাদুরখানা গুটাইয়া রাখিয়া দোর খুলিয়া দিল। একটু পরেই বেচু চক্ৰভি আসিলেন। দরজায়, গদ্বিতে ও ক্যাশ-বাক্সে গঙ্গা জলের ছিটা দিয়া, ক্যাশ-বাক্সের ডালার উপরটা সামান্ত একটু গঙ্গাজল দিয়া মার্জনা করিয়া লইয়া পদ্ম ঝিকে বলিলেন—ধুনো দে—বেলা হয়ে গেল। আজ হাটবার, ব্যাপারীদের ভিড় আছে, নীগ্গির ক'রে আঁচ দে—আর সেদিনকার মত পচা দই-টই আনিস্‌নে বাপু। ওতে নাম খারাপ হয়ে যায়—শেষকালে স্নানিটারি বাবুর চোখে পড়ে যাবে। দরকার কি?

ব্যাপারীরা সাধারণতঃ পাড়াগাঁয়ের চাষা লোক। তাহারা দই খাইতে পছন্দ করে বলিয়া প্রাতি হাটবারে তাহাদের জন্ত কয়েক হাঁড়ি দইয়ের বরাদ্দ আছে। এই দই পদ্ম ঝি তাহার নিজের ঘরে পাতিয়া হোটোলে বিক্রয় করিয়া দুই পয়সা লাভ করিয়া থাকে। এবং সে যে প্রথম শ্রেণীর জিনিস সরবরাহ করে না, তাহা বলাই বাহুল্য।

পদ্ম ঝি মুখ ঘুড়াইয়া বলিল—বাবু আপনার যত সব অনাচ্ছিষ্ট কথা! দই পচা না ঘণ্ট, কে বলচে দই পচা! ওই মুখপোড়া হাজারি ঠাকুর তো? ওর ছেরান্দর চাল যদি আজ— হাজারি ঠাকুর কথাটা বলিয়াছিল বটে—তবে সে দই পচা কি তাজা তাহা বলে নাই— বলিয়াছিল ব্যাপারী খন্দেররা বলাবলি করিতেছিল এ রকম খারাপ দই খাইতে দিলে তাহারা চোন্দ পয়সার জায়গায় বারো পয়সার বেশি খোরাকি দিবে না।

পদ্ম ঝি রান্নাঘরের চৌকাঠে পা দিয়া ঝাঁজালো ঝগড়ার স্বরে বলিল—বলি, ও ঠাকুর,— দই পচা তোমাকে কে বলেচে?

হাজারি আমতা আমতা করিয়া বলিল—ওই সাধু মণ্ডল আর তার ভাইপো বোজ হাটেই তো এখানে খায়—ওরাই বলছিল—

—বলছিল! তোমার গলা ধরে বলতে গিয়েছে ওরা। তোমার মত হিংস্র কুচুটে লোক তো কখনো দেখিনি—আমি দই দই বলে তুমি হিংসেয় বুক ফেটে মরে যাচ্‌সে কি আমি বুঝিনে! তোমার শখের কুসুম গয়লানীর ছাপ-বাক্সে পয়সা না উঠলে কি আর তোমার মনে শান্তি আছে!...গাঁজাখোর মড়ুই-পোড়া বামুন কোথাকার!

হাজারি জিভ্‌ কাটিয়া বলিল—ছি ছি, কি যে বলো পদ্মদিদি তার ঠিক নেই—কুসুমের বাপের বাড়ী আমাদের গায়ে, আমায় জ্যাঠা বলে ডাকে, আমি তাকে মেয়ে বলি—তার নামে অমন কথা বলে তোমার পাপ হবে না? .

ইহার উত্তরে পদ্ম ঝি ষাছা বলিল, তাহা ছাপার অক্ষরে প্রকাশ করা যায় না।

হাজারির চোখে প্রায় জল আসিল। কুসুমকে সে সত্যই মেয়ের মত স্নেহ করে— তাহাদের গ্রামের রসিকলাল ঘোষের মেয়ে—রাণাঘাটে তার শশুরবাড়ী—অল্পবয়সে বিধবা হইয়াছে, এখন দুধ বেচিয়া, দই বেচিয়া ছোট ছোট দুইটি ছেলেকে মানুষ করে। এক শশুরী ছাড়া শশুরবাড়ীতে কেহ নাই।

হঠাৎ একদিন পথে ছ'জনের দেখা।

—জ্যাঠামশায় যে! দাঁড়ান একটু পায়ের ধুলো দিন। আপনি এখানে কোথায়?

—আরে কুসুম, কোথেকে তুই এখানে?

—এই তো আমার শুল্লরবাড়ী, ছোট বাজারে মন্দিরের গায়েই। আপনি কি আজ বাড়ী থেকে এসেছেন?

—না যে—আমি রেল-বাজারে হোটেলে কাজ করি। আজ মাস ছ'-সাত আছি।

বিদেশে একই গ্রামের মানুষ দেখিয়া ছ'জনেই খুব খুশী হইল। সেই হইতে কুসুম হাজারি ঠাকুরের হোটেলে দুধ দই বেচিতে গিয়াছে। গরীব বলিয়া হাজারি ঠাকুর অনেকবার লুকাইয়া হোটেল হইতে রাঁধা ভাত-তরকারি তাহাকে থালা করিয়া বাড়িয়া দিয়াছে। দুধ দই বেচিয়া ফিরিবার সময় কুসুমের পাটের আড়তের গলিটায় দাঁড়াইয়া কুসুম থালা লইয়া গিয়াছে। ইহাদের মেলামেশা ও ঘনিষ্ঠতা পদ্ম ঝির চোখ এড়ায় নাই, স্বতরাং সে বালিতেই পারে।

দুপুরের পর হাজারি প্রতিনিহের মত চূর্ণীর ধারে যাইতেছে—এমন সময় কুসুমের সঙ্গে দেখা হইল।

কুসুম দুধের ভাঁড় হাতে ঝুলাইয়া বাড়ী ফিরিতেছিল। তাহার বয়স চব্বিশ-পঁচিশ, বেশ স্বাস্থ্য, রং শ্রামবর্ণ, মুখশ্রী বেশ শাস্ত।

হাজারি বলিল—বাড়ী ফিরছিল এত বেলায় যে!

কুসুম বলিল—জ্যাঠামশায়, বডু দেরি হয়ে গেল। নিজের তো দুধ নেই—কায়ত পাড়া থেকে দুধ আনি, তবে বিক্রী করি, তবে বাড়ী ফিরি। আসুন না আমাদের বাড়ী।

—না, এখন আর কোথায় যাবো! তুই যা, খাবি-দাবি।

কুসুম কিছুতেই ছাড়ে না, বলিল—আমার খাওয়া-দাওয়া জ্যাঠামশায়, শান্তড়ী রেঁধে রেখে দিয়েচে গিয়ে খাবো; কতক্ষণ লাগবে? আসুন না।

হাজারি অগত্যা গেল। ছ'চালা একখানা বড় ঘর, সেখানেতে কুসুমের শান্তড়ী থাকে—আর একখানা ছোট চারচালা ঘরে কুসুম ছেলে দুটি লইয়া থাকে। শান্তড়ীর সহিত কুসুমের খুব সস্তাব নাই।

কুসুম নিজের ঘরে হাজারিকে লইয়া গিয়া বসাইল। ঘরের মধ্যে একখানা তক্তপোশ, পুরু কাঁথা পাতিয়া স্বন্দর পরিপাটি বিছানা তাহার উপরে। তক্তপোশের নীচে বালি দেওয়া আর-বছরের আলু। এককোণে কতকগুলি হাঁড়িকুড়ি ও একটা বড় জালা—বীশের আলনাতে কতকগুলি লেপ-কাঁথা বাঁধা। একটা অলচৌকিতে খানকতক পরিষ্কার-পরিচ্ছন্ন ঝকঝকে পিতল কাসার বাসন। ঘর দেখিয়া হাজারির মনে হইল—কুসুম বেশ সাজাইয়া রাখিতে জানে জিনিসপত্র।

কুসুম বলিল—পান খাবেন জ্যাঠামশায়?

—দে একটা। আর তুই খেতে যা। বেলা অনেক হয়েছে।

কিন্তু কুসুমের দেখা গেল, খাওয়ার সম্বন্ধে কোনো ভাড়া নাই। হাজারিকে পান দিয়া সেই যে হাজারির সামনে মেজেতে বসিয়া গল্প করিতে লাগিল—প্রায় ঘণ্টাখানেক হইয়া গেল। সে নড়িবার নামও করে না দেখিয়া হাজারি ব্যস্ত হইয়া পড়িল।

বলিল—তুই খেতে যা না। আমি যাই, আবার উম্মনে আঁচ দিতে হবে সকাল সকাল।

কুসুম বলিল—যাচ্ছি এবার।

বলিয়া আর যায় না। আরও আধঘণ্টা কাটিয়া গেল।

কুসুম আর যায় নাই। বাবা মারা গিয়াছে, ভাইয়েরা গরীব বলিয়া হউক বা ভাইবোদের জঞ্জাই হউক—তাহাকে বাপের বাড়ীতে কেহ লইয়া যায় না। নিজে দু-একবার গিয়াছিল, বেশী দিন টিকিতে পারে নাই। ভাইবোদের ব্যবহার ভাল নয়।

হাজারির সঙ্গে কুসুম সেই সব কাহিনীই বলিতে লাগিল। ছেলেবেলায় গ্রামে কি পথে করিয়াছিল কি, সেই বিষয়ে কথাও তাহার আর ফুরায় না।

—এখানে ছোলার শাক পয়সা দিয়ে কিনতে হয়। আমাদের গাঁয়ের যুগীপাড়ার মাঠে আমরা ছোলার শাক তুলতে যেতাম জ্যাঠামশায়—একবার, তখন আমার বয়স ন'বছর, আমি আর সাধু কুমোরের মেয়ে আদর, আমরা দুজনে গিয়েছি ছোলার শাক তুলতে—একটা মিলে দেখি জ্যাঠামশায় ছোলার ক্ষেতে বসে কচি ছোলা তুলে তুলে খাচ্ছে। আমাদের না দেখে দোড় দোড়, বিষম দোড়! আমরা তো হেসে বাঁচিনে—ভেবেছে বুঝি আমাদের ক্ষেত!

বলিয়া কুসুম মুখে কাপড় দিয়া হাসিতে হাসিতে গড়াইয়া পড়ে আর কি!

হাজারি দেখিল, ইহার ছেলেমানুষী গল্প শুনিতে গেলে ওদিকে হোটেলের ঘাইতে বিলম্ব হইবে—পদ্ম কি মুখ-নাড়ার চোটে আঁতুঁত করিয়া তুলিবে।

সে উঠিতে খাইতেছে, কুসুম বলিল—দাঁড়ান জ্যাঠামশায়, আপনাদের জন্তে একটা জিনিস করে রেখেছি। সেইটে দেবার জন্তেই আপনাকে নিয়ে এলাম।

বলিয়া একটা কাপড়ের পুঁটুলি খুলিয়া একখানা কাঁথা বাহির করিয়া হাজারির সামনে মেলিয়া ধরিয়া বলিল—কেমন হয়েছে কাঁথাখানা?

—বাঃ, বেশ হয়েছে রে!

কুসুম কাঁথাখানি পাট করিতে করিতে হাসিমুখে বলিল—আপনি এখানা যাত্রা পেতে শোবেন। আপনি শুধু মাদুরের উপর শুয়ে থাকেন হোটেলের,—আমার অনেক দিনের ইচ্ছে একখানা কাঁথা আপনাকে সেলাই করে দেব। তা দু-তিন মাস ধরে একটু একটু করে এখানা আড়া দিন পাঁচ-ছয় হ'ল শেষ হয়েছে।

হাজারি ভারি খুশী হইল।

কুসুমের বাবা রাসিক ঘোষ প্রায় তাহার সমবয়সী। কুসুম তাহার মেয়ের সমান। একই গাঁয়ের লোক,—তাহা হইলেও কি সবাই করে? গাঁয়ে তো কত লোক আছে!

মুখে বলিল, বেঁচে থাক মা, মেয়ে না হ'লে বাপের জন্তে এত আশ্তি দেখায় কে? ভারী চমৎকার কাঁথা। আমি পেতে শুয়ে বাঁচবো এখন। ভারী চমৎকার কাঁথা। বেশ, বেশ!

কুহুম বলিল—জ্যাঠামশায়, আপনি তো বললেন মেয়ে না হ'লে কে করে—কিন্তু আমিও বলছি, বাবা না হ'লে হোটেল থেকে নিজের মুখের ভাতের খালা কে মেয়েকে দেয় লুকিয়ে—প্রাৰণ মাসের সেই উপক্ৰান্ত বাদলায়—

কুহুমের চোখ দিয়া জল গড়াইয়া পড়িতে সে বাঁ-হাতে আঁচল দিয়া চোখ মুছিয়া চুপ করিয়া মাটির দিকে চাহিয়া রহিল। কিছুক্ষণ পরে বলিল—মাথার ওপর ভগবান জানেন—আর কেউ জানে না—আপনি আমার জন্তে যা করছেন। আপনি ব্রাহ্মণ, দেবতা—আমি ছোট জাতের মেয়ে—আমার ছোট মুখে বড় কথা সাজে না, তবে আমিও বলছি ওপরের দেনেওয়াল! আপনাকে ভাতের খালার বদলে মোহরের খালা যেন দেন। আমিও যেন দেখে মরি।

বলিয়াই সে আসিয়া হাজারির পায়ে গড় হইয়া গলায় আঁচল দিয়া প্রণাম করিল।

সেদিন ছিল বেশ বর্ষা।

হাজারি দেখিল, হোটলে গদির ঘরে অনেকগুলি ভদ্রলোক বসিয়া আছে। অল্পদিন এ ধরনের খন্দের এ হোটলে সাধারণতঃ আসে না—হাজারি ইহাদের দেখিয়া একটু বিস্মিত হইল।

বেচু চক্ৰান্তি ডাকিল—হাজারি ঠাকুর, এদিকে এস—হাজারি গদির ঘরে দরজায় আসিয়া দাঁড়াইলে ভদ্রলোকদের একজন বলিলেন—এই ঠাকুরটির নাম হাজারি?

বেচু চক্ৰান্তি বলিল—হী বাবু, এয়ই নাম হাজারি।

বাবুটি বলিলেন—এয় কথাই শুনেচি। ঠাকুর তুমি আজ বর্ষার দিনে আমাদের মাংস পোলাও রেখে ভাল করে খাওয়াতে পারবে? তোমার আলাদা মজুরী যা হয় দেবো।

বেচু বলিল—ওকে আলাদা মজুরী দেবেন কেন বাবু, আপনাদের আশীর্বাদে আমার হোটেলের নাম অনেক দূর অব্ধি লোকে জানে। ও আমারই ঠাকুর, ওকে কিছু দিতে হবে না। আপনারা যা হুকুম করবেন তা ও করবে।

এই সময় পদ্ম ঝি বেচু চক্ৰান্তির ডাকে ঘরে ঢুকিল।

বেচু চক্ৰান্তি কিছু বলিবার পূর্বে জনৈক বাবু বলিল—ঝি, আমাদের একটু চা ক'রে খাওয়াও তো এই বর্ষার দিনটাতে। না হয় কোনো দোকান থেকে একটু এনে দাও। বুঝলেন চক্ৰান্তি মশায়! আপনার হোটেলের নাম অনেক দূর পর্যন্ত যে গিয়েচে বজ্রেন—সে কথা মিথ্যা নয়। আমরা যখন আজ শিকারে বেরিয়েছি, তখন আমার পিসতুতো ভাই ব'লে দিয়েছিল, রাণাঘাট ষাট, শিকার ক'রে ফেরবার পথে রেল-বাজারের বেচু চক্ৰান্তির হোটেলের হাজারি ঠাকুরের হাতে মাংস খেয়ে এসো। তাই আজ সারাদিন জলায় আর বিলে পাখী মেয়ে বেড়িয়ে বেড়িয়ে ভাবলাম, কিরবার গাড়া তো রাত দশটার। তা এ বর্ষার দিনে গরম

গরম মাংস একটু খেয়েই যাই। মজুরী কেন দেবো না চক্ৰান্তি মশায় ? ও আমাদের রান্না করুক, আমরা ওকে খুশি ক'রে দিয়ে যাবো। ওর জন্তেই তো এখানে আসা। কথা শুনিয়া হাজ্জারি অত্যন্ত খুশি হইয়া উঠিল, আরও সে খুশি হইল এই ভাবিয়া যে, চক্ৰান্তি মশায়ের কানে কথাগুলি গেল—তাহার চাকুরির উন্নতি হইতে পারে। মনিবের হৃদয়ে পড়িলে কি না সম্ভব ? খুশির চোটে ইহা সে লক্ষ্যই করিল না যে, পদ্ম কি তাহার প্রশংসা শুনিয়া এদিকে হিংসায় নীলবর্ণ হইয়া উঠিয়াছে।

বাবুরা হোটেলের উপর নির্ভর করিল না—তাহারা জিনিসপত্র নিজেরাই কিনিয়া আনিল। হাজ্জারি ঠাকুর মাংস রাঁধিবার একটি বিশেষ প্রণালী জানে, মাংসে একটুকু জল না দিয়া নেপালী ধরনের মাংস রান্নার কায়দা সে তাহাদের গ্রামের নেপাল-ফেরত ডাক্তার শিবচরণ গাঙ্গুলীর স্ত্রীর নিকট অনেকদিন আগে শিখিয়াছিল। কিন্তু হোটলে দৈনন্দিন খাণ্ড-তালিকার মধ্যে মাংস কোনদিনই থাকে না—তবে বাঁধা খরিকারগণের মনস্তত্ত্বের জন্য মাসে একবার বা দুবার মাংস দেওয়ার ব্যবস্থা আছে বটে—সে রান্নার মধ্যে বিশেষ কৌশল দেখাইতে গেলে চলে না, বা হাজ্জারির ইচ্ছাও করে না—যেমন ভাল শ্রোতা না পাইলে গায়কের ভাল গান করিতে ইচ্ছা করে না—তেমনি।

হাজ্জারি ঠিক করিল, পদ্ম কি তাহাকে দুই চক্ষু পাড়িয়া যেমন দেখিতে পারে না—তেমনি আজ মাংস রাঁধিয়া সকলের বাহবা লইয়া পদ্ম কির চোখে আঙুল দিয়া দেখাইয়া দিবে, তাহাকে যত ছোট মনে করে ও, তত ছোট সে নয়। সেও মাছষ, সে অনেক বড় মাছষ।

ভাল যোগাড় না দিলে ভাল রান্না হয় না। পদ্ম কি যোগাড় দিবে না এ জানা কথা। হোটেলের অল্প উড়ে বায়ুনটিকে বলিতে পারা যায় না—কারণ সে-ই হোটেলের সাধারণ রান্না রাঁধিবে।

একবার ভাবিল—কুহুমকে আনবো ?

পরক্ষণেই স্থির করিল, তার দরকার নাই। লোকে কে কি বলিবে, পদ্ম কি তো বিটি পাতিয়া কুটিবে কুহুমকে। যাক্, নিজেই বাহা হয় করিয়া লইবে এখন।

বেলা হইয়াছে। হাজ্জারি বাজার হইতে কেনা তরি-তরকারী, মাংস নিজেই কুটিয়া বাছিয়া লইয়া রান্না চাপাইয়া দিল। বর্ষাও যেন নামিয়াছে হিমালয় পাহাড় ভাঙিয়া। কাঠগুলা ভিজিয়া গিয়াছে—মাংস সে কয়লার জ্বালে রাঁধিবে না। তাহার সে বিশেষ প্রণালীর মাংস রান্না কয়লার জ্বালে হইবে না।

সব রান্না শেষ হইতে বেলা দুইটা বাজিয়া গেল। তারপরে খরিকার বাবুরা খাইতে বসিল। মাংস পরিবেশন করিবার অনেক পূর্বেই ওস্তাদ শিল্পীর গর্ব ও আশ্র-ব্রাত্যের সহিত হাজ্জারি বুঝিয়াছে, আজ যে ধরনের মাংস রান্না হইয়াছে—ইহাদের ভাল না লাগিয়া উপায় নাই। হইলও তাই।

বাবুরা বেচু চক্ৰান্তিকে ডাকাইলেন, হাজ্জারি ঠাকুরের সম্বন্ধে এমন সব কথা বলিলেন 'যে বেচু চক্ৰান্তিও যেন অস্বস্তি বোধ করিতে লাগিল সে কথা শুনিয়া। চাকরকে ছোট

করিয়া রাখিয়া মনিবের হুবিধা আছে, তাহাকে বড় করিলেই সে পাইয়া বসিবে ।

বাইবার সময় একজন বাবু হাজারিকে আড়ালে ডাকিয়া বলিলেন—তুমি এখানে কত পাও ঠাকুর ?

—সাত টাকা আর খাওয়া-পরা ।

—এই ছুটো টাকা তোমাকে আমরা বক্শিশ দিলাম—চমৎকার রান্না তোমার । এখন আবার এদিকে আসবো, তুমি আমাদের রেখে খাইও ।

হাজারি তারি খুশি হইল । বক্শিশ ইহারা হয়তো কিছু দিবেন সে আশা করিয়াছিল বটে, কিন্তু ছ-টাকা দিবেন তা সে ভাবে নাই ।

বাইবার সময় বেচু চক্ৰিত্তির সামনে বাবুরা হাজারির রান্নার আর এক দৃশ্য প্রশংসা করিয়া গেলেন । আর একবার শীত্ৰই শিকারে আসিবেন এদিকে । তখন এখানে আসিয়া হাজারি ঠাকুরের হাতের মাংস না খাইলে তাঁহাদের চলিবেই না । বেশ হোটেল করেছেন চক্ৰিত্তি মশায় ।

বেচু চক্ৰিত্তি বিনীত ভাবে কাঁচুমাচু হইয়া বলিল—আজ্ঞে বাবু মশায়েরা রাজসই লোক, সব দেখতে পাচ্ছেন, সব বুঝতে পাচ্ছেন । এই রাণাঘাট রেল-বাজারে হোটেল আছে অনেকগুলো, কিন্তু আপনাদের মত লোক এখনই আসেন, সকলেই দয়া ক'রে এই গরীবের কুঁড়েতেই পায়ের ধুলো দিবে থাকেন । তা আসবেন, এখন আপনাদের ইচ্ছা হয়, আগে থেকে একখানা চিঠি দেবেন, সব মজুদ থাকবে আপনাদের জন্তে ; বলবেন কলকাতার ফিরে ছ'চার-জন আলাপী লোককে—যাতে এদিকে এলে তাঁরাও এখানেই এসে গুঠেন । বাবু—তা আমার বামুনের মজুরীটা ?...হেঁ-হেঁ—

—কত মজুরী দেবো ?

—তা দিন বাবু একবেলার মজুরী আট আনা দিন ।

বাবুরা আরও আট আনা পয়সা বেচুর হাতে দিয়া চলিয়া গেলেন ।

বেচু হাজারী ঠাকুরকে ডাকিয়া বলিল—ঠাকুর আজ আর বেরিও না কোথাও । বেলা গিয়েচে । উত্তনে আঁচ আর একটু পরেই দিতে হবে । পদ্ম কোথায় ?

—পদ্মদিদি থালা বাসন বার করচে, ডেকে দেবো ?

পদ্ম কি আজ ঘে মুখ ভার করিয়া আছে, হাজারি তাহা বুঝিয়াছিল । আজ হোটেলের সকলের সামনে তাহার প্রশংসা করিয়া গিয়াছে বাবুরা, আজ আর কি তাহার মনে স্বখ আছে ? পদ্ম কির মনস্ত্রী করিবার জন্ত তাহার ভাতের খাবার হাজারি বেশী করিয়া ভাত ভরকারি এবং মাংস দিয়াছিল । পদ্ম কি কিছুমাত্র প্রসন্ন হইয়াছে বলিয়া মনে হইল না, মুখ বেমন তার ভেমনিই রছিল ।

ভাতের থালা উঠাইয়া লইয়া পদ্ম কি হঠাৎ প্রশ্ন করিল—রাঁধা মাংস আর কতটা আছে ঠাকুর ?

বলিয়াই ডেক্চির দিকে চাহিল । এমন চমৎকার মাংস কুহুমের বাড়ী কিছু দিয়া

আসিবে (সে ব্রাহ্মণের বিধবা নয়, মাছ-মাংস খাইতে তাহার আপত্তি নাই) ভাবিয়া ডেক্‌চিতে দেড় পোয়া আন্দাজ মাংস হাজারি রাখিয়া দিয়াছিল—পদ্ম কি কি তাহা দেখিতে পাইল ?

পদ্ম দেখিয়াছে বুঝিয়া হাজারি বলিল—সামান্ত একটু আছে ।

—কি হবে ওটুকু ? আমার দাও না—আমার আজ ভাগ্নীজামাই আসবে—তুমি ত মাংস খাও না—

কুসুমের জন্ত রাখা মাংস পদ্ম ঝিকে দিতে হইবে—বার মুখ দেখিতে ইচ্ছা করে না হাজারির । হাজারি মাংস খায় না তাহা নয়, হোটেলের মাংস রান্না হইলেই হাজারি নিজের ভাগের মাংস লুকাইয়া কুসুমকে দিয়া আসে—নিজেকে বঞ্চিত করিয়া । পদ্ম কি তাহা জানে, জানে বলিয়াই তাহাকে আঘাত করিয়া প্রতিশোধ লইবার ইচ্ছা উহার মনে জাগিয়াছে ইহাও হাজারি বুঝিল ।

হাজারি বলিল—তোমায় তো দিলাম পদ্মদিদি, একটুখানি পড়ে আছে ডেক্‌চির তলায়—ওটুকু আর তুমি কি করবে ?

—কি করবো বললুম, তা তোমার কানে গেল না ? ভাগ্নীজামাই এসেছে শুনলে না ? যা দিলে এতটুকুতে কি কুলুবে ? ঢেলে দাও ওটুকু ।

হাজারি বিপন্ন মুখে বলিল—আমি একটু রেখে দিইছি, আমার দরকার আছে ।

পদ্ম কি ঘুরিয়া দাঁড়াইয়া শ্লেষের সুরে বলিল—কি দরকার ? তুমি তো খাও না—কাকে দেবে শুনি ?

হাজারি বলিল—দেবো—ও একজন একটু চেয়েছে—

—কে একজন ?

—আছে—ও সে তুমি জানো না ।

পদ্ম কি ভাতের খালা নামাইয়া হাত নাড়িয়া বলিল—না, আমি জানিনে । তা কি আর জানি ? আর সে জানা-জানির আমার দরকার নেই । হোটেলের জিনিস তুমি কাউকে দিতে পারবে না, তোমায় অনেকদিন বলে দিইছি । বেশ তুমি আমায় না দাও, চক্ৰান্তি মশায়ের শালাও আজ কলকাতা থেকে এসেছে—তার জন্তে মাংস বাট ক'রে আলাদা রেখে দাও—ওবেলা এসে খাবে এখন । আমি না পেতে পারি, সে হোটেলের মালিকের আপনায় লোক, সে তো পেতে পারে ?

বেচু চক্ৰান্তির এই শালাটিকে হাজারি অনেকবার দেখিয়াছে—মাসের মধ্যে দশ দিন আসিয়া ভগ্নীপতির বাড়ী পড়িয়া থাকে, আর কালাপেড়ে ধূতি পরিয়া টেরি কাটিয়া হোটেলের আসিয়া সকলের উপর কর্তৃত্ব চালায়—কথায় কথায় ঠাকুর-চাকরকে অপমান করে ; চোখ রাঙায়, যেন হোটেলের মালিক নিজেই ।

তাহাদের গ্রামের মেয়ে, দরিদ্রা কুসুম ভালটা মন্দটা খাইতে পাওয়া দূরে থাকুক, অনেক সময় পেটের ভাত কুটাইতে পারে না—তাহার জন্ত রাখিয়া দেওয়া এত যত্নের মাংস শেষকালে

সেই চালবাজ বার্ডমাই-খোর শালাকে দিয়া খাওয়াইতে হইবে—এ প্রস্তাব হাজারির মোটেই ভাল লাগিল না। কিন্তু সে ভালমাহুষ এবং কিছু ভীতু ধরনের লোক, যাহাদের হোটেল, তাহার। যদি খাইতে চায়, হাজারি তাহা না দিয়া পারে কি করিয়া—অগত্যা হাজারিকে পদ্ম বিশ্বের সামনে বড় জামবাটিতে ডেক্চির মাংসটুকু ঢালিয়া রান্নাঘরের কুলুঙ্গিতে রেকাবি চাপা দিয়া রাখিয়া দিতে হইল।

সামান্য একটু বেলা আছে, হাজারি সেটুকু সময়ের মধ্যেই একবার নদীর ধারে ফাঁকা জায়গায় বেড়াইতে গেল।

আজ তাহাঁর মনে আশ্চর্য্যতায় খুব বাড়িয়া গিয়াছে—দুইটি জিনিস আজ বুঝিয়াছে সে। প্রথম, ভাল রান্না সে ভুলিয়া যায় নাই, কলিকাতার বাবুরাও তাহার রান্না খাইয়া তারিফ করেন। দ্বিতীয়, পরের তাঁবে কাজ করিলে মাহুষকে মাংস-দয়া বিসর্জন দিতে হয়।

আজ এমন চমৎকার রান্না মাংসটুকু সে কুসুমকে খাওয়াইতে পারিল না, খাওয়াইতে হইল তাহাদের দিয়া, যাহাদের সে দুই চক্ষু পাড়িয়া দেখিতে পারে না। কুসুম যেদিন কাঁথাখানি দিয়াছিল, সেদিন হইতে হাজারির কেমন একটা অদ্ভুত ধরনের স্নেহ পড়িয়াছে কুসুমের ওপর।

বয়সে তো সে মেয়ের সমান বটেই, কাজও করিয়াছে মেয়ের মতই। আজ যদি হাজারির হাতে পরস্যা থাকিত, তবে সে বাপের স্নেহ কি করিয়া দেখাইতে হয়, দেখাইয়া দিত। অন্য কিছু দেওয়া তো দূরের কথা, নিজের হাতে অমন রান্না মাংসটুকুই সে কুসুমকে দিতে পারিল না।

ছেলেবেলাকার কথা হাজারির মনে হয়। তাহার মা গঙ্গাসাগর যাইবেন বলিয়া যোগাড়-যন্ত্র করিতেছেন—পাড়ার অনেক বৃদ্ধা ও প্রৌঢ়া বিধবাদের সঙ্গে। হাজারি তখন আট বছরের ছেলে—সেও ভীষণ বায়না ধরিল গঙ্গাসাগর সে না গিয়া ছাড়িবেই না। তাহার খুঁকি লইতে কেহই রাজী নয়। সকলেই বলিল—তোমার ও ছেলেকে কে দেখাশুনো করবে বাপু, অত ছোট ছেলে আর সেখানে নানান ঝঙ্কি—তাহ'লে তোমার ষাওয়া হয় না।

হাজারির মা ছেলেকে ফেলিয়া গঙ্গাসাগরে যাইতে পারিলেন না বলিয়া তাঁর ষাওয়াই হইল না। জীবনে আর কখনোই তাঁর সাগর দেখা হয় নাই, কিন্তু হাজারির মনে মায়ের এই স্বার্থত্যাগের ঘটনাটুকু উজ্জ্বল অক্ষরে লেখা হইয়া আছে।

হাজারি ভাবিল—যাক গে, যদি কখনো নিজে হোটেল খুলতে পারি, তবে এই রাণাঘাটের বাজারে বসেই পদ্ম ঝিকে দেখাবো—তুই কোথায় অমর আমি কোথায়! হাতে পরস্যা থাকলে কালই না হোটেল খুলে দিতাম! কুসুমকে রোজ রোজ ভাল জিনিস খাওয়ানো আমার নিজের হোটেল হলে।

কতকগুলি বিষয় সে যে খুব ভাল শিখিয়াছে, সে বেশ বুঝিতে পারে। বাজার-করা হোটেলওয়ালার একটি অভ্যস্ত দরকারী কাজ এবং শক্ত কাজ। ভাল বাজার করার উপরে হোটেলের সাফল্য অনেকখানি নির্ভর করে এবং ভাল বাজার করার মানেই হইতেছে সস্তায়

ভাল জিনিস কেনা। ভাল জিনিসের বদলে সস্তা জিনিস—অথচ দেখিলে তাহাকে মোটেই খেলো বলিয়া মনে হইবে না—এমন দ্রব্য খুঁজিয়া বাহির করা। যেমন বাটা মাছ বেধিন বাজারে আক্রা—সেদিন ছ'আনা সের রেল-চালানী রাস্ মাছের পোনা কিনিয়া তাহাকে বাটা বলিয়া চালাইতে হইবে—হঠাৎ ধরা বড় কঠিন, কোনটা বাটার পোনা, কোনটা রাসের পোনা।

পরদিন হাজ্জারি চূর্ণীর ঘাটে গিয়া অনেকক্ষণ বসিয়া রহিল। তাহার মন কাল হইতে ভাল নয়। পদ্ম ঝির নিকট ভাল ব্যবহার কখনও সে পায় নাই, পাইবার প্রত্যাশাও করে না। কিন্তু তবুও কাল সামাগ্র একটু রাখা মাংস লইয়া পদ্ম ঝি যে কাণ্ডটি করিল, তাহাতে সে মনোকষ্ট পাইয়াছে খুব বেশী। পরের চাকরি করিতে গেলে এমন হয়। কুসুমকে একটুখানি মাংস না দিতে পারিয়া তাহার কষ্ট হইয়াছে বেশী—অমন ভাল রান্না সে অনেক দিন করে নাই—অত আশার জিনিসটা কুসুমকে দিতে পারিলে তাহার মনটা খুশি হইত।

ভাল কাজ করিলেও চাকুরির উন্নতি তো দূরের কথা, ইহার স্থখ্যাতি পর্যন্ত করিতে জানে না। বরঞ্চ পদে পদে হেনস্থা করে। এক একবার ইচ্ছা হয় যত্নবাবুর হোটেল কাজ লইতে। কিন্তু সেখানেও যে এরকম হইবে না তাহার প্রমাণ কিছুই নাই। সেখানেও পদ্ম ঝি জুটিতে বিলম্ব হইবে না। কি করা যায়।

বেলা পড়িয়া আসিতেছে। আর বেশীক্ষণ বসি যায় না। বহু পাপ না করিলে আর কেহ হোটেলের রাঁধুনীগরি করিতে আসে না। এখনি গিয়া ডেক্টি না চড়াইলে পদ্ম ঝি এক খুড়ি কথা শুনাইয়া দিবে, এতক্ষণ উহুনে আঁচ দেওয়া হইয়া গিয়াছে।...কিন্তু ফিরিবার পথে সে কি মনে করিয়া কুসুমের বাড়ী গেল!

কুসুম আসন পাতিয়া দিয়া বলিল—বাবাঠাকুর আসুন, বড় সৌভাগ্য অসময়ে আপনার পায়ের ধুলো পড়লো।

হাজ্জারি বলিল—আখ্ কুসুম, তোব সঙ্গে একটা পরামর্শ করতে এলাম।

কুসুম সাগ্রহ-দৃষ্টিতে মুখের দিকে চাহিয়া বলিল—কি বাবাঠাকুর?

—আমার বয়েস ছে'চল্লিশ হয়েছে বটে, কিন্তু আমার তত বয়েস দেখায় না, কি বলিস কুসুম? আমার এখনও বেশ খাটবার ক্ষমতা আছে, তুই কি বলিস?

হাজ্জারির কথাবার্তার গতি কোনদিকে বুঝিতে না পারিয়া কুসুম কিছু বিষয়, কিছু কৌতূকের স্বরে বলিল—তা—বাবাঠাকুর, তা তো বটেই। বয়েস আপনার এমন আর কি—কেন বাবাঠাকুর?

কুসুমের মনে একটা কথা উঁকি মারিতে লাগিল—বাবাঠাকুর আবার বিয়ে-টিয়ে কন্যার কথা ভাবচেন নাকি?

হাজ্জারি বলিল—আমার বড় ইচ্ছে আছে কুসুম, একটা হোটেল করব নিজের নামে। পয়সা যদি হাতে কোনদিন জমাতে পারি, এ আমি নিশ্চয়ই করবো, তুই জানিস! পরের,

বাঁটা খেয়ে কাজ করতে আর ইচ্ছে করে না। আমি আজ দশ বছর হোটেলের কাজ করছি, বাজার কি ক'রে করতে হয় ভাল ক'রে শিখে ফেলেছি। চক্ৰিত্তি মশায়ের চেয়েও আমি ভাল বাজার করতে পারি। মাখমপুরের হাট থেকে ফি হাট্‌রা যদি তরিতরকারী কিনে আনি তবে রাণাঘাটের বাজারের চেয়ে টাকায় চার আনা ছ'আনা সম্ভা পড়ে। এ ধরো কম লাভ নয় একটা হোটেলের ব্যাপারে। বাজার করবার মধ্যেই হোটেলের কাজের আদ্বেক লাভ। আমার খুব মনে জোর আছে কুহুম, টাকা পয়সা হাতে যদি কখনো পড়ে, তবে হোটেল যা চালাবো, বাজারের সেবা হোটেলের হবে, তুই দেখে নিস্।

কুহুম হাজারি ঠাকুরের এ দীর্ঘ বক্তৃতা অবাক হইয়া শুনিতেছিল—সে হাজারিকে বাবার মত দেখে বলিয়াই মেয়ের মত বাবার প্রতি সৰ্ব্বপ্রকার কাল্পনিক গুণ ও জ্ঞানের আৰোপ করিয়া আসিতেছে। হোটেলের ব্যাপারের সে বিশেষ কিছু বুঝক না বুঝক, বাবাঠাকুর যে বুদ্ধিমান, তাহা সে হাজারির বক্তৃতা হইতে ধারণা করিয়া লইল।

কিছুক্ষণ পরে কি ভাবিয়া সে বলিল—আমার এক জোড়া কলি ছিল, এক গাছা বিক্রী ক'রে দিয়াছি আমার ছোট ছেলের অস্থখের সময় আর বছর। আর এক গাছা আছে। বিক্রী করলে ষাট-সত্তর টাকা হবে। আপনি নেবেন বাবাঠাকুর? 'ওই টাকা নিয়ে হোটেল খোলা হবে আপনার।

হাজারি হাসিয়া বলিল—দূর পাগলী! ষাট টাকায় হোটেল হবে কি রে?

—কত টাকা হ'লে হয়?

—অসম্ভব: দুশো টাকার কম তো নয়। তাতেও হবে না।

—আচ্ছা, হিসেব ক'রে দেখুন না বাবাঠাকুর।

—হিসেব ক'রে দেখব কি, হিসেব আমার মুখে মুখে। ধরো গিয়ে দুটো বড় ডেক্‌চি, ছোট ডেক্‌চি তিনটে। খালা-বাসন এক প্রস্থ। হাতা, খুঁস্ত, বেড়ি, চামচে, চায়ের বাসন। বাইরে গদির ঘরের একখানা তক্তপোশ, বিছানা, তাকিয়া। বাস্ক, খেবো বাঁধানো খাতা দু'খানা। বালতি, লঠন, চাকি, বেলুন—এই সব নানান নটখটি জিনিস কিনতেই তো দুশো টাকার ওপর বেরিয়ে যাবে। পাঁচদিনের বাজার খরচ হাতে ক'রে নিয়ে নামতে হবে। চাকুর ঠাকুরের হ'মাসের মাইনে হাতে রেখে দিতে হয়—যদি প্রথম হ'মাস না হোলো কিছু, ঠাকুর চাকুরের মাইনে আসবে কোথা থেকে? সে-সব ষাক্-গে, তা ছাড়া তোর টাকা নেবোই বা কেন?

কুহুম ক্ষুব্ধ হয়ে বলিল—আমার থাকতো যদি তবে আপনি নিভেন না কেন—ব্রাহ্মণের সেবায় যদি লাগে ও-টাকা, তবে ও-টাকার ভাগি সবাঠাকুর! সে ভাগি থাকলে তো হবে, আমার অত টাকা এখন নেই, তখন আর সে কথা বলছি কি ক'রে বলুন! যা আছে, ওতে যদি কখনো-সখনো কোন দরকার পড়ে আপনার মেয়েকে জানাবেন।

হাজারি উঠিল। আর এখানে বসিয়া দেরি করিলে চলিবে না। বলিল—না যে কুহুম, ওতে আর কি হবে। আমি যাই এখন।

কুসুম বলিল— একটু কিছু মুখে না দিলে মেয়ের বাড়ী থেকে কি ক'রে উঠবেন বাবাঠাকুর, বসুন আর একটু। আমি আসচি।

কুসুম এত দ্রুত ঘর হইতে বাহির হইয়া গেল, যে হাজারি ঠাকুর প্রতিবাদ করিবার অবসর পর্যন্ত পাইল না। একটু পরে কুসুম ঘরের মধ্যে একখানা আসন আনিয়া পাতিল এবং মেজের উপর জলের হাত বুলাইয়া লইয়া আবার বাহিরে গেল। কিছুক্ষণ পরে একবাটি দুধ ও একখানা রেকাবিতে পেঁপে কাটা, আমের টুকলি ও দুটি সন্দেশ আনিয়া আসনের সামনে মেজের উপর রাখিয়া বলিল—একটু জল খান, বসুন এসে, আমি খাবার জল আনি। হাজারি আসনের উপর বসিল। কুসুম বক্রক্কে করিয়া মাজা একটা কাঁচের গেলাসে জল আনিয়া রেকাবির পাশে রাখিয়া সামনে দাঁড়াইয়া রহিল।

থাইতে থাইতে হাজারির মনে পড়িল সেদিনকার সেই মাংসের কথা। মেয়ের মত স্নেহ-বশু করে কুসুম, তাহারই জন্ত তুলিয়া রাখা মাংস কিনা খাওয়াইতে হইল চক্ৰিত মহাশয়ের গাজাখোর শালাকে দিয়া শুধু ওই পদ্ম ঝিয়ের জন্তে। দাসত্বের এই তো স্বথ!

হাজারি বলিল—তুই আমার মেয়ের মতন কুসুম-মা।

কুসুম হাসিয়া বলিল—মেয়ের মতন কেন বাবাঠাকুর, মেয়েই তো।

—ঠিক, মেয়েই তো। মেয়ে না হোলে বাপের এত বশু কে করে?

—বশু আর কি করেচি, সে ভাগিা ভগবান কি আমার ঝিয়েছেন? একে কি বশু করা বলে? কাঁধাখানা পেতে শুচেন বাবাঠাকুর?

—তা শুচি বই কি রে। বোজ তোর কথা মনে হয় শোবার সময়। মনে ভাবি কুসুম এখানা দিয়েছে! হেঁড়া মাজুরের কাটি ফুটে ফুটে পিঠে দাগ হয়ে গিয়েছিল। পেতে শুয়ে বেঁচেছি।

—আহা, কি যে বলেন! না, সন্দেশ দুটোই খেয়ে ফেলুন, পায়ে পড়ি। ও ফেলতে পারবেন না।

—কুসুম, তোর জন্তে না রেখে খেতে পারি কিছু মা? ওটা তোর জন্তে রেখে দিলাম।

কুসুম লজ্জার চূপ করিয়া রহিল। হাজারি আসন হইতে উঠিয়া পড়িলে বলিল—পান আনি, দাঁড়ান।

তাহার পর সামনে দরজা পর্যন্ত আগাইয়া দিতে আসিয়া বলিল—আমার ও রুলি গাছা রইল তোলা আপনার জন্তে, বাবাঠাকুর। যখন দরকার হয়, মেয়ের কাছ থেকে নেবেন কিছু।

সেদিন হোটেলের ফিরিয়া হাজারি দেখিল, প্রায় পনেরো সের কি আধ মণ ময়দা চাকর আর পদ্ম ঝি মিলিয়া মাখিতেছে।

ব্যাপার কি! এত লুচির ময়দা কে থাইবে?

পদ্ম ঝি কথার সঙ্গে বেশ খানিকটা ঝাঁজ মিশাইয়া বলিল—হাজারি ঠাকুর, তোমার বা বা রাখবার আগে সেবে নাও—তারপর এই লুচিগুলো ভেজে ফেলতে হবে। আচার-পাড়ার

মহাদেব ঘোষালের বাড়ীতে খাবার যাবে, তারা অর্ডার দিয়ে গেছে সাড়ে ন'টার মধ্যে চাই, বুঝলে ?

হাজারি ঠাকুর অবাক হইয়া বলিল—সাড়ে ন'টার মধ্যে ওই আধ মণ ময়দা ভেজে পাঠিয়ে দেবো, আবার হোটেলের রান্না রাঁধবো! কি যে বল পদ্মদিদি, তা কি ক'রে হবে ? রতন ঠাকুরকে বল না লুচি ভেজে দিক, আমি হোটেলের রান্না রাঁধবো।

পদ্ম ঝি চোখ রাঙাইয়া ছাড়া কথা বলে না। সে গরম হইয়া ঝঙ্কার দিয়া বলিল—তোমার ইচ্ছে বা খুশিতে এখানকার কাজ চলবে না। কর্তা মশায়ের হুকুম। আমরা যা বলে গেছেন তোমায় বললাম, তিনি বড় বাজারে বেরিয়ে গেলেন—আসতে রাত হবে। এখন তোমার মজ্জি—করো আর না করো।

অর্থাৎ না করিয়া উপায় নাই। কিন্তু ইহাদের এই অবিচারে হাজারির চোখে প্রায় জল আসিল। নিছক অবিচার ছাড়া ইহা অন্য কিছু নহে। রতন ঠাকুরকে দিয়া ইহারা সাধারণ রান্না অনায়াসেই করাইতে পারিত, কিন্তু পদ্ম ঝি তাহা হইলে খুশি হইবে না। সে যে কি বিষ-চক্ষে পড়িয়াছে পদ্ম ঝিয়ের! উহাকে জ্ব্ব করিবার কোনো ফাঁকই পদ্ম ছাড়ে না।

ভীষণ আঙনের তাণ্ডের মধ্যে বসিয়া রতন ঠাকুরের সঙ্গে দৈনিক রান্না কার্যেতেই প্রায় ন'টা বাজিয়া গেল। পদ্ম ঝি তাহার পর ভীষণ তাগাদা লাগাইল লুচি ভাজাতে হাত দিবার জন্য। পদ্ম নিজে খাটিতে রাজি নয়, সে গেল খরিদারদের খাওয়ার তদারক করিতে। আজ আবার হাটবার, বহু ব্যাপারী খরিদার। রতন ঠাকুর তাহাদের পরিবেশন করিতে লাগিল। হাজারি এক ছিলিম তামাক খাইয়া লইয়াই আবার আঙনের তাতে বসিয়া গেল লুচি ভাজিতে।

আধঘণ্টা পরে—তখন পাঁচ সের ময়দাও ভাজা হয় নাই—পদ্ম আসিয়া বলিল—ও ঠাকুর, লুচি হয়েছে ? ওদের লোক এসেছে নিতে।

হাজারি বলিল—না এখনো হয়নি পদ্মদিদি। একটু ঘুরে আসতে বল।

—ঘুরে আসতে বললে চলবে কেন ? সাড়ে ন'টার মধ্যে ওদের খাবার তৈরি ক'রে রাখতে হবে বলে গেছে। তোমায় বলিনি সেকথা ?

—বলে কি হবে পদ্মদিদি ? মস্তুরে ভাজা হবে আধ মণ ময়দা ? ন'টার সময় তো উছনে স্বাক্ষর নেচি ফ্লেটচি—জিগ্যেস করো মতিকে।

—সে সব আমি জানিনে। যদি ওরা অর্ডার ফেরত দেয়, বোঝাপড়া ক'রো কর্তার সঙ্গে, তোমার মাইনে থেকে আধ মণ ময়দা আর দশ সের ঘি র দাম একমাসে তো উঠবে না, তিন মাসে ওঠাতে হবে।

হাজারি দেখিল, কথা কাটাকাটি করিয়া লাভ নাই। সে নীরবে লুচি ভাজিয়া যাইতে লাগিল। হাজারি ফাঁকি দেওয়া অভি্যাস করে নাই—কাজ করিতে বসিয়া শুধু ভাবে কাজ করিয়া যাওয়াই তাহার নিয়ম—কেউ দেখুক বা না-ই দেখুক। লুচি ঘিয়ে ডুবাইয়া

তাড়াতাড়ি তুলিয়া ফেলিলে শীঘ্র শীঘ্র কাজ চুকিয়া যায় বটে, কিন্তু তাহাতে লুচি কাঁচা থাকিয়া যাইবে। একত্র সে ধীরে ধীরে সময় লইয়া লুচি তুলিতে লাগিল। পদ্ম কি একবার বলিল—অত দেরি ক’রে খোলা নামাচ্ছ কেন ঠাকুর? হাত চালাও না—অত লুচি ডুবিয়ে রাখলে কড়া হয়ে যাবে—

হাজ্জারি ভাবিল, একবার সে বলে যে রান্নার কাজ পদ্ম কিয়ের কাছে তাহাকে শিখিতে হইবে না, লুচি ডুবাইলে কড়া কি নরম হয় সে ভালই জানে, কিন্তু তখনই সে বৃক্ষিল, পদ্ম কি কেন একথা বলিতেছে।

দশ সের ঘি হইতে জল্‌তি বাদে যাহা বাকী থাকিবে পদ্ম কিয়ের লাভ। সে বাড়ী লইয়া যাইবে লুকাইয়া। কর্তামশায় পদ্ম কিয়ের বেলায় অন্ধ। দেখিয়াও দেখেন না।

হাজ্জারি ভাবিল, এই সব জুয়াচুরির জন্ত হোটেলের দুর্নাম হয়। খন্দের পয়সা দেবে, তারা কাঁচা লুচি খাবে কেন? দশ সের ঘিয়ের দাম তো তাদের কাছ থেকে আদায় হয়েছে, তবে তা থেকে বাচানোই বা কেন? তাদের জিনিসটা যাতে ভাল হয় তাই তো দেখতে হবে? পদ্ম কি বাড়ী নিয়ে যাবে ব’লে তারা দশ সের ঘিয়ের ব্যবস্থা করে নি।

পরক্ষণেই তাহার নিজের স্বপ্নে সে ভোর হইয়া গেল।

এই রেল-বাজারেই সে হোটেল খুলিবে। তাহার নিজের হোটেল। ফাঁকি কাহাকে বলে, তাহার মধ্যে থাকিবে না। খন্দের যে জিনিসের অর্ডার দিবে, তাহার মধ্যে চুরি সে করিবে না। খন্দের সম্বল্ট করিয়া ব্যবসা। নিজের হাতে রাখিবে, খাওয়াইয়া সকলকে সম্বল্ট রাখিবে। চুরি-জুয়াচুরির মধ্যে সে নাই।

লুচি ভাজা ঘিয়ের বৃদ্ধদের মধ্যে হাজ্জারি ঠাকুর যেন সেই ভবিষ্যৎ হোটেলের ছবি দেখিতে পাইতেছে। প্রত্যেক ঘিয়ের বৃদ্ধদুটীতে। পদ্ম কি সেখানে নাই, বেচু চকস্তির গাঁজাখোর ও মাতাল শালাও নাই। বাহিরে গদির ঘরে দিব্য ফর্সা বিছানা পাতা, খন্দের স্বতক্ষণ ইচ্ছা বিশ্রাম করুক, তামাক খাটতে ইচ্ছা করে থাক, বাড়তি পয়সা আর একটিও দিতে হইবে না। দুইটা করিয়া মাছ, হস্তায় তিন দিন মাংস বাধা-খন্দেরদের। এদব না করিয়া শুধু ইষ্টিশনের প্রাটফর্মে—হি-ই-ইন্দ্ হোটেল, হি-ই-ই-ন্দ্ হোটেল, বলিয়া মতি চাকরের মত টেচাইয়া গলা ফাটাইলে কি খন্দের ভিড়িবে?

পদ্ম কি আসিয়া বলিল—ও ঠাকুর, তোমার হোল? হাত চালিয়ে নিতে পাচ্ছ না? বাবুদের নোক যে বসে আছে।

বলিয়াই ময়দার বারকোশের দিকে চাহিয়া দেখিল, বেলা লুচি স্বতগুর্লি ছিল, হাজ্জারি প্রায় সব খোলায় চাপাইয়া দিয়াছে—খান পনেরো কুড়ির বেশী বাঃকোশে নাই। মতি চাকর পদ্ম কিকে আসিতে দেখিয়া তাড়াতাড়ি হাত চালাইতে লাগিল।

পদ্ম কি বলিল—তোমার হাত চলচে না, না? এখনো দশ সের ময়দার তাল ডাঙায়, ওই রকম ক’রে লুচি বেললে কখন কি হবে?

হাজ্জারি বলিল—পদ্মদিদি, রাত এগারোটা বাজবে ওই লুচি বেলতে আর এক হাতে

ভাজতে। তুমি বেলবার লোক দাও।

পদ্ম কি মূখ নাড়িয়া বলিল—আমি ভাড়া ক'রে আনি বেলবার লোক তোমার জন্তে।
ও আমার বাবু রে! ভাজতে হয় ভাজো, না হয় না ভাজো গে—ফেরত গেলে তখন
কর্তামশায় তোমার সঙ্গে বোঝাপড়া করবেন এখন।

পদ্ম কি চলিয়া গেল।

মতি চাকর বলিল—ঠাকুর, তুমি লুচি ভেজে উঠতে পারবে কি ক'রে? লুচি পোড়াবে
না। এত ময়দার তাল আমি বেলবো কখন বেলো।

হঠাৎ হাজারির মনে হইল, একজন মানুষ এখনি তাহাকে সাহায্য করিতে বলিয়া যাইত—
কুসুম! কিন্তু সে গৃহস্থের মেয়ে, গৃহস্থের ঘরের বোঁ—তাহাকে তো এখানে আনা যায় না।
যদিও ইহা ঠিক, খবর পাঠাইয়া তাহার বিপদ জানাইলে কুসুম এখনি ছুটিয়া আসিত।

তারপর একঘণ্টা হাজারি অল্প কিছু ভাবে নাই, কিছু দেখে নাই—দেখিয়াছে শুধু লুচির
কড়া, ফুটন্ত ঘি, ময়দার তাল আর বাথারির সরু আগায় ভাজিয়া তোলা রান্না রান্না লুচির
গোছা—তাহা হইতে গরম ঘি ঝরিয়া পড়িতেছে। ভীষণ আগুনের তাত, মাজা পিঠ বিষম
টনটন করিতেছে, ঘাম ঝরিয়া কাপড় ও গামছা ভিজিয়া গিয়াছে, এক ছিলিম তামাক খাইবারও
অবকাশ নাই—শুধু কাঁচা লুচি কড়ায় ফেলা এবং ভাজিয়া তুলিয়া ঘি ঝরাইয়া পাশের ধামাতে
রাখা।

রাত দশটা।

মুর্শিদাবাদের গাড়ী আসিবার সময় হইল।

মতি চাকর বলিল—আমি একবার ইষ্টিশনে যাই ঠাকুরমশায়। টেরেনের টাইম হয়েছে।
খন্দের না আনলে কাল কর্তামশায়ের কাছে মার খেতে হবে। একটা বিড়ি খেয়ে যাই।

ঠিক কথা, সে খানিকক্ষণ প্লাটফর্মে পায়চারি করিতে করিতে 'হি-ই-ই-ন্দ্ হোটেল'
'হি-ই-ই-ন্দ্ হোটেল' বলিয়া চোঁচাইবে। মুর্শিদাবাদের ট্রেন আসিতে আর মিনিট পনেরো
বাকী।

হাজারি বলিল—একা আমি বেলবো আর ভাজবো। তুই কি খেপলি মতি? দেখলি
তো এদের কাণ্ড। রতনঠাকুর সরে পড়েছে, পদ্মদিদিও বোধ হয় সরে পড়েছে। আমি
একা কি করি?

মতি বলিল—তোমাকে পদ্মদিদি ছুচোখে দেখতে পারে না। কারো কাছে বোলো না
ঠাকুর—এ সব ভারই কারসাজি। তোমাকে জব্ব করবার মতলবে এ কাজ করেছে। আমি
যাই, নইলে আমার চাকরি থাকবে না।

মতি চলিয়া গেল। অন্ততঃ পাঁচ সের ময়দার তাল তখনও বাকী। লেচি পাকানো সে-ও
প্রায় দেড় সের—হাজারি গুণিয়া দেখিল বোল গুণা লেচি। অসম্ভব! একজন মানুষের ঘারা
কি করিয়া রাত বারোটার কমে বেলা এবং ভাজা দুই কাজ হইতে পারে।

মতি চলিয়া যাইবার সময় বে বিড়িটা দিয়া গিয়াছিল সেটি তখনও ফুরায় নাই—এমন সময়

পদ্ম উকি মারিয়া বলিল—কেবল বিড়ি খাওয়া আর কেবল বিড়ি খাওয়া! ওদিকে বাবুর বাড়ী থেকে নোক ছুবার ফিরে গেল—তখনি তো বলেচি হাজারি ঠাকুরকে দিয়ে এ কাজ হবে না—বলি বিড়িটা ফেলে কাজে হাত দেও না, রাত কি আর আছে ?

হাজারি ঠাকুর সত্যই কিছু অপ্রতিভ হইয়া বিড়ি ফেলিয়া দিল। পদ্ম ঝিয়ের সামনে সে একথা বলিতে পারিল না যে, লুচি বেলিবার লোক নাই। আবার সে লুচি ভাজিতে আরম্ভ করিয়া দিল একাই।

রাত এগারোটার বেশী দেরি নাই। হাজারির এখন মনে হইল যে, সে আর বসিতে পারিতেছে না। কেবলই এই সময়টা মনে আসিতেছিল দুটি মুখ। একটি মুখ তাহার নিজের মেয়ে টেঁপির—বছর বারো বয়স, বাড়ীতে আছে; প্রায় পাঁচ ছ'মাস তার সঙ্গে দেখা হয় নাই—আর একটি মুখ কুসুমের। ওবেলা কুসুমের সেই ষড় করিয়া বসাইয়া জল খাওয়ানো...তার সেই হাসিমুখ...টেঁপির মুখ আর কুসুমের মুখ এক হইয়া গিয়াছে...লুচি ও ঝিয়ের বৃষ্ণুদে সে তখনও যেন একথানা মুখই দেখিতে পাইতেছে—টেঁপি ও কুসুম দুইয়ে মিলিয়া এক...ওরা আজ যদি দু'জনে এখানে থাকিত। ওদিকে কুসুম বসিয়া হাসিমুখে লুচি বেলিতেছে এদিকে টেঁপি...

—ঠাকুর!

স্বয়ং কর্তামশায়, বেচু চক্ৰস্তি। পিছনে পদ্ম ঝি। পদ্ম ঝি বলিল—ও গাঁজাখোর ঠাকুরকে দিয়ে হবে না আপনাকে তখুনি বলিনি বাবু? ও গাঁজা খেয়ে বুঁদ হয়ে আছে, দেখচো না? কাজ এগুবে কোথেকে!

হাজারি তটস্থ হইয়া আরও তাড়াতাড়ি লুচি খোলা হইতে তুলিতে লাগিল। বাবুদের লোক আসিয়া বসিয়া ছিল। পদ্ম ঝি যে লুচি ভাজা হইয়াছিল, তাহাদের ওজন করিয়া দিল কর্তামশায়ের সামনে। পাঁচ সের ময়দার লুচি বাকী থাকিলেও তাহার লাইল না, এত রাত্রে লইয়া গিয়া কোনো কাজ হইবে না।

বেচু চক্ৰস্তি হাজারিকে বলিলেন—ওই ষি আর ময়দার দাম তোমার মাইনে থেকে কাটা যাবে। গাঁজাখোর মাহুকে দিয়ে কি কাজ হয়?

হাজারি বলিল—আপনার হোটেলে সব উন্টো বন্দোবস্ত বাবু। কেউ তো বেলে দিতে আসেনি এক মতি চাকর ছাড়া। সেও গাড়ীর টাইমে ইষ্টিশনে খন্দের আনতে গেল, আমি কি করবো বাবু।

বেচু চক্ৰস্তি বলিলেন—সে সব স্তনচি নে ঠাকুর। ওর দাম তুমি দেবে। খন্দের অর্ডার ফেরত দিলে সে মাল আমি নিজের ঘর থেকে লোকসান দিতে পারিনে, আর মাথা নেচি-কাটা ময়দা।

হাজারি ভাবিল, বেশ, তাহাকে যদি এদের দাম দিতে হয়, লুচি ভাজিয়া সে নিজে লইবে। রাত সাড়ে এগারোটা পর্য্যন্ত খাটিয়া ও মতি চাকরকে কিছু অংশ দিবার জন্য লোভ দেখাইয়া তাহাকে দিয়া লুচি বেলাইয়া সব ময়দা ভাজিয়া তুলিল। মতি তাহার অংশ লইয়া চলিয়া গেল।

এখনও তিন চার বুড়ি লুচি মজুত।

পদ্ম ঝি উকি মারিয়া বলিল—লুচি ভাজচো এখনও বসে? আমাকে খানকতক দাও ঝিকি—

বলিয়া নিজেই একখানা গামছা পাতিয়া নিজের হাতে খান পচিশ-ত্রিশ গরম লুচি তুলিয়া লইল। হাজারি মুখ ফুটিয়া বারণ করিতে পারিল না। সাহসে কুলাইল না।

অনেক রাত্রে স্তম্ভোখিতা কুসুম চোখ মুছিতে মুছিতে বাহিরের দরজা খুলিয়া সন্মুখে মস্ত এক পৌটলা-হাতে-ঝোলানো অবস্থায় হাজারি ঠাকুরকে দেখিয়া বিশ্বয়ের সুরে বলিল—কি বাবাঠাকুর, কি মনে ক'রে এত রাত্রে?...

হাজারি বলিল—এতে লুচি আছে মা কুসুম। হোটেলের লুচি ভাজতে দিয়েছিল খন্দেবে। বেলে ধোবার লোক নেই—শেষকালে খন্দেব পাঁচ সের ময়দার লুচি নিলে না, কর্তাবাবু বলেন আমায় তার দাম দিতে হবে। বেশ আমায় দাম দিতে হয় আমিই নিয়ে নিই। তাই তোমার জন্তে বলি নিয়ে যাই, কুসুমকে তো কিছু দেওয়া হয় না কখনো। রাত বড্ড হয়ে গিয়েচে—ঘুমিয়েছিলে বুঝি? ধর তো মা বৌচকাটা রাখো গে যাও।

কুসুম বৌচকাটা হাজারির হাত হইতে নামাইয়া লইল। সে একটু অবাধ হইয়া গিয়াছে, বাবাঠাকুর পাগল, নতুবা এত রাত্রে—(তাহার এক ঘুম হইয়া গিয়াছে—), এখন আসিয়াছে লুচির বৌচকা লইয়া।

হাজারি বলিল, আমি যাই মা—লুচি গরম আর টাটকা, এই ভেজে তুলি। তুমি খানকতক খেয়ে ফেলো গিয়ে এখনি। কাল সকালে বাসি হয়ে যাবে। আর ছেলেপিলেদের দাও গিয়ে। কত আর রাত হয়েচে—সাড়ে বারোটার বেশী নয়।

হোটেলের ফিরিয়া হাজারি ঠাকুর একটি দুঃসাহসের কাজ করিল।

মতি চাকর পূর্ব হইতেই ঘুমাইয়া পড়িয়াছিল। তাহাকে তুলিয়া বলিল—মতি, আমি রাত তিনটের গাড়ীতে বাড়ী যাচ্ছি। এত লুচি কি হবে, বাড়ীতে দিয়ে আসি। তুমি থাকো, আমি কাল সকাল দশটার গাড়ীতে এসে রান্না করবো, কর্তা মশায়কে বলো।

মতি অবাধ লইয়া বলিল—এত রাত্রে লুচি নিয়ে বাড়ী রওনা হবে!—

—এত লুচি কি হবে? এখানে থাকলে কাল সকালে বারোভূতে থাকে তো। আমার জিনিস নিজের বাড়ী দিয়ে আসি। আমার বাড়ীতে ছেলেমেয়ে আছে, তারা খেতে পায় না, তাদের দিয়ে আসি! ছ'টা পরমা তো খরচ।

হাজারি আর ঘুমাইল না। টেঁপির জন্ত তার মন-কেমন করিয়া উঠিয়াছে। কুসুম যেমন, টেঁপিও তেমন। আরও দু'টি ছেলে আছে ছোট ছোট। তাদের মুখ বঞ্চিত করিয়া এত লুচি এখানে রাখিয়া পদ্ম ঝি আর কর্তামশায়ের বাড়ীতে থাকুয়াইয়া কোন লাভ নাই।

রাত সাড়ে তিনটার সময় গান্ধাপুর স্টেশনে নামিয়া হাজ্জারি নিজের গ্রামের পথ ধরিল এবং সাড়ে তিন ক্রোশ পথ হাঁটিয়া ভোর হইবার সঙ্গে সঙ্গে শ্রগ্রামে পৌঁছিল।

এড়োশালা এক সময়ে বর্দ্ধিষ্ণু গ্রাম ছিল—এখন পূর্বের শ্রী নাই। গ্রামের জমিদার কর বাবুরা এখান হইতে উঠিয়া কলিকাতা চলিয়া যাওয়াতে গ্রামের মাইনর খুলটির অবস্থা খারাপ হইয়া পড়িয়াছে। বড় দীঘিটা মজিয়া গিয়াছে, ভদ্রলোকের মধ্যে অনেকে এখান হইতে বাস উঠাইয়া কেহ রানাঘাট, কেহ কলিকাতা চলিয়া গিয়াছেন। নিভাস্ত নিরুপায় যারা ভারাই গ্রামে পড়িয়া আছে।

হাজ্জারির বাড়ীতে দুখানা খড়ের ঘর। ছোট্ট উঠান, একদিকে কাঁঠাল গাছ, অল্পদিকে একটা সজনে গাছ এবং একটা পেয়ারা গাছ। এই পেয়ারা গাছটা হাজ্জারির মা নিজের হাতে পুঁতিয়াছিলেন—বেশ বড় বড় পেয়ারা হয়, কাশীর পেয়ারার বীজের চারা।

হাজ্জারির ডাকাডাকিতে হাজ্জারির স্ত্রী উঠিয়া দোর খুলিয়া, এ অবস্থায় স্বামীকে দেখিয়া বলিল—এসো, এসো। শেষ রাতের গাড়ীতে এলে কেন গো? এই দূরাস্তর রাস্তা, অন্ধকার রাত—আবার বড় সাপের ভয় হয়েছে—সাপের কামড়ে দু-তিনটি মানুষ মরে গিয়েছে এর মধ্যে।

—আমাদের গায়ে ?

—আমাদের গায়ে নয়—নতুন কাওয়া পাড়ায় একটা মরেচে আর বামন পাড়ায় তিনটি একটা—অত বড় বৌচকাত্তে কি গো ?

হাজ্জারি লুচির আসল ইতিহাস কিছু বলিল না। স্ত্রীর আনন্দপূর্ণ সাগ্রহ প্রশ্নের উত্তরে সে কেবল বলিল—পেয়েছি গো পেয়েছি। ভগবান দিয়েছেন, সবাই মিলে খেয়ে নাও মজা ক'রে। টেপিকে খুব ক'রে খাওয়াও, ও পেট ভরে খাবে আমি দেখি।

সেদিন সকালের গাড়ীতে হাজ্জারি রাণাঘাটে ফিরিতে পারিল না।

দুপুরের পরে হাজ্জারি কুম্বের বাপের বাড়ী বেড়াইতে গেল।

এই গ্রামেই গোয়ালাপাড়ায় কুম্বের জ্যাঠামশায় হরি ঘোষের অবস্থা এক সময় যথেষ্ট ভাল ছিল, এখনও বাড়ীতে গোহাল-পোরা গরুর মধ্যে আট-দশটি অবশিষ্ট আছে, ছুটি ছোট ছোট ধানের গোলাও বজায় আছে।

হাজ্জারিকে হরি ঘোষ খুব খাতির করিয়া খেজুর পাতার চটে বসিতে দিল। বলিল—কবে আলেন বাবাঠাকুর ? সব ভালো।

—তোমরা সব ভাল আছে ?

—আপনার ছিচরণের আশিক্বাদে এক রকম চলে যাচ্ছে। রাণাঘাটেই কাজ কছেন তো ?

—হ্যাঁ। সেখান থেকেই তো এলাম।

—আমাদের কুম্বের সঙ্গে দেখা-টেকা হয় ?

হাজারি পাড়াগাঁয়ের লোক, এখানকার লোকের খাত চেনে। কুম্বের সঙ্গে সর্কদা দেখা-শোনা বা তাদের মধ্যে পরস্পরের প্রতি টানের কোন পরিচয় সে এখানে দিতে চায় না। ইহারা হয়তো সহজ ভাবে সেটা গ্রহণ করিতে পারিবে না। গ্রামে কথাটা রাষ্ট্র হইয়া গেলে লোকে নানারূপ কদর্ঘ্ টানিয়া বাহির করিবার চেষ্টা করিবে তাহা হইতে। সুতরাং সে বলিল—

—হ্যাঁ,—দু-একবার হয়েছিল। ভাল আছে !

—এবার যদি দেখা হয়, একবার আসতে বলবেন হৃদিকে। তার গাঁয়ে আসবার দিকে তত টান নেই, শহরে দুখ বেচে চালানো যে কি মিষ্টি লেগেছে !

হাজারি কথার গতি অল্প দিকে ঘুরাইবার উদ্দেশ্যে বলিল—এবার আবাদপত্র কি রকম হোল বল ?

—ধানের আবাদ করিচি বারো বিঘে আর বাকী সব তরকারি। কুমড়ো দু-বিঘে, আলু, পেঁয়াজ,—তা এবার আকাশের অবস্থা ভাল না বাবাঠাকুর, ক্ষেতে মাটি ক্ষেটে যাচ্ছে !

তরকারির কথায় হাজারির নিজের গোপনীয় উচ্চাশার কথা মনে পড়িল। তরকারি তাহার গ্রাম হইতে কিনিলে রাণাঘাট বাজারের চেয়ে অনেক সুবিধা পাওয়া যায়। এখান হইতেই সে আনাজপত্র লইয়া যাইবে।

হরি ঘোষকে বলিল—আচ্ছা, তোমাদের আলু ক'মণ হ'তে পারে ?

—বাবাঠাকুর তার কি কোন ঠিক আছে ? তবে জিশ-চল্লিশ মণ খুব হবে।

—তুমি সমস্ত আলু আমায় দিতে পারবে ? নগদ দাম দেবো।

হরি ঘোষ কৌতুহলের সহিত জিজ্ঞাসা করিল—বাবাঠাকুর, আজকাল কাঁচামালের ব্যবসা করতেন নাকি ?

—ব্যবসা এখনও করিনি, তবে করবো ভাবচি। সে তোমায় বলব একদিন।

গোয়ালপাড়া হইতে আসিবার পথে একটা খুব বড় বাঁশবনের মাঝখান দিয়া পথ। এখানে লোকজন নাই, এড়োশোলা গ্রামেই লোকজনের বসত নাই। আগে ছিল—ম্যালেরিয়ায় মরিয়া হাজিয়া লোকশূন্য হইয়া পড়িয়াছে। শুধুই বড় বড় আম-কাঁঠালের বাগান ও বাঁশবনের জঙ্গল।

এই বাঁশবনের মধ্যে পুরোনো দিনে পালিত পাড়া ছিল, হাজারি বাল্যকালেও দেখিয়াছে। পালিতেরা বেশ বন্ধিফু ছিল গ্রামের মধ্যে, পূজাপার্কণ, দোল-দুর্গোৎসব পর্যন্ত হইয়াছে রাজেন পালিতের বাড়ী। এখন জঙ্গলের মধ্যে পালিতদের ভিটাটা পড়িয়া আছে এই পর্যন্ত। দিন-মানেই বোধ হয় বাঘ লুকাইয়া থাকে।

বাঁশঝাড়ে কট-কট করিয়া শুকনো বাঁশের শব্দ হইতেছে—ঘন ছায়া, শুকনো বাঁশপাতার ও সোলাব শব্দ। ফিল্ড, শালিখ পাখীর কলরব। হাজারির মনে হইল, আজ যেন তার হোটেলের দাসত্ব-জীবন গতে মুক্তির দিন। সেই ভীষণ গরম উত্তরের সামনে বলিয়া আজ আর তাকে ডেক্‌চিতে ভাত-ডাল রান্না করিতে হইবে না। পদ্ম ক্লিয়ের কড়া তাগাদা ও

মুক্খিয়ানা সহ করিতে হইবে না। বাশবনের ছায়ায় পূর্ণ শান্তিতে সে যদি ঘণ্টার পর ঘণ্টা ধরিয়৷ ঘুমান—তাহা হইলেও কেহ কিছু বলিতে পারিবে না।

এই মুক্তি সে ভাল ভাবেই আশ্বাদ করিতে চায় বলিয়াই তো হোটেল খুলিবার কথা এত ভাবে।

সে যথেষ্ট অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছে, এইবার কিছু টাকা হইলেই সে রাণাঘাটের বাজারে হোটেল খুলিয়া দিতে পারে।

হাজারি সত্যই চিন্তা করিতে আরম্ভ করিল, টাকা কোথায় ধার পাওয়া যাইতে পারে। এক গ্রামের গোসাঁইয়া বড় লোক, কিন্তু তাহার৷ প্রায় সবাই থাকে কলিকাতায়। এখানে বৃদ্ধ কেশব গোসাঁই থাকেন বটে—কিন্তু লোকটা ভয়ানক রূপণ—তিনি কি হাজারির মত সামান্য লোককে বিনা বন্ধকে, বিনা জামিনে টাকা ধার দিবেন ?

হাজারির জামিন হইবেই বা কে !

তাহার অবস্থা অত্যন্তই খারাপ। হু'খানা মাত্র চালাঘর। রান্নাঘরখানা গত বর্ষায় পড়িয়া গিয়াছে—পয়সা অভাবে সারানো হয় নাই, উঠানের আমতলায় রান্না হয়—বৃষ্টির দিন এখন ক্রমশ: চলিয়া গেল, এখন তত অসুবিধা হয় না।

বেলা প্রায় পড়িয়া আসিয়াছে।

হাজারি বাড়ী ফিরিয়া দেখিল, তাহার ছোট মেয়ে টে'পি ঘরের দাওয়ায় বসিয়া উল বুনিতেছে। টে'পি বাবাকে দেখিয়া বলিল—তোমার জন্ম আসন বুনচি বাবা—কাল তুমি যদি থাকো, কালকের মধ্যে হয়ে যাবে। তোমার সঙ্গে দ্বিয়ে দেবো।

হাজারি মনে মনে হাসিল। বেচু চক্কির হোটেলের সে রঙীন পশমের আসন পাতিয়া খাইতে বসিয়াছে—ছবিটি বেশ বটে। পদ্ম ঝি কি মস্তব্য করিবে তাহা হইলে ?

মেয়েকে বলিল—দেখি কেমন আসন ? বা: বেশ হচ্ছে তো, কোথায় শিখলি তুই বুনতে ?

টে'পি বলিল—মুখ্যে-বাড়ীর নীলা-দি আর অতসী-দি'র কাছে। আমি রোজ গাই ছুপুরে, ওরা আমায় গান শেখায়, বোনা শেখায়।

—ওরা এখনও আছে ? হরিচরণবাবু চলে যান নি এখনও ?

—ওরা নাকি এ মাসটা থাকবে। থাকলে তো আমারই ভাল—আমি কাজটা শিখে নিতে পারি। কি চমৎকার গান গাইতে পারে অতসী-দি ! আজ স্তনবে বাবা ?

—তুই গান শিখলি কিছু ?

টে'পি লাজুক স্বরে বলিল—হু-একটা। সে কিছু নয়। তুমি অতসী-দি'র গান যদি শোনো, তবে বলবে যে কলের গানের রেকর্ড স্তনচি। ওদের বাড়ী খুব বড় কলের গানও আছে। রোজ সন্ধ্যার পর বাজায়। কত রকমের গান আছে—যাবে স্তনতে সন্ধ্যার পর ? অতসী-দি নিজে কল বাজায়। আমিও যাবো তোমার সঙ্গে—অতসী-দিকে বলবো বাবা এসেচে, ভালো ভালো বেছে গান দেবে।

হাজারি বলিল—হ্যাঁরে, হরিচরণবাবুর শরীর সেরেচে জানিস্ ?

—তা তো জানিনে, তবে তিনি বৈঠকখানায় বসে রোজই তো সবায় সঙ্গে গল্প করেন। একদিন বৈঠকখানায় কলের গান বাজিয়েছিলেন। কি চমৎকার কৌর্ডন!

সঙ্গীত-শিল্পের প্রতি বর্তমানে হাজারির তত আগ্রহ নাই, হাজারির উদ্দেশ্য হরিচরণবাবুকে বলিয়া কহিয়া অন্ততঃ শ'দুই টাকা ধার করা যায় কিনা, সেদিকে।

হরিচরণ মুখুষ্যে মহাশয় এ গাঁয়ের মধ্যে একমাত্র শিক্ষিত, অবস্থাপন্ন ও সম্ভ্রান্ত লোক। তাঁহারা এ গ্রামের জমিদার—কিন্তু অনেক দিন হইতেই গ্রাম ছাড়িয়াছেন। প্রকাণ্ড তিন-মহলা বাড়ী পড়িয়া আছে, দু-একজন বৃদ্ধা পিনী-মাসী ছাড়া বাড়ীতে আর কেহ এতদিন ছিল না।

আজ মাস চার-পাঁচ হইল হরিচরণ মুখুষ্যের একমাত্র পুত্র কলিকাতায় মারা যায় বসন্ত রোগে। পুত্রের মৃত্যুর পর হইতেই আজ প্রায় তিন মাস হইল হরিচরণবাবু সপরিবারে দেশের বাটীতে আসিয়া যে কেন বাস করিতেছেন—সে খবর হাজারি রাখে না। তবে ইহা জানে যে, হরিচরণবাবু গ্রামের উত্তর মাঠে একটি দীর্ঘ খনন করিবার জন্ত জেলা বোর্ডের হাতে অনেকগুলি টাকা দান করিয়াছেন এবং পুত্রের নামে একটি ডিসপেন্‌সারী করিয়া দিবেন গ্রামে। হরিচরণবাবু কারো বাড়ী যান না। নিজের বৈঠকখানায় বসিয়া আছেন সব সময়। তাঁর দুই মেয়ে ও স্ত্রী এখানেই, তাছাড়া চাকর-বাকর ও দু'জন দরওয়ান আছে বাড়ীতে।

সন্ধ্যার পর সাহসে ভর করিয়া হাজারি হরিচরণবাবুর পৈতৃক আমলের বৈঠকখানার উঠানে গিয়া দাঁড়াইল। বৈঠকখানা বাড়ীর সামনে বড় বড় ধামওয়ালার সাদা মার্বেল পাথর বাঁধানো বারান্দা। বারান্দার সামনে একটা মাঝারি গোছের কামরা, পাশে একটা ছোট কামরা, পূর্বে নবীনবাবু বলিয়া ইহাদের এক সরিক বড় বৈঠকখানার পাশে পৃথক ভাবে নিজের জন্ত আর একটি বৈঠকখানা তৈরী করিয়াছিলেন—তিনি আজ পচিশ বৎসর হইল নিঃসন্তান অবস্থায় মারা যাওয়াতে, উক্ত বৈঠকখানা ঘর বর্তমানে বিচালি রাখিবার জন্ত ব্যবহৃত হয়।

হাজারি টেঁপিকে সঙ্গে করিয়া লইয়া গিয়াছিল। টেঁপি বলিল—বাবা তুমি বোসো, আমি অতদূর-দিকে বলিগে তুমি এসেছ কলের গান শুনে। এখনি দেবে গান।

বৈঠকখানার সামনে হাজারিকে দাঁড় করাইয়া রাখিয়া টেঁপি পাশের ছোট্ট দরজা দিয়া বাড়ীর মধ্যে সরিয়া পড়িল।

ঘরের মধ্যে তেলের চৌপায়া লঠন জলিতেছে। ইহা সাবেকী কালের বন্দোবস্ত, এখনও ঠিক বজায় আছে। হাজারি বারান্দায় দাঁড়াইয়া ইতস্ততঃ করিতেছে ঘরে ঢুকিবে কিনা, এমন সময় ঘরের ভিতর হইতে স্বয়ং হরিচরণবাবু বারান্দায় বাহির হইয়াই সামনে হাজারিকে দেখিয়া বলিলেন—কে ?

হাজারি বিনীত ভাবে হাত ছোড় করিয়া মাথা নীচু করিয়া প্রশ্নাম করিয়া বলিল—বাবু, আমি হাজারি—

—ও, হাজ্জারি! কি মনে করে, এসো এসো। বাইরে দাঁড়িয়ে কেন, ঘরের মধ্যে এসো। মাস-দুই তোমায় দেখিনি। তোমার মেয়ে মাকে মাকে আসে বটে, আমার বড় মেয়ে অতসীর সঙ্গে তার বেশ ভাব।

হরিচরণবাবুর বয়স পঞ্চাশ-ছাশাশ হইবে, গৌরবর্ণ, লম্বা আড়ার চেহারা, বড় বড় চোখ—গলার স্বয় গম্ভীর। তিনি খুব শৌখীন লোক ছিলেন। এখনও এই বয়সেও এবং ছেলে মারা যাওয়া সত্ত্বেও বেশ শৌখীনতা ও স্বক্চির পরিচয় আছে তাঁর আটপোরে পোশাকেও।

হাজ্জারি আসলে আসিয়াছে টাকা ধার করিবার কথা বলিতে। কিন্তু বৈঠকখানা ঘরে ঢুকিয়া প্রকাণ্ড বড় সেকলে প্রমাণ সাইজের আয়নাখানায় নিজের আপাদ-মস্তক দেখিয়াই তাহার মাসটুকু সব উবিয়া গেল।

হরিচরণবাবুর নির্দেশ মত সে একখানা চেয়ারে বসিল।

হরিচরণবাবু বলিলেন—চা খাবে হাজ্জারি?

হাজ্জারি আম্তা আম্তা করিয়া বলিল—আঞ্জে, চা আমি—থাক্গে, সে কেন আবার কষ্ট—

হরিচরণবাবু বলিলেন—বিলক্ষণ! কষ্ট কিসের? আমি তো চা খাবোই এখন, দাঁড়াও আনতে বলি—

এই সময় টেঁপি বৈঠকখানার যে দোর অন্তঃপুরের দিকে, সেখানে আসিয়া দাঁড়াইল। হরিচরণবাবুকে বৈঠকখানার মধ্যে দেখিয়াও সে বেশ সহজ ভাবেই বলিল—বাবা দাঁড়াও, অতসী-দি কলের গান বাজাচ্ছে—আমি বলেচি আমার বাবা তোমাদের কলের গান শুনতে এসেচে—

হরিচরণবাবু বলিয়া উঠিলেন—কলের গান শুনতে এসেচ হাজ্জারি! তা আমাকে বলতে হয় এতক্ষণ। শুনতে আসবে এর আর কথা কি? তোমরা দুঁপাঁচজন আস-খাও, বড় আনন্দের কথা। গ্রাম তো লোকশূন্য হয়ে পড়েচে। ওরে খুকি, তোর বাবার জন্তে আর আমার জন্তে দু' পেয়ালা চা আনতে বলে দে তোর অতসী-দিদিকে।

হাজ্জারি মনে মনে টেঁপির উপর চটিয়া গেল। হতভাগা মেয়েটা সব দিল মাটি করিয়া। কে তাহাকে বলিয়াছিল কলের গান শুনতে সে যাইতেছে মুখ্যে বাড়ীতে? অতঃপর টাকার কথা উত্থাপন করা কি ভালো দেখায়? নাঃ, যত ছেলেমানুষ নিয়া হইয়াছে কারবার!

হরিচরণবাবুর মেয়ে অতসী এই সময় দু' পেয়ালা চা-হাতে ঘরে ঢুকিল। প্রথমে হাজ্জারির সামনে টেঁবিলে একটি পেয়ালা নামাইয়া অন্য পেয়ালাটি হরিচরণবাবুর হাতে দিল। অতসীর বয়স আঠারো-উনিশ, বেশ ধপ্পে ফর্সা, সুন্দর মুখশ্রী—ভাগর ভাগর চোখ—এক কথায় অতসী সুন্দরী মেয়ে। পরিষ্কার-পরিচ্ছন্ন অথচ সহজ অনাড়ম্বর সাজগোজ, হাতে কয়েক গাছি সৰু সোনার চূড়ি এবং কানে ইয়ারিং ছাড়া অলঙ্কারেরও কোন বাহুল্য নাই।

হরিচরণবাবু বলিলেন—তোমায় হাজ্জারি কাকা—প্রণাম কর অতসী।

অতসী আগাইয়া আসিয়া হাজ্জারির সামনে নীচু হইয়া প্রণাম করিয়া পায়ের ধূলা গ্ৰহিল।

হাজারি সম্বুচিত হইয়া বলিল—থাক থাক, এসো মা, রাজরাণী হও মা—এসো, কল্যাণ হোক।
অতসীকে হরিচরণবাবু বলিলেন—তোমার হাজারি কাকা গান শুনবেন। গ্রামোফোনটা
নিয়ে এসো।

অতসীর সঙ্গে টেঁপি খুব ভাব করিয়াছে। টেঁপির বাবাকে অতসী এই প্রথম দেখিল—
বন্ধুর পিতা কি রকম দেখিতে, কৌতূহলের সহিত সে চাহিয়া দেখিতেছিল, বান্নার কথায়
বাড়ীর মধ্যে চলিয়া গেল এবং কিছুক্ষণ পরে চাকরের হাতে দিয়া গ্রামোফোন যেকর্ডের বাক্স
বাহিরে পাঠাইয়া দিল।

হরিচরণবাবু চাকরকে বলিলেন বাজাবে কে? তোর দিদিমণি আসচে না?

—দিদিমণি যে বল্লেন আপনি বাজাবেন—

—আমি ভাল চোখে দেখতে পাব না। তাকেই পাঠিয়ে দিগে যা—। একটু পরে অতসী,
টেঁপি এবং পাড়ার আরও দু-তিনটি মেয়ে ঘরে ঢুকিল। কলের গান বাজনা শুরু হইল এবং
চলিল ঘণ্টা-দুই। আরও একবার চা দিয়া গেল চাকরে, কিন্তু পরিবেশন করিল অতসী।

সব মিটিয়া চুকিয়া যাইতে রাত্রি প্রায় সাড়ে ন’টা বাজিয়া গেল।

হাজারি ছটফট করিতেছিল, গান শুনিত সে এখানে আসে নাই।

গান বন্ধ হইলে অতসী, টেঁপি ও মেয়ের দল যখন বাড়ীর মধ্যে চলিয়া গেল, তখন হাজারি
সাহসে ভর করিয়া বলিল—আপনার কাছে একটা আঞ্জি ছিল বাবু।

হরিচরণবাবু বলিলেন—কি বল?

—আমার কিছু টাকা দরকার, যদি আমায় কিছু ধার দিতেন, তাহলে আমার একটা মস্ত
বড় আশার কাজ মিটতো।

—মেয়ের বিয়ে দেবে?

—আজ্ঞে না বাবু, তা নয়, ব্যবসা করবো।

—কি ব্যবসা?

—বাবু আপনি তো জানেন আমি হোটেলের কাজ করি। আপনার কাছে লুকোবো না।
আমি নিজে একটা হোটেল খুলতে চাচ্ছি এবার। টাকাটা সেজন্তে দরকার।

—কত টাকা দরকার?

—অস্বস্ত: দুশো টাকা আমায় যদি দয়া করে দেন বাবু, আমার খালধারের কাঁঠাল বাগান
আমি বন্ধক রাখছি আপনার কাছে। এক বছরের মধ্যে টাকাটা শোধ করবো।

হরিচরণবাবু ভাবিয়া বলিলেন—বাগান বন্ধক রেখে টাকা আমি দিতাম না, দিতাম তো
তোমাকে এমন দিতাম, কিন্তু অত টাকা এমন সময় আমার হাতে নগদ নেই।

হাজারি এ-কথার পরে আর কোনো কথা বলিতে পারিল না, বিশেষতঃ সে জানিত
হরিচরণবাবু উদার মেজাজের মানুষ, সত্যবাদী লোক। টাকা হাতে থাকিলে, হাতে টাকা না
থাকার কথা বলিতেন না।

অতসী আসিয়া বলিল—কাকা, আপনি একটু বসুন। টেঁপি খেতে বসেচে, মা ছাড়লে

না। মেয়েয়া, যারা গান শুনে এসেছিল, সবাইকে না খাইয়ে যেতে দেবেন না। একটু দেরি হবে। না হয় আপনি যান, আমি ঝি'র সঙ্গে পাঠিয়ে দেব এখন। হরিচরণবাবু বলিলেন—তোমার যদি বিশেষ কাজ না থাকে, একটু বসে যাও না হাজারি। তোমার সঙ্গে দুটো কথা কই। কেউ বড় একটা আসে না আমার এখানে—। হাজারি বলিল।

—তুমি কোথায় কোন্ হোটেলে কাজ কর ?

—আজ্ঞে রাণাঘাট, বেচু চক্কতির হোটেলে, রেল-বাজারের মধ্যে।

—কত মাইনে পাও ?

—বাবু সে আর বলবার কথা নয়, খাওয়া আর সাত টাকা মাসে। তাই ভাবছিলাম পরের তাঁবে থাকবো না। এদিকে বয়স হলো, এইবার একটা হোটেল খুলে নিজে চালাবো।

—হোটেল চালাতে পারবে ?

—তা বাবু আপনার আশীর্ব্বাদে একরকম সবই জানি ও-লাইনের। বাজার আর রান্না, হোটেলের দুটো মস্ত কাজ, এ যে শিখেচে, সে হোটেল খুলে লাভ করতে পারে। আমি অনেকদিন থেকে চেষ্টা ক'রে ও দুটো কাজ শিখে নিইচি—খন্দের কি চায় তাও জানি। চাকরি করি রাঁধুনীর বটে বাবু কিন্তু আপনার বাপ-মায়ের আশীর্ব্বাদে, আপনার আশীর্ব্বাদে চোখ-কান খুলে কাজ করি।

—বেশ ভাল।

উৎসাহ পাইয়া হাজারি তাহার বহুদিনের আশা ও সাধ একটু 'আদর্শ হিন্দু-হোটেল' প্রতিষ্ঠা সম্বন্ধে অনেক কথা বলিল। চূপনদীর ধারে বসিয়া অবসর মুহূর্ত্তে তাহার সে স্বপ্ন দেখার কথাও গোপন করিল না। তাহার রান্না খাইয়া কলিকাতার বাবুরা কি রকম সূখ্যাতি করিয়াছে, যহু বাঁড়ুঘোর হোটেলে তাহাকে ভাঙ্গাইয়া লইবার চেষ্টা, কিছুই বাদ দিল না। হরিচরণবাবু বলিলেন—দেখ হাজারি, তোমার কথা শুনে তোমার ওপর আমার হিংসে হয়। তোমার বয়স হোলে কি হবে, তোমার জীবনে মস্ত বড় আশা রয়েছে একটা কিছু গড়ে তুলবো! এই আশাই মানুষকে বাঁচিয়ে রাখে, আমার ছেলেটা মারা যাওয়ার পর আমার জীবনে যেন সব-কিছু ফুরিয়ে গিয়েছে মনে হয়। আর যেন কিছু করার নেই, ক'রে কি হবে, কার জন্তে করবো এই সব কথা মনে ওঠে। তা ছাড়া জীবনে কখনোই কিছু দরকার হয়নি। বাবার সম্পত্তি ছিল ষথেষ্ট—নতুন কিছু গড়ে তুলবো এ ইচ্ছে কোনদিন জাগেনি। তোমার বয়স হোলে কি হবে, ওই একটা আশাই তোমায় যুবক ক'রে রেখে দেবে যে! আমার মাথায় এত পাকা চুল ছিল না। থোকা মারা যাওয়ার পরে জীবনের উত্তম, আশাভরসা যেন চলে গেল, অমনি মাথার চুলও পেকে উঠলো। তবে এখন ইচ্ছে আছে থোকর নামে একটা স্থল ক'রে দেবো। আবার ভাবি, স্থলে পড়বেই বা কে? আমাদের এ অঞ্চলে তো লোকের বাস নেই। তার চেয়ে না হয় একটা ডাক্তারখানা ক'রে দিই। উত্তমই জীবনের সবটুকু, যার জীবনে আশা নেই, যা কিছু করার ছিল সব হয়ে গেছে—তার

জীবন বড় কষ্টকর ! যেমন ধরো দাঁড়িয়েচে আমার । খোকা মারা না গেলে আজ আমার ভাবনা হে হাজারি ! ভেবেছিলুম কয়লার খনি ইজারা নেবো—কত উৎসাহ ছিল । এখন মনে হয় কার জন্তে করবো ? তাই বলছিলুম, তোমায় দেখে হিংসে হয় । তোমার জীবনে উত্তম আছে, আশা আছে—আমার তা নেই । আর এই দেখ, এই পাড়াগাঁয়ে একলাটি আছি পড়ে, ভালো লাগে কি ? ভালো লাগে না । কখনো থাকিনি, কিন্তু বাইরেও আর হে-টৈ-এর মধ্যে থাকতে ভাল লাগে না । ওই মেয়েটা আছে, কলের গান এনেচে একটা—বাজার, আমি শুনি । ওর মায়ের জন্তে বেছে বেছে ভক্তি আর দেহতত্ত্বের গান কিনে দিইচি, যদি তা শুনে তাঁর মনটা একটু ভাল থাকে ! মেয়েমাছুষ, কষ্টটা লেগেছে তাঁর অনেক বেশী ।

হাজারি এই দীর্ঘ বক্তৃতার সবটা তেমন বুঝিল না—কেবল বুঝিল, পুত্রশোক বৃদ্ধের মাথা খারাপ হইয়া গিয়াছে ।

সে সহানুভূতিসূচক দু-চার কথা বলিল । বেশী কথা অনেকক্ষণ ধরিয়া শুছাইয়া বলিতে কখনো সে শেখে নাই, তবুও পুত্রশোকাতুর বৃদ্ধের জন্ত তাহার সত্যকার দুঃখ হওয়াতে, ভাবিয়া ভাবিয়া মনে মনে বানাইয়া কিছু বলিল ।

হরিচরণবাবু বলিলেন—আর একটু চা খাবে ?

—আজ্ঞে না । চা খাওয়া আমার তেমন অভ্যাস নেই, আপনি খান বাবু ।

এমন সময় টেঁপি আসিয়া বলিল—বাবা, যাবে ?

হাজারি হরিচরণবাবুর কাছে বিদায় লইয়া মেয়েকে সঙ্গে করিয়া বাহির হইল । জ্যোৎস্না উঠিয়াছে, ভেড়াদের বাড়ীর উঠানে রাজাকাঠ কাটিয়াছে—রাজাকাঠের গন্ধ বাহির হইতেছে । সিঁধ ভেদ দাওয়ায় ছাল বুনিতেছিল, বলিল—দাঁঠাকুর কনে ছেলেন এত রাত অব্দি ?

হাজারি বলিল—বাবুর বাড়ী । বাবু ছাড়েন না কিছুতে, চা খাও, কলের গান শোন, শেষে তো টেঁপিকে না খাইয়ে ছাড়লেন না গিন্নী মা । হাজারির বড় ভাল লাগিয়াছিল আজ সন্ধ্যাটা । বড় লোকের বৈঠকখানায় এমন ভাবে বসিয়া চা সে কখনো খায় নাই, খাতির করিয়া তাহার সঙ্গে কোনো বড় লোকে মনের কথাও কখনো বলে নাই । কলের গান তো আছেই । মেয়েকে বলিল—টেঁপি কি খেলি রে ? টেঁপি একটু ভোজনপ্রিয় ! খাইতে ভালবাসে আর গরীবের মেয়ে বলিয়াই অতদূর মা তাহাকে না খাওয়াইয়া ছাড়েন না । বলিল—পরোটা, মাছের ডালনা, হুজি, পটলভাজা, আলুভাজা—

হাজারির স্ত্রী অনেকক্ষণ রান্না সারিয়া বসিয়া আছে, বলিল—এত রাত্তির পঙ্কস্ত ছিলে কোথায় সব ? পাড়া বেড়ানো শেষ হয় না যে তোমাদের, বসে বসে কেবল ঘুম আসচে—

টেঁপি বলিল—আমি খেয়ে এসেছি মা, অতদূর-দিক্দিব মা ছাড়লেন না কিছুতে । আমি কিছু খাবো না ।

—হ্যারে, তুই খেয়ে এলি ! গুবলার সেই বাসি লুচি তোর জন্তে রয়েছে যে ! লুচি খাবি না ?

অনেকদিন ইহাদের সংসারে এমন সচ্ছলতা হয় নাই যে, লুচি খেলিয়া ছড়াইয়া ছেলে-

মেয়েরা খাইতে পার। বলিয়াও স্থখ।

টেঁপি বলিল—তুমি খাও মা। আমি খুব খেয়ে এসেছি। সেখানেও তো পরোটা, ছজি, মাছের ভালনা, এই সব খাইয়েচে। আজ দিনটা বেশ কাটল—না মা? ভাল খাওয়া সকাল থেকে শুরু হয়েছে আর রাত পর্যন্ত চলেচে।

আহারাদি শেষ করিয়া হাজারি বাহিরে বসিয়া তামাক খাইতে লাগিল।

হরিচরণবাবুর কথায় তাহার অনেকখানি উৎসাহ আজ বাড়িয়া গিয়াছে।

লুচি! টেঁপি কত লুচি খাইতে পারে, সে তাহার ব্যবস্থা করিবে। তাহার এই সব লোভাতুর ছেলে-মেয়ের মুখে ভাল খাবার-দাবার সে দিতে পারে না—কিন্তু খাতে পারে সে চেষ্টা করিবার জন্তই তো স্বযোগ খুঁজিয়া বেড়াইতেছে।

হরিচরণবাবুর টাকা আছে বটে, কিন্তু তাহার মত লোভাতুর ছেলে-মেয়ে নাই তাহার ঘরে, কাহাদের মুখে সুখাণ্ড তুলিয়া দিবার আশায় তিনি খাটিবেন?

আজ হরিচরণবাবুর নিকট হইতে সে টাকা ধার পায় নাই বটে, কিন্তু এমন একটা জিনিস পাইয়া আসিয়াছে, তাহার মূল্য টাকা-কড়ির চেয়ে বেশী।

তাহার সংসারে ছেলে মেয়ে আছে, টেঁপি আছে, তাহাদের মুখের দিকে চাহিয়া তাহার হাতে পায়ে বল আসিবে, মনে জোর পাইবে। হরিচরণবাবুর জীবন শেষ হইয়া গিয়াছে। তাহার বয়স ছেঁচল্লিশ হইলে কি হয়, টেঁপি যে ছেলেমানুষ। তাহার নিজের স্থখ কিসের? টেঁপিকে একখানা ভাল শাড়ী কিনিয়া দিলে ওর মুখে যে হাসি ফুটিবে, সেই হাসি তাহাকে অনেক দূরে লইয়া যাইবে কর্ণের পথে।

আহা, যদি এমন কখনো হয়।

যদি টেঁপিকে একটা কলের গান কিনিয়া দেওয়া যায়? গান এত ভালবাসে যখন...

হয়তো স্বপ্ন... কিন্তু ভাবিয়াও তো আনন্দ। দেখা যাক না কি হয়।

বিশকাড়ে শন শন শব্দ হইতেছে। রাত অনেক হইয়াছে। গ্রাম নৌরব হইয়া গিয়াছে। এতক্ষণে হাজারি স্ত্রীকে বলিল—ওগো, আমার গামছাখানা বড় ময়লা হয়েছে, একটু সোভা দিয়ে ভিজিয়ে দাও তো, কাল খুব সকালে কেচে দিও আমি কাল সকালে উঠেই রাণাঘাট যাবো।

সকালে কেন, এখন কেচে দিই। ভিজ্ঞে গামছা নিয়ে যাবে কি করে, এখন কেচে হাওয়ার মলে দিলে রাস্তিরের মধ্যে শুকিয়ে যাবে।

সকালে উঠিয়া হাজারি ঠাকুর রাণাঘাট চলিয়া আনিল।

হোটলে চুঁকিবার আগে তাহার ভয় করিতে লাগিল। কর্তাবাবু এবং পদ্ম কি তাহাকে কি না জানি বলে! একদিন কামাই করিবার জন্ত কৈফিয়ৎ দিতে দিতে তাহার প্রাণ যাইবে। হইলও তাই।

চুঁকিবার পথেই বসিয়া স্বয়ং বেচু চক্ৰভট্টমশায়—খোদ কর্তা। হাজারিকে দেখিয়া হাতের

হঁকা নামাইয়া কড়া স্বরে বলিলেন—কাল কোথায় ছিলে ঠাকুর ? হাজ্জারি মিথ্যা কথা বলিল না। বাড়ীতে কাহারও অস্থখ ইত্যাদি ধরনের বানানো মিথ্যা কথা সে কখনও বলে না। বলিল—আজ্ঞে, অনেক দিন পরে বাড়ী গেলাম কর্তামশায়, ছেলে-মেয়ে রয়েছে—তাই একটা দিন—

—না ব'লে-ক'য়ে এভাবে হোটেল থেকে পালিয়ে যাবার মানে কি ? কার কাছে ছুটি নিয়ে গিয়েছিলে ?

এ কথার জবাব সে দিতে পারিল না। লুচি দিতে গিয়াছিল বাড়ীতে, তাহা বলিতেও বাধে। সে চূপ করিয়া রহিল।

—তোমার হাড়ে হাড়ে বদমাইশি ঠাকুর—পদ্ম ঝি ঠিক কথা বলে—দেখতে ভালমানুষ হোলে কি হবে ? তুমি এত বড় একটা হোটেলের রান্নাবান্না ফেলে রেখে একেবারে নিউদ্দিশ হয়ে গেলে কাউকে কিছু না ব'লে ? বলি একেবারে নাকের জলে চোখের জলে সবাই মিলে—গাঁজাখোর, নেমকহারাম কোথাকার ! চালাকির আর জায়গা পাওনি ?

বেচু চক্ৰবর্তীর গলার জোর আওয়াজ পাইয়া পদ্ম ঝি ব্যাপার কি দেখিতে আসিল এবং দোরের উঁকি মারিয়া হাজ্জারিকে দেখিয়াই বলিয়া উঠিল—এই যে ! কি মনে করে ! আবার যে উদয় হ'লে ? কাল আমি বলি আর দরকার নেই, ও আপদ বিদেশ ক'রে দেন কর্তা, গাঁজা খেয়ে কোথায় নেশায় বুদ্ধ হয়ে পড়েছিল—চেহারা দেখচেন না ?

হাজ্জারি একটু শঙ্কিত হইয়া উঠিয়া দেওয়ালে টাঙানো গজাল-আঁটা ছোট্ট আয়নাখানায় নিজের মুখখানা দেখিবার চেষ্টা করিল—কি দেখিল পদ্ম ঝি তাহার চেহারাতে ! গাঁজা তো 'দূরের কথা, একটা বিড়ি পর্য্যন্ত সকাল হইতে সে খায় নাই !

—যাও, কাল একটা ঠিকে ঠাকুর আনা হয়েছিল, তার মজুরি এক টাকা, আর জল-খাবারের চার আনা তোমার এ মাসের মাইনে থেকে কাটা যাবে। ফের যদি এমন হয়, সেই দিনই বিদেশ ক'রে দেবো মনে থাকে যেন—বেচু চক্ৰবর্তী রায় দিলেন।

হাজ্জারি অপ্রতিভ মুখে রান্নাঘরের মধ্যে গিয়া ঢুকিল—সেখানেও নিস্তার নাই। কর্তার হাত হইতে নিষ্কৃতি পাইলেও, পদ্ম ঝির হাতে অত সহজে পরিত্রাণ পাওয়া দুষ্কর। পদ্ম ঝি হাজ্জারির পেছন পেছন রান্নাঘরে ঢুকিয়া বলিল—করবে না তো তোমার কাজ ওয়া—কেন করবে ?... একা হাঁড়ি ঠেলে আজকে—যেমন বদমাইশ তার তেমনি। একা বড় ভেকুটি নামাও, ফেন গালো, ভাত বাড়ো খন্দ্রদেয়—কাল সব কাজ মুখ বুজে ও-ঠাকুর করেছে একা—নবাবপুস্তার গাঁজা খেয়ে কোথায় পড়ে আছেন আর ওর সঙ্গে খেটে মরবে সবাই—উড়ুড়ে মডুইপোড়া বামুন কোথাকার।

পদ্ম ঝি বাগের মাথায় ভুলিয়া গিয়াছিল, এই মাত্র বেচু চক্ৰবর্তী বলিয়াছেন যে, কাল হাজ্জারির বদলে ঠিকা ঠাকুর রাখা হইয়াছিল যাহার মজুরি হাজ্জারির মাইনা হইতে কাটা যাইবে।

হাজ্জারি অবাক হইয়া বলিল, একা কি রকম ? এই তো ঠিকে ঠাকুর রাখা হয়েছে বলেন কর্তাবাবু ?

পদ্ম ঝি সামলাইয়া লইবার চেষ্টায় বলিল—হইছিল তো। হয়নি তো কি? কর্ত্তামশায় কি মিথ্যে কথা বলেন তোমার কাছে? যদি না-ই বা পাওয়া যেত ঠাকুর তবে ঠাকুরকে একা খাটতে হোত না? তোমার সঙ্গে কথা কাটাকাটি করবার সময় নেই আমার—মুর্শিদাবাদ আসবার সময় হোল। এখুনি ইষ্টিশানের খন্দের সব আসবে। ভাল সাঁলে ফেলো তাড়াতাড়ি, চক্কড়িটা চড়িয়ে ছাও।

মুর্শিদাবাদ ট্রেন সশব্দে আসিয়া প্রাটকর্থে দাঁড়াইল। এইবার কিছু খরিদারের ভিড় হইবে।

হাজারি ছোট ডেক্‌চিটার মধ্যে হাত ডুবাইয়া ভাল সাঁলাইতেছে, এমন সময় বাহিরে গদির ঘরে বেচু চক্কির চড়া গলার আওয়াজ এবং তর্কবিতর্কের শব্দ শুনিয়া সে রান্নাঘরের দোবের কাছে আসিয়া বাহিরের ঘরের দিকে চাহিল।

ষতীশ ভট্টচাজের সঙ্গে কর্ত্তামশায়ের কথা কাটাকাটি হইতেছে। ষতীশ ভট্টচাজ অনেক দিন হইতে তাহাদের খরিদার—আগে আগে নগদ পয়সা দিয়া খাইয়া বাইত, আজ মাল-ছয় হইতে মাসিক হারে খায়। বয়স পঞ্চাশ-বাহান্ন, ম্যালেরিয়া রোগীর মত চেহারা, মাথার চুল প্রায় পাকিয়া গিয়াছে, রং পূর্বে ফর্সা ছিল, এখন পুড়িয়া আধকালো হইয়া আসিয়াছে প্রায়। পরনে ময়লা ধূতি, গায়ে লংকথের ময়লা পাঞ্জাবি, পায়ে বিবর্ণ কেমিসের জুতা।

বেচু চক্কি বলিতেছেন—না, আপনি অল্পস্তর চেষ্টা করুন ভট্টচাজ মশাই। আমি পারবো না সোজা কথা। হোটেল খুলিচি দু'পয়সা রোজগারের চেষ্টায়, অল্পস্তর তো খুলিনি?

ষতীশ ভট্টচাজ বলিতেছে—টাকার জন্মে আপনি ভাববেন না চক্কি মশাই। এ ক' মাসের বাকী আমি এক সঙ্গে দেবো।

—না মশাই—আপনি অল্পস্তর চেষ্টা করুন। যা গিয়েচে, গিয়েচে—আর আপনাকে খাইয়ে আমি জড়াতে রাজী নই।

ষতীশ ভট্টচাজ বেশ নরম স্বরে বলিল—না না, যাবে কেন? বিলক্ষণ! পাই-পয়সা শোধ ক'রে দেবো। তবে পড়ে গিইচি একটু ফেরে কর্ত্তামশাই, ('খুব খোশামোদ জুড়ে দিয়েচে!') তা এই ক'টা দিন ধেমল খাচ্চি তেমনি খেয়ে বাই—সামনের মাসের পয়সা দোসরা—

—না মশাই, সামনের মাসের পয়সা দোসরার এখনো ঢের দেরি। ও-সব আর চলবে না। মাপ করবেন, আপনি অল্পস্তর দেখুন—

ষতীশ ভট্টচাজের চেহারা দেখিয়া হাজারির মনে হইল, লোকটা খুব ক্ষুধার্ত, সকাল হইতে কিছু খায় নাই। এত বেলায় না খাওয়াইয়া কর্ত্তামশাই তাড়াইয়া দিতেছেন, কাজটা কি ভালো? হয়ত কিছু কষ্টে পড়িয়া থাকিবে, নতুবা দুমুঠা খাইবার জন্য লোকে এত খোশামোদ করে না।

হাজারির ইচ্ছা হইল, একবার সে বলে—কর্ত্তামশাই আমি আজ খাবো না—কাল দেশে

একটা নেমস্তম্ভ ছিল খেয়ে শরীর খারাপ আছে। আমার ভাতটা না হয় ভট্টাচার্য মশাই খেয়ে বান—কিন্তু কথটা বলিলে কর্তামশায়ের অপমান করা হইবে, বিশেষ করিয়া পদ্ম তাহা হইলে তাহাকে আস্ত রাখিবে না।

বতীশ ভট্টাচার্য শেষ পর্য্যন্ত না খাইয়া চলিয়া গেল।

হাজারি ভাবিল—আহা, পুরোনো খন্দের—ওকে এক খাল ভাত দিলে কি ক্ষতি হোত হোটেলের—আমি যদি কখনো হোটেল করি, খেতে এলে কাউকে ফেরাবো না—এতে আমার হোটেল উঠে যায় আর থাকে। একে তো ভাত বেচে পয়সা—তার ওপর খিদের সময় লোককে ফেরাবো ?

ট্রেনের প্যাসেঞ্জার খরিদ্ধারগণ আসিয়া পড়িয়াছে। খাইবার ঘরে বেশ ভিড়। মতি চাকর আজ দশ-বারোটি লোক জুটাইয়া আনিয়াছে। পদ্ম আসিয়া বলিল—দশ খালা ভাত বাড়ো—দু'খালা নিরিমিস্ত্রি। আলুর ডালনা দিও।

আধঘণ্টা পরে মুর্শিদাবাদ ট্রেনের খরিদ্ধার বিদায় হইলে, অপ্রত্যাশিত ভাবে বনগাঁয়ের ট্রেনের সময় কতকগুলি লোক খাইতে আসিল। বেলা দেড়টা, এ সময় নূতন লোক প্রায়ই আসে না, পদ্ম কি যখন হাঁকিল, পাঁচ খালা ভাত ঠাকুর—হাজারি তাহাকে ডাকিয়া চুপি চুপি বলিল—ডাল একেবারেই নেই—দু'জনের মত হবে কি না—

পদ্ম কি ডেক্‌চির কাছে আসিয়া নীচু হইয়া দেখিয়া চাপা কণ্ঠে বলিল—ওমা, এ তো একেবারেই নেই বলে হয়! এখন খন্দের খাওয়াবো কি দিয়ে? তোমার দোষ, যখন ডাল কমে আসচে, এখনও দু'খানা টেরেন্ বাকি, তখন একটু ফেন মিশিয়ে সাঁতলে নিলে না কেন? কতবার তোমায় বলে দেওয়া হয়েছে! ফেন আছে ?

হাজারি বলিল—আছে।

—আছে তো দু'বাটি গুণ্ড ডালে কেলে—দিয়ে একটু ছন দিয়ে গরম ক'রে নাও। ই করে দাঁড়িয়ে দেখচো কি ?

হাজারি এ ধরনের কাজ কখনো করে নাই। করিতে তাহার বাধে। সে সত্যই ভাল রাখুনী। ইচ্ছা করিয়া হাতের ভাল রান্নাটা নষ্ট করিতে বা এভাবে খরিদ্ধার ঠকাইতে তাহার মন সরে না। কিন্তু পদ্ম কির হুকুম না মানিয়া উপায় কি? বাধ্য হইয়া ডালে ফেন মিশাইয়া খরিদ্ধার বিদায় করিতে হইল।

ছুটি পাইল সেদিন প্রায় বেলা আড়াইটায়।

একটুখানি গড়াইয়া লইয়া রোদ একটু পড়িয়া আসিলে সে চূর্ণানদীর তীরে তাহার অভ্যাশমত বেড়াইতে চলিল। আজ ক'দিন নদীর ধারে যায় নাই—আর সেই পরিচিত নির্জন নিমগাছটার তলায় বসিয়া গাছের গুঁড়ি ঠেস্ দিয়া ওপারের খেয়াঘাটের দিকে এবং শান্তিপুর বাইবার রাস্তায় দিকে চাহিয়া থাকে নাই। বেশ লাগে জায়গাটা।

আর ওখানে গিয়া বসিলেই হাজারির মাথায় হোটেল সংক্রান্ত নানা রকম নতুন কথা আসে, অস্ত কোথাও তেমন হয় না।

আজ জায়গাটাতে গিয়া বসিতেই হাজারির প্রথমে মনে হইল, হোটেল চলে রান্নার গুণে । বাহারা পয়সা দিয়া খাইতে আসিবে, তাহার চায় ভাল জিনিস খাইতে—ফেন-মিশানো ভাল খাইতে তারা আসে না ।

পদ্ম বিয়ের অনাচারের দরুন বেচু চক্কির হোটেল উঠিয়া যাইবে । তাহার নিজের হোটেল ততদিনে খোলা হইয়া যাইবে ! তাহার রান্নার গুণেই হোটেল চলিবে । হঠাৎ হাজারি লক্ষ্য করিল, বতীশ ভট্টচাজ্, চুর্ণীর খেয়াঘাটে দাঁড়াইয়া আছে । বোধ হয় পার হইয়া ওপারে যাইবে ।

—ও ভট্টচাজ্ মশায়—ভট্টচাজ্ মশায়—

বতীশ চাহিয়া দেখিয়া উঠিয়া হাজারির কাছে আসিল ।

—কোথায় যাবেন ?

—যাচ্ছি একটু ফুলে-নব্লা, আমার ভায়রাভাই থাকে, তারই ওখানে । দেখলে তো হাজারি তোমাদের চক্কি মশায়ের কাণ্ডটা আজ ! বলি টাকা কি আমি দিতাম না ? দুপুরবেলা না খাইয়ে কি-না বললে অল্প জায়গায় চেঁচা করুন গিয়ে । ভাত-বেচা বামুন যদি ছোটলোক না হয়, তবে আর কে হবে ! বিড়ি আছে ? দাঁও তো একটা—

হাজারি নিকট হইতে বিড়ি লইয়া ধরাইয়া বলিল—দুশো বাঁটা মারি শহরের মাধায় । আর থাকি নে । যাচ্ছি ফুলে-নব্লা, আমার বড় ভায়রাভাই পার্কতী চক্কি সেখানে একজন নাম-করা লোক । পার্কতী দাদা একবার বলেছিল ওদের জমিদারী কাছারীতে একটা চাকরি ক'রে দেবে । পালচৌধুরীদের জমিদারী । মস্ত কাছারী । সেখানেই যাচ্ছি । একটা হিল্লো হয়ে যাবেই ।

হাজারি বলিল—একটা কথা বলি ভট্টচাজ্ মশাই, যদি কিছু মনে না করেন—

বতীশ ভট্টচাজ্ বলিল—কি ?—টাকাকড়ি এখন কিছু নেই আমার কাছে তা বলে দিচ্ছি । তবে দেনা আমি রাখবো না—খাওয়ার টাকা আগে শোধ দিয়ে তখন অল্প কথা । সে তুমি বলে দিও চক্কি মশাইকে ।

হাজারি বলিল—টাকাকড়ির কথা বলিনি । বলছিলাম, আপনি আহা করছেন ?

বতীশ ভট্টচাজ্ কিছুমাত্র না ভাবিয়া সঙ্গে-সঙ্গে উত্তর দিল—না । কোথায় করবো ? অল্প বেলায় চক্কি মশায়ের হোটেল থেকে ফিরে আর ভাত কে আমার জন্তে নিয়ে বসে ছিল ?

হাজারি থপ্ করিয়া বতীশ ভট্টচাজ্‌র ডান হাতখানা ধরিয়া বলিল—আমার সঙ্গে চলুন ভট্টচাজ্ মশায়—আমি আপনাকে রেঁধে খাওয়ানো আজ । আহুন আমার সঙ্গে—

বতীশ ভট্টচাজ্ বলিল—কোথায় ? কোথায় ? আরে না, না হাজারি, আজ ও-সব থাক্, আমি জল-টল খেয়ে—আর এমন অবেলায়—

হাজারি নাছোড়বান্দা । তাদের হোটেলের একজন পূর্বানো খন্দের আজ পয়সা নাই

বলিয়া সারাদিন অনাহারে থাকিয়া রাণাঘাট হইতে চলিয়া যাইতেছে—কি জানি কেন, এ ব্যাপারটার জন্ত হাজারি যেন নিজেকেই দায়ী করিয়া বসিল।

ষতীশ ভট্টাচার্য বলিল—আমি তোমাদের হোটেলের আর যাবো না কিন্তু হাজারি। আজ্ঞা ছুঁই যখন ছাড়চো না তখন বরং একটু জল-টল খাওয়াও।

—হোটেলের নিয়মই বা যাবো কেন? আমুন না জল-টল নয়, ভাত খাওয়ানো রেঁধে। ষতীশ ভট্টাচার্য ব্যস্ত হইয়া বলিল, না না, ফুলে-নব্লা যেতে পারবো না আজ তাহলে। আজ সেখানে পৌঁছতেই হবে।

নিকটেই কুম্ভের বাড়ী, একবার হাজারি ভাবিল ভট্টাচার্যকে সেখানে লইয়া যাইবে কি না। শেষে ভাবিয়া-চিন্তিয়া তাহাই করিল। ভদ্রলোককে নতুবা কোথায় বসাইয়া সে খাওয়ায়?

কুম্ভের বাড়ীর দোরে কড়া নাড়িতেই কুম্ভ আসিয়া দোর খুলিয়া হাজারিকে দেখিয়া হাসিমুখে কি বলিতে যাইতেছিল, হঠাৎ ষতীশ ভট্টাচার্যের দিকে দৃষ্টি পড়ায় সে লজ্জিত হইয়া নীচুস্বরে বলিল—বাবাঠাকুর কি মনে করে? উনি কে সঙ্গে?

—ওঁর জন্তেই আসা। উনি বামুন মাস্তুল, আজ সারাদিন খাওয়া হয়নি। আমার চেনাওনা—আমাদের হোটেলের পুরোনো খদ্দের। পয়সা ছিল না বলে খেতে দেয়নি কর্তায়শাই। উনি না খেয়ে শাস্তিপুর চলে যাচ্ছিলেন, আমার সঙ্গে দেখা—ঘরে আনলুম। ওঁকে কিছু না খাইয়ে তো ছেড়ে দেওয়া যায় না। বাইরের ঘরটা খুলে দাও গিয়ে—

কুম্ভ ব্যস্ত হইয়া বাহিরের ঘরের দোর খুলিতে গেল। ষতীশ ভট্টাচার্য কিছু দূরে দাঁড়াইয়া ছিল—হাজারি তাহাকে ডাক দিয়া বাহিরের ঘরে বসাইল। তাহার পর বাড়ীর ভিতর যাইতেই কুম্ভ উদ্ভিন্ন কণ্ঠে বলিল—কি করবেন বাবাঠাকুর, রান্না করবেন? সব যোগাড় করে দিই! আর ভতরফ ঘরে যা-কিছু আছে, ও বাবাঠাকুরকে দিই, কি বলেন?

হাজারি বলিল—রান্না করে খাওয়াতে গেলে চলবে না কুম্ভ। উনি থাকতে পারবেন না; ফুলে-নব্লা যাবেন। আমি বাজার থেকে খাবার কিনে আনি—এখানে একটু বসবার জন্তে নিয়ে এলাম।

কুম্ভ হাসিয়া বলিল—বাবাঠাকুর, আপনি ব্যস্ত হবেন না দিকিনি। আমি সব যোগাড় করছি জলখাবারের। আমার ঘরে সব আছে, ঘরে থাকতে বাজারে যাবেন খাবার আনতে কেন? আমার বাড়ীতে যখন ব্রাহ্মণের পায়ের ধূলা পড়েচে, তখন আমার ঘরে যা আছে তাই দিয়ে খেতে দেব—কিন্তু বাবাঠাকুর, সেই সঙ্গে আপনিও—মনে থাকে যেন। হাজারি প্রতিবাদ-বাক্য উচ্চারণ করার পূর্বেই কুম্ভ ঘরের মধ্যে চলিয়া গেল—অগত্যা হাজারি বাহিরের ঘরে ষতীশ ভট্টাচার্যের কাছে কিরিয়া আসিল।

ষতীশ ভট্টাচার্য বলিল—তোমার কোনো আত্মীয়ের বাড়ী নাকি হে?

—না, আত্মীয় নয়, এরা হোল ঘোব-গোয়লা। এই বাড়ীতে আমার ধর্মময়ের বিয়ে হয়েছে, ওই বে ঘোর খুলে দিলে, ওই মেয়েটি!

পনেরো মিনিট আন্দাজ পরে বন্ বন্ করিয়া শিকল নড়িয়া উঠিতে হাজ্জারি বাহিরের বাড়ীর অন্দরের দিকে দাওয়ায় গিয়া দাঁড়াইল—দাঁড়াইয়া দাওয়ার দিকে চাহিয়া অবাক হইয়া গেল। হু'খানি পরিষ্কার-পরিচ্ছন্ন আসন পাতা—হু'বাটি জ্বাল দেওয়া দুধ, দুখানা খালে ফল-মূল কাটা, বড় বাতাসা, ছানা, দুটি মুখ-কাটা ভাব। স্বক্ৰম্বে করিয়া মাজা দুটি কাঁসার গ্লাসে দু'গ্লাস জল।

হাসিমুখে কুসুম বলিল—ওঁকে ডাকুন, সেবা করতে বলুন। যা বাড়ীতে ছিল একটু মুখে দিয়ে নিনু হু'জনে।

—তা তো হোল—কিন্তু আমি আবার কেন সুকুম?

—মেয়ের বাড়ী যে—না খেয়ে ষাবার কি জো আছে? ডাকুন ওঁকে।

ষতীশ ভট্টচাজ্ খাইতে বসিয়া ঘেরুণ গোপ্রাসে খাইতে লাগিল, দেখিয়া মনে হইল, সে বড়ই ক্ষুধার্ত ছিল। তাহার খালায় একটুও কিছু পড়িয়া রহিল না। কুসুম পান সাজিয়া বাহিরের ঘরে পাঠাইয়া দিল, খাওয়ার পরে। ষতীশ ভট্টচাজ্ বিদায় লইবার সময় বলিল—তোমার মেয়েটিকে একবার ডাকো হাজ্জারি, আশীর্বাদ করে যাই।

কুসুম আসিয়া গলায় কাপড় দিয়া হু'জনকেই প্রণাম করিল। ষতীশ ভট্টচাজ্ বলিল—মা শোনো, সারাদিন সত্যিই খাইনি। ভারি তৃপ্তির সঙ্গে খেলাম তোমার এখানে। তুমি বড় ভাল মেয়ে, ছেলেপিলে নিয়ে সুখে থাকো, আশীর্বাদ করি।

হাজ্জারি ষতীশ ভট্টচাজ্জের সঙ্গে চলিয়া আসিল।

পথে আসিয়া বলিল—ভট্টচাজ্ মশাই, একটা হোটেল নিজে খুলবো অনেক দিন থেকে ইচ্ছে আছে। আপনি কি বলেন?

—অন্যাসে করতে পারো। খুব লাভের জিনিস—তোমার হবেও। তোমার মনটা বড় ভালো। কিন্তু পয়সা পাবে কোথায়?

—তাই নিয়েই তো গোলমাল। নইলে এতদিন খুলে দিতাম—দেখি, চেষ্টায় আছি—ছাড়টি নে—ওই যে আমার মেয়ে দেখলেন, ওই কুসুম, ও একবার টাকা দিতে চেয়েছিল। তা কি নেওয়া ভাল? ও গরীব বেওয়া লোক, কেন ওর সামান্য পুঁজি নিতে যাবো? তাই নিই নি। নিলে ও এখুনি দেয়—তবে সে টাকা খুব সামান্য। তাতে হোটেল খোলা হবে না।

ষতীশ ভট্টচাজ্ চূর্ণীর খেয়ার ধারে আসিয়া বলিল—আচ্ছা, চলি হাজ্জারি—তুমি হোটেল খুললে তোমার হোটেল আমি বাঁধা খন্দের থাকবো, সে তুমি ধরে নিতে পারো। আর কোথাও যাবো না—তোমার মত রান্না ক'টা ঠাকুর বাঁধতে পারে হে? বেচু চক্কতির হোটলে আমি যে যেতাম শুধু তোমার নিরামিষ রান্না খাওয়ার লোভে! ভাল চলবে তোমার হোটেল। এদিগতে তোমার মত বাঁধতে পারে না কেউ, বলে যাচ্ছি।

ষতীশ ভট্টচাজ্ তো চলিয়া গেল, কিন্তু হাজ্জারির মনে তাহার শেষ কথাগুলি একটা খুব বড় বল ও প্রেরণা দিয়া গেল।

সে জানে, তাহার হাতের রান্না ভাল—কিন্তু খরিকারের মুখে সে কথা শুনিলে তবে না ভুলি। ক্ষুধার্ত ব্রাহ্মণকে খাওয়াইয়াছিল বটে—কিন্তু সে যাইবার সময় বাহা দিয়া গেল হাজারির মনের আনন্দ ও উৎসাহের দিক দিয়া দেখিতে গেলে তাহা খুব মূল্যবান ও সার্থক প্রতিদান।

হাজারি যখন হোটেলে ফিরিল, তখন বেলা বেশী নাই। রতন ঠাকুর ভাল-ভাত চাপাইয়া দিয়াছে, মাত চাকর বা পদ্ম ঝি কেহই নাই। গদির ঘরে বেচু চক্কত্তি কাহাদের সঙ্গে কথাবার্তা বলিতেছিল।

হোটেলের রান্নাঘরে ঢুকিলে কিন্তু হাজারির মনে নতুন বলের সঞ্চার হয়। বরং ছুটি পাইয়া বাহিরে গেলেই যত দুর্ভাবনা আসিয়া ছোটে—প্রকাণ্ড উয়নের উপরে ফুটন্ত ডেক্টির সামনে বসিয়া হাজারি নিজেকে বিজয়ী বীরের মত কল্পনা করে। তখন না মনে থাকে কুম্বের কথা, না মনে থাকে অন্ন কোনো কিছু। অবসাদ আসে কাজ হাতে না থাকিলে, এ বরাবর দেখিয়া আসিতেছে সে।

ইতিমধ্যে রতন ঠাকুর ফিরিল।

হাজারিকে চুপি চুপি বলিল—একটি কথা আছে। আমার দেশের একজন লোক এসেছে—আমার কাছে থেকে চাকরি খুঁজবে। বড় গরীব—তাকে যিনি টিকিটে খাওয়ার ঘরে ঢুকিয়ে খেতে দিতে হবে। তোমার যদি মত হয়, তবে তাকে বল।

হাজারি বলিল—নিয়ে এসো, তার আর কি। গবীর মানুষ খাসে, আমার কোনো অমত নেই। রতন ঠাকুর খুব খুশী হইয়া চলিয়া গেল। রাত্রে তাহার লোক যখন খাইতে আসিল, রতন ঠাকুর হাজারিকে ডাকিয়া ইঙ্গিতে লোকটাকে চিনাইয়া দিতে, হাজারি পরিতোষ করিয়া তাহাকে খাওয়াইল।

পদ্ম ঝিয়ের অত্যন্ত সতর্ক দৃষ্টি এড়াইয়া লোকটা বিনা টিকিটে খাইয়া চলিয়া গেল—কেহ কিছু ধরিতেও পারিল না।

এই রকম চলিল, এক-আধ দিন নয়, দশ-বারো দিন! একদিন আবার তাহার অন্ন এক সন্ধ্যা জুটাইয়া আনিয়াছে, তাহাকে বিনামূল্যে খাইতে দিতে হইল।

ব্যাপারটি সামান্য, হাজারি কিন্তু একটা প্রকাণ্ড শিক্ষা পাইল ইহা হইতে। এত সতর্ক ব্যবস্থার মধ্যেও চুরি তো বেশ চলে! বেচু চক্কত্তির টিকিট ও পয়সাতে ঠিক মিল আছে, স্বতরাং তাঁর দিক দিয়া সন্দেহের কোন কারণ নাই—পদ্ম ঝি যে পদ্ম ঝি, সে পর্যন্ত বিন্দুবিন্দুগ্ন জানিল না ব্যাপারটার। ভাত গুরকারি কিছু মাপ থাকে না যে কম পড়বে। স্বতরাং কে ধরিতেছে? কেন? এ ধরনের চুরি ধরিবার কি উপায় নাই কোনো?

কয়দিন ধরিয়া হাজারি চুপীর ঘাটে নির্জনে বলিয়া শুধু এই কথা ভাবে। ঠাকুরে ঠাকুরে বড়শয় করিয়া যদি বাহিরের লোক ঢুকাইয়া খাওয়ার, তবে সে চুরি ধরিবার উপায় কি? অনেক ভাবিয়া একটা উপায় তাহার মাথায় আসিল একদিন বিকালে। থালায়

নম্বর যদি দেওয়া থাকে, আর টিকিটের নম্বরের সঙ্গে যদি তার মিল থাকে, তবে খালা এঁটো হইলেই ধরা পড়িবে অমুক নম্বরের খালার খন্দের বিনা টিকিটে খাইয়াছে—না পয়সা দিয়া খাইয়াছে।

মাঝে মাঝে তদারক করিলেই জিনিসটা ধরা পড়িবে। তা ছাড়া খালা মাজ্জিবার সময় কি বা চাকরের নিকট হইতে এঁটো খালার নম্বরগুলি জানিয়া লইলেই হইবে।

হাজারি খুব খুশী হইল। ঠিক বাহির করিয়াছে বটে—একটা ফাঁক অবিশ্বাস আছে, সেও জানে—যদি কলাপাতায় খাইতে দেওয়া হয়। যদি বিনা নম্বরী খালা সেই লোকটা বাহির হইতে আনে—তাহাতে নিস্তার নাই, কারণ কি-চাকরের চোখে তখনই ধরা পড়িবে। এঁটো খালা সেই লোকটা কিছু মাজ্জিতে বসিতে পারে না হোটেলের মধ্যেই। কলার পাতায় কেহ খাইতেছে, ইহা চোখে পড়িলে তখনই কি-চাকরে সন্দেহ করিবে বলিয়া হঠাৎ কেহ সাহস করিবে না কাহাকেও পাতায় ভাত দিতে।

দুশো-আড়াইশো টাকা যদি যোগাড় করা যায়, তবে এই রেলবাজারেই আপাততঃ হোটেল খুলিয়া দেওয়া যায়। টাকা দেয় কে ?

যতীশ ভট্টাচার্যের কথা তাহার মনে পড়িল।

বেচারী বড় কষ্টে পড়িয়াছে! শেষে কিনা ভায়রভাইয়ের বাড়ী চলিয়াছে আশ্রয় প্রার্থনা করিতে! লোকে কি সোজা কষ্ট পাইলে তবে কুটুম্বস্থানে যায় চাকুরির উমেদার হইয়া!

যদি সে হোটেল খোলে, যতীশ ভট্টাচার্যকে আনিয়া রাখিবে। বুদ্ধ মাহুষ, দুটি করিয়া খাইতে পারিবে আর কিছু হাত খরচ মিলিবে। ইহার বেশী তাহার আর কিসেরই বা দরকার।

প্রতিদিনের মত আজও বেলা পড়িয়া আসিল। গত দু'বৎসর যেরূপ হইয়া আসিতেছে। সেই একই ঘোড়ানিম গাছ, সেই একই চূর্ণীর থেয়াঘাট, পালেদের সেই একই কয়লার ডিপোতে মুটে ও সরকার বাবুর সঙ্গে ঝগড়া চলিতেছে—সবই পুরাতন।

দিন যায়, কিন্তু তাহার সাধ পূর্ণ হইবার তো কোনো লক্ষণই দেখা যাইতেছে না। বরং দিন দিন আরও ক্রমে অবস্থা খারাপের দিকেই চলিয়াছে।

সামান্য মাইনে হোটেলের—কি হইবে ইহাতে ? বাড়ীতে টেঁপিকে একখানা ভাল শখের কাপড় দেওয়া যায় না, পেট পুরিয়া খাইতে দেওয়া যায় না।

টেঁপির মা গরীব ঘরেরর মেয়ে। যেমন বাপের বাড়ীতে কখনও স্নেহের মুখ দেখে নাই, স্বামীর ঘরে আসিয়াও তাই। সংসারে গভীর খাটুনি খাটিয়া ছেলেমেয়ে মাহুষ করিতেছে—মুখ ফুটিয়া কোনোদিন স্বামীর কাছে কোনো আদর-আবদার করে নাই—ছেড়া কাপড় সেলাই করিয়া পরিতেছে, আধপেটা খাইয়া নিজে, ছেলেমেয়েদের জন্য দু-মুঠা বেশী ভাত জল দিয়া রাখিয়া দিতেছে ইাড়িতে, তাহার সন্ধ্যা বেলা খাইবে। কখনো কোনোদিন সেজন্য বিরক্তি প্রকাশ করে নাই, অদৃষ্টকে নিন্দা করে নাই।

হাজারি সব বোঝে।

তাই তো সে আজকাল সর্বদা একমনে উপায় চিন্তা করে—কি করিয়া সংসারের উন্নতি করা যায়। চক্ৰান্তি মশায়ের হোটেলে রাঁধুনীবৃত্তি করিলে কখনও যে উন্নতি করা যাইবে না। আর পদ্ম ঝির কাঁটা খাইয়া মাঝে পড়িয়া হাড় কালি হইয়া যাইবে।

ভগবান যদি দিন দেন, তবে তাহার আজীবনের সংকল্প সে কার্যে পরিণত করিবে। হোটেল একখানা খুলিবে।

কুসুমের সঙ্গে এই যে আলাপ হইয়াছে, হাজারি এটাকে পরম সৌভাগ্য বলিয়া মনে করে। কুসুম চমৎকার মেয়ে—প্রবাস-জীবনে কুসুমের সাহচর্য, তাহার মধুর ব্যবহার—হোক না সে গোয়ালার মেয়ে—কিন্তু বড় ভাল লাগে, আরও ভাল লাগে এইজন্তে যে ঠিক কুসুমের মত স্নেহ-প্রবণ কোনো আত্মীয়া মেয়ের সংস্পর্শে সে কখনও আসে নাই।

অনেকখানি যে নির্ভর করা যায় কুসুমের ওপর। সব বিষয়ে নির্ভর করা যায়। মনে হয়, এ কাজের ভার কুসুমের উপর দিয়া নিশ্চিন্ত হওয়া যায়, সে প্রতারণা করিবে তো নাই-ই, বরং প্রাণপণ-স্বত্ব কাজ উদ্ধার করিবার চেষ্টা করিবে, যেমন আপনার লোকে করিয়া থাকে।

হাজারি যদি নিজের দিন ফিরাইতে পারে, তবে কুসুমের দিনও সে অমন রাখিবে না।

টেঁপিও তার মেয়ে, কিন্তু টেঁপি বালিকা, কুসুম বুদ্ধিমতী। ও যেন তার বড় মেয়ে—যে বাপের দুঃখকষ্ট সব বোঝে এবং বুঝিয়া তাহা দূর করিবার চেষ্টা করে। মন-প্রাণ দিয়া চেষ্টা করে। মেয়েও বটে, বন্ধুও বটে।

সকালে সেদিন রতন ঠাকুর আসিল না।

পদ্ম ঝি আসিয়া বলিল, ও-ঠাকুর আজ আর আসবে না, কাল ব'লে গিয়েচে; তরকারী-গুলো তুমি কুটে নাও, নিয়ে রান্না চাপিয়ে দাও, আমি আঁচ দিয়ে দিচ্ছি।

হাজারি প্রমাদ গণিল। আজ হাটবার, দুপুরে অন্ততঃ একশো দেড়শো হাটুরে খরিকদার খাইবে; একহাতে তাহাদের রান্না করা এবং খাওয়ানো সোজা কথা নয়।

পদ্ম ঝির কথামত সে বঁটি পাতিয়া তরকারি কুটিতে বসিয়া গেল—বেলা সাড়ে-আটটার সময় সব ডাল-ভাত নামিয়াছে—এমন সময় একজন খরিকদার টিকিট লইয়া খাইতে আসিল।

হাজারি বলিল—আজ্ঞে বাবু, সব ডাল-ভাত নেমেছে, কি দিয়ে খাবেন?

লোকটি রাগিয়া বলিল—ন'টা বেছে, মোটে ডাল-ভাত? কি রকম ঠাকুর তুমি? বহু বাড়্‌ঘ্যের হোটেলে এতক্ষণ তিনটে তরকারি হয়ে গিয়েচে। এ রকম করলেই তোমাদের হোটেল চলেচে?

হাজারি বলিল—ন'টা তো বাজেনি বাবু, সাড়ে-আটটা।

লোকটার মেজাজ রুদ্ধ ধরনের। বলিল—আমি বলছি ন'টা, তুমি বলচো সাড়ে-আটটা! আবার মুখে মুখে তর্ক? আমি ষড়ি দেখতে জানিনে?

—সে কথা তো হয় নি বাবু। ষড়ি কেন দেখতে জানবেন না, আপনারা বড় লোক। কিন্তু ন'টা বাজলে কেউনগরের গাড়ী আসে। সে গাড়ী তো এখনো আসে নি?

—আবার তর্ক ? এক চড় মারবো গালে—

বোধ হয় লোকটা মারিয়াই বসিত, ঠিক সেই সময় পদ্ম ঝি গোলমাল সুনিয়া ঘরের মধ্যে ঢুকিয়া বলিল—কি হয়েছে বাবু ?

লোকটা পদ্ম ঝিয়ের দিকে ফিরিয়া বলিল—তোমাদের এই অসভ্য ঠাকুরটা আমার সঙ্গে মুখোমুখি তর্ক করচে, কি জানোয়ার। হোটেলের রাধুনীগিরি করতে এসে আবার লম্বা লম্বা কথা, আজ দিতাম তোমাকে একটি চড় কষিয়ে, টের পেতে তুমি মজা—

পদ্ম ঝি বলিল—যাক বাবু, আপনি ক্ষ্যামা দেন। ওর কথায় চটলে কি চলে ? আহ্নন, আপনি থাকেন এখানে।

—থাবো কি, তোমাদের ঠাকুর বলচে এখনও কিছু রান্না হয় নি। তাই বলতে গেলাম তো আমার সঙ্গে তর্ক। রান্না হয় নি তো টিকিট বিক্রি করেছিলে কেন তোমরা ? দেখাভো তোমাদের মজা ! যত বদমায়েশ সব।

পদ্ম ঝি বাঁজের সহিত বলিল—ঠাকুর, তুমি কি রকম মাহুষ ? বাবুর সঙ্গে মুখোমুখি তর্কো করা তোমার কি দরকার ছিল ? রান্না কেনই বা হয় না। যা হয়েছে তাই দিয়ে ভাত দাও, আর মাছ ভেজে দাও। যান বাবু আপনি গিয়ে বসুন।

খানিক পরে লোকটা খাওয়া ফেলিয়া বলিল—মাছটা একেবারে পচা। রামো রামো, কেন মরতে এ হোটলে খেতে এসেছিলুম—ছি ছি—এই ঠাকুর এদিকে এসো—

পদ্ম ঝি হাঁ হাঁ করিয়া ছুটিয়া আসিয়া বলিল—কি হয়েছে বাবু, কি হয়েছে ?

—কি হয়েছে ? ষত সব ল্যাকামি ? মাছ একদম পচা, লোকজনকে মারবার মতলব তোমাদের—না ? আজই রিপোর্ট করে দিচ্ছি তোমাদের নামে—

রিপোর্টের কথা সুনিয়া পদ্ম ঝির মুখ শুকাইয়া গেল ; সে তাড়াতাড়ি বলিল—বাবু, আপনার পায়ে পড়ি বসুন, না খেয়ে উঠবেন না, আমি দই এনে দিচ্ছি। একদিন যা হয়ে গিয়েচে ক্ষ্যামা ঘেমা করে নিন বড় বাবু।

সে তাড়াতাড়ি দই ও বাতাসা আনিয়া দিল। লোকটি খাইয়া উঠিয়া ষাইবার সময় বেচু চক্ৰান্তি বিনীতস্বরে নিতান্ত কাঁচুমাঁচু হইয়া বলিল, বাবু একটা কথা আছে, আপনার টিকিটের পয়সাটা ত নিতে পারি নে। আপনার খাওয়ানো হোল না। পয়সা ক'আনা আপনি নিয়ে যান।

লোকটা বলিল—না না থাক। পয়সা দিতে হবে না ফেরত—কিন্তু এরকম আর যেন কখনও না হয়।

বেচু চক্ৰান্তি জোর করিয়া লোকটার হাতে পয়সা কয়েক আনা গুঁজিয়া দিল।

একটু পরে গদির ঘরে হাজারি ঠাকুরের ডাক পড়িল। হাজারি গিয়া দেখিল সেখানে পদ্ম ঝি দাঁড়াইয়া আছে।

বেচু চক্ৰান্তি বলিল—ঠাকুর, খদ্দেরদের সঙ্গে ঝগড়া করতে কদিন শিখেচ ?

হাজারি অবাক হইয়া বলিল—ঝগড়া ? কার সঙ্গে ঝগড়া করলাম বাবু ?

পদ্ম ঝি বলিল—ঝগড়া করেছিলে না তুমি ওই বাবুর সঙ্গে ? সে মুখোমুখি তুক্কো কি ! বাবু তো চড় মারবেনই ! আমি গিয়ে না পড়লে দিত কষিয়ে ছু-চার ধা। আগে কি বলেচে না বলেচে আমি তো শুনি নি, গিয়ে দেখি বাবু রেগে লাল হয়ে গিয়েচেন। ওর কি কাণ্ডজ্ঞান আছে ? তখনও সমানে ঝগড়া চালাচ্ছে—

বেচু চক্ৰান্তি বলিল—খন্দের ষাই কেন বলুক না তাই শুনে বেতে হবে, এ তুমি-বুড়ো হয়ে মরতে চলে, আজও শিখলে না তুমি ?

—বাবু, আপনি শুনে বিচার করুন। ঝগড়া তো আমি করি নি—উনি বলেন ন’টা বেজেচে, আমি বললাম সাড়ে-আটটা বেজেচে, এই উনি আমায় বলেন, আমি কি ষড়ি দেখতে জানিনে ?

পদ্ম ঝি বলিল—তোমার সব মিথ্যে কথা ঠাকুর। ও কথায় কখনো তুম্বর লোক চটে না। তুমি বেয়াদপের মত তুক্কো করেচো তাই বাবু চটে গিয়েচেন। আমি গিয়ে স্বকর্ণে শুনিচি তুমি যা তা বলচো।

অবশু এখানে পদ্ম ঝয়ের উক্তির সত্যতা সম্বন্ধে কোন প্রশ্নই চলিতে পারে না, এ কথা হাজারি ভাল করিয়া জানিত। বেচু চক্ৰান্তি মহাশয় কাহারও কথা শুনিবেন না, পদ্ম ঝি যাহা বলিবে তাহাই ঋব সত্য বলিয়া মানিয়া লইবেনই। সে অগত্যা চূপ করিয়া রহিল।

বেচু চক্ৰান্তি বলিল—পচা মাছ কে এনেছিল ?

হাজারি উত্তর দেবার পূর্বেই পদ্ম ঝি বলিল—ওই গিয়েছিল বাজারে। ওই এনেচে।

হাজারি বিষয়ে কাঠ হইয়া গেল। কি সৰ্ব্বনেশে মিথ্যে কথা ! পদ্ম ঝি খুব ভাল করিয়াই জানে, কাল রাত্রে প্রায় দেড়পোয়া আন্দাজ পোনা মাছ উদ্ধৃত হইলে, পদ্ম ঝি-ই তাহাকে বলিয়াছিল, মাছগুলো ঢাকিয়া রাখিতে এবং পরদিন কড়া করিয়া আর একবার ভাজিয়া লইয়া মাছের ঝাল করিতে ; তাহা হইলে খরিদার টের পাইবে না যে মাছটা বাসি। বাসি মাছ ভাজা সে খরিদারকে দিতে যায় নাই, পদ্ম ঝি নিজেই ভাজা মাছ দিবার কথা বলিয়াছিল !

কিন্তু এ সব কথা বেচু চক্ৰান্তিকে বলিয়া কোন লাভ নাই।

বেচু চক্ৰান্তি বলিল—তোমার আট-আনা জরিমানা হোল। মাইনের সময় কাটা যাবে—যাও।

হাজারি রান্নাঘরে ফিরিয়া আসিল—কিন্তু তাহার চোখ দিয়া যেন জল বাহির হইয়া আসিতে চাহিতেছিল, কি অসহ্য অবিচার ! সে বাজারে গিয়াছিল ইহা সত্য, মাছ কিনিয়াছিল তাহাও সত্য, কিন্তু সে মাছ পচা নয়, সে মাছ খরিদারের পাতে দেওয়াই হয় নাই ! অথচ পদ্ম ঝি দিয়া তাহার ঘাড়ে সব দোষ চাপাইয়া দিল, আর সেই মিথ্যা অপরাধে তাহার হইল জরিমানা।

পদ্ম ঝি তাহার সঙ্গে যে কেন এমন করিয়া লাগে—কি করিয়াছে সে পদ্ম ঝিদির ?

রতন ঠাকুর আজ নাই, খাটুনি সবই তাহার ওপর। আট-দশজন লোক ইতিমধ্যে টিকিট কিনিয়া খাবার ঘরে ঢুকিল, চাকরে জায়গা করিয়া দিল। হাজারি তাড়াতাড়ি আলু ভাজিয়া

ইহাদের ভাত দিল। তাহারা খুব গোলমাল করিতে লাগিল, শুধু আলুভাজা আর ডাল দিয়া খাওয়া যায়? ইহারা সকলেই রেলের যাত্রী। স্টেশন হইতে তাহাদের হোটেলের চাকর বলিয়া আনিয়াছে যে একমাত্র তাহাদেরই হোটলে এত সকালে সব হইয়া গিয়াছে—মাছের ঝোল, অম্বল পর্য্যন্ত। এখন দেখা যাইতেছে যে ডাল আর আলুভাজা ছাড়া আর কিছুই হয় নাই, এ কি অন্ত্য—ইত্যাদি।

পদ্ম কি দরজার কাছে মুখ বাড়াইয়া বলিল—ও ঠাকুর, দাও না মাছ ভেজে, বাবুয়া বলচেন তনতে পাও না? বাবুয়া খাবেন কি দিয়ে?

অর্থাৎ সেই পচা মাছ ভাজা আবার দাও। আজকার মাছ এখনও কোটা হয় নাই পদ্ম তাহা জানে।

হাজারি ঠাকুর কিন্তু পচা মাছ আর খরিদারদের পাতে দিবে না। সে বলিল—ভাজা মাছ আর নেই। যা ছিল ফুরিয়ে গিয়েছে।

পদ্ম কি বলিল—তবে একটু বহ্নন বাবুয়া, একখানা তরকারী করে দিচ্ছ, বহ্নন আপনারা, উঠবেন না।

শিক্ষামত মতি চাকর আসিয়া বলিল—ও ঠাকুর, বনগাঁয়ের গাড়ী আসবার যে সময় হোল, রান্নাবান্না কিছু হোল না এখন? ঘণ্টা পড়ে গিয়েছে যে।

খরিদারেরা ব্যস্ত-সমস্ত হইয়া উঠিল। ইহারাও সেই গাড়ীতে কক্ষনগরে যাইবে! একজন বলিল—ঘণ্টা পড়ে গিয়েছে?

মতি চাকর বলিল—ই্যা বাবু, অনেকক্ষণ। গাড়ী গাংনাপুর ছেড়েছে—এল বলে।

মাছভাজা খাওয়া মাথায় থাকুক—তাহারা তাড়াতাড়ি উঠিতে পারিলে বাচে। গাড়ী ফেল হইয়া গেলে অনেকক্ষণ আর গাড়ী নাই।

পদ্ম কি বলিল—আহা-হা উঠবেন না বাবুয়া, ধীরে-স্থিরে খান। মাছ ভেজে দাও ঠাকুর, আমি তাড়াতাড়ি কুটে দিচ্ছি। বহ্নন বাবুয়া।

খরিদারেরা উঠিয়া পড়িল—ধীরভাবে বসিয়া খাওয়া তাহাদের পক্ষে সম্ভব নয়। তাহারা চলিয়া যাইতেই পদ্ম কি বলিল—যাক, এইবার মাছগুলো কুটি। এত সকালে কোন্ হোটলে রান্না হয়েছে? ছ'খানা মাছের গাদা বেঁচে গেল।

এই জুয়াচুরিগুলা হাজারি পছন্দ করে না।

শুধু এখানে বলিয়া নয়, রেল বাজারের সব হোটলেই এই ব্যাপার সে দেখিয়া আসিতেছে। খরিদারকে খাওয়াইতে বসাইয়া দিয়া বলে—বাবু, গাড়ীর ঘণ্টা পড়ে গেল। খরিদার আধ-পেটা খাইয়া উঠিয়া যায়, হোটেলের লাভ।

ছিং—শ্রাম্য পয়সা গুনিয়া লইয়া এ কি জুয়াচুরি?

হাজারি ঠাকুর এতদিন এখানে কাজ করিতেছে, কখনো মুখ দিয়া একথা বাহির করে নাই যে ট্রেনের সময় হইয়া গেল।

অনেক সময় ট্রেনের সময় না হইলেও ইহারা মিথ্যা করিয়া ধূয়া তুলিয়া দেয়, যাহাতে

খরিদার ব্যস্ত হইয়া পড়ে—অধিকাংশই পাড়াগেয়ে লোক, রেলের টাইমটেবিল মুখস্থ করিয়া তাহারা বসিয়া নাই, ইহাদের ধাঁধা লাগাইয়া দেওয়া কঠিন কাজ নয়।

মতি চাকরকে শিখানো আছে, সে সময় বুকিয়া রেল গাড়ীর ধূয়া তুলিয়া দিবে—আজ পাঁচ-বছর হাজারি দেখিয়া আসিতেছে এই ব্যাপার।

নিজের হোটেল যখন সে খুলিবে ব্যবসাতে লাভ করিবার জন্ত এমন হীন ও নীচ, কৌশল সে অবলম্বন করিবে না। স্নাত্য পয়সা লইবে, স্নাত্যমত পেট ভরিয়া খাইতে দিবে। এই সব নিরীহ পল্লীবাসী রেলযাত্রীদের ঠকাইয়া পয়সা না লইলে যদি তাহার হোটেল না চলে, না হয় না-ই চলিল হোটেল।

ফাঁকি দেওয়া যায় না হাটুরে খরিদারদের!

আজ মদনপুরের হাট—এখানকারও হাট। পাড়াগাঁ হইতে দুখ ও তরিতরকারী লইয়া বহুলোক আসে—তাহারা অনেকে এখানে খায়। বার বার সাতায়াত করিয়া তাহারা চালাক হইয়া গিয়াছে—মতি চাকর প্রথম প্রথম দু-একবার ইহাদের উপর কৌশল খাটাইতে গিয়া বেকুব বসিয়াছে।

তাহারা বলে—হোক হোক গাড়ীর ঘণ্টা, লাও তুমি। না হয় পরের গাড়ীভায় যাবানি। তা' বলে সারাদিন খাটবার পরে ভাত ফেলে তো উঠতি পারিনে? হ্যাঁদে লিয়ে এসো আর দু-হাতা ডাল—ও ঠাকুর—

হাটুরে লোকজন খাইতে আসিতে আরম্ভ করিল। বেলা একটা।

ইহাদের জন্ত আলাদা বন্দোবস্ত। ইহারা চাষা লোক, খায় খুব বেশী! তা ছাড়া খুব শৌখীন বকমের খাজ না পাইলেও ইহাদের ক্ষতি নাই, কিন্তু পেট ভরা চাই।

সাধারণ বাবু-খরিদারদের জন্ত যে চাল রান্না হয়, ইহাদের সে চাল নয়। মোটা নাগ্ৰা চালের ভাত ইহাদের জন্ত বরাদ্দ। ফেন মিশানো ডাল ও একটা চচ্চড়ি। ইহাদের সাধারণতঃ দেওয়া হয় চিংড়ি মাছ বা কুচা মাছ। পোনা মাছ ইহাদের দিয়া পারা যায় না। কুচো চিংড়ি কিছু বেশী দিতেও গায়ে লাগে না। ইহাদের মধ্যে অনেক সময় হাজারির নিজের গ্রামের লোকও থাকে—তাহাদের মুখে বাড়ীর খবর পাওয়া যায়, কিন্তু আজ তাহার স্বগ্রাম হইতে কেহ আসে নাই।

রতন ঠাকুর নাই—একা হাতে এতগুলি লোকের রান্না ও পরিবেশন করিয়া হাজারি নিভাস্ত ক্লান্ত দেহে যখন খাইতে বসিবার যোগাড় করিতেছে তখন বেলা প্রায় তিনটার কম নয়। পদ্ম কি অনেকক্ষণ পূর্বেই খালায় ভাত বাড়িয়া লইয়া চলিয়া গিয়াছে, বেচু চক্কতি গদ্বিতে বসিয়া এবেলার ক্যাশ মিলাইতেছেন—এই সময় পাশের হোটেলের বংশীধর ঠাকুর আসিয়া বলিল—ও ভাই হাজারি, দুটো ভাত হবে?

বংশীধর মেদিনীপুর জেলার লোক, তবে বহুকাল রাণাঘাটে থাকায় কথার বিশেষ কোন টান লক্ষ্য করা যায় না। সে বলিল, আমার এক ভাগ্নে এসেচে হঠাৎ এখন এই তিনটের গাড়ীতে। আজ হাটবার, হাটুরে খদ্দেরদের দল সব খেয়ে গিয়েচে, আমাদের খাওয়াও

চুকেচে, তাই বলে দেখে আসি যদি—

হাজ্জারি বলিল—হ্যাঁ হ্যাঁ পাঠিয়ে ছাও গিয়ে, ভাত যা আছে খুব হয়ে যাবে।

বংশীধরের ভাগিনেয় আসিল। চমৎকার চেহারা, আঠারো-উনিশের বেশী বয়স নয়। তাহাকে আমন করিয়া ভাত দিতে গিয়া হাজ্জারি দেখিল ডেক্‌চিতে যা ভাত আছে, তাহাতে দু-জনের কুলায় না। বংশীধরের ভাগিনেয়টি পল্লীগ্রামের স্বাস্থ্যবান ছেলে, নিশ্চয়ই দুটি বেশী ভাত খায়—তাহারই পেট ভরিবে কিনা সন্দেহ।

হাজ্জারি উহাকেই সব ভাতগুলি বাড়িয়া দিল—ভাল তরকারি যাহা ছিল তাহাও দিল, সে খাইতে খাইতে বলিল—মাছ নেই ?

—না বাবা, মাছ সব ফুরিয়ে গিয়েচে। আজ এখানকার হাটবার, বড় খদ্দেরের ভিড়। মাছের টান, ভাল তরকারির টান, সবেরই টান। তোমার খাওয়ার বড় কষ্ট হোল বাবা, তা বোসো দু-পয়সার দই আনিয়ে দিই।

—না না থাক, আপনার দই আনাতে হবে না।

—না বাবা বোসো! বংশীধরের ভাগ্নে যা, আমার ভাগ্নেও তাই। পাশাপাশি হোটেল—এতদিন কাজ করচি।

হাজ্জারি নিজে গিয়া দই আনিয়া দিল। ছেলেটি জিজ্ঞাসা করিল—আচ্ছা মামা, এখানে কোন চাকুরি খালি আছে ?

—কি চাকুরি বাবা ?

—এই ধরুন হোটেলের রাধুনীগিরি কি এমনি। কাজের চেণ্টায় ঘুরচি। এখানে কিছু হবে মামা ?

মামা বলিয়া ডাকিতে ছেলেটির উপর হাজ্জারির কেমন স্নেহ হইল। সে একটু ভাবিয়া বলিল—না বাবা, আমার সন্ধান তো নেই, কিন্তু একটা কথা বলি। হোটেলের রাধুনীগিরি করতে যাবে কেন তুমি ? দিব্যি সোনার চাঁদ ছেলে। এ লাইনে বড় কষ্ট, এ তোমাদের লাইন নয়। পড়াশুনা কদ্দূর করেচ ?

ছেলেটি অপ্রতিভের স্বরে বলিল—না মামা, বেশী করি নি। আমাদের গায়ের ছাত্রবৃত্তি ইন্সুলের ফোর্থ ক্লাস পর্য্যন্ত পড়েছিলাম, তারপর বাবা মারা গেলেন, আর লেখাপড়া হোল না।

—তোমার নামটি কি ?

—শ্রীনরেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

হঠাৎ একটা চিন্তা বিদ্যুতের মত হাজ্জারির মনের মধ্যে খেলিয়া গেল, চমৎকার ছেলেটি, ইঁহার সঙ্গে টেঁপির বিবাহ দিলে বড় সুন্দর মানায়!...

কিন্তু তাহা কি ঘটবে ? ভগবান কি এমন পাত্র টেঁপির ভাগ্যে জুটাইয়া দিবেন !

ছেলেটি খাওয়া শেষ করিয়া উঠিয়া বলিল—আপনার খাওয়া হয়েছে মামা ?

—এইবার খেতে বসবো বাবা। আমাদের খাওয়া এইরকম। বেলা তিনটের এদিকে বড় একটা মেটে না, সেইজন্যই তো বলচি বাবা এসব ছাঁচড়া লাইন, তোমাদের জ্ঞে নয়

এসব। রান্না কাজ বড় ঝঞ্জাটের কাজ।

ছেলেটি একটু হতাশ স্বরে বলিল—তবে কোন্ লাইন ধরবো বলুন মামা? কত জায়গায় ঘুরে বেড়িয়ে দেখলাম। আজ ছ'মাস ধরে ঘুরছি। কোথাও কিছু জোটাতে পারিনি। আপনি বলচেন রাধুনীর কাজ—কলকাতায় একটা হোটেলের বাইরে লেখা ছিল—দুজন চাকর চাই। আমি গিয়ে ম্যানেজারের সঙ্গে দেখা করলাম, বল্লে—কি? আমি বল্লাম—চাকরের কাজ খালি আছে দেখে এসেছি। বল্লে—তুমি উল্লোকের ছেলে, এ কাজ তোমার জন্তে নয়। কত করে বল্লাম, কিছুতেই নিলে না।

হাজারি অবাক হইয়া শুনিতেছিল। বলিল—বলো কি?

—তারপর শুহুন। কোথাও চাকুরি জোটে না। কলকাতায় শেষকালে খেতে পাইনে এমন হোল। দু-একদিন তো না খেয়েই কাটলো। তারপর ভাবলাম, আমার এক মামা গাণাঘাটে হোটেল কাজ করেন সেখানেই যাই। তাই আজ এলাম—উনি আমার আপন মামা নয়। মায়ের জ্ঞাতি ভাই। তা এখানেও আপনি বলচেন এ লাইন আমার জন্তে নয়—তবে কোথায় যাবো আর কি-ই বা করবো?

ছেলেটির হতাশার স্বর এবং তাহার দুঃখ-কষ্টের কাহিনী হাজারির মনে বড় লাগিল। সে তখনও ভাবিতেছিল—আহা, ছেলেমানুষ! আমার বড় ছেলে সন্ত বেঁচে থাকলে এতদিন এত বড়টা হোত। টেঁপির সঙ্গে ভারি মানায়। সোনার চাঁদ হেন ছেলে! টেঁপি কি আর সে অদেষ্ঠ করেচে! নাই বা হোল চাকুরি! ও গিয়ে টেঁপিকে বিয়ে করে আমার বড় ছেলে হয়ে আমার গ্যায়ের ভিটেতে গিয়ে বহুক—ওকে কোনো কষ্ট করতে হবে না, আমি নিজে রোজগার করে ওদের খাওয়াবো। জমিজমাও তো আছে কিছু।

খাওয়া শেষ করিয়া বংশীধরের ভাগিনেয়টি চলিয়া গেল বটে কিন্তু হাজারির প্রাণে যেন কি এক অনির্দেশ্য নূতন স্বরের রেশ লাগাইয়া দিয়া গেল। তরুণ মুখের ভঙ্গি, তরুণ চোখের চাহনি হইতে এত প্রেরণা পাওয়া যায়?...জীবনে এ সব নবীন অভিজ্ঞতা হাজারির।

বৈকালে চুণীর ধারের গাছতলায় নির্জনে বসিয়া সে কত স্বপ্ন দেখিল। নতুন সব স্বপ্ন। টেঁপির সহিত বংশীধরের ভাগিনেয়টির বিবাহ হইতেছে। বাধা কিছুই নাই, তাহাদেরই পালটি ঘর।

টেঁপির ক্ষুদ্র, কোমল হাতখানি নরেনের বর্ণিত হাতে তুলিয়া দিয়াছে...দুই হাত একত্র মিলাইয়া হাজারি মেয়ে-জামাইকে আশীর্বাদ করিতেছে।...টেঁপির মার চোখ দিয়া আনন্দে জল পড়িতেছে—কি সুন্দর সোনার চাঁদ জামাই!

কেন সে হোটলে রাধুনীগিরি করিতে যাইবে ছেলেবয়সে? হাজারির নিজের হোটলে জামাই থাকিবে ম্যানেজার, চক্তি মশায়ের মত গদিতে বসিয়া খরিদ্দারকে টিকিট বিক্রয় করিবে—হিসাবপত্র রাখিবে।

ষষ্ঠ খাটিবার উৎসাহ আসিবে হাজারির—জামাইও বা ছেলেও তাই। অত বড় অত

সুন্দর, উপযুক্ত ছেলে। টেঁপির সারাজীবনের আনন্দ ও মাধের জিনিস। ওদের ছুজনের মুখের দিকে চাহিয়া সে প্রাণপণে খাটিবে। তিন মাসের মধ্যে হোটেল দাঁড় করাইয়া দিবে।

বেলা পড়িল। চূর্ণীর খেয়ায় লোক পারাপার হইতেছে, বাহারা শহরে কেনা-বেচা করিতে আসিতেছিল—এই সময় তাহারা বাড়ী ফেরে।

একবার কুসুমের সঙ্গে দেখা করিয়া হোটলে ফিরিতে হইবে—গাছতলায় বসিয়া আর বেশীক্ষণ আকাশ-কুসুম ভাবিলে চলিবে না। রতন ঠাকুর সম্ভব এবেলাও দেখা দিতেছে না, তাহাকে একাই সব কাজ করিতে হইবে।

কিন্তু সত্যই কি আকাশ-কুসুম? হোটেল তাহার হইবে না? টেঁপির সঙ্গে ওই ছেলেটির—

যাক। বাজে ভাবনায় দরকার নাই। দেরি হইয়া যাইতেছে।

পদ্ম ঝি বৈকালের দিকে হাজারিকে বলিল—বলি, ই্যাগো ঠাকুর, আজ মাছের মুড়োটা কি হ'ল গা? আজ ত কর্তাবাবুর জর। তিনি বেলা এগারোটার মধ্যেই চলে গিয়েছেন—অত বড় মুড়োটার কি একটা টুকরোও চোখে দেখতে পেলাম না—

হাজারি মাছের মুড়োটা লুকাইয়া কুসুমকে দিয়া আসিয়াছিল। বড় মাছের মুড়ো সাধারণতঃ কর্তার বাসায় যায়, কিন্তু আজ কর্তার অস্থখ—তিনি বেশীক্ষণ হোটলে ছিলেন না—মুড়োটা পদ্ম ঝি নিজের বাড়ী লইয়া যাইত—হাজারি কখনও মুড়ো নিজে খায় নাই—রতনঠাকুর খাইয়াছে, পদ্ম ঝি ত প্রায়ই লইয়া যায়—হাজারির দাবি কি থাকিতে পারে না মুড়োর উপর? তাই সে সেটা কুসুমকে দিয়া আসিয়াছিল যখন ছুটি করিয়া চূর্ণীর ঘাটে বেড়াইতে যায় তখন।

পদ্ম ঝিয়ের প্রশ্নের উত্তরে হাজারি বলিল—কেন গা পদ্মদিদি, এতক্ষণ পরে মুড়োর খোঁজ হ'ল?

—এতক্ষণ পরেই হোক আর যতক্ষণ পরেই হোক—কি হ'ল মুড়োটা?

—আমায় কি একদিন খেতে নেই? তোমরা ত সবাই খাও। আমি আজ খেয়েছি।

—কই মুড়োর কাঁটাচোকড়া ত কিছু দেখলাম না? কোথায় বসে খেলে?

হাজারির বিব্রত ভাব পদ্ম ঝিয়ের চোখ এড়াইল না। সে চড়াগলায় বলিল—খাও নি তুমি। খেলে কিছু বলতাম না। তুমি সেটা লুকিয়ে বিক্রী করেছ—কেমন ঠিক কথা কি না? চোর, জুয়াচোর কোথাকার—হোটেলের জিনিস হুকিয়ে হুকিয়ে বিক্রী? আচ্ছা, তোমার চূর্ণির মজা টের পাওয়াচ্ছি—আসুক কর্তা—

হাজারি বলিল—না পদ্ম দিদি, বিক্রী করব কাকে? রাঁধা মুড়ো কে নেবে? সত্যি আমি খেয়েছি।

—আবার মিথ্যে কথা? আমি এতকাল হোটলে কাজ করে হাতে ঘাটা পড়িয়ে ফেলছি, মাছের মুড়োর কাঁটাচোকড়া আমি চিনি—না? অত বড় মুড়োটা চার আনার কম বিক্রী কর নি। জমা দাও সে পরমা গদিতে, ওবেলা নইলে দেখো কি হাল করি কর্তার সামনে।

—আচ্ছা নিও চার আনা পয়সা—আমি দেব। একটু মুড়ো খেয়ে যদি দাম দিতে হয়—
তাও নিও।

পদ্ম ঝি একটুখানি নরম হইয়া বলিল—তা হ'লে বেচেছিলে ঠিক ?

—না পদ্ম দিদি।

—তবে কি করলে ঠিক করে বল—

—তোমার ত পয়সা পেলেই হ'ল, সে খোঁজে তোমার কি দরকার ?

—দরকার আছে তাই বলছি—কোথায় গেল মুড়োটা ? বলো—নইলে কর্তার সামনে

তোমার অপমান করব। বল এখনো—

—আমি খেয়েছি।

—আবার ? আমার সঙ্গে চালাকি করে তুমি পারবে ঠাকুর ? আমি এবার বুঝতে
পেবেছি মুড়ো কোথায় গেল।—তোমার সেই—

হাজারি জানে পদ্ম কি বলিতে ষাইতেছে—সে পদ্ম ঝিয়ের মুখের কথা চাপা দিবার জ্ঞান
তাড়াতাড়ি বলিল—পদ্ম দিদি, তোমাদের ত খেয়ে পরে মাহুষ হচ্ছি গরীব বামুন। কেন আর
ও সামান্য জিনিস নিয়ে বকাঝকা কর ?

এ কথায় পদ্ম ঝি নরম না হইয়া বরং আরও উগ্র হইয়া উঠিল। বলিল—নিজে খেলে
কিছু বলতাম না ঠাকুর—কিন্তু হোটেলের জিনিস পর দিয়ে খাওয়ান সখি হয় না। এর
একটা বিহিত না করে আমি যদি ছাড়ি তবে আমার নামে কুকুর পুষো, এই বলে দিচ্ছি সোজা
কথা।

হাজারি ভয়ে ও উদ্বেগে কাঠ হইয়া গেল—নিজের জ্ঞান নয়, কুহুমের জ্ঞান। পদ্ম ঝিয়ের
অসাধ্য কাজ নাই—সে না জানি কি করিয়া বসিবে—কুহুমের শান্তডৌর কানে—হয়ত কত
রকমের কথা উঠাইবে, তাহার উপরে যদি কুহুমের বাপের বাড়ী অথাৎ তাহার স্বগ্রামে সে কথা
গিয়া পৌঁছায়—তবে উভয়েরই লজ্জায় মুখ দেখানো ভার হইয়া উঠিবে সেখানে। অথচ কুহুম
নিরপরাধিনী। পদ্ম ঝি চলিয়া গেল।

হাজারি ভাবিয়া চিন্তিয়া রতনঠাকুরের শরণাপন্ন হইল। তাহার আত্মীয়কে বিনা পয়সায়
খাওয়ানর ষড়যন্ত্রের মধ্যে হাজারি ছিল—সুতরাং রতন হাজারির দিকে টানিত। সে বলিল—
তুমি কিছু ভেব না হাজারি দা, পদ্ম দিদিকে আমি ঠাণ্ডা করে দেব। মুড়ো বাইরে নিয়ে যাবে,
তা আমায় একবারখানি জানালে হ'ত নি ? তোমায় কত বুঝিয়ে পারব আমি ?

কিছু পরে সন্ধ্যার দিকে বেচু চক্ৰান্তি আসিলেন। চাকর হকায় জল ফিরাইয়া তামাক
সাজিয়া আনিল। হকা হাতে লইয়া বেচু চক্ৰান্তি বলিলেন—ধুনো গন্ধাজল দে আগে—আর
পদ্মকে বাজারের ফর্দ দিতে বলে দে—

কয়লাওয়াল মাহাবীর প্রসাদ বসিয়াছিল পাওনার প্রত্যাশায়—তাহাকে বলিলেন—সন্ধ্যার
সময় এখন কি ? ওবেলা ত সাড়ে বার আনা নিয়ে গিয়েছ, আবার এবেলা দেওয়া যায় ?
কাল এসো। তোমার কি ?

একটি রোগী কালো মত লোক হাত জোড় করিয়া প্রণাম করিয়া বলিল—বাবু সেদিন কুমড়ো দিয়েলাম—তার পয়সা।

—কুমড়ো? কে কুমড়ো নিয়েছে?

—আজ্ঞে, বাবু, আপনাদের হোটেলে দিয়ে গিয়েলাম—ছ'আনা দাম বলেলাম, তা তিনি বললেন—পাঁচগুণা পয়সা হবে। তা বলি, ভদ্র নোকের কথা—তাই জান। তিনি বললেন—আজ নয়, বুধবারে এসে নিয়ে যেওয়ানে—তাই এ্যালাম—

—ছ'আনা পয়সার কুমড়ো ধারে নিয়েছে কে—খাতায় কি বাজারের ফর্দের মধ্যে ত ধরা নেই, এ ত বাপু আশ্চর্য্য কথা।—আমরা ধারে জিনিসপত্র খরিদ করি নে। যা কিনি তা নগদ। কে তোমার কাছে কুমড়ো নিলে? আচ্ছা দাঁড়াও, দেখি।

বেচু রতন ও হাজারি ঠাকুরকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন—তাহারা কুমড়ো কেনা ত দূরের কথা—গত পাঁচ ছয় দিনের মধ্যে কুমড়ার তরকারিই রাঁধে নাই, বলিল—কোন কুমড়া চক্ষেও দেখে নাই এই কয়দিনে।

কথাবার্তার মধ্যে পদ্ম ঝি বাজারের ফর্দ লইয়া ঘরে ঢুকিতেই কুমড়াওয়ালা বলিয়া উঠিল—এই যে! ইনিই তো নিয়েলেন! সেই কুমড়ো মা ঠাকুরণ।—বলেলেন বুধবারে আসতি—তাই আজ এলাম। বাবু জিজ্ঞেস করছিলেন কুমড়ো কে নিয়েলেন—

পদ্ম ঝি হঠাৎ যেন একটু অপ্রস্তুত হইয়া পড়িল। বলিল—হ্যাঁ, কুমড়ো নিয়েছিলাম তা কি হবে? পাঁচ আনা পয়সা নিয়ে কি পালিয়ে যাব? দিয়ে দাও ত কর্তাবাবু ওর পয়সা মিটিয়ে—আমি এর পরে—বেচু চক্ৰিত্তি দ্বিক্ৰিত্তি না করিয়া কুমড়োওয়ালাকে পয়সা মিটাইয়া দিলেন, সে চলিয়া গেল।

রতনঠাকুর আড়ালে গিয়া হাজারিকে বলিল—হাতে হাতে ধরা পড়ে গেল পদ্মদিদি—কিস্ত কর্তাবাবুর দরদটা একবার দেখেছ ত হাজারি-দা?

—ও আর দেখাদেখি কি, দেখেই আসছি। আমি যদি কুমড়ো নিতাম তবে পদ্মদিদি আজ রসাতল বাধাত—কর্তাবাবুও তাতেই সায় দিত। এ ত আর তুমি আমি নই? এ হোটেলে পদ্মদিদিই মালিক। তুমি এইবার একবার বল পদ্মদিদিকে মুড়োর কথাটা। নইলে ও এখনি লাগাবে কর্তাকে—

রতন পদ্ম ঝিকে আড়ালে বলিল—ও পদ্মদিদি, গরীব বামুন তোমাদের দোরের করে থাকে—কেন আর ওকে নিয়ে অমন করো? একটা মুড়ো যদি সে খেয়েই থাকে—এতদিন খাটেছে এখানে, তা নিয়ে তাকে অপমান করো না। সবাই ত নয়—কেউ ত নিতে ছাড়ে না—আমি নিইনে না তুমি নাও না? বেচারীকে কেন বিপদে ফেলবে?

পদ্ম ঝি বলিল—ও খায়নি—ও এখান থেকে বের করে ওর সেই পেয়ারের কুম্বকে দিয়ে এসেছে—আমি কচি খুকী? কিছু বুঝি নে? নছার বদমাইশ লোক কোথাকার—

রতন হাসিয়া বলিল—দা বোঝে সে করুক গিয়ে পদ্মদিদি—তোমার আমার কি? সে

মুন্ডো নিজে খায়,—পরকে দেয়—তোমার তা দেখবার দরকার কি? তুমি কিছু বোল না আজ আর ওকে।

পদ্ম ঝি কুমড়ার ব্যাপার লইয়া কিছু অপ্রস্তুত হইয়া পড়িয়াছিল—নতুবা সে রতনের কথা এত সহজে রাখিত না। বলিল—তাহ'লে বারণ করে দিও ওকে—বারদিগর যেন এমন আর না করে। তাহলে আমি অনর্থ বাধাবো—কারোর কথা শুনবো না।

সে রাত্রে হোটেলের কাজকর্ম চুকাইয়া হাজারি চূর্ণীর ধারে বেড়াইতে গেল। দিব্য জ্যোৎস্না-রাত—প্রায় সাড়ে বারোটা বাজে।

আজ কি সর্বনাশই আর একটু হইলে হইয়াছিল! তাহার নিজের জন্ত সে ভাবে না, ভাবে কুমুমের জন্ত। কুমুম পাড়াগাঁয়ের মেয়ে—সেখানে তার বদনাম রটিলে উভয়েরই সেখানে মুখ দেখানো চলিবে না। আর তাহার এই বয়সে এই বদনাম রটিলে লোকেই বা বলিবে কি?

কুমুমকে সে মেয়ের মত দেখে—ভগবান জানেন। ওসব খেয়াল তাহার থাকিলে এই রাণাঘাট শহরে সে কত মেয়ে জুটাইতে পারিত। এই রাধাবল্লভতলার মাটি ছুইয়া সে বলিতে পারে জীবনে কোনদিন ওসব খেয়াল তার নাই। বিশেষত: কুমুম। ছিঃ ছিঃ—টে'পি'র সঙ্গে যাহাকে সে অভিন্ন দেখে না—তাহার সম্বন্ধে রতন ঠাকুরের কাছে পদ্ম ঝি যে সব বিস্তীর্ণ কথা বলিয়াছে শুনিলে কানে আঙুল দিতে হয়।

রাত প্রায় দেড়টা বাজিয়া গেল। শহর নিষুতি হইয়া গিয়াছে, কেবল কুণ্ডুদের চূর্ণীর ধাবের কাঠের আড়তে হিন্দুস্থানী কুলীরা ঢোলক বাজাইয়া বিকট চিৎকার শুরু করিয়াছে—ওই উহাদের নাকি গান! যখন নর্থবেঙ্গল এক্সপ্রেস আসিয়া দাঁড়ায় স্টেশনে তখন সে হোটেল হইতে বাহির হইয়াছে—আর এখন স্টেশন পর্য্যন্ত নিস্তর হইয়া গিয়াছে, কারণ এত রাত্রে কোনো ট্রেন আসে না। রাত চারটা হইতে আবার ট্রেন চলাচল শুরু হইবে।

হোটেলের দরজা বন্ধ। ডাকাডাকি করিয়া মতি চাকরের ঘুম ভাঙাইতে তাহার প্রবৃত্তি হইল না। বড় গরম—স্টেশনের প্র্যাটফর্মে না হয় বাকী রাতটুকু কাটাইয়া দেওয়া থাক। আজ রাত্রে ঘুম আসিতেছে না চোখে।

ভোরে উঠিয়া হোটেলের সামনে আসিয়া হাজারি দেখিল হোটেলের দরজা এখনও বন্ধ। সে একটু আশ্চর্য হইল। মতি চাকর তো অনেকক্ষণ উঠিয়া অল্পদিন দরজা খোলে। ডাকাডাকি করিয়াও কাহাণ্ডো সাড়া পাওয়া গেল না—তারপর গদির ঘরের জানালা দিয়া ঘরের মধ্যে উঁকি মারিয়া দেখিতে গিয়া হাজারি লক্ষ্য করিল—বাসনের ঘরের মধ্যে অত আলো কেন?

ঘুরিয়া আসিয়া দেখিল বাসনের ঘরের দরজা খোলা। ঘরের মধ্যে কেহই নাই।

মতি চাকরেরও সাড়াশব্দ নাই কোনদিকে। এরকম তো কখনো হয় না।

এমন সময় যত্ন বাঁড়ুঘোর হোটেলের চাকর নিমাই গয়লাপাড়া হইতে চায়ের দুধ লইয়া ফিরিতেছে দেখা গেল—যত্ন বাঁড়ুঘোর হোটলে একটা চায়ের স্টলও আছে—খুব সকাল

হইতেই সেখানে চা বিক্রী শুরু হয়।

হাজারির ডাকে নিমাই আসিল। দুজনে ঘরের মধ্যে ঝুঁকিয়া দেখিল মতি চাকর খাবার ঘরে শুইয়া দিব্যি নাক ভাকাইয়া ঘুমাইতেছে। উভয়ের ডাকে মতি ধড়মড় করিয়া উঠিল।

হাজারি বলিল—মতি দোর খোলা কেন ?

মতি বলিল—তা তো আমি জানি নে! তুমি রাত্তিরে ছিলে কোথায় ? দোর খুললে কে ?

তিনজনে ঘরের মধ্যে আসিয়া এদিক ওদিক দেখিল। হঠাৎ মতি বলিয়া উঠিল—হাজারি-দা, সর্বনাশ! খালা বাসন কোথায় গেল ? একখানও তো দেখছি নে!

—সে কি !

তিনজনে মিলিয়া তন্ন তন্ন করিয়া খুঁজিয়াও কোনো ঘরেই বাসনের সন্ধান পাওয়া গেল না। নিমাই বলিল—চায়ের দুধটা দিয়ে আসি হাজারি-দা, বাসন সব চক্ষুদান দিয়েচে কে। তোমাদের কর্তাকে ডেকে নিয়ে এসো।

ইতিমধ্যে রতন ঠাকুর আসিল। সে-ই গিয়া বেচু চক্কত্তিকে ডাকিয়া আনিল। পদ্ম ঝিও আসিল। চুরি হইয়া গিয়াছে শুনিয়া পাশের হোটেল হইতে ষড়ু বাঁড়ুয্যে আসিলেন, বাজারের লোকজন জড় হইল—খানায় খবর দিতে তখন, এ. এস. আই নেপালবাবু ও দুজন কনস্টেবল আসিল। হৈ হৈ বাধিয়া গেল। বেচু চক্কত্তি মাথায় হাত দিয়া ততক্ষণ বসিয়া পড়িয়াছেন, প্রায় ষাট-সত্তর টাকার খালা বাসন চুরি গিয়াছে !

বেচু চক্কত্তি বলিলেন—হাজারি রাত্তিরে কোথায় ছিলে ?

—ইষ্টিশানের প্র্যাট্‌ফর্মে বাবু। বড্ড গরম হচ্ছিল—তাই ঘাটের ধার থেকে ফিরে ওখানেই রাত কাটলাম।

নেপালবাবু জিজ্ঞাসা করিলেন,—কত রাত্রে প্র্যাট্‌ফর্মে শুয়েছিলে ? কোন্ প্র্যাট্‌ফর্মে ?

—আজ্ঞে, বনর্গা লাইনের প্র্যাট্‌ফর্মে বেকির ওপর।

—তোমায় সেখানে কেউ দেখেছিল ?

—না বাবু, তখন অনেক রাত।

—কত ?

—দেড়টার বেশী।

—এতক্ষণ পর্যন্ত কোথায় ছিলে ?

—রোজ খাওয়া-দাওয়ার পরে আমি দুবেলাই চূর্ণীর খেয়াঘাটে গিয়ে বসি। কালও সেখানে ছিলাম।

—আর কোনো দিন হোটেল ছেড়ে প্র্যাট্‌ফর্মে শুয়েছিলে ?

—মাঝে মাঝে শুই, তবে খুব কম।

এই সময় বেচু চক্কত্তিকে পদ্ম ঝি চূপি চূপি কি বলিল। বেচু চক্কত্তি নেপালবাবুকে বলিলেন, দারোগাবাবু, একবার ঘরের মধ্যে একটা কথা শুনে যান দয়া করে—

ঘরের ভিতর হইতে কথা শুনিয়া আসিয়া নেপালবাবু বলিলেন—হাজ্জারি ঠাকুর, তুমি কুসুমকে কেন ?

হাজ্জারির মুখ শুকাইয়া গেল। ইহার মধ্যে ইহার কুসুমের কথা আনিয়া ফেলিল কেন ? কুসুমের সঙ্গে ইহার কি সম্পর্ক ?

হাজ্জারির মুখের ভাব নেপালবাবু লক্ষ্য করিলেন।

হাজ্জারির উত্তর দিতে একটু দেরি হইতেছিল, নেপালবাবু ধমক দিয়া বলিলেন—কথার জবাব দাও ?

হাজ্জারি খতমত থাইয়া বলিল, আঞ্জে চিনি।

পদ্ম ঝি দোরের কাছে মুখে আঁচল চাপা দিয়া দাঁড়াইয়া আছে দেখিয়া হাজ্জারি বুঝিল—কুসুমের কথা সে-ই কর্তাকে বলিয়াছে নতুবা তিনি অতশত খোঁজখবর রাখেন না। কর্তামশায় দারোগাকে বলিয়াছেন কথাটা—সে ওই পদ্ম ঝিয়ের উস্কানিতে।

—কুসুম থাকে কোথায় ?

—গোয়ালাপাড়ায়, বড় বাজারের ওদিকে।

—সে কি করে ?

—দুধ-ধই বেচে। গরীব লোক—

—বয়েস কত ?

—এই চব্বিশ-পঁচিশ—

পদ্ম ঝি একটু মুচ্কি হাসিল এই উত্তর শুনিয়া, হাজ্জারির তাহা চোখ এড়াইল না। দারোগাবাবুর প্রশ্নের গতি তখনও সে বুঝিতে পারে নাই—কিন্তু পদ্ম ঝিয়ের মুখের মুচ্কি হাসি দেখিয়া সে বুঝিল কেন ইহার কুসুমের কথা এত করিয়া জিজ্ঞাসা করিতেছে।

—তোমার সঙ্গে কুসুমের কত দিনের আলাপ ?

—সে আমার গায়ের মেয়ে। সে যখন ছেলেমানুষ তখন থেকে তাকে জানি। তার বাবা আমার বন্ধুলোক—আমাদের পাড়ার পাশেই—

—কুসুমের সঙ্গে তুমি প্রায়ই দেখাশোনা কর—না ?

—মাঝে মাঝে দেখা করি বৈকি—গায়ের মেয়ে, তার তত্ত্বাবধান করা তো দরকার—

নেপালবাবু হঠাৎ হাসিয়া বলিলেন, নিশ্চয়ই দরকার। এখানে তার শুরুরবাড়ী ?

—আঞ্জে হাঁ।

—স্বামী আছে ?

—না, আজ বছর চার-পাঁচ মারা গিয়েছে—শাকুড়ী আছে বাড়ীতে। এক দেওর-পো আছে।

—তুমি মাঝে মাঝে হোটেলের রান্না জিনিস তাকে দিয়ে আস ?

লজ্জায় ও সঙ্কোচে হাজ্জারি যেন কেমন হইয়া গেল। এসব কথা এখানে কেন ?

পদ্ম ঝি খিল খিল করিয়া হাসিয়া উঠিয়াই মুখে আঁচল চাপা দিল। নেপালবাবু ধমক

দিয়া বলিলেন—আঃ, হাসি কিসের ? এটা হাসির জায়গা নয়। চূপ—

কিন্তু দারোগাবাবু ধমক দিলে কি হইবে—পদ্ম ঝিয়ের হাসি সংক্রামক হইয়া উঠিয়া উপস্থিত লোকজন সকলেরই মুখে একটা চাপা হাসির চেউ আনিয়া দিল। অল্প লোকের হাসি হাজ্জারি তত লক্ষ্য করে নাই কিন্তু পদ্ম ঝিয়ের হাসিতে সে কিসের একটা প্রচ্ছন্ন ইঙ্গিত ঠাণ্ড করিয়া মরীয়া হইয়া বলিয়া উঠিল—দারোগাবাবু, সে গরীব লোক, আমাদের গায়ের মেয়ে, সে আমাকে বাবা বলে ডাকে—আমার সে মেয়ের মত—তাই মাঝে মাঝে কোনদিন একটু-আধটু তরকারী কি রীধা মাংস তাকে দিয়ে আসি। কত তো ফেলা-ঝেলা যায়, তাই ভাবি যে একজন গরীব মেয়ে—

—বুঝেছি, থাক আর তোমার লেকচার দিতে হবে না। কাল রাত্রে তুমি সেখানে গিয়েছিলে ?

—আজ্ঞে না বাবু।

—আজ সকালে গিয়েছিলে ?

—না বাবু, সকালে প্র্যাটফর্ম থেকেই হোটেলে এসেছি।

—হঁ।

দারোগাবাবু অল্প সকলের জ্বানবন্দী লইয়া ছাড়িয়া দিলেন। কেবল মতি চাকর ও হাজ্জারিকে বলিলেন—আমার সঙ্গে তোমাদের খানায় যেতে হবে। কনস্টেবলদের বলিলেন—এদের ধরে নিয়ে চল।

মতি কান্নাকাটি করিতে লাগিল—একবার বেচু চক্কলি, একবার দারোগাবাবুর হাতে পায়ের পড়িতে লাগিল। সে সম্পূর্ণ নির্দোষ—ঘরের মধ্যে ঘুমাইয়া ছিল, তাহাকে খানায় লইয়া গিয়া কি ফল ?—ইত্যাদি।

হাজ্জারির প্রাণ উড়িয়া গেল খানায় ধরিয়া লইয়া যাইবে শুনিয়া।

এ কি বিপদে ভগবান তাহাকে ফেলিলেন ?

খানা-পুলিস বড় ভয়ানক ব্যাপার, মোকদ্দমা হইলে উকীল দিবার ক্ষমতা হইবে না তাহার, বিনা কৈফিয়তে জেল খাটিতে হইবে—কত বছর তাই বা কে জানে ? না থাইয়া জীপুত্র মাঝা পড়িবে। জেলখাটা আনামীকে ইহার পর চাকুরিই বা দিবে কে ?

কিন্তু তার চেয়েও ভয়ানক ব্যাপার, যদি ইহার কুসুমকে ইহার মধ্যে জড়ায় ? জড়াইবেই বোধ হয়। হয়তো কুসুমের বাড়ী খানাতল্লাস করিতে চাহিবে।

নিরপরাধিনী কুসুম! লজ্জায় ঘুণায় তাহা হইলে সে হয়তো গলায় দড়ি দিবে। আরও কত কি কথা লোকে রটাইবে এই সূত্র ধরিয়। তাহাদের গ্রামে একথা তো গেলে তাহার নিজেও আর মুখ দেখাইবার উপায় থাকিবে না।

কখনও সে একটা বিড়ি-দেশলাই কাহারও চুরি করে নাই জীবনে—সে করিবে হোটেলের বাসন চুরি! নিজের মুখের জিনিস নিজেকে বঞ্চিত করিয়া সে কুসুমকে মাঝে মাঝে দিয়া আসে বটে—চুরির জিনিস নয় সে সব। সে থাইত, না হয় কুসুম খায়।

থানায় গিয়া প্রায় ঘণ্টা দুই হাজারি ও মতি বসিয়া রহিল। হাজারি শুনিব বেচু চক্ৰতি ও পদ্ম কি দু-জনেই বলিয়াছে উহাদের উপরই তাহাদের সন্দেহ হয়। স্বতরাং পুলিশ তো তাহাদের ধরিবেই।

থানার বড় দারোগা থানায় ছিলেন না—বেলা একটার সময় তিনি আসিয়া চুরির সব বিবরণ শুনিয়া হাজারি ও মতিকে তাঁহার সামনে হাজির করিতে বলিলেন। হাজারি হাত জোড় করিয়া দারোগাবাবুর সামনে দাঁড়াইল। দারোগাবাবু জিজ্ঞাসা করিলেন—হোটেলের কতদিন কাজ করচ ?

—আজ্ঞে বাবু, ছ'বছর।

—বাসন চুরি করে কোথায় রেখে দিগেচ ?

—দোহাই বাবু—আমার বয়েস ছ'চল্লিশ-সাতচল্লিশ হোল—কখনো জীবনে একটা বিড়ি কারো চুরি করিনি—

দারোগাবাবু ধমক দিয়া বলিলেন—ওসব বাজে কথা রাখো। তুমি আর ওই চাকর বেটা দুজনে মিলে যোগসাজসে চুরি করেচ। স্বীকার করো—

—বাবু আমি এর কোনো বার্তা জানি নে! আমি সে রাস্তিরে হোটেলেরেই ছিলাম না।

—কোথায় ছিলে ?

—ইষ্টিশানের প্ল্যাটফর্মে শুয়ে ছিলাম সারারাত।

—কেন ?

—বাবু, আমি খাওয়া-দাওয়া করে চুপের ঘাটে বেড়াতে যাই রোজ। বড় গবম ছিল বলে সেখানে একটু বেশী রাত পর্যন্ত ছিলাম—ফিরে এসে দেখি দরজা বন্ধ, তাই ইষ্টিশানে—

এই সময় নেপালবাবু ইংরাজিতে বড় দারোগাকে কি বলিলেন। বড় দারোগা ঘাড় নাড়িয়া বলিলেন—ও। আচ্ছা—তুমি কুসুম বলে কোনো মেয়েমানুষের বাড়ী যাতায়াত করো ?

—বাবু, কুসুম আমার গায়ের মেয়ে। গরীব বিধবা, তাকে আমি মেয়ের মতো দেখি—সেও আমাকে বাবা বলে ডাকে, বাবার মত ভক্তিছেন্দা করে। যদি সেখানে গিয়ে থাকি, তাহোলে তাতে দোষের কথা কি আছে বাবু আপনিই বিবেচনা করে দেখুন। একথা লাগিয়েচে আমাদের হোটেলের পদ্ম কি—সে আমাকে দুচোখ পেড়ে দেখতে পারে না—কুসুমকেও দেখতে পারে না। আমাদের নামে নানারকম বিচ্ছিরি কথা সে-ই রটিয়েচে। আপনিই হাকিম—দেবতা। আর মাথার ওপর চন্দ্র স্থিয়া রয়েছেন—আমার পঞ্চাশ বছর বয়েস হোতে গেল—আমার দেদিকে কখনো মতি-বুদ্ধি যায়নি বাবু। আমি তাকে মেয়ের মত দেখি—তাকে এর মধ্যে জড়াবেন না—সে গেরস্তর বোঁ—মরে যাবে যেমায়।

বড় দারোগা অত্যন্ত বুদ্ধিমান ও অভিজ্ঞ লোক। হাজারির চোখমুখের ভাব দেখিয়া তাঁহার মনে হইল লোকটা মিথ্যা বলিতেছে না।

বড় দারোগা মতি চাকরকে অনেকক্ষণ ধরিয়া জেরা করিলেন। তাহার কাছেও বিশেষ

কোনো সহস্রর পাওয়া গেল না—তাহার সেই এক কথা, ঘরের মধ্যে অঘোরে ঘুমাইতেছিল, সে কিছুই জানে না।

বড় দারোগা বলিলেন—দু-জনকেই হাজতে পুরে রেখে দাও—এমনি এদের কাছে কথা বেরবে না—কড়া না হোলে চলবে না এদের কাছে।

হাজারি জানে এই কড়া হওয়ার অর্থ কি। অনেক দুঃখ হয়তো সহ করিতে হইবে আজ। সব সহ করিতে সে প্রস্তুত আছে যদি কুহুমের নাম ইহারি আর না তোলে।

বেলা দুইটার সময় একজন কনস্টেবল আসিয়া কিছু মুড়ি ও ছোলা-ভাজা দিয়া গেল। সকাল হইতে হাজারি কিছুই খায় নাই—সেগুলি সে গোত্রাসে খাইয়া ফেলিল।

বেলা চারটার সময় রতন ঠাকুর হোটেল হইতে হাজারির জন্ত ভাত আনিল।

বলিল—আলাদা করে বেড়ে রেখেছিলাম, লুকিয়ে নিয়ে এলাম হাজারি-দা। কেউ জানে না যে তোমার জন্তে ভাত আনিচি।

বড় দারোগার নিকট হইতে অল্পমতি লইয়া রতন ঠাকুর হাজতের মধ্যে ভাত লইয়া আসিয়াছিল। কিন্তু মতির ভাত আনিবার কথা তাহার মনে ছিল না—হাজারি বলিল—ওই ভাত দু-জনে ভাগ করে খাবো এখন।

রতন বলিল—হোটলে মহাকাণ্ড বেধে গিয়েচে। একটা ঠিকে ঠাকুর আনা হয়েছিল, সে কাজের বহর দেখে এবেলাই পালিয়েচে। খন্দের অনেক ফিরে গিয়েচে। পদ্ম বলচে তুমি আর মতি দুজনে মিলে এ চুরি করেচ। কুহুমের বাড়ী খানাতলাস না করিয়ে পদ্ম ছাড়বে না বলচে। সেখানে বাসন চুরি করে তুমি রেখে এসেচ। কর্তারও তাই মত। তুমি ভেবো না হাজারি-দা—মোকদ্দমা বাধে যদি আমি উকিল দেবো তোমার হয়ে। টাকা যা লাগে আমি দেবো। তুমি এ কাজ করনি আমি তা জানি। আর কেউ না জানুক, আমি জানি তুমি কি ধরনের লোক।

হাজারি রতনের হাত ধরিয়া বলিল—ভাই আর যা হয় হোক—কুহুমের বাড়ী যেন খানাতলাস না হয় এটা তোমাকে করতে হবে। কোনো উকীলের সঙ্গে না হয় কথা বলো, আমার দুমাসের মাইনে পাওনা আছে—আমি না হয় তোমাকে দেবো।

রতন হাসিয়া বলিল—তোমাগ সেই মাইনে আবার দেবে ভেবেচ কর্তাবাবু? তা নয়—সে তুমি ছাও আর নাই ছাও—আমি উকীল দেবো তুমি ভেবো না। কত পয়সা রোজগার করলাম জীবনে হাজারি-দা—এক পয়সা তো দাঁড়াল না। সংকাজে দুপয়সা খরচ হোক।

হাজারি বলিল—মতিকে তাহোলে ভাত দিয়ে এস—সে অল্প ঘরে কোথায় আছে।

রতন বলিল—মতিকে আমার সন্দেহ হয়।

—না বোধ হয়। ও যদি চুরি করবে তো অমন নিশ্চিন্দ হয়ে ঘুমোতে পারে নাক ডাকিয়ে? আর ও সেরকম লোক নয়।

রতন ভাতের থালা লইয়া চলিয়া গেল।

আরও পাঁচ-ছ'দিন হাজারি ও মতি হাজতে আটক থাকিল। পুলিশ বহু চেষ্টা করিয়াও ইহাদের বিরুদ্ধে কোনো প্রমাণ সংগ্রহ করিতে পারিল না—হুতরাং চুরির চার্জ-শীট দেওয়া সম্ভব হইল না।

ছ'দিনের দিন দুজনেই খালাস পাইল।

মতি বলিল—হাজারি-দা, এখন কোথায় যাওয়া যায়? হোটেলে কি আমাদের আর নেবে?

হাজারিও জানে হোটেলে তাহাদের চাকুরি গিয়াছে। কিন্তু সেখানে দু'মাসের মাহিনা বাকি—বেচু চকস্তির কাছে গিয়া মাহিনা চাহিয়া লইতে হইবে।

বেলা তিনটা। এখন হোটেলে গেলে কর্তা মশাই থাকিবেন না—হুতরাং হাজারি সন্ধ্যার পরে হোটেলে যাইবে ঠিক করিল। কতদিন চূর্ণীর ধারে যায় নাই—রাধাবল্লভতলায় গিয়া ঠাকুরকে প্রণাম করিয়া সে আপন মনে চূর্ণীর ধারে গিয়া বসিল।

কিছুক্ষণ নদীর ধারে বসিয়া হাজারির মনে পড়িল, সে এত বেলা পর্যন্ত কিছু খায় নাই। রতন হাজতে রোজ ভাত দিয়া খাইত, আজ দুদিন সে আর আসে নাই—কেন আসে নাই কে জানে, হয়তো পদ্ম জানিতে পারিয়া বারণ করিয়া দিয়াছে—কিংবা হয়তো তাহাদের ভাত আনিয়া দেওয়ার অপরাধে তাহারাও চাকুরি গিয়াছে।

একটা পয়সা নাই হাতে যে কিছু কিনিয়া খায়। হাজতের ভাত হাজারি এক দিনও খায় নাই—আজও একজন কনস্টেবল ভাত আনিয়াছিল, সে বলিয়াছিল—তেওয়ারিজি, আমায় দুটি মুড়ি বরং এনে দিতে পারো, আমার জ্বর হয়েছে, ভাত খাবো না।

বেলা বারোটোর সময় সামান্য দুটি মুড়ি খাইয়াছিল—আর কিছু পেটে যায় নাই সারাদিন। সন্ধ্যার পরে হোটেলে গিয়া দুটি ভাত খাইবে এখন, সেই ভালো।

হাজারির সন্দেহ হয় বাসন আর কেহ চুরি করে নাই, পদ্ম ঝির নিজেরই কাজ। ক'দিন হাজতে বসিয়া বসিয়া ভাবিয়া তাহার মনে হইয়াছে, পদ্ম অল্প কৌন লোকের যোগসাজসে এই কাজ করিয়াছে। ও অতি ভয়ানক চরিত্রের মেয়েমানুষ, সব পারে। গত বৎসর খন্দ্রদের কাপড়ের ব্যাগ যে চুরি হইয়াছিল—সেও পদ্ম ঝিরের কাজ—এখন হাজারির ধারণা জন্মিয়াছে।

এরকম ধারণা সে বিবেচ্যবশতঃ করিতেছে না, গত ছ বৎসর হাজারি পদ্ম ঝিরের এমন অনেক কাণ্ড দেখিয়াছে যাহা সে প্রথম প্রথম তত বুঝিত না—কিন্তু এখন দুয়ে দুয়ে যোগ দিয়া সে অনেকটাই বুঝিয়াছে।

বুঝ বেচু চকস্তি পদ্ম ঝিরের একেবারে হাতের মুঠার মধ্যে—দেখিয়াও দেখেন না, বুঝিয়াও বোঝেন না, হোটেলটির যে কি সর্বনাশ করিতেছে পদ্ম দিদি, তাহা তিনি এখন না বুঝিলেও পরে বুঝিবেন।

রতন ঠাকুরও সেদিন ভাত দিতে আসিয়া অনেক কথা বলিয়া গিয়াছে।

—হাজারিদা, হোটেলের অর্ডার জিনিস পদ্মদিদির ঘরে—আজকাল বাজারের জিনিস পর্যাপ্ত যেতে আরম্ভ করেছে। সেদিন দেখলে তো কুম্ভোর কাণ্ড? চুষে খাবে এমন মাজানো হোটেলটা বলে দিচ্ছি। পদ্ম দিদির কেন অত টান বাড়ীর ওপরে—তাও আমি জানি। তবে বলিনে, যাহোক্ আট টাকা মাইনের চাকুরিটা করি—এ বাজারে হঠাৎ চাকুরিটা অনথক খোয়াবো?

সঙ্কার পরে হাজারি হোটেলের গদিঘর দিয়া ঢুকিতে সাহস না করিয়া রান্নাঘরের দিকের দরজা দিয়া হোটলে ঢুকিল। ভাবিয়াছিল রান্নাঘরে রতন ঠাকুরকে দেখিতে পাইবে—কিন্তু একজন অপরিচিত উড়িয়া ঠাকুরকে ভাত রাখিতে দেখিয়া সে যে-পথে আসিয়াছিল, সেই পথেই বাহির হইয়া ষাইবার জন্ত পিছন ফিরিয়াছে—এমন সময় খরিদারদের খাবার ঘর হইতে পদ্ম ঝি বলিয়া উঠিল—কে ওখানে? কে যায়?

হাজারি ফিরিয়া বলিল—আমি পদ্মদিদি—

পদ্ম তাড়াতাড়ি ঘরের বাহির হইয়া আসিয়া বলিল—আমি?—কে আমি?—ও। হাজারি ঠাকুর।...তুমি কি মনে করে? চলে যাচ্ছ কোথায় অত তাড়াতাড়ি? ঢুকলেই বা কেন আর বেরুচ্ছই বা কেন?

—আজ হাজত থেকে খালাস পেয়েচি পদ্মদিদি। কোথায় আর যাবো, যাবার তো জায়গা নেই কোথাও—হোটলেই এলাম, খিদে পেয়েচে—দুটো ভাত খাবো ব'লে। রান্নাঘরে এসে দেখি রতন ঠাকুর নেই, তাই সামনে দিয়ে গদিঘরে যাই—

—তা যাও গদিঘরে। এই খন্ডেরের খাবার ঘর দিয়েই যাও—

হাজারি সঙ্কচিত অবস্থায় হোটেলের খাবার ঘরের দরজা দিয়া ঢুকিয়া গদির ঘরে গেল। পদ্ম ঝি গেল পিছু পিছু।

বেচু চক্ৰ্ত্তি বলিলেন—এই যে, হাজারি যে! কি মনে করে?

হাজারি বলিল—আজ্ঞে কর্ত্তামশায়, পুলিশে ছেড়ে দিলে আজ—তাই এলাম। যাবো আর কোথায়? আপনার দরজায় দুটো ক'রে খাই। তা ছেড়ে আর কোথায় যাবো বলুন?

বেচু চক্ৰ্ত্তি কোনো উত্তর দিবার আগেই পদ্ম ঝি আগাইয়া আসিয়া বেচু চক্ৰ্ত্তিকে বলিল—ওকে আর একদণ্ড এখানে থাকতে দিও না কর্ত্তাবাবু—এখনি বিদেয় করো। বাসন ও আর মতি যোগসাজসে নিয়েচে। পাকা চোর, পুলিশে কি করবে ওদের?

হাজারি এবার রাগিল। পদ্ম ঝিকে কখনও সে এ সুরে কথা বলে নাই। বলিল—তুমি দেখেছিলে বাসন নিতে পদ্ম দিদি?

পদ্ম ঝি বলিল—তোমার ও চোখ-রাঙানির ধার ধারে না পদ্ম, তা বলে দিচ্ছি হাজারি ঠাকুর। অমন ভাবে আমার সঙ্গে কথা বলো না—বাসন তোমাকে নিতে দেখলে হাতের দড়ি তোমার খুলতো না তা জেনে রেখো।

হাজারি নিজেকে মামলাইয়া লইয়াছে ততক্ষণ। নীচু হওয়াই তাহার অভ্যাস—যাহারা

বড়, তাহাদের কাছে আজীবন সে ছোট হইয়াই আসিতেছে—আজ চড়া গলায় তাহাদের সঙ্গে কথা কহিবার সাহস তাহার আসিবে কোথা হইতে ?

সেরকম স্বরে বলিল—না না, রাগ করচো কেন পদ্ম দিদি—আমি এমনই বলচি, বাসন নিতে যখন তুমি আঁখোনি—তখন আমি গরীব বামুন, তোমাদের দোরে ছোটো ক'রে খাই—কেন আর আমাকে—

এইবার বেচু চক্ৰান্তি কথা বলিলেন ।

একটু নরম স্বরে বলিলেন—যাক্, যাক্, কথা কাটাকাটি ক'রে লাভ নেই । আমার বাসন তাতে ফিরবে না । দুজনই খামো । তারপর তুমি বলচ কি এখন হাজারি ?

—বলচি, কর্তা, আমায় যেমন পায়ে রেখেছিলেন, তেমনি পায়ে রাখুন । নইলে না খেয়ে মারা যাবো । বাবু, চোর আমি নই, চোর যদি হতাম, আপনার সামনে এসে দাঁড়াতে পারতাম না আর ।

পদ্ম কি বলিল—চোর কিনা সে কথায় দরকার নেই—কিন্তু তোমার এখানে জায়গা আর হবে না । তা হোলে খদ্দের চলে যাবে ।

বেচু বলিলেন—তা ঠিক ।—খদ্দের চলে গেলে হোটেল চালাবো কি ক'রে আমি ? হাজারি এ যুক্তির অর্থ বুঝিতে পারিল না । হোটেলের ঠাকুর চোর হইলে সে না হয় হোটেলের জিনিস চুরি করিতে পারে, কিন্তু খরিদারদের গায়ের শাল খুলিয়া বা তাহাদের পকেট মারিয়া লইতেছে না তো—তবে খরিদারের আসিতে আপত্তি কি ?

কিন্তু হাজারি এ প্রশ্ন উঠাইতে পারিল না । তাহার জবাব হইয়া গেল । সে কিছু খাইয়াছে কি না এ কথাও কেহ জিজ্ঞাসা করিল না ।

অবশেষে সে বলিল—তা হোলে আমার মাইনেটা দিয়ে দিন বাবু, দু'মাসের তো বাকী পড়ে রয়েছে, হাওলাত নেই কিছু । খাতা দেখুন ।

বেচু চক্ৰান্তি বলিলেন—সে এখন হবে না, এর পরে এসো ।

পদ্ম একটু বেশী স্পষ্ট কথা বলে । সে বলিল—ওর আশা ছেড়ে দাও, মাইনে পাবে না ।

—কেন পাব না ?

পদ্ম বাঁঝের সঙ্গে বলিল—সে তক্কো তোমার সঙ্গে করবার সময় নেই এখন । পাবে না মিটে গেল । নালিশ করো গিয়ে—আদালত তো খোলা রয়েছে ।

হাজারি চক্ষে অঙ্ককার দেখিল ।

বেচু চক্ৰান্তির দিকে চাহিয়া বিনীত স্বরে বলিল—কর্তামশায়, আজ আপনার দোরে ছ'বছর খাটাচি । আমার হাতে একটিও পয়সা নেই—বাড়ীতে দু'মাস খরচ পাঠাতে পারিনি, বাড়ী খাবার রেলভাড়া পর্যন্ত আমার হাতে নেই—আমায় কিছু না দিলে না খেয়ে মরতে হবে ।

বেচু চক্ৰান্তি ঐকান্তি না করিয়া ক্যাশবাক্স খুলিয়া একটি আধুলি ফেলিয়া দিয়া বলিলেন—

—ওই নিয়ে যাও। এখানে ঘ্যান্ ঘ্যান্ কোবো না—খন্দের আসতে আরম্ভ করচে, বাইরে যাও গিয়ে—

হাজারি আধুলিটা কুড়াইয়া লইয়া চানরের খুঁটে বাঁধিল। তারপর হাত জোড় করিয়া মাজা হইতে শরীরটা খানিকটা নোয়াইয়া বেচু চক্ৰিককে প্রণাম করিয়া আবার সোজা হইয়া দাঁড়াইয়া কাঁচুমাচু হইয়া বলিল, তাহোলে বাবু, মাইনের জন্তে কবে আসবো ?

—এসো—এসো এর পরে যখন হয়। সে এখন দেখা যাবে—

ইহা যে অত্যন্ত ছেঁদো কথা হাজারির তাহা বৃদ্ধিতে বিলম্ব হইল না। বরং পদ্ম ঝি বাহা বলিয়াছে তাহাই ঠিক। মাহিনা ইহারা তাহাকে দিবে না। তাহার মাথায় আসিল একবার শেষ চেষ্টা করিবে। মরায়ার শেষ চেষ্টা। বেচু চক্ৰিকের নিকট হইতে বিদায় লইয়া সে পিছন দিয়া হোটেলের রান্নাঘরে আসিল। সেখানে পদ্ম ঝি একটু পরে আসিতেই সে হাত জোড় করিয়া বলিল—পদ্মদিদি, গরীব বামুন—চাকুরি করচি এতকাল, একথানা রেকাবী কোন দিন চুরি করিনি। আমি বড় গরীব। তুমি একটু বলে কর্তামশাইকে আমার মাইনের ব্যবস্থা করে দেও—নইলে বাড়ীতে ছেলেপুলে না খেয়ে মরবে। এই আধুলিটা সম্বল, দোহাই বলছি রাধাবল্লভের—এতে আমি কি খাবো, আর রেলভাড়া কি দেবো, বাড়ীর জন্তেই বা কি নিয়ে যাবো।

—আমি হোটেলের মালিক নই যে তোমায় টাকা দেবো। কর্তামশায় যা বলেচেন তার ওপর আমার কি কথা আছে ?

—দয়া করে পদ্মদিদি তুমি একবার বলো ঠিকে। না খেয়ে মারা যাবে ছেলেপিলে।

—কেন তোমার পেয়ারের কুসুমের কাছে যাও না, পদ্মদিদিকে কি দরকার এর বেলা ?

হাজারির ইচ্ছা হইল আর একদণ্ডও সে এখানে দাঁড়াইবে না। সে চায় না যে এই সব জায়গায় ষার-তার মুখে কুসুমের নাম উচ্চারিত হয়, বিশেষতঃ পদ্ম ঝয়ের মুখে। সে চুপ করিয়া রহিল। পদ্ম রান্নাঘর হইতে চলিয়া গেল।

একটুখানি দাঁড়াইয়া সে চলিয়াই যাইতেছিল, পদ্ম ঝি আসিয়া বলিল—মাছ যে ? খাওয়া হয়েছে তোমার ?

হাজারি অবাক হইয়া পদ্ম ঝয়ের মুখের দিকে চাহিল। কখনো সে এমন কথা তাহার মুখে শোনে নাই। আমতা আমতা করিয়া বলিল—না—খাওয়া—ইয়ে—না হয় নি ধরো।

—তা হোলে বোসো। এখনও মাছটা নামে নি। মাছ নামলে ভাত খেয়ে তবে যাও। দাঁড়িয়ে কেন ? বসো না পিঁড়ি একথানা পেতে।

হাজারি কলের পুতুলের মত বলিল। পদ্মদিদি তাহাকে অবাক করিয়া দিয়াছে ! পদ্মদিদির দরদ !.....সাত বছরের মধ্যে একদিনও যা দেখে নাই !.....আশ্চর্য কাণ্ডই বটে !

মাছ নামিলে নতুন ঠাকুর হাজারিকে ভাত বাড়িয়া দিল। পদ্ম ঝিকে আর এদিকে দেখা গেল না—সে এখন খরিকারদের খাওয়ার ঘরে ব্যস্ত আছে। নতুন ঠাকুর যদিও হাজারিকে চেনে না। ভবুও ইহাদের কথাবার্তা শুনিয়া সে বুঝিয়াছিল, হাজারি হোটেলের পুরোনো ঠাকুর—চাকুরিতে জবাব হইয়া চলিয়া যাইতেছে। সে হাজারিকে খুব ষড়্ধ করিয়া খাওয়াইল।

সাইবার সময় হাজারি পদ্মকে ডাকিয়া বলিল—পদ্মদিদি, চললাম তবে। কিছু মনে কোরো না।

পদ্ম ঝি দোরের কাছে আসিয়া বলিল—হ্যাঁ দাঁড়াও ঠাকুর। এই দুটো টাকা রাখো, কর্তামশায় দিয়েচেন মাইনের দরুন। এই শেষ কিন্তু—আর কিছু পাবে না বলে দিলেন তিনি।

হাজারি টাকা দুইটি লইয়া আগের আধুলিটির সঙ্গে চাদরের খুঁটে রাখিল কিন্তু সে খুব অবাঞ্ছিত হইয়া গিয়াছে—সত্যি অবাঞ্ছিত হইয়া গিয়াছে।

—আচ্ছা, তবে আসি।

—এসো। খাওয়া হয়েছে তো? আচ্ছা।

রাত সাড়ে ন'টার কম নয়।

এত রাত্রে সে কোথায় যায়!

চাকুরি গেল। ভবুও হাতে আড়াইটা টাকা আছে।

বাড়ী যাইয়া কি হইবে? চাকুরি খুঁজিতে হইবেই তাহাকে। বাড়ী গিয়া বসিয়া থাকিলে এলিবে না। চাকুরি চলিয়া যাইবে—একথা হাজারি ভাবে নাই। সত্য সত্যি চাকুরি গেল শেষকালে!

সে জানে রাণাঘাটে কোনো হোটলে তাহার চাকুরি আর হইবে না। ষড়্ধ বাডুঘো একবার তাহাকে হোটলে লইতে চাহিয়াছিলেন বটে, কিন্তু এখন সে চুরির অপবাদে হাজত বাস করিয়া আসিয়াছে, কেহই তাহাকে চাকুরি দিবে না।

হাজারি দেখিল সে নিজের অজ্ঞাতসারে চূর্ণী নদীর ধারে চলিয়াছে—তাহার সেই প্রিয় গাছতলাটিতে গিয়া বসিবে—বসিয়া ভাবিবে। ভাবিবার অনেক কিছু আছে।

কিন্তু প্রায় দুই ঘণ্টা নদীর ধারে বসিয়া থাকিয়াও ভাবনার কোনো মীমাংসা হইল না। আজ রাত্রে অবশ্য স্টেশনের প্র্যাট্‌ফর্মে শুইয়া থাকিবে—কিন্তু কাল যায় কোথায়?

আড়াই টাকার মধ্যে দুটি টাকা বাড়ী পাঠাইতে হইবে। টেঁপি—টেঁপির মুখে হয়তো তাহার মা দুটি ভাত দিতে পারিতেছে না।

এ চিন্তা তাহার পক্ষে অসহ্য।

না—কালই টাকা দুটি পাঠাইবে তাকে। মনি অর্ডার ফি দিবে আধুলিটা হইতে। পুরো দু'টাকা বাড়ী খাওয়া চাই।

স্টেশনের প্র্যাট্‌ফর্মে শেষ রাত্রে দিকে সামাগ্র ঘুম হইল। ফরিদপুর লোকালের শব্দে খুব

ভোরে ঘুম গেল ভাঙিয়া। তবুও সে শুইয়াই রহিল। আজ আর তাড়াতাড়ি বড় উহ্নে ডেক্‌চি চাপাইতে হইবে না—উঠিয়া কি হইবে ?

অনেকক্ষণ পর্যন্ত সে শুইয়াই রহিল। ডাউন দার্জিলিং মেল আসিল, চলিয়া গেল। বনগাঁ লাইনের ট্রেন ছাড়িল। রোদ উঠিয়াছে, প্র্যাটফর্ম কাঁট দিতে আসিয়াছে ঝাড়ুদার। আর একথানা গাড়ীর ডাউন দিয়াছে আড়ংঘাটার দিকে। মুর্শিদাবাদ-লালগোলা প্যাসেঞ্জার।

—এই কোন্‌ নিদ্‌ ঘাতা রে, এই উঠো—হঠ্‌ ঘাও—ঝাড়ুদার হাঁকিল। হাজারি উঠিয়া হাই তুলিয়া কলে গিয়া হাতমুখ ধুইল।

সে কোথায় যায়—কি করে ? গত ছ'সাত বছরের মধ্যে এমন নিষ্ক্রিয় জীবন সে কখনো যাপন করে নাই—কাজ, কাজ, উহ্নে ডেক্‌চি চাপাও, কর্তামশায়ের চায়ের জল গরম কর আগে, বাজারে আজ কার পালা ? হৈ চৈ—ঝাড়া বকুনি—পদ্ম ঝয়ের চৌচামেচি.....

বেশ ছিল। পদ্ম ঝয়ের বকুনিও খেন এখন স্থমিষ্ট বলিয়া মনে হইতেছে। পদ্ম খায়াপ লোক নয়—কাল রাত্রে খাইতে বলিয়াছিল, টাকা দিয়াছে। রতন ঠাকুরও বড় ভাল লোক। তাহার সেই ভাগিনেয়টিও বড় ভাল। সবাই ভাল লোক। রতনের সেই ভাগিনেয় তাহার টেঁপির উপযুক্ত বর। দুজনে সুন্দর মানাইত। ছেলেটিকে বড় পছন্দ হইয়াছিল। আকাশকুসুম। মিথ্যা আশা, টেঁপিকে খাওয়াইয়া বাঁচাইয়া রাখিতে পারিলে তবে তার বিয়ে।

গত ছ'বছরে হাজারির একটা বড় কুঅভ্যাস হইয়া গিয়াছে—সকালে বিকালে চা খাওয়া।

এখন চা খাইতে হইবে পয়সা খরচ করিয়া—সেজন্ত হাজারি চা খাওয়ার ইচ্ছাকে দমন করিল।

হঠাৎ তাহার মনে হইল কুসুমের সঙ্গে একবার দেখা করা একান্ত আবশ্যিক। আজ সাত আট দিন কুসুমের সঙ্গে তার দেখা হয় নাই। চুরির জন্ত হাজতে যাওয়ার সংবাদ বোধ হয় কুসুম শোনে নাই—কে তাহাকে সে খবর দিয়াছে ? চা ওখানেই খাওয়া চলিতে পারে। কুসুমের সঙ্গে একটা পরামর্শও করা দরকার। তাহার নিজের মাথায় কিছুই আসিতেছে না।

কুসুম কড়া নাড়ার শব্দে দরজা খুলিয়া হাজারিকে দেখিয়া বিস্মিত কণ্ঠে বলিল—আপনি জ্যাঠামশায় ? এমন অসময়ে যে। এতদিন আসেন নি কেন ?

—চলো, ভেতরে বসি। অনেক কথা আছে।

কুসুম ঘরের মেঝেতে শতরঞ্জি পাতিয়া দিল। হাজারি বসিয়া বলিল—মা কুসুম, একটু চা খাওয়াবে !

—এখুনি করে দিচ্ছি জ্যাঠামশায়, একটু বসুন আপনি।

চা শুধু নয়—চায়ের সঙ্গে আসিল একথানা বেকাবিতে খানিকটা হালুয়া। হাজারি চা

খাইতে খাইতে বলিল—কুহুম মা, আমার চাকরি গিয়েচে।

কুহুম বিশ্বয়ের স্বরে বলিল—কেন ?

—চুরি করেছিলাম বলে।

—চুরি করেছিলেন !

—ওরা তাই বলে। পাঁচ-ছ'দিন হাজতে ছিলাম।

—হাজতে ছিলেন ! হ্যাঁ ! মিথ্যে কথা।

কুহুম দাঁড়াইয়া ছিল—হাজারির সামনে মাটির উপর ধপাস করিয়া বসিয়া পড়িয়া কৌতুহল ও অবিশ্বাসের দৃষ্টিতে হাজারির মুখের দিকে চাহিয়া রহিল।

—না কুহুম, মিথ্যে নয়, সত্যিই হাজতে ছিলাম চুরির আসামী হিসেবে।

—হাজতে থাকতে পারেন জ্যাঠামশায়—কিন্তু চুরি আপনি কবেন নি—কঃতে পারেন না।

সেইটেই মিথ্যে কথা, তাই বলচি।

—আমি চুরি করতে পারি নে ?

—কখনো না জ্যাঠামশায়। আপনাকে আমি জানি নে ? চিনি নে ?

—তোমার মা, এত বিশ্বাস আছে আমার ওপর !

কুহুম অস্ত্রদিকে মুখ ফিরাইয়া চূপ করিয়া রহিল। মনে হইল সে কান্না চাপিবার চেষ্টা করিতেছে।

হাজারি বাঁচিল। কুহুম সত্যি তার মেয়ে বটে। তাহার বড় ভয় ছিল কুহুম জিনিসটা কি ভাবে লইবে। যদি বিশ্বাস করিয়া বসে যে সত্যিই সে চোর ! জগতে তাহা হইলে হাজারির একটা অবলম্বন চলিয়া গেল।

—আপনি এখন কোথা থেকে আসছেন জ্যাঠামশায় ?

—কাল রাত্রে স্টেশনে শুয়ে ছিলাম—যাবে আর কোথায় ? সেখান থেকে উঠে আসচি। ভাবলাম তোমার সঙ্গে একবার দেখা করাবাটা দরকার মা, হয়তো আবার কতদিন—

—কেন, আপনি যাবেন কোথায় ?

—একটা কিছু হিল্লো লাগাতে তো হবে—বসে থাকলে চলবে না বুঝতেই পারো। দেখি কি করা যায়।

—এখানে আর কোনো হোটলে—

—চুরির অপবাদ রটেচে যখন, তখন এখানকার কোনো হোটলে নেবে না। দেখি, একবার ভাবচি গোয়াড়ি যাই না হয়—সেখানে অনেক হোটেল আছে, খুঁজে দেখি সেখানে।

কুহুম খানিকক্ষণ চূপ করিয়া থাকিয়া বলিল—আচ্ছা, সে যা হয় হবে এখন। আপাতোক আপনি নেয়ে আসুন, তেল এনে দিই। তারপর রান্নার যোগাড় ক'রে দিচ্ছি, এখানে দু'টি ভাতেভাত চড়িয়ে খান।

—না মা, ওসব হাক্কায়ে আর দরকার নেই—থাক, খাওয়ার জন্তে কি হয়েছে—আমি

তোমার সঙ্গে দুটো কথা কই ব'সে। ভাবলাম কুসুমের সঙ্গে একবার পরামর্শ করি গিয়ে, তাই এলাম। একটা বুদ্ধি দাও তো মা খুঁজে—একর বুদ্ধিতে কুলোয় না—তারপর বুদ্ধোৎসাহ হয়ে পড়েছি তো!

কুসুম হাসিয়া বলিল—পরামর্শ হবে এখন। না যদি খান, তবে আমিও আজ সারাদিন দাঁতে কুটো কাটবো না বলে দিচ্ছি কিন্তু জ্যাঠামশায়। ওসব শুনবো না—আগে নেয়ে আসুন—তারপর ভাত চাপান, আমিও আপনার প্রসাদ দু'টি পাই। মেয়ের বাড়ী এসেচেন, যতই গরীব হই, আপনাকে না খাইয়ে ছেড়ে দেবো ভেবেচেন বৃদ্ধি—ভারি টান তো মেয়ের ওপর?

অগত্যা হাজারি চূর্ণীর ঘাটে স্নান করিতে গেল। ফিরিয়া দেখিল গোয়ালঘরের এক কোণ ইতিমধ্যে কুসুম কখন লেপিয়া পুঁচিয়া পরিষ্কার করিয়া ইট দিয়া উত্থন পাতিয়া ফেলিয়াছে।

একটা পেন্ডলের মাজা বোগনো দেখাইয়া বলিল, এতেই হবে জ্যাঠামশায়, না নতুন হাঁড়ি কাড়বেন?

—না নতুন হাঁড়ির দয়কার নেই। ওতেই বেশ হবে এখন।

ভাত নামিবার কিছু পূর্বে একটি ছেলে গোয়ালঘরের দোরে আসিয়া উকি মারিয়া ইচ্ছিতে কুসুমকে বাহিরে ডাকিল। হাজারি দেখিল, তাহার হাতে একখানা গামছায় বাঁধা হাটবাজার—অল্প হাতে একটা বড় ইলিশ মাছ ঝোলানো।

—একটুখানি দাঁড়ান জ্যাঠামশায়, মাছ কুটে আনি।

হাজারি অত্যন্ত লজ্জিত ও বিপন্ন হইয়া উঠিল কুসুমের কাণ্ড দেখিয়া। পাশের বাড়ীর ছেলেটিকে ডাকিয়া কুসুম কখন বাজার করিতে দিয়াছে খাক্ দিয়াছে দিয়াছে—কুসুম গরীব মানুষ, এত বড় মাছ কিনিতে দেওয়ার কারণ কি ছিল? নাঃ, বড় ছেলেমানুষ এখনও। এদের জ্ঞানকাণ্ড আর হবে কবে?

কুসুম হাজারির তিরস্কারের কোনো জবাব দিল না। মুহু মুহু হাসিয়া বলিল—আপনার রান্না ইলিশ মাছ একদিন খেতে যদি সাধ হয়ে থাকে তবে মেয়েকে অমন করে বকতে নেই জ্যাঠামশায়।

হাজারি অপ্রসন্নমুখে বলিল—নাঃ, যেতো সব ছেলেমানুষের ব্যাপার!

আহারাদির পর হাজারির বিশ্রামের ব্যবস্থা করিয়া দিয়া কুসুম খাইতে গেল। গত রাত্রে ভাল ঘুম হয় নাই—ইতিমধ্যে হাজারি কখন ঘুমাইয়া পড়িয়াছে, যখন ঘুম ভাঙিল তখন প্রায় বিকাল হইয়া গিয়াছে।

কুসুম ঘরের মধ্যে ঢুকিয়া বলিল—কাল ঘুম হয় নি মোটেই ইষ্টিশানের বেকিতে শুয়ে—তা বুঝতে পেরেছি। ঘুমিয়েচেন ভাল তো? চাক'রে আনি, উঠে মুখ ধুয়ে নিন।

চায়ের সঙ্গে কোথা হইতে কুসুম গরম জিলিপি আনাইয়া দিল। বলিলেও শোনে না, বলিল—এই তো ওই মোড়ে হারান ময়রার দোকানে এ সময় বেশ গরম জিলিপি ভাজে, চায়ের সঙ্গে বেশ লাগবে—শুধু চা খাবেন?

ইহার উপর আর কত অত্যাচার করা চলিতে পারে। আজই এখান হইতে সরিয়া না পড়িলে উপায় নাই। হাজারি ঠিক করিল চা খাইয়া আর একটু বেলা গেলেই এখান হইতে রওনা হইবে।

কুহুম পান সাজিয়া আনিয়া হাজারির সামনে মেখেতে বসিল।—তারপর এখন কি করবেন ভেবেচেন ?

—ওই তো বল্লাম গোয়াড়ি গিয়ে চাকুরির চেষ্টা করি।

—যদি সেখানে না পান ?

—তবে কলকাতা যাবো। তবে পাড়াগাঁয়ের মাহুঘ, কলকাতায় যাতায়াত অভ্যাস নেই

—অত বড় শহরে থাকাও অভ্যাস নেই—ভয় করে।

—আমার একটা কথা শুনবেন জ্যাঠামশায় ?

—কি ?

—শোনেন তো বলি।

—বল না মা কি বলবে ?

—আমার সেই গহনা বাঁধা দিয়ে কি বিক্রি ক'রে আপনাকে দু'শো টাকা এনে দিই। আপনি তাই নিয়ে হোটেল খুলুন। আপনার রাম্মার স্বখ্যাতি দেশ জুড়ে। হোটেল খুললে দেখবেন কেমন পসার জমে—এই রাণাঘাটেই খুলুন, ওই চক্কস্তির হোটেলের পাশেই খুলুন। পদ্ম চোখ টাটিয়ে মরুক। মেয়ের পরামর্শ শুনুন জ্যাঠামশায়—আপনার উন্নতি হবে—কোথায় যাবেন এ বয়সে পরের চাকুরি করতে।

হাজারির চোখে প্রায় জল আসিল। কি চমৎকার, এই অন্তত মেয়ে কুহুম! মেয়েই বটে তাহার। কিন্তু তাহা হইবার নয়—নানা কারণে। কুহুমের টাকায় রাণাঘাটে হোটেল খুলিলে পাঁচজন পাঁচরকম বদনাম রটাইবে উভয়ের নামে। তাহার উপকার করিয়া নিরপরাধিনী কুহুম কলক জুড়াইতে গেল কেন ? ওই পদ্ম ঝি-ই সাতরকম রটাইয়া বেড়াইবে গাভ্রদাহের জালায়।

তা ছাড়া যদি লোকসানই হয়, ধরো—(যদিও হাজারির দৃঢ় বিশ্বাস সে হোটেল খুলিলে লোকসান হইবে না) তাহা হইলে কুহুমের টাকাগুলি মারা পড়িবে। না, তার দরকার নাই।

—মা কুহুম, একবার তো তোমাকে বলেছিলাম তোমার ও টাকা নেওয়া হবে না। আবার কেন সে কথা ? আমাকে এই গাড়ীতে গোয়াড়ি যেতে হবে, উঠি !

কুহুম গড় হইয়া প্রণাম করিয়া বলিল—আচ্ছা, কথা দিয়ে যান যদি গোয়াড়িতে চাকুরি না জোটাতে পারেন তবে আবার আমার কাছে ফিরে আসবেন ?

—তোমার কাছে মা ? কেন বলো তো ?

—এসে ওই টাকা নিতে হবে। হোটেল খুলতে হবে। ও টাকা আপনার হোটেলের জন্তে তোলা আছে। শুধু আপনার ভালোর জন্তেই বলচি তা ভাববেন না জ্যাঠামশায়। আমার স্বার্থ আছে। আমার টাকাগুলো আপনার হাতে খাটলে তা থেকে দু'পয়সা আহিও

পাবো তো। গরীব মেয়ের একটা উপকার করলেনই বা ?

হাজারি হাসিয়া বলিল—আচ্ছা কথা দিয়ে গেলাম। তবে আদি মা আজ। এলো, এসো, কল্যাণ হোক।

—মনে রাখবেন মেয়ের কথা।

—তুমিও মনে রেখো তোমার বুড়ো জ্যাঠামশায়ের কথা :-

—ইস্। আমার জ্যাঠামশায় বুড়ো বৈকি ?

—না, ছ'চল্লিশ বছর বয়েস হয়েছে—বুড়ো নয় তো কি ?

—দেখায় না তো বুড়োর মত। বয়েস হলোই হোলো ? আসবেন আবার কিন্তু তা হোলো।

—আচ্ছা মা।

হাজারি পুঁটুলি লইয়া বাটির বাহির হইল। কুসুম তাহার সঙ্গে সঙ্গে বড় বাস্তা পর্যন্ত আসিয়া আগাইয়া দিয়া গেল।

বাণাঘাট হইতে বাহির হইয়া হাজারি হাঁটাপথে চাকদার দিকে রওনা হইল। প্রথমে ডাকঘর হইতে বাড়ীতে দু'টি টাকা মনিঅর্ডার পাঠাইবার ইচ্ছা ছিল—কিন্তু ডাকঘরে গিয়া দেখিল মনিঅর্ডার নেওয়া বন্ধ হইয়া গিয়াছে।

ডাকঘর খোলা না থাকার জন্ত পরে হাজারি ভগবানকে ধন্যবাদ দিয়াছিল। চাকদা ঘাইবার মাঝপথে সেগুন-বাগানের মধ্যে সন্ধ্যার অন্ধকার নামিল। একটা সেগুন গাছের তলায় দু'খানি গরুর গাড়ী দাঁড়াইয়া আছে। লোকজন নামিয়া গাছতলায় বাসা চড়াইয়াছে। হাজারি জিজ্ঞাসা করিয়া জানিল, সন্মুখের পূর্ণিমায় কালীগঞ্জে গঙ্গান্নানের মেলা উপলক্ষ্যে উহার মেলায় দোকান করিতে যাইতেছে। হাজারি তাহাদের সঙ্গ লইল।

ব্রাহ্মে আহারাদির পরে সবাই গাছতলায় শুইয়া রাত্রি কাটাইল—দোকানের মালিকের নাম শ্রিয়নাথ ধর, জাতিতে স্বর্ণ বণিক, মনোহা'র দোকান লইয়া ইহার মেলায় যাইতেছে। হাজারির পরিচয় পাইয়া ধর মহাশয় প্রস্তাব করিল মেলায় কয়দিন তাহার কেনাবেচা লইয়া ব্যস্ত থাকিবে এই কয়দিন হাজারি যদি বাসা করিয়া সকলকে খাওয়ান—তবে সে দৈনিক খোরাকি ও মেলা অন্তে কয়দিনের মজুরি স্বরূপ দুই টাকা পাইবে।

শ্রিয়নাথ ধরের দোকান তিনখানি—একখানি তার নিজের, অপর দুইখানি তাহার জামাই ও ভ্রাতৃপুত্রের। কম মাহিনায় যে ওস্তাদ রান্না পাইয়াছে, হাজারির প্রথম দিনের রন্ধনেই তাহা সপ্রমাণ হইয়া গেল। সকলেই খুব খুশি।

মেলায় পৌঁছিয়া কিন্তু হাজারি দেখিল, বাসার চেয়েও অধিকতর লাভের একটি ব্যবসা এই মেলাতেই তাহার জন্ত অপেক্ষা করিয়া আছে। সে জিনিসপত্র কিনিয়া আনিয়া তেলে-ভাজা কচুরি সিদ্ধাডার দোকান খুলিয়া বলিল ধর মহাশয়দের বাসার একপাশে। বিনামূল্যে কচুরি খাইবার লোকে ধর মহাশয় কোন আপত্তি করিলেন না।

কয়দিন দোকানে অসম্ভব রকমের বিক্রি হইল। মূলধন ছিল আগের সেই দুই টাকা—শেষে খরিদারের সংখ্যা বৃদ্ধি পাওয়াতে হাজারি ধর মহাশয়ের তহবিল হইতে কয়েকটি টাকা ধার লইল।

চতুর্থ দিনের সন্ধ্যাবেলা দোকানপাট উঠানো হইল। মেলা শেষ হইয়া গিয়াছে। ধর মহাশয়ের তহবিলের দেনা শোধ করিয়া ও সকল প্রকার খরচ বাদ দিয়া হাজারি দেখিল সাড়ে তেরো টাকা লাভ দাঁড়াইয়াছে। ইহার উপর ধর মহাশয়ের রান্নার মজুরি দুই টাকা লইয়া মোট হইল সাড়ে পনের টাকা।

প্রিয়নাথ ধর বলিলেন—ঠাকুর মশায়, আপনার রান্না যে এত চমৎকার, তা যখন আপনাকে সেগুনবাগানে প্রথম কাজে লাগালুম, তখন ভাবি নি। আমি বড়লোক নই, বাড়ীতে মেয়েরাই রাঁধে, না হোলে আপনাকে আমি ছাড়তুম না কিছুতেই।

বাড়ীতে দশটি টাকা পাঠাইয়া দিয়া হাজারির মন খানিকটা সুস্থ হইল। এখন সংসারের ভাবনা সম্বন্ধে মাসখানেকের মত নিশ্চিন্ত থাকিতে পারে সে। এই এক মাসের মধ্যে নতুন কিছু অবশ্যই জুটিয়া যাইবে।

কালীগঞ্জ হইতে যশোর যাইবার পাকা রাস্তা বাহিয়া হাজারি আবার পথ চলিল। এই পথের দুধারে বনজঙ্গল বড় বেশী—পূর্বে গ্রাম ছিল, ম্যালেরিয়ার অভ্যাচারে বহু গ্রাম জনশূন্য হইয়া যাওয়াতে অনাবাদী মাঠ ও বিধ্বস্ত পুরাতন গ্রামগুলি বনে-জঙ্গলে ছাইয়া ফেলিয়াছে।

সকালবেলা কালীগঞ্জ হইতে রওনা হইয়াছে, যখন দুপুর উত্তীর্ণ হয়-হয়, তখন একটা প্রাচীন তেঁতুলগাছের ছায়ায় সে আশ্রয় লইল। অল্প দূরে একখানা ক্ষুদ্র চাষাদের গ্রাম। একটি ছোট ভেলে গরু তাড়াইয়া লইয়া যাইতেছে, তাহাকে জিজ্ঞাসা করিয়া জানিল গ্রামখানার নাম নতুন পাড়া। বেশীর ভাগ গোয়ালাদের বাস।

হাজারি গ্রামের মধ্যে ঢুকিয়া প্রথমেই যে খড়ের বড় আটচালা ঘরখানা দেখিল তাহার উঠানে গিয়া দাঁড়াইল।

বাড়ীর মালিক কাহাকেও দেখিল না। একদিকে বড় গোয়াল, অনেকগুলি বলদ গরু বিচারিলি জাব থাইতেছে।

একটি ছোট মেয়ে বাহির হইয়া উঠানে দাঁড়াইল। হাজারি তাহাকে ডাকিয়া বলিল—খুকী শোনো—বাড়ীতে কে আছে? মেয়েটি ভয় পাইয়া কোনো উত্তর না দিয়াই বাড়ীর ভিতর ঢুকিল।

প্রায় আধঘণ্টা অপেক্ষা করিবার পরে বাড়ীর মালিক আসিল। তাহার নাম শ্রীচরণ ঘোষ। হাজারিকে সে খুব খাতির করিয়া বসাইল, দুপুর গড়াইয়া গিয়াছে—সুত্তরাং রান্না-খাওয়া করিতে বলিল। বাড়ীর ভিতর হইতে একখানা জলচৌকি ও এক বালতি জল আনিয়া সামনে রাখিয়া দিল।

ইহারাও গোয়ালঘরের একপাশে রান্নার ষোগাড় করিয়া দিয়াছিল। সেখানে বসিয়া

রাধিতে রাধিতে হঠাৎ তাহার মনে পড়িল কুহুমের কথা। কুহুমও তাহাকে সেদিন গোয়ালঘরেই রাধিবার আয়োজন করিয়া দিয়াছিল—কুহুমও গোয়ালার মেয়ে।

বোধ হয় সেই জন্মই—ইহারা গোয়ালী ভনিয়াই—হাজারি ইহাদের বাড়ী আসিয়াছিল—মনের মধ্যের কোন গোপন আকর্ষণ তাহাকে এখানে টানিয়া আনিয়াছিল। হঠাৎ সে আশ্চর্য হইয়া গোয়ালঘরের দরজার দিকে চাহিল।

একটি অল্পবয়সী বৌ আধঘোমটা দিয়া গোয়ালঘরে ঢুকিয়া এক চুবুড়ি শাক লইয়া লাজুক ভাবে দাঁড়াইয়া ইতস্ততঃ করিতেছে। শাকগুলি সম্বল হইতে খুইয়া আনা—চুবুড়ি দিয়া জল ঝরিয়া গোয়ালঘরের মাটির মেঝে ভিজাইয়া দিতেছে। হাজারি ব্যস্ত হইয়া বলিল—এস মা এস—কি ওতে ?

বউটি লাজুক মুখে একটু হাসিয়া বলিল—চাঁপানটে শাক। এখানে রাধি ?

বউটি কুহুমের অপেক্ষাও বয়সে ছোট। হঠাৎ একটা অকারণ স্নেহে হাজারির মন ভরিয়া উঠিল। সে বলিল—রাখো মা রাখো—

খানিকটা পরে বউটি আবার ঘরের মধ্যে গোটাকতক কাঠাল-বীচি লইয়া ঢুকিল। এবার সে যেন অনেকটা নিঃসঙ্কোচ, পিতার বয়সী এই শাস্ত, শ্রোত্র আশ্রমের নিকট সঙ্কোচ করিতে তাহার বাধিতেছিল হয়তো।

হাজারিকে বলিল—কাঠাল-বীচি খান ?

—খাই মা, কিন্তু ওগুলো কুটে দেবে ? আমি ভাল চড়িয়েচি, আবার কুট কখন ?

বউটি এক পাথরের বাটিতে কাঠাল-বীচি আনিয়াছিল। বাটিটা নামাহয় ছুটিয়া গিয়া একখানা বীচি লইয়া আসিল এবং বীচিগুলি কুটিতে আরম্ভ করিল। হাজারির মন তৃপ্ত ছিল, ইহারা সবাই মেয়ের মত, সবাই ভালবাসে, সেবা করে, মনের দুঃখ বোঝে।

হাজারি কোন কথা বলিবার আগেই বউটি বলিল—আপনার গাঁয়ে আমি কত গিইচি।

হাজারি অবাক হইয়া বলিল—আমার গাঁ কোথায় তুমি কি ক'রে জানলে ? তুমি সেখানে কি ক'রে গেলে ?

—গন্ধাধর ঘোষ আমার পিসেমশাই—

—ওহো—তুমি জীবনের ভাইঝি ! তা হলে কুহুমকে তো চেনো—

—কুহুমদিদিকে তার বিয়ের আগে অনেকবার দেখেচি, বিয়ের পরে আর কখনও দেখি নি। সে আজকাল কোথায় থাকে জানেন নাকি ?

—সে থাকে রাণাঘাটে শস্তরবাড়ীতে। তবে তোমাকে মা বলে খুব ভাল করেচি, কুহুম আমার মেয়ে !

বউটি বীচি কোচা বন্ধ রাখিয়া গলায় আঁচল জড়াইয়া দূর হইতেই প্রণাম করিল।

—এসো মা চিরজীবী হও, মাঝি সয়ান হও।

বউটি হাসিয়া বলিল—আপনি যখন উঠেনে দাঁড়িয়ে, তখনই আপনাকে দেখে আমি

চিনেচি। আমি শান্তডীকে গিয়ে বললাম আমার পিসিমার গায়ের মাহুঘ উনি—তখন শান্তডী গিয়ে স্বত্তরকে জানালেন।

—বেশ মা বেশ। আসবো যাবো, আমার আর একটি মেয়ে হোল, তার সঙ্গে দেখাশুনা করে যাবো। ভালই হোল।

বউটি সলজ্জভাবে বলিল—আজ কিন্তু আপনাকে যেতে দেবো না—থাকতে হবে এখন এখানে—

—না মা, আমার থাকা হবে না।

—না তা হবে না। যান দিকি কেমন করে যাবেন? আমি জোর করতে পারিনে বুঝি?

—অবিশ্বি পাগো মা, কিন্তু আমার মনে শাস্তি নেই, আবার সুদিন পেলে এঁদে হু'দিন থেকে যাবো—

বউটি হাজারির মুখের দিকে চাহিয়া বলিল—কেন, কি হয়েছে আপনার?

হাজারির স্বভাবদুর্কল মন, সহাস্বভূতির গন্ধ পাইয়া গলিয়া গেল। সে তাহার চাকুরি ষাওয়ার আনুপূর্বিক ইতিহাস সংক্ষেপে বর্ণনা করিয়া গেল—ভাল নামাইয়া চচ্চড়ি রাঁধিবার ফাঁকে ফাঁকে। একটু গরুর করিবার লোভও সম্বরণ করিতে পারিল না।

—রাগা যা করতে পারি মা, তোমার কাছে গোমর করে বলচি নে, অমন রাগা রাণাঘাটের কোনো হোটলে কোনো বামুনঠাকুর রাঁধিতে পারবে না। হয় না হয় মা এই তোমাদের এখানে এই যে চচ্চড়ি রাঁধিচি, তোমাদের সকলকে খাইয়ে দেখাবো; আমি জোর করে বলতে পারি এরকম চচ্চড়ি কখনও খাও নি, আর কখনও খাবে না।

বউটি বিস্ময়ে, সম্বমে, মুগ্ধ দৃষ্টিতে হাজারির দিকে চাহিয়া কথা শুনিতেছিল। বলিল—তা হোলে আমায় শিখিয়ে দিতে হবে খুড়োমশাই—

—একদিনের কর্ম নয় সে। শেখালেও দিখতে পারা কঠিন হবে—তোমায় ফাঁকি দেওয়া আমার ইচ্ছে নয় মা। এ শেখা এক আধ দিনে হয় কখনো?

—তা আপনি যদি অমন রাঁধুনী, আপনার আবার চাকুরির ভাবনা কি? কত বড়লোকের বাড়ী ভাল মাইনে দিয়ে রাখবে—

—অদৃষ্ট-যখন খারাপ হয় মা, কিছুতেই কিছু হয় না। হাতে টাকা থাকে হু'দিন চেটে-চরিত্তির করে বেড়াতে পারি। বেড়াবো কি, রেশ্ত ফুরিয়ে এসেচে কি না!

—ক'টাকা লাগবে বলুন।

—কেন, তুমি দেবে নাকি?

—যদি দিই?

—সে আমি নিতে পারি নে। কুহুমাদতে চেয়েছিল, কিন্তু তা আমি নেবো কেন? তোমরা যেয়েমাত্র, ব্যাণ্ডের আধুলি পুঁজি করে রেখেচ, তা থেকে নিয়ে তোমাদের ক্ষতি করতে চাই নে।

—আচ্ছ', আপনাকে যদি টাকা ধার দিই? আপনাকে বলি শুভন খুড়োমশায়। আমার মার কাছ থেকে কিছু টাকা এনেছিলাম। এখানে রাখবার জো নেই। একটা কথা বলবো?।

এদিক ওদিক চাহিয়া স্থর নীচু করিয়া বলিল—নন্দ আর জা ভাল লোক নয়। এখুনি যদি টের পায় নিয়ে নেবে। আমি আপনাকে টাকা ধার দিচ্ছি, আপনি স্বদ দেবেন কত করে বলুন?

এই কুমীন্দ-লোভী সরলা মেয়েটির প্রতি হাজারির প্রৌঢ় মন করুণায় ও মমতায় গলিয়া গেল। সে আরও খানিক মজা দেখিতে চাহিল।

—এমনি টাকা দেবে মা? আমার বিশ্বাস কি?

—তা বিশ্বাস না করলে কি এ কারবার চলে? আর আপনি তো চেনা লোক। আপনার গা চিনি, বাড়ী চিনি।

—চিনলেই হোল? একটা লেখাপড়া করে নেবে না? কত টাকা দিতে চাও?

—আমার কাছে আছে আশি টাকা। সবই দিতে পারি আপনি যদি নেন। স্বদ কত দেবেন?

—কত করে চাও?

—আপনি যা দেবেন। টাকায় দুপয়সা করে রেট, আপনি এক পয়সা দেবেন, কেমন তো? আপনার পায়ে পড়ি খুড়োমশায়, টাকাগুলো আলাদা আমার তোরঙ্গতে তোলা আছে। কেউ জানে না। আপনাকে এনে দিই, টাকাগুলো খাটিয়ে দিন আমার। কাকে বিশ্বাস করে দেবো, কে নিয়ে আর দেবে না।

—কই, লেখাপড়ার কথা বললে না তো?

—আমি লেখাপড়া জানি নে—কি লেখাপড়া করে নেবো। আপনি চান একটা কিছু লিখে দিয়ে যান। কিন্তু তাতে লোক-জানাজানি হবে। সে কাজের দরকার নেই। আপনি নিয়ে যান। আমি দ্বিচ্ছি মিটে গেল। এর আর লেখাপড়া কি?

ইতিমধ্যে রান্নাবান্না শেষ হইয়া গেল। বউটি একঘটি দুধ আনিয়া বলিল—এই উহুনটা পেড়ে দুধটুকু জ্বাল দিয়ে খেতে বসুন—বেলা কি কম হয়েছে?

খাওয়া-দাওয়া মিটিয়া গেল। হাজারির কথা মিথ্যা নয়—গোয়ালাবাড়ীর সকলে একবাক্যে বলিল, এরকম রান্না খাওয়া তো দূরের কথা, সামান্য জ্বিনিস যে খাইতে এমনধারা হয় তাহা শোনেও নাই।

বিকালে বিশ্রাম করিয়া উঠিয়া হাজারি বাইবার অন্ত তৈরী হইল। তাহার ইচ্ছা ছিল আর একবার বউটির সঙ্গে দেখা করে। পল্লীগামে মেয়েদের মধ্যে কড়াকড়ি পর্দা নাই সে জানে, বিশেষতঃ ব্রাহ্মণ কার্যস্থ ভিন্ন অন্ত জাতির মেয়েদের মধ্যে। মেয়েটিকে তাহার ভাল লাগিয়াছিল উহার সরলতার জন্য এবং বোধ হয় টাকাকড়ি সম্বন্ধে কথাটা আর একবার বলিতে তাহার ইচ্ছা হইতেছিল, সে ইতিমধ্যে একটা মতলব মাথায় আনিয়া ফেলিয়াছে।

কুম্ভম এবং এই মেয়েটি যদি তাহাকে টাকা দেয় তবে সে তাহার চিরদিনের স্বপ্নকে সার্থক করিয়া তুলতে পারিবে। ইহাদের টাকা সে নষ্ট করিবে না—বরং অনেক গুণ বাড়াইয়া ইহাদের হাতে তুলিয়া দিতে পারিবে। খাইতে বসিয়া হাজারি এসব কথা ভাবিয়া দেখিয়াছে।

ইহাদের বাড়ী হইতে বাহির হইয়া বড় রাস্তায় পড়িতে হইলে একটা পুকুরের ধার দিয়া খাইতে হয়—একটা বড় তেঁতুল গাছ এবং তাহার চারিপাশে অগাছ বগা গাছের ঝোপ জায়গাটাকে এমন ভাবে ঢাকিয়া রাখিয়া দিয়াছে যে বাহির হইতে হঠাৎ সেখানে কেহ থাকিলে তাহাকে দেখা যায় না।

পুকুরের পাড় ছাড়াইয়া হাজারি হঠাৎ দেখিল মেয়েটি তেঁতুলতলার ছায়ায় দাঁড়াইয়া আছে যেন তাহারই অপেক্ষায়।

—চলেন খুড়োমশায় ?

—হ্যাঁ যাই, তুমি এখানে দাঁড়িয়ে ?

—আপনি এই পথ দিয়ে যাবেন জানি, তাই দাঁড়িয়ে আছি। দুটো কথা আপনাকে বলবো। আপনার হাতের রান্না চচ্চড়ি খেয়ে ভাল লেগেছে খুড়োমশায়। আমরাও তো রান্না, রান্নার ভাল মন্দ বুঝি। এমন রান্না কখনো খাই নি। আর একটা কথা হচ্ছে আমার টাকাটার কথা মনে আছে তো ? কি করলেন তার ? জানেন তো মেয়েরা খন্ডরবাড়ীর লোকদের চেয়ে বাণেশ্বর বাড়ীর লোকদের বেশী বিশ্বাস করে ? এদের হাতে ও টাকা পড়লে দুদিনে উড়ে যাবে।

—টাকা তোমার এখুনি নিতে পারবো না মা। কিন্তু আবার আমি এই পথে আসবো, তোমার সঙ্গে দেখা করবো। তখন হয়তো টাকার দরকার হবে, টাকা তখন হয়তো নিতে হবে।

—কত দিনের মধ্যে আসবেন ?

—তা বলতে পারিনে, ধর মাস দুই। পূজোর পরে কাষ্টিক-অস্ত্রাণ মাসের দিকে তোমার সঙ্গে দেখা করবো।

—কথা রইল তা হোলে ?

—ঠিক রইল। এলো এলো, লক্ষী ছোট্ট মা আমার—সাবিত্রী সমান হও, আশীর্বাদ করি তোমার বাড়-বাড়ন্ত হোক।

বেলা পড়িয়া আসিয়াছে। হাজারি আবার পথ চলিতে লাগিল। গোয়ালাবাড়ীর সবাই এবেলা থাকিবার জন্ত অনুরোধ করিয়াছিল, বউটি তো বিশেষ করিয়া। কিন্তু থাকিবার উপায় নাই, একটা কিছু যোগাড় না করা পর্যন্ত তাহার মনে স্থখ নাই।

মেয়েটি খুব আশ্চর্য্য ধরণের বটে। নিকোঁধ হয় তো—কুম্ভমের মত বুদ্ধিমতী নয় ঠিকই, তবুও বড় ভাল মেয়ে।

পথের দুধারে বনজঙ্গল ক্রমশঃ ঘন হইয়া উঠিতেছে—পথ নদীয়া জেলা হইতে যত যশোর

জেলার কাছাকাছি আসিয়া পৌঁছিতেছে এই বন ক্রমশঃ বাড়িতেছে। স্থানে স্থানে বনজঙ্গল এত ঘন যে হাজারির ভয় করিতে লাগিল দিনমানেই বৃষ্টি বাঘের হাতে পড়িতে হয়। লোকের বসতি এসব স্থানে বেশী নাই, ভয় করিবারই কথা।

সন্ধ্যার পূর্বে বেলেব বাজারে আসিয়া পৌঁছিল। আগে যখন রেল হয় নাই, তখন বেলেব বাজার খুব বড় ছিল, হাজারি গুনিয়াছে তাহার গ্রামের বৃদ্ধ লোকদের মুখে। এখনও পূর্বে অঞ্চল হইতে চাকদহের গঙ্গায় শবদাহ করিতে আসে বহুলোক—তাহাদের জগুই বেলেব বাজার এখনও টিকিয়া আছে।

হাজারি বেলেব বাজার দেখিয়া খুশী হইল ও আগ্রহের সঙ্গে দেখিতে লাগিল। ছেলেবেলা হইতে গুনিয়া আসিয়াছে, কখনও দেখে নাই। চমৎকার জায়গা বটে। এই তাহা হইলে বেলে! তাহার এক মামাতো ভাই যশোর অঞ্চলে বিবাহ করিয়াছিল, তাহার বৃদ্ধা শাশুড়ীর মৃত্যুর পরে শব লইয়া চাকদহে এই পথ বাহিয়া আসিতে আসিতে বেলেব বাজারের কাছে ভৌতিক ব্যাপারের সম্মুখীন হয়—এ গল্প উক্ত মামাতো ভাইয়ের মুখেই দু-তিনবার সে গুনিয়াছে।

হাজারি ঘুরিয়া ঘুরিয়া বাজারের দোকানগুলি দেখিতে লাগিল। সর্বমুদ্র ন'খানা দোকান ইহারই মধ্যে চাল ডাল মুদিখানার দোকান, কাপড়ের দোকান সব। একজন দোকানদারকে বলিল—একটু তামাক খাওয়াতে পারেন মশায় ?

—আপনারা ?

—ব্রাহ্মণ।

—পেরণাম হই ঠাকুর মশায়। আমুন, কোথায় যাওয়া হবে ?—বসুন, গুরে বামুনের হাঁকোতে জল ফিরিয়ে নিয়ে আয়।

দোকানখানি কিসের তাহা হাজারি বুঝিতে পারিল না। এক পাশে চিটা গুড়ের ক্যানেন্সা চাল পর্যন্ত একটার গায়ে একটা উঁচু করিয়া সাজানো আছে—আর এক পাশে বড় বড় বস্তা। দোকানদার বৃদ্ধ, বয়স পঁয়ষট্টি হইতে সত্তর হইবে, রোগী একহারা চেহারা। গলায় মালা।

—নিম্ন ঠাকুর মশায়, তামাক ইচ্ছে করুন। কোথায় যাওয়া হবে ?

—যাচ্ছি কাজের চেষ্টায়, রাণাঘাট হোটলে সাত বছর রেখেছি, বেচু চক্কতির হোটলে। নাম শুনেছেন বোধ হয়। ভাল রাঁধুনী বলে নাম আছে—কিন্তু চাকুরিটুকু গিয়েছে—এখন যাই তো একবার এই দিক পানে—যদি কোথাও কিছু জোটে।

দোকানদার পূর্কোপেক্ষা অধিক সন্তোষের চোখে হাজারিকে দেখিল। নিতান্ত গ্রাম্য ঠাকুর পূজারী বামুন নয়—রাণাঘাটের মত শহর বাজারের বড় হোটলে সাত-আট বছর স্থখ্যাতির সঙ্গে রান্নার কাজ করিয়াছে, কত দেখিয়াছে, গুনিয়াছে, কত বড় লোকের সঙ্গে মিশিয়াছে—না, লোকটা সে বাহা ভাবিয়াছিল তাহা নয়।

হাজারি বলিল—রাত হয়ে আসচে, একটু থাকার জায়গার কি হয় বলতে পারেন ?

দোকানদার অত্যন্ত খুশী হইয়া বলিল—এইখানেই থাকুন, এর আর কি! আমার ওই

পেছন দিকে দিব্যি চালা রয়েছে, একথানা তক্তপোশ রয়েছে। চালায় রান্না করুন, তক্তপোশে শুয়ে থাকুন।

কথায় কথায় হাজারি বলিল—আচ্ছা এখানে গঙ্গাযাত্রী দিন কত যাতায়াত করে ?

—সে দিন আর নেই বেলের বাজারের। আগে আট দশ দল, এক এক দলে দশ-বারো জন করে মানুষ, এ নিত্য যেতো। এখন কোনোদিন মোটেই না, কোনোদিন তিনটে, বড় জোর চারটে। আগে লোকের হাতে পয়সা ছিল, মড়া গঙ্গায় দিত—আজকাল হাতে নেই পয়সা—ম'লে নদীর ধারে, খালের ধারে, বিলের ধারে পুড়ায়।

হাজারি ভাবিতেছিল বেলের বাজারে একথানা ছোটখাটো হোটেল চলিতে পারে কিনা। তিন দল গঙ্গাযাত্রীতে ত্রিশটি লোক থাকিলে যদি সকলে খায়, তবে ত্রিশজন খরিদার। ত্রিশজন খরিদার রোজ খাইলে মাসে পঞ্চাশ-ষাট টাকা লাভ থাকে খরচ-খরচা বাদে। মেহ জায়গায় কুড়ি জন হোক, দশ জন হোক রোজ—তবুও পরের চাকুরির চেয়ে ভাল। পরের চাকুরি করিয়া পাহাতেছে সাত টাকা আর অল্প অপমান বকুনি। মর্কদা ভয়ে ভয়ে থাকা—দশ জন খরিদার যে হোটেলের রোজ খায়, সেখানে অন্ততঃ বারো-তেগো টাকা মাসে লাভ থাকে।

পরদিন সকালে উঠিয়া সে গোপালনগরের দিকে রওনা হইল। হাতের পয়সা এখনও খেটে—পাঁচ টাকা আছে, কোনো ভাবনা নাই। কাল রাতে দোকানদার চাল ডাল হাঁড়ি কিনিয়া আনিতে চাহিয়াছিল, হাজারি তাহাতে রাজী হয় নাই। নিজে পয়সা খরচ করিয়াছে।

দুপুরের সৌত্র বড় চাড়ল। নির্জন রাস্তা, দুধারে কোথাও ঘন বনজঙ্গল, কোথাও ফাঁকা মাঠ, লোকালয় চোখে পড়ে না, এক-আধখানা চাষাদের গ্রাম ছাড়া। ষণ্টা দুই হাঁটিবার পরে হাজারির তৃষ্ণা পাইল। কিছুদূরে একটা ছোট পুকুর দেখিয়া তাহার ধারে বসিতে যাইবে এমন সময় একথানা খালি গরুর গাড়ী পুকুরের পাশের মেটে রাস্তা দিয়া নামিতে দেখিল। গাড়োয়ানকে ডাকিয়া বলিল—কাছে কোনো গ্রাম আছে বাপু ? একটু জল খাবো।

গাড়োয়ান বলিল—আমার সঙ্গে আহ্নন ঠাকুর মশায়, কাছেই ছিনগর-সিমলে আমি বামুন বাড়ী যাবো। তেনাদের গাড়ী—গাড়ীতে আহ্নন।

হাজারি ছিনগর-সিমলে গ্রামের নাম শুনিয়াছিল, গ্রামের মধ্যে গাড়ী চুকিতে দেখিল এ তো গ্রাম নয়—বিজন বন। এতখানি বেলা চড়িয়াছে এখনও গ্রামের মধ্যে সূর্যের আলো প্রবেশ করে নাই ; শুধু আম-কাঁটালের প্রাচীন বাগান, বাঁশবন, আগাছার জঙ্গল।

একটা গৃহস্থ-বাড়ীর উঠানে গরুর গাড়ী গিয়া থামিল। গাড়োয়ানের ডাকে বাড়ীর ভিতর হইতে গৃহস্থী আসিলেন, ম্যালেরিয়া-শীর্ণ চেহারা, মাথার চুল প্রায় উঠিয়া গিয়াছে, বয়স ত্রিশও হইতে পারে পঞ্চাশও হইতে পারে। তিনি বাহিরে আসিয়াই হাজারিকে দেখিতে পাইয়া গাড়োয়ানকে বলিলেন—কে যে সঙ্গে ?

গাড়াওয়ান বলিল—এজ্ঞে উনি পাকা রাস্তায় মন্দির পুকুরের ধারে বসে ছিলেন, বন্ধন একটু জল খাবো— তা বললাম চলুন আমার সঙ্গে—আমার মনিবেধা ব্রাহ্মণ—সেখানে জল খাবেন, তাই সঙ্গে করে আনলাম।

গৃহস্থামী আগাইয়া আসিয়া হাজারিকে নমস্কার করিয়া বলিলেন—আহ্নন, আহ্নন। বহ্নন, বিশ্রাম করুন। ওরে চণ্ডীমণ্ডপের তরুণপোশে মাহুরটা পেতে দে,—আহ্নন।

এসব পল্লী অঞ্চলে আতিথ্যের কোনো ক্রটি হয় না। আধঘণ্টা পরে হাজারি হাত পা ধুইয়া বসিয়া গাছ হইতে সত্ত পাড়া কচি ডাবের জল পান করিয়া হুহু ও খোশমেজাজে হাঁকা টানিতে লাগিল।

গৃহস্থামীর নাম বিহারীলাল বাঁড়ুঘো। চাকুরি জীবনে কখনো করেন নাই, যথেষ্ট ধানের আবাদ আছে, গরু আছে, পুকুরে মাছ আছে, আম-কাঁটালের বাগান আছে। এসব কথা গৃহস্থামীর নিকট হইতেই হাজারি গল্পছলে শুনিল।

বিহারী বাঁড়ুঘো বলিতেছিলেন, শ্রীনগর-সিমলে মস্ত গ্রাম ছিল, রাজধানী ছিল কেটনগরের রাজাদের পূর্বপুরুষের। জঙ্গলের মধ্যে রাজার গড়থাই আছে, পুরোনো ইটের গাঁথুনি আছে, দেখাবো এখন ওবেলা। না না, আজ যাবেন কি? ওসব হবে না। দুদিন থাকুন, আমাদের সবই আছে আপনার বাপ-মার আশীর্বাদে, তবে মাহুরজনের মুখ দেখতে পাইনে এই ষা কষ্ট। ছেলেবেলাতেও দেখেছি গায়ে ত্রিশ-বত্রিশ ঘর ব্রাহ্মণের বাস ছিল, এখন দাড়িয়েচে সাত ঘর মোট—তার মধ্যেও দু ঘর আছে বারোমাস বিদেশে। আপনার নিবাস কোথায় বন্ধন?

—আজ্ঞে, এঁড়োশোলা—গাংনাপুর থেকে নেমে যেতে হয়।

—তবে তো আপনি আমাদের এদেশেরই লোক। আহ্নন না আমাদের গায়ে? আরগা দিচ্চি, জমি দিচ্চি, ধান করুন, পাট করুন, বাস করুন এখানে। তবুও এক ঘর লোক বাঁড়ুক গ্রামে। আহ্নন না?

হাজারি শিহরিয়া উঠিল। সর্কনাশ! এই ঘন জঙ্গলের মধ্যে সে বাস করিতে আসিবে—সেইটুকু অদৃষ্টে বাকী আছে বটে! শহর বাজারে থাকিয়া সে শহরের কল-কোলাহল কর্ণব্যস্ততাকে পছন্দ করিয়া ফেলিয়াছে—এই বনের মধ্যে সমাধিপ্রাপ্ত হইতে হয় যে বৃদ্ধ বয়সে। ছ'চত্রিশ বৎসর বয়স তার—দিন এখনও যায় নাই, এখনও যথেষ্ট উৎসাহ শক্তি তার মনে ও শরীরে। তা ছাড়া সে বোঝে হোটেলের কাজ, একটা হোটেল খুলিতে পারিলে তাহার বয়স দশ বছর কমিয়া যাইবে—নব ঘোঁষন লাভ করিবে সে। চাষবাসের :স কি জানে?

হোটেলের কথা হাজারি এখানে বলিল না। সে জানে হোটেলওয়ালার বামুন বলিলে অনেকে স্থপায় চক্ষু দেখে—বিশেষতঃ এই সব পাড়াগায়ে।

শ্রীনগরে হাজারির মোটেই মন টিকিতেছিল না—এত বনজঙ্গলের অন্ধকার ও নির্জনতার মধ্যে তাহার যেন দম বন্ধ হইয়া আসিতেছিল। স্তব্ধতা বৈকালের দিকেই সে গ্রামের

বাহিরে আসিয়া পথে উঠিয়া হাঁপ ছাড়িয়া বাঁচিল। ভাবিল—বাপরে! কুড়ি বিঘে ধানের জমি দিলেও এ গায়ে নয় রে বাবা! মানুষ থাকে এখানে? মানুষজনের মুখ দেখার ঘো নেই, কাজ নেই, কৰ্ম নেই—কুঁড়ের মতো বসে থাকে আর গোলার ধানের ভাত খাও—সৰ্ব্বনাশ!...আর কি জঙ্গল রে বাবা!...

রাস্তার ধারে একটা লোক কাঠ ভাঙিতেছিল। হাজারি তাকে বলিল—সামনে কি বাজার আছে বাপু?

লোকটা একবার হাজারির দিকে নীরবে চাহিয়া দেখিল। পরে বলিল—আপনি কি আলেম সিম্লে থে?

—হ্যাঁ।

—ওখানে আপনাদের এখ্যা-কুটুম্ব আছেন বুঝি? আপনারা?

—ব্রাহ্মণ।

—পেরণাম হই। কোথায় যাবেন আপুনি?

হাজারি জানে পল্লীগ্রাম-অঞ্চলে এই সব শ্রেণীর লোক তাকে অকারণে হাজার প্রশ্ন জিজ্ঞাসা করিয়া বিরক্ত করিয়া মারিবে। ইহাই ইহাদের স্বভাব। হাজারিও পূর্বে এই রকম ছিল—কিন্তু রাণাঘাট শহরে এককাল থাকিয়া বুঝিয়াছে অপরিচিত লোককে এসব প্রশ্ন জিজ্ঞাসা করিতে নাই বা করিলে লোকে চটে। হাজারি বর্তমান প্রশ্নকর্তার হাত এড়াইবার জন্ত সংক্ষেপে দু-একটি কথার উত্তর দিয়া তাকে আবার জিজ্ঞাসা করিল—সামনে কি বাজার পড়বে বাপু?

—এজে ঘান, গোপালনগরের বড় বাজার পড়বে—কোশ দুই আর আছেন।

গোপালনগরের নাম হাজারির কাছে অত্যন্ত পরিচিত; এদিকের বড় গঙ্গা গোপালনগর, সকলেই নাম জানে।

মধ্যাহ্নভোজনটা একটু বেশী হইয়া গিয়াছিল, রাজে খাইবার আবশ্যক নাই। একটু আশ্রয় পাইলেই হইল। সুতরাং হাজারির মন সম্পূর্ণ নিশ্চিন্ত ছিল। এ কয়দিন সে যেন নূতন জীবন যাপন করিতেছে—সকালে উঠিবার তাড়া নাই, পদ্মঝয়ের মুখনাড়া নাই—বেচু চক্ৰবর্তীর কাছে বাজারের হিসাব দিতে যাওয়া নাই—দশ মের কয়লাজ্বলা অগ্নিকুণ্ডের তাতে বসিয়া সকাল হইতে বেলা একটা এবং ওদিকে গঙ্গা হইতে রাত বারোটা পর্য্যন্ত হাতাখুস্তি নাড়া নাই, বাঁচিয়াছে সে!

পথের ধারে একটা গাছতলায় পাকা বেল পড়িয়া রহিয়াছে দেখিয়া হাজারি সেটা সংগ্রহ করিয়া লইল। কাল সকালে খাওয়া চলিবে।

সব ভাল—কিন্তু তবু হাজারির মনে হয়, এ ধরণের ভবঘুরে জীবন তাহার পছন্দসই নয়। বুধা ঘুরিয়া বেড়াইয়া কি হইবে? চাকুরি জোটে তো ভাল। নতুবা এ ধরণের জীবন সে কতকাল কাটাইতে পারে?...একমাসও নয়। সে চায় কাজ, পারিশ্রম করিতে সে ভয় পায় না, সে চায় কৰ্মব্যস্ততা, দু-পয়সা উপার্জন, নাম, উন্নতি। ইহার উদ্যোগ বাড়ী খাইয়া

বেড়াইয়া, পথে পথে সময় নষ্ট করিয়া লাভ নাই।

গোপালনগর বাজারে পৌঁছিতে বেলা গেল। বেশ বড় বাজার, অনেকগুলি ছোটবড় দোকান, ভাল ব্যবসার জারগা বটে। হাজারি একটা বড় কাপড়ের দোকানের সামনের টিউবওয়েলে হাতমুখ ধুইয়া লইল। নিকটে একটা কালীমন্দির—মন্দিরের রোয়াকে বসিয়া সম্ভবতঃ মন্দিরের পূজারী ব্রাহ্মণ হাঁকা টানিতেছে দেখিয়া হাজারি তামাক খাইবার জন্ত কাছে গিয়া দাঁড়াইয়া বলিল—একবার তামাক খাওয়ানেন ?

—আপনারা ?

—ব্রাহ্মণ।

—বহন, এই নিন।

—আপনি কি মন্দিরে মায়ের পূজা করেন ?

—আজ্ঞে হাঁ। আপনার কোথা থেকে আসা হচ্ছে ?

—আমার বাড়ী গাংনাপুরের সন্নিকট এঁড়োশোলা। রাঁধুণীর কাজ করি—চাকুরির চেষ্টায় বেরিয়েচি। এখানে কেউ রাঁধুণী রাখবে বলতে পারেন ?

—একবার এই বড় কাপড়ের দোকানে গিয়ে খোঁজ করুন। ঠঁরা বড়লোক, রাঁধুণী ঠঁদের বাড়ীতে থাকেই—বাবুর ছোট ভাইয়ের বিয়ে আছে, যদি এ সময় নতুন লোকের দরকার-টরকার পড়ে—ঠঁরা জাতে তিলি, বাজারের সেরা ব্যবসাদার, ধনী লোক।

হাজারি কাপড়ের দোকানে ঢুকিয়া দেখিল একজন শ্রামবর্ণ দোহারী চেহারার লোক গদ্বির উপর বসিয়া আছে। সেই লোকটিই যে দোকানের মালিক, ইহা কেহ বলিয়া না দিলেও বোঝা যায়। হাজারিকে ঢুকিতে দেখিয়া লোকটি বলিল—আহন, কি চাই ? ওদিকে যান—ওহে, দেখ ইনি কি নেবেন—

বলিয়া লোকটি দোকানের অল্প যে অংশে অনেকগুলি কর্মচারী কাজ-কর্ম ও কেনাবেচা করিতেছে সে দিকটা দেখাইয়া দিল।

হাজারি বলিল—বাবু, দরকার আপনার কাছে। আমি রান্না করি, ব্রাহ্মণ—তনলাম আপনার বাড়ীতে রাঁধুণী রাখবেন—তাই—

—ও! আপনি রান্না করবেন ? রাঁধিতে জানেন ভাল ? কোথায় ছিলেন এর আগে ?

—আজ্ঞে রাণাঘাট হোটেলের ছিলাম সাত বছর।

—হোটেলের কাজ আর বাড়ীর কাজ এক নয়। এ খুব ভাল রান্না চাই। আপনি কি তা পারবেন ? কলকাতা থেকে কুটুম আসে প্রায়ই—

হাজারি হাসিয়া ভাবিল—তুমি আর কি রান্না খেয়েছ জীবনে, কাপড়ের দোকান করেই মরেছ বই তো নয়। তেমন রান্না কখনো চোখেও দেখনি।

মুখে বলিল—বাবু, একদিনের জন্তে বেথে দেখুন না হয়। রান্না ভাল না হয়, এমনি চলে যাব। কিছু দিতে হবে না।

দোকানের মালিক পাকা ব্যবসাদার, লোক চেনে। হাজারির কথা দরপ দেখিয় বি. র. ৬—৬

বুঝিল এ বাজে কথা বলিতেছে না। বলিল—আচ্ছা আপনি আমাদের বাড়ী যান। এই সামনের রাস্তা দিয়ে বরাবর গিয়ে বাঁ-দিকে দেখবেন বড় বাড়ী—ওরে নিতাই, তুই বাপু এক-বার যা তো, ঠাকুর মশায়কে বাড়ীতে শশধরের হাতে তুলে দিয়ে আয়। বলগে, ইনি আজ থেকে রাঁধবেন। বুঝলি? নিয়ে যা—মাইনে-টাইনে কিছ, ঠাকুর মশায়, পরে কাজ দেখে ধাৰ্খা হবে। হ্যা—সে দু-চারদিন পরে তবে—নিয়ে যা।

প্রথম দিনের কাজেই হাজারি নাম কিনিয়া ফেলিল। বাড়ীর কর্তা দশ টাকা বেতন ধাৰ্খা করিয়া দিলেন। ঠাহার গৃহিণী অস্থ প্রায় বারোমাস, উঠিতে বসিতে পারিলেও সংসারের কাজকর্ম বড় একটা দেখেন না—দুটি মেয়ের বিবাহ হইয়া গিয়াছে, তাহার পাঁচকোণে স্বতন্ত্র বাড়ী একটি ষোল-সতেরা বছরের ছেলে স্থলে পড়ে, আর একটি আট বছরের ছোট মেয়ে।

বাড়ীর সকলেই ভাল লোক—এতদিন চাকুরি করিয়া হাজারির যে খাৰাপ ধারণা হইয়াছিল পরের চাকুরি সম্বন্ধে, এখানে আসিয়া তাহা চলিয়া গেল। ইহারাজাতিতে গন্ধবণিক, বাড়ীর সকলেই ব্রাহ্মণকে খাতির করিয়া চলে—হাজারির মুহু স্বভাবের জন্তও সে অল্পদিনের মধ্যে বাড়ীর সকলের বিশেষ প্রিয়পাত্র হইয়া উঠিল।

মাসখানেক কাজ করিবার পর হাজারি প্রথম মাসের বেতন পাইয়াই বাড়ী যাইবার ছুটি চাহিল।

অনেকদিন বাড়ী যাওয়া হয় নাই—টেঁপিকে কত কাল দেখে নাই। দোকানের মালিক ছুটিও দিলেন।

গোপালনগর স্টেশনে ট্রেনে চড়িয়া বাড়ী আসিতে প্রায় তিন আনা ট্রেন ভাড়া লাগে। মিছামিছি তিন আনা পয়সা খরচ করিয়া লাভ নাই। ইঁটাপথে মাত্র সাত-আট কোশ হাজারিদের গ্রাম—ইঁটিয়া যাওয়াই ভাল।

বাড়ী পৌঁছিতে সন্ধ্যা হইয়া গেল।

টেঁপি ছুটিয়া আসিয়া বলিল—বাবা, এসো, এসো। কোথেকে এলে এখন?

ভারপর সে ঘরের ভিতর হইতে পাখা আনিয়া বাতাস করিতে বসিয়া গেল। হাজারির মনে হইল তার সারা দেহ-মন জুড়াইয়া গেল টেঁপির হাতের পাখার বাতাসে। টেঁপির জন্ত খাটিয়া স্থখ—যত কষ্ট যত দুখ রানাঘাট হোটেলের—সব সে সহ করিয়াছে টেঁপির জন্ত। ভবিষ্যতে আরও করিবে।

যদি বংশীধর ঠাকুরের ভাগিনেয় সেই ছেলেটির সঙ্গে —

যাক সে সব কথা।

টেঁপি বলিল—বাবা, অন্তসীদিদি একদিন তোমার কথা বলছিল—

—আমার কথা? হরিচরণবাবুর মেয়ে?

—হ্যা বাবা, বলছিল তুমি অনেকদিন আসো নি। চল না আজ, যাবে? ওখানে গিয়ে চা খাবে এখন। কলের গান শুনবে।

এই সময় টেঁপির মা ঘাট হইতে গা ধুইয়া বাড়ী ফিরিল। হালিমুখে বলিল—কখন এলে ?

হাজারি—এই তো খানিকক্ষণ। ভাল তো সব ? টাকা পেয়েছিলে ?

—হ্যাঁ। ভাল কথা, ওদের বাড়ীর সতীশ বলছিল রাণাঘাট থেকে পাঠানো নয় টাকা। তুমি এর মধ্যে কোথাও গিয়েছিলে নাকি ?

—রাণাঘাটের চাকরি করিনে তো। এখন আছি গোপালনগরে। বেশ ভাল জায়গায় আছি, বুঝলে ? গন্ধবণিকের বাড়ী, ব্রাহ্মণ বলে ভক্তিছেন্দা খুব। খাওয়া-দাওয়া ভাল। কাপড়ের মস্ত দোকান, দিব্যি জলখাবার দেয় সকালে বিকেলে।

টেঁপি বলিল—কি জলখাবার দেয় বাবা !

—এই ধরো কোন দিন মুড়ি নারকেল, কোন দিন হালুয়া।

টেঁপির মা বলিল—বোসো, জিরোও ; চা নেই, তা হোলে করে দিতাম। টেঁপি, ষা বি মা, সতীশদের বাড়ী চা আছে—(এই কথা বলিবার সময় টেঁপির মা তুরু ছুটি উপরের দিকে তুলিয়া এমন একটি ভঙ্গি করিল, যাহা শুধু নির্কোষ মেয়েরা করিয়া থাকে)—ছুটো চেয়ে নিয়ে আয়।

টেঁপি বলিল—দরকার কি মা—আমি নিয়ে যাই না কেন বাবাকে অতসী দিদিদের বাড়ী ? সেখানে চা হবে এখন—জলখাবার হবে এখন—

ছ-ছ'র টেঁপি অতসীদের বাড়ী যাইবার কথা বলিয়াছে স্তবরাং হাজারি মেয়ের মতে মত না দিয়া থাকিতে পারিল না। টেঁপির ইচ্ছা তাহার নিকট অনেকের হুকুমের অপেক্ষ শক্তিমান।

হরিচরণবাবু বৈঠকখানায় বসিয়া ছিলেন—হাজারিকে স্বপ্ন করিয়া চেয়াবে বসাইলেন।

—এসো এসো হাজারি, কবে এলে ? ও টেঁপি, যা তো অতসীদিদিকে বলগে আমাদের চা দিয়ে যেতে। আমিও এখনো চা খাই নি—

—বাবু, ভাল আছেন ?

—হ্যাঁ। তুমি ভাল ছিলে ? তোমার সেই হোটেলের কি হোল ? রাণাঘাটেই আছ তো ?

হাজারি সংক্ষেপে রাণাঘাটের চাকুরি যাওয়া হইতে গোপালনগরে পুনরায় চাকুরি পাওয়া পর্যন্ত বর্ণনা করিল।

এক সময় অতসী ও টেঁপি ঘরের মধ্যে ঢুকিয়া তাহাদের সামনের ছোট গোল টেবিলটাতে চা ও খাবার রাখিল। খাবার মাত্র এক ডিশ—শুধু হাজারির জন্য, হরিচরণবাবু এখন কিছু খাইবেন না।

হাজারি বলিল—বাবু, আপনার খাবার ?

—ও তুমি খাও, তুমি খাও। আমার এখন খেলে অশল হয়, আমি শুধু চা খাবো।

হাজারি ভাবিল—এত বড়লোক, এত ভাল জিনিস ঘরে কিন্তু খাইলে অশল হয় বলিয়া খাইবার

জো নাই এই বা কেমন দুর্ভাগ্য! বয়স ছ'চল্লিশ হইলে কি হয়, অঘল কাহাকে বলে সে কখনো জানে না। ভূতের মত খাটুনির কাছে অঘল-টম্বল দাঁড়াইতে পারে না। তবে খাবার জোটে না এই যা দুঃখ।

অতসী কিন্তু বেশ বড় রেকাবি হাজ্জাইয়া খাবার আনিয়াছে—ষি দিয়া চিঁড়াভাজা, নারকেল-কোরা, দুখানা গরম গরম বাড়ীর তৈরী বচুরী ও খানিকটা হালুয়া, বড় পেয়ালার এক পেয়লা চা। অতসী এটুকু জানে যে টেঁপির বাবা তাহার বাবার মত অল্পভোজী প্রাণী নয়, খাইতে পারে এবং খাইতে ভালবাসে। অঃস্বাঃ উহাদের যে খুব ভাল, তাহাও নয়। স্ততঃ টেঁপির বাবাকে ভাল করিয়াই খাওয়াইতে হইবে।

হরিচরণবাবু বলিলেন—তোমার হাজ্জারিকাকাকে প্রণাম করেছ অতসী!

হাজ্জারি ব্যস্ত ও সঙ্কচিত হইয়া পড়িল। অতসী তাহার পায়ের ধূলা লইয়া প্রণাম করিতে সে চিঁড়াভাজা চিবাইতে চিবাইতে কি বলিল ভালো বোঝা গেল না। অতসী কিন্তু চলিয়া গেল না, সে হাজ্জারির সামনে কিছু দূরে দাঁড়াইয়া তাহাকে ভাল করিয়া দেখিতেছিল। টেঁপি গল্প করিয়াছে তাহার বাবা একজন পাকা রাঁধুনী, অতসীর কৌতূহলের ইহাই প্রধান কারণ।

হরিচরণবাবু বলিলেন—এখন ক'দিন বাড়ীতে আছ?

—আজ্ঞে, পরশু যাবো। পরের চাকরি, থাকলে তো চলে না।

—তোমার সেই হোটেল খোলার কি হোল?

—এখনও কিছু করতে পারি নি বাবু। টাকার ষোগাড় না করতে পারলে তো—বুঝতেই পারছেন—

—তা হোলে ইচ্ছে আছে এখনও?

—ইচ্ছে আছে খুব। শীতকালের মধ্যে যা হয় করে ফেলবো।

অতসী বলিল—কাকা গান শুনবেন?

হরিচরণবাবু ব্যস্ত হইয়া বলিলেন—হাঁ হাঁ- আমি ভুলে গিয়েছি একদম। শোন না হাজ্জারি, অনেক নতুন রেকর্ড আনিয়েছি। নিয়ে এসো তো অতসী— শুনিয়ে দাও তোমার হাজ্জারিকাকাকে।

হাজ্জারি ভাবিল, বেশ আছে ইহার। তাহার মত খাটিয়া খাইতে হয় না, শুধু গান আর খাওয়া-দাওয়া। সন্ধ্যা হইয়াছে, এ সময় উলুনে আঁচ দিয়া ধোয়ার মধ্যে ছোট্ট রান্নাঘরে বসিয়া মনিব-গৃহিণীর ফর্দ মত তরকারি কুটিতেছে সে অল্প অল্প দিন। বারো মাসই তাহার এই কাজ। ঘরের মধ্যে আবদ্ধ হইয়া থাকিতে হয় বারো মাস বলিয়াই পথে বাহির হইলেই তাহার আনন্দ হয়। আর আনন্দ হইতেছে আজ, এমন চমৎকার সাজানো বৈঠকখানা, বড় আয়না, বেতমোড়া কেদারায় সে বসিয়া চা খাইতেছে, পাশে টেঁপি, টেঁপির বন্ধু কিশোরী মেয়েটি, কলের গান... যেন সব স্বপ্ন।

কতদিন কুহুমের সঙ্গে দেখা হয় নাই! আজ রাণাঘাট ছাড়িয়াছে প্রায় চারি মাসের উপর, এই চারি মাস কুহুমকে সে দেখে নাই। টেঁপিও মেয়ে, কুহুমও মেয়ে।

আর নতুন পাড়ার সেই বউটি! সে-ও আর এক মেয়ে। আজ কলের গানের সুরধ্বনি হরের ভাবুকতায় তাহার মন সকলের প্রতি দরদ ও সহানুভূতিতে ভরিয়া গিয়াছে।

অনেকক্ষণ ধরিয়া কলের গান বাজিল। হরিচরণবাবু মধ্যে একবার বাড়ীর ভিতর কি কাজে উঠিয়া গেলেন, তখন রছিল শুধু অতসী আর টেঁপি। বাবার সামনে বোধ হয় অতসী বলিতে সাহস করিতেছিল না, হরিচরণবাবু বাড়ীর মধ্যে চলিয়া গেলে হাজারিকে বলিল—
কাকাবাবু, আমাকে রান্না শিখিয়ে দেবেন ?

হাজারি ব্যস্ত হইয়া বলিল—তা কেন দেব না মা ? কিন্তু তুমি রান্না আনো নিশ্চয়। কি কি রাঁধতে পারো ?

অতসী বুদ্ধিমতী মেয়ে, সে বুঝিল ষাহার সহিত কথা বলিতেছে, রান্নার সম্বন্ধে সে একজন ওস্তাদ শিল্পী। সন্ন্যাসের তরুণী ছাত্রী যেমন সঙ্কোচের সহিত তাহার ষশস্বী সন্ন্যাস শিক্কের সহিত রাগরাগিণী সম্বন্ধে কথা বলে—তেমনি সসঙ্কোচে বলিল—তা পারি সব, শুক্কুনী, চচ্চড়ি, ডাল, মাছের ঝোল—মা তো বড় একটা রান্নাঘরে ঘেতে পারেন না, তাঁর মন খারাপ, আমাকেই সব করতে হয়। টেঁপি বলছিল আপনি নিরিমিষ রান্না বড় চমৎকার করেন, আমায় দেবেন শিখিয়ে কাকাবাবু ?

—টেঁপি বুঝি এই সব বলে তোমার কাছে ? পাগলী মেয়ে কোথাকার, ওর কথা বাদ দাও—

—না কাকাবাবু, আমি অল্প জায়গাতেও শুনেচি আপনার রান্নার সুখ্যাতি। সবাইতো বলে।

পরে আবদারের হরে বলিল—আমাকে শেখাতে হবে কাকাবাবু—আমি ছাড়িচি নে, আমি টেঁপিকে প্রায়ই জিজ্ঞেস করি, আপনি কবে আসবেন আমি খোঁজ নিই—ও বলেনি আপনাকে ? না কাকাবাবু, আমায় শেখান আপনি। আমার বড় শখ ভাল রান্না শিখি।

হাজারি বলিল—ভাল রান্না শেখা একদিনে হয় না মা। মুখে বলে দিলেও হয় না। তোমার পেছনে আমায় লেগে থাকতে হবে অন্ততঃ ঝাড়া দু'মাস তিন মাস। হাত ধরে বলে দিতে হবে—তুমি রাঁধবে। আমি কাছে দাঁড়িয়ে তোমার ভুল ধরে দেবো, এ না হোলে শিখা হয় না। তুমি আমার টেঁপির মত, তোমাকে ছেঁদো কথা বলে ফাঁকি দেবো না মা, ছেলেমানুষ, শিখতে চাইচি শিখিয়ে দিতে আমার অসাধ নয়। কিন্তু কি ক'রে সময় পাবো যে তোমায় শেখাবো মা !

অতসী সপ্রশংস দৃষ্টিতে হাজারির মুখের দিকে চাহিয়া তাহার কথা শুনিতেছিল। বিশেষজ্ঞ ওস্তাদের মুখের কথা। গুরুত্বপূর্ণ কথা—বাজে ছেঁদো কথা নয়, অনভিজ্ঞ, আনাড়ির কথাও নয়। তাহার চোখে হাজারি দ্বিভ্রষ্ট রাঁধুনী বামুন পিতা নয়—যে ব্যবসায় সে ধরিয়াছে, সেই ব্যবসায়ের একজন অভিজ্ঞ, ওস্তাদ, পাকা শিল্পী।

হাজারির প্রতি তাহার মন সময়ে পূর্ণ হইয়া উঠিল।

পরদিন হাজারি ঘুম হইতে উঠিয়া তামাক টানিতেছে, এমন সময় হঠাৎ অতসীকে

তাহাদের বাড়ীর মধ্যে ঢুকিতে দেখিয়া সে রীতিমত বিস্মিত হইল। বড়মাসুকের মেয়ে অতসী, অসময়ে কি মনে করিয়া তাহার মত গরীব মানুষের বাড়ী আসিল ?

টেঁপি বাড়ী ছিল না, টেঁপির মা-ও অতসীকে আসিতে দেখিয়া খুব অবাক হইয়াছিল, সে ছুটিয়া গিয়া তাহার বুদ্ধিতে ষড়টুকু আসে, সেইভাবে জমিদার-বাড়ীর মেয়ের অভ্যর্থনা করিল।

অতসী বলিল—কাকাবাবু বাড়ী নেই খুড়ীমা ?

টেঁপির মা বলিল—হ্যাঁ মা, এসো আমার সঙ্গে, এই কোণের দাওয়ায় বসে তামাক খাচ্ছে।

—টেঁপি কোথায় ?

—সে মূলোর বৌজ আনতে গিয়েছে সদাগোপ-বাড়ীতে। এল বলে, বসো মা, বসো।

দাঁড়াও আসনখানা পেতে—

অতসী টেঁপির মার হাত হইতে আসনখানা ক্ষিপ্ত ও চমৎকার ভঙ্গিতে কাড়িয়া লইয়া কেমন একটা সুন্দর ভাবে স্থাপিতা বলিল—রাখুন আসন খুড়ীমা, ভারি আমি একেবারে গুরুঠাকুর এলুম কিনা—তা আপন মস্ত করে আসন পেতে দিতে হবে—

এই হাসি ও এই ভঙ্গিতে সুন্দরী মেয়ে অতসীকে কি সুন্দরই দেখাইল!—টেঁপির মা মুগ্ধ-দৃষ্টিতে চাহিয়া রহিল অতসীর দিকে। ইতিমধ্যে হাজারি সে স্থানে আসিয়া বলিল—কি মনে করে সকালে লক্ষ্মী-মা ?

অতসী হাজারির কাছে গিয়া বলিল—আপনার সঙ্গে একটা কথা আছে।

—কি কথা মা ?

—চলুন ওদিকে, একটু আড়ালে বলব।

হাজারি ভাবিয়াই পাইল না, এমন কি গোপনীয় কথা অতসী তাহাকে আড়ালে বলিতে আসিয়াছে এই সকালবেলায়। দাওয়ায় ছাঁচতলার দিকে গিয়া বলিল—কি কথা মা ?

অতসী বলিল—বাকাবাবু, আপনি যদি কাউকে না বলেন, তবে বলি—

হাজারি বিস্মিত মুখে বলিল—বলুনো না মা, বলুনো তুমি।

—আপনি হোটেল খুলবেন বলে বাবার কাছে টাকা ধার চেয়েছিলেন ?

—হ্যাঁ, কিন্তু সে তো এবার নয়, সেবার। তোমায় কে বললে এসব কথা ?

—সে সব কিছু বলব না। আমি আপনাকে টাকা দেবো, আপনি হোটেল খুলুন—

—তুমি কোথায় পাবে ?

অতসী হাসিয়া বলিল—আমার কাছে আছে। দু-শো টাকা দিতে পারি—আমি জমিয়ে জমিয়ে করেছি। লুকিয়ে দেবো কিন্তু, বাবা যেন জানতে না পারেন। কেউ জানতে না পারে।

হাজারির চোখে জল আসিল।

এ পর্য্যন্ত তিনটি মেয়ে তাহার জীবনে আসিল, যাহারা সম্পূর্ণ নিঃস্বার্থভাবে তাহাকে তাহার উচ্চাশায় পথে ঠেলিয়া দিতে চাহিয়াছে—তিনজনেই সমান সরলা, তিনজনেই অনাখীয়া—তবে অতসী জমিদারবাড়ীর সুন্দরী, শিক্ষিতা মেয়ে, সে যে এতখানি টান টানিবে ইহা সম্পূর্ণ অপ্রত্যাশিত ধরণের আশ্চর্য ঘটনা !

হাজারি বলিল—কিন্তু তুমি একথা শুনে কোথায় বলতে হবে মা।

অতসী হাসিয়া বলিল—সে কথা বলবো না বলেছি তো।

—তা হোলে টাকাও নেবো না। আগে বলো কে বলেছে?

—আচ্ছা, নাম করলে তাকে কিছু বলবেন না বলুন—

—কাকে কি বলবো বুঝতে পারছি নে তো? বলাবলির কথা কি আছে এর মধ্যে? আচ্ছা, বলবো না। বলো তুমি।

—টেঁপি বলেছিল, বাবার ইচ্ছে একটা হোটেল খোলেন, আমার বাবার কাছে নাকি টাকা চেয়েছিলেন খার—তা বাবা দিতে পারেন নি। দেখুন কাকাবাবু, দাদা মায়া ষাওয়ার পরে বাবার মন খুব খারাপ। ঔকে বলা না বলা দুই সমান। আমি তাবলাম আমার হাতে তো টাকা আছে—কাকাবাবুকে দিই গে—ঔদের উপকার হবে। আমার কাছে তো এমনি পড়েই আছে। আপনার হোটেল নিশ্চয়ই খুব ভাল চলবে, আপনারা বড়লোক হয়ে যাবেন। টেঁপিকে আমি বড় ভালবাসি, ওর মনে যদি আফ্লাদ হয় আমার তাতে তৃপ্তি। টাকা বাস্তব তুলে রেখে কি হবে?

—মা, তোমার টাকা তোমার বাবাকে না জানিয়ে আমি নিতে পারি নে।

অতসী যেন বড় দমিয়া গেল। হাজারির সঙ্গে সে অনেককণ ছেলেমানুষী তর্ক করিল, বাবাকে না জানাইয়া টাকা লইলে দোষ কি!

শেষে বলিল—আমি টেঁপিকে এ টাকা দিচ্ছি।

—তা তুমি দিতে পারো না। তুমি ছেলেমানুষ, টাকা দেওয়ার অধিকার তোমার নেই মা। তুমি তো লেখাপড়া জানো, ভেবে দেখ।

—আচ্ছা, আমার লাভের অংশ দেবেন তা হোলে?

হাজারির হাসি পাইল। কুসুম, গোয়াল-বাড়ীর সেই বউটি, অতসী—সবাই এক কথা বলে। ইহার সবলেই মহাজন হইয়া টাকা ব্যবসায় খাটাইতে চায়। মজার ব্যাপার বটে!

—না মা, সে হয় না। তুমি বড় হও, শুরুরবাড়ী ষাও, আশীর্বাদ করি রাজরাণী হও, তখন তোমার এই বড়ো কাকাবাবুকে যা খুশি দিও, এখন না।

অতসী দুঃখিত হইয়া চলিয়া গেল।

হাজারির ইচ্ছা হইল টেঁপিকে ভাকিয়া বকিয়া দেয়। এসব কথা অতসীর কাছে বলিবার তাহার কোনো দরকার ছিল না, কিন্তু অতসীর নিকট প্রতিজ্ঞা-বন্ধ আছে, টেঁপিকে ইহা লইয়া কিছু বলিলেই অতসীর কানে গিয়া পৌঁছাইবে ভাবিয়া চূপ করিয়া গেল।

সেদিন বিকালে গোয়ালপাড়ায় বেড়াইতে গিয়া কুসুমের বাপের বাড়ীতে শুনিল রাণাঘাটে কুসুমের অন্তস্ত অস্থ হইয়াছিল, কোনোরূপে এষাত্রা সামলাইয়া গিয়াছে। সে কিছুই জিজ্ঞাসা করে নাই, কথায় কথায় কুসুমের কাকা ঘনশ্রাম ঘোষ বলিল—মধ্যে রানাঘাটে পনেরো দিন ছেলাম দাদাঠাকুর, ছানার কাজ এ মাসটা বড় মন্দা।

হাজ্জারি বলিল—পনেরো দিন ছিলে ? কেন হঠাৎ এ সময়—

তারপরেই ঘনশ্যাম কুম্বের কথাটা বলিল।

হাজ্জারির কেবল মনে হইতে লাগিল কুম্বের সঙ্গে কতদিন দেখা হয় নাই—একবার তাহার সহিত দেখা করিতে গেলে কেমন হয় ? মনটা অস্থির হইয়া উঠিয়াছে তাহার অস্থখের খবর শুনিয়া। জীবনে ওই একটি মেয়ের উপর তাহার অসীম স্নেহ ও শ্রদ্ধা।

ইচ্ছা হইল কুম্বের সম্বন্ধে ঘনশ্যামকে সে অনেক কিছু জিজ্ঞাসা করে। কিন্তু তাহা করা চলিবে না। সে মনের আকুল আগ্রহ মনেই চাপিয়া শুধু কেবল উদাসীন ভাবে জিজ্ঞাসা করিল—এখন সে আছে কেমন ?

—তা এখন আপনার বাপমায়ের আশীর্ব্বাদে সেরে উঠেছে—তবে বড় কষ্ট যাচ্ছে সংসারের, দুধ-দই বেচে তো চালাতো, আজ মাসখানেকের ওপর শয্যাগত অবস্থা। ইদিকি আমার সংসারের কাণ্ড তো দেখতেই পাচ্ছেন—কোথেকে কি করি দাঁড়াঠাকুর—

হাজ্জারি এ সম্বন্ধে আর কিছু বলিল না। যেন কুম্বের সম্বন্ধে তাহার সকল আগ্রহ ফুরাইয়া গেল।

বাড়ী ফিরিবার পথে হাজ্জারি ভাবিল রাণাঘাটে তাহাকে যাইতেই হইবে। কুম্বের অস্থখ শুনিয়া সে চূপ করিয়া থাকিতে পারিবে না। কালই একবার সে রাণাঘাট যাইবে।

পথে অতদূর পিতা হরিবাবুর সঙ্গে দেখা।

‘তিনি মোটা লাঠি হাতে করিয়া বেড়াইতে বাহির হইয়াছিলেন। হাজ্জারিকে দেখিয়া বলিলেন—এই যে হাজ্জারি, কোথা থেকে ফিরচো ? তা এসো আমার গুথানে, চলো চা খাবো।

বৈঠকখানায় হাজ্জারিকে বসাইয়া হরিবাবু বলিলেন—বসো, আমি বাড়ীর ভেতর থেকে আসছি। তারপর দুজনে একসঙ্গে চা খাওয়া যাবে যতদিন বাড়ী আছ, আসা-যাওয়া একটু করো হে, কেউ আসে না, এফলাটি সারাদিন বসে বসে আর সময় কাটে না। দাঁড়াও আস’ছ—

হরিবাবু বাড়ীর মধ্যে চলিয়’ যাইবার কিছুক্ষণ পরে অতদূর একখানা রেকাবিতে খানকতক লুচি, বেগুনভাজা এবং একটু আখের গুড় লইয়া আসিল। হাজ্জারির সামনের টেবিলে রেকাবি রাখিয়া বলিল—আপনি ততক্ষণ খান কাবাবু, চা দিয়ে যাচ্ছি—

হাজ্জারি বলিল—বাবু আহ্নন আগে—

—বাবা তো খাবার খাবেন না, তিনি খাবেন শুধু চা। আপনি খাবারটা ততক্ষণ খেয়ে নিন। চা একসঙ্গে দেবো—

অতদূর চলিয়া গেল না, কাছেই দাঁড়াইয়া রহিল। হাজ্জারি একটু অস্থস্থি বোধ করিতে লাগিল, বলিবার কিছু খুঁজিয়া না পাইয়া বলিল—টেপি আজ আসে নি মা ?

—না, এ বেলা তো আসে নি।

হাজ্জারি আর কিছু কথা না পাইয়া নীরবে খাইতে লাগিল। খাইতে খাইতে একবার

চোখ তুলিয়া দেখিল অতসী একদৃষ্টে তাহার দিকে চাহিয়া আছে। অতসী হৃন্দরী মেয়ে, টেঁপির বন্ধু হইলেও বংসে টেঁপির অপেক্ষা চার-পাঁচ বছরের বড়—এ বয়সের হৃন্দরী মেয়ের সহিত নির্জন ঘরে অল্পক্ষণ কাটাইবার অভিজ্ঞতাও হাজারির নাই—সে রীতিমত অশক্তি বোধ করিতে লাগিল।

অতসী হঠাৎ বলিল—কাকাবাবু আপনি আমার ওপর রাগ করেন নি ?

হাজারি খতমত থাইয়া বলিল—রাগ ? রাগ কিসের মা—

—ও-বেলার ব্যাপার নিয়ে ?

—না না, এতে আমার রাগ হবার কিছু নেই, বরং তোমারই—

—না শুনুন কাকাবাবু, আমি তারপর ভেবে দেখলাম আপনি আমার টাকা নিলে খুব ভাল করতেন। জানেন, আমার দাদা মারা যাওয়ার পর আমি কেবলই ভাবি দাদা বেঁচে থাকলে বাবার বিষয় আমি পেতাম না, এখন কিন্তু আমি পাবো। কিন্তু ভগবান জানেন কাকাবাবু, আমি এক পয়সা চাইনে বিষয়ের। দাদা বিষয় ভোগ করতো তো করতো—নয় তো বাবা বিষয় যা খুশি করে যান, উড়িয়ে যান, পুড়িয়ে যান, দান করুন—আমার যেন এ না মনে হয় আজ দাদা থাকলে এ বিষয় আমি পেতাম না দাদাই পেতো। বিষয়ের জন্তে যেন দাদার ওপর কোনোদিন—আমার নিজের হাতে যা আছে তাও উড়িয়ে দেবো।

অতসীর চোখ জলে টলটল করিয়া আসিল, সে চূপ করিল।

হাজারি মাষ্টনার সুরে বলিল - না মা, ও সব কথা কিছু ভেবো না। তোমার বাবা মাকে তুমিই বুঝিয়ে রাখবে, তুমিই ঠুঁদের একমাত্র বাঁধন—তুমি ওরকম হোলে কি চলে ? ছি—মা—

হাজারি সত্যই অবাক হইয়া গেল, ভাবিল—এইটুকু মেয়ে, কি উঁচু মন ছাথো একবার ! বড় বংশ নইলে আর বলেছে কাকে ? এ কি আর বেচুবাবুর হোটেলের পদ্ধতি ?

হাজারি বলিল—আচ্ছা মা আমাকে টাকা দেবার তোমার বঁোক কেন হোল বল তো ? তোমরা মেয়েরা যদি ভাল হও তো খুবই ভাল, আর মন্দ হও তো খুবই মন্দ।—আমায় তুমি বিশ্বাস কর মা ?

—আপনি বুঝে দেখুন। না হোলে আপনাকে টাকা দিতে চাইব কেন ?

—তোমার বাবাকে না জানিয়ে দেবে ?

—বাবাকে জানালে দিতে দেবেন না। অথচ আমার টাকা পড়ে রয়েছে, আপনার উপকার হবে, আমি জানি আপনাদের সংসারের কষ্ট। টেঁপির বিয়ে দিতে হবে। কোথায় পাবেন টাকা, কোথায় পাবেন কি ! আপনার রান্নার খেমন স্বখ্যাতি, আপনার হোটেল খুব ভাল চলবে। ছ-বছরের মধ্যে আমার টাকা আপনি আমায় ফেরত দিয়ে দেবেন।

হাজারি মুগ্ধ হইয়া গেল অতসীর হৃদয়ের পরিচয় পাইয়া। বলিল—আচ্ছা তুমি দিও টাকা, আমি নেবো। হোটেল এই মাসেই আমি খুলবো—তোমার মুখ দিয়ে ভগবান এ কথা বলেছেন মা, তোমরা নিষ্পাপ ছেলেমানুষ, তোমাদের মুখেই ভগবান কথা কন।

অতসী চাসিয়া বলিল—তা হোলে নেবেন ঠিক ?

—ঠিক বলচি। এবার ঘুরে জায়গা দেখে আসি। রাণাঘাট ষাচ্ছি কাল সকালেই, হয় সেখানে, নয় তো গোয়াড়ির বাজারে জায়গা দেখবো। খবর পাবে তুমি, আবার ঘুরে আসচি তিন-চার দিনের মধ্যেই।

অতসী বলিল—বাবার আঙ্কি করা হয়ে গিয়েচে, বাবা আসবেন, আপনি বহন, আমি আপনাদের চা নিয়ে আসি। শুধুন কাকাবাবু, আপনি যেদিন বাবার কাছে হোটেলের জন্ডে টাকা চান, আমি সেদিন বাইরে দাঁড়িয়ে সব শুনেছিলাম। সেই থেকে আমি ঠিক করে রেখেছি আমার যা টাকা জমানো আছে আপনাকে তা দেবো।

—আচ্ছা বল তো মা একটা সত্যি কথা—আমার ওপর তোমার এত দয়া হোল কেন ?

—বলবো কাকাবাবু ? আপনার দিকে চেয়ে দেখে আমার মনে হোত আপনি খুব সরল লোক আর ভালো লোক। আমার মনে বড় কষ্ট হয় আপনাকে দেখলে সত্যি বলচি—তবে দয়া বলচেন কেন ? আমি আপনার মেয়ের মত না ?

বলিয়াই অতসী এক প্রকার কুঠা ও লজ্জা মিশ্রিত হাসি হাসিল।

হাজারি বলিল—তুমি আর জন্মে আমার মা ছিলে তাই দয়ার কথা বলচি। নইলে কি সম্ভাবনের ওপর এত মমতা হয় ? তুমি হুখে থাকো, রাজরাণী হও—এই আশীর্বাদ করচি। আমি তোমার গরীব কাকা, এর বেশী আর কি করতে পারি।

অতসী আগাইয়া আসিয়া হঠাৎ নীচু হইয়া হাজারির পায়ের ধূলা লইয়া প্রণাম করিল এবং আর একটুও না দাঁড়াইয়া তৎক্ষণাৎ বাড়ীর মধ্যে চলিয়া গেল।

রাত্রে সারাবাত্রি হাজারি ঘুমাইতে পারিল না। অতসীর মত বড়ঘরের সুন্দরী মেয়ের স্নেহ আদায় করার মধ্যে একটা নেশা আছে, হাজারিকে সে নেশায় পাইয়া বসিল। তাহার জীবনের এক অভূত ঘটনা।

সকালে উঠিয়া সে রাণাঘাটে রওনা হইল। বেশী নয় পাঁচ ছ' মাইল রাস্তা, হাঁটিয়া বেলা সাড়ে আটটার সময় স্টেশনের নিকটে সেগুন-বনে গিয়া পৌঁছিল।

রেল-বাজারের মধ্যে ঢুকিতেই তাহার ইচ্ছা হইল একবার তাহার পুরাতন কর্মস্থানে উকি মারিয়া দেখিয়া যায়। আজ প্রায় পাঁচ মাস সে রাণাঘাট ছাড়া। দূর হইতে বেচু চক্রবর্তীর হোটেলের সাইনবোর্ড দেখিয়া তাহার মন উত্তেজনায় ও কোঁতুহলে পূর্ণ হইয়া উঠিল। গত ছয় বৎসরের কত স্মৃতি জড়ানো আছে ওই টিনের চালওয়লা ঘরখানার সঙ্গে।

হোটেলের গদিঘরে ঢুকিয়া প্রথমেই সে বেচু চক্রবর্তীর সম্মুখে পড়িয়া গেল। বেলা প্রায় সাড়ে দশটা, খরিদার আসিতে আরম্ভ করিয়াছে, বেচু চক্রবর্তী পুরোনো দিনের মত গদিঘরে তরুণপোষের উপর হাতবাক্সের সামনে বসিয়া তামাক খাইতেছেন।

হাজারি প্রণাম করিয়া দাঁড়াইতেই তিনি বলিলেন—আরে এই যে হাজারিঠাকুর ! কি মনে করে ? কোথায় আছ আজকাল ? ভাল আছ বেশ ?

হাজারি এক মুহূর্তে আবার যেন বেচু চক্রবর্তীর বেতনভুক রাঁধুনী বামুনে পরিণত হইল,

তেমনি ভয়, সঙ্কোচ ও মনিবের প্রতি সন্ত্রাসের ভাব তার সারা দেহমনে হঠাৎ কোথা হইতে যেন উড়িয়া আসিয়া ভর করিল।

সে পুরোনো দিনের মত কাঁচুমাচু ভাবে বলিল—আজ্ঞে তা আপনার কৃপায় এক রকম—
আজ্ঞে, তা বাবু বেশ ভাল আছেন ?

—আজকাল আছ কোথায় ?

—আজ্ঞে গোপালনগরে কুতুবাবুদের বাড়ীতে আছি।

—বাড়ীর কাজ ? কদিন আছ ?

—এই চার মাস আছি বাবু।

—তা বেশ, তবে সেখানে মাইনে আর কত পাও ? হোটেলের মত মাইনে কি করে দেবে গেরস্ত ঘরে ?

বেচু চক্কিত্তির এই কথার মধ্যে হাজারি এক ধরণের স্তরের আঁচ পাইল। ব্যাপার কি ? বেচু চক্কিত্তি কি আবার তাহাকে হোটেলের রাখিতে চান ? তাহার কোঁতুহল হইল শেষ পর্যন্ত দেখাই যাক না কি দাঁড়ায়।

সে বিনীত ভাবে বলিল—ঠিক বলেছেন বাবু, তা তো বেশী নয়। গেরস্তবাড়ী কোথা থেকে বেশী মাইনে দেবে ?

—তারপর কি এখন আমাদের এখানে এসেছ ঠাকুর ?

—আজ্ঞে হ্যাঁ, বাবু।

—কি মনে ক'রে বলো তো ? থাকবে এখানে ?

হাজারি কিছুমাত্র না ভাবিয়াই বলিল—সে বাবুর দয়া।

—তা বেশ বেশ, থাকো না কেন, পুরোনো লোক, বেশ তো। যাও কাজে লেগে যাও। তোমার কাপড়-চোপড় এনেছ ? কই ?

—না বাবু, আগে থেকে কি করে আনি। সে সব গোপালনগরে রয়েছে। চাকুরিতে দয়া করে রাখবেন কি না রাখবেন না জেনে কি ক'রে সে-সব—

—আচ্ছা আচ্ছা, যাও ভেতরে যাও। রতন ঠাকুরের অসুখ করেছে, বংশী একা আছে, তুমি কাজে লাগো এবেলা থেকে। ভাড়া ভাংটো এ মাসের ক'টা দিনের মাইনে তুমি আগাম নিও।

হাজারি রুতজ্ঞতার সহিত বেচু চক্কিত্তিকে আর একবার ঘাড় খুব নীচু করিয়া হাত জোড় করিয়া প্রণাম করিয়া কলের পুতুলের মত রান্নাঘরের দিকে চলিল।

সামনেই বংশীঠাকুর।

তাহাকে দেখিয়া বংশী অবাক হইয়া চাহিয়া রহিল।

হাজারি বলিল—বাবু ডেকে বহাল করলেন যে ফের ! ভাল আছ বংশী ? তোমার সেই ভায়েটি ভাল আছে ?

বংশী বলিল—আরে এস এস হাজারি-দা। তোমার কথা শ্রায়ই হয়। তুমি বেশ ভাল

আছ ? এতদিন ছিলে কোথায় ?

—ডেকে কি চাপিয়েছ ? সরো, হাতাটা দাও। এখনও মাছ হয়নি বুঝি ? ষাণ্ড, তুমি গিয়ে মাছটা চড়িয়ে দাও ! তেলের বয়াদ্দ সেই রকমই আছে না বেড়েচে ?

বংশী বলিল—একবার টেনে নিও একটু। অনেক দিন পরে যখন এলে। দাঁড়াও ভালটায় হুন দেওয়া হয়নি এখনও—দিয়ে দাও।

বলিয়া সে দরমার আড়ালে গাঁজা সাজিতে গেল।

চুপি চুপি বলিল—তোমায় বহাল করেছে কি আর সাথে ? এদিকে তুমি চলে যাওয়াতে হোটেলের ভয়ানক হুর্নাম। সেই কলকাতার বাবু হু'তিন দল এসেছিল, যেই স্তনলে তুমি এখানে নেই—তারা বললে সেই ঠাকুরের রারা খেতেই এখানে আসা। সে যখন নেই, আমরা রেলের হোটলে খাবো। হাটুরে খদ্দেরও অনেক ভেঙ্গে গিয়েছে—ষড় বাঁড়ুয্যের হোটলে। তোমায় বাবু বহাল করলেন কেন জান ? ষড় বাঁড়ুয্যের হোটলে তোমাকে পেলে লুফে নেয় এক্ষুনি। তোমায় অনেক খোঁজ করেছে গুরা।

বংশী হাত হইতে গাঁজার কলিকা লইয়া দম মারিয়া হাজারি কিছুক্ষণ চক্ষু বুজিয়া চুপ করিয়া রহিল। কি হইতে কি হইয়া গেল ! চাকুরি লইতে সে তো রাণাঘাট আসে নাই। কিন্তু পুরাতন জায়গায় পুরাতন আবেষ্টনীর মধ্যে আসিয়া সে বুঝিয়াছে এতদিন তাহার মনে স্মৃতি ছিল না। এই বেচু চকস্তির হোটেল, এই দরমার বেড়া দেওয়া রান্নাঘর, এই পাথুরে কয়লার স্তূপ, এই হাতাবোড় এই তার অতি পরিচিত স্বর্ণ। ইহাদের ছাড়িয়া কোথায় সে যাইবে ? ভগবান এমন স্মৃতির দিনও মানুষের জীবনে আনিয়া দেন ?

বংশীর হাতে কলিকা ফিরাইয়া দিয়া সে খুশির সহিত বলিল—নাও, আর একবার টান দিয়ে নাও। ডালে সন্ধ্যা দিই গে—এবেলা এখনও বাজার আসে নি নাকি ?

বংশী বলিল—মাছটা কেবল এসেছে। তরকারীপাতি এল বলে, গোবরা গিয়েছে। গোবরা নতুন চাকর—বেশ লোক, আমার গুপ্ত ভাঙ্গি ভক্তি। এলে দেখো এখন।

এই সময় তৃতীয় শ্রেণীর টিকিট লইয়া জন দুই খরিদ্দার খাইবার ঘরে ঢুকিতেই হাজারি অভ্যাস মত পুরাতন দিনের গ্রায় হাঁকিয়া বলিল—বসুন বাবু, জায়গা করাই আছে—নিয়ে যাচ্ছি। বসে পড়ুন। মাছ এখনও হয়নি এত সকালে কিন্তু—শুধু ডাল আর ভাজা—বংশী ভাত নিয়ে এসেছে—ভালটায় সন্ধ্যা দিয়ে নিই—বেলাও এদিকে প্রায় দশটা বাজে। কেষ্টনগরের গাড়ী আসবার সময় হোল। আজকাল ইষ্টিশনের খদ্দের আনে কে ?

হাজারি যেন দেহে-মনে নতুন বল ও উৎসাহ পাইয়াছে। হাজার হোক, শহর বাজার জায়গা রাণাঘাট, কত লোকজন, গাড়ী, হৈ হৈ, ব্যস্ততা, রেলগাড়ী, গাড়ী-ঘোড়া—এখানে একবার কাটাইয়া গেলে কি অন্য জায়গা কারো ভালো লাগে ? একটা জায়গার মত জায়গা।

এমন সময় একজন কালোমত ছোকরা চাকর তরকারি বোঝাই বুড়ি মাথায় রান্নাঘরে নীচু হইয়া ঢুকিল—পিছনে পিছনে পঞ্চাষি।

পদ্মঝি বলিতে বলিতে আসিতেছিল—বাবাঃ, বেগুন আর কেনবার জো নেই রাণাঘাটের গাছারে। আট পয়সা করে বেগুনের সের ভূভারতে কে শুনেছে কবে—যত ব্যাটা ফড়ে জুটে বাজার একেবারে আশুন করে রেখেচে—সব চল্লো কলকেতা, সব চল্লো কলকেতা—তা গরীব-গুরবো লোক কেনেই বা কি আর খায়ই বা কি—ও বংশী, ঝুড়িটা ধরে নামাও ওর মাথা থেকে—দরজার চোঁকাঠে পা দিয়াই সে সন্মুখে খালায় অন্নপরিবেশনরত হাজারিকে দেখিয়া ধমকিয়া দাঁড়াইয়া একেবারে ধেন কাঠ হইয়া গেল।

হাজারি পদ্মঝিকে দেখিয়াই খতমত খাইয়া গেল। তাহার পুরাতন ভয় কোথা হইতে সেই মুহূর্তেই আসিয়া জুটিল। সে কাঠ হাসি হাসিয়া আম্তা আম্তা স্বরে বলিল—এই যে পদ্মদিদি ভাল আছ বেশ? হেঁ-হেঁ—আমি—

পদ্মঝি বিশ্বয়ের ভাবটা সামলাইয়া লইয়া বংশী ঠাকুরের দিকে চাহিয়া বলিল—ঝুড়িটা নামিয়ে নেও না ঠাকুর? ও সন্ডের মত দাঁড়িয়ে রইল ঝুড়ি মাথায়—মাছ হোল? তারপর হাজারির দিকে তাকিল্যেব ভাবে চাহিয়া বলিল—কখন এলে?

—আজই এলাম পদ্মদিদি।

—আজ এবেলা এখানে থাকবে?

বংশী ঠাকুর বলিল—হাজারিকে যে বাবু বহাল করেছেন আবার। ও এখানে কাজ করবে।

পদ্মঝি কঠিন মুখে বলিল—তা বেশ। রান্নাঘরে আর না দাঁড়াইয়া সে বাহিরে চলিয়া গেল।

বংশী ঠাকুর অহুচ্চস্বরে বলিল—পদ্মদিদি চটেছে—বাবুর সঙ্গে এইবার একচোট বাধবে—

পদ্মকে সারাদুপুর আর রান্নাঘরের দিকে দেখা গেল না। হাজারির মন ছট্ফট্ করিতেছিল, কতক্ষণে কাজ সারিয়া কুমুমের সঙ্গে গিয়া দেখা কারবে। সে দেখিল সত্যই হোটেলের খরিদ্দার কমিয়া গিয়াছে—পূর্বে যেখানে বেলা আড়াইটার কমে কাজ মিটিত না, আজ সেখানে বেলা একটার পরে বাহিরের খরিদ্দার আসা বন্ধ হইয়া গেল।

হাজারি বলিল—হ্যাঁ বংশী, খার্ড ক্লাসের টিকিট মোট ত্রিশখানা! আগে যে সস্তর-পঁচাস্তর খানা একবেলাতেই হোত? এত খন্দের গেল কোথায়?

বংশী বলিল—তবুও তো আজকাল একটু বেড়েচে। মধ্যে আরও পড়ে গিয়েছিল, জুড়িখানা খার্ড ক্লাসের টিকিট হয়েছে এমন দিনও গিয়েচে। লোক সব যায় য় বাডুঘোর হোটলে। ওদের এবেলা একশো ওবেলা ষাট-সস্তর খন্দের। হাটের দিন আরও বেশী। আর খন্দের থাকে কোথা থেকে বলা! মাছের মুড়ো কোনোদিন খন্দেররা চেয়েও পাবে না। বড় মাছ কাটা হোলেই মুড়ো নিয়ে যাবেন পদ্মদিদি। আমাদের কিছু বলবার জো নেই। তার ওপর আজকাল যা চুরি শুরু করেছে পদ্মদিদি—সে সব কথা এরপর বলবো এখন। খেয়ে নাও আগে।

হোটেল হইতে খাওয়া-দাওয়া সারিয়া হাজারি বাহির হইয়া মোড়ের দোকানে এক

পয়সার বিড়ি কিনিয়া ধরাইল। চূর্ণীর ধারে তাহার সেই পরিচিত গাছতলাটায় কতদিন বসা হয় নাই—সেখানে গিয়া আজ বসিতে হইবে। পথে রাধাবল্লভতলায় সে ভক্তিমুখে প্রণাম করিল। আজ তাহার মনে যথেষ্ট আনন্দ, রাধাবল্লভ ঠাকুর জাগ্রত দেবতা, এমন দিনও তাহাকে জুটাইয়া দিয়াছেন! আজ ভোরে যখন বাড়ী হইতে বাহির হইয়াছিল, সে কি ইহা ভাবিয়াছিল? অশ্বপনের স্বপন। চোর বলিয়া বদনাম রটাইয়া যাহারা তাড়াইয়াছিল, আজ তাহারাই কিনা যাচিয়া তাহাকে চাকুরিতে বহাল করিল।

চূর্ণী নদীর ধারে পরিচিত গাছতলাটায় বসিয়া সে বিড়ি টানিতে টানিতে এক পয়সার বিড়ি শেষ করিয়া ফেলিল মনের আনন্দে। কুম্ভমের বাড়ী এখন সব ঘুমাইতেছে, গৃহস্থ বাড়ীতে দেখাশুনা করিবার এ সময় নয় বেলা কখন পড়িবে? অন্ততঃ চারটা না বাজিলে কুম্ভমের ওখানে যাওয়া চলে না। এখনও দেড় ঘণ্টা দেরি।

গোপালনগরের কুণ্ডুবাড়ী হইতে তাহার কাপড়ের পুঁটুলিটা একদিন গিয়া আনিতে হইবে। গত মাসের মাহিনা বাকি আছে, দেয় ভালো, না দিলে আর কি করা যাইবে?

আজ একটু বাত থাকিতে উঠিবার দরুন ভাল ঘুম হয় নাই—তাহার উপরে অনেকদিন পরে হোটেলের খাটুনি, পাচক্রোশ পায়ে হাঁটা স্বগ্রাম হইতে রাণাঘাট আসা প্রভৃতির দরুন হাজারির শরীর ক্লান্ত ছিল—গাছতলার ছায়ায় কখন সে ঘুমাইয়া পড়িয়াছে। যখন ঘুম ভাঙিল তখন সূর্যের দিকে চাহিয়া তাহার মনে হইল চারিটা বাজিয়া গিয়াছে।

কিছুক্ষণের মধ্যে সে কুম্ভমের বাড়ীর দরজায় গিয়া কড়া নাড়িল।

‘কুম্ভম নিজে আসিয়াই খিল খুলিল এবং হাজারিকে দেখিয়া অবাক হইয়া বলিল—জ্যাঠামশায়! কোথা থেকে? আসুন—আসুন—

তার পরেই সে নীচু হইয়া হাজারির পায়ের ধূলা লইয়া প্রণাম করিল।

হাজারি হাসিমুখে বলিল—এস এস মা, কলাগ হোক। ছেলোপিলে সব ভাল তো? এত বোগা হয়ে গিয়েছ, ইস্। তোমার কাকার মুখে তোমার বড্ড অস্থখের কথা শুনলাম।

কুম্ভম বাড়ীর মধ্যে তাহাকে লইয়া গিয়া ঘরের মেঝেতে শতরঞ্জি পাতিয়া বসাইল। বলিল—ভয় নেই জ্যাঠামশায় মরচি নে অত শীগ্গির। আপনি সেই যে গেলেন, আর কোনো খবর নেই। অস্থখের সময় আপনার কথা কত ভেবেছি জানেন জ্যাঠামশায়? মরেই যদি যেতাম, দেখা হোত আর? অথদে আপদ না হোলে মরেই তো—

—ছি ছি, মা, ও রকম কথা বলতে আছে?

—কোথায় ছিলেন এতদিন আপনি? আজ কোথা থেকে এলেন?

—এঁড়োশোলা থেকে।

কুম্ভম ব্যস্ত হইয়া বলিল—হেঁটে এসেছেন বুঝি? খাওয়া হয়নি?

হাজারি হাসিয়া বলিল—ব্যস্ত হয়ে না মা। বলছি সব। সকালে বেরিয়েছিলাম এঁড়োশোলা থেকে, বলি যাই একবার রাণাঘাট, তোমার সঙ্গে দেখা করবার ইচ্ছে খুব হোল।

রেল বাজারে যেমন বাবুর হোটেলে দেখা করতে যাওয়া, অমনি বাবু বহাল করলেন কাজে। সেখানে কাজ লাগ করে চূর্ণীর ধারে বেড়িয়ে এই আসছি।

—ওমা আমার কি হবে? ওরা আবার আপনাকে ডেকে বহাল করেছে! তবে মিথ্যে চুরির অপবাদ দিয়েছিল কেন? পদ্ম আছে তো?

—পদ্ম নেই তো যাবে কোথায়? আছে বলে আছে! খুব আছে।

পরে গর্কের স্বরে বলিল—আমায় না নিলে হোটেল যে ইদিকে চলে না। খন্দেরপত্তর তো আদ্যেক ফর্দা। সব উঠেছে গিয়ে বাঁড়ুষো মশায়ের হোটেলে।

হাজার হোক, হোটেলের মালিক, স্ততরাং তাহার মনিবের সমশ্রেণীর লোক। হাজারি যত বাঁড়ুষোর নামটা সমীহ করিয়াই মুখে উচ্চারণ করিল।

কুসুম যেন অবাক হইয়া খানিকটা দাঁড়াইয়া রহিল। পরে হঠাৎ ব্যস্ত হইয়া উঠিয়া বলিল—বহন, জ্যাঠামশায়, আসছি আমি—

—না, না, শোনো। এখন খাওয়া-দাওয়ার জন্তে যেন কিছু কোরো না—

—আপনি বহন তো। আসছি আমি—

কোনো কথাই খাটিল না। কুসুম কিছুক্ষণ পরে এক বাটি গরম সরদুধ ও দু-খানি বরফি সন্দেশ রেকাবিতে করিয়া আনিয়া হাজারির সামনে রাখিয়া বলিল—একটু জল সেবা করুন।

—ওঃ তো তোমাদের দোষ, বারণ করে দিলেও শোনো না—

কুসুম হাসিমুখে বলিল—কথা শুনবো এখন পরে—দুখটা সেবা করুন সবটা—ভালো দুধ—বাড়ীর গরুর। ঘন করে জাল দিয়েছি, দুপুর থেকে আকার ওপর বসানো ছিল।

—তুমি বড় মুশকিলে ফেললে দেখাচি মা!...নাঃ—

হাজারিকে পান সাজিয়া দিয়া কুসুম বলিল—জ্যাঠামশায় হোটেল ভাল লাগছে?

—তা মন্দ লাগছে না। আজ বেশ ভালই লাগলো। তবে ভাবছি কি জানো মা, এই রেল বাজারে আর একটা হোটেল বেশ চলে।

—শুধু বেশ চলে না জ্যাঠামশায়, খুব ভাল চলে। আপনার নিজের নামে হোটেল দিলে সব হোটেল কানা পড়ে যাবে।

—তোমার তাই মনে হয় মা?

—হ্যাঁ, আমার তাই মনে হয়। খুলুন আপনি হোটেল।

—আর একজনও একথা বলেছে কালই। তোমার মত সেও আর এক মেয়ে আমার। আমাদের গায়েরই—

—কে জ্যাঠামশায়?

—হরিবাবুর মেয়ে, অতলী ওর নাম, টে'পির বন্ধু। খুব ভাব দুজনে। সে আমার কাল বলছিল—

—আমাদের বাবুর মেয়ে? আমি দেখিনি কখনো। বসেস কত?

—ওরা নতুন এসেছে গীয়ে, কোথা থেকে দেখবে। বয়েস ষোল-সতেরো হবে। বড় ভাল মেয়েটি।

—সবাই যখন বলছে, তাই করুন আপনি। টাকা আমি দেবো—

—অতশীও দবে বলেছে। দু-জনের কাছে টাকা নিলে জাঁকিয়ে হোটেল দেবো। কিন্তু ভয় হয় তোমার ব্যাণ্ডের আধূলি নিয়ে শেষে যদি লোকসান যায়, তবে একূল ওকূল দুকূল গেল। বরং অতশী বড় মাহুষের মেয়ে—তার দুশো টাকা গেলে কিছু তার আসে যাবে না—

—না, আমার টাকাও খাটিয়ে দিতে হবে। সে শুনছি নে।

—আমি দুজনের টাকাই নেবো। কাল থেকে জায়গা দেখছি রঙ। তবে টাকা গেলে আমায় দোষ দিও না।

—জ্যাঠামশায়, আপনি হোটেল খুললে টাকা ডুববে না—আমি বলছি। এর পরেও যদি ডোবে, তবে আর কি হবে। আপনার দোষ দেবো না।

উঠিবার সময় কুসুম বলিল, জ্যাঠামশায়, পরশু সংক্রান্তির দিন বাড়ীতে সত্যনারায়ণের স্নিগ্ধ দেবো ভাবছি, আপনি এখানে রাত্রে সেবা করবেন।

—তা কি করে হবে মা? আমি রাতে বারটার কম ছুটি পাবো না।

—তবে তার পর দিন দুপুরে? বেলা একটার সময় আসবেন। আমি লুচি ভেজে রাখবো, আপনি এসে তরকারি করে নেবেন। কথা রইলো, আসতেই হবে কিন্তু জ্যাঠামশায়।

হোটেলের ফাঁরয়া সে বড় ডেকে রান্না চাপাইয়া দিল। বংশী ঠাকুর এবেলা এখনো আসে নাই, হাজারি অত্যন্ত খুশির সহিত চারাদিকে চাহিয়া দেখিতে লাগিল—সেই অত্যন্ত পরিচিত পুরাতন রান্নাঘর, এমন কি একখানা পুরানো লোহার খুঁস্তি পাঁচমাস আগে টিনের চালের বাতার গায়ে সেই গুঁজিয়া রাখিয়া গিয়াছিল এখনও সেখানা সেই স্থানেই মরিচা-পড়া অবস্থায় গৌড়াই রহিয়াছে। সেই বংশী, সেই রতন, সেই পদ্মদিদি।

বংশী আসিয়া ঢুকিল। হাজারি বলিল—আজ পেঁপে কুটিয়ে দাও তো বংশী, একবার পেঁপের তরকারী মন দিয়ে রাখি অনেক দিন পরে। একদিনে বাঁড়ুজো মশায়ের হোটেল কানা করে দেবো।

গদির ঘরে পদ্মকিয়ের গলার আওয়াজ পাইয়া বংশী বলিল—ও পদ্মদিদি, শোনো ইদিকে—
—ও পদ্মদিদি—

পদ্মকি খার্ডকাসের খাওয়ার ঘর পার হইয়া রান্নাঘরের মধ্যে আসিয়া ঢুকিয়া বলিল—কি হয়েছে?

বংশী বলিল—কি কি রান্না হবে এবেলা? হাজারি বলেছে পেঁপের তরকারি রাখবে ভাল করে। দু-একটা ভালমন্দ আমাদের দেখাতে হবে আজ থেকে। পেঁপে তো রয়েছে—
কি বল?

পদ্মঝি বলিল—না পেঁপে কাল হবে। আজ এবেলা বিলিতি কুমড়ো হোক। আর কুচো মাছের ঝাল করো। সাত আনা সের চিংড়ি ওবেলা গিয়েছে—এবেলা দেখি কি মাছ পাওয়া যায়।

হাজারি বলিল—পদ্মদিদি, আজ একটু মাংস হোক না ?

পদ্মঝি এতক্ষণ পর্যন্ত হাজারির সঙ্গে সরাসরিভাবে বাক্যালাপ করে নাই। সারাদিনের মধ্যে এই প্রথম তাহার দিকে চাহিয়া বলিল—মাংস বুধবার হয়ে গিয়েছে। আজ আর হবে না—বরং শনিবার দিনে হবে।

হাজারি অত্যন্ত পুলকিত হইয়া উঠিল পদ্ম তাহার সহিত কথা বলাতে এবং পুলকের প্রথম মুহূর্ত্ত কাটিতে না কাটিতে তাহাকে একেবারে বিস্মিত ও চকিত করিয়া দিয়া পদ্মঝি জিজ্ঞাসা করিল—এতদিন কোথায় ছিলে ঠাকুর ?

হাজারি সাগ্রহে বলিল—আমার কথা বলছ পদ্মদিদি ?

—হ্যাঁ।

—গোপালনগরে কুণ্ডুবাবুদের বাড়ী। আমি ছুটি নিয়ে বাড়ী এসেছিলাম—তারপর রাণাঘাটে আজ এসেছিলাম বেড়াতে। তা বাবু বলেন—

—হঁ, বেশ থাকো না। তবে বাইরে জিনিসপত্র নিয়ে যেতে পারবে না বলে দিচ্ছি। ওসব একদম বন্ধ করে দিয়েছেন বাবু। যা পারো এখানে থেও—বুঝলে ?—

—না বাইরে নিয়ে যাবো কেন পদ্মদিদি ? তা নিয়ে যাবো না।

—তোমার সেই কুহুম কেমন আছে ? দেখা করতে যাওনি ? পদ্মঝিের কর্তব্যে বিজ্ঞপ ও শ্রেষের আভাস।

হাজারি লজ্জিত ও অপ্রতিভভাবে উত্তর দিল—কুহুম ? হ্যাঁ তা কুহুম—ভালই—

পদ্মঝি অত্নদিকে মুখ ফিরাইয়া বোধ হয় যেন হাসিল। অন্ততঃ হাজারির তাহাই মনে হইল। পদ্মঝি ঘর হইতে বাহির হইয়া যাইতেই বংশী বলিল—যাক্ চাকরি তোমার পাকা হয়ে গেল হাজারিদা—দুপুরের পর আমরা চলে গেলে বোধ হয় কর্তা-গিন্নীতে পরামর্শ হয়েছে—চলো এক ছিলিম সাজা যাক্।

হাজারি হাসিল। সব দিকেই 'ভালো', কিন্তু পদ্মদিদি কুহুমের কথাটা তুলিল কেন আবার ইহার মধ্যে ? ভারি ছোট মন—ছিঃ।

বংশী বাহির হইতে চাপা গলায় ডাকিল—ও হাজারিদা, এসো—টেনে নাও একটান—

গাঁজায় কথিয়া দম মারিয়া হাজারি আসিয়া আবার রান্নাঘরে বসিতেই হঠাৎ অভঙ্গীয় মুখখানা তাহার চোখের সামনে ভাসিয়া উঠিল। দুর্গা-প্রতিমার মত মেয়ে অভঙ্গী। কি মনটি চমৎকার। তাহার কাকাবাবু গাঁজা খায়, অতঙ্গী যদি দেখিত! ওই জন্তেই তো গ্রামে সে কখনো গাঁজা খায় না। ছেলেলিলের সামনে বড় লজ্জার কথা।

অভঙ্গী টাকা দিতে চাহিয়াছে, হোটেল তাহাকে খুলিতে হইবেই। কথাটা একবার বংশীকে বলিবে ? বংশী ও রতন ভাল লোক দু-জনেই, তাহাদের বিশ্বাস করা যায়।

দুজনই তাহাকে ভালবাসে।

বংশীকে বলিল—আজকাল রাত্তিরে টুক হয় ?

—সব দিন হয় না। এখন নেবু সস্তা, নেবু দেওয়া হয়। পয়সায় ছ'মাতটা পাতিনেবু।

—একটা কিছু করে দেখাতে হবে তো ? বড়ির টুক করবো ভেবেছিলাম—

—তুমি ভাবলে কি হবে ? পল্লদিদি পাস করলে তবে তো হাঁড়িতে উঠবে। ভুলে গেলে নাকি আইনকাহন, হাজারিমা ?

হাজারি হো হো করিয়া হাসিয়া উঠিল। বলিল—বংশী, একটু চা করে খেয়ে নিলে হোত না ? আছে তোড়জোড় ?

বংশী বলিল—খাবে ? আমি দিচ্ছি সব ঠিক করে। ডাল চড়িয়ে গরম জল এই খটিতে কেটে রেখো হাতা দিয়ে। চিনি আছে, চা আনিয়ে নিচ্ছি—মনে আছে আর বছর আমাদের চা খাওয়া ? আদার রস করেও দেবো এখন—

আধঘণ্টার মধ্যে হাজারি ও বংশী মনের আনন্দে কলাইকরা বাটি করিয়া চা খাইতেছিল। ভূতগত খাটুনির মধ্যেও ইহাতেই আনন্দ কি কম ? হাজারি একদৃষ্টে আশুনের দিকে চাহিয়া চিন্তিত মুখে বলিল—খেখানেই যার মন টেকে, বুললে বংশী। গোপালনগরে সন্দেবেলা বোজ ওদের মন্দিরে ঠাকুরের শেতল হয়—তার সন্দেশ, ফল কাটা, মূগের ডাল ভিজে খেতে দিত আমাকে। চা আমি করে নিতাম উগুনে। কিন্তু তাতে কি এমন মজা ছিল ? একা একা বসে রান্নাঘরে চা আর খাবার খেতাম, মন ছ হ করতো। খেয়ে স্থখ ছিল না—আজ শুধু চা খাচ্ছি, তাই যেন কত মিষ্টি !

রাত হইয়াছে, স্টেশনের প্র্যাটকক্ষে একখানা গাড়ীর আওয়াজ পাইয়া হাজারি বলিল—ও বংশী, কেটনগর এলো যে ! ডালে কাটা দিয়ে নাও—

সঙ্গে সঙ্গে গোবরা চাকর খাবার ঘর হইতে হাঁকিল—খাড কেলাস দু-খালা—উস্তেজনায হাজারির সারাদেহ কেমন করিয়া উঠিল। কি কাজের ভিড়, কি লোকজনের হৈ চৈ, কি ব্যস্ততা—ইহার মধ্যেই তো মজা। তা নয়, গোপালনগরের মত পাড়াগাঁ জায়গায় কুতুদের বৃহৎ নিস্তরক অট্টালিকার মধ্যে নিস্তরক রান্নাঘরের কোণে বসিয়া কড়িকাঠ গুনিতে গুনিতে আর বাড়ীর পিছনের বাগানের তেঁতুল গাছে বাতুড় ঝোলা ডালপালার দিকে চাহিয়া চাহিয়া রান্না করা—সে কি তাহার পোষায় ! সে হইল শহরের মাহুয।

সংক্রান্তির পরের দিন কুসুমের বাড়ী বেলা প্রায় বারোটোর সময় সে নিমন্ত্রণ রাখিতে গেল। বংশী ঠাকুরকে বলিয়া একটু সকাল সকাল হোটেল হইতে বাহির হইল।

কুসুম গোয়ালঘরের নতুন উম্মুনে আলাদা করিয়া কপির ডালনা রাখিতেছে—একখানা কলার পাতায় খানকতক বেগুন ভাজা ও একটা পাথরের খোরায় ছোলার ডাল। শুদ্ধাচারে সব করিতে হইতেছে বলিয়াই পাথরের খোরা ও কলাপাতা ইত্যাদির ব্যবস্থা—হাজারি দেখিয়া মনে মনে হাসিয়া ভাবিল—কুসুমের কাণ্ড আধো ! থাকি হোটেল—কত ছোয়ালেনা হয়ে

যায় তার নেই ঠিক—ও আবার নেয়ে ধুয়ে ধোয়া কাপড় পরে গুরুঠাকুরের মত বস্ব করে রাঁধতে বসেচে।

কুসুম সলজ্জ হাসিয়া বলিল—জ্যাঠামশায়, এখনও হয়নি। একটু দেরি আছে—আমি কিন্তু তরকারি সব রেঁধেছি—আপনি শুধু বসে যাবেন—

হাজারি বলিল—তুমি তরকারি রাঁধলে যে বড়! সে কথা তো ছিল না। আমি তোমার তরকারি খাবো কেন?

—ঠকাত্তে পারবেন না জ্যাঠামশাই। কোনো তরকারিতে স্তন দিই'ন। স্তন না দিলে খেতে আপনার আপত্তি কি? ভাবলাম আপনি অত বেলায় এসে তরকারি রাঁধবেন সে বড় কষ্ট হবে—লুচি ভাজা আর কি হাঙ্গামা, দেখিই তো হবে তরকারি রাঁধতে। তাই নিয়ে এসে—

—স্নন দাওনি। না মা তুমি হাসালে দেখ্'চি। আলুনি তরকারি খাওয়াবে তোমার বাড়ী?

—আর গোয়ালার মেয়ে হয়ে আমি নিজের হাতের রান্না তরকারি খাইয়ে আপনার জাত মেরে দেবো—নরকে পচতে হবে না আমাকে তার জন্তে?

হাজারি হো হো দেখিয়া হাসিয়া উঠিল। বলিল, দাও ময়দাটা। মেখে নিই ততক্ষণ—

—সব ঠিক আছে জ্যাঠামশাই। কিছু করতে হবে না আপনাকে। আপনি বসন্ত শুধু নেচি কেটে লুচিগুলো বেলে দিন—কাপটা হয়ে গেলেই চাটান রাঁধব—তারপর লুচি ভেজে গরম গরম—ওতে কি জ্যাঠামশায়?—ও কি?

হাজারি গায়ের চাদরের ভিতর হইতে একটা শালপাতার ঠোঙা বাহির করিতে করিতে আমতা আমতা করিয়া বলিল—এই কিছু নতুন গুডের সন্দেশ—মাজ পয়লা তারিখে ও মাসের ক'দিনের মাইনেটা দিলে কি না—তাই ভাবলাম একটুখানি মিষ্টি—

কুসুম রাগ করিয়া বলিল—এ আপনার বড় অগ্ন্যাই কিন্তু জ্যাঠামশায়। আপনার এ'সবে চাকুরি: মাইনে—আমার জন্তে খরচ করে সন্দেশ না কিনলে আর চলতো না? আপনার দণ্ড করতে আমার এখানে সেবা করতে বলেছি?—না, এসব কি ছেলেমানুষী আপনার—

হাজারি শালপাতার ঠোঙাটি দাওয়ার প্রান্তে অপবাবীর মত সঙ্কোচের সহিত নামাইয়া রাখিয়া বলিল—আমার কি ইচ্ছে করে না মা, তোমার জন্তে কিছু আনতে? বাবা মেয়েকে খাওয়ায় না বুঝি?

হাজারির রকম-সকম দেখিয়া কুসুমের হাসি পাইলেও সে হাসি চাপিয়া রাগের সুরেই বলিল—না ভারি চটে গিয়েছি—পয়সা হাতে এলেই অমনি খরচ করার জন্তে হাত হুড়হুড় করে বুঝি? ভারী বড়লোক হয়েছেন বুঝি? ও মাসের সাতটা দিন কাজ করে কত মাইনে পেয়েছেন যে এক ঢাকার সন্দেশ আনলেন অমনি? হাজারি চূপ করিয়া অপ্রতিভ মুখে বসিয়া রহিল।

—আসুন ইদিকে, এই আসনখানায় বসুন, ময়দাটা নেচি করুন এবার—

মা কাহাকে অত বকিতেছে দেখিতে কুসুমের ছেলে মেয়ে কোথা হইতে আলিয়া সামনে উঠানে দাঁড়াইতেই হাজারি ঠোঙা হইতে সন্দেশ লইয়া তাহাদের হাতে কিছু কিছু দিয়া বলিল—
 থাক, নাভিনাভনৌ তো আগে থাক—মেয়ে খায় না খায় বুঝবে পরে—

পরে কুসুমের দিকে ফিরিয়া বলিল—নাও হাত পাতো, আর রাগ করে না—

কুসুম এবার আর হাসি চাপিয়া রাখিতে পারিল না। বলিল—আমি রাঁধতে রাঁধতে খাব ?

—কেন আলগোছে ?

—না।

—কেন ?

—আমি বুড়ো মাগী, ভোগের আগে পেরসাদ পেয়ে বসে থাকি আর কি !

হাজারি বুকিল তাহার খাওয়া না হইয়া গেলে কুসুম কিছুই খাইবে না। সে বিনা বাক্য-ব্যয়ে লুটির ময়দা লইয়া বসিয়া গেল।... ..

কুসুম বলিল—হোটেল খুলবার কি করলেন ?

—গোপাল ঘোষের তামাকের দোকানের পাশে ওই ঘরখানা ন'টাকা ভাড়া বলে। দেখেচ ঘরখানা ?

কুসুম উৎফুল্ল হইয়া বলিল—কবে খুলবেন ?

—সামনের মাসে। টাকা দেবে তো ?

কুসুম গলার হর নীচু করিয়া বলিল—আস্তে আস্তে। কেউ শুনবে—

—তোমার শাশুড়ী কই ?

—আমি যেতে পারলাম না বাইরে, তাই দুধ নিয়ে বেরিয়েছে—এল বলে।

—বাত সেরেছে ?

—মরচের মাদুলী নিয়ে এখন ভাল আছে। আগে মধ্যে দিনকতক পজু হয়ে পড়েছিল—
 তার চেয়ে ঢের ভাল। আপনার জায়গা করে দিই—ওগুলো ভেঙ্গে ফেলুন—গরম গরম দেবো—

হাজারি খাইতে বলিল। কুসুম কাছে বসিয়া কখনও লুচি, কখনও তরকারি দিতে দিতে বলিল—আপনি তরকারিতে বেশী করে ছুন মেখে খান—

—রান্না চমৎকার হয়েছে মা—

—থাক আপনার আর—

—হোটেল যেদিন খুলবো, সেদিন তোমায় নিজের হাতে রেঁধে খাওয়াবো—

—না। ও সব করতে দেবো না। বুঝেছকৈ চলতে হবে না ? টাকা নিয়ে ভুতোনন্দী কাণ্ড করবেন ?

—কিছু করবো না ! তুমি চেন না আমার।

—আমার জন্তে এক পরসী খরচ করতে পাবেন না আপনি বলে দিচ্ছি। তাহ'লে

আপনার সঙ্গে কথাবার্তা বন্ধ করে দেবো—ঠিক।

পনেরো দিন পরে হাজারি স্বগ্রামে সংসারের খরচপত্র দিতে গেল। বৈকালে হরিবাবুর বাড়ী বেড়াইতে গিয়া দেখিল হরিবাবু বৈঠকখানায় আরও দুটি অপরিচিত ভদ্রলোকের সহিত বসিয়া কথা বলিতেছেন। তাহাকে দেখিয়া বলিলেন—এই যে এস হাজারি, বসো বসো। এঁরা এসেছেন কলকাতা থেকে অতসীকে দেখতে—তুমি এসেছ ভালই হয়েছে। রাজে আমার এখানে থেও আজ—

অতসীর তাহা হইলে বিবাহ? যদি ইতিমধ্যে তার বিবাহ হইয়া যায়, সে শস্তরবাড়ী চলিয়া গেলে চাকাকাড়ির ব্যাপার চাপা পড়িয়া যাইবে। হাজারি একটু দমিয়া গেল।

আধঘণ্টা পরে হরিবাবু বলিলেন—আমি সঙ্ঘাতিকটা সেরে আসি—আপনাদের তত্ত্বক্ষণ চা দিই যাক।

ভদ্রলোক দুইজন বলিলেন—তিনি ফিরিয়া আসিলে একত্রে চা খাওয়া যাইবে। তাঁহার তত্ত্বক্ষণ একবার নদীর ধারে বেড়াইয়া আসিবেন।

অল্পক্ষণ পরেই অতসী আসিয়া বৈঠকখানায় বাড়ীর ভিতরের দিকের দরজা হইতে একবার স্তম্ভপূর্ণে উকি মারিয়া ঘরের মধ্যে ঢুকিল।

—এসো, এসো মা। ভাল আছ?

—আপনি ভাল আছেন কাকাবাবু? গোপালনগর থেকে আসছেন?

—না মা। আমি গোপালনগরে আর নেই তো? রাণাঘাটের সেই হোটেলের কাজ আবার নিষ্পন্ন হইয়াছে। ওরা ডেকে বহাল করলে।

—করবে না? আপনার মত লোক পাবে কোথায়? আমার এবার একটা কিছু শিখিয়ে দিই যান, কাকাবাবু। আপনার নাম করবো চিরকাল।

—মা, এ হাতেকলমের জিনিস। বলে দিলে তো হবে না, দেখিয়ে দিতে হবে। তার হুবিধে হবে কি? আমি এর আগেও তোমাকে তো বলেছি একথা।

—কাল আপনার বাড়ী যাবো এখন। টেঁপিকে বলবেন। তাকে নিয়ে এলেন না কেন? তাকে নিয়ে আসবেন, সেও আমাদের এখানে রাজে থাকে।

অতসী একটু পরেই চলিয়া গেল, কারণ আগন্তুক ভদ্রলোক দুটির গলার আওয়াজ পাওয়া গেল বাড়ীর বাহিরে রাস্তার দিকে।

পরদিন সকালে টেঁপির মা উঠান ঝাঁট দিতেছে এমন সময়ে অতসী বাড়ীর উঠানের মাচাতলা হইতে ডাকিল—টেঁপি, ও টেঁপি—

টেঁপি মা তাড়াতাড়ি হাতের ঝাঁটা ফেলিয়া সেখানে আসিয়া উপস্থিত হইল। জমিদারের মেয়ে অতসী গ্রামের কাঁহারও বাড়ী বড় একটা যায় না, তাহাদের মত গরীব লোকের বাড়ী যে যাভাষা করিতেছে—ইহা ভাগ্যের কথাও বটে, গর্ক করিয়া লোকের কাছে পরিচয় দিবার মত কথাও বটে।

হাসিয়া বলিল—টেঁপি বাসন নিয়ে পুকুরে গিয়েছে—এসো বসো মা।

—কাকাবাবু কোথায় ?

হাজারি কাল রাত্রে অতসৌদের বাড়ী গুরুতর আহার করিলেও আজ হাঁটিয়া তিন ক্রোশ পথ রাণাঘাট ষাইবে, এই গুজুহাতে বড় এক বাটি চালভাজা মুন লক্ষা সহযোগে ঘরের ওঁদিকে দাওয়ায় বসিয়া চর্কণ করিতেছিল—অতসৌ পাছে এদিকে আসিয়া পড়ে এবং তাহার চালভাজা খাওয়া দেখিয়া ফেলে সেই ভয়ে বাটিটা সে তাড়াতাড়ি কৌচার কাপড় দিয়া চাপা দিল।

অতসৌ হাসিয়া বলিল—কই কাকাবাবু কোন্ দিকে বসে ?

ওঃ, খুব সময়ে চালভাজার বাটি ঢাকিয়া ফেলিয়াছে সে।... অতসৌ তাহাকে রাক্ষস ভাবিত—ব্রাত্মের ওই ভীষণ খাওয়ার পরে সকাল হইতে না হইতেই—

—এই যে মা—কি মনে করে এত সকালে ?

—আপনি আমাদের বাড়ী দুপুরে থাকেন তাই বলতে বলে দিলেন বাবা—

—না মা আমি এখুনি বেরুচ্ছি রাণাঘাট—ছুটি তো নেই—আর কাল রাতে যে খাওয়া হয়েছে তাতে—

—তবে টেঁপি আর খুড়ীমা থাকেন—ওঁদের নেমস্তন্ন—আমি বলে যাচ্ছি ওঁদের। বলিয়া অতসৌ দাওয়ায় উঠিয়া নিজেই পিঁড়ি পাতিয়া বসিয়া গেল দেখিয়া হাজারি প্রমাদ গণিল। একে সময় নাই, দশটার মধ্যে হোটেলে পৌঁছিয়া রান্না চাপাইতে হইবে। এক বাটি চালভাজা চিৰাইতেও তো সময় লাগে! হতভাগা মেয়েটা সব মাটি করিল!...বাটিটা লুকাইয়া বসিয়া থাকাই বা কতক্ষণ চলে ?

অতসৌ বলিল—কাকাবাবু, আমার সঙ্গে যদি আপনার আর দেখা না হয় ?

—কেন দেখা হবে না ?

অতসৌ লাজুফ মুখে বলিল—ধরুন যদি আমি—এখান থেকে যদি—

—বুঝেছি মা, ভালই তো, আনন্দের কথাই তো।

—আপনারা তাড়াতে পারলে বাচেন তা জানিই। মার মুখেও সেই এক কথা, বাবার মুখেও সেই এক কথা। সে যা হয় হবে আমি তা বলছি নে। আমি বলছি আপনি আজ থেকে যান, আমি যে কথা দিয়েছিলাম আপনার কাছে—সেই টাকা, মনে আছে তো ? আপনাকে তা আজ দিয়ে দিই। যদি বলেন তো এখুনি আনি। আমার মনের ভার কমে যায়, তারপর যেখানে আপনারা আমায় বিদেয় করে দেন দেবেন—

—ওকি মা। বিদেয় তোমায় কেউ করছে না। এমন কথা বলতে নেই।...কিন্তু টাকা নিতাস্তই হবে তা'হলে ?

—যখন বলেছি, তখন আপনি কি ভেবেছিলেন কাকাবাবু আমি মিথ্যে বলছি ?

—তা ভাবিনি—আচ্ছা ধরো এমন তো হতে পারে, আমি হোটেল খুলে লোকসান দিলাম, তখন তোমার টাকা তো শোধ দিতে পারবো না ?

—আমি তো বলেছি, না দিতে পারেন তাই কি?.....আপনি বহন, আমি টাকা নিয়ে আসি—

আধঘণ্টার মধ্যে অতসী ফিরল। সন্দর্পণে আসলের গেরো খুলিয়া তাহাকে দুইশত টাকার খুচরা নোট গুলিয়া দিতে দিতে বলিল—এই রইল। আমার টাকা ফেরত দিতে হবে না। টেঁপির বিয়ে দেবেন সে টাকায়। আমি যাই, লুকিয়ে চলে এসেছি, বাবা খুঁজবেন আবার।

রাণাঘাট যাইতে সারাপথ হাজারি অল্পমনস্কভাবে চলিল ..

বেশ মেয়ে অতসী, ভগবান গুর ভাল করুন। তাহার মন বলিতেছে গুর হাত দিয়া যে টাকা আসিয়াছে—সে টাকায় ব্যবসা খুলিলে লোকমান খাইবে না। স্বয়ং লক্ষী যেন তাহার হাতে আসিয়া টাকা গুলিয়া দিয়া গেলেন। . . .

হোটেল পৌঁছিয়া সে দেখিল রান্নাঘরে বংশী ঠাকুর ভাল চাপাইয়া একা বসিয়া। তাহাকে দেখিয়া বলিল—আরে এসো হাজারি-দা, বড় বেলা করলে যে! বড় ডেকে ভাতটা চাপাও—নেবে নাকি একটু দম দিয়ে?

—তা নাও না? মাজো গিয়ে—আমি ভাল দেখছি—

একটু পরে গাঁজার কলিকাটি হাজারির হাতে দিয়া বংশী বলিল—একটা বড় কাজের বায়না এসেছে, নেবে? আন্দুলের ঘোষদের বাড়ি রাস হবে—সাতদিনের ঠিকে কাজ। বদে ভিয়েন, মলেশ ভিয়েন, রান্না এই সব। ত'টাকা মজুর দিন—খোরাকি বাদে।

হাজারি বলিল—বংশী একটা কথা বল তোমায়। আমি হোটেল খুলছি রাণাঘাটের বাজারে। কাউকে বোলো না কথাটা। তোমাকে আসতে হবে আমার হোটেল।

কথাটা ঠিক শুনিয়াছে বলিয়া বংশীর যেন মনে হইল না। সে অবাধ হইয়া উহার দিকে চাহিয়া থাকিয়া বলিল—হোটেল খুলবে? তুমি।

—হাঁ, আমি না কে? তোমার বেহাই?

বংশী বলিল—কি পাগলের মত বলছ হাজারি-দা? কলকে রাখো, আর টান দিও না। রেলবাজারে একটা হোটেল খুলতে কত টাকা লাগে তুমি জানো?

—কত টাকা বলে তোমার মনে হয়?

—পাঁচশো টাকার কম নয়।

—চারশোতে হয় না?

—আপাততঃ চলবে—কিন্তু কে তোমায় চারশো টাকা—

উত্তরে কৌচার কাপড়ের গেরো খুলিয়া হাজারি বংশীকে নোটের ভাড়া দেখাইয়া বলিল—এই দেখছো তো দুশো টাকা এতে আছে। যোগাড় করে এনেছি। এখন লাগো গাছকোমর বেধে—তোমার অংশ থাকবে যদি প্রাণপণে চালাতে পারো—তোমায় ফাঁকি দেবো না। আজ থেকেই বাড়ী দেখ—পনেরো টাকা পর্যন্ত ভাড়া দেগে—আর দুশো টাকাও যোগাড় আছে।

বংশী ঠাকুর মুখের মধ্যে একটা অস্পষ্ট শব্দ করিয়া বলিল—ভালা আমার মানিক রে।

হাজারি-দা, এলো তোমায় কোলে করে নাচি। এক অস্ত্রে বেচু চক্ৰতি বধ, পদ্মদিদি বধ, যদু বাডুয্যে বধ—

—চূপ, চূপ,—চলো ছুটির পর দুজনে ঘর দেখা যাক। তামাকের দোকানের পাশে ওই ঘরখানা ন'টাকা ভাড়া বলে। জায়গাটা ভাল। আচ্ছা, বাজার কেমন, বংশী ?

—বাজার ভালো। নতুন আলু সস্তা হোলে আরও সুবিধে হবে। নতুন আলু উঠলো বলে। কেবল মাছটা এখনও আক্রা—

—ঘর দেখার পর একটা ফর্দ করে ফেলা যাক এমো। খালা বাসন, বালতি, জালা, শিলনোড়া, বটি—

—আজ খাওয়াও হাজারি-দা। মাইরি, একটা কাজের-মত কাজ করলে। আচ্ছা টাকা পেলে কোথায় বল না ?

—পরে বলবো সব। তার ঢের সময় আছে। এখন আগেকার কাজ আগে করো।

পদ্মঝি হঠাৎ রান্নাঘরে ঢুকিয়া বলিল—বেশ তো দুটিতে বসে খোশগল্প চলছে। উদিকে মাছ ডাঙায়, তরকারি ডাঙায়—এখুনি লোক খেতে আসবে—

গোবরা চাকর হাঁকিল—খাড্ কেলাস একখালা—

পদ্মঝি বলিল—ওই! এলো তো? এখন মাছ ভাজা পর্য্যন্ত হোল না যে তাই দ্বিঘে ভাত দেবে। এদিকে গাঁজার ধোঁয়ায় তো রান্নাঘর অন্ধকার—সব তাড়াতে হবে তবে হোটেল চলবে। কর্তার খেয়েদেয়ে নেই কাজ তাই যত হাড়হাডাতে উনপাঁজুরে গাঁজাখোর আবার জুড়িয়ে এনে হাতাবেড়ি হাতে দিয়েছে—

বংশী ঠাকুর বলিল—রাগ করো কেন পদ্মদিদি, কাল রাতের বাসি মাছ ভেজে রেখেছি— খাড্ কেলাসের খন্দের যারা সকালে খায়, তাই চিরকাল খেয়ে আসছে।

হাজারি বংশীর দিকে চাহিয়া বলিল—না বংশী দই এনে দাও সেও ভাল। বাসি মাছ দিও না—ওতে নাম খারাপ হয়ে যায়—ও থাক।

পদ্মঝি ঝাঁজের সহিত বলিল—দইয়ের পয়সা তুমি দিও তবে ঠাকুর। হোটেল থেকে দেওয়া হবে না। তুমি বেলা করে বাড়ী থেকে এলে বলেই মাছ হোল না। বংশী ঠাকুর একা কত দিকে যাবে ?

হাজারি চূপ করিয়া রছিল।

হোটেলের ছুটির পর হাজারি চূর্ণীঘাটে বাইবার পথে রাখাবল্লভতলায় বার বার নমস্কার করিয়া গেল। ঠাকুর রাখাবল্লভ এতদিন পরে যেন মুখ তুলিয়া চাহিয়াছেন। তাহার সেই প্রিয় গাছটির তলায় বসিয়া হাজারি কত কি কথা ভাবিতে লাগিল। অতসী টাকা দিয়া দিয়াছে, তাহার বাড়ী বহিয়া আসিয়া টাকা দিয়া গিয়াছে—হয়তো সে হোটেল খুলিতে দেরি করিত, কিন্তু আর দেরি করা চলিবে না। অতসী-মায়ের কাছে কথা দিয়াছে, সে কথা রাখিতে হইবেই তাহাকে।

রাপাঘাট বেশ লাগে তাহার, বেচুবাবুর হোটেল তো একমাত্র জায়গা যেখানে তাহার মন

ভাল থাকে, জীবনটা শান্তিতে কাটাতেছি বলিয়া মনে হয়। এই রাণাঘাটের রেলবাজার ছাড়া সে কোথাও বাইতে পারিবে না। এখানেই হোটেল খুলিবে, অন্তত নয়।

বৈকালের দিকে সে কুম্ভমের বাড়ী গেল। কুম্ভম বলিল—আজকে এলেন? আছেন, বসুন। হাজারি হাসিমুখে বলিল—একটা জিনিস রাখতে হবে মা।

—কি?

হাজারি পেট-কোঁচড় হইতে দু'শো টাকার নোট বাহির করিয়া বলিল—রেখে দাও।

কুম্ভম অবাক হইয়া বলিল—কোথায় পেলেন?

—ভগবান দিয়েছেন। হোটেল খুলবার রেশ জুটিয়ে দিয়েছেন এতদিন পরে—এই দু'শো, আর তোমার দু'শো, সামনের মাসেই খুলবো ভাবছি।

—এ টাকা কে দিলে জ্যাঠামশায় বললেন না আমায়?

—তোমার মত আর একটি মা।

—আমি চিনিনে?

—আমাদের গায়ের বাবুর মেয়ে অন্তসী। বলবো সে সব কথা আর একদিন, আজ বেলা যাচ্ছে, আমি গিয়ে ডেক চাপাই গে—টাকা রেখে দাও এখন।

হোটলে আসিয়া বংশীকে বলিল—তোমার ভাগ্যটিকে চিঠি লিখে আনাও বংশী। তাকে গদিত্তে বসতে হবে। লেখাপড়ার কাজ তো আমায় বা তোমায় দিয়ে হবে না।

বংশী বলিল—সে তো বসেই আছে হাজারি-দা। একটা কাজ পেলে বেঁচে যায়। আমি আজই লিখছি আর ঘর আমি দেখে এসেছি—তম্বাকের দোকানের পাশে ঘরটা ভাল—ওইটেই নাও। লেগে যাও দুর্গা বলে।

দিন দুই পরে একদিন সকালে পদ্মঝি বলিল—ও ঠাকুর, শুনে রাখো, আজ কোথাও যেও না সব ছুটির পরে। আজ ও-বেলা সত্যনারায়ণের স্নিহ্নি—খন্দেরদের ভাত দেবার সময় বলে দিও ও-বেলা যেন থাকে—আর তোমরা খেয়ে-দেয়ে আমার সঙ্গে বেরুবে সত্যনারায়ণের বাজার করতে।

বংশী ঠাকুর হাজারির দিকে চাহিয়া হাসিল—অবশ্য পদ্মঝি চলিয়া গেলে।

ব্যাপারটা এই, হোটেলের এই যে সত্যনারায়ণের পূজা, ইহা ইহাদের একটি ব্যবসা। বাহারা মাসিক হিসাবে হোটলে খায় তাহাদের নিকট হইতে পূজার নাম করিয়া টাকা বা প্রণামী আদায় হয়। আদায়ী টাকার সব অংশ ব্যয় করা হয় না বলিয়াই হাজারি বা বংশীর ধারণা। অথচ, সত্যনারায়ণের প্রসাদের লোভ দেখাইয়া দৈনিক নগদ খরিদার যাহারা তাহাদেরও স্বার্থে আনিবার চেষ্টা করা হয়—কারণ এমন অনেক নগদ খরিদার আছে, যাহারা একবেলা হোটলে খাইয়া যায়, দু-বেলা আসে না।

বংশী ঠাকুর পরিবেশনের সময় প্রত্যেক ঠিকা খরিদারকে মোলায়েম হাসি হাসিয়া বলিতে লাগিল—আজ্ঞে বাবু, ও-বেলা সত্যনারায়ণ হবে হোটলে, আসবেন ও-বেলা—অবিস্ত্রি করে আসবেন—

বাহিরে গদির ঘরে বেচু চক্ৰতিও খরিদারদিগকে ঠিক অন্ন বলিতে লাগিল।

বংশী ঠাকুর হাজারিকে আড়ালে বলিল—সব ফাঁকির কাজ, এক চিলতে কলার পাতার আগায় এক হাতা করে গুড় গোলা আটা আর তার ওপর দুখানা বাতাসা—হয়ে গেল এর নাম তোমার সত্যনারায়ণের সিন্ধি। চামার কোথাকার—

সন্ধ্যার সময় পূর্ণ ভট্টাচার্য সত্যনারায়ণের পূজা করিতে আসিলেন। বাসনের ঘরে সত্যনারায়ণের পিঁড়ি পাভা হইয়াছে। হোটেলের দুই চাকর মিলিয়া ঘড়ি ও কীসর পিটাইতেছে, পদ্মি ঘন ঘন শাকে ফুঁ পাড়িতেছে—খানিকটা খরিদার আকুটে করিবার চেষ্টাতেও বটে।

স্টেশনে যে চাকর ‘ছি-ই-ই-নু হো-টে-ল-ল’ বলিয়া চেষ্টায়, তাহাকেও বলিয়া দেওয়া হইয়াছে, সে যাত্রীদের প্রত্যেককে বলিতেছে—‘আসুন বাবু, সিন্ধি পেরসাদ হচ্ছেন হোটেল, খাওয়ার বড় জুং আঙ্গণে—আসুন বাবু—’

যাহারা নগদ পয়সার খরিদার, তাহারা ভাবিতেছে—অল্প হোটেলের তো পয়সা দিয়া খাইবে এখন তখন সত্যনারায়ণের প্রসাদ ফাউ যদি পাওয়া যায়, বেচু চক্ৰতির হোটেলেরই পাওয়া যাক না কেন। ফলে বহু বাড়ায়ের হোটেলের দৈনিক নগদ খরিদার যাহারা, তাহারাও অনেকে আসিয়া জুটিতেছে এই হোটেল। এদিকে নগদ খরিদারদের অল্প ব্যবস্থা এই যে, তাহাদের সিন্ধি খাইতে দেওয়া হইবে ভাতের পাতে অর্থাৎ টিকিট কিনিয়া ভাত খাইতে চুকিলে তবে। নতুবা সিন্ধিটুকু খাইয়া লইয়াই যদি খরিদার পালায় ?

মাসিক খরিদারের অল্প অল্প প্রকার ব্যবস্থা। তাহারা চাঁদা দিয়াছে, বিশেষতঃ তাহাদের খাঁতির করাও দরকার। পূজা সাক্ষ হইলে তাহাদের সকলকে একত্র বসাইয়া প্রাসাদ খাইতে দেওয়া হইল—বেচু চক্ৰতি নিজে প্রত্যেকের কাছে গিয়া জিজ্ঞাসা করিতে লাগিলেন তাহারা আর একটু করিয়া প্রসাদ লইবে কি না।

খন ওদিকে মাসিক খরিদারগণকে সিন্ধি বিভরণ করা হইতেছে, সে সময়ে হাজারি দেখিল স্বাস্থ্য উপর বতীন মজুমদার দাঁড়াইয়া হাঁ করিয়া তাহাদের হোটেলের দিকে চাহিয়া আছে। সেই বতীন...

হাজারির মনে হইল লোকটার অবস্থা আরও খারাপ হইয়া গিয়াছে, কেমন যেন অনাহার-শীর্ণ চেহারা। সে ডাকিয়া বলিল—ও বতীনবাবু, কেমন আছেন ?

বতীন মজুমদার অবাক হইয়া বলিল—কে হাজারি নাকি ? তুমি আবার কবে এলে এখানে ?

—সে অনেক কথা বলবো এখন। আসুন না—আসুন—

বতীন ইতস্ততঃ করিয়া রান্নাঘরের পাশে বেড়ার গায়ের দরজা দিয়া হোটেলের চুকিয়া রান্নাঘরের দোবে আসিয়া দাঁড়াইল।

হাজারি দেখিল তাহার পায়ে জুতা নাই, গায়ে অতি মলিন উড়ানি, পরনের ধূতিখানিও ভঙ্গ। আগের চেয়ে রোগাও হইয়া গিয়াছে লোকটা। দারিদ্র্য ও অভাবের ছাপ চোখে মুখে বেশ পরিস্ফুট।

যতীন শাঠহাসি হাসিয়া বলিল—আরে, তোমাদের এখানে বুঝি সত্যানুরায়ণ হচ্ছে আজগে ? আগে আমিও কত এসেছি খেয়েছি—

—তা খাবেন না ? আপনি তো ছিলেন বারোমাসের কাঁধা খদ্দের—তা আসুন পেরসাদ খেয়ে যান—

যতীন ভদ্রতা করিয়া বলিল—না না, থাক থাক—তার জন্তে আর কি হয়েছে—

হাজারি একবার এঁদিক ঠুঁদিক চাহিয়া দেখিল কেহ কোনোদিকে নাই। সবাই খাবার ঘরে মাসিক খরিদারের আদর আপ্যায়ন করিতে ব্যস্ত—সে কলার পাত পাতিয়া যতীনের বসাইল এবং পাশে বাসনের ঘর হইতে বড় বাটির একবাটি সত্যানুরায়ণের সিন্ধি, একমুঠা বাতাসা ও-দুটি পাকা কলা আনিয়া যতীনের পাতে দিয়া বলিল—একটু পেরসাদ খেয়ে নিন—

যতীন মজুমদার দ্বিকাক্তি না করিয়া সিন্ধির সহিত কলাদুটি চটকাইয়া মাখিয়া লইয়া যেভাবে গোত্রাসে গিলিতে লাগিল, তাহাতে হাজারির মনে হইল লোকটা সত্যই যথেষ্ট ক্ষুধার্ত ছিল, বোধ হয় ওবেলা আহার জোটে নাই। তিন চার গ্রামে অতখানি সিন্ধি মে নিঃশেষে উড়াইয়া দিল।

হাজারি বলিল—আর একটু নেবেন ?

যতীন পূর্বের মত ভদ্রতার স্বরে বলিল—না না, থাক থাক আর কেন—

হাজারি আরও এক বাটি সিন্ধি আনিয়া পাতে ঢালিয়া দিতে যতীনের মুখচোখ যেন উজ্জ্বল হইয়া উঠিল।

তাহার খাওয়া স্বর্ক্কে হইয়াছে এমন সময় পদ্মিকি রান্নাঘরের দোরে আসিয়া হাজারিকে কি একটা বলিতে গেল এবং গোত্রাসে ভোজনরত যতীন মজুমদারকে দেখিয়া হঠাৎ ধমকিয়া দাঁড়াইল। বলিল—ও কে ?

হাজারি হাসিয়া বলিল—ও যতীনবাবু, চিনতে পাচ্ছ না পদ্মাদিদি ? আমাদের পুরোনো বাবু। যাচ্ছিলেন রান্না দিয়ে, তা আমি বললাম আজ পূজোর দিনটা একটু পেরসাদ পেয়ে যান বাবু—

পদ্মিকি বলিল—বেশ—বলিয়াই সে ফিরিয়া আবার গিয়া মাসিক খরিদারদের খাবার ঘরে ঢুকিল।

যতীন তত্তক্ষণ পদ্মিকিকে কি একটা কথা বলিতে যাইতেছিল, কিন্তু সে কথা বলিবার সুযোগ ঘটিল না তাহার। সে খাওয়া শেষ করিয়া এক ঘটি জল চাহিয়া লইয়া খাইয়া চোবের মত খিড়কি দরজা দিয়া বাতর হইয়া গেল।

অল্পক্ষণ পরেই গোবরা চাকর আসিয়া বলিল—ঠাকুর, কর্তা তোমাকে ডাকছেন—

হাজারি বুঝিয়াছিল কর্তা কি জন্ত তাহাকে জব্বা তলব দিয়াছেন। সে গিয়া বুঝিল তাহার অল্পমান সত্য-কারণ পদ্মিকি মুখ তার করিয়া গাছ ঘরে বেচু চর্কান্তর সামনে দাঁড়াইয়া। বেচু চর্কান্ত বাপলেন—হাজারি, তুমি যত্নটাকে হোটলে ঢুকিয়ে তাকে বশিয়ে সিন্ধি খাওয়াচ্ছিলে ?

পদ্মস্বি হাত নাড়িয়া বলিল—আর খাওয়ানো বলে খাওয়ানো! এক এক গাম্বা সিরি দিয়েছে তার পাতে—ইচ্ছে ছিল হুকিয়ে খাওয়াবে, ধর্মের চাক বাতাসে নড়ে, আশি গিয়ে পড়েছি সেই সময় বড় ভেক্ নামলো কি না তাই দেখতে—আমায় দেখে—

হাজারি বিনীত ভাবে বলিল—সত্যান্বিতের পেরসাদ বলেই বাবু দিগেছিলাম—আমাদের পুরোনো খন্দের—

বেচু চক্ৰি দাঁত খিঁচাইয়া বলিলেন—পুরোনো খন্দের? তারি আমার পুরোনো খন্দের রে? হোটেলের একটি মুঠো টাকা ফাঁকি দিয়ে চলে গিয়েছে, তারি খন্দের আমার! চার মাস বিনি পয়সায় খেয়ে গেল একটি আধলা উপুড়-হাত করলে না, পয়সা নখরের জুয়াচোর কোথাকার—খন্দের! তুমি কার হুকুমে তাকে হোটেলে ঢুকতে দিলে শুনি?

পদ্মস্বি বলিল—আমি কোনো কথা বলেই তো পদ্ম বড় মন্দ। এই হাজারি ঠাকুর কি কম শয়তান নাকি—বাবু? আপনি জানেন না সব কথা, সব কথা আপনার কানে তুলতেও আমার ইচ্ছে করে না। হুকিয়ে হুকিয়ে হোটেলের আন্ধক জিনিস গুঠে গুঠে এয়ার বকশীদের বাড়ী। যত্নে ঠাকুর গুঠ এয়ার, বুঝলেন না আপনি? বহাল করেন লোক, তখন আমি কেউ নই—কিন্তু হাতে হাতে ধরে দেবার বেলা এই জনা না হোলোও দেখি চলে না—এই দেখুন আবার চুরি-চামারি শুরু যদি না হয় হোটেলে, তবে আমার নাম—

বেচু চক্ৰি বলিলেন—এটা তোমার নিজের হোটেল নয় যে তুমি হাজারি ঠাকুর এখানে যা খুশি করবে। নিজের মত এখানে খাটালে চলবে না জেনো। তোমার আট আনা জরিমানা হোল।

হাজারি বলিল—বেশ বাবু, আপনার বিচারে যদি তাই হয়, করুন জরিমানা। তবে যতীন-বাবু আমার এয়ারও নয় বা সে সব কিছুই নয়। এই হোটেলেরই গুঠ সঙ্গে আমার আলাপ—গুঠে দেখিনিও কতদিন। পদ্মস্বি অনেক অনেক কথা লাগায় আপনার কাছে—আমি আসছে মাস থেকে আর এখানে চাকরি করবো না।

পদ্মস্বি এ কথায় অনর্থ বাধাইল। হাত পা নাড়িয়া চীৎকার করিয়া বলিল—লাগায়? লাগায়-তোমার নামে? তুমি যে বড় লাগাবার যুগি লোক। তাই পদ্ম লাগিয়ে লাগিয়ে বেড়াচ্ছে তোমার নামে। যত বড় মুখ নয় তত বড় কথা! তোমার মত লোককে পদ্ম গেরাঘার মধ্যে আনে না তা তুমি ভাল করে বুঝো ঠাকুর। যাও না, তুমি আজই চলে যাও। সামনের মাসে কেন, মাইনেপত্তর চুকিয়ে আজই বিদেশ হও না—তোমার মত ঠাকুর রেল-বাজারে গণ্ডায় গণ্ডায় মিলবে—

বেচু চক্ৰি বলিলেন—চূপ চূপ পদ্ম, চূপ করো। খন্দেরপত্র আসচে যাচ্ছে, ওকথা এখন থাক। পরে হবে—আচ্ছা তুমি যাও এখন হাজারি ঠাকুর—

অনেক রাত্রে হোটেলের কাজ মিটল।

সুইবার সময় হাজারি বংশীকে বলিল—দেখলে তো কি রকম অপমানটা আমার করলে পদ্মস্বি? তুমিও ছাড়, চল দুজনে বেরিয়ে যাই। জাখো একটা কথা বংশী, এই হোটেলের

ওপর কেমন একটা মায়্যা পড়ে গিয়েছিল, মুখে বলি বটে যাই যাই --কিন্তু যেতে মন সরে না। কতকাল ধরে তুমি আর আমি এখানে আছি ভেবে চাখো তো? এ যেন আপনার ঘর বাড়ী হয়ে গিয়েচে—তাই না? কিন্তু এরা—বিশেষ করে পদ্মদিদি এখানে টিকতে দিলে না—এবার সত্যিই যাবো।

বংশী বলিল—যতীনকে তুমি ডেকে দিলে না ও আপনি এসেছিল?।

—আমি ডেকেছিলাম। ওর অবস্থা খারাপ হয়ে গিয়েচে, আজকাল খেতেই পায় না। তাই ডাকলাম। বলি পুরোনো খন্দের তো, কত লোক খেয়ে যাচ্ছে, ও একটু সিন্নি খেয়ে যাক। এই তো আমার অপরাধ।

পরের মাসের শুভ পয়লা তারিখে রেলবাজারে গোপাল ঘোষের তামাকের দোকানের পাশেই নূতন হোটেলটা খুলিল। টিনের সাইনবোর্ড লেখা আছে—

আদর্শ হিন্দু-হোটেল

হাজারি ঠাকুর নিজের হাতে রান্না করিয়া থাকেন।

ভাত, ডাল, মাছ, মাংস সব রকম প্রস্তুত থাকে।

পরিকার পরিচ্ছন্ন ও সস্তা।

আসুন! দেখুন!! পরীক্ষা করুন!!!

বেচু চক্কিত্তির হোটেলের অনুকরণে সামনেই গদির ঘর। সেখানে বংশী ঠাকুরের ভাগ্নে সেই ছেলেটি কাঠের বাক্সের উপর খাতা ফেলিয়া খরিদারগণের আনাগোনার হিসাব রাখিতেছে। ভিতরে রান্না করিতেছে বংশী ও হাজারি—বেচু চক্কিত্তির হোটেলের মতই তিনটি শ্রেণী করা হইয়াছে, সেই রকম টিকিট কিনিয়া ঢুকিতে হয়।

তা নিতান্ত মন্দ নয়। খুলিবার দিন দুপুরের খরিদার হইল ভালই! বংশী খাইবার ঘরে ভাত দিতে আসিয়া ফিরিয়া গিয়া হাজারিকে বলিল—খাড্ কেলাস ত্রিশ খানা। প্রথম দিনের হুকে যথেষ্ট হয়েছে। ওবেলা মাংস লাগিয়ে দাও।

বহুদিনের বাসনা ঠাকুর রাধাবল্লভ পূর্ণ করিয়াছেন। হাজারি এখন হোটেলের মালিক। বেচু চক্কিত্তির সমান দরের লোক সে আজ। অত্যন্ত ইচ্ছা হইল, যত জানাশোনা পরিচিত লোক যে যেখানে আছে—সকলকেই কখাটা বলিয়া বেড়ায়। মনের আনন্দ চাপিতে না পারিয়া বৈকালে কুসুমের বাড়ী গিয়া হাজির হইল। কুসুম বলিল—কেমন চললো হোটেল জ্যাঠামশায়?

—বেশ খন্দের পাচ্ছি। আমার বড্ড ইচ্ছে তুমি একবার এসে দেখে যাও—তুমি তো অংশীদার—

—যাবো এখন! কাল সকালে যাবো। আপনার মনিব কি বজ্জে?

—রেগে কাই। ও মাসের মাইনে দেয় নি—না দিগ্গে, সত্যিই বলছি কুসুম মা, আমার

বয়েস কে বলে আটচল্লিশ হয়েছে? আমার যেন মনে হচ্ছে আমার বয়েস পনের বছর কমে গিয়েছে। হাতপায়ে বল এসেচে কত! তুমি আর আমার অভদ্রী মা—তোমরা আর জন্মে আমার কি ছিলে জানিনে—তোমাদের—

কুহুম বাধা দিয়া বলিল—আবার ওই সব কথা বলচেন জ্যাঠামশায়? আমার টাকা দিইচি স্বদ পাবো বলে। এ তো; ব্যবসায় টাকা ফেলা—টাকা কি তোরঙ্গের মধ্যে থেকে আমার স্বগ্গে পিদিম দিতো? বলি নি আমি আপনাকে? তবে হ্যাঁ, আমাদের বাবুর মেয়ের কথা যা বল্লেন, সে দিচ্ছে বটে কোন খাই না করে। তার কথা, হাজার বার বলতে পারেন। তার বিয়ের কি হোল?

—সামনের সোমবার বিয়ে। চিঠি পেয়েছি—যাচ্ছি গুর্দিন সকালে।

—আমার কাকার সঙ্গে যদি দেখা হয় তবে এসব টাকাকড়ির কথা যেন বলবেন না সেখানে।

—তোমাকে শিখিয়ে দিতে হবে না মা, যতবার দেখা হয়েছে তোমার নামটি পর্যাস্ত কখনো সেখানে ঘুণাকরে করি নি। আমারও বাড়ী এঁড়োশোলা, আমায় তোমার কিছু শেখাতে হবে না।

কথামত পুরান্দন সকালে কুহুম হোটেল দেখতে গেল। সে দুধ দই নইয়া অনেক বেলা পর্যাস্ত পাড়ায় পাড়ায় বেড়ায়— তাহার পক্ষে ইহা আশ্চর্যের কথা কিছুই নহে।

হাজারি তাহাকে রান্নাঘরে যত্ন করিয়া বসাইতে গেল—সে কিন্তু দোরের কাছে দাঁড়াইয়া রহিল, বলিল—আমি গুরুঠাকরুন কিছু আসি নি যে আসন পেতে যত্ন করে বসাতে হবে।

হাজারি বলিল—তোমারও তো হোটেল কুহুম-মা- তুমি এর অংশীদারও বটে, মহাজনও বটে। নিজের জিনিস ভাল করে দেখে শোনো। কি হচ্ছে না হচ্ছে তদারক করো—এতে লজ্জা কি? বংশী, চিনে রাখো এ একজন অংশীদার।

এ কথায় কুহুম খুব খুশি হইল—মুখে তাহার আফ্লাদের চিহ্ন ফুটিয়া উঠিল। এমন একটা হোটেলের সে অংশীদার ও মহাজন—এ একটা নতুন জিনিস তাহার জীবনে। এ ভাবে ব্যাপারটা বোধ হয় ভাবিয়া দেখে নাই। হাজারি বলিল—আজ মাছ রান্না হয়েছে বেশ পাকা ঝই। তুমি একটু বোসো মা, মুড়োটা নিয়ে যাও।

—না না জ্যাঠামশায়।—ওসব আপনাকে বারণ করে দিইচি না! সকলের মুখ বঞ্চিত করে আমি মাছের মুড়ো খাবো—বেশ মজার কথা!

—আমি তোমার বুড়ো বাবা, তোমাকে খাইয়ে আমার যদি তৃপ্তি হয়, কেন খাবে না বুঝিয়ে দাও।

হোটেলের চাকর হাঁকিল—খাড্ কেলাস তিন খালা—

হাজারি বলিল—খন্দের আসছে বোসো মা একটু। আমি আসছি, বংশী ভাত বেড়ে ফেলো।

আসিবার সময় কুসুম সলঙ্ক সঙ্কোচের সহিত হাজারির দেওয়া এক কাঁসি মাছ তরকারি লইয়া আসিল।

এক বছর কাটিয়া গিয়াছে।

হাজারি এঁড়োশোলা হইতে গরুর গাড়ীতে রাণাঘাট ফিরিতেছে, সঙ্গে টেঁপির মা, টেঁপি ও ছেলেমেয়ে। তাহার হোটেলের কাজ আজকাল খুব বাড়িয়া গিয়াছে। রাণাঘাটে বাসা না করিলে আর চলে না।

টেঁপির মা বলিল—আর কতটা আছে হ্যাঁ গা ?

—ওই তো সেগুন বাগান দেখা দিয়েছে—এইবার পৌঁছে যাবো—

টেঁপি বলিল—বাবা, সেখানে নাইবো কোথায় ? পুকুর আছে না গাও ?

—গাও আছে, বাসায় টিউব কল আছে।

টেঁপির মা বলিল—তাহোলে জল টানতে হবে না পুকুর থেকে। বেঁচে যাই—

ইহার কখনো শহরে আসে নাই—টেঁপির মার বাপের বাড়ী এঁড়োশোলার দু ক্রোশ উত্তরে মণিরামপুর গ্রামে। জন্ম সেখানে, বিবাহ এঁড়োশোলায়, শহর দেখিবার একবার স্বযোগ হইয়াছিল অনেকদিন আগে, অগ্রহায়ণ মাসে গ্রামের মেয়েদের সঙ্গে একবার নব্বৌপে বাস দেখিতে গিয়াছিল।

হোটেলের কাছেই একখানা একতলা বাড়ী পূর্ব হইতে ঠিক করা ছিল। টেঁপির মা বাড়ী দেখিয়া খুব খুশি হইল। চিরকাল খড়ের ঘরে বাস করিয়া অভ্যাস, কোঠাঘরে বাস এই তাহার প্রথম।

—ক'খানা ঘর গা ? বাগানের কোন্ দিকে ? কই তোমার সেই টিউবকল দেখি ? জল বেশ ওঠে তো ? ওরে টেঁপি, গাড়ীর কাপড়গুলো আলাদা কবে রেখে দে—একপাশে। ও-সব নিয়ে ছিটি ছোয়ানেপা করো না যেন, বস্তার মধ্যে থেকে একটা ঘটি আগে বের করে দাও না গো, এক ঘটি জল আগে তুলে নিয়ে আসি।

একটু পরে কুসুম আসিয়া ঢুকিয়া বলিল—ও জেঠিমা, এলেন সব ? বাসা পছন্দ হয়েছে তো ?

টেঁপির মা কুসুমকে চেনে। গ্রামে তাহাকে কুমারী অবস্থা হইতেই দেখিয়াছে। বলিল—এসো মা কুসুম, এসো এসো ! ভাল আছ তো ? এসো এদো কলোণ হোক।

হোটেলের চাকর রাখাল এই সময় আসিল। তাহার পিছনে মুটের মাথায় এক বস্তা পাথুরে কয়লা। হাজারিকে বলিল—কয়লা কোন্ দিকে নামাবো বাবু ?

হাজারি বলিল—কয়লা আন্লি কেন রে ? তোকে যে বলে দিলাম কাঠ আনতে ? এরা কয়লার আঁচ দিতে জানে না।

কুসুম বলিল—কয়লার উত্তন আছে ? আমি আঁচ দিয়ে দিচ্ছি। আর শিখে নিতে তো হবে জেঠিমাাকে। কয়লা সস্তা পড়বে কাঠের চেয়ে এ শহর-বাজার জায়গায়। আমি

একদিনে শিথিয়ে দেবো জেঠিমাকে ।

রাখাল কয়লা নামাইয়া বলিল—বাবু, আর কি করতে হবে এখন ?

হাজারি বলিল—তুই এখন যাস্নে—জলটলগুলো তুলে দিয়ে জিনিসপত্তর গুছিয়ে রেখে তবে যাবি । হোটেলের বাজার এসেছে ?

—এসেছে বাবু ।

—তা থেকে এবেলার মত মাছ-তরকারি চার-পাঁচ জনের মত নিয়ে আস । ওবেলা আলাদা বাজার করলেই হবে । আগে জল তুলে দে দিকি ।

টেঁপির মা বলিল—ও কে গো ?

—ও আমাদের হোটেলের চাকর । বাসার কাজও ও করবে, বলে দিইছি ।

টেঁপির মা অবাক হইল । তাহাদের নিজেদের চাকর, সে আবার হাজারিকে 'বাবু' সম্বোধন করিতেছে—এ সব ব্যাপার এতই অভিনব যে বিশ্বাস করা শক্ত । গ্রামের মধ্যে তাহারা ছিল অতি গরীব গৃহস্থ, বিবাহ হইয়া পর্যাস্ত বাসন-মাজা, জল-তোলা, ফার-কাচা, এমন কি ধান ভানা পর্যাস্ত সর্ব্বরকম গৃহকর্ম্ম সে একা করিয়া আসিয়াছে । মাস চার পাঁচ হইল দুটি সচ্ছল অল্পের মুখ সে দেখিয়া আসিতেছে, নতুবা আগে আগে পেট ভরিয়া দুটি ভাত খাইতে পাওয়াও সব সময় ঘটত না ।

আর আজ এ কি ঐশ্ব্যের দ্বার হঠাৎ তাহার সম্মুখে উন্মুক্ত হইয়া গেল ! কোঠাবাড়ী, চাকর, বলের জল—এ সব স্বপ্ন না দত্য ?

রাখাল আসিয়া বলিল—দেখুন তো মা এই মাছ-তরকারিতে হবে না আর কিছু আনবো ? বড় বড় পোনা মাছের দাগা দশ-বারো থানা । টেঁপির মা খুশির সহিত বলিল—না বাবা আর আনতে হবে না । রাখো ওখানে ।

—ওগুলো কুটে দিই মা ?

মাছ কুটিয়াও দিতে চায় যে ! এ সৌভাগ্যও তাহার অদৃষ্টে ছিল ।

হাজারি বলিল—আগে জল তুলে দে তারপর কুটবি এখন । আগে সব নেয়ে নিই ।

কুসুম কয়লার উম্মনে আঁচ দিয়া আসিয়া বলিল—জেঠিমা আপনিও নেয়ে নিন্ । ততক্ষণ আঁচ ধরে যাক্ । বেলা প্রায় এগারোটা বাজে । রান্না চাড়িয়ে দেবার আর দেরি করবার দরকার কি ? আমি এবার যাই ।

টেঁপির মা বলিল—তুমি এখানে এবেলা খাবে কুসুম ।

কুসুম ব্যস্তভাবে বলিল—না না, আপনারা এলেন তেতেপুড়ে এই দুপুরের সময় । এখন কোনোরকমে দুটা ঝোলভাত রেঁধে আপনারা এবেলা খেয়ে নিন—তার মধ্যে আবার আমার খাওয়ার হাংনামায়—

—কিছু হাংনামা হবে না মা । তুমি না খেয়ে যেতে পারবে না । ভাল বেগুন এনেছি গাঁ থেকে, তোমাদের শহরে তেমন বেগুন মিলবে না—বেগুন পোড়াবো এখন । বাপের বাড়ীর বেগুন খেয়ে যাও আজ । কাল শুটুকে যাবে ।

হাজারি স্নান সারিয়া বলিল—আমি একবার হোটেলে চলাম। তোমরা রান্না চাপাও। আমি দেখে আসি।

আধঘণ্টা পরে হাজারি ফিরিয়া দেখিল টেঁপি ও টেঁপির মা দুজনে উম্মনে পরিত্রাহি হুঁ পাড়িতেছে। আঁচ নামিয়া গিয়াছে, তখনও মাছের ঝোল বাকি।

টেঁপির মা বিপন্নমুখে বলিল—ওগো, এ আবার কি হোল, উম্মন ঘে নিবে আসছে। কি করি এখন ?

কুহুম বাড়ীতে স্নান করিতে গিয়াছে, রাখাল গিয়াছে হোটেলে, কারণ এই সময়টা সেখানে খরিদারের ভিড় অত্যন্ত। এবেলা অন্ততঃ একশত জন খায়। বেচু চক্রান্তি ও ষড়্ ষাড়ুঘোর হোটেল কানা হইয়া পড়িয়াছে। হাজারি নিজের হাতে রান্না করে, তাহার রান্নার গুণে—বেলবাজারের যত খরিদার সব কুঁকিয়াছে তাহার হোটেলে। তিনজন ঠাকুর ও চারিজন চাকরে হিমসিম খাইয়া যায়। ইহারা কেহই কয়লার উম্মনে আঁচ দেওয়া দূরের কথা, কয়লার উম্মনই দেখে নাই। আঁচ কমিয়া ষাইতে বিধম বিপদে পাড়িয়া গিয়াছে। ইহাদের অবস্থা দেখিয়া হাজারির হাসি পাইল। বলিল—শেখো, পাড়াগায়ে ভুত হয়ে কতকাল থাকবে ? সরো দিকি ? ওর ওপর আর চাট্টি কয়লা দিতে হয়—এই দেখিয়ে দিই।

টেঁপির মা বলিল—আর তুমি বড় শহুরে মাছ ! তবুও যদি এঁড়োশোলা বাড়ী না হোত !

—আমি ? আমি আজ সাত বছর এই রাণাঘাটের বেলবাজারে আছি। আমাকে পাড়াগায়ে বলবে কে ? ওকথা তুলে রাখো গে ছিক্কেয়।

টেঁপি বলিল—বাবা এখানে টকি আছে ? তুমি দেখেছ ?

হাজারি বিশ হাত জলে পড়িয়া গেল। টকি বাইস্কোপ এখানে আছে বটে কিন্তু বাইস্কোপ দেখার লখ কখনও তাহার হয় নাই। কিন্তু টোঁপ আধুনিকতা, এঁড়োশোলায় থাকিলে কি হয়, বাংলার কোন্ পাড়াগায়ে আধুনিকতার ঢেউ ধায় নাই ?...বিশেষতঃ অতসী তার বন্ধু...অতসীর কাছে অনেক জিনিস সে শুনিয়াছে বা শিখিয়াছে ষাহা তাহার বাবা (মা তো নয়ই) জানেও না।

টেঁপির মা বলিল—টাক কি গা ?

হাজারি আধুনিক হইবার চেষ্টায় গম্ভীর ভাবে বলিল—ছবিতে কথা কয়, এই ! দেখেছি অনেকবার। দেখবো না আর কেন ? হুঁ—

বলিয়া ভাঙ্ছিলোর ভাবে সবটা উড়াইয়া দিবার চেষ্টা করিতে গেল—কিন্তু টোঁপ পরক্ষণেই জিজ্ঞাসা করিল—কি পালা দেখেছিলে বাবা ?

—পালা ! তা কি আর মনে আছে ? লক্ষণের শক্তিশেল বোধহয়, হাঁ—লক্ষণের শক্তিশেল।

মনের মধ্যে বহু কষ্টে হাতড়াইয়া ছেলেবেলায় দেখা এক ষাত্রার পালায় নামটা হাজারি বি. ব. ৬—৮

করিয়ান দিল। টেঁপি বলিল—লক্ষণের শক্তিশেল আবার কি পালার নাম? গুরুকর নাম তো টকির পালার থাকে না? তাদের নাম আমি শুনেছি অতসৌদির কাছে, সে তো অস্তরকম—

—হাঁ হাঁ—তুই আর অতসৌদি তারি সব জানিস আর কি! যা—সর দিকি—ওই কয়লার বুদ্ধিটা—

—ও মামাবাবু, খাওয়া-দাওয়া হোল—বলিয়া বংশীর ভাগ্নে সেই সুন্দর ছেলেটি বাড়ীর মধ্যে চুকিতেই টেঁপির মা, পাড়াপেয়ে বউ, তাড়াতাড়ি মাথায় ঘোমটা টানিয়া দিতে গেল। টেঁপি কিন্তু নবাগত লোকটির দিকে কৌতুহলের দৃষ্টিতে চাহিয়া রহিল।

হাজারি বলিল—এসো বাবা এসো—ঘোমটা দিচ্ছ কাকে দেখে? ও হোল বংশীর ভাগ্নে। আমার হোটেলে খাতাপজ রাখে। ছেলেমানুষ—ওকে দেখে আবার ঘোমটা—

বংশীর ভাগিনের আসিয়া টেঁপির মার পায়ের-ধূলা লইয়া প্রণাম করিল।

হাজারি মেয়েকে বলিল—তোর নরেন দাদাকে প্রণাম কর টেঁপি। এইটি আমার মেয়ে, বাবা নরেন। ও বেশ লেখাপড়া জানে—সেলাইয়ের কাজটাজ ভাল শিখেছে আমাদের গাঁয়ের বাবুর মেয়ের কাছে।

টেঁপির হঠাৎ কেমন লজ্জা করিতে লাগিল। ছেলেটি দেখিতে যেমন, এমন চেহারার ছেলে সে কখনো দেখে নাই—কেবল ইহার সঙ্গে খানিকটা তুলনা করা যায় অতসৌদি'র বরের। অনেকটা মুখের আদল যেন সেই রকম।

বংশীর ভাগ্নেও তাহার অক্ষয় স্বভাবের ভাব হারাইয়া ফেলিয়াছে। চোখ তুলিয়া ভাল করিয়া চাওয়া যেন একটু কষ্টকর হইয়া উঠিতেছে। টেঁপির দিকে তো তেমন চাহিতেই পারিল না।

হাজারি বলিল—মুশিদাবাদের গাড়ী থেকে ক'জন নামলো আজ?

—নেমেছিল জনদশেক, তার মধ্যে তিনজনকে বেচু চক্তির চাকর একরকম হাত ধরে জোর করেই টেনে নিয়ে গেল। বাকি লাভজন আমরা পেয়েছি—আর বনগাঁর ট্রেন থেকে এসেছিল পাঁচজন।

—ইন্ডিয়ানে গিয়েছিল কে?

—ব্রজ ছিল, রাখালও ছিল বনগাঁর গাড়ীর সময়। ব্রজ বলে বেচু চক্তির চাকরের সঙ্গে খন্দের নিয়ে তার হাতাহাতি হয়ে যেতো আজ।

—না না, দরকার নেই বাবা ওসব। হাজার হোক, আমার পুরোনো মনিব। ওদের খেয়েই এতকাল মানুষ—হোটেলের কাজ শিখেছিও ওদের কাছে। শুধু রাঁধতে জানলে তো হোটেল চালানো যায় না বাবা, এ একটা ব্যবসা। কি করে হাট-বাজার করতে হয়, কি করে খন্দের তুটু করতে হয়, কি করে হিসেবপত্র রাখতে হয়—এও তো জানতে হবে। আমি ছ'বছর ওদের ওখানে থেকে কেবল দেখতাম ওরা কি করে চালাচ্ছে। দেখে দেখে শেখা। এখন সব পারি।

বংশীর ভাগ্নে বলিল—আচ্ছা মামীমা, খাওয়া দাওয়া করুন, আমি আসবো এখন ওবেলা।

হাজারি বলিল—তুমি কাল দুপুরে হোটেলে খেও না—বাসাতে থাকে এখানে। বুঝলে? বংশীর ভাগ্নে চলিয়া গেলে টেঁপির অল্পপস্থিতিতে হাজারি বলিল—কেমন ছেলেটি দেখলে?

—বেশ ভাল। চমৎকার দেখতে।

—ওর সঙ্গে টেঁপির বেশ মানায় না?

—চমৎকার মানায়। তাকে আর হবে! আমাদের অদৃষ্টে এক অমন ছেলে জুটবে?

—জুটবে না কেন, জুটে আছে। ওকে আনিয়ে রেখোঁচ হোটেলে তবে কি ক্ষম্বে? তোমাদের রাগাঘাটের বাসায় আনলাম তবে কি ক্ষম্বে?...টেঁপিকে যেন এখন কিছু—বোঝ তো? কাল ওকে একটু যত্ন-স্নান করো। আমার অনেক দিনের ইচ্ছে ওর সঙ্গে টেঁপির—তা এখন অনেকটা ভরসা পাচ্ছি। ওর বাপের অবস্থা বেশ ভাল, ছেলেটাও ম্যাট্রিক পাস। বিয়ে দিয়ে হোটেলেই বসিয়ে দেবো—থাক আমার অংশীদার হয়ে। কাজ শিখে নিক—টেঁপিও কাছেই রইল আমাদের—বুঝলে না, অনেক মতলব আছে।

টেঁপির মা বোকাসোকা মাহুৎ—অবাক হইয়া স্বামীর মুখের দিকে চাহিয়া তাহার কথা শুনিতে লাগিল।

সন্ধ্যার পরে খবর আসিল স্টেশনে বেচু চক্কিত্তির হোটেলের লোকের সঙ্গে হাজারির চাকরের খবরদার লইয়া মারামারি হইয়া গিয়াছে। হাজারির চাকর নাথনি বলিল—বাবু, ওদের হোটেলের চাকর খদ্দেরের হাত ধরে টানটানি করে—আমাদের খদ্দের, আমাদের হোটেলে আ সে—তার হাত ধরে টানবে আর আমাদের হোটেলের নিন্দে করবে। তাই আমার সঙ্গে হাতাহাতি হয়ে গিয়েচে।

—খদ্দের কোথায় গেল?

—খদ্দের এসেচে আমাদের এখানে। ওদের হোটেলের লোকের আমাদের ওপর আকচ আছে, আমরাই সব খদ্দের পাই, ওরা পায় না--এই নিয়েই ঝগড়া, বাবু। ওদের হোটেলের হয়ে এল, বাবু। একটা গাড়ীতেও খদ্দের পায় না।

রাত আটটার সময়ে হাজারি সবে মাছের ঝোল উহনে চাপাইয়াছে, এমন সময় বংশী বলিল—হাজারি-দা, জ্বর খবর আছে। তোমার আগের কর্তা তোমাকে ডেকে পাঠিয়েছেন কেন দেখে এসো গে। বোধ হয় মারামারি নিয়ে—

—ঝোলটা তুমি দেখো। আমি এসে মাংস চাপাবো—দেখি কি খবর।

অনেকদিন পরে হাজারি বেচু চক্কিত্তির হোটেলের সেই গদির খরটিতে গিয়া দাঁড়াইল। সেই পুরোনো দিনের মনের ভাব সেই মুহূর্তেই তাহাকে পাইয়া বসিল যেন ঢুকিবার সঙ্গে সঙ্গে। যেন সে রাঁধুনী বামুন, বেচু চক্কিত্তি আজও মনিব।

বেচু চক্ৰিত্তি তাহাকে দেখিয়া খাতিৰ কৰিবাব স্বৰে বলিলেন—আৰে এস এস হাজাৰি এস—এখানে বসো।

বলিয়া গদ্বিৰ এক পাশে হাত দিয়া ঝাড়িয়া দিলেন, যদিও ঝাড়িবার কোন আবশ্ৰুক ছিল না। হাজাৰি দাঁড়াইয়াই বহিল। বলিল—না বাবু, আমি বসবো না। আমায় ডেকেচেন কেন ?

—এসো, বসোই এসে আগে। বলচি।

হাজাৰি জ্বিত কাটিয়া বলিল—না বাবু, আপনি আমার মনিব ছিলেন এতদিন। আপনার সামনে কি বসতে পাৰি ? বলুন, কি বলবেন—আমি ঠিক আছি।

হাজাৰিৰ চোখ আপনা-আপনি খাওয়ার ঘরের দিকে গেল। হোটেলের অবস্থা সত্যই খুব খারাপ হইয়া গিয়াছে। রাত নটা বাজে, আগে আগে এসময় খৰিদ্ধাৰের ভিড়ে ঘরে জায়গা থাকিত না—আর এখন লোক কই ? হোটেলের জলসও আগের চেয়ে অনেক কমিয়া গিয়াছে।

বেচু চক্ৰিত্তি বলিলেন—না, বোসো হাজাৰি। চা খাও, গুৱে কাঙালী, চা নিয়ে আয় আমাদের।

হাজাৰি ভবুও বসিতে চাহিল না। চাকর চা দিয়া গেল, হাজাৰি আড়ালে গিয়া চা খাইয়া আসিল।

বেচু চক্ৰিত্তি দেখিয়া স্তনিয়া খুব খুশ হইলেন। হাজাৰিৰ মাথা ঘূৰিয়া যায় নাই হঠাৎ অবস্থাপন্ন হইয়া। কারণ অবস্থাপন্ন যে হাজাৰি হইয়া উঠিয়াছে, তাহা তিনি এতদিন হোটেল চালানোর অভিজ্ঞতা হইতে বেশ বুঝিতে পারেন।

হাজাৰি বলিল—বাবু, আমায় কিছু বলছিলেন ?

—ই্যা—বলছিলাম কি জানো, এক জায়গায় বাবশা যখন আমাদের তখন তোমার সঙ্গে আমার কোন শক্রতা নেই তো—তোমার চাকর আজ আমার চাকরকে মেয়েচে ইষ্টিশানে। এ কেমন কথা ?

এই সময় পদ্মকি দোৱের কাছে আসিয়া দাঁড়াইল। হোটেলের চাকরও আসিল।

হাজাৰি বলিল—আমি তো স্তনলাম বাবু আপনার চাকরটা আগে আমার চাকরকে মাৰে। নাথনি খদ্দেৰ নিয়ে আসছিল এমন সময়—

পদ্মকি বলিল—ই্যা তাই বৈকি ! তোমাদের নাথনি আমাদের খদ্দেৰ ভাগাবার চেষ্ঠা কৰে—আমাদের হোটলে আসছিল খদ্দেৰ, তোমাদের হোটলে যেতে চায় নি—

একথা বিশ্বাস কৰা যেন বেচু চক্ৰিত্তিৰ পক্ষেও শক্ত হইয়া উঠিল। তিনি বলিলেন—যাক, ও নিয়ে আর ঝগড়া কৰে কি হবে হাজাৰিৰ সঙ্গে। হাজাৰি তো সেখানে ছিল না, দেখেও নি, তবে তোমায় বল্লাম হাজাৰি, যাতে আর এমন না হয়—

হাজাৰি বলিল—বাবু, বেশ আমি রাজী আছি। আপনার হোটেলের সঙ্গে আমার কোনো বিবাদ কৰলে চলবে না। আপনি আমার পুৱোনো মনিব। আহুন, আমৰা গাড়ী

ভাগ করে নিই। আপনি যে গাড়ীর সময় ইন্টিশানে চাকর পাঠাবেন, আমার হোটেলের চাকর সে সময় যাবে না।

বেচু চক্ৰবর্তী বিস্মিত হইলেন। ব্যবসা জিনিসটাই রেযারেষির উপর, আড়াআড়ির উপর চলে—তিনি বেশ ভালই জানেন। মাথার চুল পাকাইয়া ফেলিলেন তিনি এই ব্যবসা করিয়া। এম্বলে হাজারির প্রস্তাব যে কতদূর উদার, তাহা বুঝিতে বেচুর বিলম্ব হইল না। তিনি আমতা আমতা করিয়া বলিলেন—না তা কেন, ইন্টিশান তো আমার একলার নয়—

—না বাবু, এখন থেকে তাই রইল। মুর্শিদাবাদ আর বনগাঁর গাড়ীর মধ্যে আপনি কি নেবেন বলুন মুর্শিদাবাদ চান, না বনগাঁ চান? আমি সে সময় চাকর পাঠাবো না ইন্টিশানে।

পদ্মকি দোর হইতে সরিয়া গেল।

বেচু চক্ৰবর্তী বলিলেন—তা তুমি যেমন বলে। মুর্শিদাবাদখানাই তবে রাখো আমার। তা আর একটু চা খেয়ে যাবে না?—আচ্ছা, এসো তবে।

হাজারি মনিবকে প্রণাম করিয়া চলিয়া আসিল।

পদ্মকি পুনরায় দোরের কাছে আসিয়া জিজ্ঞাসা করিল—হাঁ বাবু, কি বলে গেল?

—গাড়ী ভাগ করে নিয়ে গেল। মুর্শিদাবাদখানা আমি রেখেছি। যা কিছু লোক আসে, মুর্শিদাবাদ থেকেই আসে—বনগাঁর গাড়ীতে ক'টা লোক আসে? লোকটা বোকা, লোক মন্দ নয়। ছুট্ট নয়।

—আমি আজ সাত বছর দেখে আসচি আমি জানিনে? গাঁজা খেয়ে বৃন্দ হয়ে থাকে, হোটেলের ছাই দেখা শুনো করে। রেংধেই মবে, মজা লুটচে বংশী আর বংশীর ভাগে। ক্যাশ তার হাতে। আমি সব খবর নিইচি তলায় তলায়। বংশীকে আবার এখানে আনুন বাবু, ও হোটেল এক দিনে ভূস্থানাশ হয়ে বদে রয়েছে। বংশীকে ভাঙাবার লোক লাগান আপনি—আর ওর ভাগেটাকেও—

পরদিন দুপুরে বংশীর ভাগে সম্বোধে হাজারির বাসায় নিমন্ত্রণ রক্ষা করিতে আসিল। হাজারি হোটেল হইতে তাহাকে পাঠাইয়া দিল বটে, কিন্তু নিজে তখন আসিতে পারিল না, অত্যন্ত ভিড় লাগিয়াছে খরিদারের, কারণ সেদিন হাটবার।

মাগের আদেশে টেঁপিকে অতিথির সামনে অনেকবার বাহির হইতে হইল। কখনও বা আসন পাতা, কখনও জলের গ্লাসে জল দেওয়া ইত্যাদি। টেঁপি খুব চটপটে চালাকচতুর মেয়ে, অতদূর শিক্ষা—কিন্তু হঠাৎ তাহারও কেমন যেন একটু লজ্জা করিতে লাগিল এই স্বন্দর ছেলেটির সামনে বার বার বাহির হইতে।

বংশীর ভাগেটিও একটু বিস্মিত হইল। হাজারি-মামার পাড়াগাঁয়ের লোক সে জানে—অবস্থাও এতদিন বিশেষ ভাল ছিল না। আজই না হয় হোটেলের ব্যবসায়ে দু-পয়সার মুখ দেখিতেছে। কিন্তু হাজারি-মামার মেয়ে তো বেশ দেখিতে, তাহার উপর তার চালচলন

ধরন-ধারণ যেন স্থলে পড়া আধুনিক মেয়েছেলের মত। সে কাপড় গুছাইয়া পরিতে জানে, সাজিতে গুজিতে জানে, তার কথাবার্তার ভঙ্গিটাও বড় চমৎকার।

তাহার খাওয়া প্রায় শেষ হইয়াছে এমন সময় হাজারি আসিল। বলিল—খাওয়া হয়েছে বাবা, আমি আসতে পারলাম না—আজ আবার ভিড় বড় বেশী।

—ও টেঁপি আমায় একটু তেল দে মা, নেয়ে নিই, আর তোর ঐ দাদার শোওয়ার জায়গা করে দে দিকি—পাশের ঘরটাতে একটু গড়িয়ে নাও বাবা।

বংশীর ভাগ্নে গিয়া শুইয়াছে—এমন সময় টেঁপি পান দিতে আসিল। পানের ভিবা নাই, একখানা ছোট রেকাবিতে পান আনিয়াছে। ছেলেটি দেখিল চুন নাই রেকাবিতে। লাজুক মুখে বলিল—একটু চুন দিয়ে যাবেন ?

টেঁপির সারা দেহ লজ্জার আনন্দে কেমন যেন শিহরিয়া উঠিল। তাহার প্রথম কারণ তাহার শ্রুতি সন্দ্বন্দ্বিত্যক্রিয়াদেশের ব্যবহার এই হইল প্রথম। জীবনে ইতিপূর্বে তাহাকে কেহ ‘আপনি’ ‘আজ্ঞে’ করিয়া কথা বলে নাই। দ্বিতীয়তঃ কোনও অনাখ্যায় তরুণ যুবকও তাহার সহিত ইতিপূর্বে কথা বলে নাই। বলে নাই কি একেবারে ! গায়ের রামু-দা, গোপাল-দা, জহর-দা—ইহারাও তাহার সঙ্গে তো কথা বলিত ! কিন্তু তাহাতে এমন আনন্দ তাহার হয় নাই তো কোনোদিন ? চুন আনিয়া রেকাবিতে রাখিয়া বলিল—এতে হবে ?

—খুব হবে। থাক ওখানেই—ইয়ে, এক গেলাস জল দিয়ে যাবেন ?

টেঁপির বেশ লাগিল ছেলেটিকে। কথাবার্তার ধরন যেমন ভাল, গলার স্বরটিও তেমনি মিষ্ট। যখন জলের গ্লাস আনিল, তখন ইচ্ছা হইতেছিল ছেলেটি তাহার সঙ্গে আর একবার কিছু বলে। কিন্তু ছেলেটি এবার আর কিছু বলিল না। টেঁপি জলের গ্লাস নামাইয়া রাখিয়া চলিয়া গেল।

বেলা যখন প্রায় পাঁচটা, বৈকাল অনেক দূর গড়াইয়া গিয়াছে --টেঁপি তখন একবার উঁকি মারিয়া দেখিল, ছেলেটি অঘোবে ঘুমাইতেছে।

তর্গৎ টেঁপির কেমন একটা অহেতুক স্নেহ আসিল ছেলেটির প্রতি।

আহা, হোটেলের রাত পর্যন্ত জাগে। ভাল ঘুম হয় না রাত্রে !

টেঁপি আসিয়া মাকে বলিল—মা সেই লোকটা এখনও ঘুমুচ্ছে। ডেকে দেবো, না ঘুমবে।

টেঁপির মা বলিল—ঘুমুচ্ছে ঘুমক না। ডাকবার দরকার কি ? চাকরটা কোথায় গেল ? ঘুম থেকে উঠলে ওকে কিছু খেতে দিতে হবে। খাবার আনতে দিতাম। উনিও তো বাড়ী নেই।

টেঁপি বলিল—লোকটা চা খায় কিনা জানিনে, তাহলে ঘুম থেকে উঠলে একটু চা করে দিতে পারলে ভাল হোত।

টেঁপির মা চা নিজে কখনো খায় নাই, করিতেও জানে না। আধুনিক মেয়ের এ প্রস্তাব তাহার মন লাগিল না।

মেয়েকে বলিল—তুই করে দিতে পারবি তো ?

মেয়ে খিল্ খিল্ করিয়া হাসিয়া বলিল—তুমি যে কি বল মা, হেসে প্রাণ বেরিয়ে যায়— পরে কেমন একটি অপূর্ণ ভঙ্গিতে হাত নাড়িয়া নাড়িয়া হাসিভরা মুখের চিবুকখানি বার বার উঠাইয়া-নামাইয়া বলিতে লাগিল—চা' কই ? চিনি কই ? কেটলি কই ? চায়ের জল ফুটবে কিসে ? ডিস্-পেয়ালা কই ? সে সব আছে কিছ ?

টোঁপির মায়ের বড় ভাল লাগিল টোঁপির এই ভঙ্গি। সে সময়েই মুগ্ধদৃষ্টিতে মেয়ের দিকে হাঁ করিয়া চাহিয়া রহিল। এমন ভাবে এমন সুন্দর ভঙ্গিতে কথা টোঁপি আর কখনও বলে নাই।

এই সময় হাজারি বাড়ীর মধ্যে ঢুকিল, হোটেকেই ছিল। বলিল—নরেন কোথায় ? ঘুমুচ্ছে নাকি ?

টোঁপির মা বলিল—তুমি এতক্ষণ ছিলে কোথায় ? ওকে একটু খাবার আনিয়ে দিতে হবে। আর টোঁপি বলছে চা করে দিলে ছোত।

হাজারির বড় স্নেহ হইল টোঁপির উপর। সে না জানিয়া ষাহাকে আজ যত্ন করিয়া চা খাওয়াইতে চাহিতেছে, তাহারই সঙ্গে তাহার বাবা-মা যে বিবাহের যড়যন্ত্র করিতেছে—বেচারী কি জানে ?

বলিল—আমি সব এনে দিচ্ছি। হোটেকেই আছে। হোটেকে বড় ব্যস্ত আছি, কলকাতা থেকে দশ-বারো জন বাবু এসেছে শিকার করতে। ওরা অনেকদিন আগে একবার এসে আমার রান্না মাংস খেয়ে খুব খুশি হয়েছিল। সেই আগের হোটেকে গিয়েছিল, সেখানে নেই স্তনে খুজে খুঁজে এখানে এসেছে। ওরা রাত্রে মাংস আর পোলাও খাবে। তোমরা এবেলা রান্না করো না—আমি হোটেল থেকে আলাদা করে পাঠিয়ে দেবো এখন। নরেনকে যে একবার দরকার, বাবুদের সঙ্গে ইংরিজিতে কথাবার্তা কইতে হবে, সে তো আমি পারবো না, নরেনকে ওঠাই দাঁড়াও —

টোঁপির মা বলিল—ঘুম থেকে উঠিয়ে কিছু না খাইয়ে ছাড়া ভাল দেখায় না। টোঁপি চায়ের কথা বলছিল—তা হোলে সেগুলো আগে পাঠিয়ে দেওগে, এখন জাগিও না।

বৈকালের দিকে নরেন ঘুম ভাঙিয়া উঠিল। অত্যন্ত বেলা গিয়াছে, পাঁচিলের ধারে সজনে গাছটার গায়ে রোদ হলেদে হইয়া আসিয়াছে। নরেনের লজ্জা হইল—পরের বাড়ী কি ঘুমটাই ঘুমাইয়াছে ! কে কি—বিশেষ করিয়া হাজারি-মামার মেয়েটি কি মনে করিল। বেশ মেয়েটি। হাজারি-মামার মেয়ে যে এমন চালাক-চতুর, চটপটে, এমন দেখিতে, এমন কাপড়-চোপড় পরিতে জানে তাহা কে ভাবিয়াছিল ?

অপ্রতীত মুখে সে গায়ে জামা পরিয়া বাতির হটবার উদ্যোগ করিতেছে, এমন সময় টোঁপি আসিয়া বলিল—আপনি উঠেছেন ? নুখ ধোবার জল দেবো ?

নরেন খতমত খাইয়া বলিল—না, না, পাক আমি হোটেকেই—

—মা বললে আপনি চা খেয়ে যাবেন, আমি মাকে বলে আসি—

ইতিমধ্যে হাজারি চায়ের আসবাব হোটেলের চাকর দিয়া পাঠাইয়া দিয়াছিল, টেঁপি নিজেই চা করিতে বসিয়া গেল। তাহার মা জলখাবারের জন্ত ফল কটিতে লাগিল।

টেঁপি বলিল—মা চায়ের সঙ্গে শশা-টশা দেয় না। তুমি বরং ঐ নিমকি আর রসগোল্লা দাও বেকাবিতে—

—শশা দেয় না? একটা ডাব কাটবো? বাড়ীর ডাব আছে—

টেঁপি হাসিতে হাসিতে গড়াইয়া পড়ে আর কি। মুখে আঁচল চাপা দিয়া বলিল—হি হি, তুমি মা যে কি।...চায়ের সঙ্গে বৃষ্টি ডাব খায়?

টেঁপির মা অপ্রসন্ন মুখে বলিল—কি জানি তোদের একেলে চং কিছু বৃষ্টিনে বাপু। যা বোঝো তাই করো। ঘুম থেকে উঠলে তো নতুন জামাইদের ডাব দিতে দেখেছি চিরকাল দেশেঘরে—

কথাটা বলিয়া ফেলিয়াই টেঁপির মা মনে মনে জিত কাটিয়া চূপ করিয়া গেল। মামুষটা একটু বোকা ধরনের, কি ভাবিয়া কি বলে, নব সময় তলাইয়া দেখিতে জানে না।

টেঁপি আশ্চর্য হইয়া বলিল—নতুন জামাই? কে নতুন জামাই?

—ও কিছু না; দেশে দেখেছি তাই বলছি। তুই নে, চা করা হোল?

টেঁপির মনে কেমন যেন খটকা লাগিল। সে খুব বুদ্ধিমতী, তাহার উপর নিতান্ত ছেলে-মামুষটিও নয়, যখন চা ও খাবার লইয়া পুনরায় ছেলেটির সামনে গেল তখন তাহার কি জানি কেন' যে লজ্জা করিতেছে তাহা সে নিজেই ভাল ধরিতে পারিল না।

ছেলেটি তাহাকে দেখিয়া বলিল—ও কি! :ই এত খাবার কেন এখন, চা একটু হোলেই—

টেঁপি কোনো রকমে খাবারের বেকাবি লোটার সামনে রাখিয়া পলাইয়া আসিলে যেন বাঁচে।

ছেলেটি ডাকিয়া বলিল—পান একটা যদি দিয়ে যান—

পান সাজিতে বসিয়া টেঁপি ভাবিল—বাবা খাটিয়ে মারলে আমায়! চা দেও—পান সাজো—আমার যেন যত গরজ পড়েছে, বাবার হোটেলের লোক তা আমার কি?

টেঁপি একটা চায়ের পিড়িতে পান রাখিয়া দিতে গেল। ছেলেটি দেখিতে বেশ কিস্ত। কথাবার্তা বেশ, হাসি-হাসি মুখ। কি কাজ করে হোটেলের কে জানে?

পান লইয়া ছেলেটি চলিয়া গেল। যাইবার সময় বলিয়া গেল—মামীমা আমি যাচ্ছি, কষ্ট দিয়ে গেলাম অনেক, কিছু মনে করবেন না। এত ঘুমিয়েছি, বেলা আর নেই আজ।

বেশ ছেলেটি।

নতুন জামাই? কে নতুন জামাই? কাহাদের নতুন জামাই?

মা এক-একটা কথা বলে কি সে, তাহার মানে হয় না।

টেঁপির মা কখনও এত বড় শহর দেখে নাই।

এখানকার কাণ্ডকারখানা দেখিয়া সে অবাক হইয়া গিয়াছে। মোটর গাড়ী, ঘোড়ার গাড়ী, ইন্টিশানে বিদ্র্যাতের আলো, লোকজনই বা কত! আর তাদের এডোঁশোলায় দিনমানেনই শেষাল ডাকে বাড়ীর পিছনকার ঘন বাঁশবনে। সেদিন তো দিনদুপুরে জেলপাড়ার কেট জেলের তিন মাসের ছেলেকে শেষালে লইয়া গেল।

ইতিমধ্যে কুসুম আসিয়া একদিন উহাদের বেড়াইতে লইয়া গেল। কুসুমের সঙ্গে তাহারী রাধাবল্লভতলা, সিন্ধেশ্বরীতলা, চূর্ণীর ঘাট, পালচৌধুরীদের বাড়ী—সব ঘুরিয়া ঘুরিয়া দেখিল। পালচৌধুরীদের প্রকাণ্ড বাড়ী দেখিয়া টেঁপির মা ও টেঁপি দু-জনেই অবাক। এত বড় বাড়ী জীবনে তাহারী দেখে নাই। অতসৌদের বাড়ীটাই এতদিন বড়লোকের বাড়ীর চরম নিদর্শন বলিয়া ভাবিয়া আসিয়াছে যাহারা, তাহাদের পক্ষে অবাক হইবার কথা বটে।

টেঁপির মা বলিল—না, শহর জায়গা বটে কুসুম! গায়ে গায়ে বাড়ী আর সব কোঠাবাড়ী এদেশে। সবাই বড়লোক। ছেলেমেয়েদের কি চেহারা, দেখে চোখ জুড়ায়। ই্যারে, এদের বাড়ী ঠাকুর হয় না? পূজোর সময় একদিন আমাদের এনো মা, ঠাকুর দেখে যাবো।

সে আর ইহার বেশী কিছুই বোঝে না।

একটা বাড়ীর সামনে কত কি বড় বড় ছবি টাঙানো, লোকজন ঢুকিতেছে, রাস্তার ধারে কি কাগজ বিলি করিতেছে। টেঁপির মনে হইল এই বোধ হয় সেই টকি যাকে বলে, তাহাই! কুসুমকে বলিল—কুসুম দি, এই টকি না?

—ই্যা দিদি। একদিন দেখবে?

—একদিন এনো না আমাদের। মা-ও কখনো দেখে নি—সবাই আসবো।

একথানা ধাবমান মোটর গাড়ীর দিকে টেঁপির মা হাঁ করিয়া চাহিয়া দেখিতে লাগিল, যতক্ষণ সেখানা রাস্তার মোড় ঘুরিয়া অদৃশ্য না হইয়া গেল।

কুসুম বলিল—আমার বাড়ী একটু পায়ের ধুলো দিন এবার জ্যাঠাইমা—

কুসুমের বাড়ী হাইতে পথের ধারে রেলের লাইন পড়ে। টেঁপির মা বলিল—কুসুম, দাঁড়া মা একথানা রেলের গাড়ী দেখে যাই—

বলিতে বলিতে একথানা প্রকাণ্ড-মালগাড়ী আসিয়া হাজির। টেঁপি ও টেঁপির মা দু-জনেই একদৃষ্টে দেখিতে লাগিল। গাড়ী চলিয়াছে তো চলিয়াছে—তাহার আর শেষ নাই। উঃ, কি বড় গাড়ীটা!

কুসুম বলিল—জ্যাঠাইমা, রাণাঘাট ভাল লাগচে?

—লাগচে বৈকি, বেশ জায়গা মা।

আসলে কিন্তু এডোঁশোলার জন্ত টেঁপির মায়ের মন কেমন করে। শহরে নিজেকে সে এখনও খাপ খাওয়াইতে পারে নাই। সেখানকার তালপুকুরের ঘাট, সদা বোটমের বাড়ীর পাশ দিয়া যে ছোট নিভৃত পথটি বাঁশবনের মধ্য দিয়া বাঁদুঘো-পাড়ার দিকে গিয়াছে, দুপুর

কেলা তাহাদের বাড়ীর কাছে বড় শিরীষ গাছটার এই সময় শিরীষের ফলটুকুই বুন বুন শব্দ করে, তাহাদের উঠানের বড় লাউমাচায় এতদিন কত লাউ কলিয়াছে, পেঁপে গাছটার কত পেঁপের ফুল ও জালি দেখিয়া আসিয়াছিল—সে সবেয় জন্ত মন কেমন করে বৈকি।

তবে এখানে বাহা সে পাইয়াছে, টেঁপির মা জীবনে সে রকম স্বথের মুখ দেখে নাই। চাকরের ওপর হুকুম চালাইয়া কাজ করাইয়া লওয়া, সকলে মানে, খাতির করে—অমন হুন্দর ছেলেটি তাহাদের হোটেলের মুহুরী—এ ধরনের ব্যাপারের কল্পনাও কখনও সে করিয়াছিল ?

কুহুমের বাড়ী সকলে গিয়া পৌঁছিল। কুহুম ভারি খুশি হইয়া উঠিয়াছে—তাহার বাপের বাড়ীর দেশের ব্রাহ্মণ-পরিবারকে এখানে পাইয়া। কুহুমের শান্তী আসিয়া টেঁপির মায়ের পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া বলিল—আমাদের বড় ভাগি মা, আপনাদের চরণ-ধূলা পড়লো এ বাড়ীতে।

টেঁপির মাকে এত খাতির করিয়া কেহ কখনো কথা বলে নাই—এত স্বথও তাহার কপালে লেখা ছিল! হায় মা কিটকিপোতার বনবিবি, কি জাগ্রত দেবতাই তুমি! সেবার কিটকিপোতার চৈত্র মাসে মেলায় গিয়া টেঁপির মা বনবিবিতলায় স-পাঁচ আনা^{*} সিনি দিয়া স্বামীপুত্রের মঙ্গলকামনা করিয়াছিল, এখনও যে বছর পার হয় নাই! তবুও লোকে ঠাকুর-দেবতা মানিতে চায় না।

কুহুম সকলকে জলযোগ করাইল। পান সাজিয়া দিল। কুহুমের শান্তী আসিয়া কঁতকর্ণ গল্পওড়ব করিল। কুহুম গ্রামের কথাই কেবল শুনিতে চায়। কতদিন বাপের বাড়ী যায় নাই, বাবা-মা মরিয়া গিয়াছে, জ্যাঠামশায় আছে, কাকারা আছে—তাহারা কোনো দিন খোঁজও নেয় না। খোঁজ করিত অবশ্যই, যদি তাহার নিজের অবস্থা ভাল হইত। গরীব লোকের আদর কে করে?...এই সব অনেক ছুঁখ করিল। আরও কিছুক্ষণ বসিবার পরে কুহুম উহাদের বাসায় পৌঁছিয়া দিয়া গেল।

হাজারির হোটেলের কাছে এক মজার ব্যাপার ঘটিল সেদিন।

দশ-পনেরোটি লোক একই সঙ্গে খাইতে বসিয়াছে—হঠাৎ একজন বলিয়া উঠিল—ঠাকুর, এই যে ভাতটা দিলে, এ দেখছি ও বেলায় বাসি ভাত।

বংশী ঠাকুর ভাত দিতেছিল, সে অবাক হইয়া বলিল—আজ্ঞে বাবু সে কি ? আমাদের হোটেলের ওরকম পাবেন না। আধ মণ চাল এক-একবেলা রান্না হয়, তাতেই কুলোর না—বাসি ভাত থাকবে কোথা থেকে ?

—আলবাৎ এ ও-বেলায় ভাত। আমি বলছি এ ও-বেলায় ভাত—

গোলমাল শুনিয়া হাজারি আসিয়া বলিল—কি হয়েছে বাবু?...বাসি ভাত ? কখনো না। আপনি নতুন লোক, কিন্তু এঁরা ধারা খাচ্ছেন তাঁরা আমার জানেন—আমার হোটেল না চলে না চলুক কিন্তু ওসব পিরবিস্তি ভগবান যেন আমায় না হেন—

লোকটা তখন তর্কের মোড় ঘুরাটমা ফেলিল। সে যেন ঝগড়া কবিরাজ জন্মই তৈরী হইয়া আসিয়াছে। পাত হইতে হাত তুলিয়া চোখ গরম করিয়া চীৎকার করিয়া বলিল—তবে তুমি কি বলতে চাও আমি মিথ্যা কথা বলছি ?

হাজারি নরম হইয়া বলিল—না বাবু তা তো আমি বলছি নে। কিন্তু আপনার ভুলও তো হতে পারে। আমি দ্বিবি করে বলছি বাবু, বাসি ভাত আমার হোটেলে থাকে না—

—থাকে না ? বড় নবাবী কথা বলছ যে। বাসি ভাত আবার এ বেলা হাঁড়িতে ফেলে দাও না তুমি ?

—না বাবু।

—পষ্ট দেখতে পাচ্ছি—আবার তবুও না বলছ ? দেখবে মজা ?

এই সময়ে নরেন ও হোটেলের আরও দু একজন সেখানে আসিয়া পড়িল। নরেন গরম হইয়া বলিল—কি মজা দেখাবেন আপনি ?

—দেখবে ? সরে এসো দেখাচ্ছি—জোচ্চোর সব কোথাকার—

এই কথায় একটা মহা গোলমাল বাধিয়া গেল। পুরানো খরিদাররা সকলেই হাজারির পক্ষ অবলম্বন করিল। লোকটা রাস্তায় দাঁড়াইয়া চীৎকার করিতে লাগিল—রাস্তার সমবেত জনতার সামনে দাঁড়াইয়া বলিতে লাগিল—শুনুন মশাই সব বলি। এই এর হোটেলে বাসি ভাত দিয়েছিল খেতে—ধরে ফেলেছি কিনা তাই এখন আবার আমাকে মারতে আসছে—পুলিশ ডাকবো এখন—স্মানিটারি দারোগাকে দিয়ে রিপোর্ট করিয়ে তবে ছাড়বো—জোচ্চোর কোথাকার—লোক মারবার মতলব তোমাদের ?

এই সময় হোটেলের চাকর শশী হাজারিকে ডাকিয়া বলিল—বাবু, এই লোকটাকে যেন আমি বেচু চক্কতির হোটেলে দেখেছি। সেখানে যে কি থাকে, তার সঙ্গে বাজার করে নিয়ে যেতে দেখেছি—

নরেনের সাহস খুব। সে হোটেলের বোয়াকে দাঁড়াইয়া চীৎকার করিয়া জিজ্ঞাসা করিল—মশাই, আপনি বেচু চক্কতির হোটেলের পদ্মঝয়ের কে হন ?

তবুও লোকটা ছাড়ে না। সে হাত-পা নাড়িয়া প্রমাণ করিতে গেল পদ্মঝয়ের নামও সে কোনোদিন শোনে নাই। কিন্তু তাহার প্রতিবাদের তেজ যেন তখন কমিয়া গিয়াছে।

কে একজন বলিয়া উঠিল—এইবার মানে মানে সরে পড় বাবা, কেন মার খেয়ে মরবে।

কিছুক্ষণ পরে লোকটাকে আর দেখা গেল না।

এই ঘটনার পরে অনেক রাত্রে হাজারি বেচু চক্কতির হোটেল গিয়া হাজারি হইল। বেচু চক্কতি তহবিল মিলাইতেছিল, হাজারিকে দেখিয়া একটু আশ্চর্য হইয়া বলিল—কি, হাজারি যে ? এসো এসো। এত রাত্রে কি মনে করে ?

হাজারি বিনীতভাবে বলিল—বাবু, একটা কথা বলতে এলাম।

—কি—বল ?

—বাবু আপনি আমার অন্নদাতা ছিলেন একসময়ে—আজও আপনাকে তাই বলেই ভাবি। আপনার এখানে কাজ না শিখলে আজ আমি পেটের ভাত করে খেতে পারতাম না। আপনার সঙ্গে আমার কোন শত্রুতা আছে বলে আমি তো ভাবিনে।

—কেন, কেন, একথা কেন ?

হাজারি সব ব্যাপার খুলিয়া বলিল। পরে হাত জোড় করিয়া বলিল—বাবু, আপনি ব্রাহ্মণ, আমার মনিব। আমাকে এভাবে বিপদে না ফেলে যদি বলেন হাজারি তুমি হোটেল উঠিয়ে দাও, তাই আমি দেবো। আপনি ছুঁম করুন—

বেচু চক্ৰান্তি আশ্চর্য হইবার ভান করিয়া বলিল—আমি তো এর গোনো খবর রাখিনে—আচ্ছা, তুমি যাও আস, আমি তদন্ত করে দেখে তোমায় কাল জানাবো। আমাদের কোন লোক তোমার হোটেলের যায় নি এ একেবারে নিশ্চয়। কাল জানতে পারবে তুমি।... তারপর হাজারি চলচে-টলচে ভাল ?

—একরকম আপনার আশীর্বাদে—

—রোজ কি রকম বিক্রীসিক্রি হচ্ছে ? রোজ তবিলে কি রকম থাকে ? তুমি কিছু মনে কোরো না—তোমাকে আপনার লোক বলে ভাবি বলেই জিজ্ঞেস করচি।

—এই বাবু পয়ত্রিশ থেকে চল্লিশ টাকা—ধরুন না কেন আজ রাত্তিরের তবিল দেখে এসেছি ছত্রিশ টাকা স'বায়ো আনা।

বেচু চক্ৰান্তি আশ্চর্য হইলেন মনে মনে। মুখে বলিলেন—বেশ, বেশ। খুব ভালো—শুনে খুশি হলাম। আচ্ছা, তাহলে এসো আজগে। কাল খবর পাবে।

হাজারি চলিয়া গেলে বেচু চক্ৰান্তি পদ্মঝিকে ডাকাইলেন। পদ্ম আসিয়া বলিল—হাজারি ঠাকুরটা এসেছিল নাকি ? কি বলছিল ?

বেচু চক্ৰান্তি বলিলেন—ও পদ্ম, হাজারি যে স্বাক করে দিয়ে গেল। বাণাঘাটের বাজারে হোটেল ক'রে পয়ত্রিশ টাকা থেকে চল্লিশ টাকা রোজকার দাঁড়া-তবিল, এ তো কখনো শুনি নি। তার মানে বুঝচো ? দাঁড়া-তবিলে গড়ে ত্রিশ টাকা থাকলেও সাত-আট টাকা দৈনিক লাভ, ফেলে-ঝেলেও। মাসে হোল আড়াইশো টাকা। ছুশো টাকার তো মার নেই—হ্যাঁ পদ্ম ?

পদ্মঝি মুখভঙ্গি করিয়া বলিল—শুন্ দিয়ে গেল না তো ?

—না, শুন্ দেবার লোক নয় ও। সাদাসিধে মাছটা—আমায় বড্ড মানে এখনও। ও শুন্ দেবে না, অন্ততঃ আমার কাছে। তা ছাড়া দেখছ না বেলবাজারে কোন হোটেলের আর বিক্রী নেই। সব শুবে নিচ্ছে ওই একলা।

—আজ নুসিংহ গিয়েছিল বাবু ওর হোটেল। খুব খানিকটা রাউ করে দিয়েও এসেছে নাকি। খুব চেষ্টা করেছে বাসি ভাত পচা মাছ এই বলে। আর কিছু হোক না হোক লোকে শুনে তো রাখলে ?

—যহু বাঁড়ুঘোরাও আমায় ডেকে পাঠিয়েছিল, ওর হোটেল ভাঙতেই হবে। নইলে

রেলবাজারে কেউ আর টিকবে না। এই কথা শুধু বাঁড়ুঘ্যেও বললে। কিন্তু তাতে কিছু হবে না—ওর এখন সময় যাচ্ছে ভালো। নুসিংহ আছে ?

—না বেরিয়ে গেল। পুলিশে সেই যে খবর দেবার কি হোল ?

—দেখ পদ্ম, আমি বলি ওরকম আর পাঠিয়ে দরকার নেই। হাজারি লোকটা ভালো—আজ এসেছিল, এমন হাত জোড় করে নরম হয়ে থাকে যে দেখলে ওর ওপর রাগ থাকে না।

—খ্যাংরা মারি ওর ভালমানুষেতার মুখে—ভিজ্জে বেড়ালটি, মাছ খেতে কিন্তু ঠিক আছে—পুলিশের সেই যে মতলব দিয়েছিল শুধু বাবু, তাই তুমি করে এবার। ওর হোটেল না ভাঙলে চলবে না। নয়তো আমাদের পাততাড়ি গুটুতে হবে এই আমি বলে দিলাম—এবেলা তবিল কত ?

বেচু চক্ৰান্তি অপ্রসন্ন মুখে বলিলেন—মোট ছ'টাকা সাড়ে তিন আনা—

পদ্মাকি কিছুক্ষণ চুপ করিয়া বলিল—তুমি আসের বাড়ীভাড়া বাকী শুদিকে। কাল বলেছে অন্ততঃ একমাসের ভাড়া না দিলে হৈ চৈ বাধাবে। ভাড়া দেবে কোথেকে ?

—দেখি।

—তারপর কানাই ঠাকুরের মাইনে বাকী পাঁচ মাস। সে বলেছে আর কাজ করবে না, তার কি করি ?

—বুঝিয়ে রাখো এই মাসটা। দেখ সামনের মাসে কি একম হয়—

পদ্মাকি রান্নাঘরে গিয়া ঠাকুরকে বলিল—আমার ভাতটা বেড়ে দাও ঠাকুর, রাত হয়েছে অনেক, বাড়ী যাই।

তারপর সে চারিদিকে চাহিয়া দৌখল। ছন্নছাড়া অবস্থা, ওই বড় দশ মেরী ডেক্চিটা আজ তিন-চার মাস তোলা আছে—দরকার হয় না। আগে পিতলের বালতি করিয়া সর্দিষার তৈল আসিত, এখন আসে ছোট ভাঁড়ে—বালতি দরকার হয় না। এমন দুঃবস্থা সে কখনো দেখে নাই হোটেলের।

তাহার মনটা কেমন করিয়া গুঠে।...

নানারকমে চেষ্টা করিয়া এই হোটেলটা সে আর কর্তা দুজনে গড়িয়া তুলিয়াছিল। এই হোটেলের দৌলতে ষথেষ্ট একদিন হইয়াছে। ফুলেনবলা গ্রামের যে পাড়ায় তাহার আদি বাস ছিল, সেখানে তার ভাই এখনও আছে—চাষবাস করিয়া খায়—আর সে এই রাণাঘাটের শহরে সোনাদানাও পরিয়া বেড়াইয়াছে একদিন—এই হোটেলের দৌলতে। এই হোটেল তার বৃকের পাঞ্জর। কিন্তু আজ বড় মুশ্কিলের মধ্যে পড়িতে হইয়াছে। কোথা হইতে এক উনপাজুরে গাঝাখোর আসিয়া জুটিল হোটলে—হোটেলের স্থলুকসন্ধান জানিয়া লইয়া এখন তাহাদেরই শীলনোড়ায় তাহাদেরই দাঁতের গোড়া ভাঙিতেছে। এত ষথের, এত সাধ-আশার-জিনিসটা আজ কোথা হইতে কোথায় দাঁড়াইয়াছে! যাহার জন্ত আজ হোটেলের এই দুঃবস্থা,—ইচ্ছা হয় সেই কুকুরটার গলা টিপিয়া মাঝে, যদি বাপে পায়। তাহার উপর আবার

দয়া কিসের ? কর্তা ওই রকম ভালমানুষ সদাশিব লোক বলিয়াই তো আজ পথের কুকুর সব মাথা চাড়া দিয়া উঠিয়াছে ।...দয়া !

একদিন রাণাঘাটের স্টেশন মাস্টার হাজারিকে ডাকিয়া পাঠাইলেন ।

হাজারি নিজে যাইতে রাজী নয়—কারণ স্টেশন মাস্টার সাহেব, সে জানে । নরেন যাওয়াই ভাল । অবশেষে তাহাকেই যাইতে হইল ! নরেন সঙ্গে গেল ।

সাহেব বলিলেন—টোমার নাম হাজারি ? হিণ্ডু হোটেল রাখো বাজারে ?

—হ্যাঁ হজুর ।

—টুমি প্র্যাট্‌ফর্মে কেটার করবে ? হিণ্ডু ভাত, ডাল, মাছ, দহি ?

হাজারি নরেনের মুখের দিকে চাহিল । সাহেবের কথা সে বুঝিতে পারিল না । নরেন ব্যাপারটা সাহেবের নিকট ভাল করিয়া বুঝিয়া লইয়া হাজারিকে বুঝাইল । রেলযাত্রীর সুবিধার জন্য রেল কোম্পানী স্টেশনের প্র্যাট্‌ফর্ম একটা হিন্দু ভাতের হোটেল খুলিতে চায় । সাহেব হাজারির নামডাক শুনিয়া তাহাকে ডাকিয়া পাঠাইয়াছে । আপাততঃ দেড়শো টাকা জমা দিলে উহারাই লাইসেন্স মঞ্জুর করিবে এবং রেলের খরচে হোটেলের ঘর বানাইয়া দিবে ।

হাজারি সাহেবের কাছে বলিয়া আসিল সে রাজী আছে ।

স্টেশন মাস্টার নরেনকে একথানা টেণ্ডার ফর্ম দিয়া ঘরগুলি পুরাইয়া হাজারির নাম সহ করিয়া আনিতে বলিয়া দিলেন । স্টেশনের এই হোটেল লইয়া তারপর জোর কমপিটিশন চলিল । নৈহাটির এবং কুম্বনগরের দুইজন ভাটিয়া হোটেলওয়ালারা টেণ্ডার দিল এবং ওপর-ওয়ালারা কর্মচারীদের নিকট তদ্বিরতাগাদাও শুরু করিল ।

নিজ রাণাঘাটের বাজারে এ খবরটা কেহ রাখিত না—শেষের দিকে, অর্থাৎ যখন টেণ্ডারের তারিখ শেষ হইবার অল্প কয়েকদিন মাত্র বাকী, যদু বাড়ুয্যে কথাটা শুনিল । স্টেশনের একজন ক্লার্ক যদুর হোটеле খায়, সেই কি করিয়া জানিতে পারিয়া যদুকে বলিল—একটু চেষ্টা করুন না । আপনি—টেণ্ডার দিন । হয়ে যেতে পারে ।

যদু চুপি চুপি টেণ্ডার সহ করিয়া পাঁচ টাকা টেণ্ডারের জন্য জমা দিয়া আসিল ।

সেদিন বেচু চক্রান্তি সবে হোটেলের গদিতে আসিয়া বসিয়াছে এমন সময় পদ্মিনী ব্যস্তমস্ত হইয়া আসিয়া বলিল—শুনেছ গো ? শুনে এলাম একটা কথা—

—কি ?

—ইন্টিশানে ভাতের হোটেল খুলে দেবে রেল কোম্পানি, দরখাস্ত দাও না কর্তা ।

—ইন্টিশানে ? ছোঃ, ওতে খন্দের হবে না । দূরের যাত্রীদের মধ্যে কে ভাত খাবে ?

সব কলকাতা থেকে খেয়ে আসবে—

—তোমার এই সব বসে বসে পরামর্শ আর রাজা-উজীর মারা : সবাই দূরের যাত্রী থাকে না—যারা গাড়ী বদলে খুলনে লাইনে যাবে, তারা থাকবে, দুপুরে যে সব গাড়ী কলকাতায় যায়—তারা এখানে ভাত পেলে এখানেই খেয়ে যাবে । শুনলাম বাড়ুয্যে মশায় নাকি দর-

খাস্ত দিয়েছে পাঁচ টাকা জমা দিয়ে—

বেচু চক্তির চমক ভাঙিল। যত্ন বাঁড়ুয্যে যদি দরখাস্ত দিয়া থাকে, তবে এ ছুধে সর আছে, কারণ যত্ন বাঁড়ুয্যে যুগু হোটেলওয়ালা। পরস্য আছে না বুকিয়া সে টেওয়ারের পাঁচ টাকা জমা দিত না। বেচু বলিল—যাই, একবার দরখাস্ত দিয়ে আসি তবে—

পদ্মকি বলিল—কেরানী বাবুদের কিছু খাইয়ে এস—নইলে কাজ হবে না। আমাদের হোটেলে সেই যে শশধরবাবু খেতো, তার শালা ইন্টিশানের মালবাবু, তার কাছে সুলুকসন্ধান নিও। না করলে চলবে কি করে? এ হোটেলের অবস্থা দেখে দিন দিন হাত-পা পেটের ভেতর সঁদিয়ে যাচ্ছে।

—কেন ওবেলা খন্দের তো মন্দ ছিল না?

পদ্মকি হতাশার স্বরে বলিল—ওকে ভাল বলে না কর্তী। সতেহো জন খাড় কেলাসে আর ন'জন বাঁধা খন্দেরে টাকা দিচ্ছে তবে হোটেল চলছে—নইলে বাজার হোত না। মুদি ধার দেওয়া বন্ধ করবে বলে শাসিয়েছে, তারই বা দোষ কি—একশো টাকার ওপর বাকী।

বেচু বলিল—টেওয়ারের দরখাস্ত দিতে গেলে এখন পাঁচটা টাকা চাই, তবিলে আছে দেখছি এক টাকা মাড়ে তের আনা মোট, ওবেলার দরুন। তার মধ্যে কয়লার দাম দেবো বলা আছে ওবেলা, কয়লাওয়ালা এল বলে। টাকা কোথায়?

পদ্মকি একটু ভারিয়া বলিল—ও-থেকে একটা টাকা নাও এখন। আর আমি চার টাকা যোগাড় করে এনে দিচ্ছি। আমার লবঙ্গফুল থাকে এপাড়ায় তার কাছ থেকে। কয়লা-ওয়ালাকে আমি বুকিয়ে বলবো—

—বুকিয়ে রাখবে কি, সে টাকা না পেলে কয়লা বন্ধ করবে বলেছে। তুমি পাঁচ টাকাই এনে ছাও—

সন্ধ্যার পূর্বে বেচুও গিয়া টেওয়ার দিয়া আসিল। পদ্মকি সাগ্রহে গদির ঘরের দ্বারে অপেক্ষা করিতেছিল, এখনও খরিদার আসা শুরু হয় নাই। বলিল—হয়ে গেল কর্তী? কি শুনে এলে?

—হয়ে যাবে এখন? ছেলের হাতের পিঠে বুকি? তবে খুব লাভের কাণ্ড যা শুনে এলাম। যত্ন পাকা লোক—নইলে কি দরখাস্ত দেয়? আমি আগে বুঝতে পারি নি। মোটা লাভের ব্যবসা। ইন্টিশানের ক্ষেত্রবাবু আমার এখানে খেতো মনে আছে? সে আবার বদলি হয়ে এসেছে এখানে। সে-ই বল্লে—যাত্রীরা রেলের বড় আপিসে দরখাস্ত করেছে আমাদের খাওয়ার কষ্ট। তা ছাড়া, রেল কোম্পানী এলেকটিক আলো দেবে, পাখা দেবে, ঘর করে দেবে—তার দরুন কিছু নেবে না আপাতোক। রেলের বোর্ড'না কি আছে, তাদের অর্ডার। যাত্রীদের হবিধে আগে করে দিতে হবে। যথেষ্ট লোক খাবে পদ্ম, মোটা পরসার কাণ্ড যা বুঝে এলাম।

পদ্মকি বলিল—জোড়া পাঠা দিয়ে পূজো দেবো সিদ্ধেশ্বরীতলায়। হয়ে যেন যায়—তুমি কাল আর একবার গিয়ে গর্দগের কিছু খাইয়ে এসো—

—বলি য়ু বাঁড়ুয্যে টের পেলি কি করে হ্যা ?

—ও সব ঘুঘু লোক । ওদের কথা ছাড়ান ছাও ।

ক্রমে এ সম্বন্ধে অনেক বকম কথা শোনা গেল । স্টেশনের প্ল্যাটফর্মে দেখা গেল রেলের তরফ হইতে একটি চমৎকার ঘর তৈয়ারী করিতেছে—আসবাবপত্র, আলমারি, টেবিল, চেয়ার দিয়া সেটি সাজানো হইবে, সে-সব কোম্পানী দিবে ।

এই সময় একদিন য়ু বাঁড়ুয্যেকে হঠাৎ তাহাদের গদিঘরে আসিতে দেখিয়া বেচু ও পদ্মকি উভয়েই আশ্চর্য হইয়া গেল । য়ু বাঁড়ুয্যে হোটেলওয়ালাদের মধ্যে সম্ভ্রান্ত ব্যক্তি—কুলীন ব্রাহ্মণ, মাটিঘরার বিখ্যাত বাঁড়ুয্যে-বংশের ছেলে । কখনও সে কারো দোকানে বা হোটেলে গিয়া হাউ-হাউ করিয়া বকে না—গস্তীর মেজাজের মানুষটি ।

বেচু চক্কিত্তি যথেষ্ট খাতির করিয়া বসাইল । তামাক সাজিয়া হাতে দিল ।

য়ু বাঁড়ুয্যে কিছুক্ষণ তামাক টানিয়া একমুখ ধোঁয়া ছাড়িয়া বলিল—তারপর এসেছি একটা কাজে, চক্কিত্তি মশায় । হোটেল চলছে কেমন ?

বেচু বলিল—আর তেমন নেই, বাঁড়ুয্যে মশায় । ভাবছি, তুলে দিয়ে আর কোথায়ও যাই ! খদ্দেরপত্তর নেই আর—

—আপনার কাছে আমার আসার উদ্দেশ্য বলি । ইষ্টিশানে হোটেল হচ্ছে জানেন নিশ্চয়ই । আমি একটা টেণ্ডার দিই । গুনলাম আপনিও নার্কি দিয়েছেন ?

—হ্যা—তা—আমিও—

—বেশ । বলি, শুনুন । নৈহাটির একজন ভাটিয়া নার্কি বড় তদ্বির করছে ওপরে—তারই হয়ে যাবে । মোটা পয়সার কারবার হবে ওই হোটেলটা । আসাম মেল, শান্তপুর, বনগাঁ, ডাউন চাটগাঁ মেল—এসব প্যাসেঞ্জার খাবে—তা ছাড়া খাউকো লোক খাবে । ভাল পয়সা হবে এতে । আহুন আপনি আর আমি দু'জনে মিলে দরখাস্ত দিই যে রাণাঘাটের আমরা স্থানীয় হোটেলওয়ালারা, আমাদের ছেড়ে ভাটিয়াকে কেন দেওয়া হবে হোটেল । স্থানীয় হোটেলওয়ালারা মিলে একসঙ্গে দরখাস্ত করেছে এতে জোর দাঁড়াবে আমাদের খুব ।

বেচু বুঝিল নতনাস্ত হাতের মুঠার বাহিরে চলিয়া যায় বলিয়াই আজ য়ু বাঁড়ুয্যে তাহার গদিত্তে ছুটিয়া আসিয়াছে—নতুবা ঘুঘু য়ু কখনও লাভের ভাগ্যভাগিতে রাজী হইবার পাত্র নয় । বলিল—বেশ দরখাস্ত লিখিয়ে আহুন—আমি সহ করে দেবো এখন ।

য়ু বাঁড়ুয্যে পকেট হইতে একখানা কাগজ বাহির করিয়া বলিল—আরে, সে কি বাকি আছে, সে অধিনৌ উকীলকে দিয়ে মূসোবিদে করে টাইপ করিয়ে ঠিক করে এনেছি । আপনি এখনটায় সহ করুন—

য়ু বাঁড়ুয্যে সহ লইয়া চলিয়া গেলে পদ্মকি আসিয়া বলিল—কি গা কর্ত্তা ?

বেচু হাসিয়া বলিল—কারে না পড়লে কি ঘুঘু য়ু বাঁড়ুয্যে এখানে আসে কখনো ? সেই হোটেল নিয়ে এসেছিল । শুনবে ?

পদ্ম সব শুনিয়া বলিল—তাও ভালো । বেশী যদি বিক্রী হয়, ভাগ্যভাগিও ভালো ।

এখানে তোমার চলবেই না, যেরকম দাঁড়াচে তার আর কি। হোক, ইষ্টিশানে আধা বখরাই হোক।

দিন কুড়ি-বাইশ পরে একদিন যত্ন বাঁড়ুঘ্যে বেচুর গদিঘরে ঢুকিয়া যে ভাবে ধপ্ করিয়া হতাশ ভাবে তক্তপোশের এক কোণে বসিয়া পড়িল, তাহাতে পদ্মঝি (সেখানেই ছিল) বুকিল স্টেশনের হোটেল হাতছাড়া হইয়া গিয়াছে।

কিন্তু পরবর্তী সংবাদের জন্ত পদ্মঝি প্রস্তুত ছিল না।

যত্ন বলিল—সুনেছেন, চক্ৰান্তি মশাই! কাণ্টা শোনে নি?

বেচু চক্ৰান্তি ওভাবে যত্ন বাঁড়ুঘ্যেকে বসিতে দেখিয়া পূর্বেই বুঝিয়াছিল সংবাদ স্তম্ভ নয়। তবুও সে ব্যস্ত ভাবে জিজ্ঞাসা করিল—কি! কি ব্যাপার?

—ইষ্টিশানের থেকে আসিচি এই মাস্তর, আজ ওদের হেড অফিস থেকে টেণ্ডার মঞ্জুর করে নোটিশ পাঠিয়েছে—

বেচু একথার উত্তরে কিছু না বলিয়া উদ্বিগ্ন মুখে যত্ন বাঁড়ুঘ্যের মুখের দিকে চাহিয়া রহিল।

—কার হয়ে গেল জানেন?

—না—সেই ভাটিয়া ব্যাটার বুঝি—

—তা হলেও তো ছিল ভাল। হল হাজারির, তোমাদের হাজারির—

বেচু ও পদ্মঝি দু'জনেই বিষয়ে অক্ষুট চীৎকার করিয়া উঠিল প্রায়।

বেচু চক্ৰান্তি বলিল—দেখে এলেন?

—নিজের চোখে। ছাপা অক্ষরে। নোটিশ বোর্ডে টাঙিয়ে দিয়েছে—

পদ্মঝি হতবাক হইয়া যত্ন বাঁড়ুঘ্যের দিকে চাহিয়া রহিল, বোধ হইল কথাটা যেন সে এখনও বিশ্বাস করে নাই।

বেচু চক্ৰান্তি বলিল—তা হলে ওরই হল!

এ কথাই কোন অর্থ নাই, যত্নও বুকিল, পদ্মঝিও বুকিল। ইহা শুধু বেচুর মনের গভীর নৈরাশ্র ও ঈর্ষার অভিব্যক্তি মাত্র।

যত্ন বাঁড়ুঘ্যে বলিল—ওঃ, লোকটার বরাত খুবই ভাল যাচ্ছে দেখছি। ধূলো মুঠো ধরলে সোনা মুঠো হচ্ছে। আজ একশ বছর এই রেলবাজারে হোটেল চালাচ্ছি, আশ্রয় গোলাম ভেঙ্গে, আর ও হাতাবেড়ি ঠেলে আপনার হোটেলে পেট চালাত, তার কিনা—সবই বরাত—

বেচু বলিল—কেন হল, কিছু শুনলেন নাকি? টাকা ঘুসঘাষ দিয়েছিল নিশ্চয়?—

—টাকার ব্যাপার নেই এর মধ্যে। হেড অফিসের বোর্ড থেকে নাকি মঞ্জুর করেছে—এখানকার ইষ্টিশান মাস্টার সাহেব নাকি ওর পক্ষে খুব লিখেছিল। কোন কোন প্যালেঞ্জার ওর নাম লিখেছে হেড অফিসে, খুব ভাল রান্না করে নাকি, এই সব।

আর কিছুক্ষণ থাকিয়া যত্ন চলিয়া গেলে পদ্মঝি বলিল—বলি এ কি হল, ইয়া কর্তী?

—তাই তো!

বি. র ৬—৯

—মড়ুই পোড়া বামনটা বড় বাড় বাড়িয়েচে, আর তো সছি হয় না—

—কি আর করবে বল। আমি ভাবছি—

—কি ?

—কাল একবার হাজারির হোটেলে আমি যাই—

—কেন, কি ছুখে ?

—ওকে বলি আমার হোটেলে তুমি অংশীদার হও, রেলের হোটেলের অংশ কিছু আমায় দাও—

পদ্মকি ভাবিয়া বলিল—কথাটা মন্দ নয়। কিন্তু যদি তোমায় না দিতে চায় ?

—আমাকে খুব মানে কিনা তাই বলছি। এ না করলে আর উপায় নেই পদ্ম। হোটেল আর চালাতে পারবো না। একরাশ দেনা—থরচে আসে আর কুলোয় না। এ আমার করতেই হবে।

পদ্মকির মুখে বেধনার চিহ্ন পরিস্ফুট হইল। বলিল—যা ভাল বোঝ কর কর্তা। আমি কি বলব বল !

কিছুক্ষণ পরে য়ু বাঁড়ুঘো পুনরায় বেচুর হোটেলে আসিয়া বসিল। বেচু চক্ৰান্তি খাতির করিয়া তাহাকে চা খাওয়াইল। তামাক সাজিয়া হাতে দিল।

তামাক টানিতে টানিতে য়ু বলিল—একটা মতলব মনে এসেছে চক্ৰান্তি মশায়—তাই আবার এলাম।

বেচু সর্কোতুহলে বলিল—কি বলুন তো ?

—আমি পালচৌধুরীদের নামের মহেন্দ্রবাবুকে ধরোছিলাম। ওঁরা জামদার, ওঁদের খাতির করে রেল কোম্পানী। মহেন্দ্রবাবুর চিঠি নিয়ে কাল চলুন, আপন আর আমি কলকাতা রেল আপিসে একবার আপীল করি গিয়ে।

পদ্মকি দোরের কাছেই ছিল, সে বালাল—তাই যান গিয়ে কর্তা, আমিও বলি যাতে কক্ষনো ও মড়ুই পোড়া বামন হোটেল না পায় তা করাই চাই, হুঁজনে তাই যান—

বেচু চক্ৰান্তি ভাবিয়া বলিল—কখন যেতে চান কাল ?

য়ু বলিল—সকাল সকাল যাওয়াই ভাল। বড় বাবুকে ধরতে হবে গিয়ে—পালচৌধুরীদের পুকুরে মাছ ধরতে আসেন প্রায়ই। গরফেতে বাড়া, বড় ভাল লোক। মহেন্দ্রবাবুর চিঠি নিয়ে গিয়ে ধরি।

য়ু চলিয়া গেলে বেচু চক্ৰান্তি পদ্মকে বলিল—কিন্তু তাহলে হাজারির কাছে আমার ওভাবে যাওয়া হয় না। ও সব টের পাবেই যে আমরা আপীল করেছি, ওকেও নোটিশ দেবে কোম্পানী। আপীলের সুনানী হবে। তারপর কি আর ওর কাছে যাওয়া যায় ?

—না হয় না গেলে। ওর দরকার নেই, যাতে ওর উচ্ছেদ হয় তাই কর।

—বেশ, যা বল।

পরদিন য়ু বাঁড়ুঘোর সঙ্গে বেচু চক্ৰান্তি কয়লাঘাটে রেলের বড় আপিসে যাইবে বলিয়া

বাহির হইল এবং সন্ধ্যার পরে পুনরায় রাণাঘাটে ফিরিল। বেচু যখন নিজের হোটেলের চুকিল, তখন খাওয়াদাওয়া আরম্ভ হইয়াছে। পদ্মকি ব্যস্তভাবে বলিল—কি হ'ল কর্তা ?

বেচু বলিল—আর কি, মিথ্যে বাতায়াত সার হ'ল, দুটো টাকা বেরিয়ে গেল। তারা বলে—এ আমাদের হাতে নেই, টেণ্ডার মঞ্জুর হয়ে বোর্ডের কাছে চলে গিয়েছে। এখন আর আপীল খাটবে না।

—তবে যাও কাল হাজারির কাছেই যাও—

তার দরকার নেই। বাঁড়ুঘ্যে মশায় আসবার সময় বন্ধন—ওর হোটেল আর আমার হোটেল একসঙ্গে মিলিয়ে দিতে। এ ঘর ছেড়ে দিয়ে সামনের মাসে ওর ঘরেই—

পদ্মকি বলিল—এ কিন্তু খুব ভাল কথা। ও ছোটলোকটার কাছে না গিয়ে বাঁড়ুঘ্যে মশায়ের সঙ্গে কাজ করা ঢের ভাল।

পরবর্তী পনেরো দিনের মধ্যে রাণাঘাট রেলবাজারে দুইটি উল্লেখযোগ্য ঘটনা ঘটিয়া গেল।

স্টেশনের আপ্ প্র্যাট্ফর্মে নূতন হিন্দু-হোটেল খোলা হইল। শেওপাথরের টেবিল, চেয়ার, ইলেক্ট্রিক আলো, পাখা দিয়া সাজানো আধুনিক ধরনের পরিষ্কার-পরিচ্ছন্ন অতি চমৎকার হোটেলটি। হোটেলের মালিকের স্থানে হাজারির নাম দেখিয়া অনেকে আশ্চর্য হইয়া গেল।

আর একটি বিশিষ্ট ঘটনা, বেচু চক্কুরির পুরানো হোটেলটি উঠিয়া যাইবে এমন একটা গুজব রেলবাজারের সর্বত্র রটিল।

সেদিন বিকালের দিকে হাজারি তাহার পুরানো অভ্যাসমত চূর্ণীর ধার হইতে বেড়াইয়া ফিরিতেছে, এমন সময় পদ্মকির সঙ্গে রাস্তায় দেখা।

হাজারিই পদ্মকে ডাকিয়া বলিল—ও পদ্মদিদি, কোথায় যাচ্ছ ?

পদ্মকি দাঁড়াইল। তাহার হাতে একটা ছোট্ট পাথরের বাটি। সম্ভবতঃ কাছেই কোথাও পদ্মকির বাসা।

হাজারি বলিল—বাটিতে কি পদ্মদিদি ?

—একটু দশল, দই পাতবো বলে গোয়ালাবাড়ী থেকে নিয়ে যাচ্ছি।

—তারপর, ভাল আছ ?

—তা মন্দ নয়। তুমি ভাল আছ ঠাকুর ?

এখানে কাছেই থাকো বুঝি ?

এ কথার উত্তরে পদ্মকি বাহা বলিল হাজারি তাহার অঙ্গ আদৌ প্রশ্নও ছিল না। বলিল—এস না ঠাকুর, আমার বাড়ীতে একবার এলেই না হয়—

—তা বেশ বেশ, চলো না পদ্মদিদি।

ছোট্ট বাড়ীটা, একপাশে একটা পাতকুয়া, অঙ্গদিকে দিনের রাস্তাঘর এবং গোয়াল। পদ্মকি রোয়াকটাতে একখানা মাতুর আনিয়া হাজারির অঙ্গ বিছাইয়া দিল। হাজারি

খানিকটা অস্বস্তি ও আড়ষ্ট ভাব বোধ করিতেছিল। পদ্ম যে তাহার মনিব, তাহাদেরই হোটেলে সে একাদিক্রমে সাত বৎসর কাজ করিয়াছে, এ কথাটা এত সহজে কি ভোলা যায়? এমন কি, পদ্মকে সে চিরকাল ভয় করিয়া আসিয়াছে, আজও যেন সেই ভাবটা কোথা হইতে আসিয়া জুটিল।

পদ্মকে বলিল—পান মাজবো থাকে ?

হাজ্জারি আমতা আমতা করিয়া বলিল—তা—তা বরং একটা—

পান মাজিয়া একটা চায়ের পিরিচে আনিয়া হাজ্জারির সামনে রাখিয়া বলিল—তারপর, রেলের হোটেল তো পেয়ে গেলে সুনলাম। ওখানে বসাবে কাকে ?

—ওখানে বসাবো ভাবছি বংশীর ভায়ে সেই নরেন—নরেনকে মনে আছে ? সেই তাকে।

—মাইনে কত দেবে ?

—সে সব কথা এখনও ঠিক হয় নি। ও তো আমার এই হোটেলে খাতাপত্র রাখে, দেখাশুনো করে, বড় ভাল ছেলেটি।

—তা ভালো।

—চক্ষু মশায়ের শরীর ভাল আছে ? ক’দিন ওদিকে আর যেতে পারি নি। হোটেল চলছে কেমন ?

—হোটেল চলছে মন্দ নয়। তবে আমি কি বলছিলাম জানো ঠাকুর, কর্তামশায়কে রেলের হোটেলে একটা অংশ দিয়ে রাখো না তুমি ? তোমার কাজের সুবিধে হবে।

হাজ্জারি এ প্রস্তাবের জন্তে প্রস্তুত ছিল না। একটু বিস্ময়ের সুরে বলিল—কর্তা কি করে থাকবেন ? ওঁর নিজের হোটেল ?

—সেজন্তে ভাবনা হবে না। সে আমি দেখব। কি বল তুমি ?

—এখন আমি কোন কথা দিতে পারব না পদ্মদিদি। তবে একটা কথা আমার মনে হচ্ছে তা বলি। রেল-কোম্পানী যখন টেণ্ডার নেয়, তখন যার নাম লেখা থাকে, তার ছাড়া আর কোন লোকের অংশটংশ থাকতে দেবে না হোটেলে। হোটেল তো আমার নয়—হোটেল রেল-কোম্পানীর।

—ঠাকুর একটা কথা বলব ? তুমি এখন বড় হোটেলওয়ালো, অনেক পয়সা রোজগার কর স্তনি। কিন্তু আমি তোমায় সেই হাজ্জারি ঠাকুরই দেখি। তুমি এস আমাদের হোটেলে আবার।

হাজ্জারি বিস্ময়ের সুরে বলিল—চক্ষু মশায়ের হোটেলে ? বাঁধতে ?

সে মনে মনে ভাবিল—পদ্মদিদির মাথা খারাপ হয়ে গেল নাকি ? বলে কি ?

পদ্ম কিন্তু বেশ দৃঢ় স্বরেই বলিল—সত্যি বলছি ঠাকুর। এস আমাদের ওখানে আবার।

—কেন বল তো পদ্মদিদি ? একথা তুললে কেন ?

—তবে বলি শোন। তুমি এলে আমাদের হোটেলটা আবার জাঁকবে।

এমন ধরনের কথা হাজারি কখনও পদ্মকিয়ের মুখে শোনে নাই। সেই পদ্মকি আজ কি কথা বলিতেছে তাহাকে ?

হাজারি গলিয়া গেল। সে ভুলিয়া গেল যে সে একজন বড় হোটেলের মালিক—পদ্মকি তাহার মনিবের দরের লোক, তাহার মুখের একথা যেন হাজারির জীবনের সর্বশ্রেষ্ঠ পুরস্কার। এরই আশায় যেন সে এতদিন রাণাঘাটের রেলবাজারে এত কষ্ট করিয়াছে।

অল্প লোকে হাজারি ভাল বলুক, পদ্মকির ভাল বলা তাদের চেয়ে অনেক উচু, অনেক বেশী মূল্যবান।

কিন্তু পদ্ম যাঁহা বলিতেছে, তাহা যে হয় না একথা সে পদ্মকে কি করিয়া বুঝাইবে! যখন সে গোপালনগরের চাকুরি ছাড়িয়া পুনরায় চক্ৰতি মশায়ের হোটেলে চাকুরি লইয়াছিল—তখনও উহার। যদি তাহাকে না তাড়াইয়া দিত, তবে তো নিজস্ব হোটেল খুলিবার কল্পনাও তাহার মনে আসিত না। উহাদের হোটেলে পুনরায় চাকুরি পাইয়া সে মহা সৌভাগ্যবান মনে করিয়াছিল নিজেকে—কেন তাহাকে উহার। তাড়াইল!

এখন আর হয় না।

এখন সে নিজের মালিক নয়, কুম্বের টাকা ও অতসীমা'র টাকা হোটেলে খাটিতেছে, তাহার উন্নতি-অবনতির সঙ্গে অনেকগুলি প্রাণীর উন্নতি-অবনতি জড়ানো। নিজের খেয়াল-খুশিতে যা-তা করা এখন আর চলিবে না।

টে'পির ভবিষ্যৎ দেখিতে হইবে—টে'পি আর নরেন।

অনেক দূর আগাইয়া আসিয়াছে—আর এখন পিছানো চলে না।

হাজারি পদ্মকিয়ের মুখের দিকে দুঃখ ও মহাহুভূতির দৃষ্টিতে চাহিয়া বলিল—

—আমার ইচ্ছে করে পদ্মকি। কিন্তু এখন যাওয়া হয় কি ক'রে তুমিই বল।

পদ্ম যে কথাটা না বোঝে তা নয়, সে নিতান্ত মরীয়া হইয়াই কথাটা বলিয়া ফেলিয়াছিল। হাজারির কথার সে কোনো জবাব না দিয়া ঘরের মধ্যে ঢুকিল এবং কিছুক্ষণ পরে একটা কাপড়-জড়ানো ছোট্ট পুঁটুলি আনিয়া হাজারির সামনে রাখিয়া বলিল—পড়তে জান তো, পড়ে দেখ না ?

হাজারি পড়িতে জানে না তাহা নয়, তবে ও কাজে সে খুব পারদর্শী নয়। তবু পদ্মকির সম্মুখে সে কি করিয়া বলে যে সে ভাল পড়িতে পারে না! পুঁটুলি খুলিয়া সে দেখিল খান-কয়েক কাগজ ছাড়া তার মধ্যে আর কিছু নাই।

পদ্মকি তাহাকে বিপদ হইতে উদ্ধার করিল। সে নিজেই বলিল—ক-খানা হ্যাণ্ডনোট, তা সবস্বস্ত সাত-শ টাকার হ্যাণ্ডনোট। কর্তাকে আমি টাকা দেই যখনই দরকার হয়েছে তখন। নিজের হাতের চূড়ি বিক্রি করি, কানের মাকড়ি বিক্রি করি—ছিল তো সব, যখন এইস্তিরি ছিলাম, দুখানা সোনাদানা ছিল তো অঙ্গে।

হাজারি বিস্মিত হইয়া বলিল—তুমি টাকা দিয়েছিলে পদ্মকি ?

—দেই নি তো কার টাকার হোটেল চলছিল এতদিন ? যা কিছু ছিল সব ওয় পেছনে থুইয়েছি ।

—কিছু টাকা পাও নি ?

—পেটে থেয়েছি আমি, আমার বোনঝি, আমার এক দেওর-পো এই পর্য্যন্ত । পয়সা যে একেবারে পাই নি তানয়—তবে কত আর হবে তা ? বোনঝির বিয়েতে কর্তা-মশায় এক-শ টাকা দিয়েছিলেন—সে আজ সাত বছরের আগের কথা । সাত-শ টাকার হুদ ধর কত হয় ?

—টাকা অনেক দিন দিয়েছিলে ?

—আজ ন-বছরের ওপর হ'ল । ওই এক-শ টাকা ছাড়া একটা পয়সা পাই নি—কর্তা-মশায় কেবলই বলে আসছেন একটু অবস্থা ভাল হোক হোটেলের সব হবে, দেব ।

—ওঁকে আগে থেকে জানতে নাকি, না রাণাঘাটে আলাপ ?

—সে-সব অনেক কথা ঠাকুর । উনি আমাদের গা ফুল-নব্বলার চক্ৰিতদের বাড়ীর ছেলে । ওঁর বাবার নাম ছিল তারাচাঁদ চক্ৰিত—বড় ভাল লোক ছিলেন তিনি । অবস্থাও ভাল ছিল তাঁর—আমাদের কর্তা হচ্ছেন তারাচাঁদ চক্ৰিতের বড় ছেলে । লেখাপড়া তেমন শেখেন নি, বললেন রাণাঘাটে গিয়ে হোটেল করব, পদ্ম কিছু টাকা দিতে পার ? দিলাম টাকা । সে আজ হয়ে গেল—

হাজারি ঠাকুরের মনে কৌতুহল জাগিলেও সে দেখিল আর অল্প নোনো প্রন্ন পদ্মদিদিকে না করাই ভাল । গ্রামে এত লোক থাকিতে তারাচাঁদ চক্ৰিতের বড় ছেলে তাহার কাছেই টাকা চাঁহিল কেন, সেই বা টাকা দিল কেন, রাণাঘাটে বেচুর হোটেল তাহার ঝি-গিরি করা নিতান্ত দৈবাবধীন যোগাযোগ না পূর্ক হইতেই অবলম্বিত ব্যবস্থার ফল—এসব কথা হাজারি জিজ্ঞাসা করিলে তাহাকে দোষ দেওয়া যাইত না ।

কিন্তু হাজারির বয়স হইয়াছে, জীবনে তাহার অভিজ্ঞতা হইয়াছে কম নয়, সে এ-বিষয়ে কোনো প্রন্ন না করিয়া বলিল—হ্যাওনোটগুলো তুলে রেখে দাও পদ্মদিদি ভাল ক'রে । সব ঠিক হয়ে যাবে, টাকাও তোমার হয়ে যাবে—এগুলো রেখে দাও ।

পদ্ম কি রকম এক ধরনের হাসি হাসিয়া বলিল—ও সব তুলে রেখে কি করব ঠাকুর ? ও-সব কোন্ কালে তোমাদি হয়ে ছুত হয়ে গিয়েছে । পড়ে দেখ না ঠাকুর—

হাজারি অপ্রতিভ হইয়া শুধু বলিল—ও !

—যা ছিল কিছু নেই ঠাকুর, সব হোটেলের পেছনে দিয়েছি—আর কি আছে এখন হাতে, ছাই বলতে রাইও না ।

শেষের কথাগুলি পদ্মঝি যেন আপন মনেই বলিল, বিশেষ কাহাকেও উদ্দেশ করিয়া নহে । হাজারি অত্যন্ত দুঃখিত হইল । পদ্মঝির এমন অবস্থা সে কখনও দেখে নাই—ভিতরের কথা সে জানিত না, মিছামিছি কত রাগ করিয়াছে পদ্মদিদির উপর !

আরও কিছুক্ষণ বসিয়া হাজারি চলিয়া আসিল, সে কিছুই যখন করিতে পারিবে না

আপাততঃ—তখন অপরের চুখের কাহিনী শুনিয়া লাভ কি ?...

বাসায় ফিরিতেই সে এমন একটি দৃশ্য দেখিল যাহাতে সে একটি অদ্ভুত ধরনের আনন্দ ও ভূম্বি অহুভব করিল।

বাহিরের দিকে ছোট ঘরটার মধ্যে টেঁপির গলা। সে বলিতেছে—নরেন্দ্রা, চা না খেয়ে কিছুতেই আপনি এখন যেতে পারবেন না। বসুন।

নরেন বলিতেছে—না, একবার এ-হোটেলে যেতে হবে, তুমি বোধ না আশা, ইষ্টিশানের হোটেল এখন তো বন্ধ—কিন্তু মামাবাবু আসবার আগে এ-হোটেলের সব দেখানুনো আমার করতে হবে।

টেঁপির ভাল নাম যে আশালতা, হাজারি নিজেই তা প্রায় ভুলিতে বসিয়াছে—নরেন ইতিমধ্যে কোথা হইতে তাহার সন্ধান পাইল :

টেঁপি পুনরায় আবদারের স্বরে বলিল—না ওসব কাজটা জ থাকুক, আপনি আমাকে আর মাকে টকি দেখাতে নিয়ে যাবেন বলেছিলেন—আজ নিয়ে যেতেই হবে।

—কি আছে আজ ?

—আনব ? একখানা টকির কাগজ রয়েছে ও ঘরে। চাক বাজিয়ে কাগজ বিলি করবে যাচ্ছিল ওবেলা, থোকা একখানা এনেছে—

—যাও চট করে গিয়ে নিয়ে এস।

হাজারির ইচ্ছা ছিল না উহাদের কথাবার্তায় সে বাধা দেয়। এমন কি সে একপ্রকার নিঃশব্দেই রোয়াক পার হইয়া যেমন উত্তরের ঘরটার মধ্যে ঢুকিয়াছে, অমনি টেঁপি টকির কাগজের সন্ধানে আসিয়া একেবারে বাবার সামনে পড়িয়া গেল।

টেঁপি পাছে কোনপ্রকার লজ্জা পায়—এজন্য হাজারি অস্ত্রদিকে চাহিয়া বলিল—এই যে টেঁপি। তোর মা কোথায় ?

টেঁপি হঠাৎ যেন কেমন একটু জড়সড় হইয়া গেল। মুখে বলিল—কে, বাবা! কখন এলে ? টের পাই নি তো ?

হাজারির কিন্তু মনে হইল টেঁপি তাহাকে দেখিয়া খুব খুশি হয় নাই। যেন ভাবিতেছে, আর একটু পরে বাবা আসিলে কতিটা কি হইত।

হাজারির বৃকের ভিতরটা কোথায় যেন বেদনায় টনটন করিয়া উঠিল। মেয়েসন্ধান, আহা বেচারী ! সব কথা কি ওরা গুছিয়ে বলতে পারে, না নিজেরাই বুদ্ধিতে পারে ? টেঁপি কি জানে তার নিজের মনের খবর কি ?

হাজারি বলিল—আমি এখনি হোটেলে বেরিয়ে যাব টেঁপি। বেলা পাঁচটা বেজে গিয়েছে, আর থাকলে চলবে না। এক গ্রাস জল বরং আমায় দে—

ওঘর হইতে নরেন ভাকিয়া বলিল—মামাবাবু কখন এলেন ?

হাজারি যেন পূর্বে নরেনের কথাবার্তা শুনিতে পায় নাই বা এখানে নরেন উপস্থিত আছে সে-বিষয়ে কিছু জানিত না, এমন ভাব দেখাষ্টয়া বলিল—কে নরেন ? কখন এলে বাবাজী ?

—অনেককণ এসেছি মামাবাবু—চলুন, আমিও হোটেলের বেয়িয়েছি—
বলিতে বলিতে নরেন সম্মুখে আসিয়া দাঁড়াইল।

হাজারি বলিল—একটু জলটল খেয়ে যাও না? হোটেলের এখন ধোঁয়ার মধ্যে গিয়েই বা
করবে কি? ব'স ব'স বরং। টেঁপি তোর নরেনদার জন্ত একটু চা—

—না না থাক মামাবাবু, হোটেলের তো চা এমনিই হবে এখন।

—তা হোক, আমার বাসায় যখন এসেছ, তখন এখান থেকেই চা খেয়ে যাও।

বলিয়া হাজারি বাড়ীর মধ্যের ঘরের দিকে সরিয়া গেল। টেঁপির মা তখনও রান্নাঘরের
দাওয়ায় একখানা মাদুর বিছাইয়া অঘোরে ঘুমাইতেছে দেখিতে পাইল। বেচারী চিরকাল
খাটিয়াই মরিয়াছে এঁড়োশোলা গ্রামে—এখন চাকরে যখন প্রায় সব কাজই করিয়া দেয়
তখন সে জীবনটাকে একটু উপভোগ করিয়া লইতে চায়।

হাজারি স্নীকেও আগাইল না। সবাই মিলিয়া বড় কষ্ট করিয়াছে চিরকাল, এখন হুথের
মুখ যখন দেখিতেছে—তখন সে তাহাতে বাদ সাধিবে না। টেঁপির মা ঘুমাইয়া থাকুক।

বাড়ীর বাহির হইতে বাইতেছে, নরেন মাথা চুলকাইতে চুলকাইতে একটু লাজুক স্বরে
বলিল—মামাবাবু—এই গিয়ে আশা বলছিল—মামীমাকে নিয়ে আর ওকে নিয়ে একবার টকি
দেখিয়ে আনার কথা—তা আপনি কি বলেন?

টেঁপিই যে একথা তাহার কাছে বলিতে নরেনকে অনুরোধ করিয়াছে, এ-বিষয়ে হাজারির
সন্দেহ রহিল না। তাহার মনে কৌতুক ও আনন্দ দুই-ই দেখা দিল। ছেলেমানুষ সব,
উঁহারা কি করে না-করে যোগ্যবৃদ্ধ লোকে সব বুঝিতে পারে, অথচ বেচারীরা ভাবে তাহাদের
মনের খবর কেহ কিছু রাখে না।

সে ব্যস্ত হইয়া বলিল—তা যাবে যাও না! আজই যাবে? পয়সা-কড়ি সব তোমার
মামীমার কাছে আছে, চেয়ে নাও! কখন ফিরবে?

—রাত আটটা হবে মামাবাবু—আপনি নিজে ইষ্টিশানে যদি গিয়ে বসেন একটু—

—আচ্ছা তা হোক, ইষ্টিশানে আমি যাব এখন, সে তুমি ভেবো না। তুমি ওদের নিয়ে
যাও—ও টেঁপি, ডেকে দে তোর মাকে। অবেলায় পড়ে ঘুমুচে, ডেকে দে। যাস যদি
তবে সব তৈরি হয়ে নে—

হাজারি আর বিলম্ব না করিয়া বাড়ীর বাহির হইয়া পড়িল। বালকবালিকাদের আমোদের
পথে সে বিগ্ন সৃষ্টি করিতে চায় না। প্রথমে বাজারের হোটেলের আসিয়া এ-বেলার রান্নার
সব ব্যবস্থা করিয়া দিয়া বেলা পড়িলে সে আসিল স্টেশন প্ল্যাটফর্মের হোটেলের। এখানে
সে বড় একটা বসে না। নরেনই এখানকার ম্যানেজার। এ সব সাহেবী ধরনের ব্যবস্থা
তাহার যেন কেমন লাগে।

লম্বা সাড়ে সাতটা। চাটগাঁ মেল আসিবার বেশী বিলম্ব নাই—বনগ্রামের গাড়ীও
এখনি ছাড়িবে। এই সময় হইতে রাত্রি সাড়ে এগারোটা পর্যন্ত সিরাজগঞ্জ, ঢাকা মেল,

নর্থ বেঙ্গল এক্সপ্রেস শ্রদ্ধতি বড় বড় দূরের ট্রেনগুলির ভিড়। যাত্রীরা ব্যতায়িত করে বহু, অনেকেই খায়। হাজারির আশা ছাড়াইয়া গিয়াছে এখানকার খরিদারের সংখ্যা।

স্টেশনের হোটেলে দুজন নতুন লোক রান্না করে। এখানে বেশী ভাগ লোকে চায় ভাত আর মাংস—সেজন্ত ভাল মাংস রান্না করিতে পারে একরূপ লোক বেশী বেতন দিয়া রাখিতে হইতেছে। পরিবেশন করিবার জন্ত আছে তিনজন চাকর—এক-একদিন ভিড় এত বেশী হয় যে, ও হোটেল হইতে পরিবেশনের লোক আনাইতে হয়।

হাজারিকে দেখিয়া পাচক ও ভৃত্যেরা একটু সন্ত্রস্ত হইয়া উঠিল। সকলেই জানে হাজারি তাহাদের আসল মনিব, নয়ন ম্যানেজার মাত্র। তাহারা ইহাও ভাল জানিয়াছে যে হাজারির পদতলে বসিয়া তাহারা এখন দশ বৎসর রান্না-কাজ শিখিতে পারে—সুতরাং হাজারিকে শুধু তাহারা যে মনিব বলিয়া সম্বোধ করে তাহা নয়, ওস্তাদ কারিগর বলিয়া শ্রদ্ধা করে।

একজন রাঁধুনির নাম সতীশ দীঘড়ি। বাড়ী হুগলী জেলার কোনো পাড়াগায়ে, রাঢ়ী শ্রেণীর ব্রাহ্মণ। খুব ভাল রান্নার কাজ জানে, পূর্বে ভাল ভাল হোটেলে মোটা মাহিনায় কাজ করিয়াছে—এমন কি একবার জাহাজে সিঙ্গাপুর পর্য্যন্ত গিয়াছিল—সেখানে এক শিখ হোটেলেও কিছুদিন কাজ করিয়াছে। সতীশ নিজে ভাল রাঁধুনি বলিয়া হাজারির মর্খ খুব ভাল করিয়াই বোঝে এবং যথেষ্ট সম্মান করিয়া চলে।

হাজারি তাহাকে বলিল—কি দীঘড়ি মশাই, রান্না সব তৈরী হোল ?

সতীশ বিনীত স্বরে বলিল—একবার দয়া করে আসুন কর্তা, মাংসটা একবার দেখুন না ? -

—ও আমি আর কি দেখব, আপনি যেখানে রয়েছেন—

—অমন কথা বলবেন না কর্তা, অল্প কেউ আপনাকে বোঝে না-বোঝে আমি তো আপনাকে জানি—এসে একবার দেখিয়ে যান—

হাজারি রান্নাঘরে গিয়া কড়ার মাংসের রং দেখিয়া বলিল—রং এরকম কেন দীঘড়ি মশায় ? -

সতীশ উৎফুল্ল হইয়া অপর রাঁধুনীকে বলিল—বলেছিলাম না কাস্তিক ? কর্তা চোখে দেখলেই ধরে ফেলবেন ? কুঁদের মুখে বাক থাকে কখনো ? কর্তা যদি কিছু মনে না করেন, কি দোষ হয়েছে আপনাকে ধরে দিতে হবে আজ।

হাজারি হাসিয়া বলিল—পরীক্ষা দিতে হবে দীঘড়ি মশাই আবার এ বয়সে ? লঙ্কার বাটনা হয় নি—পুরনো লঙ্কা, তাতেই রং হয় নি। রং হবে শুধু লঙ্কার গুণে।

—কর্তা মশাই, সাথে কি আপনার পায়ে ধুলো মাথায় নিতে ইচ্ছে করে ? কিন্তু আর একটা দোষ হয়েছে সেটাও ধরুন।

হাজারি ভীকৃ দৃষ্টিতে মাংসের কড়ার দিকে কিছুক্ষণ চাহিয়া বলিল—কষামাংসে যে গরম জল ঢেলেছিলেন, তা ভাল ফোটেনি। সেই জন্তে প্যাজা উঠেছে। ওতে মাংস জঠর হয়ে যাবে।

সতীশ অস্ত্র পাচকের দিকে চাহিয়া বলিল—শোন কার্তিক, শোন। আমি বলছিলাম না তোমায় জল ঢালবার সময় যে এতে প্যাজা উঠেছে আর মাংস নরম হবে না? আর কর্তা-মশায় না দেখে কি করে বুঝে ফেলেচেন ঝাথ। ওস্তাদ বটে আপনি কর্তা।

হাজারি হাসিয়া কি একটা বলিতে যাইতেছিল, এমন সময় চট্টগ্রাম মেল আসিয়া সশব্দে প্ল্যাটফর্মে ঢুকিতেই কথার স্তম্ভ ছিঁড়িয়া গেল। হোটেলের লোকজন অস্ত্রদিকে ব্যস্ত হইয়া পড়িল।

বেশ ভালো ঘর। বিজলী আলো জলিতেছে। মার্কেল পাথরের টেবিলে বাবু খরিদারেরা খাইতেছে চেয়ারে বসিয়া। ভীষণ ভীড় খরিদারের—ওদিকে বনগা লাইনের ট্রেনও আসিয়া দাঁড়াইয়াছে। কলরব, হৈ-চৈ, ব্যস্ততা, পয়সা গুনিয়া কুল করা যায় না—এই তো জীবন। বেচু চক্কির হোটেলের বাগানঘরে বসিয়া হাতাবেড়ি নাড়িতে নাড়িতে এই রকম একটা হোটেলের কল্পনা করিতে সে কিন্তু কখনও সাহস করে নাই। এত সুখও তার অদৃষ্টে ছিল! পদ্মদিদির কত অপমান আজ সার্থক হইয়াছে এই অপ্রত্যাশিত কর্ণব্যস্ত হোটেল-জীবনের মধ্যে! আজ কাহারও প্রতি তাহার কোন বিবেচ্য নাই।

হঠাৎ হাজারির মনে পড়িল চাকদহ হইতে ইটাপথে গোপালনগরে যাইবার সময় সেই ছোট্ট গ্রামের গোয়ালাদের বাড়ীর বধূটির কথা। হাজারি তাহাকে কথা দিয়াছিল তাহার টাকা হাজারি ব্যবসাতে খাটাইয়া দিবে। সে কাল যাইবে। গরীব মেয়েটির টাকা খাটাইবার এই ভাল ক্ষেত্র। বিশ্বাস করিয়া দিতে চাহিল হাজারির দুঃসময়ে—সুসময়ে সেই সরলা মেয়েটির দিকে তাহাকে চাহিতে হইবে। নতুবা ধর্ম থাকে না।

পরদিন সকালেই হাজারি নতুন পাড়া বণনা হইল। চাকদা স্টেশন পর্যন্ত অবশ্য ট্রেনে আসিল—বাকী পথটুকু হাঁটিয়াই চলিল।

সেই রকম বড় বড় তেঁতুল গাছ ও অস্ত্রাস্ত্র গাছের জঙ্গলে দিনমানেনই এ পথে অন্ধকার। হাজারির মনে পড়িল সেবার যখন সে এ পথে গিয়াছিল, তখন বাণাঘাট হোটেলের চাকুরি তাহার সবে গিয়াছে—হাতে পয়সা নাই, পথ হাঁটিয়া এই পথে সে চাকুরি খুঁজিতে বাহির হইয়াছিল। আর আজ?

আজ অনেক তকাত হইয়া গিয়াছে। এখন সে বাণাঘাটের বাজারে দুটি বড় হোটেলের মালিক। তার অধীনে দশ-বায়ো জন লোক খাটে। যে মেয়েটির অস্ত্র আজ তার এই উন্নতি, হাজারির সাধ্য নাই তাহার বিন্দুমাত্র প্রত্যাশকার সে করে—অতসী-মা বড়মাস্তবের মেয়ে, তার উপর সে বিবাহিতা—হাজারি তাহাকে কি দিতে পারে?

কিন্তু তাহার বদলে যে দুটি-একটি সরলা দরিদ্র মেয়ে তাহার সংসর্শে আসিয়াছে, সে তাহাদের ভাল করিবার চেষ্টা করিতে পারে। নতুন পাড়ার গোয়াল-বউটি ইহাদের মধ্যে একজন। নতুন পাড়া পৌঁছিতে বেলা প্রায় ন’টা বাজিল। গ্রামের মধ্যে হঠাৎ না ঢুকিয়া হাজারি পথের ধারের একটা তেঁতুল গাছের ছায়ায় কাহারো একখানা গল্পের গাড়া পড়িয়া

আছে, তাহার উপর আসিয়া বসিল। সর্ব্বাক্ষে ঘাম, এক হাঁটু ধুলা—একটু জিরাইয়া লইয়া ঘাম মরিলে সম্মুখের ক্ষুদ্র ডোবাটার জলে পা ধুইয়া জুতা পায়ে দিয়া ভ্রমলোক সাজিয়া গ্রামে ঢোকাই যুক্তিসঙ্গত।

একটি প্রৌঢ়বয়স্ক পথিক যশোরের দিক হইতে আসিতেছিল, হাজারিকে দেখিয়া সে কাছে গিয়া বলিল—দেশলাই আছে ?

—আছে, বহন।

—আপনারা ?

—ব্রাহ্মণ।

—প্রণাম হই, একটু পায়ের ধুলো দেন ঠাকুরমশাই।

লোকটির নাম কৃষ্ণলাল, জাতিতে শাখারি, বাড়ী পূর্ব্ববঙ্গ অঞ্চলে। কথাবার্তায় বেশ টান আছে পূর্ব্ববঙ্গের। বনগ্রামে ইছামতীর ঘাটে তাহাদের শাখার বড় ভড় নোঙর করিয়া আছে, কৃষ্ণলাল পায়ে হাঁটিয়া এ অঞ্চলের গ্রামগুলি এবং ক্রেতার আত্মমানিক সংখ্যা ইত্যাদি দেখিতে বাহির হইয়াছে।

কাজের লোক বেশীকণ বসে না। একটা বিড়ি ধরাইয়া শেষ করিবার পূর্বেই কৃষ্ণলাল উঠিতে চাহিল। হাজারি কথাবার্তায় তাহাকে বসাইয়া রাখিল। বনগাঁ হইতে সত্তেরো মাইল পথ হাঁটিয়া ব্যবসার খোঁজ লইতে বাহির হইয়াছে যে লোক, তাহার উপর অসীম শ্রদ্ধা হইল হাজারির। ব্যবসা কি করিয়া করিতে হয় লোকটা জানে।

সে বলিল—গাঁজাটাজা চলে ? আমার কাছে আছে—

কৃষ্ণলাল একগাল হাসিয়া বলিল—তা ঠাকুরমশায়—পেরসাদ যদি দেন দয়া করে—তবে তো ভাগ্যি।

—বোসো তবে, এক ছিলিম সাজি।

হাজারি খুব বেশী যে গাঁজা খায়, তা নয়। তবে উপযুক্ত সঙ্গী পাইলে এক-আধ ছিলিম খাইয়া থাকে। আজকাল রাণাঘাটে গাঁজা খাইবার সুবিধা নাই, হোটেলের সকলে খাতির করে, তাহার উপর নয়ন আছে—এই সব কারণে হোটেলের ও ব্যাপার চলে না—বাসায় তো নয়ই, সেখানে টেপি আছে। আবার যাহার তাহার সঙ্গেও গাঁজা খাওয়া উচিত নয়, তাহাতে মান থাকে না। আজ উপযুক্ত সঙ্গী পাইয়া হাজারি ছটমনে ভাল করিয়া ছিলিম সাজিল। কলিকাটি ভদ্রতা করিয়া কৃষ্ণলালের হাতে দিতে বাইতেই কৃষ্ণলাল এক হাত জিভ কাটিয়া হাত জোড় করিয়া বলিল—বাপরে, আপনাবা দেবতা। পেরসাদ করে দিন আগে—

কথায় কথায় হাজারি নিজের পরিচয় দিল। কৃষ্ণলাল খুশি হইল, সেও বাজে লোকের সঙ্গে মিশিতে ভালবাসে না—নিজের চেষ্টায় যে রাণাঘাটের বাজারে দুটি বড় বড় হোলেটের মালিক, তাহার সহিত বসিয়া গাঁজা খাওয়া যায় বটে।

হাজারি বলিল—রাণাঘাটে তো যাবে, আমার হোটেলেরই উঠো। রেলবাজারে আমার

নাম বললেই সবাই দেখিয়ে দেবে। পয়সা দিও না কিন্তু, আমি সব দিয়ে দিচ্ছি—তোমার সঙ্গে আমার কথা আছে।

কৃষ্ণলাল পুনরায় হাতজোড় করিয়া বলিল—আজ্ঞে ওইটি মাপ করতে হবে কর্তা। আপনার হোটেলেরই উঠবো—কিন্তু বিনি পয়সায় খেতে পারব না। ব্যবসার নিয়ম তা নয়, নেষা নেবে, নেষা দেবে। এ না হলে ব্যবসা চলে না। ও ছকুম করবেন না ঠাকুরমশায়।

—বেশ, তা যা ভাল বোঝো।

কৃষ্ণলাল পুনরায় পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া বিদায় লইল।

হাজারি গ্রামের মধ্যে ঢুকিয়া শ্রীচরণ ঘোষের বাড়ী খুঁজিয়া বাহির করিল। শ্রীচরণ ঘোষ বাড়ীতেই ছিল, হাজারিকে দেখিয়া চিনিতে পারিল তখনই। এসব স্থানে কালেভদ্রে লোকজন আসে—কাজেই মানুষের মুখ মনে থাকে অনেক দিন।

বউটি সংবাদ পাইয়া ছুটয়া আসিল। গলায় আঁচল দিয়া প্রণাম করিয়া বলিল—বলেছিলেন যে দু-মাসের মধ্যে আসবেন খুঁড়োমশায়? দু-বছর আড়াই বছর হয়ে গেল যে! মনে পড়ল এতদিন পরে মেয়ে বলে?

—তা তো পড়লো মা। এস সাবিত্রীসমান হও মা, বেশ ভাল আছ?

—আপনি ষেরকম রেখেছেন। আপনাদের বাড়ীর সব ভাল খুঁড়োমশায়?

—তা এখন একরকম ভাল।

—কুমুদিদির সঙ্গে দেখা হয়েছিল, ভাল আছে?

—হ্যাঁ, ভাল আছে।

—আমার কথা বলেছিলেন?

হাজারি বিপদে পড়িল। ইহার এখান হইতে সেবার সেই ষাইবার পরে গোপালনগরে চাকুরি করিল অনেক দিন, তারপর কতদিন পরে রাণাঘাটে গিয়া কুমুমের সহিত দেখা—ইহার কথা তখন কি আর মনে ছিল?

—ইয়ে, ঠিক মনে পড়ছে না বলেছিলাম কিনা। নানা কাজে ব্যস্ত থাকি, সব সময় সব কথা মনেও পড়ে না ছাই। বুড়োও তো হয়েছি মা—

—আহা বুড়ো হয়েছেন না আরও কিছু! আমার পিসেমশায়ের চেয়ে আপনি তো কত ছোট!

—কে গন্ধাধর? হ্যাঁ, তা গন্ধাধর আমার চেয়ে অন্ততঃ বোল-মতেরো বছরের বড়।

—বহন খুঁড়োমশায়, আমি আপনার হাত-পা ধোয়ার জল আনি—

শ্রীচরণ ঘোষ তামাক সাজিয়া আনিয়া হাতে দিয়া বলিল—আপনি তো দাঠাকুর বউমার বাপের বাড়ীর গাঁয়ের লোক—সব স্তনেচি আমরা সেবার আপনি চলে গেলে। বউমা সব পরিচয় দেলেন।

হাজারি বলিল—সে বউটির বাপের বাড়ীর গাঁয়ের লোক নয়, তবে তাহার পিসিমার

খন্ডরবাড়ীর গ্রামের লোক বটে এবং বউয়ের পিতৃকুলের সহিত তাহার বহুদিন হইতে জানাশোনা আছে বটে ।

শ্রীচরণ বলিল—দাঠাকুর আমরা ছোট জাত, বলতে সাহস হয় না—যখন এবার পায়েয় খুলো দিয়েছেন তখন দু-চার দিন এখানে এবার থাকুন না কেন ? বউমারও বড় সাধ আপনি দুদিন থাকেন, আমরা বলতি বলেচে আপনাকে ।

হাজারি এখানে কুটুন্ডিতার নিয়ন্ত্রণ খাইতে আসে নাই, এমন কি আজ ওবেলা রওনা হইতে পারিলেই ভাল হয় । দুটি বড় হোটেলের কাজ, সে না থাকিলে সব বিশৃঙ্খল হইয়া যাইবে—হাজার কাজ বুঝিলেও নরেন এখনও ছেলেমানুষ । তাহার উপর দুই হোটেলের ক্যাশের দায়িত্ব রাখা ঠিক নয় ।

রান্না করিবার সময় বউটিও ঠিক ওই অল্পবোধ করিল । এখন দুদিন থাকিয়া যাইতে হইবে, যাইবার তাড়াতাড়ি কিসের ? সেবার ভাল করিয়া সেবাস্বত্ব না করিতে পারিয়া উহাদের মনে কষ্ট আছে, এবার তাহা হইতে দিবে না ।

হাজারি হাসিয়া বলিল—মা, সেবার দুদিন থাকলে কোনো ক্ষেতি ছিল না—কিন্তু এবার তা আর ইচ্ছা করলেও হবার জো নেই ।

হাজারির কথার ভাবে বউটি অবাক হইয়া তাহার মুখের দিকে চাহিয়া বলিল—কেন খুড়োমশায় ? এবার থাকতে পারবেন না কেন ? কি হয়েছে ?

—সেবার চাকুরি ছিল না বলেছিলাম মনে আছে ?

—এবার চাকুরি হয়েছে, তা বুঝতে পেরেচি । ভালই তো—ভগবান ভালই করেচেন ।
কোথায় খুড়োমশায় ?

—গোপালনগরে ।

—ও ! তাই এ রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছেন বুঝি ?

—ঠিক বুঝেচ মা । মায়ের আমার বড় বুদ্ধি !

বধূটি সলজ্জ হাসিয়া বলিল—আহা, এর মধ্যে আবার বুঝির কথা কি আছে খুড়োমশায় ?

—বেশ, কিন্তু তুমি বঁটি দেখে কোটো মা । আঙুল কেটে ফেলবে । ঝিঙেগুলো খুয়ে ফেল এবার—

—গোপালনগরের কোথায় চাকুরি করছেন খুড়োমশায় ?

—কুতুদের বাড়ী ।

—খুব বড়লোক বুঝি ?

—নিশ্চয়ই । নইলে রাঁধুনী রাখে কখনো পাড়ারগায়ে ? খুব বড়লোক ।

—ওদের বাড়ী পূজো হয় খুড়োমশায় ?

—খুব জাঁকের পূজো হয় । মস্ত প্রাতিমে । যাত্রা, পাচালি—

আমায় নিয়ে দেখিয়ে আনবেন এবার পূজোর সময় ? আপনার কোনো হাংনামা পোন্নাতে হবে না । আমাদের বাড়ীর গরুর গাড়ী আছে, তাতে উঠে বাপে-ঝিয়ে যাবো ।

আবার তার পরদিন দেখেত্তনে ফিরবো। কেমন ?

—বেশ তো।

—নিয়ে যাবেন তাহলে, কথা রইল কিন্তু। আমি কখনো কোনো জাঙ্গায় যাই নি খুড়োমশায়, বাপের বাড়ীর গাঁ আর শুরব বাড়ীর গাঁ—হয়ে গেল। আমার বড্ড ক্লোনো জাঙ্গায় যেতে দেখতে ইচ্ছে করে। তা কে নিয়ে যাচ্ছে ?

হাজারির মনে অত্যন্ত কষ্ট হইল। মেয়েটিকে একটু শহর-বাজারের মুখ তাহাকে দেখাইতেই হইবে। সে বুঝাইয়া বলিল, তাহার দ্বারা যাহা হইবার তাহা সে করিবেই। পাকা কথা থাকিল।

একবার তামাক খাইয়া লইয়া বলিল—মা, সেই টাকার কথা মনে আছে ?

—হ্যাঁ খুড়োমশায়। টাকা আপনার দরকার ?

—কত দিতে পারবে ?

—তখন ছিল আশি টাকা—এই দু-বছরে আর গোটা কুড়ি হয়েছে।

বধূটি লজ্জায় মুখ নিচু করিয়া বলিল—আপনার জামাই লোক ভাল। গত সন তামাক পুঁতে দু-পয়সা লাভ করেছিল, আমায় তা থেকে কুড়িটা টাকা এনে দিয়ে বললে, ছোট বেঁচে রেখে দাও। এ তোমার রইল।

—বেশ, টাকাটা আমায় দিয়ে দাও সবটা।

—নিয়ে যান। আমি তো বলেছিলামই সেবার—

—ভাল মনে দিচ্ছ তো মা ?

বধূ জিত কাটিয়া বলিল—অমন কথা বলবেন না খুড়োমশায়, আপনি আমার বাপের বাঁয়সী ব্রাহ্মণ দেবতা—দুটো কানা কড়ি আপনার হাতে দিয়ে অর্থাশ্রয় করব, এমন মতি যেন ভগবান না দেন।

মেয়েটির সরল বিশ্বাসে হাজারির চোখে জল আসিল। বলিল—বেশ, তাই দিও। সুদ কি রকম নেবে ?

—যা আপনি দেবেন। আমাদের গাঁয়ে টাকায় দু-পয়সা রেট্—

—তাই পাবে আমার কাছে।

হাজারি খাইতে বাঁয়সী কেবলই ভাবিতেছিল মাত্র এক শত টাকার মূলধনে মেয়েটিকে সে এমন কিছু বেশী লাভের অংশ দিতে পারিবে না তো। অংশীদার সে করিয়া লইবে তাহাকে নিশ্চয়ই—কিন্তু এক শত টাকায় কত আর বাঁয়সী লভ্যাংশ পড়িবে। হাজারির ইচ্ছা মেয়েটিকে সে আরও কিছু বেশী করিয়া দেয়। রেলওয়ে হোটেলের অংশে যে অল্প কাহারও নাম থাকিবার উপায় নাই—নতুবা গুণানকার আয় বেশী হইত বাজারের হোটেলের চেয়ে।

খাওয়া-দাওয়ার পর অল্পক্ষণ মাত্র বিশ্রাম করিয়াই হাজারি রওনা হইল—যাইবার পূর্বে বোটি হাজারির নিকট এক শত টাকা ষাঁপিয়া দিল। হাজারি ষাঁপিয়াট হইতেই

একখানা হ্যাণ্ডনোট একেবারে টিকিট মারিয়া আনিয়াছিল, কেবল টাকার অঙ্কট বসাইয়া নাম সই করিয়া দিল। হাজারির অত্যন্ত মায়্যা হইল মেয়েটির উপর। যাইবার সমস্ত লে বাব বার বলিল—এবার যখন আসবো, শহর ঘুরিয়ে নিয়ে আসবো কিন্তু মনে থাকে যেন না।

—গোপালনগর ?

—যেখানে বল তুমি।

—আবার কবে আসবেন ?

—দেখি, এবার হয়তো বেশী দেরি হবে না।

এখান হইতে নিকটেই বেলেবর বাজার—ক্রোশ দুয়ের মধ্যে। হাজারির অত্যন্ত ইচ্ছা হইল বেলেবর বাজারে সেবার যে মুদীর দোকানে আশ্রয় লইয়াছিল, তাহার সহিত একবার দেখা করে। জ্যেৎশ্না রাত আছে, শেষ রাত্রের দিকে বেলেবর বাজার হইতে বাহির হইলেও বেলা আটটার মধ্যে রাণাঘাট পৌছানো যাইবে।

বেলেবর বাজারের মুদী হাজারিকে দেখিয়া চিনিল। খুব স্বস্তি করিয়া থাকিবার আশ্রয় করিয়া দিল। তামাক সাজিয়া ব্রাহ্মণের হুকায় জল ফিরাইয়া হাজারির হাতে দিয়া বলিল—ইচ্ছে করুন, ঠাকুরমশায়। তা এখন আপনার কি করা হয় ? সেবার তো চাকুরির চেষ্টায় বেরিয়ে ছিলেন—

—হ্যাঁ সেবার তো চাকুরি পেয়েওছিলাম—গোপালনগরে কুণ্ডুবাবুদের বাড়ী।

—ও ! তা বেশ বেশ। গোপালনগরের কুণ্ডুবাবুরা এদিগরের মধ্যে নাম-করা বড়লোক। লোকও তেনারা গুনিচি বড় ভাল। কত মাইনে দেয় ঠাকুরমশাই ?

—তা দিত দশ টাকা আর খাওয়া-পরা।

—ছুটি নিয়ে বাড়ি গিয়েছিলেন বুঝি ? এখন গোপালনগরেই যাবেন তো ?

—না, আমি আর সেখানে নেই।

মুদী দুঃখিত স্বরে বলিল—আহা ! সে চাকুরি নেই ? তবে এখন কি—

হাজারি বসিয়া বসিয়া তাহার হোটেলের ইতিহাস আত্মপূর্বক বর্ণনা করিল। দোকানী পাকা ব্যবসাদার, ইহার কাছে এ গল্প করিয়া সুখ আছে, ব্যবসা কাহাকে বলে এ বোঝে।

রাত প্রায় সাড়ে আটটা বাজিল। হাজারির গল্প শুনিয়া মুদী তাহাকে অন্ত চোখেই দেখিতে আরম্ভ করিয়াছে, সমস্তের সহিত বলিল—ঠাকুরমশাই, রাত হয়েছে, রস্বয়ের যোগাড় করে দিই। তবে একটা কথা, আমার দোকানের জ্বলিসপত্তরের দাম এক পরসাদিতে পারবেন না—

—সে কি কথা !

—না ঠাকুরমশায়, এখন তো পথ-চলতি খন্দের নন, আমারই মত ব্যবসাদার, বহু লোক। আমার দোকানে দয়া করে পায়ের ধুলো দিয়েছেন, আমার বা জোটে, ছুটি বিহুরের খুদ-খেয়ে

যান। আবার রাণাঘাটে যখন আপনার হোটেলেরে যাব, তখন আপনি আমায় খাওয়াবেন।

হাজারি জানে এ অঞ্চলের এই রকমই নিয়ম বটে। ব্যবসাদার লোকদের পরস্পরের মধ্যে যথেষ্ট সহানুভূতি ও খাতির এখনও এই সব পাড়ারগাঁ অঞ্চলে আছে। রাণাঘাটের মত শহর জায়গায় রেবারেরির আবহাওয়ায় উহা নষ্ট হইয়া গিয়াছে।

রাত্রি দোকানী বেশ ভাল খাওয়া-দাওয়ার যোগাড় করিয়া দিল। ঘি ময়দা আনিয়া দিল, লুচি ভাজিয়া খাইতে হইবে, হাজারির কোনো আপত্তিই টিকিল না। ছোট একটা রুই মাছ কোথা হইতে আনিয়া হাজির করিল। টাটকা পটল, বেগুন, প্রায় আধ সের ঘন দুধ, বেলেচর বাজারের উৎকৃষ্ট কাঁচাগোল্লা সন্দেহ।

হাজারি দস্তুরমত লজ্জিত ও অপ্রতিভ হইয়া পড়িল। এমন জানিলে সে এখানে আসিত না। মিছামিছি বেচারীর দণ্ড করা, অথচ সে-কথা বলিতে গেলে লোকটি মহা দুঃখিত হইবে। এই ধরনের নিঃস্বার্থ আতিথেয়তা শহর-বাজারে হাজারির চোখে পড়ে নাই—এই সব পল্লী-অঞ্চলেই এখনও ইহা আছে, হয়তো দু-দশ বছর পরে আর থাকিবে না।

পরদিন সকালে হাজারি দোকানীর নিকট বিদায় লইল বটে, কিন্তু রাণাঘাট না আসিয়া ইটাপথে গোপালনগর চলিল। তাহার পুরানো মনিব-বাড়ী, সেখানে তাহার একটা কাপড়ের পুঁটুলি আজও পড়িয়া আছে—আনি আনি করিয়া আনা আর হইয়া উঠে নাই।

পথে বেলা চড়িল।

পথের ধারে বনজঙ্গলে ঘেরা ছোট পুকুরটি দেখিয়া হাজারির মনে পড়িল ইহারই কাছে শ্রীনগর সিম্লে গ্রাম।

হাজারি গ্রামের মধ্যে ঢুকিল, তাহার বড় ইচ্ছা হইল সেবার যাহার বাড়ীতে আশ্রয় লইয়াছিল, সেই ভ্রলোকের সঙ্গে দেখা করিয়া তবে যাইবে। অনেক দিন পরে যখন এ পথে আসিয়াছে, তখন তাঁহার সংবাদ লওয়াটা দরকার বটে।

বিহারী বাড়ুঘ্যে মশায় বাড়ীতেই ছিলেন। এই দুই বৎসরে চেহারায় তাঁহার আরও ম্যালেরিয়াশীর্ণ হইয়া পড়িয়াছে, মাথার চুল সবগুলি পাকিয়া গিয়াছে, সম্মুখের দু-একটি দাঁত পড়িয়াছে। বাড়ুঘ্যে মশায় হাজারিকে দেখিয়া চিনিতে পারিলেন, গ্রাম্য আতিথেয়তার কোনো ক্রটি হইল না—তখনই হাত-পা ধুইবার জল আনিয়া দিলেন এবং এ-বেলা অস্তুতঃ থাকিয়া আহার না করিয়া তাহার যে যাইবার উপায় নাই এ-কথাটিও হাজারিকে জানাইয়া দিলেন। বাড়ীর সম্মুখস্থ নারিকেল গাছে ডাব পাড়িবার জন্ত তখনই লোক উঠাইবার ব্যবস্থা করিলেন।

গ্রামে তখনই লোক ছিল না ভুত, এ দু-বছরে যেন আরও জনশূন্য হইয়া পড়িয়াছে।

বাঁড়ুঘোমশায়ের বাড়ীর উত্তর দিকের বাঁশবনের ওপারে সেবার একঘর গৃহস্থ ছিল, হাজারির মনে আছে—এবার সেখানে শূন্য ভিটা পড়িয়া আছে। বিহারী বাঁড়ুঘো বলিলেন—কে, ও ছুলাল তো? না ওদের আর কেউ নেই। ছুলাল আর তার ভাই নেপাল এক কার্তিক মাসে মারা গেল—ছুলালের বৌ বাপের বাড়ী চলে গেল, ছেলেটা মেয়েটার হাত ধরে, আর নেপাল তো বিয়েই করে নি। কাজেই ভিটে সমভূম হয়ে গেল। আর গাঁ স্বচ্ছ হয়েছে এই দশা। তা আপনি আসবেন বলেছিলেন আসুন না? ঐ ছুলালের ভিটেতে ঘর তুলুন কিংবা চলে আসুন আমার এই রাস্তার ধারের জমি দিচ্ছি আপনাকে। আমাদের গাঁয়ে এখন লোকের দরকার—আপনি আসুন খুব ভাল ধানের জমি দেবো আপনাকে আর আম-কাঁঠালের বাগান। কত চান? বড় বড় আম-কাঁঠালের বাগান পড়ে রয়েছে ঘোষ জঙ্গল হয়ে পূব পাড়ায়। লোক নেই মশায়, কে ভোগ করবে আম-কাঁঠালের বাগান? আপনি আসুন, চারখানা বড় বড় বাগান আপনাকে জমা দিয়ে দিচ্ছি। আমাদের গাঁয়ের মত খাণ্ডস্বত্ব কোথাও পাবেন না, আর এত সস্তা! দুধ বলুন, ফলফুলুরি বলুন, মাছ বলুন—সব সস্তা।

হাজারি ভাবিল, জিনিস সস্তা না হইয়া উপায় কি? কিনিবার লোক কে আছে? একটা কথা তাহার মনে হওয়াতে সে বিহারী বাঁড়ুঘোকে জিজ্ঞাসা করিল—গাঁয়ে লোক নেই তে জিনিসপত্রের তৈরী করে কে? এই তরি-তরকারি দুধ?

বাঁড়ুঘো মশায় বলিলেন—ওই যে—আপনি বুঝতে পারলেন না! ভদ্রলোক মরে হেছে যাচ্ছে কিন্তু চালালোকের বাড়বাড়ন্ত খুব। সিন্ধে গাঁয়ের বাইরে মাঠের মধ্যে দেখবেন একশো ঘর চারী কাণ্ডরী আর বুনোর বাসা। ওদের মধ্যে মশায় ম্যালেরিয়া নেই, যত রোগ বালাই সব কি এই ভদ্রলোকের পাড়ায় মশায়? পাড়াকে পাড়া উজোড় করে দিলে একেবারে যোগে!

বিহারী বাঁড়ুঘোর চারিটি ছেলে, বড় ছেলেটির বছরখানেক হইল বিবাহ দিয়াছেন, বলিলেন। সে ছেলেটির স্বাস্থ্য এত খারাপ যে হাজারির মনে হইল এ গ্রামে আর ছ-ভিন বছর এভাবে যদি ছেলেটি কাটায় তবে বাঁড়ুঘো মশায়ের পুত্রবধূকে কপালের সিঁদুর এবং হাতের নোয়ার মায়া কাটাইতেই হইবে।

কিন্তু সে ছেলেটির বাড়ী ছাড়িয়া কোথাও বাইবার উপায় নাই, জমিজমা, চাষ-আবাদের সমস্ত কাজই তাহাকে দেখিতে হয়—বৃদ্ধ বাঁড়ুঘো মশায় একরূপ অশক্ত হইয়া পড়িয়াছেন। বড় ছেলেটিই একমাত্র ভরসা। তাহার উপর ছেলেটি লেখাপড়া এমন কিছু জানে না যে বিদেশে বাহির হইয়া অর্থ উপার্জন করিতে পারে, তাহার বিচার দৌড় গ্রামের উচ্চ প্রাথমিক পাঠাশালা পর্য্যন্ত—শুধু তাহার কেন, অস্ত্র ছেলেগুলিরও তাই।

তবুও হাজারি বলিল—বাঁড়ুঘোমশায় একটা কথা বলি। আপনি যদি কিছু মনে না করেন। আপনার একটি ছেলেকে আমি বাণাঘাটে নিয়ে গিয়ে হোটেলের কাজে চুকিয়ে দিতে পারি—ক্রমে বেশ উন্নতি করতে পারে—

বিহারী বাঁড়ুঘো বলিলেন—ভাত-বেচা হোটেল? না, মাপ করবেন। ও-সব আমাদের ধার্য হবে না। আমাদের বংশে ও-সব কখনো—ও কাজ আমাদের নয়।

হাজারি আর কিছু বলিতে সাহস করিল না।

শ্রীনগর সিম্লে হইতে বাহির হইয়া যখন সে আবার বড় রাস্তার উঠিল তখন সেবারকারের মতই সে হাঁপ ছাড়িয়া বাঁচিল। অমন নিরুপদ্রব নিশ্চিন্ত হুখ মৃত্যুর সামিল—ও হুখ তাঁহার লক্ষ হইবে না।

গোপালনগরে পৌঁছিতে বেলা পাঁচটা বাজিল।

গোপালনগরের কুতুবাদী পৌঁছিতেই হাজারি যথেষ্ট খাতির পাইল। কুতুবের বড়কর্তা খুশি হইয়া বলিলেন—আরে, হাজারি ঠাকুর যে, কোথায় ছিলেন এতদিন? আহ্ন—আহ্ন—

বাড়ীর মেয়েবাও খুশি হইল। হাজারি ঠাকুরের রান্না সব্বন্ধে নিজেদের মধ্যে আজও তাহার বলাবলি করে। লোকটা যে গুণী এ বিষয়ে বাড়ীর লোকদের মধ্যে মতভেদ নাই। ইহার হাজারির পুরানো মনিব হুতরাং সে ইহাদের শ্রাঘ্য প্রাপ্য সম্মান দিতে ক্রটি করিল না। বড়বাবু স্বী বলিলেন—ঠাকুরমশায়, দু-দিনের ছুটি নিয়ে গেলেন, আর দু-বছর দেখা নেই, ব্যাপার কি বলুন তো? মাইনে বাকী তাও নিলেন না। হয়েছিল কি?

ইহার ব্রাহ্মণকে যথেষ্ট সম্মান করিয়া থাকে, রসুইয়ে ব্রাহ্মণের প্রতিও সে সম্মান প্রদর্শনের কার্পণ্য নাই। মেজকর্তার মেয়ে নির্মলাও সেবার বিবাহ হইয়াছিল—সে শতরবাড়ীতে থাকিবার সময়ই হাজারি উহাদের চাকুরি ছাড়িয়া দেয়। নির্মলা এখানে সম্প্রতি আসিয়াছে, সে হাজারির পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া বলিল—বেশ আপনি, শতরবাড়ী থেকে এসে দেখি আপনি আর নেই! উনি সেই বিয়ের পরদিন আপনার হাতের রান্না খেয়ে গেছিলেন, আমরা বললেন—তোমাদের ঠাকুরটি বড় ভাল। ওর হাতের রান্না আর একদিন না খেলে চলবে না, ওমা, এসে দেখি কোথায় কে!—কোথায় ছিলেন এতদিন? সেই রকম মাংস রাঁধুন তো একদিন। এখন থাকবেন তো আমাদের বাড়ী?

হাজারির কষ্ট হইল ইহাদের কাছে প্রকৃত কথা প্রকাশ করিয়া বলিতে। তবুও বলিতে হইল। নির্মলাকে বলিল—তোমায় আমি মাংস রেঁধে খাইয়ে যাব মা, দু-দিন তোমাদের এখানে থেকে সকলকে নিজের হাতে রসুই ক'রে খাওয়াব, তারপর যাব।

বড়কর্তা শুনিয়া খুশি হইয়া বলিলেন—রাণাঘাটের প্র্যাটকর্খের সে নতুন হোটেল আপনার? বেশ, বেশ। আমরা ব্যবসাদার মাছ ঠাকুরমশায়, এইটে বুঝি যে চাকরি করে কেউ কখনও উন্নতি করতে পারে না। উন্নতি আছে ব্যবসাতে, তা সে যে কোন ব্যবসাই হোক। আপনি ভাল রাখেন, ওই হোটেলের ব্যবসাই আপনার ঠিক-মত ব্যবসা—বেটা যে বোঝে বা জানে। উন্নতি করবেন আপনি।

আসিবার সময় ইহার হাজারিকে এক ছোড়া মুঁতি উড়ানি দিল এবং প্রাপ্য বেতন যাহা বাকী ছিল সব চুকাইয়া দিল। হাজারি বেতন লইতে আসে নাই, কিন্তু উহা তাহার বলা

সাজে না। সম্মানের সহিত হাত পাতিয়া সে টাকা ও কাপড় গ্রহণ করিয়া গোপালনগর হইতে বিদায় লইল।

রাশাঘাট স্টেশনে নামিতেই নয়েনের সঙ্গে দেখা। সে বলিল—কোথায় গিয়েছিলেন মামাবাবু? বাড়ীস্থ সব ভেবে খুন। কাল রেলওয়ে ইন্সপেক্টর এসেছিল, আমাদের হোটেল দেখে খুব খুশি হয়ে গিয়েছে। স্টেশনের রিপোর্ট বইতে বেশ ভাল লিখেছে।

—টেঁপি ভাল আছে?

—হ্যাঁ, কাল আমরা সব টকি দেখতে গেলাম মামাবাবু। মামীমা, আমি আর আশালতা। মামীমা টকি দেখে খুব খুশি।

টেঁপির কথাটা সে মামীমার উপর দিয়াই চালাইয়া দিল।

—আর একটা কথা মামাবাবু—

—কি?

—কাল পদ্মি এসে আপনাদের বাসার মামীমার সঙ্গে অনেকক্ষণ আলাপ করে গেল। আর কুম্ভদিদি একবার আপনাকে দেখা করতে বলেছে। উনিও কাল এসেছিলেন।

হাজারি বাড়ী ঢুকিতেই টেঁপি গরফে আশালতা এবং তাহার মা দুজনাই টকির গন্ধে মুগ্ধ হইয়া উঠিল। জীবনে এই প্রথম, তাহার কখনও ও-জিনিসের কল্পনাই করে নাই—আবার একদিন দেখিতেই হইবে—এইবার কিন্তু টেঁপি বাবাকে সঙ্গে না লইয়া ছাড়িবে না। কাজ তো সব সময়েই আছে, একদিনও কি সময় করিয়া বাইতে নাই?

—কি গান গাইলে! চমৎকার গান, বাবা। আমি ছুটো শিখে ফেলেছি।

—কি গান রে?

—একটা হোল 'তোয়ারি পথ চেয়ে থাকব বসে চিরদিন'—চমৎকার সুর বাবা। শুনবে? বেশ গাইতে পারি এটা—

—থাক এখন আর দরকার নেই। অল্প সময়...এখন একটু কাজ আছে।

টেঁপি মনঃস্থ হইল। এমন গানটা বাবাকে শোনাইতে পারিলে খুশি হইত। তা নয় বাবার সব সময় কেবল কাজ আর কাজ!

টেঁপির মা বলিল—ওগো, কাল পদ্ম বলে একটা মেয়ে এসেছিল আমার সঙ্গে দেখা করতে। বেশ লোকটা। ওদের হোটলে ডুমি নাকি কাজ করতে!...

হাজারি আগ্রহের সহিত জিজ্ঞাসা করিল—কি বললে পদ্মদিদি?

—গল্প করলে বসে, পান সেজে দিলাম, খেলে। ওদের সে হোটেল উঠে যাচ্ছে। আর চলে না, এই সব বললে।

হাজারি এখনও পদ্মকে সন্দের চোখে দেখে। পদ্মদিদি—সেই বোর্ডিংপ্রতাপ পদ্মদিদি তাহার বাড়ীতে আসিয়াছিল বেড়াইতে—তাহার স্ত্রীর সহিত যাচিয়া আলাপ করিতে—হাজারি নিজেকে অভ্যস্ত সন্মানিত বিবেচনা করিল—পদ্মি তাহার বাড়ীতে পদখলি দিয়া যেন তাহাকে

কৃতার্থ করিয়া দিয়া গিয়াছে।

টেঁপি বলিল—বাবা, নরেনদাদাকে আমি নেমস্তন্ন করেছি। নরেন-দা বলেছে আমাকে মাংস বেঁধে খাওয়াতে হবে। তুমি মাংস এনে দাও—

হাজারি এদিকের সব কাজ মিটাইয়া কুসুমের বাড়ী সাইবার জন্ত রওনা হইল, পথে হঠাৎ পদ্মঝয়ের সঙ্গে দেখা। পদ্মঝয়ের পরনে মলিন বস্ত্র। কখনও হাজারি জীবনে সাহা দেখে নাই।

হাজারি বলিল—হাতে কি পদ্মদিদি? যাচ্ছ কোথায়?

পদ্ম হাজারিকে দেখিয়া দাঁড়াইল, বলিল—ঠাকুরমশায়, কবে ফিরলে? হাতে তেঁতুল, একটু নিয়ে এলাম হোটেল থেকে।

হাজারি মনে মনে হাসিল। হোটেল হইতে লুকাইয়া জিনিস সরাইবার অভ্যাস এখনও যায় নাই পদ্মদিদির।

হাজারি পাশ কাটাইয়া চলিয়া সাইবার চেষ্টা করিল, কিন্তু পদ্ম বলিল—শোনো, দাঁড়াও না ঠাকুরমশায়! কাল তোমাদের বাসায় গিয়েছিলাম যে! বলে নি বৌদিদি?

—হ্যাঁ হ্যাঁ বলছিল বটে।

—বৌদিদি লোক বড় ভাল, আমার সঙ্গে কত গল্প করলে। আর একদিন যাব।

—বা, যাবে বৈ কি পদ্মদিদি, তোমাদেরই বাড়ী। যখন ইচ্ছে হয় যাবে। হোটেল কেমন চলছে?

—তা মন্দ চলছে না। এককরম চলছে।

—বেশ বেশ। তাহলে এখন আসি পদ্মদিদি—

হাজারি চলিয়া গেল। ভাবিল—একরকম চলছে বললে অথচ কাল বাড়ীতে বসে গল্প করে এসেছে হোটেল আর চলে না, উঠে যাবে। পদ্মদিদি ভাঙে তো মচকায় না!

কুসুমের বাড়ীতে হাজারি অনেকক্ষণ কথাবার্তা বলিল। কথায়-কথায় নতুন গাঁয়ের বধুটির কথা মনে পড়াতে হাজারি বলিল—ভাল কথা কুসুম মা চেনো? এঁড়োশোলার বনমালীর জ্বর ভাইঝি—তোমাকে দিদি বলে ডাকে একটি মেয়ে, বিয়ে হয়েছে নতুন গাঁ?

কুসুম বলিল—খুব চিনি। ওর নাম তো সুবাসিনী। ওকে কি ক'রে জানলেন জ্যাঠামশায়?

হাজারি বধুটির সম্বন্ধে সব কথা খুলিয়া বলিল, তাহার টাকা লইয়া আসা, হোটেল তাহাকে অংশীদার করার সঙ্কল্প।

কুসুম বলিল—এ তো বড় খুশির কথা। আপনার হোটেলের টাকা খাটলে ওর ভবিষ্যতে একটা হিল্লো হয়ে রইল।

—কিন্তু যদি আজ মরে যাই মা? তখন কোথায় থাকবে হোটেল?

—ও কথা বলতে নেই জ্যাঠামশায়—ছিঃ—

কুহুমের অবস্থা আজকাল কিরিয়াকে। হাজারি তাকে শুধু মহাজন হিসাবে দেখে না, হোটেলের অংশীদার হিসাবে প্রতি মাসে ত্রিশ-বত্রিশ টাকা দেয়, মাসিক লাভের অংশ-স্বরূপ।

কুহুম বলিল—অমন সব কথা বলেন কেন, ওতে আমার কষ্ট হয়। আপনি ছিলেন তাই আজ রাণাঘাট শহরে মাথা তুলে বেড়াতে পারছি, ছেলেপিলে দু-বেলা দু-মুঠো খেতে পাচ্ছে। এই বাড়ী বাঁধা যেখে গিয়েছিলেন স্বস্তর, আপনাকে বলি নি সে-কথা, এতদিন বাড়ী বিক্রি হয়ে যেতো দেনার দ্বারে, যদি হোটেল থেকে টাকা না পেতাম মাস মাস। ওই টাকা দিয়ে দেনা সব শোধ করে ফেলেছি—এখন বাড়ী আমার নামে। আপনার দৌলতেই সব জ্যাঠামশায়—আমার চোখে আপনি দেবতা।

হাজারি বলিল—উঠি আজ মা। একবার ইষ্টিশানের হোটেলটাতে যাব। একদল বড়লোক টেলিগ্রাম করেছে কলকাতা থেকে, দার্জিলিং মেলের সময় এখানে থানা থাকবে। তাদের জন্তে মাংসটা নিজে রাখবো। তারে তাই লেখা আছে :

দার্জিলিং মেলে চার-পাঁচটি বাবু নামিয়া হাজারির রেলগুয়ে হোটেল খাইতে আসিল। হাজারি নিজের হাতে মাংস রান্না করিয়াছিল। উহার খাইয়া অত্যন্ত খুশী হইয়া গেল—হাজারিকে ডাকিয়া আলাপ করিল। উহাদের মধ্যে একজন বলিল—হাজারিবাবু, আপনার নাম কলকাতায় পৌঁচেছে জানেন তো? বড়ঘরে যারা পঞ্চাশ টাকা মাইনের ঠাকুর রাখে, তারা জানে রাণাঘাটের হিন্দু-হোটেলের হাজারি ঠাকুর খুব বড় রাখুনী। আমাদের সেইটে পরীক্ষা করে দেখবার জন্তে আজ আপনার এখানে আসা। তারে বলাও ছিল যাতে আপনি নিজে রাখেন। বড় খুশি হয়েছি খেয়ে।

ইহার কয়েক দিন পরে একথানা চিঠি আসিল কলকাতা হইতে। সেদিন সাহারা রেলগুয়ে হোটেল খাইয়া গিয়াছিল তাহার। পুনরায় দেখা করিতে আসিতেছে আজ ওবেলা, বিশেষ জরুরী দরকার আছে। সাড়ে তিনটার ক্রফনগর লোকালে দুইজন ভদ্রলোক নামিল। তাহাদের একজন সেদিনকার সেই লোকটি—যে হাজারির রান্নার অত স্বখ্যাতি করিয়া গিয়াছিল। অস্ত্র একজন বাঙালী নয়—কি জাত, হাজারি চিনিতে পারিল না।

পূর্বের ভদ্রলোকটি হাজারির সঙ্গে অবাঙালী ভদ্রলোকটির পরিচয় করাইয়া দিয়া হিন্দীতে বলিল—এর কথাই আপনাকে বলেছিলাম। এই সে হাজারি ঠাকুর।

অবাঙালী ভদ্রলোকটি হাসিমুখে হিন্দীতে কি বলিলেন, হাজারি ভাল বুঝিল না। বিনীত ভাবে বাঙালী বাবুটিকে বলিল যে সে হিন্দী বুঝিতে পারে না।

বাঙালী বাবুটি বলিলেন—শুধু হাজারিবাবু, কথাটা বলি। আমার বন্ধু ইনি গুজরাটি, বড় ব্যবসাদার, ধুরন্ধর খাড়ে কোম্পানীর বড় অংশীদার। জি. আই. পি. রেলের সব হিন্দু রেস্টোরাণ্টের কন্ট্রোল্টর হোল খাড়ে কোম্পানি। ওরা আপনাকে বলতে এসেছে ওদের সব হোটেলের রান্না দেখাওনা তদারক করবার জন্তে দেড়শো টাকা মাইনেতে আপনাকে রাখতে চায়। তিন বছরের এগ্রিমেন্ট। আপনার সব খরচ, রেলের যে কোনো জায়গায়

বাওয়া-আসা, একজন চাকর ওয়া দেবে। বখেতে ফ্রি কোয়ার্টার দেবে। যদি ওদের নাম দাঁড়িয়ে যায় আপনার রান্নার গুণে আপনাকে একটা অংশও ওয়া দেবে। আপনি রাজী ?

হাজারি নরেনকে ডাকিয়া আলোচনা করিল আড়ালে। মন্দ কি ? কাজকর্ম এদিকে যাহা রহিল নরেন দেখাশুনা করিতে পারে। খরচা বাদে মাসে অতিরিক্ত দেড় শত টাকা কম নয়—তা ছাড়া হোটেলের ব্যবসা সম্বন্ধে খুব একটা অভিজ্ঞতা লাভের সুযোগ এটি। এ হাত-ছাড়া করা উচিত হয় না—নরেনের ইহাই মত।

হাজারি আসিয়া বলিল—আমি রাজী আছি। কবে খেতে হবে বলুন। কিন্তু একটা কথা আছে—হিন্দী তো আমি তত জানিনে ! কাজ চালাব কি করে ?

বাঙালী বাবু বলিলেন—সেজ্ঞে ভাবনা নেই। দুদিন থাকলেই হিন্দী শিখে নেবেন। সই করুন এ কাগজে। এই আপনার কন্ট্রাক্ট ফর্ম, এই এ্যাপয়েন্টমেন্ট লেটার। দুজন সাক্ষী ডাকুন।

বহু বাঁড়ুঘ্যে ডাকিয়া আনা হইল তাহার হোটেল হইতে, অল্প সাক্ষী নরেন। কাগজ-পত্রের হাক্কামা চুকিয়া গেলে উহারা চা-পানে আপ্যায়িত হইয়া ট্রেনে উঠিল। বাঙালী ভ্রমলোক বলিয়া গেল—মে মাসের পয়লা জয়েন করতে হবে আপনাকে বখেতে। আপনার ইন্টার ক্লাস বেলগুয়ে পাস আসছে আর আমাদের লোকে আপনাকে সন্ধে করে বখে পৌঁছে দেবে। ভৈরী থাকবেন—আর পনেরো দিন বাকী।

হাজারি স্টেশন হইতে বাহির হইয়াই কুসুমের সঙ্গে একবার দেখা করিবে ভাবিল। এত বড় কথাটা কুসুমকে বলিতেই হইবে আগে। বোম্বাই ! সে বোম্বাই বাইতেছে ! দেড়শো টাকা মাহিনার ! বিশ্বাস হয় না। সব ঘেন অধের মত ঘটিয়া গেল। টাকার জন্ত নয়। টাকা এখানে সে মাসে দেড়শো টাকার বেশী ছাড়া কম রোজগার করে না। কিন্তু মাস্তবের জীবনে টাকাটাই কি সব ? পাঁচটা দেশ দেখিয়া বেড়ানো, পাঁচজনের কাছে মান-খাতির পাওয়া, নূতনতর জীবনযাত্রার আশ্বাদ—এ সবই তো আসল।

পিছন হইতে বহু বাঁড়ুঘ্যে ডাকিল—ও হাজারি-ভায়া, হাজারি-ভায়া শোন, হাজারি-ভায়া—

হাজারি কাছে বাইতেই বহু বাঁড়ুঘ্যে—রাণাঘাটের হোটেলের মালিকদের মধ্যে সর্কীপেন্কা সম্রাস্ত ব্যক্তি যে—সেই বহু বাঁড়ুঘ্যে অয়ং নীচু হইয়া হাজারির পায়ের ধূলা লইতে গেল। বলিল—খন্তি, খুব দেখালে ভায়া, হোটেল করে তোমার মত ভাগি কারো ক্ষেত্রে নি। পায়ের ধূলা দাও, তুমি দাধারণ লোক নও দেখছি—

হাজারি হাঁ-হাঁ করিয়া উঠিল।

—কি করেন বাঁড়ুঘ্যমশায়—আমার দাদার সমান আপনি—ওকি—ওকি—আপনাদের বাপমায়ের আশীর্বাদে, আপনাদের আশীর্বাদে—একরকম করে থাকি—

বহু বাঁদুঘো বলিল—এসো না ভায়া গরীবের হোটেলে একবার এক ছিলিম ভামাক খেয়ে যাও—এসো।

বহু বাঁদুঘোর অল্পরোধ হাজারি এড়াইতে পারিল না। বহু চা খাওয়াইল, ছানার জিলাপি খাওয়াইল, নিজের হাতে ভামাক সাজিয়া খাইতে দিল। স্বপ্ন না সত্য? এই বহু বাঁদুঘো একদিন নিজের হোটেলে কাজ করিবার জন্ত না ভাড়াইতে গিয়াছিল। তাহার মনিবের দরের রাহু্য ছিল তিন বছর আগেও।

না, যথেষ্ট হইল তাহার জীবনে। ইহার বেশী আর সে কিছু চায় না। রাধাবল্লভ ঠাকুর তাহাকে অনেক দিয়াছেন। আশার অতিরিক্ত দিয়াছেন।

কুহুম ভনিয়া প্রথমে ঘোর আপত্তি তুলিয়া বলিল—জ্যাঠামশায় কি ভাবেন, এই বয়সে তাঁহাকে সে অত দূরে বাইতে কখনই দিবে না। জেঠিমাকে দিয়াও বারণ করাইবে। আর টাকার দরকার নাই। সে সাত সমুদ্র তেরো নদী পারের দেশে বাইতে হইবে এমন গরজ কিসের?

হাজারি বলিল—মা বেশীদিন থাকব না সেখানে। চুক্তি সই হয়ে গিয়েছে সাক্ষীদের সামনে। না গেলে ওরা খেসারতের দাবি করে নাশিশ করতে পারে। আর একটা উদ্দেশ্য আছে কি জান মা, বড় বড় হোটেল কি ক'রে চালায়, একবার নিজের চোখে দেখে আসি। আমার তো ঐ বাস্তিক, ব্যবসাতে যখন নেমেছি, তখন ওর মধ্যে বা কিছু আছে শিখে নিয়ে তবে ছাড়ব। বাধা দিও না মা, তুমি বাধা দিলে তো ঠেলবার সাধ্য নেই আমার।

টেঁপির মা ও টেঁপি কান্নাকাটি করিতে লাগিল। ইহাদের দুজনকে বুঝাইল নরেন। মামাবাবু কি নিরুদ্দেশ যাত্রা করিতেছেন? অত কান্নাকাটি করিবার কি আছে ইহার মধ্যে? বসে তো বাড়ীর কাছে, লোকে কত দূর-দূরান্তর বাইতেছে না চাকুরির জন্ত?

সেই দিন রাত্রে হাজারি নরেনের মামা বংশীধর ঠাকুরকে ডাকিয়া বলিল—একটা কথা আছে। আমি তো আর দিন পনেরোর মধ্যে বোঝাই যাচ্ছি। আমার ইচ্ছে বাবার আগে টেঁপির সঙ্গে নরেনের বিয়েটা দিবে যাব। নরেন এখানকার কারবার দেখাওনা করবে—বেলের হোটেলটা ওকে নিজে দেখতে হবে—ওটাতেই মোটা লাভ। এতে তোমার কি মত?

বংশীধর অনেকদিন হইতেই এইরূপ কিছু ষটিবে আঁচ করিয়া রাখিয়াছিল। বলিল—হাজারিমা, আমি কি বলব, বল। তোমার সঙ্গে পাশাপাশি হোটেলে কাজ করেছি। আমার হৃৎকের হৃৎখী হৃৎখের হৃৎখী হয়ে কাটিয়েছি বহুকাল। নরেনও তোমারই আপনার ছেলে। বা বলবে তুমি, তাতে আমার অমত কি? আর ওরও তো কেউ নেই—সবই জান তুমি। বা ভাল বোক কর।

দেনাপাওনার মীমাংসা অতি সহজেই মিটিল। হাজারি রেলওয়ে হোটেলটির স্বয়ং টেঁপির নামে লেখাপড়া করিয়া দিবে। তাহার অল্পপস্থিতিতে নরেন ম্যানেজার হইয়া উত্তর হোটেল

চালাইবে—তবে হাজারের হোটেলের আয় হিসাবমত কুহুমকে ও টেঁপির মাকে ভাগ করিয়া দিতে থাকিবে।

বিবাহের দিন ধার্য্য হইয়া গেল।

টেঁপির মা বলিল—ওগো, তোমার মেয়ে বলছে অতসীকে নেমস্তন্ন করে পাঠাতে। ওর বড় বন্ধু ছিল—তাকে বিয়ের দিন আসতে লেখ না ?

হাজারিও সে-কথা ভাবিয়াছে। অতসীর সঙ্গে আজ বহুদিন দেখা হয় নাই। সেই মেয়েটির অস্বাভিত করুণা আজ তাহাকে ও তাহার পরিবারবর্গকে লোকের চোখে সম্বাস্ত করিয়া তুলিয়াছে। অতসীর শশুরবাড়ীর ঠিকানা হাজারি জানিত না, কেবলমাত্র এইটুকু জানিত অতসীর শশুর বর্ধমান জেলার মূলধরের জমিদার। হাজারি চিঠিখানা তাঁহাদের গ্রামে অতসীর বাবার ঠিকানায় পাঠাইয়া দিল, কারণ সময় অত্যন্ত সংক্ষেপ। লিখিয়া ঠিকানা আনাহইয়া পুনরায় পত্র লিখিবার সময় নাই।

বিবাহের কয়েকদিন পূর্বে হাজারি শ্রীমন্ত কঁাসারির দোকানে দানের বাসন কিনিতে গিয়াছে, শ্রীমন্ত বলিল—আসুন আসুন হাজারিবাবু, বহুন। ওরে বাবুকে তামাক দে যে—

হাজারি নিজের বাসনপত্র কিনিয়া উঠিবার সময় কতকগুলি পুরানো বাসনপত্র, পিতলের বালতি ইত্যাদি নূতন বাসনের দোকানে দেখিয়া বলিল—এগুলো কি হে শ্রীমন্ত ? এগুলো তো পুরোনো মাল—চালাই করবে নাকি ?

শ্রীমন্ত বলিল—ও-কথা আপনাকে বলব ভেবেছিলাম বাবু। ও আপনাদের পুরোনো হোটেলের পত্রাধি রেখে গেছে—হয় বন্ধক নয় বিক্রী। আপনি জানেন না কিছু ? চক্ৰান্তি মশায়ের হোটেল যে সীল হবে আজই। মহাজন ও বাড়ীওয়ালার দেনা একরাশ, তারা নালিশ করিয়াছিল। তা বাবু পুরোনো মালগুলো নিন না কেন ? আপনাদের হোটেলের কাজে লাগবে—বড় ডেক্‌চি, পেতলের বালতি, বড় গামলা। সস্তা দরে বিক্রী হবে—ও বন্ধকী মালের হ্যাংনামা কে পোয়াবে বাবু, তার চেয়ে বিক্রীই করে দেবো—

হাজারি এত কথা জানিত না। বলিল—পদ্ম নিজে এসেছিল ?

শ্রীমন্ত বলিল—হ্যাঁ, ওদের হোটেলের একটা চাকর সঙ্গে নিয়ে। হোটেল সীল হলে কাল একটা জিনিসও বার করা যাবে না ঘর থেকে, তাই রেখে গেল আমার এখানে। বলে গেল এগুলো বন্ধক রেখে কিছু টাকা দিতেই হবে; চক্ৰান্তি মশায়ের একেবারে নাকি অচল।

বাসনের দোকান হইতে বাহির হইয়া অল্প পাঁচটা কাজ মিটাইয়া হোটলে ফিরিতে অনেক বেলা হইয়া গেল। একবার বেচু চক্ৰান্তির হোটলে যাইবে ভাবিয়াছিল, কিন্তু তাহা আর ঘটয়া উঠিল না।

কুহ্ন এ করদিন এ বাসাতেই বিবাহের আয়োজনের নানারকম বড়, ছোট, খুচরা কাজে সারাদিন লাগিয়া থাকে। হাজারি তাহাকে বাড়ী বাইতে দেয় না, বলে—মা, তুমি তো আমার ঘরের লোক, তুমি থাকলে আমার কত ভরসা। এখানেই থাক এ ক'টা দিন।

বিবাহের পূর্বদিন হাজারি অতসীর চিঠি পাইল। সে কুহ্ননগর লোকালে আসিতেছে, স্টেশনে যেন লোক থাকে।

আর কেহ অতসীকে চেনে না, কে তাহাকে স্টেশন হইতে চিনিয়া আনিবে, হাজারি নিজেই বৈকাল পাচটার সময় স্টেশনে গেল।

ইন্টার ক্লাস কামরা হইতে অতসী আর তাহার সঙ্গে একটি যুবক নামিল। কিন্তু তাহাদের অভ্যর্থনা করিতে কাছে গিয়া হাজারি যাহা দেখিল, তাহাতে তাহার মনে হইল পৃথিবীর সমস্ত আলো যেন এক মুহূর্তে মুছিয়া লেপিয়া অন্ধকারে একাকার হইয়া গিয়াছে তাহার চক্ষুয় সম্মুখে।

অতসীর বিধবা বেশ।

অতসী হাজারির পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া বলিল—কাকাবাবু, ভাল আছেন ? ইনি কাকাবাবু—স্বয়ং। এ আমার ভাস্কর্যপো। কলকাতায় পড়ে। অমন ক'রে দাঁড়িয়ে রইলেন কেন ?

—না—মা—ইরে, চলো—এস।

—ভাবছেন বুঝি এ আবার যাড়ে পড়ল দেখছি। দিয়েছিলাম একরকম বিদেশ ক'রে আবার এসে পড়েছে সাত বোকা নিয়ে—এই না ? বাবা-কাকারা এমন নিষ্ঠুর বটে !

হাজারি হঠাৎ কাঁদিয়া উঠিল। এক প্র্যাট্‌কর্ম বিশ্মিত জনতার মাঝখানে কি যে তাহার মনে হইতেছে তাহা সে কাহাকেও বুঝাইয়া বলিতে পারিবে না। মনের কোন স্থান যেন হঠাৎ বেদনায় টন টন করিয়া ভাঙিয়া পড়িতেছে। অতসীই তাহাকে শাস্ত করিয়া নিজের ঝাচলে তাহার চক্ষু মুছাইয়া প্র্যাট্‌কর্ম হইতে বাহির করিয়া আনিল। রেলওয়ে হোটেলের কাছে নরেন উহাদের অপেক্ষায় দাঁড়াইয়া ছিল। সে হাজারির দিকে চাহিয়া দেখিল হাজারির চোখ রাঙা, কেমন এক ভাব মুখে। অতসীর বিধবা বেশ দেখিয়াও সে বিস্মিত না হইয়া পারিল না, কারণ টেঁপির কাছে অতসীর সব কথাই সে শুনিয়াছিল ইতিমধ্যে—সবে আজ বছর তিন বিবাহ হইয়াছে তাহাও শুনিয়াছিল। অতসীদি বিধবা হইয়াছে এ কথা তো কেহ বলে নাই।

বাড়ী পৌঁছিয়া অতসী টেঁপিকে লইয়া বাড়ীর ছাদে অনেকক্ষণ কাটাইল। দুজনে বহুকাল পরে দেখা—সেই এঁড়োশোগার আজ প্রায় তিন বছর হইল তাহাদের ছাড়াছাড়ি, কত কথা যে জমা হইয়া আছে !

টেঁপি চোখের জল ফেলিল বাগ্যসখীর এ অবস্থা দেখিয়া। অতসী বলিল—তোয়া যদি সবাই মিলে কারাকাটি করবি, তা হ'লে কিন্তু চলে যাব ঠিক বলছি। এলাম

বাপ-মায়ের কাছে, বোনের কাছে একটু জুড়ুতে, না কেবল কাগা আর কেবল কাগা—সরে আর, তোর এই ছল জোড়াটা পর তো দেখি কেমন হয়েছে—আর এই ব্রেসলেটটা, দেখি হাড—

টেঁপি হাত ছিনাইয়া লইয়া বলিল—এ তোমার ব্রেসলেট অতসী-দি, এ আমার দিতে পারবে না—ককখনো না—

—তা হ'লে আমি মাথা কুটবো এই ছাধে, যদি না পরিস্—সত্যি বলছি। আমার সাথ কেন মেটাতে দিবি নে ?

টেঁপি আর প্রতিবাদ করিল না। তাহার দুই চক্ষু জলে ভাসিয়া গেল, ওহিকে অতসী তাহার জান হাত ধরিয়া তখন ঘুবাইয়া ঘুবাইয়া ব্রেসলেট পরাইতেছে।

হাজারি অনেক রাত্রে তামাক খাইতেছে, অতসী আসিয়া নিঃশব্দে পাশে দাঁড়াইয়া বলিল—কাকাবাবু!

হাজারি চমকিয়া উঠিয়া বলিল—অতসী মা ? এখনও শোও নি ?

—না কাকাবাবু। আজ তো সারাদিন আপনার সঙ্গে একটা কথাও হয় নি, তাই এলাম।

হাজারি দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিল—এমন জানলে তোমার জানতাম না মা। আমি কিছুই শুনি নি। কতদিন গায়ে যাই নি তো! তোমার এ বেশ চোখে দেখতে কি নিয়ে এলাম মা তোমায় ?

অতসী চুপ করিয়া রহিল। হাজারির স্নেহশীল পিতৃহৃদয়ের সান্নিধ্যের নিবিড়তার সে বেন তাহার হৃৎকের সান্না পাইতে চায়।

হাজারি স্নেহে তাকে কাছে বসাইল। কিছুক্ষণ কেহই কথা বলিল না। পরে অতসী বলিল—কাকাবাবু, আমি একদিন বলেছিলাম আপনার হোটেলের কাছেই উন্নতি হবে—মনে আছে ?

—সব মনে আছে অতসী মা। তুলি নি কিছুই। আর যা কিছু এখানকার ইটাইপত্র—সব তো তোমার দয়াতেই মা—তুমি দয়া না করলে—

অতসী তিরস্কারের সুরে বলিল—ওকথা বলবেন না কাকাবাবু, ছিঃ—আমি টাকা দিলেও আপনার ক্ষমতা না থাকলে কি সে টাকা বাড়তো ? তিন বছরের মধ্যে এত বড় জিনিস করে ফেলতে পারত অল্প কেউ আনাড়ি লোক ? আমি কিছুই জানতুম না কাকাবাবু, এখানে এসে সব দেখে শুনে অবাক হয়ে গিয়েছি। আপনি ক্ষমতাবান পুরুষমানুষ কাকাবাবু।

—এখন তুমি এঁড়োশোলার যাবে মা, না আবার শত্তরবাড়ী যাবে ?

—এঁড়োশোলাতেই যাবো। বাবা-মা দুঃখে সারা হয়ে আছেন। তাঁদের কাছে গিয়ে কিছুদিন থাকবো। জানেন কাকাবাবু, আমার ইচ্ছে বেশে এমন একটা কিছু করব, যাতে সাধারণের উপকার হয়। বাবার টাকা সব এখন আমিই পাব, শত্তরবাড়ী থেকেও

টাকা পাব। কিন্তু এ টাকার আমার কোন দরকার নেই কাকাবাবু। পাচজনের উপকারের জন্তে খরচ করেই স্থখ।

—বা ভাল বোক মা করো। আমি তোমায় কি বলব ?

—কাকাবাবু, আপনি বধে যাচ্ছেন নাকি ?

—হ্যাঁ মা।

অতসী ছেলেমানুষের মত আবদারের সুরে বলিল—আমায় নিয়ে যাবেন সঙ্গে করে ? বেশ বাপেঝিয়ে থাকবো, আপনাকে রেঁধে দেব—আমার খুব ভালো লাগে দেশ বেড়াতে।

—বেশ মা, এবারটা নয়। আমি তিন বছর থাকব সেখানে। দেখি কি রকম সুবিধে অসুবিধে হয়। এর পরে বেশ।

—ঠিক কাকাবাবু ? কেমন মনে থাকবে তো ?

—ঠিক মনে থাকবে। বাও এখন শোও গিয়ে মা, অনেক কষ্ট হয়েছে গা তে, সকাল সকাল বিশ্রাম কর গিয়ে।

পরদিন বিবাহ। চৌপির নয়ত্র হাতখানি নয়নের বলিষ্ঠ পেশীবহু হাতে স্থাপন করিবার সময় হাজারির চোখে জল আসিল।

কতদিনের সাধ—এতদিনে ঠাকুর বাধাবল্লভ পূর্ণ করিলেন।

বংশীধর ঠাকুর বরকর্ষা সাজিয়া বিবাহ-মজলিসে বসিয়া ছিল। সেও সে সময়টা আবেগপূর্ণ কণ্ঠে বলিয়া উঠিল—হাজারি-মা!

কাছাকাছি সব হোটেলের রাঁধুনী বাম্বনেরা তাহাদের আশ্রয়-খজন লইয়া বরষাজী সাজিয়া আসিয়াছে। এ বিবাহ হোটেলের জগতের, ভিন্ন জগতের কোনো লোকের নিমন্ত্রণ হয় নাই ইহাতে। ইহাদের উচ্চ কলরব, হাসি, ঠাট্টা ও হাঁকডাকে বাড়ী সরগরম হইয়া উঠিল।

বিবাহের পরদিন বর-কনে বিদায় হইয়া গেল। বংশীধর উহার বাইবে না। এই রাণাঘাটেরই চূর্ণীর ধারে বংশীধর একখানা বাড়ী ভাড়া করিয়াছে পাঁচ দিনের জন্ত। সেখানে দেশ হইতে বংশীধরের এক দূর-সম্পর্কের বিধবা পিসি (বংশীধরের স্ত্রী মারা গিয়াছে বহুদিন) আসিয়াছেন বিবাহের ব্যাপারে। বৌভাত সেখানেই হইবে।

হাজারি একবার রেলওয়ে হোটলে কাজ দেখিতে বাইতেছে, বেলা আন্দাজ দশটা, বেচু চক্কির হোটেলের সামনে ভিড় দেখিয়া থামিয়া গেল। কোর্টের পিওন, বেলিক্, ভিড়ের মধ্যে দাঁড়াইয়া আছে আর আছে রামরতন পালচৌধুরী জমাদার। ব্যাপার কি জিজ্ঞাসা করিয়া জানিল মহাজনের দেনার দ্বারা বেচু চক্কির হোটেল সীল হইতেছে।

হাজারি কিছুকণ থমকিয়া দাঁড়াইয়া রছিল। তাহার পুরোনো মনিবের হোটেল, এইখানে সে দীর্ঘ সাত বৎসর স্থখে-দুখে কাটাইয়াছে। এত দিনের হোটেলটা আজ উঠিয়া গেল!

একটু পরে পদ্মঝি হু হাতে দুটি বড় বালুতি লইয়া হোটেলের পিছনের দরজা দিয়া বাহির হইতেই একজন আদালতের পেয়াদা বেলিফের দৃষ্টি সেদিকে আকৃষ্ট করিল। বেলিফ সাক্ষী চুজনকে ডাকিয়া বলিল—এই দেখুন মশায়, ওই মেয়েলোকটা হোটেল থেকে জিনিস নিয়ে যাচ্ছে, এটা বে-আইনী। আমি পেয়াদাদের দিয়ে আটকে দিচ্ছি আপনাদের সামনে।

পেয়াদারা গিয়া বাধা দিয়া বলিল—বালুতি রেখে যাও—

পরে আরও কাছে গিয়া হাঁক দিয়া বলিল—শুধু বালুতি নয় বাবু, বালুতির মধ্যে পেতল কাঁসার বাসন রয়েছে।

পদ্মঝি ততক্ষণে বালুতি দুটা প্রাপণে জোর করিয়া আঁটিয়া ধরিয়াকে। সে বলিল—এ বাসন আমার নিজের—হোটেল চক্রান্তি মশায়ের, আমার জিনিস উনি নিয়ে এসেছিলেন, এখন আমি নিয়ে যাবি।

পেয়াদারা ছাড়াবার পাত্র নয়। অবশ্য পদ্মঝিও নয়। উভয় পক্ষে বাকবিতণ্ডা, অবশেষে টানা হেঁচড়া হইবার উপক্রম হইল। মজা দেখিবার লোক জুটিয়া গেল বিস্তর।

একজন মহাজন পাওনাদার বলিল—আমি এই সকলের সামনে বলছি, বাসন নামিয়ে যদি না গাথো তবে আদালতের আইন অমান্য করবার জন্তে আমি তোমাকে পুলিশে দেবো।

একজন সাক্ষী বলিল—তা দেবেন কেমন করে বাপু? ওর নামে তো ডিক্রি মেই আদালতের। ও আদালতের ডিক্রি মানতে যাবে কেন?

বেলিফ বলিল—তা নয়, শুকে চুরির চার্জে ফেলে পুলিশে দেওয়া চলবে। এ হোটেল এখন মহাজন পাওনাদারের। তার ঘর থেকে অপরের জিনিস নিয়ে যাবার রাইট কি? শুকে জিজ্ঞেস করো ও ভালোয় ভালোয় দেবে কিনা—

পদ্মঝি তা দিতে রাজী নয়। সে আরও জোর করিয়া আঁকড়াইয়া আছে বালুতি দুটি। বেলিফ বলিল—কেড়ে নাও মাল ওর কাছ থেকে—বদমাইশ মাগী কোথাকার—ভাল কথায় কেউ নয়!

পেয়াদারা এবার বীরদর্পে আসিয়া গেল। পুনরায় একচোট ধস্তাধস্তির সূত্রপাত হইবার উপক্রম হইতেই হাজারি দেখানে গিয়া দাঁড়াইয়া বলিল—পদ্মদিদি, বাসন ওদের দিয়ে দাও।

লজ্জায় ও অপমানে পদ্মঝয়ের চোখে তখন জল আসিয়াছে। জনতার সামনে দাঁড়াইয়া এমন অপমানিত সে কখনো হয় নাই। এই সময় হাজারিকে দেখিয়া সে হাউ হাউ করিয়া কাঁদিয়া ফেলিল।

—এই দেখো না ঠাকুর মশায়, তুমি তো কতদিন আমাদের হোটেলের ছিলে—এ আমার জিনিস না? বলো না তুমি, এ বালুতি কার?

হাজারি সান্ত্বনার স্বরে বলিল—কৈদো না এমন ক'রে পদ্মদিদি। এ হোল আইন-আদালতের ব্যাপার। বাসন রেখে এসো ঘরের মধ্যে, আমি দেখছি তারপর কি ব্যবস্থা করা যায়—

অবশ্য তখন কিছু করিবার উপায় ছিল না। সে আদালতের বেলফকে জিজ্ঞাসা করিল—
—কি করলে এদের হোটেল আবার বজায় থাকে ?

—টাকা চুকিয়ে দিলে। এ অতি সোজা কথা মশাই। সাড়ে সাতশো টাকার দাবীতে
নালিশ—এখনও ডিক্রী হয় নি। বিচারের আগে সম্পত্তি সীল না করলে দেনাদার ইতিমধ্যে
মাল হস্তান্তর করতে পারে, তাই সীল করা।

আদালতের পেয়াদারা কাজ শেষ করিয়া চলিয়া গেল। বেচু চক্রান্তিকে একধারে ডাকিয়া
হাজারি বলিল—আমার সঙ্গে চলুন না কর্তা। মশায় একবার ইন্টিশনের দিকে—আসুন, কথা
আছে।

রেলের হোটেল নিজেই ঘরটিতে বেচু চক্রান্তিকে বসাইয়া হাজারি বলিল—কর্তা একটু চা
থাবেন ?

বেচু চক্রান্তির মন খারাপ খুবই। চা বাইতে প্রথমটা চাহে নাই, হাজারি কিছুতেই ছাড়িল
না। চা পান ও জলযোগান্তে বেচু বলিল—হাজারি, তুমি তো সাত-আট বছর আমার সঙ্গে
ছিলে, জানো তো সবই, হোটেলটা ছিল আমার প্রাণ। আজ বাইশ বছর হোটেল চালাচ্ছি
—এখন কোথায় যাই আর কি করি ! পৈতৃক জোতজমা ঘরদোর যা ছিল ফুলে-নবলায়, সে
এখন আর কিছু নেই, ওই হোটেলই ছিল বাড়ী। এমন কষ্ট হয়েছে, এই বুড়ো বয়সে এখন
দাঁড়াই কোথায় ? চালাই কী করে ?

—এমন অবস্থা হোল কি করে কর্তা ? দেনা বাধালেন কী করে ?

—খরচে আয়ে এদানৌং কুলোতো না হাজারি। দু-বার বাসন চুরি হয়ে গেল। ছোট
হোটেল, আর কত ধাক্কা সহিবার জান ছিল ওর ! কাবু হয়ে পড়লো। খন্দের কমে গেল।
বাড়ীভাড়া জমতে লাগলো—এসব নানা উৎপাত—

হাজারি বেচু চক্রান্তিকে তামাক সাজিয়া দিয়া বলিল—কর্তা, একটা কথা আছে বলি।
আপনি আমার পুরনো মনিব, আমার যদি টাকা এখন থাকতো, আপনার হোটেলের সীল
আমি খুলিয়ে দিতাম। কিন্তু কাল মেয়ের বিয়ে দিয়ে এখন অত টাকা আমার হাতে নেই। তাই
বলছি, যতদিন বসে থেকে না ফিরি, আপনি আমার বাজারের হোটেলের ম্যানেজার হয়ে
হোটেল চালান। পঁচিশ টাকা করে আপনার খরচ দেবো। (হাজারি মাহিনার কথাটা
মনিবকে বলিতে পারিল না।) থাবেন দাবেন হোটেল, আর পদ্মদিদিও ওখানে থাকবে,
মাইনে পাবে, খাবে। কি বলেন আপনি ?

বেচু চক্রান্তির পক্ষে ইহা স্বপনের স্বপন। এ আশা সে কখনো করে নাই। রেলবাজারের
অত বড় কারবারী হোটেলের সে ম্যানেজার হইবে। পদ্মদিদিও খবরটা পাইয়াছিল বোধ হয়
বেচুর কাছেই, সেদিন সন্ধ্যাবেলা সে কুসুমের বাড়ী গেল। কুসুম উহাকে দেখিয়া কিছু আশ্চর্য
না হইয়া পারিল না, কারণ জীবনে কোনোদিন পদ্মদিদি কুসুমের দোর মাড়ায় নাই।

—এসো পদ্মপিসি বসো। আমার কি ভাগ্যি। এই পিঁড়িখানতে বোসো পিসি। পান-
দোস্তা খাও ? বসো পিসি, সেজে আনি—

পদ্মঝি বলিয়া পান খাইয়া অনেকক্ষণ ধরিয়া কুহুমের সঙ্গে এ-গল্প ও-গল্প করিল। পদ্ম বৃষ্টিতে পারিয়াছে কুহুমও তাহার এক মনিব। ইহাদের সকলকে সঙ্কট রাখিয়া তবে চাকুরি বজায় রাখা। যদিও সে মনে মনে জানে, চাকুরি বেশী দিন তাহাকে করিতে হইবে না। আবার একটা হোটেল নিষেয়াই খুলিবে, তবে বিপদের দিনগুলিতে একটা কোনো আশ্রয়ে কিছুদিন মাথা গুঁজিয়া থাক।

পরদিন পদ্মঝি হোটেলের কাজে স্তম্ভিত হইল। বেচু চক্ৰবর্তীও বলিল গদির ঘরে। ইহার কহেই যে বিশ্বাসযোগ্য নয় তাহা হাজারি ভাল করিয়াই বৃষ্টিত। তবে কথা এই যে, ক্যাশ থাকিবে নরেনের কাছে। বেচু চক্ৰবর্তী দেখাশোনা করিয়াই খালাস।

হাজারির মনে হইল সে তাহার পুরোনো দিনের হোটেলের আবার কাজ করিতেছে, বেচু চক্ৰবর্তী তাহার মনিব, পদ্মঝিও ছোট মনিব।

পদ্ম যখন আসিয়া সকালে জিজ্ঞাসা করিল—ঠাকুর মশায়, ইলিশ মাছ আনার এবেলা না পোনা?—তখন হাজারি পূর্ক অভ্যাসমতই সন্ধ্যের সঙ্গে উত্তর দিল, যা ভাল মনে করো পদ্মদিদি। পচা না হোলে ইলিশই এনে।

বেচু চক্ৰবর্তী পাকা ব্যবসাদার লোক এবং হোটেলের কাজে তাহার অভিজ্ঞতা হাজারির অপেক্ষা অনেক বেশী। সে হাজারিকে ডাকিয়া বলিল—হাজারি, একটা কথা বলি, তোমার এখানে ফার্স্ট আর সেকেন্ড কেলাসের মধ্যে মোট চার পয়সার তফাৎ রেখেচ, এটা ভাল মনে হয় না আমার কাছে। এতে করে সেকেন্ড কেলাসে খন্দের কম হচ্ছে, বেশী লোক ফার্স্ট কেলাসে খায় অথচ খরচ বা হয় তাদের পেছনে তেমন লাভ দাঁড়ায় না। গত এক মাসের হিসেব খতিয়ে দেখলাম কিনা! নরেন বাবাজী ছেলেমানুষ, সে হিসেবের কি বোঝে?

হাজারি কথাটার সত্যতা বুঝিল। বলিল—আপনি কি বলেন কর্তা?

—আমার মত হচ্ছে এই যে ফার্স্ট কেলাস হয় একদম উঠিয়ে দাও, নয়তো আমার হোটেলের মত অন্ততঃ দু'আনা তফাৎ রাখো। শীতকালে যখন সব সস্তা, তখন এ থেকে যা লাভ হবে, বর্ষাকালে বা অল্প সময় ফার্স্ট কেলাসের খন্দেরদের পেছনে সেই লাভের খানিকটা খেয়ে গিয়েও যাতে কিছু থাকে, তা করতে হবে। বুঝলে না?

—তাই করুন কর্তা। আপনি যা বোঝেন, আমি কি আর তত বুঝি?

বেচু চক্ৰবর্তী খুব সঙ্কট আছেন হাজারির ব্যবহারে। ঠিক সেই পুরোনো দিনের মতই হাজারির নত্ন কথাবার্তা—যেন তিনিই মনিব, হাজারি তাঁর চাকর। যদিও পদ্মঝি ও তিনি দুজনেরই দৃঢ় বিশ্বাস হাজারি যা কিছু করিয়া তুলিয়াছে, সবই কপালের গুণে, আসলে তাহার বুদ্ধিবুদ্ধি কিছুই নাই, তবুও দুজনেই এখন মনে ভাবে, বুদ্ধি যত থাক আর না-ই থাক,—বুদ্ধি অবশ্য সকলের থাকে না—লোক হিসাবে হাজারি কিন্তু খুবই ভাল।

সকালে উঠিয়া হাজারি এক কলিকা গাঁজা সাজিবার উদ্যোগ করিতেছে। এই সময়টা

সকলের অগোচরে সে একবার গাঁজা খাইয়া থাকে, হোটেলের গিয়া আজকাল সে-সুবিধা ঘটে না। এমন সময় অভসীকে ঘরে ঢুকিতে দেখিয়া সে তাকাতাড়ি গাঁজার কলিকা ও সাজসজ্জার লুকাইয়া ফেলিল।

অভসীর মুখের দিকে চাহিয়া বলিল—কি মা ?

—কাকাবাবু, আপনি কবে বসে যাচ্ছেন ?

—আসতে মঙ্গলবার যাব, আর চার দিন বাকি।

—আমার বড় ইচ্ছে হচ্ছে আপনাকে নিয়ে এঁড়োশোলা যাব, আমাদের বৈঠকখানার আবার আপনাকে আর বাবাকে চা জলখাবার এনে দেব—যাবেন কাকাবাবু ?

হাজারির চোখে জল আসিল। কিন্তু তুচ্ছ সাধ! মেয়েদের মনের এই সব অতি সামান্য আশা-আকাঙ্ক্ষাই কি সব সময়ে পূর্ণ হয় ? কি করিয়া সে এঁড়োশোলা যাইবে এখন ? ছেলে-মামুষ, না হয় বলিয়া খালাস।

মুখে বলিল—মা, সে হয় না। কত কাজ বাকি এদিকে, সে-তো মা জান না। নব্বেন ছেলেমামুষ, ওকে সব জিনিস দেখিয়ে বুঝিয়ে না দিয়ে—

—আজ চলুন আমরা নিয়ে। গরুর গাড়ীতে আমরা বাপে-মেয়েতে চলে যাই—কাল বিকেলে চলে আসবেন। তা ছাড়া টেঁপিও বলছিল একবার গায়ে যাবার ইচ্ছে হয়েছে। চলুন কাকাবাবু, চলুন—

—তা নিতান্ত যদি না ছাড় মা, তবে পরশু সকালে গিয়ে সেই দিনই সন্ধ্যার পরে ফিরতে হবে। থাকবার একদম উপায় নেই—কারণ তার পরদিনই বিকেলে রওনা হতে হবে আমার। বোম্বাইয়ের ডাকগাড়ী রাত আটটার ছাড়ে বলে দিয়েছে।

বৈকালে চূর্ণীর ধারের নিমগাছটার তলায় হাজারি একবার গিয়া বসিল। পাশের চুন-কয়লার আড়তে হিন্দুস্থানী কুলিয়া সেই ভাবে স্বপ্ন করিয়া সমস্তের ঠেঁই হিন্দীতে গজল গাহিতেছে, চূর্ণীর খেরাঘাটে ওপারের স্কুল-নব্‌লার হাটের হাটুরে লোক পাতাপার হইতেছে—পুরোনো দিনের মতই সব।

সে কি আজও বেচু চক্কির হোটেলের কাজ করিতেছে ? পল্লবিরের মুখনাড়া খাইয়া তাহাকে কি এখনি সস্তা ঝাঁচ বসানো কয়লার উত্তনের ধোঁয়ার মধ্যে বসিয়া ও-বেলার রান্নার কর্ম বুঝিয়া লইতে হইবে ?

সেই পল্লবিরি ও সেই বেচু চক্কির সঙ্গে সকালবেলাও তো কথাবার্তা হইয়াছিল। দাঁড়িপাজার পাজা বহল হইয়াছে, পুরোনো দিনের সমস্তগুলি ছায়াবাজির মত অস্তিত্ব হইল কোথায় ? বোম্বাই...বোম্বাই কত দূরে কে জানে ? টেঁপিকে লইয়া, অভসী বা কুম্বকে লইয়া যদি যাওয়া যাইত ! ইহারা যে-কেহ সঙ্গে থাকিলে সে বিলাত পর্যন্ত যাইতে পারে—ছনিয়ার যে-কোন জায়গায় বিনা আশঙ্কায়, বিনা বিধায় চলিয়া যাইতে পারে।

তখনকার দিনে সে কি একবারও তাবিয়াছিল আজকার মত দিন তাহার জীবনে আসিবে ?

নরেনকে যেদিন প্রথম দেখে সেইদিনই মনে হইয়াছিল যে স্বপ্নের ছবিটি—টেঁপি লাল চেলি পরিয়া নরেনের পাশে দাঁড়াইয়া, মুখে লজ্জা, চোখে চাপা আনন্দের হাসি—তখন মনে হইয়াছিল এসব দুর্ভাগ্য, এও কি কখনও হয় ?

সবই ঠাকুর রাখাবল্লভের দয়া। নতুবা সে আবার কবে ভাবিয়াছিল যে সে বোম্বাই যাইবে দেড়-শ টাকা মাহিনার চাকুরি লইয়া ?

পরদিন অতসী আসিয়া আবার বলিল—কবে এঁড়োশোলা যাবেন কাকাবাবু ? টেঁপিও যাবে বলছে, কাকীমাও বলছিলেন গায়ে থেকে সেই আজ দু-বছর আড়াই বছর এসেছেন আর কখনও যান নি। ঊঁরও যাবার ইচ্ছে। একদিনের জন্তেও চলুন না ?

আবার স্বপ্নে আসিয়া উহাদের গাড়ী চুকিল বহুদিন পরে। হাজারিদের বাড়ীটা বাসযোগ্য নাই, খড়ের ঘর এত দিন দেখাশোনার অভাবে নষ্ট হইয়া গিয়াছে—ঝড়ে খড় উড়িয়া যাওয়ার দরুন চালের নানা জায়গা দিয়া নীল আকাশ দিব্যি চোখে পড়ে।

অতসী টানাটানি করিতে লাগিল তাহাদের বাড়ীতে সবস্বত্ব লইয়া যাইবার জন্ত, কিন্তু টেঁপির মা রাজী নয়, নিজের ঘরদোরের উপর মেয়েমানুষের চিরকাল টান—ভাঙা ঘরের উঠানের জঙ্গল নিজের হাতে তুলিয়া ফেলিয়া টেঁপির সাহায্যে ঘরের দাওয়া ও ভিত্তিকার মেজে পরিস্কার করিয়া নিজের বাড়িতেই সে উঠিল। টেঁপিকে বলিল—তুই বস মা, আমি পুকুরে একটা ডুব দিয়ে আসি, পেয়ারাতলার ঘাটে কতদিন নাই নি !

পুকুরের ঘাটে গিয়ে এ-পাড়ার রাধু চাটুজের পুত্রবধুর সঙ্গে প্রথমেই দেখা। সে মেয়েটির বয়স প্রায় টেঁপির মায়ের সমান, দুজনে যথেষ্ট ভাব চিরকাল। টেঁপির মাকে দেখিয়া সে তো একেবারে অবাক বাসন মাজ! ফেলিয়া হাসিমুখে ছুটিয়া আসিয়া বলিল—ওমা, দিদি যে! কখন এলে দিদি ? আর কি আমাদের কথা মনে থাকবে তোমার ? এখন বড়লোক হয়ে গিয়েছ সবাই বলে। গরীবদের কথা কি মনে পড়ে ?

দুজনে দুজনকে জড়াইয়া ধরিয়া কাঁদিয়া ফেলিল।

কিছুক্ষণ পরে রাধু চাটুজের পুত্রবধুকে সঙ্গে লইয়া টেঁপির মা নাট হইতে ফিরিল। মেয়েটি বাড়ী চুকিয়া টেঁপিকে বলিল—চিনতে পারিস মা ?

—ওমা, কাকীমা যে, আহুন আহুন—

—এস মা, জন্ম-এইজী হও, সাবিত্রীর সমান হও। হ্যাঁ গা তা তোমার কেমন আছিল ? মেয়েকে আনলে, অমনি জামাইকেও আনতে হয়-না ? শুনেছি তাদের মত জামাই হয়েছে। এ চুড়ি কে দিয়েছে—দেখি মা! ক ভরি! একে কি বলে ? পাশা ? দেখি দেখি—কখনও শুনিও নি এসব নাম। তা একটা কথা বলি। তোমাদের যারা এ-বেলা এখানে হওয়ার উপায়ও নেই—আমাদের বাড়ীতে তোমরা সবাই এ-বেলা ছুটো ভালভাত—

টেঁপি বলিল—সে হবে না কাকীমা। অতসী-দি এসেছে আমাদের সঙ্গে জানেন না ? অতসীদি সবাইকে বলেছে খেতে। সেখানেই নিয়ে গিয়ে ভুলছিল আমাদের—যা গেল না,

জানেন তো মার সান্ত প্রাণ বাধা এই ভিটের সঙ্গে—রাণাঘাটের অমন বাড়ী, কলের জল—শহর জায়গা, সেখানে থাকতেও মা শুধু বাড়ী-বাড়ী করে—আহা বাড়ীর কি ছিবি! ফুটো খড়ের চাল, বাড়ী বললেও হয়, গোয়াল বললেও হয়—

—বাপের বাড়ীর নিম্নে করিল নে, যা যা—আজ না হয় বড়লোক বস্ত্র হয়েছ, এই ফুটো খড়ের চালের তলায় তো মাহুশ হয়েছ মা :

হাসি-গল্পের মধ্য দিয়া প্রায় ঘণ্টা দুই কখন কাটিয়া গেল। ইহাদের আসিবার খবর পাইয়া এ-পাড়ার ও-পাড়ার মেয়েমহলের সবাই দেখা করিতে আসিল। জামাইকে সঙ্গে করিয়া না আনার দরুন সকলেই অনুযোগ করিল।

টেঁপির মা বলিল—জামাইয়ের আসবার যো নেই যে! রেলের হোটেলের দেখাতনো করেন, সেখানে একদিন না থাকলে চুরি হবে। উপায় থাকলে আনি নে মা ?

অতসীর দুর্ভাগ্যের কথা সকলেই পূর্বে জানিত। গ্রামস্থ লোক তাহার জন্ম দুঃখিত। সবাই একবাক্যে বলে, অমন মেয়ে—দেবীর মত মেয়ে। আর তারই কপালে এই দুঃখ, এই কচি বয়সে!

সন্ধ্যার দেরি নাই। অতসীদের বৈঠকখানায় বসিয়া অতসীর বাবার সঙ্গে হাজারি কথা-বার্তা বলিতেছিল। হরিচরণবাবু কন্ঠার অকাল-বৈধব্যে বড় বেশী আঘাত পাইয়াছেন। হাজারির মনে হইল যেন এই আড়াই বৎসরের ব্যবধানে তাঁর দশ বৎসর বয়স বাড়িয়া গিয়াছে। মেয়েকে দেখিয়া আজ তবুও একটু সুস্থ হইয়াছেন।

হরিচরণবাবু বলিলেন—এই দেখ তোমার বয়সে আর আমার বয়সে—খুব বেশী তফাৎ হবে না। তোমারও প্রায় পঞ্চাশ হয়েছে—না-হয় এক-আধ বছর বাকি। কিন্তু তোমার জীবনে উত্তম আছে, আশা আছে, মনে তুমি এখনও যুবক। কাজ করার শক্তি তোমার অনেক বেশী এখনও। এই বয়সে বসে যাচ্ছ, শুনে হিংসে হচ্ছে হাজারি। বাঙালীর মধ্যে তোমার মত লোক বত বাড়বে ঘুমন্ত জাতটা ততই জাগবে। এরা পঁয়ত্রিশ বৎসর বয়সে গলায় তুলসীর মালা পরে পরকালের জন্ম ভৈরী হয়—দেখছ না আমাদের গায়ের দশা? ইহকালই দেখলি নে, ভোগ করলি নে, তোদের পরকালে কি হবে বাপু? সেখানেও সেই ভুতের ভয়। পরকালে নরকে যাবে। তুমি কি ভাবো অকর্মা, অলস, ভীক লোকদের স্বর্গে জায়গা দেন নাকি ভগবান?

এই সময় পুরানো দিনের মত অতসী আসিয়া উহাদের সামনে টেবিলে জলখাবারের রেকাবি রাখিয়া বলিল—খান কাকাবাবু, চা আনি, বাবা তুমিও খাও, খেতে হবে। সন্ধ্যার এখনও অনেক দেরি—

কিছুক্ষণ পরে চা লইয়া অতসী আবার চুকিল। পিছনে আসিল টেঁপি। সেই পুরোনো দিনের মত সবই—তবুও কত তফাৎ! অতসীর মুখের দিকে চাহিলে হাজারির বুকের তিত্তরটা বেধনায় টনটন করে। তবুও তো মা বাপের সামনে অতসী বিধবার বেশ বস্ত্রের সন্ধ্যা বর্ণন করিয়াছে। মা বাপের চোখের সামনে সে বিধবার বেশে ঘুরিতে-ফিরিতে পান্ধিবে না।

ইহাতে পাপ হয় হইবে।

হরিচরণবাবু সন্ধ্যাহিক করিতে বাড়ীর মধ্যে গেলেন।

অভঙ্গীর দিকে চাহিয়া হাজারি বলিল—কেমন মা, তোমার সাথ বা ছিল, মিটেছে ?

—নিশ্চয়ই কাকাবাবু। টেঁপি কি বলিস ? কতদিন ভাবতুম গাঁয়ে তো যাবো, সেখানে টেঁপিও নেই, কাকাবাবুও নেই। কাদের সঙ্গে ছুটো কথা বলবো ?

—কাল আমার সঙ্গে রাণাঘাট যেতে হবে কিন্তু মা।

—বাঃ, সে আমি বাবা-মাকে বলে রেখেছি। আপনাকে উঠিয়ে দিতে যাব না কি দরকম ? কাকাবাবু, টেঁপি এখন দিনকতক আমার কাছে এখানে থাক না ? তাহলে আপনাকে গাড়ীতে তুলে দিয়ে আসবার সময় ওকে সঙ্গে করে আনি। নরেনবাবু মাঝে মাঝে এখানে আসবেন এখন।

নরেনের কথা বলতে টেঁপি বাপের অলক্ষিতে অভঙ্গীকে এক রাম-চমটি কাটিল।

—কাকাবাবু পূজার সময় আসবেন তো ! এবার আমাদের গাঁয়ে আমরা ঠাকুর পূজা করব।

—পূজার তো অনেক ঘেরি এখন মা। যদি সম্ভব হয় আসবো বই কি। তবে তুমি যদি পূজা করো তবে আসবার চেষ্টা করব।

টেঁপি বলিল—তোমাকে আসতেই হবে বাবা। মা বলেচে এবার প্রাতিমা গড়িয়ে কোঁজাগরী লক্ষ্মীপূজা করবে। এখনও তিন-চার মাস দৌর পূজার—সে-সময় ছুটি নিয়ে আসবে বাবা, কেমন তো ?

রাধু মুখুণ্ডের পুত্রবধূ নাছোড়বান্দা হইয়া পড়িয়াছিল, রাঙে তাহাদের বাড়ীতে সকলকে খাইতে হইবেই। টেঁপির মা সন্ধ্যাবেলা হইতেই রাধু মুখুণ্ডের বাড়ী গিয়া জুটিয়াছে, মোচা কুটিয়া, দেশী কুমড়া কুটিয়া তাহাদের সাহায্য করিতেছে। সে সরলা গ্রাম্য মেয়ে, শহরের জীবনযাত্রার চেয়ে পাড়ারগায়ের এ জীবন তাহার অনেক ভাল লাগে। সে বলিতেছিল—তাই, শহরে-টহরে কি আমাদের পোষায় ? এই যে কুমড়োর ডাঁটাটুকু, এই এক পরস। এই এতটুকু করে কুমড়োর ফালি এক পরস। সে ফালি কাটতে বোধ হয় পোড়ারমুখো মিলেদের হাত কেটে গিয়েছে। আমার ইচ্ছে কি জান তাই, উনি চলে গেলে আমি তিন-চার দিনের মধ্যে আবার গাঁয়ে আসব, পূজা পর্য্যন্ত এখানেই থাকব। মেয়ে-জারাই থাকল রাণাঘাটের বাসায়, ওরাই সব দেখাশুনো করুক, ওদেরই আনিস। আমার সেখানে ভাল লাগে না।

স্বামীকে কথাটা বলিতে হাজারি বলিল—তোমার ইচ্ছে বা হয় করো—কিন্তু তার আগে স্বরথানা তো সারানো দরকার। ঘরে জল পড়ে ভেসে যায়, থাকবে কিসে ?

টেঁপির মা বলিল—সে ভাবনার তোমার দরকার নেই। আমি অভঙ্গীদের বাড়ী থেকে কি ওই মুখুণ্ডের বাড়ী থেকে ঘর সারিয়ে নেব। জামাইকে বলে বেণু ধরচ বা লাগে যেন ঘের !

রাধু মৃণ্ময়্যের বাড়ী রাজে আহানের আয়োজন ছিল যথেষ্ট—খিচুড়ি, ভাজাভূজি, মাছ, ডিমের ডালনা, বড়াভাজা, টক, দই, আম, সন্দেশ। অতসীকেও খাইতে বলা হইয়াছিল কিন্তু সে আসে নাই। টেঁপি ডাকিতে গেলে কিন্তু অতসী বলিল, তাহার মাথা শুয়ানক ধরিয়াছে, সে খাইতে পারিবে না।

শেষরাতে দুখানা গাড়ী করিয়া সকলে আবার রাণাঘাট আসিল। দুপুরের পর হাজারি একটু ঘুমাইয়া লইল। ট্রেন নাকি সারারাত চলিবে, কখনও সে অতদূর যায় নাই, অতদূর গাড়ীতেও থাকে নাই। ঘুম হইবে না কখনই। খাইবার সময়ে টেঁপির মা ও টেঁপি কাঁদিতে লাগিল। কুম্ভমও ইহাদের সঙ্গে যোগ দিল।

অতসী সকলকে বুঝাইতে লাগিল—ছিঃ, কাঁদে না, ওকি কাকীমা? বিদেশে যাচ্ছেন একটা মজলের কাজ, ছিঃ টেঁপি, অমন চোখের জল কেলো না ভাই।

হাজারি ঘরের বাহির হইয়াছে, সামনেই পদ্মঝি।

পদ্মঝি বলিল—এখন এই গাড়ীতে যাবেন ঠাকুর মশায় ?

—হ্যাঁ, পদ্মদিদি এবেলা খন্দের কত ?

—তা চল্লিশ জনের ওপর। সেকেন কেলাস বেশী।

—ইলিশ মাছ নিয়ে এসেছিলে তো ?

পদ্মঝি হাসিয়া বলিল—ওমা, তা আর বলতে হবে? যতদিন বাজারে পাই, ততদিন ইলিশের বন্দোবস্ত। আবার থেকে আশ্বিন—দেখেছিলাম তো ও হোটেল।

—হ্যাঁ সে তোমাকে আর আমি কি শেখাবো? তুমি হোলে গিয়ে পুরোনো লোক! বেশ ছ'শিয়ার থেকে পদ্মদিদি। ভেবো তোমার নিজেরই হোটেল।

পদ্মঝি এক অস্তাবনীয় কাণ্ড ঘটাইল। হঠাৎ ঝুঁকিয়া নীচ হইয়া বলিল—দাঁড়ান ঠাকুর মশাই, পায়ের ধূলাটা দেন একটু—

হাজারি অবাক, স্তম্ভিত। চক্ষুকে বিশ্বাস করা শক্ত। এ কি হইয়া গেল! পদ্মদিদি তাহার পায়ের উপর উপড় হইয়া পড়িয়া পায়ের ধূলা লইতেছে; এমন একটা দৃশ্য কল্পনা করিবার ছঃশাহসও কখনো তাহার হয় নাই। কোন্ মৌভাগ্যটা বাকী রহিল তাহার জীবনে ?

স্টেশনে তুলিয়া দিতে আসিল দুই হোটেলের কর্মচারীরা প্রায় সকলে—তা ছাড়া অতসী, টেঁপি, নরেন। বাহিরের লোকের মধ্যে বহু বাঁড়ুঘ্যে। বহু বাঁড়ুঘ্যে সত্যই আজকাল হাজারিকে যথেষ্ট মানিয়া চলে। তাহার ধারণা হোটেলের কাজে হাজারি এখনও অনেক বেশী উন্নতি দেখাইবে, এই তো সবে শুরু।

অতসী পায়ের ধূলা লইয়া বলিল—আসবেন কিন্তু পূজোর সময় কাকাবাবু, মেয়ের বাড়ীর নেমন্তন্ন রইল। ঠিক আসবেন—

টেঁপি চোখ মুছিতে মুছিতে বলিল—খাবারের পুঁটলিটা ওপরের ডাক থেকে নামিয়ে কাছে রাখো বাবা, নামান্তে কুলে যাবে, তোমার তো হাঁশ থাকে না কিছু। আজ রাত্তিরেই খেও,

ভুলো না যেন। কাল বাসি হয়ে যাবে, পথেঘাটে বাসি খাবার খবরদার খাবে না। মনে থাকবে? তোমার চিঠি পেলে মা বলেচে রাখাবল্লভভলায় পূজো দেবো।

চলন্ত ট্রেনের জানালার ধারে বসিয়া হাজারির কেবলই মনে হইতের্ছিল পদ্মদিদি যে আজ ভাহার পায়ের ধূলা লইয়া প্রণাম করিল এ সৌভাগ্য হাজারির সকল সৌভাগ্যকে ছাপাইয়া ছাড়াইয়া গিয়াছে।

সেই পদ্মদিদি।

ঠাকুর রাখাবল্লভ, জাগ্রত দেবতা তুমি, কোটি কোটি প্রণাম তোমার চরণে। তুমিই আছ। আর কেহ নাই। থাকিলেও জানি না।

दृष्टिप्रदीप

विभूतिभूषण बन्द्योपाध्याय

জ্যাঠামশায়দের রান্নাঘরে খেতে বসেছিলাম আমি আর দাদা। ছোট কাকীমা ডাল দিয়ে গেলেন, একটু পরে কি একটা চচ্চড়িও নিয়ে এলেন। শুধু তাই দিয়ে খেয়ে আমরা দু'জনে ভাত প্রায় শেষ করে এনেছি এমন সময় ছোট কাকীমা আবার এলেন। দাদা হঠাৎ জিজ্ঞাস করলে—কাকীমা, আজ মাছ ছিল যে, মাছ কই ?

আমি অবাক হয়ে দাদার মুখের দিকে চাইলাম, লজ্জা ও অস্বস্তিতে আমার মুখ রাঙা হয়ে উঠল। দাদা যেন কি ! এমন বোকা ছেলে যদি কখনো দেখে থাকি ! আমার অল্পমানই ঠিক হ'ল, কাকীমা একটু অপ্রতিভের সুরে বললেন—মাছ যা ছিল, আগেই উঠে গেছে বাবা, ওই দিয়ে খেয়ে নাও। আর একটু ডাল নিয়ে আসবো ?

দাদার মুখ দেখে বুকলাম, দাদা যেন হতাশ হয়েছে। মাছ খাবার আশা করেছিল, তাই না পেয়ে। মনটা আমার কষ্ট হ'ল। দাদা দেখেও দেখে না, বকেও বকে না—দেখছে এখানে আমরা কি অবস্থায় চোরের মত আছি, পরের বাড়ি, তাদের হাত-তোলা দু'মুঠো ভাতে কটি ভাইবোন কোনরকমে দিন কাটিয়ে যাচ্ছি, এখানে আমাদের না আছে জোর, না আছে কোন দাবি—তবুও দাদার চৈতন্ত হয় না, সে আশা করে বসে থাকে যে এই বাড়ির অস্তিত্ব ছেলেদের মত সেও যত্ন পাবে, খাবার সময়ে ভাগের মাছ পাবে, বাটি-ভরা ছুঁ পাবে, মিষ্টি পাবে। তা পায়ও না, না পেয়ে আবার হতাশ হয়ে পড়ে, আশাভঙ্গের দৃষ্টিতে এদিক-ওদিক চায়—এতে আমার ভারি কষ্ট হয়, অথচ দাদাকেও আসল অবস্থাটা খুলে বলতে পারিনে তাতেও কষ্ট হয়।

দাদা বাইরে এসে বললে—মাছ তো কম কেন হয়নি, তার ওপর আবার মাঠের পুকুর থেকে মাছ এসেছিল—এত মাছ সব হারু আর ভুটিয়া খেয়ে কেলেচে ! বাবারে, রাকোস্ সব এক-একটি ! একখানা মাছও খেতে পেলাম না।

দাদাকে ভগবান এমন বোকা করে গড়েছিলেন কেন তাই ভাবি।

সীতা এ-সব বিষয়ে অত্যন্ত বুদ্ধিমতী। এই সে-দিনও তো দেখেচি সীতা রান্নাঘরে খেতে বসেচে—সামনেই জ্যাঠাইমাও খেতে বসলেন। জ্যাঠাইমাকে ভুবনের মা এক কাঁসি মাছের তরকারি দিয়ে গেল, বড় বড় দাগা মাছ আট-দশখানা তাতে—আর সীতাকে দিলে তার বরাদ্দমত একটুকরো—জ্যাঠাইমা মাছ যত পারলেন খেলেন, বাকীটা কাঁসিতেই রেখে দিলেন, সেই পাতে তাঁর ভাগে-বৌ বসবে। সীতার পাতে তো একখানা মাছও নিজের পাতে থেকে দিতে পারতেন ! কিন্তু কই, তা নিয়ে সীতা তো কখনো কিছু বলে না, দুঃখ করে না, মালিশ করে না ! আমি জানতে পারলাম এই জন্তে যে, আমি সে-সময় নিতাইকাকার জন্তে আগুন আনতে রান্নাঘরে গিয়েছিলাম—সীতা কোন কথা আমায় বলেনি। এ বাড়ির কাণ্ডই এরকম, আজ এক বছরের ওপর তো দেখে আসচি। অবিশ্ব নিজের জন্ত আমি গ্রাংহও করিনে, আমার দুঃখ হয় ওদের জন্তে।

মায়ের দুঃখও এ বাড়িতে কম নয়। অত খাটুনির অভ্যেস মায়ের ছিল না কোন কালে। এই শীতকালে মাকে গোছা গোছা বাসন নিয়ে ভেরে পুকুরের জলে নামতে হয়, মা'কে আর সীতাকে। খিড়কি পুকুরের জল সকালে থাকে ঠাণ্ডা বরক, রোদ তো পড়ে না জলে কোন

কালেই, চারিধারে বড় বড় আম আর সুপুরির বাগান। এতটুকু রোদ আসে না ঘাটে, সেই কনকনে হিমজলে বসে বাসন মাজা, যেমন তেমন ক'রে মাজলে তো এ বাড়িতে চলবে না, কোথাও দাগ থাকবার জো নেই একটু, জ্যাঠাইমা দেখে নেবেন নিজে। সে যে কি কষ্ট হয় মায়ের, মা মুখ বুজে কাজ করে যান, বলেন না কিছু, আমি তো বুঝতে পারি! ও-সব কাজ কি মা করেছেন কখনো?

সকলের চেয়ে কাজ বাড়ি পূজো-আচার দিনে—এ বাড়িতে বারো মাসের বারোটা পূর্ণিমাতে নিয়মিত ভাবে সত্যনারায়ণের স্নান হয়। গৃহদেবতা শালগ্রামের নিত্যপূজা তো আছেই। তা ছাড়া লক্ষ্মীপূজা মাসে একটা লেগেই থাকে। এ-সব দিনে সংসারের দৈনিক বাসন বাদে পূজোর বাসন বেরোর ঝুড়িখানেক। এঁদের সংসার অত্যন্ত সাত্ত্বিক গৌড়া হিন্দুর সংসার—পূজো-আচার ব্যাপারে পান থেকে চুন খসবার জো নেই। সে ব্যাপারের দেখাশুনো করেন জ্যাঠাইমা স্বয়ং। কলে ঠাকুরঘরের কাজ নিয়ে যারা খাটাখাটুনি করেন, তাঁদের প্রাণ ওঠাগত হয়ে ওঠে।

পূজোর বাসন যে-দিন বেরোয়, মা সে-দিন সীতাকে সঙ্গে নিয়ে যান ঘাটে। সে যতটা পারে মাকে সাহায্য করে বটে, কিন্তু একে সে ছেলেমানুষ, তাতে ও-সব কাজ তার অভ্যেস নেই একেবারেই। জ্যাঠাইমার পছন্দমত পূজোর বাসন মাজতে সক্ষম হওয়া মানে অগ্নি-পরীক্ষায় উত্তীর্ণ হওয়া—বয়স বোধ হয় শেষেরটাই কিছু সহজ। জ্যাঠাইমা বলবেন,—কোষাকুষ্টি মাজবার ছিরি কি তোমার সেজোবো? কতদিন ব'লে দিইচি তোমার পাতরে তেঁতুল নেবু না দিলে ম্যাড়ম্যাড় করবেই—শুধু বালি দিয়ে ঘষলে কি আর—ঠাকুরদেবতার কাজগুলোও তো একটু ছেঁদা ক'রে লোকে করে? সবতাতেই খিরিস্টানি—

মা জবাব খুঁজে পান না। যদি তিনি বলতে যান—“না বড়দি, নেবু ঘষেই তো ঠাকুর-ঘরের তোমার বাসন বরাবরই—”

জ্যাঠাইমা বাধা দিয়ে বলবেন,—আমার চোখে তো এখনো ঢালা বেরোয়নি সেজোবো? অঘলতা দিয়ে বাসন মাজলে অমনি ছিরি হয় বাসনের? কা'কে শেখাতে এসেচ? কি বলব, ভুবনের মা হেঁসেলের কাজ সেসে সময় করতে পারে না, নইলে বাসন-মাজা কা'কে বলে—

জ্যাঠাইমা নিজের কথার প্রতিবাদ সহ্য করতে পারেন না, আর কেনই বা পারবেন, তিনিই যখন এ বাড়ির কর্তা, এ বাড়ির সর্বসর্কা, পুত্রবধূরা, জায়েরা, ভাগ্যেবো, মাসীর দল, পিসির দল, সবাই যখন মেনে চলে—ভয় করে।

আমার ইচ্ছলের পড়াটা শেষ হয়ে গেলে বাঁচি, এদের হাত থেকে উদ্ধার পেয়ে অল্প কোথাও চলে যাই তা'হলে।

ভুবনের মা সকালে আমাকে ডেকে বলল, জিতু, তুমি যখন ইচ্ছলে যাও, ভুবনকেও নিয়ে যেও না? ওর লেখাপড়া তো হ'ল না কিছু, আমি মাসে মাসে আট আনা মাইনে দিতে পারি, জিজ্ঞেস করে এসো তো ইচ্ছলে, তাতে হয় কিনা?

আমি বললাম—দেবেন কাকীমা, ওতেই হয়ে যাবে, ওর তো নিচু ক্লাসের পড়া, আট আনায় খুব হবে।

ভুবনের মা আঁচল থেকে একটা আধুলি বের ক'রে আমার দিতে গেল। বললে—তাহ'লে নিয়ে রেখে যাও, আর আজ ভাত খাওয়ার সময়ে ভুবনকে ডেকে খেতে বসিও। ও আমার কথা শোনে না—তুমি একবার ইচ্ছলে ভুলিয়ে-ভালিয়ে নিয়ে গিয়ে ভর্তি ক'রে দিলে তারপর

থেকে ভয়ে ভয়ে আপনি যাবে। মাথার ওপর কেউ নেই, বেজায় বেয়াড়া হয়ে উঠচে দিন দিন।

তারপর আমার হাত দুখানা খপ করে ধরে কেলে মিনতির স্বরে বললে, এই উব্গারটুকু তোমাকে করতে হবে বাবা জিতু—আমার কেউ নেই, কাউকে বলতে পারি নে, বৌ মাহুয, কপালই না হয় পুড়েচে, কিন্তু কি বলে যার-তার সঙ্গে কথা কই বলো তো বাবা? ব'লো একটু ভুবনকে বুঝিয়ে।

এই ভুবনের মা এ বাড়িতে কি রকমে ঢুকলো, মার মুখে সে কথা আমি শুনেচি। এই গায়েই ওর বাড়ি। ওর এক সতীন আছে, স্বামী মারা যাওয়ার পরে সম্পত্তির অর্ধেক ভাগ পাছে দখল করতে না পেরে ওঠে, এই ভয়ে জ্যাঠামশায়ের নামে বুঝি লেখাপড়া ক'রে দেয়। কথা থাকে, এরা ওদের দুজনকে চিরকাল খেতে পরতে দেবে। কিন্তু এ বাড়িতে ভুবনের মা আছে চাকরানীরও অধম হয়ে। রাঁধুনীকে রাঁধুনী, চাকরানীকে চাকরানী। আর এত হেনস্থাও সবাই মিলে করে ওকে!

ভুবনের মা হয়েছে এ সংসারে অমঙ্গলের থাশোমিটার। অর্থাৎ মঙ্গল যখন আসে, তখন ভুবনের মায়ের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই—অমঙ্গল এলেই কিন্তু ভুবনের মায়ের দোষ। জ্যাঠাইমা অমনি বলবেন—যেদিন থেকে ও আমার বাড়ি ঢুকেচে, সেইদিন থেকেই জানি এ বাড়ির আর ভাষ্টি নেই। সাত কুল খেয়ে যে আসে, তার কি আর—তখুনি কর্তাকে বলেছিলাম ও পাপ ঢুকিও না সংসারে, তা কাঙালের কথা বাসি হ'লে মিষ্টি লাগে!

আমি নিজের কানে কতদিন এ ধরনের কথা শুনেচি। মা বলেন, ভুবনের মায়ের মত বোকা লোক তিনি কখনো দেখেননি।

চৈত্র মাসের গোড়ার দিকে মেজকাকার ছেলে সলিল বললে—জানো জিতুনা, মঙ্গলবারে আমাদের বাড়িতে গোপীনাথ জীউ ঠাকুর আসবেন? ও-পাড়ার মেজ-জ্যাঠামশায়দের বাড়ি ঠাকুর এখন আছেন, মঙ্গলবারে আসবেন, দু-মাস থাকবেন, তারপর আবার হরিপুরের বৃন্দাবন মুখুয়োর বাড়ি থেকে তারা নিতে আসবে। বছরে এই দু-মাস আমাদের পালা।

দাদাও সেখানে ছিল, বললে,—খুব খাওয়ান-দাওয়ান হবে?

সলিল বললে—যে-দিন আসবেন, সে-দিন তো গায়ের সব ব্রাহ্মণের নেমস্তম্ভ, তা ছাড়াও রোজ বিকেলে শেতল হবে, রাত্তিরে ভোগ—সে ভারি খাওয়ার মজা।

দাদা ও আমি দু-জনেই খুশী হয়ে উঠি। মঙ্গলবার সকাল থেকে বাড়িতে বিরাট হৈ-চৈ পড়ে গেল, ঠাকুরঘর ধোওয়া শুরু হ'ল, বাসন-কোসন কাল বিকেল থেকেই মাজাঘষা চলচে, ভুবনের মা রাত থাকতে উঠে রান্নাঘরে ঢুকেচে, পাড়ার অনেক বি-বৌ অবিশ্বি ঝেঁপে কাঁজে সাহায্য করচে, একটি দল তো কাল রাত থেকে তরকারি কুটে একরাশ।

কাকীমারা কাল বিকেল থেকে ক্ষীরের সন্দেশ ও নারকেলের লাড়ু গড়তে ব্যস্ত আছেন। ঝিটকিপোতার গোলাবাড়ি থেকে গাড়িখানেক আখ, শশা, কলা, নারকোল এসেচে, সেগুলো কাটা, ছাড়ানো ব্যাপারে বাড়ির ছোট ছোট মেয়েদের নাইয়ে ধুইয়ে ধোওয়া কাপড় পরিয়ে লাগানো হয়েছে।

বাড়ির ছেলেমেয়েরা সকাল সকাল স্নান সেরে খোয়া ধুতি-চাদর গারে ঠাকুর আনতে গেল কর্তাদের সঙ্গে, তাঁরাও গরদের জোড় পরে আগে আগে চললেন। ছেলেরা কাসর-ঘণ্টা বাজিয়ে বেলা দশটার সময় তাঁদের সঙ্গে ঠাকুর নিয়ে ফিরলো। জ্যাঠাইমা জলের বারা দিতে

দ্বিতে দরজা থেকে এগিয়ে গিয়ে ঠাকুরকে অভ্যর্থনা করে নিয়ে এলেন। মেয়েরা শীঘ্র বাজাতে লাগলেন। ধূপধূনের ধোঁয়ার ঠাকুরঘরের বারান্দা অন্ধকার হয়ে গেল। আমি এ-দৃশ্য কখনো দেখিনি—আমার ভারি আনন্দ হ'ল, ইচ্ছে হ'ল আর একটু এগিয়ে গিয়ে ঠাকুরঘরের দোরে দাঁড়িয়ে দেখি, কিন্তু ভয় হ'ল পাছে জ্যাঠাইমা বকুনি দেন, বলেন—তুই এখানে দাঁড়িয়ে কেন? কি কাপড়ে আছিসু তার নেই ঠিক, যা সরে যা।

এমন অনেকবার বলেচেন—তাই ভয় হয়।

বেলা একটা পর্যন্ত আমাদের পেটে কিছু গেল না। বাড়ির অস্ত্রাস্ত্র ছেলেমেয়েদের কথা স্বতন্ত্র—তাদেরই বাড়ি, তাদেরই ঘরদোর। তারা যেখানে যেতে পারে, আমরা তিন ভাই-বোনাই লাভুক, সেখানে আমরা যেতে সাহস করি না, কারুর কাছে খাবার চেয়েও খেতে পারিনে। মা ব্যস্ত আছেন নানা কাজে, অবিশ্বি হেঁসেলের কাজে তাঁকে লাগানো হয় না এ বাড়িতে, তা আমি জানি। কিন্তু বিয়ের কাজ করতে তো দোষ নেই! বাড়ির অস্ত্রাস্ত্র মেয়েরা কোনদিনই আমাদের খাওয়াদাওয়ার খোঁজ করেন না, আজ তো সকলেই মহাবাস্ত।

বেলা যখন দেড়টা আন্দাজ, রান্নাঘরের দিকে একটা গোলমাল ও জ্যাঠাইমার গলার চীৎকার শুনে ব্যাপার কি দেখতে গেলাম ছুটে। গিয়ে দেখি, রান্নাঘরের কোণে ছেঁচতলার কাছে দাদা একটা লাউপাতা হাতে দাঁড়িয়ে। জ্যাঠাইমা বকুনি—ওই ঝাড় তো, আর কত ভাল হবে তোমাদের? এখনো বামুন-ভোজন হ'ল না, দেবতার ভোগ রইল পড়ে, উনি এসেছেন ভোগের আগে পেরসাদ পেতে,—দেবতা নেই, বামুন নেই, ওর শুয়োর-পেট পোরালেই আমার স্বগ্গে ঘণ্টা বাজবে যে! বুড়ো দামড়া কোথাকার—ও-সব খিরিস্টান চাল এ বাড়িতে চলবে না বোলে দিচ্ছি, মুড়ো ঝাঁটা মেরে বাড়ি থেকে বিদেশ করে দেবো জানো না? আমার বাড়ি বসে ও সব অনাচার হবার জো নেই, যখন করেচ তখন করেচ।

মা কোথায় ছিলেন আমি জানিনে। পাছে তিনি শুনতে পান এই ভয়ে দাদাকে আমি সজ্ঞে করে বাইরে নিয়ে এলাম। দাদা লাউপাতাটা হাতে নিয়েই বাইরে চলে এল। আমি বললাম—ওখানে কি কচ্ছিলে?

দাদা বললে—কি আবার করবো? ভুবনের মা কাকীমার কাছে দুখানা তিলপিটুলি ভাজা চাইছিলাম—বড় খিদে পেয়েচে তাই। জ্যাঠাইমা শুনতে পেয়ে কি বকুনিটাই—

বলেই লজ্জা ও অপমান চাকবার চেষ্টায় কেমন এক ধরনের হাসলে। হয়তো বাড়ির কোন ছেলেই এখনো খায়নি, কিন্তু আমরা জানি দাদা খিদে মোটে সহ্য করতে পারে না, চা-বাগানে থাকতেও ভাত নামতে-না-নামতে সকলের আগে ও পিঁড়ি পেতে রান্নাঘরে খেতে বসে যেত। বয়সে বড় হ'লে কি হবে, ও আমাদের সকলের চেয়ে ছেলেমাছুষ।

আজকার সমস্ত অহুষ্ঠানের উপর আমার বিতৃষ্ণা হ'ল। এদের দয়ামায়া নেই, এই যে ঠাকুর-পূজোর ধুমধাম, এর যেন কোথায় গলদ আছে। কোথায়—তা বোঝা আমার বুদ্ধিতে কুলোয় না, কিন্তু গোটা ব্যাপারটাই যেন কেমন মনের সজ্ঞে খাপ খেলো না আদৌ।

আর কিছুদিন পরে একটু বয়স হলে আমি বুঝেছিলাম যে, এদের ভক্তির উৎসের মূলে এদের বিষয়-বুদ্ধি ও সাংসারিক উন্নতি। ভগবান এদের উন্নতি করেচেন, ফসল বাড়ান, মান খাতির বাড়ান—এঁরাও ভগবানকে তোয়াজ করচেন—ভবিষ্যতে আরও যাতে বাড়ি। প্রতি পূর্ণিমার ঘরে সত্যনারায়ণ পূজো হয়, সংক্রান্তিতে সংক্রান্তিতে দুটি ব্রাহ্মণ খাওয়ানো হয়, শুধু তাই নয়—একটি গরিব ছাজকে জ্যাঠাইমা বছরে একটি টাকা দিয়ে থাকেন বই কেনার জন্তে। শ্রাবণ মাসে তাঁদের আবাদ থেকে বছরের ধান, জালাভরা কই মাছ, বাজরাভরা

হাঁসের ডিম, তিল, আকের গুড়, আরও অনেক জিনিস নৌকো বোঝাই হয়ে আসতো। ভক্তিতে আশ্রিত হয়ে তাঁরা প্রতিবার এই সময় পাঠাবলি দিয়ে মনসা পূজা করতেন ও গ্রামের ব্রাহ্মণ খাওন্নাতেন। এদের সত্যনারায়ণ পূজা ঘরের স্বচ্ছলতা বৃদ্ধি করার জন্তে, লক্ষ্মীপূজা ধনধান্য বৃদ্ধির জন্তে, গৃহ-দেবতার পূজা, গোপীনাথ জীউর পূজা—সবারই মূলে—হে ঠাকুর, ধনেপুত্রে যেন লক্ষ্মীলাভ হয় অর্থাৎ তা হ'লে তোমাকেও খুশী রাখবো।

বাবার মুখে শুনেচি, এ সমস্ত বাড়িঘর আমার ঠাকুরদাদা গোবিন্দলাল মুখুয়োর তৈরি। ঠাকুরদাদা যখন মারা যান, বাবার তখন বয়স বেশী নয়। তিনি মামার বাড়িতে মাহুঘ হন এবং তারপর চাকরি নিয়ে বিদেশে বার হয়ে যান। জ্যাঠামশাইয়ের বাবা নন্দলাল মুখুয়ো নারেন্দ্রী কাজে বিস্তর পরস্যা রোজগার করেছিলেন এবং আবাদ অঞ্চলে একশো বিঘে ধানের জমি কিনে রেখে যান। আবাদ-অঞ্চল মানে কি, আমি এতদিনেও জানতাম না, এই সেদিন জ্যাঠামশাইদের আড়তের মুছরী যত্ব বিশ্বাসকে জিজ্ঞেস ক'রে জেনেছি।

জ্যাঠামশাই পাটের ব্যবসা ক'রে খুব উন্নতি করেছে। এঁদের বর্তমান উন্নতির মূলেই এঁদের পাটের ও ধানের কারবার। জ্যাঠামশাইরা তিন ভাই—সবাই এই আড়তের কাজেই লেগে আছেন দেখতে পাই। এঁরা বাবার খুড়তুত ভাই, বাবাই ঠাকুরদাদার একমাত্র ছেলে ছিলেন। বাবা কোনো কালেই এ-গাঁয়ে বাস করেননি, জমিজমা যা ছিল তাও এখন আর নেই, বাবা বেঁচে থাকতে জ্যাঠামশায়কে বলতে শুনেছিলাম যে, সব নাকি রোজসেস নীলামে বিক্রি হয়ে গেছে। সে-সব কি ব্যাপার যত বৃষ্টি আর না বৃষ্টি, এটুকু আজকাল বুঝছি যে, এখানে আমাদের দাবি কিছু নেই এবং জ্যাঠামশাইদের দয়ায় তাঁদের সংসারে মাথা গুঁজে আমরা আছি।

জ্যাঠাইমাকে আমার নতুন নতুন ভারি ভাল লাগতো, কিন্তু এতদিন আমরা এ বাড়িতে এসেচি, একদিনের জন্তুও আমাদের সঙ্গে তিনি ভাল ব্যবহার করেননি—আমাকে ও দাদাকে তো নখে ফেলে কাটেন এমন অবস্থা। অনবরত জ্যাঠাইমার কাছ থেকে গালমন্দ অপমান খেয়ে খেয়ে আমারও মন বিরূপ হয়ে উঠেচে। আজকাল আমি তো জ্যাঠাইমাকে এড়িয়ে চলি, সীতাও ভাই, দাদা ভালমন্দ কিছু তেমন বোঝে না, ও নবায়ের দিন বাটি হাতে জ্যাঠাইমায়ের কাছে নবান্ন চাইতে গিয়ে বকুনি খেয়ে ফিরে আসবে—পুকুরের ঘাটে নাকি জ্যাঠাইমা নেয়ে উঠে আসছিলেন, ও সে-সময় কাঁপিয়ে জলে পড়ার দরুন জল ছিটিয়ে তাঁর গায়ে লাগে, সেজন্তে মার খাবে—বাসি কাপড়ে জ্যাঠাইমার ঘরে ঢুকে এই সে-দিনও মার খেতে খেতে বেঁচে গিয়েচে। কেন বাপু যাওয়া ?

কিন্তু না গেলেই যে বিপদের হাত থেকে পরিত্রাণ পাওয়া যায় তা নয়, এক সংসারে থাকতে গেলে ছোঁসারুঁয়ি ঠেকাঠেকি না হয়ে তো পারে না, অথচ হ'লেই আর রক্ষে নেই।

জ্যাঠাইমাদের রোয়াকে বসে আমি আর ভুবন খেলছি—এমন সময় জ্যাঠাইমা ওপরের দালান থেকে ঝিণ্টু, বাদল, উষা, কাতু—ওদের ডাক দিলেন। ডাকলেন কেন, আমি তা জানি, খাবার খাওয়ার জন্তে—আমি আর ভুবন যে সেখানে আছি, তা দেখেও দেখলেন না। আমি ভুবনকে বলতে ব'লে মায়ের কাছ থেকে বড় এক বাটি মুড়ি নিয়ে এসে দু'জনে খেতে লাগলাম। কাতু ফিরে এলে বললাম—ভাই, এক ঘটি জল নিয়ে আর না খাবো! খাবার খাওয়া সেরে আমরা আবার খেলা করচি, এমন সময়ে জ্যাঠাইমা সেখানে এলেন কাপড় তুলতে। রোয়াকের ধারে আমাদের মুড়ির বাটিটার দিকে চেয়ে বললেন—এ বাটিতে হাত ধুয়েচে কে ?

এ ঠিক জিতুর কাজ, নইলে এমন মেলেছে। এ বাড়ির মধ্যে তো আর কেউ নেই।

কি ক'রে ফেলেচি না জানি! ভয়ে ভয়ে বললাম—কি হয়েছে জ্যাঠাইমা?

জ্যাঠাইমা মারমুখী হয়ে বললেন—কি হয়েছে দেখতে পাচ্চো না? দুকুরবেলা কাপড়খানা কেচে আলনায় রেখে গিইচি, কাচা কাপড়খানা জল ছিঁটিয়ে এঁটো ক'রে বসে আছো?

মেজকাকীমার এক পিসি না মাসী এ বাড়িতে থাকে, বুড়ী তারি ঝগড়াটে আর জ্যাঠাইমার খোশামুদে। বয়স পঞ্চাশ ষাট হবে, কালো, একহারা দড়িপাকানো গড়ন—সীতা আর আমি আড়ালে বলি—তাড়কা রাকুনী। নানা ছুতোনাতির মাকে অনেকবার বকুনি খাইয়েচে জ্যাঠাইমা-কাকীমাদের কাছে। ওকে দু-চক্ষে আমরা দেখতে পারিনে। জ্যাঠাইমার গলার স্বর শুনে রান্নাঘরের উঠোন থেকে বুড়ী ছুটে এল।—কি হয়েছে বৌমা, কি হয়েছে?

জ্যাঠাইমা বললেন—সন্নেবেলা আঁহিক ক'রবো বলে কাপড়খানা কেচে আলনার দিয়ে রেখেচি মাসী—আর বুড়ো ধাড়ী ছোঁড়া করেচে কি, এখানে মুড়ি খেয়ে সেই বাটিতেই জল দিয়ে হাত ধুয়েচে, আর এই রোয়াকের ধারেই তো কাপড়—তুমি কি বলতে চাও কাপড়ে লাগেনি জলের ছিটে?

বুড়ী অবাধ হয়ে ডান ক'রে বললে—ওমা সে কি কথা! লাগেনি আবার, একশো বার লেগেচে।

আমি ভাবলাম, বারে! এতে আর হয়েছে কি? জল যদি লেগেই থাকে, দু-চার ফোঁটা লেগেচে বই তো নয়? জ্যাঠাইমাকে বললাম—জল তো ওতে লাগেনি জ্যাঠাইমা, আর যদিও একটু লেগে থাকে, এখনও রোদ রয়েছে, এঁকুনি শুকিয়ে যাবে'খন।

বুড়ী বললে—শোন কথা; ও ছোঁড়ার জ্ঞান-কাণ্ড একেবারেই নেই—একেবারেই মেলেছে।—ওর মাও তাই। হিঁদুয়ানি তো শেখেনি কোনোদিন—

—তোমরা শোন মাসী, আমি শুনে শুনে হৃদ হরে গিয়েচি। ঘরে ঠাকুর রয়েচেন, আর এই সব অন্যচার কি ক'রে বরদাস্ত করি বল তো তুমি? আমার কোনো ছেলেমেয়ে ওরকম করবে? অত বড় ধাড়ী ছেলে হ'ল, মুড়ির বাটিতে জল ঢাললে যে সর্কড়ি হয় সেও জানে না! শুনবে কোথা থেকে, মেলেছে। খিরিস্টানের মধ্যে এতকাল কাটিয়ে এসেচে, ভালো শিক্ষে দিয়েচে কে? হিঁদুর বাড়িতে কি এ সব পোষায়? বল তো তুমি—

বুড়ী বললে—ওর মা জানে না তো ও জানবে কোথা থেকে? সেদিন ওর মা করেছে কি, পুকুরঘাটে তো বড় নৈবিজির বারকোশখানা ধুতে নিয়ে গিয়েচে—যেদিন ঠাকুর এলেন (বুড়ী দু-হাত জোড় ক'রে নমস্কার করলে) তার পরের দিন—আমি দাঁড়িয়ে ঘাটে, কাপড় কেচে যখন উঠলি তখন ধোওয়া বারকোশখানা আর একবার জলে ডুবো—না ডুবিয়েই অমনি উঠিয়ে নিয়ে যাচ্ছে। আমি দেখে বসি, ও কি কাণ্ড বউ? ভাগ্যিস দেখে ফেললাম তাই তো—

মায়ের দোষ দেওগ্নাতেই হোক, বা আমাকে আগের ওই-সব কথা বলাতেই হোক, আমার রাগ হ'ল। তা ছাড়া আমার মন বললে এতে কোন দোষ হয়নি—মুড়ির বাটিতে জল ঢালার দরুনে মুড়ির বাটি অপবিত্র হবে কেন? মা বারকোশ ধুয়ে জলের ধারে রেখে স্নান সেরে উঠে যদি সে বারকোশ নিয়ে এসে থাকেন, তাতে মা কোন অজ্ঞান কাজ করেননি। বললাম—ওতে দোষ কি জ্যাঠাইমা, মুড়িও খাবার জিনিস, জলও খাবার জিনিস—ছুটোতে মেশালে খারাপ হবে কেন, ছুঁতে থাকবেই বা না কেন?

জ্যাঠাইমা অগ্নিমুক্তি হয়ে উঠলেন—তোর কাছে শান্তর শুনতে আসিনি, ফাজিল ছোঁড়া কোথাকার—তোরা তো খিরিস্টান, হিঁদুর আচারব্যাজার তোরা জানিস কি, তোর মা-ই বা

জানে কি ? ওইটুকু ছেলে গলা টিপলে দুখ বেরোল, উনি আবার আমার শাস্তর বোধশতে আসেন ! শিখবি কোথেকে, তোর মা তোদের কি কিছু শিখিয়েচে, না কিছু জানে ? পরসী রোজগার করেচে আর দু-হাতে উড়িয়েচে তোর বাবা—মদ খেয়ে খিরিস্টানি কোরে—

বুড়ী বললে—মোলোও সেই রকম। যেমন-যেমন কন্দকল তেমন-তেমন মিত্যু ! দশেদশে দেখলে সবাই, যে কন্দের যে শান্তি—ঘর থেকে মড়া বেরোল না, ও-পাড়ার হরিদাস না এসে পড়লে ঘরের মধ্যেই পড়ে থাকতো—

বাবার মৃত্যু সম্পর্কে এ কথা বলাতে আমার রাগ হ'ল। তাঁর মরণের পরে এখন তাঁর কথা ভেবে আমার কষ্ট হয়, যদিও সে কথা কাউকে বলিনে। বললাম—ভাল মরণ আর মন্দ মরণ নিয়ে বাহাদুরি কি দিদিমা ? এই তো মাঘ মাসে ওই তেঁতুলতলার বাটদেয় বাড়ি, ওই বাড়ির সেই বুড়ো গাঙ্গুলীমশায় মারা গেলেন, তিনি তো খুব ভালমাহুষ ছিলেন সবাই বলে, পুকুরের ঘাটে এক বেলা দাঁড়িয়ে দাঁড়িয়ে আত্মিক করতেন, তবে তিনি পেনসন্ আনতে গিয়ে ও-রকম ক'রে সেখানে মারা গেলেন কেন ? সেখানে কে তাঁর মুখে জল দিয়েচে, কে মড়া ছুঁয়েচে, কোথায় ছিল ছেলেমেয়ে, ও-রকম হ'ল কেন ?

আমার বোকামি, আমি ভেবেছিলাম ঠিকমত যুক্তি দেখিয়ে বুড়ীকে তর্কে হারাবো, কিন্তু তার ধরনের ঝগড়া মজবুত পাড়াগাঁয়ের মেয়ে যে অত সহজে হার মেনে নেবে, এ ধারণা করাই আমার ভুল হয়েছিল। সে যুক্তির পথে গেলই না।

—মরুক বুড়ো গাঙ্গুলী, তবুও খবর পেয়ে তার ছেলেজামাই গিয়ে ডাকে এনে গন্ধার দিয়েছিল, তোর বাবার মত দোগেছের মাঠে ডোবার জলে আধ-পোড়া ক'রে ফেলে রেখে আসেনি ! আমি সব জানি, আমার ঘাঁটাসনে, অনেক আত্মনাড়ির কথা বেরিয়ে যাবে। কাঠ জোটেনি, খেজুরের ভাল দিয়ে পুড়িয়েছিল, সব শুনেচি আমি। দোগেছের মাঠে সন্দের পর লোক যায় না, সবাই বলে এখনও ভূত হয়ে—

কথা সবই সত্যি, শেষেরটুকু ছাড়া। ঐটুকুর ওপরই জোর দিয়ে বললাম—মিথ্যে কথা, বাবা কখনো,—তার যুক্তির অকাটাভা প্রমাণ করবার জন্তে এমন একটা কথা ব'লে ফেললাম যা কখনো কারুর কাছে বলিনি বা খুব রেগে মরীয়া না হয়ে উঠলে বলতামও না এদের কাছে। বললাম—জানেন, আমি ভূত দেখতে পাই, অনেক দেখেচি, বাবাকে তা হলে নিশ্চয়ই দেখতে পেতাম, জানেন ? চা-বাগানে থাকতে আমি কত—

এই পর্যন্ত বলেই আমি চূপ করে গেলাম। দিদিমা খিল খিল ক'রে হেসেই খুন।—হি হি, এ ছোড়াও পাগল ওর বাপের মত—হি হি—শুনেচো বউমা, হি হি—কি বলে শুনেচো একবার—

জ্যাঠাইমা বললেন—যা এখান থেকে এই মুড়ির বাটি তুলে ধুয়ে নিয়ে আর পুকুর থেকে এখানটা গাড়ুর জল দিয়ে ধুয়ে দে। আমার কাপড়খানাও কেচে নিয়ে আর অমনি, তোর সঙ্গে কে এখন সন্দে অবধি তক্কো করে ? তবে ব'লে দিচ্ছি, হিঁদুর ঘরে হিঁদুর মত ব্যাভার না করলে এ বাড়িতে জায়গা হবে না। পষ্ট কথায় কষ্ট নেই। কই আমাদের বুলু, ভুটি, হাবু কি সতীশ তো কখনো এমন করে না, যা বলি তখুনি তাই তো শোনে, কই এক দিনের জন্তেও তো—

দিদিমা বললেন—ওমা ; বুলু, হাবু, সতীশের কথা ব'লো না, তারা আমার বেঁচে থাক, সোনার চাঁদ ছেলেমেয়ে সব। তারা হিঁদুয়ানির যা জানে ওর মা তা জানে না তো ও ! সে দিন সতীশকে বলচি, সতু দাদাভাই, তেলের ভাঁড়টা বাইরের উঠানে নিমু কলুকে দিয়ে এসো

তো? তো বলচে—আমার বিছানার কাপড়, আমি তো ভাঁড় ছোঁব না। আমি মনে মনে ভাবলাম যে, জাখো শিক্কে গুণ জাখো—কেমন ঘরে মাহুস তারা। আহা বেঁচে থাক্—সব বেঁচে থাক্—

মনে মনে সতীশের প্রশংসা করতে চেষ্টা করলাম। সতীশ যে স্বীকার করেছে তার কাপড় বাসি, এটা অবিশ্বাস্য প্রশংসার যোগ্য। কিন্তু বাসি কাপড়ে কিছু ছোঁয়া যে খারাপ কাজ, এ বিশ্বাস যার নেই, তাঁকেই বা দোষ দেওয়া যায় কি ক'রে, এ আমি বুঝতে পারিনি। যেমন এখনই আমার মনে একটা প্রশ্ন এসেছে যে, নিম্ন কলু কি কাচা, ধোয়া, শুদ্ধ গরদের জোড় প'রে ভেল বেচতে এসেছিল? সতীশের ভেবে দেখবার ক্ষমতা ও বুদ্ধির চেয়ে যদি কারুর বুদ্ধি ও বুঝবার শক্তি বেশী থাকে, তার জন্তে তাকে কি নরকে পচে মরতে হবে?

॥ ২ ॥

তিন বছর এখনও হয়নি, আমরা এ গাঁয়ে এসেছি। তার আগে ছিলাম কার্শিয়ের কাছে একটা চা-বাগানে, বাবা সেখানে চাকরি করতেন। সেখানেই আমি ও সীতা জন্মেছি, (কেবল দাদা নয়, দাদা জন্মেছে হুমান-নগরে, বাবা তখন সেখানে রেলে কাজ করতেন) সেখানেই আমরা বড় হয়েছি, এখানে আসবার আগে এত বড় সমতলভূমি কখনো দেখিনি। আমরা জানতাম চা-ঝোপ, ওক আর পাইনের বন, ধুরা গাছের বন, পাহাড়ী ডালিয়ার বন, ব'র্ণা, কনুকে শীত, দূরে বরফে ঢাকা বড় বড় পাহাড়-পর্বতের চূড়া, মেঘ, কুয়াশা, বৃষ্টি। এখানে প্রায়ই মাঝে মাঝে চা-বাগানের কথা, আমাদের নেপালী চাকর খাপার কথা, উম্প্লাডের ডাক-রানার খুঁজা সিং যে আমাদের বাংলাতে মাঝে মাঝে ভাত খেতে আসতো—তার কথা, মিস নর্টনের কথা, পচা বাগানের মাসীমার কথা, আমাদের বাগানের নীচের সেই অদ্ভুত রাস্তার কথা, মনে হয়।

সেই সব দিনই আমাদের স্মৃতি কেটেচে। ছুংখের শুরু হয়েছে যে-দিন বাংলা দেশে পা দিয়েছি। এই জন্তে এই তিন বছরেও বাংলা দেশকে ভাল লাগলো না—মন ছুটে যায় আবার সেই সব জায়গায়, চা-বাগানে, শেওলা-ঝোলা বড় বড় ওকের বনে, উম্প্লাডের মিশন হাউসের মাঠে—সেখানে আমি, সীতা, দাদা কতদিন সকালে ফুল তুলতে যেতাম, বড়দিনের সময় ছবির কার্ড আনতে যেতাম, কেমন মিষ্টি কথা বলতো, ভালবাসতো মিস নর্টন। ভাবতে বসলে এক একটা দিনের কথা এমন চমৎকার মনে আসে!...

শীতের সকাল।

বাড়ির বার হয়েই দেখি চারিদিকে বনে জঙ্গলে পাহাড়ের ঢালুর গায়ে পাইন গাছের ফাঁকে বেশ রোদ। আমি উঠতাম খুব সকালেই, সীতা ও দাদা তখন লেপের তলায়, চা না পেলে এই হাড়কাঁপানো শীতে উঠতে কেউ রাজী নয়।

শীতও পড়েছে দস্তুরমত। আমাদের বাগানের দক্ষিণে কিছু দূরে যে বড় চা-বাগানটা নতুন হয়েছে, যার বাংলাঙলোর লাল টালির ঢালু ছাদ আমাদের এখান থেকে দেখা যায় পাইন গাছের ফাঁকে, আজ তাদের লোকজনেরা চায়ের চারাগাছ খড়ের পালুটি দিয়ে ঢেকে দিচ্ছে বোধ হয় বরফ পড়বার ভয়ে। আকাশ পরিষ্কার, স্নানীল, কোনোদিকে এতটুকু কুয়াশা

নেই ; বরফ পড়বার দিন বটে ।

একটু পরে সীতা উঠল । সে রোগা, ফর্সা, ছিপছিপে । সে ও দাদা খুব ফর্সা, তবে অত ছিপছিপে আর কেউ নয় । সীতা বললে, থাপা কোথায় গেল দাদা ? আজ ও সোনাদা যাবে ? বাজার থেকে একটা জিনিস আনতে দেবো ।

আমি বললাম—কি জিনিস রে ?

সীতা দুই মের হাসি হেসে বললে, বলবো কেন ? তোমরা যে কত জিনিস আনাও, আমার বলো ?

একটু পরে থাপা এল । সে হুটায় দু-দিন সোনাদা বাজারে যার তরকারি আর মাংস আনতে । সীতা চুপি চুপি তাকে কি আনতে ব'লে দিলে, আড়ালে থাপাকে জিজ্ঞেস ক'রে জানলাম জিনিসটা একপাতা সেফটিপিন্ । এরই জন্তে এতে !

একটু বেলায় বরফ পড়তে শুরু হ'ল । দেখতে দেখতে বাড়ির ছাদ, গাছপালার মাথা, পথঘাট যেন নরম খোকা খোকা পেঁজা কার্পাস তুলোতে ঢেকে গেল । এই সময়টা ভারি ভাল লাগে, আঙনের আংটাতে গনগনে আঙুন—হাড়কাঁপানো শীতের মধ্যে আঙনের চারিধারে বসে আমি দাদা ও সীতা লুডো খেলতে শুরু ক'রে দিলাম ।

এই সময় বাবা এলেন আপিস থেকে । ম্যানেজারের কুঠার পাশেই আপিস-ঘর, আমাদের বাংলা থেকে প্রায় মাইলখানেক, কি তার একটু বেশী । বাবা বেলা এগারোটায় সময় ফিরে খাওয়ার-দাওয়া ক'রে একটু বিশ্রাম করেন, তিনটের পরে বেরোন, ওদিকে রাত আটটা-ন'টায় আসেন ।

বাবা আমাদের সকলকে নিয়ে খেতে ভালবাসতেন । সীতাকে ডেকে বললেন—খুকী, থাপাকে বলে দে নাইবার জন্তে জল গরম করতে—আর তোরা সব আজ আমার সঙ্গে খাবি—নিতুকে বলিস নইলে সে আগেই খাবে ।

মা রান্নাঘরে ব্যস্ত ছিলেন । সীতা গিয়ে বললে—মা, দাদাকে আগে ভাত দিও না, আমরা সবাই বাবার সঙ্গে খাবো ।

সীতার কথা শেষ না হ'তে দাদা গিয়ে রান্নাঘরে হাজির । দাদা খিদে মোটে সহ্য করতে পারে না—তাই আমাদের সকলের আগে মা তাকে খেতে দিতেন । এদিকে আমাদের ক' ভাই-বোনের মধ্যে বাবা সকলের চেয়ে ভালবাসতেন দাদাকে ও সীতাকে । দাদাকে খাওয়ার সময়ে কাছে বসে না খেতে দেখলে তিনি কেমন একটু নিরাশ হতেন, যেন অনেকক্ষণ ধরে যেটা চাইছিলেন সেটা হ'ল না ।

সীতা বললে—দাদা তুমি খেও না, বাবা আজ সকলকে নিয়ে খাবেন । বাবা নাইচেন, এফুনি আমরা খেতে বসবো—

দাদা কড়া থেকে মাকে একটুকরো মাংস তুলে দিতে বললে এবং গরম টুকরোটা মুখে পুরে দিয়ে আবার তখুনি তাড়াতাড়ি বার ক'রে কেলে বার-দুই ফু' দিয়ে আবার মুখে পুরে নাচতে নাচতে চলে গেল । দাদাকে আমরা সবাই ভালোবাসি, দাদা বয়সে সকলের চেয়ে বড় হলেও এখনো সকলের চেয়ে ছেলেমানুষ । ও সকলের আগে খাবে, সকলের আগে ঘুমিয়ে পড়বে । ঘুরিয়ে কথা বললে বুঝবে না, অন্ধকারে একলা ঘরে শুতে পারবে না—ওর বয়স যদিও বছর চোদ্দ হ'ল, কিন্তু এখনও আমাদের চেয়ে ও ছেলেমানুষ, প্রথম সন্তান ব'লে বাপ-মায়ের বেশী আদর ওরই ওপর ।

আমরা সবাই একসঙ্গে খেতে বসলাম । বাবা সীতাকে একপাশে ও দাদাকে আর একপাশে

দ্বিগুণে খেতে বসেচেন। মাংসের বাটি থেকে চর্কির বেছে বেছে কেলে দিতেই সীতা বললে—বাবা আমি খাবো—

দাদা বললে—তুই সব খাসনে, আমাকে হু'খানা দে সীতা—

বাবা অত চর্কির ওদের খেতে দিলেন না। ওদের এক এক টুকরো দিয়ে বাকি টুকরোগুলো বেড়ালদের দিকে ছুঁড়ে ফেলে দিলেন। আমার বললেন—জিতু, গায়ের মাপটা দিস তো তোর, ওবেলা সায়েবের দর্জি আসবে, তার কাছে তোর জামা করতে দেবো—

সীতা বললে—আমার আর একটা জামা দরকার বাবা—

—তবে তুইও দিস গায়ের মাপটা,—ওই সপ্তেই দিস—

মা বললেন—তার দরকার কি, তুমি তাকে বাসায় পাঠিয়ে দিও না। আমি সব দেখে-শুনে দেবো—আরও করবার জিনিস রয়েছে—নিতুর মোটে দুটো জামা, ওর ওভারকোটটা পুরনো হয়ে ছিঁড়ে গিয়েছে—যেমন সীতা পড়েছে এবার, ওর একটা ওভারকোট করে দাও—

বিকেলে মেমেরা মাকে পড়াতে এল।

মাইল দুই দূরে মিশনারীদের একটা আড্ডা আছে। আমি একবার মেমসাহেবের সঙ্গে সেখানে গিয়েছিলাম। সেখান থেকে খোসালডি চা-বাগানে যে রাস্তাটা পাহাড়ের ঢালু বেয়ে নেমেচে—তারই ধারে ওদের বাংলো। অনেকগুলো লাল টালির ছোট বড় ঘর, বাঁশের জাক্রির বেড়ায় ঘেরা কম্পাউণ্ড, এই শীতকালে অজস্র ডালিয়া কেটে, বড় বড় ম্যাগনোলিয়া গাছ। আমাদের বাগানে ও বড় সাহেবের বাংলোতে ম্যাগনোলিয়া গাছ আছে।

এরা মাকে পড়ায়, সীতাকেও পড়ায়। মিস্ নটন দিনাজপুরে ছিল, বেশ বাংলা বলতে পারে। নানা ধরনের ছবিওয়লা কার্ড, লাল সবুজ রঙের ছোট ছোট ছাপানো কাগজ, তাতে অনেক মজার গল্প থাকে। দাদার পড়াশুনায় তত ঝোঁক নেই, আমি ও সীতা পড়ি। একবার একখানা বই দিয়েছিল—একটা গল্পের বই—‘সুবর্ণবণিক পুত্র’। এ কথায় আমি বুঝেছিলাম বণিকপুত্র সোনা দিয়ে গড়া অর্থাৎ সোনার মত ভালো। পাপের পথ থেকে উক্ত বণিকপুত্র কি করে ফিরে এসে খ্রীষ্টধর্ম গ্রহণ করলে, তারই গল্প। অনেক কথা বুঝতে পারতাম না, কিন্তু বইখানা ভালো লাগতো!...

মেম আসতো দু-জন। একজনের বয়স বেশী—মায়ের চেয়েও বেশী। আর একজনের বয়স খুব কম। অল্পবয়সী মেমটির নাম মিস্ নটন—একে আমার খুব ভালো লাগতো—নীল চোখ, সোনালী চুল, আমার কাছে মিস্ নটনের মুখ এত সুন্দর লাগতো, বার বার ওর মুখের দিকে চাইতে ইচ্ছে করত, কিন্তু কেমন লজ্জা হ'ত—ভালো করে চাইতে পারতাম না—অনেক সময় সে অল্প দিকে চোখ ফিরিয়ে থাকবার সময় লুকিয়ে এক চমক দেখে নিতাম। তখনি ভয় হ'ত হয়ত সীতা দেখে—সীতা হয়ত এ নিয়ে ঠাট্টা করবে। ওরা আসতো বুধবারে ও শনিবারে। সপ্তাহের অল্প দিনগুলো যেন কাটতে চাইতো না, দিন গুনতাম কবে বুধবার আসবে, কবে শনিবার হবে। মিস্ নটনের মত সুন্দরী মেয়ে আমি কখনো দেখিনি—আমার এই এগারো-বারো বছরের জীবনে।

কিন্তু মাঝে মাঝে এমন হতাশ হ'তে হ'ত। দিন গুনে গুনে বুধবার এল, কিন্তু প্রোটা মেমটি হয়তো সেদিন এল একা, সঙ্গে মিস্ নটন নেই—সারা দিনটা বিষাদ হয়ে যেতো, মিস্ নটনের ওপর মনে মনে অভিমান হ'ত, অথচ কেন আজ মিস্ নটন এল না সে কথা কাউকে জিজ্ঞেস করতে লজ্জা হ'ত।

মেমেরা এক-একদিন আমাদের ভগবানের কাছে প্রার্থনা করতে শেখাতো। মা তখন

ধাকতেন না। আমি, সীতা ও দাদা চোখ বুজতাম—মিস্ নট'ন ও তার সঙ্গিনী চোখ বুজতে,। 'হে আমাদের স্বর্গস্থ পিতা সদাপ্রভু'—সবাই একসঙ্গে গভীর স্বরে আরম্ভ করলুম। হঠাৎ চোখ চেয়ে দেখতাম সবাই চোখ বুজ আছে, কেবল সীতা চোখ খুলে একবার জিব বার করেই আমার দিকে চেয়ে একটু হুটু'মির হাসি হাসলে—পরক্ষণেই আবার প্রার্থনার যোগ দিলে।

সীতা ঐ রকম, ও কিছু মানে না, নিজের খেয়াল-খুশীতে থাকে, যাকে পছন্দ করবে তাকে খুবই পছন্দ করবে, আবার যাকে দেখতে পারবে না তার কিছুই ভাল দেখবে না। ওর সাহসও খুব, দাদা যা করতে সাহস করে না, এমন কি আমিও যা অনেক সময় করতে ইতস্ততঃ করি—ও তা নির্ঝিঁচারে করে। আমাদের বাংলো থেকে খানিকটা দূরে বনের মধ্যে একটা দেবস্থান আছে—পাহাড়ীদের ঠাকুর থাকে। একটা বড় সরল গাছের তলায় কতক-গুলো পাথর—ওরা সেখানে মুরগী বলি দেয়, ঢাক বাজায়। সবাই বলে ওখানে ভূত আছে, জায়গাটা যেমন অন্ধকার তেমনি নির্জন—একবার দাদা তর্ক তুলে বললে আমরা কখনোই ওখানে একা যেতে পারবো না। আমি ভেবে উত্তর দেওয়ার আগেই সীতা বাংলোর বার হয়ে চ'লে গেল একাই—কোনো উত্তর না দিয়েই ছুট দিলে পাহাড়ীদের সেই নির্জন ঠাকুরতলার দিকে।।...ওই রকম ওর মেজাজ।।...

মিস্ নট'ন সীতাকে খুব ভালবাসে। মাঝে মাঝে সীতাকে সঙ্গে নিয়ে যায় ওদের মিশন বাড়িতে, ওকে ছবির বই, পুতুল, কেক, বিস্কুট কত কি দেয়—ছবি আঁকতে শেখায়, বুনতে শেখায়—এরই মধ্যে সীতা বেশ পশমের ফুল তুলতে পারে, মাহুঘের মুখ, কুকুর আঁকতে পারে। ওরা আমাকেও অনেক বই দিয়েচে—মথি-লিখিত স্মসমাচার, লুক-লিখিত স্মসমাচার, যোহন-লিখিত স্মসমাচার, সদাপ্রভুর কাহিনী—আরো অনেক সব। যীশু একটুকরো মাছ ও আধখানা রুটিতে হাজার লোককে ভোজন করালেন—গল্পটা পড়ে একবার আমার হঠাৎ মাছ ও রুটি খাবার সাধ হ'ল। কিন্তু মাছ এখানে মেলে না—মা ভরসা দিলেন খাওয়াবেন, কিন্তু দু মাসের মধ্যেও সেবার মাছ পাওয়া গেল না; আমার শখও ক্রমে ক্রমে উবে গেল।

বাবার বন্ধু দু-একজন বাঙালী মাঝে মাঝে আমাদের এখানে এসে দু-একদিন থাকেন। মেমেরা মাকে পড়াতে আসে, এ ব্যাপারটা তাঁদের মনঃপূত নয়। বাবাকে তাঁরা কেউ কেউ বলেছেনও এ নিয়ে। কিন্তু বাবা বলেন—ওরা আসে, এজ্ঞে এক পরসা নেয় না—অথচ সীতাকে ছবি আঁকা, সেলাইয়ের কাজ শেখাচ্ছে—কি ক'রে ওদের বলি তোমরা আর এসো না? তা ছাড়া ওরা এলে মেয়েদের সময়ও ভালোই কাটে, ওদের কেউ সঙ্গী নেই, এই নির্জন চা-বাগানের একপাশে পড়ে থাকে—একটা লোকের মুখ দেখতে পায় না, কথা বলবার মাহুঘ পায় না—ওরা যদি আসেই তাতে লাভ ছাড়া ক্ষতি কি?

মায়ের মনের একটা গোপন ইচ্ছা ছিল, সেটা কিন্তু পূর্ণ হয়নি। বাবা অত্যন্ত মদ খান—এবং যেদিন খুব বেশী ক'রে খেয়ে আসেন, সেদিন আমাদের বাংলো ছেড়ে পালাতে হয়। নইলে সবাইকে অত্যন্ত মারখোর করেন। সে সময়ে তাঁকে আমরা যমের মত ভয় করি—এক সীতা ছাড়া। সীতা আমাদের মত পালায় না—চা-ঝোপের মধ্যে লুকিয়ে থাকতে চায় না। সে বাংলোতে থাকে, বলে—মারবে বাবা? না হয় মরে যাবো—তা কি হবে? রোজ এ রকম ছুটোছুটি করার চেয়ে মরে যাওয়া ভালো। বাবার এই ব্যাপারের জন্তে আমাদের সংসারে শান্তি নেই—অথচ বাবা যখন প্রকৃতিস্থ থাকেন, তখন তাঁর মত মাহুঘ খুঁজে পাওয়া ভার—এত শাস্ত মেজাজ। যখন যা চাই এনে দেন, কাছে ডেকে আদর করেন, নিয়ে খেলা করেন, বেড়াতে লান—কিন্তু মদ খেলেই একবারে বদলে গিয়ে অস্ত মূর্তি ধরেন, তখন বাংলা থেকে

পুলিমে যাওয়া ছাড়া আর আমাদের অন্য উপায় থাকে না।

মা'র ইচ্ছে ছিল মেমেদের ধর্ম্মের এই বই পড়ে যদি বাবার মতিগতি ফেরে। মেমেরা মজ্ঞপানের কুকলের বর্ণনামুচক ছোট ছোট বই দিয়ে যেতে—মা সেগুলো বাবার বিছানায় রেখে দিতেন—কে জানে বাবা পড়তেন কিনা—কিন্তু এই দেড় বৎসরের মধ্যে আমাদের মাসের মধ্যে তিন-চারবার চা-বোপের আড়ালে লুকনো বন্ধ হয়নি।

প্রায়ই আমি আর সীতা কাট রোড ধরে বেড়াতে বেরুই। আমাদের বাগান থেকে মাইল দুই দূরে একটা ছোট ঘর আছে, আগে এখানে পোস্ট আপিস ছিল, এখন উঠে যাওয়াতে শুধু ঘরটা পড়ে আছে—উম্প্লাণ্ডের ভাক-রানার ঝড়-বৃষ্টি বা বরফপাতের সময়ে এখানে মাঝে মাঝে আশ্রয় নেয়। এই ঘরটা আমাদের ভ্রমণপথের শেষসীমা, এর ওদিকে আমরা যাই না যে তা নয়, কিন্তু সে কালেভদ্রে, কারণ ওখান থেকে উম্প্লাং পর্যন্ত খাড়া উন্নয়ই নাকি এক মাইলের মধ্যে প্রায় এগারো শ ফুট নেমে গিয়েচে, মিস্ নটনের মুখে শুনেচি—যদিও বুঝি নে তার মানে কি। আমাদের অত দূরে যাওয়ার প্রয়োজনও ছিল না, যা আমরা চাই তা পোস্ট আপিসের ভাঙা ঘর পর্যন্ত গেলেই যথেষ্ট পেতাম—দু-ধারে ঘন নিৰ্দ্ধন বন। আমাদের বাগানের নীচে গেলে আর সরল গাছ নেই—বনের তলা আর পরিষ্কার নেই, পাইন বন নেই, সে বন অনেক গভীর, অনেক নিবিড়, যেমন দুশ্রবেষু তেমনি অন্ধকার, কিন্তু আমাদের এত ভাল লাগে! বনে ফুলের অস্ত নেই—শীতে কোটে বুনো গোলাপ, গ্রীষ্মকালে রডোডেণ্ড্রন বনের মাথায় পাহাড়ের দেওয়ালে লাল আঙনের বজা আনে, গায়ক পাখীরা মার্চ মাসের মাঝামাঝি থেকে চারিধারের নিৰ্দ্ধন বনানী গানে মুখরিত ক'রে তোলে। বর্ণা শুকিয়ে গেলে আমরা শুকনো বর্ণার পাশের পথে পাথর ধ'রে ধ'রে নীচের নদীতে নামতাম—অতি সন্তর্পণে পাহাড়ের দেওয়াল ধ'রে ধ'রে, সীতা পেছনে, আমি আগে। দাদাও এক-একদিন আসতো, তবে সাধারণত সে আমাদের এই সব ব্যাপারে যোগ দিতে ভালবাসে না।

এক-একদিন আমি একাই আসি। নদীর খাতটা অনেক নীচে—তার পথ পাহাড়ের গা বেয়ে বেয়ে নীচে নেমে গিয়েছে—যেমন পিছল তেমনি দুর্গম—নদীর খাতে একবার পা দিলে মনে হয় যেন একটা অন্ধকার পিপের মধ্যে ঢুকে গিয়েচি। দু-ধারে খাড়া পাহাড়ের দেওয়াল উঠেচে—জল তাদের গা বেয়ে বরে পড়ছে জায়গায় জায়গায়—কোথাও অনাবৃত, কোথাও গাছপালা, বনফুল, লতা—মাথার ওপরে আকাশটা যেন নীল কাট রোড—ঠিক অতটুকু চওড়া, ঐ রকম লম্বা, এদিকে-ওদিকে চলে গিয়েচে, মাঝে মাঝে টুকরো মেঘ কাট রোড বেয়ে চলেচে, কখনও বা পাহাড়ের এ-দেওয়াল ও-দেওয়াল পার হয়ে চলে যাচ্ছে—মেঘের ঐ খেলা দেখতে আমার বড় ভাল লাগত। নদী-খাতের ধারে একখানা শেওলা ঢাকা ঠাণ্ডা পাথরের ওপর ব'সে খট'র পর খট'র মুখ উঁচু ক'রে চেয়ে চেয়ে দেখতাম—বাড়ি ফিরবার কথা মনেই থাকত না।

মাঝে মাঝে আমার কি একটা ব্যাপার হ'ত। ওই রকম নিৰ্দ্ধন জায়গায় কতবার একটা জিনিস দেখেচি।...

হয়তো দুপুরে চা-বাগানের কুঞ্জীরা কাজ সেরে সরল গাছের তলার খেতে বসেচে—বাবা ম্যানেজারের বাথলোতে গিয়েচেন, সীতা ও দাদা ঘুমুচ্ছে—আমি কাউকে না জানিয়ে চুপি চুপি বেরিয়ে কাট রোড ধ'রে অনেক দূরে চলে যেতাম—আমাদের বাসা থেকে অনেক দূরে উম্প্লাণ্ডের সেই পোড়ো পোস্ট আপিস ছাড়িয়েও চলে যেতাম—পথ ক্রমে যত নীচে নেমেচে, বনজঙ্গল ততই ঘন, ততই অন্ধকার, লতাপাতার জড়াজড়ি ততই বেশী—বেতের বন, বাঁশের বন শুরু হ'ত—ডালে ডালে পরগাছা ও অর্কিড ততই ঘন, পাখী ভাকত—সেই ধরনের একটা

নিশ্চয় স্থানে একা গিয়ে বসতাম।

চুপ করে বসে থাকতে থাকতে দেখেছি অনেক দূরে পাহাড়ের ও বনানীর মাথার ওপরে নীলাকাশ বেয়ে যেন আর একটা পথ—আর একটা পাহাড়শ্রেণী—সব যেন মুহূ হলুদ রঙের আলো দিয়ে তৈরি—সে অল্প দেশ, সেখানেও এমনি গাছপালা, এমনি ফুল ফুটে আছে, হলুদ আলোর বিশাল জ্যোতির্ময় পথটা এই পৃথিবীর পর্বতশ্রেণীর ওপর দিয়ে শূন্য ভেদ করে মেঘরাজ্যের ওদিকে কোথায় চলে গিয়েছে—দূরে আর একটা অজানা লোকালয়ের বাড়িঘর, তাদের লোকজনও দেখেছি, তারা আমাদের মত মানুষ না—তাদের মুখ ভাল দেখতে পেতাম না—কিন্তু তারাও আমাদের মত ব্যস্ত, হলুদ রঙের পথটা তাদের যাতায়াতের পথ। ভাল করে চেয়ে চেয়ে দেখেছি সে-সব মেঘ নয়, মেঘের ওপর পাহাড়ী রঙের খেলার ধাঁধা নয়—সে-সব সত্যি, আমাদের এই পৃথিবীর মতই তাদের বাড়িঘর, তাদের অধিবাসী, তাদের স্বনপর্বত, সত্যি—আমার চোখের ভুল যে নয় এ আমি মনে মনে বুঝতাম, কিন্তু কাউকে বলতে সাহস হ'ত না—মাকে না, এমন কি সীতাকেও না—পাছে তারা হেসে উঠে সব উড়িয়ে দেয়।

এ রকম একবার নয়, কতবার দেখেছি। আগে আগে আমার মনে হ'ত আমি যেমন দেখি, সবাই বোধ হয় ওরকম দেখে। কিন্তু সেবার আমার ভুল ভেঙে যায়। আমি একদিন মাকে জিজ্ঞেস করেছিলাম—আচ্ছা মা, পাহাড়ের ওদিকে আকাশের গায়ে ও-সব কি দেখা যায়?...

মা বললেন—কোথায় রে ?

—ওই কার্ট রোডের ধারে বেড়াতে গিয়ে এক জায়গায় বসেছিলাম, তাই দেখলাম আকাশের গায়ে একটা নদী—আমাদের মত ছোট নদী হয়—সে খুব বড়, কত গাছপালা—দেখনি মা ?

—দূর পাগ্লা—ও মেঘ, বিকেলে ওরকম দেখায়।

—না মা, মেঘ নয়, মেঘ আমি চিনিনে ? ও আর একটা দেশের মত, তাদের লোকজন পষ্ট দেখেছি যে—তুমি দেখনি কখনও ?

—আমার ওসব দেখবার সময় নেই, ঘরকন্না তাই ঠেলে উঠতে পারিনে, নিতুটার আবার আজ পড়ে পা ভেঙে গিয়েচে—আমার মরবার অবসর নেই—ও-সব তুমি দেখগে বাবা।

বুঝলাম মা আমার কথা অবিশ্বাস করলেন। সীতাকেও একবার বলেছিলাম—সে কথাটা বুঝতেই পারলে না। দাদাকে কখনো কিছু বলিনি।

আমার মনে অনেকদিন ধরে এটা একটা গোপন রহস্যের মত ছিল—যেন আমার একটা কি কঠিন রোগ হয়েছে—সেটা যাদের কাছে বলছি, কেউ বুঝতে পারছে না, ধরতে পারছে না, সবাই হেসে উড়িয়ে দিচ্ছে। এখন আমার সবে গিয়েছে। বুঝতে পেরেছি—ও সবাই দেখে না—যারা দেখে, চুপ করে থাকাই তাদের পক্ষে সব চেয়ে ভালো।

আমাদের বাসা থেকে কাঞ্চনজঙ্ঘা সব সময়ই চোখে পড়ে। জ্ঞান হয়ে পর্য্যস্ত দেখে আসতি বহুদূর দিক্চক্রবালের এ-প্রান্ত থেকে ও-প্রান্ত পর্য্যস্ত তুষারমৌলি গিরিচূড়ার সান্নি—বাগানের চারিধারের পাহাড়শ্রেণীর যেন একটুখানি ওপরে ব'লে মনে হ'ত—তখনো পর্য্যস্ত বুঝিনি যে ও-গুলো কত উঁচু। কাঞ্চনজঙ্ঘা নামটা অনেকদিন পর্য্যস্ত জানতাম না, আমাদের চাকর থাপাকে জিজ্ঞেস করলে বলত, ও সিকিমের পাহাড়। সেবার বাবা আমাদের সবাইকে (সীতা বাদে) দার্জিলিং নিয়ে গিয়েছিলেন বেড়াতে—বাবার পরিচিত এক হিন্দুস্থানী চায়ের এজেন্ট ওখানে থাকে, তার বাসায় গিয়ে দু-দিন আমরা মহা আদর-স্বস্তে কাটিয়েছিলাম—তখন বাবার

মুখে প্রথম শুনবার সুর্যোগ হ'ল যে ওর নাম কাঞ্চনজঙ্ঘা। সীতার সেবার যাওয়া হয়নি, ওকে সাস্বনা দেবার জন্তে বাবা বাজার থেকে ওর জন্তে রঙীন গাটার, উল আর উল বুনবার কাঁটা কিনে এনেছিলেন।

এই কাঞ্চনজঙ্ঘার সম্পর্কে আমার একটা অদ্ভুত অভিজ্ঞতা আছে।...

সেদিনটা আমাদের বাগানের কলকাতা আপিসের বড় সাহেব আসবেন বাগান দেখতে। তাঁর নাম লিটন সাহেব। বাবা ও ছোট সাহেব তাকে আনতে গিয়েচেন সোনাদা স্টেশনে—আমাদের বাগান থেকে প্রায় তিন-চার ঘণ্টার পথ। ঘোড়া ও কুলী সঙ্গে গিয়েছে। তখন মেমেরা পড়াতে আসত না, বিকেলে আমরা ভাইবোনে মিলে বাংলোর উঠোনে লাট্টু খেলছিলাম। সূর্য্য অস্ত যাবার বেশী দেরি নেই—মা রান্নাঘরে কাপড় কাচবার জন্তে সোডা সাবান জলে কোটাচ্ছিলেন, থাপা লঠন পরিষ্কার কাজে খুব ব্যস্ত—এমন সময় আমার হঠাৎ চোখে পড়ল কাঞ্চনজঙ্ঘার দূর শিখররাজির ওপর আর একটা বড় পর্ব্বত, স্পষ্ট দেখতে পেলাম তাদের ঢালুতে ছোট-বড় ঘরবাড়ি, সমস্ত ঢালুটা বনে ঢাকা, দেবমন্দিরের মত সরু সরু ঘরবাড়ির চূড়া ও গম্বুজগুলো অদ্ভুত রঙের আলোয় রঙীন—অস্তসূর্যের মায়ায় আলো যা কাঞ্চনজঙ্ঘার গায়ে পড়েছে তা নয়—তা থেকে সম্পূর্ণ পৃথক ও সম্পূর্ণ অপূর্ব্ব ধরনের। সে-দেশ ও ঘরবাড়ি যেন একটা বিস্তীর্ণ মহাসাগরের তীরে—কাঞ্চনজঙ্ঘার মাথার ওপর থেকে সে মহাসাগর কতদূর চলে গিয়েছে, আমাদের এদিকেও এসেছে, ভূটানের দিকে গিয়েছে। তার কুলকিনারা নেই; যদি কাউকে দেখাতাম সে হয়তো বলত আকাশ ওই রকম দেখায়, আমার বোকা বলত। কিন্তু আমি বেশ জানি যা দেখছি তা মেঘ নয়, আকাশ নয়—সে সত্যিই সমুদ্র। আমি সমুদ্র কখনো দেখিনি, তাই কি, সমুদ্র কি রকম তা আমি জানি। বাবার মুখে গল্প শুনে আমি যে রকম ধারণা করেছিলাম সমুদ্রের, কাঞ্চনজঙ্ঘার উপরকার সমুদ্রটা ঠিক সেই ধরনের। এর বছর দুই পরে মেমেরা আমাদের বাড়ি পড়াতে আসে, তারা দাদাকে একখানা ছবিওয়ালা ইংরেজী গল্পের বই দিয়েছিল, বইখানার নাম রবিন্সন ক্রুশো—তাতে নীল সাগরের রঙীন ছবি দেখেই হঠাৎ আমার মনে পড়ে গেল, এ আমি দেখেছি, জানি—আরও ছেলেবেলায় কাঞ্চনজঙ্ঘার মাথার ওপর এক সন্ধ্যায় এই ধরনের সমুদ্র আমি দেখেছিলাম—কুলকিনারা নেই, অপার...ভূটানের দিকে চলে গিয়েছে...

মিস নটনকে এ-সব কথা বলবার আমার ইচ্ছে ছিল। অনেকদিন মিস্ নটন আমার কাছে ভেঁকে আদর করেছে, আমার কানের পাশের চুল তুলে দিয়ে আমার মুখ ছ-হাতের ভেলোর মধ্যে নিয়ে কত কি মিষ্টি কথা বলেছে, হয়তো অনেক সময়—তখন বৃড়ী মেম ছাড়া ঘরের মধ্যে কেউ ছিল না—অনেকবার ভেবেছি এইবার বলব—কিন্তু বলি-বলি ক'রেও আমার সে গোপন কথা মিস্ নটনকে বলা হয়নি। কথা বলা তো দূরের কথা, আমি সে-সময়ে মিস্ নটনের মুখের দিকে লজ্জায় চাইতে পারতাম না—আমার মুখ লাল হয়ে উঠত, কপাল যেমে উঠত...সারা শরীরের সঙ্গে জীবও যেন অবশ হয়ে থাকত...চেঁটা করেও আমি মুখ দিয়ে কথা বার করতে পারতাম না। অথচ আমার মনে হ'ত এবং এখনো মনে হয় যদি কেউ আমার কথা বোঝে, তবে মিস্ নটনই বুঝবে।

মাস দুই আগে আমাদের বাড়িতে এক নেপালী সন্ন্যাসী এসেছিল। পচা বাগানের বড়বাবু বাবার বন্ধু, তিনিই বাবার ঠিকানা দেওয়াতে সন্ন্যাসীটি সোনাদা স্টেশনে যাবার পথে আমাদের

বাসায় আসে। সে একবেলা আমাদের এখানে ছিল, যাবার সময় বাবা টাকা দিতে গিয়েছিলেন, সে নেয়নি। সন্ন্যাসী আমার দেখেই কেমন একটু বিস্মিত হ'ল, কাছে ভেঁকে তার পাশে বসালে, আমার মুখের পানে বার বার তীক্ষ্ণ দৃষ্টিতে চাইতে লাগল—আমি কেমন একটু অস্বস্তি বোধ করলাম, তখন সেখানে আর কেউ ছিল না। তারপর সে আমার হাত দেখলে, কপাল দেখলে, ঘাড়ে কি দাগ দেখলে। দেখা শেষ ক'রে সে চূপ ক'রে রইল, কিন্তু চলে যাবার সময় বাবাকে নেপালী ভাষায় বললে—তোমার এই ছেলে স্থলক্ষণযুক্ত, এ জন্মেছে কোথায় ?

বাবা বললেন—এই চা-বাগানেই।

সন্ন্যাসী আর কিছু না ব'লেই চলে যাচ্ছিলেন, বাবা এগিয়ে গিয়ে জিজ্ঞেস করলেন—ওর হাত কেমন দেখলেন ?

সন্ন্যাসী কিছু জবাব দিল না, ফিরলও না, চলে গেল।

আমি কিছু বুঝতে পেরেছিলাম। আমি মাঝে মাঝে নিৰ্জ্জনে যে নানা অদ্ভুত জিনিস দেখি সন্ন্যাসী সেই সম্বন্ধেই বলেছিলেন। সে যে আর কেউই বুঝবে না, আমি তা জানতাম। সেই জন্মেই তো আজকাল কাউকে ও-সব কথা বলিওনে।

পচাং চা-বাগানের কেরানীবাবু ছিলেন বাঙালী। তাঁর স্ত্রীকে আমরা মাসীমা ব'লে ডাকতাম। তিনি তাঁর বাপের বাড়ি গিয়েছিলেন রংপুরে, সোনাদা স্টেশন থেকে ফিরবার পথে মাসীমা আমাদের বাসায় মায়ের সঙ্গে দেখা করতে এলেন। মা না খাইয়ে তাঁদের ছাড়লেন না, খেতেদেতে বেলা দুপুর গড়িয়ে গেল। আমাদের বাসা থেকে পচাং বাগান তিন মাইল দূরে, ঘন জঙ্গলের মধ্যবর্তী সরু পথ বেয়ে যেতে হয়, মাঝে মাঝে চড়াই উৎরাই। আমি সীতা ও দাদা তাঁদের সঙ্গে এগিয়ে দিতে গেলাম—পচাং পৌছতে বেলা তিনটে বাজল। আমরা তখনই সবাই চলে আসছিলাম, কিন্তু মাসীমা ছাড়লেন না, তিনি ময়দা মেখে পরোটা ভেজে, চা তৈরি করে আমাদের খাওয়ালেন; রাত্রে থাকবার জন্তেও অনেক অহুরোধ করলেন, কিন্তু আমাদের ভয় হ'ল বাবাকে না বলে আসা হয়েছে—বাড়ি না ফিরলে বাবা আমাদেরও বকবেন, মাও বহুনি খাবেন। বনজঙ্গলের পথ হ'লেও আরো অনেকবার আমরা মাসীমার এখানে এসেছি। আমি একাই কতবার এসেছি গিয়েছি। আমরা যখন রওনা হই তখন বেলা খুব কম আছে। অন্ধকার এরই মধ্যে নেমে আসছে—আকাশ মেঘাচ্ছন্ন, ঝড়বৃষ্টির খুব সম্ভাবনা। পচাং বাগান থেকে আধ মাইল যেতেই ঘন জঙ্গল—বড় বড় গুঁড়ি আর পাইন—আবার উৎরাইয়ের পথে নামলেই জঙ্গল অস্ত্র ধরনের, আরো নিবিড় গাছের ডালে পুরু কব্বলের মত শেওলা ঝুলছে, ঠিক যেন অন্ধকারে অসংখ্য ভূত-প্রেত ডালে নিঃশব্দে দোল খাচ্ছে। সীতা খুশির সুরে বললে—দাদা, যদি আমাদের সামনে ভালুক পড়ে ?...হি হি—

সীতার ওপর আমাদের ভারি রাগ হ'ল, সবাই জানে এ পথে ভালুকের ভয় কিন্তু সে কথা ওর মনে করিয়ে দেওয়ার দরকার কি ছিল ? বাহাদুরি দেখাবার বৃষ্টি সময় অসময় নেই ?

অন্ধকার ক্রমেই খুব ঘন হয়ে এল, আর খানিকটা গিয়ে সরু পায়ে-চলার পথটা বনের মধ্যে কোথায় হারিয়ে গেল—সঙ্গে সঙ্গে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি শুরু হল—তেমনি কনকনে ঠাণ্ডা হাওয়া। সীতে হাত-পা জমে বাওয়ার উপক্রম হ'ল। গাছের ডালে শেওলা বৃষ্টিতে ভিজে এক ধরনের গন্ধ বার হয় এ আমরা সকলেই জানতাম, কিন্তু সীতা বার বার জোর ক'রে বলতে লাগল ও ভালুকের গানের গন্ধ।—দাদা আমাদের আগে আগে যাচ্ছিল, মাঝখানে সীতা, পেছনে আমি—হঠাৎ দাদা থমকে দাঁড়িয়ে গেল। সামনে একটা বর্ণা—তার ওপরটার কাঠের গুঁড়ির পুল ছিল—পুলটা ভেঙে গিয়েছে। সেটার তোড় যেমন বেশী, চওড়াও তেমনি। পার হ'তে

সাহস করা যায় না। দাদা বললে—কি হবে জিতু!...চল পচাঙে মাসিমার কাছে ফিরে যাই। সীতা বললে—বাবা পিঠের ছাল তুলবে আজ না ফিরে গেলে বাসায়। না দাদা, বাড়িই চলো।

দাদা ভেবে বললে—এক কাজ করতে পারবি? পাকদণ্ডীর পথে ওপরে উঠতে যদি পারিস—ওখান দিয়ে লিণ্টন বাগানের রাস্তা। আমি চিনি, ওপরে জঙ্গলও কম। যাবি?

দাদা তা হ'লে খুব ভীতু তো নয়।

পাকদণ্ডীর সে পথটা তেমনি দুর্গম, সারা পথ শুধু বন জঙ্গল ঠেলে ঠেলে উঠতে হবে, পা একটু পিছলে গেলেই, কি বড় পাথরের চাঁই আলগা হয়ে খসে পড়লে আটশ' কি হাজার ফুট নীচে প'ড়ে চুরমার হ'তে হবে। অবশেষে ঘন বনের বৃষ্টিভেজা পাতা-লতা, পাথরের পাশের ছোট কার্নের ঝোপ ঠেলে আমরা ওপরে ওঠাই শুরু করলাম—অন্ত কোনো উপায় ছিল না। কাপড়-চোপড় মাথার চুল বৃষ্টিতে ভিজ্ঞ একাকার হয়ে গেল—রক্ত জমে হাত-পা নীল হয়ে উঠল। পাকদণ্ডীর পথ খুব সক্ষ, দুজন মানুষের কোনোগতিকে পাশাপাশি যেতে পারে, বাঁয়ে হাজার ফুট পাদ, ডাইনে ঈষৎ ঢালু পাহাড়ের দেওয়াল খাড়া উঠেছে তাও হাজার-বারোশ ফুটের কম নয়। বৃষ্টিতে পথ পিছল, কাজেই আমরা ডাইনের দেওয়াল ঘেঁষে-ঘেঁষেই উঠছি। পথ মানুষের কেটে তৈরি করা নয় ব'লেই হোক, কিংবা এ-পথে যাতায়াত নেই বলেই হোক—ছোটখাটো গাছ-পালার জঙ্গল খুব বেশী। ডাইনের পাহাড়ের গায়ে বড় গাছের ডালপালাতে সারা পথটা ঝুপসি করে রেখেছে, মাঝে মাঝে সেগুলো এত নিবিড় যে সামনে কি আছে দেখা যায় না।

হঠাৎ একটা শব্দ শুনে আমরা ক'জনেই থমকে দাঁড়ালুম। সবাই চুপ ক'রে গেলাম। আমরা বুঝতে পেরেছিলাম শব্দটা কিসের। ভয়ে আমাদের বৃকের স্পন্দন বন্ধ হয়ে যাবার উপক্রম হ'ল। সীতাকে আমি জড়িয়ে ধ'রে কাছে নিয়ে এলুম। অন্ধকারে আমরা কিছু দেখতে পাচ্ছিলাম না বটে, কিন্তু আমরা জানতাম ভালুক যে পথে আসে পথের ছোটখাটো গাছপালা ভাঙতে ভাঙতে আসে। একটা কোনো ভারী জানোয়ারের অস্পষ্ট পায়ের শব্দের সঙ্গে কাটকুটো ভাঙার শব্দে আমাদের সন্দেহ রইল না যে, আমরা যে-পথ দিয়ে এইমাত্র উঠে এসেছি, সেই পথেই ভালুক উঠে আসছে আমাদের পেছনে পেছনে। আমরা প্রাণপণে পাহাড় ঘেঁষে দাঁড়ালাম, ভরসা যদি অন্ধকারে না দেখতে পেয়ে সামনের পথ দিয়ে চলে যায়...আমরা কাঠের পুতুলের মত দাঁড়িয়ে আছি, নিশ্বাস পড়ে কি না-পড়ে—এমন সময়ে পাকদণ্ডীর মোড়ে একটা প্রকাণ্ড কালো জমাট অন্ধকারের স্তূপ দেখা গেল—স্তূপটা একবার ডাইনে একবার বাঁয়ে বেকে বেকে আসছে—যতটা ডাইনে, ততটা বাঁয়ে নয়—আমরা যেখানে দাঁড়িয়ে আছি সেখান থেকে দশ গজের মধ্যে এল—তার ঘন ঘন হাঁপানোর ধরনের নিশ্বাসও শুনেতে পাওয়া গেল—আমাদের নিজেদের নিশ্বাস তখন আর বইছে না...কিন্তু মিনিটখানেকের জন্ত—একটু পরেই আর স্তূপটাকে দেখতে পেলাম না—যদিও শব্দ শুনে বুঝলাম সেটা পাকদণ্ডীর ওপরকার পাহাড়ী ঢালুর পথে উঠে যাচ্ছে। আরো দশ মিনিট আমরা নড়লাম না, তারপর বাকী পথটা উঠে এসে লিণ্টন বাগানের রাস্তা পাওয়া গেল। আধ মাইল চলে আসবার পরে উম্প্রাণ্ডের বাজার। এই বাজারের অমৃত সাউ মিঠাই দেয় আমাদের বাসায় আমরা জানতাম—দাদা তার দোকানটাও চিনত। দোরে ধাক্কা দিয়ে ওঠাতে সে বাইরে এসে আমাদের দেখে অবাক হয়ে গেল। আমাদের তাড়াতাড়ি ঘরের মধ্যে নিয়ে গিয়ে আঙনের চারিধারে বসিয়ে দিলে—আঙনে বেশী কাঠ দিলে ও বড় একটা পেতলের লোটার চায়ের জল চড়ালে। তার বোঁ উঠে আমাদের শুকনো কাপড় দিলে পরবার ও ময়দা মাথতে বসল। রাত তখন দশটার কম নয়। আমরা বাসায় ফিরবার জন্তে ব্যাকুল হয়ে পড়েছি—বললাম—আমরা কিছু খাব না, আমরা এবার যাই। অমৃত সাউ একা আমাদের

ছেড়ে দিলে না, তার ভাইকে সঙ্গে পাঠালে। রাত প্রায় সাড়ে এগারোটার সময় বাগানে ফিরে এসে দেখি হৈ হৈ কাণ্ড। বাবা বাসার নেই, তিনি সেদিন খুব মদ খেয়েছিলেন; ফেরেননি, তার ওপরে আমরাও কিরিনি, মা পচাড়ে লোক পাঠিয়েছিলেন, সে লোক ফিরে এসে বলেছে ছেলেমেয়েরা তো সন্ধ্যার আগেই সেখান থেকে রওনা হয়েছে! এদিকে নাকি খুব ঝড় হয়ে গিয়েছে, আমরা আরও উচুতে থাকবার জন্তে ঝড় পাইনি—নীচে নাকি অনেক গাছপালা ভেঙে পড়েছে। এই সব ব্যাপারে মা ব্যস্ত হয়ে সাহেবের বাংলোর খবর পাঠান—ছোট সাহেব চারি-ধারে আমাদের খুঁজতে লোক পাঠিয়েছে। মা এতক্ষণ কাঁদেননি, আমাদের দেখেই আমাদের জড়িয়ে ধরে কেঁদে উঠলেন—সে এক ব্যাপার আর কি!

কিন্তু পরদিন যে ঘটনা ঘটল তা আরও গুরুতর। পরদিন চা-বাগানে বাবার চাকরি গেল। কেন গেল তা জানি না। অনেক দিন থেকেই সাহেবরা নাকি বাবার ওপর সন্তুষ্ট ছিল না, সেল মাস্টার বাগান দেখতে এসে বাবার নামে কোম্পানীর কাছে করেকবার রিপোর্টও করেছিল, বাবা মদ খেয়ে ইদানীং কাজকর্ম নাকি ভাল ক'রে করতে পারতেন না, এই সব জন্তে। আমরা যে-রাত্রি পথ হারিয়ে যাই, সে-রাত্রি বাবা মদ খেয়ে বেহুঁশ হয়ে কুলী লাইনের কোথায় পড়েছিলেন—বড় সাহেব সেজন্তে ভারি বিরক্ত হয়। আরো কি ব্যাপার হয়েছিল না হয়েছিল আমরা সে-সব কিছু শুনি নি।

বাবা যখন সহজ অবস্থায় থাকতেন, তখন তিনি দেবতুল্য মানুষ। তখন তিনি আমাদের ওপর অত্যন্ত স্নেহশীল, অত ভালোবাসতে মাও বোধ হয় পারতেন না। আমরা যা চাইতাম বাবা দার্জিলিং কি শিলিগুড়ি থেকে আনিতে দিতেন। আমাদের চোখছাড়া করতে চাইতেন না। আমাদের নাওয়ানো-খাওয়ানো গোলমাল বা এতটুকু ব্যতিক্রম হ'লে মাকে বকুনি খেতে হ'ত। কিন্তু মদ খেলেই একেবারে বদলে যেতেন, সামান্য ছল-ছুতোয় আমাদের মারধর করতেন। হয়তো আমরা বললেন—এক্সারসাইজ করিস্ নে কেন? বলেই ঠাস্ ক'রে এক চড়। তারপর বললেন—উঠবস্ কর। আমি ভয়ে ভয়ে একবার উঠি আবার বসি—হয়তো ত্রিশ-চল্লিশ বার ক'রে ক'রে পারে খিল ধ'রে গেল—বাবার সেদিকে খেয়াল নেই। মা থাকতে না পেয়ে এসে আমাদের সামলাতেন। সেইজন্তে ইদানীং বাবা সহজ অবস্থায় না থাকলেই আমরা বাসা থেকে পালিয়ে যাই—কে দাঁড়িয়ে দাঁড়িয়ে মার খাবে?

এই সবের দরুন আমরাও বাবাকে ভয় যতটা করি ততটা ভালোবাসিনে।

দু-চারদিন ধরে বাবা-মাকে পরামর্শ চলল, কি করা যাবে এ অবস্থায়। আমরা বাইরে বাইরে বেড়াই কিন্তু সীতা সব খবর রাখে। একদিন সীতাই চুপিচুপি আমার বললে—শোনো দাদা, আমরা আমাদের দেশে ফিরে যাব বাবা বলেছে। বাবার হাতে এখন টাকাকড়ি নেই কিনা—তাই দেশে ফিরে দেশের বাড়িতে থেকে চাকরির চেষ্টা করবে। শীগগির যাব আমরা—বেশ মজা হবে দাদা—না?...দেশে চিঠি লেখা হয়েছে—

আমরা কেউ বাংলা দেশ দেখিনি, আমাদের জন্ম এখানেই। দাদা খুব ছেলেবেলার একবার দেশে গিয়েছিল মা-বাবার সঙ্গে, তখন ওর বয়স বছর তিনেক—সে-কথা ওর মনে নেই। আমরা তো আজন্ম এই পর্বত, বনজঙ্গল, শীত, কুয়াশা, বরফ-পড়া দেখে আসছি—কল্পনাই করতে পারিনে এ-সব ছাড়া আবার দেশ থাকা সম্ভব। তা ছাড়া সমাজের মধ্যে কোনো দিন মানুষ হইনি বলে আমরা কোনো বন্ধনে অভ্যস্ত ছিলাম না, সামাজিক নিয়ম-কানুনও ছিল আমাদের সম্পূর্ণ অজানা। মানুষ হয়েছি এরই মধ্যে, যেখানে খুশী গিয়েছি, যা খুশী করেছি। কাজেই বাংলা দেশে ফিরে যাওয়ার কথা যখন উঠল, তখন একদিকে যেমন

অজানা জায়গা দেখবার কৌতূহলে বুক টিপ্ টিপ্ ক'রে উঠল, অন্তর্দিকে মনটা যেন একটু দমেও গেল।

থাপাকে বিদায় দেওয়া হ'ল। সে আমাদের মাছুষ করেছিল, বিশেষ ক'রে সীতাকে। তাকে এক মাসের বেশী মাইনে, দুখানা কাপড় আর বাবার একটা পুরোনো কোট দেওয়া হ'ল। থাপা বেশ সহজ ভাবেই বিদায় নিলে, কিন্তু বিকালে আবার ফিরে এসে বললে সে আমাদের যাওয়ার দিন শিলিগুড়ি পর্য্যন্ত নামিয়ে দিয়ে তবে নিজের গাঁয়ে ফিরে যাবে। শিলিগুড়ি স্টেশনে সে আমাদের সবাইকে সন্দেহ ক'রে খাওয়ালে—ওর মাইনের টাকা থেকেই বোধ হয়। মা রাখলেন, সে সব যোগাড় ক'রে দিলে। ট্রেন যখন ছাড়ল তখনও থাপা প্র্যাটিকর্মে দাঁড়িয়ে বোকোর মত হাসছে।

কাম্বলজত্বাকে ভালবাসি, সে যে আমাদের ছেলেবেলা থেকে সাথী, এই বিরাট পর্ব্বত-প্রাচীর, ওক্-পাইনের বন, অকিড, শেওলা, বর্ণা, পাহাড়ী নদী; মেঘ-রোদ-কুয়াশার খেলা—এরই মধ্যে আমরা জন্মেছি—এদের সঙ্গে আমাদের বক্রিশ নাড়ীর যোগ।...তখন এপ্রিল মাস, আবার পাহাড়ের ঢালুতে রডোডেগুন ফুলের বজ্রা এসেছে—সারা পথ দাদা বলতে বলতে এল চুপিচুপি—কেন বাবা অত মদ খেতেন, তা নাহ'লে তো আর চাকরি যেত না—বাবারই তো দোষ!

॥ ৩ ॥

আমাদের দেশের গ্রামে পৌছলাম পরদিন বেলা ন'টার সময়ে। বাবার মুখে শুনেছিলাম গ্রামের নাম আটঘরা, স্টেশন থেকে মাইল দুই আড়াই দূরে, জেলা চব্বিশ পরগণা। এত বাঙালী পরিবারের বাস একসঙ্গে দেখে বড় আনন্দ হ'ল। আমরা কখনো ফসলের ক্ষেত দেখিনি, বাবা চিনিয়ে দিলেন পাটের ক্ষেত কোন্টা, ধানের ক্ষেত কোন্টা। এ ধরণের সমতলভূমি আমরা দেখিনি কখনো—রেলে আসবার সময় মনের অভ্যাসে কেবলই ভাবছিলাম এই বড় মাঠটা ছাড়ালেই বুঝি পাহাড় আরম্ভ হবে। সেটা পার হয়ে গেলে মনে হচ্ছিল এইবার নিশ্চয়ই পাহাড়। কিন্তু পাহাড় তো কোথাও নেই, জমি উঁচু-নীচুও নয়, কি অদ্ভুত সমতল। যতদূর এলাম শিলিগুড়ি থেকে সবটা সমতল—ডাইনে, বাঁয়ে, সামনে, সবদিকে সমতল, এ এক আশ্চর্য ব্যাপার। দাদা এর আগে সমতল ভূমি দেখেছে, কারণ সে জন্মেছিল হুমান নগরে, নতুন অভিজ্ঞতা হ'ল আমার ও সীতার।

আমাদের বাড়ীটা বেশ বড়, দোতলা, কিছু পুরনো ধরনের। বাড়ির পেছনে বাগান, ছোট একটা পুকুর। আমরা যখন গাড়ি থেকে নামলাম—বাড়ির মেয়েরা কেউ কেউ দোরের কাছে দাঁড়িয়ে ছিলেন, তার মধ্যে জ্যাঠাইমা, কাকীমারাও ছিলেন। মা বললেন, প্রণাম করো। পাড়ার অনেক মেয়ে দেখতে এসেছিলেন, তাঁরা সীতাকে দেখে বলাবলি করতে লাগলেন, কি চমৎকার মেয়ে দেখেছ? এমন রঙ আমাদের দেশে হয় না, পাহাড়ের দেশে ব'লে হয়েছে। দাদাকে নিজেও তারা খুব বলাবলি করলে, দাদার ও সীতার রঙ নাকি 'দুখে-আলতা'—আমার মুখের চেয়ে দাদার মুখ সুন্দর, এ-সব কথা এই আমরা শুনলাম। চা-বাগানে এ-সব কথা কেউ বলেনি। আর একটা লক্ষ্য করলাম আমাদের গাঁয়ের মেয়েরা প্রায়ই কালো, চা-বাগানের অনেক কুলীমেয়ে এর চেয়ে ফর্সা।

আমাদের থাকবার ঘর দেখে তো আমরা অবাক। এত বড় বাড়িতে এ-ঘরটা ছাড়া তো আরো কত ঘর রয়েছে! নীচের একটা ঘর, ঘরের ছাদে মাটির নীচের কড়িকাঠ তুলে পড়েছে বলে খুঁটির ঠেকনো। কেন ওপরে দোতলায় তো কত ঘর, এত বড় বাড়ি তো! অল্প ঘরে জায়গা হবে না কেন? এই খরাপ ঘরটাতে আমরা থাকবো কেন?

দেখলাম বাবা মা বিনা প্রতিবাদে সেই ঘরটাতেই আমাদের জিনিসপত্র তুললেন।

দিন-চারেক পরে জ্যাঠাইমা একদিন আমার জিজ্ঞেস করলেন—হ্যাঁ রে, তোর মাকে নাকি সেখানে মেমে পড়াতো?

আমি বললাম, হ্যাঁ, জ্যাঠাইমা।

গর্কের সুরে বললাম—আমাকে, দাদাকে, সীতাকেও পড়াতো।

জ্যাঠাইমা বললেন—তাদের সঙ্গে খাওয়া-দাওয়া ছিল নাকি তাদের?

আমি বাহাদুরি করে বললাম—তারা এসে চা খেত আমাদের বাড়ি। আমাদের বিছুট দিত, কেবু দিত খেতে তাদের ওখানে গেলে—চা খাওয়াতো—

জ্যাঠাইমা টানা-টানা সুরে বললেন—মাগো মা! কি হবে, আমাদের ঘরে-দোরে তো যখন-তখন উঠছে, হিঁদুর ঘরের জাতভ্রম্ম আর রইল না।

আমি তখন বুঝতে পারিনি কেন জ্যাঠাইমা এ রকম বলছেন। কিন্তু শুধু এ কথা নয়—আমি ছেলেমানুষ, অনেক কথাই তখন জানতাম না। জানতাম না যে এই বাড়িতে আমার বাবার অংশটুকু অনেক দিন বিক্রী হয়ে গিয়েছে, এখন যে এঁদো ঘরে আমরা আছি, সে-ঘরে কোনো শ্রাব্য অধিকার আমাদের নেই—জাতি জ্যাঠামশাইরা অশ্রদ্ধা ও অবজ্ঞার সঙ্গে থাকতে দিয়েছেন মাত্র। জানতাম না যে, আমার বাবা বর্তমানে অর্থহীন, অসুস্থ ও চাকুরিহীন, সরিকের বাড়িতে আশ্রয়প্রার্থী। আরো জানতাম না যে, বাবা বিদেশে থাকেন, ইংরেজী জানেন ও ভাল চাকুরি করেন বলে এঁদের চিরদিন ছিল হিংসে—আজ এ অবস্থায় হাতের মুঠোর মধ্যে পেয়ে তাঁরা যে এতদিনের সঞ্চিত গায়ের ঝাল মেটাতে ব্যগ্র হয়ে উঠবেন সেটা সম্পূর্ণ স্বাভাবিক ও শ্রায়সঙ্গত। চাকুরির অবস্থায় মাকে নিয়ে বাবা কয়েকবার এখানে এসে চাল দেখিয়ে গিয়েছিলেন, এরা সে-কথা ভোলেনি। ছেলেমানুষ বলেই এত কথা তখন বুঝতাম না।

আমরা কখনো দোতলা বাড়ি দেখিনি—গাঁয়ে ঘুরে ঘুরে দোতলা কোঠা বাড়ি দেখতে আমাদের ভারি ভালো লাগতো, বিশেষ করে সীতার। সীতা আজ এসে হয়তো বলে—কাল যেও আমার সঙ্গে দাদা, ও-পাড়ার ঝাড়ুঘো-বাড়ি কত বড় দেখে এসো—দোতলার ওপরে আবার একটা ছোট ঘর, সত্যি দাদা!

আমাদের গ্রামে খুব লোকের বাস—এক এক পাড়াতেই ষাট-সত্তর ঘর ব্রাহ্মণ। এত ঘন বসতি কখনো দেখিনি—কেমন নতুনতর মনে হয়, কিন্তু ভাল লাগে না। এতে যেন মন হাত পা ছড়াবার জায়গা পায় না। সদাই কেমন অস্বস্তি বোধ হয়—রাস্তায় বেজায় ধুলো, পুরনো নোনানধরা ইটের বাড়িই অধিকাংশ, বিশেষ কোনো শ্রীহাদ নেই—পথের ধারে মাঝে মাঝে গাছপালা, সে-সব গাছপালা আমি চিনি নে, নামও জানি নে, কেবল চিনি কচুগাছ ও লালবিছুটি। এদের হিমালয়ে দেখেছি বলে নয়, কচুর ডাঁটার তরকারি এখানে এসে খেয়েছি বলে। আর আমার খুড়তুতো ভাই বিণ একদিন সীতাকে বিছুটির পাতা দেখিয়ে বলেছিল—এর পাতা তুলে গায়ে ঘষতে পারিস?...বেচারী সীতা জানত না কিছু, সে বাহাদুরি দেখিয়ে একমুঠো পাতা তুলে ঝাঁ-হাতে আচ্ছা করে ঘষেছিল—তারপর আর বার কোথা!

এ-সব জায়গা আমার চোখে অত্যন্ত কুশ্রী মনে হয়, মন ভরে ওঠে এমন একটা দৃশ্য এর কোনো দিকেই নেই—কর্ণা নেই, বরকে মোড়া পর্বত-পাহাড় নেই—আরো কত কি নেই। সীতারও তাই, একদিন সে চুপিচুপি বললে—এখানে থাকতে তোমার ইচ্ছে হয় দাদা? আমার যদি এখুনি কেউ বলে চা-বাগানে চল, আমি বেঁচে যাই। আর একটা কথা শোনো দাদা—জ্যাঠাইমা কি খুড়ীমার ঘরে অত যেও না যেন। ওরা আমাদের দেখতে পারে না। ওদের বিছানায় গিয়ে বসেছিলে কেন ছুপুরবেলা? তুমি উঠে গেলে কাকীমা তোমায় বললে, অসভ্য পাহাড়ী ভৃত, আচার নেই বিচের নেই, যখন-তখন বিছানা ছোঁয়! যেও না ওদের ঘরে যখন-তখন, বুঝলে?

ছোট বোনের পরামর্শ বা উপদেশ নিতে আমার অগ্রজগর্ভ সঙ্কুচিত হয়ে গেল, বললাম—যা যা, তাকে শেখাতে হবে না। কাকীমা মন্দ ভেবে কিছুই বলেননি, আমার ডেকে তার পরে কত বুঝিয়ে দিলেন পাছে আমি রাগ করি। জানিস তা?

বলা বাহুল্য আমার ডেকে কাকীমার কৈকিয়ত দেওয়ার কথাটা আমার কল্পনাগ্রসৃত। আমাদের জীবনের যে অভিজ্ঞতা এই চার মাসের মধ্যেই সঞ্চয় করেছি, তা বোধ হয় সারা জীবনেও ভুলবো না। আমরা সত্যই জানতাম যে, সংসারের মধ্যে এত সব খারাপ জিনিস আছে, মাহুঘ মাহুঘের প্রতি এত নিষ্ঠুর হতে পারে, যাদের কাছে জেঠিমা, কাকীমা, দিদি ব'লে হাসিমুখে ছুটে গিয়েছি, তারা এতটা হৃদয়হীন ব্যবহার সত্যিই করতে পারে! কি ক'রে জানবই বা এ সব?

মুশকিল এই যে এত সাবধানে চললেও পদে পদে আমরা জ্যাঠাইমাদের কাকীমাদের কাছে অপরাধী হয়ে পড়ি। আমরা লোকালয়ে কখনো বসবাস করিনি বলেই হোক বা এদের এখানকার নিয়ম-কানুন জানিনে বলেই হোক, বুঝতে পারিনে যে কোথায় আমাদের অপরাধ ঘটছে বা ঘটতে পারে। রাত্রে যে কাপড়খানা প'রে শুয়ে থাকি, সেইখানা পরনে থাকলে সকালে যে আলনা ছুঁতে নেই, তার দরুন আলনাসুদ্ধ কাচা কাপড় সব নোংরা হয়ে যায়, বা বাড়ির আশপাশের খানিকটা সুনির্দিষ্ট অংশ পবিত্র, কিন্তু সীমানা পেরিয়ে গেলেই হাত-পা না ধুয়ে বা গঙ্গাজল মাখায় না দিয়ে ঘরদোরে ঢুকতে নেই—এ-সব কথা আমরা জানিনে, শুনিওনি—যুক্তির দিক দিয়েও বুঝতে পারিনে। আমাদের বাড়ির খিড়কিতে খানিকটা বন, একদিন বিকেলে আমি, সীতা ও দাদা সেখানে কুঁড়েঘর বাঁধবার জন্তে নোনাগাছের ডাল কাটছি—কাকীমা দেখতে পেয়ে বললেন, ওখানে গিয়ে জুটেছ সব? ভাগ্যিস চোখে পড়ল! এফুনি তো ওই সব নিয়ে উঠতে এসে দোতলার দালানে!...মা গো মা, মেলেছ খিরিস্টানের মত ব্যাভার, আঁস্তাকুড় ঘেঁটে খেলা হচ্ছে ছাখো!

সবাই সঙ্কুত হয়ে চারিদিকে চেয়ে দেখলাম, আঁস্তাকুড়ের অঙ্ক কোনো লক্ষণ তো নেই! দিবি পরিষ্কার জায়গা, ঘাসের জমি আর বনের গাছপালা। আমি অবাক হয়ে বললাম—কাকীমা, এখানে তো কিছু নোংরা নেই? এসে দেখুন বরং কেমন পরিষ্কার—

কাকীমার মুখ দিয়ে খানিকক্ষণ কথা বার হ'ল না—তিনি এমন কথা জীবনে কখনো শোনেননি। তারপর বললেন—চোখে কি ঢালা বেরিয়েছে নাকি? এঁটো হাঁড়িকলসী ফেলা রয়েছে দেখছ না সামনে?...কাচা কাপড় প'রে কোন্ ছেলেমেয়েটা এই বিকেলে পথ থেকে অত দূরে বনজঙ্গলের মধ্যে যায়? ওটা আঁস্তাকুড় হ'ল না? আবার সমানে তর্কশো!

তারপর খুড়ীমা হুকুম দিলেন আমাদের সবাইকে এফুনি নাইতে হবে। আমরা অবাক হয়ে গেলাম—নাইতে হবে কেন?

সামনে হাত তিন-চার দূরে গোটাকতক ভাঙা হাঁড়িকুড়ি পড়ে আছে বটে, কিন্তু তার দরুন. গোটা বনটা অপরিষ্কার কেন হবে তা বুঝতে পারলাম না আমরা তিনজনে কেউ। বিশেষ ক'রে এটা আরো বুঝতে পারলাম না যে, পথ থেকে দূরে বনের মধ্যে বিকেলে কাপড় প'রে যেতে দোষটা কিসের! চা-বাগানে থাকতে তো কত দূর দূর আমরা চলে যেতাম, কাট রোড, পচাঙের বাজার; এখানেই বা কি বন, সেখানকার সেই স্ননিবিড় বনানী পদচিহ্নহীন, নির্জন, আধ-অন্ধকার—কতদূরে, যেখানে যেখানে গিয়েছি কাপড় প'রেই তো গিয়েছি—

দাদা একটু ভীতু, সে ভয়ে নাইতে রাজী হ'ল। আমি বললাম—সীতা, তুই আর আমি নাইবো না, কখ'খনো না।

আমি যা বলি তাই শোনা সীতার স্বভাব—সে বললে, খুড়ীমা খুন ক'রে ফেললেও আমি নাইবো না দাদা।

খুড়ীমা আমাদের সাধ্যমত নির্ঘাতনের কোনো ক্রটি করলেন না। বাড়ি ঢুকতে দিলেন না, তাঁর বড় ছেলে হারুদাকে বলে দিলেন আমাদের শাসন করতে, মাকে বললেন—তোমার ওই ডাকাত মেয়ে আর ডাকাত ছেলেকে আজ কি দশা করি তা টেরই পাবে—আমার সঙ্গে সমানে তক্কো তো করলেই আবার আমার কথার ওপর একগুঁয়েমি”!

মা ওঁদের বাড়িতে এখন এসে রয়েছেন, ভয়ে কিছু বলতে পারলেন না। আমি সীতাকে সঙ্গে নিয়ে বাড়ি থেকে চলে গেলাম। ও-পাড়ায় পথের ধারে শ্রাম বাগচীদের পোড়ো বাড়ি, পেছনে তাদের বাগান, সেও পোড়ো। সারাক্ষণ আমরা সেখানে কাটলাম, সন্ধ্যার সময় দাদা গিয়ে ডেকে আনলে। বাড়িতে ঢুকতে যাব কাকা দোতলা থেকে বললেন—ওদের বাড়ি ঢুকতে দিও না বলছি—ওরা যেন খবরদার আমার বাড়ি না মাদায়, সাবধান!—যেখানে হয় যাক, এত বড় আস্পদা সব—

মা কিছু বলতে সাহস করলেন না, বৌমামুখ! বাবা বাড়ি ছিলেন না, চাকরির চেষ্টায় আজকাল তিনি বড় এখানে ওখানে ঘোরেন, কিছু পান না বোধ হয়—দু-একদিন পরে শুকনো মুখে ফিরে আসেন—সংসার একেবারে অচল। আমরা এক প্রহর রাত পর্যন্ত দরজার বাইরে দাঁড়িয়ে রইলাম। জ্যাঠাইমা, খুড়ীমা, জ্যাঠামশাই, দিদিরা কেউ একটা কথাও বললেন না। তারপর যখন ওদের দোতলায় খাওয়া-দাওয়া সারা হ'ল, আলো নিবল, মা চুপিচুপি আমাদের বাড়িতে ঢুকিয়ে নিলেন, বললেন—জিতু, খুড়ীমার কথা শুনলি নে কেন? ছি—

আমি বললাম—উনি যে কথা বলেন মা, তার কোনো মানে হয় না। আচ্ছা মা, তুমিই বলো আমরা সেখানে বনে বনে বেড়াইতাম না? আমরা কি নাইতুম? আর বন কি আস্তাকুড়? অস্তায় কথা ওঁর কখ'খনো শুনব না মা। এতে উনি মারুন আর খুনই করুন—

মা অতি কষ্টে কান্না সামলাচ্ছেন মনে হ'ল। বললেন—তুই যদি এরকম করিস তা হ'লে এ বাড়িতে ওরা আমাদের থাকতে দেবে না। আমাদের কি চৈচিয়ে কথা বলবার জো আছে এখানে? ছি বাবা জিতু, ওরা যা বলে শুনবি। ওরা লোক ভাল না—আগে জানলে ভিক্ষে ক'রে খেতাম তবুও এখানে আসতাম না। তোর বাবার যে একটা কিছু হ'লে হয়।

বাবা কলকাতা থেকে ছুপুরে বাড়ি ফিরলেন। কাপড়-জামা এত ময়লা কখনো বাবার গায়ে দেখিনি। আমার কাছে ডেকে বললেন—শোনু জিতু, এই পুঁটলিটা তোর মাকে দিয়ে আর, আমি একবার ও-পাড়া থেকে আসি। ভটচাষীদের নস্তির কারখানার একটা লোকের নামে চিঠি দিয়েছে—ওদের দিয়ে আসি।

আমি বললাম—এখন যেও না বাবা। চিঠি আমি দিয়ে আসব'ধন, তুমি বসে চা-টা খাও। বাবা শুনলেন না, চলে গেলেন। বাবার মুখ শুকনো, দেখে যুবল্যাম যেক্ষেত্র গিয়েছেন তার কোনো যোগাড় হয়নি, অর্থাৎ চাকরি। চাকরি না হ'লেও আর এদিকে চলে না।

হাতের টাকা ক্রমশ ফুরিয়ে এসেছে। আমরা নীচের যে ঘরে থাকি, গোকুবাহুরেরও সেখানে থাকতে কষ্ট হয়। আমরা এসেছি প্রায় মাস-চারেক হ'ল, এই চার মাসেই বা দেখেছি শুনেছি তা বোধ করি সারা জীবনেও ভুলব না। যাদের কাছে জেঠিমা, কাকীমা, দিদি ব'লে হাসিমুখে ছুটে যাই, তাঁরা যে কেন আমাদের ওপর এমন বিরূপ, কেন তাঁদের ব্যবহার এত নিষ্ঠুর, ভেবেই পাইনে এর কোনো কারণ। আমরা তো আলাদা থাকি, আমাদের খরচে আমাদের রান্না হয়, ঔদের তো কোনোই অসুবিধের মধ্যে আমরা ফেলিনি, তবু কেন বাড়িসুদ্ধ লোকের আমাদের ওপর এত রাগ ?

আমার বাবার আপন ভাই নেই, ওঁরা হ'লেন খুড়তুত-জ্যাঠতুত ভাই। জ্যাঠামশায়ের অবস্থা খুবই ভালো—পাটের বড় ব্যবসা আছে, দুই ছেলে গদিতে কাজ দেখে, ছোট একটি ছেলে এখানকার স্কুলে পড়ে, আর একটি মেয়ে ছিল, সে আমাদের আসবার আগে বসন্ত হয়ে মারা গিয়েছে। মেজকাকার জিন মেয়ে—ছেলে হয়নি, বড় মেয়ের বিয়ে হয়েছে—আর দুই মেয়ে ছোট। ছোটকাচার বিয়ে হয়েছে বেশী দিন নয়—বৌও এখানে নেই। ছোটকাকা অত্যন্ত রাগী লোক, বাড়িতে সর্বদা ঝগড়াঝাঁটি করেন, গানবাজনার ভক্ত, ওপরের ঘরে সকাল নেই সন্ধ্যা নেই হারমোনিয়াম বাজাচ্ছেন।

জ্যাঠাইমার বয়স মায়ের চেয়ে বেশী, কিন্তু বেশ সুন্দরী—একটু বেশী মোটাসোটা। গায়ে ভারী ভারী সোনার গহনা। এঁর বিয়ের আগে নাকি জ্যাঠামশায়ের অবস্থা ছিল খারাপ—তারপর জ্যাঠাইমা এ বাড়িতে বধুরূপে পা দেওয়ার সঙ্গে সঙ্গে সংসারে উন্নতিরও সূত্রপাত। প্রতিবেশীরা খোশামোদ ক'রে বলে—আমার সামনেই আমি কতবার শুনেছি—তোমার মত ভাগিমানী ক'জন আছে বড়'বৌ? এদের কি-ই বা ছিল, তুমি এলে আর সংসার সব দিক থেকে উথলে উঠলো, কপাল বলে একেই বটে! সামনে বলা নয়—এমন মন আজকাল ক'জনের বা আছে? দেওয়ান-খোঁওয়ান, খাওয়ানোয়-মাখানোয়—আমার কাছে বাপু হক কথা।

মেজখুড়ীমা ওর মধ্যে ভালো লোক। কিন্তু তিনি কারুর সপক্ষে কথা বলতে সাহস করেন না, তাঁর ভাল করবার ক্ষমতা নেই, মন্দ করবারও না। মেজকাকা তেমন কিছু রোজগার করেন না, কাজেই মেজখুড়ীমার কোনো কথা এ বাড়িতে খাটে না।

বছরখানেক কেটে গেল। বাবা কোথাও চাকরি পেলেন না। কত জায়গায় হাঁটাইটি করলেন, শুকনো মুখে কতবার বাড়ি ফিরলেন। হাতে যা পরসা ছিল ক্রমে ক্রমে ফুরিয়ে এল।

সকালে আমরা বাড়ির সামনে বেলতলায় খেলছিলাম। সীতা বাড়ির ভেতর থেকে বার হয়ে এল, আমি বললুম—চা হয়েছে সীতা ?

সীতা মুখ গম্ভীর ক'রে বললে—চা আর হবে না। মা বলেছে চা-চিনির পরসা কোথায় যে চা হবে ?

কথাটা আমার বিশ্বাস হ'ল না, সীতার চালাকি আমি যেন ধরে কেলেছি, এইরকম সুরে তার দিকে চেয়ে হাসিমুখে বললুম—যাঃ, তুই বুঝি খেয়ে এলি !

চা-বাগানে আমাদের জন্ম, সকালে উঠে চা খাওয়ার অভ্যাস আমাদের জন্মগত, চা না খেতে পাওয়ার অবস্থা আমরা কল্পনাই করতে পারিনে।

সীতা বললে—না দাদা, সত্যি, তুমি দেখে এসো—চা হচ্ছে না। তারপরে বিজ্ঞের সুরে বললে—বাবার যে চাকরি হচ্ছে না, মা বলছিল দু-দিন পরে আমাদের ভাতই জুটবে না তো চা।...আমরা এখন গরিব হয়ে গিয়েছি যে।

সীতার কথায় আমাদের দারিদ্র্যের রূপটি নূতনতর মূর্তিতে আমার চোখের সামনে ফুটল। জানতুম যে আমরা গরিব হয়ে গিয়েছি, পরের বাড়িতে পরের মুখ চেয়ে থাকি, ময়লা বিছানায় শুই, জলখাবার খেতে পাইনে, আমাদের কারুর কাছে মান নেই সবই জানি। কিন্তু এ সবও নিজের দারিদ্র্যের স্বরূপটি তেমন ক'রে বুঝিনি, আজ সকালে চা না খেতে পেয়ে সেটা যেমন ক'রে বুঝলুম।

বিকেলের দিকে বাবা দেখি পথ বেয়ে কোথা থেকে বাড়িতে আসছেন। আমার দেখে বললেন—শোন্ জিতু, চল শিমুলের তুলো কুড়িয়ে আনিগে—

আমি শিমুল তুলোর গাছ এই দেশে এসে প্রথম দেখেছি—গাছে তুলো হয় বইয়ে গড়লেও চোখে দেখেছি এখানে এসে এই বৈশাখ মাসে। আমার ভারি মজা লাগল—উৎসাহ ও খুশির সুরে বললুম—শিমুল তুলো? কোথায় বাবা?...চলো যাই—সীতাকে ডাকবো?

বাবা বললেন—ডাক ডাক, সবাইকে ডাক—চল আমরা যাই—

বাবাও আমার পেছনে পেছনে বাড়ি ঢুকলেন। পরের দিন ঘণ্টা ও দাদার জন্মবার। মা কোথা থেকে খানিকটা দুধ যোগাড় ক'রে রান্নাঘরের দাওয়ার উলুনে বসে বসে ক্ষীরের পুতুল গড়ছিলেন—বাবার স্বর শুনেই মুখ তুলে চেয়ে এক চমক বাবার দিকে দেখেই একবার চকিত দৃষ্টিতে ওপরে জ্যাঠাইমাদের বারান্দার দিকে কি জ্ঞে চাইলেন—তারপর পুতুল-গড়া ফেলে তাড়াতাড়ি উঠে এসে বাবার হাত ধরে ঘরের মধ্যে নিয়ে গেলেন। আমার দিকে ফিরে বললেন—যা জিতু, বাইরে খেলা করগে যা—

আমি অবাক হয়ে গেলুম। বলতে যাচ্ছিলাম, মা, বাবা যে শিমুল তুলো কুড়োবার—, কিন্তু মার মুখের দিকে চেয়ে আমার মুখ দিয়ে কথা বার হ'ল না। একটা কিছু হয়েছে যেন—কিন্তু কি হয়েছে আমি বুঝলাম না। বাবা মদ খেয়ে আসেননি নিশ্চয়—মদ খেলে আমরা বুঝতে পারি—খুব ছেলেবেলা থেকে দেখে আসছি, দেখলেই বুঝি। তবে বাবার কি হ'ল?

অবাক হয়ে বাইরে চলে এলুম।

এখনকার স্কুলে আমি ভর্তি হয়েছি, কিন্তু দাদা আর পড়তে চাইতে না ব'লে তাকে ভর্তি করা হয়নি। প্রথম কয় মাস মাইনের জন্মে মাস্টার মশায়ের তাগাদার চোটে আমার চোখে জল আসত—সাড়ে ন' আনা পরমা মাইনে—তাও বাড়িতে চাইলে কারুর কাছে পাইনে, বাবার মুখের দিকে চেয়ে বাবার কাছে তাগাদা করতে মন সরে না।

শনিবার, সকালে স্কুলের ছুটি হবে। স্কুলের কেরানী রামবাবু একথানা খাতা নিয়ে আমাদের ক্লাসে ঢুকে মাইনের তাগাদা শুরু করলেন। আমার মাইনে বাকি দু-মাসের—আমার ক্লাস থেকে উঠিয়ে দিয়ে বললেন—বাড়ি গিয়ে মাইনে নিয়ে এসো খোকা, নইলে আর ক্লাসে বসতে দেবো না কাল থেকে। আমার ভারি লজ্জা হ'ল—দুঃখ তো হ'লই। আড়ালে ডেকে বললেই ভো পারভেন রামবাবু, ক্লাসে সকলের সামনে—ভারি—

দুপুরে রোদ ঝাঁ-ঝাঁ করছে। স্কুলের বাইরে একটা নিমগাছ। ভারি সুন্দর নিমফুলের ঘন গন্ধটা। সেখানে দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবলুম কি করা যায়। মাকে বলব বাড়ি গিয়ে? কিন্তু জানি মারের হাতে কিছু নেই, এখনি পাড়ার ধার করতে বেরকবে, পাবে কি না পাবে, ছোট মুখ

ক'রে বাড়ি ফিরবে—ওতে আমার মনে বড় লাগে।

হঠাৎ আমি অবাক হয়ে পথের ওপারে চেয়ে রইলুম—ওপারে সামু নাপিতের মুদিখানার দোকানটা আর নেই, পাশেই সে কিতে-ঘুমির দোকানটাও নেই, তার পাশের জামার দোকানটাও নেই—একটা খুব বড় মাঠ, মাঠের ধারে বড় বড় বাঁশগাছের মত কি গাছের সারি, কিন্তু বাঁশগাছ নয়। ছপুরবেলা নয়, বোধ হয় যেন রাত্রি—জ্যোৎস্না রাত্রি—দূরে সাদা রঙের একটা অদ্ভুত গড়নের বাড়ি, মন্দিরও হতে পারে।

নিমগাছের গুঁড়িটাতে ঠেস দিয়ে দাঁড়িয়ে ছিলাম, সাগ্রহে সামনের দিকে ঝুঁকে ভাল দেখতে পাওয়া গেল, তখনো তাই আছে জ্যোৎস্নাভরা একটা মাঠ, কি গাছের সারি—দূরের সাদা বাড়িটা। দু'মিনিট...পাঁচ মিনিট। তাড়াতাড়ি চোখ মুছলাম, আবার চাইলুম—এখনও অবিকল তাই। একেবারে এত স্পষ্ট, গাছের পাতাগুলো যেন গুণতে পারি, পাখিদের ডানার সব রঙ বেশ ধরতে পারি।

তার পরেই আবার কিছু নেই, খানিকক্ষণ সব শূন্য—তার পরেই সামু নাপিতের দোকান, পাশেই কিতে-ঘুমির দোকান।

বাড়ি চলে এলুম। যখনই আমি এই রকম দেখি, তখন আমার গা কেমন করে—হাতে পায়ের যেন জোর নেই এমন হয়। মাথা যেন হালকা মনে হয়। কেন এমন হয় আমার? কেন আমি এ-সব দেখি? কাউকে এ কথা বলতে পারিনে, মা, বাবা, দাদা, সীতা, কাউকে নয়। আমার এমন কোনো বন্ধু বা সহপাঠী নেই, যাকে আমি বিশ্বাস করে সব কথা খুলে বলি। আমার মনে মনে যেন কে বলে—এরা এ-সব বুঝবে না। বন্ধুরা হয়ত হেসে উঠবে, কি ওই নিয়ে ঠাট্টা করবে।

ওবেলা খেয়ে যাইনি। রান্নাঘরে ভাত খেতে গিয়ে দেখি শুধু সিমভাতে আর কুমড়োর ডাঁটাচচ্চড়ি। আমি ডাঁটা খাইনে—সিম যদি বা খাই সিমভাতে একেবারেই মুখে ভাল লাগে না। মাকে রাগ করে বললুম—ও দিয়ে ভাত খাবো কি করে? সিমভাতে দিলে কেন? সিমভাতে আমি খাই কখনও?

কিন্তু মাকে যখন আমি বকছিলুম আমার মনে তখন মায়ের ওপর রাগ ছিল না। আমি জানি আমাদের ভালো খাওয়ানো মায়ের যত্নের ক্রটি কোনো দিন নেই, কিন্তু এখন মা অক্ষম, অসহায়—হাতে পয়সা নেই, ইচ্ছে থাকলেও নিরুপায়। মায়ের এই বর্তমান অক্ষমতার দরুন মায়ের ওপর যে করুণা সেটাই দেখা দিল রাগে পরিবর্তিত হয়ে। চেয়ে দেখি মায়ের চোখে জল। মনে হ'ল এ সেই মা—চা-বাগানে থাকতে মিস্ নটনের কাছ থেকে আমাদের খাওয়ানোর জন্তে কেক তৈরি করবার নিয়ম শিখে বাজার থেকে ঘি ময়দা কিশমিশ ডিম চিনি সব আনিয়ে সারা বিকেল ধরে পরিশ্রম করে কতকগুলো স্বাদগন্ধহীন নিরেট ময়দার টিপি বানিয়ে বাবার কাছে ও পরদিন মিস্ নটনের কাছে হাশ্রাস্পদ হয়েছিলেন! তার পর অবিশ্রি মিস্ নটন ভাল করে হাতে ধরে শেখায় এবং মা ইদানীং খুব ভাল কেকই গড়তে পারতেন।

মা বাংলা দেশের পাড়াগাঁয়ের ধরণ-ধারণ, রান্না, আচার-ব্যবহার ভাল জানতেন না—অল্প বয়সে বিয়ে হয়ে চা-বাগানে চলে গিয়েছিলেন, সেখানে একা একা কাটিয়েছেন চিরকাল সমাজের বাইরে—পাড়াগাঁয়ের ব্রত-নেম্ পূজো আচ্ছা আচার এ-সব তেমন জানা ছিল না। এদের এই ঘোর আচারী সংসারে এসে পড়ে আলাদা থাকলেও মাকে কথা সহ করতে হয়েছে কম নয়। পয়সা থাকলে বেটা হয়ে দাঁড়াতে গুল—হাত খালি থাকতে সেটা হয়ে দাঁড়িয়েছিল

ঠাট্টা, বিক্রম, স্নেহের ব্যাপার—জলীপনা খিরিস্টানি বা বিবিয়ানা। মার সহগুণ ছিল অসাধারণ, মুখ বুজে সব সহ্য করতেন, কোনোদিন কথাটিও বলেননি। ভয়ে ভয়ে ওদের চালচলন, আচার-ব্যবহার শিখবার চেষ্টা করতেন—নকল করতে যেতেন—তাতে ফল অনেক সময়ে হ'ত উষ্টো।

আরও মাসকতক কেটে গেল। সেই ক-মাসে আমাদের যা অবস্থা হয়ে দাঁড়ালো, জীবনে ভাবিওনি কোনো দিন যে অত কষ্টের মধ্যে পড়তে হবে। দু-বেলা ভাত খেতে আমরা ভুলে গেলাম। স্থল থেকে এসে বেলা তিনটের সময় খেয়ে রাত্রে কিছু খাওয়ার ইচ্ছেও হত না। ভাত খেয়ে স্থলে যাওয়া ঘটত না প্রায়ই, অত সকালে মা চালের যোগাড় করতে পারতেন না, সেটা প্রায়ই ধার ক'রে নিয়ে আসতে হ'ত। সব সময় হাতে পয়সা থাকত না—এর মানে আমাদের চা-বাগানের শৌখিন জিনিসপত্র, দেবরাজ, বাস্ম—এই সব বেচে চলছিল—সব সময়ে তার খদের জুটত না। মা বোঁমাছ, বিশেষতঃ এটা অপরিচিত স্থান, নিজের স্বশ্রমবাড়ি হলেও এর সঙ্গে এত কাল কোনো সম্পর্কই ছিল না—কিন্তু মা ও সব মানতেন না, লজ্জা ক'রে বাড়ি বসে থাকলে তাঁর চলত না, যেদিন ঘরে কিছু নেই, পাড়ায় বেরিয়ে যেতেন, দু-একটা জিনিস বেচবার কি বন্ধক দেবার চেষ্টা করতেন পাড়ার মেয়েদের কাছে। প্রায়ই শৌখিন জিনিস, হয়ত একটা ভাল কাচের পুতুল, কি গালার খেলনা, চন্দনকাঠের হাতপাখা এই সব—সেলাইয়ের কলটা ছোট কাকীমা সিকি দামে কিনেছিলেন। বাবার গায়ের ভারি পুরু পশমী ওভার-কোটটা সরকাররা কিনে নিয়েছিল আট টাকায়। মোটে এক বছর আগে পঞ্চাশ টাকা দিয়ে বাবা সেটা তৈরি করেছিলেন।

চাল না হয় একরকম ক'রে জুটলো, কিন্তু আমাদের পরনের কাপড়ের দুর্দশা ক্রমেই বেড়ে উঠছিল। আমাদের সবারই একখানা ক'রে কাপড়ে এসে ঠেকেছে—তাও ছেঁড়া, আমার কাপড়খানা তো তিন জায়গায় সেলাই। সীতা বলত, তুই বড় কাপড় ছিঁড়িস দাদা! কিন্তু আমার দোষ কি? পুরোনো কাপড়, একটু জোরে লাফালাফি করলেই ছিঁড়ে যেত, মা অমনি সেলাই করতে বসে যেতেন।

বাবা আজকাল কেমন হয়ে গেছেন, তেমনি কথাবার্তা বলেন না—বাড়িতেও থাকেন না প্রায়ই। তাঁকে পাওয়াই যায় না যে কাপড়ের কথা বলি। তা ছাড়া বাবার মুখের দিকে চেয়ে কোনো কথা বলতেও ইচ্ছে যায় না। তিনি সব সময়ই চাকরির চেষ্টায় এখানে ওখানে ঘুরে বেড়ান, কিন্তু কোথাও এ পর্যন্ত কিছু জোটেনি। মাস-তুই একটা গোলদারি দোকানে খাতাপত্র লেখবার চাকরি পেয়েছিলেন, কিন্তু এখন আর সে চাকরি নেই—সেজ জ্যাঠামশায়ের ছেলে নবীন বলছিল, নাকি মদ খেয়ে গেছে। কিন্তু এখানে এসে বাবা একদিনও মদ খেয়েছেন ব'লে আমার মনে হয় না, বাবা মদ খেলেই উৎপাত করেন আমরা ভাল করেই জানি, কিন্তু এখানে এসে পর্যন্ত দেখছি বাবার মত শাস্ত মাহুঘটি আর পৃথিবীতে নেই। এত শাস্ত, এত ভাল মাহুঘ স্নেহময় লোকটি মদ খেলে কি হয়েই যেতেন! চা-বাগানের সে-সব রাতের কীর্তি মনে হলেও ভয় করে।

রবিবার। আমার স্থল নেই, আমি সারাদিন বসে বসে ম্যাজেন্টা গুলে রঙ তৈরি করেছি, দু-তিনটে শিশিতে ভর্তি করে রেখেছি, সীতার পাঁচ-ছখানা পুতুলের কাপড় রঙে ছুপিয়ে দিয়েছি—ক্লাপের একটা ছেলের কাছ থেকে অনেকখানি ম্যাজেন্টার গুঁড়ো চেয়ে নিয়েছিলুম।

সন্ধ্যার একটু পরেই খেয়ে শুয়েছি। কত রাত্রে যেন ঘুম ভেঙে গেল—একটু অবাক হয়ে চেয়ে দেখি আমাদের ঘরের দোরে জ্যাঠাইমা আমার খুড়তুতো জ্যাঠতুতো ভাইবোনের দল, ছোটকাকা—সবাই দাঁড়িয়ে। মা কাঁদছেন—সীতা বিছানার সবে ঘুম ভেঙে উঠে বসে চোখ

মুছছ। আমার জাঠতুতো ভাই হেসে বললে—ঐ ঞ্খাখ্ তোর বাবা কি করচে! চেয়ে দেখি ঘরের কোণে খাটে বাবা তিনটে বাগিশের তুলো ছিঁড়ে পুঁটলি বাঁধছেন। তুলোতে বাবার চোখমুখ, মাথার চুল, সারা গা এক অদ্ভুত রকম হয়েছে দেখতে। আমি অবাক হয়ে জিজ্ঞেস করলুম—কি হয়েছে বাবা?

বাবা বললেন—চা-বাগানে আবার চাকরি পেয়েছি—ছোট সাহেব তার করেছে; সকালের গাড়িতে যাব কিনা তাই পুঁটলিগুলো বেঁধেছি। এখন না রাখলে—কটা বাজল রে খোকা?

আমার বয়স কম হলেও আমার বুঝতে দেরি হ'ল না যে এবার বাবা মাতাল হননি। এ অল্প জিনিস। তার চেয়েও গুরুতর কিছু। ঘরের দৃশ্যটা আমার মনে চিরকালের মতো একটা ছাপ দিয়ে গিয়েছিল—জীবনে কখনও তুলিনি—চোখ বুজলেই উত্তরজীবনে আবার সে-রাজির দৃশ্যটা মনে এসেছে। একটা মাত্র কেরোসিনের টেমি জ্বলচে ঘরে—তারই রাঙা ক্ষীণ আলোর ঘরের কোণে বাবার তুলো-মাথা চেহারা—মাথায় মুখে কানে পিঠে সর্বাক্ছে হেঁড়া বাগিশের শালচে পুরানো বিচিওয়াল তুলো, মেঝেতে বসে মা কাঁদছেন—দরজার কাছে কোঁতুক দেখতে খুঁড়ীমা জ্যাঠাইমারা জড় হয়েছেন—খুঁড়তুতো ভাই-বোনরা হাসচে।...দাদাকে ঘরের মধ্যে দেখতে পেলাম না, বোধ হয় বাইরে কোথাও গিয়ে থাকবে।

পরদিন সকালে আমাদের ঘরের সামনে উঠানে দলে দলে লোক জড় হ'তে লাগল। এদের মুখে শুনে প্রথম বুঝলাম বাবা পাগল হয়ে গিয়েছেন। সংসারের কষ্ট, মেয়ের বিয়ের ভাবনা, পরের বাড়ির এই যন্ত্রণা—এই সব দিনরাত ভেবে ভেবে বাবার মাথা গিয়েছে বিগড়ে। অবিশিষ্ট এসব কারণ অল্পমান করেছিলুম বড় হ'লে, অনেক পরে।

বেলা হওয়ার সঙ্গে সঙ্গে লোকের ভিড় বাড়তে লাগল, যারা কোনো দিন এর আগে বাবার সঙ্গে মৌখিক ভদ্র আলাপটা করতেও আসেনি তারা মজা দেখতে আসতে লাগল দলে দলে।

বাবার মূর্তি হয়েছে দেখতে অদ্ভুত। রাত্রে না ঘুমিয়ে চোখ বসে গিয়েছে—চোখের কোণে কালি মেড়ে দিয়েছে যেন। সর্বাক্ছে তুলো মেখে বাবা সেই রাতের বিছানার ওপরেই বসে আপন মনে কত কি বকছেন। ছেলেপিলের দল এপাড়া-ওপাড়া থেকে এসেছে। তারা ঘরের দোরে ভিড় ক'রে দাঁড়িয়ে। কেউ বা উঁকি মেরে দেখচে—হাসাহাসি করচে। আমাদের সঙ্গে পড়ে এই পাড়ার নবীন বাঁড়ুঘোর ছেলে শাণ্টু—সে একবার উঁকি মেরে দেখতেই বাবা তাকে কি একটা ধমক দিয়ে উঠলেন। সে ভান-করা ভয়ের সুরে ব'লে উঠল—ও বাবা! মারবে নাকি? বলেই পিছিয়ে এল। ছেলের দলের মধ্যে একটা হাসির ঢেউ পড়ে গেল।

একজন বললে—আবার কি রকম ইংরিজি বলছে ঞ্খাখ্—

আমি ও সীতা কাঠের পুতুলের মত দাঁড়িয়ে আছি। আমরা কেউ কোন কথা বলচি নে।

আর একটু বেলা হ'লে জ্যাঠামশায় কি পরামর্শ করলেন সব লোকজনের সঙ্গে—আমার মাকে উদ্দেশ্য করে বললেন—বৌমা, সবই তো দেখতে পাচ্ছ—তোমাদের কপাল ছাড়া আর কি বলব। ভূষণকে এখন বেঁধে রাখতে হবে—সেই মতই সবাই করেছেন। ছেলেপিলের বাড়ি—পাড়ার ভেতরকার কাণ্ড—ওরকম অবস্থায় কখন কি ক'রে বসে, তা বলা যায় না...তা তোমার একবার বলাটা দরকার ভাই—

আমার মনে বড় কষ্ট হ'ল—বাবাকে বাঁধবে কেন? বাবা তো এক বকুনি ছাড়া আর কাকর কিছু অনিষ্ট করতে যাচ্ছেন না—কেন তবে—

আমার মনের ভাষা বাক্য খুঁজে পেল না প্রকাশের—মনেই রয়ে গেল। বাবাকে সবাই মিলে বাঁধলে! আহা, কি কবে কবেই বাঁধলে। অল্প দড়ি কোথাও পাওয়া গেল না বা ছিল না—জ্যাঠামশায়দের খিড়কি-পুকুর ধারের গোয়াল-বাড়ি থেকে গরু বাঁধবার দড়ি নিয়ে এল—তাই দিয়ে বাঁধা হ'ল।

আমার মনে হ'ল অতটা জোর ক'রে বাবাকে বাঁধবার দরকার কি! বাবার হাতের শির দড়ির মত ফুলে উঠেছে যে। সেজ কাকাকে চুপিচুপি বললুম—কাকাবাবু, বাবার হাতে লাগচে, অত ক'রে বেঁধেচে কেন? বলুন না ওদের?

কাকা সে কথা জ্যাঠামশায়কে ও নিতাইয়ের বাবাকে বলতে তাঁরা বললেন—তুমিও কি খেপলে নাকি রমেশ? হাত আলগা থাকবে পাগলের?...তা হলে পা খুলতে, কতক্ষণ—তার পরে আমার দিকে চেয়ে জ্যাঠামশায় বললেন—যাও জিতু বাবা—তুমি বাড়ির ভেতরে যাও—নয়তো এখন বাইরে গিয়ে বসো।

আবার বাবার হাতের দিকে চেয়ে দেখলুম—দড়ির দাগ কেটে বসে গিয়েছে বাবার হাতে। সেই রকম তুলোমাথা অভূত মুষ্টি!...

বাইরে গিয়ে আমি একা গাঁয়ের পেছনের মাঠের দিকে চলে গেলুম—একটা বড় তেঁতুল গাছের তলায় সারা দুপুর ও বিকেল চুপ ক'রে বসে রইলুম।

দিন কতক এই ভাবে কাটল। তারপর পাড়ার দু-পাঁচজন লোক এসে জ্যাঠামশায়ের সঙ্গে কি পরামর্শ করলে। বাবাকে কোথায় তারা নিয়ে গেল, সবাই বললে কলকাতায় হাসপাতালে নিয়ে গেছে। তারা কিরোও এল, শুনলুম, বাবাকে নাকি হাসপাতালে ভর্তি করে নিয়েছে। শীগ্‌গীরই সেদে বাড়ি ফিরবেন। আমরা আশ্বস্ত হলুম।

দশ-বারো দিন পরে একদিন বিকেলের দিকে আমি ও সীতা পথে খেলা করছি, এমন সময় সীতা বললে—ঐ যে বাবা!...দূরে পথের দিকে চেয়ে দেখি বাবাই বটে। ছুটে আমরা বাড়িতে মাঝে খবর দিতে গেলুম। একটু পরে বাবা বাড়ি ঢুকলেন—এক হাঁটু ধুলো, রক্ষ চুল। ওপর থেকে জ্যাঠাইমা নেয়ে এলেন, কাকারা এলেন। বাবাকে দেখে সবাই চটে গেলেন। সবাই বুঝতে পারলে বাবা এখনও সারেন নি, তবে সেখান থেকে তাড়াতাড়ি চলে আসার কি দরকার?

বাবা একটু বসে থেকে বললেন, ভাত আছে? কাল ঐ দিকের একটা গাঁয়ে দুপুরে দুটো খেতে দিয়েছিল, আর কিছু খাই নি সারাদিন, খিদে পেয়েছে। কলকাতা থেকে পায়ে হেঁটে আসছি—ছেলেপিলে ছেড়ে থাকতে পারলাম না—চলে এলাম।

একটু পরেই বোঝা গেল বাবা হাসপাতাল থেকে পালিয়ে এয়েছেন এবং যেমন পাগল তেমনি আছেন। এবার আমাদের রাগ হ'ল—মায়ের কথা বলতে পারিনে, কারণ তাঁকে রাগ প্রকাশ করতে কখনও দেখিনি—কিন্তু আমি সীতা দাদা তিন ভাইবোনে খুব চটলাম।

আমাদের চটবার কারণও আছে—খুব সঙ্গত কারণই আছে। আমাদের প্রাণ এখানে অতিষ্ঠ হয়ে উঠেছে। বাবা আবার পুরোমাত্রায় পাগল হয়ে উঠলেন—তিনি দিনরাত বসে বসে বকেন আর কেবল খেতে চান। মা ছুটি বাসি মুড়ি, কোনো দিন বা ভিজ়ে চাল, কোনো দিন শুধু একটু গুড়—এই খেতে দেন। তাও সব দিন বা সব সময় ছোটানো কষ্টকর। আমরা দুপুরে খাই তো রাতে আর কিছু খেতে পাইনে—নয়ত সারাদিন পরে হয়ত সন্ধ্যার সময় খাই। মা কোথা থেকে চাল বোগাড় করে আনেন আমরা জানিনে—কখনও জিজ্ঞেসও করিনি। কিন্তু বাড়িতে আর আমাদের তিষ্ঠবার জো নেই। বাড়িসুদ্ধ লোক আমাদের

ওপর বিরূপ—দু-বেলা তাদের অনাদর আর মুখনাড়া সহ করা আমাদের অসহ হয়ে উঠেছে। চা-বাগানের দিনগুলোর কথা মনে হয়, সেখানে আমাদের কোনো কষ্ট ছিল না—অবস্থা ছিল অত্যন্ত সচ্ছল, ছেলেবেলার সীতাকে ভুটিয়া চাকরে নিয়ে বেড়াতে আর থাপা মাতুষ করেছিল আমাদের। ছ-বছর বয়স পর্যন্ত আমি থাপার কাঁধে উঠে বেড়াতে মনে আছে। আমাদের এই বর্তমান দুঃস্বপ্নের জন্ত বাবাকে আমরা মনে মনে দায়ী করেছি। বাবা কেন আবার ভাল হয়ে সেরে উঠুন না? তা হ'লে আর আমাদের কোনো দুঃখই থাকে না। কেন বাবা ওরকম পাগলামি করেন? ওতে লজ্জার যে ঘরে বাইরে আমাদের মুখ দেখাবার জো নেই।

সেদিন সকালে সেজ খুড়ীমা এসে আমাদের সঙ্গে খুব ঝগড়া বাখালেন। মেজ খুড়ীমাও এসে যোগ দিলেন। তাঁদের বাগানে বাতাবি নেবু গাছ থেকে চার-পাঁচটা পাকা নেবু চুরি গিয়েছে। খুড়ীমা এসে মাকে বললেন—এ আমাদেরই কাজ—আমরা খেতে পাইনে, আমরাই নেবু চুরি ক'রে ঘরে রেখেছি। তাঁরা সবাই মিলে আমাদের ঘর খানাতল্লাসী করতে চাইলেন। মা বললেন—এসে দেখে যান মেজদি, আমার ঘরে তো লোহার সিন্দুক নেই যে সেখানে আমার ছেলেমেয়েরা নেবু লুকিয়ে রেখেছে...এসে দেখুন—

শেষ পর্যন্ত বাবা ঘরে আছেন বাঁলে তাঁরা ঘরে ঢুকতে পারলেন না, কিন্তু সবাই ঘরে নিলে যে নেবু আমাদের ঘরে আছে, খানাতল্লাসী করলেই বেরিয়ে পড়ত। খুব ঝগড়াঝাঁটি হ'ল—তবে সেটা হ'ল একতরফা, কারণ এ পক্ষ থেকে তার জবাব কেউ দিল না।

জ্যাঠাইমা এ বাড়ির কর্তী, তাঁকে সবাই মেনে চলে, ভয়ও করে। তিনি এসে বললেন—হয় তোমরা বাড়ি থেকে চলে যাও, নয়ত ঘরের ভাড়া দাও।

সীতা এসে আমাকে বলল—জ্যাঠাইমা এবার বাড়িতে আর থাকতে দেবে না, না দেবে না দেবে, আমরা কোথাও চলে যাই চল দাদা।

দিন-দুই পরে জ্যাঠামশাইদের সঙ্গে কি একটা মিটমাট হ'ল। ঠিক হ'ল যে দাদা চাকরির যোগাড় করতে কলকাতায় যাবে, ঘরে আমরা আপাততঃ কিছুকাল থাকতে পাব। কিন্তু বাড়ির ও পাড়ার সবাই বললে পাগলটাকে আর বাড়ি রেখে দরকার নেই, ওকে জলে-জললে কোথাও ছেড়ে দিয়ে আয়।

সত্যি কথা বলতে গেলে বাবার উপর আমাদের কারুর আর মমতা ছিল না। বাবার চেহারাও হয়ে উঠেছে অদ্ভুত। একমাথা লম্বা চুল জটা পাকিয়ে গিয়েছে—আগে আগে মা নাইয়ে দিতেন, আজকাল বাবা কিছুতেই নাইতে চান না, কাছে যেতে দেন না, কাপড় ছাড়েন না...গায়ের গন্ধে ঘরে থাকা অসম্ভব! মা একদিনও রাত্রে ঘুমতে পারেন না—বাবা কেবলই কাই-করমাশ করেন—জল দাও পান দাও আর কেবলই বলেন খিদে পেয়েছে। কখনও বলেন চা ক'রে দাও। না পেলেই তিনি আরও ক্ষেপে ওঠেন—এক মা ছাড়া তখন আর কেউ সামলে রাখতে পারে না—আমরা তখন ঘর ছেড়ে পালিয়ে যাই, মা বুঝিয়ে-সুজিয়ে শাস্ত ক'রে চুপ করিয়ে রাখেন, নয়ত জোর ক'রে বালিশে শুইয়ে দিয়ে বাতাস করেন, পা টিপে দেন—কিন্তু তাতে বাবা সাময়িক চুপ করে থাকেন বটে, ঘুমোন না। পাগল হয়ে পর্যন্ত বোধ হয় একদিনও বাবার ঘুম হয় নি। নিজেও ঘুমবেন না; কাউকে ঘুমতেও দেবেন না—সারারাত চীৎকার, বকুনি, ইংরেজি বক্তৃতা, গান—এই সব করবেন। সবাই বলে, ঘুমলে নাকি বাবার রোগ সেরে যেত।

শেষ পর্যন্ত হয়ত মা মত দিবেছিলেন, হয়ত বলেছিলেন,—তোমরা যা ভাল বোঝ করো

বাঁপু। মোটের ওপর একদিন স্থলে দাদা এসে বললে—সকাল সকাল বাড়ি চল আজ জিতু— আজ বাবাকে আড়াগীয়ে জলার ধারে ছেড়ে দিয়ে আসতে হবে—তুই, আমি, নিতাই, সিধু আর মেজকালা যাব।

একটু পরে আমি ছুটি নিয়ে বেরুলাম। গিয়ে দেখি মা দালানে বসে কাঁদছেন, আমরা যাবার আগেই নিতাই এসে বাবাকে নিয়ে গিয়েছে। আমরা খানিক দূরে গিয়ে ওদের নাগাল পেলাম—পাড়ার চার-পাঁচজন ছেলে সঙ্গে আছে, মধ্যখানে বাবা। ওরা বাবার সঙ্গে বাজে বকছে—শিকারের গল্প করচে, বাবাও খুব বকছেন। নিতাই আমাকে বাবার সামনে যেতে বারণ করাতো আমি আর দাদা পেছনেই রইলাম। ওরা মাঠের রাস্তা ধরে অনেক দূর গেল, একটা বড় বাগান পার হ'ল, বিকেলের পড়ন্ত রোদে ঘেমে আমরা সবাই নিয়ে উঠলাম। রোদ যখন পড়ে গিয়েছে তখন একটা বড় বিলের ধারে সবাই এসে পৌছলাম। নিতাই বললে— এই তো আড়াগীয়ের জলা—চল, বিলের ওপারে নিয়ে যাই—ওই হোগলা বনের মধ্যে ছেড়ে দিলে আর পথ খুঁজে পাবে না রাস্তিরে। আমরা কেউ ওপারে গেলুম না—গেল শুধু সিধু আর নিতাই। খানিকটা পরে ওরা ফিরে এসে বললে, চল পালাই—ভোর বাবাকে একটা সিগারেট খেতে দিয়ে এসেছি—বসে বসে টানচে। চল ছুটে পালাই,—

সবাই মিলে দৌড় দিলাম। দাদা তেমন ছুটতে পারে না, কেবলই পেছনে পড়তে লাগল। সন্ধ্যার ঘোরে জলা আর জঙ্গলের মধ্যে পথ খুঁজে পাওয়া যায় না—এক প্রহর রাত হয়ে গেল বাড়িতে পৌছতে। কিন্তু তিন দিনের দিন বাবা আবার বাড়ি এসে হাজির। চেহারার দিকে তাকানো যায় না—কাদামাখা ধুলোমাখা অতি বিকট চেহারা। বেল না কি ভেঙে খেয়েছেন—সারা মুখে, গালে বেলের আঠা ও শাঁস মাখানো। মা নাইয়ে খুঁয়ে ভাত খেতে দিলেন, বাবা খাওয়া-দাওয়ার পর সেই যে বিছানা নিলেন, ছ' দিন চার দিন ক'রে ক্রমে পনের দিন কেটে গেল, বাবা আর বিছানা থেকে উঠলেন না। লোকটা যে কেন বিছানা ছেড়ে ওঠেন না—তার কি হয়েছে—এ কথা কেউ কোনদিন জিজ্ঞেসও করলে না। মা যেদিন যা জোটে খেতে দেন, মাঝে মাঝে নাইয়ে দেন—পাড়ার কোন লোকে উঁকি মেরেও দেখে গেল না।

জ্যাঠামশাইরা হতাশ হয়ে গিয়েছেন। তাঁরা আর আমাদের সঙ্গে কথা কন না, তাঁদের ঘরে-দোরে ওঠা আমাদের বন্ধ। আমরা কথা বলি চুপি চুপি, চলি পা টিপে টিপে চোরের মত, বেড়াই মহা অপরাধীর মত—পাছে গুঁরা রাগ করেন, বিরক্ত হন, আবার ঘর থেকে তাড়িয়ে দিতে আসেন।

একদিন না খেয়ে স্থলে পড়তে গিয়েছি—অল্প দিনের মত টিকিনের সময় সীতা খাবার জন্তে ডাকতে এল না। প্রায়ই আমি না খেয়ে স্থলে আসতাম, কারণ অত সকালে মা রান্না করতে পারতেন না—রান্না শুধু করলেই হ'ল না, তার যোগাড় করাও তো চাই। মা কোথা থেকে কি যোগাড় করতেন, কি ক'রে সংসার চালাতেন, তিনিই জানেন। আমি কখনও তা নিয়ে ভাবি নি। আমি ক্ষুধাতুর অবস্থায় বেলা একটা পর্যন্ত ক্লাসের কাজ ক'রে যেতাম আর ঘন ঘন পথের দিকে চাইতাম এবং রোজই একটার টিকিনের সময় সীতা এসে ডাক দিত—দাদা, ভাত হয়েছে খাবে এসো।

এ-দিন কিন্তু একটা বেজে গেল, দুটো বেজে গেল, সীতা এল না। ক্লাসের কাজে আমার আর মন নেই—আমি জানলা দিয়ে ঘন ঘন বাইরে পথের দিকে চেয়ে চেয়ে দেখছি। আরও আধ ঘণ্টা কেটে গেল, বেলা আড়াইটা। এমন সময় কলুদের দোকানঘরের কাছে সীতাকে

স্নাসতে দেখতে পেলাম। আমার ভারি রাগ হ'ল, অভিমানও হ'ল। নিজেরা সব খেয়ে-দেয়ে পেট ঠাণ্ডা ক'রে এখন আসছেন।

মাস্টারের কাছে ছুটি নিয়ে ভাড়াভাড়ি বাইরে গেলাম। সীতার দিকে চেয়ে দূর থেকে বললাম—বেশ দেখচি—আমার বৃষ্টি আর ক্ষিদে-তেষ্ঠা পায় না? কটা বেজেছে জানিস?

সীতা বললে—বাড়ি এস ছোড়না, তোমার বইদপ্তর নিয়ে ছুটি ক'রে এস গে—

আমি বললাম—কেন রে?

সীতা বললে—এস না, ছুটির আর দেরি বা কত? তিনটে বেজেচে।

আমার মনে হ'ল একটা কি ঘেন হয়েছে। স্থল থেকে বেরিয়ে একটু দূর এসেই সীতা বললে—বাবা মারা গিয়েচে ছোড়না।

আমি থমকে দাঁড়িয়ে গেলাম—সীতার মুখের দিকে চেয়ে সে যে মিথ্যে কথা বলছে এমন মনে হ'ল না। বললাম—কখন?

সীতা বললে—বেলা একটার সময়—

নিজের অজ্ঞাতসারে মুখ দিয়ে বেরিয়ে গেল—নিয়ে গিয়েচে তো?

অর্থাৎ গিয়ে মৃতদেহ দেখতে না হয়। কিন্তু সীতা বললে—না, নিয়ে এখনও কেউ যায় নি। মা একা কি করবে?...জ্যাঠামশাই বাড়ি নেই—ছোট কাকা একবার এসে দেখে চলে গেলেন—আর আসেন নি। মেজ কাকা পাড়ার লোক ডাকতে গেছেন।

বাড়িতে ঢুকতেই মা বললেন—ঘরের মধ্যে আয়—মড়া ছুঁয়ে বসে থাকতে হবে, বোস্ এখানে।

কেউই কাঁদছে না। আমারও কান্না পেল না—বরং একটা ভয় এল—একা মড়ার কাছে কেমন ক'রে কতক্ষণ বসে থাকব না জানি!

অনেকক্ষণ পরে শুনতে পেলুম আমাদের পাড়ার কেউ মৃতদেহ নিতে যেতে রাজী নয়, বাবা কি রোগে মারা গেছেন কেউ জানে না, তাঁর প্রায়শ্চিত্ত করানো হয় নি মৃত্যুর পূর্বে—এ অবস্থায় কেউ সংস্কার করতে রাজী নয়। প্রায়শ্চিত্ত এখন না করলে কেউ ও মড়া ছোঁবে না।

প্রায়শ্চিত্ত করাতে পাঁচ-ছ টাকা নাকি খরচ। আমাদের হাতে অত তো নেই—মা বললেন। কে যেন বললে—তা এ অবস্থায় হাতে না থাকলে লোকের কাছে চেয়ে-চিন্তে আনতে হয়, কি আর করবে?

দাদাকে মা ও-পাড়ার কাছে পাঠালেন টাকার জন্তে। খানিকটা পরে ও-পাড়া থেকে জনকতক বণ্ডামত লোক এল—শুনলাম তারা গালাগালি দিতে দিতে বাড়িতে ঢুকছে—এমন ছোটলোকের পাড়াও তো কখনো দেখি নি? কোথায় পাবে এরা যে প্রাচিতির করাবে? প্রাচিতির না হ'লে মড়া কি সারা দিনরাত ঘরেই পড়ে থাকবে? যত ছোটলোক সব—কোনো ভয় নেই, দেখি মড়া বার হয় কিনা।

আমি উত্তেজনার মাধ্যম মড়া ছুঁয়ে বসে থাকার কথা ভুলে গিয়ে ভাড়াভাড়ি দোরের কাছে এসে দাঁড়লাম। এদের মধ্যে আমি একজনকে কেবল চিনি। মাঠবাড়ির ফুটবল খেলার ময়দানে দেখেছিলাম।

ওরা নিজেরাই কোথা থেকে বাঁশ কেটে নিয়ে এল—পাট নিয়ে এসে দড়ি পাকালে, তারপর বাবাকে বার ক'রে নিয়ে গেল—দাদা গেল সজে সজে শ্মশানে। একটু পরে সন্ধ্যা হ'ল।

সেজ খুড়ীমা এসে বললেন—মুড়ি খাবি জিতু ? আমি ও সীতা মুড়ি খেয়ে শুয়ে ঘুমিয়ে পড়লাম ।

তিন বছর আগেকার কথা এসব । তার পর থেকে এ বাড়িতেই আছি । জ্যাঠামশাইরা প্রথমে রাজি হন নি, দাদা বগীতলায় বটগাছের নীচে মুদিখানার দোকান করেছিল—সামান্স পুঁজি, আড়াই সের চিনি, পাঁচ সের ভাল, পাঁচ সের আটা, পাঁচ পোয়া ঝাল-মশলা—এই নিয়ে দোকান কতদিন চলে ? দাদা ছেলেমাছুষ, তা ছাড়া ঘোরপেচ কিছু বোঝে না, একদিক থেকে সব ধারে বিক্রী করচে, যে ধারে নিয়চে সে আর ফিরে দোকানের পথ মাড়ার নি । দোকান উঠে যাওয়ার পরে দাদা চাকরির চেষ্টায় বেকলো, সে তার ছোট মাথার আমাদের সংসারের সমস্ত ভাবনা-ভার তুলে নিয়ে বাবার প্রতিনিধি রূপে আমাদের খাওয়া-পরানোর দৃষ্টিস্তায় রাতে ঘুমতো না, সারা দিন চাকরি খুঁজে বেড়াত । নশ্বর কারখানায় একটা সাত টাকা মাইনের চাকরিও পেল—কিন্তু বেলীদিন রইল না, মাস-দুই পরে তারা বললে—ব্যবসার অবস্থা খারাপ, এখন লোক দরকার নেই ।

সুতরাং জ্যাঠামশায়দের সংসারে মাথা গুঁজে থাকা ছাড়া আমাদের উপায় বা কি ? নিতান্ত লোকে কি বলবে এই ভেবে এঁরা রাজী হয়েছেন । কিন্তু এখানে আমাদের খাপ খায় না—এখানে মাত্র যে শুধু এ বাড়িতে তা নয়, এ দেশটার সঙ্গেই খাপ খায় না । বাংলা দেশ আমাদের কারও ভাল লাগে না—আমার না, দাদার না, সীতার না, মায়েরও না । না দেশটা দেখতে ভাল, না এখানকার লোকেরা ভাল । আমাদের চোখে এ দেশ বড় নিচু, আঁটাঁটাটা, ছোট ব'লে মনে হয়—যে-দিকেই চাই চোখ বেধে যায়, হয় ঘরবাড়িতে, না হয় বাঁশবনে আমবনে । কোথাও উঁচুনীচু নেই, একঘেয়ে সমতলভূমি, গাছপালারও বৈচিত্র্য নেই । আমাদের এ গাঁয়ের যত গাছপালা আছে, তার বেলীর ভাগ এক ধরনের ছোট ছোট গাছ, এর নাম বলে আশশেওড়া, তাদের পাতায় এত ধুলো যে সবুজ রঙ দিনরাত চাপা পড়ে থাকে । এখানে সব যেন দীনহীন, সব যেন ছোট মাপকাঠির মাপে গড়া ।

আমাদের দিক থেকে তো গেল এই ব্যাপার । গুঁদের দিক থেকে গুঁরা আমাদের পর ক'রে রেখেছেন এই তিন-চার বছর ধরেই । গুঁদের আপনার দলের লোক ব'লে গুঁরা আমাদের ভাবেন না । আমরা খিরিস্টান, আচার জানিনে, হিঁদুয়ানী জানিনে—জংলী জানোয়ারের সামিল, গারো পাহাড়ী অসভ্য মাছুষদের সামিল । পাহাড়ী জাতিদের সঘন্ধে গুঁরা যে খুব বেলী জানেন তা নয়—এবং জানেন না বলেই তাদের সঘন্ধে গুঁদের ধারণা অদ্ভুত ও আজগুবী ধরনের ।

এদেশে শীতকাল নেই—মাস দুই-তিন একটু ঠাণ্ডা পড়ে । তা ছাড়া সারা বছর ধ'রে গরম লেগেই আছে—আর সে কি সাংঘাতিক গরম ! সে গরমের ধারণা ছিল না কোন কালে আমাদের । রাতের পর রাত ঘুম হয় না, দিনমানেও ঘামে বিছানা ভিজ়ে যায় ব'লে ঘুম হয় না । গা জলে, মাথার মধ্যে কেমন করে, রাত্রে যেন নিঃশ্বাস বন্ধ হয়ে আসে এক-একদিন । তার ওপরে মশা । কি সুখেই লোকে এ-সব দেশে বাস করে !

জ্যাঠামশাইদের বাড়ির শালগ্রামশিলার ওপর আমার ভক্তি ছিল না। ঠাঁদের জাঁকজমক ও পূজার সময়কার আড়ম্বরের ঘটনা দেখে মন আরও বিরূপ হয়ে উঠল। আগেই বলেছি আমার মনে হ'ত ঠাঁদের এই পূজা-অর্চনার ঘটনা মূলে রয়েছে বৈষয়িক উন্নতির জন্তে ঠাকুরের প্রতি কৃতজ্ঞতা দেখানো ও ভবিষ্যতে যাতে আরও টাকাকড়ি বাড়ে সে উদ্দেশ্যে ঠাকুরের কাছে প্রার্থনা জানানো। তাঁকে প্রসন্ন রাখলেই এঁদের আয় বাড়বে, দেশে খাতির বাড়বে—আমার জ্যাঠাইমাকে সবাই বলবে ভাল, সংসারের লক্ষ্মী, ভাগ্যবতী—ঠাঁর পয়েতে এ-সব হচ্ছে, সবাই খোশামোদ করবে, মন যুগিয়ে চলবে। পাশাপাশি অমনি আমার মায়ের ছবি মনে আসে। মা কোন গুণে জ্যাঠাইমার চেয়ে কম? মাকে চা-বাগানে দেখেছি কল্যাণী মৃন্তিতে—লোকজনকে ধাওয়ানো-মীথানো, কুলীদের ছেলেমেয়েদের পুঁতির মালা কিনে দেওয়া, আদর-যত্ন করা, আমাদের একটু অস্বখে রাত জেগে বিছানায় বসে থাকা। কাছাকাছি কোন চা-বাগানের বাঙালীবাবু সোনাদায় নেমে যখন বাগানে যেত আমাদের বাসায় না খেয়ে যাবার উপায় ছিল না। আর সে-ই মা, এখানে এঁদের সংসারের দাসী, পরনে ছেঁড়া ময়লা কাপড়, কাজ করতে পারলে সুখ্যাতি নেই, না পড়লে বকুনি আছে, গালাগাল আছে—সবাই হেনস্থা করে, কারও কাছে এতটুকু মান নেই, মাথা তুলে বেড়াবার মুখ নেই। কেন, ঠাকুরকে ঘুষ দিতে পারেন না ব'লে? আমার মনে হ'ত জ্যাঠাইমাদের শালগ্রামশিলা এই ষড়যন্ত্রের মধ্যে আছেন, তিনি ষোড়শোপচারে পূজা পেয়ে জ্যাঠাইমাকে বড় ক'রে দিয়েছেন, অস্ত্র সকলের উপর জ্যাঠাইমা যে অত্যাচার অবিচার করছেন, তা চেয়েও দেখছেন না ঠাকুর।

একদিন সন্ধ্যাবেলা ঠাকুরঘরে আরতি শুরু হয়েছে; নরু, সীতা, সেজ কাঁকার ছেলে পুলিন আর আমি দেখতে গেছি। পুরুতঠাকুর ঠাঁদের সবারই হাতে একটা করে রূপোবাঁধানো চামর দিলে—আরতির সময় তারা চামর তুলতে লাগল। আমার ও সীতার হাতে দিলে না। সীতা চাইতে গেল, তাও দিলে না। একটু পরে ধূপধূনোর ধোঁয়ায় ও স্নগন্ধে দালান ভরে গিয়েছে, বুলু ও ফেণী কাঁসর বাজাচ্ছে, পুরুতঠাকুরের ছোট ভাই রাম বাড়ি পিট্চে, পুরুতঠাকুর তন্নয় হয়ে পঞ্চপ্রদীপে ঘিয়ের বাতি জ্বলে আরতি করছে—আমি ও সীতা ছিটের দোলাইমোড়া ঠাকুরের আসনের দিকে চেয়ে আছি—এমন সময় আমার মনে হ'ল এ দালানে শুধু আমরা এই ক'জন উপস্থিত নেই, আরো অনেক লোক উপস্থিত আছে, তাদের দেখা যাচ্ছে না, তারা সবাই অদৃশ্য। আমার গা ঘুরতে লাগল, আর কানের পেছনে মাথার মধ্যে একটা জায়গায় ঘেন কতকগুলো পিঁপড়ে বাসা ভেঙে বেরিয়ে চারদিকে ছড়িয়ে গেল। আমি জানি, এ আমার চেনা, জানা, বহুপরিচিত লক্ষণ, অদৃশ্য কিছু দেখবার আগেকার অবস্থা—চা-বাগানে এ-রকম কতবার হয়েছে। শরীরের মধ্যে কেঁমন একটা অস্বস্তি হয়—সে ঠিক ব'লে বোঝানো যায় না, জ্বর আসবার আগে যেমন লোক ব্যস্ততে পারে এইবার জ্বর আসবে, এও ঠিক তেমনি। আমি সীতাকে কি বলতে গেলাম, পিছু হটে গিয়ে দালানের খাম ঠেস দিয়ে দাঁড়ালাম, গা বমি-বমি ক'রে উঠলে লোকে যেমন ক'রে সে ভাবটা কাটাবার চেষ্টা করে, আমিও সেই রকম স্বাভাবিক অবস্থায় থাকবার জন্তে প্রাণপণে চেষ্টা করতে লাগলাম—কিছুতেই কিছু হ'ল না, ধীরে ধীরে পূজার দালানের তিন-ধারের দেওয়াল আমার সামনে থেকে অনেক দূরে...অনেক দূরে সরে যেতে লাগল...কাঁসর ঘড়ির আওয়াজ ক্ষীণ হয়ে এল...কতকগুলো বেগুনি ও রাঙা রঙের আলোর চাকা যেন একটা আর একটার পিছনে তাড়া করছে...সারি সারি বেগুনি ও রাঙা আলোর চাকার খুব

লম্বা সারি আমার চোখের সামনে দিয়ে খেলে যাচ্ছে—তারপর আমার বাঁয়ে অনেক দূর পর্যন্ত বিস্তৃত একটা বড় নদী, ওপারেরও সুন্দর গাছপালা, নীল আকাশ—এপারেও অনেক ঝোপ বন—কিন্তু যেন মনে হ'ল সব জিনিসটা আমি ঝাড়লগ্ননের ভেকোণা কাচ দিয়ে দেখছি—নানা রঙের গাছপালা ও নদীর জলের চেউয়ের নানা রঙ—ওপারটার লোকজনে ভরা, মেয়েও আছে, পুরুষও আছে—গাছপালার মধ্যে দিয়ে একটা মন্দিরের সৰু চূড়া ঠেলে আকাশে উঠেছে... আর ফুল যে কত রঙের আর কত চমৎকার তা মুখে বলতে পারিনে, গাছের সারা গুঁড়ি ভরে যেন রঙিন ও উজ্জ্বল থোকা থোকা ফুল... হঠাৎ সেই নদীর একপাশে জলের ওপর ভাসমান অবস্থায় জ্যাঠামশায়ের ঠাকুর-ঘরটা একটু একটু ফুটে উঠল, তার চারিদিকে নদী, কড়িকাঠের কাছে কাছে সে নদীর ধারের ডাল তার থোকা থোকা ফুলস্বচ্ছ হাওয়ার ঢুলছে... ওদের সেই দেশটা যেন আমাদের ঠাকুরঘরের চারিপাশ ঘিরে... মধ্যে, ওপরে, নীচে, ডাইনে, বাঁয়ে আমার মন আনন্দে ভরে গেল... কান্না আসতে চাইল... কি জানি কোন্ ঠাকুরের ওপর ভক্তিভে—আমার ঘৌর কাটল একটা চোঁচামেটির শব্দে। আমার সবাই মিলে ঠেলচে। সীতা আমার ডান হাত জোর ক'রে ধরে দাঁড়িয়ে আছে—পুরুতঠাকুর ও পুলিন রেগে আমার কি বলচে—চেয়ে দেখি আমি ভোগের লুচির খালার অত্যন্ত কাছে পা দিয়ে দাঁড়িয়ে আছি—আমার কৌচা লুটুচ্ছে উঁচু ক'রে সাজানো ফুলকো লুচির রাশির ওপরে। তারপর যা ঘটল! পুরুতঠাকুর গালে চার-পাঁচটা চড় কষিয়ে দিলেন—মেজকাকা এসে বাড়ি থেকে বেরিয়ে যেতে বললেন। জ্যাঠাইমা এসে নরু-পুলিনদের ওপর আঙুন হয়ে বলতে লাগলেন, সবাই জানে আমি পাগল, আমার মাথার রোগ আছে, আমার তারা কেন ঠাকুরদালানে নিয়ে গিয়েছিল আরতির সময়—

মেজকাকার মারের ভয়ে অন্ধকার রাতে জ্যাঠামশায়ের খিড়কীপুকুরের মাদার-তলায় একা এসে দাঁড়ালাম। সীতা গোলমালে টের পায় নি আমি কোথায় গিয়েছি। আমার গা কাঁপছিল ভয়ে—এ আমার কি হ'ল? আমার এমন হয় কেন? এ কি খুব শক্ত ব্যারাম? ঠাকুরের ভোগ আমি তো ইচ্ছে ক'রে ছুঁই নি? তবে ওরা বুঝলে না কেন? এখন আমি কি করি?

আমি হিন্দু দেবদেবী জানতাম না, সে-শিক্ষা আজন্ম আমাদের কেউ দেয় নি। কিন্তু মিশনারী মেমদের কাছে জ্ঞান হওয়া পর্যন্ত যা শিখে এসেছি, সেই শিক্ষা অনুসারে অন্ধকারে মাদারগাছের গুঁড়ির কাছে মাটির ওপর হাঁটু গেড়ে হাতজোড় ক'রে মনে মনে বললাম—হে প্রভু যীশু, হে সদাপ্রভু, তুমি জান আমি নির্দোষ—আমি ইচ্ছে ক'রে করি নি কিছু, তুমি আমার এই রোগ সারিয়ে দাও, আমার যেন এ-রকম আর কখনও না হয়। তোমার জয় হোক, তোমার রাজত্ব আশ্বক, আমেন।

সকালে স্নান ক'রে এসে দেখি সীতা আমাদের ঘরের বারান্দাতে এক কোণে খুঁটি হেলান দিয়ে বসে কি পড়ছে। আমি কাছে গিয়ে বললাম—দেখি কি পড়ছিস সীতা? সীতা এমন একমনে বই পড়ছে যে বই থেকে চোখ না তুলেই বললে—ও-পাড়ার বৌদিদির কাছ থেকে এনেছি—প্রফুল্লবালা—গোড়াটা একটু পড়ে আছে কেমন চমৎকার বই দাদা—

আমি বইখানা হাতে নিয়ে দেখলাম, নামটা 'প্রফুল্লবালা' বটে। আমি বই পড়তে ভাল-বাসিনে, বইখানা ওর হাতে ফেরত দিয়ে বললাম—তুই এত বাজে বই পড়তে পারিস!

সীতা বললে—বাজে বই নয় দাদা, প'ড়ে দেখো এখন। জমিদারের ছেলে সতীশের সঙ্গে এক গরিব ভট্টাচাষি বামুনের মেয়ে প্রফুল্লবালার দেখা হয়েছে। ওদের বোধ হয় বিয়ে হবে।

সীতা দেখতে ভাল বটে, কিন্তু যেমন সাধারণতঃ ভাইয়েরা বোনদের চেয়ে দেখতে ভাল

হয়, আমাদের বেলাতেও তাই হয়েছে। আমাদের মধ্যে দাদা সকলের চেয়ে সুন্দর—যেমন রঙ, তেমনই চোখমুখ, তেমনই চুল—তারপর সীতা, তারপর আমি। দাদা যে সুন্দর, এ-কথা শক্রতেও স্বীকার করে—সে আগে থেকে ভাল চোখ, ভাল মুখ, ভাল রঙ দখল করে বসেছে—আমার ও সীতার জন্মে বিশেষ কিছু রাখে নি। তা হলেও সীতা দেখতে ভাল। তা ছাড়া আবার শৌখীন—সরুদা ঘঁষে মেজে, খোঁপাটি বেঁধে, টিপটি প'রে বেড়ানো তার স্বভাব। কথা বলতে বলতে দশবার খোঁপায় হাত দিয়ে দেখছে খোঁপা ঠিক আছে কি-না। এ নিয়ে এ-বাড়িতে তাকে কম কথা সহ করতে হয় নি। কিন্তু সীতা বিশেষ কিছু গায়ে মাখে না, কারুর কথা গ্রাহ্যের মধ্যে আনে না—চিরকালের একগুঁয়ে স্বভাব তার।

আমার মনে মাঝে মাঝে কষ্ট হয়, আমাদের তো পরস্পর নেই, সীতাকে তেমন ভাল ঘরে বিয়ে দিতে পারব না—এই সব পাড়াগাঁয়ে আমার জ্যাঠামশায়দের মত বাড়িতে, আমার জ্যাঠাইমার মত শাশুড়ীর হাতে পড়বে—কি দুর্দশাটাই যে ওর হবে! ওর এত বই পড়ার বোঁক যে, এ-পাড়ার ও-পাড়ার বৌ-ঝিনের বাস্তবে বই আছে চেয়ে-চিন্তে এনে এ-সংসারের কঠিন কাজের ফাঁকে ফাঁকে সব পড়ে ফেলে দিয়েচে। জ্যাঠাইমা তো এমনিই বলেন, “ও-সব অলক্ষণে কাণ্ড বাপু—মেয়ে-মাল্লুষের আবার অত বই পড়ার শখ, অত সাজগোজের ঘট। কেন? পড়বে তেমন শাশুড়ীর স্বাভাবিক, বাঁটার আগায় বই পড়া ঘুচিয়ে দেবে তিন দিনে।”

সীতার বুদ্ধি খুব। ‘শতগল্প’ বলে একখানা বই ও কোথা থেকে এনেছিল, তাতে ‘সোনামুখী ও ছাইমুখী’ বলে একটা গল্প আছে, সংসার সংসারে গুণবতী লক্ষ্মীমেয়ে সোনামুখী বাঁটা লাথি খেয়ে মাল্লুষ হ'ত—তারপর কোন্ দেশের রাজকুমারের সঙ্গে তার বিয়ে হয়ে গেল ভগবানের দয়ায়—সীতা দেখি গল্পটার পাতা মুড়ে রেখেছে। ও-গল্পটার সঙ্গে ওর জীবনের মিল আছে, এই হয়ত ভেবেছে। কিন্তু সীতা একটুকথাও মুখ ফুটে বলে না কোন দিন। ভারি চাপা।

সীতা বই থেকে চোখ তুলে পথের দিকে চেয়ে বললে—ঐ হীরঠাকুর আসচে দাদা, আমি পালাই—

আমি বললাম—বোস, হীরঠাকুর কিছু বলবে না। ও ঠিক আজ এখানে খাবার কথা বলবে ঝাং।

হীরঠাকুরকে এ-গায়ে আসা পর্যন্ত দেখছি। রোগা কালো চেহারা, খোঁচা খোঁচা একমুখ কাঁচা-পাকা দাড়ি, পরনে থাকে আধময়লা থান, খালি পা, কাঁধে ময়লা চাদর, তার ওপরে একখানা ময়লা গামছা ফেলা। নিজের ঘরদোর নেই, লোকের বাড়ি বাড়ি খেয়ে বেড়ানো তার ব্যবসা। আমরা যখন এখানে নতুন এলাম, তখন কতদিন হীরঠাকুর এসে আমাকে বলেছে, “তোমার মাকে বল খোঁকা, আমি এখানে আজ ছুটো থাকবো।” মাকে বলতেই তখনুনি তিনি রাজী হতেন—মা চিরকাল এমন ছিলেন না, লোককে খাওয়ার-মাথাতে চিরদিনই তিনি ভালবাসেন।

আমার কথাই ঠিক হ'ল। হীরঠাকুর এসে বললে—“শোন খোঁকা, তোমার মাকে বলো আমি এখানে আজ দুপুরে চাট্টি ভাত খাবো।” সীতা বই মুখে দিয়ে খিল্ খিল্ করে হেসেই খন। আমি বললাম, “হীর-জ্যাঠা, আজকাল তো আমরা আলাদা খাইনে। জ্যাঠামশায়দের বাড়িতে খাই, বাবা মারা গিয়ে পর্যন্ত। আপনি সেজকাকাকে বলুন গিয়ে। সেজকাকা কাঁটালতলায় নাপিতের কাছে দাড়ি কামাচ্ছেন।”

সেজকাকা লোক ভাল। হীরঠাকুর আশ্বাস পেয়ে আমাদেরই ঘরের বায়ান্দার বসল।

সীতা উঠে একটা কঞ্চল পেতে দিলে। হীরাঠাকুর বললে, “তোমার দাদা কোথায়?” দাদার সঙ্গে ওর বড় ভাব। হীরাঠাকুরের গল্প দাদা শুনে ভালবাসে, হীরাঠাকুরের কষ্ট দেখে দাদার দুঃখ খুব, হীরাঠাকুর না খেতে পেলে দাদা বাড়ি থেকে চাল চুরি করে দিয়ে আসে। এখানে যখন খেতে আসত তখন প্রথম দাদার সঙ্গে ওর আলাপ হয়, এই বারান্দায় বসেই। হীরাঠাকুরের কেউ নেই—একটা ছেলে ছিল, সে নাকি আজ অনেক দিন নিরুদ্দেশ হয়ে গেছে। হীরাঠাকুরের এখনও বিশ্বাস, ছেলে একদিন ফিরে আসবেই এবং অনেক টাকা কড়ি আনবে, তখন তার দুঃখ ঘুচবে। দাদা হীরুর ওই-সব গল্প মন দিয়ে বসে বসে শোনে। অমন শ্রোতা এ-গাঁয়ে বোধ হয় হীরাঠাকুর আর কখনও পায় নি।

খেতে বসে হীরাঠাকুর এক মহা গোলমাল বাধিয়ে বসল। জ্যাঠামশায়ের ছোট মেয়ে সন্নিকটে ডেকে বললে, (হীরু কারুর নাম মনে রাখতে পারে না) “খুকী শোন, বাড়ির মধ্যে জিজ্ঞেস কর তো ডালের বাটিতে তাঁরা কি কিছু মিশিয়ে দিয়েছেন? আমার গা যেন ঘুরচে।” সবাই জানে হীরাঠাকুরের মাথা খারাপ, সে ওরকম একবার আমাদের বাড়ি খেতে বসেও বলেছিল, কিন্তু বাড়িসুদ্ধ মেয়েরা বেজায় চটল এতে। চটবারই কথা। জ্যাঠাইমা বললেন—“সেজঠাকুরপোর খেয়ে-দেয়ে তো আর কাজ নেই, ও আপদ মাসের মধ্যে দশ দিন আসে এখানে খেতে। তার ওপর আবার বলে কি-না ডালে বিষ মিশিয়ে দিইচি আমরা। আ মরণ মড়ুইপোড়া বামুন, তোকে বিষ খাইয়ে মেরে কি তোর লাখে টাকার তালুক হাত করব? আজ থেকে বলে দাও সেজঠাকুরপো, এ-বাড়ির দোর বন্ধ হয়ে গেল, কোনো দিন সদরের চৌকাঠ মাড়ালে বাঁটা মেরে তাড়াবো।”

হীরু তখন থাওয়া শেষ করেছিল। জ্যাঠাইমার গালাগালি শুনে মুখখানা কাঁচুমাচু করে উঠে গেল। দাদা এ-সময় বাড়ি ছিল না—আমাদের মুখে এর পর শুনে বললে—আহা, ও পাগল, ছেলের শোকে পাগল হয়েছে। ও কি বলে না-বলে তা কি ধরতে আছে? ছিঃ, খাবার সময় জ্যাঠাইমার গালমন্দ করা ভাল হয়নি। আহা!

সীতা বললে—গালাগাল দেওয়া ভাল হয় নি কেন, খুব ভাল হয়েছে। খামোকা বলবে যে বিষ মিশিয়ে দিয়েছে? লোকে কি মনে করবে?

দাদা আর কিছু বললে না, চুপ করে রইল। সে কারুর সঙ্গে তর্ক করতে পারে না, সীতার সঙ্গে তো নয়ই। একবার কেবল আমায় জিজ্ঞেস করলে—হীরাঠাকুর কোন্ দিকে গেল রে জিতু? আমি বললাম আমি জানিনে।

এর মাস দুই-তিন পরে, মাঘ মাসের শেষ, বিকেল বেলা। আমাদের ঘরের সামনে একটুখানি পড়ন্ত রোদে পিঠ দিয়ে স্কুলের অঙ্ক কষচি—এমন সময় দেখি হীরাঠাকুরকে সস্তর্পণে আস্তে আস্তে ধরে নিয়ে আসছে দাদা।

হীরাঠাকুরের চেহারা শীর্ণ, মাথার চুল আরও উসকোখুসকো, মুখ প্যাডাস্—জর যেমনি কাঁপচে, তেমনি কাশচে। শুনলাম আজ নাকি চার পাঁচ দিন অসুখ অবস্থায় আমাদেরই পাড়ার ভট্টাচাষীদের পুজোর দালানে শুয়ে ছিল। অসুখে কাশ-ধুং ফেলে ঘর অপরিষ্কার করে দেখে তারা এই অবস্থায় বলেছে সেখানে জায়গা হবে না। হীরাঠাকুর চলতে পারে না, যেমন দুর্বল, তেমনি জর আর সে কি ভয়ানক কাশি! কোথায় যায়, তাই দাদা তাকে নিয়ে এসেছে জ্যাঠামশায়দের বাড়ি। জরে আমার প্রশ্ন উড়ে গেল। দাদার কি এতটুকু বুদ্ধি দেননি ভগবান! এটা কি নিজেদের বাড়ি যে এখানে যা খুশি করা চলেবে? কোন্

ভরসায় দাদা ওকে এখানে নিয়ে এল ছাধো তো ?

বা ভয় করেছি, তাই হ'ল। হীরকে অনুখ গায়ে হাত ধ'রে বাড়িতে এনেছে দাদা, এ কথা বিদ্যাব্বেগে বাড়ির মধ্যে প্রচার হয়ে যেতেই আমার খুঁড়তুতো জাঠতুতো ভাইবোনেরা সব মজা দেখতে বাইরের উঠানে ছুটে এল, সেজকাকা এসে বললেন—“না না—এখানে কে নিয়ে এল ওকে ? এখানে জায়গা কোথায় যে রাখা হবে ?” কিন্তু ততক্ষণে জ্যাঠামশায়দের চণ্ডীমণ্ডপের দাওয়ার হীরক স্তরে ধুঁকছে, দাদা চণ্ডীমণ্ডপের পুরোনো সপ্টা তাকে পেতে দিয়েছে। তখন একটা ও-অবস্থার রোগীকে কোথায় বা সরানো যায় ? বাধ্য হয়ে তখনকার মত জায়গা দিতেই হ'ল।

কিন্তু এর জন্তে কি অপমানটাই সহ করতে হ'ল দাদাকে। এই জন্তেই বলচি দিনটা কখনো ভুলবো না। দাদাকে আমরা সবাই ভালবাসি, আমি সীতা দুজনই। আমরা জানি সে বোকা, তার বুদ্ধি নেই, সে এখনও আমাদের চেয়েও ছেলেমানুষ, সংসারের ভালমন্দ সে কিছু বোঝে না, তাকে ষাচিয়ে আড়াল ক'রে বেরিয়ে আমরা চলি। দাদাকে কেউ একটু বকলে আমরা সহ করতে পারিনে, আর সেই দাদাকে বাড়ির মধ্যে ডেকে নিয়ে গিয়ে প্রথমে সেজকাকা আখালিপাখালি চড়াপড়া মারলেন। বললেন, বুড়ো ধাড়ী কোথাকার, ওই হাঁপ-কাশের রুগী বাড়ি নিয়ে এলে তুমি কার ছকুমে ? তোমার বাবার বাড়ি এটা ? এতটুকু জ্ঞান হয় নি তোমার ? সাহসও তো বলিহারি, জিজ্ঞেস না বাদ না কাউকে, একটা কঠিন রুগী বাড়ি নিয়ে এসে তুললে কোন্ সাহসে ? নবাব হয়েছ না দ্বিন্দী হয়েছ ? না তোমার চা-বাগান পেয়েছ ?

এর চেয়ে বেশী কষ্ট হ'ল যখন জ্যাঠাইমা অনেক গালিগালাজের পর মোরাকে দাঁড়িয়ে ছকুম জারি করলেন, “যাও, রুগী ছুঁয়ে ঘরে দোরে উঠতে পাবে না, পুকুর থেকে গায়ের ও-কোট-স্বচ্ছ ডুব দিয়ে এস গিয়ে।”

মাঘ মাসের শীতের সন্ধ্যা আর সেই কনকনে ঠাণ্ডা পুকুরের জল—তার ওপর চা-বাগানের আমলের ওই ছেঁড়া গরম কোটটা ছাড়া দাদার গায়ে দেবার আর কিছু নেই, দাদা গায়ে দেবে কি নেয়ে উঠে ? সীতা ছুটে গিয়ে শুকনো কাপড় নিয়ে এসে পুকুরের ধারে দাঁড়িয়ে রইল। মাও এসে দাঁড়িয়ে ছিলেন, তিনি ভালমানুষ, দাদাকে একটা কথাও বললেন না, কেবল ঠকঠক ক'রে কাঁপতে কাঁপতে জল থেকে সে যখন উঠে এল তখন নিজের হাতে গামছা দিয়ে তার মাথা মুছিয়ে দিলেন, সীতা শুকনো কাপড় এগিয়ে দিলে, আমি গায়ের কোটটা খুলে পরতে দিলাম। রাজে মা সাবু ক'রে দিলেন আমাদের ঘরের উম্মনে—দাদা গিয়ে হীরকঠাকুরকে খাইয়ে এল।

সকালবেলা সেজকাকা ও জ্যাঠামশাই দস্তদের কাঁটালবাগানের ধারে পোড়ো জমিতে বাড়ির কুশাণকে দিয়ে খেজুরপাতার একটা কুঁড়ে বাঁধালেন এবং লোকজন ডাকিয়ে হীরকে ধরাধরি ক'রে সেখানে নিয়ে গেলেন। দাদা চুপিচুপি একবাটি সাবু মা'র কাছ থেকে ক'রে নিয়ে গিয়ে এল। দিন-দুই এই অবস্থার কাটলো। মুখ্জে-বাড়ির বড়ময়ে নলিনীদি রাজে একবাটি বার্লি দিয়ে আসতো আর সকালবেলা যাবার সময় বাটিটা কিরিয়ে নিয়ে যেত।

একদিন রাতে দাদা বললে—“চল্ জিতু, আজ হীরকজ্যাঠার ওখানে রাতে থাকবি ? রাম-গতিকাকা দেখে বলেছে অবস্থা খারাপ। চল্ আশুন জালাবো এখন, বড্ড শীত নইলে।”

রাত দশটার পর আমি ও দাদা দুজন গেলাম। আমরা যাওয়ার পর নলিনীদি সাবু নিয়ে এল। বললে, “কি রকম আছে রে হীরকাকা ?” তারপর সে চলে গেল। নারকালের

মালা দু'তিনটে শিররের কাছে পাতা, তাতে কাশ খুঁ ধুলেচে রুগী। আমার গা কেমন বমি-বমি করতে লাগল। আর কি কনকনে ঠাণ্ডা! খেজুরের পাতার কাঁপে কি মাঘ মাসের শীত আটকায়? দত্তদের কাঁটালবাগান থেকে শুকনো কাঁটালপাতা নিয়ে এসে দাদা আশুন জালালে। একটু পরে দুজনই ঘুমিয়ে পড়লাম। কত রাজে জানি না, আমার মনে হ'ল হীরুজ্যাঠা আমার সামনে দাঁড়িয়ে আছে। হীরুজ্যাঠা আর কাশচে না, তার রোগ যেন সেরে গিয়েছে! আমার দিকে চেয়ে হেসে বললে, “জিতু, আমি বাশবেড়ে যাচ্ছি গঙ্গা নাইতে। আমার বড় কষ্ট দিয়েছে হরিবল্লভ (আমার জ্যাঠামশাই), আমি বলে যাচ্ছি, নির্বংশ হবে, নির্বংশ হবে। তোমরা বাড়ি গিয়ে শোও গে যাও।”

আমার গা শিউরে উঠলো—এত স্পষ্ট কথাগুলো কানে গেল, এত স্পষ্ট হীরুজ্যাঠাকে দেখলাম যে বুঝে উঠতে পারলাম না প্রত্যক্ষ দেখছি, না স্বপ্ন দেখছি। ঘুম কিন্তু ভেঙে গিয়েছিল, দাদা দেখি তখনও কঁকড়ি হয়ে শীতে ঘুমুচ্ছে, কাঁটালপাতার আশুন নিভে জল হয়ে গিয়েছে, হীরুজ্যাঠাও ঘুমুচ্ছে মনে হ'ল। বাইরে দেখি ভোর হয়ে গিয়েছে।

দাদাকে উঠিয়ে নলিনীদিদির বাবা রামগতি মুখুজ্জেকে ডাকিয়ে আনলাম। তিনি এসে দেখেই বললেন, “ও তো শেষ হয়ে গিয়েছে। কতক্ষণ হ'ল? তোর কি রাজে ছিলি নাকি এখানে?”

হীরুঠাকুরের মৃত্যুতে চোখের জল এক দাদা ছাড়া বোধ হয় আর কেউ ফেলে নি।

অনেক দিন পরে শুনেছিলাম, হীরুঠাকুর পৈতৃক কি জমিজমা ও দুখানা আম-কাঁটালের বাগান বন্ধক রেখে জ্যাঠামশায়ের কাছে কিছু টাকা ধার করে এবং শেষ পর্যন্ত হীরুঠাকুর সে টাকা শোধ না করার দরুন জ্যাঠামশায় নালিশ ক'রে নিলামে সব বন্ধকী বিষয় নিজেই কিনে রাখেন। এর পর হীরুঠাকুর আপসে কিছু টাকা দিয়ে সম্পত্তিটা ফিরিয়ে নিতে চেয়েছিল—জ্যাঠামশায় রাজী হন নি। কেবল বলেছিলেন ব্রাহ্মণের ভিটে আমি চাইনে—ওটা তোমায় ফিরিয়ে দিলাম। হীরু তা নয় নি, বলেছিল, সব যে পথে গিয়েছে, ও ভিটেও সে পথে যাক। এর কিছুকাল পরেই তার মাথা খারাপ হয়ে যায়।

বিষয় বাড়বার সঙ্গে সঙ্গে জ্যাঠামশায়ের দান-খান-খর্খানুষ্ঠানও বেড়ে চলেছিল। প্রতি পূর্ণিমায় তাঁদের ঘরে সত্যনারায়ণের পূজা হয় যে তা নয় শুধু—একটি গরিব ছাত্রকে জ্যাঠাইমা বছরে একটি টাকা দিতেন বই কেনবার জন্তে। শ্রাবণ মাসে তাঁদের আবাদ থেকে নৌকা আসে নানা জিনিসপত্র বোঝাই হয়ে—বছরের ধান, জালাভরা কইমাছ, বাজরাভরা হাঁসের ডিম, তিল, আকের গুড় আরও অনেক জিনিস। প্রতি বছরই সেই নৌকায় দুটি একটি হরিণ আসে। ধনধান্যপূর্ণ ডিঙা নিরাপদে দেশে পৌঁচেছে এবং তার জিনিসপত্র নির্বিঘ্নে তাঁড়ার-ঘরে উঠল এই আনন্দে তাঁরা প্রতিবার শ্রাবণ মাসে পাঠা বলি দিয়ে মনসাপূজা করতেন ও গ্রামের ব্রাহ্মণ খাওরাতেন। বৈশাখ মাসে গৃহদেবতা গোপীনাথ জীউর পূজার পালা পড়ল তাঁদের। জ্যাঠামশায় গরদের জোড় পরে লোকজন ও ছেলেমেয়েদের সঙ্গে নিয়ে কাঁসরখট্টা, ঢাকতাল বাজিয়ে ঠাকুর নিয়ে এলেন ও-পাড়ার জাতিদের বাড়ি থেকে—জ্যাঠাইমা খুড়ীমারা বাড়ির দোর দাঁড়িয়ে ছিলেন—প্রকাণ্ড পেতলের সিংহাসনে বসানো শালগ্রাম বরে আনছিলেন জ্যাঠামশায় নিজে—তিনি বাড়ি ঢুকবার সময়ে জ্যাঠাইমা জলের ঝারা দিতে দিতে ঠাকুর অভ্যর্থনা ক'রে নিয়ে গেলেন। মেরেরা শাঁক বাজাতে লাগলেন, উলু দিলেন। আমি, সীতা ও দাদা আমাদের ঘরের বারান্দা থেকে দেখছিলাম—অত্যন্ত কৌতূহল হলেও কাছে যেতে

সাহস হ'ল না। মাকে মেমে পড়াতে সে-কথা শুঁদের কানে যাওয়া থেকে মাল্লুষের ধারা থেকে আমরা নেমে গিয়েছি শুঁদের চোখে—আমরা খুঁটান, আমরা নাস্তিক, পাহাড়ী জানোয়ার—ঘরদোরে দুকবার ষোণ্য নই। বৈশাখ মাসের প্রতিদিন কত কি খাবার তৈরি হ'তে লাগল ঠাকুরের ভোগের জন্তে—শুঁরা পাড়ার ব্রাহ্মণদের নিমন্ত্রণ করে প্রায়ই খাওয়াতেন, রাত্রে শীতলের লুচি ও ফল-মিষ্টান্ন পাড়ার ছেলেমেয়েদের ডেকে দিতে দেখেছি তবুও সীতার হাতে একখানা চন্দ্রপুলি ভেঙে আখখানিও কোন দিন দেন নি।

জ্যাঠাইমা এ সংসারের কর্তা, কারণ জ্যাঠামশাই রোজগার করেন বেশি। ফসাঁ মোটা-সোটা এক-গা গহনা, অলঙ্কারে পরিপূর্ণ—এই হলেন জ্যাঠাইমা। এ-বাড়িতে নববধুরূপে তিনি আসবার পর থেকেই সংসারের অবস্থা ফিরে যায়, তার আগে এঁদের অবস্থা খুব ভাল ছিল না—তাই তিনি নিজেকে ভাবেন ভাগ্যবতী। এ-বাড়িতে তাঁর উপর কথা বলবার ক্ষমতা নেই কারও। তাঁর বিনা হুকুমে কোন কাজ হয় না। এই জৈষ্ঠ মাসে এত আম বাড়িতে, বৌদের নিয়ে খাবার ক্ষমতা নেই, যখন বলবেন খাও গে, তখন খেতে পাবে। জ্যাঠামশায়ের বড় ও মেজ ছেলে, শীতলা ও সলিলদার বিয়ে হয়েছে, যদিও তাদের বয়েস খুব বেশী নয় এবং তাদের বৌয়েদের বয়েস আরও কম—তুই ছেলের এই তুই বৌ, ও বাড়িতে গলগ্রহ হয়ে আছে এক ভাগ্নেবৌ তার ছেলেমেয়ে নিয়ে, আর আমার মা আমাদের নিয়ে—এ ছাড়া ভুবনের মা আছে, কাকীমারা আছেন—এর মধ্যে এক ছোট কাকীমা বাদে আর সব জ্যাঠাইমার সেবাদাসী। ছোট কাকীমা বাদে এইজন্তে যে তিনি বড়মাল্লুষের মেয়ে—তাঁর উপর জ্যাঠাইমার প্রভুত্ব বেশি খাটে না।

প্রতিদিন খাওয়ার সময় কি নিলজ্জ কাণ্ডটাই হয়! রোজ রোজ দেখে সয়ে গিয়েছে যদিও, তবুও এখনও চোখে কেমন ঠেকে। রান্নাঘরে একসঙ্গে ভাগ্নে, জামাই, ছেলেরা খেতে বসে। ছেলেদের পাতে, জামাইয়ের পাতে বড় বড় জামবাটিতে ঘন দুধ, ভাগ্নেদের পাতে হাতা ক'রে দুধ। মেয়েদের খাবার সময় সীতা, ভাগ্নেবৌ এরা সবাই কলায়ের ডাল মেখে ভাত খেয়ে উঠে গেল—নিজেদের দল, তুই বৌ, মেয়ে নলিনীদি, নিজের জন্তে বাটিতে বাটিতে দুধ আম বাতাসা। নলিনীদি আবার মধু দিয়ে আম দুধ খেতে ভালবাসে—মধুর অভাব নেই, জ্যাঠামশাই প্রতি বৎসর আবাদ থেকে ছোট জালার একজালা মধু নিয়ে আসেন—নলিনীদি দুধ দিয়ে ভাত মেখেই বলবে, মা আমায় একটু মধু দিতে বল না সত্বর মাকে। কালেক্সে হয়ত জ্যাঠাইমার দয়া হ'ল—তিনি সীতার পাতে দুটো আম দিতে বললেন কি এক হাতা দুধ দিতে বললেন—নয়তো ওরা ওই কলায়ের ডাল মেখে ভাত খেয়েই উঠে গেল। সীতা সে-রকম মেয়ে নয় যে মুখ ফুটে কোন দিন কিছু বলবে, কিন্তু সেও তো ছেলেমাল্লুষ, তারও তো খাবার ইচ্ছে হয়? আমি এই কথা বলি, যদি খাবার জিনিসের বেলায় কাউকে দ্বেবে, কাউকে বঞ্চিত করবে, তবে একসঙ্গে সকলকে খেতে না বসালেই তো সব চেয়ে ভাল?

একদিন কেবল সীতা বলেছিল আমার কাছে—দাদা, জ্যাঠাইমারা কি রকম লোক বল দিকি? মা ভাল ভাল বাটনা বাটবে, বাসন মাজবে, রাজ্যের বাসি কাপড় কাচবে, কিন্তু এত ডাবের ছড়াছড়ি এ বাড়িতে, গাছেরই তো ডাব, একাদশীর পরদিন মাকে কোনো দিন বলেও না যে একটা ডাব নিয়ে খাও।

আমি মুখে মুখে বানিয়ে কথা বলতে ভালবাসি। আপন মনে কখনও বাড়ির কর্তার মত কথা বলি, কখনও চাকরের মত কথা বলি। সীতাকে কত শুনিয়েছি, একদিন মাকেও শুনিয়েছিলাম। একদিন ও-পাড়ার মুখুজ্জবাড়িতে বীরুর মা, কাকীমা, দিদি এরা সব ধ'রে

পড়ল আমাকে বানিয়ে বানিয়ে কিছু বলতে হবে।

ওদের রান্নাবাড়ির উঠোনে, মেয়েরা সব রান্নাঘরের দাওয়ার বসে। আমি দাঁড়িয়ে দাঁড়িয়ে খানিকটা ভাবলাম কি বলব? সেখানে একটা বাঁশের ঘেরা পাঁচিলের গায়ে ঠেসানো ছিল। সেইটের দিকে চেয়ে আমার মাথায় বুদ্ধি এসে গেল। ওই বাঁশের ঘেরাটা হবে যেন আমার স্ত্রী, আমি যেন চাকরি করে বাড়ি আসছি, হাতে অনেক জিনিসপত্র। ঘরে যেন সব চুকেছি, এমন ভাব করে বললাম—“ওগো কই, কোথায় গেলে, ফুলকপিগুলো নামিয়ে নাও না? ছেলেটার জর আজ কেমন আছে?” মেয়েরা সব হেসে এ ওর গায়ে গড়িয়ে পড়ল।

আমার উৎসাহ গেল আরও বেড়ে। আমি বিরক্তির সুরে বললাম, “আঃ, ঐ তো তোমার দোষ! ফুইনির দেওয়া আজ খুব উচিত ছিল। তোমার দোষেই ওর অসুখ যাচ্ছেনা। খেতে দিয়েছ কি?”

আমার স্ত্রী অপ্রতিভ হয়ে খুব নরম সুরে কি একটা জবাব দিতেই রাগ পড়ে গেল আমার। বললাম—“ওই পুঁটলিটা খোলো, তোমার একজোড়া কাপড় আছে আর একটা তরল আলতা—”, মেয়েরা আবার খিল খিল করে হেসে উঠল।

বীরুর ছোট বৌদিদি মুখে কাপড় গুঁজে হাসতে লাগলো। আমি বললাম—“ইয়ে করো, আগে হাত-পা ধোয়ার জল দিয়ে একটু চায়ের জল চড়াও দিকি? সেই কখন ট্রেনে উঠেচি—কাঁকুনির চোটে আর এই দু-কোশ হেঁটে খিদে পেয়ে গিয়েছে—আর সেই সঙ্গে একটু হালুয়া—কাগজের ঠোঙা খুলে দেখে কিশমিশ এনেছি কিনে, বেশ ভাল কাবুলী—”

বীরুর কাকীমা তো ডাক ছেড়ে হেসে উঠলেন। বীরুর মা বললেন—“ছোড়া পাগল! কেমন সব বলচে দেখ, মাগো মা, উঃ—আর হেসে পারিনে!”

বীরুর ছোট বৌদিদির দম বন্ধ হয়ে যাবে বোধ হয় হাসতে হাসতে। বললে—“ওঃ মা, আমি যাব কোথায়! ওর মনে মনে ওই সব শখ আছে, ওর ইচ্ছে ওর বিয়ে হয়, বৌ নিয়ে অম্বুনি সংসার করে—উঃ মা রে!”

সন্ধ্যা উত্তীর্ণ হয়ে গেছে। আমি রান্নাঘরে বসে স্ত্রীর সঙ্গে গল্প করছি। রান্না এখনও শেষ হয় নি। আমি বললাম—“চিংড়ি মাছটা কেমন দেখলে, খুব পচেনি তো? কালিয়াটায় ঝাল একটু বেশি করে দিও।”

বীরুর কাকীমা বললেন, “হাঁ রে তুই কি কেবল খাওয়া-দাওয়ার কথা বলবি বোয়ের সঙ্গে?” কিন্তু আর কি ধরনের কথা বলব খুঁজে পাইনে। ভাবলাম খানিকক্ষণ, আর কি কথা বলা উচিত? আমি এই ধরনের কথা সকলকে বলতে শুনেছি স্ত্রীর কাছে। ভেবে ভেবে বললাম—“খুকীর জন্মে জামাটা আনবো, কাল ওর গায়ের মাপ দিও তো। আর জিজ্ঞেস করো কি রঙ ওর পছন্দ—না, না—এখন আর ঘুম ভাঙিয়ে জিজ্ঞেস করবার দরকার নেই, ছেলেমাছ ঘুমুচ্ছে, থাক। কাল সকালেই—” খুব গম্ভীর মুখে এ-কথা বলতেই মেয়েরা আবার হেসে উঠল দেখে আমি ভারি খুশি হয়ে উঠলাম। আরও বাহাদুরি নেবার ইচ্ছার উৎসাহের সুরে বললাম—“আমি নেপালী নাচ জানি—চা-বাগানে থাকতে আমি দেখে দেখে শিখেছি।”

মেয়েরা সবাই বলে উঠলো, “তাও জানিস নাকি? বা রে! তা তো তুই বলিস নি কোনো দিন? দেখি—দেখি—”

“কিন্তু আর একজন লোক দরকার যে? আমার সঙ্গে আর কে আসবে? সীতা থাকলে ভাল হ’ত। সেও জানে। আপনাদের বীণা কোথায় গেল? সে হলোও হয়।”

এ কথায় মেয়েরা কেন যে এত হেসে উঠল হঠাৎ, তা আমি বুঝতে পারলাম না। বীণা

বীরুর মেজ বোন, আমার চেয়ে কিছু ছোট, দেখতে বেশ ভাল। সে ওখানে ছিল না তখন—একা একা নেপালী নাচ হয় না বলে বেশী বাহাদুরিটা আমার আর নেওয়া হয়নি সে-দিন।

সীতার বই পড়ার ব্যাপার নিয়ে জ্যাঠাইমা সকল সময় সীতাকে মুখনাড়া দেন। সীতা যে পরিষ্কার পরিচ্ছন্ন ফিটকাট থাকতে ভালবাসে এটাও জ্যাঠাইমা বা কাকীমারা দেখতে পারেন না। সীতা চিরকাল ওই রকম থেকে এসেছে চা-বাগানে। একটামাত্র মেয়ে, মা তাকে সব সময় সাজিয়ে-গুজিয়ে রাখতে ভালবাসতেন, কতকটা আবার গড়ে উঠেছিল মিস্ নটনের দরুন। মিস্ নটন মাকে পড়াতে এসে নিজের হাতে সীতার চুল আঁচড়ে দিত, চুলে লাল ফিতে বেঁধে দিত, হাত ও মুখ পরিষ্কার রাখতে শেখাত। এখানে এসে সীতার দুখানার বেঁশি তিনখানা কাপড় জোটেনি কোন সময়—জামা তো নেই-ই। (জ্যাঠাইমা বলেন, মেয়েমানুষের আবার জামা গায়ে কিসের ?) কিন্তু ওরই মধ্যে সীতা ফরসা কাপড়-খানি প'রে থাকে, চুলটি টান টান করে বেঁধে পেছনে গোল খোঁপা বেঁধে বেড়ায়, কপালে টিপ প'রে—এ গায়ের এক পাল অসভ্য অপরিষ্কার ছেলেমেয়ের মধ্যে ওকে সম্পূর্ণ অন্তরকমের দেখায়, যে-কেউ দেখলেই বলতে পারে ও এ-গায়ের নয়, এ অঞ্চলের না—ও সম্পূর্ণ স্বতন্ত্র।

দুটো জিনিস সীতা খুব ভালবাসে ছেলেবেলা থেকে—সাবান আর বই। আর এখানে এসে পর্যন্ত ঠিক ওই দুটো জিনিসই মেলে না—এ-বাড়িতে সাবান কেউ ব্যবহার করে না, কাকীমাদের বান্ধে সাবান হয়ত আছে কিন্তু সে বান্ধ-সাজানো হিসাবে আছে, যেমন তাঁদের বান্ধে কাঁচের পুতুল আছে, চীনেমাটির হরিণ, খোকা পুতুল, উট আছে,—তেমনি। তবুও সাবান বরং খুঁজলে মেলে বাড়িতে—কেউ ব্যবহার করুক আর নাই করুক—বই খুঁজলেও মেলে না—দুখানা বই ছাড়া—নতুন পাজি আর সত্যনারায়ণের পুঁথি। আমরা তো চা-বাগানে থাকতাম, সে তো বাংলা দেশেই নয়—তবুও আমাদের বান্ধে অনেক বাংলা বই ছিল। নানারকমের ছবিওয়লা বাংলা বই—বীশ্বর গল্প, পরিভ্রাণের কথা, জবের গল্প, সুবর্ণবণিকপুত্রের কাহিনী আরও কত কি। এর মধ্যে মিশনারি মেমেরা অনেক দিয়েছিল, আবার বাবাও কলকাতা থেকে ডাকে আনাতেন—সীতার জন্তে এনে দিয়েছিলেন কঙ্কাবতী, হাতেম তাই, হিতোপদেশের গল্প, আমার জন্তে একখানা 'ভূগোল-পরিচয়' বলে বই আর একখানা 'ঠাকুরদাদার ঝুলি'। আমি গল্পের বই পড়তে তত ভালবাসিনে, দু-তিনটে গল্প পড়ে আমার বইখানা আমি সীতাকে দিয়ে দিয়েছিলাম।

আমার ভালো লাগে বীশ্বখুঁটের কথা পড়তে। পর্বতে বীশ্বর উপদেশ, বীশ্বর পুনরুত্থান, অপব্যরী পুত্রের প্রত্যাবর্তন। এ সব আমার বেশ লাগে। এখানে ও সব বই পাওয়া যায় না বলে পড়িনে। বীশ্বর কথা এখানে কেউ বলেও না। একখানা খুঁটের রঙীন ছবি আমার কাছে আছে—মিস্ নটন দিয়েছিল—সেখানা আমার বড় প্রিয়। মাঝে মাঝে বার ক'রে দেখি।

হিন্দু দেবতার কোন মূর্তি আমি দেখিনি, জ্যাঠামশায়ের বাড়িতে যা পূজা করেন, তা গোলমত পাথরের হুড়ি। এ-গ্রামে দুর্গাপূজা হয় না, ছবিতে দুর্গামূর্তি দেখেছি, ভাল বুঝতে পারিনে, কিন্তু একটা ব্যাপার হয়েছে এর মধ্যে। চৌধুরীপাড়ায় বড় পুকুরের ধারের পাকুড়গাছের তলায় কালো পাথরের একটা দেবমূর্তি গাছের গুঁড়িতে ঠেসানো আছে—আমি একদিন দুপুরে পাকুড়তলা দিয়ে যাচ্ছি, বাবা তখন বেঁচে আছেন কিন্তু তাঁর খুব অসুখ—ওই সময় মূর্তিটা আমি প্রথম দেখি—আরগাটা নির্ঝল, পাকুড়গাছের ডালপালার পিছনে অনেকখানি নীল আকাশ,

মেঘের একটা পাহাড় দেখাচ্ছে ঠিক যেন বরফে মোড়া কাঞ্চনজঙ্ঘা—একটা হাত ভাঙা যদিও কিন্তু কি সুন্দর যে মুখ মূর্তিটার, কি অপূর্ব গড়ন—আমার হঠাৎ মনে হ'ল ওই পাথরের মূর্তির পবিত্র মুখের সঙ্গে ক্রুশবিন্দু যীশুখৃষ্টের মুখের মিল আছে—কেউ ছিল না তাই দেখেনি—আমার চোখে জল এল, আমি একদৃষ্টিতে মূর্তিটার মুখের দিকে চেয়েই আছি—ভাবলাম জ্যাঠামশায়রা পাথরের হুড়ি পূজো করে কেন, এমন সুন্দর মূর্তির দেবতা কেন নিয়ে গিয়ে পূজো করে না? তারপরে শুনেছি ঐ দীঘি খুঁড়বার সময়ে আজ প্রায় পঁচিশ বছর আগে মূর্তিটা হাতভাঙা অবস্থাতেই মাটির তলায় পাওয়া যায়। সীতাকে নিয়ে গিয়ে দেখিয়েছিলাম একবার—একবার সীতা জ্বা, আকন্দ, স্নমকো ফুলের একছড়া মালা গেঁথে মূর্তির গলায় পরিয়ে দিয়েছিল। অমন সুন্দর দেবতাকে আজ পঁচিশ বছর অনাদরে গ্রামের বাইরের পুকুরপাড়ে অমন করে কেন যে ফেলে দিয়েছে এরা!

একবার একখানা বই পড়লাম—বইখানার নাম চৈতন্যচরিতামৃত। এক জায়গায় একটি কথা পড়ে আমার ভারি আনন্দ হ'ল। চৈতন্যদেব ছেলেবেলায় একবার জাঁস্তাকুড়ে, এঁটো হাঁড়ী-কুড়ি যেখানে ফেলে, সেখানে গিয়েছিলেন ব'লে তাঁর মা শচীদেবী খুব বকেন। চৈতন্যদেব বললেন—মা পৃথিবীর সর্বত্রই ঈশ্বর আছেন, এই জাঁস্তাকুড়েও আছেন। ঈশ্বর যেখানে আছেন, সে-জায়গা অপবিত্র হবে কি ক'রে?

ভাবলাম জ্যাঠাইমার বিরুদ্ধে চমৎকার যুক্তি পেয়েছি তাঁদের ধর্মের বইয়ে, চৈতন্যদেব অবতার, তাঁরই মুখে। জ্যাঠাইমাকে একদিন বললাম কথাটা। বললাম—জ্যাঠাইমা, আপনি যে বাড়ির পিছনে বাঁশবনে গেলে কি শেওড়া গাছে কাপড় ঠেকলে হাত-পা না ধুয়ে, কাপড় না ছেড়ে ঘরে ঢুকতে দেন না, চৈতন্যচরিতামৃতে কি লিখেছে জানেন?

চৈতন্যদেবের সে কথাটা বলবার সময়ে আনন্দে মন আমার ভ'রে উঠল—এমন নতুন কথা, এত সুন্দর কথা আমি কখনও শুনিনি। ভাবলাম জ্যাঠাইমা বই পড়েন না ব'লে এত সুন্দর কথা যে তাঁদের ধর্মের বইয়ে আছে তা জানেন না—আমার মুখে শুনে জেনে নিশ্চয়ই নিজের ভুল বুঝে খুব অপ্রতিভ হয়ে যাবেন।

জ্যাঠাইমা বললেন—তোমাকে আর আমার শাস্ত্র শেখাতে হবে না। তিনকাল গিয়ে এককালে ঠেকেচে, উনি এসেচেন আমাকে শাস্ত্র শেখাতে! হিঁদুর আচার-ব্যবহার তোরা জানবি কোথেকে রে ভেঁপো ছোঁড়া। তুই তো তুই, তোর মা বড় জানে, তোর বাবা বড় জানতো—

আমি অবাক হয়ে গেলাম। জ্যাঠাইমা এমন সুন্দর কথা শুনে চটলেন কেন? তা ছাড়া আমি নিজে কিছু বলেছি কি?

আগ্রহের সুরে বললাম—আমার কথা নয় জ্যাঠাইমা, চৈতন্যদেব বলেছিলেন তাঁর মা শচীদেবীকে—চৈতন্যচরিতামৃতে লেখা আছে—দেখাবো বইখানা?

খুব তক্কোবাজ হয়েচ? থাক, আর বই দেখাতে হবে না। তোমার কাছে আমি গুরু-মস্তুর নিতে যাচ্ছিনে—এখন যাও আমার সামনে থেকে, আমার কাজ আছে—তোমার তক্কো শুনবার সময় নেই।

বা রে, তর্কবাজির কি হ'ল এতে? মনে কষ্ট হ'ল আমার। সেই থেকে জ্যাঠাইমাকে আর কোন কথা বলিনি।

সীতা ইতিমধ্যে এক কাণ্ড ক'রে বসল। জ্যাঠামশাইদের বাড়ির পাশে বহু অধিকারীর

বাড়ি। তারা বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণ। তাদের বাড়িতে যত্ন অধিকারীর বড় মেয়ের বিয়ের জন্তে দেখতে এল চার-পাঁচজন ভদ্রলোক কলকাতা থেকে। সীতা সে-সময় সেখানে উপস্থিত ছিল।

যত্ন অধিকারীর বাড়ির মেয়েরা তাকে নাকি জিজ্ঞেস করেছে—শোন সীতা, আচ্ছা উমার যদি বিয়ে না হয় ওখানে, তোর বিয়ে দিয়ে যদি দিই, তোর পছন্দ হয় কা'কে বল তো ?

সীতা বুঝতে পারেনি যে তাকে নিয়ে ঠাট্টা করচে—বলেচে নাকি, চোখে-চশমা কে একজন এসেছিল তাকে।

ওরা সে কথা নিয়ে হাসাহাসি করেছে। জ্যাঠাইমার কানেও গিয়েছে কথাটা। জ্যাঠাইমা ও মেজকাঁকীমা মিলে সীতাকে বেহারী, বোকা, বদমাইশ, জ্যাঠা মেয়ে, যা তা বলে গালাগালি আরম্ভ করলেন। আরও এমন কথা সব বললেন যা শুঁদের মুখ দিয়ে বেরলো কি ক'রে আমি বুঝতে পারিনি। আমি সীতাকে বকলাম, মাও বকলেন—তুই যাসু কেন যেখানে সেখানে, আর না বুঝে যা তা বলিসই বা কেন ? এ-সব জায়গার ধরন তুই কি বুঝিস ?

সীতার চোখ ছল্ ছল্ ক'রে উঠল। সে অতশত বোঝেনি, কে জানে ওরা আবার এখানে বলে দেবে ! সে মনে যা এসেচে, মুখে সত্যি কথাই বলেচে। এ নিয়ে এত কথা উঠবে তা বুঝতেই পারেনি।

॥ ৫ ॥

পৌষ মাসের শেষে আমাদের বাড়ি সরগরম হয়ে উঠল—শুনলাম শুঁদের গুরুদেব আসবেন ব'লে চিঠি লিখেচেন।

এই গুরুদেবের কথা আমি এঁদের বাড়িতে এর আগে অনেক শুনেচি—জ্যাঠামশায়ের ঘরে তাঁর একটা বড় বাঁধানো ফটোগ্রাফ দেখেছিলাম—গুরুদেব চেয়ারে বসে আছেন, জ্যাঠামশায় ও জ্যাঠাইমা দুজন হু-দিকে মাটিতে ব'সে তাঁর পায়ে পুষ্পাঞ্জলি দিচ্ছেন। অনেক দিন থেকে ছবিখানা দেখে গুরুদেব সঘন্থে আমার মনে একটা কৌতূহল হয়েছিল—কিরকম লোক একবার দেখবার বড় ইচ্ছে হ'ত।

স্টেশনে তাঁকে আনতে লোক গিয়েছিল—একটু বেলা হ'লে দেখি দাদা এক ভারী মোট বয়ে আগে আগে আসচে—পেছনে ব্যাগ হাতে জ্যাঠামশায়দের কুৰাণ নিমু গোয়ালী। গুরুদেব হেঁটে আসচেন, রং কালো, মাথার সামনের দিকে টাক—গায়ে চাদর, পায়ে চটি। আমার জাঠতুতো, খুড়তুতো ভাইবোনেরা দরজার কাছে ভিড় ক'রে দাঁড়িয়েছিল—পায়ের ধুলো নেওয়ার জন্তে তাদের মধ্যে কাড়াকাড়ি পড়ে গেল। আমি এগিয়েও গেলাম না, পায়ের ধুলোও নিলাম না। জ্যাঠাইমা গুরুদেবের পা নিজের হাতে ধুইয়ে আঁচল দিয়ে মুছিয়ে দিলেন, খুড়ীমারা বাতাস করতে লাগলেন—ছেলে-মেয়েরা তাঁকে ঘিরে দাঁড়িয়ে রইল, তিনি মেজ-খুড়ীমাকে জিজ্ঞেস করলেন—বোমা, ছেলের তোতলামিটা সেরেচে ? মেজখুড়ীমাকে বললেন—গোষ্ঠ (মেজকাঁকার নাম) আজকাল কি বাদার কাছারী থেকে গরমের সময় একদম আসে না ?...কতদিন আগে এসেছিল বললে ?

বাড়ির ছেলেমেয়েদের একে ওকে ডেকে মাথার হাত বুলিয়ে আদর করলেন, দু'একটা কথা জিজ্ঞেসও করলেন—কিন্তু দাদা যে অত বড় ভারী মোট বয়ে আনলে স্টেশন থেকে, সে-ও

সেইখানে দাঁড়িয়ে—তাকে একটা মিষ্টি কথাও বললেন না। আমার রাগ হ'ল, তিনি কি ভেবেচেন দাদা বাড়ির চাকর? তাও ভাবা অসম্ভব এই জন্তে যে, ওখানে যতগুলো ছেলেমেয়ে দাঁড়িয়ে ভিড় ক'রে আছে, তাদের মধ্যে দাদার রূপ সকলের আগে চোখকে আকৃষ্ট করে—এ গায়ে দাদার মত রূপবান বালক নেই, শুধু এ বাড়ি তো দূরের কথা। আশা করে দাঁড়িয়ে আছে, একটা ভাল কথাও তো বলতে হয় তার সঙ্গে?

গুরুদেবের জন্তে বিকেলে বাড়িতে কত কি খাবার তৈরি হ'ল—মেজখুড়ীমা, সতুর মা, জ্যাঠাইমা—সবাই মিলে ক্ষীরের, নারিকেলের, ছানার কি সব গড়লেন। মাকে এ-সব কাজে ডাক পড়ে না, কিন্তু দেখে একটু অবাধ হ'লাম সতুর মাকে গুঁরা এতে ডেকেচেন! মা আর সতুর মার ওপর যত উচ্চ কাজের ভার এ বাড়ির। সতুর মার অদৃষ্ট ভাল হয়েছে দেখচি।

গুরুদেব সন্ধ্যা-আফিক সেরে বাইরে এলে তাঁকে যখন খাবার দেওয়া হ'ল তখন সেখানে বাড়ির ছেলেমেয়ে সবাই ছিল—আমরাও ছিলাম। কিন্তু হিরণদিদি ও মেজকাাকীমা সকলকে সেখান থেকে তাড়িয়ে দিলেন। গুরুদেব বললেন—কেন ওদের যেতে বলচ বৌমা, থাক না, ছেলেপিলেরা গোলমাল করেই থাকে—

গুরুদেব তিন-চারদিন রইলেন। তাঁর জন্তে সকালে বিকালে নিত্যানুতন কি খাওয়া-দাওয়ার ব্যবস্থাই যে হ'ল! পিঠে, পায়স, সন্দেশ, ছানার পায়স, ক্ষীরের ছাঁচ, চন্দ্রপুলি, লুচি—তিনি তো খেতে পারতেন না—আমরা বাদে বাড়ির অন্ত ছেলেমেয়েরা তাঁর পাতের প্রসাদ পেত। তিনি জলখাবার খেয়ে উঠলে তাঁর রেকাবিতে বা থালায় যা পড়ে থাকত, কাকীমারা ডেকে ছেলেমেয়েদের দিতেন—আমরা সেখানে থাকতাম না—কারণ প্রথম দিকে ছেলেমেয়েরা সেখানে থাকলে কাকীমা বকতেন—তার পর গুরুদেবের খাওয়া হয়ে গেলে যখন তাদের ডাক পড়ত, তখন বাড়ির ছেলেরা কাছে কাছেই থাকতো ব'লে তারা ই যেত—আমি কারুর পাতের জিনিস খেতে পারিনি, এই জন্তে আমি যেতাম না। গুঁরা ডেকেও কোনো খাবার জিনিস আমাদের কোনো দিন দিলেন না—কিন্তু মনে মনে আমি হতাশ হলাম—আমি একেবারে যে আশা করিনি তা নয়, ভেবেছিলাম গুরুদেব এলে আমরা সবাই ভাল খাওয়ার ভাগ পাব কিছু কিছু।

সন্ধ্যাবেলা। বেশ শীত পড়েচে। গুরুদেব আমলকীতলায় কাঠের জলচৌকিতে কয়ল পেতে বসে আছেন। পায়ে সবুজ পাড়-বসানো বালাপোশ—ছেলেমেয়েরা সব ঘিরে আছে, যেমন সর্বদাই থাকে; একটু পরে জ্যাঠাইমা, মেজকাাকীমা, সতুর মা, হিরণদিদি এলেন।

গুরুদেবের খুব কাছে আমি কোনো দিন যাইনি—আমি গোয়ালঘরের কাছে দাঁড়িয়ে আছি, ছেলেমেয়েরা গল্প শুনচে গুরুদেবের কাছে, আমার কিন্তু গল্পের দিকে মন নেই, আমার জানবার জন্তে ভয়ানক কৌতূহল যে গুরুদেব কি ধরনের লোক, তাঁর অত খাতির, যত্ন, আদর এরা কেন করে, তাঁর পায়ে জ্যাঠাইমা ও জ্যাঠামশায় পুষ্পাঞ্জলি দেনই বা কেন, তাঁর ফটো বাঁধিয়েই বা ঘরে রাখা আছে কেন? এসবের দরুন গুরুদেব সশব্দে আমার মনে এমন একটা অদ্ভুত আগ্রহ ও কৌতূহল জন্মে গিয়েচে যে, তিনি বেধানেই থাকুন, আমি কাছে কাছে আছি সর্বদাই—অথচ খুব নিকটে যাইনে!

গুরুদেব মুখে মুখে ধর্মের কথা বলতে লাগলেন। আমি আর একটু এগিয়ে গেলাম ভাল ক'রে শোনবার জন্তে। এ-সব কথা শুনতে আমার বড় ভাল লাগে।

একবার কি একটা যোগ উপস্থিত—গঙ্গান্নানে মহাপুণ্য, সকল পাপ ক্ষয় হয়ে যাবে, স্নান করলেই মুক্তি। পার্বতী শিবকে বললেন—আচ্ছা প্রভু, আজ এই বে লক্ষ লক্ষ লোক কালীতে

জান করবে, সকলেই মুক্তি পাবে? শিব বললেন, তা নয় পার্কীতী। চলো তোমায় দেখাব।
 • দুজনে কাশীতে এলেন মণিকর্ণিকার ঘাটে। শিব বৃদ্ধ ব্রাহ্মণের শব সেজে ঘাটের ধারে পড়ে রইলেন। পার্কীতী তাঁর স্ত্রী সেজে পাশে বসে কাঁদতে লাগলেন। যারা এল, তাদের বললেন আমার বৃদ্ধ স্বামী মারা গিয়েছেন, এর সৎকার করার ব্যবস্থা আপনারা করুন। কিন্তু একটা মুশকিল আছে, শব যিনি স্পর্শ করবেন, তাঁর সম্পূর্ণ নিম্পাপ হওয়া চাই, নইলে শব-স্পর্শেই মৃত্যু ঘটবে।

এ-কথা শুনে সাহস করে কেউ এগোয় না। সবাই ভাবে পাপ তো কতই করেছি। প্রাণ দিতে যাবে কে? সারাদিন কাটলো। সন্ধ্যা নামে-নামে। একজন চণ্ডাল ঘাটের ধারে অশ্রুমুখী ব্রাহ্মণপত্নীকে দেখে কি হয়েছেে জিজ্ঞাসা করলে। পার্কীতী সকলকে যা বলে এসেছেন তাকেও তাই বললেন। চণ্ডাল শুনে ভেবে বললে—তার জন্ত ভাবনা কি মা? আজ গঙ্গা-স্নান করলে তো নিম্পাপ হবোই, এত বড় যোগ যখন, এ জন্ম তো দুরের কথা শত জন্মের পাপ ক্ষম হয়ে যাবে পাজিতে লিখেচে। তা দাঁড়ান, আমি ডুবটা দিয়ে আসি এবং একটু পরেই ডুব দিয়ে উঠে এসে বললে—মা ধরুন ওদিক, আমি পায়ের দিকটা ধরচি—চলুন নিয়ে যাই।

শিব নিজমুক্তি ধারণ করে চণ্ডালকে বর দিলেন। পার্কীতীকে বললেন—পার্কীতী দেখলে? এই লক্ষ লক্ষ লোকের মধ্যে এই লোকটি মাত্র আজকার যোগের ফল লাভ করবে। মুক্তি যদি কেউ পায় এই চণ্ডালই পাবে।

গল্পটা আমার ভারি ভাল লাগল। সে-দিনকার চৈতন্যচরিতামৃত পড়া সেই কথাটা মনে পড়ল—জ্যাঠাইমাকে বলেছিলাম, জ্যাঠাইমা বিশ্বাস করেন নি। ঠুঁদের শাস্ত্রের কথাতেই ঠুঁর বিশ্বাস নেই। অথচ মুখে হিঁদুয়ানি তো খুব দেখান! আর আমাকে, মাকে, সীতাকে, দাদাকে বলেন খ্রিস্টান।

আজকার গুরুদেবের এই গল্পটা কি জ্যাঠাইমা কাকীমারা বুঝতে পারলেন? চণ্ডালের ওপর আমার ভক্তি হ'ল। আমি যেন মনে মনে কাশী চলে গিয়েছি, আমি যেন মণিকর্ণিকার ঘাটে বৃদ্ধ ব্রাহ্মণবেশী শিব ও ক্রন্দনরতা পার্কীতীকে প্রত্যক্ষ করেছি।

ও-বছর বড়দিনের সময় মিশনারী মেমেরা আমাদের রঙীন কার্ড দিয়েছিল, ছোট একখানা ছবিওয়লা বই দিয়েছিল। তাতে একটি কথা সোনার জলে বড় বড় করে লেখা আছে মনে পড়ল—তাহারা ধন্য যাহারা পরীক্ষার উত্তীর্ণ হইয়াছে। কারণ তাহারা জীবনমুকুট প্রাপ্ত হইবে।

তার পরদিন সন্ধ্যাবেলাতেও গুরুদেব আমলকীতলায় আসন পেতে বসে গল্প বলছিলেন ছেলেমেয়েদের। একবার উঠে আফিক করতে গেলেন, আবার এসে বসলেন। মেয়েরাও এলেন।

কথা বলতে বলতে হঠাৎ আমার দিকে আঙুল দিয়ে বললেন—ও ছেলেটি কে? রোজ রোজ দেখি দাঁড়িয়ে থাকে। এস, এস বাবা, এদিকে এস।

প্রথমটা আমার বড় লজ্জা হ'ল কিন্তু কেমন একটা আনন্দও হ'ল। একটু এগিয়ে গেলাম। জ্যাঠাইমা বললেন—ও আমার এক খুড়তুতো দেওয়ার ছেলে। ওরা এখানে থাকতো না, চা-বাগানে ওর বাবা কাজ করতো। এখানে এসে অসুখ হয়ে মারা গেল; আর তো কেউ নেই, ওয়া এ বাড়িতে থাকে।

গুরুদেব বললেন—এস দেখি বাবা, হাতটা দেখি, সরে এস।

তারপর জ্যাঠাইমাদের দিকে চেয়ে বললেন—খুব লক্ষণযুক্ত ছেলে। এর বয়স কত?

আমায় লক্ষণযুক্ত বলাভে—বিশেষতঃ অত ছেলের মাঝ থেকে—জ্যাঠাইমা কাকীমারা নিশ্চয়ই খুব খুশি হননি। জ্যাঠাইমা প্রমাণ করবার চেষ্টা করলেন আমার বয়স নাকি পনেরো বছর—আমি ঊঁর ছেলে হাবুর চেয়েও দেড় বছরের বড়। আসলে আমার বয়স তেরো—জ্যাঠাইমার বড় ছেলে হাবুকে আমরা হাবুদা বলে ডাকি, সে আমাদের সবার চেয়ে দু-বছরের বড়। স্কুলে তার বয়স লেখানো আছে, তাই ধরে বলছি।

তারপর গুরুদেব আমায় জিজ্ঞেস করলেন—কি পড় বাবা ?

আমি কোন্ ক্লাসে পড়ি বললাম।

ধাতুরূপ কতদূর পড়েচ ? লুঙ, লিট বোঝ ? এই শোনো একটি শ্লোক—

সৌধৈষ্ঠ বেদাংস্ত্রিদশানযষ্ঠ

পিতৃনতাস্পীং সমযশ্চে বন্ধুন্

ব্যজৈষ্ঠ ষড়বর্গমরংস্ত নীতো

সমূলঘাতংস্ত্রুবধীদরীংশ্চ।

হেসে বললেন—কত রকম ধাতুর ব্যবহার দেখেচ ? এ হল ভট্টিকাব্যের শ্লোক।

আমার বেশ ভাল লাগলো, গুরুদেবকেও এবং তাঁর শ্লোককেও। আমি এর আগে সংস্কৃত শ্লোক বেশি শুনিনি। চা-বাগানে কেউ বলতো না। শ্লোকটা আমি মুখস্থ করে নিলাম।

একদিন তিনি বাড়ির পাশের মাঠে শুকনো পাতা দিয়ে আগুন জ্বলেচেন। আমায় দেখে বললেন—এসো জিতু—

আমি বললাম—কি করবেন আগুন জ্বলে ?...

—তামাক পোড়াবো—

আমি বললাম, আমি পুড়িয়ে দিচ্ছি।

গুরুদেব অনেক সংস্কৃত শ্লোক আমাকে শোনালেন। কুবেরের শাপে এক যক্ষ গৃহ থেকে বহুদূরে কোন্ পর্বতে নির্বাসিত হয়েছিল, বাড়ির জন্তে ভেবে ভেবে তার হাতের সোনার বালা ঢল হয়ে গিয়েছিল, তারপর আষাঢ় মাসের প্রথম দিনে সেই পাহাড়ের মাথায় বর্ষার নতুন কালো মেঘ নামল—এই রকম একটা, শ্লোকের মানে। আমি তো সংস্কৃত পড়ি মোটে ঋজুপাঠ, কিন্তু আমাকেই তিনি আগ্রহের সঙ্গে এমনি ভাল ভাল অনেক শ্লোক শোনাতে লাগলেন—যেন আমি কত বুঝি !

এবার মনে হ'ল আমার নিজের কথা যা কাউকে কখনও বলিনি এ পর্য্যন্ত—তাঁর কাছে খুলে বলি, আমার মনের সন্দেহ, আমার ঐসব অদ্ভুত জিনিস দেখার ব্যাপার, জ্যাঠাইমাদের সঙ্গে আচার-ব্যবহার নিয়ে আমার মত না মেলা,—সকলের ওপর ঠাকুরদেবতা সম্বন্ধে আমার অবিশ্বাস—এসব খুলে ব'লে তিনি কি বলেন শুনি। তাঁর ওপর এমন একটা শ্রদ্ধা ও বিশ্বাস হয়ে গিয়েছিল আমার ! যেন মনে হ'ল ঐর কাছে বললে ইনি সব বুঝিয়ে দিতে পারবেন আমাকে। এত বড় লোক ইনি, এত পণ্ডিত, কত কথা জানেন।

কিন্তু সুরবিধে হ'ল না। বলি-বলি করেও বলতে আমার কেমন লজ্জা হ'ল। তিন দিন এমনি কেটে গেল, তারপর তিনি চলে গেলেন।

আমার কিন্তু বলতে পারলেই ভাল হ'ত। একজন ভাল লোককে আমার সব কথা বলা দরকার। অথচ এখানে তেমন কোন লোককে আমি বিশ্বাস করিনে—কাকুর ওপর আমার ভক্তি হয় না।

আমি আজকাল নির্ভঙ্কনে বসলেই অদ্ভুত সব জিনিস দেখি। যখন তখন, তার সময় নেই

অসময় নেই, রাত নেই দিন নেই। এই তো সেদিন বসে আছি জ্যাঠাইমাদের পুঙ্খপাঠের বাগানে একলাটি—হঠাৎ দেখি পুকুরপাড়ের আমগাছগুলোর ওপরকার নীল আকাশে একটা মন্দিরের চূড়া—প্রকাণ্ড মন্দির, রোদ লেগে ঝকঝক করচে—সোনা না কি দিয়ে বাঁধানো যেন। মন্দিরের চারিপাশে বাগান, চমৎকার গাছপালা, ফুল ফুটে আছে, অপূর্ব দেখতে—ঠিক যেন আমাদের সোনাদা চা-বাগানের ধারে বনের গাছের ডালে ডালে ফোটা নীল অর্কিডের ফুল! আর একদিন দেখেছিলাম ঠিক ওই জায়গায় বসেই আকাশ বেয়ে সন্ধ্যার সময় তিনটি সুন্দরী মেয়ে, পরনে যেন স্বৈতচমরীর লোমে বোনা সাদা চকচকে লুট্টে-পড়া কাপড়—তারা উড়ে যাচ্ছে এক সারিতে, বোধ হয় পুরো পাঁচ মিনিট ধরে তাদের দেখেছি। তারপর রোদ চক্‌চক করতে লাগল, আর তাদের স্পষ্ট দেখা গেল না—ওপরের দিকে যেতে যেতে মিলিয়ে গেল। এরকম নতুন নয়, কতবার দেখেছি, প্রায়ই দেখি, দু-পাঁচদিন অন্তর দেখি, দেখে দেখে আমার সয়ে গিয়েচে, আগের মত ভয় হয় না। কিন্তু এক-একবার ভাবি, এ আমার এক রকম রোগ—না চোখ খারাপ হয়ে গিয়েচে, না কি?

আমার কারুর সঙ্গে নিশতে সাহস হয় না এইজন্তে যে, হয়ত কোন্ সময় আবার অস্ত্র ভাব এসে যাবে, আর কে সঙ্গে থাকবে সে আমায় ভাববে পাগল। হয়ত হাসবে, হয়ত লোককে বলে দেবে। এমনও এ-বাড়িতে জ্যাঠাইমা, কাকীমা, কাকা, এঁরা আমায় পাগলই ভাবেন। কি করবো। আমি যা দেখি, ওঁরা তা দেখতে পান না, এই আমার অপরাধ। একটা উদাহরণ দিই—

ফাল্গুন মাসে ছোটকাকার মেয়ে পানী অসুখে পড়ল। একদিন দু'দিন গেল, অসুখ আর সারে না। জ্বর লেগেই আছে। সাতদিন কেটে গেল—জ্বর একই ভাব। দশ দিনের দিন অসুখ এমন বাড়ল, নৈহাটি থেকে বড় ডাক্তার আনবার কথা হ'ল।

পানীকে আমার এ-বাড়ির ছেলেমেয়েদের মধ্যে ভাল লাগে। তার বয়স বছর সাত-আট, কাঁকড়া চুল মাথায়, চোখ কটা, সাহেবদের ছেলেমেয়েদের মত। এ-বাড়ির ছেলেমেয়েদের মুখে যেমন খারাপ কথা আর গালাগালি লেগেই আছে—পানীর কিন্তু তা নয়। তার একটা কারণ, সে এতদিন আমার বাড়িতে তার দিদিমার কাছে ছিল, গঙ্গার ওপারে ভদ্রেখরে। সে বেশ মেয়ে, বেশ গান করতে পারে, প্রাণে তার দয়ামায়া আছে। পানীর অসুখ হয়ে পর্যন্ত আমার মন খারাপ হয়ে গিয়েছিল—আমার ইচ্ছে হয়েছিল ওর কাছে গিয়ে ব'সে গায়ে হাত বুলিয়ে দিই—কিন্তু কাকীমা তো আমায় বিছানা ছুঁতে দেবে না, সেই ভয়ে পারতাম না।

পানীর তখন সতেরো দিন জ্বর চলছে—বুড়ো গোবিন্দ ডাক্তার ঘোড়ার গাড়ি ক'রে স্টেশন থেকে এল—দালানে বসে মশলার কোটো বের ক'রে মশলা খেলে, ভাজা মশলার গন্ধে দালান ভূর ভূর করতে লাগল—চা ক'রে দেওয়া হ'ল, চা খেলে, তার পর ওষুধ লিখে দিয়ে ভিজিটের টাকা মেজ্জাকাকার হাত থেকে নিলে না দেখেই পকেটে পুরলে—তার পর রোগীকে বার বার গরম জল খাওয়ানোর কথা বলে গাড়ি ক'রে চলে গেল।

একটু একটু অন্ধকার হয়েচে কিন্তু এখনও বাড়িতে সন্ধ্যার শাঁখ বাজেনি, কি আলো জ্বালা হয়নি—হয়ত ডাক্তার আসবার জন্তে সকলে ব্যস্ত ছিল বলেই। আমি রোগীর ঘরে দোরের কাছে গিয়ে দাঁড়ালাম, কিন্তু পানীর বিছানায়—পানীর শিররে যে বসে আছে তাকে চিনতে পারলাম না। লালপাড় শাড়ী পরনে আধঘোমটা দেওয়া কে একজন, জ্যাঠাইমার মত দেখতে বটে কিন্তু জ্যাঠাইমা তো নয়! ঘরের মধ্যে আর কেউ নেই—এইমাত্র কাকীমা বাইরে গেছেন ডাক্তারে কি বলে গেল তাই জানতে ছোটকাকার কাছে। আমি ভাবচি লোকটা কে, এমন

সময় তিনি মুখ তুলে আমার দিকে চেয়ে বললেন—জিভু, নির্খলাকে বোলো পানীকে আমি নিয়ে যাব, আমি ওকে কেলে থাকতে পারবো না—ও আমার কাছে ভাল থাকবে, নির্খলা যেন হুঃখ না করে। আমি আশ্চর্য্য হয়ে গেলাম—কে নির্খলা আমি চিনি নে, যিনি বলচেন তিনিই বা কে, কোথা থেকে এসেচেন, কই এ বাড়িতে তো কোনদিন দেখিনি তাঁকে, পানীকে তিনি এই অসুস্থ শরীরে কোথায় নিয়ে যাবেন, এসব কথা ভাববার আগেই ছোটকাকীমা ঘরে ঢুকলেন—কিন্তু আরও আশ্চর্য্যের বিষয় এই যে বিছানার পাশে যিনি বসে আছেন, ছোটকাকীমা যে তাঁকে দেখতে পাচ্ছেন, এমন কোনো ভাব দেখলুম না।

বিছানায় যিনি বসে ছিলেন তিনি আমার বললেন—জিভু, নির্খলাকে বল এইবার—আমি চলে যাচ্ছি।

আমি কিছু না ভেবে কলের পুতুলের মত চেয়ে বললাম—নির্খলা কে ?

ছোট কাকীমা আমার দিকে কটমট ক'রে চেয়ে বললে—কেন, সে খোঁজে কি দরকার ? তিনি ভাবলেন আমি বুঝি তাঁকেই জিজ্ঞেস করছি। অল্প মহিলাটি বিছানা থেকে নেমে ওদিকের দরজা দিয়ে বার হয়ে চ'লে গেলেন, যাবার সময় আমাকে বললেন—এই তো নির্খলা ঘরে এসেচে।

আমি বললাম—আপনি কেন বলুন না নিজের ?

ততক্ষণ তিনি বার হয়ে চলে গিয়েছেন।

ছোটকাকীমা আমার দিকে অবাক হয়ে চেয়ে আছেন। বললেন—কি বকচিস পাগলের মত ? ওদিকে চেয়ে কার সঙ্গে কথা বলচিস ? নির্খলা কে সে খোঁজে তোমার কি দরকার শুনি ?

জ্যাঠাইমা ঘরে ঢুকলেন সেই সময়ই। তিনি বললেন, কি হয়েছে, কি বলচে ও ?

ছোটকাকীমা বললেন—আপন মনে কি বকচে ঝাখো না দিদি—ও ঘর থেকে চলে যাক। আমার ভয় করে, ও ছেলের মাথার ঠিক নেই—আমার নাম ক'রে কি বলচে।

জ্যাঠাইমা বললেন—কি বলছিল কাকীমার নাম করে ?

আমার বিশ্বয় তখনো কাটেনি—আমি তখন কেমন হয়ে গিয়েছি। ছোটকাকীমার নাম যে নির্খলা আমি তা কখনও শুনিনি—ঐ মেয়েটি যে চলে গেল, আমার সঙ্গে কথা বলে গেল—ছোটকাকীমা তাঁকে দেখতে পেলেন না, তাঁর কথাও শুনেতে পেলেন না এই বা কেমন ! জ্যাঠাইমার কথার কোনো জবাব আমার মুখ দিয়ে বেরুলো না, আমার মাথা ঘুরে উঠল। তারপর কি যে ঘটল আমি তা জানি না।

জ্ঞান হলে দেখি মা আমার মাথা কোলে নিয়ে বসে কাঁদছেন। আমি দালানেই শুয়ে আছি। চারিপাশে বাড়ির অনেক মেয়ে জড় হয়েছে, সবাই বললে আমার মূগীরোগ আছে। ভাবলাম হয়ত হবে, একেই বোধ হয় মূগীরোগ বলে। আমার বড় ভয় হ'ল, বাবা মারা গিয়েচেন পাগল হয়ে, এ-বাড়ির অনেকের মুখে শুনেছি আমরাও পাগল হ'তে পারি। তার মধ্যে আমার নাকি পাগলের লক্ষণ আছে অনেক।

সে-সন্ধ্যার কথা কখনও ভুলব না। জীবনে এত ভয় আমার কোনদিন হয়নি—এই ভেবে ভয় হ'ল যে আমার সত্যিই কোন কঠিন রোগ হয়েছে। কিন্তু কাউকে বলবার উপায় নেই রোগটা কি। মূগীরোগই হয়ত হয়েছে, নয়তো বাবার মত পাগলই হয়ে যাব হয়ত—না, কি হবে !

যে রাত্রে বাবা পাগল হয়ে গিয়ে বালিশের তুলো ছিঁড়ে ঘরঘর ছড়িয়ে দিলেন, কেরোসিনের

টেমির মিটিমিটে অস্পষ্ট আলোয় রাতভূপরে তাঁর সেই অদ্ভুত সারা গায়ের, মুখে, মাথায় তুলোমাথা মূর্তি বার বার মনে আসতে লাগল—আমার মনে সে-রাত্রি, সে-মূর্তি চিরদিনের জন্ত আঁকা হয়ে আছে। ঐ রকম কি আমারও হবে!

মাকে আঁকড়ে ধরে শুয়ে রইলাম সারারাত। মনে মনে কতবার আকুল আগ্রহে প্রার্থনা করলাম—প্রভু যীশু, তুমি দেবতা, তুমি আমার এ রোগ সারিয়ে দাও, আমায় পাগল হ'তে দিও না। আমায় বাঁচাও।

সকালে একটু বেলায় রোদ উঠলে পানী মারা গেল।

জ্যাঠাইমা সকালে উঠে বৌদের কুটনো কুটবার উপদেশ দেবেন, কি কি রান্না হবে তা ঠিক ক'রে দেবেন—এ বাড়িতে ভাগ্নে-বৌ ছাড়া কেউ গাই ছুইতে পারে না—এদিকের কাজ সেরে জ্যাঠাইমা তাকে সঙ্গে নিয়ে গোয়ালে নিজের চোখের সামনে দুধ দোয়াবেন—সীতা বলে, পাছে ভাগ্নে-বৌ নিজের ছেলেমেয়েদের জন্তে কিছু সরিয়ে রাখে বোধ হয় এই ভয়ে। তারপর তিনি স্নান ক'রে গরদের কাপড় প'রে ঠাকুরঘরে ঢুকবেন—সেখানে আঁহিক চলবে বেলা এগারোটা পর্য্যন্ত, সে-সময়ে ঠাকুরঘরের দোরে কারুর গিয়ে উঁকি দেবার পর্য্যন্ত হুকুম নেই। সবাই বলে জ্যাঠাইমা বড় পুণ্যবতী। পুণ্যবতীই তো! একদিন যে-ছবি দেখেছিলাম, তুলিনি কোনদিন। জ্যাঠাইমা ঠাকুরঘর থেকে বার হয়ে এসে বারান্দায় দাঁড়িয়েচেন, পরনে গরদের শাড়ী, কপালে সিঁহুর, চন্দনের টিপ, টকটকে চেহারা—এমন সময় আমার মা একরাশ বাসি কাপড় নিয়ে গোবরছড়ার বালতি হাতে পুকুরের ঘাটে যাচ্ছেন, পরনের ময়লা কাপড়ের জায়গায় জায়গায় কাদা গোবরের ছাপ, রুক্ষ চুল; বেলা বারোটোর কম নয়; সকাল থেকে মার মুখে এক ফোঁটা জল পড়েনি—

জ্যাঠাইমা ডেকে বললেন—বৌ, রান্নাঘরের ছোট জালার জল কি কাল তুমি তুলেছিলে? আমি না কতবার তোমায় বারণ করেছি ছোট জালায় তুমি জল ঢালবে না? বড় জালায় বেশী না পার তো তিন কলসী ক'রে ঢেলেও তো বেগার শোধ দিলে পার?

ছোট জালার জল জ্যাঠামশায়, জ্যাঠাইমা বা কাকার খান। জ্যাঠাইমার এ কথা বলার উদ্দেশ্য এই যে, মা গুরুমন্ত্র নেননি, মায়ের হাতের জল অতএব শুদ্ধ নয়, সে জল গুঁরা খাবেন কি ক'রে?

সত্যিই তো জ্যাঠাইমা পুণ্যবতী। নইলে তিনি ঠাকুরঘরে পবিত্র দেহে পবিত্র মনে এতক্ষণ জপ-আঁহিক করছিলেন, আর মা মরছিলেন বেলা বারোটা পর্য্যন্ত গোয়াল-আঁস্তুকুড় ঘেঁটে—মা নাস্তিক মাতাল কেরানীর স্ত্রী, তার ওপর আবার মেমের কাছে লেখাপড়া শিখে জাত খুইয়েচেন, কেন গুঁরা জল খেতে যাবেন মার হাতের?

আমার মনে হ'ল ঠাকুরও শুধু বড়মাস্ত্রঘের, পুণ্যিও বড়মাস্ত্রঘের জন্তে—নইলে মায়ের, ভাগ্নেবৌয়ের, ভুবনের মায়ের সময় কোথায় তারা নিশ্চিন্ত মনে, শুচি হয়ে, গরদ প'রে তাঁর পায়ে ফুলতুলসী দেবে?

বোধ হয় এই সব নানা কারণে জ্যাঠাইমাদের বাড়ির গৃহদেবতার প্রতি আমি অনেকটা চেষ্টা করেও কোনো ভক্তি আনতে পারতাম না। এক-একবার ভেবেচি হয়ত সেটা আমারই দোষ, আমার শিক্ষা হয়েছে অন্তভাবে, অন্ত ধর্মাবলম্বী লোকদের মধ্যে, তাদের কাছে যে দয়া মমতা পেয়েছি, আর কোথাও তা পাইনি বলেই। ছেলেবেলা থেকে যীশুখৃষ্টের কথা পড়ে আসছি, তাঁর করুণার কথা শুনেচি, তাঁর কত ছবি দেখেচি। আমার কাছে একখানা ছবি

আছে খুঁটের, মেমেরা বড়দিনের সময় আমায় দিয়েছিল—বকের পালকের মত ধবধবে সাদা দীর্ঘ তিল আলখাল্লা-পরা ধীশু হাসি-হাসি মুখে দাঁড়িয়ে—চারিধারে তাঁর ছোট ছোট ছেলে-মেয়েরা ভিড় করেছে, একটি ক্ষুদ্র শিশু তাঁর পা ধরে উঠে দাঁড়াতে চেষ্টা করছে, আর তিনি তাকে ধরে তুলতে যাচ্ছেন নিচু হয়ে—মুখে কি অপূর্ব জ্যোতি, কি সুন্দর চাউনি—আমি এ ছবিখানা বইয়ের ভেতর রেখে দিই, রোজ একবার দেখি—এত ভালো লাগে !

কিন্তু ধীশুখুঁটের সম্বন্ধে কোনো ভাল বই পাইনে—আমার আরও জানবার ইচ্ছে হয় তাঁর কথা—মাকে যে মেমেরা পড়া চা-বাগানে, তারা একখানা মধি-লিখিত স্মসমাচার ও খান-কতক ছাপানো কাগজ বিলি করেছিল, সেইগুলো কতবার পড়া হয়ে গিয়েছে, তা ছাড়া আর কোনো বই নেই। এখানে এসে পর্যাস্ত আর কোনো নতুন বই আমার চোখে পড়েনি।

আমাদের স্কুলে একটা ছেলে নতুন এসে ভর্তি হয়েছে আমাদেরই ক্লাসে। শ্ৰীর নাম বনমালী, জাতে সদগোপ, রঙ খুব কালো, কিন্তু মুখের চেহারা বেশ, বয়সে আমার চেয়ে কিছু বড়। সে অবস্থাপন্ন ঘরের ছেলে, এখানে একটা ঘর ভাড়া করে থাকে, বামনে রাঁধে। অনেক দূরের পাড়াগায়ে তার বাড়ি, সেখানে লেখাপড়া শেখার কোনো সুবিধে নেই, তাই ওকে ওর বাপ-মা এই গাঁয়ে পাঠিয়েছে। কিন্তু লেখাপড়ার দিকে বনমালীর মন নেই, সে বাসার উঠোনে এক তুলসীচারার পুঁতে বাঁধিয়েছে, দিনরাত জপ করে, একবেলা খায় মাছমাংস ছোঁয় না, শ্রীকৃষ্ণ নাম তার সামনে উচ্চারণ করার জো নেই, তা হ'লেই তার চোখ দিয়ে জল পড়বে। রাত্রে জপের ব্যাঘাত হয় ব'লে বিকেলবেলা স্কুল থেকে গিয়ে খেয়েদেয়ে নিশ্চিন্ত হয়ে বামন ঠাকুরকে ছুটি দেয়—তার পর ব'সে ব'সে অনেক রাত পর্যাস্ত জপ করে, হরিনাম করে। সে সময় কেউ কাছে গেলে সে ভারি চটে। অদ্ভুত ধরনের ছেলে ব'লে তাকে সকলে ভারি খেপায়—স্কুলের ছেলেরা তার সামনে 'কিষ্ট' 'কিষ্ট' বলে চেঁচায় তার চোখে জল বেরায় কি না দেখবার জন্তে, ওই নিয়ে মাস্টারেরা পর্যাস্ত খিঁচুনি দিতে বাকী রাখে না। সেদিন তো এ্যালজেক্সারর আঁক না পারার দরুন আমাদের সামনে সেকেও মাস্টার ওকে বললে—তুমি তো শুনিচি কেষ্ট নাম শুনলে কেঁদে ফেল—তা যাও, পয়সা আছে বাপের, মঠ বানাও, মচ্ছব দেও, লেখাপড়া করবার শখ কেন? এ-সব তোমার হবে না বাপু।

আমি একদিন বনমালীর কাছে সন্ধ্যার সময় গিয়েছি। ও তখন একটা টুলের ওপর ব'সে একমনে দেওয়ালের দিকে চেয়ে বোধ হয় জপ করছে—আমায় দেখে উঠে দোর খুলে দিলে, হেসে বসতে বললে। ওকে অদ্ভুত মনে হয়, সেজন্তেই দেখা করতে গিয়েছিলাম যে তা নয়—আমার মনে হয়েছিল ও ষে-রকম ছেলে, ও বোধ হয় আমার নিজের ব্যাপারগুলোর একটা মীমাংসা ক'রে দিতে পারবে। তা ছাড়া ওকে আমার ভাল লাগে খুব, ওকে ভাল মানুষ পেয়ে সবাই খেপায়, অথচ ও প্রতিবাদ করে না, অনেক সময় বোঝে না যে তারা খেপাচ্ছে, এতে আমার বড় মায়ার হয় ওর ওপর।

বনমালীকে জিজ্ঞেস করলাম সে কিছু দেখে কিনা। সে আমার কথা বুঝতে পারলে না, বলল—কি দেখবো?

তাকে বুঝিয়ে বললাম। না,—সে কিছু দেখে না।

তারপর একটা অদ্ভুত ঘটনা ঘটল। ঘরে একখানা ছবি ছিল, আমি সেদিকে আঙুল দিয়ে দেখিয়ে বললাম—ওখানা কি তোমার ঠাকুরের ছবি?

বনমালীর গলার সুর বদলে গেল, চোখের চাউনি অল্প রকম হয়ে গেল। সে বললে—ঠিক বলেচ ভাই, আমার ঠাকুরের ছবি, চমৎকার কথা বলেচ ভাই—ওই তো আমার সব,

আমার ঠাকুর শুধু কেন, তোমার ঠাকুর সবারই ঠাকুর—

বলতে বলতে দর দর করে তার চোখে জল পড়তে লাগল।

আমি অবাক হয়ে গেলাম। কিন্তু একটু পরে বনমালীর কান্নার বেগ থামলে গর্কের সুরে বললাম—খুব গোপনীয় কথা বললাম ওকে—কারও কাছে এ পর্যন্ত মুখ ফুটে কথাটা বলিনি। বললাম—আমার ঠাকুর অল্প কেউ নয়, আমার ঠাকুর যীশুখ্রীষ্ট—আমার কাছেও ছবি আছে—

বনমালী হাঁ করে আমার দিকে চেয়ে রইল—তারপর অপ্রতিভভাবে বললে—ও তোমরা খৃষ্টান ?

আমি চুপ করে রইলাম।

বনমালী ভেবে বললে—তঁার কাছে সব সমান—

আমি বললাম—কার কাছে ?

—শ্রীহরির কাছে ভাই, আবার কার কাছে ? তঁার কাছে কি আর হিন্দু, মোছলমান, খৃষ্টান আছে ? তিনি যে পতিতপাবন—অধমের ঠাকুর—

আমার মনে ব্যথা লাগল এই ভেবে, বনমালী আমাকে অধম মনে করেছে। যীশুখ্রীষ্টকে ও ছোট করতে চায়। আমি বললাম—যীশুর কাছেও সব সমান। পাপীদের জন্তে তিনি প্রাণ দিয়েছিলেন—জান ? মথিলিখিত স্মসমাচারে লিখেছে, যে তাহাতে বিশ্বাস করে সে অনন্ত জীবন—

মথি-লিখিত স্মসমাচারের বাইরে আমার আর কিছু জানা নেই। বনমালী কিন্তু সংস্কৃতে শ্রীকৃষ্ণের ধ্যান আবৃত্তি করে আমায় শ্রীকৃষ্ণের রূপ বুকিয়ে দিলে—আরও অনেক কথা বললে। আমি দু-তিন দিন তার কাছে গেলাম, তার ঠাকুর সম্বন্ধে শুনবার জন্তে। জ্যাঠাইমাদের বাড়ির সকলের চেয়ে ও বেশী জানে ওদের ধর্ম সম্বন্ধে—এ আমার মনে হ'ল। কিন্তু বনমালী আমার খ্রীষ্টভক্তি ভাল চোখে দেখলে না, বললে—হিন্দু হয়ে ভাই এ তোমার ভারি অভূত কাণ্ড যে তুমি অপরের দেবতাকে ভক্তি করে। গীতায় বলেছে, স্বর্গের নিধনঃ শ্রেয়ঃ পরধর্মো ভয়াবহঃ—অর্থাৎ নিজের ধর্মে—

আমি তাকে বুকিয়ে বললাম, হিন্দু আমি কখনই না। আমরা যেখানে যে-অবস্থায় মানুষ হয়েছি সেখানে হিন্দুধর্মের কথা কিছু শুনিনি কোনো দিন ; কেউ বলত না। যা বলত, তাই শুনছি, তাই বিশ্বাস করেছি—তা মনে লেগেছে। এতে আমার কি কোনো দোষ হয়েছে ভাই ?

সেদিন সন্ধ্যার সময় আমাদের দালানে আমি বসে পড়ছি, এমন সময় কার পায়ের শব্দ শুনে চেয়ে দেখে আশ্চর্য হয়ে গেলাম—ছোটকাকীমা দাঁড়িয়ে ! ছোটকাকীমা বড়মাছুষের মেয়ে, তিনি তো কন্ঠিন্কালাে আমাদের ভাঙা দালানে পা দেননি—বিশেষ করে আমাদের দু-চোখে তিনি দেখতে পারেন না কোনো কালে—বরং মেজকাকীমা সময়ে অসময়ে নরম হন, ছোট কাকীমার মুখে মিষ্টি কথা কোনো দিন শুনিনি। আমাদের ঘরে আর কেউ নেই—দাদা এখনও ফেরেনি—দীতা ও মা জ্যাঠাইমাদের অন্তরে। আমি দাঁড়িয়ে উঠে খতমত বেয়ে বললাম—কি কাকীমা ?

ছোটকাকীমা এদিক-ওদিক চেয়ে নীচু সুরে বললেন—তোমার সঙ্গে কথা আছে জিতু।

আমি বললাম—কি বলুন ?

কাকীমা বললেন—পানী যে-রাতে মারা যায়, সেদিন তুই আমার কি বলছিলি মনে আছে ?

আমার ভয় হ'ল,—বললাম—না, কাকীমা ।

ছোটকাকীমা হঠাৎ আমার হাত ছুঁতে তাঁর হুঁহাতের মধ্যে নিয়ে বললেন—বল বাবা জিতু, সেদিন তোর কথা সবাই উড়িয়ে দিয়েছিল, আমি কিন্তু তারপর সব বুঝেছিলাম, কাউকে বলিনি । পানী ছেড়ে গিয়ে আমার পাগল ক'রে রেখে গিয়েচে—তুই বল জিতু । আমার মাকে তুই দেখেছিলি সে-রাত্রে, তিনি পানীকে ভালবাসতেন, তাই নিতে এসেছিলেন—মরে গিয়েও তাঁর পানীর কথা—

আমি জানতাম না যে পানীর দিদিমা মারা গিয়েচেন । আমি বিশ্বাসের স্বরে জিজ্ঞেস করলাম—আপনার মা বেঁচে নেই ?

—না, পানী তাঁর কাছ থেকে ফাস্তন মাসে এল, তিনি আষাঢ় মাসে তো মারা গেলেন । তুই পানীকে দেখতে পাস্ জিতু ? তোকে সেদিন সবাই পাগল বললে, কিন্তু আমি তারপর ভেবে দেখলাম তোর কথার একটুও পাগলামি নয়—নব সত্যি । তুই আমার মাকে দেখতে পেয়েছিলি—সত্যি বল না জিতু বাবা, পানীকে দেখিস্ ?

আমার চোখেও জ্বল এল । ছোট কাকীমাকে এত কাতর দেখিনি কখনও—তা ছাড়া পানীকে আমিও বড় ভালবাসতাম এ বাড়ির ছেলেমেয়েদের মধ্যে । বললাম—না কাকীমা, পানীকে আমি কোনো দিন দেখিনি—আপনার পা ছুঁয়ে বলতে পারি—

ছোটকাকীমা আরও কি বলতে যাচ্ছিলেন, মেজকাঁকার গলার স্বর শুনে তিনি পালিয়ে গেলেন । ছোটকাকীমার কথা শুনে আমি কিন্তু আকাশ-পাতাল ভাবতে বসলাম । আমি সেদিন সত্যি সত্যি কাউকে দেখেছিলাম তবে ? সে যেই হোক, পানীর দিদিমাই হোক, মরার হোক বা জীবন্তই হোক ! এটা তা হ'লে আমার রোগ নয় ? আর কেউ তবে দেখে না কেন ?

কিংবা হয়ত ছোটকাকীমা মেয়ের শোকে বুদ্ধি হারিয়েছেন, কি বলচেন না-বলচেন, উনিই জানেন না । ঠাঁর কথার উপর বিশ্বাস কি ?

॥ ৬ ॥

জ্যাঠামশায়দের বাড়ি আরও বছর দুই কেটে গেল এই ভাবেই । যত বছর কেটে যায়, এদের এখানে থাকা আমার পক্ষে তত বেশি কঠিন হয়ে পড়তে লাগল । আমার বয়স বাড়বার সঙ্গে সঙ্গে অনেক জিনিস আমি বুঝতে পারি আজকাল, আগে আগে অত বুঝতাম না । এ বাড়িতে থাকা আমার পক্ষে আরও কঠিন হয়ে উঠেছিল এইজন্তে যে, আমি চেষ্টা করেও জ্যাঠাইমাদের ধর্ম ও আচারের সঙ্গে নিজেকে কিছুতেই খাপ খাওয়াতে পেরে উঠলাম না ।

এরা খুব ঘটা ক'রে যেটা ধর্ম বলে আচরণ করেন, আমার মনের সঙ্গে সেটা তো আদৌ মেলে না—আমি মনে যা বলি, বাইরে তাই করি—কিন্তু ঠাঁর তাতে চটেন । ঠাঁদের ধর্মের যেটা আমার ভাল লাগে—সেটাকে ঠাঁরা ধর্ম বলেন না ।

কিন্তু একটা ব্যাপার হয়েছে এই, আগে ভাবতাম শুধু জ্যাঠাইমাদের বাড়িতেই বৃষ্টি এই রকম, এখন বয়স বাড়বার সঙ্গে বুঝতে পেরেছি—এ গ্রামের অধিকাংশই এই রকম—জ্যাঠাই-

মায়েরা একটু বেশী মাত্র ।

এতেই আমার সন্দেহ হ'ল বোধ হয় আমার মধ্যেই কোনো দোষ আছে, যার ফলে আমি এঁদের শিক্ষা নিতে পারিচি নে। ভাবলাম আমার যে ভাল লাগে না, সে বোধ হয় আমি বুঝতে পারি না বলেই—হয়ত চা-বাগানে থাকার দরুন ওদের ধর্ম আগরা শেখবার সুযোগ পাইনি, যে আবহাওয়ার মধ্যে ছেলেবেলা থেকে মানুষ হয়েচি, সেটাই এখন ভাল লাগে।

ম্যাট্রিক পাস ক'রে শ্রীরামপুর কলেজে ভর্তি হলাম। জ্যাঠামশায়দের গ্রাম আটঘরার নবীন চৌধুরী—যার বড় ছেলে ননী ভাল ফুটবল খেলতে পারে এবং যে প্রায়শ্চিত্তের বাধা-বিল্ল না মেনে বাবার সংস্কারের সময়ে দলবল জুটিয়ে এনেছিল—তারই ভগ্নীপতির বাড়ি অর্থাৎ নবীন চৌধুরীর বড় মেয়ে শৈলবালার স্বশুরবাড়ি শ্রীরামপুরে। ননীর যোগাডযন্ত্রে তাদের স্বশুরবাড়িতে আমার থাকবার ব্যবস্থা হ'ল।

এসে দেখি এদেরও বেশ বড় সংসার, অনেক লোক। শৈলদিদির স্বামীরা ছ'ভাই, তার মধ্যে চার ভাইয়ের বিয়ে হয়েছে, আর একটি আমার বয়েসী, ফার্স্ট ইয়ারেই ভর্তি হ'ল আমার সঙ্গে। সকলের ছোট ভাই স্কুলে পড়ে। শৈলদিদি বাড়ির বড়বোন, আমি তাঁর দেশের লোক, সবাই আমাকে খুব আদরযত্ন করলে। এখানে কিছুদিন থাকবার পরে বুঝলাম যে, সংসারে সবাই জ্যাঠামশায়দের বাড়ির ছাঁচে গড়া নয়। চা-বাগান থেকে এসে বাংলা দেশ সম্বন্ধে যে একটা হীন ধারণা আমার হয়েছিল, সেটা এখানে দু-চার মাস থাকতে থাকতে চলে গেল। আর একটা জিনিস লক্ষ্য করলাম যে এ বাড়ির মেয়েরা কেউ কারও বড় একটা অধীন নয়। কোন একজনকে সকলের ভয় ক'রে চলতে হয় না বা কোন একজনের কথায় সকলকে উঠতে বসতে হয় না।

আমি থাকি বাইরের একটা ঘরে, কিন্তু অল্পদিনেই আমি বাড়ির ছেলে হয়ে পড়লাম। শৈলদিদি খুব ভাল, আমাকে ভাইয়ের মত দেখে। কিন্তু এতবড় সংসারের কাজকর্ম নিয়ে সে বড় ব্যস্ত থাকে—সব সময় দেখাশুনো করতে পারে না। শৈলদিদির বয়স আমার মেজকাকী-মার চেয়ে কিছু ছোট হবে—তিন-চারটি ছেলেমেয়ের মা। আটঘরায় থাকতে খুব বেশী আলাপ ছিল না, দু-একবার জ্যাঠামশায়দের বাড়ি বেড়াতে গিয়ে মায়ের সঙ্গে আলাপ করে এসেছিল, তারপর ননী কথাটা পাড়তেই তখনি রাজী হয়ে যায় আমায় এখানে রাখবার সম্বন্ধে। শৈলদিদির স্বামী তার কোনো কথা ফেলতে পারে না।

বাড়ির সকলের সঙ্গে খুব আলাপ হয়ে গেল। বাড়ির মধ্যে সর্বত্র যাই—জ্যাঠামশায়দের বাড়ির মত এটা ছুঁয়ো না, ওটা ছুঁয়ো না—কেউ করে না। সব ঘরে যাই, সব বিছানাতেই বসি—সবাই আদরযত্ন করে, পছন্দ করে। এখন বয়স হয়েছে বুঝতে পেরেচি, আটঘরায় যতটা বাঁধাবাঁধি, এসব শহর-বাজারে অত নেই এদের। কষ্ট হয় মার জন্তে, সীতার জন্তে—তারা এখনও জ্যাঠাইমার কঠিন শাসনের বাঁধনে আবদ্ধ হয়ে ক্রীতদাসীর মত উদয়গাঙ্গ খাটচে। দাদার জন্তেও কষ্ট হয়। সে লেখাপড়া শিখলে না—চাকুরি করবে সংসারের হুঃখ ঘূচাবে বলে—কিন্তু চাকুরি পায় না, ঘুরে ঘুরে বেড়ায়, আজ বারো টাকা মাইনের চাকুরি করে, কাল জবাব হয়ে যায়, আবার খার এক জায়গায় ষোল টাকা মাইনের চাকুরি জোঁটায়। এত সামান্য মাইনেতে বিদেশে খেয়ে পরে কোন মাসে পাঁচ টাকা, কোন মাসে তিন টাকার বেশী মাকে পাঠাতে পারে না, তাতে কি হুঃখ ঘূচবে? অথচ না শিখলে লেখাপড়া, না করতে পারলে কিছু।

কলেজের ছুটির পরে গঙ্গার ধারে একখানা বেঞ্চির ওপর বসে এই সব কথাই ভাবছিলাম।

মাঝে মাঝে ভয়ানক ইচ্ছে হয় আবার একবার চা-বাগানের দিকে যাঐ, আর একবার হিমালয় দেখি। কতকাল রডোডেনড্রন ফুল দেখিনি, পাইন-বন দেখিনি, কাঞ্চনজঙ্ঘা দেখিনি—সে রকম শীত আর পাইনি কোনোদিন,—এদের সবাইকে দেখাতে ইচ্ছে হয় সে দেশ। স্কুলে যখন প্রবন্ধ লিখতে দিত, আমি হিমালয় নিয়ে লিখতাম—আমার লেখা সকলের চেয়ে ভাল হ'ত—কারণ বাল্যের স্বপ্ন-মাথানো সে ওক পাইন বন, বর্গা, তুষারমণ্ডিত কাঞ্চনজঙ্ঘা, কুরাশা, মেঘ আমার কাছে পুরনো হবে না কোনো দিন, তাদের কথা লিখতে গেলে নতুনতর ভাব ও ভাষা কোথা থেকে এসে জোটে, মনে হয় আরও লিখি, এখনও সব বলা হয়নি। লেখা অপরে ভাল বললেও আমার মন তৃপ্ত হ'ত না, মনে হ'ত যা দেখেছি তার অতি ক্ষুদ্র ভগ্নাংশও আঁকতে পারলাম না—অপরে ভাল বললে কি হবে, তারা তো আর দেখেনি ?

ওপারে ব্যারাকপুরে সাদা বাড়িগুলো যেন সবুজের সমুদ্রে ডুবে আছে। ঠিক যেন চা-ঝোপের আড়ালে ম্যানেজার সাহেবের কুঠী—লাল টালির ছাদ থাকলেই একেবারে চা-বাগান। ওই দিকে চেয়েই তো রোজ বিকেলে আমার মনে হয় বাল্যের চা-বাগানের সেই দিনগুলো।

বাড়ি ফিরে গেলাম সন্ধ্যার পরে। চাকরকে ডেকে বললাম, লুলু আলো দিয়ে যা। এমন সময়ে ভবেশ এল। ভবেশ সেকেণ্ড ইয়ারে পড়ে, খুব বুদ্ধিমান ছেলে, স্কলারশিপ নিয়ে পাস করেছে—প্রথম দিনেই কলেজে এর সঙ্গে আলাপ হয়।

ভবেশের দৈনন্দিন কাজ—রোজ এসে আমার কাছে খৃষ্টান ধর্মের নিল্লা করা। আমাকে ও খৃষ্টান ধর্মের কবল থেকে উদ্ধার ক'রে নাকি হিন্দু করবেই। আজও সে আরম্ভ করলে, বাইবেলটা নিতান্ত বাজে, আজগুবি গল্প। খৃষ্টান ইউরোপ এই সেদিনও রক্তে মারা দুনিয়া ভাসিয়ে দিলে গ্রেট ওয়ারে। কিসে তুমি ভুলেচ ? রোজ যাও পিকারিং সাহেবের কাছে ধর্মের উপদেশ নিতে। ওরা তো তোমাকে খৃষ্টান করতে পারলে বাঁচে। তা ছাড়া আজ হিন্দুদের বলবুদ্ধি করা আমাদের সবার কর্তব্য—এটা কি তোমার মনে হয় না ?

আমি বললাম—তুমি ভুল বুঝেছ ভবেশ, তোমাকে এক দিনও বোঝাতে পারলাম না যে আমি খৃষ্টান নই ; খৃষ্টান ধর্ম কি জিনিস আমি জানিনে—জানবার কৌতূহল হয় তাই পিকারিং সাহেবের কাছে জানতে চাই। আমি বীশুখৃষ্টের ভক্ত, তাঁকে আমি মহাপুরুষ বলে মনে করি। তাঁর কথা আমার শুনতে ভাল লাগে। তাঁর জীবন আমাকে মুগ্ধ করে। এতে দোষ কিসের আমি তো বুঝি নে।

—ও বটে ! বুদ্ধ, চৈতন্য, কৃষ্ণ, রামকৃষ্ণ, এঁরা সব ভেঙ্গে গেলেন—বীশুখৃষ্ট হ'ল তোমার দেবতা ! এঁরা কিসে ছোট তোমার বীশুর কাছে জিজ্ঞেস করি ?

—কে বলেছে তাঁরা ছোট ? ছোট কি বড় সে কথা তো উঠছে না এখানে ? আমি তাঁদের কথা বেশী জানি নে। যতটুকু জানি তাতে তাঁদের শ্রদ্ধা করি। কিন্তু এও ত হয় কেউ একজনকে বেশি ভালবাসে আর একজনকে কম ভালবাসে ?

—তুমি যতই বোঝাও জিতেন, আমার ও ভাল লাগে না। দেশের মাটির সঙ্গে যোগ নেই ওর। তোমার মত চমৎকার ছেলে যে কেন বিপথে পা দিলে ভেবে ঠিক করতে পারিনে। তোমার লজ্জা করে না একথা বলতে যে, রামকৃষ্ণ, বুদ্ধ, চৈতন্যের কথা কিছু জান না, তাঁদের কথা জানতে আগ্রহও দেখাও না, অথচ রোজ যাও বীশুখৃষ্টের বিষয় শুনতে ? একশোবার বলবো তুমি বিপথে পা দিয়ে দাঁড়িয়েচ। কই, একদিন গীতা পড়েচ ? অথচ গস্পেল পড়তে যাও পিকারিংয়ের কাছে—তোমাকে বন্ধু বলি তাই কষ্ট হয়, নইলে তুমি উচ্ছন্ন যাও না, আমি

বলতে বাব কেন ?

ভবেশ চলে গেলে অনেক রাত পর্যন্ত কথাটা ভাবলাম। খুঁটকে আমি ভক্তি করি, খুঁটের কথা বলতে ভাল লাগে, শুনতে ভাল লাগে। এতে দোষ আছে কিছু ? মহাপুরুষের কি দেশ-বিদেশ আছে ?

রাত্রে বাড়ির মধ্যে খেতে গিয়ে দেখি আর সকলের খাওয়া হয়ে গিয়েচে। ছোট বউ অর্থাৎ শৈলদিদির ছোট জায়ের রান্নার পালা ছিল এবেলা—তিনি হাঁড়িকুড়ি নিয়ে বসে আছেন। আমি খেতে বসলাম কিন্তু কেমন অস্বস্তি বোধ হ'তে লাগল—শৈলদিদির এই ছোট জাকে আমি কি জানি কেন পছন্দ করিনে। মেজবউ, সেজবউকে যেমন মেজদি, সেজদি ব'লে ডাকি—ছোটবউকে আমি এ পর্যন্ত কোন কিছু ব'লে ডাকিনি। অথচ তিনি আমার সামনে বেরোন বা আমার সঙ্গে কথা বলেন। ছোটবউয়ের বয়স আমার সমান হবে, এই সতেরো আঠারো—আমি যদিও 'আপনি' ব'লে কথা বলি। বাড়ির সব মেয়েরা ও বৌয়েরা জানে যে ছোটবউয়ের সঙ্গে আমার তেমন সম্ভাব নেই। কেন আমি তাকে ছোটদিদি ব'লে ডাকিনে, শৈলদি আমার এ নিয়ে কতবার বলেচে। কিন্তু আমার যা ভাল লাগে না, তা আমি কখনও করিনে।

সেদিন এক ব্যাপার হয়েছে। খেয়ে উঠে অভ্যাসমত পান চেয়েচি—কাউকে বিশেষ ক'রে সম্বোধন ক'রে নয়, যেন দেওয়ালকে বলচি এই ভাবে। ছোটবউ আধ-ঘোমটা দিয়ে এসে পান আমার হাতে দিতে গেলেন—আমার কেমন একটা অস্বস্তি বোধ হ'ল কেন জানিনে, অল্প কারুর বেলা আমার তো এমন অস্বস্তি বোধ হয় না? পান দেবার সময় তাঁর আঙুলটা আমার হাতে সামান্য ঠেকে গেল—আমি ভাড়াভাড়ি হাত টেনে নিলাম। আমার সারা গা কেমন শিউরে উঠল, লজ্জা ও অস্বস্তিতে মনে হ'ল, পান আর কখনও এমনভাবে চাইব না। মেজদি কি শৈলদির কাছে গিয়ে চেয়ে নেবো।

সেইদিন থেকে ছোটবউকে আমি এড়িয়ে চলি।

মাস-কয়েক কেটে গেল। শীত পড়ে গিয়েচে।

আমি দোতলার ছাদে একটা নিরিবিলা জায়গায় রোদে পিঠ দিয়ে বসে জ্যামিতির আঁক কষচি।

সেজদি হাসতে হাসতে ছাদে এসে বললেন—জিতু এস, তোমায় ওরা ডাকচে।

আমি বললুম—কে ডাকচে সেজদি ?

সেজদির মুখ দেখে মনে হ'ল একটা কি মজা আছে। উৎসাহ ও কৌতূহলের সঙ্গে পেছনে পেছনে গেলাম। দোতলার ওদিকের বারান্দাতে সব মেয়েরা জড়ো হয়ে হাসাহাসি করচে। আমার সবাই এসে ঘিরে দাঁড়াল, বললে—এস ঘরের মধ্যে।

তাদের পেছনে ঘরে ঢুকতেই সেজদি বিছানার দিকে আঙুল দেখিয়ে বললেন—ওই লেপটা তোল তো দেখি কেমন বাহাতুরি।

বিছানাটার উপর আগাগোড়া লেপ-ঢাকা কে একজন শুয়ে আছে লেপ মুড়ি দিয়ে। সবাই বললে—তোল তো লেপটা !

আমি হাসিমুখে বললাম—কি বলুন না সেজদি, কি হয়েছে কি ?

ভাবলুম বোধ হয় শৈলদির ছোট দেওর অজয়কে এরা একটা কিছু সাজিয়েচে বা ঐ রকম কিছু। ভাড়াভাড়ি লেপটা টেনে নিয়েই চমকে উঠলাম। লেপের তলার ছোটবোঁঠাকরন,

মুখে হাসি টিপে চোখ বুজে শুয়ে ।

সবাই খিল্ খিল্ করে হেসে উঠল । আমি লজ্জায় লাল হয়ে তাড়াতাড়ি ঘরের বার হয়ে গেলাম । বারে, এ কি কাণ্ড ওদের ? কেন আমার নিয়ে এরকম করা ? তা ছাড়া—ছিং—না, ওকি কাণ্ড ? ছোটবোঁঠাকরুন স্বেচ্ছায় এ ষড়যন্ত্রের মধ্যে আছেন নিশ্চয় । আমার রাগ হ'ল তাঁর ওপরে ।

এর দিন-দুই পরে আমি আমার নিজের ঘরে একা বসে আছি, এমন সময় হঠাৎ ছোটবোঁঠাকরুনকে দোরের কাছে দেখে অবাক হয়ে গেলাম—তিনি আমার ঘরে কখনও আসেননি এ পর্য্যন্ত । কিন্তু তিনি যেমনি এলেন, তেমনি চলে গেলেন, একটু দাঁড়ালেন না, যাবার আগে ঘরের মধ্যে কি একটা ফেলে দিয়ে গেলেন ।

আমি বিস্মিত হয়ে তুলে দেখলাম একখানা তাঁজ করা ছোট কাগজ—একখানা চিঠি ! ছোট্ট চিঠি, ছ-কথার—

“সেদিন যা ক'রে কেলেরি, সেজ্ঞ আপনার কাছে মাপ চাই । আমি নিজের ইচ্ছেতে কিছু করিনি । দলে পড়ে করেচি, ক'দিন ধ'রে ভাবচি আপনার কাছে মাপ চাইব—কিন্তু লজ্জায় পারিনি ! আমি জানি আপনার মন অনেক বড়, আপনি ক্ষমা করবেন ।”

পত্রে কোন নাম নেই । আমি সেখানা বার বার পড়লাম—তারপর টুকরো টুকরো ক'রে ছিঁড়ে ফেললাম—কিন্তু টুকরোগুলো ফেলে দিতে গিয়ে কি ভেবে আমার একটা ছোট মনি-ব্যাগ ছিল, তার মধ্যে রেখে দিলাম ।

সেদিন থেকে আমার কি হ'ল, আমি একা থাকলেই ছোটবোঁঠাকরুনের কথা ভাবি । কিছুতেই মন থেকে আমি তাঁর চিন্তা ছাড়াতে পারিনি । দু-পাঁচদিন ক'রে হপ্তাখানেক কেটে গেল । আমি বাড়ির মধ্যে তেমন আর যাইনে—অত্যন্ত ভয়, পাছে একা আছি এমন অবস্থায় ছোটবোঁঠাকরুনের সঙ্গে দেখা হয়ে পড়ে । ছোটবোঁয়ের রান্নার পালার দিন আমি সকাল সকাল খেয়ে নি, যখন অনেক লোক রান্নাঘরে থাকে । যা যখন দরকার হয়, শৈলদি কি সেজ্জদির কাছে চাই—ওদের গলা না শুনতে পেলে বাড়ির মধ্যে যেতে সাহস হয় না ।

সেজ্জদি একদিন বললেন,—জিতু, তুমি কলেজ থেকে এসে খাবার খাওয়া ছেড়ে দিলে নাকি ? বিকেলে তো বাড়ির মধ্যে থাকই না, আসই না, কোথাও থেকে খেয়ে আস বুঝি ?

আমি জানি বিকেলের চা-খাবার প্রায়ই ছোটবোঁ তৈরি করেন—আর সে সময় বড় একটা কেউ সেখানে থাকে না । যে যার খেয়ে চলে যায় । ইচ্ছা ক'রেই বিকেলে চা খেতে যাই নে । পরস্যা যেদিন থাকে, স্টেশনের দোকান থেকে খেয়ে আসি ।

শীত কেটে গেল, বসন্ত যন্ত্র-যন্ত্র । আমার ঘরে জানলার ধারে বসে পড়চি, হঠাৎ জানলার পাশের দরজা দিয়ে ছোটবোঁঠাকরুন কোথা থেকে বেড়িয়ে এসে বাড়ি ঢুকচেন, সঙ্গে শৈলদির ছেলে কালো । তিনি আমার দেখতে পাননি । আমি অপলকে খানিকক্ষণ চেয়ে রইলাম তাঁর দিকে । তাঁকে যেন নতুন রূপে দেখলাম—আরো কতবার দেখেচি, কিন্তু আজ দেখে মনে হ'ল এ-চোখে আর কখনও দেখিনি তাঁকে । তাঁর কপালের অমন সুন্দর গড়ন, পাশের দিক থেকে তাঁর মুখ যে অমন সুশ্রী দেখায়, ভুরু ও চোখের অমন ভঙ্গি—এ-সব আগে তো লক্ষ্য করিনি ? যখন কেউ দেখে না, তখন তাঁর মুখের কি অদ্ভুত ধরনের ভাব হয় ! তিনি বাড়ির মধ্যে ঢুকে যেতেই আমার চমক ভাঙলো । বই খুলে রেখে দিলাম—পড়ার আর মন

বসল না, সম্পূর্ণ অন্তমনস্ক হয়ে গেলাম। কি একটা কষ্ট হ'তে লাগল বুকের মধ্যে—যেন নিঃশ্বাস-প্রশ্বাস আটকে আসচে। মনে হ'ল চূপ ক'রে বসে থাকতে পারব না, এক্ষুনি ছুটে মুক্ত বাতাসে বেরুতে হবে।

সেই রাতে আমি তাঁকে চিঠি লিখতে বসলাম—চিঠি লিখে ছিঁড়ে ফেললাম। আমার লিখে আবার ছিঁড়লাম। সেদিন থেকে তাঁকে উদ্দেশ্য ক'রে চিঠি লেখা যেন আমার কলেজের টাক্সের সামিল হয়ে দাঁড়ালো—কিন্তু লিখি আর ছিঁড়ে ফেলি।

দিন-পনের পরে ঠিক করলাম, আজ চিঠি দেবই। সেদিন বেলা দেড়টার মধ্যে কলেজ থেকে ফিরে এলাম—গ্রীষ্মের ছপূর, সবাই ঘুমুচ্ছে। আমি বাড়ির মধ্যে ঢুকলাম, সিঁড়ির পাশে দোতলার তাঁর ঘর, তিনি ঘরে বসে সেলাই করছিলেন—আমি সাহস ক'রে ঘরে ঢুকে চিঠি দিতে পারলাম না, চলে আসছিলাম, এমন সময় তিনি মুখ তুলেই আমায় দেখতে পেলেন, আমি লজ্জায় ও ভয়ে অভিভূত হয়ে সেখান থেকে সরে গেলাম, ছুটে নীচে এলাম—পত্র দেওয়া হ'ল না; সাহসই হ'ল না। বাড়ি থেকে বেরিয়ে পথে পথে উদ্ভ্রান্তের মত ঘুরে বেড়লাম লক্ষ্মাহীন ভাবে। সারাদিন ঘুরে ঘুরে ক্লান্ত হয়ে অনেক রাতে বাড়ি যখন ফিরি, রাত তখন বারোটা। বাড়িতে আবার সেদিন লক্ষ্মীপূজা ছিল। খেতে গিয়ে দেখি রান্নাঘরের সামনের বারান্দায় আমার খাবার ঢাকা আছে, শৈলদি তুলচেন রান্নাঘরের চৌকাঠে বসে। মনে মনে অস্থতাপ হ'ল, সারা বিকেল খাটুনির পরে শৈলদি বেচারী কোথায় একটু ঘুমবে, আর আমি কি না এভাবে বসিয়ে রেখেছি!

আমাকে দেখে শৈলদি বললে—বেশ, কোথায় ছিলি এতক্ষণ?

কথার উত্তর দিতে গেলে মুশকিল, চূপচাপ খেতে বসলাম—শৈলদি বললে—না খেয়ে ঢন্ করে বেড়িয়ে বেড়িয়ে কর্তার হাড় বেরিয়ে গিয়েচে। চা খেতেও আসিস নে বাড়ির মধ্যে, কালোকে দিয়ে বাইরের ঘরে খাবার পাঠিয়ে দিলেও পাওয়া যায় না...থাকিস্ কোথায়?

খানিকক্ষণ পরে পাতের দিকে চেয়ে বললে—ও কি, ভাল ক'রে ভাত মাখ। ঐ কাঁটি খেয়ে মানুষ বাঁচে ভাই? তোরা এখন ছেলেমানুষ, খাবার বয়স। লুচি আছে ভোগের, দেবো? পায়ের তুই ভালবাসিস, এক বাটি পায়ের আলাদা করা আছে। কই মাছের মুড়ো ফেললি কেন, চুষে চুষে খা। আহা, কি ছিরি হচ্ছে চেহারার!

পরদিন কিসের ছুটি। আমি দোতলার ছাদে কালোকে ডাকতে গিয়েছি তার প্রাইভেট টিউটর নীচে পড়াতে এসেচে ব'লে। সন্ধ্যার অন্ধকার হয়েছে। ওপরে উঠেই আমি একেবারে ছোটবোঁঠাক্করনের সামনে পড়ে গেলাম। তাঁর কোলে মেজদির দেড় বছরের খুকী মিটু—সে খুব ফুটফুটে ফর্সা ব'লে বাড়ির সকলের প্রিয়, সবাই তাকে কোলে পাবার জন্তে ব্যগ্র। ছোটবোঁঠাক্করন হঠাৎ আমার সামনে এসে দাঁড়ালেন খুকীকে কোলে ক'রে। আমি বিস্মিত হ'লাম, কপালে ঘাম দেখা দিল। খুকী আমার চেনে, সে আমার কোলে বাঁপিয়ে আসতে চায়। ছোটবোঁঠাক্করন আমার আরও কাছে এগিয়ে এসে দাঁড়ালেন—খুকীকে আমার কোলে দিলেন। তাঁর পায়ের আঙুল আমার পায়ের আঙুলে ঠেকল। আমি তখন লাল হয়ে উঠেছি, শরীর যেন ঝিম্ ঝিম্ করচে। কেউ কোন দিকে নেই।

ছোটবোঁঠাক্করন সম্পূর্ণ অপ্রত্যাশিত ভাবে স্মর নিচু ক'রে বললেন—আপনি আর বাড়ির মধ্যে আসেন না কেন আজকাল? আমার ওপর রাগ এখনও যায়নি?

আমি অতি কষ্টে বললাম—রাগ করব কেন?

—তবে সেদিন ও-ঘরে এলেন, আমার সঙ্গে কথা বললেন না তো! চলে গেলেন কেন? মরীয়া হয়ে বললাম—আপনাকে সেদিন চিঠি দেবো বলে এসেছিলাম, কিন্তু পাছে কিছু মনে করেন, সেজন্তে দেওয়া হয়নি। পাছে কিছু মনে করেন ভেবেই বাড়ির মধ্যে আসিনে।

তিনি খানিকক্ষণ চুপ করে রইলেন। তার পর মুদ্রস্থরে বললেন—মাথা ঠাণ্ডা করে লেখাপড়া করুন। কেন ও-রকম করেন? আর বাড়ির মধ্যে আসেন না কেন? ওতে আমার মনে ভারি কষ্ট হয়। যেমন আসতেন তেমনি আসবেন বলুন? আমার ভাবনার মধ্যে ফেলবেন না ও-রকম।

আমার শরীরে যেন নতুন ধরনের অহুভূতির বিদ্যুৎ খেলে গেল। সেখানে আর দাঁড়াতে পারলাম না—মুখে যা এল, একটা জবাব দিয়ে নীচে নেমে এলাম। সারারাত্ত আর ঘুমতে পারিনে। আমার জন্তে একজন ভাবে এ চিন্তার বাস্তবতা আমার জীবনে একেবারে নতুন। নতুন নেশার মত এ অহুভূতি আমার সারা দেহমন অভিভূত করে তুললে।

কি অপূর্ণ ধরনের আনন্দ-বেদনায় মাথানো দিন, সপ্তাহ, পক্ষ, মাস! দিন রাতে সব সময়ই আমার ওই এক চিন্তা। নির্জনে কাটাই, কিছু ভাল লাগে না, অথচ যার চিন্তা শয়নে-স্বপনে সর্বদাই করি, পাছে তাঁর সামনে পড়ি এই ভয়ে সতর্ক হয়ে চলাকোঁরা করি। লেখাপড়া, খাওয়া, ঘুম সব গেল।

বৈশাখ মাসের মাঝামাঝি ছোটবৌঠাকরনের হ'ল অসুখ। অসুখ ক্রমে বাড়াবাড়ি ধরনের হ'ল। চাতরা থেকে যত ডাক্তার দেখতে এল। তাঁর বাপের বাড়ি থেকে লোকজন এসে পড়ল—বাড়িসুদ্ধ লোকের মুখে উদ্বেগের চিহ্ন। আমি ডাক্তার ডাকা, ওষুধ আনা এ সব করি বাড়ির ছেলের সঙ্গে, কিন্তু একদিনও রোগীর ঘরে যেতে পারলাম না—কিছুতেই না। একদিন ঘরের দোরের কাছে গিয়ে দাঁড়িয়েছিলাম—কিন্তু চৌকাঠের ওপারে যাইনি।

ক্রমে তিনি সেরে উঠলেন। একদিন আমার 'চয়নিকা'-খানা তিনি চেয়ে পাঠালেন—দিন-দুই পরে কালো বই ফিরিয়ে দিয়ে গেল। চার-পাঁচ দিন পরে 'চয়নিকা'-খানা কি জন্তে খুলতে গিয়েছি, তার মধ্যে একখানা চিঠি, ছোটবৌঠাকরনের হাতে লেখা।

নাম নেই কারুর। লেখা আছে...

“আমার অসুখের সময় সবাই এল, আপনি এলেন না কেন? আমি কত আশা করেছিলাম যে আপনি দেখতে আসবেন, জানেন তা? আমার মরে যাওয়াই ভাল। কেন যে আবার সেরে উঠলাম। অসুখ থেকে উঠে মন ও শরীর ভেঙে গেছে। কালোর মুখে শুনেছি, আপনি ঘরে টাঙিয়ে রেখেচেন যীশুখুষ্টের ছবি, তিনি হিন্দুর দেবতা নন—কিন্তু আপনি যাকে ভক্তি করেন—আমি তাঁকে অবহেলা করতে পারিনে। আমার জন্তে তাঁর কাছে প্রার্থনা করবেন! আর-একটা কথা—একটিবার দেখতে কি আসবেন না?”

যীশুখুষ্টের ছবির দিকে চাইলাম। সম্প্রতি একখানা বুদ্ধের ছবি, আর একখানা চৈতন্তের ছবিও এনে টাঙিয়েছিলাম। রোগশীর্ণা পত্রলেখিকার করুণ আকৃতি ওদের চরণে পৌঁছে দেবার ভার আমার ওপর পড়েছে। কিন্তু আমি কি পারব? অহুক্ষ্পায় মমতায় আমার মন তখন ভরে উঠেছে। যে প্রার্থনা ওদের কাছে জানালাম, তা ভাষাহীন, বাক্যহীন। আমি এ-ছাড়া আর কিছু করতে পারিনে। সামনে হঠাৎ যেতে পারব না তাঁর। এ-বাড়িতেও আর বেশিদিন থাকা হবে না আমার। চলে যাব এখান থেকে।

টেস্ট পরীক্ষা দিয়েই আটঘরার পালাবো, ঠিক করলাম। সেখানে যাইনি অনেক দিন।

মাটি লিখেছেন, দেখবার জন্ত ব্যস্ত হয়েছেন। আমার সেখানে যেতে ইচ্ছে হয় না শুধু জ্যাঠাইমাদের ব্যবহারের জন্ত। গেলেই মায়ের দুঃখ দেখতে হবে। দাদা এক বাতাসার কারখানায় চাকরি পেয়েচে, মাসে কিছু টাকা অতি কষ্টে পাঠায়। দীতা বড় হয়ে উঠল— তারই বা কি করা যায়? দাদা একাই বা কি করবে!

পিকারিং সাহেব আমার হাতে গীতা দেখে একদিন বললেন—তুমি এ-সব পড় নাকি? বাইবেল কি তোমার সকল আধ্যাত্মিক অভাব পূর্ণ করে না?

আমি বললাম—পড়ে দেখতে কি দোষ আছে সাহেব? তাছাড়া আমি তো খৃষ্টান নই, আমি এখনও হিন্দু।

—তু-নৌকোতে পা দেওয়া যায় না, মাই বয়। তুমি খৃষ্টান ধর্মে দীক্ষিত হও—নয়তো তুমি বাইবেল পড় কেন?

—সাহেব, যদি বলি ইংরেজী ভাষা ভাল ক'রে শেখবার জন্তে?

পিকারিং সাহেব হো হো ক'রে হেসে উঠল। বললে—তোমার আত্মার পরিত্রাণ তার চেয়েও বেশি দরকারী। ধীশুতে বিশ্বাস না করলে আত্মার ত্রাণ নেই। তিনি আমাদের সকলের পাপের ভার নিজেকে নিয়ে ক্রুশের নিষ্ঠুর মৃত্যু বরণ করেছিলেন। ধীশুর ধর্মে দীক্ষিত হও, তোমার পাপ তাঁর রক্তে ধুয়ে যাবে। এস, আমার সঙ্গে গান কর।

তারপর সাহেব নিজেই গান ধরল।—

Nothing but the Blood of Jesus

Oh, precious is the flow.

That can make me white as snow,

No other fount I know

Nothing but the Blood of Jesus.

পিকারিং সাহেবকে আমার খুব ভাল লাগে। খুব সরল, ধর্মপ্রাণ লোক। স্ত্রী মারা গিয়েচে আজ দশ-বারো বছর, আর বিয়ে করেনি,—টেবিলের ওপর নিকেলের ফ্রেমে বাঁধানো স্ত্রীর কটো সর্বদা থাকে। মাঝে মাঝে আমায় জিজ্ঞেস করে—আমার স্ত্রী দেখতে কেমন ছিল, ভাল না? কটো দেখে মিসেস্ পিকারিংকে স্মন্দরী মনে হয়নি আমার, তবু বলি খুব চমৎকার।

পিকারিং সাহেবের ধর্মমত আমার কাছে কিন্তু অল্পদার ঠেকে—কিছুদিন এদের সঙ্গে থেকে আমার মনে হয় জ্যাঠাইমারা যেমন গোঁড়া হিন্দু—খৃষ্টানদের মধ্যেও তেমনি গোঁড়া খৃষ্টান আছে। এরা নিজের ধর্মটি ছাড়া আর কারুর ধর্ম ভাল দেখে না। এদের সমাজে সংকীর্ণতা আছে—এদেরও আচার আছে—বিশেষতঃ একটা নির্দিষ্ট ধরনে ঈশ্বরের উপাসনা না করলে উপাসনা ব্যর্থ হ'ল এদের মতে। একথানা কি বইয়ে একবার অনন্ত নরকের গল্প পড়লাম। শেষবিচারের দিন পর্যন্ত পাপীরা সেই অনন্ত নরকের অনন্ত আগুনের মধ্যে জ্বলবে পুড়বে, খৃষ্টধর্মে দীক্ষিত হবার আগেই যদি কোন শিশু মারা যায়—তাদের আত্মাও যাবে অনন্ত নরকে। এসব কথা প্রথম যৌদন শুনেছিলাম, আমাকে ভয়ানক ভাবিয়ে তুলেছিল। তারপর মনে হ'ল, কেন ধীশু কি এতই নিষ্ঠুর? তিনি পরিত্রাণের দেবতা, তিনি সকল পাপীকেই কেন পরিত্রাণ করবেন না? যে তাঁকে জানে, যে তাঁকে না জানে—সবাইকে সমান চোখে তিনি কেন না দেখবেন? তাঁর কাছে খৃষ্টান ও অখৃষ্টানে প্রভেদ থাকবে কেন? বরং যে অজ্ঞানকে তার প্রতি তাঁর অল্পকম্পা বেশী হবে—আমার মনের সঙ্গে এই খৃষ্টের ছবি খাপ খায়। তিনি

প্রেমময় মুক্ত মহাপুরুষ, তাঁর কাছেও ধর্মের দলাদলি থাকে কখনো? যে দেশের, যে ধর্মের, যে জাতিরই হোক তিনি সবারই—যে তাঁকে জানে, তিনি তাঁর, যে না জানে, তিনি তারও।

একদিন গঙ্গার ধারে বেষ্টির ওপরে বসে জনকতক লোক গল্প করচে—শুনলাম বরানগরে কুঠির ঘাটের কাছে একটা বাগান-বাড়িতে একজন বড় সাধু এসেছেন, সবাই দেখতে যাচ্ছে। দু-এক দিনের মধ্যে একটা ছুটি পড়ল, বেলুড়ে নেমে গঙ্গা পার হয়ে কুঠির ঘাটের বাগান-বাড়ি খোঁজ করে বার করলাম। বাগান-বাড়িতে লোকে লোকারণ্য, সকলেই সাধুজীর শিষ্য, মেয়েরাও আছে। কটকেব কাছে একজন দাড়িওয়ালা লোক দাঁড়িয়েছিল, আমি কটকের কাছে গিয়ে আমার আসার উদ্দেশ্য বলতেই লোকটা দু-হাতে আমার গলা জড়িয়ে ধরে বললে—ভাই, এস এস, তোমাকে নেওয়ার জন্তেই যে আমি এখানে দাঁড়িয়ে আছি।

আমি পছন্দ করিনে যে কেউ আমার গলা জড়িয়ে ধরে—আমি ভদ্রভাবে গলা ছাড়িয়ে নিলাম। লোকটা আমার বাগানের মধ্যে নিয়ে গেল। আমি কৌতূহল ও আগ্রহের সঙ্গে চারিদিকে চেয়ে চেয়ে দেখছিলাম। ঝাঁদিকের রোয়াকে একদল মেয়ে বসে একরাশ ভরকারি কুটেছে—একটা বড় গামলায় প্রায় দশ সের ময়দা মাখা হচ্ছে,—যেদিকে চাই, খাওয়ার আয়োজন।

—সাধুর দেখা পাবো এখন?

—তিনি এখন ধ্যান করছেন। তাঁর প্রধান শিষ্য জ্ঞানানন্দ ব্রহ্মচারী ও-ঘরে আছেন, চল ভাই তোমায় নিয়ে যাই।

কথা বলচি এমন সময় একজন ভদ্রলোক এলেন, সঙ্গে একটি মহিলা—কটকের কাছে তাঁরা মোটর থেকে নামলেন। একজন বালক-শিষ্যকে ভদ্রলোকটি কি জিজ্ঞেস করলেন—সে তাঁদের সঙ্গে ক’রে নিয়ে এল আমার সঙ্গে দাড়িওয়ালা লোকটির কাছে। ভদ্রলোকটি তাকে বললেন—স্বামীজীর সঙ্গে দেখা করতে এসেচি, তিনি কোথায়?

—কোথা থেকে আসছেন আপনারা?

—ভবানীপুর, এলগিন রোড থেকে। আমার নাম বিনয়ভূষণ মল্লিক।

দাড়িওয়ালা লোকটির শরীরের ইঞ্জুপ কজা যেন সব চিলে হয়ে গেল হঠাৎ—সে তিন ভাগে ভেঙে হাত কচলে বললে—আজ্ঞে আসুন, আসুন, বুঝতে পেরেচি, আসুন। এই সিঁড়ি দিয়ে আসুন—আসুন মা-লক্ষ্মী—

আমি বিস্মিত হলাম। এই যে বললে সাধুজী ধ্যানে বসেছেন—তবে ওঁরা গেলেন যে! লোকটি ওঁদের ওপরে দিয়ে আবার নেমে এল। আমার একটা হলঘরে নিয়ে গেল। সেখানে জ্ঞানানন্দ ব্রহ্মচারীর সঙ্গে আমার আলাপ করিয়ে দিলে। জ্ঞানানন্দ ব্রহ্মচারীর পরনে গেরুয়া আলখালা, রং ফর্সা—আমার সঙ্গে বেশ ভালো ব্যবহার করলেন। তিনি আপিসের কাজে দেড়শো টাকা মাইনে পেতেন—ছেড়ে স্বামীজীর শিষ্যত্ব গ্রহণ করেন। স্বামীজী বলেছেন তিনি তিনটে মহাদেশ উদ্ধার করবেন, সাধনায় সিদ্ধিলাভ করলেই বেরিয়ে পড়বেন সে উদ্দেশ্যে। স্বামীজীর দেওয়া মন্ত্র জপ ক’রে তিনি অস্তুত ফল পেয়েছেন নিজে—এই সব গল্প সমবেত দর্শকের কাছে করছিলেন। আমি কৌতূহলের সঙ্গে জিজ্ঞেস করলাম—কি ফল পেয়েছেন মন্ত্রের? তিনি বললেন—মন্ত্র জপ করতে করতে মনে হয় যেন কোথায় পাহাড়ের উপরে বসে আছি। স্বামীজী বলেন—এ একটা উচ্চ অবস্থা। আমি আরও আগ্রহের সুরে বললাম—আর কিছু দেখেন? তিনি বললেন, জ্যোতিঃদর্শন হয় মাঝে মাঝে।

—সে কি রকম?

—দুই ভুরুর মাঝখানে একটা আঙনের শিখার মত দীপ্তি দেখতে পাই।

আমি হতাশ হ'লাম। আমি নিজে তো কত কি দেখি! এরা তো মে-সব কিছু দেখে বলে মনে হয় না। এরা আর কতটুকু দেখেচে তা হ'লে? পাহাড়ের ওপর বসে আছি এই দেখলেই বা কি হ'ল? ভুরুর মধ্যে আঙনের শিখা দেখলেই বা কি?

শুনলাম বেলা ছ'টার পরে স্বামীজীর দেখা পাওয়া যাবে। পাশের একটা ঘরে বসে রইলাম খানিকক্ষণ। আরও একজন বৃদ্ধ সেখানে ছিলেন। কথায় কথায় তিনি বললেন—দেখ তো বাবা—এই তোমরাও তো ছেলে। আর আমার হতচ্ছাড়া ছেলেটা পালিয়ে এসে বাড়ি থেকে এই সন্নিসির দলে যোগ দিয়েচে। এখানে তো এই ষাওয়া এই থাকা। যাত্রার দলের মত এক ঘরে একশো লোক শোয়। ছেলেটার হাড়ির হাল হয়েছে—আগে একবার ফিরিয়ে নিতে এসেছিলাম—তা যায়নি। এবার আমি আসচি শুনে কোথায় পালিয়েচে হতভাগা। আহা কোথায় থাকে, কি হচ্ছে—এদিকে বাড়িতে ওর না অন্নজল ছেড়েছে। এই সন্নিসির দলই তাকে সরিয়ে রেখেচে কোথায়। আজ তিন দিন এখানে বসে আছি, তা ছোঁড়া এল না। এরা তলায় তলায় তাকে খবর দিচ্ছে। আবার আমার ওপর এদের রাগ কি? বলচে ছেলে তোমার মুক্তির পথে গিয়েচে—বিষয়ের কীট হয়ে আছ তুমি, আবার ছেলেটাকে কেন তার মধ্যে ঢোকাবে? শোন কথা। ওদের এখানে বিনি পয়সার চাকর হাতছাড়া হয়ে যায় তা হ'লে যে! আমায় এই মারে তো এই মারে। হু-বেলা অপমান করছে।

—কোথা থেকে আপনার ছেলে এদের দলে এল?

—এই সন্নিসির দল গেছিল আমাদের মাদারিপুরে। খুব কীর্তন ক'রে ভিক্ষে ক'রে শিষ্য-সেবক তৈরি ক'রে বেড়াল ক'দিন। সেখান থেকে ছেলেটাকে ফুলে নিয়ে এসেচে। পয়সা হাতে থাকত আমার তো ব্যাটারা খ্যাতির করত। এখানে খেতে দেয় না; ওই বাজারের হোটেল থেকে খেয়ে আসি। একটু এই দালানটাতে রাতে শুয়ে থাকি; তাও হু-বেলা বলচে—বেরো এখান থেকে। ছোঁড়াটা ফিরে আসবে, সেই আশায় আছি।

স্বামীজীর সঙ্গে দেখা হ'ল না। দেখার ইচ্ছেও আর ছিল না।

সন্ধ্যার পরে স্টীমারে পার হয়ে বেলেড়ে এলাম; মনে কত আশা নিয়ে গিয়েছিলাম ওবেলা। মালুঘের সঙ্গে মালুঘের ব্যবহার যেখানে ভাল নয়, সেই জ্যাঠাইমাদের বাড়ির গোপীনাথ জিউএর পূজোর সময় যা দেখেচি, হীরাঠাকুরের প্রতি তাদের ব্যবহার যা দেখেচি—সেই সব একই যেন।

দিন দুই পরে ছোটবোঁঠাকুরনের বাপের বাড়ি থেকে বড় ভাই তাকে নিতে এল। আমার সঙ্গে দশ-পনের দিন দেখা হয়নি, ভাবলুম যাবার সময় একবার দেখা করবই। দুপুরের পরে ঘোড়ার গাড়িতে জিনিসপত্র ওঠানো হচ্ছে, আমি নিজের ঘরের জানলা দিয়ে দেখচি আর ভাবচি ওঁরবার সময় গাড়ির কাছে গিয়ে দাঁড়াব, না ওপরে গিয়ে দেখা ক'রে আসব?

পায়ের শব্দ পেছনে চেয়ে দেখি ছোটবোঁঠাকুরন দোরের কাছে দাঁড়িয়ে, রোগশীর্ণ মুখে, হাতায় লালপাড় বসানো ব্লাউজ গায়ে, পরনে লালপাড় শাড়ী। আমি খতমত খেয়ে বললাম—আপনি! আসুন, এই টুলটাতে—

তিনি যুঁহু, সহজ সুরে বললেন—খুব তো এলেন দেখা করতে!

—আমি এখুনি যাচ্ছিলাম, আপনি এলেন তাই, নইলে—

ছোটবোঁঠাকুরন ব্লান হেসে বললেন—না, নিজেই এলাম। আর আপনার সঙ্গে কি দেখা হবে? আপনি তো পরীক্ষা দিয়ে চলে যাবেন। বি. এ পড়বেন না?

আমি একটু ইতস্তত করে বললাম—ঠিক নেই, এখানে হয়ত আর আসব না।

তিনি বললেন—কেন আর এখানে আসবেন না ?

আমি কোন কথা বললাম না। হুজনেই খানিকক্ষণ চুপচাপ।

তারপর তিনি আমার কাছে এগিয়ে এসে মুহূ অল্পযোগের সুরে বললেন—আপনার মত ছেলে যদি কখনও দেখেচি ! আগে যদি জানতাম তবে সেবার আপনাকে নিয়ে যে ওরা ঠাট্টা করেছিল, আমি তার মধ্যে যাই ? এখন সে-কথা মনে হ'লে লজ্জায় ইচ্ছে হয় গলায় বাঁটি দিয়ে মরি।

তারপর গভীর স্নেহের সুরে বললেন—না, ও-সব পাগলামি করে না, আসবেন এখানে, কেন আসবেন না, ছিঃ—

দরজার কাছে গিয়ে বললেন—না এলে বুকবো আমায় খুব বেলা করেন, তাই এলেন না।

॥ ৭ ॥

দাদা কালীগঞ্জে একটা বাতাসার কারখানায় কাজ করে। অনেক দিন তার সঙ্গে দেখা হয়নি, কিছু টাকার দরকারও ছিল, কারণ কলেজের কিছু বাকী মাইনে ও পরীক্ষার ফি-এর টাকার অভাব হওয়াতে শৈলদি লুকিয়ে যোলটা টাকা দিয়েছিল। যাওয়ার আগে সে টাকাটা তাকে দিয়ে যাওয়া দরকার, যদিও সে চায়নি। বাশবেড়ের ঘাটে গঙ্গা পার হয়ে ওপারে যাব, খেয়ার নৌকো আসতে দেখি হচ্ছে, আমি প্রকাণ্ড একটা পুরোনো বাধাঘাটের সিঁড়িতে বসে অপেক্ষা করছি। ঘাটের ওপরে একটা জীব প্রাচীন শিবমন্দির, তার কাটলে কাটলে বট-অশ্বখের গাছ, মন্দিরের চূড়ার ত্রিশূলটা পশ্চিমে হেলে-পড়া সন্ধ্যার সূর্যের আলোয় মনে হচ্ছে যেন সোনার। ভারি ভাল লাগছিল মন্দিরটা, আর এই জনবিরল বাধাঘাট। ওই মন্দিরে যদি আরতি হ'ত এই সন্ধ্যায়, বন্দনারত নরনারীর দল ওই ভাঙা চাতালে দাঁড়িয়ে রইত, তবে আমার আরও ভাল লাগত। কথাটা ভাবচি, এমন সময় আমার শরীরটা যেন কেমন ক'রে উঠল, কানের পাশটা শিরশির করতে লাগলো। হঠাৎ আমার মনে হ'ল এই ঘাটের এই মন্দিরে খুব বড় একজন সাধুপুরুষ আছেন, তাঁর দীর্ঘ চেহারা, মাথায় বড় বড় চুল, প্রসন্ন হাসিমাখানো মুখ। আমি তাঁকে দেখতে পেলাম না। কিন্তু তাঁর উপস্থিতি অনুভব করলাম। তিনি এখানে অনেকদিন আছেন, ভাঙা ঘাটের রানার বসে ওপারের উদীয়মান পূর্ণচন্দ্রের দিকে চেয়ে এই সন্ধ্যায় তিনি উপাসনা করেন—এবং তিনি কারও ওপর রাগেন না। কত লোক না বুঝে ঘাটের নিষ্কিন্তা ভঙ্গ করে, তিনি সদাই প্রসন্ন, সকলের ওপরে সদাই স্নেহশীল।

এ-রকম যখন হয়, তখন আমার শরীর যেন আমার নিজের থাকে না—নয়ত আমার সাধারণ অবস্থা থাকলে জিজ্ঞেস করতুম অনেক কথাই তাঁকে। একটু পরে খেয়া নৌকো এল—অনিচ্ছার সঙ্গে ঘাট ছেড়ে নৌকোতে উঠলাম। জায়গাটা পবিত্র প্রভাবে ভরা—এমন একটা প্রভাব, যা সে-দিন বরানগরের বাগান-বাড়ির সেই সাধুর কাছে গিয়ে অনুভব করিনি।

দাদা আমায় দেখে খুব খুশী হ'ল। ওর চেহারা বড় খারাপ হয়ে গিয়েছে, ছেলেবেলাকার দুখে-আলতা রঙের সেই স্ত্রী বালককে দাদার মধ্যে আর চিনে নেওয়া যায় না। একে লেখাপড়া শিখলে না, তার ওপরে এই সব পাড়গীয়ে চাকরি ক'রে বেড়ায়—চেহারা, বেশ-

ভূষায়, কথাবার্তায় দাদা হয়ে গিয়েচে যেন কেমন! তেমনি ধরনের লোকের সমাজে সর্বদা চলে ফেরে।

রাত তখন প্রায় নটা, দাদা ফিরে এসে রান্না চড়ালে। কি বিল্লী জায়গাতেই থাকে। বাতাসার কারখানাটা একটা প্রকাণ্ড লম্বা চালাঘর—হ-সাতটা বড় বড় উলুনে দিনরাত গনুগনে আঙুন—বড় বড় কড়ায় গুড়ের রস আর চিনির রস তৈরি হচ্ছে। এই কারখানায় অত আঙুনের তাতে থাকা কি দাদার অভ্যেস আছে কোনকালে!

দাদা নিজেই রান্না চড়ালে। আমার বললে—খিচুড়ি খাবি জিতু? বেশ ভাল মুগের ডাল আছে—ভাঁড়ে দেখি ঘি আছে বোধ হয় একটু—

দাদার বাসা ছোট একখানা চালাঘর। মেঝের ওপর শোয়, বিছানা পাতাই থাকে, কোনকালে তোলা হয় না, তবে খুব ময়লা নয়—আমরা ক' ভাইবোন ময়লা জিনিসপত্র মোটেই ব্যবহার করতে পারি নে, ছেলেবেলা থেকেই অভ্যেস। বিছানার ওপরকার কুলুঙ্গিতে খবরের কাগজ পাতা, একখানা ভাঙা পারা বার-হওয়া আর্শি, আর একখানা শিঙের চিরুনি।

দাদা ছিল আমাদের মধ্যে সব চেয়ে ছেলেমানুষ, সব চেয়ে আনাড়ি, তাকে এখন নিজে রান্না ক'রে খেতে হচ্ছে! অথচ কি-ই বা জানে ও সংসারের, কি কাজই বা পারে?

রান্না চড়িয়ে দাদা বললে—ভাল কথা, দাঁড়া জিতু, তোর জন্তে একখানা ইংরিজি বই রেখে দিইচি—বের করে দিই—

টিনের ছোট তোরঙ্গ খুলে একখানা মোটা ইংরিজি বই আমার হাতে দিয়ে বললে—এখানে সাতুবাবু কণ্টকটর আসে বাতাসা নিতে, সে ফেলে গিয়েছিল আর ফিরে আসেনি। আমি তুলে রেখে দিইচি, ভাবলাম জিতু পড়বে—

পাতা উল্টে দেখি একটা বিলিতি স্টীল কোম্পানীর মূল্যতালিকা—খুব চমৎকার পাতা, চমৎকার ছাপা, বাড়িঘর, রেলের পুল, কড়িবরগার ছবিতে ভর্তি। দাদার ওপরে দুঃখ হ'ল, বেচারি এ সব পড়তে পারে না, বুঝতেও পারে না—ভেবেচি কি অপূর্ব বই-ই না জানি।

আমি কিছু না বলে বইখানা আমার পুঁটুলিতে বেঁধে নিলাম। দাদা ততক্ষণে তোরঙ্গ হাতড়ে আর একখানা ছোট ছেলেদের গল্পের বই বার ক'রে বললে—আর এই ছ্যাখ্ একখানা বই, ভারি মজার মজার গল্প—আমি খেয়েদেয়ে রোজ একটুখানি করে পড়ি—'খোঁড়া শিকারী'র গল্পটা পড়ছিলাম, পড় দেখি শুনি?

এ-সব গল্প ইংরিজিতে কতবার পড়েচি, আমার কাছে এর নতুনক নেই কোথাও। তবুও দাদাকে পড়ে পড়ে শোনাতে লাগলাম, দাদা মাঝে মাঝে খিচুড়িতে কাঠি দিয়ে দেখে, আর হাঁটু ছুঁটা দু-হাতে জড়িয়ে একটুখানি পেছনে ছেলান দিয়ে ব'সে আমার মুখের দিকে আগ্রহের সঙ্গে চেয়ে চেয়ে শোনে। আমার এমন কষ্ট হ'ল! এ-সব গল্প যে ইংরিজি স্কুলের নীচের ক্লাসের ছেলেরাও জানে। আহা, দাদা বড় অভাগা, অল্প বয়সে সংসারের চাপ ঘাড়ে পড়ে সারাজীবনটা ওর নষ্ট হয়ে গেল।

টাকার কথাটা দাদাকে বলতে মন চাইল না। ওর কত কষ্টে রোজগার করা পরয়া; একটা আধটা নয়, ষোলটা টাকা—এগারো টাকা মাসে মাইনে পায়—ওর দেড় মাসের রোজগার কোথা থেকে দেবে ও? শৈলদির টাকা আমি এর পরে যে ক'রে হয় শোধ দেবো।

দাদা নিজেই বললে—বাড়ি ঘাবি তো জিতু, গোটা দশেক টাকা নিয়ে যা। আমার বড় ইচ্ছে সীতাকে একছড়া হার গড়িয়ে দিই—কিন্তু টাকাই জমে না হাতে। তোর টাকার যদি

দরকার থাকে, তবে আলাদা-করা হারের জন্ত কুড়িটা টাকা তোলা আছে—তাই থেকে নিয়ে যা, দেবো এখন। হার এর পর দেখব।—সাত-পাঁচ ভেবে টাকা নেওয়াই ঠিক করলাম। শৈলদির ওপর বড় জুলুম করা হয়, নইলে শৈলদিকে মনে হয় না যে সে পর। এত আপনার মত ক'জন আপনার লোকই বা দেখে? মায়ের পরেই শৈলদিকে ভক্তি করি। সে লুকিয়ে টাকা দিয়েচে—তাকে আর বিপন্ন করবো না।

যে দাদা সকাল আটটার কমে বিছানা থেকে উঠত না, তাকে ভোর পাঁচটার সময় উঠে কারখানায় গিয়ে কাজে লাগতে হয়। আমিও দাদার সঙ্গে গেলাম। কারখানার মালিকের নাম মতিলাল দাস, বয়েস পঞ্চাশের ওপর, তৃতীয় পক্ষের স্ত্রী আছে সংসারে, আর দ্বিতীয় পক্ষের ছেলেমেয়ে। দাদা মতিলালের তৃতীয় পক্ষের স্ত্রীকে মাসীমা ব'লে ডাকে। মতিলাল আমায় দেখে বললে—তুমি নিতাই ঠাকুরের ভাই? বেশ, বেশ। আজকাল কি বই পড়ায় তোমাদের?

তার প্রশ্ন শুনে আমার হাসি পেল। আমি জবাব দেবার আগেই মতিলাল বললে—আমাদের সময়ে যে-সব বই পড়ানো হ'ত, আজকাল কি আর সে-সব বই আছে? এই ধর পঞ্চপাঠ, তৃতীয় ভাগ, যছবাবুর। আহা!

কুজপৃষ্ঠ হ্যাজ্জদেহ উষ্ট্র সারি সারি

কি আশ্চর্য্য শোভাময় যাই বলিহারি

কি সব শব্দ লাগিয়েচে দেখেচ একবার। ভাষার জ্ঞান হ'ত কত পড়লে! বলো দিকি হ্যাজ্জদেহ মানে কি? আমাদের হরিশ পণ্ডিত পড়া কালনার স্থলে, আমি তখন ছাত্রবৃত্তি পড়ি। তখন ছাত্রবৃত্তি পড়লে মোক্তার হ'ত, দারোগা হ'ত। এখন হয়েচে তো সব ছেলেখেলা।

আমি এসেছি শুনে মতিলালের স্ত্রী দুপুরে খেতে বললে। আমায় দেখে বললে—এস বাবা, তুমি নিতাইয়ের ভাই? তুমিও মাসীমা ব'লে ডেকে। কাছে দাঁড়িয়ে থেকে মাসীমা দাদাকে রান্না দেখিয়ে দিতে লাগল, কারণ আমরা খেতে চাইলেও ওরা রেঁধে আমাদের খেতে দেবে কেন?

মাসীমা সংসারে নিতান্ত একা। মতিলালের ও-পক্ষের ছেলেমেয়েরা বাপের তৃতীয় পক্ষের পরিবারকে ছু-চোখ পেড়ে দেখতে পারে না, বা এখানে থাকেও না কেউ। অথচ মাসীমার ইচ্ছে তাদের নিয়ে মিলেমিশে সংসার করা। আমরা খেতে বসলে কত দুঃখ করতে লাগল।

—এই আখো বাবা, কেটকে বলি বোঁমাকে নিয়ে এখানে এস, এসে দিব্যি থাক। বোঁমাটি বড় চমৎকার হয়েছে। তা যদি আসে! সেই নিয়ে রেখেচে খশুরবাড়ি, কালনার কাছে দাঁইহাট—সেখানেই থাকে। আমার নিজের পেটে তো হ'ল না কিছু, ওরাই আমার সব—তা এমুখে হয় না কেউ। বড় মেয়ে ছুটি খশুরবাড়ি আছে, আনতে পাঠালে বলে, সংমায়ের আর অত আত্মিয়রো দেখাতে হবে না। শোন কথা। আমার মা বলে কেউ ডাকেও না। ডাকলে তাদের মান যাবে।

মাসীমাকে খুশী করবার জন্তে আমি কারণে-অকারণে খুব 'মাসীমা' 'মাসীমা' ব'লে ডাকতে লাগলাম। আমাদের পাতে আবার মাসীমা খেতে বসলেন, বললেন—ব্রাহ্মণের পেরসাদ পাবো, ওতে কি আর ছোট বড় আছে বাবা?

আমার মনে অস্বস্তি হ'ল; আমি তো এঁদের এসব মানিনে, ব্রাহ্মণের ধর্ম পালন করিনে, সে কথা তো ইনি জানেন না। অথচ খুলে বললে মাসীমার মনে কষ্ট দেওয়া হবে হয়ত।

দাদার কাছ থেকে আটঘরার এলাম। আসবার সময় সীতার জন্তে ভাল সাবান কিনে নিয়ে এলাম, বই পড়তে ভালবাসে বলে দু-তিনখানা বাংলা বইও আনলাম। সীতা বড় হয়ে উঠেচে—মাথার খুব লম্বা হয়েছে, দেখতে সুন্দর হয়েছে আরও।

আমার হাত থেকে সাবান নিয়ে হেসে বললে—দেখি দাদা কেমন সাবান...আমার এক-খানাও আস্ত সাবান ছিল না। একখানা সানলাইট সাবান আনিয়েছিলুম বাজার থেকে—সে আখখানা হয়ে গিয়েচে।

সীতার সে পুরোনো অভ্যাস এখনও আছে, কথা বলতে বলতে হঠাৎ খোঁপায় হাত দিয়ে দেখে ঠিক আছে কি-না। লম্বা ঢেঁড়া, চওড়া নস্কা-পাড় কাপড় পরনে, খোঁপার ধরনও সেকলে। আজকাল শহরে দেখে এসেচি ও-রকম খোঁপা উঠে গিয়েচে। ও-ধরনের কাপড় পরলে সেখানে লোকে হাসবে, বেচারী সীতা! লেখাপড়া শেখবার, বই পড়বার ওর কত আগ্রহ! অথচ এই পাড়াগায়ে পরের বাড়ি দাসীবৃত্তি ক'রেই ওর জীবন কাটল। না হ'ল লেখাপড়া শেখা, না মিটল কোন সাধ। অথচ ওর বুদ্ধি ছিল এত চমৎকার, মিশনারী মেয়েরা কত প্রশংসা করত, ওকে কি ভালই বাসত মিস্ নটন। কিন্তু কি হ'ল ওর? এখন, সেই কত কাল আগেকার পুরোনো বইগুলোই পড়ুচে, কিছুই শেখেনি, কিছুই দেখেনি।

সীতা বললে—দাদা পাস করেচ ?

—পাসের খবর এখনও বেরোয় নি। পাস করবো ঠিকই।

—পাস হ'লে আমার জানিও দাদা। আমি তোমাকে একটা জিনিস প্রাইজ দেবো!

—কি জিনিস রে?

—একটা মনিব্যাগ বুনাচ লাল উলের। তোমার জন্তে একটা, বড়দার জন্তে একটা।

তোমাদের নাম লিখে দেবো। মিস্ নটন আমাদের দিত কত কি প্রাইজ—না?

—মিস্ নটনকে তোর মনে আছে সীতা? তুই তো তখন খুব ছোট।

—খুব মনে আছে, তার দেওয়া জিনিস আমার বাক্সে এখনও রয়েছে। দেখলেই তাদের কথা মনে পড়ে।

জ্যাঠামশায় আমার ডেকে বললেন—জিতু শোনো। এখন তুমি বড় হয়েচ, তোমার সঙ্গে পরামর্শ ক'রে কাজ করাই ভাল। সীতার বিয়ে না দিলে নয়। ওর পনের-ষোল বছর হ'ল, আর ঘরে রাখা যায় না। কিন্তু এদিকে টাকাকড়ি খরচ করবে কে? হাজার টাকার কমে আজকাল ভদ্রলোকের ঘরের বিয়ের কথাই তোলা যায় না। দেখে এসেচ তো শহর-বাজারে? তা আমি এক জায়গায় ঠিক করেচি; পাত্রটির বাপ আমার এখানে এসেছিল। জমিজমা আছে, চাষা গেরস্ত, খেতে পরতে কষ্ট পাবে না। আখের চাষই আছে অমন বিশ-বাইশ বিঘে। পাত্রটি চাষবাস দেখে, রং একটু কালো—তা হোক, পুরুষ মানুষের রঙে কি আসে যায়, তবে বংশ ভাল, কামদেব পণ্ডিতের সন্তান, সবে তিন পুরুষে ভঙ্গ, আমাদেরই স্বঘর।

আমি বললাম—লেখাপড়া কতদূর করেচে?

—লেখাপড়া কি আর এম-এ, বি-এ পাস করেচে? তবে বাংলা ছাত্রবৃত্তি পর্যন্ত পড়েচে, দিবিয়া হাতের লেখা। ই্যা, একটা কথা ভুলে যাচ্ছি,—অল্পদিন হ'ল পাত্রটির প্রথম পক্ষের স্ত্রী মারা গিয়েচে—তবে সে কিছু নয়, বয়েস কমই। একটা বৃষ্টি ছেলে আছে ও-পক্ষের।

ছাত্রবৃত্তির কথায় আমার মতিলালের উটের কবিতাটি মনে পড়ল। আমি বললাম—আচ্ছা আমি ভেবে বলব জ্যাঠামশাই। লেখাপড়া জানে না আর তাতে দোজবরে, এতে বিয়ে দেওয়া আমার মন সরে না। সীতার মত মেয়ে, আপনি বলুন না জ্যাঠামশাই?

জ্যাঠামশাই নিজের কথার প্রতিবাদ সহ করতে পারেন না—তিনি এ অঞ্চলের মানী ব্যক্তি, আগের চেয়ে বিষয়-আশয় টাকাকড়ি এখন তাঁর আরও বেশী, এদিকের সব লোক তাঁকে খাতির করে চলে, কেনই বা তিনি প্রতিবাদ সহ করবেন? সে জানি এ গাঁয়ের রাম বাঁড়ুঘোর ব্যাপারে। রাম বাঁড়ুঘো কি জন্তে রাজে আফিম খেয়ে শুয়েছিল—সকালে উঠে খবর পেয়ে জ্যাঠামশায় গেলেন। রাম বাঁড়ুঘো ছিল জ্যাঠামশায়ের খাতক। জ্যাঠামশায় গিয়ে কড়া সুরে বললেন—কি হয়েছে রাম? রাম বাঁড়ুঘো তখন কথা বলতে পারচে না—জ্যাঠামশায়ের কথার উত্তর সে দিতে পারল না। জ্যাঠামশায় ভাবলেন, বাঁড়ুঘো তাঁর প্রতি অসম্মান দেখিয়ে ইচ্ছে করেই কথার উত্তর দিচ্ছে না। বললেন—ভাল করে কথার উত্তর দাও—কার সামনে কথা বলচ জান না? সন্দের সব লোক বললে—হাঁ, কর্তা যা বলচেন, জবাব দাও তাঁর কথার। কিন্তু রাম বাঁড়ুঘো জ্যাঠামশায়ের চোখরাজানির চৌহদ্দি পার হয়ে চলে গেল ঘণ্টা দুইয়ের মধ্যেই—কি জন্তে সে আফিম খেয়েছিল কেউ জানে না—তার মৃত্যুর পরে জ্যাঠামশায় তার ভিটেমাটি বিক্রী করে নিয়ে নিলেন—তার বিধবা স্ত্রী নাবালক একটি মাত্র মেয়ের হাত ধরে ভাইদের দোরে গিয়ে পড়লো। আমি যেবার ম্যাটিক দিই, সে বছরের কথা।

আমার কথার উত্তরে জ্যাঠামশায় আমার অনেকগুলো কথা শুনিয়া দিলেন। আমাদের এদিক নেই, ওদিক আছে। রাজামহারাজাদের ঘরে বোনের বিয়ে দেবার ইচ্ছে থাকলেই তো হয় না, পরসা চাই। পনের-ষোল বছরের মেয়ে গ্রামে সমাজের মধ্যে বাস করতে গেলে আর ঘরে রাখা চলে না। তা ছাড়া তিনি কথা দিয়ে ফেলেন—তাঁর কথার মূল্য আছে ইত্যাদি।

জ্যাঠামশায়দের বাড়ির জীবনযাত্রার ধারা সেই পুরোনো দিনের মতই চলেচে। এখানে এলেই বুদ্ধি, এদের মন নানা দিক থেকে কত ভাবে শৃঙ্খলিত। বাড়িতে এতটা জমি রয়েছে, ঠাকুরপুজার উপযোগী ছোট্ট একখানা গান্ধা ও করবী ফুলের বাগান ছাড়া আর কোথাও একটা ফুলের গাছ নেই। উঠানের কোন জায়গায় এরা কোথাও একটু সবুজ ঘাস রাখবে না—মেজকাকার কাজ হচ্ছে এতটুকু কোথাও ঘাস গজালে তখন নিজের হাতে নিড়েন ধরে উঠিয়ে ফেলা। প্রকাণ্ড উঠান চাঁচাছোলা, সাদা মাটি বার করা, সবুজের লেশ নেই। ব'লে দেখেচি এরা তা বোঝে না। সামনের উঠানটা লাউ-মাচা, পুঁই-মাচার ভরা—প্রত্যেক জায়গাটুকুতেই তরকারি লাগিয়েচে, নয়ত মান-কচুর ঝাড়।

একদিন জ্যাঠামশায়ের ছেলে হারুদাকে বললাম—আমি শ্রীরামপুর থেকে ভাল মরসুখী বীজ এনে দেবো আর এক রকম লতা আছে আমাদের কলেজে, চমৎকার নীল ফুল ফোটে। বাড়ির সামনেটা বাগান করো আর চণ্ডীমণ্ডপের চালে সেই লতা উঠিয়ে দাও—

হারুদা বললে—তোমার যেমন বুদ্ধি, ফুলগাছে কি দুধ দেবে শুনি? মিছিমিছি জায়গা জোড়া—চণ্ডীমণ্ডপের চালে কি বছর ত্রিশ-চল্লিশখানা চালকুমড়া হয় জানিস্ তা?

অর্থাৎ আহারের আয়োজন হ'লেই হ'ল, আর কিছু দরকার নেই এদের।

মেজকাকার ঘরে একদিন শুয়েছিলাম, কাকীমা এখানে নেই—মেজকাকার আবার একলা শুতে ভয় করে, তাই আমাকে শুতে বলেছিলেন। সারাদিন গরমের পরে অনেক রাজে এক পশলা বৃষ্টি হ'ল—কি সুন্দর ভিজ়েমাটির গন্ধ আসতে লাগল—মেজকাকা দেখি উঠে তাড়াতাড়ি জানলা বন্ধ করচেন।

আমি বললাম—বন্ধ করচেন কেন মেজকাকা, বেশ ভিজ়ে হাওয়া আসচে—

মেজকাকা বললেন—উছ, উছ—ঠাণ্ডা লাগবে—শেবরাতের বিষ্টির হাওয়া বড় ঝাঝপ, কাল সন্দি ধরবে—আমার ধাতই একে সন্দির!

দুপুরে সীতার সন্ধ্যা মাকে বললাম। মায়ের ইচ্ছে নয় ওখানে সীতার বিয়ে দেওয়া, তবে মা নিরুপায়, এ বাড়িতে তাঁর কোন কথা খাটে না। আমি বললাম—আমি কোথাও চাকরি খুঁজে নিই মা। সীতার বিয়ে নিজে থেকে দেব।

মা বললেন—শোন কথা ছেলের। তুই লেখা-পড়া ছেড়ে এখন করবি কি? তোদের মুখের দিকে চেয়ে এখানে কষ্ট করে পড়ে থাকি। নিতুর তো কিছু হ'ল না, তুই বি-এটা পাস কর। সীতার কপালে যা থাকে হবে। তুই এখন চাকরিতে কত টাকা পাবি যে সীতার বিয়ে দিবি নিজে? মাঝে পড়ে তোর পড়াটা হবে না। আর শোন, এ নিয়ে কোন কথা যেন বলিস নে কারুর সঙ্গে। তোর জ্যাঠাইমা শুনতে পেলে রক্ষে রাখবে না।

মা এত ভয় করেও চলেন ওদের! প্রথম জীবনে কোন কষ্ট পান নি, তারপর চা-বাগান থেকে এসে দুঃখের মধ্যে পড়ে গিয়ে এমন ভীতু হয়ে উঠেছেন। সদাই গুঁর ভয় থাকে জ্যাঠাইমা গুঁদের দু-জনকে এ বাড়িতে জায়গা দিতে না চাইলে, আমার লেখাপড়া না হয়, সীতার বিয়ে নিয়ে দাদা জড়িয়ে পড়ে—এই সব।

সীতাকে জলে ফেলে দিতে পারব না, মা যাই বলুন।

জ্যাঠামশায়দের বাড়িতে বেশীক্ষণ আমার থাকলে হাঁপ লাগে। গায়ের বাইরে নির্জ্বল মাঠে গিয়ে বসে ভাবি সীতার সন্ধ্যা কি করা যায়। কিন্তু হঠাৎ কেমন ক'রে অল্প চিন্তা এসে পড়ে। এই রৌদ্রালোকিত দুপুরে একা বসলেই তাঁর কথা আমার মনে পড়ে। মন থেকে দূর করতে পারি নে। প্যালেস্টাইনের উষর, পর্বতময় মরুদেশের রৌদ্র—সারা গায়ে ঘাম ঝরচে তাঁর, রোদে মুখ রাঙা, নিজের ভারী ক্রুশটা নিজেই বয়ে চলেছেন বধ্যভূমিতে। পিছনের অন্ধ জনতা জানে না যে ঝড়ে গ্যালিলির সমুদ্রের নোনা জলে দুকূল ছাপিয়ে মাঝে মাঝে যে তরঙ্গ ওঠায়, তাও তুচ্ছ হয়ে যাবে সে বৃহত্তর তুফানের কাছে, আজকার দিনটি জগতে যে তুফান তুলবে। তারা জানে না যে মাহুঘের মনে ব্যথা না দেওয়ার চেয়ে বড় আচার নেই, প্রেমের চেয়ে বড় ধর্ম নেই। তাঁর আবির্ভাব কে ব্যর্থ করবে?—ঐ বজ্র-বিদ্যুতের মত শক্তিমান তাঁর বাণী। বিষ্ণুর স্মদর্শন যে শক্তির প্রতীক। নিত্যকালের দেবতা তাঁরা, দেশের অতীত, কালের অতীত, সকল দেশের, সকল অবতারের স্বগোত্র।

তারপর আমি যেন কোথায় চলে গিয়েছি। সেখানে নদী, মাঠ, বন সবই আছে, কিন্তু সবই যেন ঝাড়লগ্ননের কাঁচের পরকলার মধ্যে দিয়ে দেখছি। রাত কি দিন বুঝতে পারলাম না, মাথার ওপরকার আকাশে তারা নেই। অথচ সূর্য্যও দেখলাম না আকাশে। আমি যেন সেখানে বেশ সহজ অবস্থাতেই আছি। একটু পরেই মনে হ'ল সে জায়গাটাতে আমি অনেক বার গিয়েছি, নতুন নয়, ছেলেবেলা থেকে কতবার গিয়েছি। একটা বাড়ি আছে সেখানে, বাড়িতে যারা আছে তারা আমার সঙ্গে গল্প করে, কত কথা বলে—স্বপ্নের মধ্যে দিয়ে যেন মনে হয় তারা আমার খুব পরিচিত। কতবার তাদের দেখেছি। সেখানে গেলেই আমার মনে পড়ে যায় সেখানকার পথ-ঘাট, ওইখানে মাঠের মধ্যে একটা পুরোনো বাড়ি আছে, গরু পাশে সেই বনটা। সেখানে যেমনি যাই, মজা এই যে অমনি মনে হয় এ তো নতুন নয়, সেই যে একবার ছেলেবেলায় চা-বাগানে থাকতে এসেছিলাম। কিন্তু সে দেশটা যেন অল্প রকম, যখন সেখানে থাকি তখন স্বাভাবিক মনে হ'লেও, পরে মনে হয় সেটা এই পৃথিবীর মত নয়।

সেখানে আমি কতক্ষণ ছিলাম জানি না—উঠে দেখি গাছে ঠেস্ দিয়ে কখন ঘুমিয়ে পড়েছিলাম, কিন্তু এত ঘুম ঘুমিয়েছি—উঠে চোখ মুছে চারিদিকে চেয়ে দেখি প্রায় সন্ধ্যা হয়ে এসেচে। কেবল এইটুকু আমার মনে ছিল, স্বপ্নের দেশে কাকে যেন জিজ্ঞেস করেছিলুম—

বটগাছের নীচে একটা স্নানর ঠাকুর আছেন, শুনেচি বিষ্ণুমূর্তি, আমার বড় ভাল লাগে—
জ্যাঠাইমারা পূজা করেন না কেন? ঘুম কি সতি, কিছুই বুঝতে পারলুম না। মনের সে
আনন্দটা কিন্তু অনেকক্ষণ ধরে ছিল।

জ্যাঠামশায়রা কি একটা মোকদ্দমার সাক্ষীসাবুদ দু-তিন দিন ধরে চণ্ডীমণ্ডপে তালিম
দিয়ে শেখালেন। যে কেউ শুনলে বুঝতে পারতো যে এরা সে-সব জায়গায় যায় নি কন্ধিন-
কালেও—সে-সব ঘটনা দেখেও নি—এঁদের খামার-সংক্রান্ত কি একটা দখলের মামলা।

একদিন সুনলাম মামলার এঁরা জিতেচেন—আবার সেই ব্যাপার দেখলুম বাড়িতে।
গৃহদেবতার প্রতি ভক্তিতে আগ্রুত হয়ে উঠলেন সবাই—মহাসমারোহে পূজা হ'ল, সপক্ষের
যারা সাক্ষী ছিল, তাদের পরম যত্নে তোয়াজ ক'রে খাওয়ালেন। খাওয়ান তাতে ক্ষতি নেই
—কিন্তু দেবতাকে এর লধ্যে জড়ান কেন?

এঁরা ভাবেন কি যে দেবতা তাঁদেরই বাধা, হাতধরা—ঔঁদের মিথ্যাকে অবিচারকেও সমর্থন
করবেন তিনি ভোগ নৈবিশ্বের লোভে?

জ্যাঠাইমা যখন ব্যস্ত হয়ে গরদের শাড়ি প'রে পূজার আয়োজনে ছুটোছুটি করছিলেন,
তখন আমার ভাবি রাগ হ'ল—আজকাল এসব মূঢ়তা আমার আদৌ সঙ্গ হয় না, ছেলেবেলার
মত ভয়ও করি না আর জ্যাঠাইমাকে—ভাবলুম এ নিয়ে খুব তর্ক করি, দু-কথা শুনিরে দেবো,
তাতে ঔঁদের উপকারই হবে—দেবতাকে নিয়ে ছেলেখেলা বন্ধ হবে—কিন্তু সীতা ও মায়ের কথা
ভেবে চূপ ক'রে রইলুম।

॥ ৮ ॥

মাস দুই হ'ল চাকুরি পেয়েছি কলকাতায়। এ চাকুরি পাওয়ার জন্তেও আমি শৈলদির কাছে
কৃতজ্ঞ। শৈলদির স্বামীর এক বন্ধুর যোগাযোগে এটা ঘটেচে। যাদের বাড়ি চাকরি করি,
এরা বেশ বড় লোক।

বাড়ির কর্তা নীলাস্বর রায় হাওড়া জেলার কি একটা গ্রামের জমিদার এবং সেখানকার
তাঁদেরই পূর্বপুরুষের প্রতিষ্ঠিত এক মঠের বর্তমান মালিক—এঁদের মঠের অধীনে একটা
ধর্মসম্প্রদায় গড়ে উঠেচে গত ষাট-সত্তর বছরে এবং এঁরাই সেই সম্প্রদায়ের ধর্মগুরু। বর্তমান,
বীকুড়া, বীরভূম এই তিন জেলাতে এই সম্প্রদায়ের লোক যত বেশী, অল্প জেলাতে তত নয়।
ঔঁদের কাগজপত্র ও দেশের নায়েবের সঙ্গে ঔঁদের যে চিঠিপত্র লেখালেখি হয়েছে—তা থেকেই
আমি এ-সব সংবাদ জানতে পারলাম অল্পদিনের মধ্যেই। এঁদের প্রধান আয় বৈশাখ মাসে
মঠবাড়ির মহোৎসব থেকে—নানা অঞ্চল থেকে শিষ্যসেবকের দল জড় হয়ে সেই সময় বার্ষিক
প্রণামী, পূজা, মানত শোধ দেয়, তা ছাড়া বিবাহ ও অন্নপ্রাশনের সময়ও মঠের গদিতে প্রত্যেক
শিষ্যের কিছু প্রণামী পাঠিয়ে দেওয়া নিয়ম।

নীলাস্বরবাবুর তিন ছেলেই বোর শৌখিন ও উগ্র ধরনের শহুরে বাবু। বড় ছেলে অজয়-
বাবু এঞ্জিনিয়ারিং পড়েছিলেন কিন্তু পাস করেন নি—মেজ ছেলে নবীনবাবু এম-এ পাস, ছোট
ছেলে অমরনাথ এখনও ছাত্র—প্রেসিডেন্সি কলেজে থার্ড-ইয়ারে পড়ে। অজয়বাবুর বয়স
পঞ্চাশের কম নয়, কিন্তু পোশাক-পরিচ্ছদে কুড়ি বছরের ছোকরাও হার মানে তাঁর শৌখিনতার
কাছে—নবীনবাবুর বয়স চল্লিশ-বিয়াল্লিশ, লম্বা, ফর্সা, সুপুরুষ—পেছনের ষাড় একদম স্কর

দিয়ে সাদা বান-করা, চোখে চশমা—প্রায়ই পরনে সাহেবী পোশাক থাকে। বাঙালী পোশাক পরলে পরেন হাত-গিলে-করা মিহি আদির পাঞ্জাবি ও কৌচানো কাঁচি ধুতি, পায়ে কালো এ্যান্ডার্ট জুতো।

কর্তা নীলাশ্বর রায়কে আমি বেশী দেখিনি। তিনি তাঁর ভাকিয়া বালিশ, গড়গড়া, পিকদানী নিয়ে দোতলাতে থাকেন। কালেভদ্রে তাঁর কাছে আমার যাওয়া দরকার হয়। বড় ছেলে অজয়বাবুই কাজকর্ম দেখাশুনা করেন—তাঁর সঙ্গেই আমার পরিচয় বেশী। অজয়বাবু লোক মন্দ নন—কিন্তু নবীনবাবু ও অমরনাথের মুখে প্রথম দিনেই একটা উগ্র দাঙ্কিতার ছাপ লক্ষ্য করলুম। আমি এ ধরনের লোকের সংস্পর্শে জীবনে এ পর্যন্ত আসি নি—কি জানি আমার কোন্ ব্যবহারে এঁরা কি দোষ ধরে ফেলেন—সেই চিন্তা আমার সর্বদা সন্মুখ ক’রে তুললে।

ওদের বাড়ি হরি ঘোষের স্ট্রীটে; বাড়িটার পূর্ব দিকে একটা ছোট গলি—কিন্তু সেই দিকেই বাড়ির সদর। হরি ঘোষের স্ট্রীটের দিকটা রেলিং-বসানো লম্বা বারান্দা—বারান্দার উঠবার সিঁড়ি নেই সেদিকে। রাস্তার ওপরের ছোট ঘরটাতেই আমার থাকবার জায়গা নির্দিষ্ট হ’ল। এই ঘরে আমি যে একলা থাকি তা নয়, পাশাপাশি নীচু চার-পাঁচটা ভক্তাপোশের ওপর চান্দা ফরাস পাতা, তার ওপরে রাতে যে কত লোক শোয় তার হিসেব রাখা শক্ত; এদের দেশের কাছারীর নায়েব কুঞ্জ বসু প্রায়ই আসে কলকাতায়, সে আমার পাশেই বিছানা পাতে, তার সঙ্গে একজন মুহুরী আসে, সে নায়েবের পাশে শোয়। বাড়ির দুজন চাকর শোয় ওদিকটাতে। ওস্তাদজী ব’লে একজন গানের মাস্টার বাড়ির ছেলেমেয়েদের গান ও হারমোনিয়ম বাজাতে শেখায়—সে আর তার একজন ভাইপো শোয় চাকরদের ও আমাদের মধ্যে। এতগুলো অপরিচিত লোকের সঙ্গে একসঙ্গে শোয়া কখনো অভ্যেস নেই—প্রথম দিনেই এদের গল্পগুজব, হাসি-কাশি, তামাকের ধোঁয়া আমাকে অতিষ্ঠ ক’রে তুললে। সীতার মুখ মনে ক’রে সব অসুবিধাকে সহ্য করবার জন্তে প্রস্তুত হই।

একদিন আমি সেরেস্টার ঘরে বসে কাজ করছি—হঠাৎ দেখি মেজবাবু ঘরে ঢুকেচেন। আমি মেজবাবুকে দেখে ভাড়াভাড়ি উঠে দাঁড়ালাম। মেজবাবু চারদিকের দেওয়ালের দিকে চোখ তুলে চেয়ে বললেন—এ ঘরের এই ছবিগুলো নষ্ট হয়ে যাচ্ছে, তুমি নজর রাখো না?

মেজবাবুর সামনাসামনি হওয়া এই আমার প্রথম। আমাকে ‘তুমি’ বলে সম্বোধন করতে আমি মনে আঘাত পেলাম এবং আমার ভয়ও হ’ল। তা ছাড়া ছবি নষ্ট হওয়ার কৈফিয়ত আমি কি দেবো বুঝতে না পেরে চূপ ক’রে আছি, এমন সময় মেজবাবু বাজখাঁই আওয়াজে ডাকলেন—
দৈতারা—

দৈতারা সেরেস্টার কালির বোতল গুনে গুনে আলমারিতে তুলছিল পাশের ঘরে, সে ঘরের পাশে বারান্দায় এসে দাঁড়িয়ে বললে—ছজুর—

—এই উল্লুক, তুমি দেখতে পাও না ঘরের ছবিগুলো নষ্ট হয়ে যাচ্ছে?

দৈতারা ঘরের দেওয়ালের দিকে বিপন্ন মুখে চেয়ে দাঁড়িয়ে রইল।

মেজবাবু হঠাৎ আমার ডেস্ক থেকে রুলটা তুলে নিয়ে তাকে হাতে পিঠে ঘা-কতক বসিয়ে দিয়ে বললেন—স্টুপিড পাজি, বসে বসে শুধু মাইনে খাবে? এক ডজন চাকর বাড়িতে মাইনে দিয়ে রাখা হয়েছে শুধু ফাঁকি দেবার জন্তে? পাড়ো ছবিগুলো এক-একখানা ক’রে—পাড়ো আমার সামনে—

দৈতারীর সে রুলের ঘা যেন আমার পিঠেই পড়ল। আমি ভয়ে ভয়ে দৈতারীকে ছবি পাড়তে সাহায্য করতে লাগলুম। আমি সামান্য মাইনের চাকুরি করি—মেজবাবু আমাকেও

ঠেস্ দিয়ে কথাটা বললেন। তারপর আধঘণ্টা তিনি ঘরে দাঁড়িয়ে রইলেন—আমি ও দৈভারী তাঁর সামনে সমস্ত ছবিগুলো একে একে পেড়ে পরিষ্কার করলাম। সাহস ক'রে যেন মাথা তুলে চাইতে পারলাম না, যেন আমি নিজেই ছবির তদারক না ক'রে প্রকাণ্ড অপরাধ ক'রে ফেলিচি।

সেইদিন প্রথম বুঝলাম আমার মত সামান্য মাইনের লোকের কি পাতির—আর কি মান এঁদের কাছে। সীতার বিয়ের একটা বন্দোবস্ত করতে পারি তবে আবার পড়বো। ছোট বোঁঠাক্কনের কথা এই সময় মনে হ'ল—শৈলদির কথাও মনে পড়ল। কত ধরনের মানুষই আছে সংসারে! অমরনাথবাবুর বৈঠকখানা আমাদের ঘরের সামনে। খুব শৌখীন জিনিস-পত্র সাজানো এবং প্রত্যেক দিনই কোন-না-কোন শৌখীন জিনিস কেনা লেগেই আছে। সে-ঘরে রোজ সন্ধ্যার পর বন্ধুবান্ধবেরা এসে গানের আড্ডা বসায়—কেউ ডুগি-তবলা, কেউ হারমোনিয়ম বাজায়—গান-বাজনায় অমরবাবুর খুব ঝোঁক। সে-দিন আড়াইশো টাকার একটা গানের যন্ত্র রাখবার কাঁচের আলমারি কেনা হ'ল। তিনি কলেজের ছাত্র বটে, কিন্তু আমি পড়াশুনা করতে একদিনও দেখিনি তাঁকে। একদিন বেলা দশটার সময় অমরনাথবাবু ঘরে ঢুকে বললেন—ওহে, পাঁচটা টাকা দাও তো, আছে তোমার কাছে?

আমি প্রথমটা অবাক হয়ে গেলাম। আমার কাছে টাকা চাইতে এসেচেন ছোটবাবু! ব্যস্তভাবে আমার বাসন্তী খুলে টাকা বার ক'রে সসন্ত্রমে তাঁর হাতে দিলাম। দিনকতক কেটে গেল, আর একদিন তিনটে টাকা চাইলেন। মাইনের টাকা সব এখনও পাইনি—দশটা টাকা মোটে পেয়েছিলাম—তা থেকে দিয়ে দিলুম আট টাকা। দু-তিন মাসে ছোটবাবু আমার কাছে পঁচিশ টাকা নিলেন—বাড়ির ও আমার হাতধরচ বাদে যা-কিছু বাড়তি ছিল, সবই তাঁর হাতে তুলে দিলাম।

একদিন দাদা চিঠি লিখলে—তার বিশেষ দরকার। পনেরটা টাকা যেন আমি পাঠিয়ে দিই। আমার হাতে তখন মোটেই টাকা নেই। ভাবলুম, ছোটবাবুর টাকাটা তো দেওয়ার কথা এতদিনে—দিচ্ছেন না কেন! বড়মাছবের ছেলে, সামান্য টাকা খুচরো কিছু কিছু ক'রে নেওয়া, সে ওর মনেই নেই বোধ হয়। লজ্জায় চাইতেও পারলাম না। অগত্যা বারোটা টাকা আগাম পাওয়ার জন্তে একটা দরখাস্ত করলুম। সে-দিন আপিসে আবার বসেচেন মেজবাবু। দরখাস্ত পড়ে আমার দিকে চেয়ে বললেন—কি হবে তোমার আগামটাকা?

মেজবাবুকে আমার বড় ভয় হয়। বললুম—দাদা চেয়ে পাঠিয়েচেন, হাতে আমার কিছু নেই তাই।

মেজবাবু বললেন—তুমি কতদিন শেরশায় কাজ করচ? চার মাস মোটে? না, এত কম দিনের লোককে এ্যাডভান্স দেওয়া স্টেটের নিয়ম নেই—তা ছাড়া তুমি তো এখনও পাকা বহাল হওনি—এখনও প্রোবেশনে আছ।

কই, চাকুরিতে ঢোকবার সময় সে-কথা তো কেউ বলেনি যে আমি প্রোবেশনে বাহাল হচ্ছি বা কিছু। যাই হোক দরখাস্ত কিরিয়ে নিয়ে এলাম; দাদাকে টাকা পাঠানো হ'লই না, এদিকে ছোটবাবুও টাকা দিলেন না, ভুলেই গিয়েচেন দেখি সে-কথা। প্রথমে আসবার সময় ভেবেছিলাম এঁরা কোন দেবস্থানের সেবায়ত, সাধু-মোহান্ত মানুষ হবেন—ধর্মের একটা দিক এঁদের কাছে জানা যাবে—কিন্তু এঁরা ষোর বিলাসী ও বিষয়ী, এখন তা বুঝি। মেজবাবু এই চার মাসের মধ্যে এটর্নির বাড়ি পাঠিয়েচেন আমার যে কতদিন, কোথায় আমি নিয়ে ইম্প্রুভমেন্ট ট্রাস্টের সঙ্গে প্রকাণ্ড মোকদ্দমা চলচে—এ বাদে কুঞ্জ নায়েব তো প্রায়ই দেশ

থেকে আপীলের কেস্ আনচেন। মেজবাবু মামলা-মোকদ্দমা নাকি খুব ভাল বোঝেন, কুঞ্জ নায়েব সেদিন বল্ছিল।

অপরে কি ক'রে ধর্ম্মাহুষ্ঠান করে, তারা কি মানে, কি বিশ্বাস করে, এসব দেখে বেড়াতে আমার বড় ভাল লাগে।

একদিন হাওড়া পুলের ওপারে হেঁটে অনেক দূর বেড়াতে গেলুম। এক জায়গায় একটা ছোট মন্দির, জায়গাটা পাড়াগাঁ-মত, অনেক মেয়েরা জড় হয়েছে, কি পূজো হচ্ছে। আমি মন্দির দেখে সেখানে দাঁড়িয়ে গেলাম—দেবতার স্থানে পূজা-অর্চনা হ'তে দেখলে আমার বড় কৌতূহল হয় দেখবার ও জানবার জন্তে। একটা বড় বটগাছের তলায় ছোট্ট মন্দিরটা, বটের খুরি ও শেকড়ের দৃঢ় বন্ধনে আর্ষ্টেপূষ্টে বাঁধা—মন্দিরের মধ্যে সিঁহুর-মাথানে গোল গোল পাথর, ছোট্ট একটা পেতলের মূর্তিও আছে। শুনলাম ষষ্ঠীদেবীর মূর্তি। বাড়ি থেকে মেয়েরা নৈবিত্তি সাজিয়ে এনেচে, পুরুত ঠাকুর পূজো ক'রে সকলকে ফুলবেলপাতা নির্খাল্য দিলেন—ছেলেমেয়েদের মাথায় শাস্তিজল ছিটিয়ে দিলেন। সবাই সাধাআসারে কিছু কিছু দক্ষিণা দিলে পুরুত ঠাকুরকে, তারপর নিজের নিজের ছেলেমেয়েদের নিয়ে, নৈবিত্তির খালি থালা হাতে সবাই বাড়ি চলে গেল। কাছেই একটা পুকুর, পুরুত ঠাকুর আমার হাতেও দুখানা বাতাসা ও ফুলবেলপাতা দিয়েছিলেন—বাতাসা দুখানা খেয়ে পুকুরে জল খেলাম—ফুলবেলপাতা পকেটে রেখে দিলাম। ছোট্ট গ্রামখানা—দূরে রেলের লাইন, ভাঙা পুকুরের ঘাটটা নির্জন, চারি-ধারেই বড় বড় গাছে ঘেরা—শান্ত, স্তব্ধ অপরাহ্ন—অনেক দিন পরে এই পূজোর ব্যাপারটা, বিশেষ ক'রে মেয়েদের মুখে একটা ভক্তির ভাব, পূজোর মধ্যে একটা অনাড়ম্বর সারল্য আমার ভাল লাগল।

হাওড়া-পুল পার হয়েচি, এক জায়গায় একজন ভিখারিণী আধ-অন্ধকারের মধ্যে চেঁচিয়ে কার সঙ্গে বগড়া করতে আর কাঁদচে। কাছে গিয়ে দেখলাম ভিখারিণী অন্ধ, বেশ ফর্সা রং, হিন্দুস্থানী—বুদ্ধা না হ'লেও প্রোঢ়া বটে। তার সামনে একখানা ময়লা ত্রাকড়া পাতা—সেটাতে একটা পয়সাও নেই—গোটা-দুই টিনের কালো তোবড়া মগ, একটা ময়লা পুঁটুলি, একটা ভাঁড়—এই নিয়ে তার কারবার। সে একটা সাত-আট বছরের মেয়ের সঙ্গে বগড়া করতে—হিন্দীতে বলচে—তুই অমন ক'রে মারবি কেন? তোকে আমি ভিক্ষে ক'রে খাইয়ে এত বড়টা করলাম আর তুই আমাকেই মার দিতে শুরু করলি—আমার কপাল পোড়া, নইলে নিজের পেটের সস্তান এমন বদ হবে কেন? ত্বাখ দেখি কি দিয়ে মারলি, কপালটা কেটে গেছে—

মেয়েটা হি-হি ক'রে হাসচে এবং কৌতূকের সঙ্গে রাস্তা থেকে ধুলো বালি খোয়া কুড়িয়ে ছুঁড়ে ছুঁড়ে মাকে মারছে।

আমি মেয়েটাকে একটা কড়া ধমক দিয়ে বললাম—ফের মাকে যদি অমন করবি, তবে পুলিশে ধরিয়ে দেবো। পকেটে হাত দিয়ে দেখি, আনা সাতেক পয়সা আছে—সেগুলো সব তার ময়লা নেকড়াখানার রেখে দিয়ে বললুম—তুমি কেঁদো না বাছা—আমি কাল এসে তোমায় আরও পয়সা দেবো। তোমার মেয়ে আর মারবে না। যদি মারে তো বলে দিও, কাল আমি দেখে নেবো—

এমন ছয়ছাড়া করুণ হ্রুবস্থার রূপ জীবনে কোনদিন দেখিনি। পরদিন হাওড়া-পুলে গিয়েছিলাম কিন্তু সেদিন বা আর কোনদিন সেই অন্ধ ভিখারিণীর দেখা পাইনি। তাকে কত খুঁজেছি, ডগবান জানেন। প্রতিদিন শোবার আগে তার কথা আমার মনে হয়।

মনে মনে বলি, আটঘরার বটতলায় তোমায় প্রথম দেখেছিলুম ঠাকুর, তোমার মুখে অত

করণী মাখানো, মানুষকে এত কষ্ট দাও কেন ? তা হবে না, তার ভাল করতেই হবে তোমার, তোমার আশীর্বাদের পুণ্যধারায় তার সকল দুঃখ ধুয়ে কেলেতে হবে তোমাকে ।

এর মধ্যে একদিন কালীঘাটের মন্দিরে গেলুম ।

সেদিন বেজায় ভিড়—কি একটা তিথি উপলক্ষে মেলা যাত্রী এসেচে । মেয়েরা পিষে যাচ্ছে ভিড়ের মধ্যে, অথচ কেউ এদের স্নবিধে-অস্নবিধে দেখবার নেই । আমার সামনেই একটি তরুণী বধু হৌচট খেয়ে পড়ে গেল—আমি একজন প্রৌঢ়া বিধবাকে বললাম—গেল, গেল, ও মেয়েটির হাত ধরে তুলুন—। কাদামাখা কাপড়ে বধুটি দিশাহারা ভাবে উঠে দাঁড়াল, আমি তার সন্ধের লোকদের খোঁজ নিয়ে ভিড়ের ভেতর থেকে অতিকষ্টে খুঁজে বার করলাম—ভিড়ের দ্বারা চালিত হয়ে তারা অনেক দূর গিয়ে পড়েছিল । এত করেও অনেকেই দেবদর্শন ঘটল না, পাণ্ডারা সকলকে মন্দিরে ঢুকতে দিচ্ছে না শুনলুম, কেন তা জানিনে । মেয়েদের দুঃখ দেখে আমার নিজের ঠাকুর দেখার ইচ্ছে আর রইল না ।

আষাঢ় মাসের শেষ দিন । বৈকালের দিকটা মেজবাবু মোটরে বেরিয়ে গিয়েছিলেন, বেলা পাঁচটার সময় ফিরে এসে আমার হিসেবের খাতা দেখাতে ভেঁকে পাঠালেন । রোজ তিনি দুপুরের পরে আপিসে বসে খাতা সই করেন, আজ তিনি ছিলেন না । মেজবাবুকে খাতা দেখানো বড় মুশকিলের ব্যাপার, আবার মেজবাবুকে আমার একটু ভয় হয়, তার ওপরে তিনি প্রত্যেক খরচের খুঁটিনাটি কৈফিয়ত চাইবেন । খাতা দেখতে দেখতে মুখ না তুলেই বললেন—তামাকওয়ালার ভাউচার কোথায় ?

আমি বললাম—তামাকওয়ালার ভাউচার দেয়নি । খুচরো দোকান—ওরা ভাউচার রাখেনা—

মেজবাবু জ্র কুঁচকে বললেন—কেন, নবীন মুছরী তো ভাউচার আনতো ?

তাঁর মুখ দেখে মনে হ'ল তিনি আমার অবিশ্বাস করছেন । আমি জানি নবীন মুছরী যেখানে ভাউচার গেলে না—মনিবকে বুঝিয়ে দেবার জন্তে সেখানে ভাউচার নিজেই বানাতো । আমি সে মিথ্যার আশ্রয় নিই না । বললাম—আপনি জেনে দেখবেন ওরা ভাউচার কখনো দেয় না । আমি এসে পর্য্যন্ত তো দেখছি—

আমি যেখানে দাঁড়িয়ে কথা বলছি, তার সামনেই বড় জানালা—তার ঠিক ওপরে—মেজবাবুর অফিসের সামনাসামনি একটা শানবীধানো চাতাল । অন্দরমহলের একটা দোর দিয়ে চাতালটার আসা যায় ব'লে জানলায় প্রায়ই পরদা টাঙানো থাকে । আজ সেটা গোটানো ছিল ।

আমি একবার মুখ তুলতেই জানালা দিয়ে নজর পড়ল, অন্দরের দরজার কাছে দাঁড়িয়ে কাদের ছোট্ট একটি খোকা, নিতান্ত ছোট, বছর দুই বয়স হবে । বোধ হ'ল যেন দরজা খোলা না পেয়ে চূপ করে দরজার বাইরে দাঁড়িয়ে আছে । আমি ভাবছি, বেশ খোকাটি তো, কাদের খোকা? এ বাড়িতে যতদূর জানি অত ছোট ছেলে কারুর তো নেই? এ ওখানে এল কার সঙ্গে ? মেজবাবু বললেন—এদিকে মন দাও, ওদিকে কি দেখ ?

আমি বললাম—কাদের খোকা দাঁড়িয়ে রয়েছে ওখানে—আঙুল দিয়ে দেখিয়ে বললাম—ওই যে দাঁড়িয়ে রয়েছে চাতালের দরজায়, বাড়িতে ঢুকতে পাচ্ছে না বোধ হয় ।

মেজবাবু সেদিকে চেয়ে বললেন—কই ? কোথায় কে ?

ঠিক সেই সময় অন্দরের দরজা খুলে মেজবাবুর স্ত্রী (তাঁকে অনেকবার মোটরে উঠতে-

নামতে দেখেচি) বার হয়ে এলেন এবং খোকাকে কোলে তুলে নিলেন। আমি চোখ নামিয়ে নিলাম। মেজবাবু বললেন—কোথায় তোমার খোকা না কি ?

আমি বিস্মিত হয়ে বললাম—বা রে, ওই তো উনি খোকাকে কোলে নিলেন !

চোখ তুলে চাতালের দিকে চেয়ে মেজবাবুর স্ত্রীকে আর দেখতে পেলাম না, অন্যরের দরজাও বন্ধ, নিয়ে বোধ হয় বাড়ির মধ্যে চলে গিয়েছেন। মেজবাবু বললেন—কে নিয়ে গেলেন ? উনি মানে কি ? কি বকচ পাগলের মত !...

মেজবাবু আমার দিকে কেমন এক ধরনে চেয়ে রয়েছেন দেখলাম। আমি তাঁর সে দৃষ্টির সামনে খতমত খেয়ে গেলাম—আমার মনে হ'ল মেজবাবু সন্দেহ করছেন আমার মাথা খারাপ আছে নাকি ? সঙ্গে সঙ্গে বিস্মিত হলুম একথা ভেবে যে এই গুঁর স্ত্রী দরজা খুলে এলেন, খোকাকে কোলে তুলে নিলেন, এই তো দিনমানে আর এই ত্রিশ হাতের মধ্যে চাতাল, এ উনি দেখতে পেলেন না কেন ? পরক্ষণেই চট ক'রে আমার সন্দেহ হ'ল আমার সেই পুরানো রোগের ব্যাপার এর মধ্যে কিছু আছে নাকি ? এত সাধারণ ও স্বাভাবিক ঘটনার মধ্যে যে অল্প কিছু আছে বা হতে পারে, এ এতক্ষণ আমার মনেই গুঠেনি। তা হ'লে কোন কথা কি বলতাম ? এক্ষুনি চাকুরি থেকে ছাড়িয়ে দিতে পারে। বলতেই পারে, এর মাথা খারাপ, একে দিয়ে চলাবে না।

কিন্তু আমার বড় কোঁতুহল হ'ল। সন্ধ্যার সময় মোহিনী ঝি আমার বারান্দার সামনে দিয়ে যাচ্ছে, তাকে জিজ্ঞেস করলুম—শোন, আচ্ছা বাড়িতে দেড়-বছর ছু'বছরের খোকা কার আছে বল তো ? ঝি বললে—এত ছোট খোকা তো কারর নেই !

সেইদিন রাত বারোটায় খুব হৈ-ঠৈ। মেজবাবুর স্ত্রীর অবস্থা সঙ্কটাপন্ন, লোক ছুটলো ডাক্তার আনতে। মেজবাবুর স্ত্রী যে অন্তঃসত্ত্বা ছিলেন বা সন্ধ্যার পর থেকে পাস-করা ধাত্রী এসে বসে আছে এ-সব কথা তখন আমি শুনলাম। কারণ সবাই বলাবলি করচে। শেষরাত্রে শুনলাম তাঁর একটি পুত্রসন্তান হয়েছে।

মনে মনে বিস্মিত হ'লেও কারও কাছে এ নিয়ে আর কোন কথা বললাম না। নিজেই দেখি, অথচ নিজেই বুঝিনে এ-সবের মানে কি। চূপচাপ থাকাই আমার পক্ষে ভাল।

এই ঘটনার পরে আমার ভয় হ'ল আমার সেই রোগ আবার আরম্ভ হবে। ও যখন আসে তখন উপরি-উপরি অনেকবার হয়—তার পর দিনকতকের জন্তে আবার একেবারেই বন্ধ থাকে। এইবার বেশী ক'রে শুরু হ'লে আমার চাকুরি যুচে যাবে—সীতার কোন কিনারাই করতে পারব না।

মেজবাবু হিসেবের খাতা লেখার কাজ দিলেন নবীন মুছরীকে। তার ফলে আমার কাজ বেজায় বেড়ে গেল—ঘুরে ঘুরে এঁদের কাজে খিদিরপুর, বরানগর, কালীঘাট করতে হয়—আর দিনের মধ্যে সতের বার দোকানে বাজারে যেতে হয় চাকরকে সঙ্গে নিয়ে। খাওয়ান-দাওয়ান নির্দিষ্ট সময় নেই, দিনে রাতে শুধু ছুটোছুটি কাজ। এই দোকানের হিসেব নবীন মুছরীকে বুঝিয়ে দেওয়া একটা ঝঞ্ঝাট—রোজ সে আমাকে অপমান করে ছুতোয়-নাত্যয়, আমার কথা বিশ্বাস করে না, চাকরদের জিজ্ঞেস করে আড়ালে সত্যি সত্যি কি দরে জিনিসটা এনেচি। সীতার মুখ মনে ক'রে সবই সহ্য ক'রে থাকি।

কার্ত্তিক মাসে ওদের দেশের সেই মহোৎসব হবে—আমাদের সকলকে দেশে পাঠানো হ'ল। আমি অনেক আগে থেকেই শুনে আসচি—অত্যন্ত কোঁতুহল ছিল দেখবো ওদের

সাম্প্রদায়িক ধর্ম্মাছুষ্ঠান কি রকম ।

গ্রামে এঁদের প্রকাণ্ড বাড়ি, বাগান, দীঘি, এঁরাই গ্রামের জমিদার । তবে বছরে এই একবার ছাড়া আর কখনও দেশে আসেন না । কুঞ্জ নামের বাকী দশ মাস এখানকার মালিক ।

একটা খুব বড় ফাঁকা মাঠে মেলা বসেচে—এখানকার দোকান-পসারই বেশী । অনেকগুলো খাবারের দোকান, মাটির খেলনার দোকান, মাদুরের দোকান ।

একটা বড় বটগাছের তলাটা বাঁধানো, সেটাই নাকি পীঠস্থান । লোকে এসে সেইখানে পূজা দেয়—আর বটগাছটার ডালে ও ঝুরিতে ইঁট বাঁধা ও লাল নীল নেকড়া বাঁধা । লোকে মানত করার সময় ওই সব গাছের গায়ে বেঁধে রেখে যায়, মানত শোধ দেওয়ার সময় এসে খুলে দিয়ে পূজা দেয় । বটতলার সারি সারি লোক ধর্না দিয়ে শুয়ে আছে, মেয়েদের ও পুরুষদের ধর্না দেওয়ার জায়গা আলাদা আলাদা ।

বড়বাবু ও মেজবাবুতে মোহস্তের গদিতে বসেন—কর্ত্তা নীলাধর রায় আসেননি, তাঁর শরীর সুস্থ নয় । এঁদের বেদীর ওপরে আশপাশে তাকিয়া, ফুল দিয়ে সাজানো, সামনে বক্বক্কে প্রকাণ্ড রূপোর থালাতে দিন-রাত প্রণামী পড়চে । ছুটো থালা আছে—একটাতে মোহস্তের নজর, আর একটাতে মানত ও পূজোর প্রণামী ।

নবীন মুহুরী, বেচারাম ও আমার কাজ হচ্ছে এই সব টাকাকড়ির হিসেব রাখা । এর আবার নানা রকম রেট বাঁধা আছে, যেমন—পাঁচ সিকার মানত থাকল গদীর নজর এক টাকা, তিন টাকার মানতে দু'টাকা ইত্যাদি । কেউ কম না দেয় সেটা মুহুরীদের দেখে নিতে হবে, কারণ মোহস্তেরা টাকাকড়ির সম্বন্ধে কথা বলবেন না ।

কাজের ফাঁকে আমি বেড়িয়ে দেখতে লাগলাম চারিধার । সবারই সঙ্গে মিশে এদের ধর্ম্ম-মতটা ভাল করে বুঝবার আগ্রহে যাদের ভাল লাগে তাদেরই নানা কথা জিজ্ঞেস করি, আলাপ করে তাদের জীবনটা বুঝবার চেষ্টা করি ।

কি অদ্ভুত ধর্ম্মবিশ্বাস মানুষের তাই ভেবে অবাক হয়ে যাই । কতদূর থেকে যে লোক এসেচে পৌঁটলাপুঁটিলি বেঁধে, ছেলেমেয়ে সঙ্গে নিয়েও এসেচে অনেকে । এখানে থাকবার জায়গা নেই, বড় একটা মাঠে লোকে এখানে-ওখানে এই কাণ্ডিক মাসের হিমে চট, শতরঞ্জি, হোগলা, মাদুর যে যা সংগ্রহ করতে পেরেছে তাই দিয়ে থাকবার জায়গা তৈরি করে তারই তলায় আছে—কেউ বা আছে শুধু গাছতলাতে । যে যেখানে পারে মাটি খুঁড়ে কি মাটির ঢেলা দিয়ে উন্নত বানিয়ে রান্না করচে । একটা সজ্জনে-গাছতলায় এক বুড়ী রান্না করছিল—সে একাই এসেচে ছগলী জেলার কোন্ গাঁ থেকে । তার এক নাতি ছগলীর এক উকিলের বাসার চাকর, তার ছুটি নেই, বুড়ী প্রতি বছর একা আসে ।

আমায় বললে—বড় জাগ্রত ঠাকুর গো বটতলার গোসাঁই । মোর মালুসি গাছে ক্যাটাল মোটে ধরতো নি, জালি পড়ে আর খসে খসে যায় । তাই বন্ধু বাবার থানে ক্যাটাল দিয়ে আসবো, হে ঠাকুর ক্যাটাল যেন হয় । বললে না পেত্যয় যাবে ছোটর-বড়র এ-বছর সত্তেরো গণ্ডা এঁচড় ধরেচে গোসাঁইয়ের কিরুপায় ।

আর এক জায়গায় খেজুরডালের কুঁড়েতে একটি বৌ ব'সে রাঁধচে । আর তার স্বামী কুঁড়ের বাইরে ব'সে খোল বাজিয়ে গান করচে । কাছে যেতেই বসতে বললে । তারা জাতে কৈবর্ত্ত, বাড়ি খুলনা জেলায়, পুরুষটির বয়স বছর চল্লিশ হবে । তাদের ছোট্ট একটি ছেলে মায়ের কাছে ব'সে আছে, তারই মাথার চুল দিতে এসেচে ।

পুরুষটির নাম নিমচাঁদ মণ্ডল । স্বামী-স্ত্রী দু-জনেই বড় ভক্ত । নিমচাঁদ আমার হাতে

একখানা বই দিয়ে বললে—পড়ে শোনাও তো বাবু, দু-আনা দিয়ে মেলা থেকে কাল কেনলাম একখানা। বইখানার নাম 'বটতলার কীর্ত্তন'। স্থানীয় ঠাকুরের মাহাত্ম্যসূচক তাতে অনেকগুলো ছড়া। বটতলার গোসাঁই ব্রহ্মার সঙ্গে পরামর্শ করে এখানে এসে আস্তানা বেঁধেচেন, কলিরাজ ডরে তাঁর সঙ্গে এই সন্ধি করলে যে বটতলার হাওয়া যত দূর যাবে ততদূর পর্যন্ত কলির অধিকার থাকবে না। বটতলার গোসাঁই পানীর মুক্তিদাতা, সর্ব জীবের আশ্রয়, সাক্ষাৎ শ্রীহরির একাদশ অবতার।

কলিতে নতুন রূপ শুন মন দিয়া
বটতলে স্থিতি হৈল ভক্তদল নিয়া
খেদে কহে কলিরাজ, এ বড় বিষম কাজ
যোর দশা কি হবে গোসাঁই ?
ঠাকুর কহিলা হেসে, মনে না করিহ ক্লেশে
থান ত্যজি কোথাও না যাই।
শ্রীদাম সুবল সনে হেথায় আসিব
বটমূলে বৃন্দাবন সৃষ্টি করি নিব।

নিমচাঁদ শুনতে শুনতে ভক্তিগদগদকণ্ঠে বললে—আহা! আহা! বাবার কত মীলাখেলা! তার স্ত্রীও কুঁড়ের দোরগোড়ায় এসে বসে শুনচে। মানে বুঝলাম এরা নিজেরা পড়তে পারে না, বইপড়া শোনার আনন্দ এদের কাছে বড় নতুন, তা আবার যার ওরা ভক্ত, সেই বটতলার গোসাঁই সম্বন্ধে বই।

নিমচাঁদ বললে—আচ্ছা, বটতলার হাওয়া কত দূর যায় দা-ঠাকুর ?

—কেন বল তো ?

—এই যে বলচে কলির অধিকার নেই ওর মধ্যি, তা কত দূর তাই শুধুচি।

—কত দূর আর, তা আধ ক্রোশ, বড়জোর—

নিমচাঁদ দীর্ঘনিঃশ্বাস ফেলে কি ভেবে বললে—কি করবো দা-ঠাকুর, দেশে লাঙল-গরু করে ফেলেচি, কুড়ো-তুই জমিতে এবার বাগুন রুইয়ে রেখে এসেচি—নয়ত এ বাবার থান ত বিন্দাবন, আপনি পড়লেন—এ স্বগ্গো ছেড়ে বিলির মোষের মত বিলি কিরে যাই দা-ঠাকুর ? কি বলিস রে তুই, সরে আয় না এদিকে, দা-ঠাকুরকে লজ্জা কি, উনি তো ছেলেমানুষ।

নিমচাঁদের স্ত্রী গলার সুরকে খুব সংযত ও মিষ্টি করে, অপরিচিত পুরুষ মাহুষের সামনে কথা বলতে গেলে মেয়েরা যেমন সুরে কথা বলে তেমনি ভাবে বললে—হ্যাঁ ঠিকই তো। বাবার চরণের তলা ছেড়ে কোথাও কি যেতে ইচ্ছে করে ?

নিমচাঁদ বললে—দু-ঘণ কোষ্টা ছিল ঘরে, তা বলি বিক্রী করে চল বাবার থানে বাবার ছিচরণ দর্শন করে আসি আর অমনি গঙ্গাছেনটাও সারবো। টাকা বাবা যোগাবেন, সেজন্ত ভাবিনে। ওরে শোন, কাল তুই তো ধম্মা দিবি সকালে, আজ রাতে ভাতে জল দিয়ে রেখে দিস—

জিজ্ঞেস করে জানলাম ছেলের অসুখের জন্তে ধর্মা দেবার ইচ্ছে আছে ওদের।

নিমচাঁদের বৌ বললে—বুঝলেন দাদাঠাকুর, খোকার মামা ওর মুখ দেখে তিনটে টাকা দিলে খোকার হাতে। তখন পয়সার বড় কষ্ট যাচ্ছে, কোষ্টা তখন জলে, কাচলি তো পয়সা করে আসবে ? তো বলি, না, এ টাকা খরচ করা হবে না। এ রইল তোলা বাবার থানের

জন্মিত। মোহন্ত বাবার গদীতে দিয়ে আসব।

সেই দিন বিকেলে নিমচাঁদ ও তার বো পূজো দিতে এল গদীতে। নবীন মুছরী তাদের কাছে রেট-মত প্রশামী ও পূজোর খরচ আদায় করলে অবিশ্রি—তা ছাড়া নিমচাঁদের বো নিজের হাতে সেই তিনটে টাকা বড়বাবুর সামনের রুপোর থালায় রেখে দিয়ে বড়বাবুর পায়ের ধুলো নিয়ে কোলের খোকায় মাথায় মুখে দিয়ে দিলে।

তার পর সে একবার চোখ তুলে মোহন্তদের দিকে চাইলে এবং এদের ঐশ্বৰ্য্যের ঘটতেই সম্ভবত অবাক হয়ে গেল—বুদ্ধিহীন চোখে শ্রদ্ধা ও সঙ্কমের সঙ্গে টাকা-পয়সাতে পরিপূর্ণ ঝকঝকে রুপোর থালাটার দিকে বার-কতক চাইলে, রডীন শালু ও গাঁদাফুলের মালায় মোড়া থামগুলোর দিকে চাইলে—জীবনে এই প্রথম সে গোসাঁইয়ের থানে এসেচে, সব দেখেগুনে লোকের ভিড়ে, মোহন্ত মহারাজের আড়ফরে, অনবরত বর্ষণরত প্রশামীর ঝঝমানি আওয়াজে সে একেবারে মুগ্ধ হয়ে গেল। কতক্ষণ হাঁ করে দাঁড়িয়ে রইল, বাইরে থেকে ক্রমাগত লোক ঢুকচে, তাকে ক্রমশঃ ঠেলে একধারে সরিয়ে দিচ্ছে, তবুও সে দাঁড়িয়েই আছে।

ওকে কে একজন ঠেলা দিয়ে এগিয়ে আসতে গেল, আমি ওর দিক থেকে চোখ ফেরাতে পারিনি। ওর মুখচোখের মুগ্ধ ভক্তিস্বরূপ দৃষ্টি আমারও মুগ্ধ করেচে—এ এক নতুন অভিজ্ঞতা আমার জীবনের, এই বাজে শালুর বাহার আর লোকের হৈ চৈ আর মেজবাবু, বড়বাবুর চশমা-মণ্ডিত দাস্তিক মুখ দেখে এত ভাব ও ভক্তি আসে!—যে ঠেলা দিয়ে এদিকে আসছিল, আমি তাকে ধমক দিলুম। তার পর ওর চমক ভাঙতে কিরে বাইরে বেরিয়ে গেল।

ওরা চলে গেলে একটি বৃদ্ধা এল, তার বয়স অনেক হয়েছে, বয়সে গলার সুর কেঁপে গিয়েচে, হাত কাঁপচে, সে তার আঁচল থেকে একটি আধুলি খুলে থালায় দিতে গেল। নবীন মুছরী বললে—রও গো, রাখ—আধুলি কিসের?

বৃদ্ধী বললে—এই-ই ঠা-কু-রে-র মা-ন-ত শো-ধে-র পে-র-ণা-মী—

নবীন মুছরী বললে—পাঁচ সিকের কমে ভোগের পূজো নেই—পাঁচ সিকিতে এক টাকা গদীর নজর—

বৃদ্ধী শুনেতে পায় না, বললে—কত?

নবীন আঙুল দেখিয়ে চোঁচিয়ে বললে—এক টাকা—

বৃদ্ধী বললে—আর নে-ই, মা-দু-র কি-নে-লা-য ছ-আ-না-র, আর—

নবীন মুছরী আধুলি ফেরত দিয়ে বললে—নিয়ে যাও, হবে না। আর আট আনা নিয়ে এস—

বড়বাবু একটা কথাও বললেন না। বৃদ্ধী কাঁপতে কাঁপতে ফিরে গেল এবং ঘটখানেক পর সিকিতে, দু আনিতে, পয়সাতে একটা টাকা নিয়ে এসে প্রশামীর থালায় রাখলে।

ওরা চলে গেলে আমার মনে হ'ল এই সরল, পরম বিশ্বাসী পল্লীবধু, এই বৃদ্ধা ওদের কষ্টার্জিত অর্থ কাকে দিয়ে গেল—মেজবাবুকে, বড়বাবুকে? এই এত লোক এখানে এসেছে, এরা সবাই চাষী গরীব গৃহস্থ, কি বিশ্বাসে এখানে এসেছে জানি নে—কিন্তু অগ্নানবদনে খুশীর সঙ্গে এদের টাকা দিয়ে যাচ্ছে কেন? এই টাকায় কলকাতায় ওঁদের স্ত্রীরা গহনা পরবেন, মোটরে চড়বেন, থিয়েটার দেখবেন, ওঁরা মামলা করবেন, বড়মাল্লুশি, সাছেবিয়ানা করবেন—ছোটবাবু বন্ধুবান্ধব নিয়ে গানবাজনার মজলিসে চপ-কাটলেট ওড়াবেন, সেই জন্তে?

পরদিন সকালে দেখলাম নিমচাঁদের স্ত্রী পুকুরে স্নান করে সারাপথ সাষ্টাঙ্গ নমস্কার করতে করতে ধুলোকাটা-মাথা গায়ে বটলার ধর্ণা দিতে চলেচে—আর নিমচাঁদ ছেলে কোলে নিয়ে

ছলছল চোখে তার পাশে পাশে চলেচে।

সেই দিন রাত্রে শুনলাম মেলায় কলেরা দেখা দিয়েচে। পরদিন হুপুরবেলা দেখি বটতলার সামনের মাঠটা প্রায় ফাঁকা হয়ে গিয়েচে, অনেকেই পালিয়েচে। নিমচাঁদের কুঁড়েঘরের কাছে এসে দেখি নিমচাঁদের স্ত্রী বসে—আমার দেখে কেঁদে উঠল। নিমচাঁদের কলেরা হয়েছে কাল রাত্রে—মেলায় যারা তদারক করে, তারা ওকে কোথায় নাকি নিয়ে যেতে চেয়েচে, মাঠের ওদিকে কোথায়। আমি ঘরে ঢুকে দেখি নিমচাঁদ ছটফট করতে, খুব ঘামচে।

নিমচাঁদের স্ত্রী কেঁদে বললে—কি করি দাদাঠাকুর, হাতে শুধু যাবার ভাড়াটা আছে—কি করি কোথা থেকে—

মেজবাবুকে কথাটা বললাম গিয়ে—তিনি বললেন—লোক পাঠিয়ে দিচ্ছি, ওকে সিগ্রিগেশন ক্যাম্পে নিয়ে যাও—মেলায় ডাক্তার আছে সে দেখবে—

নিমচাঁদের বৌ-এর কি কান্না ওকে নিয়ে যাবার সময়। আমরা বোঝালুম অনেক। ডাক্তার ইন্জেকশন দিলে। মাঠের মধ্যে মাহুর দিয়ে সিগ্রিগেশন ক্যাম্প করা হয়েছে—অতি নোংরা বন্দোবস্ত। সেখানে সেবাসুক্ষ্মর কোন ব্যবস্থাই নেই। ভাবলুম চাকুরি যায় যাবে, ওকে বাঁচিয়ে তুলব, অন্ততঃ বিনা তদারকে ওকে মরতে দেবো না। সারারাত জেগে রোগীকে দেখা-শুনা করলুম একা। সিগ্রিগেশন ক্যাম্পে আরও চারটি রোগী এল—তিনটে সন্ধ্যার মধ্যেই মরে গেল। মেলায় ডাক্তার অবিশ্বাস নিয়মত দেখলে। এদের পরস্না নিয়ে যারা বড়-মাহুর, তারা চোখে এসে দেখেও গেল না কাউকে। রাত্রিটা কোন রকমে কাটিয়ে বেলা উঠলে নিমচাঁদও মারা গেল। সে এক অতি করুণ ব্যাপার! ওদের দেশের লোক খুঁজে বার করে নিমচাঁদের সংস্কারের ব্যবস্থা করা গেল। নিমচাঁদের স্ত্রীর দিকে আমি আর চাইতে পারি নে—বটতলায় ধর্ণা দেওয়ার দিন থেকে সেই যে সে উপবাস করে আছে, গোলমালে আর তার খাওয়াই হয়নি। রক্ষ চুল একমাথা, সেই ধূলিধূসরিত কাপড়—খবর পেয়ে সে ধর্ণা ফেলে বটতলা থেকে উঠে এসেছে—চোখ কেঁদে কেঁদে লাল হয়েছে, যেন পাগলীর মত দৃষ্টি চোখে। এখন আর সে কাঁদতে না, শুধু কাঠের মত বসে আছে, কথাও বলে না, কোনো দিকে চায় না।

মেজবাবুকে বলাতে তিনি ওকে দেশে পাঠিয়ে দেওয়ার খরচ দু-টাকা মঞ্জুর করলেন। কিন্তু সে আমি যথেষ্ট বললাম ও অনুরোধ করলাম বলে। আরও কত যাত্রী এ-রকম মরে গেল বা তাদের কি ব্যবস্থা হ'ল এ-সব দেখবার দায়িত্ব এঁদেরই তো। গুঁরাই রইলেন নির্বিকার ভাবে বসে। আমার কাছে কিছু ছিল, যাবার সময় নিমচাঁদের স্ত্রীর হাতে দিলুম। চোখের জল রাখতে পারি নে, যখন সে চলে গেল।

দিন-দুই পরে রাত্রে বসে আমি ও নবীন মুছরী হিসেব মেলাচ্ছি মেলায় দেনা-পাওনার। বেশ জ্যোৎস্না রাত, কাঙ্ক্ষিকের সংক্রান্তিতে পরশ মেলা শেষ হয়ে গিয়েছে, বেশ শীত আজ রাত্রে।

এমন সময় হঠাৎ আমার কি হ'ল বলতে পারিনে—দেখতে দেখতে নবীন মুছরী, মেলায় আটচালা ঘর, সব যেন মিলিয়ে গেল—আমি যেন এক বিবাহ-সভায় উপস্থিত হয়েছি—অবাক হয়ে চেয়ে দেখি সীতার বিবাহ-সভা। জ্যাঠামশায় কঙ্কাসম্প্রদান করতে বসেছেন, খুব বেশী লোকজনের নিমন্ত্রণ হয়নি, বরপক্ষেও বরযাত্রী বেশী নেই। দাদাকেও দেখলুম—দাদা বসে ময়দা ঠাসচে।... আরও সব কি কি...বধা কাঁচের মধ্যে দিয়ে যেন সবটা দেখছি—খানিকটা স্পষ্ট, খানিকটা অস্পষ্ট।

চমক ভাঙলে দেখি নবীন মুছরী আমার মাথায় জল দিচ্ছে। বললে—কি হয়েছে তোমার, মাঝে মাঝে কিই হয় নাকি ?

আমি চোখ মুছে বললুম—না। ও কিছু না—

আমার তখন কথা বলতে ভাল লাগতে না। সীতার বিবাহ নিশ্চয়ই হচ্ছে, আজ এখুনি হচ্ছে। আমি গুকে বড় ভালবাসি—আমার চোখকে ফাঁকি দিয়ে জ্যাঠামশায় ওর বিবাহ দিতে পারবেন না। আমি সব দেখেছি।

নবীন মুহুরীকে বললাম—তুমি আমাকে ছুটি দাও আজ, শরীরটা ভাল নেই, একটু শোব। পরদিন বড়বাবুর চাকর কলকাতা থেকে এল। মায়ের একখানা চিঠি কলকাতার ঠিকানায় এসে পড়েছিল, মায়ের জ্বানি জ্যাঠামশায়ের লেখা আসলে। ২রা অগ্রহায়ণ সীতার বিয়ে, সেই জ্যাঠামশায়ের ঠিক করা পাত্রের সঙ্গেই। তিনি কথা দিয়েছেন, কথা খোয়াতে পারেন না। বিশেষ অত বড় মেয়ে ঘরে রেখে পাঁচজনের কথা সহ করতে প্রস্তুত নন। আমরা কোন্ কালে কি করব তার আশায় তিনি কতকাল বসে থাকেন—ইত্যাদি।

বেচারী সীতা! ওর সাবান মাথা, চুলবাঁধা, মিথ্যে শৌখীনতার অক্ষয় চেষ্টা মনে পড়ল। কত ক'রে ওর মুখের দিকে চেয়ে এতকাল কিছু গ্রাহ্য করিনি। বেশ দেখতে পেলাম ওর ঘন কালো চুলের সিঁতিপাটি ব্যর্থ হয়ে গেল—ওর শুভ্র, নিম্পাপ জীবন নিয়ে সবাই ছিনিমিনি খেললে।

॥ ৯ ॥

এখান থেকে কলকাতায় যাবার সময় হয়ে এল। বিকেলে আমি বটতলার পুকুরের ঘাটে বসে মাছ ধরা দেখছি, নবীন মুহুরী এসে বললে—তোমার ডাকচেন মেজবাবু।

ওর মুখ দেখে আমার মনে হ'ল গুরুতর একটা কিছু ঘটেছে কিংবা ও-ই আমার নামে কি লাগিয়েচে। নবীন মুহুরী এ-রকম বার-কয়েক আমার নামে লাগিয়েচে এর আগেও। কারণ তার চুরির বেজায় অস্ববিধে ঘটচে আমি থাকার দরুণ।

মেজবাবু চেয়ারে বসে, কুঞ্জ নায়েবও সেখানে দাঁড়িয়ে।

মেজবাবু আমাকে মাছুষ বলেই কোনো দিন ভাবেননি। এ পর্যন্ত আমি পারতপক্ষে তাঁকে এড়িয়েই চলে এসেছি। লোকটার মুখের উগ্র দাস্তিকতা আমাকে ঠাঁর সামনে যেতে উৎসাহিত করে না। আমায় দেখে বললেন—শোন এদিকে। কলকাতায় গিয়ে তুমি অল্প জায়গায় চাকুরির চেষ্টা করবে। তোমাকে এক মাসের নোটিশ দিলাম।

—কেন, কি হয়েছে?

—তোমার মাথা ভাল না, এ আমিও জানি, নবীনও দেখেচে বলচে। হিসেব-পত্রে প্রায়ই গোলমাল হয়। এ-রকম লোক দিয়ে আমার কাজ চলবে না। স্টেটের কাজ তো ছেলেখেলা নয়!

নবীন এবার আমায় শুনিয়েই বললে—এই তো সেদিন আমার সামনেই হিসেব মেলাতে মেলাতে মৃগীরোগের মত হয়ে গেল—আমি তো ভয়েই অস্থির—

মেজবাবুকে বিদ্বান ব'লে আমি সজ্জমের চোখেও দেখতাম—বললাম—দেখুন, তা নয়। আপনি তো সব বোঝেন, আপনাকে বলচি। মাঝে মাঝে আমার কেমন একটা অবস্থা হয় শরীরের ও মনের, সেটা ব'লে বোঝাতে পারি নে—কিন্তু তখন এমন সব জিনিস দেখি, সহজ অবস্থায় তা দেখা যায় না। ছেলেবেলার আরও অনেক দেখতুম, এখন কমে গিয়েচে। তখন বুঝতাম না, মনে ভয় হ'ত, ভাবতাম এ-সব মিথ্যে, আমার বুঝি কি রোগ হয়েছে। কিন্তু এখন

বুকেচি ওর মধ্যে সত্যি আছে অনেক ।

মেজবাবু কৌতুক ও বিজ্ঞপ মিশ্রিত হাসি-মুখে আমার কথা শুনছিলেন—কথা শেষ হ'লে তিনি কুঞ্জ নায়েবের দিকে চেয়ে হাসলেন । নবীন মুছরীর দিকে চাইলেন না, কারণ সে অনেক কম দরের মানুষ । স্টেটের নায়েবের সঙ্গে তবুও দৃষ্টি-বিনিময় করা চলে । আমার দিকে চেয়ে বললেন—কতদূর পড়াশুনা করেচ তুমি ?

—আই-এ পাস করেছিলাম শ্রীরামপুর কলেজ থেকে—

—তাহ'লে তোমার বোঝানো আমার মুশকিল হবে । মোটের ওপর ও-সব কিছু না । নিউরোটিক যারা—নিউরোটিক বোঝ ? যাদের স্নায়ু দুর্বল তাদের ওই রকম হয় । রোগই বইকি, ও এক রকম রোগ—

আমি বললাম—মিথ্যে নয় যে তা আমি জানি । আমি নিজের জীবনে অনেকবার দেখেচি—ও-সব সত্যি হয়েছে । তবে কেন হয় এইটেই জানি নে, সেই জন্তেই আপনাকে জিজ্ঞেস করচি । আমি সেন্ট ফ্রান্সিস অফ আসিসির লাইক-এ পড়েচি তিনিও এ-রকম দেখতেন—

মেজবাবু ব্যঙ্গের সুরে বললেন—তুমি তাহ'লে—তুমি সেন্ট হয়ে গিয়েচ দেখচি ? পাগল কি আর গাছে ফলে ?

নবীন ও কুঞ্জ দুজনেই মেজবাবুর প্রতি সন্ত্রম বজায় রেখে মুখে কাপড় চাপা দিয়ে হাসতে লাগল ।

আমি নানাদিক থেকে খোঁচা খেয়ে মরীয়া হয়ে উঠলাম । বললাম—আর শুধু ওই দেখি যে তা নয়, অনেক সময় মরে গিয়েচে এমন মানুষের আত্মার সঙ্গে কথা বলেচি, তাদের দেখতে পেয়েচি ।

নবীন মুছরীর বুদ্ধিহীন মুখে একটা অদ্ভুত ধরনের অবিশ্বাস ও ব্যঙ্গের ছাপ ফুটে উঠল, কিন্তু নিজের বুদ্ধির ওপর তার বোধ হয় বিশেষ আস্থা না থাকাতে সে মেজবাবুর মুখের দিকে চাইলে । মেজবাবু এমন ভাব দেখালেন যে, এ বদ্ধ উন্মাদের সঙ্গে আর কথা ব'লে লাভ কি আছে ! তিনি কুঞ্জ নায়েবের দিকে এভাবে চাইলেন যে, একে আর এখানে কেন ? পাগলামি চড়ে বসলেই একটা কি ক'রে ফেলবে এশুনি !

আমি আরও মরীয়া হয়ে বললাম—আপনি আমার কথায় বিশ্বাস করুন আর নাই করুন তাতে যে-জিনিস সত্যি তা মিথ্যে হয়ে যাবে না । আমার মনে হয়, আপনি আমার কথা বুঝতেও পারেননি । যার নিজের অভিজ্ঞতা না হয়েছে, সে এ-সব বুঝতে পারবে না, এ-কথা এতদিনে আমি বুঝেচি । খুব বেশী লেখাপড়া শিখলেই বা খুব বুদ্ধি থাকলেই যে বোঝা যায় তা নয় । আচ্ছা, একটা কথা আপনাকে বলি, আমি যে-ঘরটাতে থাকি, ওর ওপাশে যে ছোট্ট বাড়িটা আছে, ভাঙা রোয়াক যার সামনে—ওখানে আমি একজন বড়োমানুষের অস্তিত্ব অনুভব করতে পেরেচি—কি করে পেরেচি, সে আমি নিজেই জানি নে—খুব তামাক খেতেন, বয়স অনেক হয়েছিল, খুব রাগী লোক ছিলেন, তিনি মারা গিয়েচেন কি বেঁচে আছেন তা আমি জানি নে । ওই জায়গাটার গেলেই এই ধরনের লোকের কথা আমার মনে হয় । বলুন তো ওখানে কেউ ছিলেন এ-রকম ?

কুঞ্জ নায়েবের সঙ্গে মেজবাবুর অর্ধস্বচক দৃষ্টি-বিনিময় হ'ল । মেজবাবু স্নেহের সঙ্গে বললেন—তোমাকে যতটা সম্পূর্ণ ভেবেছিলাম তুমি তা নও দেখচি । তোমার মধ্যে ভগ্নামিও বেশ আছে—তুমি বলতে চাও তুমি এত দিন এখানে এসেচ, তুমি কারও কাছে শোননি ওখানে কে থাকতো ?

—আপনি বিশ্বাস করুন, আমি তা শুনিনি। কে আমার বলেচে আপনি খোঁজ নিন ?

—ওখানে আমাদের আগেকার নায়েব ছিল, ওটা তার কোয়ার্টার ছিল, সে বছর-চারেক আগে মারা গিয়েছে, শোননি এ-কথা ?

—না আমি শুনিনি। আরও কথা বলি শুধুন, আপনার ছেলে হওয়ার আগের দিন কলকাতায় আপিসে আপনাকে কি বলেছিলুম মনে আছে ? বলেছিলুম একটি খোকা পাড়িয়ে আছে—দরজা খুলে মেজবোরাগী এসে তাকে নিয়ে গেলেন—এ-কথা বলেছিলুম কিনা ? মনে ক'রে দেখুন।

—হ্যাঁ, আমার খুব মনে আছে। সেও তুমি জানতে না যে আমার স্ত্রী আসন্ন-প্রসবা ছিল ? যদি আমি বলি তুমি একটা বেশ চাল চেলেছিলে—যে কোনো একটি সম্ভাবন তো হ'তই—তুমি অন্ধকারে টিল ছুঁড়েছিলে, দৈবাৎ লেগে গিয়েছিল। শার্লটানব্রা ও-রকম বুজুকি করে—আমি কি বিশ্বাস করি ওসব ভেবেচ ?

—বুজুকি কিসের বলুন ? আমি কি তার জন্তে আপনার কাছে কিছু চেয়েছিলুম ? বা আর কোনোদিন সে-কথার কোনো উল্লেখ করেছিলুম ? আমি জানি আমার এ একটা ক্ষমতা—ছেলেবেলায় দার্জিলিঙের চা-বাগানে আমরা ছিলাম, তখন থেকে আমার এ ক্ষমতা আছে। কিন্তু এ দেখিয়ে আমি কখনও টাকা রোজগারের চেষ্টা তো করিনি কারোর কাছে ? বরং বলিই নে—

মেজবাবু অসহিষ্ণুভাবে বললেন—অল্ ফিড্ লস্টিক্—মনের ব্যাপার তুমি কিছু জানো না। তোমাকে বোঝাবার উপায় আমার নেই। ইট প্লেজ্ কুইয়ার্ ট্রিক্স্ উইথ্ আস্—যদি ধরে নিই তুমি মিথ্যাবাদী নও—ইউ মে বি এ সেলক্ ডিলিউডেড্ ফুল্ এবং আমার মনে হয় তুমি তাই-ই। আর কিছু নয়। যাও এখন—

আমি চলে এলাম। নবীন মুহুরী আমার পিছু পিছু এসে বললে—তোমার সাহস আছে বলতে হবে—মেজবাবুর সঙ্গে অমন ক'রে তর্ক আজ পর্যন্ত কেউ করেনি। না! যা হোক, তোমার সাহস আছে। আমার তো ভয় হচ্ছিল এই বুঝি মেজবাবু রেগে ওঠেন—

আমি জানি নবীনই আমার নামে লাগিয়েছিল, কিন্তু এ নিয়ে ওর সঙ্গে কথা কাটাকাটি করবার প্রবৃত্তি আমার হ'ল না। কেবল একটা কথা ওকে বললাম—দেখ নবীন-দা, চাকুরির ভয় আমি আর করি নে। যে-জন্তে চাকুরি করছিলাম, সে কাজ মিটে গিয়েচে। এখন আমার চাকুরি করলেও হয় না-করলেও হয়। ভেবো না, আমি নিজেই শীগ'গির চলে যাবো ভাই।

ক-দিন ধরে একটা কথা ভাবছিলাম। এই যে এতগুলো পাড়ার্গেয়ে গরীব চাষীলোক এখানে পূজো দিতে এসেছিল—এরা সকলেই মুখ', ভগবানকে এরা সে ভাবে জানে না, এরা চেনে বটতলার গোসাঁইকে। কে বটতলার গোসাঁই ? হয়ত একজন ভক্ত বৈষ্ণব, গ্রাম্য লোক, বছর পঞ্চাশ আগে থাকত ওই বটতলার। সেই থেকে লৌকিক প্রবাদ এবং বোধ হয় মেজবাবুদের অর্থগৃহুতা দুটোতে মিলে বটতলাকে করেছে পরম তীর্থস্থান। কোথায় ভগবান, কোথায় প্রথিতযশা ঐতিহাসিক অবতারের দল—এই বিপুল জনসমাজ তাঁদের সন্ধানই রাখে না হয়ত। এদের এ কি ধর্ম ? ধর্মের নামে ছেলেখেলা।

কিন্তু নিমচাঁদকে দেখেচি। তার সরল ভক্তি, তাদের ভ্যাগ। তার স্ত্রীর চোখে যে অপূর্ণ ভাবদৃষ্টি, যা সকল ধর্মবিশ্বাসের উৎসমুখ—এ-সব কি মূল্যহীন, ভিত্তিহীন, জলজ শেওলার মত মিথ্যার মহাসমুদ্রে ভাসমান ? এ রকম কত নিমচাঁদ এসেছিল মেলার। জ্যাঠাইমাদের আচারের শেকলে আঠেপৃষ্ঠে বাধা ঐশ্বৰ্যের ঘটা দেখানো দেবার্চনার চেয়ে এ আমার ভাল বি. র ৪—৬

লেগেচে। ঘুসুড়ির সেই বধীমন্দিরের মত।

কোন দেবতার কাছে নিমটাদের তিনটে টাকা ভোগ অর্থাৎ গিয়ে পৌঁছুলো, জীবনের শেষ নিঃশ্বাসের সঙ্গে পরম ত্যাগে সে যা নিবেদন করলে ?

আর একটা কথা বুঝিচি। কাউকে কোন কথা বলে বুঝিয়ে বিশ্বাস করানো যায় না। মনের ধর্ম মেজবাবু আমার কি শেখাবেন, আমি এটুকু জেনেচি নিজের জীবনে—মাহুষের মন কিছুতেই বিশ্বাস করতে চায় না সে জিনিসকে, যা ধরা-ছোঁয়ার বাইরের। আমি যা নিজের চোখে কতবার দেখলুম, বাস্তব বলে জানি—ঘরে-বাইরে সব লোক বললে ও মিথ্যে। পণ্ডিত ও মুর্খ এখানে সমান—ধরা-ছোঁয়ার গণ্ডীর সীমানা পার হয়ে কারু মন অন্তত অজানার দিকে পাড়ি দিতে চায় না। যা সত্যি তা কি মিথ্যে হয়ে যাবে ?

কলকাতায় ফিরে এলাম বড়বাবুর মেয়ের বিবাহ উপলক্ষে। জামাইকে বিয়ের রাত্রে বেবি অস্টিন্ গাড়ি ষোঁতুক দেওয়া হ'ল—বিবাহ মণ্ডপের মেরাপ বাঁধতে ও ফুল দিয়ে সাজাতেই ব্যয় হ'ল আটশ টাকা। বিয়ের পরে ফুলশয্যার তত্ত্ব সাজাতে আট-দশজন লোক হিমসিম খেয়ে গেল। ছোটবাবুর বন্ধুবান্ধবদের একদিন পৃথক ভোজ হ'ল, সেদিন শখের থিয়েটারে হাজার টাকা গেল এক রাত্রে। তবুও তো শুনলাম এ তেমন কিছু নয়—এরা পাড়াগাঁয়ের গৃহস্থ জমিদার মাত্র, খুব বড়মাহুষি করবে কোথা থেকে।

ফুলশয্যার তত্ত্ব সাজাতে খুব খাটুনি হ'ল। দু মণ দই, আধ মণ ক্ষীর, এক মণ মাছ, লরি-বোকাই তরিতরকারি, চল্লিশখানা সাজানো খালায় নানা ধরনের তত্ত্বের জিনিস—সব বন্দোবস্ত ক'রে তত্ত্ব বার ক'রে কি-চাকরের সারি সাজাতে ও তাদের রওনা করতে—সে এক রাজহুয় ব্যাপার।

ওদের রঙীন কাপড়-পরা কি-চাকরের লম্বা সারির দিকে চেয়ে মনে হ'ল এই বড়মাহুষির খরচের দরুণ নিমটাদের স্ত্রী তিনটে টাকা দিয়েচে। অথচ এই হিমবর্ষী অগ্রহায়ণ মাসের রাত্রে হয়ত সে অনাথা বিধবার খেজুরডালের বাঁপে শীত আটকাচ্ছে না, সেই যে বুড়ী যার গলা কাঁপছিল, তার সেই ধার-করে দেওয়া আট আনা পয়সা এর মধ্যে আছে। ধর্মের নামে এরা নিয়েচে, ওরা স্বেচ্ছায় হাসিমুখে দিয়েচে।

সব মিথ্যে। ধর্মের নামে এরা করেচে ঘোর অধর্ম ও অবিচারের প্রতিষ্ঠা। বটতলার গোসাঁই এদের কাছে ভোগ পেয়ে এদের বড়মাহুষ ক'রে দিয়েচে, লক্ষ গরীব লোককে মেরে—জ্যাঠামশায়দের গৃহদেবতা যেমন তাদের বড় ক'রে রেখেছিল, মাকে, সীতাকে ও ভুবনের মাকে করেছিল ওদের ক্রীতদাসী।

সত্যিকার ধর্ম কোথায় আছে ? কি ভীষণ মোহ, অনাচার ও মিথ্যের কুহকে টাকা পড়ে গেছে দেবতার সত্য রূপ সেদিন, যেদিন থেকে এরা হৃদয়ের ধর্মকে তুলে অর্থহীন অল্পটানকে ধর্মের আসনে বসিয়েছে।

দাদার একখানা চিঠি পেয়ে অবাক হয়ে গেলাম। দাদা যেখানে কাজ করে, সেখানে এক গরীব ব্রাহ্মণের একটি মাত্র মেয়ে ছিল, ওখানকার সবাই মিলে ধরে-পড়ে মেয়েটির সঙ্গে দাদার বিয়ে দিয়েচে। দাদা নিতান্ত ভালমাহুষ, যে যা বলে কারও কথা ঠেলতে পারে না। কাউকে জানানো হয়নি, পাছে কেউ বাধা দেয়, তারাই জানাতে দেয়নি। এদিকে জ্যাঠামশায়ের ভয়ে বাড়িতে বৌ নিয়ে যেতে সাহস করচে না, আমায় লিখেচে, সে বড় বিপদে পড়েচে, এখন সে কি করবে ? চিঠির বাকী অংশটা নববধুর রূপগুণের উজ্জ্বলিত স্মৃতিতে ভর্তি।

“জিতু, আমার বড় মনে কষ্ট, বিয়ের সময় তোকে খবর দিতে পারিনি। তুই একবার অবিশ্রান্ত অবিশ্রান্ত আসবি, তোর বউদিদির বড় ইচ্ছে তুই একবার আসিস। মারের সখকে কি করি আমার লিখবি। সেখানে তোর বউদিকে নিয়ে যেতে আমার সাহসে কুলোয় না। ওরা ঠিক কুলীন ব্রাহ্মণ নয়, আমাদের স্বঘরও নয়, অত্যন্ত গরিব, আমি বিয়ে না করলে মেরেটি পার হবে না সবাই বললে, তাই বিয়ে করেচি। কিন্তু তোর বৌদিদি বড় ভাল মেয়ে, ওকে যদি জ্যাঠামশায় ঘরে নিতে না চান, কি অপমান করেন, সে আমার সছ হবে না...”

পত্র পড়ে বিস্ময় ও আনন্দ দুই-ই হ'ল। দাদা সংসারে বড় একা ছিল, ছেলেবেলা থেকে আমাদের জন্তে খাটতে, জীবনটাই নষ্ট করলে, সেজন্তে অথচ ওর ছারা না হ'ল বিশেষ কোনো উপকার মায়ের ও সীতার, না হ'ল ওর নিজের। ভালই হয়েছে ওর মত স্নেহপ্রবণ, তাগী ছেলে যে একটি আশ্রয়নীড় পেয়েছে, ভালবাসার ও ভালবাসা পাবার পাত্র পেয়েছে, এতে ওর সখকে নিশ্চিন্ত হলুম। কত রাতে শুয়ে শুয়ে দাদার দুঃখের কথা ভেবেচি!

মাকে কাছে নিয়ে আসতে পত্র লিখে দিলাম দাদাকে। জ্যাঠামশায়ের বাড়িতে রাখবার আর দরকার নেই। আমি শীগগিরই গিয়ে দেখা করবো।

মাঘ মাসের প্রথমে আমি চাকরি ছেড়ে দিয়ে বেরিয়ে পড়লাম। মনে কেমন একটা উদাস ভাব, কিসের একটা অদম্য পিপাসা। আমার মনের সঙ্গে যা খাপ খায় না, তা আমার ধর্ম নয়। ছেলেবেলা থেকে আমি যে অদৃশ্য জগতের বার বার সম্মুখীন হয়েচি, অথচ যাকে কখনও চিনিনি, বুঝিনি—তার সঙ্গে যে ধর্ম খাপ খায় না, সেও আমার ধর্ম নয়।

অথচ চারদিকে দেখচি সবাই তাই। তারা সৌন্দর্যকে চেনে না, সত্যকে ভালবাসে না, কল্পনা এদের এত পছন্দ যে, যে-খোঁটার বন্ধ হয়ে ঘাসজল খাচ্ছে গরুর মত—তার বাইরে উর্জের নীলাকাশের দেবতার যে-সৃষ্টি বিপুল ও অপরিমেয় এরা তাকে চেনে না।

বছরখানেক ঘুরে বেড়ালুম নানা জায়গায়। কতবার ভেবেচি একটা চাকরি দেখে নেবো, কিন্তু শুধু ঘুরে বেড়ানো ছাড়া আর কিছু ভাল লাগতো না। যেখানে শুনতাম কোনো নতুন ধর্মসম্প্রদায় আছে, কি সাধু-সন্ন্যাসী আছে, সেখানে যেন আমার যেতেই হবে, এমন হয়েছিল।

কালনার পথে গঙ্গার ধারে একদিন সন্ধ্যা হয়ে গেল। কাছেই একটা ছোট গ্রাম, চাষী-কৈবর্তের বাস। ওখানেই আশ্রয় নেবো ভাবলাম। পরিষ্কার-পরিচ্ছন্ন খড়ের ঘর, বেশ নিকানো পুছোনো, উঠোন পর্য্যন্ত এমন পরিষ্কার যে সিঁচুর পড়লে উঠিয়ে নেওয়া যায়। সকলের ঘরেই ধানের ছোটবড় গোলা, বাড়ির সামনে-পিছনে ক্ষেত-খামার। ক্ষেতের বেড়ায় মটরশুঁটির ঝাড়ে সাদা গোলাপী ফুল ফুটে মিষ্টি সুগন্ধে সন্ধ্যার অন্ধকার ভরিয়ে রেখেচে।

একজন লোক গোয়ালঘরে গরু বাঁধেছিলো। তাকে বললাম—এখানে থাকবার জায়গা কোথায় পাওয়া যাবে? সে বললে—কোথেকে আসা হচ্ছে? আপনারা?

‘ব্রাহ্মণ’ শব্দে নমস্কার ক’রে বললে—ওই দিকে একটু এগিয়ে যান—আমাদের অধিকারী মশাই থাকেন, তিনি ব্রাহ্মণ, তাঁর ওখানে দিকি থাকার জায়গা আছে।

একটু দূরে গিয়ে অধিকারীর ঘর। উঠানের এক পাশে একটা লেবুগাছ। বড় আটচালা ঘর, উঁচু মাটির দাওয়া। একটি ছোট ছেলে বললে, অধিকারী বাড়ি নেই, হলুদপুকুরে কীর্তনের বায়না নিয়ে গাইতে গিয়েচে—কাল আসবে।

আমি চলে যাচ্ছি এমন সময় একটি মেয়ে ঘরের ভেতর থেকে বললে—চলে কেন যাবেন? পানের ধুলো দিয়েছেন যদি রাতে এখানে থাকুন না কেন?

কথার মধ্যে রাত্ দেশের টান। মেয়েটি তারপর এসে দাঁওয়ার দাঁড়াল। বয়স সাতাশ-আটাশ হবে, রং কসাঁ, হাতে টেমির আলোর কপালের উজ্জ্বল দেখা যাচ্ছে।

মেয়েটি দাঁওয়ার একটা মাদুর বিছিয়ে দিয়ে দিলে, এক ঘটি জল নিয়ে এল। আমি হাত পা ধুয়ে স্নান হয়ে বসলে মেয়েটি বললে—রান্নার কি যোগাড় করে দেবো ঠাকুর ?

আমি বললাম—আপনারা যা রাখবেন, তাই থাকবে।

রাত্রে দাঁওয়ার শুয়ে রইলাম। পরদিন দুপুরের পরে অধিকারী মশাই এল। পেছনে জনতিনেক লোক, একজনের পিঠে একটা খোল বাঁধা। তামাক খেতে খেতে আমার পরিচয় নিলে, খুব খুশী হ'ল আমি এসেছি বলে।

বিকলে উজ্জ্বল-পরা স্ত্রীলোকটির সঙ্গে কি নিয়ে তার ঝগড়া বেধে গেল। স্ত্রীলোকটি বললে শুনলাম—এমন যদি করবি মিসে, তবে আমি বলরামপুরে চলে যাব। কে তোর মুখনাড়ার ধার ধারে ? একটা পেট চলে যাবে ঢের, সেজন্তে তোর তোয়াক্কা রাখ ভেবেচিস্ তুই !

আগুনে জল পড়ার মত অধিকারীর রাগ একদম শান্ত হয়ে গেল। রাত্রে ওদের উঠোনে প্রকাণ্ড কীর্তনের আসর বসল। রাত তিনটে পর্যন্ত কীর্তন হ'ল। আসরসুদ্ধ সবাই হাত তুলে নাচতে শুরু করলে হঠাৎ। দু-তিন ঘণ্টা উদ্দগু নৃত্যের পরে ক্রান্ত হয়ে পড়ার দরুনই হোক বা বেশী রাত হওয়ার জন্তেই হোক, তারা কীর্তন বন্ধ করলে।

আমি যেতে চাই, ওরা—বিশেষ করে সেই স্ত্রীলোকটি—আমায় যেতে দেয় না। কি যত্ন সে করলে ! আরো একটা দেখলাম, অধিকারীকেও সেবা করে ঠিক ক্রীতদাসীর মত—মুখে এদিকে যখন-তখন যা-তা শুনিয়ে দেয়, তার মুখের কাছে দাঁড়াবার সাধি নেই অধিকারীর।

যাবার সময়ে মেয়েটি দিবাি করিয়ে নিলে যে আমি আবার আসবো। বললে—তুমি তো ছেলেমানুষ, যখন খুশী আসবে। মাঝে মাঝে দেখা দিয়ে যাবে। তোমার খাওয়ার কষ্ট হচ্ছে এখানে—মাছ মিলে না, মাংস মিলে না। বোশেখ মাসে এস, আম দিয়ে দুধ দিয়ে খাওয়ানো।

কী স্মন্দর লাগল ওর স্নেহ !

আমার সেই দর্শনের ক্ষমতাটা ক্রমেই যেন চলে যাচ্ছে। এই দীর্ঘ এক বছরের মধ্যে মাত্র একটিবার জিনিসটা ঘটেছিল।

ব্যাপারটা যেন স্বপ্নের মত। তারই ফলে আটঘরায় কিয়ে আসতে হচ্ছে। সেদিন দুপুরের পরে একটা গ্রাম্য ডাক্তারের ডিসপেন্সারী-ঘরে বেশিভে শুয়ে বিশ্রাম করছি—ডাক্তারবাবু জাতিতে মাহিষ, সর্কদা ধর্মকথা বলতে ও শুনতে ভালবাসে ব'লে আমার ছাড়তে চাইত না, সব সময় কেবল ঘ্যান্ ঘ্যান্ করে ওই সব কথা পেড়ে আমার প্রাণ অতিষ্ঠ করে তুলেছিল—আমি ধর্মের কথা বলতেও ভালবাসি না, শুনতেও ভালবাসি না—ভাবছি শুয়ে শুয়ে কাল সকালে এর এখান থেকে চলে যাব—এমন সময় একটু তন্দ্রা-মত এল। তন্দ্রাঘোরে মনে হ'ল আমি একটা ছোট্ট ঘরের কুলুঙ্গি থেকে বেদানা ভেঙে কার হাতে দিচ্ছি, যার হাতে দিচ্ছি সে তার রোগজীর্ণ হাত অতিকষ্টে একটু করে তুলে বেদানা নিচ্ছে, আমি যেন ভাল দেখতে পাচ্ছি নে, ঘরটার মধ্যে ঘোঁরা-ঘোঁরা কুয়াশা—বারকতক এই রকম বেদানা দেওয়া-নেওয়ার পরে মনে হ'ল রোগীর মুখ আর আমার মাথের মুখ এক। তন্দ্রা ভেঙে মন অত্যন্ত চঞ্চল হয়ে উঠল এবং সেই দিনই সেখান থেকে আঠারো মাইল হেঁটে এসে ফুলসরা ঘাটে স্টীমার ধরে পরদিন বেলা দশটার কলকাতা পৌঁছুলাম। মায়ের নিশ্চয়ই কোনো অসুখ করেছে, আটঘরা যেতেই হবে।

শেয়ালদ' স্টেশনের কাছে একটা দোকান থেকে আঙুর কিনে নেবো ভাবলাম, পকেটেও বেশী পরমা নেই। পরমা গুনচি দাঁড়িয়ে, এমন সময় দূর থেকে মেয়েদের বিশ্রাম ঘরের সামনে

দণ্ডায়মানা একটি নারীমূর্তির দিকে চেয়ে আমার মনে হ'ল দাঁড়ানোর ভঙ্গিটা আমার পরিচিত। কিন্তু এগিয়ে গিয়ে দেখতে পারলাম না—আঙুর কিনতে চলে গেলাম। ফিরবার সময় দেখি ট্যান্ড্রি স্ট্যাণ্ডের কাছে একটি পঁচিশ-ছাব্বিশ বছরের যুবকের সঙ্গে দাঁড়িয়ে শ্রীরামপুরের ছোট বোঁঠাকরুন। আমি কাছে যেতেই বোঁঠাকরুন চমকে উঠলেন প্রায়। বললেন—আপনি! কোথেকে আসছেন? এমন চেহারা?

আমি বললুম—আপনি একটু আগে মেয়েদের ওয়েটিং-রুমের কাছে দাঁড়িয়ে ছিলেন?

—হ্যাঁ, এই যে আমরা এখন এলাম যোগবাণীর গাড়িতে—আমরা শ্রীরামপুরে যাচ্ছি। ইনি মেজদা, একে দেখেন কি কখনও?

যুবকটি আমার বললে—আপনি তা হ'লে একটু দাঁড়ান দয়া ক'রে—আমি একটা ট্যান্ড্রি ডেকে নিয়ে আসি—এখানে দরে বনচে না—

সে চলে গেল। ছোট বোঁঠাকরুন বললেন—মাগো কি কালীমূর্তি চেহারা হয়েছে! বড়দি বলছিল আপনি নাকি কোথায় চলে গিয়েছিলেন, খোঁজ নেই—সত্যি?

—নিতান্ত মিথ্যে কি ক'রে বলি! তবে সম্প্রতি দেশে যাচ্ছি।

ছোট বোঁঠাকরুন হাসিমুখে চুপ ক'রে রইলেন একটু, তার পর বললেন—আপনার মত লোক যদি কখনও দেখে থাকি! আপনার পক্ষে সবই সম্ভব। জানেন, আপনি চলে আসবার পর বড়দির কাছ থেকে আপনার সম্বন্ধে অনেক কথা জিজ্ঞেস ক'রে ক'রে শুনেছি। তখন কি অত জানতাম? বড়দি বাপের বাড়ি গিয়েচে আশ্বিন মাসে—আপনার সঙ্গে দেখা হবে'খন। আচ্ছা, আর শ্রীরামপুরে গেলেন না কেন? এত ক'রে বললাম, রাখলেন না কথা? আমার ওপর রাগ এখনও যায়নি বুঝি?

—রাগ কিসের? আপনি কি সত্যি ভাবেন আমি আপনার ওপর রাগ করেছিলাম?

ছোট বোঁঠাকরুন নত মুখে চুপ ক'রে রইলেন।

—বলুন!

ছোট বোঁঠাকরুন নতমুখেই বললেন—ও কথা যাক। আপনি এ-রকম ক'রে বেড়াচ্ছেন কেন? পড়াশুনো করলেন না কেন?

—সে সব অনেক কথা। সময় পাই তো বলব একদিন।

—আসুন না আজ আমাদের সঙ্গে শ্রীরামপুরে? দিনকতক থেকে যান, কি চেহারা হয়ে গিয়েচে আপনার! সত্যি, আসুন আজ।

—না, আজ নয়, দেশে যাচ্ছি, খুব সম্ভব মায়ের বড় অসুখ—

ছোট বোঁঠাকরুন বিশ্বাসের সুরে বললেন—কই, সে কথা তো এতক্ষণ বলেননি! সম্ভব মানে কি, চিঠি পেয়েছেন তো, কি অসুখ?

একটু হেসে বললাম—না, চিঠি পাইনি। আমার ঠিকানা কেউ জানতো না। স্বপ্নে দেখেছি—

ছোট বোঁঠাকরুন একটু চুপ ক'রে থেকে মুহূ শান্ত সুরে বললেন—আমি জানি। তখন জানতাম না আপনাকে, তখন তো বয়সও আমার কম ছিল। বড়দি তার পর বলেছিল। একটা কথা রাখবেন? চিঠি দেবেন একথানা? অন্তত: একথানা লিখে থবর জানাবেন?—

ছোট বোঁঠাকরুন আগের চেয়ে সামান্য একটু মোটা হয়েছেন, আর চোখে সে বালিকা-সুভ ভরল ও চপল দৃষ্টি নেই, মুখের ভাব আগের চেয়ে গম্ভীর। আমি হেসে বললাম—আমি চিঠি না দিলেও, শৈলদির কাছ থেকেই তো জানতে পারবেন থবর—

এই সময় গুর মেজদাদা ট্যান্ডিতে চড়ে এসে হাজির হ'লেন। আমি বিদায় নিলুম।

সন্ধ্যার সময় আটঘরা পৌঁছে দেখি সতিহাই মায়ের অন্ত্রুথ। আমাদের ঘরখানার মেঝের ওপর পাতা বিছানায় মা শুয়ে। অন্ধকারে আমার চিনতে না পেরে ক্ষীণস্বরে বললে—কে ওখানে, হারু ?

তারপর আমার দেখে কেঁদে উঠে বললেন—কে জিতু, আর বাবা আর, এতদিন পরে মাকে মনে পড়লো তোর ? আর এই বালিশের কাছে আর—ওমা, এ কি হয়ে গিয়েছিলু রে ! রোগা কালো চেহারা—ওরা সতিহাই বলত তো !

মা একটি ঘরে শুয়ে—জনপ্রাণী কেউ কাছে নেই। সন্ধ্যা হব-হব, ঘরে একটা আলো পর্যন্ত কেউ জ্বালেনি। এমনিই বাড়ি বটে ! কেন, এত ছেলে মেয়ে বৌ বাড়িতে, একজন কাছে থাকতে নেই ? অথচ—, কিন্তু পরের দোষ দিয়ে লাভ কি, আমিই বা কোথায় ছিলাম এতদিন ? বললাম—মা, দাদা কোথায় ? সীতা আসেনি ?

মা নিঃশব্দে কাঁদতে লাগলেন। বললেন—ওরা কেউ চিঠি দেয় না, ব'লে ব'লে আজ বুঝি হারু একখানা পত্র দিয়েচে সীতাকে।

—ক'দিন অন্ত্রুথ হয়েছে তোমার, মা ? ওরা কেউ দেখে না ? জ্যাঠাইমা কাকীমারা আসে না ?

—ভুবনের মা মাঝে মাঝে আসে। এই বিকেলে সাবু দিয়ে গেল—তা সাবু কি খেতে পারি, ওই রয়েছে বাটিতে। ছোটবৌ এসেছিল বিকেলবেলা। বৃঠাকুর বাড়ি নেই বুঝি—আর কেউ এদিকে মাড়ায় না।

তারপর আমার গারে হাত বুলিয়ে বললেন—হ্যারে জিতু, তুই নাকি সন্নিসী হয়ে গিয়েচিস—দিদি, হারু, মেজবৌ, ঠাকুরপোরা সবাই বলে—সতি ? বলে সে আর আসবে না, সে কোন্ দিকে বেরিয়ে চলে গিয়েচে, তার ঠিকানা কেউ জানে না। আমি ভাবি জিতু আমার ভুলে যাবে এমনি হবে ? আবার ভাবি আমার কপাল খারাপ, নইলে এ-সব হবেই বা কেন—ভেবে ভেবে রাতে জেগে বসে থাকি।

—কেঁদো না, কেঁদো না, ছিঃ। ওসব মিথ্যে কথা। কে বলেচে সন্নিসী হয়ে গেছি ! এই ছাখ না সাদা কাপড় পরনে, সন্নিসী কি সাদা কাপড় পরে ?

মনে বড় অহুতাপ হ'ল—কি অস্তায় কাজ করেচি এতদিন এভাবে ঘুরে ঘুরে বেড়িয়ে ! আর এদেরও কি অস্তায়, সবাই মিলে মাকে এমন ক'রে ভয় দেখানোই বা কেন, মা সরল মানুষ, সকলের কথা বিশ্বাস করেন। কিন্তু আমার দোষ ছিল না, আমি ভেবেছিলাম মা আছেন দাদার কাছে। নিশ্চিন্ত ছিলাম অনেকটা সেজন্তে। জিজ্ঞেস করলাম—মা, দাদা তোমায় নিয়ে যানি ?

—সে অনেক কথা। নিতু নিতেও এসেছিল, বৃঠাকুর বললেন—যাও, কিন্তু আমার এখানে আর আসতে পাবে না। সীতার স্বপ্নরবাড়ির লোক ভাল না এখন দেখচি—তার্নাও বৃঠাকুরের হাতের লোক ; বললে, তা হ'লে মেরে-জামাইয়ের সঙ্গে সয়ক্ক ঘুচে যাবে। মেরে তার্না আর পাঠাবে না। বৌমাকেও এখনও দেখিনি, এমনি আমার কপাল। বৃঠাকুর সে বউকে এ-বাড়ি নাকি ঢুকতে দেবেন না। তা নিতু আমার লিখলে, মা, এই কটা মাস যাক—কোথায় নাকি ভাল চাকরি পাবে—এখানে পাড়াগাঁয়ে বাসাও পাওয়া যায় না। আমি আবার গিয়ে ওর স্বপ্নরবাড়ি উঠবো সেটা ভাল দেখাবে না। মাঘ মাসে একেবারে নিয়ে যাবে এখন

থেকে। এই তো নিতু ও মাসেও এসেছিল। আহা, বাছাকে কি অপমান করলে সবাই মিলে। আমার কপালে কেবল চারদিকে অপমান ছাড়া আর কিছু জ্বোটে না—

কেন চাকরি ছেড়ে দিলাম? কেন এভাবে ঘুরে ঘুরে বেড়াই? এখন দেখতে পাচ্ছি সীতার বিবাহ হয়ে গেলেই আমার কর্তব্য শেষ হয়েচে ভাবা উচিত ছিল না। মাকে আমি উপেক্ষা করে এসেচি এতদিন, দাদা সাধামত অবিশ্বাস করেচে—কিন্তু আমি কিছুই করিনি। কেন আমার এমনধারা মতিগতি হ'ল? কোথায় আমার কর্তব্য, সে সম্বন্ধে আমি অন্ধ ছিলাম কেন? লজ্জিত ও অল্পতপ্ত স্বরে বললাম—মা, আঙুর খাবে?...আঙুর এনেছি, ভাল আঙুর শেয়ালদ' থেকে—

—ভূতকে বললাম, একটা আলো দিয়ে আয়, তা দেয় নি দেখচি—বলতে বলতে ছোট-কাকীমা ঘরের দোরের কাছে এসে আমার দেখে থমকে দাঁড়িয়ে বললেন—কে বসে ওখানে?

আমি অপরাধীর মত কুণ্ঠিত স্বরে বললাম—আমি কাকীমা।

এগিয়ে এসে বললেন—কে, নিতু?

—না, আমি।

কাকীমা অবাক হয়ে বললেন—ওমা, জিতু যে দেখচি, কোথেকে, কি ভাগ্যি তোমার মায়ের? তারপর, কি মনে ক'রে?

আমি মাথা হেঁট ক'রে বসে রইলাম, কি আর বলব।

কাকীমা বললেন—তোমার কাণ্ডজ্ঞান যে কবে হবে, তা ভেবেই পাই নে। একেবারে একটা বছর নিরুদ্দেশ নিখোঁজ।—আর এই এ-ভাবে মাকে ফেলে রেখে! তোমাদের একটু জ্ঞান নেই যে এটা কার বাড়ি? এখানে কে আছে তোমার থাকে? সবই তো জান—বয়েস হয়েছে, এখনও বুদ্ধি হ'ল না? বটঠাকুর বাড়ি নেই, একটা ডাক্তার-বড়ি কে দেখায় তার নেই ঠিক। হরি ডাক্তারকে একবার আনতে হয়—টাকাকড়ি কি আছে? নেই বোধ হয়, সে দেখেই বৃষ্টিচি—নেই। আচ্ছা, টাকা আমি দেব এখন, ভেবো না, ডাক্তার আনো।

ছোটকাকীমার পায়ের ধুলো নেবার ইচ্ছা হ'ল। এ বাড়িতে সবাই পশু, সবাই অমাল্লুষ—সত্যিকার মেয়ে বটে ছোটকাকীমা।

রাত্রেই ডাক্তার এল। ওষুধপত্রও হ'ল। দাদাকে পত্র দিলাম পরদিন সকালে।

আমায় নিয়ে খুব হৈ-চৈ হ'ল। জ্যাঠাইমা আমার রান্নাঘরের দাঁওয়াল বসে খেতে দেবেন না—আমি জাতবিচার মানি নে, বাগ্দি ছলে সবার হাতে খেয়ে বেড়াই, এ-সব কথা কে এসে গাঁয়ে বলেচে। নানা রকম অলঙ্কার দিয়ে কথাটা রাষ্ট্র হয়েছে গাঁয়ে।

মায়ের অবস্থা শেষরাত থেকে বড় খারাপ হ'ল। সকালে আমাকে আর চিনতে পারেন না—ভুল বকতেও লাগলেন।

সন্ধ্যার সময় একটা মিটমিটে টেমি জ্বলে ঘরের মেঝেতে—আমি একা বসে আছি মায়ের শিয়রে, এমন সময় বাইরে উঠোনে একখানা গরুর গাড়ি এসে দাঁড়াবার শব্দ হ'ল। একটু পরেই ব্যস্তসমস্ত ভাবে মাটিতে ঝাঁচল লুটোতে লুটোতে সীতা ঘরে ঢুকল। আমার দেখে বললে, ছোড়দা? মা কেমন আছেন ছোড়দা?

আমি ওর দিকে চেয়ে রইলাম। সীতা একেবারে বদলে গিয়েচে, মাথায় কত বড় হয়েছে, দেখতেও কি সুন্দর হয়েছে—ওকে চেনা যায় না আর।

মাকে বললাম—মা, ওমা, সীতা এসেচে,—

মা চাইলেন, কি বললেন বোঝা গেল না। বোধ হয় বুঝতে পারলেন না যে সীতা

এসেচে ।

সীতা খুব শক্ত মেয়ে । সে কেঁদেকেটে আকুল হয়ে পড়লো না । আমায় বললে—ছোড়া, আমার বালাজোড়াটা দিচ্ছি, তাই দিয়ে ভাল ডাক্তার নিয়ে এস । এখনকার হরি ডাক্তার তো ? তার কাজ নয় ।

আমি অক্ষমতার লজ্জায় কুণ্ঠিত সুরে বললাম—তার পর তোর খশুরবাড়ির লোকে তোকে বকবে । সে কি ক'রে হয়—

সীতা বললে—ইস্! বকবে কিসের জন্তে, বালা কি ওদের ? মায়ের বালা, মা দিয়েছিলেন বিয়ের সময় । বাবা গড়িয়ে দিয়েছিলেন মাকে । তুমি বালা নিয়ে যাও, তারপর ওরা যা বলে বলবে—

এই সময় সীতার স্বামী ঘরে ঢুকল । আমি যে-রকম চেহারা কল্পনা করছিলাম, লোকটা তার চেয়েও খারাপ । কালো তো বটেই, পেটমোটা, বোধ হয় গিলে আছে, কাঠখোঁট্টা গড়ন, চোয়ালের হাড় উঁচু—গারে একটা ছেলেমানুষের মত ছিটের জামা, একটা রাঙা আলোয়ান, পায়ে কেবিসের জুতো ! আমায় দেখে দাঁত বার করে হেসে বললে—এই যে, ছোটবাবু না ? কখন আসা হ'ল ? বড়বাবু বৃদ্ধি এখনও আসবার ফুরসুৎ পাননি—তার পর অসুখটা কি ?... এখন কেমন আছেন ?

তারপর সে খানিকক্ষণ বসে থেকে বললে—বসো তোমরা । আমি জ্যাঠাইমাদের সঙ্গে দেখা করে আসি—একটু চায়ের চেষ্টাও দেখা যাক, গরুর গাড়িতে গা-হাত ব্যথা হয়ে গিয়েচে ।

ওর কথার ভঙ্গিতে একটা চাষাড়ে ভাব মাথানো । এই লোকটা সীতার স্বামী ! সীতার মত মেয়ের ! সীতাকেও আমরা সবাই মিলে উপেক্ষা করেচি ।

এই সময় হঠাৎ শৈলদিদির কথা আমার মনে পড়ল । শেয়ালদ' স্টেশনে ছোট বোঁঠাক্করন বলেছিলেন শৈলদি এখানেই আছে । সীতার বালাজোড়াটা নেব না—ওকে তার জন্তে অনেক দুঃখ পোষাতে হবে সেখানে । ও যে-রকম চাপা মেয়ে, কোন অভিযোগ করবে না কখনও কারু কাছে । শৈলদিদির কাছ থেকে টাকা ধার নেবো, মায়ের অসুখের পরে যে ক'রে হোক'দেনা শোধ হবেই ।

একবার বাড়ির মধ্যে গিয়ে দেখি সীতার স্বামী ওদের রান্নাঘরে বসে ছ'কো হাতে তামাক খেতে খেতে খুব গল্প জমিয়েচে—আমার খুড়তুতো জ্যাঠতুতো ভায়েদের সকলেরই প্রায় বিয়ে হয়ে গিয়েচে এবং বোঁয়েরা সকলেই ওর শালাজ—তাদের সঙ্গে ।

রাত দশটার সময় শৈলদিদি এসে হাজির । আমায় দেখে বললে—এই যে সন্নিসী-ঠাকুর, ফিরে এসেচ দেখচি । এই যে সীতা—এস এস, সাবিত্রীসমান হও, কখন এলে ভাই ? আমি শুনলাম এই খানিকটা আগে, আমাদের ও-পাড়ায় কে খবর দেবে বল ।

আমি আর সীতা শুধু ঘরে মায়ের পাশে বসে । সীতার স্বামী খেয়ে-দেয়ে শুয়েচে, অবিশ্বি সে বসে থাকতে চেয়েছিল—আমি বলেছিলাম, তার দরকার নেই, তুমি খেয়ে একটু বিশ্রাম কর—দরকার হলে ডাকব রাতে ।

শৈলদিদিও রাতে থাকতে চাইলে, বললে—আজ রাতে লোকের দরকার । তোরা দুটিতে মোটে বসে আছিস । আমি খেয়ে আসি, আমিও থাকব ।

আমি বললাম—না শৈলদি, আমরা দুজন আছি, ভগ্নীপতি এসেচে—তোমার আর কষ্ট করতে হবে না ।

তারপর বাইরে ডেকে টাকার কথা বললাম । শৈলদি বললে—কত টাকা ?

—গোটাকুড়ি দাও গিয়ে এখন। কাল সকালেই আমি তা হ'লে চলে যাই ডাক্তার আনতে—

—তা হ'লে কাল সকালে যাবার সময় আমার কাছ থেকে নিয়ে যাবি। ওখান দিয়েই তো পথ—কেমন তো ?

ছোটকাকীমা এই সময় এলেন। শৈলদিকে দেখে বললেন—জিতুর মাকে নিয়ে বেজায় মুশকিল হয়েছে ভাই—ওরা ছেলেমাহুষ, কি বা বোঝে—নিতু এখনও তো এল না। হঠাৎ চার পাঁচ দিনের জরে যে মাহুষ এমন হয়ে পড়বে তা কি ক'রেই বা জানবো। তবুও তো জিতু কোথা থেকে ঠিক সময়ে এসে পড়েছিল তাই রক্ষে।

রাতে জ্যাঠাইমাও এসে খানিকটা বসে রইলেন। অনেক রাত্রে সবাই চলে গেল, আমি সীতাকে বললাম—তুই ঘুমিয়ে নে সীতা। আমি জেগে থাকি। রাতে কোন ভয় নেই।

সকাল বেলা আটটা-নটার পর থেকে মা'র অবস্থা খুব খারাপ হ'ল। দশটার পর দাদা এল—সঙ্গে বৌদিদি ও দাদার খোকা। বৌদিদিকে প্রথম দেখেই মনে হ'ল শাস্ত, সরল, সহিষ্ণু মেয়ে। তবে খুব বুদ্ধিমতী নয়, একটু অগোছালো, আনাড়ি ধরনের। নিতান্ত পাড়াগায়ের মেয়ে, বাইরে কোথাও বেরোয়নি বিশেষ, এই বোধ হয় প্রথম, কিছু তেমন দেখেও নি। গরম জলের বোতল পায়ে সঁক করতে হবে শুনে ব্যাপারটা না বুঝতে পেয়ে সপ্রশ্ন দৃষ্টিতে বিপন্ন মুখে সীতার দিকে চেয়ে রইল। কাপড়-চোপড় পরবার ধরনও অগোছালো—আজকালকার মত নয়। বৌদিদি যেম বনে-ফোটা শুভ্র কাঠমল্লিকা ফুল, তুলে এনে তোড়া বেঁধে ফুলের দোকানে সাজিয়ে রাখবার জিনিস নয়। আর একেবারে অজুত ধরনের মেয়েলী, ওর সবটুকুই নারীত্বের কমনীয়তা মাখানো।

সীতা আমার আড়ালে বললে—চমৎকার বৌদি হয়েছে, ছোড়দা। আহা, মা যদি একটি-বারও চোখ মেলে দেখতেন। আমাদের কপাল।

বেলা তিনটের সময় মা মারা গেলেন। যে মায়ের কথা তেমন ক'রে কোন দিন ভাবি নি, আমাদের কাজকর্মে, উত্তমে, আশায়, আকাজ্জায়, উচ্চাভিলাষে মায়ের কোন স্থান ছিল না, সবাই মিলে যাকে উপেক্ষা ক'রে ক'রে এসেছি এত দিন—আজ সেই মা কত দূরে কোথায় চলে গেল—সেই মায়ের অভাবে হঠাৎ আমরা অহুভব করলাম অনেকখানি খালি হয়ে গিয়েছে জীবনের। ঘরের মধ্যে যেমন প্রকাণ্ড ঘরজোড়া খাট থাকে, আজন্ম তার ওপর সুরেচি, বসেচি, খেলেচি, ঘুমিয়েচি, সর্বদা কে ভাবে তার অস্তিত্ব, আছে তো আছে। হঠাৎ একদিন খাটখানা ঘরে নেই—ঘরের পরিচিত চেহারা একেবারে বদলে গিয়েছে—সে ঘরই যেন নয়, একদিন সে ঘরের নিবিড় স্মরণিচিত নিজস্বতা কোথায় হারিয়ে গেল, তখন বোঝা যায় ঘরের কতখানি জায়গা জুড়ে কি গভীর আত্মীয়তার ওর সঙ্গে আবদ্ধ ছিল সেই চিরপরিচিত একঘেয়ে সেকলে খাটখানা—ঘরের বিরাট ফাঁকা আর কিছু দিয়েই পূর্ণ হবার নয়।

সীতার ধৈর্যের বাঁধ এবার ভাঙলো। সে ছোট মেয়ের মত কেঁদে আবদার ক'রে যেন মাকে জড়িয়ে থাকতে চায়। মা আর সে দুজনে মিলে এই সংসারে সকালে-সন্ধ্যায় দু-বেলা খেটে দুঃখের মধ্যে দিয়ে পরস্পরের অনেক কাছাকাছি এসেছিল—সে-সব দিনের দুঃখের সঙ্গিনী হিসাবে মা আমাদের চেয়েও ওর কাছে বেশী আপন, বেশী ঘনিষ্ঠ—অভাগী এত দিনে সত্যি সত্যি নিঃসঙ্গ হ'ল সংসারে। ওর স্বামী যে ওর কেউ নয়, সে আমার বুঝতে দেরি হয় নি এতটুকু। কিন্তু ও হয়ত এখনও তা বোঝেনি।

দিন দুই পরে বৌদিদি দুপুরবেলা ওদের রান্নাঘরে একটা ঘড়া আনতে গিয়েচেন। জ্যাঠাইমা বলেচেন—ওখানে দাঁড়াও, দাওরাটাতে—অমনি হট্ ক'রে ঘরে ঢুকলে যে ?

বৌদিদি অবাক হয়ে বাইরে গিয়ে দাঁড়িয়েচেন, জ্যাঠাইমা ঘড়া বার ক'রে দিয়েচেন দাওরাতে। বৌদিদি নিয়ে এসেচে। কিন্তু বুঝতে পারেনি ব্যাপারটা কি, বুদ্ধিমতী মেয়ে হ'লে তখনই বুঝত।

এ-কথা তখন সে কাউকে বলেনি।

পরদিন মেজকাঁকা আমার ডেকে বললেন—একটা কথা আছে, শোন। তোমার মায়ের কাজটা এখানে না ক'রে অল্প জায়গায় গিয়ে করো। মানে তোমার দাদার বৌয়ের এখানে তো পাকস্পর্শ হয়নি, বড়দাদাও নেই বাড়ি—এ অবস্থায় শ্রাদ্ধের সময় কেউ খেতে আসবে না। তোমার দাদার বৌকে আমরা সে-ভাবে ঘরে তো নিইনি। এই বুঝে যা হয় ব্যবস্থা করো। বালো তোমার দাদাকে।

তলায় তলায় এঁরা সীতার স্বামী গোপেশ্বরকে কি পরামর্শ দিয়েচেন জানি নে, সে হঠাৎ বৌকে দাঁড়িয়ে বললে চতুর্থীর শ্রাদ্ধ সীতাকে বাড়ি নিয়ে গিয়ে করবে—অথচ আগে ঠিক হয়েছিল চতুর্থীর শ্রাদ্ধ এখানেই হবে। কালই শ্রাদ্ধের দিন, স্নতরাং আজই সে সীতাকে নিয়ে যেতে প্রস্তুত হ'ল। এর কোনও দরকার ছিল না, সীতা এখানে শ্রাদ্ধ করলে তাতে কোন দোষ সমাজের মতেও হবার কথা নয়—কিন্তু সে কিছুতেই কথা শুনলে না; এই অবস্থায় বৌদিদিকে পেয়ে সীতা অনেকটা সান্দ্রনা পেয়েছিল—কিন্তু সে ওদের সহল না। বৌদিদির সঙ্গে সীতার বেশী মেশামেশিটা যেন গোড়া থেকেই আমার ভগ্নীপতি পছন্দ করে নি। নিজেই হোক আর ওদের পরামর্শই হোক।

যাবার সময় সীতা বৌদিদির গলা জড়িয়ে কাঁদতে লাগল। আমার আড়ালে বললে—ছোড়না, আমার বনবাসে ফেলে রেখে ভুলে থেকে না যেন, মাঝে মাঝে আসবে বল ? আর শোনো, বৌদি বড্ড ভালমানুষ, ও এখনও জানে না যে ওর জেছেই মায়ের কাজ এখানে করতে দিচ্ছে না ওরা। এ কথা যেন বৌদিদির কানে না যায়, ব'লে দিও দাদাকে।

বৌদিদিকে বুঝিয়ে দেওয়া হ'ল এখানে শ্রাদ্ধ করতে খরচ বেশী পড়বে, কারণ জেঠামশায়দের নাম বেশী, লোকজন নিমন্ত্রণ করতে হয় অনেক। গঙ্গাতীরে শ্রাদ্ধের কাজ করলে অনেক কম খরচ হবে। বৌদিদি তাই বুঝে গেল।

যাবার সময় আমাদের ঘরের চাবিটা ছোটকাকীমার হাতে দিয়ে বললুম—এ বাড়িতে আর কাউকে আপন ব'লে জানি নে, কাকীমা। সীতার খোঁজখবর মাঝে মাঝে একটু নিও—ওর তো এ বাড়ির সঙ্গে সম্পর্ক একরকম মিটেই গেল।

ছোটকাকীমার চোখে জল এল। বললেন—আমার কোন ক্ষমতা নেই, নইলে নিতুর বৌকে এ বাড়ি থেকে আজকে অল্প জায়গায় যেতে বলে ?

আমি বললুম—সে কথা ব'লো না কাকীমা। আমরা এখানে এসেছিলাম প্রার্থী হয়ে, পরের দয়ার ওপর নির্ভর করে। এখানে কোন অধিকার নেই আমাদের।

কাকীমা বললেন—তুই ও কি কথা বলচিস জিতু ? এ তোদের যে সাতপুরুষের ভিটে। জায়গা-জমি আর দুখানা ইট থাকলেই বা কি, আর গেলেই বা কি ? এ ভিটেতে হারুর কি যোগেশের যে অধিকার, তোদের ছ-ভায়ের তার চেয়ে এক চুল কম নয়।

ছোটকাকীমার এক মুষ্টি দেখেছিলাম বালো, এ আর এক মুষ্টি। এই একজনই এ-বাড়ির মধ্যে বদলে গিয়েচে একেবারে। গাড়িতে যেতে যেতে সেই কথাটা বার বার মনে হলছি।

মাস পাঁচ-ছয় পরে ঘুরতে ঘুরতে একবার গেলাম দাদার বাড়িতে ।

দাদা ছিল না বাড়ি, বৌদিদি বাটনা-মাথা হাতে ছুটে বার হয়ে এল—আমার হাত থেকে পুঁটুলিটা নিয়ে বললে—এস এস ঠাকুরপো, রন্ধুরে মুখ রাড়া হয়ে গিয়েচে একেবারে । কই, আসবে বলে চিঠি দেও নি তো ! তা হ'লে একখানা গরুর গাড়ি স্টেশনে যেত ।

তখনই বৌদিদি চিনি ভিজিয়ে শরবৎ ক'রে নিয়ে এল । বললে—ঠাকুরপো, তোমার মারা নেই শরীরে । এত দেরি ক'রে আসতে হয় ? উনি কেবল বলেন তোমার কথা ।

বিকলে দাদা এল । আমার পেয়ে যেন হাতে স্বর্গ পেলো । কিসে আমার সুখ-সুবিধে হবে, কিসে আমার বড় মাছ, ভালটা-মন্দটা খাওয়ানো যাবে, এই যোগাড়েই ব্যস্ত হয়ে পড়ল ।

এরা বেশ সুখে আছে । দাদা যা চাইত, তা সে পেয়েচে । সে চিরকালই সংসারী মানুষ, ছেলেপুলে গৃহস্থালী নিরুই ও সুখী, তাই নিরুই ও থাকতে ভালবাসে । ছেলেবেলা থেকে দাদাকে দেখে এসেচি, সংসার কিসে গোছালো হবে, কিসে সংসারের দুঃখ ঘুচবে, এই নিরুই সে ব্যস্ত থাকত । লেখাপড়াই ছেড়ে দিলে আমাদের দু-পরমা এনে খাওয়ার জন্তে । কিন্তু পরের বাড়িতে পরের তৈরী ব্যবস্থার গণ্ডীর মধ্যে সেখানে তো কোন স্বাধীনতা ছিল না, কাজেই দাদার সে সাধ তখন আর মেটে নি । যার জন্তে ওর মন চিরকাল পিপাসিত ছিল, এত দিনে তার সন্ধান মিলেচে, তাই দাদা সুখী । দাদা ও বৌদিদি একই ধরনের মানুষ । নীড় বাঁধবার আগ্রহ ওদের রক্তে মেশানো রয়েছে । বৌদিদির বাপের বাড়ির অবস্থা খারাপই । একান্তবর্তী প্রকাণ্ড পরিবারের মেয়ে সে । তার বাপের বাড়িতে সবাই একসঙ্গে কষ্ট পায়, সবাই ছেঁড়া কাপড় পরে, এক ঘরে পুরানো লেপকাঁথা পেতে শীতের রাতে তুলো বেরুনো, ওয়াড়-হীন ময়লা লেপ টানাটানি ক'রে ছেলেপুলেরা রাত কাটায়—সব জিনিসই সকলের, নিজের বলে বিশেষ কোন ঘরদোরও নেই, তৈজসপত্রও নেই—সেই রকম ঘরে বৌদিদি মানুষ হয়েছে । এতকাল পরে সে এমন কিছু পেয়েছে যাকে সে বলতে পারে এ আমার । এ আমার স্বামী, আমার ছেলে, আমার ঘরদোর—আর কারও ভাগ নেই এতে । এ অল্পভূতি বৌদিদির জীবনে একেবারে নতুন ।

দাদা আমায় তার পরদিন সকালে ওর কপির ক্ষেত, শাকের ক্ষেত দেখিয়ে বেড়ালে । বৌদিদি বললে—শুধু ওদিক দেখলে হবে না ঠাকুরপো, তুমি আমার গোয়াল দেখে যাও ভাই এদিকে । এই ঝাঞ্ঝা এই হচ্ছে মূঙ্গী । মঙ্গলবারে সন্দেরবেলা ও হয়, ওই সজনেগাছতলায় তখন গোয়াল ছিল । ও হ'ল, সেই রাতেই বিষম বড় ভাই । গোয়ালের চালা তো গেল উড়ে । তারপর এই নতুন গোয়াল হয়েছে এই বোশেখ মাসে—বৌদিদি বাছুরের গলায় হাত বুলিয়ে আদর করতে করতে বললে—বড্ড পরমস্ত বাছুর, যে-মাসে হ'ল সেই মাসেই ওর সেই মনিব আমায় শাঁখা-শাড়ি পাঠিয়ে দিলে, ওর দু-টাকা মাইনে বাড়ালে ।

দিনকতক যাবার পরে বৌদিদির একটা গুণ দেখলাম, লোককে খাওয়ার বড় ভালবাসে । অসময়ে কোন ককির বৈষ্ণব, কি চুড়িওয়ালী বাড়িতে এসে খেতে চাইলে নিজের মুখের ভাত তাদের খাওয়াবে । নিজে সে-বেলাটা হয়ত মুড়ি খেয়ে কাটরে দিলে ।

এক দিন একটা ছোকরা কোথা থেকে একখানা ভাড়া খোল ষাড়ে ক'রে এসে জুটলো । তার মুখে ও গালে কিসের ঘা, কাপড়-চোপড় অতি নোংরা, মাথার লম্বা লম্বা চুল । ছ-সাত দিন রইল, দাদাও কিছু বলে না, বৌদিদিও না । আমি একদিন বৌদিদিকে বললাম—বৌদি,

দেখচো না ওর মুখে কিসের ঘা। বাড়ির থালা গেলাসে ওকে খেতে দিও না। ও ভাল বা নয়, ছেলেপুলের বাড়ি, ওকে পাতা কেটে আনতে বললেই তো হয়, তাতেই খাবে। আট দিন পর ছোকরা চলে গেল। বোধ হয় আরো আট দিন থাকলে দাদা বৌদিদি আপত্তি করত না।

বৌদিদি খাটতে পারে ভূতের মত। ঝি নেই, চাকর নেই, এক হাতে কচি ছেলে মানুষ করা থেকে শুরু করে ধানসেদ্ধ, কাপড়-কাচা, বাসন-মাজা, জল-তোলা—সমস্ত কাজই করতে হয়। কোনদিন ব্যাজার হ'তে দেখলাম না সেজ্ঞে বৌদিদিকে।

এদের মায়ার আমিও যেন দিনকতক জড়িয়ে গেলাম। এরকম শাস্তির সংসার কতকাল ভোগ করি নি—বোধ হয় চা-বাগানেও না, কারণ সেখানে বাবা মাতাল হয়ে রাত্রে ফিরবেন, সে ভয় ছিল! ভেবে দেখলাম সত্যিকার শাস্তি ও আনন্দভরা জীবন আমরা কাকে বলে কোনদিন জানি নি—শ্রোতের শেওলার মত বাবা স্ত্রী-পুত্র নিয়ে এ চা-বাগানে ও চা-বাগানে ঘুরে ঘুরে বেড়াতে, শেষকালে না-হয় কিছুদিন উমপ্রাং বাগানে ছিলেন—এতে মন আমাদের এক জায়গায় বসতে না বসতেই আবার অল্প জায়গায় উঠে যেতে হ'ত—এই সব নানা কারণে নিজের ঘর, নিজের দেশ, এমন কি নিজের জাতি ব'লে কোন জিনিস আমাদের ছিল না। তার অভাব যদিও আমরা কোনদিন অনুভব করি নি—অত অল্পবয়সে করবার কথাও নয়—বিশেষ ক'রে যখন হিমালয় আমাদের সকল অভাবই পূর্ণ করেছিল আমাদের ছেলেবেলাতে।

এখানে সকলের চেয়ে আমার ভাল লেগেচে বৌদিকে। আমি বৌদিদির ধরনের মেয়ে কখনও দেখি নি। যা তা জিনিস দিয়ে বৌদিকে খুশী করা যায়, যে-কোন ব্যাপার যত অসম্ভবই হোক না কেন—বৌদিদিকে বিশ্বাস করানো যায়, খুব অল্পেই ভয় দেখানো যায়—ঠকিয়ে কোন জিনিস বৌদিদির কাছ থেকে আদায় করা মোটেই কঠিন নয়। অথচ একটি সহজাত বুদ্ধির সাহায্যে বৌদিদি ঘরকন্না ও সংসার সম্বন্ধে দাদার চেয়েও ভাল বোঝে, বড় কিছু একটা আশা কখনও করে না, ভাবি গোছালো, নিজের ধরনে ঠাকুরদেবতার ওপর ভক্তিমতী। কেবল একটা দোষ আমার চোখে বড় লাগে—নিজে যে-সব কুসংস্কার মানে, অপরকে সেই সব মানতে বাধ্য করবে। অনেক ব্যাপারে দেখলাম ভাবটা এই রকম, আমার সংসারে যতক্ষণ আছি ততক্ষণ তোমায় মানতেই হবে, তার পর বাইরে গিয়ে হয় মেনো না-হয় না-মেনো—কড়া কথা ব'লে নয়, মিনতি অল্পরোধ ক'রে মানাব। কড়া কথা বলতে বৌদিদি জানে না—টকের ঝাঁজ নেই কোথাও বৌদিদির স্বভাবে, সবটাই মিষ্টি।

সপ্তাহ দুই পরে ওদের ওখান থেকে বিদায় নিয়ে চলে এলাম। আসবার সময়ে দাদা বললে—শোন জিতু, আটঘরার বাড়ি সম্বন্ধে কি করা যাবে, তুই একটা মত দিস্। ছোটকাকীমা ঠিকই বলেচেন—ও বাড়ি আমরা ছাড়বো না। আর একটা কথা শোন, একটা চাকরি দেখে নে, এরকম ক'রে বেড়াস নে। তোর বৌদিদি বলছিল এই বছরই তোর একটা বিয়ে দিয়ে দিতে। তার পর দু-ভায়ে মিলে ঘরবাড়ি করি আয়, দুজনে মিলে টাকা আনলে ভাবনা কিসের সংসার চালাবার? সংসারটা বেশ গড়ে তুলতে পারবো এখন। আর ঝাখ্, পরমা রোজগার করতে না পারলে, ঘরবাড়ি না থাকলে কি কেউ মানে? নিজের বাড়ি কোথাও একখানা থাকা চাই, নইলে লোকে বড় তুচ্ছতাজিহ্ব্য করে।

দাদার শুধু সংসার আর সংসার। আর লোকে আমার সম্বন্ধে কি ভাবলে না-ভাবলে তাতেই বা আমার কি? লেখাপড়া শিখলে না কিছু না, দাদা যেন কেমন হয়ে গিয়েচে। লোকে কি বলবে সেই ভাবনাতেই আকুল। দাদার ওই সব ছাপোষা গেরস্তালী-ধরনের কথাবার্তার আমার হাসি পায়, দাদার ওপর কেমন একটা মায়্যাও হয়।

ভাবলুম, কোথায় যাওয়া যায় ? কলকাতায় গিয়ে একটা চাকুরি দেখে নেবো ? দাদা যদি তাতেই সুখী হয়, তাই না-হয় করা যাক। আমি নিজেকে বিয়ে করি আর না-করি, ওদের সংসারে কিছু কিছু সাহায্য করা তো যাবে ! নৈহাটির কাছে অনেক পাটের কল আছে, কলকাতায় না গিয়ে সেখানে গেলে কেমন হয় ? পাটের কলে শুনেচি চাকুরি জোটানো সহজ।

কিন্তু শেষ পর্যন্ত কলকাতাতেই এলাম। মাস দুই কাটল, একটা মেসে থাকি আর নানা জায়গায় চাকুরির চেষ্টা করি। কোন জায়গাতেই কিছু সুবিধে হয় না।

একদিন রবিবারে ব্যারাকপুর ট্রাঙ্ক রোড ধরে বেড়াতে বেড়াতে অনেক দূর চলে গেছি, দমদমাও প্রায় ছাড়িয়েচি, হঠাৎ ঝড় বৃষ্টি এল। দৌড়ে একটা বাগানবাড়ির ঘরে আশ্রয় নিলাম। ঘরটাতে বোধ হ'ল বহুদিন কেউ বাস করে নি, ছাদ ভাঙা, মেজের সিমেন্ট উঠে গিয়েচে। বাগানটাতেও জলল হয়ে গিয়েচে।

একটা লোক সেই ভাঙা ঘরের বারান্দাটাতে শুয়ে ছিল, বোধ হয় ক'দিন থেকে সেখানে সে বাস করচে, একটা দড়ির আলনায় তার কাপড়-চোপড় টাঙানো। আমার দেখে লোকটা উঠে বলল—এসো, বসো বাবা। বেশ ভিজ্জেচ দেখচি বৃষ্টিতে! বসো।

লোকটার বয়স পঞ্চাশের ওপর, পরনে গেরুয়া আলখাল্লা, দাড়ি-গৌক কামানো। আমার জিজ্ঞেস করলে—তোমার নাম কি বাবা ? বাড়ি এই কাছাকাছি বৃষ্টি ?

নাম বললাম, সংক্ষেপে পরিচয় দিলাম।

বললে—বাবা, ভগবান তোমায় এখানে পাঠিয়েচেন আজ। তুমি বসো, তুমি আমার অভিথি। একটু মিষ্টি খেয়ে জল খাও।

আমি খেতে না চাইলেও লোকটা পীড়াপীড়ি করতে লাগল। তারপর কথা বলতে বলতে হঠাৎ ডান হাতটা শূন্যে একবার নেড়েই হাত পেতে বললে—এই নাও—

হাতে একটা সন্দেশ।...

আমি ওর দিকে অবাক হয়ে আছি দেখে বললে—আর একটা খাবে ? এই নাও।

হাত যখন ওঠালে, আমি তখন ভাল করে চেয়ে ছিলাম, হাতে কিছু ছিল না। শূন্যে হাত-খানা বার দুই নেড়ে আমার সামনে যখন পাতলে তখন হাতে আর একটা সন্দেশ। অদ্ভুত ক্ষমতা তো লোকটার ! আমার অত্যন্ত কৌতূহল হ'ল, বৃষ্টি থেমে গিয়েছিল কিন্তু আমি আর নড়লাম না সেখান থেকে।

লোকটা অনেক গল্প করলে। বললে—আমি গুরুর দর্শন পাই কাশীতে। সে অনেক কথা বাবা। তোমার কাছে বলতে কি, আমি বাঘ হ'তে পারি, কুমীর হ'তে পারি। মন্ত্রপড়া জল রেখে দেবো, তারপর আমার গায়ে ছিটিয়ে দিলে বাঘ কি কুমীর হয়ে যাব—আর একটা পায়ে জল থাকবে, সেটা ছিটিয়ে দিলে আবার মানুষ হবো। সাতক্ষীরেতে ক'রে দেখিয়েছিলাম, হাকিম উকিল মোক্তার সব উপস্থিত সেখানে—গিয়ে জিজ্ঞেস ক'রে আসতে পার সত্যি না মিথ্যে। আমার নাম চৌধুরী-ঠাকুর—গিয়ে নাম করো।

আমি অবাক হয়ে চৌধুরী-ঠাকুরের কথা শুনছিলাম। এসব কথা আমার অবিশ্বাস হ'ত যদি না এইমাত্র ওকে খালি-হাতে সন্দেশ আনতে দেখতুম। জিজ্ঞেস করলাম—আপনি এখন কি কলকাতায় যাচ্ছেন ?

—না বাবা, মুর্শিদাবাদ জেলায় একটা গাঁয়ে একটা চাঁড়ালের মেয়ে আছে, তার অদ্ভুত সব ক্ষমতা। খাগড়াঘাট থেকে কোশ-দুই তফাতে। তার সঙ্গে দেখা করবো ব'লে বেরিয়েচি।

আমি চাকরি-বাকরি খুঁজে নেওয়ার কথা সব ভুলে গেলাম। বললাম—আমার নিয়ে যাবেন? অবিশ্বি যদি আপনার কোন অসুবিধা না হয়।

চৌধুরী-ঠাকুর কি সহজে রাজী হন, অতি কষ্টে মত করালুম। তারপর মেসে ফিরে জিনিসপত্র নিয়ে এলাম। চৌধুরী-ঠাকুর বললেন—এক কাজ করা যাক এস বাবা। আমার হাতে রেলভাড়ার টাকা নেই, এস হাঁটা যাক।

আমি বললাম—তা কেন? আমার কাছে টাকা আছে, দু'জনের রেলভাড়া হয়ে যাবে।

টাড়াল মেয়েটির কি ক্ষমতা আছে দেখবার আগ্রহে আমি অধীর হয়ে উঠেছি।

থাগড়াঘাট স্টেশনে পৌঁছতে বেলা গেল। স্টেশন থেকে এক মাইল দূরে একটা ছোট মুদির দোকান। সেখানে যখন পৌঁছেছি, তখন সন্ধ্যা উত্তীর্ণ প্রায়। দোকানের সামনে বটতলায় আমি আশ্রয় নিলাম। রাত্রে শোবার সময় চৌধুরী-ঠাকুর বললেন, আমার এই দুটো টাকা রেখে দাও গে তোমার কাছে। আজকাল আবার হয়েছে চোর-ছেঁচড়ের উৎপাত। তোমার নিজের টাকা সাবধানে রেখেচ তো?

চৌধুরী-ঠাকুরের ভয় দেখে আমার কৌতুক হ'ল। পাড়াগাঁয়ের মানুষ তো হাজার হোক, পথে বেরলেই ভয়ে অস্থির। বললাম—কোন ভয় নেই, দিন আমাকে। এই দেখুন ঘড়ির পকেটে আমার টাকা রেখেছি, বাইরে থেকে বোঝাও যাবে না, এখানে রাখা সবচেয়ে সেক্—

সকালে একটু বেলায় ঘুম ভাঙল। উঠে দেখি চৌধুরী-ঠাকুর নেই, ঘড়ির পকেটে হাত দিয়ে দেখি আমার টাকাও নেই, চৌধুরী-ঠাকুরের গচ্ছিত দুটো টাকাও নেই, নীচের পকেটে পাঁচ-ছ আনার খুচরা পয়সা ছিল তাও নেই।

মানুষকে বিশ্বাস করাও দেখছি বিষম মুশকিল। ঘণ্টাখানেক কাটল, আমি সেই বটতলাতে বসেই আছি। হাতে নেই একটি পয়সা, আচ্ছা বিপদে তো ফেলে গেল লোকটা! মুদিটি আমার অবস্থাটা দেখেগুনে বললে—আমি চাল ডাল দিচ্ছি, আপনি রেঁধে খান বাবু। ভদ্রলোকের ছেলে, এমন জুয়াচোরের পাল্লায় পড়লেন কি ক'রে? দায়ের জন্তে ভাববেন না, হাতে হ'লে পাঠিয়ে দেবেন। মানুষ দেখলে চিনতে দেরি হয় না, আপনি যা দরকার নিন্ এখন থেকে। ভাগ্যিস আপনার স্মটকেস্টা নিয়ে যাব নি!

দুপুরের পরে সেখান থেকে রওনা হয়ে পশ্চিমমুখে চললাম। আমার স্মটকেসে একটা ভাল টর্চলাইট ছিল, মুদিকে ওর চাল-ডালের বদলে দিতে গেলাম, কিছুতেই নিলে না।

পথে হাঁটি, একেবারে নিঃস্বল অবস্থা। সন্ধ্যার কিছু আগে একটা বড় পাকুড়গাছের তলায় পথের ধারে জনকয়েক লোক দেখে সেখানে গেলাম। চারজন পুরুষমানুষ ও একটি ত্রিশ-বত্রিশ বছরের স্ত্রীলোক—তারা গাছতলায় উঠুন জেলে রাখবার উদ্যোগ করছে।

একজন বললে—কনে থেকে আসছেন বাবু?

—থাগড়াঘাট থেকে—তোমরা আসচ কোথা থেকে?

—আমরা আসতেছি তো বড় দূর থেকে। যাব কেঁদুলির মেলায়।

একজন তামাক সেজে নিয়ে এসে বললে—তামাক ইচ্ছে করুন বাবু। ও জুড়ন, বাবুকে বসবার কিছু দে।

—আমি তামাক খাইনে, তোমরা খাও। তোমরা দেশ থেকে বেরিয়েচ কতদিন?

জুড়ন বৈরাগী এগিয়ে এসে সন্ধ্যার হাত থেকে হুকোটা নিয়ে বললে—বাবু বড় কষ্ট, আর পুন্নিমেতে বাড়ির বার হওয়া হয়েছে। রাস্তার কি অনাবিষ্টি! তিনদিন ধরে আর থামে না, জিনিসপত্র ডিজে একশা, প্রায় পকাশ বাট কোশ এখন থেকে—নওগাঁ, চেনেন? সেই

নগদার সন্নিপত্য আমাদের বাড়ি, হাতীবীধা গ্রাম, যশোর জেলা।

গল্পগুজবে আধঘণ্টা কাটলো। জুড়ন বললে—দাদাঠাকুরের খাওয়ারাওয়ার কি হবে? এক কাজ করুন দাদাঠাকুর, আমাদের সঙ্গে সবই আছে, রসুই করুন, আমরা পেরসাদ পাব এখন। ব্রাহ্মণের পাঠের অন্ন কতকাল খাই নি। ও কাপাসীর মা, পুকুর থেকে জলডা নিয়ে এস, আর রাত কোরো না।

আমি বিশেষ কোন আপত্তি করলাম না। এদের সঙ্গে আমার বড় ভাল লাগছিল, ওই রাত্রে তা ছাড়া যাবই বা কোথায়? রান্না চড়িয়ে দিলাম। কাপাসীর মা আলু বেগুন ছাড়াতে বসলো। ওদের মধ্যে একজনের নাম বাবুরাম—সে পুকুরে চাল ধুতে গেল। জুড়ন শুকনো কাঠকুঠো কুড়িয়ে আনতে গেল।

পথের ধারে এই দরিদ্র, সরল মানুষগুলির সঙ্গে গাছতলায় রাত্রিযাপন, জীবনের এক নতুন অভিজ্ঞতা। রাতটিও বেশ, কি রকম সুন্দর জ্যোৎস্না উঠেছে! নির্জন মাঠে জ্যোৎস্নায় অনেক দূর দেখা যাচ্ছে।

এই জ্যোৎস্নারাত্রে আমার কেবল মনে হয় আমি আর সে সব জিনিস দেখি নে। কতদিন দেখি নি। যখন চিনতে শিখি নি, তখন রোগ ভেবে যাকে ভয় করেছি কত, এখন তা হারিয়ে বুঝেছি কি অমূল্য সম্পদ ছিল তা জীবনের। বোধ হয় মাঠের ধারের এই সবুজ দুর্কীঘাসের শয্যায় শুয়ে চোখ বুজে ভাবলে আবার দৃষ্টিশক্তি ফিরে পাই—এই সব বিজন মাঠে শেষ প্রহরের জ্যোৎস্নাভরা রাত্রে মুখ উঁচু করে চেয়ে থাকলে অনন্তপথের যাত্রীদের দেখা যায়...ওপর আকাশের জ্যোৎস্নামাখা বায়ুস্তর তাদের গমন পথে পথে দেহগন্ধে সুরভিত হয়—পরের দুঃখে কোনো দয়ালু আত্মা যে চোখের জল ফেলে, নদী-সমুদ্রে কিছুকের মধ্যে পড়লে তা মুক্তা হয়, বিল-বাঁওড়ের পদ্মফুলে পড়লে পদ্মমধু সৃষ্টি করে...আমার নিবে-বাওয়া দৃষ্টি-প্রদীপে আলো জ্বলে দিতে যদি কেউ পারে তো সে ওরাই পারবে।

সীতার কথা মনে হয়। আচ্ছা, এই রাত্রে এতক্ষণ সে কি করছে? যে জীবনের মধ্যে সে আছে, সে জীবনের জন্তু সে তৈরী হয় নি। হয়ত রান্নাঘরে বসে এতক্ষণে এইরকম রাখিচে, ও অত বই পড়তে ভালবাসে, তাদের ঘরে একখানা ও বই নেই, বই পড়া হয়ত সেখানে ঘোর অপরাধ—যেমন ছিল জ্যাঠাইমার কাছে। জীবনের যে-কোনো আনন্দভরা অভিজ্ঞতার সময়েই সীতার ব্যর্থ জীবনের কথা আমার মনে না এসে পারে না।

সবাই মিলে খেতে বসলাম। রান্না হ'ল বড়ির কোল, আলুভাতে, পটলভাজা। কাপাসীর মা অবিশ্রি দেখিয়ে দিল। কাল ঠিক এই সময়ে খাগড়াঘাটের পথে বটতলায় চৌধুরী-ঠাকুর ভজন গাইচে। কি খারাপ লোকটা! টাকার দরকার ছিল, আমার বললে তো আমি দিতামই। চুরি করে কি হ'ল!

জুড়ন বৈরাগী খাওয়া-দাওয়ার পরে গল্প করতে লাগল। বললে—শুধু দাদাঠাকুর, এই যে কাপাসীর মা দেখছেন, এর বাবা অনেক টাকা জমিয়ে মারা গিয়েছিল। খেতো না, শুধু টাকা জমাতো। মরবার সময় ভাইকে বললে, অমুক জারগায় মালসায় টাকা পৌতা আছে, নিয়ে এসে আমার দেখা। তা এই পানচালার কোণে ভাড়া উল্লনের মধ্য মালসা পৌতা ছিল—কেউ জানতো না। মরবার সময় তাই টাকার মালসা সামনে নিয়ে খোলে। টাকা দেখতি দেখতি মরে গেল।

—সে টাকা কে পেলে তার পর?

—তারপর বুড়ো তো মরে গেল। তার ভাই রটালে মালসার দুই টাকা সেই রাতি

গোলমালে চুরি হয়েছে। এমন কি টাকার অভাবে বুড়োর ছেরান্দটাও হ'ল না। পেটের ওপর বাশিজ্য ক'রে টাকা জমিয়ে গেল, নিজের ভোগে তো লাগলোই না—একটিমাস্তর মেয়ে এই কাপাসীর মা, তার ভোগেও হ'ল না। টাকার মাংগা রাতারাতি কে যে কোথায় সরিয়ে ফেলল—

কাপাসীর মা বাঁজের সঙ্গে বলে উঠল—হ্যাগো হ্যা, সরিয়ে ফেলতে এসেছিল পাড়ার লোক! যে নেবার সে নিয়েছে। আমি কি আর কিছু জানি নে, না বুঝি নে? ধন্দ্র আছেন মাথার ওপর—তিনি দেখবেন। ছ-মাসের মেয়ে নিয়ে বিধবা হয়ে লোকের দোর দোর ঘুরিচি দুটো ভাতের জঞ্জি—আমায় যিনি বাপের ধনে—

বাবুরাম বললে—আর শাপমন্নি করো না বাপু। তোমার অদেঠে থাকত, পেতে। বাদ দেও ওসব কথা। উল্লনে আগুন আছে কিনা দেখো তো, আর একবার কল্কেটা ধরাই।

ওদের মধ্যে আর একজন বললে—ও জুড়নখুড়ো, স্বরূপগঞ্জের বাজারে কাল দুপুরের আগে পৌঁছানো যাবে না?

—দুটোর কম হবে না। ছাঁড়ী কোশ, তার আগে খাওয়া-দাওয়া ক'রে নেওয়া যাবে।

বাবুরাম বললে—এবার কেঁতুলির মেলায় লোক যাচ্ছে কই তেমন জুড়নখুড়ো...সে-বছর দেখেছিলে তো? পথে সারারাতই লোক হাঁটতো।

অদ্ভুত লাগছিল এ রাতটি আমার কাছে। এত কথাও মনে এনে দেয়! ঘুম আর আসে না। ভাবছিলাম মানুষ এত অল্পেও সুখী হয়? আর সুখ জিনিসটা কি অনির্দেশ্য রহস্যময় ব্যাপার—এই নির্জন রাত্রে মুক্ত অপরিচিত প্রাস্তরের মধ্যে তারাখচিত আকাশের নীচে শুয়ে সবাই সুখের স্বপ্ন দেখছে—কিন্তু একজনের সুখের ধারণার সঙ্গে অন্য আর একজনের ধারণার কি বিষম পার্থক্য!

সকালে ওদের কাছ থেকে বিদায় নিয়ে পশ্চিম মুখেই হাঁটি। রাত দেশের বড় বড় মাঠের ওপর দিয়ে পথ। রাঙা বালি, দিগন্তে তালবনের সারি। হয়ত মাঠের মাঝে প্রাচীন কালের প্রকাণ্ড দীঘি, তালবনে ঘেরা। কি ফাঁকা জায়গা এ-সব! মনে হ'ত যেন সীমাহারা দিক্‌সমুদ্রে ভেলা ভাসিয়ে চলেছি, কোন অজ্ঞাত দিগন্তের বননীল উপকূলে গিয়ে ভিড়বো, কোনখানে তমালতরুনিকরে বনভূমি শ্যামায়মান, সেখানে গন্ধভরা অন্ধকার বীথিপথ বেয়ে অভিনারিকারা চিরদিন পা টিপে টিপে হাঁটে; বৃন্দাবনের দিন ফুরিয়ে গেল, মহাভারতের যুগ কেটে গেল, যমুনার তটে কেলিকদম্বের ছায়া কালের অন্ধকারে লুকিয়েছে, তবুও ওদের ও যাওয়ার শেষ হবে না, আমারও না।

মাঠের পথের প্রথমটায় কেঁতুলি মেলার লোকজনের সঙ্গে দেখা হ'ত। পরে আর তেমন লোক দেখি নি, এত বড় মাঠের মধ্যে অনেক সময় আমি একাই পথিক। এই ধু-ধু সীমাহীন প্রাস্তরে সূর্যাস্তের কি মূর্তি! আমাদের অঞ্চলে কোনোদিন তা দেখি নি। অন্ধকার হ'লে মাঠের মধ্যেই কতদিন রাত কাটিয়েছি। ছেলেবেলায় চা-বাগানে কাটিয়ে এই শিক্ষা পেয়ে-ছিলাম, রাত্রিতে যে কোথাও আশ্রয় নিতে হবে, একথা মনেই ওঠে না। শীতের দেশ নয়, ঘন হিমায়ণের হিংস্র স্বাপদ নেই এখানে—নিতান্ত নিরীহ, নিরাপদ দেশ—এখানে নক্ষত্রভরা মুক্ত আকাশের চাঁদোয়ার তলায় মাটির ওপর যা-হয় একটা কিছু পেতে রাত কাটানোর মত আনন্দ খাট-পালকে শুয়ে পাই নি।

একদিন এই অবস্থায় একটি অদ্ভুত অভিজ্ঞতা হ'ল। একটা অপূর্ব নাম-না-জানা অহুত্বতির

অভিজ্ঞতা। মুখে সে কথা বলা যায় না, বোকানো যায় না, শুধু সে-ই বোঝে যার এ রকম হয়েছে।

সকালে বামুনহাটি ব'লে একটা গ্রামে এক গ্রাম্য হাতুড়ে কবিরাজের অতিথি হয়েছিলুম সেদিন; তার স্ত্রী একটি রণচণ্ডী—যতক্ষণ সেখানে ছিলাম, তাঁর গালবাছের বিরাম ছিল না। আমি গিয়ে সবে বসেছি, তিনি দোরের আড়াল থেকে স্বামীর উদ্দেশ্যে আরম্ভ করলেন—ও অলঙ্কারে মিন্‌সে, আমার সঙ্গে তোমার এত শত্রুতা কিসের বল দিকি? রান্নাঘরের রোয়াকে চালা তুলতে তোমায় বলেছে কে? গরমে একে ঘরের মধ্যে ঢেঁকা যায় না উলুন জ্বলে, যাও বা একটু হাওয়া আসতো, চালা তুললে হাওয়া আসবে তো, ও ডাক্রা? ওই অগ্নিকুণ্ডের মধ্যে তোমার পিণ্ডি রাখবো খেও।

স্ত্রী চলে গেলে কবিরাজ-মশায় বললেন—আর বলেন কেন মশাই, হাড় ভাজা-ভাজা হয়ে গেল। শুনলেন তো পীতের বাচ্চি—ওই রকম সদাসর্বদা চলছে। আর যোর শুচিবাই, দুনিয়ার সব জিনিস সব অশুদ্ধ। দিনের মধ্যে সাতবার নাইছে, নিমুনিয়া হয়ে যদি না মরে তবে কি বলেছি। আজ এক বছর ধরে ওই গোয়ালের একপাশে তক্তপোশ পেতে শোর আলাদা—ঘরের জিনিস সব অশুদ্ধ যে, সেখানে কি শোয়া যায়? ওরকম ছিল না মশায়, ছেলেটা মরে গিয়ে অব্দি ওই রকম—

তারপর যে কথা বলছিলাম। বামুনহাটি থেকে বিকেলে বার হয়ে ক্রোশতিনেক যেতে-না-যেতে সন্ধ্যা হয়ে গেল। মাঠের মধ্যে একটা ছোট নদী, রাস্তা থেকে একটু দূরে। নদী এত ছোট যে তাকে আমাদের দেশ হ'লে বলতো খাল। ছু-পাড়ে রাড়া কাঁকর বিছানো, ধারে ধারে কাঁটাবোপ আর তালগাছ। সেখানে রাজিয়াপন করবো বলে মাটির ওপর ছোট শতরঞ্ঝিখানা পেতে তার ওপরে বসলাম। কোনদিকে জনপ্রাণী নেই।

খালের ওপারে একটা তালগাছের মাথায় শুকনো পাতা হাওয়ার খড় খড় শব্দ করছে—এই অন্ধকার প্রদোষে তালগাছের মাথার ওপরকার আকাশে নিঃসঙ্গ একটি তারা—আমি একবার তারটির দিকে চাইছি, একবার চারদিকের নিস্তব্ধ, পাতলা অন্ধকারের দিকে চাইছি। হঠাৎ আমার মনে কেমন একটা আনন্দ হ'ল। সে আনন্দ এত অদ্ভুত যে বেদনা থেকে তা বেশী পৃথক নয়, সে গুলক চোখে জল এনে দিল, মনে কেমন একটা অনির্দেশ্য অভাবের অতুচ্ছিত জাগিয়ে তুলেছে যেন।

কিছুক্ষণ আগেও যে জগতে ছিলাম, এ যেন সে-জগৎ নয়!

এ জগৎ যুগযুগের তুচ্ছ জনকোলাহল কত গভীর মাটির স্তরের নীচে চাপা পড়ে যাওয়ার জগৎ। ফুল ফুটে নিৰ্জনে ঝড়ে-পড়ার জগৎ...অজানা কত বনপ্রান্তের কত অশ্রুভরা আনন্দ-তীর্থের জগৎ...কত স্বপ্ন ভেঙে যাওয়া...কত আশার হাসি মিলিয়ে যাওয়া...

শুধু নিৰ্জনে চূতবীথির তালীবনরেখার মাথার ওপর শ্রামলতার পাড়টানা সীমাহীন নীল শূন্যে বহুদূরের কোন ক্ষীণরশ্মি নক্ষত্রের সঙ্গে এ জগৎ এক...শতাব্দীতে শতাব্দীতে কত লক্ষ মনের আনন্দ, আশা, গর্ব, হাসি, দৃষ্টি-ক্ষমতার বাহাদুরি কোথায় মুছিয়ে নিয়ে ফেলে দেয়, ক্ষীণ দুর্বল হাত প্রিয়কে নির্ধম জীবনের গ্রাস থেকে বাঁচাবার চেষ্টা করে, না বুঝে হাসে, খুশী হয়, আশার স্বপ্নজাল বোনে...

অন্ধকারে কোন্‌ খনিগর্ভে চূনাপাথর হয়ে যায় তাদের হাড়...

আবার নবীন বুকে নবীন আনন্দ জেগে ওঠে। আবার হাসি, আবার খুশী হওয়া, আবার আশার স্বপ্ন-জাল বোনা...অথচ সব সময় তাদের মাথার ওপর দিয়ে অনন্ত কালের প্রবাহ ছুটে

চলে, পুরোনো পাতা ঝরে পড়ে, নতুন গান পুরোনো হয়ে যায়। গ্রহে গ্রহে, নক্ষত্রে নক্ষত্রে কত দৃশ্য-অদৃশ্য লোকে, কত অজানা জীবজগতেও এরকম বেদনা, দীনতা দুঃখ। দূরের সে-সব অজানালােকে ক্ষুদ্র গ্রাম্য নদী দীর্ঘ বটগাছের ছায়ায় বয়ে যায়, তাদের শান্ত বন-বীথির মূলে প্রিয়জনের, বহুদিন-হারা প্রিয়জনের কথা ভাবে—নদীর শ্রোতে শেওলা-দাম-ভাসা জলে অনন্তের স্বপ্ন দেখে...যে অনন্ত তার চারধার ঘিরে আছে সব সময়, তার নিঃশ্বাসে, তার বৃকের অদম্য প্রাণশ্রোতে, তার মনের খুলীতে, নাক্ষত্রিক শূন্যপারের মিটমিটে তারার আলোর। দূরের ওই দিখলয় যেখানে চুপি চুপি পৃথিবীর পানে মূখ নামিয়ে কথা কইছে, শূন্যপথে অদৃশ্য চরণে দেবদেবীরা যেন এই সন্ধ্যায় ওখানে নেমে আসেন। যখন নদীজল শেব-রৌদ্রে চিক্ চিক্ করে, কূলে কূলে অন্ধকার ফিরে আসে, পানকলস শেওলার ফুল কালো জলে সন্ধ্যায় ছায়ায় ঢাকা পড়ে যায়—তখনই। আমার মনে সব ওলট-পালট হয়ে গেল, এমন এক দেবতার ছায়া মনে নামে—যেন জ্যাঠাইমাদের শালগ্রামশিলার চেয়ে বড়, আটঘরার বটতলার সেই পাথরের প্রাচীন মূর্তিটির চেয়ে বড়, মহাপুরুষ খ্রীষ্টের চেয়েও বড়—চক্রবালরেখায় দূরের স্বপ্নরূপে সেই দেবতারই ছায়া, এই বিশাল প্রান্তরে স্নান সন্ধ্যার রূপে মাথার ওপর উড়ে-যাওয়া বালিহাঁসের সাঁই সাঁই পাখার ডাকে। সেই দেবতা আমার পথ দেখিয়ে দিন। আমি যা হারিয়েছি তা আর চাই'নে, আমি চাই আজকার সন্ধ্যার মত আনন্দ, এবং যে নতুন দৃষ্টিতে এই এক মুহূর্তের অন্তে গজগতাকে দেখেছি সে দৃষ্টি হারিয়ে যাবে জানি, সে আনন্দ জীবনে অক্ষয় হবে না জানি—কিন্তু আর একবারও যেন অন্ততঃ তারা আসে আমার জীবনে।

॥ ১১ ॥

পরদিন দুপুরে সন্ধান মিলল ক্রোশ-চারেক দূরে দ্বারবাসিনী গ্রামে একটি প্রসিদ্ধ আখড়াবাড়ি আছে, সেখানে মাঝে মাঝে ভাল ভাল বৈষ্ণব সাধু আসেন। গাঁয়ের বাইরে আখড়াবাড়ি, সেখানে থাকবার জায়গাও মেলে।

সন্ধ্যার সামান্য আগে দ্বারবাসিনীর আখড়াবাড়িতে পৌঁছলাম। গ্রামের প্রান্তে একটা পুকুরের ধারে অনেকগুলো গাছপালা—ছায়ামূল, কঁকরভরা, উবর ধু-ধু মাঠের মধ্যে এক জায়গার টলটলে স্বচ্ছ জলে ভরা পুকুর। পুকুরপাড়ে বকুল, বেল, অশোক, তমাল, নিম গাছের ছায়ামূল ঘনকুঞ্জ, দু-চারটে পাখীর সান্ধ্যকাকলি—মরুর বৃকে শ্যামল মরুদ্বীপের মত মনে হ'ল। এ অঞ্চলে এর নাম লোচনদাসের আখড়া। আমি যেতেই একজন প্রৌঢ় বৈষ্ণব, গলায় তুলসীর মালা, পরনে মোটা তসরের বহির্কাস, উঠে এসে জিজ্ঞেস করলে,—কোথেকে আসা হচ্ছে বাবুর? তারপর ভালপাতার ছোট চাটাই পেতে দিলে বসতে, হাত-মুখ ধোয়ার জল নিজেই এনে দিলে। গোলমত উঠোনের চারিধারে রাঙা মাটির দেওয়াল-তোলা ঘর, সব ঘরের দাওরাতাই দুটি-তিনটি বৈষ্ণব, খুব সম্ভবতঃ আমার মতই পথিক, রাত্তিরে জল্প আশ্রয় নিয়েছে।

সন্ধ্যার পরে আমি ভালপাতার চাটাইয়ে বসে একটি বৃদ্ধ বৈষ্ণবের একতারা বাজনা ও গান শুনচি—এমন সময় একটি মেয়ে আমার উঠোনে এসে জিজ্ঞেস করলে—আপনি রাত্তিরে কি খাবেন—?

আমি বিস্মিত হয়ে বললাম—আমায় বলচেন?

মেয়েটি শান্ত সুরে বললে—হ্যাঁ। রাত্তিরে কি ভাত খান?

আমি খতমত খেয়ে বললাম—বা হর, ভাতই খাবো। আপনাদের যাতে সুবিধে।

মেয়েটি বললে—আমাদের সুরবিধে নিয়ে নয়—এখানে আপনার বা ইচ্ছে হবে খেতে ভাই বলবেন। চা খান কি আপনি ?

এ পর্যন্ত কোন জায়গায় এমন কথা শুনি নি, কোন মন্দিরে বা বৈষ্ণবের আখড়াতেই নয়। ডেকে কেউ জিজ্ঞেস করে নি আমি কি খেতে চাই। বললাম—চা খাওয়া অভ্যেস আছে, তবে সুরবিধে না হ'লে—

মেয়েটি আমার কথা শেষ হওয়ার আগেই চলে গেল এবং মিনিট কুড়ি পরে এক পেয়লা চা নিয়ে এসে নিঃসঙ্কোচে আমার হাতেই দিলে। বললে—চিনি ঠিক হয়েছে কি না দেখুন।

আবার তাকে দেখলাম রাত্রে খাবার সময়ে। লম্বা দাঁড়ায় সারি দিয়ে সাত-আট জন লোক খেতে বসেছে, মেয়েটি নিজের হাতে সবাইকে পরিবেশন করলে। প্রকাণ্ড বড় ভাতের ডেকচি নিজে ছু-হাতে ধরে নিয়ে এসে আমাদের সামনে রাখলে—তা থেকে খালা ক'রে ভাত নিয়ে সকলকে দিতে লাগল। আমার পাশের লোকটিকে বললে—ও কি শ্রামাকাকা, নাউয়ের ঘণ্ট দিয়ে আর দুটো খান। ওবেলা তো খাওয়াই হয় নি!

সে সমস্রমে বললে—না দিদিঠাকরুন, আমাকে বলতে হবে না আপনার। পেটে জ্বরগা নেই। তেঁতুল মেখে বরং দুটো খাবো—

—হ্যাঁ কাসছেন, তেঁতুল না খেলে চলবে কেন? দুখ দিচ্ছি—

তারপর আমার সামনে এসে বললে—আপনার বোধ হয় ওবেলা খাওয়াই হয় নি? আপনাকেও দুখ দিচ্ছি।

এতগুলো লোক খেতে বসেছে, দুখ দেওয়া হ'ল মোটে তিনজনকে—কিন্তু সে ব্যক্তিগত প্রয়োজন বিশেষে এবং তার বিচারকর্তী ওই মেয়েটিই। আমার কোতুক হ'ল ভারি।

রাত্রে শুয়ে শুয়ে ভাবলাম চমৎকার মেয়েটি তো! দেখতে সুশ্রী বটে, তবে খুব সুন্দরী নয়। কিন্তু আমি ওরকম মুখের গড়ন কখনও দেখি নি, প্রথমে সন্ধ্যাবেলায় ওকে দেখেই আমার মনে হয়েছিল একথা। বার বার চেয়ে দেখতে ইচ্ছে হয়—সে ওর সুন্দর ডাগর চোখ দুটির জন্তে, না ওর মুখের একটি বিশিষ্ট ধরনের লাবণ্যময় গড়নের জন্তে, রাত্রে তা ভাল বুঝতে পারি নি। মেয়েটি কে? নিতাস্ত ছেলেমানুষ তো নয়—সারাদেহে যৌবনশ্রী ফুটে উঠেছে পরিপূর্ণ ভাবেই—এখানে ওভাবে থাকে কেন। আখড়ার সঙ্গে ওর কি সম্পর্ক? নানা প্রশ্ন মনে উঠে ঘুম আর আসে না।

পরদিন সকালে মেয়েটির সঙ্গে অনেকবার দেখা হ'ল। অতিথিদের কারও অযত্ন না হয় সেদিকে দেখলাম ওর বেশ দৃষ্টি আছে। এ অঞ্চলে চলে কাঁকর ব'লে সে নিজে সকালে কুলো নিয়ে বসে প্রায় আধঘণ্টা চালা বাড়লে। বেলা ন'টার সময় হঠাৎ এসে আমার বললে—আপনার ময়লা জামা-কাপড় যদি পুঁটলিতে থাকে তো দিন, কেচে দেবো। আপনার গায়ের জামাটাও ময়লা হয়ে গিয়েছে, খুলে দিন। খুব রোদ, দুপুরের মধ্যে শুকিয়ে যাবে।

আমি প্রথমটা একটু সঙ্কুচিত হয়ে পড়েছিলাম। তার পর দেখলাম সে সকলকেই জিজ্ঞেস করছে কারও ময়লা কাপড়-চোপড় কিছু আছে কিনা। একজন বৃদ্ধ বাউলের গেকরা আলখান্না ময়লা হয়েছিল ব'লে খুলিয়ে নিয়ে গেল। পরে সুনলাম মেয়েটি ওরকম প্রায়ই করে, আখড়াতে ময়লা-কাপড়ে থাকবার জো নেই।

এখানে দিন দুই কাটাবার পরে আর একটা জিনিস আমার বিশেষ ক'রে চোখে পড়ল যে, মেয়েটির মধ্যে কোন মিথ্যে সঙ্কোচ নেই, সহজ সিধে ব্যবহার, কি কাজে, কি কথাবার্তায়। সজীব ও দীপ্তিময়ী, যেন সঞ্চারিণী দীপশিখা, যদি শ্রামাকী মেয়েকে দীপশিখার সঙ্গে তুলনা করা

যায়। তৃতীয় দিন বিকেলে এসে বললে—পুকুরপাড়ের বাগান দেখেছেন? আসুন দেখিয়ে নিয়ে আসি।

এই কথাটা আমার বড় ভাল লাগল—এ পর্য্যন্ত আমি কোন মেয়ে দেখি নি যে বাগান ভালবাসে, দেখবার জিনিস ব'লে মনে করে।

ওর সঙ্গে গেলাম। অনেক গাছ আমাদের সে চিনিয়ে দিলে। কাঞ্চন ফুলের গাছ এই প্রথম চিনলাম। এক কোণে একটা বড় তমাল গাছের তলায় ইটের তুলসীমঞ্চ ও বেদী দেখিয়ে বললে—বাবা এখানে বসে জপ করতেন।

জিজ্ঞেস করলাম—আপনার বাবা এখন কোথায়?

মেয়েটি কেমন যেন একটা বিস্ময়ের দৃষ্টিতে আমার দিকে চেয়ে বললে—বাবা তো নেই, এই চার বছর হ'ল মারা গিয়েছেন। এই যে পুকুরটা, বাবা কাটিয়েছিলেন, আর এই বকুল-গাছের ওপাশে বিষ্ণুমন্দির তুলছিলেন, শেষ ক'রে যেতে পারেন নি।

এই কথায় স্ত্রী খুঁজে পেলাম ওর সম্পূর্ণ পরিচয় জিজ্ঞেস করবার। এ দু-দিন কাউকে ওর সম্বন্ধে কোন কথা বলি নি, পাছে কেউ কিছু মনে করে। কৌতূহলের সঙ্গে বললাম—আপনার বাবার নামেই বুঝি এই আখড়া?

—কি, লোচনদাসের আখড়া? তা নয়, আমরা ব্রাহ্মণ, আমার বাবার নাম ছিল কাশীশ্বর মুখ্যো। লোচনদাস এই আখড়া বসান, কিন্তু মরবার সময়ে বাবার হাতে এর ভার দিয়ে যান। তারপর বাবা আট-ন' বছর আখড়া চালান। আখড়ার নামে যত ধানের জমি, সব বাবার। আসুন, বিষ্ণুমন্দির দেখবেন না?

মনে ভাবি বিষ্ণুমন্দির তুচ্ছ, ফিলিপাইন স্বীপপুঞ্জ পর্য্যন্ত আমি সঙ্গে যেতে রাজী আছি। পুকুরপাড়ের একটা বকুলগাছের পাশে একটা আধ-তৈরি ইটের ঘর। মেয়েটি বললে—গাঁথা শেষ হয় নি তো, হঠাৎ বাবা—তাইতে আদ্যেই হয়ে আছে। কাঁচা গাঁথুনি, আর-বছরের বর্ষায় ওদিকের দেওয়ালের খানিকটা আবার ভেঙে পড়ে গিয়েছে।

বকুলগাছে কি লতা উঠেছে, দেখিয়ে বললাম—বেশ ফুল ফুটেছে তো, কি লতা এটা?

ও বললে—মালতী লতা।

একটু চুপ ক'রে থেকে হেসে বললে—জানেন? আমার নাম—

ওর কথার ভঙ্গিতে মনে হ'ল এ এখনও ছেলেমানুষ। বললাম—আপনার নাম মালতী-লতা? ও! কাল উদ্ধবদাস বাবাজী রুনি বলে ডাকছিলেন আপনাকে, তাই ভাবলাম বোধ হয়—

ও সলজ্জ মুখে বললে—লতা নয়, মালা।

দু'জনেই আখড়াবাড়ির নাটমন্দিরে কিরে এলাম। তার পর মালতীকে আর দেখতে পেলাম না, সেই যে সে রাত্রাঘরে কি কাজ নিয়ে ঢুকল রাত দশটা পর্য্যন্ত আর সেখান থেকে বেরুল না।

সকালে ঘুম ভেঙে উঠে মনে কেমন এক ধরনের মধুর অহুভূতি। মালতীকে যেন স্বপ্নে দেখেছি—ওর প্রকৃতপক্ষে কোন পার্থিব অস্তিত্ব যেন নেই। স্বপ্ন ভাঙার সঙ্গে সঙ্গে তার কথা মনে পড়ল, বকুলতলার তার সঙ্গে দাঁড়িয়েছি, সে হাসিমুখে নিজের নাম বলেছে, তার চোখ-মুখের সেই সচেতন নারীত্বের সলজ্জতা অথচ বালিকার প্রগল্ভ কৌতুক-প্রিয়তা—তার সারা দেহের স্তূঠাম লাভণ্য, এ-সব যেন অবাস্তব স্বপ্নজগৎ থেকে সংগ্রহ করা স্মৃতি। কিন্তু মনে সে বেদনা অহুভব করলাম না, যা আসে এই কথা ভেবে যে স্বপ্নে যা দেখেছি ও সব মিথ্যে, মারা, মারা—ও আর পাব না, ও ছায়ালোকের রচা স্বর্গ, ওর চন্দ্রালোকিত নির্জন পর্ব্বতশিখরও

মিথ্যে, ও দিব্যান্ধনারাও মিথ্যে। মালতী এইখানেই আছে, কাছে কাছেই আছে, তাকে আরও কতবার দেখবো। মালতী আসবে তো ?

মালতী সকালে একরাশ তুলো পিঁজতে বসল। বেলা এগারটা পর্যন্ত সে আর কোনো কাজে গেল না। প্রথম এখানে এসে যে প্রৌঢ় বৈষ্ণবটিকে দেখে ছিলাম, তার নাম উদ্ধবদাস—সেই লোকটিই মালতীর অভিভাবক, কার্ধ্যাতঃ কিন্তু মালতীর খেলালে তাকে চলতে হয়। সেও মালতীর কাছে বসে তুলো পিঁজতে ব্যস্ত আছে, মালতীর কথা ঠেলবার সাধ্য তার নেই।

মালতীর ইতিহাস উদ্ধবদাসের মুখে একদিন ইতিমধ্যে শুনলুম। উদ্ধব বাবাজীকে একদিন আখড়ার বাইরের মাঠে নিয়ে গিয়ে কৌশলে ঘুরিয়ে মালতীর কথা জিজ্ঞেস করতেই ও বললে—ওর বাবা আমার পাঠশালার পোড়ো বন্ধু। ওরা ব্রাহ্মণ, এ দেশের সমাজে ফুলীন। মালতীর ঠাকুরদাদা শ্রীধর মুখুটি বেশ নামকরা কীর্ত্তন-গাইয়ে ছিলেন। নিছের দল ছিল। দু-পয়সা হাতে করেছিলেনও। একদিন রাত্তিরে বাইরে বেরুচ্ছেন, দরজার চৌকাঠের কাছে বাড়ির বেড়ালটা যেন কিসের সঙ্গে খেলা করছে। ফুটফুট করছে অনন্তচতুর্দশীর রাত, ভাস্কর মাস...যেমন বাইরে পা দিতে গিয়েছে অমনি সাপে ছোবল দিয়েছে পারে। সাপ ছিল চৌকাঠের বাইরে, আলো-আঁধারে লেগে বৃড়ো তা টের পায় নি। 'ঘরে তখন ছেলের বৌ মালতীর মা, মালতীর বাবা বাড়ি নেই। চৈ চয়ে বললেন—বৌমা, শীগ্গির আলো জ্বালো, আমার একগাছা দড়ি দাও শীগ্গির। দড়ি নিয়ে বাঁধন দিয়ে উঠানে গিয়ে বসলো। বললে—আমায় আর ঘরে যেতে হবে না বৌমা, তলব পড়েছে। লোকজন এল, ঝাড়ানো হ'ল—কিছুতেই কিছু হ'ল না, ভোররাত্রে মারা গেল।

মালতীর বাবা পৈতৃক কিছু হাতে পেয়ে একটা লবণ-কলায়ের দোকান করলে। তার মত অতিথিসেবার বাতিক আমি কখনও কারও দেখি নি। দোকান তো ছাট, বাড়ি হয়ে উঠল একটা মস্ত বড় অতিথিশালা। যত লোকই বাড়িতে আসুক, কিরতো না। একবার রাত-দুপুরের সময় পঁচিশজন সাধু এসে হাজির, গঙ্গাসাগর যাচ্ছে, অনেক দূর থেকে শুনে এসেছে এখানে জায়গা পাবে। দোকানের জিনিসপত্র ভাঙিয়ে পঁচিশমুর্তি সাধুর সেবা হ'ল। সকালে তারা বললে, আমাদের জনপিছু ছু-টাকা প্রণামী দাও। অত টাকা নগদ কোথায় পাবে? সাধুরা বললে—না দাও তো অভিসম্পাত দেবো। আমি বললাম—মিতে, অভিসম্পাত দেয় দিক, টাকা দিও না ওদের। ওরা লোক ভাল না। সে বললে—অভিসম্পাতের ভয় করি নে, তবে আমার কাছে চেয়েছে, আমি যেখান থেকে পাই, নিয়ে এসে দেবোই। মালতীর মায়ের কানের মাকড়ী আর ফাঁদি নথ শ্রীমন্তপুরের বাজারে বিক্রী করে টাকা নিয়ে এল। তাতেও কুলোর না, আমি বাকী সাতটা টাকা দিলাম—তবে সাধুরা বিদেয় হয়।

মালতী তখন ছোট, একদিন হঠাৎ স্ত্রীকে এসে বললে—শাখ শ্যার সংসারে থাকবো না। স্ত্রীও বললে—আমায় সঙ্গে নাও। স্ত্রীকে বললে—বাঁশবাগানে ওই হাঁড়িটা পড়ে আছে, নিয়ে এসে ধুয়ে ওতে ভাত রাঁধো। খেয়ে চলো। লবণ-কলাইয়ের দোকান বিলিয়ে দিলে। ভোমপাড়া থেকে সবাইকে ডেকে নিয়ে এসে বললে—যার যা খুশী নিয়ে যাও। দশ মিনিটের মধ্যে দোকান সাক্। সবাই বললে—পাগল হয়ে গিয়েছে। তার পর বৌ আর মেয়ের হাত ধরে কোথায় চলে গেল। বছর দুই পরে এসে এই লোচনদাস বাবাজীর আখড়ার উঠলো। বাবাজী তখন বৃড়ো হয়েছেন, বড় ভালবাসতেন, তিনি বললেন—বাবা, মহাপ্রভু তোমায় পাঠিয়ে দিয়েছেন, আমার আখড়ার ভার তোমায় নিতে হবে, আমি আর বেশী দিন নয়। পরের বছর বাবাজী দেহ রাখলেন, ওই পুত্রপাড়ের ভয়ালভয়াল তাঁকে সমাধি

দেওয়া হ'ল।

ক্রমে মালতীর বাবার নাম দেশময় ছড়িয়ে পড়ল। গোসাঁইজী বলতো সবাই। গোসাঁইজীকে দেবতা ব'লে জানতো এ-দেশের লোক। এমন নিল্লোঁড়, অমন অমারিক লোক কেউ কখনও দেখে নি। শরীরে অহঙ্কার ব'লে পদার্থ ছিল না। আর অমন মুক্ত মানুষ হয় না—কোন বাঁধন, কোন নিয়মগতীর ধার ধারত না। আমাদের বোষ্টমের সমাজেও অনেক আইন-কানুন আছে, মেনে না চললে সমাজে নিন্দে হয়, বড় বড় মচ্ছবের সময় নেমস্তন্ন পাওয়া যায় না। সে গ্রাহ্যও করতো না, একেবারে আপনভোলা, সদানন্দ, মুক্তপুরুষ ছিল। ষারবাসিনী কামারদের গাড়ির কাজ আছে কলকাতায়, একবার তাদের বাড়ি কাঙালীভোজন হচ্ছে, বেশ বড়লোক তারা। কামারদের মেজকর্তা রতনবাবু দাঁড়িয়ে তদারক করছেন—এমন সময় দেখেন গোসাঁইজী কাঙালীদের সারিতে পাতা পেতে বসে থাকছেন। পাছে কেউ টের পায় ব'লে থামের আড়ালে বসেছেন। হৈ হৈ কাণ্ড, বাড়িমুদ্র এসে হাতজোড় করে দাঁড়ালো। এ কি কাণ্ড গোসাঁইজী, আমাদের অকল্যাণ হবে যে! লোকটা এত সরল—কোনো লম্বা চওড়া কথা নয়, কোনো উপদেশ নয়, অবাক হয়ে বললে, তাতে দোষ কি? আমি শুনলাম কাঙালীভোজন হবে, ভাল-মন্দ খেতে পাওয়া যাবে, তাই এসেছি, এই পথ দিয়ে যাচ্ছিলাম। সে জাত মানতো না, সমাজ মানতো না, আপন-পর বুঝতো না, নিয়ম-কানুনের ধার ধারতো না। কত লোক মজ্ব নিয়ে আসতো। বলতো—মজ্ব কি দেবো? আপনাকে ভাববে সবাইয়ের চাকর, বাস, এই মজ্ব। মালতীর মা আগেই মারা গিয়েছিল। গোসাঁইজীর নিজের মরণও হ'ল স্ত্রীর মৃত্যুর তিন বছর পরে। একদিন কোথা থেকে বৃষ্টি মাথায় ভিজে আখড়ায় এলেন। তার পরদিন সকালে আমার বললেন—উদ্ধব, কাল আমার বড় ঠাণ্ডা লেগেছে, একটু যেন জ্বর-মত হয়েছে; আজ আর ভাত খাব না, কি বলো? দু-দিন পর জ্বর নিমোনিয়ার দাঁড়ালো। বুঝতে পেরেছিলেন বাঁচবেন না, মেরেকে মরণের আগের দিন ডেকে বলে গেলেন—মালতী মা, তোর বিয়ে দিয়ে যেতে পারলাম না, তা আমার বলা রইলো যাকে তোর মন চায়, তাকেই বিয়ে করিসু। তিনি তো চলে গেলেন, মালতীকে একেবারে নিঃসম্বল অসহায় ফেলে রেখে। হাতে পয়সা রাখতে জানতেন না। ভবিষ্যতের ভাবনা ভাবতেন না—সেটা আমি গুণ বলি নে, দোষই বলি—বিশেষ ক'রে অত বড় মেয়ে—আর ওর কেউ নেই জ্বিঙ্গসারে। বাপ নেই, মা নেই, পয়সা নেই, বাড়ি নেই, ঘরবাড়ি এই আখড়া। মালতীও যে দেখেছেন—ও মেয়েও পাগল, ও বাপের খারার গিয়েছে। লোকজনকে খাওয়াচ্ছে, সেবা করছে—ওই নিয়েই থাকে। কিছু মানে না, ভয় করে না। অল্প মেয়ে হ'লে এই সব পাড়াগাঁয়ে কত বদনাম রটত—গোসাঁইজীর মেয়ে বলে সবাই মানে, তাই কেউ কিছু বলে না।

দিন পনেরো কেটে গেল।

মালতীর বাবার ইতিহাস শুনে বুঝেছি আমি এখানে ছ-মাস থাকলেও এরা আমার চলে যেতে বলবে না—বিশেষ ক'রে মালতী তো বলবেই না। কিন্তু আমার পক্ষে থাকার যেমন অসম্ভব হয়ে উঠেছে, চলে যাওয়া তার চেয়েও অসম্ভব যে! মালতীকে নতুন চোখে দেখতে শিখেছি ওর বাবার পরিচয় শুনে পর্যাপ্ত। মালতীর বাবার মত লোকের সন্ধান কত ঘুরেছি, এতদিন পরে সন্ধান মিলেছে, কিন্তু চাক্ষুষ দেখা হ'ল না। জগতের সকল নিঃস্বার্থ নির্ধংসর লোক পরম্পরের সগোত্র—তা সে লোক গঙ্গাতীরে নবদ্বীপের আকাশেই প্রথম দিনের আলো দেখুন কিংবা দেখুন কপিলাবস্ত্র বা প্যালেস্টাইন বা আসিসির ওপরকার ইতালীর ইন্দ্রনীল

আকাশের তলে ।

মালতীকে কত কথা বলবার আছে, ভাবি কিন্তু ওর সঙ্গে আর আমার তেমন নিঃসঙ্গ দেখা হয় না । আমি দেখি মালতীর আশাতেই আমি সারাদিন বসে থাকি—ও কখন আসবে । ও থাকে সারাদিন নিজের কাজে ব্যস্ত—হয়ত দেখলাম ঘর থেকে ও বার হ'ল, ভাবি আমার কাছে আসছে বুঝি—কিন্তু তা না এসে থালা চাতে কাকে ভাত দিতে গেল । নয়ত আলনাতে কাপড় টাঙাতে ব্যস্ত আছে । হয়ত একবার থাকতে না পেরে ডেকে বলি—ও মালতী—

মালতী বললে—আসছি ।

আমি বসেই আছি, বেলা দুপুর গড়িয়ে গেল । ও এল কই ?

দিনগুলো প্রায়ই এই রকম । তা ছাড়া আমার ওপর ওর কোন বিশেষ পক্ষপাত আছে ব'লে আমার মনে হয় না । প্রথম দিনকতক যে সে রকম ধারণা না হয়েছিল এমন নয় । কিন্তু এখন সে ভুল ভেঙেছে । সকলকে যেমন যত্ন করে, আমাকেও তেমনি করে ।

একদিন ব'সে উদ্ধবদাসের একতারা ঘেরামত করছি—মালতী দেখতে পেয়ে উঠোনের ওকোণ থেকে চঞ্চলপদে এসে সামনে দাঁড়াল । সর্কোতুক সুরে বললেন—ও ! কাকার সেই একতারাটা ? আপনি সারাচ্ছেন নাকি ? কি জানেন আপনি একতারা সারানোর ?

আমি অপ্রতিভ না হয়ে বললাম—জানা জানির কি আছে এতে ? খানিকটা তার হাতে এসেছিল—তাই পরিয়ে দিচ্ছি । কথা শেষ করার সঙ্গে সঙ্গে হাসিমুখে চোখ তুলে চাইতেই ওর সঙ্গে চোখাচোখি হ'ল । সেই মুহূর্তে হঠাৎ আমার মনে হ'ল মালতীকে এখানে একা নিঃসহায়, নির্ঝাঁকব, রিক্ত অবস্থায় ফেলে আমি কোথাও যেতে পারব না । ওর এখানে কে আছে ? একপাল অনাস্বীয়, অশিক্ষিত গেরো বৈষ্ণবের মেলার মধ্যে ওকে ফেলে রেখে যাব কি ক'রে ? তারা ওর কেউ নয় । তারা ওকে বুঝবে না । তার চেয়ে আমার মনের দেশে ও আমার অনেক আপন, আমার নিকটতম প্রতিবেশী ।

ভাবলাম মালতীকে সব কথা বলি । বলি, মালতী, সংসারে তোমারও কেউ নেই, আমারও কেউ নেই । তুমি সাধু বাপের সতী মেয়ে, তোমার সংসার-বিরাগী আপন-ভোলা বাপের আলীর্কাদ ওই শ্রামসুন্দর তমালতরু ছায়ার মত তোমাকে ঘিরে রেখেছে জানি, কিন্তু আমিও যে-সন্ধানে বেরিয়েছি, সে-সন্ধান সফল হবে না তুমি যদি পাশে এসে না দাঁড়াও ।

কিন্তু তার বদলে বললাম—ভাল কথা মালতী, তোমাকে অনেকদিন থেকে বলব ভাবচি । উদ্ধব বাবাজীকে ব'লে আমার এখানে একটা পাঠশালা করার ব্যবস্থা ক'রে দিতে পার ? আমার কিছু হয় তা থেকে ।

মালতী এসে দাওয়ার পা ঝুলিয়ে বসল । ওর মুখের পাশটা দেখা যাচ্ছে, একটা সুকুমার লাবণ্য যেন ওর মুখের চারিপাশ ঘিরে আছে—এক ধরনের সুন্দর মুখ আছে, মনে হয় যেন তাদের মুখের চারিপাশে একটা অদৃশ্য সৌন্দর্য্যজালের বেষ্টনী রয়েছে, যখন কথা না বলে চূপ ক'রে থাকে, তখন তাদের মুখের এই ভাবটা সুস্পষ্ট হয়ে ফুটে ওঠে—মালতীর মুখ সেই ধরনের । আমার কথায় ওর মুখচোখ চিন্তাকুল হয়ে উঠল, যেন কি একটা বিষম সমস্যা তার ঘাড়ের আঁচিপাশে দিয়েছি । বললে—কিন্তু এখানে যা ভেবে করবেন, তার কিছু হবে না । এখানে মাইনে দেবে না কেউ । এখানে উজ্জলোক নেই । ঝারবাসিনীতে কামারেরা আছে, ওদের কলকাতার গাড়ির কারখানা, সেইখানেই থাকে । সরকারেরা তিন বছর পরে এসেছিল পুজোর সময় দেশে ।—তারপর হেসে ছেলেমাহুকের মত ঝাড় ছুলিয়ে বললে—খান নিয়ে ছেলে পড়াতে

পারবেন? এদেশে মাইনের বদলে ধান দেয়। নাঃ, সে-সব আপনার কাজ নয়। তা আপনি তো এখানে জলে পড়ে নেই? হাতে কিছু নেই, একদিন হবেই। যতদিন না হয়, এখানে থাকুন। আপনাকে এ অবস্থার কোথাও যেতে দেব না। এখানে থাকতে কষ্ট হচ্ছে বোধ হয়, না? সত্যি কথা বলুন।

—সত্যি কথা কি সব সময় বলা যায় মালতী?

—কেন, বলুন না কি বলবেন?

—এখন থাক, আমার কাজ আছে। শোন, উদ্ধবদাসের একতারাটা এখানে রইল, ব'লো তাকে। তোমার জন্তে সারানো হ'ল না।

মালতী অবাক হয়ে চেয়ে থেকে বললে—কোথায় যাবেন? শুন্ন। বা রে, অদ্ভুত মানুষ কিন্তু আপনি!

বাইরের মাঠে এসে দাঁড়িয়ে মনে হ'ল আকাশ-বাতাসের রূপ ও রং যেন এই এক মুহূর্তের মধ্যে বদলে গেছে আমার চোখে। মালতী ও-কথা বললে কেন যে, আপনাকে এ অবস্থার কোথাও যেতে দিতে পারব না?—এই সেই মাঠ, সেই নীলাকাশ, মাঠের মধ্যে দ্বারবাসিনীর কামারদের কাটানো বড় দীঘিটা, সবই সেই আছে—কিন্তু মালতীর মুখের একটি কথায় সব এত স্নন্দর, এত অপরূপ, এত মধুময় হয়ে উঠল কেন?

ঠিক সেই অদ্ভুত রাত্রিটির মত—মাঠের মধ্যে নিষ্কিন নদীর ধারে শুয়ে যেমন হয়েছিল সেদিন। অমুভূতি হিসেবে দুই-ই এক। কোন প্রভেদ নেই দেখলুম। কোথায় সেই বিরাট দেবতা, আর কোথায় এই মালতী!

তারপর দিন-কতক ধরে মালতীর সঙ্গে কি জানি কেন আমার প্রায়ই দেখা হয়। সময়ে অসময়ে, কারণে-অকারণে ও আমার সামনে যখনই এসে পড়ে কিংবা কাছ দিয়ে যায়, দাঁড়িয়ে দুটো কথা না ব'লে যায় না। হয়ত অতি তুচ্ছ কথা—বসে আছি, সামনে দিয়ে যাবার সময় ব'লে গেল—বসে আছেন? এ-কথা বলবার কোন প্রয়োজন নেই—কিন্তু সারাদিনের এই টুকরো টুকরো অকারণ কথা, একটুখানি হাসি, কৃত্রিম শ্লেষ, কখন-বা শুধু চাহিনি...এর মধ্যে দিয়ে ওর কাছে আমি অনেকটা এগিয়ে যাই—ও আমার কাছে এগিয়ে আসে। এত ক'রে বুঝি ও আমার অস্তিত্বকে উপেক্ষা ক'রে চলতে পারে না—ও আমার সঙ্গে কথা ব'লে আনন্দ পায়।

বিকলে যখন ওর সঙ্গে এক-এক দিন গল্প করি, তখন দেখি ওর মনের চমৎকার একটা সজীবতা আছে। নিজে বেশী কথা বলতে ভালবাসে না—কিন্তু শ্রোতা হিসেবে সে একেবারে প্রথম শ্রেণীর। যে-কোন বিষয়ে ওর কৌতূহল জাগানো যায়—মনের দিক থেকে সেটা বড় একটা গুণ। এমনভাবে সকৌতূহল ভাগর চোখ দুটি তুলে একমনে সে শুনবে—তাতে যে বলাছে তার মনে আরও নতুন নতুন কথা যোগায়, ওকে আরও বিস্মিত করবার ইচ্ছে হয়।

মালতী বড় চাপা মেয়ে কিন্তু—এতদিন পরে হঠাৎ সেদিন উদ্ধবের মুখে শুনলাম যে ও বেশ সংকুত জানে। ওর বাবার এক বন্ধু ত্রিগুণাচরণ কাব্যতীর্থনাকি শেষ বয়সে এই আখড়ায় ছিলেন, এইখানেই মারা যান। তাঁর কেউ ছিল না—মালতীর বাবা তখন বেঁচে—তিনিই এখানে তাঁকে আশ্রয় দেন। ত্রিগুণা-পণ্ডিতেরই কাছে মালতী তিন-চার বছর সংকুত পড়েছিল। মালতীকে জিজ্ঞেস করতেই মালতী বললে—এখন আর ওসব চর্চা নেই, ভুলে গিয়েছি। সামান্য একটা ধাতুর রূপও মনে নেই। তবে রত্নর শ্লোক অনেক মুখস্থ আছে, বা বা ভাল লেগেছিল তাই কিছু কিছু মুখস্থ করেছিলাম, সেইগুলো ভুলিনি। তবে 'সহজ ভাষা বদী হয়, পড়লে মানেটা ধানিকটা বুঝতে পারি। সে এমন কিছু হাতী-বোড়া নয়! উদ্ধব-

জ্যাঠা আবার তাই আপনাকে গিয়েছে বলতে—উদ্ধব-জ্যাঠার যা কাণ্ড!

বৈষ্ণব-ধর্মের আবহাওয়ার মানুষ হয়েছে বটে, কিন্তু ও নিজে যেন কিছুই মানে না—এই ভাবের। কখনও কোনও পূজা-অর্চনা ওকে করতে দেখি নি, এক ওর বাবার বিষ্ণুমন্দিরে প্রদীপ দেখানো ছাড়া। আখড়ায় প্রতিষ্ঠিত বিগ্রহের পূজার যোগাড় করে উদ্ধব নিজে, মালতীকে সেদিকে বড় একটা ঘেঁষতে দেখি নি। তা ব'লে ওর মন ওর বাপের মত সংস্কার-মুক্তও নয়। ছোটখাটো বাছ-বিচার এত মানে যে, আখড়ার লোকে অতিষ্ঠ। সন্ধ্যাবেলা কিঙে তুলেছিল ব'লে একটি বাবাজীকে মালতীর কাছে কড়া কথা শুনতে হয়েছিল। ছোঁয়া-ছুরির বালাই বড়-একটা নেই—মুচির ছেলেকেও ঘরের দাওয়ার বসিয়ে থাওয়াচ্ছে, কাণ্ডা পাড়ায় অসুখ হলে সাবু ক'রে নিয়ে গিয়ে নিজের হাতে খাইয়ে আসতে দেখেছি।

একদিন বিকেলে আখড়ার সামনে মাঠে পাঠশালা করছি, মালতী এসে বললে—দিন আজ ওদের ছুটি। আসুন একটা জিনিস দেখিয়ে আনি।

আখড়ার পাশে ছোট একটা মাঠ পেরিয়ে একটা রাঙা মাটির টিলা। তার ওপর শাল-পলাশের বন—টিলার নীচে ঘন বনসিদ্ধির জঙ্গল। টিলার ওপারে পলাশবনের আড়ালে একটা ছোট মন্দির। মালতী বললে—এই দেখাতে আনলাম আপনাকে। নন্দিকেশ্বর শিবের মন্দির—বড় জাগ্রত ঠাকুর—খুঁটান হ'লেও মাথাটা নোয়ান—দোষ হবে না।

মন্দিরের পূজারী দু'খানা বাতাসা দিয়ে আমাদের জল দিলে। সে উড়িয়ার ব্রাহ্মণ, উপাধি মহাস্তি, বছকাল এদেশে আছে, বাংলা জানে ভাল। মালতীকে ছেলেবেলা থেকে দেখে আসছে।

তারপর আমরা তিনজনেই মন্দিরের পশ্চিম দিকের রোয়াকে বসলুম। মালতী বললে—মহাস্তি কাকা, বলুন তো এই মন্দির-প্রতিষ্ঠার কথাটা এঁকে। ইনি আবার খুঁটান কিনা, ওসব মানেন না।

আমি বললুম—আঃ, কেন বাজে বকছ মালতী? কি মানি না-মানি—মানে প্রত্যেক মানুষের—

মালতী আমার কথাটা শেষ করতে দিলে না। বললে—আপনার বক্তৃতা রাখুন। শুহুন, এটা খুব আশ্চর্য্য কথা—বলুন তো মহাস্তি-কাকা?

মহাস্তি বললে—এইখানে আগে গোয়ালাদের বাগান ছিল, বছর-পঞ্চাশ আগেকার কথা। রোজ তাদের দুখ চুরি যেত। দু-তিনটে গরু সকালে একদম দুখ দিত না। একদিন তারা রাত জেগে রইল। গভীর নিষুতি রাতে দেখে টিলার নীচের ওই বনসিদ্ধির জঙ্গল থেকে কে এক ছোকরা বার হয়ে গরুর বাঁটে মুখ দিয়ে দুখ খাচ্ছে। যে-সব গরু বাছুর ভিন্ন পানায় না, তারাও বেশ দুখ দিচ্ছে। ছোকরার রূপ দেখে ওরা কি জানি কি বুঝলে, কোন গোলমাল করলে না; ছোকরাও দুখ খেয়ে ওই জঙ্গলের মধ্যে ঢুকে পড়ল। পরের দিন সকালে বনে খোঁজ ক'রে দেখে কিছুই না। খুঁজতে খুঁজতে এক শিবলিঙ্গ পাওয়া গেল। ওই যে শিবলিঙ্গ দেখেছেন মন্দিরের মধ্যে। মাঘ মাসে মেলা হয়—ভারি জাগ্রত ঠাকুর।

মালতী গর্কের দৃষ্টিতে আমার দিকে চেয়ে বললে—শুনলেন পান্ডিত্যশাই? মানেন না যে বড় কিছু?

আমি বললাম—আমি বেড়াতে বেড়াতে অনেক জায়গায় এ-রকম দেখেছি। কত গাঁয়ে প্রাচীন বটভলার হুড়ি, বগীদেবী, ওলাদেবী, কালিমুন্দির প্রতিষ্ঠার মূলে এই ধরনের প্রবাদ আছে। লোকে কত দূর থেকে এসে পূজা দেয়, তাদের মধ্যে সত্যিকার ভক্তি দেখেছি। এক

পাড়াগাঁয়ের বোষ্টমের আখড়ায় একখানা পাথর দেখেছিলাম—তার ওপরে পায়ের চিহ্ন খোদাই করা, আখড়ার অধিকারী পরমার লোভে যাত্রীদের বলতো ওটা খোদা শ্রীকৃষ্ণের পায়ের দাগ, সে বৃন্দাবন থেকে সংগ্রহ করে এনেছে পাথরখানা। আমি দেখেছি 'একটি তরুণী ভক্তিমতী পল্লী বধূকে চোখের জলে আকুল হয়ে পাথরটা গঙ্গাজলে ধুয়ে নিজের মাথার লম্বা চুল দিয়ে মুছিয়ে দিতে। কি জানি কোথায় পৌঁছল ওর প্রণাম। কোন্ উর্দ্ধমূল অশোখ দেবতা ওর সেবা গ্রহণ করতে সেদিন বাড়িয়ে দিয়েছিলেন তাঁর বহুপল্লবিত বাহু ?

কি অপূর্ব সূর্যাস্ত হচ্ছে বিশাল পশ্চিম দিগন্তে! দূরের তালগাছের মাথাগুলো যেন বাঁধাকপির মত ছোট দেখাচ্ছে, গুঁড়িগুলো দেখাচ্ছে যেন সরু সরু নলখাগড়ার ডাঁটা—আর তার ওপরকার নীলাকাশে রঙীন মেঘলোকে পিঙ্গলবর্ণের পাহাড়, সমুদ্র, কোন্ স্বপ্নসাগরের অজানা বেলাছুমি।...পায়ের নীচের মাটি সারাদিন রোদে পুড়েছে—বাতাসে তারই সুগন্ধ।

মালতী বললে—বিষ্ণুমন্দিরে সাঁজ জলে নি এখনও। প্রদীপ দিইগে চলুন—

সেখানে ওর বাবার মন্দিরে প্রদীপ দেওয়া হয়ে গেল। আমি পুকুরপাড়ের তেঁতুলগাছের মোটা শেকড়ে বঁসলুগ, ও দাঁড়িয়ে রইল। বললাম—আমার তুমি যে খুঁটান বল, তুমি আমার কথা কিছু জান না। তার পর ওকে আমার বালাজীবন, মিসনারী মেমদের কথা, আমাদের দারিদ্র্য, মা, সীতা ও দাদার কথা সব বললাম। বিশেষ করে উল্লেখ করলাম আমার সেই দৃষ্টিশক্তির কথাটা—যা এখন হারিয়েছি। ছেলেবেলার ঘটনা আমার এখন আর তেমন মনে নেই—তবুও বললাম যা মনে ছিল—যেমন চা-বাগানের দু-একটা ঘটনা, বাল্যে পানীর মৃত্যু-দিনের ব্যাপার, হীরু রায়ের মৃত্যুর কথা, মেজবাবুর পুত্রসন্তান হওয়া সংক্রান্ত ব্যাপার।

বললাম—বীণুথুট্টকে ভাক্তি করি বলে অনেক লাঞ্ছনা সহ করেছি জীবনে। কিন্তু সে আমার দোষ নয়, ছেলেবেলার শিক্ষা। ওই আবহাওয়াতে মানুষ হয়েছিলাম। আমি এখনও তাঁর ভক্ত। তুমি তাঁর কথা কিছু জান না—বৃদ্ধ চৈতন্য যেমনি মহাপুরুষ, তিনিও তেমনি। মহাপুরুষদের কি জাত আছে মালতী? কর আদায় করতে লেভি, ইহুদীসমাজে সে ছিল নীচ, পতিত, সমাজের ঘৃণ্য। সবাই তাকে দেখে মুখ ফিরিয়ে চলে যেত। বীণু তাকে বললেন—লেভি, তুমি নীচ কে বলে? তুমি ভগবানের সন্তান। লেভি আনন্দে কঁেদে কেলেলে। সমাজের যত হেয় লোককে তিনি কোল দিয়েছিলেন, তাদের মধ্যে বেশা ছিল, জালজীবী ছিল, কুটী ছিল। তাঁকে সবাই বলতো পাগল, ধর্মহীন, আচারভ্রষ্ট। তাঁর বাপ, মা, ভাই আপনার জনও তাঁকে বলতো পাগল—তারা জানতো না ঈশ্বরকে যে জেনেছে, তার বাইরের আচারের প্রয়োজন নেই। তাঁর ধর্ম সেবার ধর্ম।

তার পর আমি ওকে সেদিনকার অভিজ্ঞতার কথা বললাম। পুকুরের ওপারে দূরবিসর্পিত আকাশের দিকে চোখ রেখে আমার মনে এল যে রাঢ়দেশের এই সীমাহীন রাঙামাটির মাঠের মধ্যে সেদিন আমি অল্প এক দেবতার স্বপ্ন দেখেছি। সে কি বিরাট রূপ! ওই রাঙা গোধুলির মেঘে, বর্ণে, আকাশে তাঁর ছবি। তাঁর আসন সর্বত্র—তালের সারিতে, তমাল-নিহুঞ্জে, পুকুরে-ফোটা মৃগালদলে, ছুঁখে শোকে, মানুষের মুখের লাবণ্যে, শিশুর হাসিতে...সে এক অদ্ভুত দেবতা! কিন্তু কতটুকুই বা সে অহুভূতি হ'ল! যেমন আসা অমনি মিলিয়ে যাওয়া!...

মালতী, আগেই বলেছি, অদ্ভুত শ্রোতা। সে কি একান্ত মনোযোগের সঙ্গে শুনেলে যখন আমি বকে গেলুম! চূপ করে রইল অনেকক্ষণ, যেন কি ভাবছে।

তারপর হঠাৎ বললে—আচ্ছা, আপনাকে একটা কথা বলি। প্রেম ও সেবার ধর্ম কি শুধু বীণুথুট্টের দেওয়া? আমাদের দেশে ওসব বুঝি বলে নি? আমাদের আখড়ায় লোচনদাস

বাবাজী ছিলেন, ঠ্যাং-ভাঙা কুকুর পপ থেকে বৃকে ক'রে তুলে আনতেন। একবার একট্রা ষাঁড়ের শিং ভেঙে গিয়েছিল, ঘায়ে পোকা খুক্ খুক্ করছে, গন্ধে কাছে যাওয়া যায় না। লোচনজ্যোষ্ঠা তাকে জোর ক'রে পেড়ে ফেলে যা থেকে লম্বা লম্বা পোকা বার ক'রে কিনাইল দিয়ে দিতেন স্নাকড়া ক'রে। তাতেই এক মাস পরে যা সারলো।

—এসব কথা বলার দরকার করে না, মালতী। আমি তোমাকে বলেছি তো ধর্মের দেশকাল নেই, মহাপুরুষদের জাত নেই। যখন শুনি তোমার বাবা গরিব প্রতিবেশীদের মেয়ের বিয়েতে নিজে বড়ি থেকে দানসামগ্রীর বাসন বার ক'রে দিতেন—দিতে দিতে পৈতৃক আমলের বাসনের বড় সিন্দুক খালি ক'রে ফেলেছিলেন—তখনই আমি বুঝেছি ভগবান সব দেশেই অদৃশ্যলোক থেকে তাঁর বাণী প্রচার করেছেন, কোম বিশেষ দেশ বা জাতের, ওপর তাঁর পক্ষপাত নেই। মাহুঘের বৃকের মধ্যে বসে তিনি কথা কন, আর যার কান আছে, সে শুনতে পায়।

ওর বাবার কথায় ওর চোখে জল ভরে এল। অশ্রুমনস্ক হয়ে অশ্রুদিকে মুখ ফিরিয়ে রইল। দেখেছি মালতী শুক চোখে কখনও ওর বাপের কথা শুনতে পারে না। সন্ধ্যা হয়েছে। উঠছি এমন সময় তমালছায়ায় বিষ্ণুমন্দিরের দিকে আর একবার চোখ পড়তেই আমাদের গ্রামের পুকুরপাড়ের বটতলার সেই হাডভাঙা পরিভ্যক্ত সুন্দর বিষ্ণুমূর্তির কথা আমার কেমন ক'রে মনে এল। মনে এল ছেলেবেলায় সীতা আর আমি কত ফুলের মালা গেঁথে মূর্তির গলায় পরিয়েছি—তার পর কতদিন সেদিকে যাই নি, কি জানি মূর্তিটার আজকাল কি দশা হয়েছে, সেইখানে আছে কিনা? কেমন অশ্রুমনস্ক হয়ে গেলুম যেন, মালতী কি একটা কথা বললে তা আমার কানেই গেল না ভাল ক'রে। বা রে, পুকুরপাড়ের সে ভাঙা দেবমূর্তির সঙ্গে আমার কিসের সম্পর্ক?

বিষ্ণুমন্দির থেকে হুঁজনে যখন ফিরছি, আধড়ার তখন আরতি আরম্ভ হয়েছে। দিগন্ত-প্রসারী মাঠের প্রান্তে গাছপালার অন্তরালবর্তী এই নিভৃত ছোট দেবালয়টির সন্ধ্যারতি প্রতিদিনই আমার কেমন একটা অপূর্ণ ভাবে অহুপ্রাণিত করত—আজ কিন্তু আমার আনন্দ যেন হাজার গুণে বেড়ে গেল। তার ওপর আজ একজন পথিক বৈষ্ণব জীবগোস্বামীর সংস্কৃত পদাবলী একতারায় অতি সুস্বরে গাইলে—আমার মানসবৃন্দাবনের বংশীবটমূলে কিশোর হরি চিরকাল বাঁশী বাজান, আমার প্রাণের গোষ্ঠে তাঁর ধেমুদল চরে; সেখানে তাঁর খেলাধুলো চলে রাখালবালকদের নিয়ে দীর্ঘ সারাদিন, দীর্ঘ সারারাত।

কেন এত আনন্দ আমার মনে এল কে বলবে? আমি যেন অশ্রু জন্ম গ্রহণ করেছি। ঘুম আর আসে না—সে গভীর রাত্রে তমালশাখার আড়ালে চাঁদ অস্ত গলে আমি আধড়ার সামনের মাঠে গাছের তলায় এসে বসলুম।

আকাশের অন্ধকার দূর করেছে শুধু জ্বলজ্বলে শুকতারার আলোয়। কে জানে হয়ত ওই শুকতারার দেশের নদীতীরে, জ্যোৎস্নামাথা বনপ্রান্তরে, উপবনে মৃত্যুহীন জরাহীন দেবকন্ডারা মন্দারবীথির ঘন ছায়ার প্রণয়ীজনের সঙ্গে গোপন মিলনে সারারাত্রি কাটায়...তৃপ্তিহীন অমর প্রেম তাদের চোখের জ্যোৎস্নায় জেগে থাকে, লজ্জাভরা হাসিতে ধরা দেয়। পীত নৃধ্যান্তের আলোর করুণ সুর বহুদূরের শূন্য বেয়ে সেখানে ভেসে এসে সন্ধ্যা আকাশকে আরও মধুর ক'রে তোলে—কোথা থেকে সে সুর আসে কেউ জানে না...কেউ বলে বহু দূরের কোন নক্ষত্রলোকে এক বিরহী দেবতা একা বসে বসে এমনি তাঁর বাঁশী বাজান, সেই সুর ভেসে আসে প্রতি সন্ধ্যায়...ঠিক কেউ বলতে পারে না...কেবল আধ-আলো আধ-ছায়ার পুষ্পবীথিতে লুকিয়ে শুধী

প্রেমিক-প্রেমিকা হঠাৎ অজ্ঞানস্ব হয়ে পড়ে...তাদের চোখে অকারণে জল এসে পড়ে...অবাক হয়ে তারা পরস্পরের মুখের দিকে চেয়ে থাকে।

হঠাৎ আমার সামনে অস্পষ্ট অন্ধকারে একজন তরুণ যুবক হাসিমুখে এসে দাঁড়িয়ে বললে—এস আমার সঙ্গে—

তার গেকরা উত্তরীয় আমার গায়ে এসে পড়ছে উড়ে। আমি বলি—কোথায় যাব? কে আপনি?

নবীন বৈষ্ণব বললে—আমি জীবগোস্বামী—আমারই পদাবলী তুমি সন্দেবেলা শুনেচ যে। এত শীগগির তুলে যাও কেন হে ছোকরা? এস আমি বৃন্দাবনে যাব। শ্রীকৃষ্ণকে আমার পাওয়া চাই।

—আপনি তো মারা গিয়েছেন আজ তিন-শো বছরের ওপর। আপনি আবার কোথায়?

—পাগল! কে বললে আমি মরেছি। আর মলেই কি আমার যাওয়া ফুরিয়েছে নাকি? এসো...এসো—আমি সংসার ছেড়েছি, সব ছেড়েছি, তাঁর জন্তে। দেখছ না পাগল হয়ে পথে পথে বেড়াচ্ছি?

এমন ভাবে কথাগুলো সে বললে আমি যেন শিউরে উঠলুম। বললাম—তা তো দেখতে পাচ্ছি, পাগলের আর বাকী কি? আপনি যান, আমি যীশুখৃষ্টের ভক্ত, আমি বৃন্দাবনে যাব না। তাছাড়া মালতীকে ফেলে এক পা-ও এখান থেকে নড়ছি নে আমি।

তরুণ বাউল হেসে একতারা বাজাতে বাজাতে চলে গেল—পথের মাঝে নাচতে নাচতে গাইতে গাইতে যেতে যেতে দূরের অন্ধকারে মিলিয়ে গেল...অন্ধকারের মধ্যে থেকে তার গলার মিষ্টি সুর তখনও যেন ভেসে আসছে...

মধু রিপুরুপমুদারম্

মধু রিপুরুপমুদারম্

সুখদং সুখদং ভবসারম্

হঠাৎ আমার ঘুম ভেঙে গেল। গাছের গুঁড়িতে হেলান দিয়ে শেষ রাতের ঠাণ্ডায় কখন ঘুমিয়ে পড়েছিলুম কে জানে—শিশিরে কাপড়-চোপড় ভিজ়ে গিয়েছে। ফরসা হবার আর দেরি নেই।

॥ ১২ ॥

দেখতে দেখতে এখানে ছ-সাত মাস হয়ে গেল। এখানে সময় কাটে কোথা দিয়ে বুঝতে পারি নে। সকালে আখড়ার কাজ করি, বিকেলে গোটাকতক ছেলে নিয়ে একটা পাঠশালা করি, তাতে যা পাই উদ্ধব বাবাজীর হাতে তুলে দিই। একদিন মালতী আমার বললে—ছেলে পড়িয়ে যা পান, তা আপনি উদ্ধব-জ্যাঠার হাতে দেন কেন? থাকা-খাওয়ার দরুন টাকা নেওয়া তো এখানে নিয়ম নেই, ও-টাকা আপনি নিজে রেখে দেবেন, আপনারও তো নিজের টাকার দরকার আছে। আমি বললাম—তা কি করে হয় মালতী, আমি এমনি খেতে পারি নে। আর আমি তো খাওয়া থাকা বলে টাকা দিই নে, বিগ্রহের সেবার জন্তে দিই। এতে দোষ কি?

সেদিন মালতী আর কিছু বললে না। দিন-চারেক পরে আবার এক দিন ওই কথাই তুললে। টাকা আমি কেন দিই? আখড়া তো হোটেলখানা নয় যে এখানে টাকা দিয়ে খেতে হবে? ওতে তার মনে বাধে। তা ছাড়া আমার তো টাকার দরকার আছে। আমি তাকে

বুঝিয়ে বলি, টাকা না দিতে দিলে আমার এখানে থাকি হবে না। চলে যেতে হবে।

সেদিন থেকে মালতী এ নিয়ে আর কিছু বলে নি।

পাড়ারগায়ের দিনগুলো অদ্ভুত কাটে।—দীর্ঘদিন পাড়ে রাজামাটির উঁচু বাঁধে এ-সময়ে এক-রকম ফুল ফোটে, ছায়া পড়ে এলে মাঝে মাঝে একা গিয়ে বসি। বাগদীদের মেরেরা হাঁটু পর্যন্ত কাপড় তুলে মাছ ধরে, আখড়ার গোয়াল থেকে সঁজালের ধোঁয়া ঘুরে ঘুরে ওঠে—তালের দীর্ঘসারির ফাঁক দিয়ে এই সন্ধ্যায় কতদূর দেখতে পাই—দাদার দোকান, দাদার বাতাসার কারখানা, সীতার স্বপ্নবাড়ি, তুষারাবৃত কাঞ্চনজঙ্ঘা, নিমচাঁদের বৌ, শৈলদি।...

মালতীর স্বভাব কি মধুর! কি খাটুনিটা খাটে আখড়ায়—এক দিন উঁচু কথা শুনি নি ওর মুখে—কারও ওপর রাগ দেখি নি—বাপের যেনে বটে!

আখড়ায় ছোট একটা অশ্বখ-চারি আছে, উদ্ধব দাস রোজ স্নান করে এসে গাছটা প্রদক্ষিণ করে, গাছটাকে জল দেয়। এ তার রোজ করাই চাই। একদিন মালতীকে ডেকে বলি—তোমার উদ্ধব-জ্যাঠা পাগল নাকি? ও-গাছটার চারিপাশে ঘোরার মানে কি? মালতী বললে—কেন ঘুরবে না; সবাই তো আর আপনার মত নাস্তিক না। অশ্বখগাছ নারায়ণ—ওর সেবা করলে নারায়ণের সেবা করা হয়—জানেন কিছু?

আমি বললুম—তা'হলে তুমিও সেবাটা শুরু করে পুণ্য কিছু করে নাও না সময় থাকতে? মালতী শাসনের সুরে বললে—আচ্ছা আচ্ছা, থাক। আপনি ও-রকম পরের জিনিস নিয়ে টিটকিরি দেন কেন? ওদের ওই ভাল লাগে, করে। আপনার ভাল লাগে না, করবেন না। তা নয়, সারাদিন কেবল এর খুঁত ওর খুঁত—ছিং, আপনার এ স্বভাব সারবে কবে?

বললাম—তোমার মত উপদেশ দেওয়ার মানুষের দেখা পেতাম যদি তা'হলে এত দিন কি আর স্বভাব সারে না? তা সবই অদৃষ্ট!

কথা শেষ করে দীর্ঘনিঃশ্বাস ফেলতেই মালতী রাগ করে আমার সামনে থেকে উঠে গেল। বিকেলে কিন্তু ওকে আমার কাছেই আসতে হ'ল আবার। নিকটে নকাশিপাড়া গায়ে একটা যাত্রার দল ছিল, তাদের অধিকারী এসে উদ্ধব দাসকে বলে—বাবাজী, তিন মাস ব'সে আছি, বায়না-পত্তর একদম বন্ধ। দল তো আর চলে না। কালনা থেকে ভাল বাজিয়ে এনেছিলাম—টোলকে যখন হাত দেবে, আঃ, যেন মেঘ ডাকচে, বাবাজী! তা আপনাদের আখড়ায় এক দিন শ্রামসুন্দরজীউকে শুনিয়ে দিই। কিছু খরচ দিতে হবে না, তেল তামাক আর কিছু জলখাবার—

—জলখাবার-টা'বার হবে না পাল-মশায়। তা ছাড়া আসর-খাটানো ওসব কে করে? এখন থাক।

মালতী আমার এসে বললে—উদ্ধব-জ্যাঠাকে বলুন, যাতে যাত্রাটা হয়। আমি জলখাবার দেব, জ্যাঠাকে সেজন্তে ভাবতে হবে না। আপনাকে কিন্তু আসরের ভার নিতে হবে।

আমি বললাম—আমার ঘারা ওসব হবে না। আমি পারব না।

মালতী মিনতির সুরে বললে—লক্ষীটি, নিতেই হবে। যাত্রা যে আমি কতকাল শুনি নি! দেশের দলটা উৎসাহ না পেলে নষ্ট হয়ে যাবে। আপনি আসরের ভার নিলেই আমি ওদের ব'লে পাঠাই।

—না, আমি পারবো না, সোজা কথা। তুমি ওবেলা ও-রকম রাগ করে চলে গেলে কেন?

—তাই রাগ হয়েছে বুঝি? কথায় কথায় রাগ।

—রাগ জিনিসটা তোমার একচেটে যে! আর কারও কি রাগ হ'তে আছে?

—আচ্ছা, আমি আর কখনও ও-রকম করব না। আপনি বলুন ওদের, কেমন তো?
যাত্রা হয়ে গেল—মালতী ওদের ছানা খাওয়ালে পেট ভরে। বললে—বাবা রাস্তা থেকে
লোক ডেকে এনে খাওয়ানতেন আর আমরা মুখ ফুটে যারা খেতে চাইছে, তাদের খাওয়াব না?
দলে ছোট ছোট ছেলেরা আছে, রাগ জেগে টেঁচিয়ে শুধু-মুখে ফিরে যাবে, এ কখনও হয়?

মালতী অনেক বৈষ্ণব-গ্রন্থ পড়েছে। সময় পেলেই বিকেলে আমার কাছে বই নিয়ে আসে,
হুঁজনে পুকুরপাড়ে গাছের ছায়ায় গিয়ে বসি। আমার হয়েছে কি, সব সময় ওকে পেতে ইচ্ছে
করে, নানা কথাবার্তায় ছল-ছুতোর ওকে বেশীক্ষণ কাছে রাখতে ইচ্ছে করে। কিন্তু বিকেলের
দিকে ছাড়া সারাদিন ওর দেখা পাওয়া ভার। ওর কাছে বুদ্ধের কথা বলি, সেন্ট্, ফ্রান্সিসের
কথা বলি। ও আমাকে শ্রীচৈতন্যের কথা, শ্রীকৃষ্ণের কথা শোনায়।

এক দিন হঠাৎ আবিষ্কার করা গেল মালতী বই লেখে। কি কাজে পুকুরের ঘাটে গিয়েছি
দুপুরের পরে, দেখি বাঁধানো সিঁড়ির ওপর জামগাছের ছায়ায় একখানা খাতা পড়ে আছে—
পাশেই দোয়াত কলম—খাতাখানা উন্টে দেখি মালতীর হাতের লেখা। এখানে বসে লিখতে
লিখতে হঠাৎ উঠে গিয়েছে। অত্যন্ত কৌতূহল হ'ল—না দেখে পারলাম না, প্রথমেই ওর
গোটা গোটা মুক্তার ছাঁদে একটা সংস্কৃত শ্লোক লেখা :—

অনপিতরীং চিরাং করুণরূপবতীর্ণঃ কলৌ

*

*

*

সদা হৃদয়কন্দরে স্মরতু বঃ শচীনন্দনঃ

তার পরে রাধাকৃষ্ণের লীলা-বর্ণনা, বৃন্দাবনের প্রকৃতি বর্ণনা মাঝে মাঝে। খাতার ওপরে
লেখা আছে—“পাষাণদলন-গ্রন্থের অনুকরণে লিখিত।”

দেখছি এমন সময় মালতী কোথা থেকে ফিরে এসে আমার হাতে খাতা দেখে মহাব্যস্ত হয়ে
বললে—ও কি? ও দেখছেন কেন? দিন আমার খাতা—

আমি অপ্রতিভ হয়ে বললাম—এইখানে পড়ে ছিল, তাই দেখছিলাম কার খাতা—

—না, দিন—ও দেখবার জো নেই।

—যখন দেখে ফেলেছি তখন তার চারা নেই। কে জানতো তুমি কবি! এ শ্লোকটা
কিসের?

মালতী সলজ্জ সুরে বললে—চৈতন্যচরিতামৃতের। কেন দেখছেন, দিন—

—শোনো মালতী—লিখেছ এ বেশ ভাল কথাই। কিন্তু তোমার এ লেখা সেকলে
ধরনের। পাষাণদলনের অনুকরণে বই লিখলে একালে কে পড়বে? তুমি আজকালকার
কবিতার বই কিছু পড় নি বোধ হয়?

মালতী আগ্রহের সুরে বললে—কোথায় পাওয়া যায়, আমার দেবেন আনিয়ে! আমি তো
জানি নে আজকালকার কবিতার কি বই আছে—আনিয়ে দেবেন। আমি দাম দেবো।

দাম দেওয়ার কথা বলাতে আমার মনে ষা লাগল। মালতী কাছে থেকেও যেন দূরে।
বড় অদ্ভুত ধরনের মেয়ে, ও একালেরও নয়, সেকালেরও নয়। এই পাড়াগাঁয়ে মানুষ হয়েছে,
যেখানে কোন আধুনিকতার চেউ এসে পৌঁছয় নি, কিন্তু বুদ্ধিমতী এমন যে আধুনিকতাকে
বুঝতে ওর দেরি হয় না। এমন স্নন্দর চা করে, শ্রীরামপুরের শৈলদিরা অমন চা করতে পারত
না। নিজে মাছমাংস খায় না কিন্তু আমার জন্তে এক দিন মাংস রাঁধলে রান্নাঘরের উল্লনেই।
আমায় প্রায়ই বলে—আপনার যখন যা খেতে ইচ্ছে হবে বলবেন। আপনি তো আর বৈষ্ণব
ছন কি যে মাছমাংস খাবেন না! আমার বলবেন, আমি রেঁখে দেব এখন।

মালতী উজ্জ্বল শ্রামাদী বটে, কিন্তু বেশ সুশ্রী। ওর টান ক'রে বাঁধা চুল ও ছেলেমাছয়ের মত মুখশ্রীর একটা নবীন, সতেজ সুরুমার লাভণা—বিশেষ ক'রে যখন মুখে ওর বিন্দু বিন্দু ঘাম দেখা দেয়, কিংবা একটা অদ্ভুত ভঙ্গীতে মুখ উঁচু ক'রে হাসে—তখন সে বিজয়িনী, তখন সে পুরুষের সমস্ত দেহ, আত্মাকে সুন্দরী মৎসনারীর মত মুগ্ধ ক'রে কুলের কাছের অগভীর জল থেকে টেনে বহুদূরের অর্থে জলে নিয়ে যেতে পারে। কিন্তু ওর সে-রূপ যখন-তখন দেখা যায় না। কালেভদ্রে দৈবাৎ হয়ত একবার চোখে পড়তে পারে। আমি একবার মাত্র দেখেছিলুম।

সেদিন সন্ধ্যার পরে সারাদিন খররোজ ও গুমটের পরে উত্তর-পশ্চিম কোণ থেকে মেঘ উঠে সারা আকাশ জুড়ে ফেলে এবং হঠাৎ ভীষণ ঝড় উঠল। আখড়ার বাইরের মাঠে কাঠ, ধান, ছোলা, তুলো সব রোদে দেওয়া ছিল। কেউ তোলে নি, আখড়ার আবার ঠিক সেই সন্ধ্যার সময়টাতে লোকজন কেউ নেই। আমিও ছিলাম না। মাঠের মধ্যে বেড়াচ্ছিলাম—ঝড় উঠতেই ছুটে এসে দেখি মালতী একা মহাব্যস্ত অবস্থায় জিনিসপত্র তুলছে। আমার দেখে বললে—দৌড়ে আলোটা জেলে আহ্নন, অন্ধকারে কিছু কি ছাই টের পাচ্ছি—সব উড়ে গেল—

সঙ্গে সঙ্গে এল বৃষ্টি ..

ওকে দেখলাম নতুন চোখে। কোমরে কাপড় জড়িয়ে সে একবার এখানে একবার ওখানে বিদ্যাতের বেগে ছুটোছুটি করতে লাগল—অদ্ভুত কাজ করবার শক্তি—দেখতে দেখতে সেই ঘোর অন্ধকার আর ঝড়বৃষ্টির মধ্যে ক্ষিপ্ত নিপুণতার সঙ্গে অর্ধেক জিনিস তুলে দাওয়ার নিয়ে এসে ফেললে। এদিকে আমি অন্ধকারে দেশলাই খুঁজে পাচ্ছি নে দেখে ছুটে এসে বললে—কোথায় দেশলাই রেখেছিলেন মনে আছে? কোথা থেকে হাতড়ে দেশলাই বার করলে—তার পরে সেই ঝড়ের ঝাপটার মধ্যে আলো জ্বালা—সে এক কাণ্ড! অন্ধকারে দুজনে মিলে অনেক চেষ্টার পরে শেষে ওরই ক্ষিপ্ততা ও কৌশলে আলো জ্বলল।

আলো জেলে আমার হাতে দেশলাই দিয়ে আমার মুখের অসহায় ভঙ্গীর দিকে চেয়ে গলা কেমন এক ধরনের উঁচু ক'রে হেসে উঠল—ছুটোছুটির ফলে কানের পাশের চুল আলুথালু হয়ে মুখের দু-পাশে পড়েছে, ফুল শ্রমোজ্জ্বল গওদেশে বিন্দু বিন্দু ঘাম। চোখে উজ্জ্বল কোঁতুকের হাসি—দুজনে মিলে আলো ধরাচ্ছি, ওর মুখ আমার মুখের অত্যন্ত কাছে—সেই মুহূর্তে আমি ওর দিকে চাইলাম—আমার মনে হ'ল মালতীকে এতদিন ঠিক দেখি নি, আমি ওকে নতুন রূপে দেখলাম, ওর বিজয়িনী নারী রূপে। মনে হ'ল মালতী সত্যিই সুন্দরী, অপূর্ণ সুন্দরী।—কিন্তু বেশীক্ষণ দেখার অবকাশ পেলাম না ওর সে রূপ। আলো জেলেই ও আবার ছুটল এবং আমার আনাড়ি-সাহায্যের অপেক্ষা না ক'রেই বাকী জিনিস আধ-ভেজা, আধ-শুকনো অবস্থায় অল্প সময়ের মধ্যে দাওয়ার এনে জড় করলে।...

এক দিন পুকুরে সকালের দিকে ঘড়া বৃকে দিয়ে সঁতার দিতে দিতে মালতী গিরে পড়েছে গভীর জলে। সেই সময় আমিও জলে নেমেছি। আমি জানতাম না যে ও এ-সময়ে নাইতে এসেছে, কারণ সাধারণতঃ ও স্নান করে অনেক বেলায়, আখড়ার কাজকর্ম মিটিয়ে। নাইতে নাইতে একটা অস্পষ্ট শব্দ শুনে চেয়ে দেখি মালতী নেই, তার ঘড়াও নেই। আমি প্রথমে ভাবলাম মাঝপুকুরে ইচ্ছে ক'রে ডুব দিয়েছে বোধ হয়। বিশেষতঃ সে সঁতার জানে—কিন্তু খানিক পরে যখন ও উঠল না, তখন আমার ভয় হ'ল, আমি তাড়াতাড়ি সেখানটাতে সঁতার দিয়ে গেলাম, হাতড়ে দেখি মালতী নেই, ডুব দিয়ে এদিক-ওদিক খুঁজতে খুঁজতে ওকে পেলাম—চূলে কাপড় জড়িয়ে গিয়েছে কেমন বেকায়দায়, অতি কষ্টে তাকে ভাসিয়ে নিজে ডুবে জল

থেতে থেতে ডাডার কাছে নিয়ে এলুম। মালতী তখন অর্ধ-অর্চৈত্ত, আমার ডাক শুনে আখড়া থেকে সবাই ছুটে এল—মিনিট পাঁচ-ছয় পরে ওর শরীর মুহু হ'ল। উদ্ধব বাবাজী বকলে, আমি বকলাম, সবাই বকলে।

এই দিনটা থেকে ওর ওপর আমার একটা কি যেন মায়্যা পড়ে গেল। সেদিন সন্ধ্যাবেলা কেবলই মনে হতে লাগল ও এখানে নিঃসহায়, একেবারে একা। ও সবার জন্তে খেটে মরে। ওর বাপের ধানের জমির উপস্থিত আখড়াসুদ্ধ বৈষ্ণব বাবাজীরা ভোগ করছে, কিন্তু ওর মুখের দিকে চাইবার কেউ নেই। ও সকলের ময়লা জামাকাপড় কেচে বেড়াবে, ভাত রেঁধে খাওয়াবে—সর্ব্বরকমে সেবা করবে, ওকে ছেলেমানুষ পেয়ে সবাই ওকে মুখের মিষ্টি তোষামোদে নাচিয়ে নিজেদের স্বার্থ ষোল আনার ওপর সতের আনা বজায় রাখছে, কিন্তু ওর সুখদুঃখ কেউ দেখছে? এই যে আজ পুকুরের ঘাটে ডুবে মরে যাচ্ছিল আর একটু হলে—আমি যদি না থাকতাম!

ভগবান আমাকে এ কিসের মধ্যে এনে ফেললেন, এ কি জালে দিন-দিন জড়িয়ে পড়ছি আমি! এদের আখড়াতে যে বিগ্রহ আছেন, তাঁকে এরা মানুুষের মত সেবা করে। সকালবেলা তাঁকে বালাভোগ দেওয়া হয়, দুপুরের ভোগ তো আছেই। ভোগের পর দুপুরে বিগ্রহকে খাটে শুইয়ে মশারি টাঙিয়ে দেওয়া হয়। বৈকালে বৈকালিক ভোগ দেওয়া হয়—ফল, মিষ্টান্ন। রাত্রে আবার খাটে শুইয়ে মশারি টাঙিয়ে দেয়—শীতের রাত্রে বিগ্রহের গায়ে লেপ, আশেপাশে বালিশ। উদ্ধবদাস বাবাজী সেদিন লাল শালু কাপড়ের ভাল লেপ করে এনেচে বিগ্রহের ব্যবহারের জন্তে—আগের লেপটা অব্যবহার্য্য হয়ে গিয়েছিল।

এ-সব পুতুল-খেলা দেখলে আমার হাসি পায়। সেদিন সন্ধ্যার সময় একা পেয়ে মালতীকে বললাম—তোমাদের এতদিন হুঁশ ছিল না মালতী? ছেঁড়া লেপটা এই শীতে কি বলে দিতে ঠাকুরকে? যদি অসুখ-বিসুখ হ'ত, এই তেপান্তরের মাঠে না ডাক্তার, না কবিবাজ, দেখত কে তখন? ছিঃ ছিঃ, কি কাণ্ড তোমাদের?

মালতী রাগে মুখ ঘুরিয়ে চলে গেল। ও এ-সব কথা আর কাউকে বলে দেয় না ভাগ্যে, নইলে উদ্ধবদাস আখড়া থেকে আমার বিদেয় দিতে এক বেলাও দেরি করত না। অনেক কথা আমি বলি ওদের আখড়া সম্বন্ধে, উদ্ধবদাস সম্বন্ধে—যা অপরের কানে উঠলে আমায় অপমানিত হয়ে বিদায় হ'তে হ'ত, কিন্তু মালতী কোন কথা প্রকাশ করে নি কোনদিন। আজকাল মালতী আমার দিকে একটু টেনে চলে বলে সেটা অনেকের চক্ষুশূলের ব্যাপার হয়ে উঠেছে—আমি তা বুঝি।

॥ ১৩ ॥

শ্রাবণ মাসের প্রথমে আমার পাঠশালা গেল উঠে। আর আমার এখানে শুধু-হাতে থাকা অসম্ভব। মালতীকে একদিন বললাম—শোন, আমি চলে যাচ্ছি মালতী—

সে অর্ধক হয়ে বললে—কেন চলে যাবেন?

—কতদিন এসেছি ডাবো তো এখানে? প্রায় দশ মাস হ'ল—

মালতী চুপ করে থেকে বললে—ঘুরে আবার আসবেন কবে?

—ভগবান জানেন। না-ও আসতে পারি।

মালতীর মুখের স্বাভাবিক হাসি-হাসি ভাবটা যেন হঠাৎ নিবে গেল। বললে—কেন আসবেন না? আখড়ার কত কাজ বাকি আছে মনে নেই?

ওর মুখ দেখে আমার আবার মনে হ'ল,—ওর কেউ নেই, এখানে ও একেবারে একা। ওকে বুঝবার মানুষ এই গ্রাম্য অশিক্ষিত বৈষ্ণব-বৈষ্ণবীদের মধ্যে কে আছে? আমার কাছেই ওর যা-কিছু অভিমান আবদার খাটে—ওর মধ্যে যে নীলাময়ী কিশোরী আছে, সে তার নারীত্বের দর্প, গর্ব ও অভিমান প্রকাশ করে সুখ পায় একমাত্র আমার কাছে—আমি তা জানি। তা ছাড়া, ও এখনও বালিকা, ওর ওপর আমার মনে কি যে একটা অহুকম্পা জাগে...ওকে সকল দুঃখ, বিপদ থেকে আড়াল করে রাখি ইচ্ছা হয়। শ্রাবণ মাসে নীল মেঘের রাশি দ্বারবাসিনীর চারিধারের দিগন্তবিস্তৃত তালীবন-শোভা মাঠের ওপর দিয়ে উড়ে যায় রোজ...আমি দীঘির ধারে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখি, দেখে দেখে মনে কত কি অনির্দিষ্ট অস্পষ্ট আকাঙ্ক্ষা জাগে—মনে হয় ছোট্ট কোন কলস্বনা গ্রাম্য নদীতীরে খড়ের ঘরে মালতীকে নিয়ে ছোট্ট সংসার পাড়বো...আমরা দুজনে এমনি সব বর্ষা-মেঘের শ্রাবণ-দিনে ব'সে ব'সে কত কথা বলব, কত আলোচনা করব। ওকে রাখতে দেব না, কাজ করতে দেব না, আমার কাছ থেকে উঠতে দেব না—কত বিশ্বাসের কথা, ভক্তির কথা, জ্ঞানের কথা, সাধু-মোহন্তের কথা, আকাশের তারাদের কথা—ও আমার বোঝাবে, আমি ওকে বোঝাবো।...কিন্তু তা হবার নয়। মালতী ওর বাপের আখড়া ছেড়ে কোথাও যেতে পারবে না—আমি অনেকবার ঘুরিয়ে প্রশ্ন করে ওর মনের এ ইচ্ছা বুঝছি। আমি ওকে চাই একান্ত আমার নিজস্ব-ভাবে—এখানে থাকলে ও দিনে রাতে কাজে এত ব্যস্ত থাকে যে ওকে সে-ভাবে পাওয়া অসম্ভব। এই আখড়াই হয়েছে ওর আর আমার মধ্যে ব্যবধান। আমি এখান থেকে ওকে নিয়ে যেতে চাই। আমিও এখানে থাকতে পারব না চিরকাল। মালতীকে ভালবাসি, কিন্তু ওকে বিবাহ করে এই রাঢ়-অঞ্চলের এক গ্রাম্য আখড়ায় চিরকাল কি করে কাটাবো বৈষ্ণব-বৈষ্ণবী সেজে? আমি ওকে নিয়ে যাব এখান থেকে।

এক দিনের ব্যাপারে মালতীকে আরও ভাল করে চিনলুম। দ্বারবাসিনী গ্রামের বৃদ্ধ শম্ভু বাঁড়ুয্যে চার-পাঁচ দিনের জ্বরে মারা গেলেন। তিনি এখানকার সমাজের কাছে একঘরে ছিলেন—এটা আমি আগেই জানতাম। তাঁর একমাত্র বিধবা কন্যাকে নিয়ে কি-সব কথা নাকি উঠেছিল—তাই থেকে গ্রামে শম্ভু বাঁড়ুয্যে একঘরে হন। শম্ভু বাঁড়ুয্যে কোথাও যেতেন না, কারও সঙ্গে মিশতেন না, তাঁর হাতেও হু-পয়সা ছিল—সবাই বলত টাকার গুমর।

বেলা পাঁচটার সময় মালতী এসে বললে—শুনেছেন ব্যাপার? শম্ভু বাঁড়ুয্যেকে এখনও বের করা হয় নি—আমি এতক্ষণ ছিলাম সেখানে। সেই হুপুর থেকে একজন লোকও ওদের বাড়ির উঠান মাড়ায় নি। মড়া কোলে মেয়েটা হুপুর থেকে ব'সে আছে—ওর মা তো বাতে পড়ে, উঠতে পারে না। আপনি আসুন, দু-জনে মড়া তো দোতলা থেকে নামাই—তার পর উদ্ধব-জ্যাঠাকে বলেছি আখড়ার লোকজন নিয়ে আমাদের সঙ্গে যাবে—ব্রাহ্মণের মড়া অপর জাতে ছুঁলে ওদের কষ্ট হবে—তাই চলুন আপনি আর আমি আগে নামাই—তার পর আমাদেরই নিয়ে যেতে হবে অজয়ের ধারে—পারবেন তো?

তিনজনে ধরাধরি করে সেই ঘোরানো ও সঙ্কীর্ণ সিঁড়ি দিয়ে মড়া নামানো—ও, সে এক কাণ্ড আর কি! মালতী আর শম্ভু বাঁড়ুয্যের মেয়ে নীরদা এক দিকে—আমি অল্প দিকে। নীরদা দেখলুম খুব শক্ত মেয়ে—বয়সে মালতীর চেয়ে বড়—বহুর বাইশ হবে ওর বয়স, মালতীর মত মেয়েলী গড়নের মেয়ে নয়, শক্ত জোরালো হাড়-পা, একটু পুরুষ-ধরনের; মালতী খুব

ছুটোছুটি করতে পারে বটে, কিন্তু ওর গায়ে তেমন শক্তি নেই। নীরদার সাহায্য না পেলে সেদিন শুধু মালতীকে দিয়ে মড়া নামানো সম্ভব হ'ত ব'লে মনে হয় না। শেষ পর্যন্ত গায়ের লোক এল এবং তারাই মৃতদেহ শ্মশানে নিয়ে গেল। আমিও সঙ্গে গেলুম, মেয়েদের যেতে হ'ল না, মালতী রইল নীরদার কাছে। নীরদা আমার বললে—দাদা, শ্রীকৃষ্ণের সময় কিন্তু আপনাকে সব ভার নিতে হবে। আর কারও হাতে দিয়ে আমার বিশ্বাস হবে না। রুণি তো আছেই, আপনাকে অল্প কিছু খাটাবো না, তাঁড়ারের ভার আপনাকে হাতে নিতে হবে, নইলে এ-সব পাড়াগায়ের ব্যাপার আপনি জানেন না।

বেশ ঘটা ক'রেই শ্রীকৃষ্ণ হ'ল। মালতী বুক দিয়ে পড়ে কি খাটুনিটাই খাটলে! মালতী, তুমি আমার চোখ খুলে দিলে। ঘুম নেই, নাওয়া নেই, খাওয়া নেই, বসা নেই—কিসে কাজ সর্বাঙ্গসুন্দর হবে, কেউ নিন্দে করবে না ওদের, কোন জিনিস অপচয় না হয় ওদের, সে-ই একমাত্র লক্ষ্য। পরের কাজে এমনি ক'রে নিজেকে ঢেলে দিতে তুমি পার তোমার বাবার রক্ত তোমার গায়ে বইছে বলে।

নীরদাকেও চিনলুম সেদিন।

রাত দশটা। রান্নাঘরের দরজার কাছে শূণ্ড ডালের গামলা, লুচির ধামা, ডালনার বালুতির মধ্যে নীরদা দাঁড়িয়ে আছে। সারাদিন কি খাটুনিই খেটেছে সে! চব্ব্বিকির পাক ঘুরেছে মালতীর সঙ্গে সমানে সেই সকাল থেকে—এর মধ্যে আবার পীড়িতা মায়ের দেখাশুনা করেছে ওপরে গিয়ে। ঘামে ও শ্রমে মুখ রাঙা, (নীরদার রং বেশ কস'া) চুল আলুথালু হয়ে মুখের পাশে কপালে পড়েছে।

আমি বাইরের ক-জন লোককে খাওয়ার ব'লে কি আছে না-আছে দেখতে রান্নাঘরে ঢুকেছি। নীরদা বললে—দাদা, কিছু নেই আর; ক-জন লোক? আচ্ছা দাঁড়ান, ময়দা মাখছি, দিচ্ছি ভেজে।

আমি বললুম—আর তুমি আগুনের তাতে যেও না নীরদা। তোমার চেহারা যা হয়েছে! আচ্ছা দাঁড়াও—মালতীকে বলি একটু মিছরির শরবৎ তোমায় বরং দিতে—

নীরদা বললে—দাঁড়ান, দাঁড়ান দাদা। রুণি কতবার খাওয়াতে এসেছিল—সে কি চুপ ক'রে থাকবার মেয়ে?

তারপর হেসে বললে—আজ যে একাদশী, দাদা।

আমার চোখে জল এল। আর কিছু বললাম না। মেয়েমানুষের মত সহ্য করতে পারে কোন্ জাত? অনেক শিখলাম এদের কাছে এই ক-মাসে।

মাকে দেখেছি, বৌদিদিকে দেখেছি, সীতাকে দেখেছি, শৈলদিকে দেখেছি, এদেরও দেখলাম। অথচ এই নীরদাকে ভেবেছিলুম অশিক্ষিতা গ্রাম্য মেয়ে, ওর কথাবার্তার রাঢ় দেশের টান বড় বেশী ব'লে।

মালতী আখড়ায় ফিরে এসে আমার বললে—অনেকগুলো সন্দেহ এনেছি, খান—নীরদা-দিদি জোর ক'রে দিলে। ভাল সন্দেহ, ষারবাসিনীতে এ-রকম করতে পারে না, সিউড়ি থেকে আনানো।

তার পর কেমন এক ধরনের ভক্তি ক'রে হাসতে হাসতে বললে—বসুন, ঠাঁই ক'রে দিই আপনাকে। ও-বেলার লুচি আছে, দই আছে,—নীরদাদিদি একরাশ খাবার দিয়েছে বেঁধে—

ওকে এত ভেলেমাছ মনে হয় এই-সব সময়ে!

ঘরে কেউ নেই, নিঃসঙ্কোচে আমার কাছে ব'সে ও আমার খাওয়ালে—খেতে খেতে এক-বার ওর মুখের দিকে চাইলাম। কি অপূর্ব স্নেহ-মমতামাখা দৃষ্টি ওর চোখে! মালতীর কাছে এত ঘনিষ্ঠ যত্ন এই কিন্তু প্রথম। বললে—আমি কি আর দেখি নি যে আজ সারাদিন আপনি শুধু খেটেছেন আর পরিবেশন করেছেন, খাওয়া যা হয়েছিল ও-বেলায় আপনার, তার আমি সন্ধান রাখি নি ভেবেছেন? খান,—না—ও লুচি ক-খানা খেতেই হবে।

খাবো কি, লুচি গলায় আটকে যেতে লাগল—সে কি অপূর্ব উল্লাস, আমার সারাদেহে কিসের যেন শিহরণ! আজ সারাদিনের ভূতগত খাটুনির মধ্যেও মালতী দৃষ্টি রেখেছিল আমি কি খেয়েছি না-খেয়েছি তার ওপর!

ঘন বর্ষা নামল। সারা মাঠ আঁধার ক'রে মেঘ ঝুপসি হয়ে উপুড় হয়ে আছে। এইসব দিনে মালতীকে সর্বদা কাছে পেতে ইচ্ছে করে—ইচ্ছে করে ঘরের কোণে বসে ওর সঙ্গে সারা দিনমান বাজে বকি। কিন্তু ও আসে না, এমনই সব বর্ষার দিনে আখড়ার যত সব খুচরো কাজে ও ব্যস্ত থাকে।

দু-একবার যখন দেখা হয় তখন বলি—মালতী, আস না কেন?

মালতী বলে সে আসবে। তার পর এক ঘণ্টা, দু ঘণ্টা কেটে যায়, ও আসে না। আমার রাগ হয়, অভিমান হয়। ও যদি আমার জন্তে একটুও ভাবত, তাহ'লে কি আর না এসে পারত? ওর কাছে কাজই বড়, আমি কেউ নই। কিন্তু হয়ত অপ্রত্যাশিত ভাবে হঠাৎ মালতী এসে পড়ে। প্রায়ই বিকেলের দিকে, এমন কি সন্ধ্যার সময়। চুলটি টান-টান ক'রে বেঁধে, পান খেয়ে ফুল্ল গুঁঠাধর রাঙা ক'রে হাসিমুখে আমার দাওয়ার সামনে এসে বলে—কি করছেন?

—এস মালতী, সারাদিন দেখি নি যে?

—আপনার কেবল—সারাদিন দেখি নি, আর, এই তখন ডাকলুম এলে না কেন, আর, কেন আস না—এই-সব বাজে কথা। আসি কখন? দেখেছেন তো। খেয়ে উঠেছি এই ভোঁ ঘণ্টাখানেক আগে। কাজ ছিল।

—কি কাজ ছিল আমি আর জানিনি মালতী? উদ্ধব-বাবাজীর কোণের ঘরে মেঝেতে চাটাই পেতে ব'সে তোমার সেই কবিতার বই লিখছিলে—আমি দেখি নি বুঝি?

—বেশ, দেখেছেন তো দেখেছেন। আসুন বিষ্ণুমন্দিরে সন্দে দেখিয়ে আসি—একা ভয় করে।

বাস্তবিকই আমি ওকে একমনে বই লিখতে দেখেছিলাম। প্রায়ই দেখি। মালতী ঠিক পাগল, আচ্ছা, পাষাণদলনের অল্পকরণে লেখা ওর বই কে পড়বে যে রাত নেই দিন নেই বই লিখে! ওর মুখ দেখলে আমার কষ্ট হয়। ওই এক খেয়াল ওর। মালতীর সঙ্গে বিষ্ণুমন্দিরে গেলাম। মালতীর এই এক গুণ, ও যখন মেশে তখন মেশে নিঃসঙ্কোচে, উদার ভাবে। সে-সময়কে কোনো বাধা বা সংস্কার ও মানে না। কেন এই সন্ধ্যাতে আমার সঙ্গে একা যাবে পুকুরপাড়ের বিষ্ণুমন্দিরে—এ-সব নিয়ে সঙ্কোচ নেই ওর। মন্দিরের পথে যেতে যেতে মনে হ'ল মালতীকে পেয়ে আমার এই বর্ষাসন্ধ্যাটি সার্থক হ'ল। ওকে ছেড়ে আর কিছু চাই নে। কাঞ্চনফুলতলার গিগে বললাম—সেই গানটা গাও না, সেদিন গাইছিলে গুনগুন করে!

মালতী ছেলেমাছুষের মত ভক্তিতে বললে—উদ্ধব-জ্যাঠা যে গুনতে পাবেন?

—তা পাবেন, পাবেন।

—তবে আসুন পুকুরের ঘাটে গিয়ে বসি।

মালতীর মুখে গানটা বেশ লাগে—দু-তিনবার শুনলাম।

আমার নয়নে কৃষ্ণ নয়নতারা হৃদয়ে মোর রাধা-প্যারী

আমার বুকের কোমল ছায়ায় লুকিয়ে খেলে বনবিহারী।

গান শেষ হ'লে বললাম—শোন একটা কথা বলি মালতী, তুমি আস না কেন? তোমাকে না দেখলে আমার বড় কষ্ট হয়। আজ সারাদিন বসেছিলুম ঘরের দাওয়াতে, এমন বর্ষা গেল—তুমি চৌষট্টিবার আমার ঘরের সামনে দিয়ে যাও, একবার তো এলে পারতে? তোমার সে-সব নেই। শুধু কাজ আর কাজ। এই যে তোমাকে পেয়েছি, আর আমার যেন সব ভুল হয়ে গিয়েছে—সত্যি বলছি মালতী।

মালতী মুখ নীচু ক'রে হাসি-হাসি মুখে চুপ ক'রে রইল।

আমি বললাম—হাসলে চলবে না মালতী। কথার আমার উত্তর দাও। তুমি কি ভাবে আমি তোমাদের এখানে পড়ে আছি খেতে পাই নে বলে তাই? তা নয়।

—কে বলেছে আপনাকে যে না খেতে পেয়ে এখানে আছেন? আমি আপনাকে বলেছি নাকি?

—যাক ওসব বাজে কথা। আমার কথার উত্তর দাও।

মালতী আবার ছেলেমানুষি আরম্ভ করল। মুখ নীচু ক'রে হাঁটুর কাছে ঠেকিয়ে মুহু মুহু হাসিমুখে হাত দিয়ে শানের ওপর কি আঁকজোক কাটতে লাগল, কখনই ওর কাছে আমার কথার সোজা জবাব পেলাম না।

এক দিন বেড়াতে গিয়ে বাঁধের ওপর ব'সে আমার অবস্থাটা ভেবে দেখলুম। আমি এমন জড়িয়ে পড়েছি যে নড়বার সাধ্য নেই এতটুকু। ও আমার সব কিছু ভুলিয়ে দিয়েছে—যে উদ্দেশ্যে এই দু-বছর পথে পথে ঘুরেছি সে উদ্দেশ্য এখন হয়ে পড়েছে গোঁণ। এখন মালতীই সব, মালতীই আমার বিশ্বের কেন্দ্র, ও যখন আসে তখন জীবনে আর কিছু চাইবার থাকে না, ও যেদিন আসে, যেদিন হেসে কথা বলে—আমার মত সুখী লোক সেদিন জগতে আর কেউ থাকে না, মাঠের ওপর সূর্যাস্ত সেদিন নতুন রঙে রঙীন হয়, বিচালি-বোঝাই গাড়িগুলো ঘারবাসিনীর হাটের দিকে যায়, তাদের চাকার শব্দও ভাল লাগে, আখড়ার বাবাজীরা নিম-গাছে উঠে নিমপাতা পাড়ে—সে-ই যেন এক নতুন দৃশ্য। মালতী যেদিন আসে না, কি ভাল ক'রে কথা বলে না, সারাদিন আমার মনে শাস্তি থাকে না, ওরই কথা ভাবি সারাক্ষণ—কতক্ষণে দেখা হবে, কতক্ষণে কথা বলবো। মালতী আমার এমন জ্বালেও জড়িয়ে ফেলেছে!

হয়ত আমি এখান থেকে যেতাম না—হয়ত শেষ পর্যন্ত থেকেই যেতে হ'ত—কিন্তু যেদিন মালতী আমার কাছে ব'সে পুকুরঘাটে গান গাইলে তার পরদিনই দুপুরের পরে উজ্ব-বাবাজী আমায় ডেকে বললে—একটা কথা বলি আপনাকে—কিছু মনে করবেন না। আপনার এখানে অনেক দিন হয়ে গেল, আমাদের আখড়ার নিয়ম অল্পসারে তিন দিন মাত্র এখানে অতিথি-বোষ্টমের থাকবার কথা। আপনার প্রায় এগারো মাস হ'ল—

আমি চুপ ক'রে বসে রইলাম. কারণ ওর মুখ দেখেই আমার মনে হ'ল এটা কথার ভূমিকা—আসল কথাটা এখনও বলে নি। ঘটলও তাই। একটু ইতস্ততঃ ক'রে উজ্ব বললে—তাতেও কিছু না—কি জানেন, আপনার কণির সঙ্গে এই মেলামেশাটা ভাল দেখাচ্ছে না। আপনার কাছে ব'সে পুকুরঘাটে বিকেলে ও গান গেয়েছিল—একথা নিয়ে সবাই—বুকলেন না, মেয়ে-মাল্লবের নামে দুর্নাম রটতে দেখি লাগে না। আমি ওর অভিজ্ঞাবক—এসব যাতে না হয়

আমার দেখা উচিত বলেই আপনাকে জানাচ্ছি এ কথা। রুণি-মা সেরকম মেয়ে নয়। আমি সেটা খুবই জানি, কিন্তু লোকে তো—রাগ করবেন না, ভেবে দেখুন। লোকে যদি ওর নামে পাঁচটা কথা ওঠায় বা বলে—সেটা আমার উচিত হতে না দেওয়া—নয় কি ?

আমি বললাম—সেটা আমার অন্ডায় হয়েছে স্বীকার করি। কিন্তু আমি ওকে বিয়ে করতে চাই; আপনি তো বলেছিলেন, মালতীর যদি ইচ্ছা হয়—ওর বাবার ওর ওপর আদেশ আছে—

—কিন্তু ওর বাবা কষ্টধারী বৈষ্ণব ছিলেন—আপনি ব্রাহ্মণ বটে, বৈষ্ণব নন, তার ওপর আপনি খৃষ্টানী মতের লোক, আপনার সঙ্গে কি করে ওর বিয়ে হতে পারে? ও বৈষ্ণবের মেয়ে, বৈষ্ণবের সঙ্গেই ওর বিয়ে হবে। তবে মালতীর এতে কি ইচ্ছে জামুন, সে যদি বলে, আমার আপত্তি নেই। ওর বাবা ওরই ওপর সে ভার দিয়েছিলেন।

সেদিনই সন্ধ্যার সময় ওকে নিৰ্জ্জনে পেলাম। ওকে বললাম—একটা কথা বলব মালতী? তুমি অভয় দেবে?

মালতী কৌতুকের সুরে বললে—উঃ মাগো—যাত্রার দলের মত কথা শুনে আর বাঁচি নে। কি বলবেন বলুন না?

—তুমি কি চিরকাল এই ভাবে জীবন কাটাবে? না, হাসিখুশী না—দরকারী কথা। সবভাতেই হাস কেন—ভেবে দেখ আমি কি বলছি—

—কেন এ জায়গা কি খারাপ? এমন চমৎকার মাঠ, দীঘি—আপনি সেদিন কি কবিতাটা বলছিলেন—

মালতী কথা শেষ না করেই ছেলেমানুষি হাসি শুরু করলে। আমি বললাম—না মালতী, লক্ষ্মীটি ওভাবে কথা উড়িয়ে দিও না। আমি তোমায় চাই। তোমায় বিয়ে করে এখান থেকে নিয়ে যেতে চাই। কি বল তুমি?

মালতীর মুখের হাসি হঠাৎ বন্ধ হয়ে গেল—সে কেমন বিস্ময়বিহ্বল-দৃষ্টিতে আমার দিকে চাইলে—তার পরেই তার মুখেচোখে ঘনিয়ে এল লজ্জা। ওর এ ধরনের লজ্জা আমি কখনও দেখি নি।

বেশ খানিকক্ষণ কেটে গেল। মালতীর মুখে উত্তর নেই। বললাম—ভেবে উত্তর দিও। এখনি চাইনে তোমার উত্তর। তাড়াতাড়ি কিছু না বলাই ভাল।

মালতী এতক্ষণ মুখ নীচু করে ছিল—এইবার মুখ তুলে কিন্তু অশ্রুদিকে চেয়ে বললে—কিন্তু এ জায়গা ছেড়ে যেতে হবে কেন?

—ছেড়ে যেতে হবে এই জন্তে মালতী যে, আমি তো তোমাকে এখানে আখড়ায় থাকতে দিতে পারব না। আমিও এখানে চিরদিন কাটাতে পারি নে।

মালতীর মুখের ভাবে আমার মনে হ'ল আমার মুখে একথা যেন ওর পক্ষে অপ্রত্যাশিত। ও কি ভেবেছে আমিও চিরকাল এই আখড়াতেই থেকে যাব? ওর মুখ দেখে মনে হ'ল আমার এ কথাও মনে বেদনা পেয়েছে। আমি কথাটা যতদূর সম্ভব নরম করতে পারা যায় করে বললাম—তুমি এখনও ছেলেমানুষ! নিজের সম্বন্ধে বিচার করে দেখতে পাবার ক্ষমতা এখনও হয় নি। তুমি একা এখানে কি করবে বল? উদ্ধব-বাবাজীও চিরকাল থাকবেন না। এই মাঠের মধ্যে আখড়ায় চিরজীবন কাটাতে একা একা?

মালতী মুখ নীচু করেই আস্তে আস্তে নরম সুরে বললে—বাবা মরণকালে এর ভার সঁপে দিয়েছিলেন উদ্ধব-জ্যাঠার ওপর নয়, আমারই ওপর। বাবার বিষ্ণুমন্দির আমার শেষ করে

তুলতে হবে। উদ্ধব বাবাজী চিরদিন থাকবেন না বলেই তো আমার এখানে আরও থাকা দরকার। বাবার ধানের জমি পাঁচজনে লুটেপুটে খাবে অথচ আখড়ার দোর থেকে অতিথি-বোষ্টম গরীব লোকে ফিরে যাবে খেতে না পেয়ে, এ আমি বেঁচে থেকে দেখতে পারব না। তাতে কোথাও গিয়ে আমার শাস্তি হবে ?

মালতীর মুখে এ ধরনের গম্ভীর কথা—বিশেষ করে ওর নিজের জীবন নিয়ে—এই প্রথম শুনলাম। সব জিনিস নিয়ে ও হালকা হাসি-ঠাট্টা ক'রে উড়িয়ে দেয়, এই ওর স্বভাব। ও এ ধরনের কথা বলতে পারে তা আমি ভাবি নি। বললাম—মালতী, এটা কি তোমার মনের কথা ? জীবনটা এই ক'রে কাটাতে ? এতেই শাস্তি পাবে ? আমি যে প্রশ্নাব করেচি, তাতে তুমি তা'হলে রাজী নও ? কারণ আমি এখানে থাকতে পারব না চিরকাল এটা নিশ্চয়।

শেষ কথাটা বলতে আমার বুক বেদনায় টনটন ক'রে উঠল, তবুও বলতে হ'ল।

মালতী অনেকক্ষণ বিমুখী হয়ে ব'সে রইল। কাপড়ের একটা আঁচল পাকিয়ে অশ্রুমনস্ক ভাবে ছেলেমানুষের মত সেটা নিয়ে নাড়া-চাড়া করলে অনেকক্ষণ। আমার মনে হ'ল ও হয়ত কাঁদছে, নয়ত কান্না চেপে রাখবার চেষ্টা করছে।

তার পরে আমার দিকে একবার চেয়েই আবার মুখ ফিরিয়ে বললে—কি করব বলুন, আমার অদৃষ্টে ভগবান এই লিখেছেন, এই আমায় করতে হবে।

আমার কেমন একটা অভিমান হ'ল, বললাম—এই তাহ'লে তোমার শেষ কথা ? বেশ মালতী।

মালতী সে কথার উত্তর না দিয়ে চুপ ক'রে রইল মাথা নীচু ক'রে। আবার আমার মনে হ'ল ও কাঁদছে, কিবা কান্না চেপে রাখবার চেষ্টা করছে—একবার মনে হ'ল ওর ডাগর চোখ দুটি জলে ভ'রে এসেছে—কিন্তু অভিমানের আবেগে আমি সেদিকে ফিরেও চাইলাম না।

রাজে বাইরে ব'সে ভাবলুম। সারারাত্রিই ভাবলুম।

মালতীকে ছেড়েই যেতে হ'ল শেষ পর্যন্ত ?

ও না এক দিন আমায় বলেছিল...আখড়ায় কত কাজ বাকী আছে মনে নেই ?

আমার ওপর কিসের দাবিতে এ কথা বলেছিল ও ?

সে দাবি অগ্রাহ্য করে নিষ্ঠুর ভাবে যাব চলে ?

যদি না যাই—তবে এখানে আখড়ার মোহন্ত সেজে চিরকাল থাকতে হবে। এই গ্রাম্য বৈষ্ণবদের সর্কারী গম্ভীর ও আচার-সংস্কারের মধ্যে নিজেকে জড়িয়ে ফেলতে হবে।

নিস্তরু তারাতারা রাত্রি। দীঘির পার থেকে হু-হু হাওয়া বইছে।

নীল আকাশের দেবতা, ঝাঁর ছবি এই বিশাল মাঠের মধ্যে সন্ধ্যার মেঘে, কালবৈশাখীর ঝোড়ো হাওয়ার, এই রকম তারাতারা অন্ধকার আকাশের তলে কতবার আমার মনে এসেছে, তাঁকে পাওয়া আমার হঠাৎ ফুরিয়ে না যায়...যে দেবতা সকল ধর্মের অতীত, দেশকালের অতীত...যার বেদী যেমন এই পৃথিবীতে মানুষের বৃকে, তেমনি ওই শাশ্বত নীলাকাশে অনন্ত নক্ষত্র-দলের মধ্যে...মর্ন্তে ও অমর্ন্তে তাঁর বীণার দুই তার...আমার মনে হোমের আঙুন তিনি প্রজ্বলিত রাখুন সুদীর্ঘ যুগসমূহের মধ্যে...শাশ্বত সময় ব্যোপে। আমার যা-কিছু মনের শক্তি, যা-কিছু বড়, তাই দিয়ে তাঁকে বৃত্তে চাই। গম্ভীর মধ্যে তিনি থাকেন না।

পরদিন খুব ভোরে—আখড়ার কেউ তখনও বিছানা থেকে ওঠে নি—কাউকে কিছু না জানিয়ে আমি ছারবাসিনীর আখড়া থেকে বেরিয়ে পড়লুম। কিসের সন্ধ্যানে বেরিয়েছি তা আমি জানি নে—আমার সে সন্ধ্যানের আশা আলেয়ার মত হয়ত আমাকে পথভ্রান্ত ক'রে পথ

থেকে বিপথে নিয়ে গিয়ে ফেলবে—শুধু আমি এইটুকু বুঝি যে, যে কোন গভীর মধ্যে আবদ্ধ হয়ে থাকলে আমার চোখের অস্বচ্ছ দৃষ্টির সামনে তার প্রবৃদ্ধমান রূপ স্ফীণ হয়ে আসবে—আমার কাছে সেই সন্ধানই সত্য—আর সব মিথ্যে, সব ছায়া।

লোচনদাসের আংড়া ছেড়ে বেরিয়ে পড়লাম। কোন দিকে যাব তার কিছুই ঠিক নেই। বর্ষাকাল কেটে গিয়েছে, আকাশ নির্মল, শরতের সাদা লঘু মেঘখণ্ড নীল আকাশ বেয়ে উড়ে চলেছে, মণিহারী ঘাটের কাছে গঙ্গা পার হবার সময় দেখলুম গঙ্গার চরের কাশ-বনে কি অজস্র কাশফুলের মেলা! খানিকটা রেলের খানিকটা পায়ে হেঁটে এলাম কহলগাঁয়ে। গঙ্গার ধারে নির্জন স্থানটি বড় ভাল লাগল। স্টেশনের কাছেই পাহাড়, সামনে যে পাহাড়টা, তার ওপরে ডাক-বাংলো—এখানে একটা রাত কাটলাম। ডাক-বাংলোর কাছে কি চমৎকার এক প্রকার বনফুল ফুটেছে, জ্যোৎস্নারাত্রীে তার সুগন্ধে ডাক-বাংলোর বারান্দা আমোদ ক'রে রেখেছে।

এক দিন কহলগাঁয়ের খেরাঘাটে শুনলাম ক্রোশখানেক দূরে গঙ্গার ধারে বটেশ্বরনাথ পাহাড়ে একজন সাধু থাকেন। একখানা নৌকা ভাড়া ক'রে বেরিয়ে পড়লাম। বটেশ্বরনাথ পাহাড় দূর থেকে দেখেই আমার মনে হ'ল এমন সুন্দর জায়গা আমি কমই দেখেছি, এখানে শান্তি ও আনন্দ পাব। গঙ্গার ধারে অহুচ্ছ ছোট পাহাড়, পাহাড়ের মাথায় জঙ্গল, নানা ধরনের বুনো গাছ, এক ধরনের হলদে-পাপড়ি বড় বড় ফুল ফুটেছে পেয়ারাগাছের মত গাছে, নাম জানিনে। একটা বড় গুহা আছে পাহাড়ের দক্ষিণ দিকের ঢালুতে জঙ্গলের মধ্যে। গুহার মুখের কাছে প্রাচীন একটা বটগাছ, বড় বড় ঝুরি নেমেছে, ঘন ছায়া, পাকা বটফল তলায় প'ড়ে আছে রাশি রাশি। সাধুটির সঙ্গে আলাপ হ'ল, বাড়ি ছিল তাঁর মাত্রাজে, কিন্তু কথাবার্তায় চেহারায় হিন্দু-স্থানী। সাধুটি খুব ভাল লোক, লম্বাচওড়া কথা নেই মুখে, বাঙালী বাবু দেখে খুব খাতির করলেন। নিজে কাঠ কুড়িয়ে এনে চা ক'রে খাওয়ালেন, আমার সম্বন্ধে দু-একটা কথা জিজ্ঞেস করলেন। বললেন—আপনি এখানে যতদিন ইচ্ছে থাকুন, এখানে খরচ খুব কম। আমি এর আগে মুন্সেরে কষ্টহারিণীর ঘাটে ছিলাম, শহর বাজার জায়গা, এত খরচ পড়ত যে টিকতে পারলাম না। তাও বটে, আর দেখুন বাবুজী, সাধুরা চিড়িয়ার জাত, আজ এখানে, কাল ওখানে—এক জায়গায় কি ভাল লাগে বেশী দিন?

লোকজন বিশেষ নেই, স্থানটি অতিশয় নির্জন, কথা বলবার লোক নেই, তার প্রয়োজনও বোধ করি নেই বর্তমানে—সারাদিনের মধ্যে সন্ধ্যার সময় সাধুজীর সঙ্গে ব'সে একটু আলাপ করি। এতদিন কোথাও যে-শান্তি পাই নি, এখানে তার দেখা মিলেছে, একদিন পাহাড়ের ওপরে বেড়াতে বেড়াতে জঙ্গলের মধ্যে একটা সুঁড়ি-পথ পেলাম। পাহাড়ের গা কেটে পথটা করা হয়েছে, ডাইনে উঁচু পাহাড়ের দেওয়ালটা, বায়ে অনেক নীচে গঙ্গা, ঢালটাতে চামেলীর বন, একটা প্রাচীন পুষ্পিত বকাইন গাছ পথের ধারে। কিছুদূর গিয়ে দেখি, পাহাড়ের গায়ে খোদাই-করা কতকগুলো বৌদ্ধ দেবদেবীর মূর্তি—গবর্ণমেণ্টের নোটিশ টাঙানো আছে এই মূর্তিগুলো কেউ নষ্ট করতে পারবে না ইত্যাদি। আমি জানতাম না এদের অস্তিত্ব। জায়গাটা অতি চমৎকার, সূর্যাস্তের সময় সেদিন পীরপৈতির অহুচ্ছ শৈলমালার ওপরের আকাশটা লাল হয়ে উঠল, গঙ্গার বুকে আকাশজোড়া রঙীন মেঘমালার ছায়া, খোদাই-করা দেবদেবীর মূর্তি গোধূলির চাপা আলোয় কেমন একটা অনির্দেশ্য স্ত্রী ধারণ করেছে—সে স্ত্রী বড় অদ্ভুত, কোন মূর্তির নাক ভাঙা, কোনটার নাক নেই, বেশীর ভাগ মূর্তিরই মুখ খসে গিয়েছে—কিন্তু গোধূলির রক্ত-পিঙ্গল আকাশের ছায়ায় যক্ষিণী যেন জীবন্ত

হয়ে উঠল; পাথরে কাটা পীন স্তনযুগল যেন রক্তমাংসের ব'লে মনে হ'ল, লুইসী উজ্জানের ছায়াতরুগুলো শায়িতা আসন্নপ্রসবী মায়াদেবীর চোখের পলক যেন পড়ে পড়ে, তারপর চামেলীর বন কালো হয়ে গেল, গঙ্গার বুকে নোঙর করা বড় বড় কিস্তির মাঝিরা হতুমানজীর ভঙ্গন গাইতে শুরু ক'রে দিলে, পাহাড়ের পূর্বাধিকে ছোট্ট কেওলিন খনিটাতে মজুরদের ছুটির ঘণ্টা পড়ল—আমি তখনও অবাক হয়ে দাঁড়িয়েই আছি।...রাট দেশের মাঠে সেই খালের ধারের তালবনে সেদিন যে অদ্ভুত ধরনের শান্তি ও আনন্দ পেয়েছিলুম, সেটা আবার পাবার আশায় কতক্ষণ অপেক্ষা করলুম—কিন্তু পেলাম কই? তার বদলে একটা ছবি মনে এল।

আমি জানি এসব কথা বলে কি কিছু বোঝানো যায়? যার না হয়েছে, সে কি পরের লেখা পড়ে কিছু বুঝতে পারবে, না আমিই বোঝাতে পারবো? মনে হ'ল কোথায় যেন একজন পথিক আছেন, ঐ নীল আকাশ, ঐ রঙীন মেঘমালা, এই কলরবপূর্ণ জীবনধারার পেছনে তিনি চলেছেন...চলেছেন কোথায় চলেছেন নিজেই হয়ত জানেন না। তাঁর কোন সঙ্গী নেই, তাঁকে কেউ বোঝে না, তাঁকে ভালবাসে না। অনাদি অনন্তকাল ধরে তিনি একা একা পথ চলেছেন। এই দৃশ্যমান বিশ্ব, এদের সমস্ত সৌন্দর্য—তিনি আছেন বলেই আছে।

আমি তাঁকে ছোট'ক'রে দেখতে চাইনে। তাঁকে নিয়ে পুতুলখেলার বিরুদ্ধে ছোটবেলা থেকে আমি বিদ্রোহ ক'রে আসছি। তিনি বিরাট, মাহুঘে দশ হাজার বছরে তাঁকে যত বুঝে এসেছে আগামী দশ হাজার বছরে তাঁকে আরও ভাল ক'রে বুঝবে। এক-আধ জন মাহুঘে কি করবে? সমগ্র মানব জাতি যুগে যুগে তাঁকে উপলব্ধির পথে চলেছে। আমি তাঁকে হঠাৎ বুঝে শেষ করতে চাই নে—কোটা যোজন দূরের তারার আলো যেমন লক্ষ বৎসর পৃথিবীতে আসছে...আসছে...তেমনি তাঁর আলোও আমার প্রাণে আসছে...হয়ত সিকি পথও এখনও এসে পৌছয় নি—কত যুগ, কত শতাব্দী, এখনও দেরি আছে পৌছবার। এই তো আমার মনে আসল স্যাডভেঞ্চার (adventure), এ যেন আমার হঠাৎ ফুরিয়ে না যায়। আমি খুঁজে বেড়াবো...এই খোঁজাই আমার প্রাণ, বুদ্ধি, হৃদয়কে সঞ্জীবিত রাখবে, আমার দৃষ্টিকে চিরনবীন রাখবে।

আমি হয়ত এজন্মে তাঁকে বুঝবো না, হয়ত বহু জন্মেও বুঝবো না—এতেই আনন্দ পাব আমি, যদি তিনি আমার মনের বেদীতে হোমের আগুন কখনও নিভে যেতে না দেন, শাস্ত যুগসমূহের মধ্যে, সুদীর্ঘ অনাগত কাল ব্যোপে। আমি চাই ওই নীল আকাশ, ওই সবুজ চর, কলনাদিনী গঙ্গা, দূরের নীহারিকাপুঞ্জ, মাহুঘের মনোরাজ্য, ওই হলদে-ভানা প্রজাপতি, এই শোভা, এই আনন্দের মধ্যে দিয়ে তাঁকে পেতে।

লোচনদাসের আখড়াতেই সবাই বললে, আমি নাস্তিক, কারণ আমি বলতাম নাম-জপ করা কেন? ঈশ্বরের নাম দিতে পেরেছে কে? শেষ পর্যন্ত উদ্ধব-বাবাজী আমাকে আখড়া ছাড়িয়ে দিল এই জন্তে বোধ হয়।

একদিন বৈকালে গঙ্গায় নাইতে নেমেছি—কাটারিয়ায় ওপারের বহুদূর দিক্চক্রবালের প্রান্ত থেকে কালো মেঘ ক'রে ঝড় এল, গঙ্গার বুকে বড় বড় ঢেউ উঠল, আমার মুখে কপালে মাথায় বুকে ঢেউ ভেঙে পড়ছে, ওপারে চরের উপর বিদ্যুৎ চমকচ্ছে, জলের স্রোত পাচ্ছি—এরকম কত বাটিকাময় অপরাহ্ন ও কত নীরস্ত অন্ধকারময়ী রাত্রির কথা মনে এল—আমারই জীবনের কত স্মৃতি-ধর্ম মুহূর্তের কথা মনে এল—

মনে কেমন একটা অপূর্ণ ভাবের উদয় হ'ল, তাকে আনন্দও বলতে পারি, প্রেমও বলতে পারি, ভক্তিও বলতে পারি। তার মধ্যে ও তিনটেই আছে। বটেস্বরনাথের পাহাড়টার ঠিক

ধূসর স্তূপের দিকে চেয়ে, দূর, বহুদূর দিগন্তের দিকে চেয়ে যেখানে বাংলা দেশ, যেখানে মালভূমি আছে, যেখানে এমন কত সুন্দর বর্ষার সন্ধ্যা মধুর আনন্দে কাটিয়েছি, কত জ্যোৎস্নারাজ্জে শুকনো মকাইঝোলানো চালাঘরের দাওয়ার তলার বঁসে দুজনে কত গল্প করেছি, তার মুখে জ্যোৎস্নার আলো এসে পড়েছে...কতবার অপ্রত্যাশিত মুহূর্তে সে এসেছে—আবার কতবার ডাকলেও আসে নি, কতবার চোখাচোখি হ'লেই হেসে ফেলেছে—এ কথা মনে হয়ে আমার মনে কেমন একটা উন্মাদনা, আনন্দ, প্রেম, ভক্তি আরও কত কি ভাবের উদয় হ'ল একটা বড় ভাবের মধ্যে দিয়ে। ওই একটার মধ্যেই সবটা ছিল। তাদের আলাদা আলাদা করা যায় না—কিন্তু তারই প্রেরণায় আমার আঙুল আপনা-আপনি বেকে গেল, গন্ধার জলে মা, বাবা, হীরা-জ্যাঠার নামে তর্পণ করলুম, ভগবানের নামে সমস্ত দেহ-মন হুরে এল, জলের ওপরই মাথা নত ক'রে তাঁর উদ্দেশ্যে প্রণাম করলুম। সীতার জন্তে করুণ সহানুভূতিতে চোখে জল এল। হঠাৎ যোর বৈষয়িকতার জন্তে জ্যাঠামশায়ের প্রতি অল্পকম্পা হ'ল—আবার সেই সৃষ্টিছাড়া অপরূপ মুহূর্তেই দেখলুম মালভূমি কি ভালই বাসি, মালভূমির সহায়হীন, সম্পদহীন ছন্নছাড়া মূর্তি মনে ক'রে একটা মধুর স্নেহে তাকে সংসারের দুঃখকষ্ট থেকে বাঁচাবার আশ্রয়ে, তাকে রক্ষা করবার, আশ্রয় দেবার, ভালবাসার, ভাল করবার, তার মনে আনন্দ দেবার, তার সঙ্গে কথা বলবার আকুল আশ্রয়ে সমস্ত মন ভরে উঠল—কি জানি সে মুহূর্ত কি ক'রে এল, সেই মেঘাঙ্ককার বর্ষণমুখর সন্ধ্যাটিতে সমস্ত বিশ্বপ্রকৃতি যেন সেই মহামুহূর্তে আমার মধ্যে দিয়ে তার সমস্ত পুলকের, গৌরবের, অল্পভূতির সঞ্চারহীন বিপুল আত্মপ্রকাশ করলে। সেদিন দেখলুম ঈশ্বরের প্রতি সত্যিকার ভক্তির প্রকৃতি মালভূমির প্রতি আমার ভালবাসার চেয়ে পৃথক নয়। ও একই ধরনের, একই জাতীয়। যেখানে হৃদয়ের সহানুভূতি নেই, ভালবাসা নেই, সেখানে ঈশ্বরও নেই। ভগবানের প্রতি সেদিন যে-ভক্তি আমার এল—তা এল একটা অপূর্ণ আনন্দের রূপে—সত্যিকার ভক্তি একটা joy of life...আত্মা, দেহ, মন সেখানে আনন্দে মাধুর্য্যে আপ্ত হয়ে যায়।

ঠিক মালভূমি আমাকে ভালবেসেছে বা আমি মালভূমিকে ভালবেসেছি এই ভেবে যেমন হয় তেমনি। কোন পার্থক্য নেই। একই অল্পভূতি—দুটো আলাদা আলাদা নাম মাত্র। এতেও মন অবশ হরে যায় আনন্দে—ওতেও।

উপলব্ধি ক'রে ব্রহ্মলুম যদি কেউ আমাকে আগে এ-সব কথা বলত, আমার কখনই বিশ্বাস হ'ত না। হওয়া সম্ভবও নয়।

সাদুভূমি সন্ধ্যাবেলা রোজ ধর্মকথা পড়েন। আমি মনে মনে বলি—সাদুভূমি, আপনি জীবন দেখেন নি। ভালবেসেছেন কখনও জীবনে? প্রাণ ঢেলে ভালবেসেছেন? যে কখনও নরুণ হাতে নিতে সাহস করে নি, সে যাবে তলোয়ার খেলতে। শুকনো বেদান্তের কথার মধ্যে ঈশ্বর নেই—যেখানে ভাব নেই, ভালবাসা নেই, হৃদয়ের দেওয়া-নেওয়া নেই, আপনাকে হারিয়ে ফেলা, বিলিয়ে দেওয়া নেই—সেখানে ভগবান নেই, নেই, নেই। হৃদয়ের খেলা যে আনন্দ করে, ও-রস কি জিনিস যে বোঝে—ভগবানকে ভালবাসার প্রথম সোপানে সে উঠেছে।

আমি মালভূমির কথা এত ভাবি কেন? সে আমাকে এত অভিজ্ঞত ক'রে রেখেছে কেন দিন, রাত, সকাল, সন্ধ্যা?...এই বিক্রমশিলা বিহারের পাহাড়মালা, বন-শ্রেণী পাদমূলে প্রবাহিতা পুণ্যশ্রোতা নদী, সন্ধ্যার পটে রাঙা সূর্যাস্ত, বনচামেলীর উগ্র উদাস গন্ধ—এ-সবের মধ্যে সে আছে, তার হাসি নিরে, তার মুখভঙ্গি নিরে, তার গলার সুর নিরে, তার শব্দসহস্র টুকরো কথা নিরে, তার ছেলেমাছবি ভঙ্গি নিরে। কেন তাকে ভুলি নি, কেন তার জন্ত আমার মন সর্বদাই উদাস, উন্মুখ, ব্যাকুল, বেদনায় ভরা, স্বস্তির মাধুর্য্যে আপ্ত, নিরাশায়

যন্ত্রণাময়—হঠাৎ তাকে এত ভালবাসলুম কেন ? তার কথা মনে যখন আসে, তখন কেওলিন খনির উপরকার পাহাড়চূড়াটার একটা বকাইন গাছের গুঁড়িতে ঠেস্ দিয়ে সারাদিন তার কথা ভাবি—খাওয়া-দাওয়ার কথা মনে থাকে না, ভালও লাগে না—তার মুখের হাসির স্মৃতিতেই যেন আমার শাস্তিময় নিভৃত গৃহকোণ, তার কথার স্বর দূরের ব্যবধান ঘুচিয়ে, মাঠ নদী বন পাহাড় পার হয়ে ভেসে এসে আমার প্রদীপ-জ্বালানো শাস্ত আউনিয় ছোট্ট খড়ের রান্নাঘরের একপাশে উপবিষ্ট নিরীহ গৃহস্থ সাজার—জীবনে তাই যেন চেয়ে এসেছি, সব দুঃশা, সব-কিছু ভুলিয়ে দেয়, অতীত, বর্তমান ও ভবিষ্যৎ একাকার হয়ে যায়...এদিকে রোদ চড়ে ওঠে কিংবা সূর্য চলে পড়ে, বেটেশ্বরনাথের পাহাড় রঙে রঙে রাঙা হয়, পাখীর গান হঠাৎ যায় থেমে—সাধুজীর চেলা বর্ষানারায়ণ আমাকে খুঁজতে আসে চা খাবার জন্তে...তখন অনিচ্ছা সত্ত্বেও উঠতে হয়...গাঁজার ধোঁয়ায় অন্ধকার সাধু-বাবাজীর গুহার সামনে বসে দুঃখবিহীন কড়া চা খেতে খেতে হুমান-চরিত শুনতে হয়।

সাধুজী আমাকে ভালবাসেন। এই জন্তে গুর এখানে আছি। এখানে পয়সার খরচ নেই বললেই হয়। বারোটা টাকা এনেছিলুম, সাধুজীর হাতে তুলে দিয়েছি—নিতে চান নি—আমি পীড়াপীড়ি করে দিয়েছি। একবেলা খাই মকাইয়ের ছাতু, একবেলা রুটি আর টেঁড়সের তরকারি। অল্প কিছু এখানে মেলে না। কেওলিন খনির ম্যানেজার মাঝে মাঝে কহলগাঁও থেকে মাছ আনায়, সেদিন গুর বাংলাতে আমার খেতে বলে—কারণ সাধুর এখানে ওসব করার হবার জো নেই।

মালতীর সঙ্গে আবার দেখা হবে না ? কিন্তু কি করে হবে তা তো বুঝি নে। আমি আবার সেখানে কোন্ ছুতোয় যাবো ? উদ্ধবদাস-বাবাজী আমার ভাল চোখে দেখতো না। দু-একবার অসন্তোষ প্রকাশও করেছিল, মালতীর সঙ্গে যখন বড় মিশছি—তখন দু-একবার আমার এমন আভাসও দিয়েছিল যে এখানে বেশী দিন থাকলে ভাল হবে না। ও-সবে আমি ভয় করি নে। সপ্তসিন্দুরপারের দেশ থেকে মালতীকে আমি ছিনিয়ে আনতে পারি, যদি আমি জানতাম যে মালতীও আমার চায়। কিন্তু তাতে আমার সন্দেহ আছে। সেই সন্দেহের জন্তেই যত বেদনা, যা-কিছু যন্ত্রণা ! কি জানি, বুঝতে পারি নে সবখানি। রহস্যময়ী মালতীর মনের খবর পুরো এক বছরেও পাই নি।

এক-একবার কিন্তু আমার মনের গভীর গোপন তল থেকে কে বলে, অত সন্দেহ কেন তোমার মনে ? তোমার চোখ ছিল কোথায় ? মালতীকে বোঝা নি এক বছরেও ?

মালতী—কি মাধুর্যের রূপ ধরেই সে মনে আসে ! তার কথা যখনই ভাবি, অশ্রু-আকাশের অপরূপ শোভায় পাহাড়ের ধূসর ছায়ার গন্ধার কলতানের মধ্যে ওপারের খাসমহলের চরে কলাইওয়ালী মাথায় কলায়ের বোঝা নিয়ে ঘরে যখন ফেরে, যখন সাদা পাল তুলে বড় বড় কিস্তি কহলগাঁয়ের ঘাট থেকে বাংলা দেশের দিকে যায়...কিংবা যখন গন্ধার জলে রঙীন মেঘের ছায়া পড়ে, খেয়ার মাঝিরা নিজেদের নৌকোতে বসে বিকট চীৎকার করে ঠেট্ হিন্দীতে ভজন গায়—সমস্ত পৃথিবী, আকাশ, পাহাড় একটা নতুন রঙে রঙীন হয়ে ওঠে আমার মনে—ওই দূর বাংলা দেশের এক নিভৃত গ্রামের কোণে মালতী আছে, যখন আবার বর্ষা নামে, খুব ঝড় ওঠে, কিংবা পুকুরের ঘাটে একা গা ধুতে যায়, কি বিষ্ণুমন্দিরে প্রদীপ দেখায় সন্ধ্যায়—আমার কথা তার মনে পড়ে না ? আমার তো পড়ে—সব সময়ই পড়ে, তার কি মনে পড়ে না ?

মালতীকে নিয়ে মনে কত ভাঙা-গড়া করি, কত অবস্থার দুঃজনকে ফেলি মনে মনে, কত বিপদ থেকে তাকে উদ্ধার করি, আমার অসুখ হয়, সে আমার পাশে বসে না সুমিরে সান্নারাত

কাটার—কত অর্থকষ্টের মধ্যে দিয়ে দু-জনে সংসার করি—সে বলে—ভেবো না লক্ষ্মীটি, মদন-মোহন আবার সব ঠিক ক'রে দেবেন! তার ছোটখাটো স্বপ্নদুঃখ, আখড়ার বিগ্রহের ওপর গভীর ভক্তি ও বিশ্বাস, তার সেবা—আমার ভাল লাগে। মনে হয় কত মেয়ে দেখেছি, সবাইই খুঁত আছে, মালতীর খুঁত নেই। আবার মেয়েরা যেখানে বেশী রূপসী, সেখানে মনে হয়েছে এত রূপ কি ভাল? মালতীর স্নিগ্ধ শ্রামল সুকুমার মুখের তুলনায় এদের এত নিখুঁত রূপ কি উগ্র ঠেকে! মোটের ওপর যেদিক দিয়েই যাই—সেই মালতী।

এক-একবার মনকে বোঝাই মালতীর জন্তে অত ব্যস্ত হওয়া দুঃখ বাড়ানো ছাড়া আর কি? তাকে আর দেখতেই পাব না। তাদের আখড়াতে আর যাওয়া ঘটবে না। স্বপ্নকে আঁকড়ে থাকি কেন? কিন্তু মন যদি অত সহজে বুঝতে!

মালতী একটা মধুর স্বপ্নের মত, বেদনার মত, কত দিন কানে-শোনা গানের সুরের মত উদয় হয়। তখন সবই সুন্দর হয়ে যায়, সবাইকে ভালবাসতে ইচ্ছে করে, সাধুর বকুনি, পাণ্ডা-ঠাকুরের জ্ঞান-বিরোধের কাহিনী—অর্থাৎ কি করে ওর জ্যাঠাতুতো ভাই ওকে ঠকিয়ে এতদিন বটেস্বর শিবের পাণ্ডাগিরি থেকে ওকে বঞ্চিত রেখেছিল তার সুদীর্ঘ ইতিহাস—সব ভাল লাগে। কিন্তু কোন কথা বলতে ইচ্ছে করে না তখন, ইচ্ছে হয় শুধু বসে ভাবি, ভাবি—সারা দীর্ঘ দিনমান ওরই কথা ভাবি।

বটেস্বরনাথ পাহাড়ের দিনগুলো মনে আমার অক্ষয় হয়ে থাকবে। রূপে, বেদনার, স্মৃতিতে, অম্লভূতিতে কানায় কানায় ভরা কি সে-সব অপূর্ণ দিন! অনেক দিন হয়ে গিয়েছে। কিন্তু প্রেমের অমর মধু-মুহূর্তগুলির ছায়াপাতে তাদের স্মৃতি আমার কাছে চিরশ্রামল। শরতের ছুপুরে নিভৃত বননিবিড় অধিত্যকায় চুপ ক'রে বরা পাহাড়ী-কুরচি-ফুলের শয্যায় বসে চারি দিকে রৌদ্রদীপ্ত পাহাড়শ্রেণীর রূপ ও শরতের আকাশের সাদা সাদা মেঘখণ্ডের দিকে চেয়ে চেয়ে মালতীর ভাবনাতে সারাদিন কাটিয়ে দিতাম। তিনটাটার মাঠে বটগাছের সবুজ মগডালে সাদা সাদা বকের সারি বসে আছে, যেন সাদা সাদা অজস্র ফুল ফুটে আছে—কত কি রং, প্রথমে মাটির ধূসর রং, তার পর কালো সবুজ গাছপালা, তার ওপরের পর্দায় নীলকন্ঠ পাহাড়, তার ওপরে সুনীল ও সাদা মেঘস্তুপ, সকলের নীচে কূলে কূলে ভরা গৈরিক জলরাশি। কিসে যেন পড়েছিলুম ছেলেবেলায় মনে পড়ে—

অলসে বহে তটিনী নীর,
বুঝি দূরে—অতি দূরে সাগর,
তাই গতি মম্বর,
শ্রান্ত, শান্ত পদসঞ্চার ধীর!

আগে প্রেম কাঁকে বলে তা জানতাম না, জীবনে তা কি দিতে পারে, তা ভাবিও নি কোন দিন। এখন মনে হয় প্রেমই জীবনের সবটুকু। স্বর্গ কবির কল্পনা নয়—স্বর্গ এই পিয়ালতলায়, স্বর্গ তার স্মৃতিতে। নয়তো কি এত রূপ হয় এই শিলাস্তুত অধিত্যকার, ওই উচ্চ মেঘপদবীর, ওই পুণ্যসলিলা নদীর, ওই বননীল দিগন্তরেখার!

দিনে রাতে মালতী আমার ছাড়ে কখন? সব সময় সে আমার মনে আছে। এই ছুপুর, এখন সে আখড়ার দাওয়ায় পরিবেশন করছে। এই বিকেল, এখন সে কাপড় সেলাই করছে, নয় তো মুগকলাই কাড়ছে। এই সন্ধ্যা, এখন সে টান-টান ক'রে তার অভ্যস্ত ধরনে চুলটি বেঁধে, ফুলায়েরে মুদু হেসে বিষ্ণুমন্দিরে প্রদীপ দেখাতে চলেছে। আজ মঙ্গলবার, সারাদিন সে

উপবাস ক'রে আছে, আরতির পরে দুধ ও ফল খাবে। সেই নিঃসঙ্কোচে পুকুরের ঘাটে বসে বসে আমাকে গান-শোনানো, আমার সঙ্গে শিবের মন্দিরে যাওয়া—খাতা পড়ে শোনানো—সকলের ওপরে তার হাসি, তরে মুখের সে অপূৰ্ণ হাসি! কত কথাই মনে এসে নিৰ্জনে যাপিত প্রতি প্রহরটি আনন্দবেদনায় অলস ক'রে দিত।

দূরের গিরি-সাহুর গারে ক্রীড়ারত শুভ্র মেঘরাজির মধ্যে এমন কি কোন দয়ালু মেঘ নেই যে এই কুটজ-কুম্ভাস্তীর্ণ নিভৃত অধিত্যকার ওপর দিয়ে যেতে যেতে পিয়ালতলার এই নিৰ্কাসিত যক্ষের বিরহবার্তাটি শুনে জেনে নিয়ে বাংলা দেশের প্রান্তরমথাবর্তী অলকাপুরীতে পৌঁছে দেয় তার কানে ?

কতবার মনে অনুশোচনা হয়েছে এই ভেবে যে কেন চলে আসতে গিয়েছিলুম এমন চূপি চূপি ? তখন কি বুঝেছিলুম মালতী আমার এত ভাবাবে। কি বুঝে আখড়া ছেড়ে এলাম পাগলের মত ! এমনধারা খামখেয়ালী স্বভাব আমার কেন যে চিরকাল, তাই ভাবি। আমার মাথার ঠিক নেই সবাই বলে, সত্যিই বলে। এখন বুঝেছি কি ভুলই করেছি মালতীকে ছেড়ে এসে ! ওকে বাদ দিয়ে জীবন কল্পনা করতে পারছি নে—এও যেমন ঠিক, আবার এও তেমন ঠিক যে আর সেখানে আমার ফেরা হবে না।

না—মালতী, আর ফিরে যাব না। কাছে পেয়ে তুমি যদি অনাদর কর সইতে পারব না। তোমার খামখেয়ালী স্বভাবকে আমার ভয় হয়। তার চেয়ে এই-ই ভাল। আমার জীবনে তুমি পুকুরের ঘাটের কত জ্যোৎস্নারাত্রি অক্ষয় ক'রে দিয়েছ, সেই সব জ্যোৎস্নারাত্রির স্মৃতি, তোমার বাবার বিষ্মমন্দিরে কত সন্ধ্যায় প্রদীপ দেওয়ার স্মৃতি—তোমার সে সব আদরের স্মৃতি মৃত্যুঞ্জয়ী হয়ে থাক।

॥ ১৪ ॥

এক বছর কেটে গেল, আবার শ্রাবণ মাস।

হঠাৎ দাদার শালার একখানা চিঠি পেলাম কলকাতা থেকে। দাদার বড় অনুখ, চিকিৎসার জন্তে তাকে আনা হয়েছে ক্যাম্বেল হাসপাতালে।

পত্র পেয়ে প্রাণ উড়ে গেল। সাধুজীর কাছে বিদায় নিয়ে কলকাতার এলাম। হাসপাতালে দাদার সঙ্গে দেখা করলাম। সামান্য ত্রণ থেকে দাদার মুখে হয়েছে ইরিসিপ্লাস, আজ সকালে অস্ত্রও করা হয়ে গিয়েছে। দাদা আমার দেখে শরীরে যেন নতুন বল পেল। সন্ধ্যা পর্যন্ত হাসপাতালে বসে রইলাম দাদার কাছে। দাদা বললে—এখানে বেশ খেতে দেয় জিতু। রোজ প্রতিবেলায় একখানা বড় পাউরুটি আর আধ সের করে দুধ দিয়ে যায়। দেখিস এখন, এখনি আনবে। খাবি কীট একখানা ?

পরদিন সকালে আবার গেলাম হাসপাতালে। আঙুর কিনে নিয়ে গিয়েছিলাম বৌবাজারের মোড় থেকে, দাদাকে ব'সে ব'সে খাওয়ালাম। ছপুনের আগে চলে আসছি, দোর পর্যন্ত এসেছি, দাদা পেছু ডাকলে—জিতু, শোন।

দাদা বিছানার ওপর উঠে বসেছে—তার চোখ দুটিতে যেন গভীর হতাশা ও বিবাদ, মাধানো। বললে—জিতু, তোর বৌদিদি একেবারে নিপাট ভালমাহুষ, সংসারের কিছু বোঝে না। ওকে দেখিস—

আমি বিশ্বয়ের সঙ্গে বললাম—ও কি কথা দাদা! তুমি সেরে ওঠ, তোমার বাড়ি নিয়ে যাব, তোমার সংসার তুমি দেখবে।

দাদা চুপ করে রইল।

বিকেলে দাদার ওয়ার্ডে ঢুকবার আগে মনে হ'ল দাদা তো বিছানাতে বসে নেই! গিয়ে দেখি দাদা আগাগোড়া কবল মুড়ি দিয়ে শুয়ে আছে। মাথার কাছে চারটে দেখি জর উঠেছে ১০৪ ডিগ্রীর ঘরে। পাশের বিছানার রোগী বললে—আপনি চলে যাবার পরে খুব জর এসেছে। কোন কথা বলতে পারেন নি, আপনি আসবার আগে ডেকেছিলাম, সাড়া পাই নি।

সেদিন সারাদিন তেমনি ভাবে কেটে গেল। পরদিনও তাই, দাদার জ্ঞান আর ফিরে এল না—জরও কমল না, পরদিন রাত্রে আমি রোগীর কাছে রইলাম।

ওঃ, কি বর্ষা সে রাত্রে! ঘনকক্ষ শ্রাবণের মেঘপুঞ্জ আকাশ ছেয়ে গিয়েছে, নির্নিরীক্ষা অন্ধকারে কোথাও একটা তারা চোখে পড়ে না। একথানা বই পড়ছিলাম দাদার বিছানার ধারে বসে। রাত বারোটায় একবার নার্শ এল। আমি তাকে বললাম—রোগীর অবস্থা খারাপ—একবার রেসিডেন্ট মেডিকেল অফিসারকে ডাকাও। ডাক্তার এল, চলেও গেল। রাত তখন দেড়টা। বাইরে কি ভীষণ মুষলধারে বৃষ্টি নেমেছে। আকাশ ভেঙে পড়বে বুঝি পৃথিবীর ওপরে—সৃষ্টি বুঝি ভাসিয়ে নিয়ে যাবে।

একজন ছাত্র এসে রোগী দেখে বললে—ইন্জেকশন্ দিতে হবে।

আমি বললাম—বেশ দিন—

তারপর আমি বাইরে এসে দাঁড়ালুম। ঘন মেঘে মেঘে আকাশ অন্ধকার। হাসপাতালের বারান্দাতে কুলিরা ঘুমচ্ছে। টিটেনাস্ ওয়ার্ড থেকে অনেকক্ষণ ধরে আর্ন্ত পশুর মত চীৎকার শোনা যাচ্ছে—একবার সেটা থামছে, আবার জোরে জোরে হচ্ছে। সামনের ওয়ার্ডে মেম নার্সটা ঘুরে বেড়াচ্ছে বারান্দাতে।

বৃষ্টিতে ভিজতে ভিজতে হেড্ লাইট জালিয়ে একথানা মোটর এসে ওয়ার্ডের সামনে দাঁড়াল। সুপারিন্টেন্ডেন্ট তদারক করতে এসেছেন। দাদাকে তিনি দেখলেন। নার্শকে কি বললেন। ছাত্রটিকে ডেকে কি জিজ্ঞেস করলেন। ছাত্রটি আর একটা ইন্জেকশন্ দিলে।

রাত আড়াইটে। বৃষ্টি আবার শুরু হয়েছে। হাসপাতালের বারান্দার ওদিকের আলোগুলো নিবিয়ে দিয়েছে—অনেকটা অন্ধকার।

দাদার সঙ্গে অনেক কথা বলবার ইচ্ছে হচ্ছিল। ছেলেবেলাকার কথা, দার্জিলিঙের কথা। সেই আমরা কার্ট রোড ধরে উম্প্রাণ্ডের মিশন-হাউস্ পর্যন্ত বেড়াতে যেতুম, মনে আছে দাদা? একদিন থাপা তোমাকে কাদার পুতুল গড়িয়ে দিয়েছিল! মুরগীর ঘরে লুকিয়ে তুমি আর আমি মিছরি চুরি করে শরবৎ খেতুম? তুমি দোকান করলে আটঘরাতে বাবা মারা যাওয়ার পরে পাঁচ সের হুন, আড়াই সের আটা, পাঁচ পোয়া চিনি নিয়ে—সবাই ধার নিয়ে দোকান উঠিয়ে দিলে। বৌদিদিকে কি বলব দাদা?

এবার এসে দাদার খাটের পাশে বসে রইলাম। একটানা বৃষ্টি-পতনের শব্দ ছাড়া আর কোন শব্দ নেই। মাঝে মাঝে কেবল টিটেনাস্ ওয়ার্ড থেকে বৃষ্টির শব্দ ছাপিয়েও সেই আর্ন্ত চীৎকারটা শোনা যাচ্ছে। একটা ছোট ছেলের টনসিল কাটা হয়েছিল—সে একবার ঘুম ভেঙে উঠে খাবার চাইলে। কুলিটা উঠে তাকে জল দিলে।

এই কুলিগুলো ওই বৃষ্টি মেথরটা, নার্সেরা—এরা ঘুমোর কখন? সারারাত জেগে জেগে

রোগীদের ফাইফরমাশ খাটছে। দাদার অবস্থা খারাপ বলে সবাই এসে একবার করে দেখে যাচ্ছে। নার্স যে কতবার এল! সবাই তটস্থ...দাদাকে বাঁচাবার জন্তে সবারই যেন প্রাণপণ চেষ্টা। বাঁচলে সবাই খুশী হয়। নার্স একবার আমার বললে—তুমি একটু ঘুমিয়ে নাও বাবু। সারারাত জেগে বসে থাকলে অস্থির করবে তোমার।

হাতপাতালাটিকে আমার মনে হ'ল যেন স্বর্গ। আর্ভের সেবা যেখানকার মানুষে মনপ্রাণ দিয়ে করে, সে স্বর্গই। ওই বুড়ো মেথরটা এখানকার দেবদূত। যেদিন কয়েক শতাব্দী আগে খ্রীষ্টচৈতন্য গৃহত্যাগ করেছিলেন, কিংবা শঙ্করাচার্য্য সংসারের অসারত্ব সম্বন্ধে চিন্তা করেছিলেন— তাঁদের স্বপ্নে এই স্বর্গের কল্পনা ছিল। চৈতন্যদেবের সংকীর্ণনের দলে নবদ্বীপের গঙ্গার তীরে এই বুড়ো মেথরটা যোগদান করতে পারত, তিনি ওকে কোল দিতেন, কাঁড়খণ্ডের পথে শ্রীক্ষেত্র রওনা হবার সময়ে ওকে পার্শ্বচর করে নিতেন। ...রাত সাড়ে তিনটে। রাত আজ কি পোয়াবে না? বৃষ্টি একটু থেমেছে। আকাশ কিন্তু মেঘে মেঘে কালো।

এই সময়ে দাদার নাভিঝাস উপস্থিত হ'ল। কলের ঘোলা জল দাদার মুখে দিলাম। কানের কাছে গঙ্গানারায়ণব্রহ্ম নাম উচ্চারণ করলাম। এই বিপদের সময় কি জানি কেন মালতীর কথা মনে পড়ল। মালতী যদি এখানে থাকত! আটঘরার অস্থিততার সেই বিষ্মৃতির কথা মনে পড়ল—হে দেব, দাদার যাওয়ার পথ আপনি সুগম করে দিন। আপনার আশীর্বাদে তার জীবনের সকল ক্রটি, সকল গ্লানি ধুয়ে মুছে পবিত্র হোক, যে সমুদ্র আপনার অনন্ত শয্যা, যে লোকালোক পর্বত আপনার মেথলা—সে-সব পার হয়েও বহুদূরের যে পথে দাদার আজ যাত্রা, আপনার রূপায় সে পথ তার বাধাশূন্য হোক, নির্ভয় হোক, মঙ্গলময় হোক।

পাশের বিছানার রোগী বললে—একবার মেডিকেল অফিসারকে ডাকান না!

আমি বললাম—আর মিথ্যে কেন?

তার পর আরও ষণ্টাখানেক কেটে গেল। আমার ঘুম এসেছে, ভয়ানক ঘুম। কিছুতেই আর চোখ খুলে রাখতে পারি নে। মধ্যে নার্স দুবার এল, আমি তা ঘুমের ঘোরেই জানি—আমার জাগালে না। পা টিপে টিপে এল, পা টিপেই চলে গেল।

হঠাৎ আমার ঘুম ভেঙে গেল। ভোর হবার দেরি নেই, হাসপাতালের আলো নিশ্চল হয়ে এসেছে—কিন্তু ঘন কালো মেঘে আকাশ ঢাকা, দিনের আলো যদিও একটু থাকে, বোঝা যাচ্ছে না। দাদার খাটের দিকে চেয়ে আমি বিস্ময়ে কেমন হয়ে গেলাম। এখনও ঘুমিয়ে স্বপ্ন দেখছি নাকি? দাদার খাটের চারি পাশে অনেক লোক দাঁড়িয়ে। অর্দ্ধচন্দ্রাকারে ওরা দাদার খাটটাকে ঘিরে দাঁড়িয়েছে। শিয়রের কাছে মা, ডানদিকে বাবা, বাবার পাশেই আটঘরার সেই হীরা রায়—স্বালাইনের টিনটা যেখানে বোলানো, সেখানে দাঁড়িয়ে আমাদের চা-বাগানের নেপালী চাকর থাপা, ছেলেবেলায় দাদাকে যে কোলেপিঠে করে মানুষ করেছিল। তার পরই আমার চোখ পড়ল খাটের বাঁ দিকে, সেখানে দাঁড়িয়ে আছে ছোট কাশীমার মেয়ে পানী। এদের মূর্ত্তি এত সুস্পষ্ট ও বাস্তব যে একবার আমার মনে হ'ল ওদের সকলেই দেখছে বোধ হয়। পাশের খাটের রোগীর দিকে চেয়ে দেখলুম, সে যদিও জেগে আছে এবং মাঝে মাঝে দাদার খাটের দিকে চাইছে—কিন্তু তার মুখ-চোখ দেখে বোঝা যাচ্ছিল মুমূর্ষু দাদাকে ছাড়া সে আর কিছু দেখছে না। অথচ কেন দেখতে পাচ্ছে না, এত স্পষ্ট, প্রত্যক্ষ, সজীব মানুষগুলোকে কেন যে ওরা দেখে না—এ ভেবে ছেলেবেলা থেকে আমার বিস্ময়ের অন্ত নেই।

আমি জানি এসব কথা লোককে বিশ্বাস করানো শক্ত। মানুষ চোখে যা দেখে না,

ব্যক্তিগত অভিজ্ঞতার যা পারে না—তা বিশ্বাস করতে সহজে রাজী হয় না। এই জন্মে হাসপাতালের এই রাত্রিটির কথা আমি একটি প্রাণীকেও বলি নি কোনদিন।

দু-তিন মিনিট কেটে গেল। ওরা এখনও রয়েছে। আমি চোখ মুছলাম, এদিক-ওদিক চাইলাম—চোখে জল দিলাম উঠে। এখনও ওরা রয়েছে। ওদের সবাই চোখ দাদার খাটের দিকে। আমি ধীরে ধীরে উঠে গিয়ে পানীর কাছে দাঁড়লাম। ওরা সবাই হাসিমুখে আমার দিকে চাইলে। কত কথা বলব ভাবলাম মাকে, বাবাকে, পানীকে—থাপা কবে মারা গিয়েছে জানি নে—সে এখনও তাহ'লে আমাদের ভোলে নি? তাকে কি বলব ভাবলাম—কিন্তু মুখ দিয়ে আমার কথা বেরুল না। এই সময়ে নাস'এল। আমি আশ্চর্য হয়ে ভাবছি নাস' কি এদের দেখতে পাবে না? এই তো সবাই এরা এখানে দাঁড়িয়ে। নাস' কিন্তু এমন ভাবে এল যেন আমি ছাড়া সেখানে আর কেউ নেই। দাদার মুখের দিকে চেয়ে বললে—এ তো হয়ে গিয়েচে—এ কুলি, কুলি—

কুলি খাটটাকে ঘেরাটোপ দিয়ে ঢেকে দিতে এল।

তখনও ওরা রয়েছে।।...

তার পর আমার একটা অবসন্ন ভাব হ'ল—আমার সেই সুপরিচিত অবসন্ন ভাবটা। যখনই এ-রকম আগে দেখতাম, তখনই এ-রকম হ'ত। মনে পড়ল কত দিন পরে আবার দেখলাম আজ—বহুকাল পরে এই জিনিসটা পেয়েছি—হারিয়ে গিয়েছিল, সন্ধান পাই নি অনেক দিন, ভেবেছিলুম আর বোধ হয় পাব না—আজ দাদার শেষশয্যার পাশে দাঁড়িয়ে তা কিরে পেয়েছি। আমার গা যেন ঘুরে উঠল—পাশের চেয়ারে ধপ্ করে বসে পড়লাম।

নাস' আমার দিকে চেয়ে বললে—পুণ্ডর বয়!

জীবনে নিষ্ঠুর ও হৃদয়হীন কাজ একেবারে করি নি তা নয়, কিন্তু বৌদিদিকে দাদার মৃত্যু-সংবাদটা দেওয়ার মত নিষ্ঠুর কাজ আর যে কখনও করি নি, একথা শপথ করে বলতে পারি। বেলা দুটোর সময় দাদার বাড়ি গিয়ে পৌঁছলাম। পথে দাদার শ্বশুরবাড়ির এক সরিকের সঙ্গে দেখা। আমার মুখে খবর শুনেই সে গিয়ে নিজের বাড়িতে অবিলম্বে খবরটি জানালে। বোধ হয় যেন বৌদিদির ওপর আড়ি করেই ওদের বাড়ির মেয়েরা—যারা দাদার অসুখের সময় কখনও চোখের দেখাও দেখতে আসে নি—চীৎকার করে কান্না জুড়ে দিলে। বৌদিদি তখন অত বেলায় দুটো রেঁধে ছেলেমেয়েকে খাইয়ে আঁচিয়ে দিচ্ছে। নিজে তখনও খায় নি। পাশের বাড়িতে কান্নার রোল শুনে বৌদিদি বিশ্বয়ের সুরে জিজ্ঞেস করছে—হ্যাঁ রে বিলু, ওরা কীদছে কেন রে? কি খবর এল ওদের? কারও কি অসুখ-বিসুখ?

এমন সময়ে আমি বাড়ি ঢুকলাম। আমায় দেখে বৌদিদির মুখ শুকিয়ে গেল। বললে—ঠাকুরপো! তোমার দাদা কোথায়?

আমি বললাম—দাদা নেই, কাল মারা গিয়েছে।

বৌদিদি কঁাদলে না। কাঁঠ হয়ে দাঁড়িয়ে রইল আমার মুখের দিকে চেয়ে।

পাশের বাড়িতে তখন ইনিরে-বিনিরে নানা ছন্দে ও সুরে শোক-প্রকাশের ঘটনা কি! পাড়ার অনেক মেয়ে এলেন সান্দ্বনা দিতে বৌদিদিকে। কিন্তু একটু পরে যখন বৌদিদি পুকুরের ঘাটে নাইতে গেল, সঙ্গে একজন যাওয়া দরকার নিয়মমত—তখন—এক একটা অজুহাতে যে যার বাড়িতে চলে গেল। আমি বিস্মিত হলাম এই ভেবে যে এরা তো বৌদিদির বাপের বাড়িরই লোক! তার একটু পরে বৌদিদি খানিকটা কঁাদলে। হঠাৎ কান্না থামিয়ে

বললে শেষকালে জ্ঞান ছিল ঠাকুরপো ? সেই তো মরেই গেল—হাসপাতালে না নিয়ে গেলেই হ'ত ! তবু আপনার জন কাছে থাকত !

আমি বললাম—বৌদিদি, তুমি ভেবো না, এখানে যে রকম গতিক দেখছি তাতে এখানে থাকলে দাদার চিকিৎসাই হ'ত না। এখানে কেউ তোমার তো দেখে না দেখছি। হাসপাতালের লোকে যথেষ্ট করেছে। বাড়িতে সে রকম হয় না। আমাদের অবস্থার লোকের পক্ষে হাসপাতালই ভাল।

বৌদিদির বাবা মা কেউ নেই—মা আগেই মারা গিয়েছিলেন—বাবা মারা গিয়েছেন আর বছর। এ কথা কলকাতাতেই বৌদিদির ভায়ের মুখে শুনেছিলাম। বৌদিদির সে ভাইটিকে দেখে আমার মনে হয়েছিল এ নিতান্ত অপদার্থ—তার ওপর নিতান্ত গরীব, বর্তমানে কপর্দকহীন বেকার—তার কিছু করবার ক্ষমতা নেই। বয়সও অল্প, সে কলকাতা ছেড়ে আসে নি, সেখানে চাকুরির চেষ্টা করছে।

ভেবে দেখলাম এদের সংসারের ভার এখন আমিই না নিলে এতগুলি প্রাণী না খেয়ে মরবে। দাদা এদের একেবারে পথে বসিয়ে রেখে গেছে। কাল কি করে চলবে সে সংস্থানও নেই এদের। তার উপর দাদার অসুখের সময় কিছু দেনাও হয়েছে।

এদের ছেড়ে কোথাও নড়তে পারলুম না শেষ পর্যন্ত। কালীগঞ্জেই থাকতে হ'ল। এখান থেকে দাদার সংসার অল্প স্থানে নিয়ে গেলাম না, কারণ আটঘরাতে এদের নিয়ে যাবার যো নেই, অল্প জায়গায় আমার নিজের রোজগারের সুবিধা না হওয়া পর্যন্ত বাড়ি-ভাড়া দিই কি ক'রে ?

এ সময়ে সাহায্য সত্যি সত্যিই পেলুম দাদার সেই মাসীমার কাছ থেকে—সেই যে বাতাসার কারখানার মালিক কুণ্ডু মশায়ের তৃতীয় পক্ষের স্ত্রী—সেবার যিনি আমাদের নিয়ন্ত্রণ ক'রে খাইয়েছিলেন। এই বিপদের সময় আমাদের কোন ব্রাহ্মণ প্রতিবেশীর কাছ থেকে সে-রকম সাহায্য আসে নি।

ক্রমে মাসের পর মাস যেতে লাগল।

সংসার কখনো করি নি, করবো না ভেবেছিলাম। কিন্তু যখন এ-ভাবে দাদার ভার আমার ওপর পড়ল, তখন দেখলাম এ এক শিক্ষা—মাতৃষের দৈনন্দিন অভাব-অনটনের মধ্যে দিয়ে, ছোটখাটো ত্যাগ স্বীকারের মধ্যে দিয়ে, পরের জন্তে খাটুনি ও ভাবনার মধ্যে দিয়ে, তুচ্ছ ও অকিঞ্চিৎকর পারিপার্শ্বিকের মধ্যে দিয়ে এই যে এতগুলি প্রাণীর সুখ-স্বাচ্ছন্দ্য ও জীবন-যাত্রার গুরুভার নিজের ওপর নিয়ে সংসার-পথে চলার দুঃখ—এই দুঃখের একটা সার্থকতা আছে। আমার জীবন এর আগে চলেছিল শুধু নিজেকে কেন্দ্র ক'রে, পরকে সুখী ক'রে নিজেকে পরিপূর্ণ করার শিক্ষা আমায় দিয়েছে মালতী। পথে বেরিয়ে অনেক শিক্ষার মধ্যে এটিই আমার জীবনে সবচেয়ে বড় শিক্ষা।

কত জায়গায় চাকুরি খুঁজলাম। আমি যে লেখাপড়া জানি বাজারে তার দাম কানাকড়িও না। হাতের কোন কাজও জানি নে, সবতাতেই আনাড়ি। কুণ্ডু মহাশয়ের স্ত্রীর সুপারিশ ধরে বাতাসার কারখানাতেই খাতা লেখার কাজ যোগাড় করলাম—এ কাজটা জানতাম, কলকাতায় চাকুরির সময় মেজবাবুদের জমিদারী সেরেত্তায় শিখেছিলাম তাই রক্ষে। কিন্তু তাতে ক'টাকা আসে ? বৌদিদির মত গৃহিণী, তাই ওই সামান্য টাকার মধ্যে সংসার চালানো সম্ভব হয়েছে।

কান্ধন মাস পড়ে গেল। গাংনাপুরের হাটে আমি কাজে বেরিয়েছি গরুর গাড়ি ক'রে। মাইল-বারো দূর হবে, বেগুন পটলের বাজরার ওপরে চটের খলে পেতে নিলে আমি আর তনু চৌধুরী ব'সে। তনু চৌধুরী বাড়ি নদীয়া মেহেরপুরে, এখানকার বাজারের সাহেবের পাটের গদির গোমস্তা গাংনাপুরে খরিদারের কাছে মাল দেখাতে যাচ্ছে।

গল্প করতে করতে তনু চৌধুরী ঘুমিয়ে পড়ল বাজরার উপরেই। আমি চূপ ক'রে ব'সে আছি। পথের ধারে গাছে গাছে কচি পাতা গজিয়েছে, ঘেঁটুফুলের ঝাড় পথের পাশে মাঠের মধ্যে সর্বত্র।

শেষরাত্রে বেরিয়েছিলুম, ভোর হবার দেরি নেই, কি সুন্দর বিরঝিরে ভোরের হাওয়া, পূব আকাশে জলজলে বৃশ্চিক রাশির নক্ষত্রগুলো বাঁশরনের মাথায় ঝুঁকে পড়েছে—যেন ওই দ্বাতিমান তারার মণ্ডলী পৃথিবীর সকল স্রুতঃখের বাস্তুবতার বন্ধনের সঙ্গে উঁকি আকাশের সীমাহীন উদার মুক্তির একটা যোগ-সেতু নির্মাণ করেছে—যেন আমাদের জীবনের ভারক্লিষ্ট যাত্রাপথের সংকীর্ণ পরিসরের প্রতি নক্ষত্র-জগৎ দয়াপরবশ হয়ে জ্যোতির দূত পাঠিয়েছে আমাদের আশার বাণী শোনাতে—যে কেউ উঁচু দিকে চেয়ে দেখবে চলতে চলতে, সে-ই দেখতে পাবে তার শাস্ত মৃত্যুহীন রূপ। যে চিনবে, যে বলবে আমার সঙ্গে তোমার আধ্যাত্মিক যোগ আছে—আমি জানি আমি বিশ্বের সকল সম্পদের, সকল সৌন্দর্যের, সকল কল্যাণের উত্তরাধিকারী—তার কাছেই ওর বাণী সার্থকতা লাভ করবে।

এই প্রস্ফুট বন-কুমুম-গন্ধ আমার মনে মাঝে মাঝে কেমন একটা বেদনা জাগায়, যেন কি পেয়েছিলুম, হারিয়ে ফেলেছি। এই উদীয়মান সূর্যের অরণ রাগ অতীত দিনের কত কথা মনে এনে দেয়। সব সময় আমি সে-সব কথা মনে স্থান দিতে রাজী হই নে, অতীতকে আঁকড়ে ধরে বসে থাকা আমার রীতি নয়। তাতে দুঃখ বাড়ে বই কমে না। হঠাৎ দেখি অন্তমনস্ক হয়ে কখন ভাবছি, দ্বারবাসিনীর আখড়া থেকে সেই ভোরে যে আমি চূপি চূপি পালিয়ে এসেছিলাম—কাউকে না জানিয়ে, মালতীকে তো একবার জানালে পারতাম—মালতীর ওপর এতটা নিষ্ঠুর আমি হয়েছিলুম কেমন ক'রে!

ওকথা চেপে যাই—মন থেকে ঝেড়ে ফেলবার চেষ্টা করি। আগে যতটা কষ্ট হ'ত এসব চিন্তায়—এখন আর ততটা হয় না, এটা বেশ বুঝতে পারি। মালতীকে ভুলে যেতে থাকি—কিছুদিন পরে আরও যাব। এক সময়ে যে এত কাছে এসে দাঁড়িয়েছিল সে আজ সপ্তসিন্ধু-পারের দেশের রাজকন্টার মত অবাস্তব হয়ে আসছে। হয়ত একদিন একেবারেই ভুলে যাব। জীবন চলে নিজেই পথে নিজের মর্জ্জিমত—কারও জন্তে সে অপেক্ষা করে না। মাঝে মাঝে মনে আনন্দ আসে—যখন ভাবি বহুদিন আগে রাঢ়ের বননীল-দিখলয়ে-ঘেরা মাঠের মধ্যে যে দেবতার স্বপ্ন দেখেছিলুম তিনি আমার ভুলে যান নি। তাঁরই সন্ধানে বেরিয়েছিলাম, তিনি পথও দেখিয়েছিলেন। এই অমুদার রুদ্ধগতি জীবনেও তিনি আমার মনে আনন্দের বাণী পাঠিয়েছেন।

এতেও ঠিক বলা হ'ল না। সে আনন্দ যখন আসে তখন আমি নিজেকে হারিয়ে ফেলি, তখন কি করি, কি বলি কিছু জ্ঞান থাকে না—সে এক অস্ত্র ব্যাপার। আজও ঠিক তাই হ'ল। আমি হঠাৎ পথের ধারে একটা ঝোপের ছায়ার নেমে পড়লুম গাড়ি থেকে। তনু চৌধুরী বললে—ও কি, উঠে এস। তনু চৌধুরী জানে না আমার কি হয় মনের মধ্যে এসব সময়ে, কারও সাহচর্য্য এসব সময়ে আমার অসম্ব হয়, কারও কথা কান দিতে পারি নে—আমার সকল ইন্দ্রিয় একটা অমুদারিত্বের কেন্দ্রে আবদ্ধ হয়ে পড়ে—একবার চাই শালিখের ছানা-

গুলো খাচ্চকণা খুঁটে খাচ্ছে যেদিকে, তাদের অসহায় পক্ষ-ভঙ্গিতে কি যেন লেখা আছে— একবার চাই তিসির ফুলের রঙের আকাশের পানে—বলমল প্রভাতের সূর্য্যকিরণের পানে, শশুভ্রামল পৃথিবীর পানে—কি রূপ! এই আনন্দের মধ্যে দিয়ে আমার বিজ্ঞান, এক গৌরব-সমৃদ্ধ পবিত্র নবজন্ম।

মনে মনে বলি, আপনি আমার এ-রকম করে দেবেন না, আমার সংসার করতে দিন ঠাকুর। দাদার ছেলেমেয়েরা, বৌদিদি আমার মুখের দিকে চেয়ে থাকে ওদের অল্পের জন্তে, ওদের আমি তো ফেলে দিতে পারব না! এখন আমার এ-রকম নাচাবেন না।

বৈকালের দিকে পায়ে হেঁটে গাংনাপুরের হাটে পৌঁছলাম। তহু চৌধুরী আগে থেকে ঠিক করেছে আমার মাথা ধারাপ। রাস্তার মধ্যে নেমে পড়লাম কেন ও-রকম?

কিরবার পথে সন্ধ্যার রাঙা মেঘের দিকে চেয়ে কেবলই মনে হ'ল ভগবানের পথ ঐ পিঙ্গল ও পাটল বর্ণের মেঘপর্কতের ওপারে কোনো অজানা নক্ষত্রপুত্রীর দিকে নয়, তাঁর পথ আমি যেখান দিয়ে হাঁটছি, ওই কালু-গাড়োয়ান যে পথ দিয়ে গাড়ি চালিয়ে নিয়ে যাচ্ছে—এ পথেও! আমার এই পথে আমার সঙ্গে পা ফেলে তিনি চলেছেন এই মুহূর্তে—আমি আছি তাই তিনি আছেন। যেখানে আমার অসাক্ষ্য সেখানে তাঁরও অসাক্ষ্য, আমার যেখানে জয়, সেখানে তাঁরও জয়। আমি যখন সুল্লরের স্বপ্ন দেখি, ছোট ছোট ছেলেমেয়েদের আদর করি, পরের জন্তু খাটি—তখন বুঝি ভগবানের বিরাট শক্তির সপক্ষে আমি দাঁড়িয়েছি—বিপক্ষে নয়। এই নীল আকাশ, অগ্নিকেতন উজ্জাপুঞ্জ, বিদ্রাং আমার সাহায্য করবে। বিশ্ব যেন সব সময় প্রাণপণে চেষ্টা করছে শিব ও সুল্লরের মধ্যে নিজের সার্থকতাকে খুঁজতে, কিন্তু পদে পদে সে বাধা পাচ্ছে কি ভীষণ! বিশ্বের দেবতা তবুও হাল ছাড়েন নি—তিনি অনন্ত দৈর্ঘ্যে পথ চেয়ে আছেন। নীরব সেবাত্রত সূর্য্য ও চন্দ্র আশায় আশায় আছে, সমগ্র অদৃশ্যলোক চেয়ে আছে—আমিও ওদের পক্ষে থাকব। বিশ্বের দেবতার মনে দুঃখ দিতে পারব না। জীবনে মাগুষ্য তত্ত্ব ঠিক শেখে না অনেক জিনিসই, যতক্ষণ সে দুঃখের সম্মুখীন না হয়। আগে শ্রোতের শেওলার মত ভেসে ভেসে কত বেড়িয়েছি জীবন-নদীর ঘাটে ঘাটে—তটপ্রান্তবর্তী যে মহীকহটি শত স্মৃতিতে তিলে তিলে বর্জিত হয়ে স্নানার্থিনীদের ছায়াশীতল আশ্রয় দান করেছে—সে হয়ত বৈচিত্র্য চায় নি তার জীবনে—কিন্তু একটি পরিপূর্ণ শতাব্দীর সূর্য্য তার মাথায় কিরণ বর্ষণ করেছে, তার শাখা-প্রশাখায় ঋতুতে ঋতুতে বনবিহঙ্গদের কোতুক বিলাস কলকাকলী নিজের আশ্রয় খুঁজে পেয়েছে—তার মুহু ও ধীর, পরার্থমুখী গভীর জীবন-ধারা নীল আকাশের অদৃশ্য আলীর্ষাদতলে এই একটি শতাব্দী ধরে বয়ে এসেছে—বৈচিত্র্য যেখানে হয়ত আসে নি—গভীরতায় সেখানে করেছে বৈচিত্র্যের ক্ষতিপূরণ। প্রতিদিনের সূর্য্য শুকতারার আলোকোজ্জ্বল রাজপথে রাঙা ধূলি উড়িয়ে রঞ্জনারী অঙ্ককারে অদৃশ্য হন—প্রতিদিনই সেই সন্ধ্যায় আমার মনে কেমন এক প্রকার আনন্দ আসে—দেখি যে পুকুরের ধারে বর্ষার ব্যাঙের ছাতা সূর্য্যের অনন্ত কিরণে বড় হয়ে পুষ্ট হয়ে উঠেছে—দেখি উইয়ের টিবিতে নতুন পাখা ওঠা উইয়ের দল অজানা বায়ুলোক ভেদ করে হয়েছে মরণের যাত্রী, শরভের কাশবন জীবন-সৃষ্টির বীজ দূরে দূরে, দিকে দিগন্তে ছড়িয়ে দিয়ে রিক্ততার মধ্যেই পরম কাম্য সার্থকতাকে লাভ করেছে—দারিদ্র্য বা কষ্ট তুচ্ছ, পৃথিবীর সমস্ত বিলাস-লালসাও তুচ্ছ, আমি কিছুই গ্রাহ্য করি নে যদি এই জাগ্রত চেতনাকে কখনও না হারাই—যদি হে বিশ্বদেবতা, বাল্যে তুহারাবৃত কাঞ্চনজঙ্ঘাকে যেমন সকালবেলাকার সূর্য্যের আলোয় সোনার রঙে রঞ্জিত হ'তে দেখতুম—তেমনি যদি আপনি আপনার ভালবাসার রঙে আমার প্রাণ রাঙিয়ে তোলেন—আমিও আপনাকে ভালবাসি যদি—তবে সকল সংকীর্ণতাকে, দুঃখকে

জয় ক'রে আমি আমার বিরাট চেতনার রথচক্র চালিয়ে দিই শতাব্দীর পথে, জয়কে অতিক্রম ক'রে মৃত্যুর পানে, মৃত্যুকে অতিক্রম ক'রে আবার আনন্দ-ভরা নবজন্মের কোন অজানা রহস্যের আশায়।

॥ ১৫ ॥

দাদার মৃত্যুর মাস তিনেক পরে বাতাসার কারখানার কুণ্ডুমশায় হঠাৎ মারা গেলেন। এতে আমাকে বিপদে পড়তে হ'ল। কুণ্ডুমশায়ের প্রথম পক্ষের ছেলেরা এসে কারখানা ও বাড়ির দখল করলে। কুণ্ডুমশায়ের তৃতীয় পক্ষের স্ত্রীকে নিতান্ত ভালমাহুষ পেয়ে মিষ্টি কথায় ভুলিয়ে তার হাতের হাজার দুই নগদ টাকা বার ক'রে নিলে। টাকাগুলো হাতে না আসা পর্যন্ত ছেলেরা বৌয়ের সংশাস্ত্রীকে খুব সেবায়ত্ন করেছিল, টাকা হস্তগত হওয়ার পরে ক্রমে ক্রমে তাদের মূর্তি গেল বদলে। যা দুর্দশা তার শুরু করলে ওরা! বাড়ির চাকরাণীর মত খাটাতে লাগল, গালমন্দ দেয়, তুচ্ছতাচ্ছল্য করে। আমি একদিন গোপনে বললাম—মাসীমা, পঙ্কুকে ডাকঘরের পাস-বই দিও না বা কোন সই চাইলেও দিও না। তুমি অত বোকা কেন তাই ভাবি! আগের টাকাগুলো ওদের হাতে দিয়ে বসলেই বা কি বুঝে?

ডাকঘরের পাস-বইয়ের জন্তে পঙ্কু অনেক পীড়াপীড়ি করেছিল। শেষ পর্যন্ত হয়ত মাসীমা দিয়েই দিত—আমি সেখানা নিজের কাছে এনে রাখলাম গোপনে। কত টাকা ডাকঘরে আছে না জানতে পেরে পঙ্কু আরও ক্ষেপে উঠল। বেচারীর দুর্দশার একশেষ ক'রে ভুললে। কুণ্ডুমশায়ের স্ত্রীর বড় সাধ ছিল সংছেলেরা তাকে মা ব'লে ডাকে, সে সাধ তারা ভাল করেই মেটালে। একদিন আমার চোখের সামনে সংমাকে ঝগড়া ক'রে খিড়কীদের দিয়ে বাড়ির বার ক'রে দিলে। আমি মাসীমাকে নিজের বাড়িতে নিয়ে এলাম, চিঠি লিখে তার এক দূর-সম্পর্কের ভাইকে আনালাম—সে এসে মাসীমাকে নিয়ে গেল। আমার অসাক্ষাতে মাসীমা আবার বৌদিদির হাতে একখানা একশো টাকার নোট গুঁজে দিয়ে ব'লে গেল যাবার সময়—জিতু মাসীমা বলেছিল, আমি তিলির মেয়ে, কিন্তু বেঁচে থাক সে, ছেলের কাজ করেছে। আমার জন্তেই তার কারখানার চাকরিটা গেল, যত দিন অল্প কিছু না হয়, এতে চালিয়ে নিও, বৌমা। আমি দিচ্ছি এতে কিছু মনে ক'রো না, আমার তিন কুলে কেউ নেই, নিতুর বৌয়ের হাতে দিয়ে সুখ যদি পাই, তা থেকে আমার নিরাশ ক'রো না।

পঙ্কু কারখানা থেকে আমার ছাড়িয়ে দিলেও আমি আর একটা দোকানে চাকরি পেলাম সেই মাসেই। সংমায়ের সঙ্গে ওরকম ব্যবহার করার দরুন কালীগঞ্জে কেউই ওদের ওপর সন্তুষ্ট ছিল না, মাসীমার অমায়িক ব্যবহারে সবাই তাকে ভালবাসত। তবে পঙ্কুদের টাকার জোর ছিল, সব মানিয়ে গেল।

ইতিমধ্যে একদিন সীতার খবরবাড়ি গেলাম সীতাকে দেখতে। দাদা মারা যাওয়ার পরে ওর সঙ্গে আমার দেখা হয় নি, কারণ এক বেলার জন্তেও ওরা সীতাকে পাঠাতে রাজী হয় নি। সীতা দাদার নাম ক'রে অনেক চোখের জল ফেললে। দাদার সঙ্গে ওর শেষ দেখা মারের মৃত্যুর সময়ে। তার পর আমার নিজের কথা অনেক জিজ্ঞেস করলে। সন্ধ্যাবেলায় ও রান্নাঘরে বসে রাঁধছিল, আমি কাছে বসে গল্প করছিলাম। ওর খবরবাড়ির অবস্থা ভাল না, বসতবাটিটা বেশ বড়ই বটে, কিন্তু বাস করবার উপযুক্ত কুঠুরী মাত্র চারটি, তাদেরও নিতান্ত জীর্ণ অবস্থা,

চুনবালি-খসা দেওয়াল, কার্নিসের ফাটলে বট অশ্বখের গাছ। রান্নাঘরের এক দিকের ভাঙা দেওয়াল বাঁশের চাঁচ দিয়ে বন্ধ, কার্তিক মাসের হিম তাতে আটকাচ্ছে না। সীতার বড়-জা ওদিকে আর একটা উন্নুনে মাটির খুলিতে টাটকা খেজুররস জ্বাল দিচ্ছিলেন, তিনি বললেন—বা হবার হয়ে গেল ভাই, এইবার তুমি একটা বিয়ে কর দিকি ? এই গায়েই বাঁড়ুয্যোবাড়িতে ভাল মেয়ে আছে, যদি মত দাও কালই মেয়ে দেখিয়ে দিই।

সীতা চুপ ক'রে রইল। আমি বললাম—একটা সংসার ঘাড়ে পড়েছে, তাই অতি কষ্টে চালাই, আবার একটা সংসার চালাব কোথা থেকে দিদি ?

সীতা বললে—বিয়ে আর কাউকে করতে বলি নে মেজদা, এ অবস্থায় বঁড়দারও বিয়ে করা উচিত হয় নি। তোমারও হবে না। তার চেয়ে তুমি সন্নিসি হয়ে বেড়াচ্ছিলে, ঢের ভাল করেছিলে। আচ্ছা মেজদা, তুমি নাকি খুব ধার্মিক হয়ে উঠেছ সবাই বলে ?

আমি হেসে বললাম—অপরের কথা বিশ্বাস করিস্না নাকি তুই ? পাগল ! ধার্মিক হলোই হ'ল অমনি—না ? আমি কি ছিলাম, না-ছিলাম তুই তো সব জানিস সীতা। আমার ধাতে ধার্মিক হওয়া সম্ভব না, তবে আমার জীবনের আর একটা কথা তুই জানিস নে, তোকে বলি শোন।

ওদের মালতীর কথা বললুম, দু-জনেই একমনে শুনলে। ওর বড়-জা বললে—এই তো ভাই মনের মত মানুষ তো পেয়েছিলে—ওরকম ছেড়ে এলে কেন ?

আমি বললাম—এক তরফা। তাতে দুঃখই বাড়ে, আনন্দ পাওয়া যায় না। সীতা তো সব শুনলি, তোর কি মনে হয়।

সীতা মুখ টিপে হেসে বললে—এক তরফা ব'লে মনে হয় না। তোমার সঙ্গে অত মিশত না তা হ'লে—বা তোমার সঙ্গে কোথাও যেত না।

একটু চুপ ক'রে থেকে বললে—তুমি আর একবার সেখানে যাও, মেজদা। আমি ঠিক বলছি তুমি চলে আসবার পরেই সে বুঝতে পেরেছে তার আখড়া নিয়ে থাকা ফাঁকা কাজ। ছেলোমানুষ, নিজের মন বুঝতে দেরি হয়। এইবার একবার যাও, গিয়ে তাকে নিয়ে এস তো ?

সীতা নিজের কথা বিশেষ কিছু বলে না, কিন্তু ওর ওই শাস্ত মোঁনতার মধ্যে ওর জীবনের ট্রাজেডি লেখা রয়েছে। ওর স্বামী সত্যিই অপদার্থ, সংসারে যথেষ্ট দারিদ্র্য, কখনও বাড়ি থেকে বেরিয়ে দু-পয়সা আনবার চেষ্টা করবে না। এক ধরনের নিষ্কর্মা লোকেরা মনের আলস্য ও দুর্বলতা প্রসূত ভয় থেকে পূজা-আচার প্রতি অল্পরক্ত হয়ে পড়ে, সীতার স্বামীও তাই। সকালে উঠে ফুল তুলে পূজা করবে, স্নানের সময় ভুল সংস্কৃতে স্তবপাঠ করবে, সব বিষয়ে বিধান দেবে, উপদেশ দেবে। একটু আদা-চা খেতে চাইলাম—সীতাকে বারণ ক'রে ব'লে দিলে—রবিবারে আদা খেতে নেই। দুপুরে খেয়ে উঠেই বিছানায় গিয়ে শোবে, বিকেল চারটে পর্যন্ত ঘুমবে—এত ঘুমতেও পারে। এদিকে আবার ন'টা বাজতে না বাজতে রাজে বিছানা নেবে। সীতা বই পড়ে ব'লে তাকে যথেষ্ট অপমান সহ্য করতে হয়। বই পড়লে মেয়েরা কুলটা হয়, শাস্ত্রে নাকি লেখা আছে।

দেখলাম লোকটা অত্যন্ত দুঃখও বটে। কথায় কথায় আমার মুখে একবার বীণুখুঁটির নাম শুনে নিতান্ত অসহিষ্ণু ও অভদ্র ভাবে বলে উঠল—ওসব স্লেচ্ছ ঠাকুর দেবতার নাম ক'রো না এখানে, এটা হিন্দুর বাড়ি, ওসব নাম এখানে চলবে না।

সীতার মুখের দিকে চেয়ে চুপ ক'রে রইলাম, নইলে এ কথার পর আমি এ বাড়িতে আর জলম্পর্শ করতাম না। সীতা ওবেলা পারেন্স পিঠে খাওয়াবার আয়োজন করছে আমি জানি,

তার আদরকে প্রত্যাখ্যান করতে কিছুতেই মন সরল না। আমি রাগ ক'রে চলে গেলে ওর বুক বড় বিঁধবে। ওকে একেবারেই আমরা জলে ভাসিয়ে দিয়েছি সবাই মিলে। সীতা একটাও অস্থযোগের কথা উচ্চারণ করলে না। কারুর বিরুদ্ধেই না। বৌদ্ধিদিকে ব'সে ব'সে একখানা লম্বা চিঠি লিখলে, আসবার সময় আমার হাতে দিয়ে বললে—আমার পাঠাবে না কালীগঞ্জে, তুমি মিছে ব'লে কেন মুখ নষ্ট করবে মেজদা! দরকার নেই। তার পর জল-ডরা হাসি-হাসি চোখে বললে—আবার কবে আসবে? ভুলে থেকো না মেজদা, শীগগির আবার এসো।

পথে আসতে আসতে দুপুরের রোদে একটা গাছের ছায়ায় বসে ওর কথাই ভাবতে লাগলুম। উম্প্রাণ্ডের মিশন-বাড়ির কথা মনে পড়ল, মেয়েরা সীতাকে কত কি ছুঁচের কাজ, উল-বোনার কাজ শিখিয়েছিল যত্ন ক'রে! কাট রোডের ধারে নদীখাতের মধ্যে বসে আমি আর সীতা কত ভবিষ্যতের উজ্জ্বল ছবি এঁকেছি ছেলেমানুষী মনে—কোথায় কি হয়ে গেল সব! মেয়েরাই ধরা পড়ে বেশী, জগতের দুঃখের বোঝা ওদেরই বহিতে হয় বেশী ক'রে। সীতার দশা যখনই ভাবি, তখনই তাই আমার মনে হয়।

মনটাতে আমার খুব কষ্ট হয়েছে সীতার স্বামীর একটা কথায়। 'সে আমায় লক্ষ্য ক'রে একটা শ্লোক বললে কাল রাত্রে। তার ভাবার্থ এই—গাছে অনেক লাউ ফলে, কোন লাউয়ের খোলে কুম্ভনাম গাইবার একতারা হয়, কোন লাউ আবার বাবুর্চি রাঁধে গোমাংসের সন্ধে।

তার বলবার উদ্দেশ্য, আমি হচ্ছি শেখোক্ত শ্রেণীর লাউ। কেন না, আমি ব্রাহ্মণ হয়ে ব্রাহ্মণের আচার মানি নে, দেবদেবীর পূজো-আচ্ছা করি নে ওর মত। ওই সব কারণে ও আমাকে অত্যন্ত রূপার চক্ষু দেখে বুঝলাম এবং বোধ হয় নিজেকে মনে মনে হরিনামের একতারা বলেই ভাবে।

ভাবুক, তাতে আমার আপত্তি নেই। কিন্তু তার মতের সন্ধে মিল না হ'লেই সে যদি আমায় ঘৃণা করে তবে আমি নিতান্ত নাচার। কোন্ অপরাধে আমি বাবুর্চির হাতে-রাঁধা লাউ? ছেলেবেলায় হিমালয়ের ওক পাইন বনে তপশাস্ত্র কাক্ষনজজ্বার মূর্তিতে ভগবানের অস্তরূপ দেখেছিলাম, তাই? রাঢ়দেশের নির্ঝর্ন মাঠের মধ্যে সন্ধ্যায় সেবার সেই এক অপরূপ দেবতার ছবি মনে এঁকে গিয়েছে, তাই? সেই অজানা নামহীন দেবতাকে উদ্দেশ্য ক'রে বলি—যে যা বলে বলুক, আমি আচার মানি নে, অস্থষ্ঠান মানি নে, সম্প্রদায় মানি নে, কোন সাম্প্রদায়িক ধর্মমত মানি নে, গোঁড়ামি মানি নে,—আমি আপনাকে মানি। আপনাকে ভালবাসি। আপনার এই বননীল দিগন্তের রূপকে ভালবাসি, বিশ্বের এই পৃথিক রূপকে ভালবাসি। আমার এই চোখ, এই মন জন্মজন্মান্তরেও এই রকম রেখে দেবেন। কখনও যেন ছোট ক'রে আপনাকে দেখতে শিখি নে। আর আমার উপাসনার মন্দির এই মুক্ত আকাশের তলার যেন চিরযুগ অটুট থাকে। এই ধর্মই আমার ভাল।

বাড়ি ফিরে দেখি বৌদ্ধি অত্যন্ত অস্থখে পড়েছে।

মহাবিপদে পড়ে গেলাম। কারও সাহায্য পাই নে, ছেলেমেয়েরা ছোট ছোট—দাদার বড় মেয়েট আট বছরের হ'ল, সে সমস্ত কাজ করে, আমি রাঁধি আবার বৌদ্ধির সেবা-শুক্রবা করি। রোগিণীর ঠিকমত সেবা পূর্ববের দ্বারা সম্ভব নয়, তবুও আমি আর খুকীতে মিলে বতটা পারি করি।

বৌদ্ধির অস্থখ দিন-দিন বেড়ে উঠতে লাগল। সংসারে বিশ্বৃঙ্খলার একশেষ—বৌদ্ধি

অচৈতন্য হয়ে বিছানার গুরে, ছেলেমেয়েরা যা খুশী তাই করচে, ঘরের জিনিসপত্র ভাঙছে, ফেলছে, ছড়াচ্ছে—এখানে নোংরা, ওখানে অপরিষ্কার—কোন জিনিস কোথায় থাকে কেউ বলতে পারে না, হঠাৎ অসময়ে আবিষ্কার করি, ঘড়ায় খাবার জল নেই, কি লঠন জ্বালাবার তেল নেই। বাজার নিকটে নয়, অস্তুতঃ দেড় মাইল দূরে এবং বাজারে যেতে হবে আমাকেই। স্নাতরাং বেশ বোকা যাবে অসময়ে এসব আবিষ্কারের অর্থ কি।

প্রায় এক মাস এই ভাবে কাটল। এই এক মাসের কথা ভাবলে আমার ভয় হয়। আমি জানতুম না কখনও যে জগতে এত দুঃখ আছে বা সংসারের দারিদ্র্য এত বেশী। রাত দিন কখন কাটে ভুলে গেলাম, দিন, বার, তারিখের হিসেব হারিয়ে ফেলেছিলুম—কলের পুতুলের মত ডাক্তারের কাছে যাই, রোগীর সেবা করি, চাকরি করি, ছেলেমেয়েদের দেখা-শুনো করি। এই দুঃসময়ে দাদার আট বছরের মেয়েটা আমাকে অদ্ভুত সাহায্য করলে। সে নিজের রাঁখে, মায়ের পথ্য তৈয়ারী করে, মাঝের কাছে বসে থাকে—আমি যখন কাজে বেরিয়ে যাই ওকে ব'লে যাই ঠিক সময় ওষুধ খাওয়াতে, কি পথ্য দিতে।

মেজাজ আমার কেমন খারাপ হয়ে গিয়েছিল বোধ হয়, একদিন কোথা থেকে এসে দেখি রোগিণীর সামনের ওষুধের গ্লাসে ওষুধ রয়েছে। খুকীকে ব'লে গিয়েছি খাওয়াতে কিন্তু সে ওষুধ গ্লাসে ঢেলে মায়ের পাশে রেখে দিয়ে কোথায় চলে গিয়েছে। দেখে হঠাৎ রাগে আমার আপাদমস্তক জলে উঠল আর ঠিক সেই সময় খুকী আঁচলে কি বেঁধে নিয়ে ঘরের মধ্যে ঢুকল। আমি রুক সুরে বললাম—খুকী, এদিকে এস—

আমার গলার সুর শুনে খুকীর মুখ শুকিয়ে গেল ভয়ে। সে ভয়ে ভয়ে দু-এক পা এগিয়ে আসতে লাগল, বরাবর আমার চোখের দিকে চোখ রেখে। আমি বললাম—তোর মাকে ওষুধ খাওয়ানি কেন? কোথায় বেরিয়েছিলি বাড়ি থেকে?

সে কোন জবাব দিতে পারল না—ভয়ে নীলবর্ণ হয়ে আমার মুখের দিকে চেয়ে দাঁড়িয়ে রইল। হঠাৎ কি যে রাগ হ'ল চণ্ডালের মত! তাকে পাখার বাঁট দিয়ে আখালি-পাখালি মারতে লাগলাম—প্রথম ভয়ে মার খেয়েও সে কিছু বললে না, তার পরে আমার মারের বহর দেখে সে ভয়ে কঁঁদে উঠে বললে—ও কাকাবাবু, আপনার পায়ে পড়ি, আমার আর মারবেন না, আর কখনও এমন করবো না—

তার হাতের মুঠো আলগা হয়ে আঁচলের প্রান্ত থেকে দুটো মুড়ি পড়ে গেল মেঝেতে। সে মুড়ি কিনতে গিয়েছিল এক পয়সার, খিদে পেয়েছিল ব'লে। ভয়ে তাও যেন তার মনে হচ্ছে কি অপরাধই সে ক'রে ফেলেছে!

আমার জ্ঞান হঠাৎ ফিরে এল। মুড়ি ক'টা মেঝেতে পড়ে যাওয়ার ঐ দৃশ্যে বোধ হয়। নিজেকে সামলে নিয়ে ঘর থেকে বার হয়ে গেলাম। সমস্ত দিন ভাবলাম—ছি, এ কি ক'রে বললাম! আট বছরের কচি মেয়েটা সারাদিন ধরে খাটছে, এক পয়সার মুড়ি কিনতে গিয়েছে আর তাকে এমন ক'রে নির্মমভাবে প্রহার করলাম কোন প্রাণে?

জীবনে কত লোকের কত বিচার করেছি তাদের দোষগুণের জন্তে—দেখলাম কাউকে বিচার করা চলে না—কোন অবস্থার মধ্যে প'ড়ে কে কি করে সে কথা কি কেউ বুঝে দেখে?

বৌদ্ধির অসুখ ক্রমে অত্যন্ত বেড়ে উঠল। দিন-দিন বিছানার সঙ্গে মিশে যেতে লাগল দেখে ভয়ে আমার প্রাণ উড়ে যাচ্ছে। এদিকে এক মহা দুশ্চিন্তা এসে জুটল, যদি বৌদ্ধি না-ই বাঁচে—এই ছোট ছোট ছেলেমেয়ে নিয়ে আমি কি করব? বিশেষ ক'রে কোলের মেয়েটাকে নিয়ে কি করি? ছোট্ট খুকী মোটে এই দশ মাসের—কি সুন্দর গড়ন,

মুখ, কি চমৎকার মিষ্টি হাসি! এই দেড় মাস তার অযত্নের একশেষ হচ্ছে—উঠোনের নারকোলতলায় চটের খলে পেতে তাকে রোদ্দুরে শুইয়ে রাখা হয়—বড় খুকী সব সময় তাকে দেখতে পারে না—কাদলে দেখবার লোক নেই, মাতৃস্নেহ বন্ধ এই দেড় মাস—হর্লিক্‌স্ খাইয়ে অতি কষ্টে চলছে। রাত্রে আমার পাশে তাকে শুইয়ে রাখি, মাঝরাত্রে উঠে এমন কান্না শুরু করে মাঝে মাঝে—ঘুমের ঘোরে উঠে তাকে চাপড়ে চাপড়ে ঘুম পাড়াই—বড় খুকীকে আর ওঠাই নে। রাত্রে তো প্রায়ই ঘুম হয় না, রোগীকে দেখা-শুনো করতেই রাত কাটে—মাঝে মাঝে একটু ঘুমিয়ে পড়ি। পাড়ায় এত বৌ-ঝি আছে—দেখে বিস্মিত হয়ে গেলাম কেউ কোনদিন বলে না খুকীকে নিয়ে গিয়ে একবার মাইয়ের দুধ দিই। আমি একা কত দিকে যাব—তা ছাড়া আমার হাতের পয়সাও ফুরিয়েছে। এই দেড় মাসের মধ্যে সংসারের রূপ একেবারে বদলে গিয়েছে আমার চোখে—আমি ক্রমেই আবিষ্কার করলাম মাল্লু মাল্লুকে বিনাস্বার্থে কখনও সাহায্য করে না—আমি দরিদ্র, আমার কাছে কারুর কোন স্বার্থের প্রত্যাশা নেই, কাজেই আমার বিপদে কেউ উঁকি মেয়েও দেখতে এল না। না আশ্রুক, কিন্তু কোলের খুকীটাকে নিয়ে যে বড় মুশকিলে পড়ে গেলাম! ও দিন-দিন আমার চোখের সামনে রোগা হয়ে যাচ্ছে, ওর অমন কাঁচা সোনার রঙের ননী পুতুলের মত ক্ষুদ্রে দেহটিকে যেন কালি মেড়ে দিচ্ছে দিন-দিন—কি করবো ভেবে পাই নে, আমি একেবারেই নিরুপায়! স্তম্ভভুঙ্ক আমি ওকে দিতে তো পারি নে।

কিন্তু এর মধ্যে আবার মুশকিল এই হ'ল যে স্তম্ভভুঙ্ক তো দুবের কথা, গরুর দুধও গ্রামে পাওয়া দুস্কর হয়ে উঠল। গোয়ালারা ছানা তৈরি ক'রে কলকাতায় চালান দেয়, দুধ কেউ বিক্রী করে না। একজন গোয়ালার বাড়িতে দুধের বন্দোবস্ত করলাম—সে বেলা বারোটা-একটার এদিকে দুধ দিত না। খুকী ক্ষিদেতে ছটফট করত, কিন্তু চুপ ক'রে থাকত—একটুও কাঁদত না। আমার বুড়ো-আঙুলটা ধরে তার মুখের কাছে সে সময় ধরলেই সে কচি অসহায় হাত দুটি দিয়ে আমার আঙুলটা ধরে তার মুখের মধ্যে পুরে দিয়ে ব্যগ্র, ক্ষুধার্ত ভাবে চুষত—তা থেকেই বুঝতাম মাতৃস্নেহ-বঞ্চিত এই হতভাগ্য শিশুর স্তম্ভক্ষুধার পরিমাণ।

ওকে কেউ দেখতে পারে না—দু-একটি পাড়ার মেয়ে যারা বেড়াতে আসত, তারা ওকে দেখে নানা রকম মন্তব্য করত। ওর অপরাধ এই যে ও জন্মতেই ওর বাবা মারা গেল, ওর মা শক্ত অসুখে পড়ল। খুকীর একটা অভ্যাস যখন-তখন হাসা—কেউ দেখুক আর না-ই দেখুক, সে আপন মনে ঘরের আড়ার দিকে চেয়ে ফিক ক'রে একগাল হাসবে। তার সে ক্ষুধাশীর্ণ মুখের পবিত্র, স্নন্দর হাসি কতবার দেখেছি—কিন্তু সবাই বলত, আহা কি হাসে, আর হাসতে হবে না, কে তোমার হাসি দেখছে? উঠোনের নারকোলতলায় চট পেতে রোজ্ঞে তাকে শুইয়ে রাখা হয়েছে, কত দিন দেখেছি নীল আকাশের দিকে চোখ দুটি তুলে সে আপন মনে অবোধ হাসি হাসছে। সে অকারণ, অপার্থিব হাসি কি অপূর্ব অর্ধহীন খুশিতে ভরা! ছোট্ট দেহটি দিন-দিন হাড়সার হয়ে যাচ্ছে, অমন সোনার রং কালো হয়ে গেল, ভবুও ওর মুখে সেই হাসি দেখছি মাঝে মাঝে—কেন হাসে, কি দেখে হাসে কে বলবে?

এক এক দিন রাত্রে ঘুম ভেঙে দেখি ও খুব টেঁচিরে কাঁদছে। মাথা চাপড়াতে চাপড়াতে আবার ঘুমিয়ে পড়ত। বড় খুকীকে বলতাম—একটু দুধ দে তো গরম ক'রে, হয়ত খিদেয় কাঁদছে। সব দিন আবার রাত্রে দুধ থাকত না। সেদিন আঙুল চুষিয়ে অনেক কষ্টে ঘুম পাড়াতে হ'ত। একদিন সকালে ওর কান্না দেখে আর থাকতে পারলাম না—রোগীর সেবা কেলে দু-ক্রোশ তকাতের একটা গ্রাম থেকে নগদ পয়সা দিয়ে আখনের দুধ বোগাড় ক'রে নিয়ে

এসে ওকে খাওয়ালুম। গোয়ালাকে কত খোশামোদ করেও বেলা বারোটোর আগে কিছুতেই দুধ দেওয়ানো গেল না।

মাহুষ যদি বিবেচনাহীন হয়, নির্কোষ হয়, তবে বাইরে থেকে তাকে পশুর চেয়েও নিষ্ঠুর মনে করা দোষের নয়। যখন খুকীর দুধের জন্তে আমি সারা গ্রামখানার প্রত্যেক গোয়ালাবাড়ি খুঁজে বেড়িয়েছি, যদি সকালের দিকে কেউ একটু দুধ দিতে পারে—যে বলেছে হয়ত ওখানে গেলে পাওয়া যাবে সেখানেই ছুটে গিয়েছি, আগাম টাকা দিতে চেয়েছি কিন্তু প্রতিবারই বিকল হয়ে ফিরে এসেছি—সে সময় ঠিক আমার বাড়ির পাশেই সুরপতি মুখুয়ার বাড়িতে দেড় সের ক'রে দুধ হ'ত। সুরপতি সন্নীক বিদেশে থাকেন, বাড়িতে থাকেন তাঁর বিধবা ভাজ নিজের একমাত্র বিধবা মেয়ে নিয়ে। এঁদের অবস্থা ভাল, দোতলা কোঠা বাড়ি, ছ-সাতটা গরু, জমিজমা, ধানভরা গোলা। সকালে মায়ে-ঝিরের চা খাবার জন্তে দুধ দোয়া হ'ত, মেয়েটা নিজেই গাই দুইতে জানে, সকালে আধ সের দুধ হয়, দুপুরে বাকী এক সের। ওঁরা জানেন যে দুধের জন্তে খুকীর কি কষ্ট যাচ্ছে, তাঁদের সঙ্গে আমার এ সম্বন্ধে কথাও হয়েছে অনেকবার। আমার অনেকবার প্রৌঢ়া মহিলাটি জিজ্ঞেসও করেছেন আমি দুধের কোন সুবিধে করতে পারলাম কি না—দু-চার দিন সকালে ডেকে আমার চা-ও খাইয়েছেন, কিন্তু কখনও বলেন নি, এই দুধটুকু নিয়ে গিয়ে খুকীকে খাওয়াও তত্তক্ষণ। আমিও কখনও তাঁদের বলি নি এ নিয়ে, প্রথমতঃ আমার বাধ-বাধ ঠেকেছে, দ্বিতীয়তঃ আমার মনে হয়েছে, এঁরা সব জেনেও যখন নিজে থেকে দুধের কথা বলেন নি, তখন আমি বললেও এঁরা ছলছলতলে তুলে দুধ দেবেন না। তবুও আমি এঁদের নিষ্ঠুর বা স্বার্থপর ভাবতে পারি নে—বিবেচনাহীনতা ও কল্পনাশক্তির অভাব এঁদের এরকম ক'রে তুলেছে।

কতবার ভগবানের কাছে প্রার্থনা জানিয়েছি—“ওর কষ্ট আমি আর দেখতে পারি নে, আপনি ওকে একটু দুধ দিন।”

ওর মুখের সে অবোধ উল্লাসের হাসি প্রতিবার ছুরির মত আমার বুকে বিঁধেছে। কতবার মনে মনে ভেবেছি আমি যদি দেশের ডিক্টেটর হতাম, তবে আইন ক'রে দিতাম শিশুদের দুধ না দিয়ে কেউ আর কোন কাজে দুধকে লাগাতে পারবে না।

কতবার ভেবেছি বৌদিদি যদি না বাঁচে, এই কচি শিশুকে আমি কি ক'রে মাহুষ করব? স্তম্ভদুঃ একে কেউ দেবে না এই পাড়াগাঁয়ে, বিলিয়ে দিলেও মেয়েসন্তান কেউ নিতে চাইবে না—নিতান্ত নীচু জাত ছাড়া। আটঘরাতে থাকতে ছেলেবেলায় এরকম একটা ব্যাপার শুনেছিলুম—গ্রামের শশীপদ ভট্টাচার্যের কেউ ছিল না—এদিকে শিশু দুটিই মেয়ে, অবশেষে যত মুচির বৌ এসে মেয়ে দুটিকে নিয়ে গিয়েছিল।

এই সোনার খুকীকে সেই রকম বিলিয়ে দিতে হবে পরের হাতে? কত বিনীত রজনী কাটিয়েছি যুমস্ত শিশুর মুখের দিকে চেয়ে এই ভাবনায়। এই বিপদে আমার প্রায়ই মনে হয়েছে মালতীর কথা। মালতী আমার এ বিপদ থেকে উদ্ধার করবে, সে কোন উপায় বার করবেই, যদি খুকীকে বুকে নিয়ে তার কাছে গিয়ে দাঁড়াই। সে চুপ ক'রে থাকতে পারবে না। তার ওপর অভিমান ক'রে চল এসেছিলাম, দেখা পর্যন্ত ক'রে আসি নি আসার সময়—আর তার পর এতদিন কোন খোঁজখবর নিই নি—একখানা চিঠি পর্যন্ত দিই নি, আমার বিপদের সময় সে আমার সব দোষ ক্ষমা ক'রে নেবে!

কিন্তু খুকী আমার সব চিন্তা থেকে মুক্ত করে দিলে। তার যে হাসি কেউ দেখতে চাইত না, একদিন শেষরাত্রি থেকে সে হাসি চিরকালের জন্ত মিলিয়ে গেল। অল্পদিনের জন্তে এসেছিল

কিন্তু বড় কষ্ট পেয়ে গেল। কিছুই সে চার নি, শুধু একটু মাতৃস্নহ, কি লোলুপ হয়ে উঠেছিল তার জন্তে, তার ক্ষুদে ক্ষুদে হাত দুটি দিয়ে ব্যগ্রভাবে আমার আঙুলটা আঁকড়ে ধরে কি অধীর আগ্রহে সেটা চুষত মাতৃস্নহ ভেবে! আমারও কি কম কষ্ট গিয়েছে অবোধ শিশুকে এই প্রতারণা করতে? জগতে কত লোক কত সঙ্গত অসঙ্গত খেয়াল পরিতৃপ্ত করবার সুযোগ ও সুবিধা পাচ্ছে, আর একটি ক্ষুদ্র অক্ষুটবাক্ শিশুর নিতান্ত স্নাত্য একটা সাধ অপূর্ণ রয়ে গেল কেন তাই ভাবি।

॥ ১৬ ॥

বৌদিদি ক্রমে সেরে উঠলেন। কিছুদিন পরে আমার হঠাৎ একদিন জ্বর হ'ল। ক্রমে জ্বর বৈকে দাঁড়াল, আমি অজ্ঞান-অচেতন হয়ে পড়লাম। দিনের পর দিন যায়, জ্বর ছাড়ে না। একুশ দিন কেটে গেল। দিনের রাতের জ্ঞান হারিয়ে ফেলেছি যেন, কখন রাত কখন দিন বুঝতে পারি নে সব সময়। মাঝে মাঝে চোখ মেলে দেখি বাইরের রোদ একটু একটু ঘরে এসেছে, তখন বুঝি এটা দিন। বিছানার ওপাশটা ক্রমশঃ হয়ে গেল বহুদূরের দেশ, আফ্রিকা কি জাপান, ওখানে পৌঁছনো আমার শরীর ও মনের শক্তির বাইরে। অধিকাংশ সময়ই ঘোর-ঘোর ভাবে কাটে—সে অবস্থায় যেন কত দেশ বেড়াই, কত জায়গায় যাই। যখন যাই তখন যেন আর আমার অসুখ থাকে না, সম্পূর্ণ সুস্থ, আনন্দে মন ভরে ওঠে, রোগশয্যা স্বপ্ন ব'লে মনে হয়। ছেলেবেলাকার সব জায়গাগুলোতে গেলাম যেন, আটঘরার বাড়িও বাদ গেলো না। হঠাৎ ঘোর কেটে যায়, দেখি ফুলদা ডাক্তার বৃকে নল বসিয়ে পরীক্ষা করছে।

একবার মনে হ'ল ছুপুর কাঁ-কাঁ করছে, আমি দ্বারবাসিনীতে যাচ্ছি খুকীকে কোলে নিয়ে। দুর্গাপুরের ডাঙা পার হয়ে গেলাম, আবার সেই কাঁদোড় নদী, সেই তালবন, রাডামাটির পথ। মালতী বড় ঘরের দাওরায় বসে কি কাজ করছে। উদ্ধবদাস আমার দেখে চিনলে, কাছে এসে বললে—বাবু যে—কি মনে ক'রে এতদিন পরে? আপনার কোলে ও কে? মালতী কাজ ফেলে মুখ তুলে দেখতে গেল উদ্ধবদাস কার সঙ্গে কথাবার্তা কইছে। তারপর আমার চিনতে পেরে অবাক ও আড়ষ্ট হয়ে সেইখানেই বসে রইল। আমি এগিয়ে দাওরায় ধারে গিয়ে বললাম—তুমি কি ভাববে জানিনে মালতী, কিন্তু আমি বড় বিপদে পড়েই এসেছি। এই ছোট খুকী আমার দাদার মেয়ে, এর মা সম্প্রতি মারা গিয়েছে। একে বাঁচিয়ে রাখবার কোন ব্যবস্থা আমার মাথায় আসে নি। আর আমার কেউ নেই—একমাত্র তোমার কথাই মনে হ'ল, তাই একে নিয়ে তোমায় কাছে এসেছি। একে নাও, এর সব ভার আজ থেকে তোমার ওপর। তুমি ছাড়া আর কারও হাতে একে দিয়ে আমি নিশ্চিন্ত হ'তে পারব না।

মালতী তাড়াতাড়ি খুকীকে আমার কোল থেকে তুলে নিলে। তারপর আমার রুক্চুল ও উদ্ভ্রাস্ত চেহারায় দিকে অবাক হয়ে চেয়ে রইল। পরক্ষণেই সে দাওরা থেকে নেমে এসে বললে—আপনি আসুন, উঠে এসে বসুন।

আখড়ায় আর যেন কেউ নেই। উদ্ধবদাসকে আর দেখলাম না। শুধু মালতী আর আমি। ও ঠিক সেই রকমই আছে—সেই হাসি, সেই মুখ, সেই ঘাড় বাঁকিয়ে কথা বলার ভঙ্গি। হেসে বললে—তারপর?

আমি বললাম—তারপর আর কি? এই এলাম।

। —এতদিন কোথায় ছিলেন ?

—নানা দেশে । তারপর দাদা মারা গেলেন, আমার ওপরে ওদের সংসারের ভার ।

—উঃ, কি নিষ্ঠুর আপনি !

তার পর সে বললে—আপনি বসুন, খুকীর সহক্ষে একটা ব্যবস্থা তো করতে হবে । একবার নীরদা-দিদিকে ডাকি ।

আমি বললাম—আমি কিন্তু এখনই যাব মালতী । ছোট ছোট ছেলেমেয়েদের ফেলে রেখে এসেছি পরের বাড়িতে । আমাকে যেতেই হবে ।

মালতী আশ্চর্য্য হয়ে বললে—আজই ?

আমি বললাম—আমার কাজ আমি শেষ করেছি, এখন তুমি যা করবে কর খুকীকে নিয়ে । আমি থেকে কি করব ? আমি যাই ।

মালতী স্থিরদৃষ্টিতে আমার দিকে চেয়ে বলল—আমার নিয়ে যান তবে ।

আমি অবাক হয়ে বললাম—সে কি মালতী ? তুমি যাবে আমার সঙ্গে ? তোমার এই আখড়া ?

মালতীর সঙ্গে যেদিন ছাড়াছাড়ি হয়েছিল, সেদিনটি যেমন ও চোখ নামিয়ে কথা বলেছিল—ঠিক তেমনই ভক্তিতে চোখ মাটির দিকে রেখে স্পষ্ট ও দৃঢ় স্বরে বললে—আপনি আমার নিয়ে চলুন সঙ্গে যেখানে আপনি যাবেন । এবার আপনাকে একলা যেতে দেব না ।

একচল্লিশ দিনে জ্বর ছেড়ে গেল । সেরে উঠলে বৌদিদি একদিন বললেন—জরের ঘোরে ‘মালতী’ ‘মালতী’ ব’লে ডাকতে কাকে, মালতী কে ঠাকুরপো ?

আমি বললাম—ও একটি মেয়ে । বাদ দাও ও-কথা । রোজ বলতাম ? কত দিন বলেছি ?

এই অসুখ-বিসুখে মাসীমার দেওয়া সেই একশো টাকা তো গেলই, বৌদির গায়ের সামান্য যা দু-একখানা গহনা ছিল তা-ও গেল । নতুন চাকুরিটাও সঙ্গে সঙ্গে গেল ।

এখান থেকে তিন ক্রোশ দূরে কামালপুর ব’লে একটা গ্রাম আছে । নিতান্ত পাড়াগাঁ এবং জঙ্গলে ভরা । সেখানকার দু-একজন জানাশোনা ভদ্রলোকের পরামর্শে সেখানে একটা পাঠশালা খুললাম । বৌদিদিদের আপাততঃ কালীগঞ্জে রেখে আমি চলে গেলাম কামালপুরে । একটা বাড়ির বাইরের ঘরে বাসা নিলাম—বাড়ির মালিক চাকুরির স্থানে থাকেন, বাড়িটাতে অনেকদিন কেউ ছিল না । বাড়ির পিছনে একটা আম-কাঁঠালের বাগান ।

পাঠশালার অনেক ছেলে জুটল—কতকগুলি ছোট মেয়েও এল । যা আয় হয়, সংসার একরকমে চলে যায় ।

সময় বড় মনের দাগ মুছে দেবার মত্জ জানে । আবার নতুন মন, নতুন উৎসাহ পেলাম । সঙ্গে সঙ্গে জীবনের একটা নতুন অধ্যায় কি রকমে শুরু হ’ল তাই এখানে বলব ।

পাঠশালা খুলবার পরে প্রায় দু-বছর কেটে গিয়েছে । ভাদ্র মাস । বেশ শরতের রোদ ফুটেছে । বর্ষার মেঘ আকাশে আর দেখা যায় না । একদিন আমি পাঠশালার গিয়েছি, একটা ছোট মেয়ে বলছে—মাস্টার মশায়, পেনো হিরণদিদির হাত আঁচড়ে কামড়ে দিয়েছে, ওই দেখুন ওর হাতে রক্ত পড়ছে ।

যে মেয়েটির হাত আঁচড়ে দিয়েছে তার নাম হিরণ্ময়ী, বয়স হবে বছর চৌদ্দ, পাঠশালার কাছেই ওদের বাড়ি—কিন্তু মেয়েটি আমার পাঠশালার ভর্তি হয়েছে বেশী দিন নয় । ওর বাবার নাম কালীনাথ গাঙ্গুলী, তিনি কোথাকার আবাদের নায়ের, সেইখানেই থাকেন, বাড়িতে

খুব কমই আসেন।

আমি লক্ষ্য করেছি এই মেয়েটি সকলের চেয়ে সজীব, বুদ্ধিমতী, অত্যন্ত চঞ্চলা। সকলের চেয়ে সে বয়সে বড়, সকলের চেয়ে সভ্য ও শৌখীন। কিন্তু তার একটা দোষ, কেমন একটু উদ্ধত স্বভাবের মেয়ে।

একদিন কি একটা অঙ্ক ওকে দিলাম, সবাইকে দিলাম। ওর অঙ্কটা ভুল গেল। বললাম—তুমি অঙ্কটা ভুল করলে হিরণ ?

অঙ্কটা ভুল গিয়েছে শুনে বোধ হয় ওর রাগ হ'ল—আর দেখেছি সব সময়, অপর কারোর সামনে বকুনি খেলে ক্ষেপে ওঠে। খুব সম্ভব সেই জন্তই ও রাগের সুরে বললে—কোথায় ভুল ? কিসের ভুল ব'লে দিন না ?

আমি বললাম—কাছে এস, অত দূর থেকে কি দেখিয়ে দেওয়া যায় ?

আমি দেখে আসছি যে কদিন ও এসেছে, আমার কাছ থেকে দূরে বসে।

ও উদ্ধতভাবে বললে—কেন ওখান থেকেই বলুন না ? আপনার কাছে কেন যাব ?

আমার মনে হ'ল ও বড় মেয়ে ব'লে আমার কাছে আসতে বোধ হয় সঙ্কোচ অনুভব করে। কিন্তু তার জন্তে ওরকম উদ্ধত সুর কেন ? বললাম—কাছে এসে আঁক দেখে নিতে দোষ আছে কিছু ?

ও বললে—সে-সব কথাই কি দরকার আছে ? আপনি দিন অঙ্ক ওখান থেকেই বুঝিয়ে।

রাগে ও বিরক্তিতে আমার মন ভ'রে উঠল। আচ্ছা মেয়ে তো ? মাস্টারদের সঙ্গে কথাবার্তার এই কি ধরন ? আর আমায় যখন এত অবিশ্বাস তখন আমার স্কুলে না এলেই তো হয় ? সেদিন আমি ওর সঙ্গে আর কোন কথাই বললাম না। পরদিনও তাই, স্কুলে এল, নিজে ব'সে ব'সে কি লিখলে বই দেখে, একটা কথাও কইলাম না। ছুটির কিছু আগে আমায় বললে—আমার ইংরিজিটা একবার ধরুন না ?

আমি ওর পড়াটা নিয়ে তারপর শাস্তভাবে বললাম—হিরণ, তোমার বাড়িতে ব'লো, আমি তোমাকে পড়াতে পারব না। অল্প অবস্থা করতে ব'লো কাল থেকে।

হিরণগীরী মুখে বিষয় ফুটে উঠল, বললে—কেন ?

আমি বললাম—না—তুমি বড় মেয়ে, এখানে তোমার সুবিধে হবে না।

ও বললে—রাগ করছেন নাকি ? কি করেছি আমি ?

আমি বললাম—কাল তোমার ও-কথাটা কি আমার বলা উচিত হয়েছে, হিরণ ? কি ব'লে তুমি বললে, আপনার কাছে কেন যাব ?...ওখান থেকেই বলুন না ? তুমি আমার কাছে তবে পড়তে এসেছ কেন ?

হিরণগীরী হেসে বললে—এই ! তা কি এমন বলেছি আমি ? তা যখন আপনি বলছেন দোষ হয়েছে বলাতে, তখন দোষ নিশ্চয়ই হয়েছে।

—কেন তুমি বললে ও রকম ? তোমার দুঃখিত হওয়া উচিত ও কথা বলার জন্তে, তা জান ?

হিরণগীরী বললে—হী, হয়েছে। হ'ল তো ? এখন নিন।

তারপর যখন ওর অঙ্ক দেখছি, তখন হঠাৎ আমার মুখের দিকে কেমন একটা বুঝতে না পারার দৃষ্টিতে চেয়ে বললে—উঃ, আপনার এত রাগ ?...আগে তো কখনও রাগ দেখি নি এরকম ?...তখনও সে আমার মুখের দিকে সেইরকম দৃষ্টিতে চেয়ে কি যেন বুঝবার চেষ্টা করছে। ওর রকম-সকম দেখে আমি হাসি চাপতে পারলাম না—সঙ্গে সঙ্গে সেই মুহূর্তে হিরণগীরীকে নতুন চোখে দেখলাম। দেখলাম হিরণগীরী অত্যন্ত লাবণ্যময়ী, ওর চোখ দুটি অত্যন্ত

ভাগর, টানা-টানা জোড়া ভুরু দুটি কালো সরু রেখার মত, কপালের গড়ন ভারী সুন্দর, চাঁচা, ছোট, অর্ধচন্দ্রাকৃতি। মাথায় একরাশ ঘন কালো চুল।

ও তখনও আমার দিকে সেই ভাবেই চেয়ে আছে। এক মিনিটের ব্যাপারও নয় সবটা মিলে।

পরদিন থেকে একটা ব্যাপার লক্ষ্য করলাম, হিরণ্ময়ী আমার কাছ থেকে তত দূরে আর বসে না—আর না ডাকলেও কাছে এসে দাঁড়ায়।

একদিন আমার বললে—জানেন মাস্টার মশায়, আমার সব দল এরা—আমায় এরা ভয় করে।

অবাক হয়ে বললুম—কারা ?

হাত দিয়ে পাঠশালার সব ছাত্রছাত্রীদের দেখিয়ে দিয়ে বললে—এরা। আমার কথা না শুনে কেউ চলতে পারে না।

—ভয় করে কেন ?

—এমনি করে। আমি যা বলব ওদের শুনতেই হবে।

পাঠশালার সকলেরই ওপর সে হুকুম ও প্রভুত্ব চালায়, এটা এতদিন আমার চোখে পড়ে নি—সেদিন থেকে সেটা লক্ষ্য করলাম। তবে পেনো যে সেদিন ওর হাত আঁচড়ে দিয়েছিল সে আলাদা কথা। দেশের রাজার বিক্কেও তো তাঁর প্রজারা বিদ্রোহী হয় !

রোজ রাতে বাসায় এসে সন্ধ্যাবেলা পরোটা গড়ি। দু-একদিন পরে সন্ধ্যাবেলা ময়দা মাখছি একা রান্নাঘরে বসে, সন্ধ্যা সাড়ে সাতটার বেশী নয়, একটা হারিকেন-লঠন জলছে ঘরে। কার পায়ের শব্দে মুখ তুলে দেখি ঘরের মধ্যে দাঁড়িয়ে হিরণ্ময়ী। শশবাস্তে উঠে বিস্মিত মুখে বললাম—হিরণ ! এস, এস, কি মনে করে ?

হিরণ্ময়ীর একটা স্বভাব গোড়া থেকে লক্ষ্য করেছি, কখনই প্রশ্নের ঠিক জবাবটি দেবে না। আমার কথার কোন উত্তর না দিয়ে বললে—ময়দা মাখেন বুঝি নিজে রোজ ? ওই বুঝি ময়দা মাখা হচ্ছে ?

আমি বিপন্ন হয়ে পড়লুম—চোদ্দ বছরের মেয়েকে পাড়াগাঁয়ে বড়ই বলে। আমার কাছে এ রকম অবস্থায় আসাটা কি ঠিক হ'ল ওর ? এসব জায়গার গতিক আমি জানি তো।

বললাম—তুমি যাও হিরণ, পড় গে।

হিরণ্ময়ী হেসে বললে—তাড়িয়ে দিচ্ছেন কেন ? আমি যাব না—এই বসলাম।

বেজায় একগুঁয়ে মেয়ে, আমি তো জানি ওকে। বললে—একটা অঙ্ক কষে দেবেন ? না—থাক, একটা গল্প বলুন না !...ও, আপনি বুঝি ময়দা মাখবেন এখন ! সরুন, সরুন দিকি। আমি মেখে বেলে দিচ্ছি। কি হবে, ক্রটি না লুচি ?...আপনি এই পিঁড়িটাতে বসে শুধু গল্প করুন।

সেই থেকে হিরণ্ময়ীর রোজ সন্ধ্যাবেলা আমাকে সাহায্য করতে আসা চাই-ই। মৃৎ প্রদীপের আলোতে হাসি-হাসি মুখে সে তার খাতাখানা খুলে নামে অঙ্ক কষে—কাজে কিন্তু সে আমার ক্রটি-পরোটা তৈরী করে দেয়। কিছুতেই আমার বারণ শোনে না—ওর সঙ্গে পারব না বলে আমিও কিছু আর বলি নে। ওর মায়ের বারণও শোনে না, একদিন কথাটা আমার কানে গেল।

শুনলাম একদিন মাকে বলছে ওদের বাড়ির উঠোনে দাঁড়িয়ে—কেন, যাই তাই কি ? আমি অঙ্ক কষতে বাই। বেশ করি—যাও।

হিরণ্ময়ীকে বললাম—শোন হিরণ, আমার এখানে সন্ধ্যাবেলা আর এস না, যখন তোমার মা বকেন। মার কথাটা অন্ততঃ তোমার মানা উচিত। বুঝলে ?

পরদিন হিরণ্ময়ী সত্যিই আর এল না। আমার সন্ধ্যাটা কেমন যেন ফাঁকা হয়ে গিয়েছে ওর না আসাতে, সেদিন প্রথম লক্ষ্য করলাম। সাত-আট দিন কেটে গেল—হিরণ্ময়ী পাঠশালাতে রোজই আসে। তাকে জিজ্ঞাসা করি না অবিশ্বি কেন সে সন্ধ্যাবেলা আসে না।

একদিন সে পাঠশালাতেও এল না। দু-তিন দিন পরে জিজ্ঞেস ক'রে জানলাম সে আমার বাড়ি গিয়েছে তার মায়ের সঙ্গে।

দেখে আশ্চর্য হলাম যে আমার পাঠশালা আর সে পাঠশালা নেই—আমার সন্ধ্যাও আর কাটে না। হিরণের বিয়ের সন্ধ্যা হচ্ছে ওর আমার বাড়ি থেকে, মেয়ে দেখাতে নিয়ে গিয়েছে—বরপক্ষ ওখানে মেয়েকে আশীর্বাদ করবে।

মাহুঘের মন কি অদ্ভুত ধরনের বিচিত্র! হঠাৎ কথাটা শুনেই মনে হ'ল ও গাঁয়ের পাঠশালা উঠিয়ে দেব, অত্র চেষ্ঠা দেখতে হবে। কেন, যখন প্রথম পাঠশালা খুলেছিলাম এ গাঁয়ে, তখন তো হিরণের অপেক্ষায় এখানে আসি নি, তবে সে থাকলো বা গেল—আমার তাতে কি আসে যায় ?

মাসখানেক কেটে গিয়েছে। আমি কলের মত কাজ করে যাই, একদিন সামান্য একটু বাদলা মত হয়েছে—পাঠশালার ছুটি দিবে সকাল-সকাল রান্না সেয়ে নেব ব'লে রান্নাঘরে ঢুকেছি, বেলা তখনও আছে। এমন সময় দোরের কাছে দেখি হিরণ্ময়ী এসে হাসি-হাসি মুখে দাঁড়িয়েছে। আমি বিশ্বয়মিশ্রিত খুশীর সুরে ব'লে উঠলাম—এস, এস হিরণ,—কখন এলে তুমি ? ব'সো।

হিরণ্ময়ী বললে—কেমন আছেন আপনি ? তার পর সে এগিয়ে এসে সলজ্জ আড়ষ্টতার সঙ্গে ব'লে ক'রে আমার পায়ের ধুলো নিয়ে প্রণাম ক'রে আবার সোজা হয়ে দোরের কাছে দাঁড়ালো।

আমি এত খুশী হয়েছি তখন, ওকে কি বলবো ভেবে পাইনে যেন। বললাম—ব'সো হিরণ, দাঁড়িয়ে কেন ?

হিরণ্ময়ী বোধ হয় একটু সঙ্কোচের সঙ্গেই এসেছিল, আমি ওর আসাটা কি চোখে দেখি—এ নিয়ে। আমার কথা শুনে—হাজার হোক নিতান্ত ছেলেমাহুঘ তো—ও যেন ভরসা গেল। ঘরের মধ্যে ঢুকে একটা পিঁড়ি পেতে বসল। আমার মুখের দিগ্লে চেয়ে বললে—কি সেই শিখিরে দিলেন, 'নয় পরিত্যাগ-প্রণালী' না কি ? সব ভুলে গিয়েছি—হি-হি—

দেখলাম ওর বিয়ে হয় নি।—ওকে আর কোন কথা বলি নি অবিশ্বি তা নিয়ে। দেনা-পাওনার ব্যাপার নিয়ে সে-সন্ধ্যা ভেঙে গিয়েছে—দু-চার দিনে অপরের মুখে শুনলাম। আবার হিরণ্ময়ী আমার পাঠশালাতে নিত্য আসে যায়—সন্ধ্যাবেলাতেও রোজ আসে—ঝড় হোক, বৃষ্টি হোক, তার সন্ধ্যায় আসা কামাই যাবে না। কেন তার মা এবার তাকে বকেন না—সে কথা আমি জানি নে—তবে বকেন না যে, এটা আমি জানি।

বরং একদিন হিরণ্ময়ী বললে—আজ আলো জ্বলে একটা বই পড়ছি, মা বললে আজ যে তুই তোমার মাস্টারের কাছে গেলিনে বড় ? তাই এলুম মাস্টার মশায়।

আমি বললাম—তা বেশ তো, গল্পের বই পড়লেই পারতে। মা না ব'লে দিলে তো আজ আসতে না ?

কথাটা বলতে গিরে নিজের অলক্ষিতে একটা অভিমানের সুর বার হয়ে গেল—হিরণ্ময়ী

সেটা বুঝতে পেরেছে অমনি। এমন বুদ্ধিমতী মেয়ে এইটুকু বয়সে! বললে—নিশ্চয়, আর রাগ করে না। ভেবে দেখুন, আপনি না আমার এখানে এলে তাড়িয়ে দিতেন আগে আগে?

দুঃখিত ভাবে বললাম—ছিঃ, ও-কথা ব'লো না হিরণ, তাড়িয়ে আবার তোমায় দিয়েছি কবে? ও-কথাতে আমার মনে কষ্ট দেওয়া হয়।

হিরণ্যরী মুখে কাপড় দিয়ে খিল্ খিল্ ক'রে উচ্ছ্বাসিত ছেলেমানুষি হাসির বজ্রা এনে দিলে। ঘাড় দুলিয়ে দুলিয়ে বলতে লাগল—না—না—দেন নি? বটে? একদিন—সেই—তাড়ালেন না! আজ আবার বলা হচ্ছে—। পরে আমার সুরের নকল করতে চেষ্টা করে—'গুতে আমার মনে কষ্ট দেওয়া হয়'—কি মানুষ আপনি! হি-হি-হি-হি—

আমি মুগ্ধদৃষ্টিতে ওর হাসিতে উদ্ভাসিত স্নকুমার লাবণ্যভরা মুখের দিকে চেয়ে রইলাম—চোখ ফেরাতে পারি নে—কি অপূর্ব হাসি! কি অপূর্ব চোখমুখের শ্রী!

যখন চোখ নামিয়ে নিলাম তখন সে আমার বেলুনটা ভুলে নিয়ে রুটি বেলেতে ব'সে গিয়েছে। সেদিন ও যখন চলে যায়, বোঁকের মাথায় অগ্রপশ্চাৎ না ভেবেই ওকে আবার বললাম—এ রকম আর এস না, হিরণ। না, সত্যি বলছি তুমি আর এস না।

মনকে খুব দৃঢ় ক'রে নিয়ে কথাটা ব'লে ফেলেই ওর মুখের দিকে চেয়ে আমার বুকের মধ্যে যেন একটা তীক্ষ্ণ তীর খচ্ করে বিঁধলো। দেখলাম ও বুঝতে পারে নি আমি কেন একথা বলছি—কি বোধ হয় দোষ করে ফেলেছে ভেবে ওর মুখ বিবর্ণ হয়ে গিয়েছে উদ্বেগ ও ভয়ে।

আমার মুখের দিকে একটুখানি চেয়ে রইল—যদি মুখের ভাবে কারণ কিছু বুঝতে পারে। না বুঝতে পেরে যাবার সময় দেখলাম শুষ্ক বিবর্ণ মুখে বললে—আমায় তাড়িয়ে দিলেন তো? এই দেখুন—তাড়ালেন কি না।

দুঃখে আমার বুক কেটে যেতে লাগল। নিমগাছটার তলা দিয়ে ও ওই যাচ্ছে, এখনও বেশী দূর যায় নি, ডেকে দুটো মিষ্টি কথা বলব? ছেলেমানুষকে একটু সান্ত্বনা দেব?

ডাকলুম শেষটা না পেরে।—শোনো ও হিরণ—শোনো—

ও দাঁড়াল না—শুনবে শুনলে না। হন্ হন্ ক'রে হেঁটে বাড়ি চলে গেল। পরদিন খুব সকালে উঠে বারান্দাতে ব'সে ব্রাউনিঙের A Soul's Tragedy পড়ছি—হিরণ এসে দাঁড়িয়ে বললে—কি কচ্ছেন?

—এস এস হিরণ। কাল তোমাকে ডাকলাম রাত্রে, এলে না কেন? তুমি বড় একগুঁয়ে মেয়ে—একবার শোনা উচিত ছিল না কি বলছি?

মুখরা বালিকা তখন নিজমুগ্ধি ধরলে। বললে—আমি কি কুকুর নাকি, দূর দূর ক'রে তাড়িয়ে দেবেন, আবার তু ক'রে ডাকলেই ছুটে আসব? আপনি বৃষ্টি মনে ভাবেন আমার শরীরে ঘেমা নেই, অপমান নেই—না? আমি বলতে এলাম সকালবেলা যে আপনায় পাঠশালার আমি পড়তে আসব না।—মা অনেক দিন আগেই বারণ করেছিল—তবুও আসতাম, তাদের কথা না শুনে। কিন্তু যখন আপনি কুকুর-শেয়ালের মত দূর ক'রে তাড়িয়ে—

ওর চোখে জল ছাপিয়ে এসেছে—অথচ কি তেজ ও দর্পের সঙ্গে কথাগুলো সে বললে! আমি বাধা দিয়ে বললাম—আমায় ভুল বুঝো না, ছিঃ হিরণ—আচ্ছা, চেষ্টাও না বেশী, কেউ শুনলে কি ভাববে। আমার কথা শোন—রাগ করে না, ছিঃ।

হিরণ দাঁড়াল না এক মুহূর্তও। অতটুকু মেয়ের রাগ দেখে যেমন কোঁতুক হ'ল, মনে তেমনই অত্যন্ত কষ্টও হ'ল। কেন মিথ্যে ওর মনে কষ্ট দিয়েছি কাল? আচ্ছা, বেচারী বড় দুঃখ ও আশ্রিত পেরেছে। আমার জান আর হবে কবে? ছেলেমানুষকে ও-কথাটা ও-ভাবে

বলা আমার আদৌ উচিত হয় নি।

মন অত্যন্ত খারাপ হয়ে গেল—ভাবলাম, এ গ্রামের পাঠশালা তুলে দিয়ে অস্ত্র যাবই। এদিকে হিরণ্ময়ীও আর আমার পাঠশালাতে আসে না। মাসের বাকি আটটা দিন পড়িয়ে নিয়ে পাঠশালা তুলে দেব ঠিক করে ফেললাম। সবাইকে বলেও রাখলাম কথাটা। আগে থেকে যাতে সবাই অস্ত্র ব্যবস্থা করে নিতে পারে।

যাবার দু-দিন আগে জিনিসপত্র গোছাচ্ছি—হঠাৎ হিরণ্ময়ী নিঃশব্দে ঘরের মধ্যে এসে কখন দাঁড়িয়েছে। মুখ তুলে ওর দিকে চাইতেই হেসে ফেললে। বললে—আপনি নাকি চলে যাবেন এখান থেকে ?

আমি বললাম—যাবই তো। তার পর, এত দিন পরে কি মনে করে ?

হিরণ্ময়ী তার অভ্যাসমত আমার প্রশ্নের কোন জবাব না দিয়ে বললে—কবে যাবেন ?

—বুধবার বিকেলে গাড়ি ঠিক করা আছে, চাকদাতে গিয়ে উঠবো।

হিরণ্ময়ী একবার ঘরের চারিধারে চেয়ে দেখলে। বললে—আপনার সে বড় বাস্ফটা কই ?

সেটা কাছুর বাবার কাছে বিক্রী করে ফেলে দিয়েছি। অত বড় বাস্ফ কি হবে, তা ছাড়া সপ্তে টেনে টেনে নিয়ে বেড়ানোও মুশকিল।

হঠাৎ হিরণ্ময়ী ঝপ করে মেজেতে বসে পড়ল—কর্তৃত্ব ও আত্মপ্রত্যয়ের সুরে বললে—না, আপনি যেতে পারবেন না। দেখি দিকি কেমন যান ?

আমার হাসি পেল ওর রকম দেখে। খুব আনন্দও হ'ল—একটা অদ্ভুত ধরনের আনন্দ হ'ল। বললাম—তোমার তাতে কি, আমি যাই আর না-যাই ? তুমি তো আর এতদিন উঁকি মেরেও দেখতে আস নি হিরণ, তুমি আমার পাঠশালা পর্যাস্ত যাওয়া ছেড়েছ।

—ইস্! তাই বই কি ?

—তুমি ভেবে দেখ তাই কি না। উড়িয়ে দিলে চলবে না হিরণ, আমি যাবই ঠিক করেছি, তুমি আমার আটকাতে পারবে না। কারুর জন্তে কারুর আটকায় না—এ তুমি নিজেই আমার একদিন বলেছিলে।

হিরণ্ময়ী বালিকাস্থলভ হাসিতে ঘর ভরিয়ে ফেলে বললে—ওই! কথা যদি একবার শুক করে দিলেন তো কি আর আপনার মুখের বিরাম আছে ? কারুর জন্তে কারুর আটকায় না, হেন না তেন না—মাগো—কথার ঝুড়ি একেবারে !

—সে যাই হোক, আমি যাবই।

—কক্খনো না। ইঃ, বললেই হ'ল যাব !

আমি চূপ করে রইলাম—ছেলেমানুষের সঙ্গে তর্ক করে লাভ কি ?

দেখি যে বিকেলে পাঠশালার হিরণ্ময়ী বইখাতা নিয়ে হাজির হয়েছে। সে এসে সব ছেলেমেয়েকে বলে দিলে আমার পাঠশালা উঠবে না, আমি কোথাও যাব না, সবাই যেন ঠিকমত আসে। এমন সুরে বললে যে সে যেন আমার দণ্ডমুণ্ডের মালিক। বললে—এই হাঁহু, মাস্টার মশায় তোমার বলেছিলেন না ধারাপাত আনতে—কেন আন নি ধারাপাত ? এই সোমবারের হাট থেকে আনতে ব'লে দেবে। বুঝলে ?

হাঁহু বোকার মত দৃষ্টিতে ওর দিকে চেয়ে বললে—মাস্টার মশাই যে সোমবারে চলে যাবেন এখান থেকে।

হিরণ্ময়ী তাকে এক তাড়া দিয়ে বললে—কে বলেছে চলে যাবেন ? মেরে হাড় ভেঙে দেব হোঁড়ার ! যা যা বলছি তা শোনু। বীদর কোথাকার—

আমি বললাম—কেন ওকে মিথ্যে বকছ হিরণ, ছেলেমানুষকে—ওর দোষ কি, আমি যাবই, কেউ আমাকে আটকাতে পারবে না।

হিরণ্যরী ঝঙ্কার দিয়ে বললে—আচ্ছা আচ্ছা হবে। যাবেন তো যাবেন।

সেদিন সন্ধ্যাবেলা অনেকদিন পরে ও রান্নাঘরে এসে ঢুকল। বললে—গুড়ের তাঁড়টা কই!

—সেটা তিনকড়িদের দিয়ে দিইছি। দু-দিনের মত খানিকটা গুড় ওই বাটিতে রেখেছি—দুটো দিন ওতেই চলে যাবে।

হিরণ্যরী অল্প দিনের মত বসল না, দাঁড়িয়ে রইল। একবার বাইরে যাবার সময় ও সরে দরজার কপাটের আর দেওয়ালের মধ্যর যে জায়গাটুকু, সেখানটাতে দেখি জড়সড় হয়ে দাঁড়িয়েছে। বলতে গেলাম—ওখানে না, ওখানে না,—কাপড়ে কালিটালি লেগে যাবে কি না—বার হয়ে এস—

ওর মুখের দিকে চেয়ে দেখি ওর ডাগর চোখ দুটি জলে ভরে টল্ টল্ করছে। হিরণ্যরী চোখে জল! অবাক, এ দৃশ্য তো কখনও দেখি নি! ও জল-ভরা ধরা-গলায় বললে—আপনি বলুন, যাবেন না মাস্টার মশায়। আমি তখন পাঠশালায় বলতে পারলাম না ওদের সামনে। ওরা হাসবে তাহ'লে। আর কেউ নয়—আর সবাই আমার ভয় করে, কেবল ওই মশুটা বড় ছুঁই!

তারপর আমার দিকে চোখের জল আর হাসি-মিশানো এক অপূর্ব দৃষ্টিতে চেয়ে বললে—যাবেন না, কেমন?

হিরণ্যরী এই প্রথম দুর্বলতা প্রকাশ করলে—এর আগে কখনও দেখি নি। ছেলেমানুষ, ও কথা তো তেমন জানে না, কিন্তু ওর ডাগর সজল চোখের মিনতিপূর্ণ দৃষ্টি ওর ভাষার দৈন্ত্য ঘুচিয়ে দিয়ে এমন কিছু প্রকাশ করলে—এক জাহাজ কথ্যে তা প্রকাশ করা যেত না।

আমার মনে অহুতাপ হ'ল—কেন ওকে মিথ্যে কাঁদালাম সন্ধ্যাবেলাটিতে?

জীবনের এই-সব মুহূর্তেই না মাহুষে ভগবানকে প্রত্যক্ষ করে? ব্রাউনিঙের 'পলিন' কবিতার সেই সর্ব্বহারী লোকটির মত আমার মনও ব'লে উঠল:—I believe in God and Truth and Love!...

ওর হাতটি ধরে দরজার কপাটের ফাঁক থেকে বার ক'রে এনে আন্তে আন্তে পিঁড়ির ওপর বসিয়ে দিয়ে বললাম—ওখানে সন্ধ্যাবেলা দাঁড়াতে নেই। বিছেটিছে বেরুতে পারে—এখানে বোস। রুটিগুলো বেলে দাও দিকি, লক্ষ্মী মেয়ে। আমি যাব না—বলছ তুমি যখন, তখন আর যাব না। চোখের জল ফেলতে আছে অবেলায়? ছি:—

তার পরই রুটি তৈরী করতে ব'সে যে হিরণ্যরী সেই হিরণ্যরী—সেই মুখরা বালিকা, যে সকল কথা এমন কর্তৃত্বের সুরে বলে যেন ওর কথা না মেনে চললে ও ভয়ঙ্কর একটা কিছু শাস্তির ব্যবস্থা করবে, সেটা আবার খুব কৌতুকপ্রদ এবং ভেবে দেখলে করুণ বলেই মনে হয়, যখন বেশ বুঝতে পারা যাচ্ছে যে মুখের বুলিটুকু ছাড়া ওর হকুমের পেছনে ওর কোন জোর খাটাবার নেই—নিতান্ত অসহায় ও নিরুপায়।

প্রেম আসে এই সব সামান্য তুচ্ছ খুঁটিনাটি সূত্র ধরে। বড় বড় ঘটনাকে এড়ানো সহজ, কিন্তু এই সব ছোট জিনিস প্রাণে গেঁথে থাকে—ফলুই মাছের সরু চুল-চুল কাঁটার মত। গায়ের জোরে সে কাঁটা তুলে ছুঁড়ে ফেলে দিতে গেলে, বিপদের সম্ভাবনা বাড়ে বই কমে না।

পুরুষমানুষ প্রেমের ব্যাপারে আত্মরক্ষা করে চলতে পারে না যেটা অনেক সময় মেয়েরা পারে। যেখানে বা হবার নয়, পাবার নয়, সেখানেও তারা বোকার মত ধরা দিয়ে বসে থাকে—

এবং নাকাল তার জন্তে যথেষ্ট হয়। কিন্তু পুরুষমাত্ৰই আবার বেগতিক বুললে যত সত্বর হাবু-ডুবু খেতে খেতেও সাঁতরে তীরের কাছে আসতে পারে—যেৱেরা গভীর জলে একবার গিয়ে পড়লে অত সহজে নিজেদের সামলে নিতে পারে না।

তবুও আমি হিরণ্যরীকে দূরে রাখবার চেষ্টাই করলাম।

একদিন হুপুরের পরে হিরণ্যরীদের বাড়িতে পুলিশ এসেছে শুনলাম। পুলিশ কিসের? একে ওকে জিজ্ঞেস করি কেউ সঠিক উত্তর দেয় না অথচ মনে হ'ল ব্যাপারটা সবাই জানে। এগিয়ে গেলুম—ওদের বাড়ির সামনের তেঁতুলতলায় বড় দারোগা চেয়ার পেতে ব'সে—পাড়ার লোকদের সাক্ষ্য নেওয়া চলেছে। দেখলাম গ্রামে ওদের মিত্র বড় কেউ নেই। আমি আগেও যে একথা না জানতাম এমন নয়—তবে পাড়াগাঁয়ের কানায়ঘোতে কান দিই নি।

বিকেলের দিকে হিরণ্যরীর মা আর বিধবা দ্বিধিকে থানায় ধ'রে নিয়ে গেল। কাছারির মুহুরী সাতকড়ি মুখ্যে আমার কাছেই দাঁড়িয়ে ছিল। সে বললে—ও মেয়েটার তত দোষ দিই নে—মা-ই যত নষ্টের গুরুমশাই। ওই তো ওকে শিখিয়েছে। নইলে মেয়েটার সাধি কি,—কিন্তু মাগী কি ডাকাত! মেয়েটার প্রাণের আশঙ্কা করলি নে একবারও?

ব্যাপারটা বুলতে আমার দেরি হ'ল না। সাতকড়ি আরও বলল—কালীনাথ গাঙ্গুলী কি গ্রাম ভাগ করেছে সাথে? এইজন্তেই সে বাড়িমুখে হয় না, ওদের সঙ্গে কোন সম্পর্ক রাখে না।

এত কথা আমি কিন্তু জানতাম না—এই নতুন শুনলাম। আমি মুশকিলে পড়ে গেলাম—আমি এখন কি করি? হিরণ্যরীর মা আর দ্বিধি দোষী কি দোষী নয়—সে বিচারের ভার আছে অস্ত্র বিচারকের ওপর—সাতকড়ি মুখ্যের ওপর নয়। কিন্তু এদের মোকদ্দমা উঠলে উকীল নিযুক্ত কে করে, এদের স্বার্থ বা কে দেখে, এদের জন্তে পরসী খরচই বা কে করে?

এদিকে আর এক মুশকিল। ওর মা আর দ্বিধিকে যখন ধ'রে নিয়ে গেল, হিরণ্যরী তখন ওদের বাড়ির সামনে আড়ষ্ট হয়ে দাঁড়িয়ে। সামনে অন্ধকার রাত, সেরাজে সে একাই বা বাড়িতে থাকে কেমন ক'রে, বাড়িতে আর যখন কেউই নেই—অথচ সন্ধ্যা পর্যন্ত কেউ তাকে নিজের বাড়িতে ডাকলে না। সন্ধ্যার সময় ও-পাড়ার কৈলাস মজুমদারের স্ত্রী এসে ওকে ও-অবস্থায় দেখে বললেন—ওমা, এ মেয়েটা এখানে একা দাঁড়িয়ে আছে যে! ছেলেমাত্ৰ, বাড়িতে একা থাকবেই বা কি ক'রে? ওর মা দ্বিধি কি করেছে জানি নে—কিন্তু ওকে আমি চিনি। ও পাগলী, আনন্দময়ী। এস তো মা হিরণ, তোমাদের হারিকেনটা বাড়ির ভিতর থেকে নিয়ে ঘরে চাবি দিয়ে এস। ওকে জায়গা দিলে যদি জাত না থাকে—তবে না থাকল তেমন জাত!

মজুমদার-গিন্নী যদি কোন কথা না ব'লে নিঃশব্দে হিরণ্যরীকে নিজের বাড়িতে নিয়ে যেতেন তবে হয়ত কোনই গোলযোগ বাধতো না—কিন্তু শেষের কথাটি ব'লে ফেলে তিনি নিতান্ত নির্বোধের মত কাজ ক'রে বসলেন। কাছেই গ্রামের সমাজপতি আচার্য্যি-মশায়ের বাড়ি। তাদের সঙ্গে বাখল তুমুল ঝগড়া। শশধর আচার্য্যের স্ত্রী অনেকক্ষণ নিজের মনে একতরফা গেয়ে ষাবার পর উপসংহারে বললেন—ও বড় ভাল মেয়ে—না? মুখ খুললেই অনেক কথা বেরিয়ে পড়বে। সব জানি, সব বুঝি। চূপ করে থাকি মুখ বুজে—বলি মাথার ওপর একজন আছেন, তিনিই দেখবেন সব—আমি কেন বলতে যাই?

মজুমদার-গিন্নী বললেন—যা কর ন-বোঁ, আবার এ মেয়েটার নামে কেন যা তা বলছ? সেটাই কি ভগবান সইবেন?

আচার্য্যি-মশায়ের স্ত্রী বাকুদের মত জলে উঠলেন—আরও বিগুণ টেঁচিয়ে বললেন—ধর্ষ
বি. র. ৪—১০ .

দেখিও না বলে দিচ্ছি, ভাল হবে না। ওই রয়েছে মুখুয়োরা, ভট্টাচার্য্যারা, জিঞ্জেস কর গিয়ে। ওই মেয়ে ওই পাঠশালার মাস্টার-ছোকরার কাছে রাত বারোটা অবধি কাটলে আসে—রোজ তিনশ তিরিশ দিন। সারা রাত্তিরও থাকে এক এক দিন। বলুক ও মেয়েই বলুক, সত্যি না মিথ্যে। ভেবেছিলুম কিছু বলব না—মরুক গে, যার আঁতাকুড়, সেই গিয়ে ঘাঁটুক, না বলে পারলাম না। কে ও মেয়েকে ঘরে জায়গা দিয়ে কালকে আবার একটা হাল্কা বাধাতে যাবে?

আমি এতক্ষণ চুপ ক'রে ছিলাম, কথা বলি নি—কোন পুরুষমাহুষ উপস্থিত ছিল না বলে। চৌচামেচি শুনে আচার্য্যি-মশায়, সাতকড়ি ও সনাতন রায় ঘটনাস্থলে এসে দাঁড়াতেই আমি এগিয়ে গিয়ে বললুম—আপনারা আমার মায়ের মত—আপনাদের কাছে একটা অল্পরোধ, হিরণকে এ বগড়ার মধ্যে মিথ্যে আনবেন না। ও আমার ছাত্রী, ছেলেমাহুষ, আমার কাছে যার সন্ধ্যাবেলা গল্প শুনে—কোনদিন পড়েও। রাত নটা বাজতেই চলে আসে। একটা নিম্পাপ নিরপরাধ মেয়ের নাম এ-সবের সঙ্গে না জড়ানোই ভাল। মা, আপনি ওকে বাড়িতে নিয়ে যান।

এতে ফল হ'ল উলটো। বগড়া না থেমে বরং বেড়ে উঠল। মজুমদার মশায়ের দুই ছেলে ও ছোট ভাই এসে মজুমদার-গিন্নীকে বকাবকি করতে লাগল—তিনি কেন ওপাড়া থেকে এসে এই-সব হেঁড়া ল্যাঠার মধ্যে নিজেকে জড়াতে যান? এ বয়সেও তাঁর জ্ঞান যদি না হয় তবে আর কবে হবে...তিনি চলে আসুন বাড়ি। এ-পাড়ার ব্যবস্থা এ-পাড়ার লোকে বুঝবে, তিনি কেন মাথাবাথা করতে যান—ইত্যাদি।

যাকে নিয়ে এত গোলমাল, সে ভয়ে ও লজ্জায় কাঠ হয়ে দাঁড়িয়েই আছে ওদের বাড়ির সদর দরজায়। ওর চোখে একটা দিশেহারা ভাব, লজ্জার চেয়ে চোখের চাউনিতে ভয়ের চিহ্নই বেশী। ওর সেই কথাটা মনে পড়ল—জানেন মাস্টার মশায়, আমায় সবাই ভয় করে, সবাই মানে এ পাড়ায়—আমার সঙ্গে লাগতে এলে দেখিয়ে দেব না মজা?

বেচারী মুখরা হিরণরী!

শেষ পর্য্যন্ত কৈলাস মজুমদারের স্ত্রী ওকে না নিয়েই চলে গেলেন। তাঁর দেওর ও ছেলেরা একরকম জোর করেই তাঁকে সরিয়ে নিয়ে গেল।

আমি তখন এগিয়ে গিয়ে বললুম—হিরণ, তুমি কিছু ভেবো না। আমি এতক্ষণ দেখছিলাম এরা কি করে। যে ভয়ে তোমাকে ডাকতে পারি নি, সে ভয় আমার কেটে গিয়েছে। তুমি একটু একলা থাক—আমি কাওরাপাড়া থেকে মোহিনী কাওরাণীকে ডেকে আনছি। সে তোমার ঘরের বারান্দাতে শোবে রাত্রে। তাহ'লে তোমার রাত্রে একা থাকবার সমস্তা মিটে গেল। আর এক কথা—তুমি রান্না চড়িয়ে দাও; চাল-ভাল সব আছে তো?

কাওরাপাড়া থেকে ফিরে আসতে আধ ঘণ্টার বেশী লাগল। মোহিনী বুড়ীকে চার আনা পরস্যা দিয়ে রাত্রে হিরণদের বাড়িতে শোবার জন্ত রাজী করিয়ে এলুম। ফিরে এসে দেখি দালানের চৌকাঠে বসে হিরণরী হাপুস নয়নে কাঁদছে। অনেক ক'রে বোঝালুম। বড় কষ্ট হ'ল ওকে এ অবস্থার দেখে। বললে—মার আর দিদির কি হবে মাস্টার মশায়? আপনি কালই বাবাকে একটা চিঠি লিখে দিন। ওদের ফাঁসি হবে না তো?

হেসে সাহুনা দিলাম। বললাম—রাঁধ হিরণ। খাওরাদাওরা কর। কিছু ভেবো না—আমি কাল রাণাঘাট যাব। ভাল উকীল দিয়ে জামিনে খালাস ক'রে নিয়ে আসবার চেষ্টা করব, ভয় কি?

হিরণ কিছুতেই রাঁধতে চায় না—শেষে বললে—আপনিও এখানে থাকবেন কি? ঠিক

তো ?

ও রাঁধছে ব'সে, আমাকে রান্নাঘরেই বসে থাকতে হ'ল—ও যেতে দেয় না, ছেলেমাহুষ, ভয় করে। কেবল জিজ্ঞেস করে, মা আর দিদির কি হবে!

রান্না হয়ে গেল, ঠাই ক'রে আমার ভাত বেড়ে দিলে। এদিকে হিরণ বড় অগোছালো, কুটনো-বাটনা, এঁটো-কাঁটা, ভাতের কেন, আনাঙ্গের খোসাতে রান্নাঘর এমন নোংরা ক'রে তুলেছে! ভাত বাড়তে গিয়ে উম্মনের পাড়ে আঁচল লুটয়ে পড়েছে—নিতান্ত আনাড়ি।

বললাম—দিনমানে কোন রকমে একা থেকে। আমি সন্ধ্যার আগেই রাণাঘাট থেকে ফিরবো। রেঁধে খেও কিন্তু। না হ'লে বড় রাগ করব।

মোহিনী কাওরাগী এল রাত ন'টার পরে। তার পরে আমি আমার বাসায় চলে এলুম।

পরদিন রাণাঘাটে গিয়ে দেখি কেস্ ওঠে নি আদালতে। উকীল ঠিক ক'রে তার সঙ্গে জামিনের কথাবার্তা ব'লে এলুম। ফিরবার সময় হিরণরী জন্তে দু-একটা জিনিস কিনে নিলুম ওকে একটু আনন্দ দেবার জন্তে। ফিরে দেখি ও ব'সে ব'সে আবার কাঁদছে কালকের মত। সারাদিন বোধ হয় রাঁধে নি, কিছু খায় নি। স্নানও করে নি, দু-এক গাছা রুক্ষ চুল মুখের আশেপাশে উড়ছে। মহা বিপদে প'ড়ে গেলুম ওকে নিয়ে। কি করি এখন? ওর বাবাকে আজ রাণাঘাটে পৌঁছেই টেলিগ্রাম করেছি, যদি তা পেয়ে থাকেন, তবে কাল তিনি এসে পৌঁছলেও তো বাঁচি। নইলে হিরণরীকে ভাবছি কালীগঞ্জে বৌদিদির কাছে রেখে আসব। কারণ, এসে শুনলুম মোহিনী বুড়ী ব'লে গিয়েছে সে রাত্রে এখানে আর শুতে আসতে পারবে না।

ও আমায় দেখেই ছুটে এসে বললে—মাকে দিদিকে দেখে এলেন মাস্টার মশাই? তারা কেমন আছে? খালাস পেলে না?

আমি ওদের নিজে দেখতে যাই নি, উকীলের মুখে হিরণরীর সংবাদ পাঠিয়ে বলেছিলুম হিরণরীর জন্তে যেন তারা কিছু না ভাবে। বললাম সেকথা।

তার পর হিরণরী আমাকে বালতি ক'রে জল তুলে দিলে স্নানের জন্তে—ঘরে প্রদীপ জ্বলে উম্মন ধরিয়ে চায়ের জল চড়ালে। রাণাঘাট থেকে ওর জন্তে কিছু খাবার এনেছিলুম, তার বেশী অর্ধেক আমায় রেকাবি ক'রে চায়ের সঙ্গে জোর ক'রে খাওয়ালে—তার পর রান্না চাপিয়ে দিলে। ওর মনে সুখ নেই, কেমন যেন মুষড়ে পড়েছে, ছেলেমাহুষ, নইলে ওর মত হাস্তময়ী আনন্দময়ী চঞ্চলা মেয়ে এতক্ষণ কত কথা বলত, হাসি-খুশীতে ঘর ভরিয়ে তুলত।

একবার জিজ্ঞেস করলে—রাণাঘাটে নাকি সার্কাস এসেছে সবাই বলে? দেখেছেন আপনি? এত দুঃখের মধ্যেও ওর ছেলেমাহুষি মন সার্কাসের সন্ধকে কৌতূহলী না হয়ে পারে নি ভেবে আমার হাসি পেল।

এ রাত্রে মোহিনী বুড়ী এল না—আমি ওকে ঘরের মধ্যে রেখে বাইরের বারান্দাতে শুয়ে রইলাম। বারান্দায় বিছানা পাতছি, ও আবার এত সরলা নিষ্কলুষ—আমায় অবাধ হয়ে জিজ্ঞেস করলে, আপনি বাইরে শোবেন কেন?

কোন নীতিবাদের সঙ্কোচ এনে ফেলে ওর নিষ্পাপ মনে দাগ দিতে আমার বাধল। বললাম—দেখছ না কি রকম গরম আজ? বাইরে শোওয়াই আমার অভ্যেস, তা ছাড়া—।

সারারাত দু-জনে গল্প ক'রে কাটালুম। ও ঘর থেকে কথা বলে, আমি বারান্দা থেকে তার উত্তর দিই।—বাবা বোধ হয় কাল আসবেন, না? মা, দিদি কবে আসবে? সার্কাসওয়াল কোথায় তাঁবু ফেলেছে? কলকাতার কখনও যাই নি—একবার বাবার ইচ্ছে আছে। কলকাতার থিয়েটার দেখতে কেমন? চৌধুরীরা বোধ হয় মোহিনী বুড়ীকে বারণ ক'রে দিয়েছে এখানে

আসতে। আমার শীত করছে কিনা। রাত বেশী, ঠাণ্ডা পড়েছে, গায়ে দেবার একটা মোটা চাদর দেবো? আরব্য-উপস্থাসের মত গল্প আর নেই। আচ্ছা, অঙ্ক কতদূর শেখা যায়? বিষ্কার শেষ নেই—না? এম-এ পাস করে আরও পড়া যায়, পড়বার আছে?

ওর বাবা এলেন পরদিন সকাল দশটার সময়। তাঁর মুখে শুনলুম পুলিশ থেকে তাঁকে চিঠি দিয়ে জানিয়েছে শীত্র বাড়ি এসে মেয়ের ভার নিতে। তিনি অত্যন্ত বদমেজাজী লোক, দু-একটা কথা শুনেই বুঝতে দেরি হ'ল না। আমার ওপর আদৌ তিনি প্রসন্ন হ'তে পারলেন না—তাঁর মেয়ের তত্ত্বাবধান করার জন্তে একটা দণ্ডবাদ দেওয়া তো দূরের কথা, সেটাকেই তিনি আমার একটা অপরাধ ব'লে গণ্য ক'রে নিলেন এবং যে মুখুয্যে ও চৌধুরীরা পরশু সন্ধ্যাবেলা হিরণ্ময়ীকে বাড়িতে জায়গা দিতে চায় নি, তাদেরই বাড়িতে খোশামোদ ক'রে তাদের সঙ্গে এ বিপদে পরামর্শ চাইতে গেলেন।

আরও একটা ব্যাপার দেখলুম, তিনি হিরণ্ময়ীকে আদৌ দেখতে পারেন না। আমার সামনেই তো তাকে ভাড়া, তর্জ্জন-গর্জ্জন যথেষ্ট করলেন এ নিয়ে যে সেরাত্রে চৌধুরী-গিন্নীর পারে পড়ে কেন অহুরোধ করে নি তাকে জায়গা দেবার জন্তে। কারণ, তারা দেখলুম লাগিয়েছে যে তাদের কি আর ইচ্ছে ছিল না ওকে জায়গা দেবার? ও মেয়ের তা ইচ্ছে নয়। হিরণ্ময়ের অপরাধ সে মুখ ফুটে কারও কাছে আশ্রয় প্রার্থনা করে নি। এ ওরা বুঝল না যে হিরণ্ময়ের বরসের মেয়েরা মুখে কোন নাটুকে-ধরনের কথা বলে আশ্রয় চাইতে পারে না পরের কাছে—বিশেষ ক'রে হিরণ্ময়ীর মত একটু তেজী মেয়েরা।

আমি হিরণ্ময়ীর ভার থেকে মুক্ত হয়ে কালীগঞ্জে চলে এলুম পরদিন সকালেই। শুনেছিলুম হিরণ্ময়ীর মা ও দিদি রাণাঘাট থেকে প্রমাণাভাবে খালাস পেয়ে এসেছেন।

কালীগঞ্জে এসে বসলুম বটে, কিন্তু বিশ্বয়ের সঙ্গে লক্ষ্য করলুম, মনের কি অদ্ভুত পরিবর্তন হয়েছে। হিরণ্ময়ীর সেই শুকনো মুখখানা কেবলই মনে পড়ে, সেদিন সন্ধ্যার সময় ওর যে মুখ দেখেছিলাম, যেদিন ওর মাকে আর দিদিকে খানায় নিয়ে গেল। হিরণ্ময়ীর ব্যাথা, ... হিরণ্ময়ীর দুঃখ, ...ওই রকম বাড়িতে, ওই গায়ের আবহাওয়ায় হিরণ্ময়ীর মত মেয়ে শুকিয়ে ঝরে পড়বে। কে-ই বা দেখবে, বুঝবে ওকে? একদিন মালতীর সন্ধ্যাও ঠিক এই কথাই ভাবতুম। কত ভেবেছি। এখন বুঝি কি দুর্জয় অভিমান করেই চলে এসেছিলাম ওর কাছ থেকে! কিছুতেই সে অভিমান ভাঙলো না। তার পর দাদা মারা গেলেন, দাদার সংসার পড়ল ষাড়ে, নইলে হয়ত আবার এতদিনে কিরে যেতাম। কিন্তু বৌদিদিদের নিয়ে তো দ্বারবাসিনীর আখড়াতে গিয়ে উঠতে পারি নে? একসময় যার ভাবনায় কত বিনীত রজনী কাটিয়েছি বটেস্বরনাথ পাহাড়ে, সেই মালতী এখন আমার মনে ক্রমশঃ অস্পষ্ট হয়ে আসছে—হয়ে এসেছে। আর তো তাকে চোখে দেখলুম না? ক্রমে তাই সে দূরে গিয়ে পড়ল। কি করব, মনের ওপর জোর নেই—নইলে আমি কি বুঝতে পারি নে কত বড় ট্র্যাজেডি এটা মাহুষের জীবনের? শ্রীরামপুরের ছোট-বৌঠাকরুণ আজ কোথায়? কে বলবে কেন এমন হয়!

একদিন আবার হিরণ্ময়ীকে দেখবার ইচ্ছে হ'ল। শুখন মাস দুই কেটে গিয়েছে, কামালপুরে আর বাই নি, সেখানে আমার বাসার জিনিসপত্র এখনও রয়েছে—সেগুলো আনবার ছুতো

করেই গেলুম সেখানে। মাস দুই পরে, গ্রাম ঠাণ্ডা হয়েচে, কেবল শুনলুম হিরণ্ময়ীরা একঘরে হয়ে আছে। হিরণ্ময়ী আগের মতই ছুটে এল আমি এসেছি শুনে। এখানে ওর চরিত্রের একটা দিক আমার চোখে পড়ল—লোকে কি বলবে এ ভয় ও করে না—এখানে মালতীর সঙ্গে ওর মিল আছে। কিন্তু মালতীর সঙ্গে ওর তফাৎও আমি বুঝতে পারি। হিরণ্ময়ী যেখানে যাবে, সেখানে পেছন ফিরে আর চায় না—মালতীর নানা পিছুটান। সবাই সমান ভালো-বাসতেও পারে না। প্রেমের ক্ষেত্রেও প্রতিভার প্রয়োজন আছে। খুব বড় শিল্পী, কি খুব বড় গায়ক যেমন পথেঘাটে মেলে না—খুব বড় প্রেমিক বা প্রেমিকাও তেমনি পথেঘাটে মেলে না। ও প্রতিভা যে যে-কোন বড় স্বজনী-প্রতিভার মতই দুর্লভ। এ কথা সবাই জানে না, তাই যার কাছে যা পাবার নয়, তার কাছে তাই আশা করতে গিয়ে পদে পদে ঘা খায় আর ভাবে অল্প সবারই ভাগ্যে ঠিকমত জুটছে, সেই কেবল বঞ্চিত হয়ে রইল জীবনে। নয়ত ভাবে তার রূপগুণ কম, তাই তেমন ক'রে বাঁধতে পারে নি।

হিরণ্ময়ীর ততুলতায় প্রথম যৌবনের মঞ্জরী দেখা দিয়েছে। হঠাৎ যেন বেড়ে উঠেছে এই দু মাসের মধ্যে। আমায় বললে—কখন এলেন? আসুন আমাদের বাড়িতে। মা বলে দিলেন আপনাকে ডেকে নিয়ে যেতে। কতদিনের ছুটি দিয়েছিলেন পাঠশালাতে, দেড় মাস পরে খুলো?

—ভাল আছ হিরণ? উঃ, মাথায় কত বেড়ে গিয়েছ?

—এতদিন কোথায় ছিলেন? বেশ তো লোক। সেই গেলেন আর আসবার নামটি নেই?

হয়ত দু-বছর আগেও এ কথা কেউ বললে বেদনাতুর হয়ে ভাবতাম, আহা, দ্বারবাসিনীতে ফিরলে মালতীও আমায় এ-রকম বলত। কিন্তু সময়ের বিচিত্র লীলা। এ সম্পর্কে মালতীর কথা আমার মনেই এল না।

দু-দিন কামালপুরে রইলাম। হিরণ্ময়ী একথা ভাবে নি যে, আমি আমার জিনিসপত্র আনতে গিয়েছি ওখানে, সে ভেবেছিল আমি আবার পাঠশালা খুলব। ওখানেই থাকব। এবার কিন্তু সে আসবার সময় তর্ক, ঝগড়া করলে না, যেমন ক'রে থাকে। শুধু শুকনো মুখে এসে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখল আমার যাওয়া। ওর সে আগেকার ছেলেমানুষি যেন চলে গিয়ে একটু অল্প রকম হয়েছে। তবুও কত অহুরোধ করলে ওখানে থাকবার জগ্গে—গাঁ এখন ভাল হয়ে গিয়েছে, কেন আমি যাচ্ছি, গাঁয়ের ছেলেরা তবে পড়বে কোথায়?

কামালপুর গাঁ পিছু ফেলেছি, মাঠের রাস্তা, গরুর গাড়ি আন্তে আন্তে চলেছে। কি মন খারাপ যে হয়ে গেল! মাঠের মধ্যে কচি মটর-শাক, খেসারি-শাকের শ্রামল সৌন্দর্য্য, শিরীষগাছের কাঁচা গুঁটি ঝুলছে। বাসুদেবপুরের মরগাঙের ভাগাড়ে নতুন ঘাসের ওপর গরুর দল চ'রে বেড়াচ্ছে। হিরণ্ময়ীর নিরাশার দৃষ্টি বৃকে যেন কোথায় বিঁধে রয়েছে, খচ্, খচ্, ক'রে বাজছে। বেলা যায়-যায়, চাকদার বাজার থেকে গুড়ের গাড়ির সারি ফিরছে, বোধ হয় বেলে কি চুমাভান্ডার বাজারে রাত কাটাবে। জীবনটা কি যেন হয়ে গেল, এক ভাবি'আর হয় এক, কোথায় চলেছি আমিই জানি নে। কেনই বা অপরের মনে এত কষ্ট দিই? এই রাঙা রোদমাথানো মটর-মুসুরির মাঠ যেন বটেস্বরনাথের দিনগুলোর কথা মনে করিয়ে দেয়। এই সন্ধ্যার গন্ধার বৃকে বড় বড় পাল তুলে নৌকোর সান্নি মুল্লেরের দিকে যেত, আমি মালতীর স্বপ্নে বিভোর হয়ে পাৰাণ-বাঁধানো ঘাটের ওপর বসে বসে অন্তমনস্ক হয়ে চেয়ে চেয়ে দেখতুম। সব মিথ্যে, সব স্বপ্ন। ঐ মরগাঙের ওপারে জমা সন্ধ্যার কুয়াশার মত—ফাঁকা, দু-দিনের জিনিস। এখানে কল পাকে না। জেরুসালেম পাথরের দেশ।

এর কিছুদিন পরে হিরণ্মীর বাবা আমার কাছে এলেন কালীগঞ্জে। আমার একবার তাঁদের ওখানে যেতে হবে, হিরণ্মী বিশেষ ক'রে বলে দিয়েছে। আর একটা কথা, মেয়ের বিয়ে নিয়ে তিনি বড় বিপদে পড়েছেন। তিনি গরীব, অবস্থা আমি সবই জানি, গ্রামের সমাজে একঘরেও বটে। দু-তিন জায়গা থেকে সষক্ক এসেছিল, নানা কানাঘুষো শুনে তারা পেছিয়ে গিয়েছে। মেয়েও বেজায় একগুঁয়ে, তাকে দেখতে আসছে শুনলেই সে বাড়ি থেকে পালায়। অত বড় মেয়ে, এখনও জ্ঞান-কাণ্ড হ'ল না, চিরকাল কি ছেলেমাহুঁষি করলে মানায়? স্নতরাং তিনি বড় বিপদে পড়েছেন, আমি যদি ব্রাহ্মণের এ দায় উদ্ধার না করি তবে তিনি, কালীকান্ত গান্ধুলী, সম্পূর্ণ নিরুপায়। আমার কি মত?

আমি আর কিছুই ভাবলাম না, ভাবলাম কেবল হিরণ্মীর আশাভাঙা চোখের চাউনি আর তার শুকনো মুখ, সেদিন যখন জিনিসপত্র বাঁধছি সেই সময়কারের।

একদিন হিরণ্মী বললে—একটা কথা শোন। যেদিন তুমি প্রথম পাঠশালাতে পড়াতে এলে, আমি তোমার কাঁছে গেলাম, সেদিন থেকে তোমায় দেখে আমার কেমন লজ্জা করত। সেই জন্তে কাঁছে বসতে চাইতাম না। তার পর তুমি একদিন রাগ করলে, তাতে আমারও খুব রাগ হ'ল। তুমি তার পর বললে—আমাদের গাঁ ছেড়ে চলে যাবে। সেদিন ভয়ে আমার প্রাণ উড়ে গেল। এত কান্না আসতে লাগল, কান্না চাপতে পারি নে, পাছে কেউ টের পায়, ছুটে পেছনের সজ্জনেতলায় চলে গেলাম। সব যেন ফাঁকা হয়ে গেল মনের মধ্যে। উঃ মাগো, সে যে কি দিন গিয়েছে!

হিরণ্মী শুঁছিয়ে কথা বলতে শেখে নি এখনও।

ভগবান জানেন বিয়ের সময় কেমন যেন অশ্রমনস্ক হয়ে গিয়েছিলুম। সপ্তসমুদ্র পারের কোন্ দেশে অনেক দূরে এই সব সন্ধ্যার অস্পষ্ট অন্ধকারে একটি হান্সমুখী তরী কিশোরী প্রদীপ হাতে ভাঙা বিষ্ণুমন্দিরে সন্ধ্যা দেখাতে যেত কত যুগ আগে...পুকুরপাড়ের তমালবনের আড়ালে তার সঙ্গে সেই যে সব কত সুখ-হুঁখের কাহিনী, কত ঠাকুর-দেবতার কথা, সে সব সত্যি ঘটেছিল, না স্বপ্ন? কোথায় গেল সে মেয়েটি? আর তাকে তেমন ক'রে তো চাই না? যেন কত দূর-জন্মে তার সঙ্গে সে পরিচয়ের দিনগুলো কালের কুয়াশায় অস্পষ্ট হয়ে এসেছে—তাকে যেন চিনি, চিনি, চিনি না। কেন তার স্মৃতিতে মন আর নেচে ওঠে না? কোথায় গেল সে-সব দিন, সে-সব প্রদীপ-দেখানো সন্ধ্যা?

বছরখানেক পরে একদিন রাণাঘাট স্টেশনের প্র্যাটকর্ষে দাঁড়িয়ে আছি। মুর্শিদাবাদের ট্রেন থেকে অনেকগুলো বৈষ্ণব নামলো। তারা যাবে খুলনার গাড়িতে। তাদের মধ্যে একজনকে পরিচিত ব'লে মনে হ'ল। কাছে গিয়ে দেখি ছারবাসিনীর আখড়ার সেই নরহরি বৈরাগী—যে একবার জীবগো-স্বামীর পদাবলী গেয়েছিল। সে পয়লা নম্বরের ভবঘুরে, মাঝে মাঝে আখড়ার আসত, আবার কোথায় চলে যেত। নরহরিও আমার চিনলে, প্রণাম ক'রে বললে—এখানে কোথায় বাবু? এটা কি দেশ নাকি? আপনি তো অনেক দিন ছারবাসিনী যান নি? আর যাবেনই বা কি, সব শুনেছেন বোধ হয়, আখড়া আর সে আখড়া নেই। দ্বিধিঠাকুরণ মারা যাওয়ার পরে—

—কে?

—কেন আপনি জানেন না ? মালতী দ্বিদিঠাকরণ তো আজ বছর চারেক মারা গিয়েছেন । আমি ওর দিকে একদৃষ্টে চেয়ে রইলুম । নরহরি আপন মনেই ব'লে যেতে লাগল—এখন উদ্ধবদাসের এক ভাইপো তার সেবাদাসী নিয়ে কোথা থেকে এসে জুটেছে । সে-ই এখন কর্তা । উদ্ধবদাস তো বুড়ো হয়েছে, সে কিছু দেখে-শোনে না । এখন অতিথি-বোষ্টম গেলে আর জায়গা হয় না । মালতী দ্বিদিঠাকরণ তো মাহুষ ছিলেন না, স্বর্গের দেবী ছিলেন, কি বাপের মেয়ে ! তিনি স্বর্গে চ'লে গিয়েছেন, এখন তাঁর অত সাধের আখড়ার কি দশা হয়েছে এই চার বছরে, দেখে চোখে জল আসে বাবু । তাই বড়-একটা সেখানে ঘাই নে ।

ওরা চলে গেলে আমি স্টেশনের বাইরে সেগুনবাগানে গিয়ে কতক্ষণ ব'সে রইলাম । কতক্ষণ...কতক্ষণ । হিসেব ক'রে দেখলাম আমি যখন বটেস্বরনাথ পাহাড়ে তখনই সে মারা গিয়েছে । অর্থাৎ আমি আখড়া ছেড়ে আসবার এক বছর পরেই ।

আজ হঠাৎ মনে হ'ল তার ওপর কি সুবিচার করেছিলুম ? অভিমান ভাঙবার সুযোগও তাকে আর একবার দিই নি । আমার জীবনে সে মরে গিয়েছে অনেক দিন, যদিও খবরটা আজ পেলাম ! আমার মন অলক্ষিতে আত্মরক্ষা করেছে, বেদনার স্থানে শব্দ আবরণ গড়ে তুলেছে—শামুক যেমন আত্মরক্ষার জঞ্জো খোলা তৈরি করে । আজ সে খোলা হয়ে পড়েছে শব্দ অহুভূতিহীন—অস্তুত: এতদিন তাই ভাবতাম । কিন্তু খোলার আবরণের তলায় ব্যথার জায়গাটা আজ মনে হচ্ছে একেবারে সম্পূর্ণরূপে সারে নি ।

কে আজ উত্তর দেবে—আমি চলে এলে গোপনে একটুখানি চোখের জলও কি ফেলে নি সে কোনদিন ? বিষ্ণুমন্দিরে প্রদীপ দিতে গিয়ে কখনো একদিনও কি অশ্রুমনস্ক হয় নি ? দিনের কাজ মিটে গেলে সে যখন 'পাষাণ-দলনের অহুকরণে' বই লেখবার উদ্দেশ্য নিয়ে তার সেই খাতাখানা খুলে বসত, একদিনও কি আমার কথা মনে পড়ে নি ?...কত ঠাট্টা যে করতুম তার সেই বই লেখা নিয়ে ! আমার যদি আজ দশ হাজার টাকা থাকত, আমি চাইলেই সব টাকাই দিয়ে দিতে পারতাম, যদি এই খবরগুলো আমায় কেউ দিতে পারতো । টাকার মাল্য করতুম না—করি নি কোনদিন । এই খবরের বদলে আমি কি না দিতে পারি !

পাগলের মত কি ভাবছি যাঁতা বসে ! লাভ কি আজ এ-সব ভাবনার ? ভালই হয়েছে মালতী, তোমার সঙ্গে আর আমার দেখা হয় নি । সুন্দর জ্যোৎস্নারাতে পল্লীপ্রান্তের বনে মনুচে-লতায় ফুল ফোটে, সুবাসে পথচারীদের মন আনন্দে ভরিয়ে তোলে কিন্তু কতদিন তার আশু ? জ্যোৎস্না লুকিয়ে আঁধার পক্ষ নামে, বনফুল ঝরে যায়, পুষ্পস্বরভি হিমের রাত্রির ঘন কুয়াশার চাপা পড়ে, নয়ত অকাল বর্ষার বারিধারায় ধুয়ে মুছে যায় । মাহুষের অনেক সেবা তুমি করেছিলে, মাহুষের মনে তোমার রূপ ভগবান স্নান হ'তে দিলেন না । ফুলের সুবাস চলে গেলে বনলতা পাছে অনাদৃত হয় ! তোমার বেলা ভগবান তা সহ্য করবেন না ।

সেগুনবাগান থেকে উঠে এলুম, তখন রাত হয়ে গিয়েছে ।

একটা কথা হঠাৎ মনে পড়ল । একবার মালতীকে বলেছিলুম—আমাদের গাঁয়ে একটা হাতভাড়া বিষ্ণুমন্দির আছে । ছেলেবেলায় তাঁকে বড় ভালবাসতুম । ভগবান যদি দিন দেন, তাঁকে নিয়ে এসে তোমার বাবার মন্দিরে প্রতিষ্ঠা করব ।

দেখতে দেখতে কত দিন হয়ে গেল ।

তার পর সাত-আট বছর কেটে গিয়েছে ।...

আমার সে অল্প বয়সের ভবঘুরে জীবনের পূর্ণচ্ছেদ পড়েছে অনেক দিন । তবু সে-সব

দিনের ছন্নছাড়া মুহূর্তগুলোর অস্ত্রে এখনও মাঝে মাঝে মন কেমন করে ওঠে, যদিও এখন বুঝেছি হারানো-বসন্তের অস্ত্রে আক্ষেপ করে কোন লাভ নেই। মহাকালের বীথিপথ অনাগত দিনের শত বসন্তের পাখির কাকলীতে মুখর, যা পেলুম তাই সত্য, আবার পাব, আবার ফুরিয়ে যাবে... তার চলমান রূপের মধ্যেই তার সার্থকতা।

মালতীও চলে গিয়েছে কত দিন হ'ল, পৃথিবী ছেড়ে কোন্ প্রেমের লোকে, নক্ষত্রদের দেশে, নক্ষত্রদের মতই বয়সহীন হয়ে গিয়েছে।

কেবল মাঝে মাঝে গভীর ঘুমের মধ্যে তার সঙ্গ দেখা হয়। সে যেন মাথার শিয়রে বসে থাকে। ঘুমের মধ্যেই শুনি, সে গাইছে :—

মুক্ত আমার প্রাণের মাঠে
 খেয়ল চরায় রাখাল কিশোর
 প্রিয়জনে লয় সে হরি
 ননী খায় সে ননীচোর।

সেই আমার প্রিয় গানটা... যা ওর মুখে শুনতে ভালবাসতুম।

চোখোচোখি হ'লেই হাসি হাসি মুখে পুরনো দিনের মত তার সেই ছেলেমানুষি ভঙ্গিতে ঘাড় ছলিয়ে বলছে—পালিয়ে এসে যে বড় লুকিয়ে আছো? আখড়ার কত কাজ বাকী আছে মনে নেই?

তখন আমার মনে হয় ওকে আমি খুব কাছে পেরেছি। ঘারবাসিনীর পুকুরপাড়ের কাঞ্চনফুল-তলার দিনগুলোতে তাকে যেমনটি পেতুম, তার চেয়েও কাছে। গভীর স্মৃষ্টির মধ্যেই উজ্জ্বল হয়ে বলি—সব মনে আছে, ভুলি নি মালতী। তোমার ব্যথা দিয়ে, ব্যর্থতা দিয়ে তুমি আমাকে জয় করেছ। সে কি ভোলবার?

দেবযান

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

১

সৰ্ব্বাজীবে সৰ্বসংস্বে বৃহস্বে
অশ্বিন্ হংসো ভ্রাম্যতে ব্রহ্মচক্রে...

—শ্বেতাশ্বতর উপনিষৎ

২

ন জায়তে ত্রিয়তে বা কদাচি-
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ ।
অজ্ঞো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো
ন হনুতে হনুমান্ শরীরে ॥

—ভগবদ্গীতা

৩

But Mind, Life and Matter, the lower trilogy, are also indispensable to all cosmic beings not necessarily in the form or with the action and conditions which we know upon earth or in this material universe, but in some kind of action however luminous, however puissant, however subtle. For Mind is essentially that faculty of super-mind which measures and limits, which fixes a particular centre and views from that the cosmic movement.

SRI AUROBINDO'S
The Life Divine, Vol.I.

৪

Beyond these subtle physical planes of experience and the life-worlds there are also mental planes to which the soul seems to have an internal access...but it is not likely to live consciously there if there has not been a sufficient mental or soul development in this life...

৫

We know that he creates images of these superior planes which are often mental translations of certain elements in them and erects his images into a system, a form in actual worlds; he builds up also desire-worlds of many kinds to which he attaches a strong sense of inner reality.

Vol. III, p. 77.

৬

We arrive then necessarily at this conclusion that human birth is a term at which the soul must arrive in a long succession of rebirths and that it has had for its previous and preparatory terms in the succession the lower forms of life upon earth...

৭

“God is Love and object of Love, Divine Love is not a thing of God : it is God Himself, God needs us just as we need God, This universe is the mere visible tangible aspect of Love and of the need of love.”

HENRI BERGSON

কুড়ুলে-বিনোদপুরের বিখ্যাত বস্ত্রব্যবসায়ী রায়সাহেব ভরসারাম কুণ্ডুর একমাত্র কন্ডার আজ বিবাহ। বরপক্ষের নিবাস কলকাতা, আজই বেলা তিনটের সময় মোটরে ও রিজার্ভ বাসে কলকাতা থেকে বর ও বরযাত্রীরা এসেচে। অমন ফুল দিয়ে সাজানো মোটর গাড়ী এদেশের লোক কখনো দেখেনি। পুতুরের ধারে নহবৎ-মঞ্চে নহবৎ বসেচে, রং-বেরণের কাপড় ও শালু দিয়ে হোগলারি আসর সাজানো হয়েছে। খুব জাঁকের বিয়ে।

রাত সাড়ে ন'টা। রায়সাহেবের বাড়ীর বড় নাটমন্দিরে বরযাত্রীদের খেতে বসিয়ে দেওয়া হয়েছে। তারা সকলেই কলকাতার বাবু, কুড়ুলে-বিনোদপুরের মত অজ-পাড়াগাঁয়ে যে তাঁদের শুভাগমন ঘটেছে, এতে রায়সাহেব রুতার্থ হয়ে গিয়েচেন, বার বার বিনীতভাবে বরযাত্রীদের সামনে এই কথাই তিনি জ্ঞানাচ্ছিলেন। সভামণ্ডপ থেকে নানারকম শব্দ উথিত হচ্ছিল।

—ও কি পালমশায়, না-না—মাছের মুড়োটা ফেললে চলবে না—

—ওরে এদিকে একবার ভাতের বালতিটা (অর্থাৎ পোলাওএর বালতি—পোলাওকে ভাত বলাই নিয়ম, তাতে সভ্যতা, সূক্ষ্মিচ ও বড়মানুষী চালের বিশিষ্ট পরিচয় দেওয়া হয়) নিয়ে আয় না—এঁদের পাত যে একেবারেই খালি—সন্দেহ আর ছুটো নিতেই হবে—আজ্ঞে না, তা শুনবো না—বাটাছানার না হলেও পাড়াগাঁয়ের জিনিসটা একবার চেখে দেখুন দয়া করে—

ওদিকে যখন সবাই বরযাত্রীদের নিয়ে ব্যস্ত, নাটমন্দিরের সামনের উঠানে একপাশে বিভিন্ন গ্রামের কতকগুলি সাধারণ লোক খেতে বসেচে। তাদের মধ্যে একজন ব্রাহ্মণ, কিন্তু অত্যন্ত দরিদ্র—সে অল্প লোকদের সঙ্গে নিজের পার্থক্যবজায় রেখে একটু কোণ মেরে বসেচে। বসলে কি হবে, এদের দিকে পরিবেশনের মাহুষ আদৌ নেই—ফলে এরা হাত তুলে খালি-পাত কোলে বসে আছে।

ব্রাহ্মণযুবকের নাম যতীন। পাশের গ্রামের বেশ সৎ বংশের ছেলে। ব্যয়স তার পঁয়ত্রিশ ছত্রিশ হবে। লোকটি বড়ই হতভাগ্য। বেশ সুন্দর চেহারা, লেখাপড়া ভালই জানে, এম্-এ পর্যন্ত পড়ে গান্ধীজীর নন-কো-অপারেশনের সময় কলেজ ছেড়ে বাড়ী আছে। বিবাহ করেছিল, কয়েকটি ছেলেমেয়েও আছে, আজ কয়েক বৎসর তার স্ত্রী তার সঙ্গে ঝগড়া করে ছেলেমেয়ে নিয়ে বাপের বাড়ী গিয়ে উঠেচে। এখানে নিঃসঙ্গ আসে না, ছেলেমেয়েদেরও আসতে দেয় না। যতীনের বাপ-মা কেউ জীবিত নন—সুতরাং বড় বাড়ীর মধ্যে ওকে নিতান্তই একা থাকতে হয়, তার ওপর বোর দারিদ্র্যের কষ্ট। একজনের খরচ, তাই চলে না।

ভরসারাম কুণ্ডুর ছোটভাই ওদের পাতের সামনে দিয়ে যেতে যেতে ওকে দেখতে পেয়ে বলে উঠলো—আরে এই যে যতীন, পাচ্-টাচ্ তো সব ? ওরে কে আছিস্ এদিকে পাত্তে লুটি দিয়ে যা—

যতীনের মনটা খুশি হোল। এতক্ষণ সত্যিই তাদের এখানে দেখবার লোক ছিল না।

আয়োজন খুব বড় বটে কিন্তু পরিবেশন করবার ও দেখাশুনো করবার লোকের অভাবে সাধারণ নিমন্ত্রিতদের অদৃষ্টে বিশেষ কিছু জুটে না।

• আহাৰাদি শেষ হয়ে গেল। এখুনি পুকুরের ধারে বাজি পোড়ানো হবে, কলকাতা থেকে বরণক্ষ ভাল বাজি এনেচে, এসব পাড়াগাঁয়ে অমন কেউ দেখেনি। বাজি দেখবার জন্তে পুকুরের ধারে লোকে লোকারণ্য হয়েছে। যতীনও তাদের মধ্যে গিয়ে দাঁড়ালো।

হুম্ব শব্দে একটা হাউই আকাশে উঠে গিয়ে প্রায় নক্ষত্রের গায়ে ঠেকে ঠেকে তারপর লাল নীল সবুজ ফুল কেটে আস্তে আস্তে নিচের দিকে নামতে লাগল।

দলের অনেকে চাঁৎকার করে উঠলো, আগুন লাগবে। আগুন লাগবে।

• হু-চারবার এ রকম তারাবাজি উঠলো নামলো, কারো ঘরের চালে আগুন লাগলো না দেখে উদ্ভিন্ন লোকদের মন শান্ত হোল।

তারাবাজি একটার গায়ে একটা হুম্ব করে আকাশে উঠছিল, আর যতীন আশ্চর্য হয়ে সে দিকে দেয়ে দেখা'ছিল একদৃষ্টে উর্ধ্বমুখে।* বহুদিন ধরে সে পাড়াগাঁয়ে নিতান্ত হুবস্থায় পড়ে আছে, অনেকদিন ভাল কিছু দেখে নি। কলকাতার সে ছাত্রজীবন এখন আর মনে পড়ে না যেন—সে সব যেন গত জন্মের কাহিনী।

স্বতোরগাছির মেঘনাথ চক্ৰতি গুকে দেখে বল্ল—এই যে যতীন। আজ রায়সাহেবের বাড়ী খেলে নাকি? তোমার নেমন্তন্ন ছিল; তা তোমাদের বলতে সাহস করে—কই আমাদের বলুক দিকি? ছোট জাত তিলি-তামল, না হয় দুটো টাকাই হয়েছে, তা বলে ব্রাহ্মণদের নেমন্তন্ন করে খাওয়াবে বাড়ীতে!...তোমরা গিয়ে গিয়ে নিজের মান খুইয়েচ তাই তোমাদের বলতে সাহস করে—ছিঃ—

যতীন যখন বাড়ী পৌঁছলো তখন রাত্রি দ্বিপ্রহর।

বাশবনের মধ্যে হু'ড়ি পথ পেরিয়ে গুর পৈতৃক আমলের কোঠা। অনেকগুলো ঘরদোর, বাইরে চণ্ডামণ্ডপ, তবে এখন সবই শ্রীহীন। একটা ধানের বড় গোলা ছিল, অর্ধকষ্টে পড়ে গত মাঘমাসে সে সাড়ে সাত টাকায় গোলাটা বিক্রী করে ফেলেচে। গোলার ইটে-গাঁথুনি-সিঁড়ি ক'থানা মাত্র বর্তমান আছে।

আলো জ্বলে নিজের বিছানাটা পেতে নিয়েই সে আলোটা নিভিয়ে দিলে—ভেলের পয়সা জোটে কোথা থেকে যে আলো জালিয়ে রাখবে। অঙ্ককার শূন্য বাড়ীতে একা বসলেই মনে পড়ে আশালতার কথা।

আশালতা কি করে এত নিষ্ঠুর হতে পারলে? বিয়ের পক্ষে প্রথম পাঁচ বছরের কথা মনে হোলে তার বৃকের মধ্যে কেমন করে গুঠে। এই ধরনের কত আৰণ-রাজিতে ঐ ছাদে সে কত নিভৃত আনন্দ-মুহূর্তের কাহিনী ঐ বাড়ীর বাতাসে আজও বাজে, কত মিষ্টি কথা, কত চাপা হাসি, কত সপ্তেম চাহনি।

মনে পড়ে তারা দুজনে একসঙ্গে তারকের গিয়েছিল একবার, তখন যতীনের বড় ছেলোট

আট মাসের শিশু। যাবার আগের দিন রাতে আশা রাত একটা পর্যন্ত জেগে খাবার তৈরী করলে। বলে, তোমায় কোথাও বাজারের খাবার খেতে দেবো না। নানারকম অস্থখ করে যা-তা খাবার খেলে। তার চেয়ে তৈরী করে নিলুম, সস্তাও হবে কেনা খাবারের চেয়ে। ওখানে, গিয়ে বাবার প্রসাদ খেলেই চলবে, পথে এই যা করে নিলুম এতেই কুঁলিয়ে যাবে।

পথে ছুঁছুঁমি করে যতীন সব খাবার খেয়ে ফেলেছিল নৈহাটি যাবার আগেই, আশাকে ঠকাবার জন্তে। নৈহাটি স্টেশনে খাবার খেতে চাইলে আশা অপ্রতিভ হয়ে পড়লো, খাবার একটুকরোও নেই। যতীন হেসে বলে—কেমন, বাজারের খাবার কিনতে হবে না যে বড়! এখন কি হয় ?

হয়তো অতি তুচ্ছ ঘটনা। কিন্তু এই তুচ্ছ ঘটনাই পরের পাঁচ ছ'মাস তাদের দুজনকে অফুরন্ত হাসির ফোয়ারা জুগিয়েছিল।—মনে আছে সেই নৈহাটি স্টেশনের কথা ? কি হয়েছিল বল তো ?

—যাও যাও, পেটুক গণেশ কোথাকার! আমি কি করে জানবো যে—ইত্যাদি ইত্যাদি...

আহা, প্রথম যৌবনের স্বপ্নে রঙীন রাগ-সাগরের লীলাচঞ্চল বাঁচিমালার সে কত চপল নৃত্য! কোথায় মিলিয়ে গিয়েচে, মিশিয়ে গিয়েচে, অতলতলে ভলিয়ে গিয়েচে সে সব দিন—তার ঠিকানা নেই, খোঁজ নেই, খবর নেই।

সেই আশালতা আছে তার বাপের বাড়ীতে। আজ পাঁচ বছরের মধ্যে একখানা চিঠি দেয়নি যে তার স্বামী বেঁচে আছে না মরেচে। সেও শশুরবাড়ী যায় না; একবার বছর-তিনেক আগে গিয়েছিল, নিতান্ত না-খাকতে পেরে। আগে থেকে একখানা চিঠি গিয়োঁচল যে সে যাচ্ছে।

দুপুয়ের আগে সে গিয়ে পৌঁছুলো। অনেক আগ্রহ করে দিয়েছিল। শান্তুড়াঠাকুরণ রান্না-ঘরের দাওয়ান বসে কুটনো কুটছিলেন, তাকে দেখে যন ভূত দেখলেন। যতীন গিয়ে তাকে প্রণাম করে পায়ের ধুলো নিতেই তিনি উদাসীন স্বরে বলেন—খাক খাক হয়েচে, তারপর, এখন কি মনে করে এখানে ?

—এই সব দেখাশুনো করতে এলাম। ছেলেমেয়ে সব ভাল আছে ? কোথায় সব ?

—ঐ যে বাইরের দিকে খেলা করচে—ডেকে দিচ্ছি।

যতীনদুপুর কথটা লজ্জায় উল্লেখ করতে পারলে না।

ছেলেমেয়েদের সঙ্গে দেখা করলে। তাদের মায়ের কথা জিজ্ঞেস করতে গিয়ে যতীনের মনে হোল তারা কি একটা যেন ঢাকচে। ছেলেমেয়েও সব পর হয়ে গিয়েচে, ওর কাছে বড় একটা ঘেঁষতে চায় না আর। ছোট মেয়েটা তো তাকে দেখে নি বলেই হয়, আশা যখন চলে এসেছিল তখন খুকীর বয়স এক বছর মাত্র।

খাওয়ান-দাওয়ান সময়েও আশাকে দেখা গেল না। তার ঘরেও নয়। ওর মনে ভয় হোল, আশা বেঁচে আছে তো? লজ্জা ও সন্কোচ কাটিয়ে শান্তুড়ীকে জিজ্ঞেস করলে—ওদের মা কোথায়? দেখচি নে যে ?

শান্তুড়ী তাড়াতাড়ি বলেন—সে এখানে নেই বাপু। সে আজ দিন-দশেক হোল। গিয়েচে তার

দিদির শশুরবাড়ী বারাসতে। তারা অনেকদিন থেকে নিশ্চয় যাবে নিশ্চয় যাবে করছিল, তা আমি বলি যাক বাপু দুদিন একটু বেড়িয়ে আসুক। জীবনে তো তার স্বথের সীমে নেই।

যতীন ভীষণ নিরাশ হোল। সে যে কত কি মনে ভেবে এসেচে, আশাকে বলবে—চল আশা, যা হবার তা হয়ে গিয়েচে—ঘরের লক্ষ্মী ঘরে চলো। কাকে নিশ্চয় কাটাই বলা তো তুমি যদি এমন করে থাকবে?

তারপর শান্তুড়ীকে জিজ্ঞেস করলে—কবে আসবে?

—আসা-আসির এখন ঠিক নেই। এ মাসে তো নয়ই, পুজোর সময় পর্যন্তও থাকতে পারে। এখানে রন্ধবার লোক নেই, বুড়োমানুষ এতগুলো লোকের ভাতজল করিচি ছুবেলা, প্রাণ বেরিয়ে গেল।

শেষের কথাটি যে তাকে চলে যাবার ইঙ্গিত, যতীনের তা বুঝতে দেরি হোল না। বিকেলের দিকেই সে ভয়মনে বাড়ীর দিকে রওনা হোল। পথে তার খুড়তুতো শালী আন্না, দশ বছরের মেয়ে, অশখ-তলায় দাঁড়িয়ে ছিল। ওকে দেখে কাছে এসে বসে—দাদাবাবু, আজই এলেন, আজই চলেন যে! রইলেন না?

—না, সব দেখাশুনো করে গেলুম। তা ছাড়া তোয় দিদি তো এখানে নেই, অনেকদিন পরে এলুম, প্রায় বছর দুই পরে, দেখাটা হোল না।

আন্না কেমন এক অস্তুত ভাবে গুর দিকে চাইলে—তারপরে এঁদিক ওঁদিক চেয়ে স্বর নিচু করে বসে—একটা কথা বলবো দাদাবাবু, কাউকে বলবেন না আগে বলুন!

যতীন বসে—না, বলছি নে। কি কথা রে আন্না?

—দিদি এখানেই আছে, কোথাও যায় নি। আপনার আসবার খবর পেয়ে চৌধুরীদের বাড়ী গুর সই-মার কাছে লুকিয়ে আছে। জ্যাঠাইখা আমাদের শিথিয়ে দিয়েছে আপনার কাছে এসব কথা না বলতে।

যতীন বিস্মিত হয়ে বসে—ঠিক বলচিস্ আন্না!

পরই বালিকার সরল চোখের দিকে চেয়ে বুঝতে পারলে এ প্রশ্ন নিরর্থক। সে দৃষ্টিতে মিথ্যার ভাঁজ ছিল না।

যতীন চলে আসচে, আন্না বসে—আজ থেকে গেলেন না কেন দাদাবাবু?

—না, থাকা হবে না আন্না। বাড়ীতে কাজকর্ম ফেলে এসেচি বুঝলি নে?

আন্না আবার বসে—দিদিকে একবার চুপি চুপি বলে আসবো যে আপনি চলে যাচ্ছেন, যদি দেখা করে? যাবো দাদাবাবু?

বালিকার স্বরে করুণা ও সহানুভূতি মাখানো। সে ছেলেমানুষ হলেও বুঝেছিল যতীনের প্রতি তার শশুরবাড়ীর আচরণের রুচতা। বিশেষ করে তার নিজের স্ত্রীর।

যতীন অবিশ্বি রইল না, চলেই এল।

চলে এল বটে, কিন্তু যে যতীন গিয়েছিল, সে যতীন আর আসে নি। মনভাঙা দেহটা কোনো রকমে বাড়ীতে টেনে এনেছিল মাত্র।

তারপর দীর্ঘ তিন বছর কেটে গিয়েছে। একথা ঠিক যে, সে রকম বেদনা তার মনে এখন আর নেই, থাকলে সে পাগল হয়ে যেতো। সময় তার ক্ষতে অনেকখানি প্রলেপ বুলিয়ে জালা জুড়িয়ে এনেছে। কিন্তু এমন দিন, এমন রাত্রি আসে যখন স্মৃতির দংশন অসহ্য হয়ে ওঠে।...

তবুও নীরবে সহ্য করতে হয়। তা ছাড়া আর উপায় কিছু তো নেই। এই ক'বছরের মানসিক যন্ত্রণায় ওর শরীর গিয়েছে, মন গিয়েছে, উৎসাহ নেই, আগ্রহ নেই, অর্থ উপার্জনের স্পৃহা নেই, মান-অপমান বোধ নেই।

যে যা বলে বলুক, দিন কোনো রকমে কেটে গেলেই হোল। কিসে কি এসে যায়? তেলি-তামলির বাড়ী নেমস্তন্ন খেলেই বা কি, রবাহুত অনাহুত গেলেই বা কি, লোকে নিন্দে করলেই বা কি, প্রশংসা করলেই বা কি। কিছু ভাল লাগে না--কিছু ভাল লাগে না।

২

যতীনের পৈতৃক বাড়ীটা নিতান্ত ছোট নয়। পূর্বপুরুষেরা এক সময়ে মনের আনন্দে ঘরদোর করে গিয়েছেন। এখন এমন দাঁড়িয়েছে যে সেগুলো মেরামত করবার পয়সা জোটে না। পূর্বদিকের আলুসেটা কাঠালের ভাল পড়ে জখম হয়ে গিয়েছে বছর দুই হোল। মিস্ত্রী লাগানোর খরচ হাতে আসে নি বলে তেমনি অবস্থাতেই পড়ে রয়েছে।

গত ত্রিশ বৎসরের কত পদচিহ্ন এই বাড়ীর উঠানে। বাবা...মা...বউদিদি...মেজদিদি... পিসিমা...দুই ছোট ভাই...আশা...খোকা-খুকীরা...

কত ভালবাসতো সবাই...সব স্বপ্ন হয়ে গেল...কেউ নেই আজ...

সে শিক্ষিত বলে আগে গ্রামের লোক-জনের খুব মেনে চলতো। এখন তারা দেখেছে যে শিক্ষিত হয়েও তার এক পয়সা উপার্জন করবার শক্তি নেই, এতে এখন সবাই তাকে ঘৃণা করে। তার নামে যা-তা বলে।

আশা যখন প্রথম প্রথম বাপের বাড়ী গিয়েছিল, তখন লজ্জা ও অপমান ঢাকবার জন্যে যতীন গায়ে সকলের কাছে বলে বেড়াতো—শান্তুড়ী-ঠাকুরগণের হাতে অনেক টাকা আছে—কোন দিন মরে যাবেন, বয়েস তো হয়েছে। এদিকে বড় মেয়ে প্রায়ই মার কাছে থাকে, পাছে টাকার সবটাই বেহাত হয়ে যায় তাই ও বলে—আখো, এই সময়টা কিছুদিন মার কাছে গিয়ে থাকি গে। নইলে কিছু পাবো না।

এই কৈফিয়ৎ প্রথম প্রথম খুব কার্যকরী হয়েছিল বটে। তারপর বছরের পর বছর কেটে গেল, এখন লোকে নানারকম ব্যঙ্গ-বিদ্রূপ করে। কেউ বলে, অনেকদিন হয়ে গেল, এইবার গিয়ে বৌকে নিয়ে এসো গে যতীন। শান্তুড়ীর টাকার মায়া ছেড়ে দাও, বড়ী সহজে মরবে না।

পিছনে কেউ বলে—এই মোটর গাড়ীর শব্দ ওঠে আখো না! যতীনের বৌ টাকার পুঁটুলি নিয়ে মোটর থেকে নেমে বলবে—এই নাও পাচ হাজার টাকা। তোমার টাকা তুমি রাখো। কি করবে করো—আমি খালাস হই তো আগে! এই ধরো পুঁটুলিটা।

তা ছাড়া আরও কত রকমের কথা বলে—সে সব এখানে ব্যক্ত করবার নয় ।

এই সমস্ত ব্যঙ্গ-অপমান যতীনকে বেমালুম হজম করে ফেলতে হয় । সঙ্গে গিয়েচে, আর লাগে না—মাঝে মাঝে কষ্ট হয় মাহুষের নিষ্ঠুরতা বর্বরতা দেখে । একটা সহানুভূতির কথা কেউ বলে না, কেউ এতটুকু দরদ দেখায় না—কি মেয়ে, কি পুরুষ । সংসার যে কি ভয়ানক আয়গা, দুঃখে কষ্টে না পড়লে বোঝা যায় না । দুঃখীকে কেউ দয়া করে না, সবাই ঘৃণা করে ।

মাহুষ হয়ে মাহুষকে এত কষ্ট দিতে পারতো না যদি একটু ভেবে দেখতো । কিন্তু অধিকাংশ মাহুষের চিন্তার বালাই নেই তো !

এসব ভেবে কষ্ট হয় বটে, কিন্তু এসব সে গায়ে মাখে না । গা-সওয়া হুগে গিয়েচে মাহুষের নিষ্ঠুরতা, মাহুষের অপমান । এর পরেও সে লোকের বাড়ীতে ভাত চেয়ে খায় । কোনদিন লোকে দেয়, কোনদিন দেয় না—বলে, বাড়ীতে অন্নথ, বাঁধবার লোক নেই—বড়ই লজ্জিত হোলাম ভাই...ইত্যাদি ।

যতীনের বাড়ীর পেছনে খিড়কির বাইরে ছোট্ট একটু বাগান আছে, তাতে একটা বড় পাতিলেবুর গাছ আছে । যেদিন কোথাও কিছু না মেলে, গাছের লেবু তুলে সে বিনোদপুরের হাটে বিক্রী করতে নিয়ে যায়, আম কাঠালের সময় গাছের আম কাঠাল মাথায় করে হাটে নিয়ে যায় । এতেও লোকে নিন্দে করে—শিক্ষিত লোক হয়ে ভদ্রসমাজের মুখ হাসাচ্ছে । রায়সাহেব ভরদারাম কুণ্ড কেন তার বাড়ীর কাজকর্মে ব্রাহ্মণদের নেমন্তন্ন করতে সাহস না করবে ?

এক সময়ে বড় বই পড়তে ভালবাসতো সে । অনেক ভাল ভাল ইংরিজি বই ছিল, সংস্কৃত বই ছিল তার ঘরে—কতক নষ্ট হয়ে গিয়েচে, কতক সে-ই বিক্রী করে ফেলেচে অভাবে পড়ে । এইসব নির্জন রাত্রে বইগুলোর জগ্গে সত্যি মনে কষ্ট হয় ।

এইরকম নির্জন রাত্রে বহুদিন আগেকার আর একজনের কথা মনে পড়ে । সে স্বপ্ন হয়ে গিয়েচে অনেকদিন । তুলেও তাকে গিয়েছিল, কিন্তু আশা চলে যাওয়ার পরে তার কথা ধীরে ধীরে জেগে উঠেচে ।

গত পাঁচ বছরে যতীন অনেক শিখেচে । মাহুষের দুঃখ বুঝতে শিখেচে, নিজের দুঃখে উদাসীন হয়ে থাকতে শিখেচে, জীবনের বহু অনাবশ্যক উপকরণ ও আবর্জনাকে বাদ দিয়ে সহজ অনাড়ম্বর সত্যকে গ্রহণ করতে শিখেচে ।

বর্ষার শেষে যতীন পড়ল অশুখে । একা থাকতে হয়, এক ঘটি জল দেখার মাহুষ নেই । মাথার কাছে একটা কলসী রেখে দিত—স্বতক্ষণ শক্তি থাকতো নিজেই জল গড়িয়ে খেত—যখন না থাকতো শুয়ে চিঁ চিঁ করত । গায়ের লোক একেধারেই যে দেখেনি তা নয়, কিন্তু সে নিতান্ত দায়দারা গোছেয় দেখা । তারা দোরের কাছে দাঁড়িয়ে উঁকি মেয়ে দেখে যেতো—হয়তো ছেলেমেয়ের হাতে দিয়ে কচিং এক বাটি সাবুও পাঠিয়ে দিতো—সেও দায়দারা গোছেয় । সে দেওয়ার মধ্যে স্নেহ ভালবাসার স্পর্শ থাকতো না ।

অনেকে পরামর্শ দিত—ওহে, বোমাকে এইবার একথানা পত্র দাও । তিনি আশুন—না

এলে এই অবস্থায় কে দেখে, কে শোনে, কে একটু জল মুখে দেয়। আমাদের তো সব সময় আসা ঘটে ওঠে না, বুঝতেই তো পারে, নানারকম ধাক্কাতে খুরতে হয়। নইলে ইচ্ছে তো করে, তা কি আর করে না?...ইত্যাদি।

এ কথার কোনো উত্তর সে দিত না।

৩

আশ্বিন মাসের মাঝামাঝি যতীন সেয়ে উঠলো। যার কেউ নেই, ভগবান তাকে বোধ হয় বেশিদিন যন্ত্রণা ভোগ করান না। হয় সারান, নয় সারাবার ব্যবস্থা করেন। বৈকালের দিকে নদীর ধারের মাঠে সে বেড়াতে গেল। একটা বড় জায়গায় একটা বড় বাবলা কাঠের গুঁড়ি পড়ে। চারিদিক ঘিরে সেখানে বনঝোপ। পড়ন্ত বেলায় পাখীর দল কিচ্-কিচ্-করচে, কেলেকোঁড়া লতায় শরতের প্রথমে স্তম্ভিত ফুল ফুটেচে, নির্মেষ আকাশ অদ্ভুত ধরনের নীল।

গাছের গুঁড়িটার ওপর সে দেহ এলিয়ে দিয়ে আধ-শোওয়া অবস্থায় রইল। শরীর দুর্বল, বেশিক্ষণ দাঁড়াতে বা বসতে কষ্ট বোধ হয়।

ওর মনে একটা ভয়ানক কষ্ট...বিশেষ করে এই অস্থিটা থেকে ওঠবার পরে। মনটা কেমন দুর্বল হয়ে গিয়েচে যোগে পড়ে থেকে। নইলে যে আশালতা অত নিষ্ঠুর ব্যবহার করেচে তার সঙ্গে, রোগশয্যায় পড়ে সেই আশালতার কথাই অনবরত মনে পড়বে কেন। শুধু আশালতা... আশালতা...

না, চিঠি সে দেবে না—দেয়ও নি। মরে যাবে তবুও চিঠি দেবে না। মিথ্যে অপমান কুড়িয়ে লাভ কি, আশালতা আসবে না। যদি না, অসুখে, তার বুক বড় বাজবে, পূর্বের ব্যবহার সে খানিকটা এখন ভুলেচে, স্বেচ্ছায় নতুন দুঃখ বরণ করার নিবুদ্ধিতা তার না হয়। সে অনেক দুঃখ পেয়েচে, আর নয়।

সব মিথ্যে... সব ভুল...প্রেম, ভালবাসা সব দুদিনের মোহ। মূর্খ মানুষ যখন মজে, হাবুডুবু খায়, তখন শত রঙীন কল্পনা তাতে আরোপ করে প্রেমাস্পদকে ও মনের ভাবকে মহনীয় করে তোলে। মোহ যখন ছুটে যায়, অপস্রিয়মাণ ভাঁটার জল তাকে শুষ্ক বালুর চড়ায় একা ফেলে রেখে কোন্ দিক দিয়ে অন্তর্হিত হয় তার হিসেব কেউ রাখে না।

এই নিভৃত প্ৰতিভাতানে, এই বৈকালের নীল আকাশের তলে বসে সে অস্থির করলে জগতের কত দেশে, কত নগরীতে, কত পল্লীতে কত নরনারী, কত তরুণ, কত নবযোবনা বালিকা প্রেমের ব্যবসারে দেউলে হয়ে আজ এই মুহূর্তে কত যন্ত্রণা সহ্য করচে। নিরুপায় অসহায় নিভান্ত দুঃখী তারা। অর্থ দিয়ে সাহায্য করে তাদের দুঃখ দূর করা যায় না। কেউ তাদের দুঃখ দূর করতে পারে না। এই সব দুঃখীদের দেও একজন। আজ পৃথিবীর সকল দুঃখীর সঙ্গে সে যেন একটা অদৃশ্য যোগ অস্থির করলে নিজের ব্যথার মধ্যে দিয়ে।

দারিদ্র্যকে সে কষ্ট বলে মনে করে না। কেউ তাকে ভালবাসে না, এই কষ্টই তাকে যন্ত্রণা

দিয়েচে সকলের চেয়ে বেশি। আশা যদি আবার আজ ফিরে আসে—পুরোনো দিনের আশা হয়ে ফিরে আসে—সে নতুন মানুষ হয়ে যায় আজ এই মুহূর্তে। দশটি বছর বয়েস কমে যায় তার।

যাক, আশার কথা আর ভাববে না। দিনরাত ঐ একই চিন্তা অসহ্য হয়ে উঠেচে। সে পাগল হয়ে যাবে নাকি ?

হঠাৎ সে দেখলে হাউ হাউ করে কাঁদচে।

একি ব্যাপার! ছিঃ ছিঃ—নাঃ, সে সত্যিই পাগল হবে দেখছি। যতীন কাঠের গুঁড়িটা থেকে তাড়াতাড়ি উঠে ব্যস্তভাবে পায়চারি করতে লাগলো। নিজেকে সে সংযত করে নিয়েচে—খায় সে ও কথাই ভাববে না। যে গিয়েচে, ইচ্ছে করে যে চলে গিয়েচে, তাকে মন থেকে কেটে বাদ দিতে হবে—হবেই। কেটে বাদই দেবে সে।

যতীন বাড়ী ফিরে এল। অন্ধকার বাড়ী, অন্ধকার দোর। ভাড়া তক্তাপোশের ওপর তার রাজশয্যা তো পাতাই আছে। সে কেউ ঝাড়েও না, পাতেও না, তোলেও না। অন্ধকারের মধ্যে শয্যায় দেহ প্রসারিত করে শোবার সময় একবার তার মনে হোল—সেই আশা কেমন করে এমন নিষ্ঠুর হতে পারলে!

সেই রাতেই যতীনের আবার খুব জ্বর হোল। হয়তো এতখানি পথ যাতায়াত করা, এত ঠাণ্ডা লাগানো দুর্বল শরীরে তার উচিত হয় নি। পরদিন দুপুর পর্যন্ত সে অঘোর অচেতন হয়ে পড়ে রইল—কেউ খোঁজখবর নিলে না। দুপুরের পর বোষ্টমদের বৌ ওদের উঠানে তাদের পোষা ছাগল খুঁজতে এসে অত বেলা পর্যন্ত ঘরের দোর বন্ধ দেখে বাড়ী গিয়ে খবর দিলে। সে সকালের দিকে আরও দুবার এদিকে কি কাজে এসে দোর বন্ধ দেখে গিয়েছিল।

বিকেলের দিকে সন্ধ্যার কিছু আগে তার জ্বর কমলে সে নিজেই দোর খুললে। কিন্তু এক পাও বাইরে আসতে পারলে না। বিছানায় গিয়েই শুয়ে পড়লো। তৃষ্ণায় তার জিব শুকিয়ে গিয়েচে। কাছাকাছি কারো বাড়ী নেই যে, ডাকলে শুনতে পাবে। বেশি চেষ্টানোরও শক্তি নেই।

সকালে কেউ দেখতে এল না। এর একটা কারণ ছিল। যতীনের বাড়ী ইদানীং বড় একটা কেউ আসতো না। এক ছিলিম তামাকও যেখানে খেতে না পাওয়া যাবে, পাড়ারগায়ে সে-সব জায়গায় লোক বড় যাতায়াত করে না। কাজেই দুদিন কেটে গেল, যতীনের ঘরের দোর বন্ধ রইল, কেন লোকটা দোর খুলছে না, এ দেখবার লোক জুটলো না। পরের দিন অনেক বেলায় বোষ্টম-বৌ আবার ছাগল খুঁজতে এসে অত বেলায় যতীনের দোর বন্ধ দেখে ভাবলে—যতীন ঠাকুর কত বেলা পর্যন্ত ঘুমুচে আজকে!...বেলা দশটা বাজে এখনও পাড়া-শর নেই! বেলা বারোটায় সময় এফবার কি ভেবে আবার এসে দেখলে তখনও দোর বন্ধ। ব্যাপারটা সে বুঝতে পারলে না। পাড়ার মধ্যে খবরটা বুলে।

পাড়ার দু-চারটা ষণ্ডাশুণ্ডা গোছের সুবক এসে ডাকডাকি করতে লাগলো।

—ও যতীন-দা, এত বেলায় ঘুম কি, দোর খুলুন—ও যতীন-দা—

কেউ সাড়া দিলে না। আরও লোকজন জড় হোল—দোর ভাঙা হোল।

যতীন বিছানায় মরে কাঠ হয়ে আছে। কতক্ষণ মরেচে কে জানে, দুঘণ্টাও হতে পারে, দশঘণ্টাও হতে পারে।

তখন সকলে খুব দুঃখ করতে লাগলো। বাস্তবিকই কারো দোষ ছিল না। যতীন লোকটা আজকাল কেমন হয়ে গিয়েছিল, লোকজনের সঙ্গে তেমন করে মিশতো না, কথাবার্তা বলতো না বলে লোকেও এদিকে বড় একটা আসতো না। সুতরাং যতীনের আবার অসুখ হয়েছে, এ খবরও কেউ রাখে না।

নবীন বাঁদুয়্যৌ বলেন—আহা, ভবতারণ-দা'র ছেলে! ওর বাবার সঙ্গে একমুহুরে পাশা খেলেচি আমাদের চণ্ডীমণ্ডপে বসে। লোকটা বেঘোর মারা গেল। তাই-কি আমি জানি ছাই যে এমনি একটা অসুখ হয়েছে (বাস্তবিকই তিনি জানতেন না), আমার স্ত্রী আর আমি এসে রাত জাগতাম। আর সে বৌটিরই বা কি আঙ্কেল—ছ'বছরের মধ্যে একবার চোখের দেখা দেখলে না গা—হ্যাঁ?

সকলে একবাক্যে যতীনের বৌ-এর উদ্দেশে বহু গালাগালি করলে।

যতীনের মৃতদেহ যখন শ্মশানে সংকায়ের জন্তে নিয়ে যাওয়া হোল, তখন বেলা দুটোর কম নয়।

৪

যতীন হঠাৎ দেখতে পেলে তার খাটের পাশে পুষ্প দাঁড়িয়ে তার দিকে চেয়ে মুহু মুহু হাসচে।...

পুষ্প! এক সময় পুষ্পের চেয়ে তার জীবনে শ্রিয়তর কে ছিল?

দুজনে—

নৈহাটির ঘাটে

বসে পৈঠার পাটে

কত খেলেচি ফুল ভাসিয়ে জলে—

সেই পুষ্প।

নৈহাটির ঘাট নয়—সাগর-কেওটার বুড়োশিবতলার ঘাট। নৈহাটির আরপারে। সেখানে ছেলেবেলায় তার মাসীমার জীবদ্দশায় সে কতবার গিয়েচে। এক এক সময় ছ'মাস আটমাস মাসীমার-কাছেই সে থাকতো। মাসীমার ছেলেপুলে ছিল না, যতীন ছিল তার চক্ষের মণি। তারপর মাসীমা মারা গেলে, মেসোমশায় দ্বিতীয়বার দারপরিগ্রহ করলেন, সাগর-কেওটাকে মাসীমার বাড়ীর দরজা চিরদিনের মত বন্ধ হয়ে গেল ওর কাছে।

বুড়োশিবতলায় পুরোনো মন্দিরের কাছে ছিল ওর মাসীমার বাড়ী আর রাস্তার ওপাশেই ছিল পুষ্পদের বাড়ী। পুষ্পর বাবা শ্রামলাল মুখ্যো বাঁশবেড়ের বাবুদের জমিদারিতে কি কাজ করতেন। পুষ্প ছিল ভারি জ্বন্দরী মেয়ে—তার হাসি—সে হাসি কেবল পুষ্পই হাসতে পারতো।

দোষের মধ্যে পুষ্প ছিল অত্যন্ত গর্বিত মেয়ে। তার বিশ্বাস ছিল তার মত সুন্দরী মেয়ে এবং তার বাবার মত সম্ভ্রান্ত লোক গঙ্গার ওপারে কোথাও নেই।

ধীরে ধীরে পুষ্পের সঙ্গে ওর আলাপ হয়, ধীরে ধীরে সে আলাপ জমে। ও তখন তেরো বছরের ছেলে, পুষ্প তেরো বছরের মেয়ে। সমান বয়স হোলে কি হবে, বাচাল ও বুদ্ধিমতী পুষ্পের কাছে যতীন ভেসে যেত। পুষ্প চোখে-মুখে কথা কইতো, যতীন সপ্রশংস দৃষ্টিতে তার গর্বিত সুন্দর মুখের দিকে নীরবে চেয়ে রইত। মস্ত অশখগাছ যে পুরোনো ঘাটটার ওপরে, যেটার নাম সেকালে ছিল বডোশিবতলার ঘাট, ওই ঘাটে কতদিন সে ও পুষ্প একা বসে গল্প করেছে, জগদ্ধাত্রী পূজার ভাসানের দিন পাপরভাঙ্গা কিনে ঘাটের রানার ওপর বসে দুজনে ভাগ ধরে খেয়েচে। কেমন করে যে সেই রূপ-গর্বিতা বালিকা তার মত সাদাসিধে ধরনের বালককে অত পছন্দ করেছিল, অত দিনরাত মিশতো, নিত্য তাদের বাড়ী না গেলে অহুযোগ করতো—এ সব কথা যতীন জানে না, সে সব বোঝবার বয়স তখন ওর হয়নি।

দু-দশ দিন নয়, দেড় বছর দুবছর ধরে দুজনে কত খেলা করেছে, কত গল্প করেছে, কত ঝগড়া করেছে, পরস্পরের নামে পরস্পরের গুরুজনের কাছে কত লাগিয়েচে, আবার দুজনে পরস্পরে যেচে সেধে ভাব করেছে—সে কথা লিখতে গেলে একখানা ইতিহাসের বই হয়ে পড়ে।

মাসীমার মৃত্যুর পরে কেওটার পথ বন্ধ হোল। বছরখানেকের মধ্যে পুষ্পও বসন্ত হয়ে মারা গেল। দেশে থাকতে পুষ্পের মৃত্যুসংবাদ মেসোমশায়ের চিঠিতে সে জেনেছিল। তারপর তেরো বছর কেটে যাওয়ার পরে ছাব্বিশ বছর বয়সে যতীন বিবাহ করে। বালোর তেরো বছর—বছরদিন। পুষ্প তখন ক্ষীণ স্মৃতিতে পর্ধবসিত হয়েছে। তারপর আশালতার সঙ্গে নবীন অহুরাগের রঙীন দিনগুলিতে পুষ্প একেবারে চাপা পড়ে গেল। কিন্তু চাপা পড়ে যাওয়া আর ভুলে যাওয়া এক জিনিস নয়। মায়ুষের মনের সন্ধিরে অনেক কক্ষ, এক এক কক্ষে এক এক প্রিয় অতিথির বাস। সে কক্ষ সেই অতিথির হাসিকান্নার সৌরভে ভরা, আর কেউ সেখানে ঢুকতে পারে না। প্রেমের এ অতিথিশালা বড় অদ্ভুত, অতিথি যখন দূরে থাকে তখনও যে কক্ষ সে একবার অধিকার করেছে সে তারই এবং তারই চিরকাল। আর কেউ সে কক্ষে কোনো দিন কোনো কালে ঢুকতে পারে না। সে যদি আর ফিরেও না আসে কখনো, চিরদিনের জঞ্জাই চলে যায়—এবং জানিয়ে দ্বিগুণে যায় যে সে ইহজীবনের মতই চলে যাচ্ছে—তখন তার সকল স্মৃতির সৌরভ স্ফুট সে ঘরের কবাট বন্ধ করে দেওয়া হয়—তারই নাম লেখা থাকে সে দোরের বাইরে। তার নামেই উৎসর্গীকৃত সে ঘর আর-কারো অধিকার থাকে না দখল করবার।

পুষ্পের ঘরের কবাট বন্ধ ছিল—চাবি দেওয়া, বাইরে ছিল পুষ্পের নাম লেখা। হয়তো চাবিতে মরচে পড়েছিল, হয়তো কবাটের গায়ে ধুলো মাকড়সার জাল জমেছিল, হয়তো এ ঘরের সামনে অনেক দিন কেউ আসে নি, কিন্তু সে ঘর দখল করে কার সাধ্য? আশালতা সে ঘরে ঢোকেমি—আশালতার ঘর আলাদা।

সেই পুষ্প।

যতীন অবাক দৃষ্টিতে গুর দিকে চেয়ে রইল। প্রথমেই যে কথাটা গুর মনে উঠলো সেটা এই যে, পুষ্পের সঙ্গে শেষবার দেখা হওয়ার পরে যে বছর বছর কেটে গিয়েচে—তেরো বছর পরে সে বিয়ে করে আশাকে, বিয়ে করেচেও আজ দশ বছর—এই দীর্ঘ, দীর্ঘ তেইশ বছর পরে কেওটার বুড়ো শবতলার ঘাটের সেই রূপসী মেয়ে বালিকা পুষ্প কোথা থেকে এল ? যে বয়সে তারা ছুজনে—

নৈহাটির ঘাটে

বসে পৈঠার পাটে

খেলা করেছিল ফুল ভাসিয়ে জলে—!

বুড়ো শবতলার ঘাটের প্রাচীন দোপানশ্রেণীর ওপরে বাঁকাভাবে অন্তর্স্থের আলো এসে পড়েচে—ঘাটের রানায় শেওলা জমেচে, ঠিক ওপারে হালিসহরে শ্রামাসুন্দরী ঘাটের মন্দিরেও পড়েচে রাঙা আলো, কিন্তু সেটা পড়েচে পশ্চিমদিক থেকে সোজাভাবে গিয়ে, এখনও সেই প্রাচীন পাথর দল ডাকচে বড় অখংগাছটার ডালে ডালে, সাদা পাল তুলে ইলিশ মাছ ধরা পুরোনো জেলের্ভাঙির সারি চলেছে ত্রিবেণীর দিকে...যতীন বসে পুষ্পের সঙ্গে গত বারোয়ারীতে যাত্রায় দেখা কি একটা পালার গল্প করচে তেইশ বছর পরেও পুষ্প এখনও সেই রকমটি দেখতে রয়েছে কেমন করে ?

কিন্তু পরক্ষণেই তার মনে হোল—পুষ্প তো নেই! সে তো বহুকাল মরে গিয়েচে। ব্যাপার কি, সে স্বপ্ন দেখচে না কি ? পুষ্প কিন্তু এগিয়ে এসে হাসিমুখে বল্লে—অবাক হয়ে চেয়ে দেখচো কি ? চিনতে পেরেচ ? বল তো আমি কে ?

যতীন তখনও হাঁ করে চেয়েই আছে। বল্লে—খুব চিনেচি। কিন্তু তুই কোথা থেকে এলি পুষ্প ? তুই তো কত কাল হোল—

পুষ্প খিল্ খিল্ করে হেসে উঠে বল্লে—মরে গিয়েচি, অর্থাৎ তোমার হাড় জুড়িয়েছিল—এই তো ? কিন্তু তুমিও যে মরে গিয়েচ যতুদা ? নইলে তোমার আমার দেখা হবে কেমন করে ? তুমিও পৃথিবীর মায়া কাটিয়েচ অর্থাৎ পটল তুলেচ।

যতীনের হঠাৎ বড় ভয় হোল। এ সব কি ব্যাপার ? তার জ্বর হয়েছিল খুব, সে কথা মনে আছে। তারপর মধ্যে কি হয়েছিল তার জানা নেই। বর্তমানে বোধ হয় তার জ্বরের ঘোর খুব বেড়েচে, জ্বরের ঘোরে আবোল-তাবোল স্বপ্ন দেখছে। ভবুও সে এককাল পরে পুষ্পকে দেখতে পেয়ে ভারি খুশি হোল। স্বপ্নই বটে, বড় মধুর স্বপ্ন কিন্তু !

পুষ্প কিন্তু ওকে ভাববার অবকাশ দিলে না। বল্লে—পুরোনো দিনের মত দুইমি কোরো না যতুদা। এখন তুমি ছেলেমানুষটি নেই। এখানে আমার নিঃশাস বন্ধ হয়ে আসচে, থাকতে পারচি না—এখন এসো আমার সঙ্গে।

সে হঠাৎ পাগল হয়ে গেল নাকি ? সে তো কিছুই বুঝতে পারচে না। যাবে কোথায় চলে সে ? পুষ্পই বা আসে কোথা থেকে ? অথচ সে তো এই তার পুরোনো ঘরেই রয়েছে, ঐ তো

চূর্ণবালি খসা দেওয়াল, ঐ তো উঠানের পেঁপে গাছটি, ঐ পৈতৃক আমলের গোলাব ভাঙা সিঁড়ি।

পুষ্পকে সে বলে—তুই কি করে জানলি আমার অস্থক করেছে? প্রশ্ন করলে বটে, অথচ যতীন সঙ্গে সঙ্গে ভাবলে, আশ্চর্য! কাকে একথা জিজ্ঞেস করচি? পুষ্প, যে তেইশ বছর আগে মারা গিয়েছে, তাকে? অদ্ভুত স্বপ্ন তো! এমনধারা স্বপ্ন তো সত্যিই জীবনে কোনদিন দেখি নি!

পুষ্প বলে—কি করে জানলুম? বেশ কথাটি বলে তো যতুদা! তোমার এই ঘরে তোমার কাছে আমি বসে নেই পরন্তু তোমার জর হওয়ার দিন থেকে? দিন রাত্তে অনবরতই তো তোমার শিয়রে বসে।

—বলিস কি পুষ্প! আমার শিয়রে তুই বসে আছিস দুদিন থেকে? পুষ্প, একটা কথা বল তো—আমি পাগল হয়ে যাই নি তো জরের ঘোরে?

—সবাই ও-রকম কথা বলে যতুদা। প্রথম প্রথম যারা আসে, তাদের বারোআনা ওই কথাই বলে। তারা বুঝতে পারে না তাদের কি হয়েছে। তুমিও জালালে যতুদা।

কথা শেষ করে পুষ্প এসে হাত ধরে খাট থেকে নামিয়ে নিতেই যতীন বেশ স্নেহ ও হালকা অল্পভব করলে নিজেকে। তারপর কি মনে করে খাটের দিকে একবার চাইতেই সে বিস্ময়ে কাঠ হয়ে দাঁড়িয়ে রইল। খাটের ওপর তার মত একটা দেই নির্জীব অবস্থায় পড়ে। ঠিক তার মত চোখ মুখ - সবই তার মত।

পুষ্প বলে—দাঁড়িও না যতুদা—এসো আমার সঙ্গে। কেমন, এখন বোধ হয় বিশ্বাস হয়েছে? বুঝলে এখন?

পুষ্প তো ঘরের দরজা খুললে না? তবে তার ঘরের বাইরে এসে দাঁড়ালো কি করে! এখনও রাত আছে। অন্ধকার রয়েছে, মাথার ওপরে অগণ্য তারা জ্বলছে, নবীন বাঁড়ুয়োর বাড়ীর দিকে একটা কুকুর ঘেউ ঘেউ করছে। অথচ এই ঘন অন্ধকার রাত্রে সে চলেচে কোথায়? কার সঙ্গেই বা চলেচে? এখনও কি সে স্বপ্ন দেখছে?

পুষ্প বলে—এখন বিশ্বাস হোল যতুদা? দেওয়ালের মধ্যে দিয়ে বার হয়ে এলাম দেখলে না?

—কি করে এলাম?

—ইটের দেওয়াল এখন তোমার আমার কাছে ধেঁয়ায় মত। আমাদের এ শরীরে পৃথিবীর জড় পদার্থের স্পর্শ লাগবে না। আর একটা মজা তোমায় দেখাবো, পায়ে হেঁটে যেও না, মনে ভাবো যে উড়ে যাচ্চি—

যতীন মনে মনে তাই ভাবলে। অমনি সে দেখলে তার দেহ রবারের বেলুনের মত আকাশ দিয়ে উড়ে চলেচে। দুজনে চললো, পুষ্প আগে, যতীন তার পেছনে। কোথায় যাচ্ছে, যতীন কিছুই জানে না।

সে অনেক কথা ভাবছিল যেতে যেতে। এত অদ্ভুত ঘটনা তার জীবনে আর কখনে হয়নি।

স্বপ্নে কি এমন সব ব্যাপার ঘটে ? স্বপ্ন যদি না হয় তবে কি সে পাগল হয়ে গেল ? তাই বা কেমন করে হয়, তবে পুষ্প আসে কোথা থেকে ? কিম্বা সবটাই মনের ধাঁধা—hallucination ?

না—একেই বলে মৃত্যু ?

এরই নাম যদি মৃত্যু হয় তবে লোকে এত ভয় করে কেন ? কেউ তো কখনো তাকে বলেনি যে মৃত্যুর পরে মানুষ জীবিত থাকে—বরং তার মনে হচ্ছে সে আরও বেশি জীবন্ত হয়েছে—বৈশিষ্ট্য বরং রোগের যন্ত্রণায় দুর্বল হয়ে পড়েছিল ।

হঠাৎ যতীন দেখলে যে সে এক নতুন দেশে এসেচে—দেশটা পৃথিবীর মতই । তাঁর পায়ের তলায় নদী, গাছপালা, মাঠ, সবই আছে—কিন্তু তাদের সৌন্দর্য অনেক বেশি । আকাশের দিকে চেয়ে দেখলে, সূর্য দেখা যায় না—অথচ অন্ধকারও নেই—ভারি চমৎকার এক ধরনের অপার্থিব মুহূ আলোকে সমগ্র দেশটা উদ্ভাসিত । গাছপালার পাতা ঘন সবুজ, নানাধরনের ফুল, সেগুলো যেন আলো দিয়ে তৈরী ।

এক জায়গায় এসে পুষ্প থামলো ।

একি ! এ তো সেই পুরোনো দিনের কেওটা-মাগঞ্জের বুড়োশিবতলার ঘাট । ঐ গঙ্গা । ঐ সেই প্রাচীন অশ্বখ গাছটা । ঐ তো বুড়োশিবের ভাঙা মন্দিরটা । পৃথিবীতে মাঝে মাঝে গোধুলির সময় মেঘলা আকাশে যেমন একটা অদ্ভুত হলদে আলো হয়, ঠিক তেমনি একটা মুহূ, তাপহীন, চাপা আলো গাছপালায়, গঙ্গার জলে, বুড়োশিবের মন্দিরের চূড়ায় । ওকে ঘাটের সোপানে একা বসিয়ে পুষ্প কোথায় চলে গেল । যতীন চূপ করে বসে অদ্ভুত আলোকে রঙীন গঙ্গাবক্ষের দিকে চেয়ে রইল । বাল্যের শত স্মৃতির, শত আনন্দস্মৃতির বসন্তস্বপ্ন সেই পুরোনো জায়গা—ঐ তো ওপারে শ্রীমাহেন্দ্ররীর ঘাট, শ্রীমাহেন্দ্ররীর মন্দির । কিন্তু আশ্চর্য এই যে, কোনো দিকে আর কোনো লোকজন নেই । এতখানি সুবিস্তীর্ণ স্থান একেবারে নির্জন । কেউ কোথাও নেই সে ছাড়া !

এমন সময়ে অশ্বখ গাছের তলায় সেই প্রাচীন পথটা দিয়ে পুষ্পকে আসতে দেখা গেল । তাঁর খোঁপায় কি একটা ফুলের মালা জড়ানো ।

যতীন বললে—এ কোথায় আনলি পুষ্প ? বুড়োশিবতলার ঘাট না ? এ কি মাগঞ্জ-কেওটা ? পুষ্প যে সত্যিই দেবী, যতীন তার দিকে চেয়ে সেটা এবার ভালভাবেই বুঝতে পারলে । এমন গার্হ্যযোবনা, শাস্ত্র আনন্দময়ী মূর্তি মানবীর হয় না—কি রূপই তার ফুটেচে । কি জ্যোতির্ময় মুখশ্রী ! যতীন অবাক হয়ে ওর দিকে চেয়ে রইল ।

পুষ্প বললে—না যতুদা—এ স্বর্গ । সকলের স্বর্গ তো এক নয় ! ..

তারপর মুহূ হেসে সলজ্জ স্বরে ওর মুখের দিকে চেয়ে বললে—এ আমাদের স্বর্গ—তোমার আর আমার স্বর্গ ।

যতীনকে পুষ্প একটা ছোটখাটো সূন্দর বাড়ীতে নিয়ে গেল। সে বাড়ী ইট-কাটের তৈরী নয়, যেন মনে হোল এক ধরনের মার্বেল পাথরে তৈরী, কিন্তু মার্বেল পাথরও নয় সে জিনিষ। বাড়ীর চারিদিকে ফুলের বাগান, সবুজ ঘাসের মাঠ। দূরে গঙ্গা দেখা যাচ্ছে। পুষ্প বললে—এসব আমার তৈরী। জানো আমি এদেশে এসেছি আজ আঠারো বছর, তোমার অপেক্ষায় ঘর সাজিয়ে বসে আছি। 'পৃথিবীতে কেওটার গঙ্গার ঘাটের চেয়ে প্রিয়তর আমার আর কিছু ছিল না। এখানে এসে কল্পনায় তাই সৃষ্টি করেছি। এখানে যার যা ইচ্ছে কল্পনায় গড়ে নিতে পারে। এই বাড়ীও আমার কল্পনায় তৈরী।

যতীন বললে—কেমন করে হয় ?

—এদেশের বস্তুর ওপর চিন্তার শক্তি খুব বেশী! পৃথিবীর বস্তুর মত এখানকার বস্তু নয়। আরও অনেক সূক্ষ্ম—অল্প ধরণের, সে পরে নিজেই টের পাবে। চিন্তাশক্তি প্রয়োগ করতে তোমাকেও শিখতে হবে—সৃষ্টি করতে হোলে পৃথিবীতেও যেমনি চিন্তার দরকার, এখানে তার চেয়েও বেশি দরকার। চিন্তার শক্তিকে যে বাড়ীতে পেরেছে, ইচ্ছামত চালাতে পারে, সে এদেশের বড় কারিগর। কিন্তু এও যে বস্তু, সে বিষয়ে ভুল নেই; পৃথিবীর মাহুস থাকে চেনে, সে বস্তু নয়—তা হোলেও বস্তুই।

—আমার বাবা-মা কোথায় পুষ্প ?

—এখনই আসবেন। অস্থির সময় তোমার মা আর আমি তোমার শিয়রে বসে থাকতাম। তাঁরা অল্প জায়গায় থাকেন। পৃথিবী থেকে ভোম্বীকে আনতে যাচ্ছিলেন কিন্তু সন্তানের মরণের দৃশ্য তাঁদের দেখতে কষ্ট হবে ভেবে আমিই তাঁদের যেতে বায়ণ করি। তোমার পৃথিবীর দেহটা বড় খারাপ দেখতে হয়ে গিয়েছিল মরণের আগে—মা গো, ভাবলে ভয় করে।

যতীন বললে—আর তোমাদের দেখলে আমার ভয় হচ্ছে না? তোমরা যে ভূত, সেটা খেয়াল আছে ?

পুষ্প বললে—সে তো তুমিও।

যতীন বললে—এদেশে আর সব লোক গেল কোথায় পুষ্প? এখানে কি তুমি আর আমি দুটি প্রাণী? তোমার বাবা-মা কোথায়?

পুষ্প হেসে বললে—এটা তৃতীয় স্তরের ওপরের অঞ্চল। তুমি জীবনে অনেক কষ্ট পেয়েচ বলে এখানে আসতে পেরেচ—আর এসেচ আমি এখানে তোমায় ডেকেচি, ভগবানের কাছে কত প্রার্থনা করেচি তোমার দুঃখের দিনের অবসানের জন্তে। সে সব কথা তুমি কি জানো? নইলে সাধারণ লোক মরার পরে এ জায়গায় আসতে পারে না। আমার বাবা এখনও মরেন নি, খুব বৃড়ো হয়েচেন, কালনায় আছেন, আমাদের দেশে। মা অনেক বছর স্বর্গে এসেচেন বটে, কিন্তু তিনি অল্প জায়গায় আছেন। এ স্তরের নিয়ম এই যে তুমি যদি ইচ্ছে করো তুমি

কাউকে দেখতে পাবে না, কেউ তোমাকে দেখতে পাবে না। তুমি আমি এখন নির্জনে ধানিকটা থাকতে চাই—কতকাল তোমায় দেখিনি, তোমার সঙ্গে কথা বলিনি—আমি চাইনে যে এখানে এখন কেউ আসে।

কথা শেষ করে পুষ্প একদৃষ্টে গঙ্গার দিকে চেয়ে কি যেন দেখলে। তারপর বললে—চলো তোমায় পৃথিবীতে একবার নিয়ে যাই। তোমার মৃতদেহটা আশানে দাহ করচে। তোমার দেখা দরকার।

পুষ্প যতীনের হাত ধরলে, পরক্ষণেই স্বর্ণ গেল মিলিয়ে। তাদের গ্রামের আশানে যতীন দেখলে সে আর পুষ্প দাঁড়িয়ে আছে। চিতার ধূম জিউলি গাছটার মাথা পর্যন্ত ঠেলে উঠেচে।

যতীন হেসে বললে—দেখচিস পুষ্প, পুণ্যাত্মার চিতার ধোঁয়া কতদূর উঠেচে!

পুষ্প বললে—আমি না থাকলে পুণ্যাত্মাগিরি বেরিয়ে যেত।

তাদের পাড়ার ছেলে-ছোকরার দল মৃতদেহ এনেচে। বৃড়োদের মধ্যে এসেচেন নবীন বাঁদুঘো। তিনিই মুখাগ্নি করেচেন। সকলেই আশালতাকে কি ক'রে খবরটা দেওয়া যায় সেই আলোচনা করচে।

যতীন হঠাৎ বলে উঠলো—পুষ্প, আশালতাকে একবার দেখবো। নিয়ে যাবি? ওর বড্ড সর্বনাশ করে গেলাম, ওর জন্তে ভারি মন কেমন করচে।

পুষ্প বললে—ভাবো যে তুমি আশালতাদের বাড়ী গিয়েচ। বেশ মনকে শক্ত করে ভাবো।

আশালতা স্বামীর মৃত্যু-সংবাদ কিছুই জানে না, সে দুপুরে খাওয়ার পরে আঁচল পেতে ঘুমুচ্ছে। তাকে সে অবস্থায় নিশ্চিন্ত-মনে মাটির ওপর ঘুমুতে দেখে দুখে ও সহানুভূতিতে যতীনের মন পূর্ণ হয়ে গেল। আহা, হিন্দুর মেয়ে, স্বামী অভাবে ছোট ছোট ছেলেমেয়ে দুটিকে নিয়ে কি অসহায় অবস্থাতেই পড়লে! আজ হয়তো বুঝতে পারবে না—কিন্তু একদিন বুঝতেই হবে। মায়ের পাশে ছোট মেয়েটি ঘুমুচ্ছিল, খোকা পাড়ায় কোথায় খেলতে গিয়েচে। এই বয়সে পিতৃহীন হোল—সত্যি, কি দুর্ভাগা ওরা!

পুষ্প ওসব ভাবনা যতীনকে ভাবতে দিলে না। বললে—চলো যাই, পৃথিবীতে বেশিকণ থাকা নিয়ম না।

আশালতাকে আঁচল পেতে মাটিতে ঘুমুতে দেখে পর্যন্ত যতীন যেন কেমন হয়ে গিয়েছিল। তার আদৌ ইচ্ছা নেই স্বর্গে যেতে। তার মন আর কোথাও যেতে চায় না। পুষ্প বললে—যতীনদা, তুমি এত ভালবাসো আশাকে! ওর মত হতভাগিনী মেয়েও দেখিনি, ও তোমাকে বুঝলো না। সত্যি কষ্ট হয় ওর জন্তে, কিন্তু তুমি এখানে থেকে ওর কোনো সাহায্য করতে পারবে না। চলো যাই।

গতির বেগে পৃথিবীটা কোথায় মিলিয়ে গেল। শুধু মেঘ—সাদা মেঘ চারিদিকে। ওদের পায়ের তলায় বহুদূরে কোথায় অভাগিনী আশালতা মেঝেতে আঁচল পেতে নিশ্চিন্তমনে ঘুমুতে লাগলো।

যতীন বাড়ী ফিরে এসে দেখলে একটি মহিলা তার জন্তে অপেক্ষা করছেন। প্রথমে দূর থেকে তার মনে হোল একে কোথায় সে দেখেচে—কিন্তু মহিলাটি যখন ছুটে এসে তাকে বুকের মধ্যে জড়িয়ে ধরলেন, তখন তার চমক ভাঙলো।

—বাবা মণ্টু, বাবা আমার! আমার মানিক!...

—মা, তুমি?

যতীন মায়ের পায়ের ধুলো নিয়ে প্রণাম করলে। মায়ের মুখের দিকে চেয়ে সে অবাক হয়ে গেল। বাহান্ন বছর বয়সে তার মায়ের মৃত্যু হয়, কিন্তু এখন তাঁর মুখে বার্ধক্যের চিহ্নমাত্র নেই। তাই বোধহয় সে মাকে চিনতে পারেনি প্রথমটা।

—বাবা কোথায় মা?

যতীন কথা শেষ করে ঘরের দোরের দিকে চাইতেই বাবাকে দেখতে পেলো। পঞ্চাশ বছর বয়সে যতীনের বাবা মারা গিয়েছিলেন—এ চেহারা তত বয়সের নয়। এ দেশে প্রৌঢ় বা বৃদ্ধ লোক নেই? যতীন বাবাকে প্রণাম করতেই তিনি এগিয়ে এসে ওকে আশীর্বাদ করলেন। বলেন—তোমার এখনও আসবার বয়স হয়নি বাবা, আর কিছুদিন থাকলে বিষয়-সম্পত্তিগুলোর একটা গতি করতে পারতে। মাখন রায়ের জমিটা কত শখ করে খরিদ করেছিলাম কাছারীর নীলেমে, সেটা রাখতে পারলে না বাবা? আর বেচলে বেচলে ওই শশধর চক্রতি ছাড়া আর কি লোক পেলো না?

যতীনের মা বলেন—আহা বাছা! এল পৃথিবী থেকে এত কষ্ট পেয়ে, তোমার এখন সময় হোল পোড়া বিষয়ের কথা নিয়ে ওকে বক্তে? কি হবে বিষয় এখানে? কি কাজে লাগবে মাখন রায়ের জমি এখানে আমায় বুঝিয়ে বলো তো স্তনি?

যতীনের বাবা বলেন—তুমি মেয়েমানুষ, বিষয়ের ঠিক বোঝ? তুমি সব কথার ওপর কথা বলতে আসো কেন? মাখন রায়ের জমা—

পুষ্প ঘরে ঢুকতে যতীনের বাবা কথা বন্ধ করে বেরিয়ে গেলেন। যতীনের মা বলেন—পুষ্পকে চিনতে পেরেছিল তো মণ্টু?

যতীন বলে—খুব।

—ওর মত তোকে ভালবাসতে আর কাউকে দেখলুম না। এই আঠারো-উনিশ বছর ও এখানে এসেচে, এই বাড়ীঘর সাজিয়ে তৈরী করে তারই অপেক্ষায় বসে আছে। পুষ্প তোকে এনেচে বলেই তৃতীয় স্তরে আসতে পেরেচিস, নইলে হোত না। আর উনি এখনও দ্বিতীয় স্তরে পড়ে রইলেন। বিষয়-সম্পত্তিই ওঁর কাল হয়েছে। এসেচেন আজ বোল বছর, বিষয়ের কথা ভুলতে পারলেন না, সেই ভাবনা সর্বদা। এত করে বোঝাই, এত ভাল কথা বলি, ওঁর চোখ সেই পৃথিবীর জমিজমার দিকে। কাজেই ওপরে উঠতে পারচেন না কিছতেই—

যতীনের মা দীর্ঘনিঃশ্বাস ফেলে শানিকটা চূপ করে রইলেন। তারপর মেহের দৃষ্টিতে পুষ্পের দিকে চেয়ে বলেন, উন্নতি করেছে আমার পুষ্প মা। এ রকম কেউ পারে না। এত অল্প দিনে ও যেখানে আছে এখানে আসা যায় না। ওর পবিত্র একনিষ্ঠ ভালবাসা এখানে এনেচে ওকে।

কত উঁচু জাতির লোকের সঙ্গে ওর আলাপ আছে, দেখিস্ এখন। তাঁরা যখন আসেন, আমি থাকতে পারিনি তাঁদের সামনে।

যতীন বলে—মা, তুমি কোন্ স্তরে আছ ?

—আমি ওঁর সঙ্গে দ্বিতীয় স্তরে থাকি। ওঁকে ছেড়ে আমি কেমন করে ? ওঁকে এত করে বলি, কানে কথা যায় না। ঐ দেখলে না, এখানে বেশিক্ষণ থাকতে পারলেন না, বিশেষত পুষ্পের সামনে উনি দাঁড়াতে পারেন না, ওর তেজ উনি সহ্য করতে পারেন না।

পুষ্প লজ্জায় রাঙা হয়ে বলে—কি যে বল মা!...তারপর সে ঘরের বাইরে চলে গেল। যতীনের মা বলেন, না মন্টু, সত্যি বলচি শোন। তুমি নতুন এসেচ, তোমার পক্ষে এখন বোঝা অসম্ভব যে পুষ্প কত উঁচুদের আত্মা। ও যে-সব উচ্চস্তরে যায়, সেখানে যাওয়ার কল্পনাও করতে পারে না সাধারণ মানুষ পৃথিবী থেকে এসে। তোমার জন্তে ও এখানে কষ্ট করে থাকে, নইলে এর অনেক উঁচুতে ওর জায়গা। আর কী ভালবাসার প্রাণ ওর, সেই কবে ছেলেবেলায় সাগর-কেঁচটাতে থাকতে তোকে ভাল লেগেছিল, জীবনে সেই ওর ধ্যান জ্ঞান। তোকে আর ভুলতে পারলে না। তুই বৌমার ব্যাপারে পৃথিবীতে কষ্ট পেতিস, পুষ্পের এখানে কি কান্না! ওর মত আত্মার পৃথিবীতে যেতে কষ্ট হয়, কিন্তু তোমার জন্তে সদাসর্বদা ও সেখানে যেতো। ওকে দেখতে পাওয়া পুণ্যের কাজ।

সমুখের এই স্থলর আকাশ, ঐ কলস্বনা ভাগীরথী, অদ্ভুত রঙের বনানী, অপরিচিত বন-লতার সর্বাঙ্গ ছেয়ে সে সব অপরিচিত বনপুষ্পরাজি, এই শান্তি, এই রূপ—এও যেমন স্বপ্ন—পুষ্পের কথা, পুষ্পের ভালবাসাও তেমনি স্বপ্ন। তার জীবনে সে শুধু নিজেকে ভুলিয়ে এসেচে মুখ পেয়েচে বলে, কিন্তু সত্যিই কোনো জিনিস পায়নি কখনো—আজ মৃত্যুপারের দেশে এসে তার সারাজীবনের স্বপ্ন সার্থক হতে চলেচে একথা তার বিশ্বাস হয় না। কোনটা স্বপ্ন, কোনটা বাস্তব, তার কুড়ুলে-বিনোদপুরের বাড়ী, না এই স্বপ্নলোক ?...আশালতা, না পুষ্প ?...

যতীনের মা বলেন—তাঁরা ওকে বড় ভালবাসেন, মাঝে মাঝে অনেক ওপরে নিয়ে যান, তাঁদের রাজ্যে। আমি ওর মুখে সে সব গল্প শুনেচি, ইচ্ছে হয় এখনি যাই, কিন্তু আমাদের অনেক বছর কেটে যাবে সে রাজ্যে পৌঁছতে, তবুও পৌঁছতে পারবো না। সাধারণ মানুষ পৃথিবী থেকে যারা আসে তারা এত নিয়ন্ত্রণের জীব যে, এই তুমি যে দেশে আছ, এই তাদের কাছে উচ্চ স্বর্গ। অত সব উচ্চস্তরের কথা বাদই দাও।

একটা আশ্চর্য চাপা আলো আকাশের এক কোণ থেকে এসে পড়লো। সমস্ত স্থানটা অন্ধকারের জন্তে নীল আলোয় আলো হয়ে উঠলো—আবার তখনি সেটা মিলিয়ে গেল। একটা ঠাণ্ডা, নীলোজ্জ্বল আলোর সার্চলাইট যেন দু-সেকেন্ডের জন্তে কে ঘুরিয়ে দিলে।

যতীন বলে—ও কিসের আলো মা ?

—আমি কিছু বলতে পারবো না বাবা। এ সব দেশের ব্যাপার ভারি অদ্ভুত, চন্দ্র-সূর্যের দেশ এ নয়। আমি মুর্থ মেয়েমানুষ, আমি কি করে জানবো কিসে থেকে কি হয়। দেখি চোখে এই পর্যন্ত। কেন ঘটে, কিসের থেকে ঘটে, সে সব যদি জানবো তবে তো জানী

আত্মা হয়ে যাবো। পুষ্পও জানে না, পুষ্প মেয়েমানুষ, ও ভালবাসায় বড় হয়ে এখানে এসেচে, জানে নয়। ও-সব কথা উত্তর সে দিতে পারবে না। আচ্ছা, এখন আমি মর্টু। নতুন সবে কাল এসেচ, এক্ষে কত কি অদ্ভুত ব্যাপার দেখবে, কত কি নিজেই জানতে পারবে। সময় ফুরিয়ে যাবে না, সময় এখানে অফুরন্ত, অনন্ত।

যতীনের মা চলে গেলেন।

৬

যতীন একদিন পুষ্পকে বললে—কত দিন হয়ে গেল এখানে এসেচি বলতে পারিস পুষ্প? এখানে তো দিনরাত্রির কোনো হিসেব পাইনে।

পুষ্প বললে—পৃথিবীর অভ্যেদ দূর হতে এখনও তোমার অনেক দিন লাগবে যতুদা। এখানে দিনরাত্রির কোনো দরকার যখন নেই, তখন খাড় দেখা অভ্যেদটা ছেড়ে দাও। সময় যে অফুরন্ত, অনন্ত, যতদিন সেটা অল্পভব না করবে, ততদিন মুক্তি হবে না। মনের বিধা, সংকীর্ণ ভাব দূর না হোলে মুক্তি সম্ভব নয়, যতুদা।

—কি ধরনের মুক্তি?

—কি জানি, আমি এ সব বড় বড় কথা জানিনে, তোমায় আবার আমি কি বোঝাবো যতুদা, তুমি আমার চেয়ে কম বোঝো?

—বাজে কথা বলে আমায় ভোলাতে চাস্ নে পুষ্প। আমি অনেক কিছু জানতে চাই, আমাকে সেখানোর ব্যবস্থা করে দিবি? কত কি যে জানতে চাই তার ঠিক নেই। কে আমায় বলে দেবে বল্ তো!

—আছে, লোক আছে। তোমায় নিয়ে যাবো একদিন সেখানে। খুব উঁচু এক আত্মা আমায় বড় স্নেহ করেন। আমার স্তরে আসতে তাঁর কষ্ট হয়। তাই আমিই যাই তাঁর সঙ্গে দেখা করতে। তুমি যাবে একদিন? আমি গুরুদেব বলি তাঁকে। বৈষ্ণব সাধু।

—কিন্তু আমি সে সব উচ্চস্তরে কি করে যাবো পুষ্প? মোটে সেদিন পৃথিবী থেকে এসেচি—তোমার দয়ায় তাই এত উঁচু স্তরে আছি, এর চেয়েও উঁচুতে কি ভাবে যাবো?

—যাওয়া ঠিক কঠিন নয়, কিন্তু থাকতে পারবে না বেশিক্ষণ। যাতে যেতে পারো তার ব্যবস্থা আমি করবো।

—আচ্ছা একটা কথা জিজ্ঞেস করি পুষ্প, আমার এখনও একটা সন্দেহ হয়, এ সব স্বপ্ন নয় তো?

—যাও, পাগলামি করো না যতুদা। তোমার একধার উত্তর অন্তত একশো বার না দিয়েচি তুমি আসা পর্যন্ত? দেখবে আর একটা জিনিস, দেখাবো? অবশি তোমায় সেখানে আজ যেতেই হবে।

—কি সেটা?

—আজ তোমার শ্রাদ্ধের দিন। তোমার ছেলে নিহ্ন কাছা গলায় দিয়ে শ্রাদ্ধ করচে।
পিণ্ডদানের সময় তোমায় গিয়ে হাত পেতে পিণ্ড নিতে হবে।

ছেলের কথা শুনে যতীন অচ্যমনস্ক ও বিষন্ন হয়ে গেল। নিহ্ন, আহা দুধের বালক, তাকে
কাছা গলায় দিয়ে শ্রাদ্ধ করতে হচ্ছে!...সে যে বড় করুণ দৃশ্য!

যতীন বললে—আমি যাবো না সেখানে।

পুষ্প হেসে বললে—ঐ যে বলছিলাম, তুমি এ জগতের ব্যাপার কিছুই জানো না। সে ছেলে-
মামুষ, যখন কচি হাতে ছলছল চোখে তোমার নামে পিণ্ড দেবে, সে এমনি আকর্ষণ, তোমাকে
টেনে নিয়ে যাবে। তোমার সাধ্য কি তুমি না গিয়ে থাকো? খুব ভালবেসে ফেটান্বে, তার
টান এ জগতে এড়ানো যায় না। পৃথিবীর স্থূল দেহে স্থূল মন বাস করে—এখানে তা নয়।
এখানে মন আপনা-আপনি বৃত্তে পারবে কোনটা সত্যিকার ভালবাসা, বুঝে সেখানে যাবে।
আচ্ছা তুমি বসো, আমি একবার দেখে আসি ওদিকে কি হচ্ছে।

পৃথিবীর হিসাবে মিনিট-তুই সময়ও তারপর চলে যায় নি, পুষ্প হঠাৎ কোথায় চলে গেল
এবং ফিরে এসে বললে—ওখানে এখন সকাল সাতটা। শ্রাদ্ধের আয়োজন শুরু হয়েছে। নিহ্ন
কিন্তু এখনও ঘুম থেকে ওঠেনি। যতীনের আগ্রহ হোল জিজ্ঞেস করে—আশা কি করচে।
সে ভয়ানক ব্যাকুল হয়েছে আশার খবর জানবার জন্তে। কত দিন খবর পায় নি। আশা
কৈদেছিল, চোখের জল ফেলেছিল তার মৃত্যুসংবাদে?

জানবার জন্তে সে মরে যাচ্ছে, কিন্তু লজ্জা করে পুষ্পকে এসব কথা বলতে। যতীন বৃড়ো-
শিবতলার ঘাটের রানায় চুপ করে বসে রইল। সামনে কুলু-কুলু-বাহিনী গঙ্গা, নীল আকাশের
তলা দিয়ে একদল পাখী উড়ে এপার থেকে ওপারে যাচ্ছে। ঘাটের ওপরে বৃদ্ধ বটের শাখার
নিবিড় আশ্রয়ে একটা অজানা গায়ক-পাখী অতি মধুর স্বরে ডাক্চে। যতীনের মন আজ
অত্যন্ত বিষন্ন। আশা খুব কৈদেছিল? আশাকে সে বড় নিঃসহায় অবস্থায় ফেলে রেখে
এসেচে—স্বামীর কর্তব্য স্ত্রীপুত্রকে স্থখে রাখা, তার অভাবে তারা কষ্ট না পায় তার ব্যবস্থা করা।
সে অকর্মণ্য স্বামী; নিজের কর্তব্য পালন করার শক্তি তার ছিল না। আশাকে সে স্থখী করতে
পারেনি একদিনও।

পুষ্প এসে বললে—বৌদিদির কথা ভেবে যে সারা হোলে, যতুদা!

তারপর সুস্নেহে ওর পাশে এসে দাঁড়িয়ে বললে—চল তোমাকে এক জায়গায় নিয়ে যাই।
বৌদির কাছে নিয়ে যেতাম—কিন্তু পৃথিবীর সঙ্গে বেশি যোগাযোগ এখন তোমার পক্ষে ভাল
নয়। তা ছাড়া তুমি তার কোনো উপকারও করতে পারব না এ-অবস্থায়।

—কোথায় নিয়ে যাবি পুষ্প?

—অনেক উঁচু এক স্বর্গে। নতুন এসেচ পৃথিবী থেকে, তোমরা বৃত্তে পারবে না। মনে
করলেই সেখানে যাওয়া যায় না। তোমার যাওয়া সম্ভব হবে শুধু আমি নিয়ে যাবো বলে।
তুমি কিন্তু পৃথিবী সম্বন্ধে সকল রকম চিন্তা মন থেকে তাড়াও।

—তা আমি পারব না পুষ্প। তার বৌদি বড় অভাগিনী, তার কথা ভুলতে পারবো না।

—দয়্য বা সহায়ভূতি তোমায় নামাবে না, ওপরে ওঠাবে। তাই ভেবো যত্না, কিন্তু সাবধান, বিষয়-সম্পত্তির কথা যেন ভেবো না—ত্রিশঙ্কর অবস্থা হবে। এসো আমার সঙ্গে।

• দুজনে শূণ্যপথে নীলাভ শূণ্য-সমুদ্রের বুকের ওপর দিয়ে উড়ে চললো। ডাইনে বাঁয়ে অগণিত তারালোকে, মুহূ নক্ষত্রজ্যোৎস্নায় ভাসানো জীবনপুলক ওদের মুক্ত দেহে এনেচে শিহরণ, প্রাণে মুক্তির আনন্দ—দূর...দূর...বহুদূর তারা চললো...কত নতুন অজানা দেবলোক...

ক্রমে আর একটা নতুন লোকের গুরা সমীপবর্তী হতে লাগলো...দূর থেকে তার সৌন্দর্যে যতীনের সমস্ত জৈবিক চেতনা অবশ হয়ে এল—বিলুপ্তপ্রায় চেতনার মধ্যে দিয়ে তার মনে হোল বহু কদম্বক্রম যেন কোথায় মুকুলিত, লতানিকর বিকশিত, জ্যোৎস্নাপ্লাবিত গিরিগ্রামে বহু বিহগকণ্ঠের কাকলী, প্রেম স্নেহ...স্বগভীর স্নেহের নিঃস্বার্থ আত্মবলি...আরও কত কি... কত কি সে সবে ম্পষ্ট ধারণা গুর নেই...গুর চেতনা রইল না...পুষ্প বিব্রত হয়ে পড়লো— যতীন অতি উচ্চ স্তরে যে সচেতন থাকবে না, পুষ্পের এ ভয় হয়েছিল, তবুও তার আশা ছিল চেষ্টা করলে নিয়ে যাওয়া কি এতই অসম্ভব...একবার সে দেখবে।

না, যতীন সংজ্ঞা হারিয়ে ফেললে। যতীনের দেহটাকে নিয়ে যাওয়া যায়, কিন্তু গুর মন থাকবে নিশ্চিত। কিছুই দেখবে না, জানবে না, শুনবে না। নিয়ে গিয়ে লাভ কি?

পুষ্প ডাকতে লাগলো—ও যত্না...চেয়ে থাকো, কোথায় যাচ্ছ ভেবে দেখো...আমি পুষ্প, ও যত্না...চোখ চাও...

নিকটেই একটা বেগুনি রঙের শৈলশৃঙ্গ...বহু লতাপাতার আড়ালে একটা শিলাখণ্ডে যতীনকে সে শোওয়ালে। সংজ্ঞা হারিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে যতীনের গতি বন্ধ হয়ে গিয়েচে...নিকটের বরণা থেকে জল এনে গুর মুখে দিয়ে পুষ্প আঁচল দিয়ে ওকে বাতাস করতে লাগলো। পরে নিজের দেহের চৌম্বক শক্তি আঁড়ুল দিয়ে ছুঁয়ে গুর দেহে সঞ্চালিত করতে লাগলো।

এমন সময়ে পুষ্পের দৃষ্টি হঠাৎ আকৃষ্ট হলো ওই উচ্চ শিখরটার প্রাস্তদেশে। সেখানে পবন সুন্দর এক তরুণ দেবতা বহুদূরে মহাশূণ্যে দৃষ্টি নিবন্ধ করে বসে আছেন আনমনে। কোনো দিকে তাঁর খেয়াল নেই, কি যেন ভাবচেন। তাঁর অঙ্গের নীলাভ জ্যোতি দেখে বহুদিনের অভিজ্ঞতার ফলে পুষ্প বুঝলে এ অতি উচ্চ শ্রেণীর আত্মা, দেবতা-গোত্রে চলে গিয়েচেন—মাহুঘের কোনো পর্ষায়ে ইনি এখন আর পড়েন না।

পুষ্প জানতো এ জগতে যে যত পবিত্র, উর্চ, সে দেখতে তত রূপবান, তত তরুণ। তারুণ্য এখানে নির্ভর করে না জন্মের তারিখের দূরত্ব বা নিকটত্বের ওপরে। এখানে দেহের নবীনতা ও সৌন্দর্য একমাত্র নির্ভর করে আত্মাত্মিক প্রগতির ওপরে। ঐরূপ ও নবীনতা পৃথিবীর হিসেবে ষোলো-সত্তর বছরের অতি রূপবান কিশোর বালকের মত—অত্যন্ত উচ্চ স্তরের দেবতা ভিন্ন এ রকম হয় না।

দেবতার ধ্যানভঙ্গ করতে পুষ্পের মাহস হোল না। সে এত উঁচু আত্মা কখনও দেখেনি। কি করবে ভাবচে, এমন সময় দেবতার অগ্রমনস্ক চক্ষু অঙ্গলগ্নের জন্তে ওদের দিকে পড়লো।

পরক্ষণেই তিনি অতীব জ্যোতিষ্মান দুটি চোখ দিয়ে ভাল করে চেয়ে দেখলেন। একটু বিস্ময়ের স্বরে বলেন, কে তোমরা ?

পুষ্প প্রশ্নাম করে বলে—সবই তো বুঝছেন, দেব।

এইবার যেন দেবতার অন্তমনস্ক একাগ্রতা কিছু ভগ্ন হোল—বর্তমান সম্বন্ধে তিনি সচেতন হয়ে উঠলেন। বলেন—কি বলো তো ? আমার যোগ নেই এ স্তরের সঙ্গে। বুঝতে পারবো না।

পুষ্প নিজেদের পরিচয় দিয়ে তার গম্ভব্যস্থানের কথা ও যতীনের অবস্থা সব বললে।

আত্মা বলেন—ওকে যেখানে এনে ফেলেচ, এখানেও তো ওর চৈতন্য হবে না—ওর পক্ষে এও তো অতি উচ্চ স্থান ; নিচে নামিয়ে নিয়ে যাও ওকে।

পুষ্প বলে—আপনি কে বলুন দেবতা, আমার কত শুভদিন আজ, আপনাকে দেখলাম। এককাল তো আছি এ জগতে, আপনার মত আত্মা কখনও দেখার সৌভাগ্য আমার হয় নি। আপনি কে দেব ?

আত্মা অতি মধুর প্রশ্ন হারি হেসে বলেন—তুমি অত জানতে চাও কেন ? তুমি ভারত-বর্ষের কত্যা, ভক্তি তোমার জন্মগত। বিশ্বাস কর, এই মাত্র। তুমিও খুব উচ্চ স্তরের আত্মা, নইলে আমায় দেখতে পেতে না। তোমার সঙ্গীকে যদি আমি জাগিয়েও দিই, ও আমায় দেখতে পাবে না। যাও ওকে নামিয়ে নিয়ে যাও।

তবু পুষ্প সাহসে নির্ভর করে বলে—আপনি কে দেব ?...পাহাড়ের চূড়োতে বসে ছিলেন কেন ? এ স্তর তো আপনার নয়।

কথাটা শেষ করেই পুষ্প বুঝলে আত্মা তখনই বড় হয়, যখন প্রেমে সে বড় হয়। সামান্য পৃথিবীর মেয়ের এই প্রশংসিত কথায় আত্মা চটে তো গেলেনই না, কোতুকমিশ্রিত গভীর স্নেহে তাঁর স্বস্তী বিশাল জ্যোতির্ময় চোখ দুটি স্নিগ্ধ হয়ে এল। বলেন—দেখবে কি দেখাছিলাম ? এসো এখানে। তোমায় দেখাবো, তুমি তার উপযুক্ত হয়েছো।

পুষ্প আগ্রহের সঙ্গে এগিয়ে গেল। আত্মা শৈলশৃঙ্গের প্রান্তদীয়ার দিকে দাঁড় করিয়ে হাত দিয়ে ওকে স্পর্শ করে বলেন—দেখচ ?

পুষ্পের সারাদেহ শিউরে উঠলো। সামনে এ এক অগ্ন পৃথিবী, বিশাল জলাভূমিতে বড় বড় অতিকায় জীবজন্তু কর্দমে ওলট-পালট থাকে—গাছপালার একটিও পরিচিত নয়। বাতাসে অস্বাচ্ছন্দ্যকর গুরম জলীয় বাষ্প—সূর্যের তেজ অতিশয় প্রখর...তারপর ছবির পর ছবি...কত দেশ, কত যুদ্ধ, কত সৈন্যদল...কত প্রাচীন দেশের বেশভূষা পরা লোকজন...প্রশস্ত রাজপথ, প্রাচীন দিনের শহর...পচা ডোবা খানা শহরের রাজপথের পাশেই...ঘোর মহামারীতে দলে দলে লোক মরচে, কী বীভৎস দৃশ্য !

আত্মা বলেন—বহু দূর অতীতে ফিরে চাইছিলাম। কত কল্প আগেকার আমারই বহু পূর্ব জন্মে। কত লোককে হারিয়েছি, কত মধুর হৃদয়—আর কখনো খুঁজে পাইনি। বিশ্বের দূর প্রান্তের মোহনায় বসে তাদের কথা মনে পড়ছিল। যা দেখলে, সব আমার জীবনের বিভিন্ন অঙ্কের রঙ্গভূমি। লক্ষী মেয়েটি, এখন তোমার সঙ্গী ছেলেটিকে নিয়ে নেমে যাও।

পুষ্প তাঁকে প্রশ্নাম করে বিনীতভাবে বল্লে—আপনার দেখা আবার কবে পাবো ?

—যখন স্মরণ করবে। একমনে স্মরণ করলেই আসবো—কিন্তু যখন তখন আমার কষ্ট দিও না। আমার নানা কাজ, কোথায় কখন থাকি। কল্প-পর্বতে সঙ্গীত যেদিন বাজবে, চুষকের টেউ কম থাকবে, সেদিন আমার ডেকো।

কল্প-পর্বতের সঙ্গীত কি, পুষ্প তা জানতো। চতুর্থ স্তরে একটি সুনির্জন পাহাড়ে বহু শতাব্দী ধরে এক নির্দিষ্ট সময়ে আপনা-আপনি অতি মধুর অপারিখিত সঙ্গীতধ্বনি ওঠে। কত কাল পূর্বে জর্নৈক পবিত্র আত্মা ঐ স্থানটিতে বসে নূতন সুর সৃষ্টি করতেন—কোনো বড় সুরশিল্পী হবেন। ওপরের স্বর্গে উঠে গিয়েচেন বহুকাল, কেউ তাঁকে এখন আর দেখে না—কিন্তু সেই নির্দিষ্ট সময়ে এখনও তাঁর সৃষ্ট সুরগুলো স্বর্গমণ্ডলের অজ্ঞাত কোণটি ছেয়ে যায়।

দেবতা বিদায় নিলেন—বহুদূরব্যাপী নভোমণ্ডল জ্যোতির্ময় হয়ে উঠলো তাঁর দেহ-জ্যোতিতে। তিনি অদৃশ্য হয়ে যাবার পরেও যেন খানিকক্ষণ আকাশটা আলো হয়ে রইল।

পুষ্প অবাক হয়ে সেদিকে চেয়ে রইল। এত বড় দেবতা এতদিন এখানে থেকেও কখনো সে দেখে নি।

৭

যতীনের চেতনা ফিরে এল বাড়ীতে ফিরবার পথেই।

পুষ্পকে বল্লে—এ কোথায় যাচ্ছি আমরা, এখনও পৌঁছই নি ?

পুষ্প বল্লে—না, চলো বাড়ী ফিরে যাই। সেখানে এখন তোমার যাওয়া চলবে না। তুমি পথে এমন হয়ে পড়লে! চতুর্থ স্তর পার হতে না হতেই তোমার সংজ্ঞা চলে গেল। পঞ্চম স্তরে নিশ্চয় যাই কি করে? উঃ, একটা অদ্ভুত জিনিস তুমি দেখলে না!

তারপর পুষ্প সবিস্তারে উন্নত আত্মাটির সঙ্গে সাক্ষাৎ হওয়ার বৃত্তান্ত বর্ণনা করলে। বল্লে—আমার বড় ইচ্ছে ছিল তুমি দেখতে পাও, কিন্তু বুলুম তুমি এখন তোমার দেখা দিতে ইচ্ছুক নন। তুমি দেখতে পাবেও না।

যতীনের মনে পড়লো তার মায়ের সঙ্গে যেদিন কথা বলছিল আকাশের দূর প্রান্তে অমনি একটা অদৃষ্টপূর্ব জ্যোতির্লৈখ্যা দেখা গিয়েছিল, পুষ্প যেমন বর্ণনা করলে তেমনি। পুষ্পকে সে কথা বল্লে। পুষ্পকে বল্লে—আমি জানি, ও আলো সব সময়ই উচ্চ আত্মাদের, যাঁদের আমরা দেবতা বলি, তাঁদের গতিবিধির পথে দেখা যায়। উচ্চার মত উজ্জ্বল হয়ে ওঠে তাঁদের পথ, যখন তাঁরা যান। অত শুদ্ধ আত্মা কিছু আমাদের স্তরে কমই আসেন, খুব কমই দেখা যায়।

—দেখ পুষ্প, আমি তোমার এখানে এসে ভাবতুম কত উঁচু স্তরেই এসেছি! আজ আমার সে অহঙ্কার ভেঙে গেল। অত সব উঁচু স্তর আছে, তা কি জানতাম!

পুষ্প হেসে গড়িয়ে পড়ে আর কি। বল্লে—এ কথা তো কখনো শুনিনি! তুমি ভাবতে আমাদের এই বুঝি বৈকুণ্ঠধাম? জবে তুমি নতুন এসেচ পৃথিবী থেকে, তোমার দোষ কি, যারা

এখানে অনেকদিন আছে তারাও জানে না। আমি শুনেছিলাম এক শুদ্ধ আত্মার কাছে, যাঁর কাছে তোমায় নিয়ে যাচ্ছিলাম। তিনি বলেন সপ্তম স্তর পৰ্বন্ত আছে, যেখানে পৃথিবীর মাহুষ যেতে পারে। তার ওপরেও অসংখ্য স্তর আছে, তবে সে সব অঞ্চলের খবর তিনিও জানেন না। সে সব পৃথিবীর মাহুষের জ্ঞান নয়।

—আর আমি চতুর্থ স্তর ছাড়িয়েই অজ্ঞান হয়ে পড়লাম!

—তা যদি না হোত, আমি বৌদিকে এনে তোমার সঙ্গে দেখা করিয়ে দিতাম।

যতীন আগ্রহের সঙ্গে কিন্তু কিছু অবিখাসের স্বরে বলে, আশাকে? কি করে?

—সে ঘুমিয়ে পড়লে তার সূক্ষ্ম দেহ স্থূল দেহ থেকে বার করে। এ রকম করা যায়, আমি করতেও জানি। কিন্তু বৌদিদির কোন জ্ঞান থাকবে না, যখন তাঁকে এখানে আনা হবে। তোমার মত অচৈতন্য হয়ে যাবে, দ্বিতীয় স্তর পার না হতেই। এই এ জগতের নিয়ম। যে স্তরের যে উপযুক্ত নয়, সে স্তরে পৌঁছলে তার চেতনা লোপ পায়। কার সঙ্গে কথা কইবে যতুদা?

—কোনো উপায় নেই পুষ্প? আমরা পৃথিবীতে গিয়ে দেখা দিতে পারি নে?

—প্রথমত, তা পারা অত্যন্ত কষ্টসাধ্য। আর যদিও বা পারা যায়, তাতেও কোনো ফল হবে না। বৌদিদি পাড়াগাঁয়ের অশিক্ষিত মেয়ে, মাহুষ মরে কোথায় যায়, তাদের কি অবস্থা হয়, এসব সম্বন্ধে কিছু জানে না। মন কুসংস্কারে পূর্ণ। তোমায় দেখে সে এমন ভয় পাবে যে তোমার যে জন্তে যাওয়া বা দেখা দেওয়া, তা হবে না।

যতীন কিছুতেই ছাড়ে না। তার সনির্বন্ধ অহুরোধে পুষ্প অবশেষে ওকে আশার কাছে নিয়ে গিয়ে চেষ্টা করে দেখতে রাজী হোল। যতীন বলে, আজই চলো।

পুষ্প ঘাড় নেড়ে বলে—এখন গুরুপক্ষের জ্যোৎস্নারাত্রি পৃথিবীতে। ওর আলোর চেউ আমাদের দেহ ধারণ করে দেখা দেওয়ার পক্ষে বড় বাধা। কৃষ্ণপক্ষের রাত্রিতে অনেক সহজ হবে। ক'টা দিন সব্বর করো না!

তারপর একদিন ওরা কৃষ্ণাশ্বিনী তিথিতে দুজনে পৃথিবীতে নেমে গেল। যতীন নতুন পৃথিবী থেকে গিয়েচে, সে স্পষ্টই সব দেখতে লাগলো, কিন্তু পুষ্প অনেক দিন উচ্চস্তরে কাটানোর ফলে ওর সব ঝাপসা, অস্পষ্ট কুয়ালার মত ঠেকচে। পৃথিবীর বায়ুমণ্ডলে তার কষ্ট হতে লাগলো।

ওরা বেশি রাত্রে আসে নি, কারণ আশা তখন ঘুমিয়ে পড়বে, ওদের দেখবে কি করে?

পুষ্প বলে—খুব ইচ্ছাশক্তি প্রয়োগ করো। খুব জোর করে ভাবো যে আমি আশাকে দেখা দেবো, দেবো, দেবো। ভূমি বেশিদিন পৃথিবী ছেড়ে যাওনি, তোমার দেহ স্থূলচোখে দেখা যাবে তা হোলে।

পৃথিবীর হিসেবে দুঘণ্টা প্রাণপণে চেষ্টা করেও যতীন নিজের দেহ কিছুতেই আশার চোখে দৃশ্যমান করতে পারলে না। আশা রান্নাঘরে যাচ্ছে আসচে, ছেলেদের খাইয়ে আঁচিয়ে দিলে, ঘরে গিয়ে বাবার জন্তে পান সাজলে, দোতলার ঘরে একা গিয়ে ছেলেমেয়েকে ঘুম পাড়িয়ে রেখে এল। যতীন সব সময় ওর পাশে পাশে সামনে, রোয়াকে ঘরে, দোতলার উঠবার সিঁড়িতে

দাঁড়িয়ে থেকেও কিছুতেই কিছু করতে পারলে না। কতবার ডাকলে—আশা, ও আশা, এই যে আমি, ও আশা—আশা? আমি এসেচি তোমার সঙ্গে দেখা করতে।

আশা ওকে টেরও পেলেন না। এমন কি মনেও কিছু অনুভব করলেন না। পুষ্প বন্ধে, আচ্ছা, এখন থাক। ওর মন এখন চঞ্চল অবস্থায় রয়েছে। যখন বিছানায় এসে শোবে, প্রথম তন্দ্রা আসবে, তখন মন হবে শান্ত, স্থির, একাগ্র। সেই সময়ে সামনে দাঁড়িও।

যতীন বন্ধে—উঁহ, সে হবে না। ওর হারিকেন লঠন ঘরে সারারাত জালিয়ে ঘুমুনো অভ্যাস। সে আলোতে তো কোনো কাজই হবে না!

—আচ্ছা সে হবে এখন। তুমি সেজন্তে ব্যস্ত হয়ে না। আমি চেষ্টা করবো এখন।

ততক্ষণ যতীন পুষ্পকে সঙ্গে নিয়ে বাড়ীর বাইরে গেল। এই তার শুরুরবাড়ীর দেশ। প্রথমে সে যখন এখানে আসে তখন ওই মজুমদারের বাড়ীর চণ্ডীমণ্ডপে আরও পাড়ার পাঁচজন নতুন জামাইয়ের সঙ্গে পাশা খেলে তাস খেলে কত দুপুর সন্ধ্যা কাটিয়েছে। ওই সেই যত্ন ভড়ের পুকুর, যেখানে মস্ত বড় রুইমাছ ধরেছিল ছিপে, সেই প্রথম ও সেই শেষ। ওঃ, মাছটা ঘাটের ঐ পৈঠাটার ওপর পড়ে পালিয়ে যাচ্ছিল জলে, ওরই বড় শালা, আশার ভাই ছেনি জাল দিয়ে মাছটা ধরে ফেলে। সে সব এক দিন গিয়েচে।

হঠাৎ পিছন থেকে কে বলে উঠলো—ওখানে কে দাঁড়িয়ে?

ওরা দুজনেই ফিরে চাইলে। যত্ন ভড়ের ছেলে শ্রীশ ভড় গাড়ু হাতে পুকুরের ঘাটে নামতে গিয়ে হাঁ করে অবাক হয়ে ওর দিকে চেয়ে আছে—হাত কুড়ি-পঁচিশ দূরে।

পুষ্প বন্ধে—তুমি পৃথিবীর ভাবনা খুব একমনে ভাবছিলে, তোমায় দেখতে পেয়েচে। পরক্ষণেই দেখা গেল শ্রীশ গাড়ু ঘাটে রেখে ওর দিকে এগিয়ে আসচে, সে যে পুষ্পকে দেখতে পাচ্ছে না—সেটা বেশ বোঝাই গেল। তার বিস্মিত দৃষ্টি শুধু যতীনের দিকে নিবন্ধ। পরক্ষণেই কিন্তু সে ধম্কে দাঁড়িয়ে ভয়ে চীৎকার করে উঠলো। যতীন তো অবাক! ভয়ে চীৎকার করে কেন? সে বাঘ না ভালুক?

শ্রীশ ভড়ের গলার আওয়াজ পেয়ে ততক্ষণ তাদের বাড়ীর মধ্যে থেকে, পাশের নিমাই ভড়ের বাড়ী থেকে, ওর জ্যাঠামশাই নন্দ ভড়ের বাড়ী থেকে অনেক লোক ছেলেবুড়ো বেরিয়ে এল। সকলের সমবেত ভদ্র প্রহ্নের উত্তরে শ্রীশ হাঁপাতে হাঁপাতে বন্ধে—উঃ কি কাণ্ড! এমন তো কখনো দেখিনি!

সবাই বন্ধে—কি, কি, কি দেখলি রে?

—ওইখানে দাঁড়িয়ে ছিল সাদামত দিব্যি একজন মানুষ। যেমন ভেকেচি, অমনি মিলিয়ে গেল। বাপ...না রে বাপু, মপষ্ট নিজের চোখে দেখলাম, 'তোমরা বলচো চোখের ভুল! আমি কি গাঁজা খাই যে চোখের ভুল?

সবাই গোলমাল করতে লাগলো, দু-একজন সাহসী লোক এগিয়ে দেখতে এল লেবুগাছের আড়ালে কেউ লুকিয়ে আছে কিনা, যতীনের আশেপাশে যাতায়াত করচে অথচ সে আর পুষ্প সেইখানেই দাঁড়িয়ে।

যতীন কোঁতুকের হাসি হেসে বলে—লোকগুলো কানা নাকি ? খুঁজচে যাকে, সে তো এখানেই দাঁড়িয়ে ।

পুষ্প খিল্ খিল্ করে হেসে বলে—যাক, ভালই হয়েছে তোমায় চিনতে পারে নি । চিনতে পারলে বলতো, মুখুয়াদের বাড়ীর জামাই ভূত হয়ে লোকের আনাচে কানাচে ঘুরে বেড়াচ্ছে । বৌদিদি স্তনলে কষ্ট পেতো । লোকে বলতো গতি হয় নি । কেমন, শখ মিটলো তো ? নিরীহ লোককে আর ভয় দেখিয়ে দরকার কি, চলো পলাই ।

• ৮

বুড়োশিবতলার ঘাটে অশ্বখতলায়, যতীন অগ্নমনস্ক হয়ে বসে ছিল ।

পুষ্প মাঝে মাঝে কোথায় যায়, আজও বেরিয়েচে । তার নানা কাজ, কোথায় কখন ঘোরে । পুষ্পকে যতীন খানিকটা বোঝে, খানিকটা বোঝে না । পুষ্পের ভালবাসায় সেবায়ত্রে তার বছদিনের বৃহস্প্রাণ তৃপ্ত হয়েছে বটে কিন্তু সঙ্গিনী হিসাবে যতীনের মনে হয় পুষ্প অনেক অনেক উঁচু । সে পুষ্পকে ভালবাসে, শ্রদ্ধা করে, এমন কি কিছু কিছু ভয়ও করে । তার সঙ্গে কিন্তু মন খুলে কথা বলা যায় না, বলতে চাইলেও মুখে অনেকটা আটকে যায় । এমন সুখ, শান্তি, আনন্দের মধ্যেও যতীন নিজেকে খানিকটা একা মনে না করে পারে না ।

আশা, আজ যদি আশা...

এই সব সুন্দর দিনে, সুন্দর প্রাকৃতিক দৃশ্যের মধ্যে বসে আশার কথাই মনে হয় । আরও মনে হয় সে বড় হতভাগিনী, তার এত ভালবাসা আশা বোঝেনি ; আশা যদি বুঝতো, তার মূল্য দিত, হতভাগিনী নিজেই কত তৃপ্তি পেতো ?

তার ইচ্ছা হয় যখন তখন আশার কাছে যায় । কিন্তু পুষ্প তাকে যেতে দেয় না । এর কারণ যতীন জানতো না । আশার জীবনের অনেক ব্যাপার পুষ্প যা জানে যতীন তা জানে না । পাছে সে সব দেখলে যতীনের মানসিক যন্ত্রণা বেড়ে যায়, সেজন্তে পুষ্প প্রাণপণে সে সব জিনিস ওর দৃষ্টি থেকে লুকিয়ে রাখতে চায় । যার কোনো প্রতিকার করবার ক্ষমতা নেই, তা ওকে জানতে দিয়ে কোনো লাভ নেই ।

যতীন জানতো আশা খেয়ালের বশে অভিমান করে বাপের বাড়ী গিয়ে উঠেছিল এবং অভিমানের দরুনই তার সঙ্গে দেখা করে নি । তার নিষ্ঠুরতা, সেও অভিমানপ্রসূত । আশার চরিত্রের আসল দিক পুষ্প কত কোঁশলে ঢেকে রেখেচে যতীনের কাছে তা একমাত্র জানতেন ষষ্ঠতীনের মা । পাছে ওর চোখেও সে সব ধরা পড়ে যায়, এই ভয়ে নিজে সঙ্গে না নিয়ে যতীনকে একা আশার কাছে যেতে দিত না । যতীনের একা যাবার প্রবল ইচ্ছা সত্ত্বেও একা পৃথিবীতে যেতে সে তেমন সাহস পায় না—একদিন যাবার চেষ্টা করে খানিকটা গিয়েছিলও, হঠাৎ মধ্যপথে কে যেন ওকে চোকো কাঠের বাজের আকারের ঘর তৈরী করে তার মধ্যে বন্দী করবার চেষ্টা করতে লাগলো । ও এগিয়ে যায়, একটা ঘর ফুঁড়ে বার হয়, আবার

সামনে ঐ রকম কিউব দিয়ে সাজানো ঘর আর একটি তৈরী হয়—সেটা অতি কষ্টে পার হয়, তো আর একটা। দ্বিতীয় স্তরের অপেক্ষাকৃত স্থূল অর্থাৎ অত্যন্ত নমনীয় বস্তুপুঞ্জের ওপর ওর নিজেই চিন্তাশক্তি কাষ করে আপন-আপনিই এই রকম কিউব সাজানো দেওয়ালের বেড়াঙ্কাল সৃষ্টি হচ্ছিল—চিন্তার সংঘম বা পবিত্রতা অভ্যাস না করলে এই সব নিয়ন্ত্রণে যে ও রকম হয় তা যতীনের জানা ছিল না—যতীন যত ভয় পায়, ততই তার মনের বল কমে যায়—ততই সে নিজের সৃষ্টি কিউবরাশির মধ্যে নিজেই বন্দী হয়। জর্নৈক উচ্চস্তরের পথিক-আত্মা তাকে সে বিপদ থেকে সেদিন উদ্ধার করেন। সেই থেকে একা পৃথিবীতে আসতে ওর ভরসা হয় না।

আজও বসে ভাবতে ভাবতে আশার জন্তে সহানুভূতি ও দুঃখে ওর মন পূর্ণ হয়ে গেল। কিন্তু কি করবার আছে তার, অশরীরী অবস্থায় আশার কোনো উপায়ই সে করতে পারে না—অন্তত করবার উপায় তার জানা নেই।

হঠাৎ তার প্রবল আগ্রহ হোল আর একবার সে আশার কাছে যাবার চেষ্টা করবে। এলোমেলো চিন্তা মন থেকে সে দূর করবে—ভেবে ভেবে চণ্ডীর একটা শ্লোক তার মনে পড়লো—

যা দেবী সর্বভূতেষু দয়ারূপেণ সংস্থিতা

নমস্তস্মৈ নমস্তস্মৈ নমস্তস্মৈ নমোনমঃ ॥

এই শ্লোকটা একমনে আবৃত্তি করতে করতে সে ইচ্ছা করলে যে পৃথিবীতে যাবে—আশাদের বাড়ীতে—আশার কাছে! পরক্ষণেই সে অলুভব করলে সে মহাশূন্তে মহাবেগে কোথায় নীত হচ্ছে, গতির বেগে তার শরীরে শিহরণ এনে দিলে, মন মাঝে মাঝে অগ্নিদিকে যায়, আবার ফিরিয়ে এনে জোর করে চণ্ডীর শ্লোকের প্রতি নিবন্ধ করে।

এই তো তার শুরুরবাড়ীর পুকুর। ঐ তো সামনেই বাড়ী। বড় মজার ব্যাপার। এটা এখনও যতীন বুঝতে পারে না, কি করে সে চিন্তা করা-মাত্রেরি ঠিক জায়গায় এসে পৌঁছে গেল। এরোপ্সন যারা চালায়, তাদের তো দিক্‌ভুল হয়, কত বিপাকে বেধোরে কষ্ট পায়—কিন্তু কি নিয়ম আছে এ জগতে যে, জর্নৈক অজ্ঞ আত্মা শুধু মাত্র চিন্তা দ্বারা গন্তব্য স্থানে এসে পৌঁছয়।

রাত্রি...আশা দোতলার ঘরে ঘুমুচ্ছে, ও গিয়ে তার শিয়রে বসলো। খানিকটা পরে দেখলে আশার দেহের মধ্যে দিয়ে ঠিক আশার মত আর একটি মূর্তি বার হচ্ছে। যতীন শুনেছিল গভীর নিদ্রার সময় মাহুঘের সূক্ষ্মদেহ তার স্থূলদেহ থেকে সাময়িক ভাবে বার হয়ে ভুবর্গোকে বিচরণ করে। কিন্তু আশার এই সূক্ষ্মদেহ দেখে যতীন বিস্মিত ও ব্যথিত হয়ে গেল। কি জ্যোতি-হীন, শ্রীহীন, অগ্নীতিকর মেটে সিঁড়রের মত লাল রঙের দেহটা! চোখ অর্ধনির্মীলিত, ভাবলেশহীন, বুদ্ধিলেশহীন...একটু পরে সে দেহের চক্ষুদুটির দৃষ্টি যতীনের দিকে স্থাপিত হোল—কিন্তু সে দৃষ্টিকে এমন কোনো লক্ষণ নেই, যাতে যতীন বুঝতে পারে যে আশা ওকে চিনেচে বা ওর অস্তিত্ব সম্বন্ধে ও সচেতন হয়েছে। যেন মুমূর্ষু লোকের চোখের চাউনি—যা কিছু বোঝে কিছু বোঝে না, চেয়ে থাকে অথচ দেখে না। যতীন ভুবর্গোকের অল্পদিন-সঞ্জাত সামান্য অভিজ্ঞতা থেকে বুঝতে পারলে, আশার সূক্ষ্মদেহ অত্যন্ত অপরিণত এবং আর্দ্র উচ্চতর স্তরের উপযুক্ত নয়। সে জিজ্ঞেস করলে—আশা, কেমন আছ? আমায় চিনতে পারো?

আশার চোখে-মুখে এতটুকু চৈতন্য জাগলো না, সে যেন ঘুমুচ্ছে। যতীন চতুর্থ স্তরে যেমন অবস্থায় পড়েছিল, আশার ভুবলোকে অতি নিম্নস্তরেই সেই অবস্থা; এখন শু যদি পৃথিবীর স্থল দেহটা হারায়, এ লোকে এসে মহাকষ্ট পাবে, কারণ যে দেহটা নিয়ে এ লোকের সঙ্গে কারবার সে দেহটাই গুর তৈরী হয় নি। সত্ত্বপ্রসূত অন্ধ বিভাল ইঁহর ধরবে কেমন করে?

অর্থাৎ আশা অতি নিম্নশ্রেণীর আত্মা। যতীন আরও কয়েকবার নিজের অস্তিত্ব সম্বন্ধে আশাকে সচেতন করবার বৃথা চেষ্টা করে ব্যথিত মনে পৃথিবী থেকে বিদায় নিলে।

সেদিনই বুড়োশিবতলার ঘাটে গঙ্গার ধারে এক ব্যাপার ঘটলো।

৯

পুষ্প ও যতীন দুজনে নিজেদের বাড়ীর সামনে বাগানে বসে গল্প করচে। যতীন পুষ্পকে পৃথিবীতে যাওয়ার কথা কিছুই বলে নি। তবুও পুষ্প সব ব্যাপার জানে। পাছে মনে কষ্ট পায় এই জন্তে যতীনকে সে বলে নি যে সে জানে। হঠাৎ আকাশের এক কোণে নীল উজ্জ্বল আলো দেখা গেল—গঙ্গার এপার ওপার, ওদের বাড়ী, ঘর, বাগান, বুড়োশিবতলার ঘাট, এমন কি ওপারের শ্যামাসুন্দরীর ঘাট পর্যন্ত সে আলোয় উদ্ভাসিত হয়ে উঠলো। পুষ্প শশব্যস্তে দাঁড়িয়ে উঠে বসে—ত্যাখো, ত্যাখো, কোনো দেবতা যাচ্ছেন—চেয়ে ত্যাখো—

পরক্ষণেই যতীনের মনে হোল একটা বিরাট প্রজ্জ্বলন্ত উজ্জ্বল তাদের বাড়ীর গদূরে উন্মুক্ত বনজ লিলির ঝোপের ধারে এত প্রখর আলো বিকাশ করে এসে পড়লো যে, দুজনেরই চোখ ধাঁধিয়ে গেল তার তীক্ষ্ণ উজ্জ্বল তীব্রতায়।

ওরা আশ্চর্য হয়ে ছুটে গিয়ে দেখলে যে এক মহাজ্যোতির্ষয়দেহধারী পুরুষ ঝোপের ধারে বসে পড়েছেন। অমন মহিমময় শ্রী যে পৃথিবীর মানুষের হয় না—তা দুবার দেখে বুঝতে হয় না।

দুজনেই বিস্ময়ে ভয়ে আড়ষ্ট হয়ে দূরে থেকে চেয়ে দেখে, এমন সময় দেবতার নিকট থেকে পুষ্পের নিকট পর্যন্ত একটা ম্যাঞ্চেটা রঙের আলোয় চণ্ডা শিখা সাপের মত কুটিল বক্র আকৃতি ধরে একবার খেলে গেল। একটা বড় দশ ব্যাটারির টর্চের আলো কে যেন একবার টিপে তখনি বন্ধ করলে।

পুষ্প বুঝলে এটা কি। অতি উচ্চশ্রেণীর দেবতাদের বিদ্যুতের ভাষা!

পঞ্চম স্তরের সেই আত্মার কাছে পুষ্প একথা শুনিয়েছিল।

তিনি বলেছিলেন, উর্ধ্বতন লোকে—নবম বা দশম স্তরের ওপরেও যে সব উচ্চ স্তর, সেখানে দেববিবর্তনের জীবেরা বাস করেন। মানুষের সর্বপ্রকার ধারণার অতীত তাঁদের ক্রিয়াকলাপ— তাঁদের সে বিরাট জীবনের সম্বন্ধে পৃথিবীর লোকই বা কি, সাধারণ প্রেতলোকের আত্মারাই বা কি, কোনো খবর জানে না। মুখের ভাষায় তাঁরা কথা বলেন না—তাঁদের প্রকাশের ভঙ্গি সম্পূর্ণ স্বভাব। আগুনের বা বিদ্যুতের ভাষায় চলে তাঁদের কথাবার্তা।

পুষ্প হাতজোড় করে নীরবে দাঁড়িয়ে রইল। পুনরায় মহাব্যস্ত ও ক্ষিপ্ত আর একটা তীব্র

বিদ্যুৎ-শিখা ওকে এসে স্পর্শ করতেই ওর মনের মধ্যের চিন্তায় এই প্রশ্ন জাগলো—আমি কোথায়....?

দেবতাকে দেখা যায় না। তাঁর স্থানে শুধু একটা আলোর মণ্ডলী পরিদৃশ্যমান। পুষ্প বলে—দেব, আপনি পৃথিবীর আত্মিক লোকে।

আবার বিদ্যুতের শিখা। পুষ্পের মনে পুনরায় প্রশ্ন জাগলো—পৃথিবী কি ?

পুষ্প বলে—পৃথিবী একটা ক্ষুদ্র গ্রহ, সূর্যের চারিদিকে ঘোরে।

পুষ্পের এ কথাগুলো কি ভাবে দেবতা বুঝলেন, পুষ্প জানে না। বোধ হয় এ উত্তরগুলো চিন্তারূপে দেবতার নিজের মনে জাগছিল। পৃথিবীর ভাষায় অনুবাদ করলে দুজনের কথাবার্তা খানিকটা নিম্নোক্তরূপ দাঁড়ায়। পুনরায় প্রশ্ন হোল—

—বিশ্বের কোন্ অংশে ?

পুষ্প বিপদে পড়ে একমনে সেদিনকার সেই দেবতাকে স্মরণ করলে। এ সব প্রশ্নের উত্তর দেওয়া তার সাধ্যের অতীত।

আশ্চর্যের উপর আশ্চর্য! সেদিনকার সেই শৈলশিখারাকৃত দেবতা তখনই তার সম্মুখে তাঁর জ্যোতির্ময় দেহ নিয়ে আবির্ভূত হোলেন। পুষ্প প্রণাম করে বলে—দেব, আমি সামান্য মানবী। উনি যে প্রশ্ন করছেন, আমি তার কি উত্তর দেবো? আমায় বিপদ থেকে উদ্ধার করুন। তারপর সে দ্বিতীয় দেবতাটির পানে কৃতজ্ঞতা ও বিশ্বয়পূর্ণ দৃষ্টিতে চেয়ে রইল। তিনি সেদিন বলেছিলেন বটে ‘স্মরণ করলেই আমি আসবো’, পুষ্প একথা বিশ্বাস করেনি। সে মহা অপরাধী দেবতার কাছে—ছি ছি, কি অবিশ্বাসী তার আত্মা!

কিন্তু এ চিন্তা চাপা পড়ে গেল আর এক আশ্চর্য ব্যাপারে। দুই দেবতার মধ্যে যেন তীব্র বিদ্যুৎশিখার ক্ষিপ্ত আদানপ্রদান চলচে—পৃথিবীর কোনো ঘটনার উপমাছাড়াই তার স্বরূপ বোঝানো যাবে না। দুখানা বড় যুদ্ধজাহাজ যেন পরস্পর পর্বস্পরের ওপর তীব্র অস্ত্রি-হাইড্রোজেন আলোর সার্চলাইট বিক্ষেপ করচে! দুই বিরাট দেবতার কথাবার্তা চলছিল। পরে এই কথাবার্তা পৃথিবীর ভাষায় অনুবাদ করে পুষ্পের দেবতা-বন্ধু তাকে যা বলেছিলেন, তা এইরূপ—

পুষ্পের দেবতাবন্ধু বিস্মিত হয়ে জিজ্ঞেস করলেন—আমার অভিনন্দন গ্রহণ করুন। আপনি কে দেব ?

আগন্তুক দেবতা বলেন—আমি কোথায় আগে বলুন।

—পৃথিবীর আত্মিক লোকে।

—পৃথিবী কি ?

—একটা ক্ষুদ্র গ্রহ, সূর্য নামে একটা নক্ষত্রের চারিদিকে ঘোরে।

—বিশ্বের কোন্ অংশে ?

—এ প্রশ্নের কি জবাব দেবো ? ছায়াপথ দ্বারা সীমাবদ্ধ যে নক্ষত্রজগৎ তারই এক অংশে। আপনি কোন্ অংশের অধিবাসী ?

এর উত্তরে আগন্তুক দেবতা বল্লেন—আমার কথা শুনে হয়তো আপনি বিশ্বাস করবেন না। আমি বহু, বহু দূরের অল্প এক নক্ষত্রজগতের অধিবাসী। আমি বহু কোটি বৎসর পূর্বে ভ্রমণে এবং নতুন দেশ আবিষ্কারে বেরিয়েছিলাম। আমার চৈতন্য যতদিন হয়েছে আমার মনে এক অদম্য পিপাসা ছিল বিশ্বের প্রত্যন্ততম সীমা আবিষ্কার করবো। কি কি নতুন দেশ এতে আছে দেখবো। এতকাল ধরে বেগমান বিদ্যুতের অপেক্ষাও দ্রুততর গতিতে শুধু শূন্যে বেড়িয়ে বেড়াচ্ছি। সম্প্রতি নক্ষত্রের, গ্রহের, নানা জগতের ও বিভিন্ন লোকের গোলকধাঁধার অরণ্যে দিশাহারা হয়ে এখানে শক্তিহীন, অবসন্ন ও বিমূঢ় অবস্থায় এসে পড়েছি। নক্ষত্র ও বস্তুজগৎ এখানে এত বেশী কেন? এ দুটি প্রাণী কোথাকার লোক?

—এই দুই জীব পৃথিবীর তৃতীয় স্তরের অধিবাসী। পুরুষটি সম্প্রতি বস্তু-স্তর থেকে আত্মিক স্তরে এসেছে। ওরা নিতান্ত নিরীহ, অজ্ঞ। মেয়েটি কিছু উন্নত—তাও জ্ঞানে নয়, প্রেমে।

যতীন এতক্ষণ শ্রদ্ধায় ভয়ে ও গভীর বিষ্ময়ে আড়ষ্ট হয়ে পিছন দিকে দাঁড়িয়ে ছিল। সে এই কথাবার্তার বিন্দুবিসর্গও বুঝছিল না—তার মনে অত উচ্চ দেবাত্মাদের চিন্তা প্রতিফলিত হবার কোনো সম্ভাবনা ছিল না। পুষ্প ওর দিকে চেয়ে কথা বলতে সে বুঝলে যে তার সম্বন্ধে কোনো কথা বলা হচ্ছে। সে এগিয়ে এসে প্রণাম করে চূপ করে রইল। এত বড় জ্যোতির্ময় আত্মা সে আর কখনো দেখেনি। দেবতা বল্লেন—উঃ, কোথায় এসে পড়েছি। বিশ্বের কোন অংশে যে আছি তা কিছুই বুঝতে পারছি নে। তুমি কোন্ একটা গ্রহের নাম করলে? যে নক্ষত্রটার চারিদিকে ঘোরে সেটা আমি নতুন দেখলাম। নক্ষত্রটা খুব বড় নক্ষত্রের দলে পড়ে না। এবং ওর আলোও পরিবর্তনশীল, আমি বার কয়েক ওর আলোকে বাড়তে-কমতে দেখেছি। ওর নাম কি বল্লে—স্বর্ষ!

পুষ্প তার নিজের চিন্তার কিছু অংশ এবার যতীনের মনে চালনা করলে। সে বেচারী চূপ করে দাঁড়িয়ে আছে, বুঝে না কোন্ ভীষণ মহাপুরুষের সামনে দাঁড়িয়ে পুষ্প পোড়ারমুখী কথা বলচে। জানুক ও বুঝুক কিছু।

পুষ্পের মনের মধ্যে দিয়ে ওদের কথাবার্তা যতীন বুঝতে পারলে এবং বুঝে অবাক হয়ে গেল। পুষ্প ভাবছিল—এ আবার কত উচ্চস্তরের, কি ধরনের লোক রে বাবা, যে স্বর্ষের নামটাই শোনে নি কখনো, পৃথিবী তো দূরের কথা।

কথাটা মনে হয়ে তার বড় হাসি পেল। ছিঃ—হাসি সামলে নিয়ে সে বল্লে—আপনার কথা শুনেতে বড় আগ্রহ হচ্ছে। আপনি আমাদের বাড়ীতে বসে একটু বিশ্রাম করুন। আর দয়া করে বলবেন কি, কি দেখলেন এতকাল ধরে?

আগন্তুক ওদের বাড়ীর বাইরে পাথরের বেষ্টিতে এসে বসলেন।

যতীন সল্পমে উদ্ভ্রান্ত ও দিশেহারা হয়ে হঠাৎ বিনীতভাবে বলে বসলো, একটু চা খাবেন কি সার?

পুষ্প মুখে আঁচল চাপা দিয়ে অতিকষ্টে হাসি দমন করে বললে—কি যে তুমি করো যতুদা! পৃথিবীর অভ্যাস তোমার এখনও গেল না। চা খাবে কে? আর 'মার' বলচো কাকে? যতীন প্রস্ততি হলে অধিকতর বিনীত ভাব ধারণ করলে।

এই দুই নবদৃষ্ট আত্মার কাণ্ড দেখে আগন্তুক দেবতার মন কৌতুকে ও আনন্দে পূর্ণ হয়ে উঠলো। কোথাকার জীব এরা, অথচ স্থাথো কি স্তম্ভর হাসে! মহামহেশ্বরের বিচিত্র সৃষ্টি শুধু বিরাটতার দিক থেকেই নয়, আধ্যাত্মিক সৌন্দর্যেও এর কি রহস্যময় মূর্তি। এরা কেন হাসচে, কি নিয়ে কথা বলচে তা তিনি বুঝতে পারছিলেন না। আর একটা কথাও তিনি বোঝেন নি, তাই এখন পুষ্পকে প্রশ্ন করলেন—গ্রহের জড়লোক আর আত্মিকলোক কি বলচো, বুঝতে পারলাম না তো? কি সেটা?

পুষ্প বললে—প্রভু, আমরা যখন পৃথিবীতে জন্মগ্রহণ করি, তখন আমাদের দেহ অল্প পদার্থ দিয়ে তৈরী হয়। সে দেহ স্থূল, সেখানকার সব জিনিসই সেই ধরণের স্থূল পদার্থে গড়া। তারপর একটা সময় আসে, যখন সেই স্থূল দেহটা নষ্ট হয়ে যায়—তখন আমরা এই আত্মিক লোকে আসি। কেন, প্রভু, আপনি কি এ জানেন না?

দেবতা বললেন—শুনেচি বটে এমন হয় কোনো কোনো গ্রহের জীবের ক্ষেত্রে, আমার অভিজ্ঞতা নেই। আমায় সেখানে একবার নিয়ে যাবে—তোমাদের এই পৃথিবী গ্রহের জড়লোকে?

—কিন্তু সেখানে আপনি যেতে পারবেন দেব অত স্থূল রাজ্যে?

দেবতা হেসে বললেন—আমি পৃথিক। কত বিরুদ্ধ ভাবের মধ্যে দিয়ে চলা অভ্যাস করতে হয়েছে আমাকে, তবে বিশ্বভ্রমণ করা সম্ভব হয়েছে। নইলে তোমাদের এই যে যাকে বলচো আত্মিকলোক, এখানেই কি আমি আসতে পারতাম? জড়বস্তুর নিবিড় প্রকাশ আত্মার ক্ষেত্রে আমি দেখেচি অল্প অনেক গ্রহে। চল, যাই।

একটু পরে ওরা তিনজনে পৃথিবীর দিকে চললো। পৃথিবীর নিকটে এসে দেবতা বললেন—উঃ, মেঘের মত কি সব বিশ্রী চিন্তার ধোয়া চারদিকে! তোমরা দেখতে পাচ্চ না?

যতীন তো কিছুই দেখতে পায় না—পুষ্প জানে, পৃথিবীর মানুষের পাপের ও ছুঁথের নানা-রকম চিন্তার মেঘ পৃথিবীর বায়ুমণ্ডলে জমা হয়ে মাঝে মাঝে পৃথিবীতে যাতায়াতের সময় তাকে কষ্ট দিয়েচে। তবুও সে পৃথিবীরই জীব, তার ততটা কষ্ট হয় না, যতটা ইনি পাবেন।

যেখানে ওরা গিয়ে নামলো সেটা ভারতবর্ষের বিহার অঞ্চলের একটা ছোট গ্রাম। মহিষদল মাঠে চরাচ্ছে রাখালস'। তিনজন মেয়েমানুষ একটা স্টুট্রাক্সের ধারে দাঁড়িয়ে ঝগড়া করচে পৃথিবীতে ভাদ্রনাম। শরতের বেশ পরিষ্কার নীল আকাশ, বন্যার জল এসে নেমে গিয়েচে, গ্রামের মধ্যে গুঁহ্বাড়ীর উঠানে পচা কাঁদা। একটা বাড়ীতে মকাই-এর মরাই-এর মধ্যে জল ঢুকে মকাই-এর দানা পচিয়ে ফেলেচে বলে বাড়ীর মেয়েরা মকাইগুলো নামিয়ে কাড়চে।

দেবতা বলেন—কি আশ্চর্য। এদের গতি এতটুকু জায়গায় সীমাবদ্ধ! এর চেয়ে দ্রুত যেতে পারে না ?

কাটিহার থেকে মুন্সেরগামী একখানা ট্রেন এসে পড়লো। দেবতা বিস্ময়ের সুরে বলেন—ও ব্যাপারটা কি ?

—মানুষে ওই গাড়ীটা তৈরী করেছে। ওকে বলে রেলগাড়ী। খুব জোরে মানুষকে এক জায়গা থেকে আর এক জায়গায় নিয়ে যায়, প্রভু।

দেবতা কোঁতুকের দৃষ্টিতে চেয়ে বলেন—ওই কি দ্রুত যাওয়ার নমুনা ? নমুনা দেখে তো খুব আশা হয় না এদের দ্রুতগামিতার ভবিষ্যৎ ইতিহাস সম্বন্ধে। ওর নাম কি জোরে যাওয়া ?

এক জায়গায় ছুটি ছোট ছেলেমেয়ে ভুট্টাক্ষেত থেকে ভুট্টা চুরি করে খেতে গিয়ে ক্ষেত্র-স্বামীর হাতে পড়ে খুব মার খাচ্ছে দেখে দেবতা বলেন—আহা, কচি ছেলেমেয়ে দুটিকে অমন করে মারচে কেন ? পরে তিনি ক্ষেত্রস্বামীর মনে সদয় চিন্তা বিক্ষেপ করতে চেষ্টা করলেন। স্থূল দেহের স্থূল মনে প্রথমেই কোনো কার্যকরী হোল না—কিন্তু অসাধারণ শক্তিশালী দেবতার মনের জোরে তাকে সং চিন্তার প্রেরণা স্পর্শ করলে। সে ছেলেমেয়ে দুটিকে ছেড়ে দিয়ে বলে—আচ্ছা, যা নিয়েচিন্ যা, তা এবারকার মত নিয়ে যা—আর কখনো আসিনে।

দেবতা বলেন—আহা, এদের তো বড় কষ্ট! কি অদ্ভুত এই সৃষ্টি! যত দেখচি ততই এর সৌন্দর্য্যে মুগ্ধ হয়ে যাচ্ছি। আমার কি হচ্ছে হচ্ছে জানো—এদের মধ্যে মানুষ হয়ে থাকি। এদের দুঃখ দূর করার চেষ্টা করি।

পুষ্প বলে—দেব, নিকটের এই পাহাড়ের চূড়াটাতে বসে আপনার ভ্রমণের গল্প একটু করবেন দয়া করে ? শুনবার বড় হচ্ছে হচ্ছে।

ভাত্র মাসের গঙ্গা কূলে কূলে ভরা। বিকেল হয়েচে। পশ্চিম দিগন্তে জামালপুরের পাহাড়ের পিছনে রঙীন মেঘস্বপ্নের আড়ালে সূর্য্য অস্ত যাচ্ছে।

পাহাড়ের মাথায় ছোট ছোট জঙ্গল। একটা ফাঁকা জায়গায় বন্য হরীতকী গাছের তলায় ওরা বসলো। নীচে গঙ্গার ধারে একটা পাট-বোঝাই ভড়ের মাঝিমালারা রান্নাবান্নার উত্তোগ করছিল। যতীন ভাবছিল—এই তো বৃহত্তর জীবন, মৃত্যুর পরে যা সে লাভ করেছে। কোথায় বাংলাদেশের এক ছোট্ট গ্রামে সে ছিল বন্দী, সারা পৃথিবীতে ছড়িয়ে গেল তার জীবন—পৃথিবীর অতীত কত লোকে কত সুরে এমনি কত নিস্তর শরৎ দুপুরে, অপরাহ্নে, কত বসন্তদিনের আসন্ন বেলায়, কত জ্যোৎস্নারাজিতে তার ইচ্ছামত অভিযান ভবিষ্যতের ক্ষেত্রে জমা রয়েছে! এমন সব ক্ষুধের দিনে শুধু মনে হয় সেই হতভাগী—

দেবতা তাঁর ভ্রমণের কাহিনী বলতে লাগলেন।

সে ভারি চমৎকার কথা। তাঁর সব কথা পুষ্প বা যতীন বুঝতে পারছিল না। তবুও তারা মুগ্ধ হয়ে গেল তাঁর উৎসাহদীপ্ত মুখের ভঙ্গীতে, কথার সুরে। কত লক্ষ বৎসর পূর্বে তিনি বেরিয়েচেন বিশ্বভ্রমণে। কত গ্রহ, উপগ্রহ, নক্ষত্রজগৎ, কত ছায়াপথ, নীহারিকাপুঞ্জ মানস-গতিতে ভ্রমণ করেচেন। আলো বা বিদ্যুতের যেখানে পৌঁছতে লক্ষ লক্ষ বৎসর লাগে—সে

সব সুন্দর নক্ষত্রমণ্ডলী পার হয়েও লক্ষ আলোকবর্ষ দূরের অঞ্চলে চলে গিয়েছেন। তখনও দেখেন বহু দূরে আর এক অজানা বিশ্বের সীমা মহাশূন্তের প্রান্তে আবছায়া দেখা যায়। আবার সে বিশ্বেও পৌঁছেছেন, আবার অগণিত নক্ষত্র, গ্রহ, উপগ্রহ নীহারিকারাজির মধ্যে দিয়ে দেবতার অমিত গতিতে বহু শত বৎসর ধরে ছুটে গিয়ে যেমন তার সীমা ছাড়িয়েছেন, আবার দূরে দেখতে পেয়েছেন আর এক রহস্যময় অজ্ঞাত বিশ্বের ক্ষীণ সীমান্তবর্তী ক্ষীণালোক তারকামণ্ডলী। কত প্রজলন্ত নক্ষত্র, কত স্বয়ম্প্রভ বাষ্পমণ্ডলী লক্ষ লক্ষ যোজন বিস্তৃত হয়ে রয়েছে শূন্তের দিগন্ত থেকে দূর দিগন্তে... অবশেষে এই বর্তমান বিশ্বটায় পৌঁছে গ্রহনক্ষত্রের গোলকধাঁধার মধ্যে কিছু দিশাভায়া হয়ে পড়েছিলেন।...

পুষ্প বললে—আমাদের সাঙ্গ করে নিয়ে যাবেন ?

দেবতা বললে—তা অসম্ভব। এই গ্রহের বিভিন্ন আত্মিক স্তর ছেড়ে তোমরা কোথাও যেতে পারবে না। এর আবরণে টেনে রাখবে। সে দেহ তোমাদের তৈরী হয় নি। তবে আর কিছুকাল অপেক্ষা কর। কাচাকাচি বহু অদ্ভুত জগৎ আছে, সেখানে তোমাদের নিয়ে যাবো ; আমায় স্বরণ করো না—তাতে আমি আসবো না। যখন তোমরা তার উপযুক্ত হয়েচ বুদ্ধবো—আমি নিজেই আসবো। এখন আমি যাই। আর একটা বিষয়ে সাবধান থেকো, তোমরা দেখতে পাচ্চ না, আমি পাচ্চি, তোমাদের এই গ্রহটার চারিদিক ঘিরে একটা বিরাট শক্তিশালী চৌম্বক চেউ বইচে, সেটা সব সময় তোমাদের ঐ পৃথিবীর দিকে টানচে। এই চেউ-এ পড়লে ঘুরিয়ে নিয়ে এসে ঐ পৃথিবীর জড়লোকে তোমাদের ফেলে পুনরায় জড়দেহ ধারণ করাতে বাধ্য করবে। এটাকে পুনর্জন্মের চেউ বলা যেতে পারে। খুব সাবধান। বিশ্বের সীমা আবিষ্কার করবার যার আগ্রহ, সে যেন ক্ষুদ্র গ্রহের স্থূলস্তরে আবার স্থূল জড়দেহ ধারণ না করে।

পুষ্প ও যতীন দুজনে প্রণাম করলে। পুষ্প বললে--আবার যেন আপনার দেখা পাই, দেব। পর মুহূর্তে দেবতা অন্তহিত হলেন।

পুষ্প বললে—দেখলে তো ? শুনলে ? ওই সেই চুষকের চেউ। আমাকে এক দেবতা বলেছিলেন অনেক দিন আগে। তোমাকে একবার পঞ্চম স্তরে নিয়ে যেতে যেতে বিপদে পড়েছিলুম, তুমি অজ্ঞান হয়েছিলে—মনে আছে ? দেহীবার তাঁর সঙ্গে দেখা।

১০

একদিন গঙ্গার ঘাটে বসে থাকার সময় যতীন দেখে অবাধ হয়ে গেল যে দিবিচ চমৎকার জ্যোৎস্না উঠলো। একেবারে পৃথিবীর পূর্ণিমার জ্যোৎস্না। স্তর স্তর আলোর চেউ পড়লো গঙ্গাবক্ষে, পড়লো গিয়ে ওপারের শ্যামাসুন্দরী মন্দিরের সর্বাস্ত্রে, তারের প্রাচীন বটের মাথায় ডালের ফাঁকে ফাঁকে।

যতীন ভাবলে--এ আবার কি ? জ্যোৎস্না তো! কখনো এখানে দেখিনি! এখানে রাত্রিই বা কি, দিনই বা কি।

এমন সময়ে পুষ্প হাসতে হাসতে পাশে বসে বলে—কেমন জ্যোৎস্না হয়েছে দেখ ; মনে পড়ে তুমি আর আমি কেওটার বুড়োশিবতলার ঘাটে এমনি জ্যোৎস্নারাতে কত বসে ইলিশমাছ ধরা দেখতাম ?

—কিন্তু জ্যোৎস্না উঠলো কোথা থেকে ? চাঁদ এল কি করে ?

—তৈরী করলুম জ্যোৎস্নাটা। ভাবলুম তোমার সঙ্গে একদিন জ্যোৎস্নারাত্রে ঘাটে বসারাক। কেমন, বেশ হয় নি ?

—আচ্ছা পুষ্প, যে কোনো ঋতু, যে কোনো সময়কে তৈরী করতে পারো ? এ তো অদ্ভুত !

—সময় এখানে মনের দ্বারা সৃষ্টি করা যায়, যেমন অল্প সব জিনিস করা যায়। সেই তো তুমি চোখের ওপর দুবেলা দেখেচো। আচ্ছা যতুদা, সাগঞ্জ কেওটার কথা মনে পড়ে ?

—খুব পড়ে পুষ্প। সেই একবার আমি গাছ থেকে পড়ে গিয়েছিলাম, মনে আছে ? তোর কি কান্না ! সত্যি আমি এক একবার ভাবি জীবনে কি পুণ্য না জানি করেছিলুম যে তোর মত মেয়ের সঙ্গ পেয়ে ধন্য হয়েছি। আমার এখনও মনে হয় এ সব স্বপ্নই বা !

পুষ্প লজ্জিত স্বরে বলে--আহা !

পুষ্প বুঝতে পারে যে, যতীন আশার কথা ভাবচে, ঘাটে এসে বসেই তার কথা ওর মনে হয়েছে। যত উচ্চ স্তরের আত্মাই হোক, পুষ্প মেয়েমানুষ, তার মনটা ছ ছ করে ওঠে। যতুদাকে সে আবাল্য ভালবাসে, প্রাণ দিয়ে ভালবাসে কিন্তু যতুদা তার চেয়ে যে আশাবৌদিকে বেশী ভালবাসে, একথা সে জেনেও মনে স্থান দেয় না বেশীক্ষণ। উপায় কি ? এই তার অদৃষ্টলিপি, নইলে সে ছেলেবেলায় পৃথিবী ছেড়ে, যতুদাকে ছেড়ে আসবে কেন ? যতীনের গত তেরো বছরের জীবনে পুষ্প ছিল না, ছিল আশা—এ অবস্থায় আশার সঙ্গেই যতীনের মনের যোগ অনেক গাঢ়বন্ধ। কারো কোনো দোষ নেই*।

পুষ্পের মনে ছুঃখের ছায়া এসে পড়তেই বাইরের জ্যোৎস্না ক্রমশ স্তান হয়ে এল। মন প্রফুল্ল না থাকলে মানসিক সৃষ্টি ক্ষুণ্ণ হবেই।

হঠাৎ পুষ্প যতীনের দিকে চেয়ে বলে—একটা কথা ভুলে গিয়েছিলুম যতুদা। আজ কল্প-পর্বতের গান বাজবার দিন। চল তোমাকে শুনিতে আনি। সে এক অদ্ভুত জিনিস।

ওদের স্বর্গ থেকে বেরিয়ে ওরা শূণ্য বেয়ে চললো। বছদূরে একটা সবুজ নক্ষত্রের দিকে আঙ্গুল দেখিয়ে পুষ্প বলে—ওইখানে আমাদের যেতে হবে। ওই দিকে একদৃষ্টে চোখ রেখে ভাবো যে আমরা ওখানে যাবো।

নক্ষত্রটা ধেন ক্রমে বড় হচ্ছে, যতীনের মনে হোল সে সবগে ওর দিকে নীত হচ্ছে। কি অদ্ভুত এ যাত্রা। যতীন অবাক হয়ে চেয়ে দেখছিল অনেক দূরে অন্ধকারের মধ্যে একটা প্রকাণ্ড গ্রহ ডুবে ডুবে ঘুরচে।

পুষ্প বলে - এই হচ্ছে সূর্যগ্রহ—সন্ধ্যাবেলা সেটাকে পশ্চিম আকাশে দেখা যায়।

আকাশের রং এখানে নীল নয়, অনেকটা ধূসরমিশ্রিত বেগুনী। শূণ্যপথে অনেক আত্মা তাদের মতই যাওয়া আসা করচে, তবে তাদের মধ্যে কেউই উচ্চশ্রেণীর নয়, ওদের রং দেখে

শ্রেণী ঠিক করতে শিখে গিয়েচে যতীন। এ সব আত্মার রং খানিকটা খানিকটা মেটে সিঁহরের মত লাল। খুব সাধারণ শ্রেণীর আত্মা। তবে নিম্ন শ্রেণীর আত্মা এখানে আসে না। তাদের দ্বিতীয় স্তরের নিম্ন পর্যায় ছাড়িয়ে ঔঠবার সাধাই নেই।

হঠাৎ যতীন বলে—সে পাহাড় তো চতুর্থ স্তরে, সেখানে পৌঁছে আবার অজ্ঞান হয়ে পড়বে না পুষ্প ?

পুষ্প হেসে বলে—তাহলে তোমায় কি আনতুম যতুদা ? সেবার তুমি সেখানে অজ্ঞান হয়েছিলে, সেটা চতুর্থ স্তরের উপরলোক। চতুর্থ স্তরে ঠিকই ছিলে। চতুর্থ স্তরে সেই নীল হ্রদ দেখেছিলে, যেখানে দেবদেবীরা স্নান করছিলেন।

যতীন বলে—কই, কোথায় দেবদেবীরা স্নান করছিলেন আমি তো দেখিনি ? তখন থেকেই আমার জ্ঞান চলে যাচ্ছিল তাহলে।

ওদের কথা শেষ হতে না হতেই যতীন দেখলে তারা একটা অত্যন্ত সুন্দর দেশে এসে পৌঁছেচে।

দেশটার চারিদিকেই চক্রবাল রেখার কূলে কূলে নীল পাহাড়। গাছপালা সেখানে আদৌ তৃতীয় স্তরের মত নয়—কোনোটার রং নীল, কোনোটার বেগুনী, কোনোটার সোনালী ; ফুলফল যেন রঙীন আলো দিয়ে গড়া। পাহাড়ের মাথায় মাথায় যেন জ্বলন্ত রঙীন আলোর মেলা। পুষ্প একটা গাছের ফুল তুলে ওকে দেখালে, তুলবা মাত্র বোঁটায় আর একটা ফুল কোথা থেকে এসে শূণ্যস্থান পূর্ণ করলে। আরও একটা আশ্চর্য ব্যাপার, প্রান্তরের ও শৈলমাছুর সব ফুল মুহূর্তে মুহূর্তে স্পন্দিত হচ্ছে, যেন চারিদিকে রাশি রাশি লক্ষ লক্ষ নানা বিচিত্র বর্ণের জোনাকি নিবচে জ্বলচে। পাখীগুলো যখন আকাশে উড়চে, তাদের ডানায় যেন সাতরঙা রামধনুর খেলা। এদেশে বাতাসে একটু অদ্ভুত শাস্তি ও আনন্দের বার্তা—একটা বিচিত্র জীবন-উল্লাসের ইঙ্গিত।

যতীন একটা জিনিস লক্ষ্য করলে, এখানকার দৃশ্য যে রকম, পৃথিবীতে এ দৃশ্য কল্পনাও করা যায় না। এর কোনো জিনিস পৃথিবীতে নেই।

পুষ্পকে সে কথাটা বলে।

—পৃথিবীর সঙ্গে খুবই কমই মিল এ দেশের, না পুষ্প ?

পুষ্প বলে—যতুদা, এর একটা সহজ কারণ আছে। দ্বিতীয় বা তৃতীয় স্তরের আত্মারা পৃথিবী থেকে সত্ত্ব এসেচে। পৃথিবীর স্মৃতি তখনও তাদের কাছে স্নান হয়নি। যখন তারা মানসলোক সৃষ্টি করে, পৃথিবীর সেই স্মৃতি তাদের অমেকখানিই সাহায্য করে। কাজেই তাদের তৈরী স্বর্ণ হয় পৃথিবীরই অবিকল নকল। কিন্তু এই সব স্তরের আত্মিকদের মনে পৃথিবীর স্মৃতি অত্যন্ত ক্ষীণ হয়ে এসেচে—অতীতের নেই বলেই হয়। কাজেই তারা যখন গড়ে—নিজেদের কল্পলোক নিজেদের কল্পনা থেকে গড়ে। তাই সব হয় নতুন, সবই হয় আজগুবি। এ সবই যা দেখচো এ স্তরের অধিবাসীদের সৃষ্টি—ওই পাহাড়পর্বত, গাছপালা, ফুল, পাখী, সাধারণ দৃশ্য—সব।

—কিন্তু তোমার মানুস্বজন কই ? একজনেরও তো সাক্ষাৎ নেই।

—তঁারা ইচ্ছে না করলে এ স্তরের আত্মাকে তুমি সহজে দেখতে পাবে না যতুদা। কল্পপর্বতের কাছে যাকে আমরা চুষকশক্তির চেউ বলি—তা অত্যন্ত প্রবল। সেখানে গেলে তোমার দেহ শক্তিমান হবে, তখন খুব উচ্চ স্তরের আত্মাকেও অল্পক্ষণের জন্তে—মানে মাত্র যতক্ষণ সেই পর্বতের কাছে থাকবে ততক্ষণের জন্তে—দেখতে পাবে।

অল্প পরেই একটা অহুচ্চ পর্বত সামনে দেখা গেল, তার ওপরটা অনেকখানি সমতল। সেই সমতল জমিটুকুর ওপর যে দৃশ্য চোখে পড়ল যতীনের, তাতে সে বিস্মিত, মুগ্ধ ও স্তম্ভিত হয়ে গেল।

সেখানে বহু দেবদেবী একত্র হয়েছেন। তাঁদের অঙ্গের জ্যোতি ও রূপে সমস্ত ভূমিশ্রী আলোকিত হয়ে উঠেছে, সমগ্র বায়ুমণ্ডল (যদি এখানে বায়ুমণ্ডল বলে কোনো কিছু থাকে) তাঁদের দেহনিঃসৃত উচ্চ বৈজ্যতিক শক্তির স্পন্দনে মৃত্যুঞ্জয়া অমৃতের নিষ্কার হয়ে উঠেছে যেন, দেহগন্ধের সুরভিতে বহুদূর পর্যন্ত আমোদিত।

যতীন এ পর্যন্ত এত উচ্চ জীবের এত প্রমাণ সমাবেশ কখনো দেখেনি। সে চুপি চুপি বললে—
এ যে গুঁদের দস্তুরমত ভিড় লেগে গিয়েচে দেখচি, পুষ্প! উঃ—

সবাই যেন কিসের অপেক্ষা করচে। সকলের চোখ বা দিকের একটা খুব উঁচু পাহাড়ের দিকে নিবদ্ধ। যতীন বললে—ও পুষ্প, এ যেন ফোটেঁর রায়মপাটেঁ দাঁড়িয়ে মোহনবাগানের মাচ দেখতে এসেচে সব—আহা, টিকিট কিনতে পায়নি বেচারীরা!

পুষ্প তিরস্কারের সুরে বললে—নাঃ, তুমি জ্বালালে যতুদা—চুপ করে থাকো না কেন ছাই।
যতীন কি বলতে গিয়ে হঠাৎ চুপ করে গেল।

বা ধারের সেই পাহাড়ের চূড়া থেকে এক অপূব মধুর, শব্দের চেউ উথিত হোল। দেবদেবীরা সকলে অবনত মস্তকে শুনতে লাগলেন। কেউ কেউ পাহাড়ের চালুর রঙান স্বয়ম্প্রভ ভগ্নদলে শুয়ে পড়লেন অলসভাবে। কেউ বসে দুহাতে মুখ ঢাকলেন। বেশীর ভাগই কিঙ্ক দাঁড়িয়ে দাঁড়িয়ে শুনতে লাগলেন।

সে মধুর শব্দ কণ্ঠসঙ্গীত নয়, যন্ত্রসঙ্গীতের মত শব্দটা। কিন্তু পরিচিত কোনো যন্ত্রে বাদিত সঙ্গীত নয়। অত্যন্ত রহস্যময় তার উৎপত্তিস্থল। যেন গঙ্গার ধারা,—কোন উচ্চ পর্বতের তুষারপ্রবাহে তার জন্ম, কেউ খবর রাখে না। যতীনের সর্বাঙ্গ বার বার শিউরে উঠতে লাগলো।

শুনতে শুনতে যতীনের মনে হোল সে আর পৃথিবীতে বন্ধ আত্মা নয়—সে উচ্চ অমৃতের অধিকারী দেবতা হয়ে গিয়েচে, সে মুক্ত, সে বিরাট—তার আত্মা সারা বিশ্বকে ব্যোপে সচেতন হতে চায়, তার বিরাট হৃদয়ে সর্কল পাপী তাপী, মূর্খ ও নিন্দুকের স্থান আছে, পতিতের উদ্ধার করতে যুগে যুগে পৃথিবীতে জন্মেচে, তাদের দুঃখে যুগে যুগে করেচে মৃত্যুবরণ। বিশ্বের মহাদেবতার প্রেমিক পাখচর সে—সে নৃত্যশীল গ্রহনক্ষত্রের বিচিত্র নৃত্যচ্ছন্দে পালাময়, পবিত্র, প্রেমিক, মুক্ত দেবতা। এ কি আনন্দ! এ কি শিল্পমাধুর্য! এ কি অভিনব অনন্তভূতপূর্ব অমরতা!

কোনো দিকে কেউ আর দাঁড়িয়ে নেই... সবাই বসে পড়েচে... নিস্তক্কার চারিদিক ...মধুর

অশ্রীরা রহস্যময় মোহিনী সঙ্গীতলহরী কখনও উচ্ছে, কখনও মৃদুস্বরে একটানা বয়ে চলেচে... বিরাম নেই...বিরতি নেই, পৃথিবীর কোনো ভাষাতেই তার বর্ণনা নেই...কতক্ষণ সময় কেটে গেল তার লেখাজোখা নেই—অনন্তকাল ধরে অমন সঙ্গীতপ্রবাহিণী গোমুখী-নির্গত ভাগীরথী-ধারার মত বয়ে চলেচে...চলেচে। যতীনের মনের কোন গুপ্ত কক্ষের গভীর অন্তর্ভূতির দ্বার খুলে গেল। সে দেখতে পেলে তার পৃথিবীতে যাপিত আরও অনেক পূর্ব জীবন...এই অনন্ত জীবনপ্রবাহে সে যুগযুগান্তর ধরে ভাবের ও প্রেমের শ্রোতে বয়ে আসচে...আশা কি এক জন্মের আশা, না পুষ্প এক জন্মের পুষ্প? কত যুগ ধরে ওরা যে ওর নিত্যসঙ্গিনী, ওর জীবনে ছন্দে গাঁথা ওদের জীবন—কতবার কত বিরহ-মিলন হাসি-অশ্রুর মধ্যে দিয়ে ওদের সঙ্গে কতবার দেখাশোনা, কতবার আবার ছাড়াছাড়ি—কত বিষ্ময় মরুদ্বীপে, কত শ্রামল পল্লীর কুঞ্জে কুঞ্জে, কত ক্ষুদ্র গ্রাম্য নদীর তীরের কুটীরে, কত পাহাড়ের নীচেকার আদিম কালের গুহায়...কত রাজার রাজপ্রাসাদে...কত দর্শার্ন গ্রামে ব্যাধরূপে, কত শারদ্বীপে ক্রৌঞ্চমিথুন রূপে, কত কুরুক্ষেত্রে বেদগায়ক ব্রাহ্মণরূপে...

যতীন দেখলে পুষ্প কাঁদচে...ও নীরবে পুষ্পের হাতে হাত দিয়ে তাকে নিজের কাছে সম্মেহে নিয়ে এল...

তারপর কখন সে অপূর্ব সঙ্গীত ধেম গিয়েচে, বিচিত্ররূপী জ্যোতির্ময় জীবেরা মহাশূন্যে অদৃশ্য হয়ে গিয়েচেন...কখন জ্যোৎস্নার আলোতে সারা দেশ ভরে গিয়েচে যতীনের খেয়াল নেই...জ্যোৎস্না, জ্যোৎস্না... বহু পূর্ণিমার সন্মিলিত জ্যোৎস্নালোক চারিদিকে...

যতীন বললে—পুষ্প, চল ওঠো।

১১

ওরা কিছু দূরে মাত্র এসেচে— এক জায়গায় দেখলে মাটির বুকে যেন চাঁদ খসে পড়েচে।

ভুজনে কাছে গিয়ে দেখলে, পরমরূপসী এক দেবী ঘাসের ওপর বসে হাপুস নয়নে কাঁদচেন।

ওরা অবাক হয়ে গেল। এত উচ্চস্তরের দেবীর হুঃখ কিম্বের?

যতীন জিজ্ঞেস করলে—মা, আপনার কোনো সাহায্য করতে পারি?

দেবী ওদের দিকে চাইলেন। যতীনের মনে হোল দেবী কি সাধে হয়? এত রূপ এত

জ্যোতি এত মহিমা—অথচ কি মমতা, করুণা, দীনতায় ভরা দৃষ্টি!

বলেন—পারবে?

ভুজনেই বলে উঠলো—ভুকু... করুন, আপনার আশীর্বাদে পারবো।

দেবী বললেন—কল্পপর্বত থেকে ফিরচো? তোমরা কোথায় থাকো?

- আঙ্কে হ্যাঁ। আমরা এর নীচের স্বর্গে থাকি, তৃতীয় স্তরে।

—কি মধুর সঙ্গীত! শুনলে?

যতীন বললে—শুনলাম, মা! আমি বেশীদিন পৃথিবী ছেড়ে আসিনি। এই ব্যাপারটা কি

আমায় একটু বলবেন দয়া করে ?

দেবী বলেন—বলবো এর পরে । এখন বলি শোনো । আমি থাকি অল্প নক্ষত্রলোকে । পৃথিবীর এক জায়গায় মানুষের ভয়ানক কষ্ট । আমি সে দেশে জন্মেছিলুম হাজার হাজার বছর আগে । তাদের দুঃখে, আর আজ কল্পপর্বতের সঙ্গীত শুনে, আমার মন বড় ব্যাকুল হয়েছে । চলো যাই পৃথিবীতে, দেখি কি করা যায়—কিন্তু মুশকিল হয়েছে এই যে আমি এতকাল আগে পৃথিবী থেকে চলে এসেছি, জড় জগতের সঙ্গে সম্পর্ক এতকাল হারিয়েছি যে সম্রাটের ভাবে কোনো কাজই সে জগতে করতে পারি নে । মধ্যবর্তী স্তরের আশ্রয় সাহায্য ভিন্ন আমি পৃথিবীতে গিয়ে কি করবো ? তোমরা যদি যাও—

ওরা বলে উঠলো, নিশ্চয়ই যাবো মা !

দেবী বলেন—একটু অপেক্ষা কর । আমার এক মঙ্গা আছেন—তিনি আমার লোকেই থাকেন, উচ্চ স্তরের জীব, পৃথিবীতে গিয়ে শুধু আঁকুপাঁকু করেন, কিছু করতে পারেন না কাজে । পৃথিবীর জড়স্তরে আমরা সংস্পর্শ স্থাপন করতে পারি নে । তিনি প্রাচীন যুগের একজন বড় কবি ছিলেন । তাঁকে নিয়ে যাই চলো । এসো আমার সঙ্গে ।

আবার নীল শূভ্রে যাত্রা ।...বহু দূরে একটা ক্ষীণ নক্ষত্র জলছিল । দেবী সেই নক্ষত্র লক্ষ্য করে চললেন । পরক্ষণেই এক সুন্দর উপবন । এক গুহ্র নদী বয়ে যাচ্ছে উপবনের মধ্য দিয়ে - লতাপাতা কিন্তু পৃথিবীর মত শ্যামল—পৃথিবীরই যেন এক শান্ত প্রাচীনকালীন তপোবন । মৃগকুল নির্ভয়ে খেলা করে বেড়াচ্ছে, লতায় লতায় বিচলিত বন্য পুষ্প প্রস্ফুটিত । এক সৌম্যমুষ্টি জ্যোতির্ময় আত্মা লতাবিতানে বসে কি যেন লিখছেন । দেবী ওদের নিয়ে গিয়ে সামনে দাঁড় করালেন । মুখ তুলে চাইতেই যতীন ও পুষ্প এগিয়ে গিয়ে তাঁর পায়ের ধূলা নিয়ে প্রণাম করলে ।

দেবী বলেন—কল্পপর্বতের পথে এদের সঙ্গে দেখা । পৃথিবীতে নিয়ে যাবো তাই সঙ্গে করে আনলাম ।

যতীন ও পুষ্পের দিকে চেয়ে দেবী বলেন—রামায়ণ-রচয়িতা কবি বাল্মীকি তোমাদের সামনে ।

ওরা দুজনেই চমকে উঠলো । মহাকবি বাল্মীকি !

দেবতা শ্মিতহাস্তে ওদের বসতে বলেন । অঙ্গুল দিয়ে দেখিয়ে বলেন—এই আমার আশ্রম । ওই পাশেই তমসা নদী । ওই আমার গৃহ । পৃথিবীতে যা আমার প্রিয় ছিল এখানে তাই সৃষ্টি করেছি, ওই আমার স্বর্গ । আর তোমাদের সামনে ইনি আমার মানস-দুহিতা—সীতা, যিনি তোমাদের সঙ্গে করে এনেছেন ।

পুষ্প, যতীন বিস্মিত, স্তব্ধ । ভারতবর্ষের ছেলেমেয়ে তারা । সীতার নামে ওদের সর্ব শরীরে বিদ্যুতের চেউ বয়ে গেল । কত মৃগ ধরে ভারতের আকাশ বাতাস যে পুণ্য নামে মুখরিত, সেখানকার বনের পাখীও যে নামে গান গায়, সেই ভগবতী দেবী জানকী তাদের সম্মুখে ! এ কি

স্বপ্ন, না মায়া, না মতিভ্রম ?

বাল্মীকি বল্লেন—তোমরা বিস্মিত হয়েচ। বোধ হয় এ লোকে বেশী দিন আসনি। সীতাকে আমি সৃষ্টি করেচি। যা ছিলেন পৃথিবীতে আমার কল্পনার মধ্যে—এ লোকে তা মূর্তিমতী হয়েচেন।

যতীন বল্লেন—বুঝতে পারলাম না, দেব।

—এ লোকে চিস্তার দ্বারা জীবের সৃষ্টি করা যায়। শুধু যে বাড়ীঘর করা যায় তাই নয়, স্থানের ও সময়েরও সৃষ্টি করা যায়।...আমার আশ্রমের সময় কি দেখেচো ?

—আজ্ঞে সন্ধ্যা গোধূলি।

—আমার সময় সন্ধ্যা গোধূলি। আমি ভালবাসি গোধূলি। আমার কল্পনা এই সময় জাগ্রত হয়। তাই আমার আশ্রমে সব সময় গোধূলি।

—আচ্ছা দেব, শ্রীরামচন্দ্র তবে কোথায় ?

—সীতাকে যত আন্তরিক আগ্রহ নিয়ে সৃষ্টি করেছিলাম, রামচন্দ্রকে তত সহানুভূতি নিয়ে গড়িনি। তাই আমার স্বর্গে আমার প্রিয়তম সৃষ্টি সীতাই আছেন, রামচন্দ্র নেই। লক্ষ্মণ নেই, ভরত নেই,—কেউ নেই।

—তবে কি, দেব, সীতা বা রামচন্দ্র সত্যি সত্যি কেউ ছিলেন না ?

—হয়তো ছিলেন। আমি তাঁদের জানি না। আমার কাব্যের রাম, আমার কাব্যের সীতা—আমারই সৃষ্ট জীব। ও প্রায়ই আমার এখানে আসে। নানা কাজে সারা জগৎ ঘুরে বেড়ায়, কিন্তু আমায় ভোলে না।

করুণা দেবা বল্লেন—বাবা, ওসব এখন রাখো। পৃথিবীতে যাবে ?

বাল্মীকি বল্লেন—তুই তো জানিস, পৃথিবীতে গিয়ে আমি কিছু করতে পারি নে। বহুকাল আগে ভবভূতিকে প্রভাবান্বিত করে একথানা কাব্য লিখিয়েছিলাম—চমৎকার কাব্য হয়েছিল। আর বাংলাদেশের মধুসূদনকে দিয়ে আর একথানা কাব্য লেখাতে গিয়েছিলুম—কিন্তু বেশী প্রভাবান্বিত করতে পারি নি—গিয়ে দেখি কয়েকটি ভিন্নদেশীয় কবি তাকে ঘিরে দাঁড়িয়ে রয়েছেন। তাঁদের প্রভাবই তার ওপর বেশী কাজের হোল। আমি গিয়ে ফিরে এলাম। তুই একাই যা মা—এদের নিয়ে যা—এই ছেলেমেয়ে দুটিকে। এরা নতুন পৃথিবী থেকে এসেচে—এদের দিয়ে কাজ ভাল হবে।

পুষ্প বল্লেন—চলুন দয়া করে, যেখানে আমাদের নিয়ে যান যাবো।

ওরা কিছুক্ষণ পরে পৃথিবীতে এসে পৌঁছলো। পৃথিবীতে তখন সকাল দশটা, কিন্তু দেশটা খুব শীতের দেশ। রৌদ্রের মুখ দেখা যায় না। কুয়াসায় চারিদিক ঘেরা। প্রথমে একটা গ্রামে ওরা গিয়ে পৌঁছলো—সেখানে ভয়ানক হুর্ভিক্ষ হয়েছে। প্রত্যেক বাড়ীতে অনাহারে-জীর্ণ বাপ মা ছেলে মেয়ে—পথের ধারে অনাহারে মৃত মানুষের দেহ। পাশাপাশি অধিকাংশ গ্রামেরই সেই অবস্থা। নিকটবর্তী একটা গ্রামে মোটরভ্যান এসেচে মৃতদেহ কুড়িয়ে ফেলবার জন্তে।

পুলিশের লোক জেলের কয়েদীদের দিয়ে মৃতদেহ বহন করাচ্ছে। তারা রাস্তার ধার থেকে ঘরের মধ্যে থেকে মৃতদেহের ঠ্যাং ধরে হাত ধরে হিড় হিড় করে টেনে মোটরভ্যান বোঝাই করচে। গাড়ীটা ময়লা ফেলা গাড়ীর মত বোঝাই হয়ে গিয়েচে মৃতদেহের স্তুপে। তার মধ্যে বালক, বৃদ্ধ, যুবা, শিশু সকলের মৃতদেহই আছে। পচা মড়ার গন্ধে চারিদিক নিশ্চয়ই পূর্ণ, কারণ যে সব জেলকয়েদী মর্দাফরাসের কাজ করচে, তাদের নাকে মুখে কাপড় বাঁধা। বীভৎস দৃশ্য।

রোগজীর্ণ ও অনাহারশীর্ণ লোক দলে দলে শহরের দিকে চলেচে—সকলের ভাগ্যে শহরে পৌঁছনো ঘটবে না, পথেই অর্ধেক লোক মরবে। তারপর আছে পুলিশের মোটরভ্যান ও জেলকয়েদী মর্দাফরাসের দল। যারা শহরে পৌঁছুলে, তারা অনেকে সেখানে দুর্বল শরীরের দুঃস্থ শীতের আক্রমণ সহ্য করতে না পেরে পেভমেন্টের ওপর ল্যাম্প-পোস্টের তলায় মরে পড়ে থাকবে। বেচারারা ল্যাম্প-পোস্টের তলায় আশ্রয় নিচ্ছে ওপরের আলোটা থেকে এতটুকু উত্তাপ পাবার মিথ্যা আশায়। তারপর তাদেরও জন্তে রয়েছে পুলিশের মোটরভ্যান ও সেই জেলকয়েদী শাসনবন্ধুর দল।

পথের ধারে বসে এক জায়গায় দুর্ভিক্ষিষ্ট আট বছর বয়সের বড় ভাই পাঁচ বছর বয়সের শীর্ণকায় কঙ্কালসার ছোটভাইকে একটা ভাঙা তোবড়ানো, রাস্তার ধারে কুড়োনো টিনের মধ্যে করে মুহুরির ডালসিদ্ধ মুখে তুলে খাওয়াচ্ছে। এই সব অসহায় ছেলেমেয়ের কষ্ট সকলের চেয়ে বেশী—দেবীর চোখে জল এঁদের কণ্ঠে। অধিকাংশ ছেলেমেয়ের বাপ-মা তাদের শহরে ছেড়ে দিয়ে পুলিশের ভয়ে পালিয়ে গিয়েচে—এই আশায় যে, শহরে থাকলে তবু তাদের পাঁচজন দয়া করবে, একেবারে না খেয়ে মরবে না, কোনো কোনো ছেলেমেয়ের বাপ-মা অনাহারে ও রোগের কষ্টে পথের ধারেই ইহলীলা সংবরণ করে লাসবোঝাই মোটরভ্যানো নিরুদ্ধেশষাত্রা করেছে—

আরও কয়েকটি আত্মা এদের মধ্যে কাজ করচে দেখা গেল।

দেবীকে দেখে একটি মেয়ে এগিয়ে এলেন। এঁর দেহ অতি সুন্দর, স্বচ্ছ, সুনীল জ্যোতি-মণ্ডিত—দেখেই বোঝা যায় খুব উচ্চ শ্রেণীর আত্মা।

এঁদের কাজ দেখে মনে হোল দুর্ভিক্ষে মৃত ব্যক্তিদের আত্মা যাতে আত্মিকলোকে এসে দিশাহারা হয়ে কষ্ট না পায়—সেই দেখতেই এঁরা সমবেত হয়েচেন।

দেবী সেই মেয়েটির সঙ্গে আলাপ করলেন। মেয়েটি বলল—আমার এই দেশ। বহু দিন আগে ভল্গা নদীর ধারে একটি গ্রামে এক কৃষকপরিবারে আমি জন্ম নিয়েছিলাম—জার আইভ্যানের রাজত্বকালে। রাশিয়ার কৃষকেরা চিরদিনই দুঃখী—সোভিয়েট গবর্নমেন্টের আমলে এদের ক্ষেত্রের ফসলের ভাগ দিতে হয় কারখানার শ্রমিকদের ও শহরের সুবিধাপ্রাপ্ত নাগরিক শ্রেণীর জন্তে। এদের জন্তে যা থাকে, তাতে এদের কুলোয় না। তাই এই যৌর দুর্ভিক্ষ। এদের ছেড়ে আমি যেতে পারিনে—তাই এদের সঙ্গে সঙ্গে থাকি। আর একজন লোকের সঙ্গে আপনাদের আলাপ করিয়ে দিই আশুন।

একজন অতি সুন্দর স্ত্রী যুবক কিছু দূরে একদল দুর্ভিক্ষপীড়িত বালক-বালিকার মধ্যে

দাঁড়িয়ে কি করছিলেন।

মেয়েটি বল্লেন—ইনি ডাক্তার আমেঙো। রাশিয়ার কৃষকদের জন্তে ইনি সারা জীবন অথেকেচেন পৃথিবীতে থাকতে। গবর্নমেন্টের সুদৃষ্টিতে পড়ে লগনে পালিয়ে গিয়েছিলেন মহাযুদ্ধের পূর্বে। সোভিয়েট গবর্নমেন্টের সময়েও ফিরে এসে অনেক দুর্দশা ভোগ করেচেন। স্ট্যাগলিনের স্বনজরে বড় একটা ছিলেন না। এর জীবনের একমাত্র কাম্য হচ্ছে গরীব ও দুখী লোকের দুখ দূর করা। সোভিয়েট গবর্নমেন্টের অনেক জিনিস ইনি সুদৃষ্টিতে দেখতেন না, তারও একে স্বনজরে দেখতো না। আজ মাত্র পাঁচ বছর হোল আত্মিক লোকে এসেচেন; তাও সেই গরীবদেরই কাজে প্রাণ দিয়ে। আমাশা রোগে আক্রান্ত পল্লীতে ডাক্তারি করতে গিয়ে নিজে সংক্রামক আমাশা রোগেই প্রাণ হারান। এত বড় নিঃস্বার্থ দয়ালু আত্মা এ যুগে খুব কমই জন্মেচে। মরণের পরে এ লোকে এসেও সেই রাশিয়ার গরীব লোকদের নিয়েই থাকেন। যেখানে দুভিক্ষ, যেখানে রোগ-শোক সেখানেই ছুটে আসচেন। চতুর্থ স্তরের আত্মা, কিন্তু পৃথিবী ছেড়ে যেতে চান না কোথাও।

ডাক্তার আমেঙো এদের সামনে এসে হাসিমুখে দাঁড়ালেন। বল্লেন—আপনারা ভারতবর্ষের লোক ছিলেন না? দেখলেই বোঝা যায়। এরা ভগবানকে খেঁদিয়ে দিচ্ছে দেশ থেকে, ঘেন ইটপাথরের তৈরী গির্জা ডাঙলেই ভগবানকে তাড়ানো যায়! রাশিয়াতে উচ্চ শ্রেণীর ভারতীয় মুক্তায়া যদি দয়া করে আসেন, তবে কিছু কাজ করা যায়।

মেয়েটি বল্লেন সে দু-একজনের কাজ নয়, ডাক্তার। অনেক আত্মার সমবেত চেষ্টার ফলে যদি ঠিক্তার চৌম্বক চেউ এর সৃষ্টি করা যায়— খুব শক্তিশালী চেউ, তবে হয়তো কিছু হতে পারে। তোমার আমার দ্বারা তা হবে না।

ডাক্তার আমেঙো বল্লেন—আর একটা ব্যাপার। পৃথিবীতে এসে এখন দেখ চ আমরা বড় অসহায় হয়ে পড়ি। দ্বিতীয় তৃতীয় স্তরের আত্মার সাহায্য না নিয়ে কিছু করতে পারিনে। জনকতক দ্বিতীয় স্তরের লোক আমরা ঘোগাড় করে এনেচি কিন্তু ওরা মন দিয়ে কাজ করছে না।

পুষ্প বল্লেন—আমাদের দুজনকে নিন্ দয়া করে আপনার দলে। আমাদের দিয়ে যা সাহায্য হয় পাবেন। একটা কথা, আমাদের ভারতবর্ষেও দুভিক্ষে আর বন্ধ্যায় বড় কষ্ট পায় লোকে। সেখানকার জন্তেও আপনারা সাহায্য করবেন—তার বড় দুখী।

ডাঃ আমেঙো বল্লেন—সে আপনি ভাববেন না। যেখানেই লোকে দুখ পাচ্ছে, সেখানেই আমরা থাকবো। দেশ, জাতি, ধর্মের গণ্ডি নেই আমাদের কাছে। সারা পৃথিবী আমাদের দেশ। তবে কি জানেন, এই রাশিয়া আমাদের জন্মভূমি। এখনকার লোকের দুখ আমাদের প্রাণকে বড় স্পর্শ করে। ভারতবর্ষেও যখন যেতে বলবেন, তখনই আমরা যাবো। আমাদের দলে অনেক লোক আছেন—সবাইকে নিয়ে যাবো।

যতীন বল্লেন—আরও উচ্চস্তরের কোনো লোক আসেন না কেন? পঞ্চম বা ষষ্ঠ কি তারও ওপরের স্তরের কাউকে তো দেখতে পাইনে।

ডাঃ আমেগো বলেন—তঁারা কাজ করেন আমাদের মধ্যে দিয়ে। তাঁরা এলেও আপনি তাঁদের চোখে দেখতে পাবেন না। পৃথিবীতে এলে তাঁরা আমাদের চেয়েও অসহায় হয়ে পড়েন। পৃথিবীর স্থললোকের স্থল মনের ওপর তাঁদের প্রভাব আদৌ কাযকর হয় না। তারা উৎসাহ ও প্রেরণা দেন আমাদের—আমরা কাজ করি।

মেয়েটি বলেন—এর মধ্যে আরও কথা আছে। বড় বড় ছাঁভিফ, মড়ক, বগা, ভূমিকম্প প্রভৃতি যাতে দেশকে দেশ বা জাতিকে জাতি কষ্ট পায়—এ সবের মূলে অতি উচ্চ দেবতা—যারা গ্রহদের প্ল্যানেটারি স্পিরিট—তাঁদের হাত রয়েছে। তাঁদের উদ্দেশ্য বা কর্মপ্রণালী আমরা বুঝিনে। কিন্তু ঐ সব উচ্চস্তরের বড় বড় লোকে তা বুঝতে পারেন। এর হয়তো কোথাও বড় একটা উদ্দেশ্য রয়েছে। আমাদের দৃষ্টি তত দূর পৌঁছায় না—তাঁরা সেটা দেখতে পানি, কাজেই গ্রহদেবদের কাজে হস্তক্ষেপ করতে যান না। আপনি কিছুদিন আমাদের সঙ্গে থাকুন, যোত্রাফেরা করুন, অনেক কিছু দেখতে বা জানতে পারবেন। এ লোকের কাণ্ডকারখানা এত বিরাট ও জটিল যে নতুন পৃথিবী থেকে এসে মালুষে হতভয় হয়ে পড়ে—কিছুই ধারণা করতে পারে না।

যতীন বলে—কিন্তু জানবার আগ্রহ আমার অত্যন্ত বেশী, দেবী। আমি জানতে চাই কি করে এই বিরাট আত্মিকমণ্ডলী কাজকর্ম চালাচ্ছেন—এঁরা কি করেন, এঁদেরই বা কে চালাচ্ছে, গ্রহদেব বাদে বলছেন, তাঁরাই বা কে, কোথায় থাকেন, কত উচ্চস্তরের আত্মা তাঁদের দেখতে পাওয়া যায় না কেন,—কোথা থেকে তাঁরা এলেন—এ সব না জানলে আমার মনে শান্তি নেই।

মেয়েটি বলেন—জানবার ইচ্ছে থাকলেই ক্রমে ক্রমে সব জানতে পারবেন। এই আগ্রহই আসল। বেশীর ভাগ মালুষ পৃথিবী থেকে এখানে এসে কিছুই জানে না, বোঝে না, বোঝবার চেষ্টাও করে না। জানবেন, জ্ঞান ভিন্ন উন্নতি নেই। এ লোকে আরও শক্ত নিয়ম। সেবা বলুন, ধর্ম বলুন, প্রেম বলুন—ততদিন উর্ধ্বলোকে আপনার ঠাই হবে না, যতদিন জ্ঞানের আলো আপনার মনের অন্ধতা দূর না করচে।

ডাক্তার আমেগো বলেন পৃথিবীতে কি জানেন, নানা মুনির নানা মতে সেখানে সত্যের সমাধিলাভ ঘটেচে। এখনও পৃথিবীর মন আপনার যায় নি। এ জীবনের বিরাট প্রসারতা এখনও আপনি দেখতে পান নি। আপনি অন্ধর, অমর, আপনার জীবন শাশ্বত অক্ষুরন্ত। আপনার জয়গত অধিকার এই জীবনের অমৃতপানে। আপনি তৃতীয় স্তরের মালুষ, আপনি কি ছোট? আপনিও মুক্তাঙ্গা, আপনার সঙ্গে এই মহায়মী মহিলা তো সাক্ষাৎ দেবী। এই সব পৃথিবীর হতভাগ্যদের ভরসার স্থল আপনারা। এরা যখন ভগবানের কাছে প্রার্থনা করে, সে প্রার্থনা যার কাছে পৌঁছায়, তিনি আপনাদের মত পবিত্র মুক্তাঙ্গাদের মধ্যে দিয়ে নিজেকে প্রকাশ করে এদের সাহায্য করেন। তিনি শক্তি বিকার্ণ করচেন, আপনারা যন্ত্ররূপে সেই শক্তিকে ধরচেন, ধরে কাজে লাগাচ্ছেন। বেতারের চেউএর আপনারা রিসিভার। যন্ত্র যত উচ্চস্তরের, যত নিখুঁৎ—তাঁর বাণীর প্রকাশ সেখানে তত সুস্পষ্ট, সুন্দর।

যতীন অদ্ভুত প্রেরণা পেলে, ডাক্তার আমেগোর মত এত বড় আত্মার প্রশংসাতে। কিছু

লজ্জিতও হোল। এতখানি প্রশংসার উপযুক্ত সে নয় তা সে জানে। তবে হবার চেষ্ঠা আজ থেকে তাকে করতেই হবে।

কিছু পরে পুষ্প ও যতীনের পায়ের তলায় বিশাল ভলগা একটা সরু রৌপ্যসূত্রের মত হয়ে ক্রমশঃ অদৃশ্য হয়ে গেল। সেদিনের মত ওরা বিদায় নিলে।

পুষ্পদের বুড়োশিবতলার বাড়ীতে আজকাল দেবী প্রায়ই আসেন। একে আমরা করুণাদেবী বলে পরিচয় দেবো। করুণাদেবী অতি উচ্চস্তরের নীলজ্যোতিবিশিষ্ট আত্মা—কিন্তু পৃথিবীর কাছাকাছি তিনি থাকতে ভালবাসেন, কারণ পৃথিবীর অর্থাৎ জীবকূল ছেড়ে উর্ধ্ব স্বর্গে গিয়ে তিনি শাস্তি পান না। এঁর চরিত্রের মাধুর্ষ্যে ও হৃন্দর ব্যবহারের কথা শুনে পুষ্প ও যতীন এঁর প্রতি অত্যন্ত আকৃষ্ট হয়ে পড়েছিল।

যখনই তিনি আসতেন, একরাশ ফুল ও ফল নিয়ে আসতেন ওপরের স্বর্গ থেকে। সে ফুল যেন স্পন্দনশীল আলোর তৈরী—খাওয়া যায়, খুব সুস্বাদু এবং ভারি চমৎকার ভুরভুরে সুগন্ধ তার। সে ফল খেলে মনে শক্তি ও পবিত্রতা আসে, এই তার গুণ। কিন্তু এই নিম্নতর তৃতীয় স্বর্গে সে ফল বেশী সময় থাকতো না—কিছুক্ষণ পরেই ঠিক কপূরের দলার মত উবে যেত। দেবী বলতেন, ওপরকার জগতের এই সব ফল পৃথিবীর গ্রায় স্থূল দেহের সৃষ্টির জন্তে জন্মায় না, মনের আধ্যাত্মিক পুষ্টির খোরাক যোগানোই এদের কাজ।

সেদিন তখন ওদের বাড়ীতে সকালবেলা করে রেখেছে পুষ্প। ঠিক যেন পৃথিবীর সকাল, লতাপাতায় শিশির, পাখী ডাকচে ও গন্ধার ওপারে সূর্য উদয় হচ্ছে, পুষ্প সব গঙ্গান্নান করে শিবমন্দিরে পূজা করতে যাচ্ছে, এমন সময় করুণাদেবী এলেন। পুষ্পকে বল্লেন—বেশ সকালটি করে রেখেচ তো! পূজা সেয়ে নাও, চল তুমি আর যতীন আমার সঙ্গে এক জায়গায় যাবে!

যতীন ঘরের মধ্যে বসে জানালা দিয়ে বাইরের দিকে চেয়ে ছিল।

দেবীকে বসবার আসন দিয়ে সে দাঁড়িয়ে রইল। করুণাদেবী বল্লেন—তুমি পূজা কর না?

—ওতে আমার বিশ্বাস নেই। আমার মনে হয় পৃথিবীতে দেবতা ও ভগবান সম্বন্ধে আমাদের যে ধারণা গড়ে ওঠে, এখানে এসে তার আমূল সংস্কারের প্রয়োজন আছে। সে ভাবের দেবতা কই এখানে? সে ভাবের ভগবানই বা কোথায়? পুষ্প মেয়েমানুষ, ওর মনে ভক্তি ও পূজার্চনার প্রবৃত্তি কোনো প্রক্স ওঠায় না। বিনা দ্বিধায় বিনা প্রশ্নে সে পূজার ফুল তার মন-গড়া ইষ্টদেবের পায়ে দেয়। আমি তা শারি না। আমার মনে হয়—

করুণাদেবী বল্লেন—তোমার এ কথা মধ্যে ভুল রয়েছে, যতীন। তুমি ভেবো না ভগবান সম্বন্ধে তুমি কোনো ধারণা কখনো করে উঠতে পারবে। তুমি কোথায়, আর সেই বিরাট বস্তু, যাকে পৃথিবীতে বলে ভগবান, তিনিই বা কোথায়? অতএব ভক্তি ও অর্চনা-প্রবৃত্তি চরিতার্থ করতে হোলে তোমার মনের মত ভগবান তোমাকে গড়ে নিতে হবে। তোমার সেই মন-গড়া দেবতার মধ্যে দিয়েই অর্থাৎ পৌছোবে সেই বিশ্বদেবের পায়ে। তুমি তৃতীয়-স্বর্গবাসী জীব, এর বেশী কি করতে পারো?

যতীন ছাড়তো না তর্ক করতে, এমন সময়ে পুঞ্জা শেষ করে পুষ্প ফিরে এল। দেবী ওদের ভূজনকে নিয়ে পৃথিবীতে এলেন।

যে জায়গাটিতে তাঁরা এলেন, সেখানটা একটা নির্জন স্থান। ছোট্ট একটা নদী, তার ধারে অনেকদূরব্যাপী ঘন জঙ্গল।

যতীন বললে—এটা কোন্ দেশ ?

দেবী বললেন—বাংলাদেশ, চিনতে পারচ না কেন ? মধুমতী নদী, এইখানে ছিল বড় গঙ্গা নকীবপুর, রাজা সীতারাম রায়ের আমলে। ধ্বংস হয়ে জঙ্গল হয়ে রয়েছে। বাংলাদেশ ছাড়া তোমাদের আনতাম না—কারণ যে কাজ করতে হবে তাতে বাঙলা ভাষা বলা দরকার হবে। চল দেখাচ্ছি।

নদীর ধারে জঙ্গলের মধ্যে এক জায়গায় ছোট একখানা খড়ের বাড়ী। কিন্তু বাড়ীখানা দেখেই যতীন অবাক হয়ে গেল। ঘরখানা পৃথিবীর বস্তু দিয়ে তৈরী নয়। আত্মিকলোকের চিন্তাশক্তিতে সৃষ্ট আত্মিকলোকের সৃষ্ণ পদার্থে তৈরী ঘর। পৃথিবীতে এমন ঘর কি করে এল, যতীন জিজ্ঞাসা করতে যাচ্ছে—এমন সময় একটি বৃদ্ধ এক বোঝা কঞ্চি বয়ে নিয়ে ঘরের সামনে এসে দাঁড়ালো।

যতীন আরও অবাক হয়ে গেল।

বৃদ্ধটি পার্শ্ব স্থল দেহধারী মানুষ নয়—খুব নিম্নস্তরের আত্মা—পৃথিবীতে যাকে বলে প্রেত! তার হাতের কঞ্চির বোঝাও সত্যিকার কঞ্চির বোঝা নয়, সেটা চিন্তাশক্তিতে গড়া, আত্মিকলোকের বস্তু দিয়ে তৈরী।

বৃদ্ধের ভাব দেখে মনে হোল সে তাদের কাউকে দেখতে পায়নি।

যতীন বিস্মিতভাবে বললে—ব্যাপার কি? এ তো মানুষ নয়! এখানে এ ভাবে কি করচে ?

করণাদেবী বললেন—সেই কথা বলবো বলেই তোমাদের আজ এনেচি। বড় করণ ইতিহাস লোকটির। ওর নাম দৌল পাড়ুই। স্ত্রীকে সন্দেহ হয় বলে খুন করে নিরুদ্দেশ হয়—দেশ থেকে পালিয়ে পুলিশের ভয়ে নাম ভাঁড়িয়ে নকীবপুরের এই জঙ্গলে অনেক দিন ঘর বেঁধে ছিল। আট দশ বছর পরে ওর নিমোনিয়া হয়, তাতেই মারা পড়ে। মৃত্যুর পরে হয়ে গিয়েচে আজ ত্রিশ বছর। এই ত্রিশ বছরেও ও বুঝতে পারেনি যে ও মরে গিয়েচে। ভাবে, ওর কি অস্থির করেচে, তাই ওকে কেউ দেখতে পায় না। জঙ্গলের মধ্যে খুব কমই লোক আসে, কাজেই জীবন্ত মানুষের সঙ্গে ওর পার্থক্য কি, বুঝবার সুযোগ ঘটেনি। নিজেও পুলিশের ভয়ে জঙ্গলের মধ্যে লুকিয়ে থাকে। অথচ এত স্থল ধরনের মন, এত নিম্নস্তরের আত্মা যে, আমি কতবার চেষ্টা করেও কিছু করতে পারিনি। আমাকে ও দেখতেও পায় না। ওর নিজের লোক ঘারা মারা গিয়েচে, কখনো কেউ আসে না। তাই তোমাদের এনেচি আজ।

যতীন বললে—আশ্চর্য!

দেবী বললেন—মরে গিয়ে বুঝতে না পারা আত্মিক লোকের এক রকম রোগ। পুরোনো হয়ে গেলে এ রোগ সারানো বড় কঠিন, কারণ মৃত্যুর প্রকৃত স্বরূপ কখনো না জানার দরুন এই

সব অঙ্গ নিম্ন আত্মারা বেঁচে থাকার সঙ্গে মৃত্যুর পরের অবস্থার স্বপ্ন পার্থক্যটুকু আদৌ বুঝতে পারে না। এমন কি, বুঝিয়ে না দিলে ঘাট, সত্তর, একশো, দুশো বছর এ রকম কাটিয়ে দেয়, এমন ব্যাপারও বিচিত্র নয়।

যতীন এমন ব্যাপার কখনো শোনেনি। সঙ্গে সঙ্গে এই হতভাগা, বন্ধুহীন, স্বজনহীন, অসহায় বৃদ্ধের ওপর তার মহানুভূতি হোল। করুণাদেবী সত্যিই করুণাময়া বটে, পৃথিবীর এই সব হতভাগাদের খুঁজে খুঁজে বার করে তাদের সাহায্য করা তাঁর কাজ, তিনি যদি দেবী না হবেন, তবে কে হবে ?

যতীন খিল্পে—আচ্ছা এই খড়ের ঘরটা—

এবার উত্তর দিলে পুষ্প। বল্পে—বুঝলে না ? ওর আসল পৃথিবীর ঘরখানা কোন্ কালে পড়ে ভূমিধাৎ হয়ে গিয়েছে। কিন্তু সেই ঘরখানার ছবি ওর মনে তো আছে—ওর চিন্তা সেই ছবির সাহায্যে ঘরটা গড়েচে—যেমন আমার তৈরী গঙ্গা আর কেওটার বৃড়োশিবতলার ঘাট। এ লোকে তো ও তৈরী করা কঠিন নয়। অনেক সময় আপনা-আপনি হয়।

দেবী বল্পেন—পুষ্পকে আর আমাকে ও তো দেখতে পাবেই না। যতীন এগিয়ে গিয়ে দাঁড়াও তো ওর সামনে।

সন্ধ্যা হয়ে গেল। জঙ্গলের মধ্যে ঘন অন্ধকারে ঝোপেঝোপে জোনাকি পোকা জলে উঠলো। যতীন গিয়ে বৃড়োর সামনে দাঁড়ালো, কিন্তু ফল হলো উল্টো। বৃদ্ধ গুঁকে হঠাৎ দেখতে পেয়ে ভয় পেয়ে চাঁৎকার করে উঠলো এবং ঠক ঠক করে কাঁপতে লাগলো। দেবী বল্পেন, ও তোমাকে দেখতে পেয়েছে, কিন্তু ভাবচে তুমি ভূত।

পুষ্প ভাবলে, কি মজার কাণ্ড ঘাথো ! ভূত হয়ে ভূতের ভয় করচে !

দেবী বল্পেন—ওর সঙ্গে কথা বলো—

যতীন বল্পে—ভয় কি বৃড়োকর্তা ! ভয় পাচ্চ কেন ?

বৃদ্ধ ভয়ে কাঁপচে আর রাম রাম বলচে। যতীনের হাসি পেল কিন্তু দেবী সামনে রয়েছেন বলে সে অতি কষ্টে চেপে গেল।

যতীন আবার বল্পে—বৃড়োকর্তা, ভয় কিসের, তুমি এখানে একলা আছ কেন ? এবার বোধ হয় বৃদ্ধের কিছু সাহস হোল। সে বল্পে—আজ্ঞে কর্তা, আপনি কে ?

—আমার এখানেই বাড়ী। কাছেই থাকি। তুমি কতদিন এখানে আছ ? একলা থাকো কেন ? তোমার কেউ নেই ?

বৃদ্ধ এইবার একটু ভিজল। বল্পে—বাবু, আপনি পুলিশের লোক নয় ? আমার ধরিয়ে দেবেন না ?

যতীন বল্পে—না, কেন ধরিয়ে দেবো ? কি করেছ তুমি ? তা ছাড়া তোমার যা অবস্থা তাতে পুলিশে তোমাকে এখন আর কিছু করতে পারবে না।

বৃদ্ধ উৎকণ্ঠিত হয়ে বল্পে—কি হয়েছে বলুন তো বাবু আমার ? আপনি কি ডাক্তার ? সত্যি বাবু, আমিও বুঝতে পারিনে যে আমার এ কি হোল। একবার অনেককাল আগে আমার

শক্ত অস্থখ হয়—তারপর অস্থখ সেয়ে গেল, কিন্তু সেই থেকে আমার কি হয়েছে আমার কথা কেউ শুনতে পায় না, লোককে ডেকে দেখেছি আমার ডাক না শুনে তারা চলে যায়। মামুদপুরের হাটে মাই, কেউ আমার সঙ্গে কথা বলে না। আমার শরীরে যেন খিদে তেঁটা চলে গিয়েছে। আগে ভাত খেতাম, এখন খিদে হয় না বলে বহুকাল খাওয়া ছেড়ে দিয়েছি। শরীরটা কেমন হালুকা মনে হয়, যেন তুলোর মত হালুকা—মনে হয় যেন আকাশে উড়ে যাবো। তেঁটা নেই শরীরে। আর একটা জিনিস বাবু, কোনো কিছুতে হাত দিলে আগের মত আর আঁকড়ে ধরতে পারিনে। হাত গলিয়ে চলে যায়। এ কি রকম রোগ বাবুমশাই? পুলিশের ভয়ে কোথাও যেতে পারি নে, নইলে নলদীর সরকারী ডাক্তারখানায় গিয়ে একবার ডাক্তার-বাবুকে দেখাবো ভেবেছিলাম।

যতীন বললে—বলছি সব কথা। কিন্তু পুলিশের ভয় কর কেন? কি করেছিলে?

বুদ্ধ সন্দ্বিগ্নদৃষ্টিতে ওর দিকে চেয়ে বললে—কেন বাবু?

—বল না। আমি কাউকে বলবো না। আমার অবস্থা বুঝতে পারচ না? আমিও তোমার দলের একজন। আমিও মানুষজনের সঙ্গে মিশতে পারিনে।

কথাটার মধ্যে দু'রকম অর্থ ছিল। বুদ্ধ সোজাটাই বুঝলে। বুঝে বললে—আপনার নামেও গ্রেপ্তারী পরোয়ানা আছে নাকি বাবু? কি করেছিলেন আপনি?

—আমি আমার স্ত্রীকে খেতে দিতাম না। বাপের বাড়ী ফেলে রেখেছিলাম। তার সঙ্গে আমার ঝগড়া হোত প্রায়ই। তারপর একদিন—

বুদ্ধ বললে—বাবু মশাই, আপনি পুলিশের লোক। আমি বুঝতে পেরেছি। আপনি সব জানেন দেখছি। তা ধরুন আমরা, যে আমার রোগ হয়েছে, বোধ হয় বেশীদিন বাঁচবো না। এ রকম জ্যান্ত মরা হয়ে থাকার চেয়ে ফাঁসি যুই যাবো। এতদিনে আমার ভুল বুঝতে পেরেছি বাবু মশাই। আমার বোঁ-এর কোনো দোষ ছিল না, সতীলক্ষ্মী ছিল সে। আমার মনে মিথ্যে ধুকবুক ছিল, কালীগয়লার ছোট ভাইটার সঙ্গে বড় হামিঠাট্টা করতো। বারণও করে দেলাম অনেকবার, তাও শুনতো না। তাই একদিন রাগের মাথায়—কিন্তু দোহাই দারোগাবাবু, খুন করবো বলে মারিনি। মাঠ থেকে সবে এসে পা দিইচি বাড়ীতে, দেখি কালীগয়লার ভাই ছিচরণ খিড়কী দোর দিয়ে বেরিয়ে যাচ্ছে; চাষার রাগ—বললাম—ও কেন বাড়ীর মধ্যে ঢুকেছিল? বউ উত্তর দেবার আগেই রাগের মাথায় তার মাথায় এক ঘা—

বুদ্ধ হঠাৎ কঁদে ফেললে। বললে—তারপর আমি সব বুঝতে পেরেছিলাম দারোগাবাবু। ছিচরণকে বউ ভাই-এর মত দেখতো। ছিচরণ হামির গল্প বলতে পারতো, বউ ভাই শুনতে ভালবাসতো। বোঁ-এর কোনো দোষ ছিল না। সেই পাপের ফলে আজ আমার এই ভয়ানক রোগ জন্মেছে শরীরে। আজ আমার জীবনের মায়া নেই, সর্বদা বউডার কথা ভাবি আজকাল। অনেক দিন থেকেই ভাবি। একা একা এই জঙ্গলে এই রোগ নিয়ে আর কাটাতে পারিনে, দারোগাবাবু। জেলে গেলে তবুও পাঁচটা মানুষের সঙ্গে কথা বলে বাঁচবো।

দেবী বললেন—ওকে জিজ্ঞেস কর, ও কি বোঁ-এর সঙ্গে দেখা করতে চায়?

যতীন বুদ্ধকে কথাটা জিজ্ঞেস করতেই সে অবাক হয়ে ওর দিকে ফ্যাল ফ্যাল করে চেয়ে বলে—
—তবে কি বাবু বৌ হাসপাতালে গিয়ে বেঁচে গিয়েছিল ?

যতীন বলে—তা নয়, তুমিও আর বেঁচে নেই। তুমিও মরে গিয়েচ, তোমার বৌও মরে গিয়েচে। আমিও মরে গিয়েচি। সবাই আমরা পরলোকে আছি এখন। তোমাকে উদ্ধার করতে আর হুঁজর দেবী এখানে এসেচেন, তুমি তাদের দেখতে পাচ্চ না। এখানেই তাঁরা আছেন। তোমার এ অবস্থা দেখে তাঁদের দয়া হয়েছে। এবার তোমার ভাবনা নেই, তোমার স্ত্রীর সঙ্গেও আমরা দেখা করিয়ে দেব।

বুদ্ধ কিন্তু এসব কথা বিশ্বাস করলে না। সে সন্দিগ্ধ হয়ে বলে—তবে আমার এই রোগটা হোল কেন ? এটা সারাবার একটা ব্যবস্থা করে দিন দয়া করে। বৌ-এর সঙ্গে দেখা করে কি হবে বাবু ? হাসপাতাল থেকে সে যদি সেরে থাকে, তবে তো ভালই। তার ভাইএর বাড়ী আছে বুঝি ? তা থাক, দেখা করে আর কি হবে বাবুশাই, এ রোগ নিয়ে আর কার সঙ্গে দেখা করতে চাইনে বাবু।

যতীন ওর কাছে পরলোক ও মৃত্যুর প্রকৃতি বর্ণনা করলে খানিকক্ষণ। করুণাদেবী বলেন—ওসব বলো না যতীন ওর কাছে। ওতে কোনো উপকার হবে না। ও কি বুঝবে ওসব কথা ? দেখচো না কত নিম্ন স্তরের আত্মা ? বুদ্ধি বলে জিনিস নেই ওর মধ্যে। ওকে বোঝাতে হোলে অল্পপথে যেতে হবে। ওর স্ত্রীকে আনতে হবে খুঁজেপেতে কোনরকমে, তার সঙ্গে দেখা করিয়ে দিতে হবে। কিন্তু ওর তো দেখচি ভালবাসার কোনো বন্ধন নেই স্ত্রীর সঙ্গে। এ অবস্থায় দুজনের যোগস্থাপন করানোই কঠিন কাজ। এ লোকে যার সঙ্গে যার ভালবাসা বা মেহ নেই, তার সঙ্গে তার কোনো যোগই যে সম্ভব নয়।

আরও কয়েকবার যাতায়াত ও অনবরত চেষ্টা করলে ওরা। বুদ্ধ কিছু বোঝেই না। তাকে তার অবস্থা বোঝানো সাংঘাতিক কঠিন হয়ে দাঁড়ালো। তাকে কিছুতেই বোঝানো যায় না যে সে মরে গিয়েছে। কারো ওপর তার টান নেই—না স্ত্রী, না ছেলেমেয়ে, না অল্প কারো ওপর।

করুণাদেবী বলেন—শুধু বুদ্ধিহীন বলে নয়, এমন একটি অদ্ভুতধরনের হৃদয়হীন প্রেমহীন আত্মা আমি খুব কমই দেখেচি। মনে প্রেম ভালবাসা মেহ এসব যদি থাকতো তা হলেও ওর উদ্ধার এত কঠিন হোত না। কি যে করি এখন !

কিন্তু কি অপূর্ব নিঃস্বার্থ দরদ করুণাদেবার! পুতিত হতভাগ্যদের ওপর কি তাঁর মান্নের মত গভীর সহানুভূতি ! কত কষ্ট করে তিনি নিম্নস্তরের বহু জায়গা খুঁজেপেতে একদিন এক স্ত্রীলোককে এনে হাজির করলেন শ্রম সামনে। যতীন আর পুষ্ক সব সময়েই ওঁকে সাহায্য করতো, ওঁর সঙ্গে সঙ্গে থাকতো। কারণ অত নিম্নস্তরে দেবী সম্পূর্ণরূপে অদৃশ্য পুষ্কও তাই—যতীনের বিনা সাহায্যে কোনো কাজই সেখানে হবার উপায় ছিল না। স্ত্রীলোকটিরও তেমন বুদ্ধি-শুদ্ধি নেই, মনে প্রেম-ভালবাসাও তখৈবচ। ধূসরমিশ্রিত লাল রঙের দেহধারী আত্মা। তবে সে সক্রিয় ধরনের বা অনিষ্টকারী চরিত্রের মেয়ে নয়—খোঁটা মুটি ভালমানুষ এবং ওর

স্বামীর মতই প্রেম ভালবাসার ধার ধারে না।

খুব এমন কিছু উচুদরের আত্মা না হোলেও বুদ্ধের অপেক্ষা কিছু উঁচু। কিন্তু কঠোর মন হয়ে মৃত হওয়ার ফলে অনেকদিন পর্যন্ত তার এ লোকে ভাল জ্ঞান হয় নি। সম্প্রতি কিছু কিছু বুদ্ধকে আরম্ভ করেছে।

যতীন বুদ্ধকে বললে—চিনতে পারো? এগিয়ে এসে দাঁড়া। তো—

বুদ্ধ চমকে উঠলে, বললে—বড় বৌ যে!

‘ওর স্ত্রী হেসে বললে—হ্যাঁ, মুণ্ডরের বাড়ি মাথায় দিয়ে ভেবেচি। হাত থেকে বাঁচা এদালি।

তা আর হোল কৈ?

বুদ্ধ অবাক হয়ে বললে—বড় বৌ, তুই তাহলে বেঁচে আছিলি?

বড় বৌ বললে—তুইও যা আমিও তাই। দুজনেই মরে ভূত হয়ে গিয়েছি। আজ এঁরা সব এসেচেন তাই এঁদের দয়ায় উদ্ধার হয়ে গোল। নে এঁদের গড করু পারে।

পুলিশের দারোগাবাবুকে?

—যমের অরুচি—পুলিশের দারোগা আবার কে এর মধ্যে? মরচেন কেবল পুলিশ পুলিশ করে, অত যদি পুলিশের ভয় তবে রাগের সময় কাণ্ডজ্ঞান ছিল না কেন রে মুখপোড়া? একে প্রণাম কর, আর ছুজন আহেন, তাঁদের দেববার ভাগ্যি তোর এখনও হয়নি, এই পিটুলি গাছের তলায় মাটিতে মাথা ঠেকিয়ে প্রণাম কর। চল আমার সঙ্গে, তোকে সব বুঝিয়ে দিচ্ছি—এখন কিছু বুঝবিনে।

বুদ্ধ যতানের পায়ে হাত দিয়ে প্রণাম করলে। স্ত্রীর কথায় পিটুলি গাছের তলায় মাথা নীচু করে অদৃশ্য পুষ্প ও দেবার উদ্দেশ্যে প্রণাম করলে। স্ত্রীলোকটিও সৰ্ব্বককে প্রণাম করলে—তারপর বুদ্ধকে সঙ্গে করে নিয়ে চলে গেল।

ফেরবার পথে করুণাদেবা বললেন—যারা কিছুই বোঝে না, তাদের দিয়ে না হয় নিজের উপকার না হয় পরের উপকার। দেখলে তো চোখের সামনে? যারা এই বিরাট বিশ্বরহস্যের কিছুই বোঝে না, তারা নিজেদের মহান্ অদৃষ্টলিপি, আত্মার বিরাট ভবিষ্যৎ কি বুঝবে? এসব লোকের এখনও কতবার পৃথিবীতে জন্মাতে হবে, তবে এরা উচ্চস্তরের উপযুক্ত হবে। এদের নিয়ে ভাবনায় পড়তে হয় এমন।

যতীন মনে মনে ভাবলে—পতিভের ওপর এমন দয়া না থাকলে সাথে কি আর দেবা হওয়া যায়!

পৃথিবী থেকে ফেরবার পথে এক জাঙ্গলায় শূন্যপথে ক্ষুদ্র একটি জগৎ মহাশক্ত-সমুদ্রের মধ্যে নির্জন দাঁপের মত দেখা যাচ্ছে। তার কিছু ওপর দিয়ে যাবার সময় একটি দৃশ্য দেখে যতীন আর পুষ্প ছুজনেই ধেমে গেল। ঐ জগতে এসে পর্যন্ত ওরা অনেক উন্নত স্তরের জ্যোতির্ময়ী মহিম ময়ী রূপময়ী দেবীদের দেখেছে, যেমন একজন করুণাদেবা তাদের সঙ্গেই রয়েছেন। কিন্তু এই নির্জন ক্ষুদ্র জগৎটির একস্থানে প্রান্তরের মধ্যে শিলাখণ্ডের ওপর যে নারীকে ওরা বসে থাকতে দেখলে, তাঁর শ্রী ও মহিমার কোনো তুলনা দেওয়া চলে না। কি তেজ, কি দাঁপি, কি প্রজলন্ত

রূপ—অগত মুখে কেমন একটা দুঃখ ও বিবাদের ছায়া—তাতে মুখশ্রী আরও সুন্দর হয়েছে দেখতে। স্বচ্ছ নীল আভা তাঁর সর্বাঙ্গ দিয়ে বার হয়ে শিলাখণ্ডটাকে পর্যন্ত যেন দামী পান্নায় পরিণত করেছে।

করুণাদেবীও সেদিকে চেয়ে চমকে খেমে গেলেন। বল্লেন—ওঁকে চেন না? বহু সৌভাগ্যে দেখা পেলে। বহু উচ্চস্তরের দেবী, চল, দেখা করিয়ে দিই। তোমাদের সঙ্গে দেখা করিয়ে দিলে উনি বিশেষ খুশি হবেন এই জ্ঞে যে, উনি প্রেমের দেবী। ওঁর কাজ পৃথিবীতে শুধু চলে না, বহু গ্রহে উপগ্রহে, স্থূল ও আস্থিক জগতে, বিশ্বের বহু দূর দূর নক্ষত্রের মধ্যে যেখানেই জীব বাস করে—সেই সব স্থানেই ছুটি প্রেমিক আত্মার মিলন সংঘটন করিয়ে বেড়ান। উনি একা নন, ওঁর দলবল খুব বড়। অনেক সঙ্গিনী আছে ওঁর। উনি অসীমশক্তিময়ী দেবী, আলাপ হোলে হঠাৎ কিছু বৃকতে পারবে না। অত বড় প্রাণ, অত উদার প্রেম-ভালবাসা ভরা আত্মা তোমরা কখনো দেখনি। খুব সৌভাগ্য তোমাদের যে চোখে ওঁকে দেখতে পেয়েচ আজ, এর একমাত্র কারণ আজ তোমরা পৃথিবীতে ওই আত্মাটির উদ্ধারের সাহায্য করেচ, সেই পুণ্যে এই মহাদেবীকে চোখে দেখার সৌভাগ্য লাভ করলে। নইলে সাধ্য কি তোমাদের ওঁকে দেখতে পাও? এসো আমার সঙ্গে, আলাপ করিয়ে দিই।

ওরা এসে সেই দেবীর সামনে প্রণাম করে দাঁড়িয়ে রইল।

—আপনার সঙ্গে দেখা করতে এসেচে—করুণাদেবী বল্লেন—এরা পৃথিবীর লোক, মেয়েটি একে ভালবাসতো বড়। বালাপ্রেম। মেয়েটি আগে মারা যায়, তারপর এ লোকে সে বহুদিন প্রতীক্ষায় ছিল। সম্প্রতি মিলন হয়েছে।

প্রণয়দেবী স্নেহপূর্ণ দৃষ্টিতে ওদের দিকে চেয়ে হাসিমুখে বল্লেন—আমি জানি, সখী। এর নাম পুষ্প, ওর নাম যতীন। আমি ওদের ওপরে দৃষ্টি রাখিনি ভেবেচ? এই একটি সত্যিকার প্রেমের উদাহরণ। যেখানেই সত্যিকার জিনিষ, সেখানেই আমি আছি। চেষ্টা করি তাদের মিলিয়ে দিতে, কিন্তু সব সময় পারিনে। আরও ওপরে রয়েছেন কর্মের দেবতারা—লিপিকদের দল। তাঁদের প্যাচ ছাড়ানো কত কঠিন তোমার তো জানতে বাকী নেই! এদের পূর্বজন্মের কর্ম ছিল ভাল, তাও এই ছেলেটির গোলমাল রয়েছে এখনও, পরে দেখতে পাবে। তা এনে ভালই করেচ। আমার মণ্ডলীতে এরা আস্থক, কারণ এরা আমারই দলের উপযুক্ত লোক।

পুষ্প ও যতীন উল্লসিত হয়ে উঠল।

প্রেমের ব্যাপারে কি সাহায্য তাদের দিয়ে হবে তারা জানে না, কিন্তু একথা তাদের প্রাণের কথা যে তারা নিজেদের জীবন ধন্য মনে করবে যদি পৃথিবীর একটি বার্থ প্রণয়ীর জীবনেও তারা সার্থকতার আলো জ্বালাতে পারে। এই তাদের অন্তরের কথা। যারা যে দলের, এতদিন পরে যতীন ও পুষ্প যেন সগোত্র আত্মার আত্মীয়মণ্ডলীকে আবিষ্কার করলে।

যতীন আশ্চর্য হয়ে ভাবছিল, বিশ্বের কি অদ্ভুত কার্যপ্রণালী! অদৃশ্য জগতের কি বিরাট সংঘব্রাজি, কি বিরাট কর্মপ্রবাহ। পুষ্প ভাবছিল—কিন্তু করুণাদেবীকে ছেড়ে ওরা কি করে যাবে? তাঁকে যে ওরা বড় ভালবাসে—কিন্তু তাঁর মনে কষ্ট দেওয়া হবে যে!...করুণাদেবী

যেন ওর মনের কথা বুঝেই বলেন—তোমাদের প্রকৃত স্থানওঁর মণ্ডলীতে। আমার দেবা সর্বদাই পাবে, যখন চাইবে তখনই দেখা দেবো, সেজ্ঞা ভেবো না। তোমরা যাও ওঁর সঙ্গে।

প্রণয়দেবী বলেন—উনি আর আমি পৃথক্ নই। উনি যেখানে, সেখানে আমি আছি; আমি যেখানে, সেখানে উনিও থাকেন। প্রেম আর করুণা পরস্পর ফুল আর স্ত্রীর মত এক-সঙ্গে আছে। স্ত্রীতাকে ফেলে মালা গাঁথা যায় না, ফুলকে বাদ দিয়ে স্ত্রীতে নিয়ে মালা হয় না।

—কেন, বিনি স্ত্রীতে মালা হয় না সখী ?

—বড় সন্তর্পণে গলায় দিতে হয়। বড় ঠুনকো হয়। বড় অল্পে মরে বাঁচে। করুণা প্রেমকে সাহায্য না করলে, প্রেম হয় ঠুনকো। এদিকে প্রেম পেছনে না থাকলে করুণা রক্তাশ্রুতা রোগে মারা পড়ে। ছলনা কেন করচো সখী, তুমি নাকি এ জান না!

আবার নীল শূন্যপথে, আবার বাধাহীন তড়িৎ-অভিযান! যতীন ও পুষ্প বুড়োশিবতলার ঘাটে পৌঁছে গেল।

১২

যদিও তৃতীয় স্বর্গে দিন নেই রাত নেই, সময় অবিশ্রাম ও মাত্রাপর্শহীন তবুও যতীনের সুবিধার জন্তে পুষ্প বুড়োশিবতলার ঘাটে পৃথিবীর মতই দিনরাত্রি সৃষ্টি করতো। ঘুমের আবশ্যক না থাকলেও নিজেই সৃষ্টি রাতে ঘুমোতো।

দিন কয়েক পরে।

পুষ্প ঘুম ভেঙ্গে উঠেছে। ওর শয়নকক্ষের বাইরের প্রকাণ্ড মুচুকন্দ চাঁপার গাছটাতে পাখীরা কিচ্ কিচ্ করচে। ও দেখলে জানালা দিয়ে নতুন-ওঠা প্রভাত-সূর্যের আলোর বং কেমন অদ্ভুত ধরনের সবুজ ও গোলাপী। আরও বিস্মিত হোল দেখে যে সেই রঙীন আলোর মূহু জ্যোতিটা বাম্পাকায়ে তার খাটটা ঘিরে রয়েছে যেন। যতীন বুঝতে পারতো না ব্যাপারটা। পুষ্প বুঝলে ওপরের স্বর্গ থেকে কোনো উচ্চতর আত্মা তাকে স্মরণ করেচেন।

যতীনকে কথাটা বলতেই সে বলে—চল আমিও যাই।

পুষ্প দুঃখিত সুরে বলে—পারবে না যতুদা, নইলে তোমায় ফেলে যেতে কি আমার সাধ? আমার মনে হচ্ছে ইনি সেদিনকার সেই দেবী, করুণাদেবী যার সঙ্গে আলাপ করিয়ে দিয়েছিলেন। তা যদি হয়, সে স্বর্গে যাওয়া তোমার পক্ষে একেবারেই অসম্ভব। তুমি থাকো, আমি যাই, কাজ শেষ হলেই চলে আসবো।

গোলাপী আলোর সরল জ্যোতিরেখা অম্লসরণ করে সে মধ্যশূন্যপথে উঠলো। পুষ্প চতুর্থ-স্তরের আত্মা, তার শক্তির গতিবেগ যতীনের চেয়ে অনেক বেশী। কিন্তু যতীন সঙ্গে থাকলে পুষ্প নিজেই সংযত করে চলে ওর সঙ্গে খাপ খাইয়ে চলতে। নইলে লক্ষ লক্ষ মাইল চোখের নিমিষে অতিক্রম করবার শক্তি ধরে সে।

পুষ্প যে স্বর্গে পৌঁছল, পৃথিবীর ভাষায় তার হয়তো বাইরের রূপের অনেকখানিই বর্ণনা

করা যায়, কেবল কথা যায় না তার অন্তঃপ্রবিষ্ট সুগভীর শাস্তি ও বহুগুণে বর্ধিত সুখদুঃখের অন্তর্ভূতির স্পন্দমান তীব্রতার। সে কি ভয়ানক জীবনছন্দ! সেখানকার মাটিতে পা দিলেই মনের সুখ, দুঃখ, শোক, স্নেহ, প্রেম কল্পনা সব শতগুণ বেড়ে যায়। অন্তর্ভূতির তীব্রতা যারা দহ না করতে পারে, তারা সংজ্ঞাহীন হয়ে পড়ে সেই মুহূর্তেই। বলহীন মন স্বর্গলাভ করতে পারে না।

পুষ্প শক্তিময়ী, পুষ্প চতুর্থ স্তরের উচ্চ থাকের আত্মা—তাকেও রীতিমত চেষ্টা করতে হোল প্রাণপণে, সংজ্ঞা বজায় রাখবার জন্তে।

চারিণাশের অদৃশ্য ইথারের তরঙ্গ যেন তার দেহের কোন্ অজানা ইন্দ্রিয়কে স্পর্শ করে তাকে সক্রিয় করে তুলেচে। সে অজ্ঞাত ইন্দ্রিয়ের কাজ যে অন্তর্ভূতিরাজিকে মনের মুকুরে প্রতিভাত করা—পৃথিবীতে, এমন কি নিম্নতর স্বর্গগুলিতেও, সে সব অন্তর্ভূতির সঙ্গে পরিচয় ঘটে না।

অথচ প্রত্যেক মানুষের মধ্যেই তারা থাকতে পারে এবং আছেও, কেবল আশ্বাদ করবার ইন্দ্রিয় ঘুমিয়ে আছে। উচ্চ জগতের তীব্রতর স্পন্দন-তরঙ্গ তাকে জাগিয়ে তুলতে পারে—কিন্তু যেমন গঙ্গা যখন মর্তে অবতরণ করেন, তখন কেউ তার তাল সামলাতে পারেনি, ঐরাবত পর্যন্ত ভেসে গিয়েছিল—উচ্চ স্বর্গের দেবতা মহাদেব নেমে এসে জটাঙ্গাল বিস্তার করে না দাঁড়ালে কারো মাথ্য ছিগ না সে বেগবতী শ্রোতোধারার মুখে দাঁড়ায়—ঐ সব অন্তর্ভূতির বেগ তেমনি সহ্য করতে পারে একমাত্র উচ্চস্তরের দেবতারাই। চারিদিকে ফুল ফুটে আছে, সে সব ফুলের রঙের বা কত রকম, কিন্তু আলোর মত কি একটা অজানা পদার্থে সে সব গাছ, সে সব ফুল তৈরী—একটা ছিঁড়ে নিলে তার জায়গায় তখন আর একটা ঐরকম ফুল গজাবে। বড় বড় জলাশয় আছে, তার নীলাভ নিস্তরঙ্গ বক্ষের উপর দিয়ে লোকেরা হেঁটে যাতায়াত করচে, যেমন মাটির ওপর দিয়ে পৃথিবীর লোক যায়। অথচ সেখানে নৌকাও আছে যাদের ইচ্ছে, নৌকা করেও বেড়াতে পারে।

এক জায়গায় স্ফটিক প্রস্তরের মত স্বচ্ছ কোনো পদার্থে তৈরী একটা বাড়ীর সামনে গিয়ে ঐ রঙীন জ্যোতিরিকা বাড়ীর মধ্যে ঢুকে গিয়েচে। পুষ্প সেখানে ঢুকে দেখলে প্রণয়দেবী একটা বড় জানালার ধারে দাঁড়িয়ে কি যেন দেখচেন।

পুষ্প ঘরে ঢুকতেই গুর দিকে চেয়ে বলেন—তোমায় ডেকেছি বড় বিপদে পড়ে। আমায় একটু সাহায্য করো।

পুষ্প বলে—বলুন কি করতে হবে!

দেবী বলেন—বোনো। পৃথিবীতে গিয়ে কাজ করতে পার, এমন লোকই চাইছিলাম। তুমি ভিন্ন আর কারো কথা মনে উঠলো না। যতীন কোথায়, তাকে আনলে না কেন?

পুষ্প সলজ্জস্বরে বলে—যত্নটা এখানে আসতে পারবে না। আসতে চেয়েছিল, আমি আনিনি।

দেবী প্রসন্ন সহাস্য মুখে বলেন—আচ্ছা, এবার থেকে আমি তাকে নিয়ে আসবো।

—আপনি পারেন, আমার শক্তি কতটুকু, আমার কাজ নয়। একবার পঞ্চম স্বর্গে নিয়ে যাবার চেষ্টা করেছিলুম, চতুর্থাঙ্করেই অজ্ঞান হয়ে পড়লো। আর আমি চেষ্টা করিনি।

পুষ্প একটা জিনিস লক্ষ্য করলে।

প্রথমদিন সে প্রণয়দেবীকে যে মূর্তিতে দেখেছিল এ ঠিক সে মূর্তি নয়। প্রণয়দেবীকে আরও তরুণী দেখাচ্ছে, মুখশ্রী আরও সুন্দর। শরীর স্বচ্ছ, সুন্দর, নীলাভ স্তন্য।

দেবী বল্লেন—কি ভাবচ ?

—আপনি জানেন কি ভাবচি।

—আমার চেহারা এখন যে রকম দেখচো, তখন অল্পরকম দেখেছিলে—তাই ভেবে ?

পুষ্প কথাটা জানতো। সে শুনেছিল বহু উচ্চ স্বর্গে অধিবাসীদের কোনো নির্দিষ্ট রূপ নেই। অধিকাংশ সময়েই তাঁরা একটা ডিম্বাকৃতি সোনালী আলোর মত - যখন কারো সঙ্গে দেখা করার প্রয়োজন হয় না বা মূর্তি গ্রহণ করবার বিশেষ কোনো আবশ্যিক থাকে না—তখন তাঁরা শুধু একটা চৈতন্য-বিন্দুতে পর্যাবসিত হয়ে এই ডিম্বাকৃতি আলোর মূর্তিতে অবস্থান করেন। কিন্তু প্রয়োজন উপস্থিত হলে তাঁরা যে কোন মূর্তি ইচ্ছামত ধারণ করতে পারেন—অতি সুন্দর তরুণের রূপ বা মহিমময় গম্ভীর বয়স্ক লোকের রূপ বা পৃথিবী-প্রচলিত নানা শাস্ত্র ও ধর্ম-গ্রন্থাদিতে বর্ণিত দেব, দেবী, দেবদূত প্রভৃতির রূপ—যাতে মানবেরা স্বজাতীয় ও স্বদেশীয় ট্যাডিশন অগ্রধারণ মূর্তিতে তাঁদের ভাব ও শ্রদ্ধা নিবেদন করতে পারে, প্রাণে বল ও উৎসাহ পেতে পারে—ইত্যাদি ইত্যাদি।

তবুও ভাল করে দেবীর মুখে শোনবার জন্তে তার কৌতূহল হোল। প্রণয়দেবী বল্লেন—দেখ, পৃথিবীতেও এই একই ব্যাপার হয়। আত্মার অবস্থার সঙ্গে বাইরের আকৃতি বদলায়। সাধুর একরকম চেহারা, নিয়ন্ত্রনের লোকের আর একরকম। কিন্তু পৃথিবীর স্থল পদার্থের ওপর আত্মার প্রভাব তত কার্যকর হয় না। এখানে তা নয়। এমন কি এবেশ শুবেলা রূপের পরিবর্তন হয় এখানে। যুব প্রেম বা সহানুভূতির সময় এখানে মুখশ্রী দেখতে দেখতে অপূর্ণ সুন্দর হয়ে ওঠে, ঠিক পৃথিবীর যুব ভাবপ্রবণ, কল্পনাময়ী, অপরূপ রূপসী কিশোরীর মত। আবার অল্প অবস্থায় অল্প রূপ ফুটে ওঠে মুখে। ইচ্ছামত যেমন পৃথিবীতে পোশাক বদলায়, এখানে তেমনি মূর্তি বদলানো যায়—

পুষ্প সকৌতুকে ভাবলে—অর্থাৎ কিনা আটপৌরে গেরস্থালি মূর্তি, পোশাকী মূর্তি, বন্ধুবান্ধবদের সঙ্গে দেখা করার মূর্তি, শ্রিয়ের সঙ্গে মিলনের মূর্তি, ভক্তের কাছে পূজা নেওয়ার মূর্তি—এরা আছে বেশ মজার !

প্রণয়দেবী পৃথিবীর এই প্রগল্ভা বালিকার চিন্তা বুঝতে পেরে স্নেহের হাসি হাসলেন। বল্লেন—আমি পৃথিবীতে এখন যেতে পারচি নে। তুমি যাও, যতীনকে সঙ্গে নিয়ে যাও। এখানে সরে এসো, যে ব্যাপারের জন্তে পাঠাচ্ছি এখানে এসে দেখ দাঁড়িয়ে।

ওদিকের যে প্রকাণ্ড বড় করাসী বে-উইণ্ডোর মত জানালার ধারে তিনি পুষ্প আসবার আগে দাঁড়িয়ে কি দেখছিলেন, পুষ্প গিয়ে সেখানে দাঁড়ালো।

দাঁড়াবামাত্র তার দৃষ্টিশক্তি যেন সহস্রগুণে বেড়ে পেল। লক্ষ কোটি যোজন দূরবর্তী এক অতি ক্ষুদ্র গ্রহ—পৃথিবীর এক ক্ষুদ্র গ্রাম গুর নয়নপথে পতিত হোল। দেখেই বুঝলে, বাংলা দেশ। সম্ভ্রা নেমে আসচে।

নারিকেল স্থপারি গাছে ঘেরা ছোট্ট একটা একতলা কোঠাবাড়ী। বাড়ীতে বিবাহ হচ্ছে। উঠোনে ক্ষুদ্র শামিয়ানা টাঙানো, বাইরের বৈঠকখানায় ফরাসি বিছানো, বরযাত্রীরা এখনও আসে নি, কণ্ঠাপক্ষ বাস্ত হয়ে ঘোরাঘুরি করচে। সকলের একটা ব্যস্ততা ও উৎসাহের তাব। কিন্তু সরুপাড় ধূতি পরনে একটি সতেরো আঠারো বছরের কিশোরী নিরানন্দ মুখে ঘরের ঐক কোণে চুপ করে বসে আছে। যেন আজকের উৎসবের সঙ্গে তাঁর কোনো যোগ নেই—মাঝে মাঝে চোখের উদগত অশ্রু আঁচল দিয়ে মুছে ফেলে ভয়ে ভয়ে চকিত-দৃষ্টিতে চারিদিকে চাইচে, কেউ দেখতে না পায়।

দেবী বল্লেন—ওই যে মেয়েটা দেখচো, ওর নাম সুধা, বিয়ে ওর ছোট বোনের। ওই মেয়েটার হুখে আমি এত কষ্ট পাচ্ছি যে স্বর্গে থাকা আমার দায় হয়ে উঠেচে। ও অত্যন্ত প্রেমিকা মেয়ে—অত অল্প বয়সে অত ভাবপ্রবণ প্রেম-পাগলিনী মেয়ে বড় একটা দেখা যায় না। ও আজ বছর-দুই বিধবা হয়েছে—তেরো বছরে বিবাহ হয়েছিল। স্বামী বেঁচে ছিল বছর-দুই। এই দু-বছরে স্বামীকে ও প্রাণ দিয়ে ভালবেসেছিল। রোজ রোজ লুকিয়ে লুকিয়ে কাঁদে। আজ ওর ছোট বোনের বিয়ে। ওর কেবলই মনে হচ্ছে ওর বিয়ের দিনটির কথা। আজ সারাদিন লুকিয়ে কাঁদচে পাছে মা বাবা মনে কষ্ট পায়। আমার আর সহ্য হয় না ওর হুখে—কি যে করি! তার চেয়েও করুণ বাাপার হচ্ছে এই যে, মেয়েটিকে আমি তিনজন্ম ধরে লক্ষ্য করছি, তিন জন্মই ওর এই অবস্থা, বিয়ের অল্পদিন পরেই বিধবা হচ্ছে। অথচ কি ভালবাসার পিপাসা ওর! কি প্রেমপ্রবণ হৃদয়!...আর দেখচো তো, গরীব ঘরের মেয়ে!

পুষ্পের হৃদয় গলে গেল অভাগী বালিকার জীবনের ইতিহাস শুনে। চোখে জল এল। সে বল্লেন—কিন্তু আপনার তো অসীম শক্তি, আপনি তো ইচ্ছে করলেই ওর উপায় হয়।

দেবী বিষন্ন মুখে বল্লেন—তা হয় না, পুষ্প। কেন হয় না, চল তোমায় দেখাবো। তুমি আগে যাও—আমি কিছু পরেই যাবো। যতীনকে নিয়ে তুমি চলে যাও।

লক্ষ লক্ষ মাইল চোখের পলকে অতিক্রম করে পুষ্প এল ওদের বৃষ্টিশিবতলার বাড়ীতে। যতীনকে সঙ্গে নিয়ে তারপর সে চলে এল স্থখাদের বাড়ী। স্থখাদের বাড়ী তখন বর এসেচে। মেয়েরা ছলু দিয়ে শাঁক বাজিয়ে বরকে এগিয়ে নিয়ে এল। স্থখার সেখানে যাবার উপায় নেই। বাড়ার বিধবা মেয়ে, মাঙ্গলিক কোনো অল্পস্থানে আজ তার সামনে থাকবার স্বেচ্ছা নেই। তবুও সে কৌতুহলদৃষ্টিতে ঘরের জানালার গরাদে ধরে উঠেঠমর দিকে চেয়ে দাঁড়িয়ে বর দেখচে। কৌতুহল অল্পদিনের জন্তু তার শোককে জয় করেছে।

পুষ্প এসে স্থখার পাশে দাঁড়ালো। স্থখা যে আত্মা হিসেবে উচ্চশ্রেণীর তা তখনি বুঝলে পুষ্প, কারণ পুষ্পের প্রভাব মে তখনি নিজের মনের মধ্যে অল্পভব করলে। তার ভারী মনটা তখনি হালকা হয়ে গেল। জীবনে সব যেন শেষ হয়ে যায় নি, আরও অনেক কিছু আছে,

জীবনের তো সব শুরু, বহুদূরের পথে কোথায় কোন্ বাকে নক্ষত্রের মত সারারাত জেগে আছে বনফুলের দল, চাঁদের আলোয় জ্যোৎস্নাময় হয়ে আছে সে জায়গা—আবার আশা ফুটে ওঠে মনে—অতীত বাসররাজির স্মৃতির আনন্দের মত পবিত্র অহুভূতিতে মন ভরে ওঠে।

যতীন দেখলে একটি আত্মা অনেকক্ষণ থেকে বিবাহসভার এদিক ওদিক ঘোরাঘুরি করছে। যতীনকে দেখে সে কাছে এল। বললে—আপনি কে? আপনি এখানে কেন?

যতীন বললে—আপনি কে?

—আমি এই বিধবা মেয়েটির স্বামী।

—ওকে একটু সাধুনা দিন আজ।

—আমি চেষ্টা করছি কিন্তু পারছি নে। আপনাকে দেখে বুঝেছি আপনি উচ্চ স্বর্গের মাহুষ, আপনি যা পারবেন, তা আমি পারবো না। তাই আপনাকে জিজ্ঞেস করছিলাম আপনি এখানে কেন।

—এই মেয়েটির দুঃখে একটি দেবীর মন গলে গিয়েছে। তিনি পাঠিয়েচেন এখানে আমাদের।

—কই, আর কেউ তো নেই এখানে? আপনি তো একা—

যতীন পুষ্পের পাশেই ছিল, স্বধার স্বামী খুব উচুদূরের আত্মা নয়, ওরা দেখেই বুঝেছিল, সে দেখতে পেলো না পুষ্পকে।

যতীন বললে কথাটা। স্বধার স্বামী বিনীতভাবে তাকে এবং উদ্দেশ্যে পুষ্পকে প্রণাম করলে। বললে—আমি বড় কষ্ট পাচ্ছি ওর জন্তে। কিন্তু কিছু করার নেই, ও যখন ঘুমিয়ে থাকে তখন ওকে সাধুনা দেবার চেষ্টা করি—কিন্তু আমার চেয়ে ওর অবস্থা উন্নত, আমার ক্ষমতা নেই কিছু করার—

যতীন বললে—উচ্চস্বর্গের একজন দেবী আপনার স্ত্রীর ওপর কৃপাদৃষ্টি রেখেচেন—তিনি আমাদের এখানে পাঠিয়েচেন। তিনি নিজে এখুনি আসবেন—

পুষ্প বললে—তিনি এসেচেন, এই তো এলেন—

স্বধার স্বামী পুষ্পের কথা শুনেতে পেলো না, যতীন প্রণয়দেবীকে দেখতে পেলো না। কিন্তু প্রণয়দেবীর শাস্ত কোমল প্রভাব সে মনের মধ্যে অহুভব করতে পারলে। প্রণয়দেবী নিজে সব সময় স্বধার পাশে এসে দাঁড়িয়ে রইলেন, বলেন—এদের ফেলে আমার কোথাও থেকে স্থখ নেই। এবারও এদের ওই রকম ভুগতে হবে, স্বধার স্বামী তত উচ্চ অবস্থার নয়—তা ছাড়া কেন এরা এ রকম ভুগতে তা আমি ঠিক জানি না। জগতে এইসব ঘটে যে অদৃশ্য বিরাট শক্তির নির্দেশ অহুসারে, সে শক্তি বড় রহস্যময়। তার কর্মপ্রণালী বা প্রকৃতি সম্বন্ধে কিছুই বুঝি না, জানি-ও না।

পুষ্প বললে—তিনিই তো ভগবান?

প্রণয়দেবী চমকে উঠে বলেন—ও নাম কানে গেলে মন অলুপকম হয়ে যায়। যখন তখন ও নাম নিও না। ভগবান যে কি, তা আমরা জানিনি এখনও। যে শক্তির কথা বলছি,

হয়তো তাকেই তোমরা ওই নামে ডাকো।

সুধার বানের বিয়ে হয়ে গেল, বরকনে বাসরঘরে চলে গিয়েচে এই মাত্র। গরীবের ঘরের বিয়ে, তবুও উঠানে ছোট্ট শামিয়ানা টাঙানো হয়েছে প্রাতিবেশীর বাড়ী থেকে চেয়ে এনে, আধমণটাক ময়দার লুচি ভাজা হয়েছে বরযাত্রী ও প্রাতিবেশীদের খাওয়ানোর জন্তে, তারা খেতেও বসেচে। গ্রামের বৌ-ঝির দল মেজেগুজে বাসরঘরে ঢুকে বরের চারিপাশে ভিড় জমিয়ে তুলচে। প্রণয়দেবী ঘরে ঢুকে এক কোণে দাঁড়িয়ে প্রশমদৃষ্টিতে চারিদিকে চাইলেন, যেন মনে মনে সকলকে আশীর্বাদ করলেন। আজকার দিন এবং সময় তাঁর চরণপাতের স্তম্ভ গ্রহণে পেয়ে ধষ্ট হয়ে গেল।

কিন্তু যতান বিষন্ন মনে এক পাশে দাঁড়িয়ে ছিল— আজকার বিবাহ-উৎসবের দৃশ্যে তার মনে হচ্ছিল, আশার সঙ্গে এমন এক উৎসবের মধ্যে তার বিয়ে হয়েছিল, কিন্তু আজ কোথায় সে আর কোথায় আশা! সুধার মত আজ সে বিধবা, জীবনের সব সাধ তারও আজ ফুরিয়ে গিয়েচে পরের সংসারে পরের হাততোলা খেয়ে—

পুষ্প ধমক দিয়ে বল্লে - যতান-দা!

এই সময় প্রণয়দেবী বল্লে—সুধা রান্নাঘরের কোণে বসে কাঁদচে, একটু গুর পাশে গিয়ে দাঁড়াও পুষ্প।

পুষ্প এসে দেখলে সুধার স্বামীও সেখানে উপস্থিত। তারও চোখে জল। মরণের মনিকার আড়ালে প্রেমের এই পালা পুষ্পকে মুগ্ধ করলে। প্রেম মরণজয়ী, এই সত্যটা এই দৃশ্যে যেন পুষ্পের মনে ভাল করে আঁকত হয়ে গেল।

একটু পরে প্রণয়দেবী নিজেকে সেখানে এসে দাঁড়ালেন। সুধার মাথায় তাঁর হাত রেখে বল্লে—কোনো দুঃখ করো না। আমি মিলন করিয়ে দেবো। তোমার মত মেয়ে লক্ষ লক্ষ রয়েছে আমার পৃথিবীতে—তাদের ছেড়ে স্বর্গেও যেতে পারি নে।

পুষ্প বল্লে—আপনার মত দেবী ইচ্ছে করলে সুধার কোনো উপকার হয় না?

—আমি সেবা করতে পারি, বিশ্বের শক্তি নিয়ন্ত্রণ করবার আমি কে? আমার মত হাজার হাজার আছেন দেবদেবী। তা ছাড়া পৃথিবীর মানুষদের নিয়ে আমার কারবার। অগণ্য জীবলোক রয়েছে বিশ্বব্রহ্মাণ্ডে—তাদের জন্তে অগ্র সব দেবদেবী আছেন।

—তাঁদের আপনি জানেন?

—জানি তারা আছেন—পরিচয় সকলের সঙ্গে নেই। আমাদের শক্তি মানুষের চেয়ে হয়তো বেশী, তবুও সাঁমাবন্ধ। চলো আমরা এখান থেকে চলে যাই।

মেদিন যতান বুড়োশিবতলার ঘাটে একা বসে অগ্রমনস্কভাবে আশালতার কথা ভাবলে অনেকক্ষণ। পুষ্প গুকে শ' কথা বলেচে, প্রণয়দেবীর মুখে যা কিছু শুনেছিল। তিনিই যখন অদৃষ্টকে উল্টে দিতে পারেন না, সে তো অতি তুচ্ছ গুর কাছে—কি করতে পারে সে? আশাকে তার নিজের ভাগ্যের পথে চলতে হবে।

পশ্চিমাকাশে অস্ত্যুর্ধ্বের রাজ্য আভা। গঙ্গার বুকে পাল তুলে ছোট বড় নৌকার দল চলেচে। দু-একটা মাছরাঙা পাখী ছৌঁ মেরে মাছ ধরচে ডাঙা থেকে অনতিদূরে। নৈহাটির গঙ্গা, কেওটা-মাগঞ্জের গঙ্গা।

কতক্ষণ সে এরকম বসে ছিল জানে না, হঠাৎ সে চমকে উঠে দেখলে একজন জ্যোতির্ময় পুরুষ তার সামনে দাঁড়িয়ে। যতান শব্দবাস্তে উঠে তাঁকে প্রণাম করলে।

আগন্তুক বল্লেন— বেশ করে রেখেচ হে তুমি! পৃথিবী থেকে অল্পদিন এসেচ ?

—আজ্ঞে হাঁ।

—তাই দেখাচি। হুগলী জেলায় বাড়ী ছিল ? তাই গঙ্গার ধার-টার ঠিক এই রকম করেচ। এ সব মায়া। জগৎ বা বিশ্বটাও তেমনি মায়া—সেই এক অখণ্ড সচ্চিদানন্দ ব্রহ্ম ছাড়া সব মায়া। কোনো কিছুই মধ্যে বাস্তবতা নেই।

যতীন মনের মধ্যে হাঃড়াতে লাগলো। এঃ ধরণের একটা মতের কথা সে শুনেছিল, একবার একটা বইও পড়েছিল যেন : মনে এনে বল্লেন—অদ্বৈতমত বলচেন ?

মহাপুরুষ যেন একটা বিশ্বয়ের ভাবে বল্লেন— অদ্বৈত বেদান্ত সম্বন্ধে তুমি জানো ? তবে বই পড়লে কি হয় ? প্রত্যক্ষ অনুভূতি চাই। অখণ্ড সচ্চিদানন্দের অনুভূতি চাই। তুমি মরে এখানে এসেচ, কিন্তু জ্ঞান জন্মাননি ভেতরে। এখানে হুগলী জেলার গঙ্গার ঘাট তৈরা করে রেখেচ। এমনি করেচে অনেকেই এখানে। সব মায়া। আবার পৃথিবীতে জন্ম নিতে হবে গিয়ে—অন্যবাক্যশতান্তেবা— আঞ্জই হোক, দুশো বছর কি হাজার বছর পরেই হোক। অখণ্ড সচ্চিদানন্দের অনুভূতি ভিন্ন মুক্তি নেই।

যতীন ভয়ে ভয়ে বল্লেন—আজ্ঞে, মুক্তি মানে কি ?

—ভগবানের সঙ্গে একাত্মবোধ। যোগসাধনা ভিন্ন তা সম্ভব নয়। উপনিষদে দুটি পাখীর রূপক বর্ণনা আছে। একটি গাছের দুটি ডালে ওপরে নীচে দুটি পাখী বসে রয়েছে। নীচের পাখীটা মিষ্ট ফল খাচ্ছে, কটু ফল খাচ্ছে, ওপরের পাখী নিবিচার অবস্থায় বসে আছে, স্থখ-দুঃখে উদাসীন, নিজ মহিমায় মগ্ন। এটি পরমাশ্রা, অপর পাখীটি ইন্দ্রিয়সুখমগ্ন জীবাশ্রা। নীচের পাখীটি যখন ওপরে উঠে ওপরের পাখীটির সঙ্গে মিশে এক হয়ে যাবে—তখনই তার মুক্তি।

তদা বিদ্বান্ পুণ্যাপায়ে বিদ্যুঃ নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি—

যতীন এমন কথা কখনো শোনেনি। বিশ্বয়মুগ্ধের মত চেয়ে রইল সন্ন্যাসীর দিকে। সে ভেবেছিল মরণের পর যখন বেঁচে আছে, তখন তার আর ভাবনা কি ? কিন্তু এখন ওর মনে হোল কোথায় যেন কি গন্দ রয়েছে। সে বিনীতভাবে বল্লেন—আজ্ঞে তবে আমাদের উপায় ? আমাদের কে যোগ-শিক্ষা দেবে, কি হবে—শুনেচি সে বড় খটমট ব্যাপার—ওসব কি আমাদের জ্ঞে ?

সন্ন্যাসী হেসে বল্লেন—খুব সোজা নয়, শক্তও নয়। আমি পৃথিবীতে তোমারই মত মানুষ ছিলাম। যোঁবনে স্ত্রী-বিয়োগ হোল, সংসার মিথ্যা মনে হোল। তবুও পাঁচ বছর সংসারেই

যয়ে গেলাম। তারপর সন্ন্যাস গ্রহণ করলাম। সঙ্গুর সন্ধান পেলাম। আসামের এক জঙ্গলে পনের বছর যোগ অভ্যাস করবার পর একদিন গুরুর রূপায় নির্বিকল্প সমাধি হোল।

যতীন রুদ্ধনিঃশ্বাসে বল্লেন—তারপর ?

সন্ন্যাসী হেসে বল্লেন—তারপর ? তারপর আর কিছুই না। মুখে সে অবস্থার কথা বলা যায় কি ? সে তুমি কি বুঝবে ? এখনও তুমি ছেলেমানুষ মাত্র। বড় উচ্চ অবস্থার কথা সে সব। তুমি আর নিগূর্ণ ব্রহ্ম এক। মায়ী তোমার স্বরূপ আবরণ করে বসেচে। তুমি কেন, পৃথিবীর সব কিছু। ছোট কেউ নও। তোমরা সবাই অজর অমর, শাপ্ত আত্মা—তুমিই এ জগতের কর্তা, এ জগৎকে সৃষ্টি করেচ—তবে ছোট হয়ে আছ কেন ? এই লোকে এসেচ—এও উপাধির লোক। এর আরও ওপরে উচ্চতর লোক আছে—মহা জ্যোতির্ময় লোক, দেব-দেবীরা সেখানে বাস করেন। তোমার মত লোক তার ধারণা করতে পারবে না। জগৎকে সৃষ্টি ও লয় করতে তাঁরা সমর্থ। কিন্তু সেও অনিত্য। সেও উপাধি ও অগুণস্বরের জগৎ। তারও ওপরে নিরূপাধি নিগূর্ণ ব্রহ্ম বিরাজ করেন। সেখানে পৌঁছানো মানুষের আগ্রহ থাকলেই হয়। আসলে তোমার সঙ্গে তার অভিন্নতা কোথায় ? এ জগতে দুঃখ নেই, পাপ নেই, শোক নেই, ভয় নেই, মৃত্যু নেই সে তো দেখেই নিলে, ক্ষুদ্রত্ব নেই, এসব কিছু নেই—আছে শুধু আনন্দ, অমরত্ব, বিরাটত্ব। আর তুমিই তার অধিকারী। অতএব ওঠো, জাগো—তৎ স্মসি—তুমিই সেই।

সন্ন্যাসীর সর্বদেহ দিয়ে একপ্রকার নীল বিদ্যুতের মত জ্যোতি যেন ঠিকরে বেরুচ্ছে—তাঁর দিকে চাওয়া যায় না। যতীন তাঁর পদস্পর্শ করবার জন্তে মাথা নীচু করতেই তিনি বল্লেন—
উহ—ছোট ভেবে আমার পা ছুঁয়ে তোমার কি হবে ? ছোট তুমি নও। তুমিই দেব, তুমিই দেবী, তুমিই সগুণ ঈশ্বর—তুমিই জগৎকারণ নিরূপাধি অথও সচ্চিদানন্দ—একই আছে, আর কিছু নেই জগতে—একমু এব, অদ্বিতীয়—পৃথিবী বা পরলোক সব দুদিনের খেলা, আবার জন্ম, আবার মৃত্যু—বার বার আসা-যাওয়া—সব অনিত্য—জেগে ওঠো—ঘুম ভেঙে জেগে ওঠো।

সন্ন্যাসী এত জ্বোরে জ্বোরে কথাগুলো বল্লেন—যতীনের মনে হোল তার সমস্ত শরীরে হাজার ভোন্টের বিদ্যুৎ খেলে গেল—সন্ন্যাসীর দেহ থেকেই যেন সে বিদ্যুৎতরঙ্গ ছুটে এল তার দেহে। সে চোখের সামনে কতকগুলো গোল গোল জড়ানো জড়ানো গোলকধাঁধা খেলার মত কি দেখলে—তারপর আর তার জ্ঞান রইল না। যেন হঠাৎ ঘুমিয়ে পড়লো। ঘুমের মধ্যে সে যেন কোথায় চলেচে।

নীল আকাশ, সোম-সূর্য-তারাচিহ্নিত—তার আশেপাশে উর্ধ্ব, নামোতে। বহু দূরে নীল সমুদ্রে ডুবে একটা কুণ্ডলীকৃত নীহারিকা পাক খাচ্ছে—লক্ষ লক্ষ, কোটি কোটি নক্ষত্র, সূর্য,—
কুন্ডলার চেউ-এর মত উর্ধ্বাঙ্গুল বিভিন্ন গ্রহ-নক্ষত্রের বহির্দেশে ভ্রাম্যমাণ—লক্ষ লক্ষ জীব-জগৎ, কোটি কোটি জীবজগৎ, লক্ষ কোটি লক্ষ কোটি আত্মিক লোক—কত নীলা, কত খেলা, কত সুখদুঃখের অনন্ত প্রবাহ—অনন্ত জীবজগৎ.....

এ সবও ছাড়িয়ে এক জ্যোতির্ময় রাজ্যের প্রান্তে গিয়ে একটি অপূর্ব শাস্তির অল্পভূতি সে অল্পভব করলে...সুগভীর আনন্দ ও শান্তি, আর যেন মনে কোনো আশা নেই, কোনো তৃষ্ণা নেই, সুখ নেই, দুঃখ নেই, পাপের ভয় নেই, পুণ্যের স্পৃহা নেই, স্বর্গভোগের আকাঙ্ক্ষা নেই, পুষ্পের প্রতি প্রেম নেই, আশালতার প্রতি অল্পকম্পা নেই—মনই নেই—যেন শুধু আছে ‘আমি আছি’ এই অল্পভূতি, আর আছে তার সঙ্গে মিশে এক অতি উচ্চস্তরের আনন্দ, শান্তি মহা উচ্চ জ্ঞান ও স্বয়ম্ভু স্বপ্রতিষ্ঠ অস্তিত্বের গভীর অনির্বচনীয় আনন্দ।

যতীনের মনে হোল সেই সন্ন্যাসী যেন কোথায় তার আগে আগে পথ দেখিয়ে নিয়ে চলেছেন...কখনও তাঁর জ্যোতির্ময় দেহ দেখা যায়, কখনও যায় না।

তারপর সেই জ্যোতির্ময় দেশের অপূর্ব শাস্তি ও আনন্দময় আবেষ্টনীর মধ্যে সে প্রবেশ করলে...সঙ্গে সঙ্গে সেই সুগভীর পুলকে তার মন আবার ভরে উঠলো—উজ্জ্বল জ্যোতির্ময় দেহধারী দেবদেবীরা সে রাজ্যের মণ্ডলে বিচরণ করতেন, তাঁরা যে আসনপীঠে ঠাকুর সেজে আড়ষ্ট হয়ে বসে আছেন তা নয়, তাঁরা যেন সে জগতের সাধারণ অধিবাসী, নিজের নিজের কাজে ব্যস্ত আছেন, তাই কেউ আকাশপথে বায়ুভরে চলেচেন, সমস্তল ভূপৃষ্ঠে বিচরণশীল পৃথিবীর মানুষের মত নয় তাঁরা—উষের, নিম্নে—সবদিকে সমান গতি তাঁদের...তু’একজনকে কাছে থেকে দেখবারও অবদর সে পেলে...পৃথিবীর মানুষের মত দেহ বটে, কিন্তু যেন বিদ্যুৎ দ্বিগুণ গড়া, দেবীদের মুখের সৌন্দর্য অতুলনীয়, তাদের পৃথিবীর বাড়ীতে ছেলেবেলায় একটি প্রাচীন পটুয়ার আঁকা রাজরাজেশ্বরী মূর্তি ছিল দেওয়ালে টাঙানো, তার বন্ধা ঠাকুরমা রোজ স্নান সেরে সেই পটের পূজা করতেন, খানিকক্ষণের জন্তে যেন পটের মুখ হাসতো—এতদিনের মধ্যে জীবনে সে সেই পটে আঁকা রাজরাজেশ্বরীর মুখশ্রীর মত সুন্দর ও কমনীয় মুখশ্রী আর দেখেনি...এখানে সে দু’একটি দেবীর মুখ যা দেখবার সুযোগ পেলে, পটের সে ছবির মুখের চেয়ে অনেক, অনেকগুণে সুশ্রী, আরও মহিমময়ী, বক্র চাহনির মধ্যে ত্রিভুবন-বিজয়ী শক্তি... অথচ মুখে অনন্ত করুণার বাণীমূর্তি।

কোথায় যেন রাশি রাশি বনপুষ্প ছুটেচে, নির্বাত ব্যোম তাদের সম্মিলিত সুবাসে ভরপুর...

এসবও ছাড়িয়ে চললো সে...মহাবিদ্যুতের মত তার গতি, কোথাও অনন্ত ব্যোমে, মহা-শূন্যের সুদূরতম প্রান্তে, অনন্তের জ্যোতি-বাতায়ন যেখানে চারিদিকে উম্মুক্ত...দেবদেবীর বাসস্থান এ সব মহাদেশও যেন আপেক্ষিক চৈতন্যের রাজ্য ; বাসনার রাজ্য...এদেরও দূর, বহুদূর পারে, সব আকাশ ও সময়ের পারে, অতীত, বর্তমান ও ভবিষ্যৎ যেখানে এক হয়ে মিলিয়ে গিয়েচে—সোম সূর্য নেই, তারুকা নেই, অন্ধকার নেই, আলোও নেই—সেই এক বহুদূর দেশে সে গিয়ে পৌঁছেচে...এদেশ আকারধারী জীব বা দেবযানীর রাজ্য নয়, সর্ববিধ আকার এখানে জ্যোতিতে লোপ পেয়েচে, অথচ এ জ্যোতিও দৃশ্যমান আলোকের জ্যোতি নয়, আশুণ নয়, বিদ্যুৎ নয়—কি তা সে জানে না...তার সর্বদিকে, তাকে চারিধার থেকে ঘিরে এই জ্যোতি...আর কি একটা বিচিত্র, অনির্বচনীয় অল্পভূতি...ওর মন লোপ পেয়েচে অনেকক্ষণ, চৈতন্যও যেন লোপ পেতে বসেচে...অথচ যতীনের মনে হোল এই তার আপন স্থান, এতদিনে আপন স্থানে সে ফিরে

এসেচে...এই তার বহুপরিচিত স্বদেশ—যুগ-যুগান্ত, কত মহাযুগ ধরে সে এখানে আবার ফেরবার অপেক্ষায় ছিল। মহাব্যোমে আর কেউ নেই, আশালতা না, পুষ্প না, তার যতীনও না, সন্ন্যাসী না, তাদের এ লোকে বাঁধা কত সাধের ঘর বা বুড়োশিবতলার ঘাট না, দেব না, দেবী না পরলোক না, এমন কি ঈশ্বরও না...

মহাব্যোমের মহাশূণ্ডে অনাদি, অনন্ত, স্বয়ম্ভু, স্বপ্রকাশ, নিবিষ্কার, নিবিষ্কল সে শুধু আছে—পাপহীন, পুণ্যহীন, মঙ্গলহীন, অমঙ্গলহীন, স্তম্ভহীন, দুঃখহীন সর্বপ্রকার উপাধিহীন...

সে-ই আছে মাত্র একা।

নিঃসঙ্গ মহাব্যোমে আর কোথাও কিছু নেই, কেউ নেই!

সে-ই সব।

এমন কি, এ মহাব্যোমও তার সৃষ্টি-সৃষ্টি নয়--সে নিজেই।

যতীন আর কিছু জানে না।

যখন ওর চৈতন্য হোল তখন সে দেখলে সেই মহাসন্ন্যাসী পাশেই বুড়োশিবতলার ঘাটের রাণাতে বসে আছেন--সে তাঁর এপাশে বসে। যেন সে ঘুম ভেঙে উঠেচে এইমাত্র।

সন্ন্যাসী হেসে বলেন--কি হোল? দেখলে?

যতীন মুচু ও অভিভূতের মত তাঁর মুখের দিকে চেয়ে বলেন--কি দেখলাম বলুন দিকি?

—আমি চললাম। যা দেখলে, দেখলে। মুখে কি বোঝাবো? মন নিয়ন্ত্রণের ইচ্ছায় মাত্র, ওর চেয়ে বড় অহুভূতির দরজা যোদন খুলবে, সেদিন আমায় বোঝাতে হবে না, নিজেই বুঝবে। তোমার সে অবস্থার এখনও বহু বিলম্ব। দু-চার জন্মে হবে না। অনেকবার এখনও পৃথিবীতে যাতায়াত করতে হবে।

তিনি যাবার উদ্যোগ করচেন দেখে যতীন ব্যাকুলভাবে বলেন--প্রভু, যাবেন না, যাবেন না। পুষ্প বলে একটি মেয়ে আছে, তাকে একবার দেখা দিয়ে যাবেন দয়া করে?

সন্ন্যাসী হেসে বলেন--সময় হোলে দুজনেই দেখা পাবে আবার। তবে স্ত্রীলোকের পথ ভক্তি, জ্ঞানের নয়। আমি তোমাদের দুজনকেই জানি, গত তিন জন্ম তোমরা আমার দেখা পেয়েচ, তোমাদের ভালবাসি। কিন্তু তাতে কি হবে? সময় হয়নি। চক্রপথে ঘুরতে হবে অনেকদিন। আমি আছি তোমাদের পেছনে। নতুবা আমার দেখা পেতে না।

সন্ন্যাসী অন্তর্হিত হোলেন।

একটু পরে পুষ্প এল। বললে—কি করছিলে ?

যতীন তার দিকে সন্দ্বিগ্ন দৃষ্টিতে চেয়ে বললে—পুষ্প, তুমি মায়া ? মিথ্যে ?

—সে কি যতীন-দা ? ব্যাপার কি ?

—এ সব ভেঙ্কি ? তুমি ভুল বুঝিয়েচ পরলোক-টরলোক। আমরা মরে ভূত হয়ে আছি। চক্রপথে এখনো আমাদের অনেক ঘুরতে হবে।

পুষ্প খিল খিল করে হেসে বললে—এ তব্ব তুমি জানলে কোথায় ? নতুন কথা তোমার মুখে !

—হাসি নয়। আমার মনে শাস্তি নেই। এক মহাপুরুষ এসে অদ্ভুত দর্শন করিয়ে গেলেন আমার গা ছুঁয়ে। এখন বুঝেচি সব মিথ্যে।

—কিছুই বোঝানি। বুঝতে অনেক দেরি ! ভগবানের দয়া যেদিন হবে সেদিন বুঝবে। এ আমি অনেকদিন জানি। কিন্তু তাতে কি ? এতেই আনন্দ। যুগে যুগে আসবো যাবো, এর শোক-দুঃখেও আনন্দ খুঁজে নেবো। লালাসন্ধী হয়ে থাকবো তাঁর। তিনিই খেলা করচেন, খেলুড়ে না পেলে খেলা করবেন কাকে নিয়ে ? সবাই ব্রহ্ম হয়ে বসে থাকলে সব শূন্য, নিরাকার। তুমি নেই, আমি নেই, জগৎ নেই—ইহলোক নেই, পরলোক নেই। সত্য কথা। কিছুই নেই—আবার সবই আছে। খেলা করো না দুদিন, যতদিন তিনি খেলাবেন।

—তারপর ?

—তারপর সকলের যা গতি, তোমারও তাই। তাঁতে ভক্তি রাখো, সব হবে। তুমি তো তুমি, আমি তো আমি—লক্ষ লক্ষ বছর ধরে অতি উচ্চ স্তরের আত্মা, যারা দেব-দেবী হয়ে গেছেন—তাঁরাও তাই।...সব অনিত্য।

—তুমি এসব কি করে জানলে ?

—করণদেবী সেদিন বলেছেন। ও নিয়ে মন খারাপ কোরো না। ও শেষ অবস্থার কথা। যখন সে অবস্থা আসবে, তখন আর বসে ভাবতে হবে না। তিনিই পথ দেখিয়ে দেবেন। এখন চলো, আশাবোধির বড় বিপদ, কিছু করতে পারি কিনা দেখা যাক—

যতীন ব্যস্ত হলে বললে—কি-কি-কি বিপদ ? আশার ? কি হয়েছে ?

পুষ্প কোঁতকের হাসিতে ভেঙে পড়লো যেন। বললে—ঐ ! এত বাসনা এত মায়া যার মধ্যে এখনও, তিনি জগৎকে উড়িয়ে দিয়ে ভগবানে মিশে যেতে চান ! সন্ন্যাস ভেঙ্কি দেখালে কি হবে, ও অবস্থা তোমার-আমার জন্তে নয়। পৃথিবী ছেড়ে এসে এখনও তার বাঁধন কাটাতে পারেন না, উনি বড় বড় বুলি ঝাড়েন !

—সন্ন্যাসী তাই বলছিলেন, সময় হয় নি।

—সময় শুধু হয়নি যে তা নয়—হাতে চের দেরি। ও নিয়ে মাথা ঘামাবে না বলে দিচ্ছি।

তঁার লীলাসঙ্গী হয়ে থাকে, মনে মনে সর্বদা তাঁকে ভক্তি করে থাকে। তিনিই আলো জালবার কর্তা। করুণাদেবী কি কম উচু স্তরের জীব? কিন্তু উনি বলেন, আমি মনে-প্রাণে মেয়েমানুষ—স্বথহুঃখ স্নেহভালবাসা নিয়ে থাকতে ভালবাসি। তঁার সঙ্গে মিশে যেতে চাই নে, লীলাসহচরী হয়ে থাকি তঁার সৃষ্টিতে। তাকে ভালবাসি মনেপ্রাণে, তঁার জীবদের সেবা করি যুগে যুগে। এই আমার তপস্বী। মুক্তি চাইনে।

—সত্যি, এমন না হলে আর দেবী! দেবী কি—সাক্ষাৎ মা! জগতের করুণাময়ী মা। আমাকে একবার দেখা দিতে বোলো, পায়ের ধুলো নেবো—না ভুল হোলো, ধুলো আর এখানে কোথায়? তা ছাড়া ঔদের পায়ের ধুলো লাগে। এত উচ্চ জ্ঞান তঁার এ আমি জানতাম না।

—আচ্ছা আর অত বিচার করতে হবে না তোমায়। আমি বলবো তোমায় দেখা দিতে। ঔরাই তো দেবী। পৃথিবীতে ঔদেরই তো মন্দির প্রতিষ্ঠা করে পূজা করা হয়। ঔরাই দুর্গা, ঔরাই কালী, ঔরাই সরস্বতী। নামে কি আসে যায়? অণু দেশে হয়তো অণু নামে পূজা করে।

—এখন কিছু কিছু বুঝি। আগে এ সব কথাই শুনিনি কখনো পুষ্প—সত্যি বলি।

—সময় না হোলে স্নাতকও পায় না কেউ। অবধূত তোমায় কি দেখালেন বলো না? যতীন বর্ণনা করলে। বর্ণনা করবার সময় তার সমস্ত শরীরে কাঁটা দিয়ে উঠলো। সেই অর্ধ অল্পভূতি ও পুলকের স্মৃতি এখনও ওর মনে খুব জাগ্রত—তাই বর্ণনা করতে গিয়ে এখনও তার কিছুটা যেন আবার সজাগ হয়ে উঠলো মনে।

আবার সেই অতীন্দ্রিয় জগৎ, যেখানে সংকল্পও নেই, বিকল্পও নেই, মনের পারের সেই অনির্দেশ্য রাজ্য, ক্ষণকালের জগৎ যার মধ্যে প্রবেশের অধিকার সে পেয়েছিল মহাপুরুষ অবধূতের রূপায়—সে জগতের বর্ণনা মুখে সে কি করে দেবে? কথা তার জড়িয়ে যেতে লাগলো, ঘন ঘন রোমাঞ্চ হতে লাগলো সে অবস্থার স্মরণে। পুষ্প সব শুনে স্তব্ধ হয়ে বসে রইল।

পরে হাত জোড় করে উদ্দেশ্যে প্রণাম করে বলে—তঁার চরণে প্রণাম করো যতীন-দা। বড় ভাগ্যে তঁার সাক্ষাৎ পেয়েচ। সাক্ষাৎ ঔদের সমান ঔরা। কি পুণ্য না জানি ছিল তোমার।

দুজনে পৃথিবীতে নেমে এসেচে।

সন্ধ্যার কিছু পরে। যতীন কবি নয়, কিন্তু পৃথিবীর এ সন্ধ্যা, কি যে ভাল লাগলো ওর। পৃথিবীতে বৈশাখ মাসের প্রথম, আত্মনিকুঞ্জের নিভৃত অন্তরালে কোকিলের ডাক, সন্ধ্যা হওয়ার প্রাকৃতিক বিষপুষ্পের ঘন সুবাস, একটি জামগাছে কচি সবুজ খোলো খোলো জাম ধরেচে, রাঘবপুরের হাট সেরে হাটুরে গোরুর গাড়ীর সারি চুয়াডাঙার কাঁচা সড়ক ধরে চলচে আম-কাঁঠাল বাগানের তলায় তলায়, মাঠে মাঠে আউশ ধানের ক্ষেতে সবুজ ধানের জাগল।

আশাদের পুকুরের ধারের গঁতুল গাছের তলায় ওরা বসলো। যতীনের মনে হোল, কি সুন্দর পৃথিবীর বসন্ত! সেই বহুপরিচিত প্রিয় পৃথিবী, কত হুঃখ-স্বথ, আশা-আনন্দের স্মৃতিতে ভরা। সে পৃথিবী ছেড়ে চলে গিয়ে ভাল আছে কি মন্দ আছে জানে না, কিন্তু পৃথিবীতে এলেই মন সরে না এখান থেকে যেতে। এই বৈশাখে কচি আমের খোল, বেলের পানা, ঐ

অদূরবর্তী চূর্ণা নদীতে এই গরমের দিনে অবগাহন স্নান, হাট থেকে পাকা তরমুজ কিনে আনা ...নাঃ, পৃথিবীই ভালো। কোথায় এ সব সুখ ? মাটির পথে চলার ছোটখাটো কত আনন্দ, কত স্মৃতি...হাসি অশ্রু ..

পুষ্প হঠাৎ বলে—কি ভাবচো যতীন-দা ? ব্রহ্মজ্ঞান পেতে গিয়েছিলে না ?

—না পুষ্প, বড় ভাল লাগচে। অনেকদিন পরে এসে—

—পৃথিবীর বাতাসে বাসনা কামনা ভাসচে, একজন্ম বড় বড় আত্মারা পৃথিবীতে আসতে চান না। ছেলেবেলায় যাত্রা হয়েছিল একটা গান শুনেছিলে নৈহাটিতে ? ‘এ বাধন বিধির সন্ধান, মানব কি ত্যজ খুলতে পারে’—পৃথিবীতে ফিরে এসে বেশীক্ষণ এই জগতে থাকতে নেই। ঐ ছোটখাটো সুখভূতের সোনার শেকলে বাঁধা পড়তে সাধ যায়। ‘পঞ্চভূতের ফাদে, ব্রহ্ম পড়ে কাঁদে’—তুমি তো তুমি !

—যা বলেচ পুষ্প, তুমি দেখছি অনেক কিছু জানো—

—সত্যি যতীন-দা। আমার কি হয় না ? এখনই হচ্ছে। বড় বড় আত্মা পৰ্বন্ত অনেক সময় পৃথিবীতে কিছুক্ষণের জগতে ফিরে পুনর্জন্ম গ্রহণের কামনা করেন। নিম্নস্তরের দুর্বল আত্মার তো কথাই নেই। খুঁৎ খুঁৎ করে পৃথিবীর কাছাকাছি ঘোরে। নয়তো ফট করে আবার জন্ম নিয়ে বসে। তাদের ঘন ঘন পৃথিবীতে আসা বারণ !

যতীন হেসে বলে—যেমন আমি—

—তুমি কেন, অনেক মহারথীর এই দশা হয়। কিন্তু তাই যদি হবে, তবে মানুষ এগিয়ে চলবে কবে ? ভগবানের তা ইচ্ছে নয়। এগিয়ে চলো, এগিয়ে চলো—এক জায়গায় বাঁধা পড়ে থাকলে চলবে না। পথ অফুরন্ত, পথের পাশে ফুলের স্তম্ভে গাছতলায় ঘুমিয়ে পড়তে ভালো লাগে বটে কিন্তু তা আমাদের গতি আটকে দেবে। অতীতঃ, ভয় নেই—এগিয়ে চলো, অতীতঃ—

—ওঃ, তুমি এত কথা জানলে কবে পুষ্প ?

—করণাদেবীর সঙ্গে কি এমনি এমনি বেড়াই। তা ছাড়া আমি তোমার কত আগে এখানে এসেছি জানো তো ? দয়া করে গুঁরা আমায় শিখিয়েচেন। ভগবানের মহাশক্তিই এগিয়ে নিয়ে চলেচে সবাইকে—

হঠাৎ পুষ্প পুকুরপাড়ের ওদিকে চেয়ে বলে—ঐ ঝাঞ্ঝা যতীন-দা—

যতীন চেয়ে দেখলে পুকুরপাড়ের আমবাগানের তলায় চুপি চুপি চোবের মত একটা লোক এসে দাঁড়ালো। একটু পরেই ওদের বাড়ীর ‘খিড়কিদোর’ খুলে আশা বের হয়ে এল এবং গাছতলায় লোকটির সঙ্গে যোগ দিলে। যতীন সর্বশরীরে কেমন একটা জালা অনুভব করলে। সংস্কারের প্রভাব, জালা তো দৌঁছের নয়, আসলে মনের।

সে আপন মনে বলে উঠলো—যহু মুখুয়োর ছেলে নেতানারান—

পুষ্প বলে—চেন ওকে ?

—কেন চিনবো না ? স্বত্তরবাড়ীর এ পাড়াতেই ওদের বাড়ী, ও কলকাতার কি চাকরি

করতো জানি, বি-এ পর্যন্ত পড়েছিল তাও জানি। আশা বলতো প্রায়ই, আমাদের গাঁয়ের নেতাদা এবার বি-এ পাশ দেবে। উঃ, আশা যে এতদূর নেমে যাবে—! এখনও আমি দুবছর মরিনি—এর মধ্যেই—পাপীয়সী!

—যাত্রাদলের ভায়ের মত কথা শুরু করে দিলে যে যতীনদা! আশা-বৌদির বয়সের কথা ভেবো। জড়দেহ থাকলেই তার কামনা বাসনা আছে। বড় বড় হাতী তলিলে যাচ্ছে তো মূর্খ আশা-বৌদি।

যতীন বিরক্ত হয়ে বললে—লেকচার রাখো। এই দেখাতে নিয়ে এলে! উঃ, ইচ্ছে হচ্ছে ছোকরার ঘাড়টা মটকাই—পারি কই? হাত পা যে হাওয়া!

—অত অধৈর্য হয়ো না। খুন করবার প্রবৃত্তি জাগলো কেন? একটা কিছু করতে হবে। সে কিন্তু ওভাবে নয়। একটা ছোকরাকে মারলে আরও অনেক ছোকরা জুটবে। মন নীচু দিকে নামলে জলের মত গাড়িয়েই চলে। আশা-বৌদির অদৃষ্ট ভাল না। এখনও অনেক দুঃখ, অনেক অপমান আছে ওর ভাগ্যে, তুমি আমি কি করবো? কর্মকল ওর। বেচারী! এখন ওরা যা করচে, তাতে বাধা দিতে তুমি আমি কেউ নই! মানুষ স্বাধীন, সে পুতুলখেলার পুতুল নয়। বাশনানদী পাপের পথেও বয়, পুণ্যের পথেও বয়। চলো, এক কাজ করি।

যতীন কিন্তু এগিয়ে গেল পুকুরের ওপাড়ের দিকে। আশার পরনে সুরু কালোপাড় ধুতি, হাতে ক'গাছা সোনার চুড়ি, যতীন চিনতে পারলে তাদের গ্রামের মহেন্দ্র মেকরার দোকান থেকে বিয়ের পরের বছর গড়া। আশা বসে পড়েচে গাছের গুঁড়ির আড়ালে, নেতানারান কিন্তু দাঁড়িয়ে আছে।

আশা বলচে—বাড়ী করে দিলে গাঁয়ের লোক যদি কিছু বলে?

নেতা হাত নেড়ে বললে—খোড়াই কেয়ার। এ শর্মা আর কাউকে ভয় করে না। তুমি ঠিক থাকলেই হোল। তুমি বলবে, বাপের বাড়ির সংসার আর ছুদিন পরে তাইয়েদের সংসার হবে। আমার শস্তরবাড়ীর টাকায় আমি বাড়ী করচি। মিটে গেল, কার কি বলবার আছে?

—ও জমিটা তা হোলে কিনতে হবে তো?

—সে লেখাপড়া আমি করে দেবো। বেশ হবে, ইটের দেওয়াল আর ঝড়ের চালা করে দিই। তুমি ওখানে চলে যাও। পাড়ার বাইরে ঘর হবে, একটু বেশী রাত করে চলে যাবো, শেষ রাতে উঠে চলে আসবো। এমন বনে-জঙ্গলে ভয়ে ভয়ে আর দেখা করতে হবে না। সারারাত্রি মজা করো, কি বলো?

—তুমি যা বোঝো। আমার কিন্তু হাতে মার্জ পঞ্চাশটি জমানো টাকা আছে, আর কিছু নেই বলে দিচ্ছি—দু'এক কুঁচো গহনা-ভাঙা সোনা হয়তো আছে। বাড়ী করবার খরচ কিন্তু তোমায় দিতে হবে।

নেতা হাসিমুখে বললে—দেখি মুখখানা? ও মুখ দেখে বাড়ী তো বাড়ী, পয়সা থাকলে মটোর গাড়ী কিনে দিতে পারতাম। কিন্তু বলে দিচ্ছি, ও শব্দ চক্কিটার সঙ্গে আর কথা বলতেও পাবে না কোনো দিন।

আশা হেসে বলে—আহা! শত্ৰুদা'র ওপর তোমার অত হিংসে কেন? আমি কবে কি করছি তার সঙ্গে? সে আসে যায়, পাশের বাড়ীর ছেলে তাড়িয়ে তো দিতে পারনে?

--আচ্ছা, ভালো কথা। নিজের বাড়ী হোলে সে তো আর পাশের বাড়ীর ছেলে থাকবে না, তখন নতুন বাড়ীতে না ঢোকে যেন।

আশা একটু ভেবে বলে—হ্যাঁগো, এতে গায়ে কোনো কথা উঠবে না তো? আমি মেয়েমানুষ, কি বুঝি বলে। তুমি রাগ কোরো না—আমার ভয় করে।

--কোনো ভয় নেই। নেতা মুখুয্যে যে কাজে হাত দেবে, তাতে কিছু গোলমাল হবে না। কিছু ভেবো না।

কথা শেষ করে নেতা আশার পাশে বসে পড়ে তার হাতখানা নিজের হাতের মধ্যে নিয়ে বলে—আমায় ভালোবাসো আশা?

আশা এদিক ওদিক চেয়ে মুহূষ্মরে বলে—নিশ্চয়ই।

—সত্যি বলচো?

—কেন, সন্দেহ আছে নাকি?

—তোমাদের যে মতিস্তির নেই কিনা, তাই বলছি। কাল সারাদুপুর শঙ্কু চক্কতির সঙ্গে গল্প করেচ।

--আহা! মা সেখানে সব সময়ে বসে। শত্ৰুদা একটা কবিতার বই পড়ে শোনাচ্ছিল।

—কি কবিতা?

--তা জানি নে। কিন্তু সেজ্ঞে তুমি ভাবো কেন? আমার একটা উপায় যেখানে হয়, দেখানেই আমি থাকবো। মা বুড়ো হয়েচেন, আমার নিজের হাতে মশল নেই। ভাইবোঁরা এসে যদি জালা দেয়, দুকথা শোনায়, সে সংমারে থাকা আমার পোষাবে না। যদি অদৃষ্টই মন্দ না হবে, তবে এত শীগ্গির কপাল পুড়বে কেন আমার?

আশা দুখ নাচু করে আঁচলে চোখের জল মুছলে। যত্নানের মন করুণা ও সঠান্নভূতিতে ভরে উঠলো গুর ওপরে—তাহলে জীবনের এসব সঙ্কটময় মুহূর্তেও আশা তার কথা মনে করে! এখনও তাকে সে ভোলেনি! পুষ্প গুর পাশে এসে মুহূষ্মরে বলে—চলে এসো যত্নানদা, এখানে থেকে কিছু করতে পারবে না।

গভীর রাত্রি।

আশা তাদের বাড়ীর ছোট্ট ঘরে ময়লা বালিশ মাথায় দিয়ে মেজেতে মাত্র পেতে শুয়ে আছে। গরমের দরুন শিয়রের জানালাটা খোলা। পুকুরপাড়ের অভিসার থেকে ফিরে দে দুটি মুড়ি খেয়ে শয্যা আশ্রয় করেছে। গরীবের ঘরের বিধবা, রাত্রি লুচি পরোটা জ্বোটে না।

যত্নান বলে—আহা, কি খেলে দেখলে তো পুষ্প? পেট পুরে খেতেও পায় না।

--তা তো হোল, কিন্তু এখনও যুঁমোয়নি ভালো। গরমে যুঁতে পারচে না। আমাদের অপেক্ষা করতে হবে। এখন সামনে যেও না। এই রকম আধ-তন্দ্রা অবস্থায় তোমাকে শু

দেখতে পেতে পারে। তোমার দেহও এখনও তেমন সূক্ষ্ম হয়নি। তাতে ফল হবে উন্টো! ও আঁক-পাক করে উঠবে ভূত দেখতে বলে, সেবারে সেই জানো তো?

যতীন বাইরের রোয়াকে গিয়ে দাঁড়ালো। যতীনের বৃদ্ধা শাওড়ী পাশের ঘরে অব্যবহৃত ঘুমুচ্ছেন। যতীনের মনে পড়লো, আশার সঙ্গে প্রথম বিয়ের পরে এই ঘরে তাদের বাসর হয়। তারপরে জামাইঘরীতে শ্বশুরবাড়ীতে এসে সে এই ঘরে নববিবাহিতা বধূর সঙ্গে রাত্রিযাপন করেছে। কোথায় গেল সে সব দিন! তার ইচ্ছে নেই অগ্নি কোথাও যাবার। আশা বিপন্ন, সে এখানে আশার কাছেই থাকবে। স্বর্গ-চর্গ তার জন্তে নয়। ঐ সেই কুলুঙ্গি, আশার সঙ্গে এক শিশি গন্ধতেল একনে এনেছিল একবার, ঐ কুলুঙ্গিটাতে থাকত, দুজনে মাথতো। তার মাথায় জোর করে বেশি তেল ঢেলে দিয়ে আশা নিজের হাতে মাথিয়ে দিত। কাড়াকাড়ি করে মাথতো দুজনে।

সেই আশা কেন এমন হয়ে গেল?

পুষ্প এসে বললে— এসো যতীন-দা। আশাবোধি ঘুমিয়ে পড়েচে।

আশা খানিকক্ষণ আগে ঘুমিয়েচে। ময়লা বালিশটা মাথায় দিয়ে ছেঁড়া মাছুরে শরীর এলিয়ে দিয়েচে। যতীনের মন করুণায় ভরে উঠলো। মেয়ে-মাল্লুস অসহায়, ওদের কি দোষ। সংসারে বহুলোক ওং পেতে আছে ওদের বিভ্রান্ত করে ভুল পথে নিয়ে যাবার জন্তে। একটু আশ্রয়ের আশায় ওরা না বুকে না ভেবে দেখে সে পথে ছোটে। যতীন কাছে গিয়ে ডাকলে— আশা?

পুষ্প বললে— দাঁড়াও, শুধু ডাকলে হবে না, পোকচাঁরের কাজ নয়। ওর মনে তোমাদের কোনো একটা স্থবের রাত্রির ছবি থাকে। যেমন ধরো তোমাদের ফুলশয্যার রাত্রি, তোমাদের গায়ের ভিটেতে।

—সে কি করে করবে?

—সেদিনের কথা একমনে চিন্তা করো—

একটু পরে আশার সূক্ষ্ম শরীর ওর দেহ থেকে বের হয়ে মুচ, অভিব্যক্তির মত চারিদিকে চাইলে। কিন্তু পুষ্প দেখেই বুঝলে সে দেহ হীনগ্রাহ্য স্থল জগতের উর্ধ্বের অতি নিম্নস্তরেও নিজের চৈতন্য পূর্ণ প্রকাশ করতে অসমর্থ।

পুষ্প বললে— ওকে ছবি দেখাও যতীন-দা—

—ছবি দেখবে কে? ওর তো এ লোকে জ্ঞান নেই দেখাচি—

—ছবি দেখাও, তা হোলো একটু চাক্ষু হয়ে উঠবে—

—ফুলশয্যার রাত্রির?

—বা যে কোনো একটা স্থবের দিনের। পারবে তো? আমার দ্বারা তো হবে না।

তোমার নিজের ছবি তোমাকে দেখাতে হবে।

যতীন একমনে ভেবে সত্যিই একটা ছবি তৈরি করতে সমর্থ হোল। এ স্তরে চিন্তার শক্তি ক্ষণস্থায়ী আকার নির্মাণ করতে সমর্থ—একটা পুরোনো কোঠার ঘর আশাকে এবং ওদের

সকলকেই যেন চারিদিক থেকে ঘিরে ফেললে। কাঁঠাল-কাঠের পুরোনো তক্তপোশে লেপ তোশক পাতা বিছানা যতীনের পৈতৃক, জানালার বাইরে মনসাতলার আমগাছটা, ঘরে জল-চৌকির ওপর বক্বকে পুরোনো পেতল কাঁসা, যতীনের মায়ের হাতে মাজা। যতীনের শোবার সেই ঘরটি এমন বাস্তব হয়ে উঠলো যে আশার ঘরবাড়ী মিলিয়ে গেল। যতীনও যেন অবাক হয়ে গেল তার চিন্তাশক্তির কার্য দেখে। আশা তার স্বত্তরবাড়ীর ঘরটাতে শুয়ে আছে—প্রায় নিখুঁত স্বত্তরবাড়ীর ঘর, দেওয়ালে টাঙানো কাঠের আর্শিটা পর্যন্ত। আশার স্তম্ভ দেহ তখনও অর্ধ-সচেতন। যতীন স্নেহপূর্ণ স্বরে ডাকলে—আশা, ও আশা—

আশা যেন ঘুম ভেঙে উঠে চারিদিকে চাইলে এবং কি দেখে একটু অবাক হয়ে গেল। যতীন আবার ডাকলে—আশা, ও আশা—

আশা যতীনের মুখের দিকে বিস্মিত দৃষ্টিতে চেয়ে দেখল, যেন কিছু বুঝতে পারলে না।

—আশা, ভাল আছ ?

পুষ্প বললে—অমন-ধরনের কথা বোলো না। ছবির সঙ্গে খাপ খাইয়ে পুরোনো দিনের মত কথা বোলো।

যতীন বললে—আশা, কাল সকালে উঠে কাপাসডাঙায় যাবো কাজে। ভোরে একটু চা করে দিতে পারবে ?

আশা উত্তর দিলে—খুঁধ ভোরে যাবে ? কত ভোরে ?

—মাতটার মধ্যে।

আশার চোখের মৃদু দৃষ্টি তখনও কাটেনি। সে বললে—আমি কোথায় ?

যতীন বললে—কেন, তোমার স্বত্তরবাড়ীতে—চিনতে পারচো না ? কি হয়েছে তোমার ? চা দেবে করে ?

—হ্যাঁ।

—খাবার দেবে না ?

—কি থাকবে ? চিঁড়ে দিয়ে ঘোল দিয়ে খেও এখন।

একদিন আশা সত্যিই এই কথা বলেছিল। যতীনের চোখে জল এল আবেগে। সে আবার তার পুরোনো পৈতৃক বাড়ার বিস্মৃত দিনে ফিরে গিয়েছে নববিবাহিতা আশার পাশে। যতীনে অল্পভূতির তীব্রতার সঙ্গে সঙ্গে তার তৈরি ছবি আরও স্পষ্ট নিখুঁত হয়ে উঠলো। আশা এবার আরও মজাগ হয়ে উঠে চারিদিকে চাইলে, কিন্তু তার বিস্ময়ের দৃষ্টি এখনও কাটেনি।

যতীন বললে—তাহলে তাই। * আমায় তুমি ভালবাসো আশা ?

কথা বলেই নেত্য চক্কতির মত সে আশার হাতখানা নিয়ে নিজের হাতের মধ্যে রাখলে। তারপর পেছনে চেয়ে দেখলে পুষ্প মেখানে নেই। মেয়েমানুষ, যত উচ্চস্তরের হোক না কেন, প্রেমাম্পদ অগ্ৰকে ভালবাসচে, এতে মন স্থির রাখতে পারে না।

আশা বললে—হ্যাঁগা, তুমি কখন এলে ?

—কোথা থেকে আসবো ?

—যেন তুমি অনেকদিন বাড়ী ছিলে না !

—নিশ্চয়ই ছিলাম। কোথায় আঁমি যাবো ? খেপলে নাকি আশা ?

আশা প্রবোধপ্রাপ্ত ছোট মেয়ের স্বরে বলে—যাওনি তাহলে ?

—না আশা— কোথায় যাবো ?

—আমার জন্তে একগোড়া শাড়া এনে দিও কাল। আটপোরে শাড়া নেই।

—ক' হাত ?

—এগারো হাত দিও, দশহাতে ঘোমটা দিতে পারিনে মার সামনে, লজ্জা করে।

—বেশ।

তারপর আশা ভেবে ভেবে বলে—আজ্ঞা, আমার কি একটা হয়েছিল বশো তো, কিছুগেই যেন মনে নিয়ে আসতে পারিচি নে।

—কি আবার হবে, কিছুই না।

—ও! তবে বোধহয় স্বপ্ন দেখেছিলাম। না ?

—তাই হবে। লক্ষ্মীটি, ও সব ভাবতে নেই। তুমি আমায় ভালবাসো ?

আশা মলজ্ব স্বরে বলে—হঁ-উ—

যতীন ভাবলে, কোন জগৎ সত্য ? এই ছবিতে গড়া স্বপ্নের জগৎ, না বাস্তব জগৎ ? না কি সবই স্বপ্ন ? সেদিন সেই অবধূত যা বলে গিয়েছিল। জগৎটাই জাগ্রত স্বপ্ন ছাড়া আর কি ? কোথাকার আশা, কি সে দেখেছে, কে তাকে কি ভাবাচ্ছে। অথচ আশা ভাবচে এই বুকি সত্য। ভগবান কি জীবকে ছবি দেখাচ্ছেন না তাঁর সৃষ্ট জগতের মধ্যে দিয়ে, যেমন সে এখন দেখাচ্ছে আশাকে ?

সে স্নেহ স্বরে বলে—তা হলে তুমি ঘুমিয়ে পড় আশা, রাত হয়েছে—

—আজ বড্ড গরম, না ? খুম হচ্ছে না। একটা মশারি এনে দিও—বড্ড মশা—

—তা হবে। সকালে সকালে উঠে চা করে দিও তাহলে ?

—আচ্ছা।

পুষ্প বাইরে থেকে বলে—চলো, যতীনদা। একদিনে গর বেশি আর কিছু তাম করতে পার না।

গুরা চলে যাওয়ার একটু পরে আশার ঘুমও ভেঙে গেল। সে খড়মড করে বিছানা থেকে উঠে চারিদিকে দেখলে। এ কোথায় সে আছে ? এমন স্পষ্ট স্বপ্ন সে আর কখনো দেখেনি। কতদিন পরে সে তার স্বামীকে এত স্পষ্ট ভাবে দেখেছে, এইমাত্র যেন তিনি পাশে বসে ছিলেন। কতক্ষণ স্বপ্নের কথা সে ভাবলে। সব কথা তার মনে নেই, এইটুকু মনে আছে, তিনি যেন বলচেন—একটু চা করে দিতে পারো ? চা খাবো—

সেই পুরোনো হাসি, পুরোনো আমলের স্নেহদৃষ্টি স্বামীর চোখে। আশা উদ্ভ্রান্তের মত জানালার বাইরে চেয়ে রইল। কোথায় আজ সেই স্বামী, কোথায় তার সেই স্বপ্নরবাড়া ! নিজের প্রতি করুণায় তার মন ভরে গেল, চোখে জল এল।

সেদিন পুষ্প বলে—ষতীনদা, মন খারাপ করে বসে আছ নাকি ? চলো করুণাদেবীর কাছে যাবে।

—আমি সেখানে যেতে পারবো না। অত উঁচুতে উঠলে আমার চৈতন্য থাকে না জানো—সব সময় তাঁকে দেখতেও পাইনে। কি করবো বলো। তা ছাড়া আমার অন্য অনেক রকম ভাবনা—

—ভাবনা তো জানি। ও ভেবে কোনো লাভ আছে ? যার যেমন অদৃষ্টে আছে, তেমনই হবে। চেষ্টা তো করলে অনেক। ওর কর্মফল ওকে ওই পথে নিয়ে যাচ্ছে, তুমি আমি কি করবো বলো।

আরও কয়েক মাল কেটে গিয়েচে। আশালতার মনের অবস্থা দিনকয়েকের জন্য একটু ভাল হইয়াছিল বটে, কিন্তু স্থায়ী কোনো ফল তাতে হয়নি। নেত্যা তাকে গ্রামের প্রান্তে আলাদা বাড়ী করেও দেয়নি। ভূগিয়ে তার কতকগুলো সোনার গহনা হাত করে সেই টাকায় ওকে কলকাতায় এনে রেখেচে। যতান রোজ সেখানে যায় রাত্রে, একটা লম্বা ব্যারাকমত পুরনো বাড়ীর একটা ঘরের সংকীর্ণ রোয়াকে আশা বসে প্ৰাণে, এখানে সে পাশের ভাড়াটেদের সামনে সামাজিকতা বজায় রাখার জন্তে বিধবার বেশ ঘুচিয়ে নেতার স্ত্রী মেজেচে, হাতে চুড়ি পরে, কপালে সিঁদুর দেয়। প্রথমে যেদিন নেতাই তার কাছে এ প্রস্তাব করে যতীন সেখানে উপস্থিত ছিল।

নেত্যা বলে—রাস্তা থেকেই তোমাকে শ্রুতি করতে হবে আশা। যেখানে যাবে, সেখানে আশ-পাশের ঘরে অনেক ফ্যামিলি বাস করে। তাদের সামনে কি বলে দাঁড়াবে, কি পারচয় দেবে ? বাড়ীওয়ালাই বা জায়গা দেবে কেন ?

আশা বলে—সে আমি পারবো না। ব্রাহ্মণের ঘরের বিধবা হয়ে আবার পেড়ে কাপড় পরবো, সিঁদুর পরবো,—এ হবে না আমায় দিয়ে নেতাদা—

নেত্যা শ্লেষের স্বরে বলে—নাও নাও আর ছাকামি করতে হবে না। ব্রাহ্মণের বিধবার তো সব রাখলে, এখন যার সঙ্গে বেরিয়ে এলে তার কথামত চলো।

আশা বিশ্বয়ের স্বরে বলে—বেরিয়ে এলাম।

—আহা-হা নেকু! বেরিয়ে আসার কি হাতীঘোড়া আছে নাকি ? আবার তুমি ঘরে ফিরে যাও তো মানিক। এতক্ষণ গায়ে চি-চি পড়ে গিয়েচে ছাখো গে যাও—

বা-রে, তুমি বলে আমাকে কলকাতায় আলাদা বাসা করে দেবে। আমি আমার গহনা বিক্রি করে চালাবো—তারপর মাকে সেখানে নিয়ে এসে রাখা হবে। বলো নি ?

—হ্যাঁ গো হ্যাঁ। এখনও তো তাই বলচি, বলচি নে ? আমার হাত ধরে যে-মান্তর বাড়ীর বাইরে পা দিয়েচ, সেই মান্তরেই তুমি বেরিয়ে এসেচ। ওকেই বলে বেরিয়ে আসা। এখন

আর ফেরবার পথ নেই—যা বলি সেই রকমই করো। তোমার ভালোর জগ্গেই তো বলচি। দেখো কত স্ববিধে হবে, কলকাতায় বড় বড় লোকের সঙ্গে আলাপ হবে। আশ্বেরে ভালো হয় কিনা দেখে নিও।

যতীন সেদিন ফিরে এসে পুষ্পকে সব বলেছিল। পুষ্প বলে—আশাদি বড় নির্বোধ, নেতা লোকটা ওকে তুলিয়ে এই কাণ্ডটা ঘটাবে। কিন্তু কিছু করার নেই।

—কেন পুষ্প? এক অবলা মেয়েকে সর্বনাশের পথ থেকে বাঁচাতে পারো না তোমরা?

—কই পারি। যে যার কর্মফলের পথে চলে, কে কাকে সামলায়?

এরপর প্রায় তিন মাস কেটেচে। আশা ও নেতা বাসাবাড়ীতে বেশ পাঁকাপোক্ত হয়ে বসে স্বামী-স্ত্রীর মত সংসার করচে। নেতা বাজার করে নিয়ে আসে, আশার সামনে বসে গল্প করে, দুবার সিনেমা দেখাতে নিয়ে গিয়েচে, একবার পাশের ঘরের ভাড়াটেদের সঙ্গে আশা কালীঘাটেও ঘুরে এসেচে।

পুষ্প কত চেষ্টা করচে যতীনকে ওখান থেকে আনবার। কিন্তু যতীন শোনে না, পুষ্পকে লুকিয়ে সে আজকাল প্রায়ই আশার বাসায় যায়। একদিন রাত্রে একটা স্বপ্নও দেখিয়েছিল, কিন্তু পুষ্পের সাহায্য না পাওয়ায় সে স্বপ্ন হয় বড় অস্পষ্ট, তাতে ঘুম ভেঙে উঠে আশা সারা সকালটা মন ভার করে থেকে নেতায় কাছে বকুনি খায়।

পুষ্প বলে—চলো আজ করুণাদেবীর কাছে গিয়ে বলি—

—এইখানেই তাঁকে আনো। আমি কোথাও যাবো না।

—পৃথিবীর মধ্যে ভূত হয়ে ঘুরে বেড়াবে এই রকম?

—কি করি বলো। আমরা তো খুব উচুদরের মানুষ নই তোমাদের মত, এই আমাদের পরিণাম। কর্মফল!

যতীনের ঠেস দেওয়া কথায় পুষ্প মনে আঘাত পেলেও মুখে কিছু বলে না। সে বেশ বুঝেছে যতীনদাকে এ পথ থেকে নিবৃত্ত না করলে ওর উন্নতি হবে না। যতদিন আশা বাঁচবে, তার পেছনে অস্থানে কুস্থানে ও ঘুরে ঘুরে বেড়াবে—তাতে কোনো পক্ষেই কোনো স্ববিধে হবে না।

ইতিমধ্যে একদিন একটা ব্যাপার ঘটে গেল আশাদের বাসায়। আশার গ্রামের শজু চক্রতি বলে সেই ছেলেটি অনেক খোঁজাখুঁজির পরে আশার সন্ধান পেয়ে সেখানে এল। আশা তখন রান্না করচে। শজুকে ঢুকতে দেখে ওর মুখ শুকিয়ে গেল। শজু এসে বলে—কি আশাদি, চিনতে পারো?

আশা শুকনো মুখে ভয়ের স্বরে বলে—এসো বোসো শজুদা—কি করে চিনলে ঠিকানা?

—নেতা স্বাউণ্ডেলটা কোথায়? আমি একবার তাকে দেখে নিতাম। তারপর, কি মনে করে এখানে এসে আছ?

—কাক দোষ নেই শজুদা, আমি নিজের ইচ্ছেতেই এসেছি।

—গাঁয়ে কি রকম হৈ-ঠে পড়ে গিয়েচে তুমি জানো না। কেন তুমি এরকম করে এলে? কতদূর খারাপ করেচ তা তুমি বুঝেচ?

—গায়ে থেকেই বা কি করতাম শত্ৰুদা। এ বেশ আছি। আমাদের মত মানুষের আবার গা আর অর্গা কি? কি ছিল জীবনে? মা মরলে কোথায় দাঁড়াইতাম? এখানে খাবার নেই কিছু। ফিরে যখন যেতে পারবো না, তখন সেকথা ভেবে আর কি হবে!

—আমি তোকে বোনের মত ভালবাসি আশা, চল তোকে এখান থেকে নিয়ে অল্প দূরত্ব পর্যন্ত রেখে দেবো।

আশা কি একটা জবাব দিতে যাচ্ছে এমন সময়ে নেতা এসে হাজির। শত্ৰুকে ওখানে দেখে সে খুব চটে গেল মনে মনে, তখন কিছু বলে না, কিন্তু তারপর আশাকে যথেষ্ট তিরস্কার ও অপমান করলে। তার ধারণা আশাই শত্ৰুকে লুকিয়ে খবর দিয়ে এনেছিল।

যতীন সব দেখলে দাঁড়িয়ে। আজকাল সে সন্দেহ করে এই নেতার জন্মেই আশা শত্ৰুর বাড়ী যেতে চাইত না। পুষ্প সব জানে কিন্তু তাকে কখনো কিছু বলেনি। তবুও রাগ হয় না আশার ওপর—গভীর একটা অল্পকম্পা, সে দ্বিতীয় স্তরের প্রেত যদি হোত, তবে নেতাকে একদিন এমন বিভীষিকা দেখাতো যে মরে কাঠ হয়ে যেতো নেতা, কেমন নেতা সে দেখে নিত!

করুণাদেবীর কাছে এইজন্মেই সে গেল পুষ্পকে নিয়ে। একটা ক্ষুদ্র দ্বীপের মত স্থান অসীম ব্যোমসমুদ্রে, চারিদিকে উপবন, কুসুমিত বনজলতা, কিছুদূরে একটা ঝর্ণা পড়চে পাহাড়ের মাথা থেকে। বনানীর বন্য সৌন্দর্য ও উপবনের শোভা এক হয়ে মিলেছে। একটা প্রাচীন বৃক্ষতলে ঝরা পাতার রাশির ওপর দেবী এগিয়ে শুয়ে পড়েছেন। কেউ কোথাও নেই, শূণ্য দ্বীপ, শূণ্য ব্যোমতল। দেবীর অপরূপ রূপে সেই প্রাচীন বনস্থলী উজ্জ্বল হয়ে উঠেছে। যতীন ভাবলে, এই তো স্বর্গ। এত সৌন্দর্য দিয়ে গড়া যে ছবি তা স্বর্গ ছাড়া আর কিছু নয়। পৃথিবীতে এমন বনবনানীর সমাবেশ কই, যদি বা থাকে এমন রূপসী মেয়ে কই, তাও যদি থাকে, এত নির্জনতা কই—যদি বা থাকে, এ তিনের অদ্ভুত সমাবেশ কোথায়? দেবীর মাথায় কি এই তৈরি হয়েছে? হয়তো তাই। এতটুকু একটা গ্রহ বা উপগ্রহ, শুধু বনবনানীতে ঘেরা, সেখানে আবার অল্প কেউ নেই উনি ছাড়া, আবার দিব্যি পাখীর ডাকও আছে! করুণাদেবীর মুখশ্রী কি সুন্দর! আর কি সহানুভূতি ও করুণায় ঈশ্বর বিবাদমাথা। মাতৃমূর্তির এমন অপরূপ মহিমাময় জীবন্ত আলেখ্য তার সামনে থাকতেও যদি সে ঈশ্বরের দয়ায় কি দেবদেবীতে বিশ্বাস না করে, তবে সে নিতান্ত নির্বোধ। শুধু পুষ্পের জন্মেই সে এখানে আশতে পারচে বা দেবীকে পাচ্ছে—নইলে ঈশ্বর দর্শন পাওয়া তার পক্ষে কি সহজ হোত?

যতীনের বক্তব্য পুষ্পই বলে—আশাবোধি কলকাতার বাসাবাড়ীতে কাল রাত্রে মার পর্ষস্ত খেয়েচে—সারারাত কেঁদেচে, যতীনের মনে বড় কষ্ট। এই আকর্ষণ তাকে সর্বদা পৃথিবীতে টানচে, এখন কি করা যায়?

করুণাদেবী সব শুনে বলেন—এতে কিছু করার নেই। কষ্টা যতদিন ঠেকে না শিখবে, তার জ্ঞান হবে না।

যতীন ভাবলে—এ কি কথা হোল! এত বড় দেবীর মুখে এ কি সাধারণ পৃথিবীর মানুষের মত কথাবার্তা! এ কথা তো পৃথিবীতে যে কোন জমিদারগিন্নী কি দারোগা ইনস্পেক্টরের বো

ভনেই বলতো ।

সে বললে—আপনি মন করলে কি ওকে দয়া করতে পারেন না ?

করুণাদেবী হেসে বললেন—আমি খেটেই মরি, ভেবেই মরি । দয়া কি করতে পারি সে-ভাবে বাছা ? এদের যেদিন ভালো হবে, সেদিন আমারও ছুটি । এ সব অতি নিম্নদরের আত্মা, কেউ ওদের ইচ্ছে করে কষ্ট দিচ্ছে না, নিজের কর্মফলে কষ্ট পাচ্ছে । ভগবান প্রত্যেক লোককে বড় দেখতে চান, সৎ, সুন্দর, নির্মল দেখতে চান, উচ্চ প্রকৃতি জাগলো কিনা দেখতে চান—যেমন ধরো সেবা, স্বার্থত্যাগ, দয়া, ভক্তি, ভালবাসা । এ যাদের মধ্যে নেই বা জাগেনি, তাদের সেগুলো জাগিয়ে দেবার কৌশল তাঁর জানা আছে । কষ্ট দিয়ে, শোকের বোঝা-রোগের বোঝা দিয়ে যে করেই হোক ও-লোকে কি এ-লোকে তার চোখ কোটানোর চেষ্টা হয়ই, তাও যাদের না হয়, অল্প গ্রহে তাদের জন্মগ্রহণের ব্যবস্থা করে দেওয়া হয়, যে গ্রহ পৃথিবীঃ চেয়েও ধার গতিতে চলে । সেখানে লোকে আস্তে আস্তে অনেক সময় নিয়ে সব জিনিস শেখে । জড়বুদ্ধি জীবেরা তাড়াতাড়ি শিখতে পারে না—সেটা তাদের উপযুক্ত পাঠশালা । এ-লোকেও নরকের মত যন্ত্রণাদায়ক অবস্থা আছে, অতি নিম্নস্তরের পাপী জীবেরা সেখানে ঠেকে শিখে মানুষ হচ্ছে । এ একটা মস্ত বড় বিদ্যালয় । দেখতে চাও ? একবার নিয়ে যাবো—

পুষ্প জিজ্ঞেস করলে—তাহলে আশা বোধির কি হবে বলুন—

আমি দোঁখ একটু ভেবে, দাঁড়াও ।

পরে তিনি চোখ বুজে খানিকক্ষণ কি ভাবলেন । চোখ চেয়ে ওদের দিকে চেয়ে বললেন—এখনও তিন জন্ম । ওর হৃদয়ে প্রেম নেই । সব স্বার্থ । যে কোনো লোককে ভালবাসলেও তো বুঝতাম । এখন যার সঙ্গে আছে, তাকেও হতমন ভালবাসে না । সাময়িক স্বার্থ । বড়ো মার সেবা না করে তাকে ছেড়ে এসেচে । যতীনের মনে ভালবাসা আছে, তাই সেখানে যায় । কিন্তু ওর দ্বীর্ণ কোনো উপকার আপাতত কিছু হবে না ।

যতীন বলল—ওর জন্তে মন বড় খারাপ, ওর কষ্ট দেখে—

—তুমি যাকে ভাবচো কষ্ট বা পাপ, ও তাকে ভাবচে স্বথ, সাময়িক সুবিধা । ও যেদিন পাপ ভেবে ত্যাগ করবে, সেদিনই না ওর উন্নতি । তোমার ভাবনায় কি হবে ?

—আমি এক ওর কোনো উপকার করতে পারিনে ? আপনি যদি দয়া করে ওকে পাপী ভেবে ওকে সাহায্য করেন—

—পাপ বলে যে না বুঝেচে, অহুতাপ যার না হয়েছে, পাপকেই যে আনন্দের পথ বলে ভাবচে, যার মনে ত্যাগ নেই, কর্তব্যবুদ্ধি নেই, কোনো উঁচু ভাব নেই—আনবার চেষ্টাও নেই—তাকে শুধু দয়া করলেই ভালো করা যাবে না । ওর ভার আছে যাদের হাতে তাঁরা অসীম জ্ঞানের প্রভাবে জানেন, এই সব নিম্নশ্রেণীর মনকে কি ভাবে সংশোধন করতে হয় । সেই পথ দিয়ে ওরা উঠবে ! কোনো আত্মার প্রভাব ওর মনে রেখাপাত করবে না ।

পুষ্প বলল—যদি আমরা রোজ ওর মনে ভাল ভাব দেবার চেষ্টা করি ?

—উষর মরুভূমিতে বীজ বুনলে কি হয়? যে চায়, সে পায়। যে কেঁদে বলে, ভগবান আমায় ক্ষমা করো, আমায় পথ দেখিয়ে দাও, সে পাপপুণ্য বুঝেচে। তখন তাকে আমরা সাহায্য করতে ছুটে যাই। যে যা চায়, সে তা পায়। যে জ্ঞান চায় তাকে জ্ঞানের পথ দেখওয়া হয়। যে ভগবানের প্রতি ভক্তি চায়, তাকে সাধুজনের সঙ্গে মিলিয়ে দেওয়া হয়, মনে ভক্তির সঞ্চায় করে দেওয়া হয়।

—যে বলে আমি ভগবানকে দেখবো?

—ভগবান তাঁকে দেখা দেন।

যতীন বিশ্বয়ের স্বরে বলে—তিনি দেখা দেন?

—অবিশ্বাস করবার কি আছে বেলো। সে যে-ভাবে চায় সেই রূপ ধরে তাকে দেখা দেন। ভগবানের বিরাট রূপের ধারণা কে করতে পারে। ইষ্ট মূর্তিতে দেখতে চায়, যার যা ইষ্ট, যে রূপ যে ভালবাসে, তাকে তিনি সেইরূপেই দেখা দেন। তিনি করুণার সাগর, কত বড় করুণা তাঁর—তা তুমি জানো না, বুঝতেও পারবে না। ক্ষুদ্র বৃদ্ধির গমা হয়ে ক্ষুদ্র সশব্দ পাতিয়ে মা, ভাই, বোন, সন্তান, বন্ধু সেজে দেখা দেন।

—আমার প্রতি একটা আদেশ ককন দেবো, আপনার কাছে এসেচি অনেক আশা নিয়ে, শুধু হাতে ফিরে যাবো?

—আমি যা করতে পারি, এখন তা করবো না। সময় বুঝলে পৃথিবীর যে কোনো ভ্রান্ত ছেলেমেয়ের সাহায্যে আমিই সকলের আগে ছুটে যাবো, বাছা। আশালতার কথা আমার মনে রইল। কিন্তু এখনও অনেক বাকি, অনেক দেবি, যতদূর বুঝি। তুমি পৃথিবীতে বেশি যাতায়াত কোরো না। পৃথিবীতে গেলে এমন সব বাসনা কামনা জাগবে যা তোমাকে কষ্ট দেবে শুধু—কারণ পৃথিবীর মানুষের মত দেহ না থাকলে সে সব বাসনা পরিতৃপ্ত হয় না। তখন হয়তো তোমার ইচ্ছে হবে আবার মানুষ হয়ে জন্ম নিই। প্রবল ইচ্ছাই তোমাকে আবার পুনর্জন্ম গ্রহণ করাবে। অথচ এখন পুনর্জন্ম নিয়ে কি করবে? গত জন্মে যা করে এসেচ তাই আবার করবে। সেই একই খেলা আবার খেলবে। তাতে তোমার উন্নতি হবে না। অথচ যার জন্তে করতে যাচ্চ, তারও কিছু করতে পারবে না। কারণ ও সব ভালমন্দ করবার কর্তা তুমি নও। যে যার পথে চলেচে, তোমার পথ তোমার, তার পথ তার। পর্বতকে টলাতে পারবে না, বিশ্বজগতের নিয়ম বড় কড়া, একচুল এদিক-ওদিক করবার শক্তি নেই কারো।

—আপনারও না?

করুণাদেবী হেসে বলেন—তুমি এখনও ছেলেমানুষ। আমি তো আমি, পৃথিবীর গ্রহদেব স্বয়ং পারেন না। তিনি তো অসাধারণ শক্তির দেবতা, ভগবানের ঐশ্বর্য রয়েছে তাঁর মধ্যে। তবে আমরা যেখানে যাই, সময় হয়েছে বুঝে যাই। যেখানে সাহায্য করলে সত্যাকার উপকার হবে আত্মার, এ আমি মনে মনে বুঝতে পারি। সে ক্ষমতা আছে আমাদের। সেখানেই যাই শুধু। ঐ যে বল্লাম, পাপ বুঝে যে সে পথ থেকে ফিরতে চায়, ভগবানকে মনেপ্রাণে ডাকে,

বলে, আমি ভুল বুঝেছি, আমার ক্ষমা করো, দয়া করে পথ দেখিয়ে দাও—ভগবান সেখানে আগে ছুটে যান—তঁার কতবড় করুণা, কত প্রেম জীবের প্রতি—তা ক'জন মানুষে বোঝে ? সবাই পৃথিবীতে টাকা নিয়ে যশ নিয়ে মান নিয়ে উন্নত—

যতীন ও পুষ্প তাঁকে প্রণাম করে চলে আসতে উত্তত হোলে তিনি ওদের দিকে চেয়ে প্রশ্নর সুলভর হেসে বালিকার মত ছেলেমানুষী স্বরে বলেন—আমার এ জায়গাটা তোমাদের কেমন লাগে ?

দুইজনেই বলে, ভারি চমৎকার স্থান, এমন তারা কখনো দেখেনি।

দেবী বালিকার মত খুশি হোলেন ওদের কথা শুনে। বলেন—মাঝে মাঝে এখানটাতে বিশ্রাম করি। তোমরা মাঝে মাঝে এসো। একাই থাকি।

যতীন বিনীত স্বরে বলে—গ্রহদেব বৈশ্রবণকে দেখাবেন একবার ?

করুণাদেবী হেসে বলেন—তোমার দেখছি বড় বড় সাধ।

যতীন মুগ্ধ হয়ে গিয়েছিল, ফেরবার পথে সে পুষ্পকে বলে—এমন না হোলে দেবী ! কি সরলতা ! জায়গাটা সম্বন্ধে আমাদের সার্টিফিকেট পেয়ে খুশি হয়ে গেলেন !

উচ্চ স্বর্গে আজ পুষ্পকে নিয়ে গেলেন প্রেমের দেবী। বহু বিচিত্র বর্ণের মেঘের মধ্যে দিয়ে সে অপূর্ব যাত্রা। অন্তরের জ্যোতি-বাতায়ন খুলে গিয়েচে যেন, সারা বিশ্বে ছড়িয়ে পড়েচে সে আলো।

দেবী বলেন—সারা পৃথিবীতে প্রেমের জন্ম এত দুঃখও পাচ্ছে মানুষে ! ইচ্ছে হয় সব মিলিয়ে দিই।

—দেন না কেন দেবি ?

—দিই তো। কাজই ওই। আমার যা ক্ষমতা তা করি। তবে আমাদের ক্ষমতারও সীমা আছে—দেখচো তো সুধার কিছুই করতে পারচি নি। সুধার মত লক্ষ লক্ষ নরনারী পৃথিবীতে—তবে আমরা আকুপাকু করি নে তোমাদের মত। সময় অনন্ত, সুযোগ অনন্ত—তোমরা ভাবো অমুক দিন মরে যাবো, কবে আর কাজ করবো ? আমরা জগৎকে দেখি অস্ত্র চোখে—

পুষ্প হেসে বলে—মরেচি তো অনেকদিন, তবে আর কেন এ অল্পযোগ দেবি ?

প্রণয়দেবী হঠাৎ ধমকে দাঁড়িয়ে বলেন—আহা ! আজ একাদশী। সুধা শুয়ে আছে ঘরে দোর দিয়ে—দেখো এখানে এসে।

একটা আলোকের পথ যেন তৈরী হয়ে গিয়েচে এই অসীম ব্যোমের বুক চিরে। পৃথিবীর একটা ক্ষুদ্র গ্রামের ক্ষুদ্র ভাঙা কোঠার ভাঙা ঘরকে তার নোনামেরা চুন-বালি-খসা দেওয়ালের ব্যবধান ঘুচিয়ে মুক্ত করচে অনন্ত তারালোক-খচিত মহাকাশের সঙ্গে, দেবযানের পথে।

পুষ্পের সারাদেহ আনন্দে ও সত্যের অহুভূতিতে শিউরে উঠলো—যেখানে প্রেম, যেখানে সত্য, যেখানে গভীর রসাহুভূতি বা দুঃখবোধ, সেখানে স্বর্গের সঙ্গে মর্ত্যের যোগ ক্ষণে ক্ষণে

নিবিড় হয়ে ওঠে—অথচ সে অদৃশ্য যোগের বার্তা পৃথিবীর মানুষকে জানেও না, বিশ্বাসও করে না।

কোকিল ডাকে বৈশাখের অপরাহ্নে, ছায়াভরা মাঠে, নদীতীরে। সে সুরের মধ্যে দিয়ে পৃথিবীর বনবোপ যুক্ত হয় সুরলোকের আনন্দবাণীর ঝঙ্কারের সঙ্গে। কে জানে সে কথা।

—আর একটি দেখবে? এদিকে চেয়ে দেখ—

পুষ্প কিন্তু সে দেশ চিনতে পারলে না। খুব ফর্সা মেয়েটি, বয়স নিতান্ত কম নয়—দেখেই বোধ হয় আধ্যাত্মিক উন্নত অবস্থার মেয়ে। একটা পুরোনো সোফায় বসে বসে কি পরিকার করচে। জিনিসটা পুষ্প কখনো দেখেনি, বুঝতে পারলে না।

দেবী বল্লেন—ওর স্বামী ছিল শিকারী, কার্পেথিয়ান পর্বতে শিকার করতে গিয়ে বনো শূণ্ডের হাতে মারা পড়ে। সে আজ সতেরো-আঠারো বছরের কথা—স্বামীর তামাক খাবার নলটা যত্ন করে রোজ পরিষ্কার করে, ফুল দিয়ে মাজায়। সুন্দরী ছিল, বিধবা বিবাহ করবার জগ্গে কত লোক ঝুঁকিছিল—কারো দিকে ফিরেও চায় নি। দুঃখ কষ্ট কত পেয়ে আসচে, খেতে পায় না—তবুও স্বামী ধান, স্বামী জ্ঞান।

পুষ্প কি ভেবে বল্লেন—বিবাহিত স্বামী যদি না হয়, তবে কি আপনাদের দৃষ্টি সেদিকে পড়ে না?

প্রণয়দেবী হেসে বল্লেন—পুষ্প!

পুষ্প সলজ্জ ভাবে চোখ নিচু করলে।

—আমাদের অবিশ্বাস করো না, ছিঃ—আমি তোমাকে কতদিন থেকে দেখছি জানো, যতদিন তুমি পৃথিবী থেকে প্রথম এখানে এলে। যতীনের সঙ্গে আমিই তোমাকে মিলিয়ে দিয়েছি—নইলে তুমি ওর দেখা পেতে না। প্রেমের আকর্ষণ না থাকলে পৃথিবী ছেড়ে এসে সকলের সঙ্গে দেখা নাও হতে পারে।

—এম্ম হয়?

—কেন হবে না? সেই তো বেশি হয়। একটি মেয়েকে জানি, সে পৃথিবী থেকে এসেচে আজ তিনশো বছর। তার স্বামী এসেচে তার আসবার পঁচিশ বছর পরেই। কিন্তু তাদের সঙ্গে দেখা হয়নি আজও—এই তিনশো বছর। কারণ প্রেম নেই। প্রেম না থাকলে আমরা মিলিয়ে দিই না। তাতে পরস্পরের আত্মার ক্ষতি বই লাভ হবে না কিছু।

পুষ্প বিস্মিত হয়ে বল্লেন—উঃ! তিনশো বছর স্বামী-স্ত্রীর দেখা হয় নি?

দেবী বল্লেন—মানে, আর হবেও না। তারা কেউ নয় পরস্পরের। এতে বিস্মিত হবার কিছুই নেই। সত্যিকার প্রেমশূঁটি আত্মাকে পরস্পর সংযুক্ত করে। যে-প্রেম যত কামনা-বাসনাশূঁট সে প্রেম তত উঁচু। এই ধরনের প্রেমের জগ্গই আমাদের কত খাটুনি।

পুষ্প ফিরে এসে দেখলে যতীন নেই, আবার পৃথিবীতে চলে গিয়েচে আঁশার কাছে। পুষ্পের মনে কেমন একটা ব্যথা জাগলো—এত করেও যতীনদা আপনার হোল না! পরক্ষণেই

সে নিজের দুর্বলতা বেড়ে ফেলে দিলে। পৃথিবীর সম্পর্কে আশা বৌদ্ধিদির অধিকার তার চেয়ে অনেক বড়, অনেক স্থায়ী। ওদের পাশে গিয়ে দাঁড়াতে হবে তাকে।

যতীন কলকাতার সেই ছোট্ট বাসাবাড়ীতে আবার এসে দাঁড়িয়েছে। নেতা বাসাতে উপস্থিত আছে বটে কিন্তু ঘুমুচে। আশা বসে বসে পরদিন রান্নার জগ্গে মোচা কুটচে। যতীনের মনে হোল এমনি একদিন সে কুড়ুলে বিনোদপুরের বাড়ীর রোগ্যাকে বসে আশাকে মোচা কুটচে দেখেছিল, যতীনের মা তখন বেঁচে, পাশেই তিনিও ছিলেন বসে সেদিন। যতীন কোথা থেকে এসে হঠাৎ এ দৃশ্য দেখে বড় আনন্দ পেয়েছিল। পল্লীসংসারের সেই শান্ত পরিচিত পরিবেশ! এখনও তাই, সেই ছবিটিই অবিকল, কিন্তু কি অবস্থায়! কোথায় মা, কোথায় কুড়ুলে বিনোদপুরের সেই যত্নে পাতানো সংসার—কোথায় সে।

কোথায় যেন কি অবাস্তবতা লুকিয়ে ছিল আপাতপ্রতীয়মান বাস্তবতার পেছনে। আসল রূপটি চিনতে দেয়নি সংসারের। ছেলেবেলায় শোনা যাত্রার পালার সেই গান মনে পড়লো—

কেবা কার পর, কে কার আপন,
কালশয্যা 'পরে মোহতজ্ঞা ঘোরে,

দেখি পরম্পরে অসার আশার স্বপন।

সব মিথ্যে। সেই সন্ন্যাসীর দেখানো নির্বিকল্প সমাধির অবস্থা মনে পড়লো। কেউ কারো নয়। সব স্বপ্ন, সব মায়ী, সব অনিত্য।

পুষ্প এসে পাশে দাঁড়াতেই যতীনের চমক ভাঙলো। এ তো এসেচে, একে কিন্তু মিথ্যা বলে মনে হয় না তো? 'নৈহাটির ঘাটে, বসে পৈঠায় পাটে'—সেই পুষ্প কি অখণ্ডসত্যরূপে বিরাজ করচে চিরদিন এই খণ্ডিতসত্য খণ্ডিতসত্তা জীবনের আপাতপ্রতীয়মান স্থায়িত্বের মধ্যে?

আশা মোচা কুটে উঠে নেতাকে ডাকতে লাগলো—ওগো, ওঠো—ভাত বাড়ি?

নেতা জড়িতম্বরে কি বলে, তারপর চোখ মুছতে মুছতে উঠে বসলো বিছানায়। বলে—
কি? বাবাঃ, এতক্ষণ বসে বসে মোচা কুটলে? রাত কত?

—তা কি করে জানবো?

—দেখে এসো চৌধুরী মশায়ের ঘরে।

—হ্যাঁ, এখন বুড়ো খেটেখুটে এসে শুয়েচে, আমি গিয়ে ওঠাই—

—শুভু চক্ৰি আজ এসেছিল?

—আমি জানিনে অতশত খোজ। এখন উঠে ময়্যা করে থেয়ে আমার হাত অবসর করে

দাও—

এ কথার উত্তরে নেতা আবার সটান বিছানায় শুয়ে পড়ে একটা অশ্লীল কথা উচ্চারণ করে চোখ বুজলে।

পুষ্প বলে—যতীনদা, তুমি চলে এসো, এখানে থেকো না।

—পুষ্প, তুমি চলে যাও, আমি আর একটু থাকি।

যতীনের মুখের ও চোখের ভাব যেন কেমন। ও মোহগ্রস্ত হয়ে উঠেচে পৃথিবীর স্থল

আবহাওয়ায়। এ সব জায়গায় বেশিক্ষণ থাকা গুর পক্ষে ভালো না। চুষকের মত আকর্ষণ করে পৃথিবীর যত বাসনা কামনা আত্মিক লোকের জীবকে। টেনে এনে বেঁধে রাখবার চেষ্টা করে—ওপরে উঠতে দেয় না। অবিশ্বি যে বাসনা কামনা বিসর্জন দিয়েচে, সে কামচর, স্বাধীন, মুক্ত। শত পৃথিবী তাকে বাঁধতে পারে না। কিন্তু যতীনের মত আত্মার পক্ষে এমন ঘন ঘন যাতায়াত বড় বিপজ্জনক।

পুষ্প কিছু বলবার আগেই যতীন আবার বললে—আমার বড় ইচ্ছে, করুণাদেবীকে আর একবার আশার বিষয় বলি। তোমার কি মত ?

—যতীনদা, তাঁতে ফল হবে না। আশা বোধির কর্ম থেকে ঘুরিয়ে নিয়ে বেড়াচ্ছে। কেউ কিছু করতে পারবে না। নইলে চেষ্টা তুমি আমি কম করি নি। গুর মন থেকে টানচে নিচের দিকে—অধঃপতনের পথে। বাধা দেবার সাধ্য কার! এক যদি ভগবান সাহায্য করেন, রুপা করেন—

কথাটা যতীনের মনঃপূত হোল না। সে বললে—ভগবান সাহায্য করলে এই অবস্থায় এমনি ও দাঁড়ায় আজ ? তিনি চোখ বুজে আছেন।

পুষ্প বললে—ভুলে যাচ্ছ যতীনদা, ভগবান তাকেই সাহায্য করেন, যে অকপটে মৎ হবার চেষ্টা করচে, তাঁর কাছে সাহায্য প্রার্থনা করে। যেচে তিনি সাহায্য করতে গেলে তাতে কোনো ফল হবে না বলেই তাঁর কাছ থেকে সাহায্য আসে না।

—কেন ?

—যে ভগবানকে চেনে না, তাঁকে স্বীকার করে না, তার হোল আচ্ছাদিত চেতন। তার চেয়ে যে ভালো, তাকে বলে সঙ্কচিত চেতন। এই দুই ধরনের লোককে ভগবৎকথা শোনাতে উন্টো উৎপত্তি হয়। আশা বোধির আচ্ছাদিত চেতন। আলো জ্বাললে কি হবে ? চাকনির মধ্যে আলো সঁধোবে না। এদের ওপরে মুহূর্তিত চেতন, তাদের মনে ভগবানের জ্ঞান জাগতে শুরু করেছে। তারও ওপরে বিকচিত চেতন, সবার ওপরে পূর্ণ বিকচিত চেতন—যেমন বড় বড় ভক্ত কি সাধকেরা। কত নিচে পড়ে আছে আশা বোধি আর নেতার দল ভাবো।

যতীন কৌতূকের সুরে বললে—ও বাবা, তোমার পেটে এত ! নবদ্বীপের ভট্টচার্যীদের মত শাস্ত্রের কথা শুরু করলে যে। তোমার কাঁ চেতন পুষ্প, বিকচিত না পূর্ণ বিকচিত ? আর আমিও বোধহয় আচ্ছাদিত চেতন—না, কি বলো ?

পুষ্প খিলখিল করে হেসে বললে—আলুবৎ। নইলে তুমি কি ভাবো তুমি খুব উন্নত করেচ ?

—না, তাই জেনে নিচ্ছি তোমার কাছে।

—জেনে নিতে হবে কেন, নিজে বুঝতে পারচো না, না ? কখনো ভগবানকে ডেকেচ ? তাঁর দিকে মন দ্বিগ্বেচ জীবনে ? তাঁকে বোঝবার চেষ্টা তো দুয়ের কথা। আমার কথা বাদ দাও যতীনদা, আমি তুচ্ছাদপি তুচ্ছ, কিন্তু বড় বড় বিদ্বান, জ্ঞানী, গুণী লোকের মধ্যেও অনেকে মুহূর্তিত চেতনও নয়। পূর্ণ বিকচিত তো ছেড়ে দাও, বিকচিত চেতনই বা ক'জন ? পৃথিবীতে বা এই লোকে কোথাও জ্বিনিসটা পথেঘাটে মেলে না। তবে নেই তা নয়, আছে।

—একজন তেমন লোকের কাছে একদিন নিয়ে যাবে ?

—আমার কি সার্থা যতীনদা ? তাঁদের দেখা পাওয়া কঠিন, ধরা দিতে চান না সহজে । আচ্ছা একজন মানুষকে আমি জানি—যাবে সেখানে ? চলো, একটুখানি দেখিয়ে দিই, সেখানে গিয়ে দেখে চলে আসবে, কোনো কথাবার্তা বোলো না । আশা বোর্দিকে ছেড়ে একটু চলো দিকি । পৃথিবীর এ সব আবহাওয়া তোমার পক্ষে যে কত খারাপ তা তুমি বুঝতে পারবে না ।

যতীন হেসে বল্লে—কেন, ম্যালেরিয়া ধরবে ?

—আস্বারও ম্যালেরিয়া আছে । দেহ থেকে মুক্ত হয়েচ বলে গুমর কোরো না । এমন ম্যালেরিয়া ধরে যাবে মনের আস্বার যে কেঁদে কুল পাবে না যতীনদা । তখম ডাক্তার দেখাতে হোলে এই ছাই-ফেলতে-ভাঙা-কুলো পুস্প হতভাগীকেই দরকার হবে ।

পৃথিবী দেখতে দেখতে নিচে মিলিয়ে গিয়েচে ততক্ষণ । সাদা সাদা মেঘ, অনন্ত আকাশ । সূর্যের আলোর রং আরও সাদা । মানুষের শ্বাস চোখ হোলে ধাঁধিয়ে যেতো । যতীন ভাবলে, এই তো রাত দেখে এলাম কলকাতা সহরে, এখানে চোখ-ধাঁধানো সূর্যের আলো ! জগতে সব ভেল্কিবাজি, অথচ পৃথিবীতে বসে কিছু বোঝবার জ্ঞা নেই ।

ভূবর্গোকের বিশাল আলোর সরণী দিক থেকে দিগন্তরে বসপিত তাদের সামনে । বহু লোক যাতায়াত করচে, কেউ ধূসর বর্ণের, কেউ লাল মেটে সিঁড়রের রং, কচিং কেউ নীল রঙের । পুস্পকে যতীন বল্লে—ছাথো বেশির ভাগ আস্বাই কিন্তু ছাই রঙের আর লাল রঙের । নীলবর্ণের আস্বা পথে ঘাটে কত কম ।

পুস্প হেসে বল্লে—তুমিও ওদের দলে । ভেবো না তুমি নীলবর্ণের দেহধারী আস্বা । অনেক উঁচু জীব তারা । পথে-ঘাটে তাঁদের কি শ্বেবে দেখবে ? ও যা দেখচো, ওরাও তেমন উঁচু স্তরের নয় । পঞ্চম স্বর্গের লোকের দেহ উজ্জল নীল, দামা নীল রঙের হীরের মত । সে বড় একটা দেখতে পাবে না ।

—তারও ওপরে ?

—উজ্জল সাদা । ষষ্ঠ সপ্তম স্বর্গের আস্বারা দেবদেবী, তাঁদের দিকে চাইলে চোখ ধাঁধিয়ে যায় ।

—তোমার মত ?

হঠাৎ যতীন লক্ষ্য করলে সে এমন এক স্থানে এসে পড়েচে যেখানকণর বায়ুমণ্ডলে একটি অদ্ভুত নিস্তরতা ও পবিত্রতা আস্বার চিরযৌবন নির্দেশ করচে যেন । কিসের স্নগন্ধ সর্বত্র, সেই গন্ধে ভরা বনপথের আবছায়া অন্ধকারে শত শত চিরযৌবনা অভিমারিকা যেন চলেচে তাদের পরমপ্রিয়ের মিলন আকাজক্ষায়, কত যুগের কত রাজা-সাম্রাজ্যের অতীত কাহিনীর দুঃখেবদনা যেন এর পরিবেশকে কোমল করুণ করে রেখেচে—মুখে ঠিক বোঝানো যায় না, কিন্তু যতীন যেন হঠাৎ বুঝলে মনে সে অনন্তকালের শাখত অধিবাসী, চিরযৌবন, অমর আস্বা—অনাঙ্কল বিশ্বের লীলাসহচর, সে ছোট নয়, পাপী নয়, পরমুখাপেক্ষী নয়—ভগবানের চিহ্নিত

শিশু, অল্প হতভাগ্য আত্মাকে টেনে তোলবার জন্তে তার জন্মমৃত্যুর আবর্ত-পথে হৃৎ-দুঃখময় পরিভ্রমণ ।

অদূরে একটি সাদা পাথরের মন্দির, মন্দিরের চূড়োটা তার গুম্বুজের তুলনায় একটু যেন বেশি লম্বা বলে মনে হোল যতীনের । কিন্তু আশ্চর্য রকমের দুঃখ-ধবল কী পাথরের তৈরী, না মার্বেল, না এলাবেস্টাস, যেন স্বয়ংপ্রভ পালিশ করা স্ফটিক প্রস্তরে গুর বিমান ও জঙ্ঘা গাঁথা ।

পুষ্প বললে—খুব বড় একজন ভক্ত সাধকের আশ্রমে তোমায় এনেচি ।

মন্দিরের চারিপাশে খুব বড় বাগান । প্রায় সবই ফুলের গাছ, কিন্তু অত সুন্দর ও সুগন্ধি ফুল এ পর্যন্ত যতীনের চোখে পড়ে নি । খুব বড় উদ্যানশিল্পীর রচনার পরিচয় সেখানকার প্রাতিটি ফুলগাছের সারিতে, লতাবিতানের সমাবেশে । যতীন ভাবলে—এ স্তরেও বাগান থাকে ? এসব করে কে ? কে গাছ পৌতে না জানি ! পৃথিবীর মত কোদাল দিয়ে মাটি কোপাতে হয় নাকি ?

পুষ্প একটি নিভৃত লতাবিতানের সামনে গিয়ে দাঁড়াল যতীনকে সঙ্গে করে ।

তেতর থেকে কে বললে—এসো মা, তোমার অপেক্ষা করচি—

পুষ্প ও যতীন দুজনে লতাকুঞ্জের মধ্যে ঢুকে দেখলে একজন জ্যোতির্ময়দেহ হুশ্রী বৃদ্ধ পাথরের বেদীতে বসে । দুজনে পাদস্পর্শ করে প্রণাম করলে ।

ভূর ভূর করচে চন্দন ও ফুলের সুবাস লতাবিতানে, অথচ শৌখিন বিলাসলালমার কথা মনে হয় না সে সুগন্ধে, মনে জাগে অতীতকালের ভক্তদের প্রেমোচ্ছল অমুভূতি, মনে জাগে ভগবানের নৈকট্য, শান্ত পবিত্রতার আনন্দময় মর্মকেন্দ্র । দিগন্তে বিলীন প্রেমভক্তির মধুর বেগুরব কান পেতে শোনো এখানে বসে বসে, শুনে নবজন্ম লাভ করো ।

বৃদ্ধ বললেন—আগে গোপাল দর্শন করে এসো—

মন্দিরের কাছে গিয়ে গুরা দেখলে নীল রঙের পাথরের অতি হুশ্রী একটি গোপালমূর্তি, যেন হাসচে—এত জীবন্ত । নানা রঙের ফুল দিয়ে বিগ্রহের পাদপীঠ সাজানো, গলায় বনফুলের মালা । পুষ্প করজোড়ে কতক্ষণ ভাবে তন্ময় হয়ে দাঁড়িয়ে রইল—যতীন ভক্ত-চক্ৰ নয়, সে একটু অধীর ভাবেই পুষ্পের ভাব ভাঙবার প্রতীক্ষা করতে লাগলো ।

যতীন অবশেষে পুষ্পকে বললে—ইনি কে ?

—ইনি কে আমি জানিনে । সেকালের একজন বড় বৈষ্ণব আচাৰ্য—পৃথিবীতে নাকি এখনও এর আবির্ভাবের তিরোভাবে উৎসব হয় । বছরদিন পৃথিবী ছেড়ে এসেচেন ।

বৈষ্ণব মাধু জিজ্ঞেস করলেন—বিগ্রহ দর্শন করলে ?

যতীন বললে—দেখিচি, অতি চমৎকার । প্রভু, আপনি কতদিন পৃথিবী থেকে এসেচেন ?

—অনেককাল । এখানে ওসব হিসেব রাখবার মন হয় নি, কি হবেই বা পৃথিবীর হিসেব রেখে ?

যতীনের মনে অনেক সংশয় উঁকি মারছিল । কিছুক্ষণ চূপ করে থেকে সে বললে—প্রভু, এখানেও বিগ্রহ ?

—কেন বল তো ? কি আপত্তি তোমার ?

—এ তো স্বর্গ। ভগবানের সাক্ষাৎ এখানে পাওয়া যাবে। কাঠ পাথরের মূর্তি পৃথিবীতে দরকার হতে পারে, এখানে কেন ?

বৈষ্ণব ভক্তটি হেসে বলেন—ভগবানের সাক্ষাৎ তুমি যেভাবে বলচো ওভাবে পাওয়া যায় কিনা জানিনে। আমি পৃথিবীতে এই বিগ্রহের পূজারী ছিলাম, বড় ভালবাসি ওঁকে, ছেড়ে থাকতে পারিনে—তাই এখানে এসে এই মন্দির স্থাপন করে বিগ্রহ প্রতিষ্ঠা করেছি, ওঁরই সেবা-আরাধনায় দিন কাটে বড় আনন্দে। মন্দির আর বাগান সবই মানসী কল্পনায় সৃষ্টি করেছি, এ স্বর্গে তা করা যায় তা নিশ্চয়ই জানো।

—আজ্ঞে হ্যাঁ, তা এর নিচের স্বর্গেও দেখেছি।

—আমার দেবতা শুধু পাথরের নয়, জীবন্তও বটে। কিছু তোমাকে তো দেখাতে পারবো না। আমার মা দেখতে পারেন। দেখেচেনও একবার।

পুষ্প আবদারের সুরে বললে—আপনি দয়া করলে ইনিও দেখতে পারেন, বাবা।

সাধু হেসে বলেন—ইনি দেখতে পারেন না। ইনি ভাবেন, ভগবানকে নিয়ে আমি এভাবে পুতুলখেলা করছি। বালগোপাল বড় লাজুক, এঁর সামনে বার হবেন না। যে তাঁকে মন অর্পণ করে ভাল না বেসেচে, বিশ্বাস না করেচে—তিনি যেচে অপমান হুড়ুতে যাবেন সেখানে ? ভগবান যখন ইষ্টদেবের বেশে লীলা করেন কৃষ্ণ সেজে, কালী সেজে,—তখন তিনি মানুষের বা দেবদেবীদের মনোভাব—যেমন রাগ, লজ্জা, মান, অভিমান, এমন কি ভয় পর্যন্ত পান ! এই তো লীলা—এরই নাম লীলা। বিরাট ঐশী শক্তি যা বিশ্বচরাচর নিয়ন্ত্রণ করচে, তাকে কে ভালবাসতে পারে আপনার ভেবে ? শত শত নক্ষত্র, শত শত সূর্য যার ইঞ্জিতে লয় হয়, যে পলকে সৃষ্টি, পলকে স্থিতি, পলকে প্রলয় করিতে পারে—তাকে কে ভক্তি করতে পারে, যদি তিনি—

মন্দির থেকে চঞ্চল, মধুর, সজীব কণ্ঠে কে বলে উঠলো—ওখানে বসে বকবক না করে এখানে এসে আমায় একবার জল খাইয়ে যাও না বাপু ? তেঁষ্টায় মলুম—

সাধু চমকে উঠলেন, পুষ্প ও যতীন চমকে উঠলো।

পুষ্প হেসে বলে—যান, যান, জল খাইয়ে আসুন—

যতীন অবাক হয়ে বলে—কে ছেলেটি ?

সাধু যতীনের মুখের দিকে চেয়ে বলেন—বুঝতে পারলে না ? ঐ তো বালগোপাল। তোমার খুব ভাগ্য তোমাকে গলার স্বর শুনিয়ে দিলেন। আমার পুষ্প মায়ের ভাগ্য। যাই আমি—

সাধুর মুখে স্নেহ বাৎস্যল্যের রেখা ফুটে উঠলো, তৃষ্ণার্ত সন্তানকে পানীয় জল দেবার ব্যাকুলতা নিয়ে তিনি মন্দিরের দিকে অদৃশ হোলেন।

যতীন ভাবলে, এও পুতুলখেলা, নয় আবার !

পরক্ষণেই নিজেকে সামলে নিলে। সাধু অন্তর্ধামা, সবার মনের কথা বুঝতে পারেন,

অন্তত তার তো মনের অন্ধিসন্ধি খুঁজে বার করেচেন। এখানে কিছু ভাবা হবে না।

পুষ্প হঠাৎ বলে উঠলো—মনে পড়েচে, ইনি বৈষ্ণব আচার্য রঘুনাথ দাস।

বেলা পড়ে যেন অপরাহ্ন হয়ে এসেচে। অপূর্ব পুষ্প-স্ববাসে আঁশ্রম আমোদিত। বৈষ্ণব সাধু বল্লেন—বিকেল বড় ভাল লাগে, তাই সৃষ্টি করি। নইলে এখানে আর সকাল বিকেল কি? সূর্য নেই, চন্দ্র নেই, অন্ধকারও নেই। হ্যাঁ, কি সংশয় তোমার, যতীন? এখনও যায়নি, অন্ধকার বড় একগুঁয়ে। তাড়ানো যায় না।

—প্রভু কি করি বলুন। আপনি বৈষ্ণব আচার্য, কতদিনের লোক আপনি?

—মহাপ্রভুর সমসাময়িক। সপ্তগ্রামের নাম শুনেছিলে? সেই সপ্তগ্রামে বাড়ী ছিল আমার।

—আপনি এখানে কেন? আর সব কোথায় আপনার দলের? সাড়ে তিনশো বছর ধরে এ পুতুলখেলা নিয়ে—

—তোমার মন এখনও কাঁচা। আমি তোমাকে তো বলেচি, মুক্তি চাইনি। সপ্তগ্রামে হরিদাস শিক্ষা দিয়েছিল ভক্ত চান্ন ভগবানের প্রতি ভক্তি তাঁর প্রতি যেন মন থাকে। আমাদের তাতেই আনন্দ। তাঁর ভজন আরাধনা নিয়েই আছি। খুব সুখে আছি। মহাপ্রভু ভগবানে মিলিয়ে গিয়েচেন, তিনি নারায়ণের অংশ, মাঝে মাঝে আমাদের আহ্বানে প্রকট হন, এই আশ্রমে আসেন। তাঁর পৃথিবী থেকে এখানে আসার দিনে আশ্রমে উৎসব হয়, সে উপলক্ষে বড় বড় বৈষ্ণব আচার্য এমন কি জীবগোস্বামী মীরাবাঈ পর্বস্ত আসেন। গুরা আরও উচ্চ লোকে আছেন। অনেকে জীবকে শিক্ষা দিতে দু-একবার ইতিমধ্যে পৃথিবীতে নেমেছিলেনও।

—আর একটা কথা আপনাকে—

—বুঝেছি। তুমি যা জিজ্ঞেস করবে তার মুখে উত্তর চাও, না সে জগৎ দেখতে চাও? অর্থাৎ তুমি জানতে চাইচ, পৃথিবী ছাড়া অগ্র জীবলোক আছে কি না।—কেমন তো? বহু বহু আছে। বিশ্বের অধিদেবতার ভাণ্ডার অনন্ত। কোনো কোনো জগৎ পৃথিবী থেকেও তরুণ, সজীব। সেখানে সব মানুষ অত্যন্ত বেশি তাড়াতাড়ি কাজ শেষ করে, তাড়াতাড়ি কাজ শেষ করে মরে যায়। আবার বৃদ্ধ জরাগ্রস্ত জগৎ আছে—সেখানে মানুষ পৃথিবীর চেয়ে অনেক দীর্ঘজীবী, ধীরে ধীরে জীবনের কাজ করে। পৃথিবীর হিসেবে যার বয়স পঁচিশ বছর, সেও বালক। ষাট বছর যার বয়স, সে নব্যযুবক। যাদের উন্নতি হতে দেরি হবে জানা যাচ্ছে পৃথিবীতে, এমন সব আত্মাকে পৃথিবীতে জন্মগ্রহণ করতে দেওয়া হয় না, দিলে সে পূর্ব জন্মের জীবদেরই পুনরাবৃত্তি করবে মাত্র। স্বতরাং তাদের এই সব ধীর মানন্দ প্রোট পৃথিবীতে পাঠানো হয়। অনেকদিন সময় পায় বলে শেখবার ও শোধরাবার অবকাশ ও সুযোগ পায়। বিশ্বের দেবতার এমন আইন, সকলকেই অনন্ত মঙ্গলের পথে যেতে হবে—যে সহজে না যাবে, তাকে দুঃখ দিয়ে পীড়ন করে চোখ ফোটাবেনই। সেসব পৃথিবীতেও জীবশিক্ষার জন্তে উচ্চস্তরের আত্মারা নেমে যান দেহ গ্রহণ করে। পৃথিবী থেকেও বেশি কষ্ট পেতে হয় তাঁদের সে সবখানে। কিন্তু

ভগবানের কাজ খাঁচা করেন, তাঁরা জানেন, হুদিনের দেহ, হুদিনের কষ্ট, হুদিনের অপমান। শাস্ত-আত্মায় কোনো বিকার স্পর্শ করে না, তার জরা নেই, মৃত্যু নেই।

যতীন মুগ্ধ হয়ে শুনছিল মহাপুরুষের কথা, এর মধ্যে অবিশ্বাস এনে লাভ নেই। আজ তার অত্যন্ত হুদিন, এমন একজন লোকের দর্শনলাভ করেচে সে।

বৈষ্ণব সাধু আবৃত্তি করচেন—

মুকং করোতি বাচালং পঙ্গুং লজ্জয়তে গিরিং

যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্ !

যতীনের দিকে চেয়ে বলেন—তোমাকে যা কিছু বলেচি, সব তাঁর কৃপা। শ্রীধর স্বামীর ঐ শ্লোক তো শুনলে? তিনিই, মুক যে, তাকে করেন বাচাল। গোপালের এমনি কৃপা, এমনি শক্তি। তাঁর বিশ্ব, তিনি যা কিছু করতে পারেন।

যতীন বলে—এ ভাবে কত কাল থাকবেন আর?

—অনন্ত কাল থাকতে পারি, যদি তাঁর ইচ্ছা হয়।

হঠাৎ তিনি উৎকর্ষ হয়ে বলেন—বৃন্দাবনে গোবিন্দ বিগ্রহের আরতি হচ্ছে, চলো দেখে আসি—

পুষ্প খুশি হয়ে বলে—আমাদের নিয়ে যাবেন! আপনার বড় কৃপা—

বৈষ্ণব সাধুর জ্যোতির্ময় ঈষৎ নীলাভ দেহ ব্যোমপথে ওদের আগে আগে উড়ে চলেচে, ওরা তাঁর পেছন পেছন চলেচে। নভোচারী দু-একটি আরও অল্প আত্মাকে ওরা পরে দেখতে পেলো। যতীন কখনো বৃন্দাবন দেখেনি, তাই বৈষ্ণব সাধু ওকে চার-পাঁচটি বড় বড় গাছের ক্ষুদ্র বাগান দেখিয়ে বলেন—ওই দেখ চীরঘাট, ওখানে মহাপ্রভু শ্রীচৈতন্য স্নান করে উঠে গোপালের দেখা পেয়েছিলেন। বড় পুণ্যস্থান, প্রণাম করো।

তার পরেই একটা বড় মন্দিরের গর্ভগৃহে সেকালের বুলোনো প্রদীপের আলোয় একটি স্তম্বর বিগ্রহের সামনে ওরা গিয়ে দাঁড়ালে। অনেক লোক আরতি দর্শন করচে। একটা আশ্চর্য দৃশ্য যতীন এখানে প্রত্যক্ষ করে স্বর্গ-মর্তের অপূর্ব সম্বন্ধ দেখে অবাক হয়ে গেল। দেহধারী দর্শকদের মধ্যে বহু অশরীরী দর্শক এসে দাঁড়িয়ে বিগ্রহের আরতি দর্শন করচেন, তাঁদের মধ্যে কয়েকটি আত্মার দিব্য জ্যোতির্ময় দেহ দেখে যতীন বুঝলে ওঁরা উচ্চ শ্রেণীর ভক্ত সাধক।

যতীনের সঙ্গী বৈষ্ণব সাধু একজনকে দেখিয়ে বলেন—কবি ক্ষেমদাস। উনি বৃন্দাবনের বড় ভক্ত, এর মন্দির, এর কুঞ্জবন ছেড়ে থাকতে পারেন না।

যতীন বলে—একটা কথা শুনেছিলাম, আত্মিক লোক থেকে বার বার এলে নাকি আত্মার অনিষ্ট হয়?

সাধু বলেন—এসো, কবিকে প্রশ্নটা করি।

সাধু ও ক্ষেমদাস পরস্পরকে আলিঙ্গনে আবদ্ধ করলেন। সাধুর প্রশ্ন শুনে কবি ক্ষেমদাস হেসে বলেন—শ্রীরূপগোস্বামীর উজ্জ্বল নীলমণিতে গোপীদের বিগ্রহের দশদশায় বর্ণনা আছে— চিন্তা, উত্তোগ, প্রলাপ, এমন কি মৃত্যুদশা, উন্মাদ রোগ পর্যন্ত। আমার এমন এক সঙ্গী ছিল

বৃন্দাবনের যমুনাতট না দেখলে প্রায় তেমনি অবস্থা-প্রাপ্তি ঘটতো। বৃন্দাবনের মত স্থানে এলে অনিষ্ট হয় না, ক্রমশে আসক্তি তো আত্মার ইষ্টই করে, উৎসর্গলোকে নিয়ে যায়।

বৈষ্ণব সাধু বল্লেন—ক্রমশে আসক্তি ক্রমপক্ষে মতি এনে দেয়। হরিদাস স্বামী কি বলেছিলেন সপ্তগ্রামে মনে নেই ?

ক্লেমদাস বল্লেন—শুনেচি বটে। তবে মনে রাখবেন, আমি কবি ছিলাম, ভক্ত ছিলাম না আপনাদের মত। আপনারা ছিলেন শ্রীচৈতন্যের পার্শ্বচর, আপনাদের মত ভাগ্য আমি করি নি। আমার কৃষ্ণ বিশ্বের বনে বাঁশি বাজিয়ে বেড়ান, বালকস্বভাব—উদাস ; কেউ যদি ডাকে তার কাছে যান, না ডাকলে আপন মনেই একা একা থাকেন। অন্যদিকাল থেকে এমনি। তাঁকে যদি ভালবেসে কেউ ডাকে, তবে তিনি সঙ্গী পেয়ে খুশি হন—তিনি করুণস্বভাব, ভালবাসার বশ।

পুষ্প বল্লেন—কেন একা থাকেন ? রাধা কোথায় ?

—ও সব কল্পনা। এই সব ভক্তপ্রভুরা বানিয়েছেন। কে রাধা ? যে নারী ভালবাসে তাঁকে, সে-ই রাধা। সে-ই তাঁর নিত্যলীলার সহচরী। মীরাবাদী যেমন।

—মীরাবাদী আছেন ?

—আছেন। তাঁরা নিত্যলীলার সহচরী ভগবানের—যাবেন কোথায় ? বহু পুণ্যে তাঁদের দর্শন মেলে। বহু উৎসর্গলোকে তাঁদের অবস্থিতি। আবার বিশ্ব ব্যাপে তাঁদের অবস্থান, তাও বলতে পারো। পৃথিবীর ব্যক্তিত্ব তাঁর নষ্ট হয়ে গিয়েচে বহুকাল, ও তো স্থূল দেহ ধরে লীলা করবার জ্ঞানো যাওয়া। ওটা কিছু নয়। পৃথিবীর সেই মীরাবাদীকে কোথাও পাবে না। আছেন খাঁটি তিনি—অর্থাৎ যে শুদ্ধ, বুদ্ধ, চৈতন্যস্বরূপ আত্মা মীরাবাদী সঙ্গে অবতীর্ণ হয়েছিলেন দুদিনের জ্ঞান, তিনি আছেন।

যতীন বলে উঠলো—তাই আপনার মত একজন কবি বলেচেন—All the world's a stage, and the men and women merely players—অর্থাৎ—

ক্লেমদাস মুহূ হেসে বল্লেন—বুঝেচি। গভীর সত্যবাণী। নানাদিক থেকে সত্য—নানামভাবে।

যতীন একটু বিশ্বাসের সুরে বল্লেন—আপনি কি ইংরিজি জানেন ?

-- ভাষার সাহায্যে বুঝিনি, তোমার মনের চিন্তা থেকে ও উক্তির অর্থ বুঝেচি। ওঁর সঙ্গে আমার দেখাও হয়েছে। পঞ্চম স্তরে কবি-সম্মেলন হয়, সেখানে পৃথিবীর সব দেশের বড় বড় কবি আসেন—

যতীন ব্যাকুল আগ্রহের সুরে বল্লেন, আপনি কালিদাসকে দেখেছেন ? ভবভূতি ?

—সে সৌভাগ্য আমার হয়েছে। পৃথিবীর সে কালিদাস নয়—যে নিত্য মুক্ত কবিআত্মা কালিদাসরূপে অবতীর্ণ হয়েছিলেন, সেই আত্মার সঙ্গে আমার পরিচয়। একবার নয়, অনেকবার নানা দেশে নানা প্রাকৃত দেহ ধারণ করে তিনি অবতীর্ণ হয়েছিলেন। কিন্তু আসলে তিনি অপ্রাকৃত দেহধারী চিদানন্দময় আত্মা ; আজ নাম কালিদাস, কাল নাম চণ্ডীদাস, পরে ক্লেমদাস—তাতে কি ?

—কবি-সংলগ্ন হয় কোন্ সময় ?

ক্ষেমদাস জিজ্ঞাস করলেন—তুমি বুঝ নতুন এসেচ পৃথিবী থেকে ? তোমার কথাতে মনে হচ্ছে । এখানে সময়ের কি মাপ ? কালোছদ্ম নিরবধিঃ—অনন্তকাল বায়ুর মত শন্ শন্ বইচে । বিদগ্ধমাধবে শ্রীকৃষ্ণগোস্বামী বলেচেন তাই—অনর্পিতচরীং চিরাৎ—রূপগোস্বামীও কবি, তিনিও আসেন । আর তুমি জানো না, যার সঙ্গে এসেচ এই আচার্য রঘুনাথ দাসও কবি ? এঁর রচিত চৈতন্তস্তুবকল্পবৃক্ষ কি পড়ে থাকবে ? পড়েচ বলে মনে হচ্ছে না । শোনো তবে—

কচিমিশ্রাবাসে ব্রজপতিস্তুতশ্চোকবিরহাৎ

প্লথাৎ শ্রীসঙ্ঘিস্বাদ্ধতি দৈর্ঘ্যং ভূজপদাঃ ।

কেমন ছন্দ ? কেমন লাগচে ওঁর শ্লোক ?

যতীন বিষগ্নমুখে বল্লে—আজ্ঞে বেশ !

বৃন্দাবনের গোবিন্দ-মন্দিরের আরতি বহুক্ষণ থেমে গিয়েচে । পাশের রাজপথ দিয়ে ছ'এক-খানা গাড়ী যাতায়াত করচে, মন্দিরের বড় বড় দরজায় আলো জ্বলে, কোথা থেকে উগ্র বকুল ফুলের গন্ধ ভেসে আসচে বাতাসে, মন্দিরের সামনে একটা হিন্দুস্থানী টাঙ্গাওয়ালা যাত্রীর সঙ্গে ভাড়া নিয়ে কি বকাবকি করচে । যতীন ভাবলে, স্বর্গ-মর্তের কি অদ্ভুত মজ্ঞ ! অথচ বেঁচে থাকতে পৃথিবীর লোকে কেউ এ রহস্য জানে না । মৃত্যুভয়ে ভীত হয়, এত বড় জীবনের খবর যদি কেউ রাখতো, প্রেম-ভক্তির এ সম্পর্ক যদি রাখতে জানতে ভগবানের সঙ্গে—তবে কি তুচ্ছ বিষয়-আশয়, টাকা-কড়ি, জমিদারী নিয়ে বাস্তব থাকে ? এইমাত্র যে লোকটা সামনের রাস্তা দিয়ে মোটর চড়ে গেল ও হয়তো এজন মাড়োয়ারী মহাজন, সারাজীবন ব্যাঙ্কে টাকা মজুত করে এসেচে—জীবনের অণু কোনো অর্থ ওর জানা নেই, কেবল তেজীমন্দী, লাভ-লোকমান এই বুঝে । জয়পুর শহরে হয়তো ওর সাততলা অট্টালিকা । কিন্তু হয়তো ছেলেগুলো অবাধ্য, বেঙ্গাসক্ত, স্ত্রী কুচরিত্রা । মনে স্থখ নেই—অথচ ও কি জানে, এই পাশেই মদনমোহনের মন্দিরে এই গভীর রাত্রে ভিন্ন ভিন্ন লোকের কবি সাধুরা আজ সমবেত হয়েচেন, সেখানে পুষ্পের মত নারীর স্নেহ, কত শতাব্দীর পায় থেকে ভেসে আসা অমর মহাপুরুষদের বাণী, বকুলপুষ্পের স্নবাস, ভগবানে অপিত মধুর প্রেমভক্তির পরিবেশ—এইখানেই স্বর্গ-মর্তের বিশাল ব্যবধান রচনা করেছে । হায় অন্ধ পৃথিবীর মাহুষ !

১৫

পৃথিবীর হিসেবে দীর্ঘ ছ বছর কেটে গেল ।

সেদিন পুষ্প ও যতীন বসে কথা বলচে বুড়োশিবতলার ঘাটে, এমন সময় পুষ্প হঠাৎ চীৎকার করে বল্লে—এই ! থামো—থামো—খবরদার—

পরক্ষণেই সে ব্যাকুল, উদ্ভিন্ন মুখে বহুদূর আকাশের দিকে একদৃষ্টে চেয়ে বল্লে—যতীনদা, যতীনদা—

যতীন বিস্মিত স্বরে বললে—কি হোল ? পুষ্প বললে—কিছু না । যতীন নাছোড়বান্দা, সে বার বার বলতে লাগলে—কি হোল বল না পুষ্প ? বলবে না ?

অবশেষে পুষ্প বললে—আশা-বৌদিকে খুন করতে যাচ্ছ তোর সেই উপপতি নেত্য—
—সে কি !

—ঐ যে, দেখতে পাচ্ছ না ?

যতীন ব্যস্ত-সমস্ত হলে বলে—চলো চলো ছুটে যাই, সামলাই গিয়ে—আমি তো কোনো দিকে কিছু দেখছি নে—ওঠো ।

বিস্মিত যতীন-পুষ্পের দিকে চেয়ে দেখলে যে তার ঘাটার কোন ব্যস্ততা নেই । সে চুপ করে বসেই রইল, কিছুক্ষণ পরে পুষ্পের বিশাল আয়ত চোখ দুটি বেয়ে জল গড়িয়ে পড়লো ।

যতীন বললে—কি হয়েছে, চলো চলো—

—গিয়ে কি হবে । এ যাত্রা রক্ষা হোল গিয়ে—

—বেঁচে গিয়েচে ?

—আপাতত বটে । আহা, কি দুঃখ আশা-বৌদির !

—আমি সেখানে যাবো পুষ্প । চলো দেখা যাক—

—না ।

—তোমার ওই সব কথা আমার ভাল লাগে না পুষ্প, দত্তিা বলচি । আমি আলবৎ যাবো সেখানে । আমার মন কেমন হচ্ছে বল তো ?

—সেজ্ঞেই তোমার আরও যাওয়া উচিত নয় । দেখে কষ্ট পাবে খুব ।

—চলো পুষ্প, তোমার পায়ে পড়ি, আচ্ছা তুমি বোঝো সব, অথচ মাঝে মাঝে—

অগত্যা পুষ্প ওকে নিয়ে কলকাতায় আশার বাসায় এসে উপস্থিত হোল । তখন যতীন বুঝতে পারলে কেন পুষ্প এখানে তাকে আনতে চায় নি । নেত্য আজকাল মদ খায়, মাতাল অবস্থায় এসে দিন-দুপুরে সে আশাকে এমন মার দিয়েছে যে, সে ঘরের মেঝেতে পড়ে ভয়াভ চোখে দুর্দান্ত মাতালটার দিকে চেয়ে আছে । দরজার চৌকাঠের এপারে একথানা নেপালী কুকুরি পড়ে, সম্ভবত নেত্যর হাত থেকে ঠিকরে পড়ে থাকবে । ওদের দোরের বাইরে আশ-পাশের ঘরের ভাড়াটেরা জড়ো হয়ে উঁকি মেরে মজা দেখছে । নেত্য মস্ত অবস্থায় টলচে ও হাত নেড়ে নেড়ে জোর গলায় আফালন করচে—ওকে আমি আজ খুন করে ফেলবো—আচ্ছা পাল মশায়, আপনি বিচার করুন, ওকে কে খেতে দিচ্ছে, পরতে দিচ্ছে ? ও দেশে না খেয়ে মরছিল কিনা ওকে জিজ্ঞেস করুন না ? আমি মশাই হক্ কথা হক্ কাজ বড় ভালবাসি । আমি আনলাম ওকে এখানে, খাওয়াই পরাই, অথচ সেই শত্ৰু বাটা এসে তলায় তলায় ফুটি মারে । কত দিন পই পই করে বারণ করিচি—করি নি ? তেমন পুরুষ বাপে নেতানরাণের জন্ম দেয় নি—আজ তোকে খুন করে ফাঁসি যাবো, সেও খোড়াই কেয়ার করে এই শর্মা । এত বড় তোর বদমাইসি ! কম করেচি আমি তোর জন্তে ? তোর নিজের বিয়ে করা ভাতার কোনো দিন তোকে খেতে দেয়নি, আর আমি কিনা...দিয়েচে কোনো দিন সেই যতীন ?

এই সময় আশা আধ-বসি অবস্থায় উঠে ঝাঁঝের সঙ্গে বলে—খবরদার! তিনি স্বগ্গে গিয়েছেন, তাঁর নামে কিছু বোলো না—

নেতা বিক্রমের সুরে বলে—ওরে আমার স্বামী-সোহাগী সতী রে! মারো মুখে ঝাঁটা, বলতে লজ্জাও করে না? আমি বলচি, না তুই বলতিস্ সেই যত্নেটা বেঁচে থাকতে? আবার স্বামী-সোহাগ দেখাতে এসেচেন, মরণ নেই? ভারি স্বামী ছিল মুরোদের, সব জানি, বিয়ে করে একখানা কাপড় কিনে দেবার, এক মুঠো অন্ন দেবার ক্ষমতা হয় নি—

আশা আবার উঠে বলে—আবার ওই কথা! তিনি মরে স্বগ্গে গিয়েছেন, তাঁর নামে কেন বলবে তুমি?

নেতা হঠাৎ তেড়ে এসে আশার কাঁধে এক লাথি মেরে বলে—স্বামীর সোহাগ উথলে উঠলো বদমায়েশ মাগীর, যে বেরিয়ে এসেচে তার মুখে আবার—গলায় দড়ি দিগে যা—

আশার চেহারা আগের চেয়ে খুব ঋষাপ হয়ে গিয়েচে, গানের রঙেরও আগের মত জলুস নেই, লাথি খেয়ে সে কিন্তু এবার ঠেলে উঠলো। বলে—তাই দেবো, গলায় দড়ি দিয়ে তোমার পুলিশের হাতে যদি তুলে না দিই—

—চূপ—পুলিশ তোর বাবা হয়!

—আবার মুখে ওই সব কথা?

এইবার একটি প্রৌঢ়া স্ত্রীলোক এগিয়ে ঘরের মধ্যে এসে দাঁড়ালো। বলে—এমব আপনাদের কি কাণ্ড? আপনারা না ভদ্র লোক? আশপাশের বাড়ীতে গেরস্তর বি-বউ সব রয়েছে, এখানে মদ খেয়ে চৌচামেচি চলবে না। হ্যাংগামা করতে হয়, ঝাকুরা করতে হয়, সরকারী রাস্তা পড়ে রয়েছে। আমার বাড়ী ওসব করলে পুলিশে খবর দিতে হবে—

পালমশায় এবার বোধ হয় সাহস পেয়ে এগিয়ে এসে বলেন—আমিও তাই বন্দ। বলি এখানে ওসব কোরোনি—তা মাতালের সামনে এগোতে কি সাহস হয়!

প্রৌঢ়া স্ত্রীলোকটি আশাকে ধরে ঘরের বাইরে আনতে আনতে বলে—মাতালের সামনে তক্কো কত্তে আছে, ছিঃ মা—দেখচো না ওর এখন কি ঘটে জ্ঞান আছে? এসো আমার ঘরে—

আশা চলে যায় দেখে নেতা জড়িত কণ্ঠে বাজুর্থাই আওয়াজে বলে—এই, কোথাও যাবিনি বলে দিচ্ছি—হাড় ভাঙবো মেরে—খবরদার! এই! আমি এখন চা আর ডিমভাজা খাবো—করে না দিয়ে যদি নড়বি—নিয়ে যেও না মুসী—

প্রৌঢ়া স্ত্রীলোকটি যেতে যেতেই বলে—আচ্ছা, চা করে ডিম ভেজে আমার ঘর থেকে পাঠিয়ে দিচ্ছি বাবা—আপনি একটু শান্ত হয়ে শুয়ে থাকুন—

পালমশায় উপস্থিত লোকজনদের দিকে চেয়ে বলে—চলো সব, চলো, কি দেখতে এসেচো সব? দুটো হাত পা বেরিয়েচে কারো, না ঠাকুর উঠেচে? বন্দ তখন ওখানে যেওনি, যে যার ঘরে যা খুঁশ করুক না, তোমার কি? আহুক দিকি আমার নিজের ঘরে। দোঁখ কত বড় কে বাপের ব্যাটা!

শেষের কথা ক'টি পৌরুষগর্বে উচ্চারণ করবার সময় তিনি নেত্যানারায়ণদের ঘর থেকে বেশ একটু দূরে বারান্দার প্রায় ওপাশে চলে গিয়েচেন যদিও, তবুও চলতে চলতে একবার পেছন ফিরে দেখে নিলেন, দুর্দান্ত মাতালটা তাঁর কথা শুনলো কিনা।

যতীন দীর্ঘনিঃশ্বাস ফেলে বল্লে—এতদূর নেমেচে ওর অবস্থা ! এ আমি ভাবিনি—

পুষ্প বল্লে—ভাবা উচিত ছিল, এ সব জিনিসের এই কিন্তু পরিণাম—এখান থেকে চলো যাই—

যতীন চুপ করে বসে ছিল, আশার দুর্দশা তার মনে গভীর রেখাপাত করেছে। সে দুঃখিত ভাবে বল্লে—তুমি কেবনই এসে চলে যেতে চাও, কিন্তু আমি কোথায় গিয়ে শান্তি পাবো পুষ্প ? আমার কর্তব্য পালন করিনি বলেই আজ ওর এই দুর্দশা। আমি যদি স্বামীর কর্তব্য পালন করতাম, যদি আশার জন্তে তেমন টাকাকড়ি রেখে যেতে পারতাম, তাহলে—

—তোমার ভুল এখনো গেল না।

—কেন, ঠিক কথা বলচি কি না ? ভুলটা কোথায় ?

পুষ্প মুহূ হেসে ওর পাশে এসে বল্লে—তোমাকে এত ভাল ভাল জায়গায় নিয়ে গেলাম, তোমার বুদ্ধিটা যেমন স্থূল তেমনই রইল—

—কেন ?

—আশা বৌদি নিজের কর্ম-ফলে এখনও অনেকদিন এই রকম ভুগবে। তুমি ওর কর্মের বন্ধন কাটাতে পারো সাধ্যি কি ? টাকা রেখে যেতে, টাকা স্ফুর্নু চলে যেতো। বড়লোকের ছেলেদের তো অনেক টাকা দিয়ে বাপ-মা মরে যায়—তারা উচ্ছন্ন যায় কেন ?

—আমি এখানে থাকবো পুষ্প। ওকে ফেলে যেতে পারবো না এ ভাবে—

—তুমি কেন, দরকার হোলে আমিও থ্যুকবো। এখানে থাকতে আমার রীতিমত কষ্ট হয়—তবুও আমি তোমার জন্তে, যদি আশা বৌদির এতটুকুও উপকার করতে পারতাম তবে এখানে থাকতে কিছু আপত্তি করতাম না। কিন্তু তুমি এখনও অনেক জিনিস বোঝো নি। এসব নিফল চেষ্টা। করুণাদেবীর মুখে শুনেচি করুণার পাত্র মেলানো বড় দুর্ঘট। নয়তো করুণাদেবীর মত শক্তিশালিনী দেবী আশা বৌদিকে এখান থেকে উদ্ধার করতে পারেন না ? এক্ষুনি পারেন—কিন্তু তাঁরা জানেন, তা হয় না। জীব নিজের চেষ্টায় উন্নতি করবে, বাঁশ দিয়ে ঠেলে উঁচু করে দিলে জীব উন্নতি করে না ! নয়তো ভগবান এক পলকে সব পাপী উদ্ধার করতে পারতেন। তাঁর উদ্দেশ্য বুঝে কাজ করতে হয়। সে তুমি আমি বুঝিনে, কিন্তু করুণাদেবী, প্রেমদেবীর মত দেবদেবীর অনেকখানি বোঝেন—তাই তাঁরা অপাত্রে—

—আমি না বুঝতে পারি, কিন্তু তুমি ঠিক বোঝো। তোমার দেখবার ক্ষমতা আমার চেয়ে অনেক বেশি। তবুও তোমার সঙ্গে এখানে ওখানে গিয়ে আমার অনেক উন্নতি হয়েছে আগেকার চেয়ে—এখন বুঝিয়ে বল্লে বুঝি। তোমার সেই সন্ন্যাসীর মতে এখন বোধ হয় আমার মুর্খলিত চেতন—নয়তো বুঝিয়ে বল্লেও বুঝতাম না, মনে সংশয় জাগতো, অবিশ্বাস জন্মাতো, তা হোলে সে সব তত্ত্ব আমার কোনো কাজে লাগতো না।

এই সময় নেতানারায়ণ ডাকতে লাগলো টেঁচিয়ে—ও আশা, শোনো এদিকে—এই আশা—
প্রোঁতা বাড়ীওয়ালী বারান্দায় বার হয়ে বসে—একটু চা খাচ্ছে, আপনাকেও পাঠিয়ে দিচ্ছি
তৈরী হোলে। আশা এখন যেতে পারবে না।

নেতা গরম মেজাজে ধলে - কেন যেতে পারবে না—সুনতে পাই কি ? ও আমার মেয়ে-
মালুয, আমি যখন ডাকবো, আলবৎ আসবে—ওর বাবা আসবে—

এই কথাটা যতীনের বুকে যেন গরম শুলের মত বি'ধলো। আশা তার স্ত্রী, বৈদিক মন্ত্র
উচ্চারণ করে যার সঙ্গে সে পরিণয়সূত্রে আবদ্ধ হয়েছে—সেই আশা অপরের 'মেয়েমালুয' ?
নেতার হুকুমে তাকে চলতে হবে ? যতীনের মাথা যেন ঘুরে উঠলো। এক যুহুর্তে সমস্ত দুনিয়া
বিশ্বাদ, মিথ্যে, জ্বালো হয়ে দাঁড়ালো—মস্ত একটা ফাঁকি, মস্ত একটা ধাপ্লাবাজির মধ্যে পড়ে
গিয়েচে সে। পুষ্প-চুপ্প, সন্নিসি-টন্নিসি সব এই মস্ত জুয়োচুরির অন্তর্গত ব্যাপার। নইলে
অগ্নিশাক্ষী করে, হোম করে, বৈদিক মন্ত্র উচ্চারণ করে যাকে সে সহধর্মিণী করেছিল—

কিংবা এই হয়তো নরক !

সে হয়তো নরক ভোগ করচে—স্ত্রীর প্রতি কর্তব্য করেনি, জোর করে তাকে স্বশুরবাড়ী
থেকে এনে কাছে রেখে সংশোধনের চেষ্টা করে নি, স্ত্রীবের মত নিশ্চেষ্ট হয়ে ছিল, সেও তমোগুণ।
তার জন্তেই এই দারুণ নরক তাকে স্বচক্ষে দেখতে হচ্ছে, কে যেন টেনে নিয়ে আসচে এখানে,
এই শোচনীয় দৃশ্য দেখতে কে যেন তাকে বাধ্য করচে, নিয়তির মত নিষ্ঠুর সে আকর্ষণ, রেহাই
দেবে না তাকে।

পুষ্প বলে—চলো যতীনদা, আর এখানে থেকে কষ্ট পেয়ো না—

যতীন দুঃখমিশ্রিত হতাশার স্বরে বলে -তুমি অতি করুণাময়ী। তুমি জানো যে এ
আমার কর্মফলের ভোগ, এ নরক। তুমি দয়া করে তাই কেবল এখান থেকে সরিয়ে নিয়ে
যেতে চাইচ, আমি সব বুঝতে পেরেচি এবার। কিন্তু পুষ্প দয়াময়ী, আমার সাধ্য কি, আমি
যাই ? চুষক যেমন লোহাকে টানে, আশার ভাগ্য ও আমার কর্মফল পরস্পরকে তেমনি
টানচে। টেনে আনচে কোথায় তোমাদের সেই তৃতীয় স্তর থেকে—আমায় সে টানে আসতেই
হবে এবং আমি কোথাও যেতেও পারবো না।

পুষ্প দৃঢ়স্বরে বলে—তুমি দুর্বল হয়ে হাল ছেড়ে বসে থেকে না, সেও কি পুরুষের কাজ,
বীরের কাজ ? তা ছাড়া তোমাকে এই বন্ধন থেকে বাঁচাবো আমি। নইলে তুমি বুঝতে
পারচো না কি বিপদ তোমার সামনে—

কিন্তু যতীন কিছুতেই না যেতে চাইতে পুষ্প কিছুক্ষণের জন্তে পৃথিবীতে থেকে চলে গেল,
বলে—পৃথিবীর ভোরের দিকে সে আবার ফিরে আসবে। কিন্তু রাত দুটোর পর নেতা
মত্তপানের অবসাদে ঘুমিয়ে পড়াতে যতীন ভাবলে এবার সে স্বস্থানে ফিরতে পারে। আশা
বাড়ীওয়ালীর ঘরের খুন্সে, স্তরবা— এখন আর কোনো ভয় নেই, উদ্বেগ নেই। যেন ভয় বা
উদ্বেগ থাকলেই সে ভয়ানক কিছু সাহায্য করতে পারতো !

পৃথিবী ছেড়ে বাইরের আকাশের তলায় এসে সে দেখলে শূণ্যপথের সাধারণ চলাচলের মার্গ-গুলি একেবারে জনশূন্য। কেউ কোথাও নেই। যতীন একটু বিস্মিত হয়ে গেল। পৃথিবীর লোক না দেখতে পাক, কিন্তু অসীম ব্যোমের নানা স্থান দিয়ে বিশেষত ভূপৃষ্ঠ থেকে একশো দেড়শো গজের ওপর থেকেই মেঘপদবীর সমাস্তরালে বা তদূর্ধ্বে বহু পথ সীমা-সংখ্যাহীন অনন্তের দিকে নিরুদ্ধেশ যাত্রা করেছে। এই সব পথ কোনো বাধাধরা স্বরকি সিমেন্টের তৈরী রাস্তা নয়—আত্মিক জীব, দেব দেবী, উচ্চ জীবগণের গমনাগমন দ্বারা স্থানিদিষ্ট একটা অদৃশ্য জ্যোতিরেখা মাত্র।

সাধারণত বিশ্বের এই রাজমার্গগুলিতে আত্মিক পুরুষেরা সর্বদা যাতায়াত করেন, কিন্তু আজ সেখানে একেবারে কেউ নেই—আরও ওপরে এসে যে স্থান ধূসরবর্ণ আত্মাদিগের অধিষ্ঠানভূমি, সেও জনহীন।

যতীন বুঝতে পারলে না, এরকম ব্যাপারের কারণ কি। আজ এত বছর সে এসেছে আত্মিকলোকের তৃতীয় স্তরে—কিন্তু এমন অবস্থা সে দেখেনি কখনো। তার মনে যেন কেমন ভয়ের সঞ্চার হোল। অথচ কিসের ভয় সে নিজেই জানে না। যে একবার মরেছে, সে আর মরবে না, তবে ভয়টা কিসের?

হঠাৎ যতীন দেখলে একটি লোক যেন আত্মকে চারিদিকে চাইতে চাইতে ঝড়ের বেগে উড়ে দ্বিতীয় স্তরের আত্মিক লোক থেকে আরো উর্ধ্বলোকের দিকে পালাচ্ছে। পৃথিবী হোলে বলা চলতো লোকটা দ্বিগুণিক জ্ঞানশূন্য হয়ে উর্ধ্বাঙ্গে ছুটে পালাচ্ছে। ব্যাপার কি? এর নিশ্চয় কোনো গুরুতর কারণ আছে।

যতীন তাকে কিছু বলতে গেল, কিন্তু তার পূর্বেই লোকটা অস্তিত্ব হোল—মনে হোল পলায়মান ব্যক্তি যেন হাতের ইঙ্গিতে তাকে কি বলে—কি বিষয়ে সাবধান করতে গেল।

লোকটি অদৃশ্য হবার কিছু পরেই যতীনের মনে হোল কী এক ভীষণ টানে তাকে নীচের দিকে যেন টেনে নিয়ে যাচ্ছে। অতি ভীষণ সে টানের বেগ, তিমির-প্রসারক যেন কোন বিশাল চৌম্বক শক্তি অগৎব্রহ্মাণ্ড চূর্ণ-বিচূর্ণ করে তার জাল বিস্তার করেছে—যতীনের নামনে, পাশে, দূরে, চারিদিকে ঝড়ের মত কোথা থেকে সেই ভীষণ শক্তির লীলা এক মুহূর্তে ব্যাপ্ত হয়ে গেল। যতীন যেন ভীম আবর্তে তলাতল পাতালের অভিমুখে কোথায় চলেচে...তার জ্ঞান লোপ পেয়ে আসচে...কেবল এইটুকু সে লক্ষ্য করলে, শুধু সে নয়, ঝড়ের মুখে তার মত বহু জীবাত্মা কুটোর মত কোথায় চলেচে বিষম স্বর্ণিপাকের টানে!... তারপর একটা আর্ত চীৎকার স্বর, এক কি বহু সম্মিলিত কণ্ঠের আর্তনাদ, যতীন ঠিক বুঝতে পারচে না, তার সংজ্ঞা নেই, অতিপ্রাকৃত কী এক বিষম শক্তির-অমোঘ আকর্ষণ তাকে খেলার পুতুলে পরিণত করেছে...

ভয়ানক অন্ধকার তার চারিদিকে, এই কি তলাতল পাতাল? পৃথিবী কোথায়, বিশ্বব্রহ্মাণ্ড, চন্দ্র সূর্য কোথায়, পুষ্প কোথায়? কল্পনা দেবী কোথায়, হতভাগিনী আশা কোথায়—সব লুপ্ত, একেবারে! কোন্ রসাতলে সে চলেচে দুর্লভ্য আকর্ষণে।

অনেকক্ষণ...অনেক যুগ যেন কেটে গিয়েছে...জ্ঞান নেই যতীনের। অন্ধকার ছাড়া আর কোনদিকে কিছু নেই। বহুদিন সে কী এক গভীর ঘুমে অচেতন হয়ে পড়ে ছিল। সব অন্ধকার...বিশ্বাস্তি ..

পুষ্পের ডাকে তার চৈতন্য হোল। পুষ্প তাকে ডাকচে, ও যতীনদা, যতীনদা, বেরিয়ে এসো।

পুষ্প ও আর একজন তাকে প্রাণপণে ডাক দিচ্ছে, যেন কতদূর থেকে...

যতীন বলে উঠলো—অ্যা!—

—শীগগির চলে এসো—ওঁ কৃষ্ণ, ওঁ কৃষ্ণ নাম উচ্চারণ করো—ওঁ কৃষ্ণ, ওঁ কৃষ্ণ, ওঁ কৃষ্ণ—
পুষ্প, পুষ্প ডাকচে!

যতীনের জ্ঞান একটু একটু ফিরে এসেচে—এ কোন্ স্থান!

কে যেন ওর হাত ধরলে এসে। পুষ্পের কণ্ঠস্বর ওর কানে গেল আবার। পুষ্প যেন কাকে বলচে—এবার যতীনদা বৈচে গেল। তবে এখনও ঠিক জ্ঞান হয়নি—

আবার আত্মিকলোকের নির্মল বাহুস্তরে ওর নিঃশ্বাসপ্রশ্বাস সহজ ও আনন্দময় হয়ে আসচে। যতীন জ্ঞান ফিরে পেয়ে দেখলে, সামনে পুষ্প ও পুষ্পের মা। সে বিশ্বয়ে ওদের দিকে চেয়ে বল্ল—কি হয়েছিল বল তো? এ কি কাণ্ড! এমন তো কখনো—

তারপর সে চারিদিকে চেয়ে দেখে আরও অবাক হয়ে গেল। সে পৃথিবীর এক গরীব গৃহস্থের পুরোনো কোঠাঘরের মধ্যে। পৃথিবীতে রাত্রিকাল, সম্ভবত গভীর রাত্রি। বর্ষাকাল। বাইরে ঘোর অন্ধকার, টিপ টিপ করে বৃষ্টি পড়চে বাড়ীর পেছনের বাঁশবনে। ঘরের এক কোণে কিছু পেতল কাঁসার বাসন একটা জলচৌকির ওপরে, একটা পুরোনো তক্তপোশ, দুতিনটি বস্তা—একটার ওপর আর একটা সাজানো—সম্ভবত ধান। ঘরের মেঝের একপাশে একটা জলের বালতি, ওদের ঠিক সামনে মেঝের ওপর মালিন কাঁথা পাতা একটা বিছানার একপাশে ছোট ছোট বালিশ পাতা—আর একটা ছোট্ট বিছানা, কিন্তু সে ছোট বিছানাটা খালি। আর বিছানার সামনে মেঝের ওপরেই মালিন শাড়ী পরনে একটি মেয়ে বসে অঝোরে কাঁদচে, মেয়েটির কোলে একটি মৃত শিশু, সম্ভবত ছ'সাত মাসের। ঘরের দরজার কাছে একটা পুরোনো হ্যারিকেন লণ্ঠনে বোধ হয় লাল তেল জ্বলছে, কারণ আলোর চেয়ে ধোঁয়া বেশি হয়ে লণ্ঠনের কাঁচের একটা দিক কালো করে ফেলেচে। ঘরের মধ্যে আরও দু'তিনটি মেয়ে ও পুরুষমানুষ সবাই ক্রন্দনরতা মেয়েটিকে ঘিরে নিঃশব্দে বসে।

মেয়েটি কাঁদচে আর বিলাপ করচে—ও আমার ধনমনি, ও আমার সোনা, হাসো, দেয়াল কবো, আমার মানিক, চোখ চাও—আমার কোল খালি করে পালিও না আমার সোনা—কোথায় যাবা আমায় কেলে?

যতীন বিশ্বয়ের দৃষ্টিতে পুষ্পের ও পুষ্পের মার দিকে চেয়ে বল্ল—এ সব কি ব্যাপার! এরা কারা? আমি কোথায়?

মেয়েটি একমনে বিলাপ করেই চলেচে কোলের মৃত শিশুর দিকে চোখ রেখে।

—কাল থেকে তুমি একবারও মাইএ মুখ জ্ঞাওনি যে বাবা আমার ! মাই খাবা ? মায়ের মাইএ মুখ দেবা না, ও মানিক আমার ? আর মুখ দেবা না ? চোখ চাও দিনি—

মেয়েটির আকুল ক্রন্দনে যতীনের মনের মধ্যে এক অদ্ভুত ধরণের চঞ্চলতা দেখা দিল, পরের কান্না শুনে এমন কখনো তার হয়নি—সম্পূর্ণ অননুভূত কোন্ অল্পভূতিতে ওর চোখে জল এসে পড়লো ।

পুষ্প বললে—চলে এস যতীনদা, চলো সব বল্টি । তুমি পুনর্জন্মের টানে পড়ে পৃথিবীতে জন্মেছিলে আজ ছ'মাস মাস । ওই তোমার মা । আজ আবার দেহ থেকে মুক্তি পেলে । ওই মৃত শিশুই তুমি—কি বিপদেই ফেলেছিলে আমাদের ।

যতীন অবাধ হয়ে বললে—পুনর্জন্মের টান ! সে কি ! আমি এই বাড়ীতে—

—এই ঘরেই জন্মেছিলে । এরা ব্রাহ্মণ, গ্রামের নাম কোলা-বলরামপুর, জেলা যশোর । ভগবানের কাছে বহু ডাক ডেকে আর করুণাদেবীর দয়ায় আজ উদ্ধার পেলে—নতুবা দেহ ধরে এই সব অজ পাড়াগাঁয়ে এখন বহুকাল কাটাতে হোত—পুনর্জন্মের ঠালা বুঝতে পারতে । বার বার পৃথিবীতে যাওয়া-আসার কুকল এখন বুঝতে পারচো তো ? কতবার না বারণ করেছি ?

যতীনের মন তখন কিন্তু পুষ্পের ওসব আধ্যাত্মিক তিরস্কারের দিকে ছিল না । তার মামনে বসে এই তার পৃথিবীর মা, গরীব ঘরের মা, তারই বিয়োগব্যথায় আকুলা, অশ্রুমুখী । গত ছ'মাসের শৈশবস্মৃতি কোনো দাগই কাটেনি তার শিশু-মস্তিকে । কিন্তু কত বিনিত্র রজনী যাপনের মৌন ইতিহাস ওই দরিদ্রা জননীর তরুণ মুখে ! তারই মা, তারই নবজন্মের দুঃখিনী জননী, যার বত্রিশ নাড়ী ছিঁড়ে ছ'মাস পূর্বে এই দরিদ্র গৃহে কত আশা আনন্দের ঢেউ তুলে একদিন সে পুনরায় ধরণীর মাটিতে ভূমিষ্ঠ হয়েছিল । কি অদ্ভুত মোহ, কি আশ্চর্য মায়ার বান্ধন, মনে হচ্ছে, স্বর্গ চাইনে, করুণাদেবীকে চাইনে, পুষ্পকে চাইনে, আশাকে চাইনে, আধ্যাত্মিক উন্নতি-টুন্নতি চাইনে—এই পৃথিবীর মাটিতে পৃথিবীর এই মায়ের কোলে সুখদুঃখে সে আবার মায়ুষ হয় ! এই টিপ্ টিপ্ বৃষ্টিধারা, এই বর্ষার ব্রাজিটি, এই গরীব মায়ের তারই জন্তে এ আকুল বুকফাটা বিলাপ—এ সব জীবনস্বপ্নের কোন্ গভীর রহস্যময় অঙ্ক অভিনয়ের দৃশ্যপট ? ভগবান হিরণ্যগর্ভের অধিষ্ঠিত স্বপ্ন ।

ওর মনে পড়ল যাত্রায় শোনা গানের দুটো লাইন—

এ নাটকের এ অঙ্কে পেয়েছি স্থান তোর অঙ্কে,

হয়তো যাবো পর অঙ্কে পর অঙ্কে পুত্র সেজে ।

ওদের মধ্যে একজন শ্রৌতা বললে—আর কেঁদো না বোঁ, যা হবার হয়ে গেল, এখন উঠে বুক বাঁধো—মনে করো ও তোমার ছেলে নয়—ভারত করতে যদি ও আসতো তা হোলে কোলজোড়া হয়ে থাকতো, তা ভারত করতে তো আসে নি—কেঁদো না—

একজন আধবুড়ো গোছের লোক বললে - বিষ্টি মাথায় এখন আর কোথায় যাবো—সকালের আর বেশি দেয়ি নেই, সাধন আর হরিচরণকে নিয়ে আমি যাবো এখন—

শ্রৌতা বললে—বিষ্টিও বাপু কামাই নেই—সেই যে আরম্ভ করেছে বিকেলবেলা, আর

সারারাত -

কথা বলতে বলতে কাক কোকিল ডেকে রাত ফর্সা হয়ে গেল। পুষ্পের বার বার আহ্বানেও যতীন সেখান থেকে নড়তে পারলে না। পুত্রহারা জননীর আকুল কান্না ও আছাড়ি-বিছাড়ির মধ্যে সেই আধ-বুড়ো লোকটি আর দুজন ছোকরা মৃত শিশুদেহ নিয়ে বৃষ্টিধারা মাথায় বাঁশবনের পথে চললো। যতীন, পুষ্প ও পুষ্পের মা গেল ওদের সঙ্গে। বাড়ী থেকে দু রশি আন্ধাজ দূরে ছোট্ট একটা নদী, কচুরিপানার দামে আধ-বোজা; ওরা শাবল দিয়ে গর্ত খুঁড়ে মৃতদেহটা নদীর ধারে পুঁতে ফেললে। তখনও ভাল করে দিনের আলো ফোটেনি, বৃষ্টিধারায় চারিধার ঝাপসা। পথে-ঘাটে লোকজন নেই কোথাও—বর্ষাকালের ধারামুখর প্রভাতকাল।

১৬

পুষ্প যতীনকে সঙ্গে নিয়ে পৃথিবীর বৃষ্টিধারা-মুখর ঝাপসা আকাশে উর্ধ্ব এক স্ত-উচ্চ পর্বত-চূড়ায় এসে বসলো। পুষ্পের মা বলে, আমি যাই মা পুষ্প, বসো তোমরা।

নিয়ে পৃথিবীর চারিদিকে মাঝে মাঝে বিদ্যুৎগর্ভ মেঘপুঞ্জ থেকে বিদ্যুৎ খেলচে, দিক-চক্রবালে স্তনীর আকাশে স্তরোদয় হচ্ছে, অনেক দূর পর্যন্ত আকাশ রাঙা। ওরা যেন পার্থিব বাসনা কামনার বহু উর্ধ্বের কোনো নির্মল দেবলোক থেকে পৃথিবীর দিকে চেয়ে আছে। বাংলা দেশের উত্তরে এ বোধ হয় হিমালয় পর্বতের চূড়া। দূরে নিকটে তুষাররাশি সূর্যালোকে ঝকঝক করচে। যতীনের মনে হচ্ছিল এই সবই মায়া, তেলুকিবাঙ্গি, ভগবানের তেলুকিবাঙ্গি। মৃত্যুর অসত্যতা সে ভাল ভাবে বুঝেচে। মৃত্যু বলে তাহোলে কোনো জিনিস নেই; এই তো সে যশোর জেলায়ই কোলা-বলরামপুর গ্রামে মরে গেল শেষ রাত্রে, অথচ এখানে সে পর্বতশিখরে বাহাল-ভবিষ্যতে সমাসীন। মরণ নেই, বিচ্ছেদ নেই, দুঃখ নেই, আমরা অমর—জীবনমরণের সঙ্গে, স্তম্ভদুঃখের সঙ্গে—সনাতন, নিত্য, অনশ্বর আমাদের এ ঋণিক লীলাখেলা।...

পুষ্প যতীনের মনের ভাব বুঝতে পারলে। হাজার হোক, যতীনদা পুরুষমানুষ, ইউনিভার্সিটির ছাত্র ছিল, জিনিসগুলো চট করে ধরতে পারে। পেটে একেবারে বিণ্ডে না থাকলে অঙ্ককার ঘোচে? সে গভীর মুখে বলে, এবার বেঁচে গেলে বটে, কিন্তু বার বার আশা বোঁদীর কাছে যাতায়াতের ফলে তোমার এই বিপদ। অনেকবার তোমায় সাবধান করেছিলাম, শোনো নি। পুনর্জন্মের আবর্ত মাঝে মাঝে আত্মিক স্তরে ঝড়ের মত এসে পৌঁছয়, কোথা থেকে আসে তা জানিনে, ক'টা ব্যাপারই বা বুঝি জগতের! সেই সময় যে'কেউ সামনে পড়ে, তাকে নিয়ে এসে পৃথিবীতে ফেলে ঘুরিয়ে। ও থেকে রেহাই নেই। তাই এসে জন্মেছিলে পৃথিবীতে—

—আমার মনে আছে সে ভীষণ টানের কথা—জ্ঞান ছিল না আমার।

—তোমার উচিত হয় নি আশাদের বাসায় অতক্ষণ থাকা। ও একটা ঝড়ের মত, ভূমিকম্পের মত বিপর্যয়; তবে তৃতীয় স্তরের নীচের অঞ্চলেই ও আবর্তের সৃষ্টি, চতুর্থ স্তরের

আত্মারা তত বিপদগ্রস্ত হন না ওতে— যদিও পালিয়ে যান সকলেই ; ও একটা অন্ধশক্তি— ওকে বিশ্বাস নেই । কোথায় ঘুরিয়ে নিয়ে গিয়ে ফেলে পুনর্জন্ম ঘটাবে পৃথিবীতে । অনেকেই পৃথিবীতে জন্ম নিতে চায় না, সকলেই ওটাকে ভয় করে ।

—তুমি আমাকে কোনোদিন এই ব্যাপারটার কথা বলো নি তো ?

—ভূমিকম্পের কথা পৃথিবীতে সবাইকে সবাই বলে বেড়ায় ? হয়তো জীবনেই ঘটলো না, নয় তো এসে সব ওসটপালট করে দিয়ে গেল—এও তেমনি । পৃথিবীর বাসনা কামনা আসক্তি যখন মনের মধ্যে বেশি হয় বা যখন ভূতীয় স্তরের নীচেকার আত্মিক লোকে থাকে—তখনই ওই আবর্ত বড় বিপজ্জনক । সেইজন্তেই তোমায় বার বার বাবরণ করতাম । একা আর তোমাকে বেরুতে দেবো না—

—তুমি জানতে পারলে কখন ?

—তখুনি । আমি তখন জপে বসেছি—

লজ্জায় পুষ্প নিজেকে হঠাৎ সামলে নিলে, সে জপ-ধ্যান করে লুকিয়ে, যতীনদার সামনে সে মস্ত বড় কোনো যোগিনী সাজতে চায় না ।

—হ্যাঁ, হ্যাঁ—তারপর ?

—তারপর তখুনি বুঝলুম, তুমি মাতৃগর্ভে ঢুকে গিয়েচ । সঙ্গে সঙ্গে তোমার তো সব বিশ্বাস এসে গেল, আমি মরি ছুটোছুটি করে । ছুটি করুণাদেবীর কাছে, আমার গুরুদেবের কাছে ছুটি । করুণাদেবী বলেন, মার মনে দুঃখ দিয়ে তোমাকে বাঁচাতে পারবেন না—

যতীন হেসে বলে পৃথিবীতে মরে গেলুম, আজ তোমাদের এখানকার ভাষায় বেঁচে গেলুম, এ বেশ মজার কথা বলচো কিন্তু পুষ্প । আরও দুবার এর আগে এমনি বলেচ ‘বেঁচে গেলে যতীনদা’—আরে, মরেই তো গিয়েচি আজ সকালে পৃথিবীতে ?

পুষ্প হেসে বলে—তারপর শোনো । করুণাদেবী মাকে কাঁদাতে পারবেন না—গুরুদেব বলেন—তোমাকে মাতৃগর্ভে দশমাস দশদিন থাকতে হবে—তারপর ভূমিষ্ঠ হতে হবে, তবে তিনি চেষ্টা করবেন—

—কি চেষ্টা করবেন—শিশুহত্যার ?

—তোমার অজ্ঞান অন্ধকার কাটেনি দেখছি এখনও—

—না, আমার মনে খটকা লেগেচে । পুষ্প, আমায়—তোমাদের ভাষায়—‘বাঁচিয়ে’ খুব ভাল করেচ, কিন্তু ওই মেয়েটির কান্না—আমার-মায়ের ওই কান্না—

যতীনের চোখে জল এসে পড়লো ।

পুষ্প হেসে বলে—চলো-গুরুদেবের কাছে নিয়ে যাই । এতদিন তোমায় বলিনি তাঁর কথা—তোমার মন আজ ভাল না, চলো আমার সঙ্গে—

—সে কতদূর ?

—পঞ্চম স্বর্গের দ্বিতীয় স্তরে—তোমাকে আবরণ দিয়ে শক্তি দিয়ে নিয়ে যাবো, নইলে তোমার জ্ঞান থাকবে না অত ওপরে । কিছু দেখতেই পাবে না—

যতীন খানিকক্ষণ কি ভাবলে, তারপর বললে—বোসো পুষ্প, দেখে আসি মা কি করচেন—
পুষ্প ধমক দিয়ে বললে—কে মা? কিসের মা? বৈষ্ণবী মায়ায় তুলো না। অনন্ত পথে
কত মা, কত বাবা, কত ছেলে, কত স্ত্রী। প্রত্যেকেই অ-বিনাশী আত্মা, প্রত্যেকেই লীলা করচে।
চলো—

—না পুষ্প, আমার সত্যিই এখনো তোমার মত জ্ঞান জন্মায় নি মনে। এখনো মায়্যা-দয়্যা
মন থেকে একেবারে বিসর্জন দিতে পারিনি। তোমাদের ব্রহ্মজ্ঞান নিয়ে তোমরা থাকো—আমি
ওর মধ্যে নেই, সত্যি বলচি। আমাকে যেতেই হবে মাকে দেখতে। আজ সকালে মার সেই
বুকফাটা কান্না আমারই জন্মে, সে আমি ছেলে হয়ে কি করে তুলি?

পুষ্প মুহূ হেসে একটু ধীরভাবে বললে—উঃ, কি বাঁধন, তাই দেখচি! মায়ার শক্তি আছে
বটে! এড়ানো বললেই কি এড়ানো যায়? মাহুকে নিয়ে পৃথিবীর লীলা তা হোলে হয় কি
করে!

পরে সে হঠাৎ স্মরণে গিয়ে উঠলো দুটো মাত্র কলি—

‘এ বাঁধন বিধির সৃজন, মানব কি তায় খুলতে পারে?

কারাগার ভাঙতে কি পারো, ও যে মায়ার পাঁচিল আছে ঘিরে!’

যতীন ব্যঙ্গের স্বরে বললে—থাক, থাক, ব্রহ্মবিষ্ঠে এখন তুলে রেখে দাও, ওসব সইবে
না থাকে।

পুষ্প হেসে বললে—কেমন গলা, যতীনদা?

—চমৎকার!

—তা এখন মার কাছে না গিয়ে এর পরে যেও।

—আমি একবার দেখে আসি, বোসো—

আবার সেই কোলা-বলরামপুর গ্রাম। বেলা দুপুর। বৃষ্টি থেমেচে, কিন্তু আকাশ মেঘ-
মেছুর। সম্ভল বর্ষার বাতাস বইচে, সারারাত্রি বর্ষণের ফলে পথে-ঘাটে জল দাঁড়িয়েচে। বৃষ্টি-
নিক্ত লতাঝোপের পত্রপুঞ্জ থেকে টুপটাপ বৃষ্টির জল ঝরে পড়চে এখনও।

রাগ্নাঘরের দাওয়ায় মেয়েটি খেতে বসেচে। কলাইয়ের দাল, মোচা ছেঁচকি আর কাঁচকলা
ভাজা। সকালবেলার সেই শ্রোঁচাও পাশে বসে থাকে। সে খেতে খেতে বললে—একটু ভাল
দেবো বো?

—না, আমি আর কিছু খাবো না মাসী। যা খেয়েচি সকালবেলা, শেট ভরে গিয়েচে—

—ছিঃ, অমন কথা বলতে নেই বো, আবার কোলজোড়া ছেলে পাবে, হাতের নোয়া
সিঁথির সিঁদুর বজায় থাক।

মেয়েটি ভাত খাওয়া ছেড়ে হাত তুলে বললে—কি মুখ চোখের ছিঁরি, মাসী—ও যে বাঁচবে
না সে আমি জানি—আমার কপালে কি অমন ছেলে বাঁচে। সেবার কিসে কামড়ালো রাস্তিরে,
ছেলে ককিয়ে কেঁদে উঠলো, আমি তাড়াতাড়ি টেমি ছেলে দেখি ছেলের কাঁথার তলায়

এতবড় কাঁকড়া বিচ্ছে! সেই রাত্তিরে কাঁটানটের শেকড় বেটে, জলপড়া এনে নাপিতবাড়ী থেকে দিই। আহা, আশ্বিন মাসে একবার এমন কাশি হোল যে বাছা দম আটকে বৃষ্টি যায়—কি যে বল্লৈ শিবু ডাক্তার, ছপিং কাশি না কি—যে ক’দিন ছিল, কষ্টই পেয়ে গিয়েচে বাছা আমার!

প্রোঁতা বল্লৈ—কেঁদো না বোঁ, ছিঃ—ভাতের খালা সামনে কাঁদতে নেই হুপুর বেলা। অলক্ষণ।

মেয়েটি কাঁদতে কাঁদতে বল্লৈ—আর আমার লক্ষণ অলক্ষণ সব হয়ে গিয়েচে মাসী—এখন তোমরা বেলো আমিও তার সঙ্গে চলে গিয়ে হাড় জুড়ুই। আমি কি করে খোকার মুখ না দেখে থাকবো, ও মাসী!

মেয়েটি এবার ডুকরে কেঁদে উঠলো ডাল ভাত মাখা হাত তুলে হাঁটুর ওপর রেখে।

—ছিঃ বোঁ, গুঁকি! খাও, খাও, আরে অমন করে না। তুমি তো অবুঝ নও, আবার হবে, এই-স্ত্রী মানুষ, ভাষনা কি? কোল জুড়ে আবার পাবে—

যতীনকে নিয়ে টেনে বার করাই কঠিন সেখান থেকে। পুষ্প অনেক কষ্টে তাকে কোলা-বলরামপুরের বাঁড়ুয়ে-বাড়ী থেকে উদ্ধার করে নিয়ে এল বুড়োশিবতলায়।

বল্লৈ—খুব মন কেমন করচে মার জন্তে?

—সত্যিই, এত কষ্ট দিয়ে এসে অপরের মনে, আমার কোনো স্থখ হবে না এ স্বর্গে। এ যেন পানসে হয়ে গিয়েচে। জগতে যখন এত কষ্ট—তখন আমি স্থখে থেকে কি করবো পুষ্প। পৃথিবীই আমার ভাল, মাথার ঘাম পায়ে ফেলে সেখানে জমি চাষ করি, স্ত্রীপুত্রকে খাওয়াই, মাকে খাওয়াই। দেখলে না মায়ের খাওয়া গেল? আমি সেই মায়াবাদী সন্নিসিকে পেলে একবার জিজ্ঞেস করি, সবাই যদি সম্মানি লীভু করে বন্ধে লয় পাবে, তবে জগৎসংসার চলবে কাদের নিয়ে? সব নিয়েই তো সংসার। চাষা যদি লাঙল না চষবে, তাঁতি কাপড় না বুনবে, মজুর যদি তোমার আমার হয়ে না খাটবে—তবে একদিন সংসার চলে কেমন চলুক তো? তুমি তো বলচো সব মিথ্যে, সব ভুল—

—এ কথাই উত্তর আমি তোমার এখনি দিতে পারি, কিন্তু তুমি বিশ্বাস করবে না আমার মুখ থেকে শুনলে। তাই এর জবাব দিলাম না।

—জবাবে দরকারও নেই। তুমি কেন আমাকে নিয়ে এলে পৃথিবী থেকে?

—কেন নিয়ে এলাম! শুনবে তবে? আমি জানিনি। তোমার অদৃষ্ট তোমাকে পৃথিবীতে জন্মগ্রহণ করিয়েছিল, অদৃষ্টই আবার এনেচে। পৃথিবীতে পুনর্জন্মের সময় তোমার আসেনি—দৈবহুর্বিপাকে পুনর্জন্মের টানে জন্মাতে বাধ্য হয়েছিলে। ও একটা দুর্ঘটনা—যেমন ভূমিকম্প। ও থেকে তোমার কর্মফল তোমাকে মুক্ত করে আনতো—এনেওচে। আমি কে? আমি সাহায্য করেছি মাত্র। পুনর্জন্মের জন্তে অত ভেবো না—ও যখন হবে, তখন কেউ রুখতে পারবে না।

—আমার ভাল লাগে না...পৃথিবীতে এত কষ্ট! এখানে নিরুপাটে কোন্ প্রাণে...ওদিকে

আশা, এদিকে আমার মা—

—পৃথিবীর মানুষ তুমি এখন আর নও এই কথাটা ভুলে যাচ্ছ। পৃথিবীর মানুষ যখন ছিলে, তখন যে কথা বলচো তা বললে মানাতো। বিধাতার নিয়মই এই, পৃথিবীর জীবন থেকে এখানে আসতে হয়। সকলের জন্তে কষ্ট করবো বললেই তোমার স্তন্যে কে? নিয়মের অধীনে তোমাকে চলতে হবে। ভগবান তোমার আমার চেয়ে ভাল বোঝেন। তাঁর আইন মেনে নিতেই হবে। কেন এরকম হোল, এর জবাব তিনিই দিতে পারেন। আমার সেই গুরুদেবের কাছে যাবে? তিনি তোমায় বোঝাতে পারবেন।

—না, আমার গুরু-টুকতে দয়কার নেই পুস্প, তুমি ক্যামা দাও—চের হয়েছে। আমার বড় হচ্ছে সেই মায়াবাদী সমাধিবাজ সন্নিসিটার সঙ্গে—

মহাপুরুষদের সম্পর্কে তোমার মুখের ভাষাগুলো একটু ভঙ্গ করো যতীনদা—

এমন সময়ে বুড়োশিবতলার ঘাটে এক অদ্ভুত ব্যাপার ঘটলো।

হঠাৎ দুজনেই আশ্চর্য হয়ে চেয়ে রইলো, পশ্চিম দিকের আকাশ যেন প্রজ্জ্বলন্ত উজ্জ্বল মত কোন্ আলোতে আলোকিত হয়ে উঠেছে বহুদূর পর্যন্ত। আরও একটু পরে ওরা দেখতে পেলে, বহুদিন আগেকার দেখা সেই পথিক দেবতা শূণ্যপথে চলছেন। মনে হোল যেন তিনি ওদের দিকেই আসছেন, সেই রকম একটা নীল আলো ওদের সাংগু-কেওটার ঘাট অবধি এসে পড়লো, কিন্তু পরক্ষণেই তাঁর পথ গেল বদলে। তিনি আরও দূরের কোন্ গ্রহলোকের দিকে যাত্রা করলেন। যতীন প্রথমটা চিনতে পারেনি। বললে—উনি কে পুস্প?

—চিনতে পারলে না যতীনদা? উনি সেই পথিক দেবতা, এককল্প পূর্ব থেকে যাত্রা করেছেন এই বিশ্বের শেষ দেখবেন বলে কিন্তু এখনও এর একাংশও দেখে উঠতে পারেননি—কত নৌহারিকা, কত নক্ষত্রলোক, কত গ্রহলোক তিনি ঘুরেছেন, এমন কত লক্ষ লক্ষ পৃথিবী—তবু এর কোনো হৃদিস তিনি পাননি। মনে নেই, সেই এখানে ক্লাস্ত হয়ে এসে পড়েছিলেন? পৃথিবী শুনে জিজ্ঞাসা করেছিলেন, সেটা আবার কোন্ গ্রহ! সূর্য কোন্টা চিনতে পারেননি।

—ই্যা, ই্যা, মনে পড়েছে।

পুস্প একটু প্রচ্ছন্ন তিরস্কারের স্বরে বললে, তাই তো বলছি যতীনদা, এই সামান্ত সৌরজগতের এই ক্ষুদ্র গ্রহ পৃথিবীর মায়ী তুমি কাটাতে পারচো না, অথচ দেখ তুমি যে লোকে এসেচো সেখানে একটু সাধনা করলেই তুমি অমনি কত লক্ষ লক্ষ নৌরজগৎ, তার কোটি কোটি গ্রহের জীবনযাত্রা দেখতে পাবে! কত দেখবার আছে, কত জানবার আছে যতীনদা, সে সব তোমার দেখতে জানতে হচ্ছে করে না?

যতীন তখনই কোন জবাব দিতে পারলে না, কিছুক্ষণ স্তব্ধ হয়ে বসে রইলো। তারপর সহসা উত্তেজিত স্বরে বললে—আজি সব দেখব, বুঝবো পুস্প। আমার চোখ উনি অনেকখানি যেন খুলে দিয়ে গেলেন। চলো কল্পদেবীর কাছে—

—এখনি?

—এতটুকু দেরি নয়।

আবার সেই উচ্চ আত্মকলোকের বায়ুস্তর, চক্ষের নিমেষে পুষ্পের শাহায্যে যতীন শত শত যোজন, যোজনের পর যোজন পার হয়ে চললো। করুণাদেবার আশ্রম সেই ক্ষুদ্র গ্রহটিতে ওরা পৌঁছে দেখলে কেউ কোথাও নেই। সেই কুসুমিত উপবন, সেই প্রাচীন বৃক্ষতল যেখানে রাজ-রাজেশ্বরীর মত রূপসী দেবী সেদিন এলিয়ে শুয়ে পড়েছিলেন, আজ সে স্থান জনশূণ্য।

যতীন হতাশার স্বরে বললে—তাই তো! এ যে দেখছি—

—জগৎ-সংসারের কাজে সর্বদা ঘুরচেন, কি জানি কোথায় গিয়েচেন—

—কিন্তু কি সুন্দর দেশ এটা! আমার ইচ্ছে করে এখানেই থাকি। বুড়োশিবতলার ঘাট এমন করে নেওয়া যায় না?

—অনেক বেশি শক্তি দরকার এমন দেশ গড়তে, আমার তা নেই যতীনদা। এদেশ শুধু বাইরের প্রাকৃতিক দৃশ্য নিয়ে সুন্দর হয় নি, মনের ওপর এর প্রভাব বুঝতে পারচো নিশ্চয়ই। আমরা যেন অনেক উঁচু জাঁব হয়ে গিয়েছি, শ্রান্তি নেই; ক্লান্তি নেই, দেহমন কত উঁচু ধরনের হয়ে গিয়েছে।*

এমন সময় একটি বিশ্বয়কর আবির্ভাবের মত করুণাদেবী হঠাৎ যেন জ্যোতিঃপদ্মের মত ফুটে উঠলেন সেই বনস্থলীর প্রান্তে। স্নেহ ও প্রসন্নতা দেবীর বিশাল চক্ষু দুটির ঘননীল তারকায়। হেসে বললেন—আমি তোমাদের দেখে এক জায়গা থেকে ফিরে এলাম—

পুষ্প লজ্জিত ও অপ্রতিভের স্বরে বললে—আপনার কাজে বাধা দিলাম দেবী?

করুণাদেবী হেসে বললেন—না। আমিও ইচ্ছে করেছিলাম তোমরা আজ এখানে আসবে—বসো, এসো এই গাছের তলায়।

যতীন ও পুষ্প গাছের তলায় গুর পাশে বসে পৃথিক দেবতার অদ্ভুত আবির্ভাবের ব্যাপার বললে। করুণাদেবী সব শুনে বললেন—ভগবান, বা ব্রহ্মের অস্তিত্বে অবিশ্বাসী কোনো নাস্তিক দেবতা, তবে মহাশক্তিধর বটে। আমার জানা নেই।

যতীন বললে—এত যিনি দেখে বেড়াচ্ছেন তিনি নাস্তিক?

—গুরা অগ্র বিবর্তনের প্রাণী।

—পৃথিবীর নয়?

—না, অগ্র কল্পের। সে স্তনবে এখন। চলো, যেখানকার কাজ ফেলে এখানে এসেছি, সেখানে তোমাদের নিয়ে যাই।

দুজনেই চোখ বঁাজে। যতীনের জ্ঞান যাতে থাকে, তার ব্যবস্থা করতে হবে, নহ্নতো সে উচ্চস্তরে গিয়েও কিছু দেখতে পাবে না, বুঝতে পারবে না। এক মুহূর্তে ওরা অল্পভব করলে খুব অদ্ভুত এক জায়গায় এসেছে। ওরা এক নিমেষে যেন বিরাট আত্মা হয়ে গিয়েছে, বাধা-বন্ধনহীন সর্বসংস্কারমুক্ত দেবাত্মা। দেশ ও কাল উপত্যাসের কাহিনী যেন,—এই ছিল কোথায়, এই এল কোথায়। দেশ অতিক্রম করতে হোল না, কালের ব্যবধান অল্পভূত হোল কই?

সেও এক বিচিত্র দেশ। বাতাসে যেন নব প্রস্ফুটিতা মুণালিনীর স্ফগন্ধ; এক বিশাল সুনীল সমুদ্রের ঢেউ তটশিলায় এসে আছড়ে পড়চে; সমুদ্রের মাঝে মাঝে ম্যাজেণ্টা রঙের,

ধূসর কৃষ্ণ রঙের ছোট-বড় পাহাড় ইতস্তত ছড়িয়ে। সমুদ্রের তীরে একটি অরণ্যবৃক্ষের তলে এক রূপবান জ্যোতির্ময় তরুণ দেবতা বসে একমনে চিন্তা করতেন।

যতীন এমন দৃশ্য কখনো দেখেনি, এমন অপূর্ব রূপবান মহাজ্যোতিষ্মান দেবমূর্তি। সে প্রকায় বিস্ময়ে অবাক হয়ে চেয়ে রইল।

পুষ্প তাঁকে দেখে কিন্তু অবাক হয়ে গেল অগ্নি কারণে। এঁকে সে অনেক বছর আগে দেখেছিল, যেদিন সে যতীনের পঞ্চম স্তরে নিয়ে যেতে যেতে তার সংজ্ঞাহীন দেহ দ্বারা বিপদগ্রস্ত হয়েছিল। সেই তরুণ দেবতা, যিনি সেদিন শৈলশিখরে বসেছিলেন।

দেবতা করুণাদেবীর দিকে চেয়ে বলেন—এরা কে ?

পুষ্প বলে—দেব, আপনি আমাকে দেখেচেন এর আগে—সেই একদিন—

করুণাদেবী বলেন—এদের কথা তোমাকে বলেছিলাম। এর নাম পুষ্প, গুর নাম যতীন, তোমার পৃথিবীরই নাম বাপু—

দেবতা প্রশ্ন দৃষ্টিতে গুদের দিকে চেয়ে বলেন—ও, বুঝেচি।

পরে যতীনের দিকে চেয়ে বলেন—কিন্তু এঁকে নিয়ে এশে ভাল করলে না। এর এখনো অনেক দেরি। পার্থিব তৃষ্ণা এর এখনও যায় নি। এত উঁচু স্বর্গে একে আনলে এর ফল হবে এই, আগামী জন্মে এর স্মৃতি শুকে কষ্ট দেবে—কোন কিছুতেই মন বসাতে পারবে না। তুমি তো জানো, তৃতীয় স্তরের কোনো লোককে এখানে আনা সেই ব্যক্তির পক্ষেই ক্ষতিকর।

করুণাদেবী ঝগড়া করার সুরে বলেন—বেশ করেচি, যাও। তুমি গুর সব স্মৃতি মুছে দিও, নয়তো আমি দেবো। দেখাতে নিয়ে আর্শানি শুধু, গুর অনেক প্রশ্ন আছে, জানতে ইচ্ছে হয়েছে।

যতীন ভাবছিল তার কি মহাপুণ্য ছিল, আজই এমন দুটি জ্যোতির্ময় দেবতার দর্শনলাভের সৌভাগ্য তার ঘটলো! কি অদ্ভুত রূপ!

সে বিনীত সুরে বলে—যাদ দেখার সৌভাগ্যই ঘটলো, তবে দেবতা, আমার এমন করে দিন, যাতে এখানে বার বার আসতে পারি বা আপনার দেখা পেতে পারি তার ব্যবস্থা করে দিন।

তরুণ দেবতা করুণাদেবীর দিকে চেয়ে হেসে বলেন—শুই দেখলে তো কি বলচে? এদের অজ্ঞানতা শুচতে অনেক বিলম্ব।

পুষ্প হাত জোড় করে বলে—আপনি শুঁকে দয়া করে ক্ষমা করুন। উনি নতুন এ স্তরে এসেচেন, এখানকার কিছুই জানেন না।

যতীন অপ্রতিভ না হয়ে বলে—আপনি দয়া করলেই সব হবে। কিছুক্ষণ আগে আমাদের শুদিকে একজন কে এসেছিলেন, তাঁর কথা যা শুনলাম তাতে আমি অবাক হয়ে গিয়েচি। আমার সব জানবার ইচ্ছে হয়েছে, তিনি কত গ্রহনক্ষত্র বেড়িয়ে এসেচেন—আমায় এর আগে বলেছিলেন সর্দে করে নিয়ে যাবেন—

দেবতা বলেন—কে ?

করণাদেবী বলেন—পৃথিক কেউ হবে। দেশে দেশে বেড়িয়ে বেড়ানোই তাঁর কাজ বলে মনে হোল। নাস্তিক দেবতা।

তরুণ দেবতা একটুখানি চূপ করে থেকে বলেন—নাস্তিক কি? মনে হয় না। ওদের উপাসনাই ওই। বিশ্বে-ব্রহ্মাণ্ডে এমন অনেক আবিষ্কারক আছে, এদের শক্তি যথেষ্ট, তেজ অসীম। তাদের মধ্যে কেউ হবে। আচ্ছা, তোমরা আমার সঙ্গে চলো, আর একটা জায়গা দেখিয়ে আনি—

যতীন বলে—দেবতা, আপনার কথা আমি ওই মেয়েটির মুখে আগে শুনেছি। তবে আপনাকে দেখবার সৌভাগ্য হয়নি আমার।

—না, কি করে দেখবে। পুষ্প আর তুমি এক স্তরের লোক নও—

পুষ্প বলে—উনি এক বিপদে পড়েছিলেন—চুষকের ঢেউএ পড়ে পৃথিবীতে গিয়ে জন্ম নিয়েছিলেন—সবে এসেছেন সেখান থেকে।

দেবতা ধীরভাবে বলেন—তা সম্পূর্ণ সম্ভব। খুব সাবধানে চলাফেরা করো। ওই যে পৃথিক দেবতার কথা বলছিলেন, ওঁরা এ কল্পের জীব নন। পূর্ব কল্পে ওঁদের দেবত্বপ্রাপ্তি হয়েছে—মুক্ত আত্মা হয়ে বহু উর্ধ্বে উঠে বহু তেজ সঞ্চয় করেছেন, কিন্তু ওঁরাও পুনর্জন্মের আকর্ষণকে ভয় করে চলেন! তবে এই লোকটির এখনও অনেক জন্ম বাকি—একে পৃথিবীতে জন্মাতে হবে অনেকবার।

যতীন বার বার ওই এক কথা শুনে একটু বিরক্ত হয়ে উঠেছিল। সে বিরক্তি না চাপতে পেরে বলে উঠলো—দেব, তার জন্তে আমি দুঃখিত নই। পৃথিবীতে জন্ম নিলে কষ্টটা কি?

—আমি জানি। যে জানে সে ও বিশ্বের সব কিছু এবং বিশ্বদেব একবস্ত্র এদের মধ্যে কোনো পার্থক্য নেই—তার পক্ষে পৃথিবী বা স্বর্গসমান হয়ে গিয়েছে। যে জানে পৃথিবীর সব কিছুই তিনি, তার কাছে পৃথিবী ও স্বর্গ একই স্বরে বাঁধা মোহন সঙ্গীতে। তোমাদের জ্ঞানী লোকেরা তাই তোমাদের শ্রীকৃষ্ণকে বংশোদ্ভারী কল্পনা করেছেন। কিন্তু এ চোখে পৃথিবীর সবাই দেখে কি? সাধারণ মানুষ কর্ম অল্পসারে প্রথম তিন স্তরে গতাগতি করে, মরে ভুলোক থেকে ভুবলোকে আসে, সেখান থেকে উন্নতি করে স্বর্গলোকে আসে—আবার সেখান থেকে জন্মায় পৃথিবীতে, আবার মরে, আবার জন্মায়, আবার মরে। একে বলে মানব-আবর্ত। চাকার মত ঘুরচে এই আবর্ত—চলো, একটা ব্যাপার তোমায় দেখাই, পৃথিবীতেই চলো, সেখানে তোমরা সহজ ও স্বচ্ছন্দ অবস্থায় থাকবে? চলো তোমাদের দেশেই নিয়ে যাই—

মহাশূন্তের পথহীন পথে করুণাদেবী ওদের নিয়ে আগে আগে চলেন। দূরে একটা কি বিশাল গ্রহ নিরঙ্কর অন্ধকার সমুদ্রে পাক খেয়ে ঘুরচে। ছ-ছ করে নেমে এল—একটু পরে পৃথিবীর এক তুষারাবৃত পর্বতশিখর ডিঙিয়ে ওরা এক নদীর ওপরকার শূন্তে এসে স্থির হয়ে দাঁড়াল।

দেবতা পিছনে পিছনেই আসছিলেন। বলেন—এটা চিনতে পারচো কী নদী?

যতীন বলে—না দেব, ঘোর অন্ধকার পৃথিবীতে—কিছু দেখতে পাচ্চিনে—এখন বোধ হয় রাতভূপুর।

করুণাদেবী হেসে বলেন—এত বড় নদী বাংলাদেশে কটা আছে। আন্দাজ করে বলো।
—আজ্ঞে, হয় গঙ্গা, নয় পদ্মা।

—ওই রকমই, এটা গঙ্গা।

দেবতা হেসে বলেন—তুমিও ঠিক ভাল বলতে পারলে না, গঙ্গা তো বটে। মুর্শিদাবাদ জেলার গঙ্গা—

যতীন বিশ্বয়ের সুরে বলে—আপনি বাংলাদেশের খবর সব জানেন দেখিচি।

করুণাদেবী মুছ সস্নেহ হাসে ওকে নেপথ্যে বলেন—ও রকম বোলো না। উনি কে তা তোমরা জানো না। পরে বলবো।

একটা ছোট্ট খাল। একটা আমবাগান। মুর্শিদাবাদ জেলা, সূতরাং বনবাগান বেশি নেই, মস্ত বড় মাঠ একদিকে, একদিকে ছোট্ট একটি গ্রাম। যতীন বিশ্বয়ের সঙ্গে লক্ষ্য করলে সেই ঘোর অন্ধকারের মধ্যেই গ্রামের ঘরের আনাচে-কানাচে অনেকগুলি নিম্নস্তরের ধূসর ও মেটে সিঁড়রের রঙের আত্মা ঘুরে বেড়াচ্ছে—কেউ এ-বাড়া, কেউ ও-বাড়া। তারা যদি মাছুষ হোত তবে আনাচে-কানাচে এদের এমনতর গতিবিধি দেখে সন্দেহ হোত এরা নিশ্চয়ই চোর বা ডাকাত।

যতীন অবাক হয়ে বলে—তাই তো, এরা কি করচে এখানে ?

পুষ্প হাসিমুখে বলে—আমি বুঝতে পেরেচি অনেকটা, যদি তাই হয়, যা ভেবেচি—

যতীন বলে—কি পুষ্প ?

তরুণ দেবতা বলেন—পুষ্প বুঝেচে। ওরা পৃথিবীতে জন্ম নেবার জন্তে ঘুরে ঘুরে বেড়াচ্ছে। প্রতি রাত্রেই এমনি লোকের বাড়ীর আশে-পাশে ঘোরে। কিন্তু ভিড় বেশি—সবাই সুরবিধে পায় না। তৃষ্ণাই পুনর্জন্ম গ্রহণ করায়। ভুললোকে ওদের ভাল লাগচে না, সেখানে পৃথিবীর স্থূল বাসনা কামনার পরিভ্রান্ত হয় না—সূতরাং ওরা চাইচে আবার দেহ ধরতে। কিন্তু তার প্রার্থী অনেক। ওদেরই মত। সূতরাং জন্ম নিতে চাইলেও জন্ম নেওয়া হয় না। উচ্চতর আত্মার বংশ দেখে, পিতামাতা দেখে জন্ম নেওয়ার সময়ে। এদের সে সব নেই, যে কোন বংশ, জাত, কুল হোলেই হোল। দেহ ধারণ নিয়ে কথা।

যতীন বলে—দেব, এরা কতদিন ধরে এমন ঘোরে ?

—পৃথিবীর হিসেবে কেউ কেউ দশ বছর পর্যন্ত ঘোরে। এই এক যন্ত্রণাদায়ক অবস্থা—এই অবস্থাকে শ্রেতস্ব বলো তোমরা। কারো স্বাধীন কাজে আমরা কোনো বাধা দিই না—জীব যখন নিজের ভ্রম বুঝবে তখন সে নিবৃত্ত হবে। যতদিন তৃষ্ণা, ততদিন তাকে বাধা দিয়ে ফল হবে না। সে ভুললোকে ঘোর অস্থখী অবস্থায় থাকবে—তার চেয়ে ষাও বাপু, পৃথিবীতেই গিয়ে স্থখী হও। চলো, এখানে রুট্ট হচ্ছে—আর নয়—

ওরা যেখানে এসে বসলো, সেটা একটা পর্বতশিখর, বড় চমৎকার পাইন এবং দেওদার গাছের নির্জন অরণ্যানী। গাছের ডালে ডালে অগণিত পরগাছার রং-বেরঙের ফুল। পায়ের নীচে পৃথিবী অন্ধকারে ডুবে আছে, গভীর রাত্রি। আকাশের মাঝখানে চওড়া জলজলে

ছায়াপথ, অসংখ্য ঝকঝকে তারকারাজি । ব্রহ্মাণ্ডের বিরাটস্বের সঙ্কেত ।

তরুণ দেবতা বল্লেন—এই হোল হিমালয় । বাংলাদেশের ওপরেই—ওই ছায়াপথ দূরে একটা নদী নেমেচে পাহাড় থেকে—

যতীন বল্লে—তা হলে বোধ হয় তিস্তা—

—তুমি দেখলে তো মাহুঘের অবস্থা ?

—আশ্চর্য লাগলো, এমন হয় তা জানতাম না, দেব । আপনি যাকে মানব-আবর্ত বল্লেন, ওর উচ্চতর অবস্থা কি ?

—উচ্চতর সাধনা মাহুঘকে দেবযান-পথে উচ্চতর লোকে নিয়ে যায় । ঋঃ, জনঃ, মহঃ, তপঃ ও সত্যলোক বলেচেন ভারতবর্ষের জানী লোকেরা । এত কল্পকাল সেখানে থাকে উচ্চতর জীবাস্থা ।

—কল্প কি ?

—প্রত্যেকবার সৃষ্টির পরে প্রলয়, প্রলয়ের পরে আবার সৃষ্টি । এই কালব্যাপ্তির নাম কল্প । কল্পান্তে উচ্চতর জীবাস্থারও পতন হয় । তবে সত্যলোকেরও দূরপারে ব্রহ্মাণ্ডের বহিঃস্থিত যে ব্রহ্মলোক, সেখানে ঋষা ষান ভগবানের সঙ্গে তাঁরা এক হয়ে যান । মানব-আবর্তে তাঁরা আর ফিরে আসেন না ।

—এরই নাম মুক্তি ? *

—একেই ভারতবর্ষের ঋষিরা মুক্তি বলেচেন । চলে তোমাকে একটি ভারতবর্ষের প্রাচীন কবির কাছে নিয়ে যাবো । উপনিষদ বলে দার্শনিক কবিতা ভারতবর্ষের, তিনিও তার একজন রচয়িতা । ভ্রাম্যমান কবি, সব সময় পাহাড়ে সমুদ্রতীরে বনানীর নির্জনতায় কাল কাটান । পৃথিবীর মধ্যে এই হিমালয় এবং আরও অনেক উচ্চতর পর্বতের বনে বৃক্ষলতায় প্রায়ই মাঝে মাঝে রূপের ধ্যানে মগ্ন থাকেন । আর মিশর দেশের এক উচ্চ আত্মার সঙ্গে পরিচয় করাবো ।

—তা হোলে তো, দেব, পৃথিবীর আসক্তি তাঁর এখনও যায় নি ? অর্থাৎ আমি উপনিষদের সেই কবির কথা বলচি—

—তাঁর আসক্তি বিমুক্ত সৌন্দর্যের ধ্যান । কোনো পার্থিব তৃষ্ণা নয় । তাই জনলোকের অধিবাসী, নিজের আনন্দের জগ্গে নেমে আসেন পৃথিবীতে । তাঁর আগমনে পৃথিবীর অনেক উপকার । বহু লেখক ও কবিকে অদৃশ্যভাবে প্রেরণা দান করেন, সেইজগ্গেই তিনি পৃথিবীতে আসতে ভালবাসেন । পৃথিবীর হিসেবে বলতে গেলে বহু শতাব্দী ধরে পৃথিবীতে এ কাজ তিনি করেচেন—তাঁর কাজই ওই । আমার সঙ্গে তাঁর যথেষ্ট বন্ধুত্ব । আমার নিজের কাজে তিনি যথেষ্ট সাহায্য করেন আমার । *

এবার পুষ্প বিনীতভাবে বল্লে—দেব, একদিন আমাদের কুটিরে পদার্পণ করবেন দয়া করে ? আপনার বন্ধু সেই তাঁকেও নিয়ে ? পরে দেবীকে দেখিয়ে বল্লে—ইনিও যাবেন আমার বলেচেন দয়া করে ।

তরুণ দেবতা বল্লেন—যাবো ।

পুষ্প তাঁর পাদস্পর্শ বরে প্রণাম করে বল্লে—আমাদের ওপর আপনার এ করুণার জগ্ন ধন্যবাদ ।

যতীন বল্লে—প্রভু, আমার সঙ্গে এক মায়াবাদী সন্ন্যাসীর দেখা হয়েছিল, তিনি তাঁর নিম্নের শক্তি আমার মধ্যে সঞ্চারিত করে আমায় নির্বিকল্প সমাধিলাভ করিয়েছিলেন, সে এক অপূর্ব অল্পভূতি । সে কথা আমি এখনও ভুলিনি—

—তিনি কোনো যোগী সাধক হবেন । ব্রহ্মে লীন হওয়ার আশ্রয় ইচ্ছামত ভোগ করেন—মুক্ত পুরুষ । তাঁরা ইচ্ছামত কায়াবাহ রচনা করে যে কোনো দেহে অল্পপ্রবেশ করতে পারেন । সমস্ত ঐশ্বর্য গুণের সংকল্প মাত্রেই উপস্থিত হয়—

—প্রভু, ভারতবর্ষ ছাড়া অন্য কোনো দেশে এই ব্যাপারের চর্চা ছিল ?

—নিশ্চয়ই । যে কোনো দেশে যে কোনো সং, ঈশ্বরে ভক্তিমান লোক মানব-আবর্তকে জয় করতে পারেন । বিশ্বের যিনি কর্তা, তিনি কোনো বিশেষ দেশ বা বিশেষ জাতিকে রুপা করেন না ।

—আচ্ছা আমাদের দেশে যাঁরা বলেন, ভগবানের নাম জপ করলে মুক্তি, যেমন ধরুন বৈষ্ণব সম্প্রদায়, তাঁদের মত কি সত্য ?

—ভক্তি দ্বারা তাঁরা ভগবানে আত্মস্থ হয়ে দেবঘান প্রাপ্ত হন । জীব মাত্রেই ব্রহ্মের অংশ জানবে । উপাধি ও নামরূপ ত্যাগ করে পরব্রহ্মে লীন হওয়ার নামই মুক্তি । বিভিন্ন পথ, বিভিন্ন মত । কিন্তু জ্ঞানী লোক ধ্যানদৃষ্টি দ্বারা সেই একই সত্যকে উপলব্ধি করছেন বহু প্রাচীন যুগ থেকে । শুধু এ কল্প নয়, পূর্ব পূর্ব কল্পেও তাই হয়েছিল । পূর্ব পূর্ব কল্পের মুক্ত পুরুষেরা এ কল্পে পৃথিবীতে দেহ ধরে তাঁদের পূর্ব জীবনের সাধনলব্ধ জ্ঞান প্রচার করতে নামেন । তাঁরাই তোমাদের শ্রীকৃষ্ণ, বুদ্ধ, যীশু, শঙ্কর, চৈতন্য, বাল্মীকি, কৃষ্ণ-দ্বৈপায়ন ইত্যাদি—

এই পর্যন্ত বলেই তিনি চূপ করে গেলেন । হঠাৎ পূর্বদিগন্তে অরুণ সূর্যোদয় দূরদূরান্তরের তুয়ারাবৃত শৈলশিখর অল্পরঞ্জিত করে অপূর্ব মহিমায় স্বপ্রকাশিত হোল এক মুহূর্তে । পলকে পলকে শিখর থেকে শিখরান্তরে বর্ষসমুদ্রের বিভিন্ন রঙের চেউ গেল ছড়িয়ে । সকলে অবাক হয়ে চেয়ে রইল সে মহিমায় সৌন্দর্যের দিকে ।

করুণাদেবী বলে উঠলেন সাগ্রহে—চলো মানস-সরোবরে—চলো, চলো—

তখন ঠিক পটপরিবর্তনের মত একটা ব্যাপার ঘটে গেল । এই ছিল অরুণরাগে রঞ্জিত শৈলশিখর ও অরণ্যানী, তখন যতীন ও পুষ্প বিশ্বয়ের সঙ্গে দেখলে তাদের সামনে কোনো বিশাল জলাশয়ের নীল জলরাশি বিস্তৃত ।

অপরকূলে তুয়ারাবৃত শৈলচূড়া, সবে প্রভাত হয়েচে, কিন্তু সেই তুয়ারময় মেরুবৎ প্রদেশে কোনো বিহঙ্গকাকলী নেই কোনোদিকে । সমগ্র পার্বত্যহ্রদের গম্ভীর সৌন্দর্য যতীন ও পুষ্পকে মুগ্ধ করলে ।

করুণাদেবী বলেন—ওই দূরে রাবণহ্রদ, সামনে এটা মানস-সরোবর ।

করুণাদেবতা বলেন—সামনের ওই পাহাড়ের চূড়া গুরলা মাক্কাতা আর ওই দূরে কৈলাস—

পুষ্পের মনে পড়ে গেল কৈলাস পর্বতে অনেক সিদ্ধ মহাপুরুষ লোকচক্ষুর অগোচরে বাস করেন—ঔদের কাউকে দেখবার ইচ্ছা অনেকদিন থেকেই আছে তার। কল্পদেবীর কাছে সেকথা তুলতেই তিনি তরুণদেবতাকে পুষ্পের বাসনা জানালেন।

তিনি বল্লেন—একজন জীবমুক্ত সাধু ওখানে আছেন, আমি দু-একবার তাঁকে সাহায্য করেছিলাম কোনো কাজে। তবে তিনি আমাকে দেখেননি—চলো নিয়ে যাই।

কৈলাসপর্বত ও সম্মুখবর্তী গুরলা মাক্কাতা চূড়ার মধ্যে বরফের বিশাল ক্ষেত্র—যতীন কখনো গ্রেসিয়ান বা তুষারপ্রবাহ দেখেনি, ওর মনে কথাটা উঠলো, যা সামনে দেখতে, সেটাই বোধ হয় গ্রেসিয়ান। তরুণদেবতা ওর মনের ভাব বুঝে বল্লেন—তুমি যা ভাবচো, তা এ নয়। চলো এখান থেকে তোমায় শতপন্থ বরফশ্রোত দেখিয়ে আনবো—

ওরা কৈলাসপর্বতে গিয়ে দেখলে কৈলাস একটি সম্পূর্ণ আলাদা পর্বত, তার তুষারমণ্ডিত পিনাকসদৃশ শিখরের নিম্নভাগে অনেকগুলি গুহা সাধু যোগীদের আবাস। একটি গুহায় একজন শীর্ণকায় সাধুকে দেখিয়ে দেবতা বল্লেন—এঁর কথা বলছিলাম। উনি এখন স্থূলদেহের স্থূলচক্ষে আমাদের দেখতে পাবেন না—নির্বিকল্প সমাধিস্থ অবস্থায় ইনি ব্রহ্মের সঙ্গে এক হয়ে যান, তখন আমাদেরও অনেক ওপরে চলে যান উনি। তবে স্থূল দেহে ওঁরা সাধারণ মানুষের সমান।

যতীন বল্লেন—আচ্ছা, এঁরা একা আছেন কেন ?

—নির্জনতা আত্মার উন্নতির একটি প্রধান উপায়। নিম্নজগতের কোনো প্রভাব এই উত্কৃষ্ট জনহীন পর্বতচূড়ায় এঁদের দেহমন স্পর্শ করে না। নির্জনতায় এঁরা শক্তি অর্জন করেন—ব্রহ্মজ্যোতিঃ এঁদের মনে প্রবেশ করে ধীরে ধীরে এ অবস্থায়।

—আমি এঁর সঙ্গে দু-একটা কথা বলতে পারি ?

—কি করে ? তুমি স্থূল দেহ ত্যাগ করেচ, উনি এখন দেহে অবস্থান করছেন। তা সম্ভব নয়।

—আচ্ছা, ওই যে একজন তিব্বতী লোক মানস-সরোবরের ধারে বেড়াচ্ছিল তখন, ওরা কি অবস্থায় আছে ? ওদের মূল্য বা উন্নতি—

দেবতা হেসে বল্লেন—ওদের থাক্ আলাদা। ওরা নিম্নস্তরের চৈতন্য নিয়ে জন্মেচে—সঙ্কুচিত চেতন। ওরা মরবে, অমনি অল্পদিন পরেই আবার দেহ নিয়ে পৃথিবীতে জন্মাবে, কারণ ভুবলোকে ওদের চৈতন্য মোটেই থাকে না। যদিও থাকে, খুব কম। দেহ না নিলে উপায় হয় না—সুতরাং দীর্ঘ সময় ধরে ওদের প্রায় স্থূলদেহেই বর্তমান থাকতে হয়—পৃথিবীর কামনা বাসনার উর্ধ্বে ওদের উঠতে অনেক দেরি। সভ্য সমাজেও এমন অনেক আছে—খুনী, দস্য, অলস, চোর, পরপীড়ক ইত্যাদি।

কল্পদেবী হেসে দেবতার দিকে বক্রদৃষ্টিতে চেয়ে বল্লেন—এ তুমি খুব ভালই জানো কারণ তোমার হাতের কাজ এটা, কে কতদিন ভুবলোকে বাস করবে কি নতুন জন্ম নেবে। উঃ, দু-একটা ব্যাপার এমন নিষ্ঠুর আর কল্প হয় ওঠে তখন আমি অনুরোধ করতে বাধ্য হই—

তরুণদেবতা হাসলেন মাত্র—সে হাসির মধ্যে অসীম দয়া, অনন্ত জ্ঞান ও গভীর শক্তির

আজ্ঞাস ।

পুষ্প চুপি চুপি দেবীকে জিজ্ঞেস করলে—আচ্ছা, উনি কে ? এই অদ্ভুত দেবতা ?
—উনি ?.

পঙ্ক হেসে দেবতার দিকে চেয়ে বলেন—এইবার ওদের বলি ?
বলেই চুপ করে গেলেন ।

পুষ্প বিশ্বয়ের সঙ্গে বলে—আমাদের সঙ্গে এমন ভাবে মিশচেন ! এত বড় উনি ! অথচ—
দেবতা এবার হেসে এগিয়ে এসে বলেন—মানুষ কি কীট ? তোমরাও তিনি । তোমাদের
ঋষিরাই বলেছেন—কিঞ্চাং ন তু ত্বাং ভূতাবৎ যাচে, যোহসৌ আদিত্যমগুপস্হো ব্যাহতাবয়বঃ
পুরুষঃ সোহং ভবামি—আমি ভূত্যাভাবে তোমার সাক্ষাৎকার যাচ্চা করচিনে—সবিত্ত্বমণ্ডলে
যে ওঙ্কারময় পুরুষ, আমিই সেই । তুমি আমি ভিন্ন কোথায় ? ছোট ভাবো কেন, তাই তো
ছোট হয়ে থাকো । বড় হও, বীর্যবান হও । সচেতন হয়ে যদি তোমরা আমাদের ইচ্ছার
বিরুদ্ধেও দাঁড়াও বিদ্রোহের পথে—সেও ভাল । তার দ্বারা শক্তি অর্জন করবে । যে দুর্বল, তার
দ্বারা কি কাজ হবে ? যে শক্তিমান, অথচ বিদ্রোহী—তাকে ঠিক পথে নিয়ে আসতে আমরা
জানি ।

যতীন কৌতূহলের সঙ্গে বলে—এই যে যুদ্ধ, জাতিতে জাতিতে রক্তারক্তি, ...এও কি
আপনার ইচ্ছা অনুযায়ী ?

—তুমি বুঝতে পারলে না । প্রত্যেক ঘটনা মানুষকে উন্নতির পথে নিয়ে যায় । যুদ্ধে
জাতিতে জাতিতে সংঘর্ষ—এর দ্বারা জাতি শক্তিমান হয় । কি হয় যুদ্ধে ? মানুষ মারা যায় ।
মানুষের আরাগের ব্যাঘাত ঘটে । এই তো ? কিন্তু মৃত্যুর অসত্যতা এতদিনে তুমি নিশ্চয়
বুঝেছ । আরামের অত্যন্ত স্হযোগ মানুষকে শ্বলস, পশুৎ করে তোলে । আমার পৃথিবী
কতকগুলি আরামপ্রিয়, রোমন্থনকারী, নিজের অবস্থায় মহাপরিভূষ্ট গোরুর দলে ভ'রে তুলতে
আমি চাইনে । শক্তিমান হয়ে উঠুক সব । কে কা'কে মারচে ? সব মিথ্যে । দুদিনের আরাম
কিসের ? অনন্ত বিশ্ব তোমাদের পায়ের তলায় । সংকল্পাদেব তৎশ্রুতেঃ, যা যখন ভাববে, মুক্ত
পুরুষে তাই তখন পায় । পৃথিবীর স্থূল বাসনা কামনাকে জয় করো—আরামের ইচ্ছা মন থেকে
তাড়াও । নয়তো ঘুমিয়ে পড়বে ।

করুণাদেবী বলেন—এদের বৃহস্পতি গ্রহের দুই উপগ্রহে নিয়ে গিয়ে দেখিয়ে দাও না ?

—দেখাবো । সে দুটো ধীরগামী জগৎ, যারা পৃথিবীতে স্হবিধেমত উন্নতি করতে পারচে
না, আমরা তাদের ওই সব মন্তরগতি জগতে পাঠিয়ে দিই জন্ম নিতে । সেখানে গেলে আশ্চর্য
ব্যাপার দেখবে ।

করুণাদেবী বলেন—ওদের এখনি নিয়ে গিয়ে দেখিয়ে দিই—

আবার মানস-সরোবর ও হিমালয় ওদের পায়ের তলায় দেখতে দেখতে মিলিয়ে গেল ।
আবার অলীম-ব্যোম—অন্ধকারে ডুবে পৃথিবী দিগন্তহীন আকাশে অদৃশ্য হোল । আকাশের
অদ্ভুত দৃশ্য, দিনমানে সব দিক নক্ষত্রযুক্ত ।

তারপরে নক্ষত্রজ্যোৎস্নায় প্রাবিত আকাশপথে এক বিশাল মহাগ্রহ ওদের দিকে যেন দ্রুত ছুটে আসচে। করুণাদেবী বলেন—বৃহস্পতি !

কিন্তু বৃহস্পতি খুব বড় মশালের আলোর মত ওদের দক্ষিণে দূরে পড়ে রইল। ওরা অল্প একটি ক্ষুদ্র পৃথিবীর খুব নিকটে এসে তার বায়ুমণ্ডলে ঢুকে পড়লো।

যতীন বলে—কিসে যেন পড়েছিলুম, পৃথিবী ছাড়া সোলার সিস্টেমের অল্প কোনো কিছুতে মাহুষ নেই।

গ্রহদেব বলেন—সে সব কথা এখন থাক্। এই পৃথিবীটা দেখে নাও আগে—

পৃথিবীর মত অবিকল সে স্থান, খুব বেশি ফুল, ছোট বড় নদী। বসন্তের হাওয়া বইচে, বিহঙ্গের স্তম্ভর সর্বত্র, নির্মল জলাশয়। গ্রহটির একদিকে রাত্রির অন্ধকার, অন্যদিকে দিবসের আলো। যে অংশে ওরা গেল সেখানে মাহুষের কর্মব্যস্ততা নেই, নিশ্চিন্ত মনে সকলে নিজের নিজের বাড়ীতে বসে আছে। গৃহস্থাপত্য অতি সুন্দর, সব রকম শিল্পকলার অদ্ভুত উন্নতি হয়েছে সেখানে, দেখেই মনে হোল, সর্বত্র সঙ্গীত, বাজ নৃত্য। অত্যন্ত সুন্দরী মেয়েরা বনে উপবনে ভ্রমণ করে বেড়াচ্ছে পরম নিশ্চিন্ত মনে, যেন তাদের হাতে অতি সুদীর্ঘ অবকাশ, যেন সারা দিনমান শুধু কমলের বনে অলস পাচচারণ জীবনের সব মূর্ত্তগুণি ভরে দেবে অমৃতে। শান্ত ও অপরাধ সৌন্দর্যের রূপায়তন সে পৃথিবীর স্থানামল প্রান্তরে, ফুলফোটা বনে ঝোপে গন্ধে ভরা কুঞ্জতলে। বৃহস্পতির আলো পড়ে যে অংশে রাত্রির অন্ধকার, সে অংশের শোভাও চমৎকার—তবে সমগ্র পৃথিবীটি একটি নিশ্চিন্ত, নিরুপদ্রব শান্তির গভীরতায়, ব্যস্ততাহীন জীবনমূর্ত্তগুণির পুঞ্জীভূত ভাবে যেন ঘুমিয়ে আছে, এলিয়ে আছে, কিসের অলীক স্বপ্নে দিনরাত্রি বিভোর।

করুণাদেবী বলেন—এই দেখ যে পৃথিবীর কথা তোমায় বলেছিলাম।

—স্নো—মানে ধীরগামী পৃথিবী ?

করুণাদেবী হেসে ফেলতেই যতীন অপ্রতিভ হয়ে বলে—না, ইংরিজিটা আপনি হয় তো জানেন কি না—মুখ দিয়ে বেরিয়ে গেল—ও ভাষা কি আপনারা—মানে স্নেচ্ছ ভাষা—

গ্রহদেব বলেন—তুমি এখনও বুঝলে না। আমাদের কোনো ভাষা নেই, যখন যে পৃথিবীতে, যে মাহুষের সঙ্গে কথা কই—তাদের ভাষাই আমাদের ভাষা। পৃথিবীতে প্রচলিত যে কোনো ভাষাই হোক—তা আমাদের আপন। ইটালী দেশের কোনো লোকের সঙ্গে কথা বলবার সময় তাদের ভাষাতেই বলবো—

—আপনাদের মধ্যে কথাবার্তা তা হোলো কি ভাষায়—কেন, বাংলাতেই তো আপনাদের মধ্যে বলছিলেন ?

করুণাদেবী বলেন—মুখ দিয়ে কথা বলার দরকার হয় না কোনো স্বর্গেই—চতুর্ভুজের ওপরে কোথাও। মনের মধ্যে পরস্পরের কথা ছুটে ওঠে—আরও ওপরে স্বর্গে রঙীন আলোর বিদ্যুৎ-শিখার মত আলোর ভাষায় আদানপ্রদানে কথাবার্তা চলে। আমাদের ভাষা তোমাদের মত “কানের ভিতর দিগ্না মরমে পশিল গো” তা হয় না। মরমেই আগে পশে—কান শুনেই পায় না—শোনবার দরকার হয় না। কিন্তু তোমাদের সঙ্গে ব্যবহার করতে হচ্ছে বলেই আমরা মুখের

ভাষা ব্যবহার করি।

পুল্প বললে—এই পৃথিবী কিন্তু আমার বেশ লাগচে। একটু বেড়ানো গেলে মন্দ কি ?

বৈশ্রবণ বললেন—বেশ তো, ভাল করেই দেখতে পারো।

এক হ্রদে কতগুলি স্তম্ভিকতা নরনারী নৌকাতে প্রমোদবিহার করছিল। দেবতা সেখানে গিয়ে বললেন—ক'বছর এরা এমনিধারা জল-বিহার করচে জানো ? তোমাদের পৃথিবীর মাপে তিনটি বছর। তাড়াতাড়ি নেই কিছু এদের।

যতীন সবিস্ময়ে বললে—তিনটি বছর !

—ঐ যে বললাম, ধীরেস্থে এখানে সব হয়। নৌকাতে জলবিহার চলচে তো চলচেই। ওদের গিয়ে বল যদি, বিস্মিত হবে।

যতীনের মনে পড়ে গেল বলে। কলেজের ক্লাসেপড়া টেনিসনের কবিতার সেই মৃগাল-ভোজীর দেশ বা Land of Lotus-eaters !...সেখানেও সব লোক—

পরে কার সঙ্গে কথা বলতে যাচ্ছে ভেবে সে লজ্জায় চূপ করে গেল।"

দেবতা বললেন—চলো আরও দেখবে।

এক পাহাড়ের শ্রাম সাহুতে বনপুষ্পবিকশিত নির্জন অঞ্চলে সে দেশের কবিকুলের মজলিস বসেচে। সেখানে স্তম্ভীর্ষসময়-ব্যাপী গোধূলিতে তারা আরামে কাব্য আলোচনা করচে, পরস্পর পরস্পরকে আরুতি করে শোনাচ্ছে নৈসর্গিক শোভা, বনপুষ্পের লাভণ্য সম্বন্ধে নানা কবিতা। নারীপ্রেম নিয়ে কত সঙ্গীত রচনা করে বাছয়ন্ত্রের সাহায্যে অতি স্নকুমার মাধুর্যের সঙ্গে ললিত স্বরে গাইচে—যেন জীবন অনন্ত, সময় অনন্ত। সে সঙ্গীতের ঘুমপাড়ানি মাধুর্য সত্যিই চোখে ঘুম নিয়ে আসে, শুনে যতীনের সত্যিই মনে হচ্ছিল দিগন্তের পাণ্ডুর শোভা শৈলসাহুতটে যে শান্তি ও শ্রী বিস্তার করচে তাতে সব ভুলিয়ে দেয়, জীবনের যুদ্ধ অবাস্তব কাহিনী—জীবন শুধু এমনি নিশ্চিন্ত নিরুপদ্রব গোধূলি দিয়ে ভরা—আর কোথাও ছুটোছুটি করে কি হবে, এখানেই ঘুমিয়ে পড়া যাক্ দিব্যি।

যতীন বললে—আমাদের পৃথিবীতেও এরকম নেই কি দেব ?

—আছে, সে অত্র রকম। এরা এদেশের বসন্তকাল ব্যোপে এরকম উৎসব চালাচ্ছে। এদের বসন্তের স্থায়িত্ব কত জানো ? ন'বছর পৃথিবীর হিসেবে।

যতীন হাঁ করে অবাক হয়ে চেয়ে রইল দেবতার মুখের দিকে।

করণাদেবী ওর বিস্ময় দেখে কোঁতুক অহুভব করলেন। বললেন—নইলে তোমার ভাষায় স্নো ওয়ান্ড হবে কি করে ?...

ও আরও অবাক হয়ে বললে—বা রে, আপনি যে ইংরিজি—

—সব ভাষাতেই কথা বলতে পারি আমরা, বললাম যে। ভাষা কিছুই নয় আমাদের কাছে। তারপর শোনো, এদের বছর কতদিনে জানো ? পৃথিবীর ষাট বছরে এদের দেশের এক বছর। ঐ দেখে বৃহস্পতি গ্রহ ঘুরচে কত আস্তে আস্তে। সূর্য থেকে যে গ্রহ যত দূরে, তার আবর্তন তেজস্বী। আবার এই উপগ্রহের একটা নিজস্ব আবর্তন আছে নিজের কক্ষে—সব মিলিয়ে দীর্ঘ

দিন, দীর্ঘ রাত্রি, দীর্ঘ পথ, দীর্ঘ বছর এখানে। মাহুঘণ ধীর গতিতে চলে, বহু সময় নিয়ে কাঙ্ক্ষ করে, বহু সময় নিয়ে আমোদ করে, বদলায় অনেক সময় নিয়ে। পৃথিবীর মত তাড়াহুড়া নেই, ব্যস্ততা নেই।

—এদের আয়ু ?

—তিনশো বছর প্রায়, তোমার পৃথিবীর হিসেবে। ধীরগামী আত্মা, পৃথিবীর পঞ্চাশ-ষাট বছর বয়সে যারা উন্নতি করতে পারবে না, কিছু বুঝতে পারবে না—এখানে পুনর্জন্ম গ্রহণ করিয়ে দেওয়া হয়। এখানে তারা যাতে ঘুমিয়ে না পড়ে তার ব্যবস্থা আছে।

—কি রকম ব্যবস্থা বড় জানতে ইচ্ছে হচ্ছে—

দেবতা হেসে বলেন—রুদ্ধ ব্যবস্থা কিছু নেই। পৃথিবীতে যেমন আছে যুদ্ধ-বিগ্রহ, ব্যাধি, মহামারী, বিপ্লব, দুর্ভিক্ষ। এখানকার মাহুঘেরা একটু অলস, একটু ধীর-বুদ্ধি—এদের গুণ দয়া করতে হয় অনেকখানি। সবই তাঁর ব্যবস্থা (এখানে গ্রহদেবের মুখশ্রী শ্রদ্ধায়, সম্মানে, ভক্তিতে কোমল হয়ে এল), তিনি তাঁর অসীম করুণায় এ ব্যবস্থা করেচেন—আমরা তাঁর নিয়োজিত ভৃত্য মাত্র। এ কি দেখচো। এর চেয়েও ধীরগামী জগৎ আছে, তবে এ সৌরমণ্ডলে নয়। তিনিই এই সব অলস জড়বুদ্ধি জীবের জগতে উচ্চস্তরের দেবদূত পাঠিয়ে দেন, তাঁরা দেহধারণ করে আসেন এদের শিক্ষা দিতে। তাঁরাই এ সকল পৃথিবীর শ্রীকৃষ্ণ, বুদ্ধ, যীশু, খ্রীষ্টেত্তা, শঙ্কর, ব্যাস, দ্বৈপায়ন—সবাইকে তাঁর লীলাসহচর না করে নিলে তাঁর স্বথ নেই। তাঁর অপার অনন্ত করুণার কথা তোমরা কি জানো? কেবল দুঃখ হয় মাহুঘে তাঁকে আগাগোড়া ভুল বুঝছে। কে তাঁকে জানে বা জানবার চেষ্টা করে? মাহুঘ যদি এক পা এগিয়ে যায়, তিনি তিন পা এগিয়ে আসেন মাহুঘের দিকে। অথচ সবাই নিজেকে নিয়ে উন্নত, পৃথিবীর স্বথ নিয়ে দিশাহারা—তিনি উদাসীন, কেউ তাঁকে চায় না দেখে অপেক্ষা করে করে দোর থেকে চলে যান। কেউ গ্রাহ্য করে না। জগৎজোড়া বনফুলের মালা তাঁর গলায়—অথচ—

পুষ্পের চোখে জল এসে গেল গ্রহদেবের অপূর্ব কণ্ঠস্বরে। সে হাত জোড় করে বলে—প্রভু, একটা কথা জিজ্ঞেস করবো?

গ্রহদেব তখনও আত্মস্থ বিতোর অবস্থায় বলেই চলেচেন আগের কথার জের টেনে—

—দেখ, তোমরা পৃথিবীর ছেলেমেয়ে। আমি তোমাদের ভালবাসি, কারণ তোমাদের জন্ম-জন্মান্তর নিজের হাতে গড়ে তুলেচি। তাঁর জ্যোতির্বিদ্যায় অসীম শূন্যে খোলা রয়েছে, আশ্চর্যের বিষয় সেদিকে কেউ চায় না। সবাই অন্ধ। নরক থেকে বাঁচাতে চাই, কিন্তু পারিনে। অন্ধের মত ছুটে যায় সেদিকে। গুঁকে দেখ—উনি সত্যলোকেরও উর্ধ্বতন স্তরের দেবী কিন্তু নিজের স্বথ চান না। পৃথিবীর ছেলেমেয়েদের দুঃখে প্রাণ কাঁদে বলে কোনো উর্ধ্বলোকেই থাকতে পারেন না। উনি সৌরমণ্ডলের সমস্ত জগতের মা। তোমরা কি আমাদের দেখা পেতে? আমাদের দেখার মত চোখ পেয়েচ শুধু গুঁর কুণায়। নইলে গুঁর নিজের স্তবে উনি জনঃ, মহঃ, তপঃ লোকের জীবের অদৃশ্য। এখানে কোনো লোকের অধিবাসী তাদের উর্ধ্বলোকের অধিবাসীকে দেখতে পার না—দেখা সম্ভব নয়। ওই মেয়েটিকে ভালবাসেন বলে আজ

তোমাদের এই সব সৌভাগ্য। উনি আমারও উৎসর্গ লোকের দেবী, দয়া করে আমার—

করুণাদেবী সলজ্জ হয়ে বলেন—পুষ্প, শোনো তবে—উনি কে জানো? উনি গ্রহদেব বৈশ্রবণ। তোমাদের পৃথিবীর সৃষ্টি, স্থিতি, প্রলয়ের কর্তা। যুগযুগান্তর থেকে তাঁর নির্দেশমত উনি তোমাদের পৃথিবী পরিচালনা করছেন। পূর্ব কল্পের দেবতা উনি। তার পূর্ব কল্পে উনি শ্বেবানপথে জন্মমৃত্যুর আবর্ত অতিক্রম করেন—বহুদূর পথের যাত্রী উনি। ঠাঁর স্বরূপে তাঁকে সত্যলোকের জীবেরাও দেখতে পায় না—চোখ বালসে যায় ঠাঁর তেজে। দয়া করে তোমাদের দৃষ্টির উপযুক্ত কায়া ধারণ করে দেখা দিলেন তাই দেখতে পাচ্চ।

সম্মনে, বিস্ময়ে, ভয়ে ও ভক্তিতে ক্ষুদ্র পৃথিবীর ছেলে-মেয়ে পুষ্প ও যতীন একেবারে নির্বাক হয়ে রইল। পুষ্প কি প্রশ্ন করতে চেয়েছিল তা ভুলেই গিয়েছিল, এই সময়ে মনে আসতে সে আবার হাতজোড় করে বলে—প্রভু, আমাদের জন্মান্তরে কত সৌভাগ্য ছিল যে আপনাদের সাক্ষাৎ...একটা প্রশ্ন আমার আছে—

বৈশ্রবণ বলেন—আমাকে ধন্যবাদ দিও না পুষ্প। কৃতজ্ঞতা জানাও সেই মহামহেশ্বর, বিশ্বব্রহ্মাণ্ডের অধিদেবতা যিনি, তাঁকে। আমরা তাঁর ভূতাদের নির্দেশে চলি—তাঁর দাসসুদাস। এই অনন্ত কোটি ব্রহ্মাণ্ড তাঁর ইচ্ছিতে চলে—অথচ কে জানে তাঁকে? তোমাদের পৃথিবীর জ্ঞানী লোকেরা জানতেন—তাই বলে গিয়েছেন—অশ্র ব্রহ্মাণ্ড সমস্তত: স্থিতান্ততাদৃশান্তনন্তকোটি-ব্রহ্মাণ্ডানি সাবরণানি জলন্তি—এই ব্রহ্মাণ্ডের আশেপাশে এই বকম অনন্ত কোটি ব্রহ্মাণ্ড আবরণের সহিত প্রজলন্ত অবস্থায় অবস্থিত। সে সব ব্রহ্মাণ্ড আমিও দেখিনি। তুমি যে পৃথিবীদেবতার সাক্ষাৎ পেয়েছিলে, তাঁর মত বিরাট দুর্ধ্ব আত্মারা তাঁর রূপায় বহু শৌর্যমণ্ডল, বহু নৌহারিকা, নক্ষত্রজগৎ অতিক্রম করে এই অনন্ত বিশ্বে ঘুরে বেড়াবার অধিকার ও শক্তি পেয়েছেন। বিগত কল্পে আর একজন এমন দেবদূতকে আমি জানতাম—তিনি পৃথিবীর এক আবর্তকাল অর্থাৎ প্রায় বাইশ হাজার বছর ধরে বিদ্যুতের অপেক্ষাও দ্রুতগতিতে পরিভ্রমণ করেও শুধু আমাদের এই ব্রহ্মাণ্ডটার কুলকিনারা পান নি। তা ছাড়াও তো অনন্তকোটিব্রহ্মাণ্ডানি সাবরণানি জলন্তি—কোথায় তার ঠিকানা, কোথায় তার কুলকিনারা, কোথায় তাদের সীমা! এখন ভাবো, এই সমুদ্র বিশ্ব ধীর ইচ্ছিতে চলেচে—পৃথিবীর ছেলেদের খেলবার ক্রীড়নকের মত বন বন করে ঘুরচে—তাঁকে কে জানতো যদি তিনি নিজের দয়ায় রূপা করে—

পুষ্প অনেকক্ষণ থেকে যে প্রশ্ন করতে চাইছিল, এবার তার সুযোগ পেয়ে মরীয়ার হয়ে বলে—প্রভু, আমিও ঐ প্রশ্ন করতে চেয়েছিলুম—আপনি অস্তম্যমী, বুঝতে পেরেই তার উত্তর দিলেন। আমিও জানতে চাইছিলুম ভগবানকে আপনি কি দেখেছেন? দয়া করে আমার এই কৌতূহল—

করুণাদেবী এবার উত্তর দিলেন, কারণ গ্রহদেব তখন আপন ভাবে বিভোর। বিশ্বের ভগবানের কথা মনে গুঁঠাতে অস্ত্র প্রস্নের দিকে তাঁর মন ছিল না, যদি মন নামক অতি ক্ষুদ্র মামুখী ইন্দ্রিয় তাঁর মত বিরাট দেবতাতে আরোপ করা চলে। বলেন—না পুষ্প, উনি দেখেন নি। আমিও দেখি নি। অথচ তাঁকে অল্পভব করেচি। তিনি কোথায় নেই? বিশ্বের প্রতি বাশ্প-

কণায়, জ্যোতিঃকণায়, পৃথিবীসমূহের প্রতি ভূণে প্রতি ধূলিকণায় তিনি। তিনি আছেন তাই আমরা আছি, তোমরা আছ, বিশ্ব আছে। তিনি সকলেরই। তুমি চাও, তোমার—আমি চাই, আমার।

গ্রহদেব বন্ধন—পুষ্প, বুদ্ধি দিয়ে তাঁকে বুরতে যেও না। পারা যায় না। সে ইন্দ্রিয় তোমাদের নেই—তবে শুধু তাঁকে ভালবাসা দ্বারা মন ও বুদ্ধিকে অতিক্রম করে এমন তুমি লাভ করা যায় যে-ভূমি থেকে তাঁকে অহুভব করা যায়। নয়তো যার সে ক্ষমতা নেই—সেও যদি আকুল হয়ে ডাকে—তার মন ও বুদ্ধির গম্য হয়ে নিজেকে খুব ছোট করে সে ভক্তকে তিনি দেখা দেন। পৃথিবীতে কত লোক ইষ্টরূপে তাঁকে ভজনা করে। ছোট্টর কাছে ছোট্ট হয়ে দেখা দেন তিনি—কত রূপা তাঁর। কিন্তু যে রূপ তাঁর নিজের—সে রূপে তাঁকে কে দেখতে পায়—

—প্রভু, কেউ কি পায় না ?

—ব্রহ্মলোকের বহু উর্ধ্বে তাঁর নিজের লোক। দেখি নি, তবে জ্ঞান দ্বারা অহুভব করতে পারি। সেখানে হাজার হাজার কল্পের পূর্বকার মুক্ত আত্মারা আছেন—কখনও দেখিনি তাঁদের। তাঁরা মহাশক্তিধর, বিশ্বের সৃষ্টি স্থিতি লয় করবার ক্ষমতা রাখেন। তাঁরাই তাঁকে স্বরূপে হয়তো দেখেন। কিন্তু মানুষের রূপে দেখতে চাও, তুমিও পাবে। ভক্তিশব্দে চাও। অত বড়ও কেউ নেই, আবার অত ছোটও কেউ নেই।

যতীন বলে—প্রভু, এই পৃথিবীর মানুষে ভগবানকে জানে ?

—সব পৃথিবীর অবস্থাই সমান। সত্য জানতে চায় ক'জন ? এখানে তো দেখচো, ইন্দ্রিয়জ সুখ নিয়ে সবাই মত্ত। সেই বিরাট মহাশক্তির ধারণা করা এদের পক্ষে সহজ নয়। অবশ্য এরা পৃথিবীর জীবের চেয়ে অধিকতর জড়বুদ্ধিসম্পন্ন। বহুকাল যুগ-যুগান্ত কেটে যাবে এদের সমস্ত জড়তা, মনের মালিন্য দূর করে স্বে ধারণা উদ্বুদ্ধ করতে। কিন্তু বিশ্বের ভগবানের অসীম ধৈর্য। কাউকে তিনি অবহেলা করেন না। তবে অনেক দেরি হয়ে যাবে। যারা নিরলস আত্মা, আধ্যাত্মিক জ্যোতিষাদের মধ্যে জলচে স্বয়ম্ভ্র মহিমায়, তারা এক জন্মেই ঘুম ভেঙে চেয়ে দেখে। যেমন বলেছিলেন তোমাদের গ্রন্থের এক প্রাচীন কবি—বেদাহমেতঃ পুরুষং মহাস্তম্ আদিত্যবর্ষং তমসঃ পরস্তাৎ—আমি অন্ধকারের ওপারের সেই আদিত্যবর্ষ মহান পুরুষকে জেনেচি—ওগো শোনা সবাই শোনো—শৃঙ্খল বিশ্ব অমৃতস্ত প্রভাঃ। কত আনন্দ ! আনন্দের ভাগ সবাইকে না দিলে যেন চলতে না। কিন্তু ভাবো, ক'জন সেজন্মে ব্যগ্র ? আদিত্যবর্ষ পুরুষকে না জানলেও তাদের জন্মের পর জন্ম, যুগের পর যুগ, এমন কি কল্পের পর কল্প পরম আরামে অন্ধের মত কেটে যাচ্ছে চির-অন্ধকারে। তার ওপারে কি আছে কে সন্ধান রাখে ?

যতীনের মনে একটা প্রশ্ন জাগলো। প্রশ্নটা সে করলে—তাঁদের মত অসীম শক্তিধর দেবতা রূপা করলে তো একদিনে সে উদ্ধার হয় ! সত্যের প্রচার করে দিলেই তো হয়।

দেবতার মুখে অল্পকম্পার হাসি ফুটে উঠলো। বন্ধন—তা কি হয় ? যে পৃথিবী যে সত্যের জগ্রে প্রস্তুত নয়, যে মানুষকে যে কথা বলে সে বুঝবে না—সেখানে সে সত্য প্রচার করা হয়

না—সে মানুষকে সে কথা জোর করে শোনানো হয় না। স্বাতী নক্ষত্রের জল ঝিলুকে পড়লে মুক্তা হয়—কিন্তু ধুলোয় পড়লে ?...ভগবান মহাজ্ঞানী। যা হয় না, তা তিনি করেন না।

পুষ্প বলে—তবে মানুষের মুক্তি কেমন করে হবে ?

—মানুষ যখন স্বেচ্ছায় এগিয়ে যাবে। তাঁর প্রতি উন্মুখ যে মন, সে মনের সকল ভ্রান্তি তিনি যুচিয়ে দিয়ে সত্যের প্রদীপ জ্বালিয়ে দেন।

—দেব, সহজ কথায় বলুন আমরা কি করবো ? আমাদের কি কর্তব্য ?

—অমেব বিদিত্বাতিমৃত্যুমেতি—তঁাকে জেনেই মৃত্যুকে অতিক্রম করতে হবে।

—কি ভাবে প্রভু ? মৃত্যুকে অতিক্রম করা মানে কি ?

—সাধারণ মানুষের মরচে, আবার জন্মাচ্ছে, আবার মরচে। একে বলে মানব-আবর্ত। একে জয় করাই মৃত্যুকে অতিক্রম করা। তঁাকে না জানলে কিছুতেই এ আবর্ত এড়ানো যায় না। নান্নঃ পন্থা বিত্ততে অয়নায়--আর দ্বিতীয় কোনো পথ নেই।

—পথ বলে দিন দেবতা—আমরা শরণাগত।

গ্রহদেব গন্তীর মুখে বলেন—তঁাকে ডাকো, তাঁর কাছে আলো ভিক্ষা চাও। তাঁর কাছে প্রার্থনা কর সর্বদা। পরকে ভালবাসো। যেখানে প্রেম, ভক্তি, স্নেহ, ক্ষমা—সেখানে তিনি। তিনিই তঁাকে বুঝবার শক্তি দেবেন। তাঁর জন্তে যে সর্বত্যাগী, তাকে হাত ধরে তিনিই নিয়ে যান। পরের জন্তে যে সর্বত্যাগী, তাকে হাত ধরে তিনিই নিয়ে যান।

—এই মানুষের ধর্ম ?

—এর চেয়ে বড় ধর্ম নেই পৃথিবীর মানুষের। যারা নিরলস হয়ে তঁাকে ডাকে, ভাববাসে—পরের সেবা করে, এক অমানব পুরুষ তাদের হাত ধরে দেবযান-পথে জন্মমৃত্যুর দুস্তর অকূল মহাসমুদ্র পার করে নিয়ে যান। ভগবান নিজেই সেই অমানব পুরুষ, অপার করণায় যিনি নিজেই এগিয়ে এসে হাত ধরেন অসহায়ের, শরণাগতের। পৃথিবীর সৃষ্টির আদিকালের বাণী এ। কারণ যা সত্য, তা চিরযুগেই সত্য—এই একই বার্তা যুগে যুগে পৃথিবীতে প্রচার করা হয়েছে, দূতের পর দূত এসেছে গিয়েছে, ‘অন্ধ জাগো!’ না—কিবা রাত্রি কিবা দিন! চোখ আছে, কেউ দেখে না; কান আছে, কেউ শোনে না!

ওরা সে পৃথিবীর একটি হুরমা হৃদ-মত জলাশয়ের ধারে বসেচে। যতীন চেয়ে চেয়ে দেখছিল, ওদের দক্ষিণে পৃথিবীর দেবদারুজাতীয় বৃক্ষের মত এক প্রকার ঘন সবুজ বৃক্ষের সারি, কিন্তু তাতে থাবা-দোপাটির মত রঙীন ফুল এতক্ষুটেছে যে, বড় বড় শাখাপ্রাশাখা নির্মল স্ফটিকের মত জলরাশির কূলে কূলে হুয়ে পড়েচে। বেলা উত্তীর্ণ হয়েছে, নীলকণ্ঠ দিগন্তরেখার দিকে চেয়ে হঠাৎ সে দেখলে বিশালকায় এক দশমী কি একাদশীর চন্দ্র উদয় হচ্ছে। অত বড় চন্দ্র। আকাশের এক দিক জুড়ে আলোয় আলো করে তুলেচে সারা দিক্চক্রবাল।

সে অবাক হয়ে বলে—ও কি রকম চাঁদের মত গুটা—অত বড়—

করণাদেবী হেসে বলেন—বৃহস্পতি। ওর জ্যোৎস্না পড়বে এখুনি। পৃথিবীর জ্যোৎস্নার চেয়ে অনেক বেশি জ্যোৎস্না আর অদ্ভুত শোভা। আর একটা ব্যাপার, তোমাদের পৃথিবীর

মত অমাবস্তা এখানে নেই, উপগ্রহের ক্ষুদ্র দেহ অভবড় বৃহস্পতি গ্রহকে ঢাকতে পারে না, হুতরাং সপ্তমী থেকে পূর্ণিমা পর্যন্ত কলা হয়—কিন্তু দু'বৎসর ধরে শুক্লা রাত্রি চলে।

সে মুগ্ধ হয়ে গেল এই সুদূরতর পৃথিবীর অদ্ভুত জ্যোৎস্নাময় রজনীর শোভায়। হৃদের ওদিকে জলজ ঘাসের আড়ালে তরুদলের ভ্রষ্ট কুসুমরাশি পদদলিত করে একদল পরমা রূপসী নারী জলে নামলো স্নান করতে। কে জানতো আবার এমন সব স্থান আছে, সেখানেও মানুষ আছে! ভগবানের যে কথা গ্রহদেব কিছু আগে বলছিলেন, তাতে তার মন ভরে আছে। যে আদিত্যবর্ষ পুরুষের মানস থেকে এই সব পৃথিবী, এই জ্যোৎস্না, পাহাড় পর্বত, বেবু-বীণার ঝঙ্কারের মত স্বস্বরী ওই হৃন্দরীদের উৎপত্তি, তাঁতেই লয় কল্লাস্তে, সৃষ্টি আর প্রলয় যার নিঃশাস আর প্রশ্বাস—তিনি কোথায়? কে তাঁকে জানে? কি ভাবে তাঁকে জানা যায়? কে দেখিয়ে দেবে তাঁকে?

হঠাৎ চমক ভেঙে সে দেখলে তারা তিনজনে মাত্র আছে। গ্রহদেব বৈশ্রবণ কখন অন্তর্হিত হয়েছেন। করুণাদেবী-বল্লেন—উনি এ সব পৃথিবীর বায়ুমণ্ডলে বেশিক্ষণ থাকতে পারেন না।

পুষ্প বললে—আমাদের বড় শোভাগ্য যে গুঁর দেখা পেয়েছি—অবিশ্বাসি আপনার দয়ায়। ফেরবার পথে আকাশে উঠে পুষ্পকে দেবী দেখালেন, পৃথিবীটার চারিদিকে আকাশে কুয়াশার মত, মেঘের মত পিঙ্গল প্রভায় আবেষ্টিত করে রেখেছে কি সব। বল্লেন—পৃথিবীর তাবৎ অধিবাসীদের বাসনা কামনাই মেঘের মত জমা হয়েছে ও বায়ুমণ্ডলে। ওদের কাছে অদৃশ্য, যেমন আমরা ওদের কাছে অদৃশ্য। তোমাদের পৃথিবীতেও আছে এই রকম—এর চেয়েও বেশি। এই সব ঠেলে আমাদের যাতায়াত বড় কষ্টকর—তোমাদের পৃথিবীর শহরগুলোতে তো আরও বেশি। টাকার নেশা, সুরার নেশা, রূপের নেশা—ওর আকাশ ধূসর বাষ্পে ছেয়ে রেখেচে—তাতে বিধ আছে, আমাদের পক্ষে সে ঠেলে যাওয়া কত কষ্ট! কি করি, পৃথিবীর মত স্থূল দেহের আবরণ তৈরি করে যেতে হয়। কিন্তু গেলে কি হবে, আমাদের পর্যন্ত বুদ্ধি আচ্ছন্ন করে ফেলে, ভালভাবে কিছু দেখতে পাইনে, নিজের স্বরূপ আবৃত করে গিয়েও কিছু করতে পারিনে। যাও তোমরা তাহলে...

ওদের পায়ের তলায় বৃড়োশিবতলার ঘাটে দেখা গেল দিব্যি দুপুরবেলা। দূর পৃথিবীর জ্যোৎস্না ছায়াবাজির মত গিয়েছে মিলিয়ে, তার অপরূপ রূপসী জলকেলিরতা নারীদের নিয়ে।

যতীন বললে—নাঃ, এতদিনে বুঝলুম জগৎটা মায়া!

পুষ্প কৌতুকের স্বরে বললে—অত বড় দার্শনিক:খাসটা ফেল্লে যে? ওটা কি দার্শনিক দার্শ্বাস, না সেখানকার ওই হৃন্দরীদের অদর্শনে—

—যাও, ওসব ভাল লাগচে না। মন বড় চঞ্চল—আমি এখুনি যাবো। আমার মা কাঁদচেন আমার জন্তে।

—কোন মা?

—আরে, কোন মা আবার? পৃথিবীর এই সেদিনের—

পুষ্প খিল্ খিল্ করে হেসে বললে—জগৎটা মায়া বলছিলে না যতীনদা?

যতীন বিরক্তির স্বরে বললে—সব তাতেই তোমার ঠাট্টা। আমার ব্যথা আমিই জানি।

—বেশ ভালই। যাও, গিয়ে দেখে শুনে এসো, মায়ের বাছা—আহা!

—ভুমিও চলে।। পথে নানা বিপদ, চুষকের ঢেউ—ঢেউ কখন কি রকম হবে, ওসব আমি বুঝতে পারিনি। শেষকালে আবার কোথায় গিয়ে ঠেলে উঠবো জন্ম নিয়ে, বিশ্বাস কিছু নেই। তার চেয়ে চলো সন্ধে।

কোলা-বলরামপুর গ্রামে বাঁ বাঁ করচে শতরের দ্বিপ্রহর। নিবিড় বাঁশবনে ঘুষু ডাকচে উদ্দাস-মধ্যাহ্নবেলায়, বনে বনে তিৎপল্লার হলুদ ফুল ফুটেছে। যতীন অনেকদিন পরে বাংলার শরভের এ সুপরিচিত দৃশ্যগুলি দেখলে। বাঁশঝাড়ে মোনার সড়কির মত নতুন বাঁশের চারা ঠেলে উঠেছে, বনসিমতলায় বেগুনী ফুল ফুটে ঝোপের মাথা আলো করচে—বর্ষার শেষে জল সরে যাচ্ছে ডোবায়, পুকুরে নদীতে—তীরের টাটকা কাদায় সাদা বক গের্দি গুলি খুঁজে বেড়াচ্ছে, জলের ধারেই কাশফুলের ঝাড় থেকে হাওয়ায় কাশফুলের সাদা তুলোর মত পাপড়ি উড়চে।

যতীন বললে—কি চমৎকার, পুষ্প! বাংলার সব পাড়ারগায়েই এমন। মন খারাপ হয়ে গেল। এর সঙ্গে জীবনের কত স্মৃতি জড়ানো! ছেলেবেলায় এমনি শরতে পূজার ছুটিতে ফুল-বোভিৎ থেকে বাড়ী আসতুম...ছাথো ছাথো এই গেরস্তর বাড়ীটিতে কি শিউলি ফসটা তলায় পড়ে রয়েছে! আহা!

পুষ্প বললে—তুপরের রোদে এখনও শুকায় নি—ঘন ছায়া কিনা!

যতীন স্বপ্নালস চোখে বললে—কতকাল পরে যেন নিজের মাটির ঘরটিতে ফিরে এলুম পুষ্প। এমনি স্মিত, এমনি আপন। চলো—

ঘরের মধ্যে বিছানা পাতা—তাতে যতীনের সেই তরুণী মা আধময়লা লেপকাঁথা গায়ে শুয়ে ম্যালেরিয়ায় ভুগচে। শুধু এখানে নয়, পাশের বাড়ীতেও তাই—জানলার কাছে ছোট তক্তপোশে আর একটি বৌ শুয়ে জরে এপাশ-ওপাশ করচে, তার পাশে ছুটি ছোট ছোট ছেলে—জরে ধুকচে তারাও। রান্নাঘরে একটি বৃদ্ধা কলাই-এর ডালে সঘরা দিয়েছেন, তারই সুগন্ধ জ্বরাক্রান্ত বাড়ীর বাতাসে। পাশের বাড়ীর বৌটি চিঁচিঁ করে বলচে—একটু জল দিয়ে যাও পিসিমা।

বৃদ্ধা বলচে—একা মাহুস কতদিকে যাবো, একটা হাত পা ৭ কাল গিয়েচে একাদশী, আর এই ঠাট্টুনি। একটু সবর করো। গোরু ছুটো সেই কোন্ সকালে বেঁধে দিয়ে এসেচি নদীর ধারের বাচ্ড়ায়, একটু জল দেখিয়ে আসবার সময় পাইনি এত বেলা হোল।

যতীন এসে ওর নতুন মায়ের বিছানার পাশে দাঁড়ালো। একটু আগে ওর মা ওর কথা মনে করে কেঁদেচে জ্বরের ঘোরে। এই তো গত বর্ষায় ও মায়ের কোল ছেড়ে গিয়েচে, সে স্মৃতি ওর মায়ের মনে এখনও অতি স্পষ্ট। চোখের জল গড়িয়ে পড়েচে বালিশের গায়ে। মাতৃহৃদয়ের নিঃশব্দ ব্যথার অভিব্যক্তি। যতীন বুঝলে, মায়ের এই চোখের জল, বুকের চাপা

কান্নাই তাকে আজ মগ্নস্বর্গের পার থেকে টেনে এনেচে এখানে। মাতৃশক্তির আকর্ষণ অদমা, কেউ তাকে তুচ্ছ করতে পারে না, হোলই বা মাটির ঘরের ছুদিনের মা। সব মা-ই তো ছুদিনের।

পুষ্প বলে -যা ভাবচো তা নয় যতীনদা। মায়ী বলে উড়িয়ে দিতে চেও না পৃথিবীকে, পৃথিবীর স্নেহ-ভালবাসাকে। তোমার সাধিা কি এই মাতৃশক্তিকে অবহেলা কর? নিজের নিজের জায়গায় কারো শক্তি কম নয়।

যতীন কৃত্রিম রাগের স্বরে বলে—ওঃ, এখন যদি সেই সমাধিবাজ সন্নিসিটাকে পেতাম— বুঝিয়ে দিতাম তাকে—

—মহাপুরুষদের নামে অমন বোলো না, ছিঃ! তিনি যে ভূমিতে উঠে জগৎকে মায়ী দেখেচেন, তোমার সে জ্ঞান কোথায়? যে অবস্থা যার, তাই তার কাছে সত্যি আর সহজ। তোমার কাছে এই সত্যি। বন্ধ জীব তুমি।

—তাহোলেই পুষ্প, জগৎটা কি কতকটা ভেঙ্কির মত লাগচে না? বন্ধ জীব বলে গালাগালি তো দিচ্—

—আবার তোমার বোঝবার ভুল। যাক্ ওসব বড় বড় কথা। তিনি যখন বোঝাবেন তখন বুঝো। এখন তোমার মায়ের সেবা করো—আমি মাই পাশের বাড়ীর বৌটির কাছে— জরের ঘোরে বমি করচে ওই শোনো— আহা!

—তার ওপর বাড়ীতে তো দেখচি এক খাণ্ডার পিস্মাশুড়ী ছাড়া মুখে জল দেবার কেউ নেই—

যতীন বসে মায়ের মাথায় হাত বুলিয়ে দিতে দিতে ঘরের চারিদিকে চেয়ে চেয়ে দেখতে লাগলো। অতি দরিত্রের ঘরকন্না, ময়লা কাঁথা, ছেঁড়া মাত্র আর মাটির হাঁড়িকুঁড়ির গেরস্থালি। খানিক আগে পাশের ঘরের মেজ্ঞেতে কে পান্তাভাত খেয়ে এঁটো খালা-বাসন ফেলে রেখেচে—একটা বেড়ালছানা খালার আশেপাশে ঘুরচে। হয়তো তার মা জর আসবার আগে পান্তাভাত কটা খেয়ে থাকবেন, গরীবের ঘরে জরের উপযুক্ত পথ্য জোটে নি। কেন তাকে পুষ্প নিয়ে গেল এখন থেকে? এই ঘরে মায়ের কোলটি জুড়ে সে বেশ থাকতো। তারপর একদিন সুখেহুখে বড়ো হয়ে উঠতো, ভাল চাকুরি করে এই দরিত্রের ঘরনী মায়ের সেবা করতো। ভাঙা বাড়ী সারাতো, মাকে ভালো ভালো শাড়ী, কানের তুল, হাতের বালা চুড়ি কিনে দিতো, ম্যালেরিয়ার সময় এখান থেকে নিয়ে যেতো দেওপার মধুপুরে। ওইখানে সজ্জনেজ্জায় বড় রান্নাঘর তৈরি করে দিত, সানাই বাজনার মধ্যে একদিন বিয়ে করে বোঁ এনে মায়ের বুকে স্নেহের চেটে তুলতো, নানা দিক দিয়ে মায়ের শত সাধ পূর্ণ করতো। আজ এই যে অসহায় অশিক্ষিতা পল্লীবধু জরের ঘোরে তাকেই স্মরণ করে কিছুক্ষণ আগেও কেঁদেচে— কি অপূর্ব! স্নেহের অমৃতই ওর বুকে জমা রয়েছে তার জন্মে। এর জন্মে তার মন পিস্মাসিত— কি হোল তার স্বর্গে গিয়ে? স্বর্গ তো পালাচ্ছিল না?

এই সময় ডাকপিণ্ডন বাইরের উঠানে এসে দাঁড়িয়ে বলে—মনিঅর্ডার আছে।

বাড়ীতে আর কেউ নেই, যত্নের মা ধড়মড় করে উঠে বলে—ও শৈল, শৈল—কোথায় গেলি? মাগো, আমার সবাই মিলে খেলে। কেউ যদি বাড়ী থাকবে—ও শৈল—

যোগিনীর আহ্বানে কোথা থেকে আট দশ বৎসরের একটি বালক ছুটতে ছুটতে এসে বলে—
কি কাকীমা—কি হয়েছে?

—আমার মাথামুণ্ডু হয়েছে। দুপুর বেলা বেরোয় কোথায় সব, বাড়ীতে কেউ নেই—
মনিঅর্ডার এসেচে, নে পিওনের কাছ থেকে; আমার এমন জ্বর এয়েচে যে মাথা তুলতে পারচিনে—
শৈল কোথায়?

—দ্বিদি তাস খেলচে পাঁচুদের বাড়ী—

বালক মনিঅর্ডারের ফর্মখানা হাতে নিয়ে আবার ঘরে ঢুকলো। ওর কাকীমা বলে—
ক'টাকা?

বালক ঘাড় নেড়ে বলে—সে জানে না। বাইরে থেকে পিওন চেষ্টা করে বলে—সাত টাকা
মা ঠাকরণ—সইটা করে দেন—

পিওন ফর্ম সই করিয়ে টাকা দিয়ে চলে গেল। বালক টাকা নিয়ে এসে যোগিনীর হাতে
দিতে যোগিনী তিন চার বার গুনে গুনে বালিশের পাশে রেখে দিলে। যে ভাবে বোঁটি আঁকবে
যে সতর্কতার সঙ্গে টাকা কয়টি বার বার গুনবে তাতেই যত্নের মনে হোল এই দ্বিতীয় সংসারে
গৃহলক্ষীর কাছে ওই সাতটি টাকা সাতটি মোহর। সে যদি বড় হয়ে মায়ের হাতে খলিভর্তি
টাকা এনে দিতে পারতো! আজ সত্যিই তার মনে হোল, পুষ্প তাকে যতই টানুক, উচ্চ স্বর্গের
উপযুক্ত নয় সে। মাটির পৃথিবী তাকে স্নেহময়ী মায়ের মত আঁকড়ে ধরে রাখতে চায় শত বন্ধনে,
তার মনে অহুভূতি জাগায় এই সংসারের ছোটখাটো সুখদুঃখ, আশাহত অসহায় নরনারীর
ব্যথা। তার এই মাকে একলা ফেলে, আশালত্নে নিষ্ঠুর ভাগ্যের হাতে সঁপে দিয়ে সে কোন্
স্বর্গে গিয়ে সুখ পাবে?

যত্নের অদৃশ উপস্থিতি ও স্পর্শহীন স্পর্শ ওর মাকে কথঞ্চিৎ সুস্থ করে তুললে। পুষ্প
এসে বলে—তোমার মাকে ছবি দেখাবো যতীনদা? যেন এক অদৃশ দেবতা ওঁর ছেলের মত
এসে মাথায় হাত বুলায়ে দিচ্ছে—মিষ্টি কথা বলচে—দেখাবো?

—পাশের বাড়ীর বোঁটি কেমন?

—ঘুম পাড়িয়ে এলুম। মাথা ধরেছিল, সারিয়ে দিয়ে এলুম।

—খাওয়ার পিসশাওড়ী কি করচে? বুড়িটা?

পুষ্প হেসে বলে—পিসশাওড়ীর অত দোষ দিও না। বোঁটির চরিত্র ভাল না।

যত্নের মনে পড়লো আশালতার কথা—সে একটু তিক্তস্বরে বলে—মেয়েমানুষ কিনা, তাই
অপর মেয়েমানুষের চরিত্রের দিক্‌টাকে আগে নজর পড়ে। কই আমাদের তো পড়ে না? দেখেই
বুঝে কেলে?

পুষ্প বলে—তা নয়, ওর মনে সব কথা লেখা রয়েছে আমি পড়ে এলুম। ও চিন্তা করচে ওর
একজন প্রণয়ীকে, নাম তার হরিপদ, এই দুপুরে নদীর ঘাটে গিয়ে তার সঙ্গে লুকিয়ে দেখা

করার কথা ছিল, জ্বর এসেচে ঠেসে দুপুরের আগেই।

—যেতে পারেননি বলে ভাবচেন বুঝি? আহা!

—হঠাৎ অত শ্রদ্ধাসম্পন্ন হয়ে উঠলে যে গুর ওপর? এত দরদই বা এল কোথা থেকে? জানো, যতীনদা—আমার একটা ব্যাপার হয়েছে আজকাল, লোকের কাছে কিছুক্ষণ বসলে বা থাকলে আমি তার মনের চিন্তা সব বুঝতে পারি। ও বোর্টির পাশে গিয়ে বসে দেখি ও শুধু কে হরিপদ, তার কথাই ভাবচে। যাক্ গে, তোমার মা কেমন?

—এখন একটু ভালো। মায়ের মনিঅর্ডার এসেচে সাত টাকা কোথা থেকে। দেখতে যদি মায়ের আনন্দ! পুঁপ, কেন আমাকে নিয়ে গেলে? এ দরিদ্র সংসারের উপকার করতে পারতাম বেঁচে থাকলে। আমি হয়তো চাকরি করে—

—আমি নিয়ে যাই সাধ্যি কি আমার? যিনি দীনহুনিয়ার মালিক তাঁর ইচ্ছে না থাকলে—

—তুমি কি দীনহুনিয়ার মালিকের সঙ্গে পরামর্শ করে এ কাজ করেছিলে পুঁপ?

এই সময় যতীনের মা বিছানা থেকে উঠে বাইরের রোয়াকে রোদ্ধুরে গিয়ে বসলেন। ম্যালেরিয়া-রোগীর ভাল লাগে রোদ্ধুরে বসতে। দুটি প্রতিবেশিনী এসে উঠানে দাঁড়িয়ে গল্প করতে লাগলো যতীনের মায়ের সঙ্গে। একজন বলচে—জ্বরটা কখন এল আজ বো?

—দুটো ভাত খেয়ে উঠেচি, খালা তুলিনি—অমনি সে কি ভুতোনন্দি জ্বর। কিন্তু এখন যেন ভালো মনে হচ্ছে। হঠাৎ জ্বরটা আজ যেন কমে গেল।

—হ্যারে, আজ নাকি টাকা এসেচে তোর? ক'টাকা এল?

—হ্যাঁ দিদি, সাত টাকা।

—বাচা গেল! ক'দিন তো একরকম নাঁ খেয়ে ছিলি। বঠাকুর টাকা পাঠাতে অত দেরি করেন কেন? সামনে পূজো—অত দেরি করেই যখন পাঠালেন তখন আরও কিছু—

—কোথায় পাবে দিদি যে পাঠাবে। এই তো সেদিন বাড়ী থেকে গেল। পনেরো টাকা তো মোটে মাইনে—মনিব যে উনপাঁজুরে লোক, দু-এক টাকা আগাম চাইলে তা দেবে না। গুরও তো শরীর ভাল না, সবই জানো। সেবার সেই বড় অহুথের পরে আর শরীর ভাল সারলো না। ওই মাহুথকে একা পাঠিয়ে যে কত অশান্তিতে ঘরে থাকি—তার উপর আমার থোকা যাওয়ার পর উনি একেবারে—

যতীনের মা নিঃশব্দে কাঁদতে লাগলেন। প্রতিবেশিনীরা শাস্তনার কথা বলতে লাগলো। একজন বললে—যাও বো, রোদ্ধুরে বোসো না, বমি হবে। ঘরে শোওগে। কি করবে বলো, সবই অদেট।

যতীনের মা চোখের জলে ভেজা সুরে বললেন—তোমরা আশীর্বাদ করো দিদি, উনি ভালো থাকুন। ওই সাত টাকাই আমার সাত মোহর। পূজোর সময় আসতে পারবেন না বলে লিখেচেন কুপনে—সেই কি কম কষ্ট আমার। পোড়ারমুখে মনিব মহালে পাঠাবে খাজনা আদায় করতে—ছুটি পাবেন না—

পুষ্প হঠাৎ বলে উঠলো—আমি বলছি তিনি বাড়ী আসবেন, আসবেন !

যতীন অবাক হয়ে পুষ্পের দিকে চেয়ে রইল। পুষ্পের মুখে এক অদ্ভুত জ্যোতি ফুটে উঠেছে, ওর কণ্ঠস্বর যেন দৈববাণীর মত শক্তিশালী ও অমোঘ।...

কথা শেষ করে যখন পুষ্প ওর দিকে চাইলে তখন পুষ্পের চোখে জল।

যতীন বললে—কি হোল তোমার, পুষ্প ?

পুষ্প তখনও স্বাভাবিক অবস্থায় ফিরে আসেনি। বললে—সতীলক্ষ্মী উনি—জয় হোক ঠাঁর। পায়ে হাত দিয়ে প্রণাম করো মাকে।

তারপর দুজনে আরও অনেকক্ষণ সেখানে রইল। যতীনের মাথের জঁর ছেড়ে যায় নি, তিনি আবার শয়্যায় গিয়ে শুয়ে পড়লেন, কিছুক্ষণ এপাশ ওপাশ করে তিনি জঁর কমবার সঙ্গে সঙ্গে নির্জীবভাবে ঘুমিয়ে পড়লেন।

যতীন বললে—ভালো কথা, মাকে এবার সেই ছবিটি দেখাও না ? যেন এক দেববালক ঠাঁর মাথার শিয়রে বসে মাথায় হাত বুলিয়ে দিচ্ছে—এই অবস্থার স্বপ্ন বেশ স্পষ্ট হবে।

পুষ্প বললে—না। কি জানো যতীনদা, ভেবে দেখেছি তারপর। ওসব ছবি যে দেখে সে সংসার করতে পারে না। মন চঞ্চল হয়ে যায়। পৃথিবীর মন একরকম, ভূবলোকের মন আলাদা। এর সঙ্গে ওকে জড়াতে নেই। ওসব দর্শন 'হয় কাদের, যারা আধ্যাত্মিক জীবন শুরু করবে। সংসারী লোকদের অমন ছবি দেখাতে নেই। আমি দেখাতে পারি, তোমার মা জেগে উঠে কাঁদবেন, উদাস হয়ে থাকবেন দিনকতক, সংসারের কিছু ভাল লাগবে না। প্রতিদিনের সাংসারিক জীবনে মন দিতে পারবেন না। কি দরকার স্বস্থ শরীর ব্যস্ত করে।

যতীন আগ্রহের স্বরে বললে—নয়তো মাকে একবার ঘুমের মধ্যে ভূবলোকে নিয়ে যাই না কেন ? বেড়িয়ে দেখে আসুন।

—উনি এখনও তার উপযুক্ত হন নি। কিছু বুঝতে পারবেন না, হয়তো ঠাঁর স্বস্থ শরীর অজ্ঞান হয়ে পড়বে সেখানে। সব এক মাজগুণী স্বপ্ন বলে ভাববেন। বুধা পরিশ্রম। চলে। যাই, বেলা গেল।

নিকটেই এক ঝোপে তিৎপল্লার হলুদ ফুলে রঙীন প্রজাপতির বাঁক উড়তে দেখে ওরা সেখানে গিয়ে দাঁড়ালো। পুষ্প বললে—কি সুন্দর, না ? শুঁয়োপোকা থেকে কেমন চমৎকার রঙীন জীব তৈরি হয়েছে তাখো। শুঁয়োপোকা মরে যায়, গুটি কেটে প্রজাপতি উড়ে বেরায় ! মাটিতে কত আশ্চর্য চলে শুঁয়োপোকা—আর কেমন তাখো প্রজাপতি নীল আকাশের তলায় ফুলে ফুলে উড়ে বেড়াচ্ছে। শুঁয়োপোকা কল্পনা করতে পারে মরবার পরে সে প্রজাপতি হবে ?

যতীন হেসে বললে—মানুষ কল্পনা করতে পারে মৃত্যুর পর সে বিশ্বের নীল আকাশের তলায় বিচ্যুতগতিতে উড়ে বেড়াতে পারবে ? শুঁয়োপোকাকার মন অন্ধ, মানুষও তেমনি অন্ধ।

প্রদোষালোকে স্নানায়মান ধরণী গতির বেগে ওদের পায়ে নীচে কোথায় অস্পষ্ট হয়ে ঝিলিয়ে গেল ? সেই ধরণীর এক প্রান্তে যতীনের দরিদ্র জননী গভীর ঘুমে অচেতন রইলেন, জানতেও পারলেন না তাঁর ভাঙা ঘরে এ অদ্ভুত আত্মিক আবির্ভাবের রহস্য।

সেদিন পুষ্পই প্রথম তাঁকে দেখলে। সেদিন ওরা বুড়াশিবভলার ঘাটে ফিরে আসছিল পৃথিবী থেকে—ফেরবার পথে একটা ক্ষুদ্র পাহাড়ের ওপর বসেচে—হঠাৎ আকাশে বিদ্যুৎ-লেখার মত উজ্জ্বল জ্যোতি দর্শন করে পুষ্প বল্লে—তাথো তাথো—কোন দেবতা আসচেন! যতীনও দেখতে পেলে। একটা বিশাল উন্মাদ যেন আগুনের অক্ষরে শূন্যের গায়ে তার বার্তা ঘোষণা করচে। ..

চক্ষুর পলকে সেই পৃথিক দেবতা কায়্যা ধারণ করে ওদের সামনে আবির্ভূত হোলেন। পুষ্প ও যতীন উভয়েই শচিনলে—যে দেবতা একবার মহাশূন্যে পথ হারিয়ে ওদের কুটির-প্রাক্ষণে বিভ্রান্ত অবস্থায় এসে পড়েছিলেন, সেই ভ্রাম্যমাণ আবিষ্কারক দেবতা।

দেবতা বল্লে—তোমাদের কথা স্মরণে রেখেচি। আবার দেখা করবো বলেছিলাম, মনে আছে কত্না ?

পুষ্প ও যতীন দেহরতার পাদবন্দনা করলে। পুষ্প বল্লে—দেব, আপনি ভ্রমণের গল্প করুন। যতীন বল্লে—একটা কথা, দেব। আমাদের পৃথিবীর পণ্ডিতরা অতুমান করচেন আমাদের এই সৌর-জগতের বাইরে অল্প কোনো নক্ষত্রে কোনো গ্রহ নেই। একথা কি সত্য ?

দেবতা হেসে বল্লে—ভুল কথা। বিশ্বের এই অঞ্চলেই বিভিন্ন নক্ষত্রে লক্ষ লক্ষ গ্রহ বর্তমান। বহু শ্রেণীর জীবতাতে বাস করচে। তোমাদের পৃথিবী যতটুকু এর চেয়ে অনেক বৃহত্তর ও সুন্দরতর গ্রহ বিশ্বের এই অঞ্চলে বহু নক্ষত্রে বর্তমান।

যতীন বল্লে—দেব, বিশ্বের এই অঞ্চল বলে আপনি কতটুকু জিনিসের কথা বলচেন ?

—বিদ্যুতের বেগে যদি যাও, তবে এক কোটি বৎসর লাগবে তোমাদের এই নক্ষত্রমণ্ডল পার হতে। এ রকম লক্ষ লক্ষ নাক্ষত্রিক বিশ্ব ছড়ানো রয়েছে চারিদিকে। আমি বিশ্বের এ অঞ্চল বলতে তোমাদের ছায়াপথের নিকটবর্তী অঞ্চলের কথা বলচি।

পুষ্প বল্লে—আমাদের একবার নিয়ে যাবেন বলেছিলেন ওই সব দূর দেশে ?

—চক্ষু মুদ্রিত কর। গতির প্রাচ্য ও তেজ তোমরা সহ্য করতে অভ্যস্ত নও—জ্ঞান হারিয়ে ফেলবে। দুজনেই চক্ষু মুদ্রিত করো—প্রস্তুত হও—মধ্যাপথের অল্প কোনো নক্ষত্র বা গ্রহলোক তোমাদের দৃষ্টিগোচর হবে না।

গতির কোনো অতুভূতিই ওদের পোল না, চক্ষুর পলক ফেলতে যত বিলম্ব হয়, ততটুকুও বোধ হয়নি—পৃথিক দেবতা বল্লে—চোখ চেয়ে দেখতে পারো—

পুষ্প ও যতীন সম্মুখের দৃশ্য দেখে চমকে উঠলো। তারা এ কোথায় এসেচে—এক বিরাট অগ্নিমণ্ডল তাদের সামনে—সে অগ্নিমণ্ডলের মধ্যে বহুলাংশ বিশালকায় কটাহে যেন লক্ষ কোটি মণ ধাতু বিগলিত হচ্ছে একসঙ্গে—লক্ষ লক্ষ মাইল উর্ধ্বে উঠে রক্তবর্ণ স্ময়শ্রুত বাষ্পশিখা—রক্ত-আগুনের শিখার মত। বাল্যকালে জলন্তস্তের ছবি দেখেছিল যতীন পৃথিবীর পাঠশালায় কোনো পুস্তকে—এখন ওর চোখের সামনে ধারণার অতীত বিশালকায় অগ্নি ও প্রজ্বলন্ত বাষ্পের ষাড়া সোজা উর্ধ্বস্ত চক্ষুর নিমেষে উঠে যাচ্ছে যেন দশ হাজার মাইল, যেদিকে চাওয়া যায়

দাউ দাউ করতে শুধু আগুন—অথচ পৃথিবীর আগুনের মত নয় ঠিক—জ্বলন্ত বাষ্পরাশি হয়তো । অগ্নিমণ্ডলের চারিদিকে শুভ্র- ও রক্ত-আগুনের ছটা—গ্রহণ যোগে দৃশ্যমান সূর্যের চারিপাশে দৃষ্ট সৌরকিরীটের (corona) মত । কোন্ রক্ত ভৈরবের প্রচণ্ড আবির্ভাব এ ! এখানে না আছে নারী, না আছে শিশু, না আছে বনকুহুমের শোভা, না আছে জীবের জীবনস্বরূপ বারি । কিন্তু এই রক্তের বামমুখ প্রত্যক্ষভাবে দেখবার স্বযোগ ঘটে না কারো—এ ভয়ঙ্কর মূর্তিকে দেখতে পেয়ে অন্তরাশ্মা যেমন থর থর কঁপে উঠলো ওদের, তেমনি ওদের মনে হোল, এই অদ্ভুত ভয়ঙ্করের আবির্ভাবের ও অস্তিত্বের সামনে তাদের সকল ক্ষুদ্রত্ব ও সংকীর্ণতা এখানকার বাষ্প-মণ্ডলের কটাহে বিগলিত বহু লৌহ, তাম্র, নিকেল, এলুমিনিয়ম, কোবাল্ট, প্রান্তর, স্বর্ণ, রৌপ্যের মতই দ্রবীভূত হয়ে নয় শুধু, বাষ্পীভূত হয়ে যায়—যেমন যাচ্ছে ঐ সব ধাতু নিম্নে তাদের দৃষ্টির সম্মুখে ।

দেবতা বলেন—এ একটা নক্ষত্র । কিন্তু কামচারী বা বিদ্যুৎচারী না হোলে তোমরা এর বিরাটত্ব কিছুই বুঝতে পারবে না । তোমাদের জড়জগতের অবস্থানকালের কোনো মাপকাঠি ব্যবহার করে এ নক্ষত্রের সীমা পাবে না । চেষ্টা করো—চলো—

পুষ্প ও যতীন যে বেগে যেতে ইচ্ছা করলে, তাকে পৃথিবীতে রেলগাড়ীর বেগ বলা যেতে পারে । দেবতা গতির বেগ কমিয়ে ওদের সঙ্গে চলেছেন । গুরা সববেগে যেন উড়ে চলেচে একটা অগ্নির মহাসমুদ্রের ওপর দিয়ে ও একটা জ্বলন্ত অগ্নিকুণ্ডের অগ্নিশিখার মধ্যে দিয়ে—ওদের চারিপাশে ঘিরে অগ্নি-দেবতার রক্ত-চক্ষু । বহুক্ষণ গুরা গেল, পৃথিবীর হিসেবে দশ বারো ঘণ্টা । ওদেরও ক্লান্তি নেই, যাত্রাপথেরও শেষ নেই—মহা অগ্নিসমুদ্রেরও কুলকিনারা নেই ।

দেবতা বলেন—তোমরা যদি জড়বস্তুর উপাদানে তৈরি হতে এই জ্বলন্ত নক্ষত্রের বহুদূর থেকে তোমাদের দেহ জলে পুড়ে বাষ্প হয়ে উড়ে যেতো- আকর্ষণের বলে সে বাষ্পটুকু এই বৃহত্তর বাষ্পমণ্ডলে প্রজ্বলন্ত অবস্থায় প্রবেশ করে মিশিয়ে যেতো—

পুষ্প বলে—আর সহ করতে পারবো না—আমাদের ফিরিয়ে নিয়ে চলুন দেব দয়্যা করে ।

দেবতা প্রসন্ন হেসে বলেন—বিশাল বিশ্বের রূপ সবাই সহ করতে পারে না, দেখতে চায়ও না । শক্তিমতী হও । ভগবান তাকেই এসব দেখান, যে তাঁর বিশ্বের বিরাটত্ব দেখে ভয় পাবে না । আমি হৃদীর্ঘ জন্ম-জন্মান্তর ধরে এ সাধনা করেছিলাম—তারপর জড়জগৎ থেকে এসে বহুকাল ধরে শুধু বিশ্বভ্রমণ করে বেড়াচ্ছি । এই আমার সাধনা—এতে আমি সিদ্ধিলাভ করেছি । কিন্তু আমিই দিশাহারা হয়ে যাই সময় সময় । •তোমরা কী দেখেচ, এক কণিকাও নয় ।

পুষ্প বলে—আর কী দেখাবেন বলুন দেব, এ আগুনের দৃশ্য আমার আর সহ হচ্ছে না—

—তোমাকে এর চেয়েও বৃহত্তর নক্ষত্রের অগ্নিমণ্ডলে নিয়ে যাবো চলো । শক্তিমতী হও । এবার চোখ চেয়ে চলো । তোমাকে চোখ তখন মুদ্রিত করতে বলেছিলাম কেন জানো ? তোমাদের জড়জগতের অতি নিম্ন স্তর অতিক্রম করতে হবে আসবার পথে । সে অতি কুশ্রী স্তর । তোমরা দেখলেভয় পেতে—তাই দেখাই নি ।

যতীন আগ্রহের স্বরে বলে—নরক ? সে দেখতে বড় ইচ্ছে, দেব ! দয়্যা করে—

দেবতা গম্ভীর স্বরে বলেন—প্রত্যেক জড়জগতের অমনি নিম্নতর আত্মিক স্তর আছে। জড়জগতের অপুষ্ট আত্মা ওখানে আসে। পৃথিবীর নবক তবুও ভালো, কারণ গ্রহ হিসাবে পৃথিবীর জীবদের আধ্যাত্মিক প্রগতি অনেক বেশি। তোমাদের দেখে তা মনে হচ্ছে। এমন গ্রহ তোমাদের দেখাতে পারি যেখানকার জীবের চৈতন্য নিম্ন স্তরের। তোমাদের পৃথিবীতে তেমন শ্রেণীর জীব নেই।

ওরা অনন্ত ব্যোমের যে অংশ দিয়ে যাচ্ছিল, যতীন তার চারিদিকে চেয়ে কোনো পরিচিত নক্ষত্রমণ্ডল দেখতে পেলো না—সপ্তর্ষিমণ্ডল, কালপুরুষ, ধ্রুবনক্ষত্র, এমন কি বৃশ্চিক পর্যন্ত না! অসীম বিশ্বের কোঁন স্কন্দর অংশে তারা এসে পড়েচে যেখান থেকে সপ্তর্ষিমণ্ডল বা বৃশ্চিক কিংবা ক্যাসিওপিয়া দেখা যায় না। প্রশ্নটা সে পথপ্রদর্শক দেবতাকে করলে।

দেবতা হেসে বলেন—আমি তোমাদের ওসব নক্ষত্র চিনি না। তোমাদের জড়জগৎ থেকে চিরকাল দেখে আসচো বলে ওগুলো পৃথিবীর জীবের কাছে সুপরিচিত। বিশ্বের পথিক আমি, আমার কাছে ও-রকম লক্ষকোটি ধ্রুব আর সপ্তর্ষি অগণ্য জ্যোতির্লোকের ভিড়ে মিশিয়ে গিয়েচে।

পুষ্প অনেকক্ষণ থেকে লক্ষ্য করছিল আকাশের ওপরদিকে বকের পালকের মত বহুদূরব্যাপী রঙীন মেঘরাশি এক জায়গায় স্থির ছবির মত দৃশ্যমান।

পুষ্প কোঁতুহলী হয়ে বলে—ওই মেঘের মত কী ওগুলো দেব ?

—আমি জানি কিন্তু কখনো দেখিনি। ওগুলো বহু উচ্চ স্তরের জীবলোক।

—জড়দেহধারী জীব ?

—না। তোমরা যাকে বলবে আত্মিক লোক—

—অনেক উঁচু স্তরের আত্মা ?

—খুব উঁচু।

যতীন ওদের কথা শুনছিল—সাগ্রহে বলে, একটা প্রশ্ন করবো যদি কিছু মনে না করেন স্মার—আই মিন্—মানে, দেব।

পুষ্প জরুটি করে বলে—তোমার এখনও পৃথিবীর সংস্কার গেল না যতীনদা ?

দেবতা ওদের মনোবৃত্তি অনেক সময় ঠিক বুঝতে পারেন না ; রাগ, অশ্রদ্ধা, হিংসা প্রভৃতি মনোভাবের বহু উদ্দেশ্য তাঁরা। তিনি অনেক পরিমাণে সরল বাসকের মত। পুষ্প লক্ষ্য করচে—করণাদেবীও অনৈক সময় বারো বৎসরের পঞ্চাধিব বাসিকার মত কথা বলেন, ব্যবহার করেন। উচ্চতর দেবচরিত্রের এদিকটা আজকাল বেশি করে ওদের দুজনেরই চোখে পড়চে।

যতীন আরও বিনয়ের সঙ্গে বলে—একটা প্রশ্ন ছিল—আপনি ওখানে যান নি কেন ?

দেবতা বলেন—এর উত্তর খুব সোজা। ওসব লোক আমার নিকট অদৃশ্য।

পুষ্প ও যতীন দুজনেই বিস্ময়ে স্তব্ধ। পুষ্প বলে—আপনার কাছেও অদৃশ্য ? দেব, ঠিক বুঝতে পারলুম না।

এইবার সামনে বহুদূর থেকে ওরা দেখতে পেলো সারা আকাশ জুড়ে একটা বিশাল অগ্নিক্ষেত্র

ওদের দিকে যেন ছুটে আসচে। ঘোর শুভ্রবর্ণ মহাপ্রজ্বলন্ত বাষ্পপরিবেশ, মাঝে মাঝে তা থেকে সহস্র যোজনব্যাপী বাষ্পাগ্নি বহু উর্ধ্বে উঠে মহাক্রমের মত সর্বধ্বংসকারী প্রলয়ের ছঙ্কার ছাড়চে। সে দৃশ্য দেখে পুষ্পের চেতনা লোপ পাবার মত হোল।

যতীন সেই কালাগ্নির ভৈরব দৃশ্যের দিকে পেছন ফিরে বল্লেন—ভীষণ ব্যাপার, আমাদের পক্ষে এ দৃশ্য না দেখাই ভালো। ভয় করে প্রভু।

দেবতা হেসে বল্লেন—শুধু বিশ্বদেবের মোহনমূর্তিই দেখবে, তাঁর করাল, রূদ্র রূপ দেখলে ভয় পাবে কেন? ধ্বংসদেবের বিষণ-ধ্বনি শোনাবো তোমাদের। আত্মার দুর্বলতা দূর কর।

—কিন্তু আপনার শিষ্যা যে অচেতন হয়ে পড়েছে! ও মেয়েমানুষ, ওকে 'ও রূপ আর নাই বা দেখালেন প্রভু?

সেই বিরাট কালাগ্নিবেষ্টিত মহাদেশ তখন ওদের অদূরে। যতীনের দেখে মনে হোল একটা প্রজ্বলন্ত বিশ্বপৃথিবী তার সামনে। অল্প পরেই দেবতার অদ্ভুত শক্তিবলে গুণ্ডা দুজনেই সেই বিরাট অগ্নিমণ্ডলের মধ্যে গিয়ে দাঁড়ালো। ওদের চারিধারে শুধু-শুভ্র জ্বলন্ত হিলিয়াম ও ক্যালনিয়াম বাষ্পরাশি মহাবেগে ঘূর্ণ্যমান, কোথাও রাঙা শিখা নেই—শুধুই শ্বেতশুভ্র—আবার বহুদূর অগ্নিময় দিগন্তে লকলকে রাঙা হাইড্রোজেনশিখা অজগরের মত ফুঁসে গর্জে তেড়ে উঠচে চক্ষের পলকে লক্ষ লক্ষ মাইল। ধ্বংসদেবের বিষণ-ধ্বনির মত ভৈরব ছঙ্কার সে কালাগ্নিমণ্ডলের চারিদিক থেকে একসঙ্গে অনবরত শোনা যাচ্ছে। একটা গোটা ব্রহ্মাণ্ড যেন দাঁউ দাঁউ করে জ্বলচে! অতি ভীষণ, রৌদ্ররূপ প্রকৃতির।

ভয়ে, বিশ্বয়ে যতীন আড়ষ্ট হয়ে চারিদিকে চেয়ে চেয়ে দেখলে। রৌরব নরকের বর্ণনা সে কিসে যেন পড়েছিল তার পৃথিবীর বাল্যজীবনে। এই কি সেই রৌরব নরক? কোন্ দেবতার তাণ্ডবনৃত্যের পদচিহ্ন এর প্রতি অগ্নিশিখাটির গায়ে আঁকা, উদ্ধত ও ভয়াবহ মৃত্যুদহন এর কালাগ্নিপরিবেশের প্রতি অণু প্রতি পরমাণুর মর্শস্থলে?

দেহতা বল্লেন—ভয় পেয়ো না। এই থেকেই সৃষ্টি। দাঁড়িয়ে দেখ।

শুধু স্নেহবেগে ধাবমান অণুপরমাণুপুঞ্জের সংঘর্ষে উৎপন্ন এই বিশাল অগ্নিময় মহাদেশ যেন চারিদিক থেকে ওদের ঘিরেছে—এর শেষ কোথায়? অতি নীলাভ শুভ্র অগ্নিগর্ভ বাষ্পপুঞ্জ, উর্ধ্বে, নিম্নে, দক্ষিণে, বামে—ভৌমবেগে সঞ্চরণশীল, আলোড়নে ও আক্ষেপে উন্মাদ সে বহিমান ব্রহ্মাণ্ড ধরার মানুষ্য সহ করতে পারে না। যতীন অহুভব করলে সেও উন্মাদ হয়ে যাবে এ দৃশ্য বেশিক্ষণ দেখলে। মনে পড়লো গ্রহদেবের মৈদিনকার কথা, সেই অদ্ভুত সত্য কথা—অশু ব্রহ্মাণ্ড সমস্ততঃ স্থিতাত্মেতাদশাশ্রানন্তকোটিব্রহ্মাণ্ডানি সাবরণানি জলন্তি—পৃথিবীর প্রাচীন দিনের জ্ঞানীরা যে বাণী উচ্চারণ করে গিয়েছিলেন তপস্বী দ্বারা সত্যকে অহুভব করে।

হঠাৎ পৃথিক দেবতা যেন ভাবাবেগে সমাধিস্থ হয়ে নিষ্পন্দ হয়ে গেলেন ঋণকালের জন্তে। হৃন্দর চক্ষুহুটি মূর্ত্তিত করে সেই অগ্নিশিখার মধ্যে তিনি স্থির প্রশান্ত বদনে দাঁড়িয়ে আপন মনে অক্ষুট স্বরে বলতে লাগলেন—হে অনল, হে সর্বেশ্বর, হে পরাবরস্বরূপ, কারণে তুমি বর্তমান, কার্যেও তুমি বর্তমান, তুমিই ঋণ—ধ্বংসের মধ্যে তোমার সৃষ্টি সার্থক হোক। জন্ম হোক

তোমার !

ওদের দিকে ফিরে বলেন—চলো। কল্পা এখনও অচেতন ? এই নক্ষত্রের অগ্নিমণ্ডল ছাড়িয়ে গেলেই জ্ঞান ফিরে পাবে।

যতীন সশ্রদ্ধ বিশ্বয়ে চেয়ে ছিল দেবতার সেই ধ্যানপ্রশান্ত গম্ভীর রূপের দিকে। অদ্ভুত এ মূর্তি। সাক্ষাৎ সবিতৃমণ্ডল-মধ্যবর্তী জ্যোতির্ময় নারায়ণ যেন তার সম্মুখে। সে মুখে অনায়াস করুণা ও গভীর মৈত্রীর চিহ্ন, ব্রহ্মাণ্ডের জরামরণচক্রে বদ্ধ জীবকুলকে যেন অভয় দান করচে। কে বলেছিল এঁকে নাস্তিক ?

দেবতা বলেন—জানো, প্রত্যেক গ্রহ বা নক্ষত্র, প্রত্যেক জড় বা বাষ্পপিণ্ড যা আকাশে ছড়ানো আছে—তোমাদের সূর্য নামক সেই ক্ষুদ্র নক্ষত্রও এর মধ্যে—প্রত্যেকটি এক এক চুষক। এরা পরস্পর পরস্পরকে আকর্ষণ করচে। সমস্ত ব্যোম ব্যোপে এই বিরাট চৌম্বক ক্ষেত্রে—কোনো জড়দেহধারী জীবের সাধ্য নেই এই বিশাল চৌম্বকক্ষেত্রের আকর্ষণশক্তিকে জয় করে স্বেচ্ছায় অগ্রদর হয়। •

যতীন বলে—দেব, আমাদের সূর্যও বড় চুষক ? পৃথিবীও ?

—তোমাদের পৃথিবীও। সূর্য তো বটেই। প্রত্যেক নক্ষত্রও।

কয়েক মুহূর্তের মধ্যে ওরা বহুদূর চলে এল নক্ষত্রটা থেকে—ওদের মাথার ওপরে বহুদূরে সেটি একটি বিশাল বহ্নিগোলকীয় মত জ্বলে তখনও।

হঠাৎ যতীনের মনে পড়লো সেই পূর্বের কথাটি।

সে বলে—দেব, আপনি তখন বলেছিলেন ওই সব মেঘের মত দেখা যাচ্ছে যা, ওগুলো আপনার কাছেও অদৃশ্য জীবলোক ?

দেবতা বলেন—জীবলোক বলিনি—স্বলদেহধারী জীব নেই ওতে। আত্মিকলোক বলেছি।

পুষ্পের এবার জ্ঞান হয়েছে। সে বিশ্বয়ের সঙ্গে ওদের দিকে চেয়ে চোখ খুলে বলে—এ কোথায় চলেছি ?

যতীন হেসে বলে—তার চেয়ে কোথা থেকে আসছি বলে প্রশ্নটা স্তূর্ট হতো। আমরা আসছি বহুদূরের নক্ষত্রলোক দেখে।

—আমি কোথায় ছিলাম ?

—অজ্ঞান হয়ে পড়েছিলে।

পুষ্পের এবার জ্ঞান সম্পূর্ণ ফিরে এল। সে বলে—মনে পড়েছে এবার। দূর থেকে যা দেখেছি, তাই যথেষ্ট। উনি দেবতা—তা বলে আমরা সামান্য মানুষ—ও সহ্য করতে পারা কি—

যতীন প্রতিবাদ করে বলে—আমরা এখনও সামান্য মানুষ ? এতকাল স্বলদেহ ছেড়ে এসে এখনও সামান্য মানুষ ?

পশ্চিক দেবতা হেসে বলেন—তোমার পূর্ব প্রশ্নের উত্তর আর এ প্রশ্নের উত্তর একসঙ্গেই দ্বিচ্ছিন্ন শোনো। ওই যে সব মেঘের মত দেখা যাচ্ছে বহুদূরে, ওগুলো বহু উচ্চ স্তরের আত্মিক

লোক । ওতে যারা বাস করেন তাঁরা এবং তাঁদের বাসভূমি দুই-ই আমার কাছে সম্পূর্ণ অদৃশ্য । অথচ আমি কতকাল ধরে শুধু ভ্রমণ করেই বেড়াচ্ছি—কত যুগ যুগ এসেচি আশ্মিক লোকে— আর তোমরা দুদিন এসেই—

যতীন বিশ্বয়ে কেমন হয়ে গেল । এই মহান দেবতা—ইনিও ছোট ? তাহলে তারা কোথায় আছে ? কীটশ কীট—তাই বুঝি অত অহংকার ? কিন্তু কি বিশাল, অনন্ত সময় এ ব্রহ্মাণ্ড—কত অসংখ্য জীবলোক, আশ্মিক লোক, অনাদি, অনন্ত সময় ব্যোপে কি অনন্ত বিবর্তন ! তাদের সবারই ওপর সেই বিশ্বনিয়ন্ত্রা । সত্যিই ভগবানের নাগাল কে পাবে ? তিনি কোথায় আর তারা কোথায় !

যতীন বললে—আপনি শুধু ঘুরে ঘুরে বেড়ান কেন, দেব ?

—কেন বলো তো ?

—আজ আপনাকে যে চোখে দেখলাম—অনুগ্রহ করে কিছু মনে করবেন না স্মার—মানে—মানে—

পুষ্পের জ্রুটি ওকে নির্বাক করে দিলে ।

দেবতা নিজেই বোধ হয় ওর মন বুঝে জবাব দিলেন ।

—এই ভ্রমণই আমার উপাসনা । কত সৌন্দর্য দেখেচি, কত ভয়ানক রূপ দেখেচি তাঁর—যেমন তোমরা আজ দেখলে । এও কিছু নয়—এর চেয়ে অতি ভীষণ রূপ আছে সৃষ্টির । সে সব সহ্য করতে পারবে না তোমরা । আমি এর মধ্যেই তাঁকে দেখি ।

যতীনের চেয়ে পুষ্পের মধ্যে আধ্যাত্মিকতা বেশি, সে বললে—প্রভু, আপনি তাঁকে দেখেচেন ?

ওরা একটা অপরিচিত গ্রহের নিকট দিয়ে যাচ্ছিল, আকাশপথ থেকে তার বিচিত্র ধরনের গাছপালা, পাহাড়-পর্বত সব দেখা যাচ্ছিল । গ্রহে তখন রাত্রি গভীর । লোকালয় বড় কম তাতে, কেবলই ভীষণ অরণ্যানীলমাচ্ছন্ন শৈলমালা ও উপত্যকা । ওর একটা সাথী উপগ্রহ থেকে নীল জ্যোৎস্না পড়ে সে সব এমন একটা সৌন্দর্যে ভূষিত করেছে—পৃথিবীতে কেন, এ পৃথিবী স্বর্গলোকেও সে রকমটা দেখেনি ওরা । অপার্থিব তো বটেই, অদৈবও বটে । বনে বনে নীল জ্যোৎস্না—মুগ্ধ হয়ে গেল ওরা সে গ্রহের গভীর রাত্রির নীলজ্যোৎস্নাস্নাত গভীর উদ্ভূত শৈলারণ্যের রূপে ।

দেবতা বললেন—কি দেখেচো ? এ একটা জীবজগৎ । খুব উঁচু স্তরের জীব এতে বাস করে । চলো, এর বনের মধ্যে বসি । তোমাদের পরিচিত স্থূল জগৎ থেকে বহু জন্মের পর যখন লোকের মন তাঁর দিকে যায়, তখন তারা এখানে পুনর্জন্ম গ্রহণ করে । শুধু তোমাদের পৃথিবী থেকে নয়—ওই ধরনের আরও অনেক নিম্ন স্তরের স্থূল জগৎ থেকে । আত্মার সেই বিশেষ অবস্থা না হোলে এই সব গ্রহে আসা চলে না । এখানে কর্মবন্ধন কম । ভগবানে যারা আত্মসমর্পণ করেছে, তাদের মন বুঝে অন্তর্দামী বিশ্ব-দেবতা এখানে—এবং আরও এর মত বহু গ্রহ আছে, সেই সব লোকে—জন্মগ্রহণ নির্দেশ করেন । দেখেচো না এখানে জীবের বসতি কম । ভিড় নেই । জীবনের যুদ্ধ সরল ও সহজ । সব রকম ভ্রম, কুসংস্কার, অজ্ঞানতার বাধন যারা

কাটিয়েচে, তারাই এখানে আসে শেষ জন্মের জন্তে । আর স্থূল শরীর গ্রহণ করতে হয় না তাদের এখানকার মৃত্যুর পর ।

—তাহোলে পৃথিবীর লোকে পুনর্জন্ম গ্রহণ করে শুধু যে পৃথিবীতেই ফিরে আসবে তা নয় ?

—পৃথিবীর সঙ্গে আমার পরিচয় কম—তবুও আমি জানি, কোনো জীবাত্মা পুনর্জন্মের সময় সে যে-স্থূলজগৎ থেকে এসেছিল, সেখানেই জন্মাবে—তার কি মানে আছে ! অবস্থা অল্পসারে জীবের গতাগতি নির্দিষ্ট হয় । যেখানে পাঠালে যে উন্নতি করতে পারবে, তাকে সেখানেই পাঠানো হয় । অনন্ত উন্নতিতে জীবাত্মার অধিকার তিনিই দিয়েচেন, যিনি এই বিশ্ব রচনা করেচেন । কে বুঝবে তাঁর করুণা ও মৈত্রী ! খুব উচ্চ অবস্থার আত্মা না হোলে বোঝা যায় না ।

ছায়ানীতল শিলাতট ঘন বনশ্রেণীতে ঘেরা । ওরা এসে সেখানে বসেচে । যতীন আর পুষ্প চেয়ে চেয়ে দেখলে এসব গাছপালা তাদের চেনা নেই, পৃথিবীতে এত বড়, এত অদ্ভুত চমৎকার তরুশ্রেণীর সমাবেশ কোথায় ? উগ্র লোভ এখানকার বন নষ্ট করেনি, ব্যবসাতে টাকা উপার্জনের জন্তে । বনকুহুমের স্বগন্ধ, বর্ণার কলধ্বনি, পক্ষী-কুঞ্জ, অব্যাহত শান্তি ও পবিত্রতা—সব মিলিয়ে জায়গাটা যেন তপোবনের মত মনে হচ্ছে । উনি যা বলচেন সে হিসেবে দেখলে সমগ্র গ্রহটাই তাহোলে একটা সুবিশাল তপোবন । পুষ্প সময় বুঝে আগের প্রশ্নটি এখানে আবার করলে । বল্লে—আপনি তাঁকে দেখেচেন প্রভু ?

পৃথিক দেবতার মুখ সহসা সন্মমে ও ভক্তিতে কোমল হয়ে এল । তিনি বালকের মত সরল স্বরে বল্লেন—না ।

—আপনিও দেখেন নি তাঁকে !

পুষ্পের স্বরে বিশ্বয় ফুটে উঠেচে ।

—আমি তাঁর রূপ দেখেচি তাঁর বিশ্ব-সৃষ্টির মধ্যে । তাঁকে চোখে দেখা যায় আমি জানি । কিন্তু আমি তপস্বী করিনি তাঁকে সে ভাবে পেতে । আমি ভবমূরে, তাঁকে দেখে বেড়াতে চাই তাঁরই সৃষ্ট লোক-লোকান্তরে । লামামাণ আত্মা হয়েই আমার আনন্দ । তাই অনেকে আমাকে নাস্তিক বলে ।

যতীনের হঠাৎ মনে পড়লো করুণাদেবীর কথা । তিনিও তাই বলেছিলেন ।

পুষ্প বল্লে—প্রভু, এই গ্রহে স্ত্রীলোক আছে ?

—কেন থাকবে না ? নারী বিশ্ব শক্তির অংশ । এসো—দেখবে । গ্রহে এ অংশটাতে রাজি । অল্প অংশে দিনমান—এদের ঘর সংসার দেখাবো—খুব শান্ত জীবন-যাত্রা এদের । বহু প্রবৃত্তি ও বাসনার সঙ্গে, বিরুদ্ধ শক্তির সঙ্গে সংগ্রাম করে জয়ী হয়ে অভিজ্ঞ হয়ে এ জন্মে পূর্ব-জন্মের জ্ঞান ও সংস্মের প্রভাবে এরা সমাহিত ও আত্মস্থ হয়েছে ।

—এদের সমাজ কেমন ? ইচ্ছে করে প্রভু—জানি—

—এই গ্রহের কথা আমি ঠিক জানি না—তবে বিশ্বের এই অঞ্চলে এ রকম বহু আছে ।

সব উচ্চ স্তরের জীবজগৎ। জীবে জীবে যুদ্ধ রক্তপাত নেই এই সব গ্রহে। অত্যন্ত পরার্থপর এখানকার মানুষ। পরের জন্যে প্রাণ দেবে। অনেক জাতি নেই, ভেদবুদ্ধি অত্যন্ত কম। সহজে খাণ্ড মেলে স্থূল-দেহ-ধারণের উপযুক্ত। আয়ু দীর্ঘ নয় কিন্তু, অল্প সময়ের মধ্যে বেশি কাজ করতে হয়—কাজেই আলস্যের স্থান নেই। অসার বস্তুতে লোভ নেই—যেমন অত্যন্ত খাণ্ডসঞ্চয়, বড় আবাসবাটী, উজ্জ্বল পরিচ্ছদ—মান, যশ—অহঙ্কার, অভিমান।

যতীন বলে—কিন্তু নারী রয়েছে যে প্রেতু, ওরা থাকলেই—

পুষ্প ভ্রুকুটি করে বলে—কি রকম যতীনদা ?

দেবতা হেসে পিতার স্তায় সম্মুখে পুষ্পের পৃষ্ঠদেশ স্পর্শ করে বলেন—কঁটার মনে আঘাত দিও না—ও ঠিক বলেচে। ওরা থাকলেই হয় না গোলমাল। বাসনা থেকে পাপ, গোলমাল। এখানকার জীব বাসনা ক্ষয় করে এসেচে বহু জন্ম ধরে। এদের নিম্ন স্তরের বাসনা জাগে না ভীতভাবে। উচ্চ জ্ঞানের, শিল্পের, সংগীতের সাধনা বা ভগবৎসাধনা নিয়ে এরা থাকে। ভগবানের জ্ঞান বা প্রত্যক্ষ-দর্শন এদের অনেকের হয়েছে। সুতরাং যে সব জিনিস জীবনে স্বপ্নের মত অস্থায়ী তাদের অসারত্ব এরা বুঝেচে। অত্যন্ত সাধু, নিস্পৃহ, সরল উচ্চ স্তরের জীবন এখানকার—মানে, এই সব গ্রহের।

যতীন বলে—বাঃ, চমৎকার জীবন তো এখানকার—ইচ্ছে হয় জন্ম নিই—

দেবতা ওর দিকে চেয়ে বলেন—তোমাকে এখানে একদিন তো জন্ম নিতেই হবে। কারণ এই স্বর্গলোক, যেখানে তোমরা আছ, এও মান্নার অধীন। হয়তো বহুকাল এখানে থাকবে, স্তর থেকে স্তরান্তরে যাবে—কিন্তু স্বর্গও দুদিনের। ব্রহ্মচক্রে জন্ম-মৃত্যু আবর্তিত হচ্ছে, মানুষ আবার জন্মাবে, আবার মরবে, আবার জন্মাবে—যতদিন বাসনার শেষ না হয়, অমৃত্যু থেকে মৃত্যু, মৃত্যু থেকে অমৃত্যু, অহঙ্কার থেকে জ্যোতিতে না যায়। ভগবানকে জানলে জীব নিজেই জানতে পারবে—তখন ছুটি। স্থূল দেহে শেষ জন্ম সাধারণত এই সব গ্রহে হয়—এখানে আত্ম-দর্শনের ও সাধনার সুযোগ ও সময় অনেক বেশি। দয়া করে বিশ্বের অধিদেবতা জ্ঞানী ও মুমুকু জীবদের পুনর্জন্ম গ্রহণ করান।

—দেব, আপনি ঘুরে ঘুরে বেড়ান কেন ? আপনি এত উচ্চ—

—ঐ রজনীর তারালোকের ব্যাপ্তির মধ্যে, বনপুষ্পের সুবাস ও এই সব অদ্ভুত গ্রহের বনানীর নির্জনতা ও বনবিহঙ্গের কুঞ্জের মধ্যে, বিশ্বের রহস্যের মধ্যে আমি তাঁর নিত্যসঙ্গী হয়ে থাকবার প্রার্থনা জানিয়েছিলাম মনে মনে। তিনি অসীম করুণায় সে প্রার্থনা মঞ্জুর করেচেন। নইলে সাধ্য কি এই অগণ্য লোকালোকে ভ্রমণ করি ? এ শক্তি তো সকলের হয় না। আমি দেখছি এভাবে তাঁর লীলা-সৌন্দর্য দেখে বেড়ানোর বাসনা কারো নেই, এ নেশা আর কারো দেখিনি, কেবল বহুকাল আগে আর একটি আত্মার সঙ্গে দেখা হয়েছিল—দুটি নক্ষত্রের বিরাট সংঘর্ষের দৃশ্য দেখেছিলাম দুজনে—তা থেকে তৃতীয় একটি নৃতন প্রজন্ম তারকার সৃষ্টি হোল। ওঃ, সে সব দৃশ্য তোমাদের শক্তি নেই সহ্য করে। আমাকে তিনি ভ্রমণের শক্তি দিয়েচেন, সুপর্ণের মত বিরাট পাখা দিয়েচেন লোকে লোকান্তরে উড়েতে—এই আমার তাঁকে উপাসনা। জয়হোক তাঁর।

পুষ্প হঠাৎ হাঁটু গেড়ে বসে পড়লো, দেখাদেখি যতীনও । এই মনোরম জগতের নৈশ সৌন্দর্যের মধ্যে উচ্চ স্তরের এই পৃথিক দেবতার বাণী স্বয়ং ভগবানের প্রতিনিধির বাণী বলে মনে হোল হঠাৎ ওদের মনে । সুস্পষ্ট সত্য বাণী—চন্দ্রমা অস্তমিত হোলে, বাত শান্ত হোলে, পৃথিবীর ঋষি যাজ্ঞবল্ক্যের আশ্রমে যেমন একদিন বাণী উচ্চারিত হয়েছিল ।

পুষ্প মাথা নীচ করে বললে—আশীর্বাদ করুন দেব—

ওর অশ্রুপ্লাবিত চোখ দুটির দৃষ্টি নতুন গ্রহের সৃষ্টিকার দিকে আবদ্ধ রইল ।

দেবতা বললেন—আশীর্বাদ করচি কণা, তুমি আমার অপেক্ষা অনেক উচ্চস্তরের দেব-আত্মার সাক্ষাৎ পাবে । আমি ভবঘুরে মাত্র । সত্যিকার জ্ঞানীর দর্শন পাবে । তবে তোমার ভাগ্যে এখনও অনেক সংগ্রাম আছে । কিন্তু তুমি বিশ্বদেবের করুণা লাভ করবে । আমি যাদের পাদস্পর্শ করবার যোগ্য নই, এমন আত্মার দর্শন পেয়ে ধন্ত হবে ।

এমন সময় রাত্রি প্রভাত হয়ে এল সেখানকার বনে-বনানীতে । আকাশের নক্ষত্ররাজি ম্লান হয়ে এল—সাথী তারার নীল জ্যোৎস্না মিলিয়ে অস্পষ্ট হয়ে এল । পক্ষী-কুজন জেগে উঠলো বনভূমির বৃকে ।

পুষ্প ভাবছিল, কোনো এক হৃদয় জন্মান্তরে এই গ্রহলোকে যদি সে জন্ম নেয়, সাথী তারার নীল জ্যোৎস্নায় এরই শৈলারণ্যে, উপত্যকায়, গিরিসান্নদেশে, শান্ত উপত্যকায় সে হাত-ধরাধরি করে বেড়াবে যতীনদার ঈশ্ব—দুজনে মিলে ভগবানের উপাসনা করবে সারাজীবন এই তপোবনসম গ্রহলোকের পবিত্র আশ্রয়ে, কোনো গিরিনিঝরিণীর কূলে কুটীর বেঁধে । জগতের বিশাল পথে ঘুরতে ঘুরতে কবে এখানে এসে হয়তো পড়তে হবে, তা কেউ জানে কি ? মহা-পুরুষের আশীর্বাদ বুখা যাচ্ছে না ।

দেবতা বললেন—চলো, এখুনি লোকে জেগে উঠবে । এরা আমাদের হস্ততো দেখতে পাবে—এদের ক্ষমতা বেশি । তোমাদের তো নিশ্চয় দেখতে পাবে । সরে পড়ি তার আগে ।

ওদের বৃড়াশিবতলার ঘাটে পৌঁছে দিয়ে পৃথিক দেবতা পুষ্পের চোখের জলের মধ্যে অদৃশ্য হোলেন । তার অন্তরয় ও অন্তরোধের উত্তরে বলে গেলেন, সময়ে আবার দর্শন দেবেন ।

১৭

বৃড়াশিবতলার ধাটে আজ দীপাঘিতা অমাবুস্যা । ওপারে হালিসহরের শ্রামাস্তম্ভীর ঘাটে মন্দিরে মন্দিরে ছাদে ছাদে প্রদীপ দিয়েচে মেয়েরা । এদের প্রাচীন ঘাটের রানায় পুষ্প নিজের হাতে ছোট ছোট মাটির প্রদীপ জ্বলেচে । গঙ্গাবক্ষ অঙ্ককার, দু-একটা নৌকোর ক্ষীণ আলো দেখা যাচ্ছে—ছপ্ ছপ্ দাঁড়ের শব্দও পাওয়া যাচ্ছে ।

পুষ্প বললে—এসো যতীনদা, আমরা আমাদের ছেলেবেলার কথা ভাবি বসে বসে । মনে পড়ে কেওটা-সাগরের দিন ? আমি পিঙ্গির দিচ্ছি, তুমি এক পরসার কুচো গজা কিনে আনলে—

—কুচো গজা না জিবে গজা—

—না, কুচো গজা। বেশ মনে আছে, ময়রা বুড়ীর দোকান থেকে। নিতাইএর ঠাকুরমা, মনে আছে ?

—খুব। বটতলায় দোকান ছিল। আহা, সে তো কতদিন মরে এসেচে এখানে—তাকে কখনো দেখিনি।

—তারপর সেদিন দুজনেই মার খেলুম বাড়ী ফিরে। অত রাত পর্যন্ত তুমি আর আমি ঘাটে বসে ছিলাম পিঁদিম দেওয়ান পরে। মনে পড়ে যতীনদা ?

—খুব। আমি মার খাইনি। মারীমা তোকে মারলেন। আমিই বরং উত্তরের কোঠায়—যতীন হঠাৎ খাড়া হয়ে উঠে বসলো। বল্লে—পুষ্প, আমি এখুনি কলকাতায় যাবো—

পুষ্প বিস্মিত হয়ে বল্লে—কেন ?

—তোর বৌদিদির কিছু হয়েছে। একটা আতনাদ গুনলাম তার গলার। দেখে আসি—পুষ্প, সত্যি বলচি, ও আমার শাস্ত দিলে না। তুই যতই চেষ্টা করিস, আমার ভাগ্য ওর সঙ্গে বাধা। চল্লাম আমি—

—বা-রে, আমিও বুঝি বসে থাকবো ? দাঁড়াও—

মনে মনে পুষ্প বড় হতাশ হোল। তারও জীবন যেন কেমন। কিছুতেই কি কিছু সুরাহা হয় না ? সব সময় দেওয়ালের ওপর দিগ্লে কোন বিকটমূর্তি কঙ্কাল উঁকি মারে, অমঙ্গল ভরা দৃষ্টিতে সব পুড়ে ছাই হয়ে যায়। এত কষ্ট করে আজ সে দীপাশিতা অমাবস্তার সন্ধ্যাটিকে প্রাণপণে সাজালে—সব বৃথা !

নামবার পথে পুষ্প বল্লে—কলকাতায় আসতে পারিনে, কষ্ট হয়। উঃ, দেখেচ কেমন কালো কালো কুয়াশার মতো জিনিস! মাহুষের অর্থলোভ, বিলাসিতা—নানারকম ধারণা চিন্তা—সকলের ওপর লোভ—এই সব এক ধরনের কালো কুয়াশা সৃষ্টি করেছে। ওর মধ্যে দিগ্লে আসতে দম বন্ধ হয়ে যায় যেন—সব বড় শহরেই এরকম দেখেচি—এখানে মাহুষ সব ভুলে শুধু ভোগ নিয়ে আছে।

সেই বাসাবাড়ী—যতীন এর আগেও ছুবার লুকিয়ে এসে দেখে গিয়েছিল আশাকে। পুষ্প তা জেনেও কিছু বলেনি। যতীনদা ভাবে, পুষ্প পোড়ারমুখীকে লুকিয়ে কোনো কিছু করা যায় ! যতীনদার বয়স হয়েছে বটে কিন্তু এখনও ছেলেমাহুষি ঘোচেনি।

আশার অবস্থা ভাল নয়। নেতানারায়ণ ওকে ফেলে আজ মাস চার পাঁচ হোল চলে গিয়েচে দেশে। নিজের গ্রামে গিয়ে সে মূদির দোকান খুলেচে—কিন্তু আশার ফেরবার মুখ নেই। বাড়ীওয়ালীর দম্বায় এবং হাতের দু'একগাছি সোনার চূড়ি বিক্রির টাকায় এতদিন যা হয় চললো। কিন্তু তার মধ্যে বাড়ীওয়ালী নানারকম উপার্জনের ইঙ্গিত করেছে। এক মারোয়াড়ী লোহাওয়ালী তাকে দেখেচে দোতলার ছাদ থেকে—আশা যখন ওদের বাসার তেতলার ছাদে কাপড় তুলতে গিয়েছিল। বেলঘরে না সোদপুরে তার বাগানবাড়ী, মস্ত বাগান—ইত্যাদি।

তাকে লুপ্তদেশও দিয়েচে—এই তো বয়েসখানা চলে যাচ্ছে গো—আর ছুটো বছর। তার পর কেউ কিরে চাইবে ? না বাপু। বলে, মেয়েমাহুষের রূপ আর জোয়ারের জল। ই্যা,

দেবদান থাকতো যদি সোয়ামী পুস্তক থাকতো। নিজের চেহারাটা আয়নায় দেখেচ একবার ?

আশা একা ঘরে হেঁড়া মাদুরে শুয়ে আছে—তার মনে যে নিরাশার অন্ধকার ছেয়েচে, কোনোদিন তা ফুটে আলো বেরুবার সম্ভাবনা আছে কি ? হাতের পুরলা ফুরিয়েচে, আর বড় জোর দশটা দিন। তারপর ?

গভীর রাত্রি কলকাতায়। আশা এখনও যুয়োয়নি—দুর্শিক্ষায় ঘুম নেই চোখে।

যতীন আকুল হয়ে ওর শিয়রে বসে ডাকলে—আশা আশা, লক্ষ্মীটি—আমি এসেছি আশা—

পুষ্পও বসলো পাশে। পুষ্প যে ভবিষ্যৎ দেখেচে, যতীন তা দেখবার শক্তি রাখে না। পুষ্প খুব দুঃখিত হোল। কর্মের অচ্ছেদ্য বন্ধনে আশা-বৌদির সঙ্গে যতীনদার গাঁটছড়া বজ্র-আটুনিতে আঁটা। দুঃখ হয়, কিন্তু সে জানে, কিছু করবার নেই তার। সে এখানে গাড়ীর পঞ্চম চক্রের মত অনাবশ্যক। সে না থাকলেও কর্মের রথ দাঁবিা চলবে।

যতীন বললে—পুষ্প, আমায় সাহায্য করো—

—ভাবচি—

—কি ভাবচো ?

—ভাবচি তোমার অদৃষ্ট যতীনদা—

—এখন কি হেঁয়ালি উচ্চারণ করবার সময় পুষ্প ?

হায় ! সে যা বলতে চাইচে, যতীনদাকে যদি কেউ তা বুঝিয়ে দিতে পারতো ! যতীনদা চিরকাল তাকে ভুল বুঝে আসচে, এখনও বুঝবে তা সে জানে। কিন্তু কি করবে সে, এ তারও অদৃষ্টলিপি।

পুষ্প দুঃখিত স্বরে বললে—তা বলিনি। তুমি বললে বুঝবে না আমার কথা। আশা-বৌদির এ অবস্থা দেখে—আমি মেয়েমানুষ—আমার কষ্ট হচ্ছে না তুমি বলতে চাও ? কিন্তু কিছু সাহায্য করতে পারবো না তুমি আমি। আশা-বৌদিদির কর্মফল—এক ভগবান যদি ঠাধন কাটেন তবেই কাটে। তোমার আমার ধায়া হবে না।

—এই রকম অবস্থায় ফেলে রেখে যাই কি করে তোর বৌদিদিকে—বল পুষ্প—তা পারি ? যতীনের কাতর উক্তিভে পুষ্পের চক্ষুহুটি অশ্রুসিক্ত হয়ে উঠলো—আশালতার দুঃবস্থার জগে নয়, অল্প কারণে। সে বললে—পৃথিবীতে থাকলে উপকার করতে পারতে। এ অবস্থায় আমি তো কোনো উপায় দেখাচিনে। আচ্ছা—দেখি—একটু ভাবতে দাও—

পুষ্প একটু পরে বললে—এখানে থাকবে না। চলো যতীনদা। এখান থেকে যেতেই হবে। নইলে তোমার আসন্ন বিপদ।

যতীন বললে—তুমি বড় ভয় দেখাও, পুষ্প। চলো করুণাদেবীর কাছে যাই, তাঁকে সব বলি।

—বলবে কি, তিনি অন্তরের কথা জানতে পারেন। ওঁরা হোলেন উচ্চ স্বর্গের দেবদেবী। স্মরণ করলেই বুঝতে পারেন—কিন্তু সময় না হোলে আসেন না। বুঝা দেখা দেন না। তা ছাড়া কলকাতার এই বিশ্ৰী পাড়ায় তাঁকে আমি এনে এর সঙ্গে জড়াতে চাইনে।

সারারাত যতীন ও পুষ্প আশার শিয়রে বসে রইল। পাশের একটা বাড়ীর খোলা জানালা দেখিয়ে বললে—জাখো যতীনদা, ওখানে ওরা কি করচে! দেখে এসো না?

—কি?

—তুমি গিয়ে দেখে এসো, অমন জায়গায় যাবো না। দম বন্ধ হয়ে আসে।

যতীনের কোঁতুহল হোল, সে গিয়ে দেখলে, কয়েকটি ভদ্রলোক, মাজে পোশাকে বেশ অবস্থাপন্ন বলেই মনে হয়। একটি ঘরে বসে তাদের জুয়ো খেলচে। পাশের টেবিলে একটি বোতল, কয়েকটি গ্লাস—এক টিন সিগারেট, দু-চারটি শূণ্য চায়ের কাপ ডিস—একটা বড় প্লেটে খানকতক অর্ধভুরু পরোটা ও অল্প একটা পাত্রে কিছু ডালমুট। সিগারেটের ছাই ও ডালমুট ঘরের মেজের দামী কার্পেটের ওপর ছড়ানো—যদিও সিগারেটের ছাই ফেলবার পাত্রে টেবিলের ওপর রয়েছে কিন্তু আধপোড়া সিগারেট আর সিগারেটের ছাইতে পাত্রটা বোঝাই। ওরা ছোট ছোট তাকিয়া পাশে রেখে একমনে খেলেই চলেচে। বিছানার পাশে রাসীকৃত দর্শটাকার নোট একটার পর আর একটা হিসেবে সাজানো, ওপরে একটা পেপারওয়্যেট চাপানো। ওরা মাঝে মাঝে বোতল থেকে ঢেলে মদ খাচ্ছে, সিগারেট ধরাচ্ছে, মাঝে মাঝে একখানা কাগজে পেন্সিল দিয়ে হারজিৎ-সূচক হিসেব রাখচে। এদের মধ্যে একজনের বয়স পঞ্চাশ উত্তীর্ণ হয়েছে, দেখলেই বোঝা যায়, মাথার চুলে কালো রং খুঁজে বের করা কঠিন। ফুলফোর্সে মাথার ওপর ইলেকট্রিক পাখা ঘুরচে, দেওয়ালের ঘড়িতে রাত দেড়টা বাজে।

একজন ডেকে বললে—ও প্রমীলা,—টুহু—খাবার দিয়ে যাও।

দু'তিনবার ডাকের পর একটা সুন্দরী রমণী ঘুম-তুলুতুলু চোখে একটা বড় প্লেটে কতকগুলো কাটলেট নিয়ে টেবিলের ওপর রেখে বললে—নাও সব—রাত কম হয়নি, আমার ঘুম পেয়েচে—কাল আবার হাসপাতালের ভিউটি সকাল থেকে শুরু—

একজন বললে—সোডা ফুরিয়েচে—টুহু। লক্ষ্মীটি, একটা সোডা আমাদের যদি দিয়ে যাও—

আর একজন বললে—অর্মান ওই সঙ্গে গোটাকতক পান—

সুন্দরী মেয়েটি কপে ঘর আলো করেছে, ওর পরনে দামী সিল্কের শাড়ী, কাজকরা ব্লাউজ, অনাবৃত কণ্ঠদেশ ও বক্ষঃস্থলে জড়োয়ার কাজ করা নেকলেস চিক্ চিক্ করচে। সে যেতে যেতে তাক্সিলোর সঙ্গে কোঁতুক-মিশ্রিত হয়ে বললে—পারবো না এত রাত্রে পান সাজতে বসতে—

পঞ্চাশোর্ধ্ব বয়সের সেই লোকটি কপট গমিনতির সুরে বললে—আমার দু'হাত বন্ধ, মুখের সিগারেটটা ধরিয়ে যদি দিয়ে যেতে টুহু—

যতীন সেখানে আর দাঁড়ালো না। পুষ্পকে এসে বললে—তাস খেলচে। তাদের জুয়ো—টাকা জিতচে।

পুষ্প বললে—একবার দেখে এসেচি জানালা দিয়ে। ওরা অবস্থাপন্ন ভদ্রলোক—দেখে মনে হয় টাকার ভাবনা নেই—অথচ টাকার এমন নেশা?

—তুমি এসব বুঝবে না পুষ্প। টাকার নেশা নয়, জুয়োর নেশা—

—ঐ হোল। ওই মেয়েটি কে ?

—মেয়েটি চুহু। ভাল নাম যেন প্রমীলা—

পুষ্প হেসে বললে—তা তো বুঝলাম, ওদের কে ? কি সম্বন্ধ ও বাড়ীর সংসারে ?

যতীন কিছু বললে না, সরলা পুষ্প কত কথা জানে না সংসারে। ওর নিষ্পাপ মনে—
দয়কার কি ?

পুষ্প আপন মনেই যেন বললে—কিন্তু ওই বৃদ্ধ ভদ্রলোকটি ওর মধ্যে কেন ? তাঁকে দেখে কষ্ট হয়। এখনও ভোগের নেশা এত ! পরকালের চিন্তা করবার সময় হয়নি আজও ?

—তোমার মত সবাই হবে ? বাদ দাও না, বাজে কথা বলো কেন ?

পুষ্প দুঃখিত কণ্ঠে বললে—আমার বাবার মত দেখতে। সত্যিই কষ্ট হোল। ভগবানের দিকে মন দেবার ঠাঁর সময় যে পায় হয়ে গেল।

—তোমার তাতে কি ? বড্ড বাজে কথা তোমার পুষ্প—

—আশার্বোদি ঘুমিয়ে পড়চে।

—কি হবে ওর পুষ্প ? সত্যি কথা বল। তুই আমার চেয়ে অনেক বেশি দেখতে পাস।

—দেখতে পাই কে বলেচে ?

—আমি সব জানি—

পুষ্প গম্ভীর স্বরে বললে—কেউ কিছু নয়। মাহুঘের মিথ্যে অভিমান। তিনি যা করবেন, তাই হবে। তাঁর কাছে প্রার্থনা করি এসো হুজনে।

—এখানে ?

—এখানেই। তাঁর নামে সব পবিত্র হয়ে যাবে। তিনি এখানেই কি নেই ? কে বলেচেন নেই ? তিনি তাঁর অসীম রূপা ও কৰুণায় এই হতভাগিনী আশার্বোদির মঙ্গল করুন।

করুণাদেবীর বিনা সাহায্যেও আজকাল পুষ্প মহর্লোকের সর্বত্র যাতায়াত করতে পারে, এমন কি আরও উর্ধ্বতর লোক পর্যন্ত। যতীনকে অত উচ্চস্তরে কোনো শক্তিমান আত্মার বিনা সাহায্যে নিয়ে যাওয়া সম্ভব নয় বলে পুষ্প অনিচ্ছাসম্বন্ধে একাই মাঝে মাঝে যায়। সে বলে এতে অনেক কিছু সে দেখে, শোনে ও শেখে। অনেক ভাল ভাল আত্মার সংস্পর্শে এসে মানসিক ও আত্মিক শক্তির ঔসার হয়।

সেদিন যতীন ছাড়লে না, বললে—আমি যদি উচ্চ স্তরে অজ্ঞান হয়ে পড়ি—তুমি সেখানে আমাকে ফেলে যেও। যতদূর জ্ঞান থাকে ততদূর নিয়ে যাও না ? আমিও বেড়িয়ে দেখতে, জানতে ভালবাসি না কি ভাবচো ? রেলভাড়ার টিকিট তো পাগচে না।

—জাখো যত্ন-দা, এখনও পৃথিবীর ওই উপমা ও চিন্তার ধরনটা ছেড়ে দাও। তোমায় এই জন্তেই বারণ করি বার বার পৃথিবীতে যেতে। ওখানে নানা আসক্তি, ইচ্ছা, ভোগপ্রবৃত্তি সর্বত্র ছড়ানো রয়েছে পৃথিবীর আকাশে বাতাসে। স্থূল দেহ ভিন্ন ওই সব ইচ্ছা পূরণ করা যায় না।

স্থল জগতের স্থল প্রবৃতি স্বল্প দেহে কি করে চরিতার্থ করবে ? কাজেই ওই সব আসক্তি যেমন তোমার মনে আসন গেড়ে বসবে, তখনই তোমাকে স্থল দেহ ধারণ করতে বাধ্য করবে। স্মৃত্তরাণ আবার পুনর্জন্ম।

—তাতে আমার কোনো দুঃখ নেই তোমার মত।

—সে আমি জানি। সেজন্তেই তো তোমার জন্তে ভয় হয়—চলো তোমাকে মহলৌকে নিয়ে যাই—

ওরা ব্যোমপথে অনেক উর্ধ্ব এমনি এক স্থানে এল, যেখানে উচ্চলোকের জ্যোতির্ময় অধিবাসীদের যাতায়াতের পথ। তার পরেই এক অদ্ভুত সুন্দর দেশ; অতি চমৎকার বন-পর্বতের মেলা, বনকুম্বের অজস্রতা। অথচ এখানে কোনো অধিবাসী নেই, অনেকদূর গিয়ে একটা নীল হ্রদ, চারিদিক পাহাড়ে ঘেরা। পুষ্প বগ্নে—চলো যত্ন-দা, ওই হ্রদের ধারে বনের মধ্যে একটি গ্রাম আছে, অনেক জ্ঞানী মেয়ে-পুরুষ একসঙ্গে বাস করেন—তোমায় দেখিয়ে আনি।

বনবীথির অন্তরালে শুভ্র ক্ষটিকসদৃশ কোনো উপাদানে তৈরী একটি বাড়ী, দেখতে অনেকটা গ্রীক মন্দিরের মত। হ্রদের নীলজলের এক প্রান্তে কুম্বিত লতাবেষ্টিত এই সুন্দর গৃহটি যতীনের এত ভাল লাগলো! এমনি সুন্দর পরিবেশ আর্টিস্টের কল্পনায় ছাড়া যতীন অস্বস্ত পৃথিবীতে কোথাও দেখেনি। আপন মনেই সে বলে উঠলো—কি সুন্দর!

একজন সৌম্যমূর্তি পুরুষ ঘরের মধ্যে বসে। কিন্তু ঘরের আসবাবপত্র সবই অপরিচিত ধরনের। পৃথিবীতে ব্যবহৃত কোনো আসবাব সে ঘরে যতীন দেখলে না। লোকটিকে দেখেই মনে হোল অনেক উচ্চ অবস্থার আত্মা ইনি। ওদের অভ্যর্থনা করে বসিয়ে তিনি বল্লেন—তোমরা কোথা থেকে আসচো?

যতীন বল্লেন—ভুবলোকের সপ্তম স্তর থেকে।

তিনি বিস্মিত হয়ে বল্লেন—না, তা কেমন করে হবে? তা হোলে তো আমাদের এই জনপদ, এই ঘরবাড়ী বা আমাদের কিছুই দেখতে পেতে না? নিশ্চয় তোমরা উচ্চতর স্তরের অধিবাসী।

যতীন বল্লেন—এটা কোন্ লোক?

—মহলোকের প্রথম স্তর। ভুবলোকের অধিবাসীদের পক্ষে এখানকার বাড়ীঘর, মাহুঘ, বন, পর্বত সব অদৃশ্য। আমার অবস্থার আত্মা না হোলে আমার এ গৃহে আমাকে পাবেই না। মহলোক কোনো একটা স্থানও বটে, বিশেষ একটা অবস্থাও বটে। স্থান ও অবস্থার একত্র যোগ না ঘটলে এ লোকে চৈতন্য জাগরিতাই হবে না যে। তা নয়, তোমাদের মধ্যে একজন কেউ উচ্চ অবস্থা প্রাপ্ত হয়েচ, নইলে এখানে আসতে পারতে না।

—সে এই মেয়েটি। আমি নই—

পুরুষটি হেঁসে বল্লেন—আমিও তা অনুমান করেচি।

পুষ্প সলজ্জ প্রতিবাদের স্বরে বল্লেন—আমি কি-ই বা—ওঁর জন্তেই—

যতীন বিনীত ভাবে জিজ্ঞেস করলে—আপনি পৃথিবী চেনেন তো স্মার ?

—আমি আড়াই হাজার বৎসর পূর্বে পৃথিবীর অধিবাসী ছিলাম। সেই আমার শেষ জন্ম। সেবার ছিলাম গ্রীসে, তার পূর্বে দুই জন্ম ভারতবর্ষে ও এক জন্ম হ্রদ্বাচীন মিশরে কাটাই।

—তার পূর্বে ?

—তার পূর্বে পৃথিবীতে ছিলাম না। অল্প গ্রহে সৌর-জগতে বহু জন্ম নিয়েছি। কত অদ্ভুত গ্রহ আছে, অদ্ভুত জীবকুল আছে ! বিচিত্র লীলা ভগবানের।

হঠাৎ পুষ্প বলে—আপনি ভগবানকে দেখেছেন, দেব ?

—না।

—আপনি বিশ্বাস করেন তিনি দেখা দেন ?

—না।

—আশ্চর্য ! ভগবানে বিশ্বাস করেন না ?

—তঁার কোনো রূপে আমার বিশ্বাস নেই, এই কথা বলছি। ভগবানকে তোমরা যে চোখে তাকাও, আমার সম্পূর্ণ অল্প চোখে দেখি। তিনি অচিন্তনীয় মহাশক্তি, বিশ্বব্রহ্মাণ্ডের সর্বত্র বিরাজমান। দেহধারী হয়ে দেখাও দেন, আমার এই গ্রামের একটি মেয়ে প্রায়ই তঁার দেখা পায়।

পুষ্প আশ্চর্য হয়ে বলে—তবুও আপনি বিশ্বাস করেন না ?

—যে যেভাবে কল্পনা করে, তাকে সেইভাবেই তিনি দেখা দেন। এতে আমি বৃষ্টি, এই তোমরাই আমার ভগবান হতে পার। নিত্যমূর্তি কি আছে তঁার ? সবই তঁার মূর্তি—এই গাছপালা, এই বনভূমি, এই তুমি মেয়েটি—ঐ অনন্ত আকাশ, ব্রহ্মাণ্ডকুল—

কথা বলতে বলতে ভক্তি, জ্ঞান ও পবিত্রতার জ্যোতিতে তঁার মুখের শ্রী হোল অপূর্ব ; তাক নীল আলোক বড় বড় চোখ দিয়ে কখনো ঠিকরে বেরতে লাগলো—কখনো শান্ত হয়ে আসতে লাগলো। ভগবানের কথায় তঁার কণ্ঠস্বর ভক্তিতে আপন্নত হয়ে এল।

পুষ্প তার ভুল বুঝে বলে—আমায় ক্ষমা করুন দেব, আমি বুঝতে পারিনি আপনাকে। আপনি তাঁকে ভক্তি করেন।

যতীন বলে—পৃথিবীতে বহুদিন যান নি ?

—পৃথিবীর বসন্তকালে পাহাড়ে পাহাড়ে বনে বনে ফুল ফোটে, সেই সময় পৃথিবীর মহা-অরণ্যে পর্বত-সাহস্রতে নদীতীরে বেড়িয়ে দেখে আসি। কখনো কোনো অসহায় নারীর দুঃখ দেখি কোনো জনপদে, তার দুঃখ মোচন করবার চেষ্টা করি। নীলনদীর জ্যোৎস্নারাত্রে নির্জন-তটে বসে ভগবানের ধ্যান করি। শুধু পৃথিবী নয়, বহু গ্রহে এমনি আমাদের যাতায়াত।

—আপনি যা করছেন, শুধু আপনাদের মত উচ্চলোকের অধিবাসীরাই তা করতে পারেন। আচ্ছা, পৃথিবীর মানুষের কর্তব্য কি ?

—প্রথম—এক গুর মধ্যেই সব।

—আপনি একথা পৃথিবীতে প্রচার করেন না কেন ?

—কতবার প্রচার করা হয়েছে। আমার চেয়ে উচ্চতর ও শক্তিশ্বর দেবতার মাছের দুঃখে পৃথিবীর শত কষ্টের মধ্যেও দেহ ধরে একথা বলে গিয়েছিলেন। স্বয়ং ভগবান অবতার গ্রহণ করে নেমে গিয়েছেন বলছে। প্রেম—একটি কথা। কেউ শোনেনি।

—তাহলে কি আপনারা হাল ছেড়ে দেবেন ?

—অদ্ভুত চরিত্র ভগবানের। বার বার স্বেচ্ছা দেন। বিরক্ত হন না। অপূর্ব তাঁর ধৈর্য, অপূর্ব তাঁর ক্রমা। অল্প কেউ হলে আর স্বেচ্ছা দিত না—কিন্তু নাছোড়বান্দা তিনি। আবার লোক পাঠান অদ্ভুত ধৈর্যের সঙ্গে। তোমাদের পৃথিবীতে ভগবানের তুল্য অবহেলিত প্রাণী আর কে ? কেউ তাঁর কথা ভাবে না।

এই পর্যন্ত বলেই অপূর্ব ঈশ্বরীয় প্রেমে মহাপুরুষের চোখ দুটি নক্ষত্রের মত জ্বলজ্বল করতে লাগলো। পুষ্প শ্রদ্ধায় ও উৎসাহে উদ্দীপ্ত হয়ে বলল—আপনি ঠিক বলেছেন দেব, পৃথিবীতে কেউ ভাবে না ভগবানের কথা। যে ভাবে সেও টাকা চায়, যশ চায়, সাংসারিক সুখ চায়। প্রেমভক্তি দুর্লভ হয়ে পড়েছে।

মহাপুরুষ বললেন—প্রেমভক্তি ছেড়ে দাও। ও অনেক উঁচু কথা। অতি সাধারণ ভাবেও কল্পন ভগবানের চিন্তা করচে। আমি পৃথিবীতে যাই, জনপদে বা তোমাদের বড় বড় নগরে যাই না। দুর্নিবার লোভ, অর্থাসক্তি, ঐশ্বর্য-কামনা, নারী, সুরা, কাম, হিংসা-দ্বেষ বাতাসে ছড়ানো ঘন ধোঁয়ার মত। ভাই ভাইএর বৃকে ছুরি বসালে। সত্য বিদায় নিয়েছে। পৃথিবীর এখনকার দর্শন হচ্ছে ষাণ্ডা-পরার দর্শন। কিসে ভাল থাকো, ভাল পরবো। আমি আপন মনে মরুভূমিতে বেড়াই জ্যোৎস্নারাত্রি, হিমালয় কি অল্প কোনো পর্বতচূড়ায় বসে থাকি, নীলনদ বড় ভালবাসি তার তীরে একা বসে থাকি। অথচ এক কথা—প্রেম, এই যদি ওরা শিখতো—জীব প্রেম, ভগবানে প্রেম !

তিনি এই পর্যন্ত বলে চূপ করতে পুষ্প বলল—বলুন দেব, অমৃতের মত বাণী আপনার।

—আমার ? আমার কিসের কথা ? এ বাণী স্বয়ং ভগবানের। তিনি অনেক উঁচু, তাই মাছের দেহ ধরে পৃথিবীতে গিয়ে একথা বলে এসেছিলেন। কেননা মাছের দেহ ধরে না গেলে মাছের সাধ্য কি যে অসীমকে গ্রহণ করে ? একবার নয়, বার বার গিয়েছিলেন। ক্লাস্তি-হীন তাঁর আশীর্বাদ। কিন্তু কে শুনচে ? ধনজনের মোহে, লোভের মোহে, বিলাসের মোহে—শূল ভোগের মোহে সবাই উন্নত। একবারও যদি নির্জনে উচ্চতর সত্যের ধ্যান করতো মাছবে !

যতীন মুগ্ধ হয়ে শুনছিল। আজ এখানে আসা তার সার্থক হয়েছে বটে। সে বলল—তবে কি তাদের উদ্ধার নেই, দেব ?

—একটা কথা মনে রেখো। জোর করে মাছের ওপর কোনো সত্য, কোনো বাণী চাপানো যায় না। মাছবে তৈরী না হওয়া পর্যন্ত ভগবানের বাণী অন্তরালে ধৈর্যের সঙ্গে অপেক্ষা করে। বুদ্ধিহীন বা স্থূলবুদ্ধি ভোগাসক্ত মন হঠাৎ ভগবানকে গ্রহণ করতে পারে না। পারলেই যে মুক্তি—যে ভগবানকে ভালবাসে, সে ভগবানের সমান হয়ে যায়। এত সহজে তা

হবে কোথা থেকে ? কাজেই মহাশুগ মনস্তর চলে যায় স্বাভাবিক নিয়মে মান্নবের মুক্তি পেতে । আরোচিষ মনস্তরে যারা মান্নব হয়ে জন্মেছিল পৃথিবীতে সর্বপ্রথম—এইবার তারা মানব-আবর্ত কাটিয়ে দেবযান-পথে মহলোক থেকে শুরু করচে । ওদের এতদিন পরে পৃথিবীতে গতাগতি শেষ হোল ।

—এর চেয়ে আগেও হয় ?

—তুমি বুঝলে না—এ তো হোল স্বাভাবিক নিয়মে, লক্ষ বৎসর পরে । এক জন্মেই মুক্তি হয়—যদি সত্যের জ্ঞানে ভীত আকাজ্জা জাগে, ভগবৎপ্রেমে বহিঃশিখা জলে ওঠে মনে । এদের জ্ঞানে ভগবান কত সাহায্যের ব্যবস্থা করেচেন, তা যদি জানতে ! যে সত্যকে জানতে চায়, ভগবান তাকে জানবার সব রকম সুযোগ দেন । চলো তোমাদের একটা জিনিস দেখিয়ে আনি—ক’দিন থেকে আমি দেখছি তোমাদের পৃথিবীতে—

যতীন ও পুষ্পকে নিয়ে সেই উচ্চলোকের পুরুষটি চক্ষুর নিমিষে পৃথিবীতে নেমে এলেন । সুন্দর জ্যোৎস্নারাত্রি পৃথিবীতে, ভারতবর্ষে । যে নদীতীরে এসে ঠুঁরা দাঁড়ালো, সে নদীটি খরস্রোতা, তীরে শতক্ষেতের মধ্যে এক জায়গায় বড় একটা গাছ । পুষ্প ও যতীন নদীটি চিনতে পারলে না । বৃক্ষের তলে একটি তরুণ যুবক ধ্যানমগ্ন । যুবকের রং টকটকে গৌর, মুখের চেহারা লালিত্যপূর্ণ, বেশ বড় বড় চোখ—কিন্তু এই অল্প বয়সেই সে দাড়ি রেখেচে—রেশমের মত নরম, চকচকে দাড়ি । যতীনের মনে হোল বীষ্মক্রীষ্টের ছবির মত মুখখানা ওর দেখতে ।

পুষ্প জিজ্ঞেস করলে—এ কি নদী দেব ?

—এ রাভি নদী । এটি ভারতবর্ষের পাঞ্জাব প্রদেশ । ছেলেটির বাড়ী ওই জনপদে, সবাই ঘুমলে গভীর রাত্রে নদীতীরে বৃক্ষতলে ও বোজ্জ একা এসে ভগবানের চিন্তা করে, গান করে আপন মনে । ওই ছাথো ওর মা খাবার দিয়ে যায় এ সময়—আসচে—

একটি মেয়ে—মেয়েটি প্রৌঢ়া বটে, কিন্তু সুন্দরী—দূরের গ্রাম থেকে একটা পাত্রে খাবার নিয়ে এসে ছেলেটির সামনে রাখলে । জিজ্ঞেস করলে—বাড়ী যাবি ?

ছেলেটি বললে—তুমি যাও মা, আমি এক ঘণ্টা পরে যাবো ।

—ঠ্যাণ্ডা লাগাস্নে-বেশি, বাচ্চা ।

ওর মা সন্তোষে ছেলের দিকে হুঁতিন বার চেয়ে যে-পথে এসেছিল সেই পথে চলে গেল এবং অতি অল্পক্ষণ পরে এক অপূর্ব দৃশ্য চোখে পড়লো যতীন ও পুষ্পর । আকাশপথ আলো হয়ে উঠলো ক্ষণকালের জ্ঞানে এবং সেই আলোর রেখা ধরে এক দিব্য জ্যোতির্ময় পুরুষ নেমে এসে ওই ধ্যানরত যুবকের পাশে দাঁড়ালেন । আগন্তুক দেবতার রূপে ও দেহজ্যোতিতে স্থানটি ঘেন আলো হয়ে উঠলো, যদিও যুবকটি তার কিছুই বুঝতে পারলে না ।

পুষ্প ও যতীন সবিস্ময়ে বললে—উনি কে ?

—উনি সত্যলোকের প্রাণী । পৃথিবীতে ঠুঁর তো দূরের কথা, আমাদেরই আসতে কষ্ট হয়, অথচ ছাথো ওই সত্যপ্রিয় ভগবন্তরু যুবকটিকে প্রেরণা দিতে নিজে এসেচেন । যেখানে ভগবানের নামগান হয় যেখানে ভগবান স্বয়ং আসেন—এ তোমরা অবিশ্বাস ক’রো না ।

তারপরে ওরা তিনজনেই দূর থেকে সত্যলোকের সেই মহাপুরুষকে প্রণাম করলে। তিনি ওদের দিকে চেয়ে সদয় হাস্য করলেন ও দুটি আঙুল ওপর দিকে তোলার ভঙ্গিতে আশীর্বাদ করলেন। পুষ্পর চোখে জ্বল এল। কি স্বপ্নর রূপ দেবতার।

পরক্ষণেই তিনি অস্তহিত হয়ে গেলেন।

পুষ্পদের সঙ্গী পুরুষটি বল্লেন— দেখলে? নীলনদের তীরে বহু হাজার বৎসর পূর্বে যাপিত আমার একটি গোপন রাত্রির কথা আজও আমার মনে হয়। একা ছিলাম সে রাত্রে। বসন্তকাল ছিল, পুষ্পিত হয়ে ছিল নদীতলের গুণধি ও বনতরুরাজি—ক্ষুদ্র একটি পর্বতের চূড়ায় নদীর অপয় পারে আমি জ্যোতির্ময় আবির্ভাব প্রত্যক্ষ করি। আমার সারাজীবন পরিবর্তিত হয়ে যায়—দশ জন্মের প্রগতি একজন্মে সাধিত হয়। ভগবানের রূপা নইলে হয় কি? কিন্তু তার জন্ত ক্ষেত্র তৈরী হওয়া দরকার। পরকে ভালবাসো, জীবকে সেবা করো। আসক্তি ত্যাগ করো। ভগবানে মন দাও। মনের কুমাশা না কাটলে সত্যের আলোকপাত কি হয়?

—আপনারা দয়্যা করুন পৃথিবীর জীবকে—তাহোলেই হবে।

—আমার ইচ্ছা আছে, আর একবার পৃথিবীতে দেহধারণ করবো। যা পারি প্রচার করে করে আসি।

—পৃথিবীতে গিয়ে তুলে যাবেন না?

—দেহ ধরলেই বিশ্বাস্তি আসে। তবে তার ব্যবস্থা আছে। অল্প দিব্য পুরুষেরা গিয়ে আমায় বাল্যে ও যৌবনে নানাভাবে মনে করিয়ে দেবেন। তাঁরা দেখা দিতে পারেন আমায় স্বপ্নে কিংবা রাত্রিকালে, নয়তো ঘটনার এমন যোগাযোগ ঘটাবেন যে আমার আত্মা ক্রমশ জেগে উঠে বৃষ্ণতে পারবে পৃথিবীতে সে কেন এসেছে; ভোজ খেতে, নারী ও স্ত্রী নিয়ে আমোদ করতে আসেনি। ভগবানের বিশ্বে এসবের ব্যবস্থা আছে—যে ভাল কাজ করতে চায়, তাকে সাহায্য দেওয়া হয়। তিনি যে বিরাট মহাশক্তি, সেই শক্তিকে তুষ্ট করতে পারলে জীব পলকে প্রলয় করতে পারে, অসাধ্য সাধন করতে পারে, মহাশক্তির সদয় সাহায্য সে পায়। এ রহস্য কে বোঝে? পৃথিবীতে সবাই অর্থ নিয়ে ব্যস্ত, সর্বত্র অনুরোধিত এই করুণাময়ী মহাশক্তির রহস্যভেদ করতে ব্যস্ত ক'জন?

পুষ্প বল্লেন—প্রভু, আপনি বলছিলেন আপনার গ্রামে একটি মেয়ে ভগবানের দেখা পায়— সে কি রকম?

—সে উচ্চ অবস্থার মেয়ে। তার শেষ জন্ম হয় পৃথিবীতে, সাতশো বছর পূর্বে। মানব-আবর্ত কাটিয়েচে। স্বামী-ভাবে ভগবানকে চিন্তা করে। ভগবানের দেখা পায় সেইভাবে। আমি জানি ভগবানের এসব মায়িক রূপ। তাঁর রূপের কি কোনো সীমা আছে? ভগবানকে যে আন্তরিকভাবে ডাকে, তিনি তার কাছে যাবেনই। যে রূপে চায়, সে রূপেই যাবেন। এ একটা অমোঘ নিয়ম। যেমন চুষকের কাছে লোহা ছুটে যাবেই—তেমনি। ভগবান যাবেনই ভক্তরূপ চুষকের কাছে। তাঁকে টেনে নেবে আকর্ষণ করে। ভগবান লোহা, ভক্ত চুষক। এ ওকে টানচে ও একে টানচে। পৃথিবীর লোককে এসকল কথা বিশ্বাস করানো কঠিন।

বিশ্বাস করলে তো মানুষ আর মানুষ থাকে না, ভগবান হয়ে যায়।

ওরা সব মহলোকের সেই গ্রামটিতে ফিরে এল। তারপর তিনি ওদের সঙ্গে নিয়ে বিভিন্ন আবাস-বাটা দেখালেন জনপদের। পাহাড়ের গায়ে স্তরে স্তরে নানা রঙের ফুল, কোনো স্থানে কোনো অপার্বিষ পশুর মূর্তি, ফটিকে তৈরি। কোথাও বড় বড় বৃক্ষশ্রেণী, কোথাও সরোবর। দূরে দূরে এইসব বনবীথি ও উচ্চানের মধ্যে মধ্যে অতি সুন্দর সুন্দর প্রাসাদ ও অট্টালিকা। শুভ্র ফটিক প্রস্তর ছাড়া অন্য কোনো উপাদান এই প্রাসাদ নির্মাণে ব্যবহৃত হয়নি। গাছে গাছে কুসুমিত লতা মালার আকারে জড়িয়ে, আরতির পঞ্চপ্রদীপের শিখার মত কোনো কোনো বক্ত-বর্ণ পুষ্প উর্ধ্বমুখী হয়ে ফুটে আছে। জনপদের কিছুদূরে নিভৃত অরণ্য শিলাবাঁধানো পথের দুপাশে, অথচ সে সব অরণ্যে জুঁই, গোলাপ, কাঞ্চন ফুলের মত দেখতে আলোর ক্ষুদ্র ক্ষুদ্র মণ্ডলীর আকারের সুগন্ধি বনকুহুম অজস্র ফুটে আছে। পাহাড়ের কোলে গুহা ও প্রস্তরনির্মিত মন্দির—যেন বহুকালের বলে মনে হয়।

ওদের সঙ্গী বল্লেন—ওই সব গুহাতে মহলোকের প্রাচীন সাধুরা ভগবানের চিন্তাতে নিমগ্ন থাকতেন। এখন বহুদূর পথে, অনেক উর্ধ্বলোকে তাঁরা চলে গিয়েছেন, পৃথিবীর হিসেবে হাজার হাজার বছর আগেকার কথা। এখন ওগুলি তীর্থস্থান হিসেবে বিচ্যমান আছে, তবে ওই বনশুলী, নিভৃত গিরিগুহা ও মন্দিরগুলিতে বসলেই আত্মা স্বভাবত অন্তর্মুখী ও আবৃতচক্ষু হয়ে নিজের হৃদয়কন্দরের অন্ধকার গহনে ডুব দিয়ে নিজের স্বরূপ বুঝতে উন্মূখ হয়ে ওঠে।

যতীন বল্লেন—আচ্ছা, আপনাদেরও কি ধ্যানধারণা সাধনার প্রয়োজন হয়?

—আমরা তো অনেক নিম্নলোকের জীব! সত্যলোকের উর্ধ্বস্তরের দিব্য মহাজ্যোতির্ময় ব্রহ্মস্বরূপ জীবেরাও ধ্যান ও সাধনা দ্বারা আত্মশক্তি উৎসুক করেন। ভগবানের সঙ্গে নিজেদের যোগাযোগ সাধিত করেন। আমরা ধ্যান-ধারণা দ্বারা জন, তপঃ ও সত্য লোকের অধিবাসীদের সঙ্গে আদান-প্রদান চালাই। তাঁদের অদৃশ্য সাহায্য প্রার্থনা করি।

—তাঁরা কি আপনাদের কাছেও অদৃশ্য?

—সম্পূর্ণ। বিনা ধ্যান-ধারণায় তাঁদের মত উচ্চ জীবদের সঙ্গে আমাদের যোগাযোগ সম্ভব নয়। আমাদের চোখে তাঁরা সম্পূর্ণ অদৃশ্য।

—তাঁদেরও উর্ধ্বলোক আছে?

—আছে, অনেক আছে। সত্যলোকেরই উর্ধ্বতন স্তরের জীবেরা ঐ লোকের নিম্ন স্তরের জীবদের নিকট অদৃশ্য। তার উর্ধ্ব ব্রহ্মলোক তার উর্ধ্ব সর্বলোকাভীত পরব্রহ্মলোক বা গোলক। তারও উর্ধ্ব নিগুণ ব্রহ্মলোক—কিন্তু সেখানকার খবর কেউ দিতে পারে না—কেউ জানে না। এসব লোকের তত্ত্ব অত্যন্ত গুহ—সাধারণ জীবেরা এর খবর রাখে না বা তাদের কোনো আবশ্যকও নেই এসবে। তবে আমারও এইসব লোক সখ্যে কোনো প্রত্যক্ষ অভিজ্ঞতা নেই—কারো থাকে না। উর্ধ্বলোকের কোনো কোনো দেবতা দয়া করে দেখা দিলে যেমন বলেছেন, তেমনি জানি।

—গ্রাম নগর বেঁধে বাস করেন কেন?

—আমরা বহুযুগ পূর্বের আত্মা। আমাদের সমসাময়িক আত্মা এ লোকে আর নেই। আমরা পরম্পরের সাহায্যে পরম্পরে উন্নতিলাভ করছি। নিজেদের মনের সাহায্যে এই জনপদ নির্মাণ করে একত্র বাস কুরি, ভগবানের উপাসনা ধ্যানধারণা করি—সাধ্যমত পৃথিবীতে বা অস্ত্র গ্রহে গিয়ে স্থূল জগতের জীবদের উপকার করবার চেষ্টা করি। পৃথিবীতে যেমন গ্রাম জনপদ, স্থূল জগতের এই সব জনপদ, বনবীধি, উচ্চানেরই প্রতিচ্ছায়া মাত্র সে সব। তাদের বিকার আছে, এদের বিকার নেই।

পুষ্প বল্লে—ভগবানকে স্বামী রূপে পেয়েচে সেই মেয়েটিকে একবার দেখাবেন না? ঠুর ভাগ্য অস্ত্রুত তো!

দেবতা হেসে বল্লেন—ও সব হোল নারীর সাধনা। প্রেমভক্তির সাধনা—ভগবানের মায়িক রূপে দেখা পায়। তুমিও দেখা পেতে পারো কত্যা, যদি তোমার প্রেম জন্মে থাকে তাঁর প্রতি। ভগবান কল্পতরু-স্বরূপ, যথার্থ পিপাসু ও আকুল ব্যক্তিকে নিরাশ করেন না। তবে আমি ওগুলোকে পুতুলখেলা বলে বিবেচনা করি। নারীর ধর্ম, পুরুষের নয়। পুরুষ হবে জানী, বীর, ভাগী।

পুষ্প বল্লে—কিন্তু মনে রাখবেন দেব, ভারতের সর্বশ্রেষ্ঠ যুগাবতার শ্রীকৃষ্ণ এই প্রেমভক্তির সাধনা শিখিয়েচেন—

—জ্ঞানেরও, কর্মেরও। তাঁতে তিনেরই অপূর্ব সমন্বয়।

—শ্রীকৃষ্ণকে আপনি ঘাই বলুন, তিনি প্রেমের দেবতা। প্রেমময়, ভাবময়, সৌন্দর্যময়—এই তাঁর আসল রূপ।

—তুমি নারী, তোমার পক্ষে ওই ভাবই স্বাভাবিক বটে। তবে জেনে রেখো, জগতের বহু গ্রহে বহু জীবকুল বাস করে। ভগবান প্রাত্যেক গ্রহে অসীম বিশ্বের সমস্ত জীবকুলের সম্মুখে তাদের ভাবানুযায়ী মায়িক রূপ নিয়ে দেখা দেন। তিনি অসীম, অনন্তরূপী, তাঁর কোনো শেষ নেই। কত লক্ষ শ্রীকৃষ্ণ আছেন, কত লক্ষ রামচন্দ্র আছেন তোমাদের পৃথিবীর তাঁর মধ্যে—একথা মনে রেখো।

—তাতে কি। সসীম মাহুষ তাঁর কোটি কোটি মায়িক রূপ ধারণা করতে পারবে না। একটিমাত্র সুন্দর রূপের ধ্যানে সিদ্ধিলাভ করুক। তাহোলেই তাঁকে পাবে তো?

—নিশ্চয়। এ তো হোল সহজ পথ। ভক্তির পথ সহজ পথ, নারীর পথ। জ্ঞানের পথ বীরের পথ, পুরুষের পথ—সে কথা তোমাকে তো আগাই বলেছি। ভগবানকে পাবে—ও পথেও, এ পথেও।

পুষ্প বল্লে—সেই সহজ সুন্দর পথের সহজ সুন্দর দেবতা শ্রীকৃষ্ণ যদি আমার মনের গোপন মন্দিরে বিরাজ করেন, তবে আমার জন্মমরণ ধস্ত হবে, দেব। জীবনের এপারে বা ওপারে আর কিছুই চাইনে।

এই সময়ে একটি সুন্দরী নারী সেখানে এসে দাঁড়ালেন। তাঁর মুখ অপূর্ব দিব্যভাবপরিপূর্ণ। অন্ধকান্তি-ভরল জ্যোৎস্নার মত, বড় বড় চোখ দুটিতে অসীম সারল্য ও অস্তম্বিতা। মহাপুরুষ

পুষ্পের সঙ্গে পরিচয় করিয়ে দিয়ে বলেন—এই সেই কন্যা। এর নাম স্মেধা—ভারতবর্ষেরই কন্যা।

পুষ্প প্রণাম করে বলে—দেবি, ভগবানের সম্বন্ধে কথা হচ্ছিল—

নারী হেসে বলেন—আমি সব শুনেচি—তঁার স্বরূপ কি শুনবে? আমি খুব ভাল করে দেখেচি। তিনি বালকস্বভাব, পথের বাঁকে বসে থাকেন উৎসুক হয়ে, ধরা দেবার জন্যে। কিন্তু তঁার পেছনে ছুটতে গেলে তিনি বালকের মত হেসে ছুটে দূরে পালিয়ে যান—

যতীন অভিভূত ও মুগ্ধভাবে বলে উঠলো—বাঃ মা, বাঃ, কি সুন্দর অল্পভূতির কথা!

পুষ্পও মুগ্ধদৃষ্টিতে সেই অনিন্দ্যসুন্দরী লাবণ্যময়ী ভাবময়ী নারীর দিকে চেয়ে রইল। রুদ্ধ-নিঃশ্বাসে বলে—তারপর? তারপর?

—তারপর কি জানো? সেই সময় যদি তুমি হতাশ হয়ে ছুট দেওয়া বন্ধ করো—তবে ভগবান নিরাশ হবেন, দাঁড়িয়ে যাবেন, বালকের মত। তিনি চান জীব তঁার পেছনে পেছনে খানিক ছোট্টে, হাঁপাঙ্ক। ভগবান জীবের সঙ্গে বালকের মত খেলা করেই মহাখুশি। না খেমে তবুও ছুটলে ভগবান শেষে অকারণেই আবার ফিরে আসবেন, হাসতে হাসতে ধরা দেবেন। অতএব ভগবানকে নিরাশ করো না, তাঁকে একটু জীবকে নিয়ে খেলা করতে দাও। তিনি বড় একা—

দেবীর চোখ মেহে ও প্রেমে ছলছল করে উঠলো।

পুষ্প বলে—চমৎকার! আজ অতি সুন্দরভাবে বুঝলাম। সহজভাবে বুঝলাম। আপনার অল্পভূতি সহজ বলেই সহজভাবে বুঝেচেন তাঁকে।

যতীনের মন পুষ্পের এ কথায় সায় দিলে।

ওদের সঙ্গী কিন্তু অল্পদিকে মুখ ফিরিয়ে ছিলেন উদাসীনের মত—যেন তিনি এসব ভাবা-লুতার বহু উর্ধ্বে, জ্ঞান ও তপস্যার দৃঢ়ভূমির উপর স্বপ্রতিষ্ঠ।

যতীন ও পুষ্প তাঁকেও প্রণাম করে বিদায় প্রার্থনা করলে।

মেয়েটি ওদের হাসিমুখে বলে—আবার এসো তোমরা। আমি এখানে শীগগির উৎসব করবো—বনকুসুম-উৎসব। জনলোকের অনেক নারীপুরুষ আসে, সবাই বনফুলের মালা দেন আমার বিগ্রহের গলায়। আমি তোমাদের নিমন্ত্রণ পাঠাবো।

পুষ্প বলে—দেবি, কল্প-পর্বতের সঙ্গীত শুনে যান না আপনি? আবার তো সেদিন আসচে। আপনার সঙ্গে দেখা হবে? . . .

—আমি প্রতিবারই যাই। আমাদের গ্রামের সকলেই যায়। ভগবানের প্রতি অল্পরাগ জন্মায় ওই সঙ্গীত শুনে—অত্যন্ত সুন্দর অল্পভূতির দরজা খুলে যায় বলে অনেক উচ্চ স্তরের নর-নারী আসেন সেদিন। যেও সেখানে—আমিও যাবো।

গ্রামের প্রান্তে বনবীধির অন্তরালে একটি শুভ স্ফটিকের মন্দিরে মেয়েটি ওদের দুজনকেই হুনিয়ে গেল। সেখানে পা দিয়েই পুষ্প বুঝতে পারলে এ অতি পবিত্র স্থান দেবতার আবির্ভাব দ্বারা এর অণু-পরমাণু ধ্বংস ও রুতার্থ হয়ে গিয়েছে, এখানে এসেই তারমনে হোল এখানে

নির্জনে বসে ভগবানের চিন্তা ও ধ্যান করি। রঘুনাথদাসের আশ্রমের মত এর পুণ্যময় প্রভাব।

মেয়েটি হঠাৎ বলে—সমুদ্র দেখবে ভাই ?

পুষ্প অবাক হয়ে বলে—কোথায় ?

—ওই ছাথো—

পুষ্প সত্যই দেখলে, সেই বনবীথির ওপারে বিশাল সুনীল মহাসাগর ঢেউএর ওপর ঢেউ তুলে বহুদূরে দিগন্তে মিশে গিয়েচে—কোনো কূল নেই, কিনারা নেই। তার অনন্ত জলরাশির ওপর নীল মহাব্যোমের প্রতিচ্ছায়া—সে এক অদ্ভুত দৃশ্য, সমুদ্রতীরে এক শিলাখণ্ডে বিশাল বৃক্ষতলে মেয়েটি ওর হাত ধরে নিয়ে গিয়ে বসালে। পুষ্পের মনে হোল ওর সমস্ত মত্তা এই অনন্ত মহাসমুদ্রের কূলরেখা ধরে বহুদূর অনন্তে বিলীন হয়ে যাচ্ছে, জগৎস্বপ্ন যেন লয় হয়ে যাচ্ছে স্বসংবেদ্য আত্মাহুত্বের শাস্ত গভীরতায়। মেয়েটি খিল খিল করে হেসে উঠলো মুখে আঁচল দিয়ে। কি মধুর হাসি তার সুন্দর মুখের। বলে—কেমন ঠিকিয়েছি ভাই ?

পুষ্প বলে—সমুদ্র কোথা থেকে এল এখানে ? আমিও তাই ভাবছি।

—সমুদ্রতীরে এই গাছতলায় বসলে তাঁর কথা বড় মনে হয়—তাই তৈরি করে রেখেছি।

—সব সময় থাকে ?

—সব সময়। তবে অল্প কেউ আমার মনের ভূমিতে না পৌঁছুলে দেখতে পায় না। আমার কাছে সর্বদাই সত্যি—অশ্রের কাছে অবাস্তব।

—এ গ্রামের অল্প লোকের কাছেও ?

—আমি ছাড়া আর কেউ দেখতে পায় না। ভূমি ভাই ভালবাসবে বলে তোমাকে আমার ভূমিতে নিয়ে এসে দেখালাম। বলো ভালো ?

—আপনাকে আমি কি বলে ধন্যবাদ দেবো জানিনে দেবী। কত ভালো যে লাগচে এই বন, এই পাথরের বেদী, এই নীল সমুদ্র—এখানে ভগবানের আশাযাওয়ার পায়ের চিহ্ন আছে।

—আছেই তো। উনি যে আসেন লুকিয়ে আমার কাছে। জানো না ভাই ?

মেয়েটির গলার সুরে পুষ্পের মমতা জাগলো। শ্রদ্ধাও। এই শিলাস্তুত সমুদ্রবেলায় দেবতার শুভঙ্কর আবির্ভাবের কথা লেখা রয়েছে। পুতুলখেলা হয়তো। হোক পুতুলখেলা। সে নারী, এই তার ভাল লাগে।

সে হঠাৎ একটা প্রশ্ন করলে—আচ্ছা, একটা কথা বলুন। মেয়েরা কি খারাপ ? পৃথিবীতে কেন একথা সাধু-মহাজ্ঞান বলে এসেচেন ?

—মেয়েরা সাধনপথের বিঘ্ন, তাই।

—কেন ?

—বিভ্রান্ত করে দেয় পুরুষের মন। প্রকৃতির কাজ করবার জন্তে মায়া সৃষ্টি করে। পুরুষেরা মজে অতি সহজেই। সখি, তোমার এই মুখখানি নিয়ে এই মহর্লোকেই একবার পরীক্ষা করে ছাথো না ?

—সত্যি আমরা কি এতই হেয় ?

—হেয় বা খারাপ এমনি হয়তো কিছু না, বিশেষ ক্ষেত্র ছাড়া। যে ভগবানকে পেতে চায়, যে জ্ঞানের সাধনা করতে চায়, ভক্তির সাধনা করতে চায়—সে নারী থেকে দূরে থাকবে, এই বিধান। অল্প লোকে যত খুশি মিশুক—কে বারণ করচে? সাধনার পথের পথিক যারা নয় তাদের কি বাধা আছে নারীসঙ্গের? নারী প্রেমের সাধিকা হয় অতি সহজে, পুরুষে তা পারে না। নারী পাপের পথেও নিয়ে যায়, কল্যাণের পথেও নিয়ে যায়। কারণ, চিন্তনদী উভয়তোমুখী, বহতি পাশায়, বহতি কল্যাণায়। খুব সাবধানে না চললে সর্বনাশ আসে ওদের থেকে। সাপ খেলাতে সবাই জানে না। আনাড়ী সাপুড়ে সাপের হাতে মরে।

—স্বামী-স্ত্রীর সম্বন্ধ কি চিরকালের?

—যেখানে প্রেম থাকে। নয়তো কিসের সম্বন্ধ? যেখানে প্রেম আছে, প্রেমের দেবী মিলিয়ে দেন। স্বামী-স্ত্রী না হোলোই বা কি। প্রেম নিয়ে বিষয়—কিন্তু এ ধরনের প্রেম সাধনা-লক্ষ বস্তু। দেহের বা রূপের মোহ এ প্রেমের জন্ম দিতে পারে না। রূপজ প্রেম দিয়ে প্রকৃতি তার কাজ করিয়ে নেয় মাত্র।

—আপনি কি করে এসব জানলেন?

মেয়েটি হেসে বলে—কত যে ঠকেচি ভাই কত শত জন্ম ধরে। কত নেমে গিয়েছিলাম, কত ভুগেছিলাম—জন্ম-জন্মান্তরের সে সব স্মৃতি ও সংস্কার আমাকে জানী করেছে। একজন্মে দুজন্মে সাধু হওয়া যায় না ভাই—মহর্লোকেও আসা যায় না।

—আবার আপনি জন্মাবেন?

—পৃথিবীতে আমার শেষ জন্ম হয় বহুকাল আগে—পৃথিবীর সে হিসেব ভুলে গিয়েচি। আর সেখানে যাবো না। ভগবান আমায় দয়া করেচেন।

—যদি আপনার মত মেয়ের দরকার হয় পৃথিবীতে জন্ম নেওয়ার?

—সে অবস্থায় ভগবানের নির্দেশ পাবো। জীবের সেবা করবার ভার—সৌভাগ্যের কথা সে। তিনি যদি আমায় না ছাড়েন ভাই, নরকে যেতেই বা কি? উনি হাত ধরে নিয়ে গেলে নরক আর বলি কোথায়! কিসের স্বর্গ কিসের নরক? থাকুন তো উনি আমার সঙ্গে!

মেয়েটির চোখ বেয়ে জল গড়িয়ে পড়লো দর-দর ধারে।

পুষ্প অবাক হোল গুঁর অশ্রুভূতির তীব্রতায়। শ্রদ্ধায় ভক্তিতে ভরে উঠলো তার মন।

মেয়েটি আবার বলে—ভগবান এই আলোর কমল বিখজগৎ হয়ে ফুটে আছেন। তাঁর করুণার আলো। কাঁউকে তিনি ভোলেন-না, অবহেলা করেন না ভাই—তাঁর মত প্রেমিক কে? যে ডাকে, যে তাঁর শরণ নেয়, তিনি তারই দোরে ছুটে যান, পাপী-পতিত মানেন না। কিন্তু ভাই, কেউ কি তাঁকে চায়?

সমুদ্রতীরের বিশাল বৃক্ষতলে নীল উর্মিমালার দিকে চেয়ে ওরা দুজন দাঁড়িয়ে। মেয়েটি সুন্দর ভক্তিতে হাত তুলে দূরে দেখিয়ে বলে—ওই মহাসমুদ্রের মত অন্তহীন তাঁর করুণা! কেউ বৃক্ষে পারে না, বলে তাঁকে নিষ্ঠুর। তিনি দু'তিন জন্মের মঙ্গল করেন একজন্মের কর্মক্ষয় ক'রে। পৃথিবীর লোকে সন্ত সন্ত ফল চায়। বোঝে না তিনি কি করতে চাইছেন। ধ্বংসের মধ্যে দিয়ে

অনেক সময় আসে তাঁর করুণা। কাজেই অবুঝের গালাগালি তাঁকে সহ্য করতে হয়।

পুষ্প বলে—আপনি দেবী, কি আনন্দ হোল আপনার সঙ্গে দেখা হয়ে। আমার সঙ্গী মহলগোকে বেশিক্ষণ থাকতে পারবেন না, জ্ঞান হারিয়ে ফেলবেন। আজ আমি যাই—

—আবার এসো ভাই, আসবে ঠিক? আমার পায়ে হাত দেওয়া কি ভাই? তুমিও তো কম নও। আমি তোমাকে চাই। এসো—আনন্দে থাকো ভাই।

মেয়েটির অব্যর্থ আশীর্বাদ। সত্যিই এক অপূর্ব আনন্দের প্রসন্ন হিজোল বয়ে গেল পুষ্পের মনে। এ জগতে ভয় নেই, অমঙ্গল নেই—মেয়েটি বলেচে, ভগবানের আশীর্বাদ রয়েছে বিশ্বের ওপরে।

ফিরে এসে বুড়োশিবতলার ঘাটে বসে সেদিন সন্ধ্যায় পুষ্প যতীনকে ওই অজুত মেয়েটির গল্প শোনালে।

সেদিন ফিরে আসবার পর আরও কিছুকাল কাটলো। বুড়োশিবতলার ঘাটে যে সংসার পেতেছিল পুষ্প, তাতে যেন ভাঙন ধরেচে। আজ সাত বছর আগে প্রথম যেদিন যতীন এখানে আসে, সেদিনটি থেকে পুষ্পের কত সাধ, কত আনন্দ, ছেলেবেলার সেই প্রিয় সাথীকে নিয়ে এখানে সংসার পাতবে। তাই অনেক আশা করে সাজিয়েছিল বুড়োশিবতলার ঘাটের সংসার।

ওপারের শ্রামাসুন্দরীর মন্দিরে আরতি-ঘণ্টাধ্বনি হওয়ার সঙ্গে সঙ্গে পুষ্প আগে নিজেদের ঘরে প্রদীপ দেখায়, গৃহদেবতার সামনে স্নগন্ধি ধূপ জালিয়ে ফলফুলের অর্ঘ্য নিবেদন করে, মনে মনে দেবদেবীকে স্মরণ করে। রঘুনাথদাস ওকে একটি সুন্দর ফটিক-বিগ্রহ এনে দিয়েচেন, তিনি বলেন একজন শিল্পী মননশক্তি দ্বারা ভুবলোকের পদার্থে ইচ্ছামত রূপান্তর ঘটিয়ে এই সব দেবদেবীর মূর্তি তৈরি করেন—এই লোকেরই চতুর্থ স্তরে কোথায় তিনি থাকেন। পুষ্প বলেছিল একদিন সেখানে গিয়ে দেখে আসবে।

কিন্তু কি জানি পুষ্পের ভাগ্যে কোথায় যেন কি গোলমাল আছে। সব মিথ্যে হয়ে যায় কেন? হঠাৎ আশা-বোঁদিদি বিষ খেয়ে আত্মহত্যা করেচে।

সেই মুহূর্তেই পুষ্প টের পেয়ে গেছে। কিন্তু আশ্চর্যের বিষয় যতীন তার কিছুই জানে না। যতীনের মুখের দিকে চেয়ে ওর কষ্ট হোল। হুঁ আশা প্রায়ক কর্মের ফলে ভুবলোকের কোনো নিয়ন্ত্রণে হয়তো ঘুরচে—যতীনদার সঙ্গে দেখা হওয়া সম্ভব নয় এ অবস্থায়, পুষ্প এতুন্নতা বুঝেচে।

সুতরাং মিছিমিছি কেন যতীনদাকে আশার অরণ্যের কথা জানিয়ে কষ্ট দেওয়া। পৃথিবীতে থাকলেও তারা যেমন কোনো সাহায্য করতে পারেনি, এখানেও ঠিক তেমনি অবস্থা দাঁড়াবে। এ-লোকেও নিয়ন্ত্রণের অধিবাসী আশার কাছে সে ও যতীনদা যেমন অদৃশ ছিল পৃথিবীতে থাকতে, তেমনিই থাকবে।

কিন্তু আশা কোথায় আছে একবার দেখা দরকার।

সেদিন সে রঘুনাথদাসের কাছে গেল, যতীনকে কিছু না জানিয়ে। দেখা পাবে কিনা সন্দেহ ছিল, কারণ এ সব মহাপুরুষ নিজের খেলালে থাকেন, আজ আশ্রম আছে, কাল নেই। সর্বপ্রকার

মায়ীবন্ধনের অতীত এঁরা। ভগবানের দেহে লয় না হয়ে ভক্তিসেবার জন্তে চিন্ময় আশ্রমে চিন্ময় বিগ্রহ স্থাপন করে সেবামৃত আশ্বাদ করচেন মাত্র। আজ আছেন, কাল হয়তো নাস্তি। দেখাই যাক্।

রঘুনাথদাস আচার্যকে তার বড় ভাল লাগে। প্রেমে স্নেহে বালকস্বভাব বৃদ্ধ সাধু ঠিক যেন তার বাবার মত। আজ তার মনে হোল এ বিপদে এঁরই আশ্রয় নিতে হবে। অতি উচ্চ স্তরে সাধুর আশ্রম, সেখানে পৌঁছোনো তার পক্ষে সব সময় সহজ নয়—ভবে ভগবানের কৃপা ভরসা।

আশ্রমটি একটি বিশেষ মণ্ডলের মধ্যে অবস্থিত। সাধুর আবাসস্থানের মাহাত্ম্যে দূর থেকেই পুষ্পের মনে এক অদ্ভুত ভাবের উদয় হোল—এ ভাব সে পূর্বেও এখানে আসবার সময় গাঢ় ভাবেই অনুভব করেছে। সে অপূর্ব আনন্দরস...বার বার জন্মমৃত্যুর আবর্ত থেকে মুক্ত, কোন্ লীলাময়ের অনন্ত লীলারাজ্যে সে নিত্য অভিসারিকা চিরযৌবনা প্রেমিকা...জগন্মণ্ডলের সৃষ্টিকর্তা প্রজ্ঞাপতি হিরণ্যগর্ভের পার্শ্বচারিণী।

সেই স্নেহ স্ফটিকের দুগ্ধধবল গোপাল-মন্দিরটি দূর থেকে দেখেই পুষ্প উদ্দেশে প্রণাম করলে। মন্দিরের চারিপাশের পুষ্পবাটিকাতে কত ধরনের ফুল ফুটে আছে, পূর্ব-পরিচিত এই স্নন্দর লতাকুঞ্জটিতে রঘুনাথদাস বসে নামগান করচেন। এবার তিনি একা নন, দুটি বালক ও দুটি উদ্ভিন্নযৌবনা স্নন্দরী কুমারী সেখানে বসে তাঁর সঙ্গে হাততালি দিয়ে গানে যোগ দিয়েছে। কেমন চমৎকার স্বগন্ধ এখানকার! সেবারও এখানে আসতেই পুষ্প পেয়েছিল—অগুরু, চন্দন, স্বগন্ধি ধূপের ধোঁয়া, কত কি ফুলের সুবাস মিলে এই স্বর্গীয় স্বগন্ধটার সৃষ্টি করেছে। আশ্চর্য, কোনো পার্শ্বিক ধরনের বাসনা একেবারে থাকে না এই স্নমধুর গন্ধময়, নিস্তরক, চিরশান্তিময় পরিবেশের মধ্যে।

শুকে দেখে রঘুনাথদাস বল্লেন—এসো মা। আমি তোমার কথা ভাবছিলাম, বোসো।

পুষ্প শুঁকে প্রণাম করতেই আচার্য বল্লেন—অপুনর্ভব হও।

বিস্ময়ে পুষ্প শিউরে উঠে বল্লেন—কি বল্লেন আচার্যদেব! শুকি কথা?...জানেন—

তিনি হেসে বল্লেন—ঠিক বলেছি মা।

—আপনি তো জানেন, আমার বাসনা কামনা কিছুই এখনো যায়নি, পৃথিবীতে আমার যাতায়াত বন্ধ হোলে কি করে চলবে? বলুন আপনি। জন্ম এখন থেকেই বন্ধ হবে?।

রঘুনাথদাস পুষ্পের গায়ে সন্নেহে হাত বুলিয়ে অনেকটা যেন আপনমনে স্বর করে বল্লেন—

কিয়ে মাছুষ, জনমিয়ে পত্তপাখী, অথবা কীটপতঙ্গ

করমবিপাকে গতাগতি পুনপুন মতি রহ' তুয়া পরসঙ্গে।

এমন দিব্য মধুর স্বরের সে গান, বিজ্ঞাপতির বাণী যেন মূর্ত হয়ে উঠলো স্বগায়ক রঘুনাথদাসের কর্ণস্বরের মধ্যে দিয়ে।

তারপর পুষ্পকে বল্লেন—যাও, গোপালকে দেখা দিয়ে এসো। বড় অতিমানী—সামলে রাখতে হয়।

পুষ্প হেসে বললে—ওসব আপনার সঙ্গে, কই আমাদের সঙ্গে তো কোনোদিন একটা কথাও—

হবে। দেখতে পাচ্ছি মা, দেখতে পাচ্ছি। গোপালের চিহ্নিতা সেবিকা তুমি। সাথে কি বলেচি অপনুর্ভব হও? আমার মুখ দিয়ে মিথ্যা বার হয়নি।

—আপনি বুড়ো দাঁড় হয়ে বসে আছেন, দিন দিন ছেলেমানুষ হচ্ছেন কেন? ও রকম বলে মেয়ের অপরাধ হয় না?

বৃদ্ধ প্রশ্নমুখে বললেন—ঠিক মা ঠিক। যাও দেখে এসো—

একটু পরে পুষ্প আবার এসে তাঁর কাছে বসলো। এখানে সে কি জ্ঞাত্রে এসেছিল তা যেন ভুলে গিয়েচে। এ পবিত্র আশ্রমে বসে কি করে ঐ সব কথা বলবে! হয়তো শেষ পর্যন্ত বলতে পারতো না, কিন্তু রঘুনাথদাসই বললেন—তোমাকে অগমনস্ক বলে মনে হচ্ছে কেন?

—আপনি অন্তর্ধামী, সব জানেন। লজ্জা করে আপনাকে মুখে বলতে—

রঘুনাথ কিছুক্ষণ স্থিরভাবে বসে রইলেন চোখ বুজে। তারপর গম্ভীরভাবে বললেন—কি চাপ মা?

—সেই হতভাগীর সঙ্গে দেখা করতে বড় ইচ্ছে হয়। কি ভাবে আছে,—যদি কোনো উপকার করতে পারি।

—সেই মেয়েটি প্রেতলোকে রয়েছে। তার চোখ খোলেনি, মনও অপরিণত। তার ওপর আত্মহত্যা-রূপ মহাপাপের ফলে প্রকৃতি একটা প্রতিশোধ নেবে।

—একবার দেখা হয় না?

—সে কোথায় আছে জানি না। ভুবলোকের নিম্নস্তর, যাকে সাধারণত নরক বলে থাকে পৃথিবীর ভাষায়—সে অনেক বড় জায়গা। তারও আবার অনেক স্তর আছে—চলো দেখি—

—প্রভু, আমার সঙ্গে তার একভাবে খানিকটা যোগ আছে, স্তরমাং আমি গেলে তাকে বার করা সহজ হবে।

—ওসব না। সে মেয়েটি পৃথিবীর যে গ্রাম থেকে এসেচে—তারই নিকটবর্তী কোনো নিম্নলোকে ভ্রাম্যমানা। স্থূল ধরনের বাসনা-কামনা নিয়ে পৃথিবীর আকর্ষণ ছেড়ে উর্ধ্বলোকে ওঠা অসম্ভব।

একটু পরে পুষ্প রঘুনাথদাসকে নিয়ে প্রথমে এল কুড়ুলে-বিনোদপুর, সেখানে কোনো সন্ধান না পেয়ে গেল আশার বাপের গ্রাম রত্নলপুরে। কয়েকটি নিম্ন শ্রেণীর ধূসরবর্ণের আত্মা গ্রামের বাসবনে, তেঁতুলগাছের ডালে, মাঠের মধ্যে বাবলা গাছে পা ঝুলিয়ে বসে হাওয়া খাচ্ছে। একটি ছুট্ট আত্মা গ্রামস্থ ব্রাহ্মণপাড়ার পুকুরপাড়ের এক নোনা গাছে বসে স্নানরতা স্ত্রীলোকদের দিকে একদৃষ্টে চেয়ে আছে। প্রায় তুরায় অবস্থায়। পুষ্প মনে মনে হেসে বললে—তাখো পোড়ার-মুখের কাণ্ড! ইচ্ছে হয় গালে এক চড় বসিয়ে দিই আসি—হাঁ করে যেন কি গিলচে—হি হি—

অবিশ্বাস্তি ওই সব নিম্ন স্তরের আত্মার কাছে তারা অদৃশ্যই রইলো।

রঘুনাথদাস বললেন—চলো, এখানকার কাছাকাছি নিম্নলোকে—এখানেই আছে।

অন্ন পরেই ওরা এক বিস্তীর্ণ মরুপ্রান্তরের স্রায় উবর স্থানে এসে পড়লো। তার চতুর্দিকের চক্রবাল-রেখা ধুমবাস্পে সমাচ্ছন্ন—যেন মনে হয় কাঁচা বনে লতাপাতা পুড়িয়ে অল্পশ্রু ধূম সৃষ্টি করে দাবানল জ্বলছে। অথচ অগ্নিশিখা দৃশ্যমান নয়—শুধুই মরুস্রয় ধূ ধূ প্রান্তর, মাঝে মাঝে বৃক্ষলতাহীন প্রস্তরস্তূপ। ওরা সেই জনহীন মরুদেশের ওপর দ্বিগ্নে শূন্যপথে ধীরগতিতে যেতে যেতে দেখলে সে রাজ্য সম্পূর্ণরূপে জনহীন, বৃক্ষলতাহীন। সেখানকার আকাশ নীল নয়, ঘোলাটে ঘোলাটে শুভ্র লঘু বাস্পে ঢাকা। পুষ্পের মনে হোল তাত্র মাসের শুকটের দিনে পৃথিবীর আকাশে যেমন সাদা মেঘ জমে থাকে—অনেকটা তেমনি।

পুষ্প বলে—এই জায়গাটা যেন কেমন বিশ্রী—

রঘুনাথদাস বলেন—এই সব ভুবলোকের নীচু স্তর, পৃথিবীতে যাকে নরক বলে। এ অনেক দূর বোপে রয়েছে—হাজার হাজার ক্রোশ চলে যাও, পৃথিবীর ঠিক ওপরে পৃথিবীর চারিপাশ ঘিরে এ রাজ্য বর্তমান। অথচ পৃথিবীর লোকের কাছে সম্পূর্ণ অদৃশ্য। এখানকার বাসিন্দারা আবার ভুবলোকের কোনো উচ্চ স্তর দেখতে পায় না।

—হাজার হাজার ক্রোশ! এমন জনহীন!

—তারও বেশি। যতদূর চলে যাও, এ অভূত লোকের আদি অন্ত পাবে না। বহু হাজার ক্রোশ চলে যাও, এমনি। এ কোনো বাইরের অবস্থা নয়। এখানকার বাসিন্দাদের মানসিক-অবস্থা-প্রসূত। এরাও অনেক সময় হতদূর যায়—এ জনহীন মরু-পাথরের দেশের আদি-অন্ত পায় না খুঁজে, অত্ৰ কোনো প্রাণীকেও দেখতে পায় না। চন্দ্র নেই, সূর্য নেই, তারা নেই—এই বরকম চাপা আলো—কখনো কালো হয়ে আসে, ঘোর কালো, পৃথিবীর অমাবস্তার মত। উপনিষদে এ লোকের কথা বলে গিয়েচে—অসূর্ষা নাম তে লোকা অন্ধেন তমসাবৃত্তা—এই সে ভীষণ অন্ধ-তমিস্রা লোক—একশো বছর পর্যন্ত হয়তো টিকে যায় সেই অন্ধকার কোনো কোনো পাপী আত্মার কাছে। সে হতভাগ্য আশ্রয় ও আলো খুঁজে, সন্ধী খুঁজে হয়রান হয়ে পড়ে।

পুষ্প শিউরে উঠলো। অম্পষ্ট স্বরে বলে—একশো বছর ধরে অমাবস্তা!

রঘুনাথদাস হেসে বলেন—কল্লা, অন্ন-মরণ-ভীতি-ভ্রংশী ক্রীকৃষ্ণমূরারির শরণ নাও—যেন এখানে কোনোদিন আসতে না হয়। এ হোল হিরণ্যগর্ভদেবের রাজ্য, তিনি এখানে শাসক ও পালক।

—তিনি কে?

—ব্রহ্মের তিন রূপ—স্বলরূপে বিরাট, সূক্ষ্মরূপে হিরণ্যগর্ভ, কারণ-স্বরূপ ঈশ্বর।

—প্রভু, পৃথিবীর গ্রহদেব বৈশ্রবণ কে?

—তিনি পূর্বকল্পের মহাপুরুষ। পৃথিবীর প্রজাপতি।

—তবে আপনার গোপাল কে?

রঘুনাথদাস প্রশন্ন হাস্যে বলেন—গোপাল সব। আমি ওকেই জানি। ওই ব্রহ্ম, ওই আত্মা, ওই ভগবান। আমি আর কারো খবর রাখিনি। ব্রহ্মের সাকার রূপ, জ্ঞানচক্ষে দেখলে মায়িক রূপ বটে। কিন্তু আমার চোখে গোপাল ব্রহ্মও পরিপূর্ণ করে রেখেচে। আমার আর

কোনো ভয়ে দরকার কি। ভক্তির চোখে ভাবের চোখে দেখতে শেখো ভগবানকে। তাঁর ঐশ্বর্য ভুলে যাও। তাঁকে বন্ধু ভাবো পুত্র ভাবো পতি ভাবো—এমন কি দ্বাস ভাবো।

পুষ্প বিস্মিত হয়ে বললে—দাস ভাববো? কি বলেন ঠাকুর!

রঘুনাথ চাঁৎকার করে বললেন—কেন ভাববে না? দাবি করে ভাবো। প্রেমের সঙ্গে দাবি করে ভাবো। তিনি ভক্তের দাসত্ব করেচেন—করেন নি? তিনি যে প্রেমের কাণ্ডাল—তাকে যেভাবেই ডাকো, ডাকলেই সাড়া দেবেন। তবে প্রেমের সঙ্গে ডাকা চাই। ভয় করে ডেকো না। ভয় করবার কিছু নেই তাঁকে।

পুষ্প মেয়েমানুষ, এ সব কথায় ওর চোখ দিয়ে দরদর ধারে জল গড়িয়ে পড়লো। যুক্ত করে নমস্কার করে বললে—আপনার আশীর্বাদ, ঠাকুর। নরকে এ কথা বললেন, নরক যে পুণ্যস্থান হয়ে উঠলো!

এমন সময় পুষ্প দেখতে পেলে আশাকে। একটা কালো পাথরের অল্পবয়সী টিলার ওপর সে মলিনমুখে চুপ করে বসে আছে।

রঘুনাথদাস বললেন—তুমি যাও মা। আমি এখানে থাকি।

—কিন্তু আমাকে যে ও দেখতে পাবে না?

—পাবে, যাও। কিন্তু একটা কথা মা—

—কি?

—ওই কস্তাটির এখনও জ্ঞান হয়নি।

পুষ্প বিস্মিত হয়ে বললে—সে কি প্রভু! ও তো দিব্যি জেগেই বসে আছে।

—ও মেয়েটি ধূম্রযান দক্ষিণমার্গের পথিক। ওর গতির পথ বঁকে আছে ধনুকের মত পৃথিবীর দিকে। তুমি দেখতে পাচ না মা! ও অল্পদিন হোল পৃথিবী থেকে এসেচে—তার ওপর আভাবিক নিয়মে মৃত্যু হয়নি। আত্মহত্যা করেছে। ওর মৃত্যু সম্বন্ধে ধারণাই হয়নি। যাও, কাছে গিয়ে বুঝতে পারবে।

পুষ্প কাছে যেতেই আশা বললে—তুমি আবার কে গো? হ্যাগো, এটা কি আলিপুরের বাগান?

পুষ্প সন্নেহে বললে—কেন বৌদি? এটা কি বলে মনে হচ্ছে?

—বাড়ীওয়ালী মাসী বলেছিল আলিপুরের বাগান দেখাতে নিয়ে যাবে। সেখানে একটি কৌনু বাবুর সঙ্গে আমার আলাপ করিয়ে দেবে। আমি বলি, ছি ছি, কি ঘেরা, বলি—নেতাদার সঙ্গে চলে এসেছিলাম সে আলাদা কথা। অল্প বয়সে বিধবা হয়েছিলাম, কে খেতে পরতে দেয় সংসারে ...না হ্যাঁ, সত্যি কথা বোলবো। মা বুড়ো হয়েচেন, তাঁর ঘাড়ে আমার আর একটি বিধবা দিদি ...আচ্ছা, মাহেশের রথতলা এখান থেকে কত দূর? তুমি কে?

পুষ্প ওর পাশে গিয়ে বসলো। ওর দিকে সন্নেহে দৃষ্টিতে চেয়ে বললে—আমি তোমাকে চিনি। তুমি আমার বৌদিদি হও।

—তা এখানে কি মানুষ নেই? এটা কোন্ জায়গা? খিদে-তেটা পেয়েচে কিন্তু একখানা খাবারের দোকান নেই। মাহেশের রথতলাতে আমার এক দূর সম্পর্কের গুণীপতি থাকে। সেখানে যাবার খুব ইচ্ছে হয়। কিন্তু এই অবস্থায় যেতে লজ্জাও করে—

—তুমি এখানে এলে কার সঙ্গে?

—এলাম কার সঙ্গে তা মনেই পড়ে না। একদিন বাড়ীওয়ালী মাসী বলে—তোমায় আলিপুরের বাগানে নিয়ে যাবো—সেখানে একটি বাবু তোমার সঙ্গে দেখা করে কথা বলতে চায়। ঘরে সেদিন কিছু খাবার নেই। বাড়ীভাড়া কুড়ি টাকা আর জগ্জে ভাগাদা করে করে বাড়ীওয়ালী তো আমার মাথা ধরিয়ে দিতে লাগলো। রাত্রে ঘরে খিল দিয়ে শুলাম, তারপর যে কি হোল, আমার ভাল মনে হচ্ছে না।

—বাড়ীওয়ালী তোমায় আলিপুরে নিয়ে গিয়েছিল?

—কি জানি ভাই, তারপর আমার আর কিছু মনে নেই। এখানে আজ ক’দিন আছি তাও মনে নেই। খিদে-তেটা পেয়েচে—অথচ খাবার পাইনে। না আছে একটা লোক, না আছে একটা দোকান-পসার। আচ্ছা, এর বাজারটা কোন্ দিকে?

পুষ্প কিছুক্ষণ চূপ করে থেকে বলে—আশা বৌদি, বতীনদাকে মনে পড়ে?

আশা কেমন যেন চম্কে উঠে, ওর দিকে অলক্ষণ অবাক হয়ে চেয়ে বলে—তুমি তাঁকে কি করে জানলে?

—জানি আমি। দেশের লোক যে গো! একগায়ে বাড়ী।

আশার চুচোথ বেয়ে জল গড়িয়ে পড়লো। হাত দিয়ে মুছে বলে—তিনি স্বগ্গে চলে গিয়েচেন, তাঁর কথা আর আমার মুখে বলে কি লাভ?

—সে কথা বলচিনে বৌদি, সত্যি কথা বলা তো আমার কাছে, তাঁর কথা তোমার মনে হয় কি না?

আশা চূপ করে রইল কিছুক্ষণ। তারপর ধীরে ধীরে বলে—হয়। যখন হয় তখন বুকের মধ্যে কেমন করে ওঠে—

—কেন বৌদি?

—আমি হতভাগী তাঁকে একদিনও স্মৃতি দিইনি। তখন ছেলেমানুষ ছিলাম, বুঝতাম না—কেবলই বাপের বাড়ী এসে থাকতাম খন্তরবাড়ী থেকে—

—কেন?

—খন্তরবাড়ীতে খাওয়া-দাওয়ার বড়কষ্ট পেতাম। ছেলেমানুষ তখন—

—তোমার একথা সত্যি নয় বৌদি। আমার কাছে সব খুলে বলা না ভাই?

আশা চূপ করে নখ-খুঁটতে লাগলো। এ কথার কোনো জবাব দিলে না। পুষ্প বলে—বলবে না ভাই?

আশা বলে—কি হবে শুনে সে সব কথা। আমার বুদ্ধির দোবেই যা কিছু সব হয়েছে। আমি আমাদের গ্রামের মজুমদার-পাড়ার একটা ছেলেকে ভালবাসতাম।

—বিয়ের আগে থেকে, না বিয়ের পরে ?

—বিয়ের আগে নয়, কিছুদিন পরে ।

—বিয়ের পরে অল্প 'কারো' সঙ্গে ভাব করতে গেলে কেন ? এটা খুব অজ্ঞান হয়েছে তোমার বৌদিদি । হিন্দুর মেয়ে, দ্বিচারিণীর ধর্ম কে শেখালে তোমায় ?

আশা চুপ করে রইল । পুষ্পের কড়াহুবে বোধহয় একটু ভয় খেয়েই গেল ।

—কথার উত্তর দিলে না যে ?

—আমার অদেষ্ট ভাই । ও কথার কি উত্তর দেবো ?

—কিন্তু আমি তোমায় বলছি তুমি এখনও সেই লোকটাকেই ভালবাসো । যতীনদার ওপর তোমার কোনো টান নেই । আমি সব বুঝতে পারি ভাই । আচ্ছা, তোমার ঘেমা হয় না ? যার জন্তে এত কষ্ট, যে তোমাকে ফেলে চলে গেল, যার জন্তে তোমাকে আফিং খেয়ে মরতে হোল, আবার সেই ইতর লোকটার জন্তে এখনও ভাবনা ? যতীনদা দেবতার মত স্বামী তোমার, তাকে একদিন দেখলে না মরবার সময়ে, তার কুলে কালি দিয়ে ঘর ছেড়ে চলে এলে—

আশার মুখ বিবর্ণ হয়ে গেল । সে বললে—আফিং খাওয়ার কথা তো কেউ জানে না—তুমি কি করে জানলে ? আমি তো—

—আফিং খেয়ে তুমি মারা গিয়েচ বৌদি । তুমি বেঁচে নেই—মরে প্রেতলোকে এসে কষ্ট পাচ্চ—

আশা এবার যেন খানিকটা স্বস্তির নিঃশ্বাস ফেললে । এটা তাহলে ঠাট্টা ! তবুও আফিং খাওয়ার কথা এ কি ভাবে জানলে ! পরক্ষণেই একথা ওর মনে হোল—কে এ মেয়েটা, গায়ে পড়ে আলাপ করতে এসেচে ? এত হাঁড়ির খবরে ওর কি-ই বা দরকার ? ওর গলা ধরে কে কাঁদতে গিয়েচে তা তো জানি নে । সে যা খুশি করেছে, তার জন্তে ওর কাছে এত কৈফিয়ৎ দেবার বা কি গরজ । স্বত্তরবাড়ীর লোক বোধ হয়, ওই গায়েরই মেয়ে—তাই এত গায়ে ঝাল ।

মুহূৎ এসে বললে—তা ষাই বলা ভাই—মরে ভূত হওরাই বই কি এক রকম—

পুষ্প দৃঢ়কণ্ঠে বললে—তা নয় । আমি ঠাট্টা করিনি । মারা তুমি গিয়েচ । আফিং খেয়ে ঘরে খিল দিয়ে শুয়ে ছিলে কলকাতার বাসায়, মনে নেই ? তারপর তুমি মরে যাও, মরে এই প্রেতলোকে এসেচ ।

আশার মুখে সম্পূর্ণ অবিশ্বাস ও সন্দেহভীর চিহ্ন ফুটে উঠতে দেখে ও বললে—এখনও বিশ্বাস হোল না বৌদি ? আচ্ছা, তোমায় বিশ্বাস করাবো । চলো—তোমাদের গায়ে তোমাদের বাড়ী যাবে ?

আশা কিছু না ভেবেই বৌকের মুখে বললে—সেখানে আর কি মুখ নিয়ে যাবো—

—গেলেও কেউ টের পাবে না । সত্যি-মিথ্যে চলো চট করে পরীক্ষা করে নিয়ে আসি । তোমার প্রেতদেহ হয়েছে । এ দেহ পৃথিবীর মাছবের চোখে অদৃশ্য ।

পুষ্পের কথার ভাবে ও হুয়ে আশা কি বুঝলে যেন, ওর হঠাৎ ভয়ানক আতঙ্ক হোল । কি সব কথা বলে এ ! যদি সত্যিই তাই হয় ? সে যদি সত্যিই মরেই গিয়ে থাকে ?

ঠিক সেই সময় একটি নিম্নশ্রেণীর শ্রেত দুটি অল্পবয়সী মেয়েকে একাকী দেখে পূর্বসংস্কার-বশত গুদের দিকে ছুটে এল। মুখে দু-একটি অশ্লীল কথাও উচ্চারণ করলে, ঘোর কামাসক্তিতে তার চোখ ও মুখের অবস্থা উন্নত পশুর মত।

ওর বিকট হাবভাব দেখে আশা ভয়ে পুষ্পকে জড়িয়ে ধরে চীৎকার করে বলে—এই ঘাথো ভাই কে একটা আসচে—মাগো—

পুষ্পও ভয় পেয়েছিল, সেও প্রথমটা আড়ষ্ট হয়ে গিয়েছিল—কিন্তু হঠাৎ একটা আশ্চর্য কাণ্ড ঘটলো, লোকটা গুদের কাছে এসে পড়ে পুষ্পের দিকে চেয়েই জড়সড় হয়ে কঁকড়ে এতটুকু হয়ে পেল। ত রপর দিগ্‌বিদিগ্‌ জ্ঞানশূন্য ভাবে ছুট দিলে সোজা।

হঠাৎ আশা ভয়ে ও বিশ্বয়ে পুষ্পের কাছ থেকে দূরে সরে গিয়ে বলে—ওকি! তোমার কপাল দিয়ে আশুন বেরুচ্ছে যে!...এ কি! ওমা—কি সর্বনাশ!

পুষ্প অবাক হয়ে নিজের কপালে হাত দিয়ে দেখতে গেল। সে আবার কি। পরক্ষণেই ওর চোখ দিয়ে জল গড়িয়ে পড়লো দরদর করে। সে হাত দিয়ে মুছে বলে—ভাই বৌদি—

আশার ভয় ও বিশ্বয় তখনও যায়নি। সে দূর থেকেই আপন মনে বললে—বাবা:—
কি এ! আর দেখা যাচ্ছে না। কি আশুন!...

তারপর সে ছুটে এসে পুষ্পের পা দুখানা জড়িয়ে ধরে বলে—কে আপনি? আমার বলুন কে আপনি? আপনি তো সহজ কেউ নয়। স্বগ্‌গো থেকে দেবি এসেচেন আমার দয়া করতে? আশার মুখ দিয়ে অজ্ঞাতসারে একটা বড় সত্য কথা বেরুলো।...

যতীন সব শুনলে। আশার এই পরিণতি। সেই আশা! কি জানি কেন শুধুই মনে পড়ে ওদের কাঁটালগাছের দিকের ঘরের সেই ফুলশয্যার বৃষ্টিধারামুখর রাজিটি, সেই সব দিনের কথা আজও যেন মনে হয় কাল ঘটে গেল। কেন এমন অসারতা সংসারে, কেন এমন মিথ্যার উৎপাত! যা ভালো বলে মনে হয়, জীবন যাতে পরিপূর্ণ হোল মনে হয়—তা কেন দুদিনও টেকে না? অমৃত বলে যা মনে হয়, তা থেকে বিষ ওঠে কেন?...

এই ঘোর বিবাদে দুর্দিনে যতীন সবদিক থেকে সব আলো একেবারে হারিয়ে ফেললে। কালো কালিতে সব লেপে একাকার হয়ে গেল। কেবল পুষ্প তাকে কত করে বুঝিয়ে রাখতো।

যতীন বলে—জীবনে আর কি রইল আমার? ওর সঙ্গে দেখাটা করিয়ে দাও—

—তোমাকে ও দেখতে পাবে না।

—ভবে তোকে দেখতে পেলো যে?

—সে রঘুনাথদাস ঠাকুরের মহিমায়। তুমি কষ্ট পাবে। বৌদির সে কষ্ট তুমি কি করে দেখবে?

তখনকার মত যতীন বুঝে গেল। পুষ্পও কিছু নিশ্চিত হোল। একটা অস্ত্র ঘটনাতেও যতীনের মন একটু অস্ত্রদিকে চলে গেল। ওদের গ্রাম হুড়ুলে-বিনোদপুরের দার সাহেব

ভরসারাম কুণ্ডল বড় ছেলে রামলাল কুণ্ডকে একদিন ও খুব বিবল অবস্থায় দ্বিতীয় স্তরে উদ্দেশ্য-হীনভাবে ঘুরতে দেখলে। একটা গাছের তলায় সে বসে আছে গালে হাত দিয়ে, যতীন দেখে ওকে চিনতে পেরে তখনই ওকে দেখা দেওয়ার দৃঢ় ইচ্ছা প্রকাশ করলে—নয়তো ওর দেহ রামলালের নিকট অদৃশ্যই থাকবে।

রামলাল ওকে দেখতে পেরে আশ্চর্য হয়ে হাঁ করে ওর দিকে চেয়ে রইল। বললে—
যতীন না ?

—হ্যাঁ। তুমি কবে এলে ?

—আমা-আমি বুঝিনে, এ জিনিসটা কি বল তো ? বাড়ী যাই, সবাইকে দেখি—বাবা, মা, বোঁ—কেউ কথা বলে না। আমি মরে গিয়েছি বলে আমার নাম নিয়ে সবাই কাঁদচে !

—ঐ তো তুমি মরে এখানে এসেচ ! এ জিনিসটাই মৃত্যু।

—আমারও সন্দেহ হয়েছিল, বুঝলে ? কিন্তু ভাল বুঝতে পারিনি।

—কেন, তোমাকে কেউ নিয়ে আসেনি ?

—আমার ঠাকুরদাদা এসেছিল, এখনও মাঝে মাঝে আসে। বড় বক্ বক্ করে, আমার পছন্দ হয় না।

রামলাল যতীনের বয়সী, বড়লোকের ছেলে। স্বরা ও নারীর পেছনে গত দশ বছরে লাখখানেক টাকা উড়িয়ে দিয়েছে। অত বড় ব্যবসা ওদের, কখনো কিছু দেখতে না, বৃদ্ধ বাপ দোকান আগলে বসে থাকতো, রামলাল দোকান বা আড়তের ধারেও যেতো না। যতীন এসব জানে।

তারপর রামলাল হি-হি করে হেসে বললে—ঠাকুরদাদা কি করে জানো ? রোজ দোকানে গিয়ে বাবার পাশে বসে থাকে, বেচাকেনা দেখে। বাবা হাত-বাক্সের সামনে যেখানে বসে না, ঠিক ওর পাশে রোজ ঠাকুরদা গিয়ে দুঘণ্টা তিনঘণ্টা করে বসে। মানে, ঠাকুরদাদার নিজের হাতে গড়া আড়তটা, ওর মাল্লা বড় বেশি।

—বলো কি ! উনি তো মারা গিয়েচেন আজ কুড়ি বাইশ বছর। তখন আমি কলেজে পড়ি, বেশ মনে আছে। এখনও রোজ তোমাদের আড়তে গিয়ে বসেন ?

রামলাল আবার হি-হি করে হাসতে লাগলো। বললে—আচ্ছা ভাই, সেকথা থাকবে। এখানে কেমন করে মাহুস থাকে বলতে পারো ? আজ কতদিন এসেচি ঠিক মনে নেই, তবে মাস দুই-এর বেশি হবে না। একটা মেয়েমাহুসের মূখ দেখতে পাইনি এর মধ্যে। এক ফোঁটা মাল পেটে ঝারনি—ফুর্তি করবার কিছু নেই। ছাঃ, নিরিমিষ জায়গায় বাপু, যা বলো। মাহুস এখানে টাংকে ?

পরে চোখ টিপে বললে—বলি, সন্ডানে-টন্ডানে আছে ?

যতীন ওর পাশে বসলো। মনে মনে ভাবলে—A wasted life ! আমার নষ্ট হচ্ছে, তা আমার নিজের দোষ নয়, কিন্তু এ নিজে জীবনটাকে বিলিয়ে দিয়ে এসেচে নিজের হাতে।

রামলাল বল্লে—আছ কোথায় ?

—এখানেই ।

—মাঝে মাঝে এসো । বড্ড একা পড়ে গিয়েচি । আচ্ছা, হরিমতিকে দেখতে পাও ? বুঝতে পেরেচ ? গাঙু গোঁসাই-এর মেয়ে হরিমতি । তাকে এসে পর্যন্ত খুঁজিচি—এক সময়ে তার সঙ্গে ছিল কিনা !

যতীন একটু অবাক হয়ে গেল । গাঙু গোঁসাই-এর যে মেয়ের কথা এ বলচে, তাকে নিষ্ঠাবতী বৈষ্ণবী হিসেবে সে জানতো । তবে সে যুবতী এবং স্নন্দরী ছিল বটে । আশালতা যেবার বাপের বাড়ী চলে গেল, সেই বছর সে কি জানি কেন গলায় দড়ি দিয়ে মারা যায় । হরিমতির চরিত্র ভালো ছিল বলেই তার ধারণা আছে এ পর্যন্ত ।

যতীন বল্লে—না, ওসব দেখিনি । তুমি এখন ওসব ছাড় । মরে চলে এসেচ পৃথিবী ছেড়ে । মদ মেয়েমাল্লুষ এখানে কি কাজে লাগবে তোমার ? হরিমতিকে তা হোলে তুমিই নষ্ট করেছিলে, তোমারি জন্তে তাকে গলায় দড়ি দিয়ে মরতে হয় ?

—না ভাই । তোমার পা ছুঁয়ে বলতে পারি । সে ভালো চরিত্রের মেয়ে গোড়া থেকেই ছিল না । অধোর কুণ্ডুর সঙ্গে তার গোলমাল হয় তা আমি জানি । জানাজানি পাছে হয় তাতেই সে গলায় দড়ি দিয়ে মরে । আমায় অস্ত খারাপ ভেবো না । ফুঁটিফুঁটি করতাম বটে, তা বলে—

—বেশ, তবে ও পথ একেবারে ছেড়ে দাও, নইলে যেমন কষ্ট পাচ্চ এমনি কষ্ট পাবে ।

যতীন সেইদিন থেকে প্রায়ই রামলালের স্তরে গিয়ে তাকে বোঝাতো । রামলাল বাড়ীঘর পায়নি, গাছতলাই তার আশ্রয়স্থান । যতীন তাকে উপরের স্বর্গের কথা বলতো, ভগবানের কথা বলতো—কিন্তু রামলাল নিম্নস্তরের আত্মা, অস্তি স্থল আসক্তিতে ওর মন বাঁধা । সে সব ও কিছুই বোঝে না, ভালও লাগে না ।

একদিন রামলালের ঠাকুরদাদা কেবলরাম কুণ্ডুর সঙ্গে দেখা । কেবলরাম দুই ব্যবসাদার, সামান্য অবস্থা থেকে বিখ্যাত ধনী ও আড়তদার হয়েছিল । ওকে দেখে বল্লে—আরে, তুমি ভবতারণের ছেলে ! খুব মনে আছে তোমায় । আহা-হা, অল্প বয়সে তোমরা সব চলে এলে, বড্ড দুঃখের কথা । আমার নাতির দেখো না, ভরসারাম মরে গেলে অত বড় ব্যবসারটা গেল । কে দেখবে ? এই তো সঙ্গে পর্যন্ত আড়তে বসে ছিলাম । রোজ গিয়ে দেখি । বড্ড মায়া ঐ আড়তটার ওপর । ভরসারাম তো বাঁধা আসরে গাইলে । কষ্ট কাকে বলে তা তো জানলে না । এক লক্ষ আশি হাজার টাকা ক্যাশ রেখে আসি ব্যাঙ্কে, উইলে দুতাইকে সমান ভাগে ভাগ করে—

যতীন বল্লে—কুণ্ডু মশাই, এখন ওসব ছেড়ে দিন । আপনি আজ কুড়ি বছর এসেছেন, আজও দোকান আড়ত নিয়ে আছেন কেন ? আপনি না গলায় তুলসীর মালা দিতেন ? হরিনাম করতেন ?

—সে এখনও করি । তা বলে—

—আচার্য রঘুনাথদাসের নাম জানেন ?

কুণ্ডু মশাই হুহাত জোড় করে প্রণাম করে বলে—কে তাঁর নাম না জানে ? আমরা তাঁর দাসাহুদাস—

—আপনি যদি আড়ত দোকানে যাওয়া ছেড়ে দিতে পারেন, তবে সেখানে নিয়ে যাবো। তাঁর কাছে।

কেবলরাম কথাটা বিশ্বাস করলে না। তাবলে এ একটা কথাই বৃদ্ধি। উচ্চ স্বর্গের অনেক কথা যতীন স্তত্রাং গুকে বোঝাতে বসলো। পুষ্পের সঙ্গে একদিন দেখা করিয়ে দিলে। কেবলরাম হাত জোড় করে প্রণাম করে বলে—তুমি কে মা ?

পুষ্প হেসে বলে—তোমার নাভনী, দাছ—

কেবলরাম কঁদে ফেললে। বলে—আমি পাপী, নরাধম। আমার সে ভাগ্যি কি আছে মা ?

—মা নয়, আমার দিদি বলে ডাকো দাছ—পুষ্প আবদারের সুরে বলে।

কেবলরাম সেদিন থেকে পুষ্পের ক্রীতদাস হয়ে গেল। পুষ্প ম্যাজিক জানে নাকি ? যতীন এক এক সময়ে ভাবে। পুষ্প কেবলরামকে ভরসা দিলে, একদিন উচ্চ স্বর্গের বৈষ্ণব ভক্তদের লোকে গুকে নিয়ে যাবে। কেবলরাম মাহুঘটা সরল। বলে—দিদি, তুমিই তো দেবী, তুমি কম নও। ব্রাহ্মণের মেয়ে, তার গুপের আশুনের মতো আভা তোমার রূপের। আমি আর কোথাও যেতে চাইনে—তুমি দাছ বলে ডাকলে এই আমার স্বর্গ হয়ে গেল ! আমরা কীটশ্র কীট।

আম্মা গুঠে ভালবাসায়। ভালবেসে, ভালবাসা পেয়ে। পুষ্প পিতামহের সমান বুদ্ধ কেবলরামকে পৌজীর মত ভালবেসে গুকে তোলবার চেষ্টা করচে—যতীন বুঝতে পারলে। যতীনের শত লেকচারেও এ কাজ হোত না। যতীন ভাবে—নাঃ, এসব কাজ পুষ্প পারে। পতিত-উদ্ধার কাজ আমার নয়। আমার নিজের কুকুর পখি করে কোথায় তার ঠিক নেই।

কিন্তু রামলালের সাহায্য পুষ্পকে দিয়ে হবে না। পুষ্প অতি স্নন্দরী নারী। রামলালের আসক্তি এখনও নিয়মুখী, মোহে পড়ে যাবে, রামলালের মন গড়ে উঠতে অনেক দেরি। অল্পভাবে গুকে সাহায্য করতে লাগলো যতীন।

রামলালের দেখা পেয়ে যতীনের খানিকটা ভাল লাগে। হাজার হোক দেশের লোক, সমবয়সীও বটে। ছুটো পৃথিবীর কথাবার্তা বলা যায়। দেবদেবীদের মধ্যে প্রাণ হাঁপিয়ে উঠেচে। শুধু বড় বড় কথা আর কাঁহাতক শোনা যায়—পুষ্পের মুখেই, কি, বা অল্প যেখানে মাঝে ছু-দশবার গিয়েচে, সেখানেই কি ! পুষ্প বোঝে সব, বুঝে দুঃখিত হয়। রামলালের সঙ্গে অত মেলামেশা সে পছন্দ করে না।

যতীন রামলালের কাছে এসে বলে—রামলাল-দা, কি তোমার ইচ্ছে করে ?

—একটা ইচ্ছে আছে, অল্প কিছু হোক না হোক, একটা সিগারেট যদি খেতে পারতাম, একবারে কিছু নেই—চ্যাঃ, এখানে মাহুঘ থাকে কি করে ?

—তোমার স্ত্রীকে তো রেখে এসেচ, তাঁর সঙ্গে দেখা করতে ইচ্ছে করে না ?

রামলাল ইতস্তত করে বলে—হ্যাঁ—তা—হ্যাঁ—সে তো প্রায়ই দেখচি।

—যাও সেখানে ?

—হ্যাঁ, তা—যাই। যাবে—চলো না গাঁয়ে একবার।

যতীন গেল কুড়ুলে-বিনোদপুরে। পুস্পের বারণ আছে এসব জায়গায় আসবার। এলেই পার্শ্ব আসক্তি ও তৃষ্ণা আত্মাকে পুনরায় জড়িয়ে ধরে। রামলাল ওর নিজের বাড়ীর দিকে চলে গেল, যতীন নিজের বাড়ী এল; ওর ছেলেমেয়ে আছে শস্তরবাড়ীতে, কিন্তু তাদের ওপর এতদিন যতীনের কোনো বিশেষ মায়্যা ছিল না, এখানে এসে তাদের জন্তেও মন কেমন করে উঠলো। ওদের বাড়ীটা একদম ভেঙেচুরে জঙ্গল হয়ে পড়ে আছে এই সাত আট বছরে। ঐখানে ঐ ঘরে সঁ আর আশা থাকতো, আশার হাতের চূনের দাগ এখনও ইন্ট-বেয়-করা দেওয়ালের গায়ে এক জায়গায়। ওখানে বসে আশা পান সাজতো, বোল বছর আগের চূনের দাগ, কি তারও আগের হবে।

বিয়ের পরে প্রথমে আশা খুব পান খেতো এবং ওইখানটিতে বসে রোজ সকালে এক বাটা পান সাজতো সমস্ত দিনের মত। গুজব উঠলো এই সময়, পানে একরকম পোকা হয়েছে, অনেক লোক মায়্যা যাচ্ছে পোকা-ধরা পান খেয়ে, যতীন আর বাজার থেকে পান আনতো না পাঁচ ছ' মাস। আশা বলতো—তুমি না খাও, আমার জন্তে এনো, না হয় মরে যাবো পান খেয়ে, তোমার আবার বিয়ে বাকি থাকবে না। পান না খেয়ে থাকতে পারিনে—লক্ষ্মীটি—

কাল যেন ঘটে গিয়েচে সে সব দিন। আশা, আশালতা। স্বপ্ন... বহুদূর অতীতের স্বপ্ন আশালতা।

সন্ধ্যা হয়েছে। বোষ্টম বোঁ ছাগল নিয়ে যাচ্ছে বাড়ীতে তাড়িয়ে—আহা, বুড়ো হয়ে পড়েচে বোষ্টম বোঁ। তা তো হবেই, আট বছর হয়ে গেল। আচ্ছা তাকে যদি এখন দেখে বোষ্টম বোঁ তো কি না জানি ভাবে।

হঠাৎ পেছন থেকে কে বলে উঠলো—তুমি কখন এলে গো ?

যতীনের অন্তরাত্মা পর্বস্ত বিশ্বয়ে শিউরে চমকে উঠলো সে পরিচিত কণ্ঠের ডাকে। সে পেছন কিরে চাইলে, আশা দাঁড়িয়ে আছে ঠিক তার পেছনে। পরনে লালপাড় শাড়ী, ঠিক যেমনটি পরতো কুড়ুলে-বিনোদপুরের এ ঘরে; বয়েস তেমনি, চোখে না বুঝতে পারার বিশ্বয়ের মূঢ় দৃষ্টি।

—আশা! তুমি এখানে! কি করে এলে।

আশা অবাক হয়ে ওর দিকে চেয়ে আছে। যেন এখনো ভাল করে বিশ্বাস করিতে পারচে না।

যতীন ওর দিকে এগিয়ে গেল হাত বাড়িয়ে। বল্লে—আশা, চিনতে পারচো না আমার ?

আশা ওর মুখের দিকে তখনও চোখ রেখে বল্লে—খু-উ-ব।

—তুমি কোথা থেকে এলে ?

—কি জানি কোথা থেকে যে এলুম। আজকাল কেমন হয়েছে আমার, সবই যেন কি যনে হয়। কোনটা সত্যি কোনটা স্বপ্ন বুঝতে পারিনে। সব গুলট-পালট হয়ে গিয়েচে কেমনভর।

হ্যাগো, তুমি ঠিক তো?...

পরে ব্যস্ত হয়ে বন্ধে—দাঁড়াও, একটা প্রণাম করে নিই তোমায়—

প্রণাম করে উঠে বন্ধে—কতকাল দেখিনি। ছিলে কোথায়? সংসার যে ছায়েথায় গেল, বাড়ী ঘরদোরের অবস্থা এ কি হয়েছে! আমি এতকাল আশিনি। বাপের বাড়ী থেকে আমাকে আনলেও না। নিজেও ভবঘুরে হয়ে বেড়াচ্চ। ছেলেমেয়ে দুটোর কথাও তো ভাবতে হয়।

যতীন স্নেহে কণ্ঠে বন্ধে ঠিক, ঠিক। তুমি ভাল আছ আশা?

—আমি ভাল নেই।

—কেন, কি হয়েছে? আশা, আমার খুলে বলো সব—

—মাথায় মধ্যে সব গোলমাল। কিছু বুঝতে পারিনে। সব স্বপ্ন বলে মনে হয়। কত কি যে ঘটে গেল জীবনে, বুঝিনে কোনটা স্বপ্ন কোনটা সত্যি। এই তুমি দাঁড়িয়ে আছ সামনে, আমার যেন কেমন মনে হচ্ছে। যেন মনে হচ্ছে কে বলেছিল, তুমি—না ছিঃ, সে কথা বলতে নেই।

—আশা, আবার ঘর সংসার পাতাই এসো—

—পাততেই হবে। আমার মাথা খারাপ হয়ে গিয়েছে—এক জায়গায় ছিলাম, মক্কাভূমি আর পাহাড়, লোক নেই জন নেই, কি ভয়ানক জায়গা। সেখানে যেন এক দেবীর সঙ্গে দেখা হোল, তাঁর কপাল দিয়ে আশ্বিনের মত হৃৎক বেরুচ্ছে। কি তেজ! বাবা:—কি রকম সব ব্যাপার। ও সব স্বপ্ন, কি বলো?

—নিশ্চয়ই, আশা।

—তুমি এলে ভালই হোল। ঘরদোর ঝাঁটপাট দিই। উছনগুলো ভেঙে জব্বল হয়ে গিয়েছে। চড়ুই পাখীর বাসা হয়েছে কড়িকাঠে। হাটখাজার করে এনে দাঁও। সেই মক্কাভূমির মত জায়গা থেকে কে যেন আমার এখানে টেনে নিয়ে এল। থাকতে পারলাম না।

পরে কাছে এসে অপরাধীর হুরে বন্ধে—হ্যাগো, আমার বাপের বাড়ীতে ফেলে রেখেছিলে কেন এতদিন? রাগ করেছিলে বুঝি?

যতীন স্নেহপূর্ণ দৃষ্টিতে ওর দিকে চেয়ে রইল, সে দৃষ্টিতে গভীর অহুঙ্কা, অভলম্পর্ক অহুঙ্কা—সর্ববাসনাশূন্য উদার ক্ষমা...কোনো কথা বন্ধে না।

আশা মুগ্ধদৃষ্টিতে ওর দিকে চেয়ে হাসি-হাসি মুখে বন্ধে—বেশ চেহারা হয়েছে তোমার।

হঠাৎ আশা চীৎকার করে উঠলো—একি! ওমা, একি হোল! কোথায় গেলে গো? এই যে ছিলে? ওমা এ সব কি!

যতীন বুঝলে সে অদৃষ্ট হয়ে গিয়েছে আশার কাছে। পৃথিবীতে কতক্ষণ সে থাকবে, পৃথিবীর আসক্তি ও চিন্তায় তার দেহ স্থলশূন্যের দর্শনযোগ্য হয়েছিল অল্প সময়ের জন্যে, ওর চিন্তায় প্রবল আকর্ষণ নরক থেকে আশাকে এনেছিল এখানে। আশাও আর থাকতে পারবে না। এখনি ওকে চলে যেতে হবে। উভয় স্তরে জীবের কোন যোগাযোগ নেই।

রামলাল পর্বস্ত এসে যতীনকে আর দেখতে পেলে না। যতীনের দেহ আবার তৃতীয়

স্তরের মত হয়ে গিয়েচে ।

রামলাল বলে—কোথায় গেলে, যতীনদা ? থাকো থাকো, ঘাও কোথায় ? ও যতীনদা—
ততক্ষণে নয়কের প্রবল আকর্ষণে আশাও তার নিজের স্তরে নীত হয়েচে ।

যতীন দীর্ঘনিশ্বাস ফেললে । এ জগতের এই নিয়ম ।

আশা সত্যিই বলেচে, কোনটা স্বপ্ন কোনটা আসল তা বোঝবার ঘো নেই ।

সে কোন দেবতা, যাঁর শরণ সে নিতে চায়, এ স্বপ্নের শেষ করতে চায় । কল্পগাময় এমন
কে মহাদেবতা আছেন, যাঁর রূপাকটাক্ষে আশা তো আশা, কত মহাপাপী উদ্ধার হয়ে যায়
চোখের এক পলকে, মহারুদ্রের জ্যোতিস্তিশূলের এক চমকে অনন্ত বোম্ব ঝলমল করে ওঠে
পুণ্যের আলোয়, পাপতাপ পুড়ে হয় ছায়খার, অবাস্তব স্বপ্নের অবসানে । হে অনন্তশয়নশায়ী
নিদ্রিত মহাদেবতা, জাগো, জাগো !

ওদের বাড়ীর পেছনের বাঁশবনে কর্কশ স্বরে পেঁচা ডাকচে । শীতকালে রাখালতায় থোকা
থোকা ফুল ফুটেচে বেড়ার কোপজ্বলে । ঝিঝি ডাকচে ভোঁবার ধারে । মনে হয় চাঁদ
উঠচে পূর্বদিকের আকাশে । আকাশে নক্ষত্রদল পাংলা হয়ে এসেচে । বোধহয় পৃথিবীর
রক্ষা প্রতিপদ কিংবা দ্বিতীয়া তিথি ।

পুষ্প করুণাদেবীর দেখা পায়নি বহুদিন ।

তিনি নানা ধরনের কাজে সর্বদা ব্যস্ত থাকেন, পুষ্প সেজন্তে তাঁকে তেমন ডাকে না । আজ
অনেক দিন পরে পুষ্পের মনে হোল করুণাদেবীর একবার খোঁজ করা দরকার । সে গুঁর সঙ্গে
দেখা করার জন্তে উচ্চ স্বর্গে উঠে গেল, তাঁর সেই ক্ষুদ্র গ্রহটিতে, সেই কুসুমিত উপবনে । যখনই
সে এখানে আসে তখন কি এক বিস্ময়কর আবির্ভাবের আশায় সর্বদা সে থাকে, কি সৌন্দর্য ও
শান্তির নীলাভূমি এই পবিত্র দেবায়তন । স্বগন্ধ কিসের সে জানে না, কোন ফুলের সে স্বগন্ধ
তাও জানে না—কিন্তু অন্তরাত্মা তৃপ্ত হয়, সারা মন খুশি হয়ে ওঠে হঠাৎ ।

মহারূপসী দেবী ওকে হাসিমুখে হাত ধরে একটি বিশাল বনস্পতিতলে স্ফটিকবেদীতে নিয়ে
গিয়ে বসালেন । পুষ্প চেয়ে চেয়ে অবাক হয়ে ভাবলে—এ গাছ তো এত বড় দেখিনি, এত বড়
গাছই তো ছিল না ।

করুণাদেবী মুছ হেসে বলেন—কি ভাবচ, গাছটার কথা ? ও তৈরি করেচি । বনস্পতিতে
ভগবানের প্রত্যক্ষ আবির্ভাব । তাই দেখি সারা সমস্ত চোখের সামনে ।

—কি গাছ ?

—পৃথিবীতে ছিল না কোনোদিন, নাম নেই ।

—আমি আপনার কাছে কোনো অপরাধ করেছিলাম কি ? দেখা দেননি কতদিন । আমার
কষ্ট তো জানেন সব । আপনি একবার চলুন, যতীনদা বড় কাতর হয়ে পড়েচে, আশা-বৌদি
নয়কে । আত্মহত্যা করেছিল ।

করুণাদেবী অদ্ভুত ধরনের হাসি হাসলেন । বলেন—সব জানি । আমার পৃথিবীর ছেলে-

মেয়েদের সন্ধান রাখিনি আমি ! আমিই যতীনের ব্যাকুলতা দেখে তার সঙ্গে ওর জ্বর দেখা করিয়ে দিই । নইলে নরক থেকে পৃথিবীতে গিয়ে দেখতে পেতো না যতীনকে । এই দেখাতে আশার উপকার হবে—

—যতীনদা, সেই থেকে কিন্তু পাগলের মত হয়েছে—

—যতীন অজ্ঞান ।

—আপনি ভাল বোঝেন সব, দেবী । আপনি যতীনদা'কে সুখী করুন । ওর কষ্ট দেখতে পারিনি । আশা-বৌদ্ধির ভাল হয় কিসে ?

করুণাদেবী ওকে কাছে টেনে নিয়ে ছোট্ট মেয়েটির মত ওর কোলে মাথা রেখে শুয়ে পড়ে ওর গালে হাত বুলিয়ে অতি ধীর শাস্ত হয়ে বলতে লাগলেন—পুষ্প, তোকে ভালবাসি বড় । মনে আছে সব । ভাল হবে শেষে, কিন্তু—লক্ষ্মী পুষ্প—

—কি দেবী ?

করুণাদেবীর চোখে জল ! পুষ্প অবাক হয়ে গেল, সঙ্গে সঙ্গে কেমন মায়া হোল এই রাজ-রাজেশ্বরীর মত রূপবতী মহাশক্তিধারিণী দেবীর ওপর, কোলে শায়িতা ছোট্ট খুকী যেন, তার মেয়েটির মত । ভগবান এমন ভাবেই বোধ হয় মাহুঘের কাছে ধরা দেন ঐশ্বর্য লুকিয়ে । সে নিজের অজ্ঞাতসারে অসীম স্নেহে করুণাদেবীর চোখের জল মুছিয়ে দিলে নিজের বস্তাকলে ।

দেবী বললেন—তোকে বড় দুঃখ পেতে হবে—

পুষ্পের বুকের মধ্যে দুক দুক করে উঠলো । কেন, কিসের দুঃখ ? কি কথা বলতে চাইচেন দেবী ?

দেবী আবার বললেন—যতীন ও তোমাকে এক জায়গায় যেতে হবে আমার সঙ্গে । তার দরকার আছে । তুই চলে যা পুষ্প, আমি যাবো তোরই বাড়ীতে একটু পরে । তারপর আমার সঙ্গে তোদের পৃথিবীতে একবার যেতে হবে ।

—দেবী, গ্রহদেবের দেখা পাবো ?

—সময়ে পাবে পুষ্প । তিনি কিছু পূর্বে এখানে ছিলেন ।

উচ্চ স্বর্গে দেবলোকের প্রেমিক-প্রেমিকা । পুষ্প যতই এঁদের দুজনকে দেখে, ততই আনন্দে ও শান্তিতে মন পূর্ণ হয়ে ওঠে ।

পুষ্প ও যতীনকে সঙ্গে নিয়ে করুণাদেবী একটি পুরাতন শহরে এলেন ।

বাড়ীঘর সব পুরোনো ধরনের, পাশ দিয়ে একটা নদী বয়ে চলেচে, রাস্তাঘাট সেকালের ধরনের সরু সরু । একটা পুরানো বাড়ী গলির মধ্যে, সেই বাড়ীর পাশে ছোট্ট একটা বাগান । বেলা গিয়েচে, সন্ধ্যার কিছু আগে । বাড়ীটার সামনে কিছুক্ষণ দাঁড়িয়ে পুষ্প ও যতীন দুজনেরই মনে হোল, এখানে ওরা যেন এর আগে এসেচে । যেন কতকাল আগে, ঠিক মনে করতে পারচে না ।

হঠাৎ যতীন বলল—এটা কোন্ জায়গা দেবী, আমি এ বাড়ী চিনি বলে মনে হচ্ছে—

তার মন আজ আনন্দে পূর্ণ, কারণ বহুদিন পরে আজ সে করুণাদেবীর দেখা পেয়েচে । এ

যে কত সৌভাগ্যের কথা, এতদিন এখানে থেকে সে ভাল বুঝেচে ।

দেবী বল্লেন—বেশ, বাড়ীর ভেতর যাও—

যতীনের মনে হোল এ বাড়ীর ভেতরের উঠানে একটা পেয়ারার গাছ আছে, সে কতকাল আগে সেই গাছ থেকে পেয়ারা পেড়ে খেতো । বাড়ীর মধ্যে ঢুকতেই একটি ছোট ঘর । একটা কুলুঙ্গির দিকে চাইতেই যেন বহু পুরোনো দিনের সৌরভের মত কোথাকার কত হারানো দিনের বহু অস্পষ্ট স্মৃতির সৌরভ এল কুলুঙ্গিটা থেকে । এক সুন্দরী নববধূর মুখ যেন মনে পড়ে, ঐ কুলুঙ্গিতে সে তার মাথার কাঁটা রাখতো শোবার আগে, এই ঘরের সঙ্গে যেন এক সময়ে কত সম্পর্ক ছিল ওর । বাড়ীটাতে অনেক ছেলেমেয়ে চলাফেরা করচে, দুটি মধ্যবয়সী স্ত্রীলোক রান্নাঘরে কাজকর্ম করচে । ঐ তো সেই পেয়ারা গাছটা । ওর তলায় বসে সে কত খেলা করেছে একটি মেয়ের সঙ্গে—মেয়েটিকে সে বড় ভালবাসতো । আজও যেন তার মুখ মনে পড়ে—কোথায় যেন চলে গিয়েছিল মেয়েটি ।

পুষ্প ওর পেছনে পেছনে এসে বাড়ীর মধ্যে ঢুকচে । সে বল্লে—যতীনদা, ওই সেই পেয়ারা গাছ—

—কোন পেয়ারা গাছ —

—মনে পড়চে ওর তলায় তুমি আর আমি খেলা করতাম, অনেক কাল আগে—স্পষ্ট মনে হচ্ছে —

—তুই তবে সেই মেয়ে পুষ্প - আমারও সব মনে পড়েচে । তুই মরে গিয়েছিলি আমার আগে । সে সব দিনের দুঃখও যেন মনে আসচে ।

—তুমি মারা গিয়েছিলে যতীনদা । আমরা ওই বলে গালাগালি দিও না, বালাই বাট, আমি মরবো কেন ?

—দেবী সঙ্গে নেই তাই তোর বাড় হয়েচে, তুই যা তা বলচিস আমার পুষ্প ! আচ্ছা, বল তো, এক জায়গায় এ বাড়ীতে এক বুড়ো লোক বসে থাকতো, তার কি যেন হয়েছিল, বসেই থাকতো । মনে পড়চে তোর ?

—মনে হয়েছে, দেওয়ালের গায়ে বালিশ ঠেস দিয়ে ।

যতীনের মনে হচ্ছিল যেন সে একটি সুপরিচিত স্থানে বহু, বহু কাল পরে আবার এল । এ বাড়ীর সব ঘরদোর সে চেনে, অনেক কাল আগে এ বাড়ীতে সে বেড়িয়েচে প্রত্যেক ঘরদোরে । বহু শ্রিয়ঙ্কনের দুয়োগত স্মৃতি যেন একটি গুরুভার বেদনার মত বুকে চেপে বসেচে ।

বাড়ীর ছেলেমেয়েরা রান্নাঘরে খেতে বসেচে । খুব গোলমাল করচে নিজেদের মধ্যে । ওদের প্রতি এমন একটি স্নেহ হয়েছে যতীনের, ওরা অতি আপনার জন, কতদিনের সম্বন্ধ এদের সঙ্গে । যতীন দাঁড়িয়ে দেখতে লাগলো । ছেলেমেয়েদের খাওয়া হয়ে গেল, ওদের মা এবার হাতার করে দুধ পাতে পাতে দিচ্ছে । অনেক পুরোনো হয়ে গিয়েচে বাড়ীটা, তার জ্যানা বাড়ী এর চেয়ে ভাল, নতুন ছিল । সে সব বুঝতে পেরেচে, করুণাদেবী তাদের কেন এখানে এনেচেন ।

পুষ্প বল্লে—যতুদা, আমাদের পূর্বজন্মের দেশ । কোন গ্রাম এটা বলতে পারো ? তুমি আমি

এখানে জন্মেছিলাম।

—তুই মরে গিয়েছিলি আমার আগে—রাগ করিস্নি বলচি বলে।

—আমার মনে পড়েচে।

—গত জন্মেও তাই। এই রকমই হচ্ছে জন্মে জন্মে। তুই মারা যাচ্চিস, আমি তোর পেছনে যাচ্চি। কিন্তু আর একটি মেয়ের কথা বড় মনে পড়চে। তাতে আমাতে কিছুদিন এখানে ছিলাম। তারপর সেও কোথায় গেল চলে।

ওরা বাইরে এল। করুণাদেবী বলেন—মনে পড়লো ?

কিন্তু এ যে অন্তত মনে পড়া। কত নিবিড় বর্ষারাতের টিপ টিপ জলপতনের সঙ্গে, কত বনস্তের প্রথম রোদে পোড়া মাটির গন্ধের সঙ্গে জীবনের মস্ত বড় যাত্রাপথ একস্বরে বাঁধা, আনন্দের নিবিড় স্মৃতি সেখানে বেদনার সঙ্গে এক হয়ে গিয়েচে—গভীর বেদনা, যা শুধু জন্ম-জন্মান্তরের হারানো প্রিয়জনের বার্তা বহন করে আনে অন্তরতম অন্তরে। মনে হয়, সবই কি তবে মিথ্যে, সবই স্বপ্ন ?

যতীনের দিশেহারা বিষন্ন দৃষ্টিতে গুর মনের কথা পরিস্ফুট হোল। করুণাদেবী বলেন ওই জন্তে তোমাদের এনেচি। এখানে তোমাদের ঠিক এবারকার জন্মের আগের জন্মভূমি।

পুষ্প বলে—এ কোন্ গ্রাম দেবী ? নাম মনে নেই।

—ত্রিবেণী। গঙ্গার তীরে। ঐ গঙ্গা—

—তা হোলে গত দুই জন্মে আমরা কাছাকাছিই ছিলাম, গঙ্গারই ধারে। এবার তো হালিসহরের এ পার সাগর-কেওটায়।

—স্থানের আকর্ষণ অনেক সময় এমন হয় যে গত জন্মের ভূমিতে কোনো না কোনো সময় আসতেই হবে। তবে জন্মান্তরোণ স্মৃতি সব আত্মার থাকে না পৃথিবীর স্থল দেহে। কখনো কেউ জাতিস্মর হয়। জাতিস্মর হওয়া উচ্চ অবস্থার লক্ষণ।

যতীন এতক্ষণ চুপ করে ছিল। তার মন ভাল নেই। জগৎ ও জীবন দেখেচি সব ভেঙে মত। কোন্টা সত্যি ? কোন্টা মিথ্যে ? বাজে জিনিস সব। বাঁচা মরা কিছুই মধ্যে কিছু নেই। কেন এ বিভ্রমনা ?

সে জিজ্ঞেস করলে—দেবী, এরা আমার কে ? এখন যারা আছে ?

—তোমার পৌত্রের পৌত্র।

—আর পুষ্পের ?

—পুষ্প অবিবাহিত অবস্থায় মারা যায়। আশা এ বাড়ীতে তোমার প্রথম স্ত্রী ছিল। সে অল্পবয়সে তোমার ছেড়ে চলে যায় এবারের মত। আমিই তোমাদের মিলিয়ে দিয়েছিলুম ভিনজনকে আবার এ জন্মে। কিন্তু কর্মের ফল আমি খণ্ডন করতে পারিনি তোমাদের—চেষ্টা করলাম, কিন্তু কর্মশক্তি নিজের পথ ধরল ঠিক।

যতীন হতাশ স্বরে বলে—আপনি যখন পারলেন না, তখন আর কি উপায় দেবী। আপনি স্বয়ং যখন—

করুণাদেবী বলেন—কর্মের বন্ধন স্বয়ং ভগবান কাটতে পারেন চোখের পলকে । তিনি ছাড়া আর কে পারে ।

—আমি কি করেছিলাম দেবী, কেন আমার এ দুর্ভাগ্য দুই জন্ম ধরে ?

—এরও আগের জন্ম দেখবে ? কিন্তু ছবি দেখাবো । সামনের আকাশে চাও—সে স্থান এখন আর নেই, প্রাচীন গোড়ের নিকটবর্তী ক্ষুদ্র গ্রাম । সে জন্মে প্রথমা স্ত্রীর মনে কষ্ট দিয়ে হবার বিবাহ করেছিলে । সে তোমায় বড় ভালবাসতো । সেজন্তে তাকে আর আপনায় করে পেলে না পর পর দু'জন্মেও । সতীলক্ষ্মীর মনে বড় কষ্ট দিয়ে ত্যাগ করেছিলে ।

—সেও কি আশা ?

—না ।

—তবে সে কে দেবী ? বলুন দয়া করে—সে কি অগ্রজ চলে গিয়েচে ?

—সে এই তোমার পাশেই দাঁড়িয়ে । সতীলক্ষ্মী তোমায় ছাড়েনি, কিন্তু তোমার কর্মফলে তুমি ওকে পাচ্চ না । আমি পর পর দু'জন্ম চেষ্টা করচি, কিন্তু পেরে উঠচি কই !

পুষ্প অবাক হয়ে দেবীর মুখের দিকে চেয়ে রইল । এ সব কথা তার মনে নেই ।

করুণাদেবী বলেন—তারও পূর্ব জন্মে তোমার কর্ম আরও খারাপ । যাক্ এ সব কথা । তোমাকে তিন জন্মের কথা জানতেই হবে, এর কারণ আছে । পুষ্প, তুই কষ্ট পাবি আমি জানি । আমি চেষ্টা করবো সে দুঃখ দূর করতে । যতীনকে ওর পূর্বজন্ম দেখালাম, কারণ ওর আত্মার প্রয়োজন হয়েছে ।

পুষ্প বিবর্ণ মুখে বলে—কেন দেবী ?

করুণাদেবী ওর দিকে পূর্ণদৃষ্টিতে চেয়ে বলেন—যতীনকে পুনর্জন্ম গ্রহণ করতে হবে ।

পুষ্প জানে । সে জানে তার প্রাণ নিরর্থক । সে অনেকদিন থেকে বুঝতে পেরেচে । এই ভয়ই তার মন করছিল ।

যতীন চমকে উঠলো । এত অল্পদিনে আবার পুনর্জন্ম কেন ? কোথায় রইল আশা, কোথায় রইল পুষ্প—কার কাছে যাবে সে পৃথিবীতে ?

ভাষনি তার মন বলে উঠলো—কেন, মায়ের কাছে । যার কোল আশার করে সে চলে এসেচে ।

করুণাদেবী বলেন—যতীন, তোমার অন্তরাত্মা চাইচে ঐ দুঃখিনী মায়ের কোলে আবার ফিরে যেতে । তোমার মায়ের অন্তরাত্মা কাঁদচে তোমার জন্তে । সেখানে যেতে হবে তোমাকে । এ বাঁধন এড়াবার ষো নেই । মাতৃশক্তি জগতের মধ্যে খুব বড় । তা ছাড়া আশার জন্তে তোমাকে যেতে হবে জ্বলোকে । ভুবলোকের কোনো উচ্চ স্তরে ও যেতে পারবে না—বেচারী ! গ্রহদেবকে আমি বলেচি, আশার অন্তরাত্মা কাঁদচে, অহুতাপে সব পাপ মোচন হয় । আশাকেও আবার পৃথিবীতে পাঠাবো—তুমি জন্মগ্রহণের কিছু পরে । এই পাঁচ ছ' বছর ওকে নরকেই থাকতে হবে । তার আত্মা তাতে উন্নতি করবে । নিজের ভুল ক্রমশ বুঝবে । এই জন্মে আমি আবার তোমাদের মিলিয়ে দেবো । বোধ হয় তোমাদের প্রায়ক্ ও জন্মে কেটে যাবে ।

পুষ্প পাষণ্মূর্তির মত দাঁড়িয়ে সব জ্বললে। আকাশ পৃথিবী তার কাছে অন্ধকার হয়ে গিয়েচে ততক্ষণে। জন্ম-জন্মান্তর যে জীবনের মাস, ঋতু ও বৎসর মাত্র, তাও যে শূণ্য, অন্ধকার। ভূমা নয়, অল্পেই তার স্থখ ছিল।

করুণাদেবী সব জানেন। পুষ্পকে তিনি বুঝিয়ে বলেন। আশার জন্মও স্বার্থত্যাগ তাকে করতে হবে, যতীনের জন্তেও। এই জন্যে আশার সব ভুল মুছে দেওয়ার চেষ্টা তিনি করবেন। আচার্য রঘুনাথদাস আশার আত্মার জন্তে তাঁর ইষ্টদেবকে জানিয়েছিলেন।

ভক্তের ক্ষমতা বড় তুচ্ছ নয়। গ্রহদেবের আসন টলেচে।

পুষ্প বলে—বুঝেচি। তিনি মহাপুরুষ, সেদিন যখন নরকে নিয়ে গেলেন আমার, তখনই আমার মনে হোল নরক পবিত্র হোল। আপনারও আসন টললো—আমি ডাকলে আপনি ছাই আসেন।

করুণাদেবী বালিকার মত সর্কোতুকে খিল্ খিল্ করে হাসলেন। বলেন—তুই আমার ওপর রাগ করলি বুঝি? ছিঃ—লক্ষ্মী দিদি—

পুষ্পের অভিমান তখনও যায়নি। সে ছুট্ট মেয়ের মত ঘাড় বেঁকিয়ে চুপ করে রইল।

দেবী বলেন—তোকে আমার কাছে নিয়ে যাবো পুষ্প—

—না। আমাকেও পৃথিবীতে পাঠিয়ে দিন না, দিন না দয়া করে। সত্যি বলচি। স্বর্গে আমার দরকার নেই।

—পৃথিবীতে পাঠিয়ে কি হবে? এবার যে চেষ্টা করবো ওদের দুজনকে মিলিয়ে দিতে। পৃথিবীর মিলন না হোলে আশার প্রারন্ধ কিছুতেই কাটবে না। এ আত্মত্যাগ তুই করতে পারবি আমি জানি। ওরা জন্ম নিলেই তো সব ভুলে যাবে, কোনো কথা মনে থাকবে না এ জন্মের। আমি আবার দেখা করিয়ে দিই, যে যাকে চায় মিলিয়ে দিই। নতুবা জীবের কি সাধ্য?

পুষ্প বলে—আমাকেও পাঠিয়ে দিন, সব ভুলে থাকি।

করুণাদেবী ওকে কাছে নিয়ে এলেন আদর করে। পুষ্পের দেহ শিউরে উঠলো, কি অপূর্ব সুগন্ধ দেবীর সারাদেহে, কি অপূর্ব স্পর্শস্থখ! সে মেয়েমানুষ, তবুও এই রূপনী দেবীর স্নিগ্ধস্পর্শে ওর সারাদেহে যেন তড়িৎসঞ্চার হোল। অমৃতস্পর্শে আত্মা যেন নিজের অমরত্ব, অনন্তত্ব অচূতব করলে এক মুহূর্তে।

সন্নেহে বলেন—পুষ্প, তোকে পৃথিবীতে আর জন্ম নিতে হবে না। গুন্ডা গতির পথে তোর অনাবৃত্তি লাভ ঘটেচে। ওরা এখনও অপরিণত, শেখবার বাকি আছে, কর্ম এবার নষ্ট হয়ে যাবে হস্ততো। পৃথিবীর জীবন বেশিদিনের নয়। আত্মার পক্ষে চোখের পলক মাত্র। আমি এবার ঘাই পুষ্প।

পুষ্প বলে—আমার পৌছে দিয়ে যান—

—নিশ্চয়, চল ঘাই।

যাবার সময় করুণাদেবী বলে গেলেন, তাঁকে স্মরণ করলেই তিনি আসবেন।

যতীন একা বসে ছিল বাড়ীতে। পৃথিবীতে আবার জন্ম নিতে হবে। শত মুখদুঃখের বন্ধনে আবার জড়ানো, মন্দ কি? সেই গরীব ঘরের বৌটির কোল আলোকুরে আবার শিশু হয়ে কত বাল্যলীলা করবে, নতুন স্বাস্থ্য, আবার আসবে আশা--হতভাগিনী আশা--নববধুরূপে তার ঘরে, আবার কত বর্ষারাত্রি, কত বসন্তপ্রভাত ওর সাহচর্যে কাটবে। পৃথিবীতে যেতে তার কষ্ট নেই, মধুর সেখানকার শৈশব, মধুর কৈশোর, মধুর যৌবন। চিরযৌবনের হাওয়া যেন বয় তার অমর আত্মায়, পৃথিবীতে মাস যাবে মাস আসবে, নতুন ধানের গন্ধ বেরুবে ক্ষেতে ক্ষেতে, ক্ষুধার বনের মেটে আলু তুলে ছুন দিয়ে পুড়িয়ে খাবে, তার মা যখন বৃদ্ধা হয়ে যাবে তাকে খাওয়াবে, আশা সংসার পাতবে নতুন লক্ষীর হাঁড়িতে ধান দিয়ে।।।।।

কেবল কষ্ট হয় পুষ্পের জন্তে। এতদিন ওর সঙ্গে থেকে কি মায়াই হয়েছে ওর ওপরে। কেন এমন বিচ্ছেদ? কি কষ্ট পাবে পুষ্প, তা সে জানে। আশা যদি কষ্ট না পেতো, যতীন কিছুতেই যেতো না।

পুষ্প এসে ওর হাত ধরে বল্লে—যতীনদা!

—কি পুষ্প?

—আমায় তুলো না।

—আচ্ছা, পুষ্প—তুই বলতে পারিস, কেন আমাদের জীবনে এ দুর্ভাগ্য, কেন বার বার তোকে হারাচ্ছি? তোর বৌদ্ধিকে হারাচ্ছি?

—আমায় নিয়ে যাও সঙ্গে—

—ছিঃ, পুষ্প। দেবী যা বলেন তাই তোমার আমার পক্ষে শুভ। ওর কথা শোনো।

—আমি কারো কথা শুনবো না, আমি যাবো,।

—কি, এবারও একসঙ্গে খেলা করবি পুষ্প? তেমনিধারা সাগর-কেওটার ঘাটে? বেশ—
অদ্ভুত সে সব দিন।

যতীন চোখ বুজে ভাবতে লাগলো। পুষ্প ওর হাত ধরে বসে রইল, বল্লে—তাই তো সাগর-কেওটার বড়োশিবতলার ঘাট এ লোকেও ভুলতে পারিনি। জন্মান্তরের স্বতিতেও অক্ষয় যেন হয়। তোমার যাওয়ার পথে দেবতারা ফুল ফেলুন যতুদা—আমি হতভাগিনী চিরকাল একাই থাকবো। এই আমার ভাগ্য।

যতীন ওর মুখের দিকে চেয়ে বল্লে—আমার মুক্তিতে দরকার নেই, কোনো কিছুই দরকার নেই। সমাধি-টমাধি, দেবী-টেবী সব বাজে। তোকে ছেড়ে যাবো না।

—আশা?

—তার অদৃষ্টে যা হয় হবে পুষ্প।

—ঠিক কথা যতুদা?

—প্রাণের সত্য কথা বললাম। এখন আমার অন্তর যা বলচে। সব তুচ্ছ হয়ে গিয়েছে আমার কাছে—তুই থাক পুষ্প আমার!

—জগত্তের, বিশ্বের বহুদূর সীমানায় চলে যাও যতুদা, তোমায় মুক্তি দিলাম। ভালবেসো,

ভুলো না।

—ওসব ষিয়েটারী ধরনের কথা কোথায় শিখলি রে? তোদের দোহাই, মূক্তি-টুক্তির কথা আমার শোনাসনে। চল্ তুই আর আমি পৃথিবীতে যাই, ছোট্ট নদীর ধারে কুঁড়েঘরে সংসার পাতবো। সেই আমাদের স্বর্গ, সেই আমাদের সব।

পুষ্পের চোখ দিয়ে জল গড়িয়ে পড়লো ঝরঝর করে। সে কোনো কথা বললে না।

সেদিনই যতীনের মনে হোল কে যেন কোথায় তাকে ডাকচে...সব সময় তার প্রাণের মধ্যে কিসে যেন মোচড় দিচ্ছে...আশা, অভাগিনী আশা, ভুবলোকের নীচের স্তরে অনহায়া, একাকিনী পড়ে আছে, কেউ নেই তাকে দেখবার।

সত্যি আশা তাকে ডাকচে। তার অন্তরাখ্যা শুনে পেয়েচে অভাগিনীর ডাক।

সে পুষ্পকে কথাটা বললে।—তোর বৌদিদি বড় কাঁদচে পুষ্প। সেদিন কুড়ুলে-বিনোদ-পুরের বাড়ীতে হঠাৎ দেখা হওয়ার পর থেকে ওর ডাক প্রায়ই শুনি।

—আমি যাই সেখানে যতুদা, তুমি যেও না। দেখে আসি।

—কিছু ভাল লাগে না ওর জন্তে।

—কেন তোমাকে যেতে বারণ করি, ও সব নীচের স্তরে তোমায় যেতে দিতে আমার মন সরে না।

—তুই তো যাঁস্ দিব্যি।

—আমি গিয়েছিলাম আচার্য রঘুনাথের রূপায়। মহাপুরুষদের বিশেষ দ্বায় বিশেষ শক্তি হয়। নয় তো ওই সব স্তরে নানান রকমের নিম্নশ্রেণীর শক্তি খেলা করচে সর্বদা, মহাপুরুষদের রূপায় বিশেষ শক্তি লাভ করে সেখানে গেলে ওই সব দুষ্ট শক্তি কোনো অনিষ্ট করতে পারে না। নয়তো বিপদ পদে পদে—এই জগেই তোমাকে ওখানে যেতে দিতে চাইনে যতুদা। চলো দেখি কি উপায় হয়।

রঘুনাথদাসের আশ্রমে যাবার পথে কবি ক্ষেমদাসের সঙ্গে দেখা। তিনি আপন মনে একটি বৃকভলায় চূপ করে বসে; অতি সুন্দর নির্জন স্থানটি, বনপুষ্প ফুটে আছে ঝর্ণার ধারে। ওরা কাছে গিয়ে দেখলে পৃথিবীর দিকে তিনি একদৃষ্টে চেয়ে কি যেন দেখছেন। ওদের দেখে সঙ্গিত মুখে সম্ভাষণ করলেন। যতীন ও পুষ্প দুজনেই ঔঁকে প্রশংসা করে পাশে গিয়ে দাঁড়ালো।

ক্ষেমদাস বলেন—কোথায় যাচ্ তোমরা?

পুষ্প বলে—রঘুনাথদাসের আশ্রমে। বড় বিপদে পড়ে যাচ্ছি। আপনিও শুভন দেব—যদি কিছু উপায় হয়। তারপর মে আশার কাহিনী সব খুলে বললে।

ক্ষেমদাস সব শুনে ধীরভাবে বলেন—এই দুঃখ সনাতন। আত্মা নিরন্তর সাধনা করচে নিজেকে জানবার। আমার নিজের জীবনেও এমনি হয়েছিল। আমি তাই এখানে বসে বসে ভাবছিলাম, আবার পৃথিবীতে পূর্ণিমার জ্যোৎস্না উঠচে যেমন উঠতো পাঁচশো বছর আগে, অনাস্তস্ত মহাকাল নিজের কাজ করে চলেচে যেমন করতো হাজার বছর কি দু-হাজার বছর

আগে—আমি পৃথিবীতে একটি মেয়েকে কত ভালবাসতাম, আমাদের গ্রামের সন্ধানন্দী মঠের ফুলবাগানে কত বেড়াতাম ছুঁনে এমনি জ্যোৎস্নারাত্রে—লুকিয়ে লুকিয়ে, —এখন সে কোথায় ? অনেকটা অশ্রুমনস্ক ভাবেই কবি মাথা হুঁসিয়ে দীর্ঘনিঃশ্বাস ফেলে বলেন—সত্যি তাই ভাবি, কোথায় সে ?

পুষ্প অবাক হয়ে বলেন—কেন, আপনি তাঁর দেখা পাননি আর ?

—না। এ বিশ্বের ভিড়ে কোথায় হারিয়ে গেল। ত্যাগে, আমরা কবি, জগতে রূপরসের উপাসক। এঁকেই বড় করেচি জীবনে। ধারা বলেন সব মায়া, তাঁদের কথা বুঝি না। মায়া লয় হোলে এই রূপরসের জগৎটাও লয় হয়। তা আমরা চাইনে—তাই দুঃখ পাই, কিন্তু দুঃখের মধ্যেও জানি ভগবানই সৃষ্টি করেচেন এই জগৎ। সবই তিনি। কষ্ট পেলেও জানি তাঁর হাতে কষ্ট পাচ্ছি। প্রেমময়ের তাড়নায় কষ্ট কি ? সব মুখ বুজে সহ্য করি। এটাও মানি, এই রূপ-রসের সাধনার মধ্যেই আমাদের সিদ্ধি। এ পথেও তাঁকে পাওয়া যায়। চলো, নরকে আমি নিজে যাবো, খুঁজে বার করি তোমাদের সেই মেয়েটিকে। তার দুঃখ আমি কবি আমি বুঝি—

যতীন বলে—প্রভু, আমার পুনর্জন্ম ঠিক হয়ে গিয়েচে সেই মেয়েটিকে নিয়ে। করুণাদেবী জানিয়েচেন—

ক্ষেমদাস বলেন—তিনি যা করেচেন, তোমাদের মঙ্গলের জন্তেই। তিনি পৃথিবীর অধিষ্ঠাত্রী মহাদেবী—তাঁকে তোমরা করুণাদেবী বল, সীতা বল, দুর্গা বল, লক্ষ্মী বল, সরস্বতী বল—সবই এক। তবে এখন মেয়েটির কাছে যাবার কোনো প্রয়োজন নেই। উপায় হয়ে গিয়েচে।

যতীন আশ্চর্য হয়ে গেল শুনে। অত বড় বড় পৌরাণিক দেবীর সঙ্গে সে করুণাদেবীকে এক আসনে বসায়নি। উনি যদি দুর্গা হন, কালী হন, সীতা হন, লক্ষ্মী হন—তবে তার আর জন্মরণের ভয় কিসের ? আশারই বা ভয় কিসের ? হাসিমুখে সে মহাগৌরবে নরকে যেতেও প্রস্তুত।

ক্ষেমদাস ওর মনের ভাব বুঝে বলেন—জন্ম নিতে দুঃখ কিসের ? পৃথিবীর রূপরস আবার আনন্দ করে এসে। সেই জ্যোৎস্না, সেই বনবিতান, কোকিলের কুহুতান, সেই মায়ের কোলে ঘাপিত একান্তনির্ভরতার শৈশব, প্রথম ঘোঁবনে প্রিয়ার প্রথম দর্শন—ষাও যাও, ওরই মধ্যে ভগবানে মন রেখো—কর্ম যতদিন না কাটে।

কিয়ে মামুষ জনমিয়ে পত্তপাখী অথবা কৌটপতঙ্গ

কল্পবিপাকে গতাগতি পুন-পুন মতি রহুঁ তুয়া পরসঙ্গে।

মেয়েটির কাছে যাবার কোনো দরকার নেই। দেবী যখন তার ব্যবস্থা করেচেন, তখন আমাদের সেখানে যাওয়া ঠিকতা হবে। দেবী সর্বমঙ্গলা তাকে প্রেরণের পথে চালিত করবেন।

ঠিক সেই সময় একজন জ্যোতির্ময় মহাপুরুষের আবির্ভাব হোল বৃন্দভলে। যতীন তাঁর দিকে চেয়েই চমকে উঠলো, ইনি সেই সন্ন্যাসী, যিনি একদিন স্পর্শধারা তার মধ্যে সর্বিকর সমাধির অভিজ্ঞতা সঞ্চার করেছিলেন ! সেই যোগী পুরুষই—নীল বিহুভের মত আভা বেরুচ্ছে, সারাদেহ থেকে ওঁর।

যতীনের দিকে চেয়ে তিনি য়ুহু হেসে বলেন—মনে আছে ?

যতীন তাড়াতাড়ি পায়ের ধুলো নিলে, পুষ্পও তাই করলে। ক্ষেমদাস চূপ করে বসে রইলেন।

তিনি আবার বলেন—মনে আছে ? বলেছিলাম সময় পেলে দেখা দেবো। এই সেই মেয়েটি বুঝি ? এঁর তো খুব উচ্চ অবস্থা দেখছি। ক্ষেমদাসের দিকে চেয়ে বলেন—কবি যে ! কি করচ বসে বসে ?

ক্ষেমদাস বলেন—তোমাদের মত সমাধির চেষ্টায় আছি—

—ও তোমাদের অনেক দূর। মায়িক-জগতের বন্ধন তোমাদের এখনও কাটেনি। আবার এদেরও মাথা খাচ্চ কেন ও কথা বলে ?

—আমিও ঠিক ওই কথাই তোমায় বলতে পারি। অষ্টমত-ব্রহ্মজ্ঞান-ট্যান এই সব ক'চি ক'চি ছেলোদের মাথায় ঢোকাচ্চ কেন ?

সন্ন্যাসী হেসে ক্ষেমদাসের কাছে এসে দাঁড়িয়ে সম্মুখে বসে—তুমিও ঐ দলেরই একজন। কবি কিনা, মিথ্যা কল্পনার রাজ্যে বাস করো।

পুষ্প সময় বুঝে বলে—প্রভু, জানেন এঁর প্রতি পুনর্জন্মের আদেশ হয়েছে !

সন্ন্যাসী বলেন—নয়তো কি ভেবেচ ইনি মায়ার অতীত হয়ে যাতায়াতের চক্রপথ এড়িয়ে ব্রহ্ম লাভ করেচেন ? আত্মনাং বিদ্ধি—আত্মাকে জানো—আত্মাকে না জানলে যাতায়াত বন্ধ হবে না—

ক্ষেমদাস বলে উঠলেন—বয়েই গেল। ক্ষতিটা কি ?

—বাজে কথা বলো না কবি। তোমার ক্ষতি না হতে পারে। তোমার মত চোখ আর মন নিয়ে ক'জন পৃথিবীতে যাবে ? সাধারণ লোক গিয়ে অর্থ, যশ, মান, নারী নিয়ে উন্মত্ত থাকবে। প্রকৃতির সৌন্দর্য মায়ার খেলা হোক—ভবুও স্বীকার করি, দেখতে জানলে তা দেখেও স্তম্ভিত হইব। হিরণ্যগর্ভের প্রতি মাহুকের মন পৌঁছতে পারে। ও যে একটা সোপান। কিন্তু তা ক'জনের চোখ থাকে দেখবার ? আর্তের সেবা করে ক'জন ? কাজেই মাহুকের দুঃখ ঘায় না। মনে আনন্দ পায় না ; ভোগ করতে করতে একদিন হঠাৎ আবিষ্কার করে জন্মের অধিকার শুরু হয়েছে ! তখন মৃত্যুভয়ে বলির পশুর মত জড়সড় হয়ে থাকে। তা ছাড়া আছে শোক, বিচ্ছেদ, বিস্তনাশ, অপমান, আশাতঙ্কের যন্ত্রণা। কোথায় সুখ বলা ?

—দুঃখের মধ্যেই আনন্দ হে সন্ন্যাসী—দুঃখ ভোগ করতে করতেই আত্মা বড় হয়ে ওঠে, বীতম্পৃহ হয়, বীতমহ্য হয়, বীতশোক হয়। ভগবানের দিকে মন যায়। জন্মে জন্মে আত্মা বললাভ করে, জন্ম-জন্মান্তরের চিত্তের আশুনে পুড়ে সে ক্রমশ নির্মল, শুদ্ধ, জানী হয়ে ওঠে। ভগবানেরই এই অবস্থা—এ তুমি অস্বীকার করতে পারো ? ক'জন তোমার মত নর্মলাতীরে সার্বভৌমত্ব তপস্বী করে ভগবানের মর্শন পেয়েচে ? বহু ভুগে, বহু ঠেকে, বহু নারী, স্ত্রী, অর্থ লিপ্ত ভোগ করে মাহুকের ক্রমশ বিবয়ভোগ থেকে নিবৃত্ত হয়ে আসে—বহু জন্ম ধরে এমন চলে—তখন জন্ম-জন্মান্তরীণ বৃত্তি তাকে বলে আবার কোনো নতুন জন্মে—ও থেকে নিবৃত্ত হও,

ও পথ তো দেখলে গত কত শত জন্ম ধরে, আবার সেই একই ফাঁদে পড়ো, সেই রকম কষ্ট পাবে। ভোগের দ্বারা আত্মাও তখন অনেকটা বীভৎস হলে উঠেচে—তখন সে ভোগ ছেড়ে ত্যাগের পথ খোঁজে। ॥

—হ্যাঁ, তোমার কথা কাটি কি করে? তুমি কবি, অন্য পথে গিয়ে সত্যদৃষ্টি লাভ করেচ। কিন্তু একটা কথা বোঝো—যদি একজন্মেই হয় তবে ভগবানের ওপর বোঝা চাপিয়ে শত শত জন্ম ধরে এ অনাগত চক্রে ঘোরাঘুরি কেন?...

ক্ষেমদাস স্বকণ্ঠে গিয়ে উঠলেন হাত দুটি হৃদয় ভঙ্গিতে নেড়ে নেড়ে—

কিয়ে মানুষ জনমিয়ে পশুপাখী অথবা কীটপতঙ্গ

করমবিপাকে গতাগতি পুন-পুন মতি রহঁ তুয়া পরসঙ্গে—

সন্ন্যাসী বিরক্তির স্বরে বল্লেন—আঃ, ও সব ভাবুকতা রাখো। আমার কথার উত্তর দাও।

ক্ষেমদাস বল্লেন—কীর্তনাদেব কৃষ্ণ মূক্তবন্ধ: পরং ব্রজেন্—কলিতে বহু দোষ, কিন্তু একটা গুণ এই যে, কৃষ্ণনাম কীর্তন করলেই পরামুক্তি। তাই বলেচে—

এই পর্যন্ত বলেই আবার স্বর করে কি বলতে যাচ্ছিলেন, সন্ন্যাসী ধমক দিয়ে বল্লেন—আবার ওই সব! গান আসচে কিসে এর মধ্যে? তা ছাড়া আমি তোমাদের ওই কৃষ্ণটীক্ষ মানিনে জানো? ওসব মায়িক-কল্পনা—ভগবানের আবার রূপ কি!

—তুমি শুরু পথে ভগবানের সঙ্গে নিজের সত্তা মিলিয়ে অর্ধতত্ত্বান লাভ করেচ। ভক্তি-পথের কিছুই জানো না। প্রেমভক্তি এখনও বাকি তোমার।

—মরুক গে। আমার কথার উত্তর দাও—

—উত্তর কি দেব? ভোগ না হোলে নিবৃত্তি হয় না। ভগবান তা জানেন, তাই শত জন্মের মধ্যে দিয়ে জীবকে তিনি ভোগ আশ্বাদ করিয়ে নিয়ে বেড়াচ্ছেন। সবাইই হবে, তবে বিলম্বে।

সন্ন্যাসী শাস্তভাবে বল্লেন—হ্যাঁ, ঠিক।

—তুমি মেনে নিলে?

—নিলাম। কিন্তু তুমি আমার কথার ঠিক উত্তর দিলে কৈ? যদি একজন্মে হয় তবে হাজার জন্মের মধ্যে দিয়ে দিশাহারা হয়ে ছুটি কেন?

ক্ষেমদাস হেসে বল্লেন—ভার কারণ, সবাই তোমার মত মুক্তিকামী নয়, তোমার মত সন্ন্যাসী নয়—গতজন্মে তুমি যে উচ্চ অবস্থা নিয়ে জন্মেছিলে, যে জন্ম-জন্মান্তরীণ শ্রুতির ফলে তোমার মন মুমূক্ষু হয়েছিল, সংসারের আশক্তির বন্ধন কাটিয়েছিল—তুমিই বলো না, সে কি তুমি একজন্মে লাভ করেছিলে? তুমি তো বড়ৈর্ধর্ষশালী—মুক্তপুরুষ—তোমার অজানাতো কিছুই নেই—বলো তুমি?

সন্ন্যাসী মুহূ হেসে বল্লেন—তা ঠিক। গতজন্মের পূর্ব ভিনজন্মেও আমি ষোণী ছিলাম। আমার সে সময়ের গুরুভ্রাতা এখনও হিমালয়ের দুর্গম শিখরে তুবারাবৃত্ত গুহার দেহধারী হয়ে বাল করছেন। প্রায় আটশো বছর বয়স হোল। লোকালয়ের কিছুই জানেন না। গত লাভসে

বছরের মধ্যে তিনবার নীচে নেমে গিয়েছিলেন ভারতের লোকালয়ে। একবার নেমে শুনলেন শঙ্করাচার্য ব্রাহ্মণাধর্ম পুনঃপ্রতিষ্ঠিত করছেন। দ্বিতীয়বার নামলেন অনেকদিন পরে; নামতে নামতে শুনলেন যবনেরা ভারতে প্রবেশ করেছে—শুনেন আর না নেমে গিয়ে উঠে নিজের আশনে চলে গেলেন, অনেকদিন আর নামেন নি।

পুষ্প ও যতীন রুদ্ধকণ্ঠে শুনছিল। পুষ্প অধীর কোঁতুহলের সঙ্গে জিজ্ঞেস করলে—আর একবার কখন নেমেছিলেন?

—আমি তখন এ জন্মের পরেও দেহত্যাগ করেছি—এই সেদিন, পৃথিবীর হিসেবে বড়জোর সত্তর আশি বছর হবে। বড় দুর্ভিক্ষ হয়েছিল ভারতব্যাপী, আমরা অনেকে মলবদ্ধ হয়ে নেমে যাই ভারতে যদি কোন প্রতিকার করতে পারি। ঠুঁকেও নিয়েছিলাম আমাদের সঙ্গে। কুন্তমেলা সেবার প্রয়াগে। উনি মেলা দর্শন করে দশদিন থেকে ওপরে উঠে যান—সেই শেষ, আর লোকালয়ে যান নি।

কেমদাস প্রশ্ন করলেন—এখনও দেহে রয়েছেন কেন?

—যোগ-প্রক্রিয়ায় দেহ দীর্ঘস্থায়ী হয়ে গিয়েচে, তাই দেহ ধারণ করেই আছেন। বাসনা-কামনা-শুণ্ড মুক্তপুরুষ তিনি, দেহে থাকাতো যা, দেহে না থাকলেও তা। তাঁর পক্ষে সব সমান। স্বেচ্ছাক্রমে বিশ্বের সর্বত্র তাঁর অবাধ গতি, ব্রহ্মলোক পর্যন্ত। আমিও তাঁকে বলেছিলাম—আর দেহে কেন? উনি বল্লেন—হামু তো আত্মানন্দ আত্মারাম, হামারা ওয়াস্তে যো হায় ব্রহ্মলোক, সো মেরা হিমবান, মেরা আসন। এহি পর পরমাআ বিরাজমান হায়। লোকালোক তো মারা—

কেমদাস বল্লেন—হ্যাঁ, ওসব অনেক উচ্চ অবস্থার কথা। আমাদের জন্মে নয় ওসব। আমরা ভগবানের সৃষ্টির মধ্যে আনন্দ পাই, এই অপূর্ব সৌন্দর্যেরদের আশ্বাদ করবে কে আমরা ছাড়া? তোমরা তো ব্রহ্ম হয়ে বৃড়ি ছুঁয়ে বৃড়ি হয়ে বসে আছ।

পুষ্প কুষ্ঠার সঙ্গে প্রশ্ন করলে—প্রভু, আমাদের একবার সেই সাধুর কাছে নিয়ে গিয়ে দেখাবেন?

সন্ন্যাসী বল্লেন—না মা। তিনি লোকের ভিড় পছন্দ করেন না। তবে চলো আমার পূর্বজন্মের আর একটি গুরুভগ্নীর কাছে তোমায় নিয়ে যাবো—তিনিও আজ পর্যন্ত দেহে আর্হেঁম। গভীর বনের মধ্যে গুপ্তভাবে থাকেন—প্রায় সমগ্রই সমাধিস্থ থাকেন। চলো হে কবি, সমাধি দেখলে তোমার জাত যাবে না—

কেমদাস বল্লেন—না হে, আমি যাবো না। তুমি এদের নিয়ে যাও—আমার ও ধর্ম নয়। কবির ধর্ম স্বভাব।

সন্ন্যাসী হেসে এসে কেমদাসের হাত ধরে বল্লেন—ভগবানের মহিমা সর্বত্র। কেন যাবে না? চলো—

—বেশ, তাহলে তুমি কথা দাও আমার সঙ্গে ভক্ত বৈষ্ণবের আশ্রমে যাবে? যদি শ্রীকৃষ্ণকে দেখাতে পারি সেখানে? প্রেমভক্তি নেবে?

সন্ন্যাসী পুনরায় হেসে বলেন—হবে, হবে। আচ্ছা যাবো, কথা দিলাম। প্রেমভক্তি নিই না নিই স্বত্ত্ব কথা। তোমাকেও তো আমি বটুচক্র ভেদ করে অর্ধভক্তজন পাইয়ে দিচ্ছি না জোর করে ?

কিছুক্ষণ পরে ওরা সবাই সন্ন্যাসীর পিছু পিছু পৃথিবীর একস্থানে নেমে এল। স্থানটি দেখেই ওরা বুঝলে, লোকালয় থেকে বহু দূরে কোনো এক নিবিড় অরণ্যের মধ্যে ওরা দাঁড়িয়ে। সম্মুখে একটি পার্বত্য নদী, কিন্তু নদীগর্ভে কোথাও মাটি বা বালি নেই—সমস্তটা পাষাণময়, চণ্ডা সমতল, মসৃণ। প্রায় একশো হাত পরিমিত স্থান কি তার চেয়ে বেশি এমনি আপনা-আপনি পাথর বাঁধানো। তারই মধ্যভাগ বেয়ে ক্ষুদ্র নদীটি ক্ষুদ্র একটি জলপ্রপাতের সৃষ্টি করে মর্মর কলতানে বয়ে চলেচে। উভয় তীরে নিবিড় জঙ্গল, মোটা মোটা লতা এ-গাছ থেকে ও-গাছে জ্বলচে ; গভীর নিশীথকাল পৃথিবীতে, আকাশে ঠিক মাথার ওপরে চাঁদ, গভীর নিঃশব্দতার মধ্যে পরিপূর্ণ জ্যোৎস্নালোকে সমস্ত অরণ্যভূমি মায়াময় হয়ে উঠেচে।

ওরা মুগ্ধ হয়ে সে অপূর্ব অরণ্য-দৃশ্য দেখে, এমন সময়ে বনের মধ্যে বাঘের গর্জন শোনা গেল, দ্বিতীয়বার শোনা গেল আরও নিকটে। যতীন সভয়ে বলে উঠলো—ওই ! চলুন পালাই—

অল্প পরেই ওপারের বনের লতাপাতা নিঃশব্দে সরিয়ে প্রকাণ্ড রয়েল বেঙ্গল টাইগারের হাঁড়ির মত মুখ করে নদীজলে নামতে দেখা গেল এবং তার জল খাওয়ার ‘চক্ চক্’ শব্দ বনের ঝিল্লী-রবের সঙ্গে মিলে এই গভীর রহস্যময় রজনীর নৈঃশব্দ মুখর করে তুলতে লাগলো।

পুষ্প বলে—ভয় কি যতীনদা তোমার এখন বাঘের ?

ক্ষেমদাস মুগ্ধ দৃষ্টিতে এই অপূর্ব শোভাময় জ্যোৎস্নাপ্লাবিত নির্জন বনকান্তারের দৃশ্য উপভোগ করছিলেন। দুহাত জুড়ে নমস্কার করে বলেন—সুন্দর ! সুন্দর ! নমস্কার হে ভগবান, যন্ত্র তুমি, আদি কবি তুমি জগৎস্রষ্টা ! কর্ণামুতে ঠিকই বলেচে :—মধুগন্ধি...

সন্ন্যাসী বলেন—ব্রহ্মই জগৎ হয়ে রয়েছেন, য ওষধিষু যো বনস্পতিষু—তিনিই সর্বত্র। সামনে যা দেখেচো এও তিনি, তাঁর বিশ্বরূপের এক রূপ—তবে অত ভাবুকতা আমাদের আসে না, ইনিয়ে-বিনিয়ে বর্ণনা করা আসে না।

ক্ষেমদাস হেসে বলেন—আসবে কি হে ! তাহোলে তো তুমি উপনিষদ তৈরী করে বসতে। তোমাদের সঙ্গে উপনিষদের কবিদের তফাৎ তো সেইখানে। তাঁরা ব্রহ্মজ্ঞ ছিলেন, আবার কবিও ছিলেন। তোমার মত নীরস ব্রহ্মবিৎ ছিলেন না। ভগবানও কবি। উপনিষদে কি বলেনি তাঁকে, কবির্মনীষী পরিভূঃ স্বয়ভূঃ? •

সন্ন্যাসী বলেন—চলো চলো, যে জন্তো এসেচি। উপনিষদে কবি বলেচে যিনি স্রষ্টা তাঁকে। যিনি প্রজ্ঞার আলোকে এক চমকে ভূত ভবিষ্যৎ বর্তমান দর্শন করেন, চিন্তা দ্বারা ঠাঁকে বুঝতে হয় না, তিনিই কবি।

যতীন বলে—প্রভু, এ কোন্ জায়গা পৃথিবীর ?

—এ হোল বাস্তার রাজ্য, মধ্যভাগের। এই নদীর নাম মহানদী, উড়িষ্কার মধ্য দিয়ে সমুদ্রে পড়েচে। এখানে নদীর শৈশবাবস্থা দেখে, সবে বেয়িয়েচে অদূরবর্তী পাহাড়শ্রেণী

থেকে। এখন এসো আমার সঙ্গে—

নদীর ওপারে কিছুদূরে ঘন বনে একটি পর্ণ-কুটারের কাছে গুঁরা যেতেই একটি সন্ন্যাসিনী তাড়াতাড়ি বার হয়ে এসে গুঁদের অভ্যর্থনা করলেন। বল্লেন—আহ্ন আপনারা। আমার বড় সৌভাগ্য আজ—

যতীন ও পুষ্পের মনে হোল ইনি যেন গুঁদের অপেক্ষাতেই ছিলেন। সন্ন্যাসিনীকে দেখে যতীন অবাক হয়ে গেল, সন্ন্যাসী বলেচেন গুঁর পূর্বজন্মের গুরুভগিনী—অথচ ইনি তো কুড়ি বৎসরের তরুণীর সত স্তম্ভাম, সুরূপা, তম্বী। উজ্জল গৌরবর্ণ, রূপ যেন ফেটে পড়চে, মাথায় একচাল কালো চুলের রাশ।

সন্ন্যাসী বল্লেন—ভাল আছ ভগ্নী ?

সন্ন্যাসিনী হেসে হিন্দীতে বল্লেন—পরমাশ্রা যেমন রেখেচেন। এঁরাও তো দেখিচি বিদেহী আশ্রা। এঁদের এনেচ কেন ?

পুষ্প ও যতীন সন্ন্যাসিনীর পায়ে হাত দিয়ে প্রণাম করলে। ক্ষেমদাস যুক্তকরে নমস্কার করলেন।

সন্ন্যাসী বল্লেন—এঁরা এসেচেন তোমায় দেখতে। ইনি বিখ্যাত বৈষ্ণব কবি ক্ষেমদাস—সন্ন্যাসিনী বল্লেন—আইয়ে মহারাজ, আপকা চরণধূলিসে হামারা আশ্রম পবিত্র হো গিয়া—পরমাশ্রাকি রূপা।

ক্ষেমদাস বল্লেন—মা, আপনি দেবী, আপনার দর্শনে আমরা পুণ্যলাভ করলাম।

সন্ন্যাসিনীর হৃন্দর মুখের লাবণ্যময় হাসি অরণ্যভূমির জ্যোৎস্নাস্নাত সৌন্দর্যকে যেন আরও বাড়িয়ে তুলেচে। কুটারের দ্বারে হেলান দিয়ে দাঁড়িয়ে বল্লেন—এই নদীমে আজ পূর্ণিমাকী রাতমে স্বর্গসে উত্তার কর্ অঙ্গরীলোগ্ নহতে থে। হাম বহু বরষসে দেখতে হেঁ। আপকো মালুম হায় ?

ক্ষেমদাস বল্লেন—না মা, আমরা তো জানি না। আমাদের দেখাবেন ?

—আপ দেখনে মাংতা ?

—হা মা, দেখালেই দেখি।

সন্ন্যাসী বল্লেন—এঁর বয়েস কত বল তো যতীন ?

যতীন সঙ্কচিত ভাবে বল্লেন—আমি কি বলবো ? দেখে তো মনে হয় কুড়ি-বাইশ।

সন্ন্যাসিনী খিল্ খিল্ করে হেসে উঠলেন বালিকার মত।

সন্ন্যাসী বল্লেন—তুমি তোমার জ্ঞান-মত বলেচ, তোমার দোষ নেই। তোমার ধারণা নেই এ বিষয়ে।

সন্ন্যাসিনী বল্লেন—তুম ক্যা বোলতা হায় রে বাচ্চা ? হামারা তো এহি আসন পর পচিশ বরষ বীত গিয়া—ইদকা পহলে পঞ্জাবমে রাশি নদীকী তীরমে করিব সন্তর বরষ আসন থা। গুরুজীকি অহুজাপর এহি বনমে মহানদীকে কিনারপর আশ্রম বনায়।

যতীন মনে মনে হিসেব করে বল্লেন—তা হোলে আমার প্রপিতামহীর চেয়েও আপনি বড়—

সন্ন্যাসী বল্লেন—ওঁর বয়েস দেড়শো বছরের কাছাকাছি—বরং কিছু বেশী হবে তো কম নয় ।

ক্ষেমদাস বল্লেন—মা, দেহধারী হয়ে আছেন যে এখনা ?

সন্ন্যাসিনী হেসে বল্লেন—বহু নেতি ধোঁতি কিয়া -ইসিसे शरीर बन् गिया । आत्ति धंस नेहि होगा कोई पान् छ'शो वरष । कोई हरज नेई, रहे तो रहे ।

যতীন আপন মনে ভাবলে—বাবাঃ, এই দুর্গম বনের মধ্যে উনি একা কি করে থাকেন ! বাঘের ভয় করে না ? এ তো বাঘের আড্ডা দেখে এলাম ।

সন্ন্যাসিনী ওর মন বুঝেই যেন বল্লেন—যখন সমাধিতে থাকি তখন বাঘ আসে, বিস্ময় সাপ এসে মাথায় ওঠে । গায়ে বেড়ায় । সমাধি ভাঙলে ওদের যাতায়াতের চিহ্ন দেখে বুঝতে পারি ।

সন্ন্যাসী বল্লেন—সাজকাল কি আহার ছেড়েচ ?

—না । কন্দমূল খাই, বেলগাছ আছে আশ্রমের পেছনে অনেক, বেল খাই । সামান্যই আহার ।

ক্ষেমদাস বল্লেন—মা, তুমিও কি প্রেমভক্তির বিপক্ষে ? তুমিও নীরস অধৈর্যবাদী ?

সন্ন্যাসিনী হেসে বল্লেন—মাং পুছিয়ে । প্রেমভক্তি বহু রূপসে লাভ হোতা হয়—হামারা তো তিন যুগ গুজার গিয়া, ও বস্তু নেহি মিলা । কাঁহা মিলেগা বাংলাইয়ে মহাত্মা রূপা কর । আপ দিঞ্জিয়ে হামকো !

ক্ষেমদাস বল্লেন—আমার শক্তি নেই মা । আমি কবি, এই পর্যন্ত । ও সব বেওয়ারী নেওয়ার মধ্যে আমি নেই । তবে তোমাকে আমি উর্ধ্বলোকে বৈষ্ণবাচার্যদেবের আশ্রমে নিয়ে যেতে পারি, তাঁদের কাছে উপদেশ পেতে পারো । তবে দরকার কি মা ? তোমরা তো প্রতিক্ষণে সমাধি-অবস্থায় ব্রহ্মকে আনন্দ করচো—কি হবে প্রেমভক্তি ?

—আমার কাছে গৃহস্থদের নানা দেবদেবী আসেন, নানা দেশ থেকে আসেন—একা থাকি বলে মাঝে মাঝে সঙ্গ দিতে আসেন । লক্ষদামোদর, গোপাল, উগ্রতার, মুন্সরী, শ্যামরায়, অষ্টভূজা—আরও কত কি নাম । এসে গল্পগুজব করেন, সুখদুঃখের কথা বলেন । সেদিন এক ঠাকুর এসে হাজির আপনাদের বাংলাদেশের মুরশিবাবাদ জেলার কি গ্রাম থেকে—নাম শ্যামসুন্দর । আমায় এসে ছলছল চোখে বল্লেন—যে গ্রামে আছেন, সেখানে নাকি গৃহস্থেরা অনাদর করচে, ঠিকমত ভোগ দিচ্ছে না, খেতে পাননা—এই সব । তা আমি বল্লাম—আমার কাছে কেন তুমি ? আমি তোমাদের মানিনে । যারা মানে তাদের কাছে গিয়ে প্রকট হও, তোমার নালিশ জানাও, আমাকে বলে কি হবে ? বালক বিগ্রহ, ওর চোখে জল দেখে কষ্ট হোল—পাষাণী গৃহস্থেরা কেন সেবা করে না কি জানি । ওই সব দেখে আমার মন-কেমন করে, মনে হয় প্রেমভক্তি হোলে এঁদের নিয়ে আনন্দ করতাম ।

সন্ন্যাসী হেসে বল্লেন—মায়ী, মায়ী, নির্বিকল্প ভূমি থেকে নেমে এসে ভূমি আবার ঐসব মায়িক ঠাকুরদেবতার সঙ্গে মনোপাততে চাও ?

ক্ষেমদাস বলেন—মা, তোমাকে প্রেমভক্তি দেবার জগ্গই ওই সব দেবদেবী আসেন—আরও আসেন তুমি মেরেমাছব বলে—হাজার অঐতবাদী হোলোও এখন তোমাদের মন এই এঁদের মত কর্তোর, নীরস, শুষ্ক হয়ে ওঠেনি। তাই তোমার কাছে আসেন, কই এঁর কাছে তো আসেন না? এলে আমল পাবেন না বলেই আসেন না। ভগবানও প্রেমভক্তির কাজাল, যে ভক্ত তারই কাছে লোভীর মত বোরেন। যে প্রেমভক্তি দিতে পারবে না, তার কাছে তো তিনি—

সন্ন্যাসী বাধা দিয়ে বিরক্তির সুরে বলেন—আঃ, তোমার ওই সব অসার, ফাঁকা ভাবুকতা-গুলো রাখবে দয়া করে? এতে আমার গা ঘিন্ ঘিন্ করে সত্যি বলচি। যত খুশি প্রেমভক্তি বিলোও গিয়ে তোমার সেই বৈষ্ণবাচার্যের আখড়ায়—আমাদের আর স্তনিও না—যত খুশি কাব্যরচনা কর বৃন্দাবন আর চাঁদের আলো আর কদম্বমূল নিয়ে সেখানে বসে।

ক্ষেমদাস বলেন—তোমাকেও একদিন ভক্তির সুরে মাথা মুড়ুতে হবে হে কর্তোর জ্ঞান-মাগী সন্ন্যাসী। আমার নাম যদি ক্ষেমদাস হয়—

সন্ন্যাসী বলেন—আচ্ছা, এখন বন্ধ করো। তুমি আমাকে বলচো নীরস। তোমাকে আমি এমন এক জ্ঞানীর কাছে নিয়ে যাবো যিনি সম্পূর্ণ নাস্তিক, জড়বাদী। পঞ্চভূতের বিকারে এই বিশ্ব সৃষ্টি হয়েছে বলেন। ঈশ্বর মানেন না, সৃষ্টিকর্তা মানেন না; আত্মাকে বলেন পঞ্চভূতের বিকার, জড়ের ধর্মে আপনা-আপনি সৃষ্টি হয়েছে, আপনা-আপনিই একদিন লয় হবে—এই মত পোষণ করেন।

—কে? লোকায়ত দর্শনের কর্তা চার্বাক?

—চার্বাক নন, তাঁর প্রভাবান্বিত কোনো শিষ্য।

—কি অবস্থা লাভ করেচেন?

—স্বাগুবৎ অচলাবস্থা। খুব উচ্চ স্তরেই আছেন, পুরুষকারের বলে উন্নত ছুমি লাভ করেচেন, কিন্তু মুক্তি হয়নি। এর মধ্যে ছবার পৃথিবী ঘুরে এসেছেন। বলেন, এও জড়ের ধর্ম! মুক্তি বলে কিছু নেই। ঈশ্বর মিথ্যা! কাকে তিনি উপাসনা করবেন? পুনর্জন্মে দুঃখিত নন। জন্মান্তরীণ স্মৃতি জলজল করচে মনে।

—কি অবলম্বনে আছেন?

—জড়ের ধর্ম পরীক্ষা করেন। তরুণ শিষ্যদের মধ্যে প্রচার করেন। পৃথিবীতে বহু তরুণ-মলকে যুগে যুগে প্রভাবান্বিত করচেন জড়ধর্মের একচ্ছত্র প্রতীপাদনের অস্ত্রে। ব্যাসক্তি-শূণ্ড, উদার পুরুষ।

—মৃত্যুর পরে দেহধ্বংসে আত্মা থাকে দেখেও জড়বাদী?

—হাঁ। বলেন, ওটাও জড়ের ধর্ম। গুটিপোকা দেহভ্যাগ করে প্রজাপতি হচ্ছে এও তো দেখা যায়। আবশ্যিক কি ঈশ্বরকে টেনে আনবার?

ক্ষেমদাস কানে আঙুল দিয়ে বলেন—ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণু, স্তনতে নেই এসব কথা।

—কেন স্তনতে নেই? এই জ্ঞাখো তোমাদের অহুদারত্ব। আমরা বলি, ব্রহ্মই জগতের সব হয়ে আছেন। নাস্তিক যিনি তিনি ব্রহ্মের বাইরে নন। ব্রহ্মের মধ্যে থেকে তিনি একথা

বলচেন। এমন একদিন আসবে, ব্রহ্মজ্ঞান তিনি লাভ করবেন। বাদ পড়বেন না।

সন্ন্যাসিনী বলেন—আমারও তাই মত।

ক্ষেমদাস অধীরভাবে বলেন—বেশ, বেশ। ওসব আলোচনা এখন থাক। চলো যাওয়া যাক। রাত্রি প্রভাত হয়ে এল—জ্যোৎস্না স্নান হয়ে আসচে। ওই শোনো ময়ূর ডাকচে বনে।

সন্ন্যাসিনীকে পুনরায় বন্দনা করে সকলে সেই গভীর বন পরিত্যাগ করলেন। কুটীরের আশেপাশে অনেক বহু দেবকাঞ্চন ফুল ফুটে আছে স্নান জ্যোৎস্নালোকে। অদূরের শৈলচূড়া শেখরাজের হিমবাস্পে অল্পষ্ট দেখাচ্ছে। বহু কুক্কুটের রব রজনীর শেষ যাম ঘোষণা করচে।

ক্ষেমদাস আকাশপথে বলেন—কি সন্ন্যাসী, যাবে তো রঘুনাথদাসের আশ্রমে ?

সন্ন্যাসী রাজী হওয়াতে গুরা চক্কর নিমেষে বৈষ্ণবাচাধের আশ্রমের সামনে এসে পড়লো। গুরা সকলে রঘুনাথদাসের আসনের দিকে গেল—পুষ্প গেল গোপাল-বিগ্রহ দেখতে ও তার প্রাণের বাখা গোপালের পায়ে নিবেদন করতে। নীল স্ফটিকের অপূর্ব বিগ্রহের মুখে যেন করুণার হাসি লেগেই আছে। পুষ্প বাইরে এসে দাঁড়ালো, ঐ বিরাট অনন্ত বিশ্ব, আকাশের পটে কোটি কোটি নক্ষত্ররাজি (বৈষ্ণবাচার্ঘের আশ্রমে এখন রজনীর প্রথম যাম)—সেই যে সেদিন মহাপুরুষ উপনিষদের বাক্য উচ্চারণ করে শুনিয়েছিলেন—অশু ব্রহ্মাণ্ডস্থ সমস্ততঃ স্থিতানি এতাদৃশাগ্নস্তকোটিব্রহ্মাণ্ডানি সাবরণানি জলন্তি—এই ব্রহ্মাণ্ডের আশেপাশে আরও অনন্তকোটি ব্রহ্মাণ্ড জ্বলচে—সব ব্রহ্মাণ্ডের ঘিনি অধীশ্বর, সেই বিরাট দেবতা কেন এখানে ক্ষুদ্র বিগ্রহে নিজেকে আবদ্ধ রেখেচেন কিসের টানে কে বলবে ?

পুষ্প প্রশ্নাম করলে সাষ্টাঙ্কে। সে বিরাটের কতটুকু ধারণা করতে পারে, মেয়েমানুষ সে। সে অতি ক্ষুদ্র নারী মাত্র। দয়া করে মধুররূপে ধরা না দিলে সে ক্ষীরোদদাগরশারী মহাবিক্ষুব্ধ কিংবা তাঁর চেয়েও এককোটি সরেশ নিরাকার পয়ত্রফের কি ধারণা করতে সমর্থ ? মন্দিরে প্রশ্নাম করে উঠে ব্যাকুল কণ্ঠে প্রার্থনা করলে—হে ঠাকুর, আশা-বৌদ্ধিদিকে রূপা কর। এবার ঘটনাদা ও আশার জন্ম তোমার আশীর্বাদে যেন সার্থক হয়ে ওঠে। আর যেন আশার রূপে মতি না হয় হে ঠাকুর। গুর প্রারব্ধ কর্ম এবার যেন ক্ষয় হয়। ওকে দয়া কর।

মন্দিরের নিভৃত কুণ্ডতলে অপূর্ব পুষ্পস্ববাস। যেন বহু জাতী, যুধী, মালতী, হেনা, নাগ-কেশর একসঙ্গে প্রস্ফুটিত হয়েছে। সন্ন্যাসী ও ক্ষেমদাস খেতপ্রস্তরের চক্রে যুগ্মতলে বসে রঘুনাথদাসের সঙ্গে আলোচনা করচেন।

রঘুনাথদাস বলচেন—আপনি আমার বিগ্রহটি দর্শন করে আনুন। আপনার ভক্তি হবে। উনি ভক্তি আকর্ষণ করেন। আপনার আগমনে আমার আশ্রম আজ ধ্বংস হয়ে গেল। কিছুকাল এখানে থাকুন।

সন্ন্যাসী বলেন—আপনি মহাপুরুষ, আপনার নিকটে থাকবো এ তো পরম সৌভাগ্য। তবে এবার নয়, আমি ঘুরে আসবো। বিগ্রহ দর্শন করে আসি।

বিগ্রহ দর্শন করে একটু পরেই ফিরলেন। বলেন—আপনার বিগ্রহ দেখিচি বড় বিপজ্জনক বস্তু—সত্যিই আমাকে উনি আকর্ষণ করচেন। আমার বলেন—আমায় কেমন লাগচে ? আমি

বল্লম—আমি তোমাকে মানি না। একরকম জোর করে চলে এসেছি—

বলে আপন মনেই হাসতে লাগলেন।

রঘুনাথদাস বলেন—আমার গোপাল আপনার ভক্তি আকর্ষণ করতে চাইছেন। আপনি দেবেন না ?

—কমা করবেন আচার্যদেব। আমার সংশয় যেদিন ছিন্ন হবে সেদিন এসে আপনার আশ্রমে দীক্ষা নেবো প্রেমভক্তির। এখন ওসব আমি পুতুল-পুঞ্জোর সমান মনে করি।

রঘুনাথদাসের প্রশান্ত মুখমণ্ডলে যুতুমন্দ হাসি ফুটলো। ঈষৎ দর্পভরে বলেন—আমার গোপালের ক্ষমতা থাকে, আপনাকে তিনি ভজাবেন। পুতুল কি কথা বলে ? আপনি ব্রহ্মবিৎ, ভেবে দেখুন। আপনার মত ভক্ত উনি চাইছেন। ব্রহ্মভূমি থেকে নেমে এসে ভগবানের লীলাসঙ্গী হয়ে থাকুন।

—আপাতত আমার একটি গুরুভগ্নী প্রেমভক্তির জন্তে ব্যাকুলা। তাকে দিন দয়া করে।

—কোথায় ?

—সম্প্রতি দেহে বর্তমান আছেন, মহানদীর তীরের বনমধ্যে তাঁর আসন। পরমাত্মার দর্শন পেয়ে যন্ত্র হয়েছেন। বহুকাল থেকে দেহধারিণী। আপনি আহ্বান করলে তিনি এখানেই আসবেন।

—আমি অকিঞ্চন। আমার কি সাধ্য প্রেমভক্তি দিই। গোপাল দেবেন—

পুষ্প এই সময়েই হঠাৎ জাহ্নু পেতে বসে করজোড়ে বিনীত কণ্ঠে বলে—ওই সঙ্গে আমাকেও দিন আচার্যদেব। আমার একমাত্র অবলম্বন।

ক্লেমদাস উৎসাহে হাততালি দিয়ে বলে উঠলেন - সাধু ! সাধু !

রঘুনাথ পুষ্পের মাথায় হাত দিয়ে বলেন—আমি কে মা ? গোপালের কাছে চাও। আমি আশীর্বাদ করি তুমি পাবে।

পুষ্প যতীনকে দেখিয়ে বলে—এঁকে আশীর্বাদ করুন। ইনি গীত্র পুনর্জন্ম গ্রহণ করবেন। আদেশ হয়ে গেছে।

রঘুনাথ যতীনের দিকে ভাল করে চেয়ে বলেন—পুনর্জন্ম হচ্ছে ? খুব ভাল। ভগবানে মন যেন থাকে আশীর্বাদ করচি। পুনর্জন্মে ভয় কি, যদি কৃষ্ণপদে মতি থাকে।

যতীন পুষ্প ভিন্ন উপস্থিত সকলের পাদম্পর্শ করে প্রণাম করলে।

পুষ্প বলে—প্রভু, আবার আপনাদের দেখা ইনি পাবেন ?

সন্ন্যাসী বলেন—নিশ্চয়, দেহ অস্তে। আমরা আর কোথায় যাচ্ছি।

রঘুনাথ বলেন—ইচ্ছা করে প্রভু, আর একবার পৃথিবীতে জন্ম নিয়ে ভক্তিদর্শন প্রচার করে আসি। জীবের বড় কষ্ট। দেখে শুনে বড় কষ্ট পাই। জীবের মঙ্গলের জন্ত প্রয়োজন বুঝলে একবার ছেড়ে শওবার যেতে প্রস্তুত আছি। সেদিন মহাপ্রভুকে বলেছিলাম, উনি বলেন—এখন পৃথিবীতে অল্প সময় এসেচে, লোকজনের অল্পপ্রকার মতি। এখন আমাদের পূর্বজন পন্থায় কাজ হবে না। গ্রহদের বৈশ্রবণ এ বিষয়ে সেদিন মহাপ্রভু ও আরও উর্ধ্ব

লোকের কয়েকটি মহাপুরুষের সঙ্গে পরামর্শ করেচেন। তাঁরা বলেন, পৃথিবী এখনও তৈরী হয়নি। গ্রহদেব বৈষ্ণবণ কয়েকজন শক্তিমান আত্মা পাঠাচ্ছেন পৃথিবীতে, এঁরা ধ্বংস ও দুর্দৈব আনবেন পৃথিবীতে গিয়ে। পৃথিবী আলোড়িত হবে—লোকের দৃষ্টি উর্ধ্বমুখী হবে। ভোগবাদ ও জড়বাদের অবসান না হোলে জীবের মঙ্গল নেই। ঢেলে সাজাতে হবে গোটা পৃথিবীটাকে। আপনিই তো ইচ্ছা করলে করতে পারেন।

সন্ন্যাসী যুদ্ব হেসে চুপ করে রইলেন।

যতীন অসতর্ক মুহূর্তে সবিস্ময়ে বলে উঠল—কে ? ইনি !

ক্ষেমদাস বলেন—হাঁ, ইনি। অসাধারণ শক্তিশালী পুরুষ, ওঁরা গ্রহদেবের সমান। ইচ্ছামাত্র সৃষ্টি স্থিতি প্রলয় ঘটাতে পারেন। ব্রহ্মসূত্রে বলেচে—সংকল্পাদেব তৎশ্রুতেঃ। মুক্তপুরুষের সমস্ত ঐশ্বর্য সংকল্পমাত্র উদয় হয়।

সন্ন্যাসী হেসে বলেন—ঝোঁকের মাথায় একটু বেশি বলে কবি। ভোগমাত্রমেবাম্ অনাদি-সিদ্ধেনশ্বরেণ সমানম্—শঙ্করাচার্য কি বলেচেন প্রণিধান কর। মূক্তের ভোগ ঈশ্বরের সমান হয়, শক্তি কি তাঁর সমান হয় ?

—আমি ঈশ্বরের কথা বলিনি, গ্রহদেবের কথা বলেচি।

—গ্রহদেব শক্তিমান বটে কিন্তু ঈশ্বরের বিনা অনুজ্ঞায় তিনি কিছুই করতে পারেন না।

—সৃষ্টি স্থিতি প্রলয় করতে সমর্থ কিনা ?

—হ্যাঁ। কিন্তু ঈশ্বরের অনুমতিক্রমে।

—আপনি ?

—না। আমার ওপর সে ভার শ্রুস্ত নেই। আমি আদ্যার ব্যাপারী, সৃষ্টি স্থিতির খোঁজে আমার দরকার কি ? সৃষ্টি বলচোই বা কাকে ? নিগূর্ণ ব্রহ্ম যখন দেশ ও কালের সীমার মধ্যে নিজেকে প্রসারিত করেন, তখন তাকে বলে সৃষ্টি—উর্গনাভ যেমন নিজের দেহনিঃসৃত রস তত্ত্ব-রূপে প্রসারিত করে।

রঘুনাথদাস বলেন—মহাপুরুষ, ক্ষেমদাস ঠিকই বলেচেন। আপনি পারেন সব, অসাধারণ শক্তি আপনাদের। সেই শক্তি নিজস্ব অবস্থায় কোনো কাজে আসচে না। ভগবানের দাসভাবে ভক্তভাবে তাঁকে সেবা করে সেই শক্তির সদ্যবহার করুন। কিংবা পৃথিবীর বা অন্ত্র গ্রহলোকের জীবকুলের সেবা করুন। জীবের সেবায় স্বয়ং ভগবান তাঁর পার্শ্বচরদের নিয়ে সর্বদা নিযুক্ত। আপনি মহাজ্ঞানী, আপনাকে আমি কি উপদেশ দেব ?

সন্ন্যাসী বিনীতভাবে নমস্কার করে বলেন—আপনার আদেশ শিরোধার্য।

যতীন অবাক হয়ে ভাবলে, এত বড় লোক, কিন্তু কি অদ্ভুত বিনয় এদের। সত্যি, বড় ভাল লাগচে।

ক্ষেমদাস হঠাৎ বলে উঠলেন—বৃন্দাবনে আরতি হচ্ছে গোপাল-মন্দিরে। আমি আর থাকতে পারবো না। চল।

আজও পৃথিবীতে হৃন্দর জ্যোৎস্না। বৃন্দাবনের বনপথে আলোছায়ার খেলা দেখে ওরা সবাই

মুখ। শহরে ইলেকট্রিক আলো জ্বলচে, মোটর যাচ্ছে ধুলো উড়িয়ে, লোক গিজ্‌গিজ্‌ করচে। চান্দচুরগালা স্বর করে মোড়ে দাঁড়িয়ে সওদা ফিরি করচে। গোপালের মন্দিরের আরতির সময়ে কত অশরীরী ভক্ত, কত জ্যোতির্ময় আত্মা সেদিনকার মত মন্দিরের মধ্যে উপস্থিত। অনেকে স্বর্গীয় পুষ্প বিগ্রহের অঙ্গে বর্ষণ করতে লাগলেন আরতির সময়ে।

পুষ্প চেয়ে দেখতে দেখতে ঔঁদের মধ্যে করুণাদেবীকে দেখে চমকে উঠলো। আরও একটি দেবী আছেন ঔঁর সঙ্গে। দুজনে মন্দিরের এক কোণে সাধারণ গৃহস্থঘরের নারীদের মত শান্তভাবে দাঁড়িয়ে আরতি দর্শন করচেন। পুষ্পকে তাঁরা ডাকতেই সে কাছে গেল। পুষ্প দেখলে, অপরা দেবীটি তারই পূর্বপরিচিতা প্রণয়দেবী।

প্রণয়দেবী বল্লেন—অনেকদিন তোমায় দেখিনি। আরতি শেষ হয়ে যাক, বাইরে চলো, কথা আছে।

সঙ্গে সঙ্গে পুষ্পের মনে পড়লো কেবলরাম কুতুর কথা। প্রণয়দেবীর ‘অনেকদিন দেখিনি’ এই কথাতে ঔঁর মনে পড়লো। সেই নিম্নস্তরের বিষয়াসক্ত আত্মাকে সে দাহ বলে ভেঙেচে। অথচ অনেকদিন তার কাছে যাওয়া হয়নি বটে। তাকে আজ এখুনি বৃন্দাবনে এনে গোপাল-মন্দিরে আরতি দেখাতে হবে। ধগা হয়ে যাবে কেবলরাম—স্বর্গ-মর্তের মিলনদৃষ্টি এভাবে দেখার সৌভাগ্য আর তার হবে না।

আচ্ছা, আশা-বৌদিকে আনলে হয় না? ধগা হয়ে যায়, উদ্ধার হয়ে যায় একদিনে সে। করুণাদেবীকে সে কথাটা জিজ্ঞেস করলে। দেবী বল্লেন—আশার আধ্যাত্মিক বুদ্ধি এখনও স্থপ্ত। গভীর ঘুমের আচ্ছন্ন সে, দেখেও দেখবে না এ সব। অত সহজে পাপী উদ্ধার হয় না পুষ্প, তাহলে আমরা বসে থাকতাম না—নরক উজাড় করে পাপী হাজারে হাজারে নিয়ে এসে ফেলতাম।

পুষ্প লজ্জিত হোল।

প্রণয়দেবী বল্লেন—তোমাদের তিনজনের ওপর আমার দৃষ্টি বহু জন্ম আগে থেকে রেখেছি। এখনও অনেক গতাগতি বাকি ঔঁদের দুজনের। পুনর্জন্ম ভিন্ন আশার আত্মা কিছুতেই কর্মক্ষম করতে পারবে না। তুমি বাস্তব হয়ে না পুষ্প, যা করবার তিনিই করবেন। আমরা তাঁর দাসী মাত্র।

পুষ্প ঔঁদের অল্পমতি নিয়ে চক্ষের নিমেষে কেবলরামের স্তরে এসে দেখলে, বৃদ্ধ সেখানে নেই। তবে বোধহয় আবার কুড়ুলে-বিনোদপুরে গুর ছেলেদের আড়তে গিয়ে বসেচে। কিন্তু একা যেতে পুষ্পের বড় ভয় করে। পৃথিবীর স্থূল স্তরে নিয়ন্ত্রণীয় দুই আত্মাদের উপদ্রব বড় বেশি, এরা অনেক সময় দেহধারী ও বিদেহী সকলকেই বিপদে ফেলবার চেষ্টা করে। বৃন্দাবনে ছিল এতক্ষণ, পৃথিবীর হোলেও সে একটা পবিত্র দেবস্থান, ওখানে প্রেতযোনির উপদ্রব খুব কম।

ভগবানের নাম স্মরণ করে সে কুড়ুলে-বিনোদপুরে কুতুর গদিতে এসে দেখে বৃদ্ধ কেবলরাম তার বড় ছেলে বিনোদের পাশে হাতবান্ধ সামলে বসে আছে। সন্ধ্যার সময়, হাটুয়ে খরিকারের

ভিড় দোকানে। বিনোদের দুই কর্মচারী হৈকে বলচে—জোড়া ফুলন শাড়ী, ছ' নং—

বিনোদ খাতার টুকতে টুকতে মাথা তুলে বলচে—টাকা না লোট ?

খরিদদার বলচে—আজ্ঞে লোট কুতু মশায়। দু'মণ পাট ব্যাচলাম রাম তেলির আড়তে—সব লোট দিলে। লোট এখন ক'নে ভাঙাতি যাই আপনাদের দোকান ছাড়া ? বাবু, কিছু কম নেন্দ দামটা।

বিনোদের কিছু বলবার পূর্বেই তার পার্শ্বপবিষ্ট কেবলরাম বলে উঠলো—ওতে লাভ নেই এক পয়সাও। তুমি পুরোনো খন্দের বলে শুধু কেনা-দামে দেওয়া।

পুষ্প বুঝতে পারলে, এ অতি কপট কথা। বুদ্ধের মন বলচে জোড়াপিছু দেড় টাকা লাভ হয়েছে এই পাড়াগাঁয়ে মূর্খ খন্দেরের কাছে। এই সময় বিনোদ বলে—যাও, দু'আনা কম দাওগে জোড়ায়, তুমি পুরোনো খন্দের, তোমার সঙ্গে অন্তরকম।

কেবলরাম পুষ্পের ওপর চটে উঠে বলে—তবেই তুমি ব্যবসা করেচ ! খন্দেরের এক কথায় অমনি জোড়ায় দু' আনা ছাড় !

অবিশ্বি ওর কথা দোকানদার বা খরিদদার কেউ শুনতে পেল না। পুষ্প ওর পাশে গিয়ে ডাকলে—ও দাছ ! পুষ্পের কর্ণধর শুনে বৃদ্ধ চমকে উঠে ওর দিকে চাইলে। পুষ্প হাসিমুখে বলে—আচ্ছা, কেন এই সম্ভবেলা বসে বসে মিথ্যে কথাগুলো বেমানাম কইচ দাছ ? ছিঃ—

কেবলরাম অপরাধীর স্তায় উঠে দাঁড়ালো। পুষ্প বলে—আবার তুমি এই দোকানে এসে বসে আছ। পৃথিবীর আসক্তি তোমার গেল না ? কি হবে তোমার দোকানপসার আর খন্দেরে ? চাঁকার লাভলোকসানেই বা তোমার কি হবে ?

কেবলরাম বিষন্নভাবে বলে—যাই কোথায় দিদি বলো ? এই গদি আর আড়ত ছাড়া গত পঞ্চাশ বছর আর কিছু চিনিনি। কোথাও ভাল লাগে না। এখানটাতে এলে পুরোনো অভ্যেসের বেশ আড়তের কাজ করে যাই। নইলে কি করি বলো ? তুমিই তো দিদি দর্শন দাওনি কতদিন !

—আচ্ছা এখুনি চলো আমার সঙ্গে—দেঁরি ক'রো না, বেরিয়ে এসো।

মহুর্ভের মধ্যে কেবলরামকে নিয়ে পুষ্প গোপাল-মন্দিরে এল। ধূপধূনার স্বগন্ধি ধূমে মন্দিরের গর্ভগৃহ ভরে গিয়েচে, আরতি তখনও পূর্ববৎ চলচে—পাঁচমিনিটের জন্ত মাত্র পুষ্প অল্পপস্থিত ছিল। কেবলরাম পুষ্পের রূপায় সজ্ঞান অবস্থায় আছে, জ্যোতির্গ্ন মহাপুরুষদেরও সে দেখে ভয়ে সন্ত্রমে আড়ষ্ট হয়ে গিয়েচে। সন্ন্যাসীর তেজঃপুঞ্জ দেখকান্তির দিকে আড়ে আড়ে চেয়ে দেখলে। আরতির শেষে যখন সবাই মন্দির-দ্বারপথে বেরিয়ে আসচে, তখন একজন বিদেহী তরু কেমদানকে জিজ্ঞেস করলে—প্রভু, শুনেচি বৃন্দাবনে যমুনাতীরে জ্যোৎস্নারাত্রে শ্রীকৃষ্ণের নিত্যলীলা হয়—আমি কি দেখতে পাবো ? আমি এখানে নতুন এসেচি।

কেমদান বলে—আপনি গিয়ে দেখতে পারেন। লোকে দেখে অনেক, ভাগ্যবান শুক হওয়া চাই।

কেবলরাম অবাক হয়ে পুষ্পকে বলে—এটা কোন জায়গা দিদি ?

ক্ষেমদাস বলেন—তুমি চিনতে পারলে না ? এটা বৃন্দাবন, গোপাল-মন্দির ।

পুষ্প বলল—আর ইনি বৈষ্ণব কবি ক্ষেমদাস—

কেবলরাম খতমত খেয়ে ক্ষেমদাসের পায়ে সাষ্টাঙ্গ হয়ে প্রণাম করলে । তারপর করুণা-দেবীর সামনে ওকে এনে ফেলতেই ও আরও আড়ষ্ট ও কাঁচুমাচু হয়ে গেল । করুণাদেবী রহস্য করে বললেন—তোমার নাতনীর দৌলতে স্বর্গ পাবে তুমি ।

কেবলরামের চোখ ধাঁধিয়ে গেল এই দুই দেবীর অপরূপ রূপের জ্যোতিতে । সে হাতজোড় করে বলল—স্বর্গ তো এখানে । আমার মত পাপী যে বৃন্দাবনে এসে আরতি দেখেচে, আপনাদের মত দেবী, এঁদের মত মহাপুরুষের দেখা পেয়েচে—আর তো কিছু বাকি নেই স্বর্গের ।

পুষ্প ধমক দিয়ে বলল—এখন ছেড়ে দিলে আবার কুড়ুলে-বিনোদপুরের দোকানে গিয়ে বসবে তো ? আর মিথ্যে কথা বলবে !

কেবলরাম জিভ কেটে বলল—আর না ।

—ঠিক ?

—হঠাৎ ছাড়তে পারবো না—মিথ্যে কথা বলে কি হবে । কোথায় যাই বলো তো সন্দেবেলাটা !

—কেন, এই গোপাল-মন্দিরে এসে আরতি দেখবে রাজ । কবি ক্ষেমদাস রাজ এখানে এ-সময় থাকেন, তোমায় যত্ন করবেন দ্বাছ ।

—কেউ কিছু বলবে না ?

—না, দেবমন্দিরে সবারই অধিকার । যখনই তোমার দেবদর্শনে স্পৃহা জেগেচে, বুঝতে হবে, তখনই তুমি উচ্চতর স্তরের জীব হয়ে যাবে ! ইচ্ছা মাজেই সিদ্ধি । চলো যমনার ধারে দাঁড়িয়ে দেখো—

ওরা চৌরঘাটের কাছে যমনার তীরে এসে জ্যোৎস্নালোকে কিছুক্ষণ বসলো । ওদের সঙ্গে সঙ্গে করুণাদেবী ও প্রণয়দেবীও এলেন । কেবলরাম সরল লোক, ওর মনে কেমন এক ধরনের স্তম্ভিত উদয় হোল । যমনার দিকে চেয়ে ওর হৃচোখ বেয়ে জল পড়তে লাগলো । করুণা-দেবীকে বলল—মা, আমার কি পুণ্য ছিল পূর্বজন্মের ? বৃন্দাবন, যমনার তীর, আপনাদের মত দেবীর দেখা পাওয়া—আজ আমার হোল কি তাই ভাবচি ।

করুণাদেবী বললেন—কেবলরামকে রেখে এস পুষ্প, তারপর আমাদের পৌঁছে দেবে—

পুষ্প হেসে বক্রনৃষ্টিতে অদ্ভুতভাবে চেয়ে বলল—আমি পৌঁছে দেবো আপনাদের ! কেন ঠাট্টা করেন বলুন তো !

ফেরবার পথে কেবলরাম বলল—তোমায় কি যে বলি দ্বিধি । তুমি সাক্ষাৎ দেবী, নইলে এত দয়া ! যেখানে নিয়ে গিয়েছিলে, আমার চৌদ্দপুরুষের ভাগ্যি নেই সেখানে যাই । একটা কথা স্বিদ্ধি বলচি । আমার নাতি রামলাল আজ দু বছর হোল এখানে এসেচে পৃথিবী থেকে । তোমায় বলতে লজ্জা হয়, সম্প্রতি রত্নলপুরের এক বাগদী মাপীর পিছু পিছু ঘুরচে ছ'মাস । সে যদি জল আনতে যায়, ও তার পিছু পিছু যায় ; সে যদি রান্নাঘরে রাঁধে, ও পাশে বলে

থাকে। অল্প সময় সেই মাগীর বাড়ীর উঠানে এক তেঁতুলগাছে জ্বাখো দিনরাত বসে। কত ধমক দিলাম—কথা শোনে না। একটা উপায় করে তুমি লক্ষ্মীটি। সে মাগী ওকে দেখতেও পায় না, গুর ঘুরেই হুখ। এ কি বন্ধন বলো দিকি, দিদি? ওই তো নয়ক। তুমি দেবী, ওকে তুমি বাঁচাও এ নয়ক থেকে।

গভীর রাজিকাল। পুষ্প একা সন্ন্যাসিনীর আশ্রমে দেখা করতে গেল। ঠুকে দেখা পূর্বন্ত কি এক অদ্ভুত আকর্ষণ অনুভব করচে ঠুর প্রতি। না দেখা করে যেন ও থাকতে পারচে না। সন্ন্যাসিনী ওকে দেখে হাসিমুখে অভ্যর্থনা করলেন। বল্লেন আপনি সেদিন এসেছিলেন না?

—হ্যাঁ, মা। আপনার দর্শনে পূণ্য, তাই দেখতে এলাম।

সন্ন্যাসিনীর প্রজ্ঞানেত্র উদ্ভাসিত, স্ততয়াং পুষ্পকে স্থূল আবরণে নিজ দেহকে আবৃত করতে হয়নি। সন্ন্যাসিনী বল্লেন—আপনি বিদেহী, পৃথিবীর ফলমূল নিয়ে অতিষি-সংকার করতে পারলাম না। ক্রটি মার্জনা করবেন।

পুষ্প লঙ্কিত হয়ে বল্লেন—ওকথা বলে আমার অপরাধী করবেন না মা। আমি কত ক্ষুদ্র।

সন্ন্যাসিনী হেসে বল্লেন—আপনি ক্ষুদ্র কে বল্লেন—আপনি এখানে আসবেন আমি সমাধিতে জেনেচি। আপনি আমার প্রেমভক্তি শিকার উপায় করবেন।

পুষ্প সন্মুখে বল্লেন—আমি!

—বিশ্বের ভগবান কাকে দিয়ে কি কাজ করান, তা তো বলা যায় না।

—মা, আপনার বাড়ী কোথায় ছিল? গ্নিতামাতা কে ছিলেন? জানবার বড় কৌতূহল হচ্ছে।

—আমার দেশ ছিল পাঞ্জাবে। অল্পবয়সে আমি দীক্ষা নিই, বিবাহ হয়নি, চিরকুমারী। নানাস্থানে ঘুরে অযোধ্যায় আসি। সেখানে সে সময়ে মাঠের মধ্যে গাছের তলায় এক, সিদ্ধ মহাপুরুষ বাস করতেন—সকলে তাঁকে পাগলা বাবা বলতো। পাগলের মত থাকতেন। তিনি আমার দয়া করে ষোগদীক্ষা দেন। যে সন্ন্যাসীর সঙ্গে সেদিন আপনারা এসেছিলেন, ঠুরও গুরু তিনি।

—তিনি আছেন কোথায় এখন?

—প্রায় পঞ্চাশ বাট বছর হোল তিনি দেহ রেখেছেন। তিনি যে কত কালের লোক কেউ জানতো না। আমি কখনো সে প্রস্ন করিনি। এখন বিদেহী অবস্থায় ব্রহ্মলোক প্রাপ্ত হয়েছেন। জীবমুক্ত মহাপুরুষ ছিলেন। মাঝে মাঝে এখনও দেখা দেন। তিনিই বলেছিলেন, তুমি নারী, তোমাকে প্রেমভক্তি শিখতে হবে। অষ্টমতভূমি থেকে নেমে তোমাকে লীলারস আশ্বাদ করতে হবে। তাই অপেক্ষায় আছি। আপনি যে আসবেন তাও তিনি বলেছিলেন।

পুষ্পের চোখ বেয়ে দরদরধারে জল পড়লো। মনে মনে ভাবলে—ভগবানের কি খেলা! আমার মত নিতান্ত দীনহীনা, অস্তি সামান্ত মেয়েমানুষের ওপর তাঁর কি অসীম অক্ষুগ্রহ। এ

কি অদ্ভুত কাণ্ড, কখনো তো এমনি ভাবিনি।

—ও বলল—আপনার কাছে সেই ঠাকুরেরা আর এসেছিলেন ?

—হ্যাঁ দেখুন, ওই এক কাণ্ড। কেন আমার কাছে ? মুন্সুরী বলে এক দেবী সেদিন এসেছিলেন, কোন্ গ্রামে ভাঙা মন্দিরে থাকেন—কতক্ষণ গল্প করে গেলেন। তাঁর সাধ নতুন মন্দিরে কেউ প্রতিষ্ঠিত করে। আমি বললাম, কোনো ধনী গৃহস্থকে স্বপ্ন দিন। আমার কি হাত ? আমি কি করতে পারি ?

—ওদের কি আপনি এমনি খুলচক্ষে দেখেন ?

—না, সমাধি অবস্থায় দেখা দেন। আমি বলি, আমি তোমাদের মানি না, চলে যাও। ততই আমার কাছে ভিড়। দেখুন তো মুশকিল !

—এও ভগবানের কৌশল আপনাকে প্রেমভক্তি শিক্ষা দেওয়ার। নীরস অর্ধহতজ্ঞানী মনকে সরস করবার আয়োজন।

—আমি ওসব মানি না।

—তবে প্রেমভক্তি কি করে লাভ হবে ?

—সাকার উপাসনা মায়িক। যে মুন্সুরী দেবীর পূজা করবে, সে দেবীকে নিজেই মশগুল থাকবে; যে শ্রামহন্দরের পূজা করবে, সে তাঁর দর্শন পেয়েই খুশি থাকবে। ও সব এক প্রকারের বন্ধন। ওতে বন্ধ হয়ে থাকলে আরও উচ্চ ভূমিতে উঠে ব্রহ্মদর্শন তার হবে না, নিজের আত্মাকে বন্ধে সে লীন করতেও পারবে না। মায়ী তাকে আবদ্ধ করবে।

—আপনি যা জানেন, আমি তা জানিনে দেবী। তবে আমি এইটুকু জানি প্রকৃত ভক্ত যে, সে মুক্তি চায় না, ব্রহ্মত্ব চায় না। ভগবানের দাস হয়ে থাকতে চায়, রস আনন্দ করতে চায়। ভক্তির পথেই সে সমাধি লাভ করে, ব্রহ্মদর্শনও তার হয়। তবে এসব আমার শোনা কথা—আমি অজ্ঞান, কি জানি বলুন। আমার সঙ্গে বৃন্দাবনে চলুন, গোবিন্দ-মন্দিরে আরতির সময় কত ভক্তের দর্শন পাবেন। তাঁরা সব বলে দেবেন।

—যাবো, আমার নিয়ে যাবেন। একটি গৃহস্থের বো আছে, বড় উচ্চ অবস্থা। একপাল ছেলেমেয়ে—ছেলেকে কোলে নিয়ে হরতো আদর করচে—অমনি সমাধিস্থ হয়ে পড়ে। সেদিন আমার কাছে হৃন্দদেহে এসেছিল। সেও প্রেমভক্তি চায়—তাকেও নিয়ে যাবো।

—ক্লি করে বিনা দীক্ষায় এমন উচ্চ অবস্থা পেলে সংসার থেকে ?

—পূর্বজন্মের অবস্থা ভাল ছিল। কর্মবন্ধনে আটকে পড়ে এ জন্মে সংসার করতে হয়েছে। সামান্য কর্ম ছিল, এ জন্মে শেষ হয়ে যাবে। তার বাড়ী এই জঙ্গলের বাইরে এক লোকালয়ে। আহীর জাতের মেয়ে। ওর অবস্থা দেখে আমি পর্যন্ত অবাক হয়ে গেছি। আমার কাছে এসে কত কাঁদে।

পুল বিহার নিয়ে চলে এল। মাছবেই দেবতা হয়ে গিরেচে এ যে সে কত প্রত্যক্ষ করলে এই জগতে এসে ! যে মূল বাসনা আসক্তি ত্যাগ করে শুদ্ধ হুক্ত হয়েচে—সেই দেবত্ব গ্রাণ্ড

হয়েচে, ভগবান তাকেই কৃপা করেচেন। দৃষ্টি উদার ও স্বচ্ছ না হোলে কেউই উচ্চ অবস্থা প্রাপ্ত হয় না, অথচ মানুষকে দেবত্রে নিয়ে যাবার জন্তে উর্ধ্বলোকে কত ব্যবস্থা, কত আগ্রহ। তবুও কেন অন্ধত্ব ঘোচে না মানুষের, কেন রামলালের মত আশা-বৌদ্ধিদির মত জীবেরা ভুব-লোকের অতি স্থূল আসক্তির বন্ধনে দেবত্বের উত্তরাধিকার থেকে বঞ্চিত আছে ?

বুড়োশিবতলার ঘাটে যতীন একা চুপ করে বসে ছিল। পুষ্পকে দেখে খুব খুশি হোল। বলে—যত দেখছি, আমিও অবাক হয়ে যাচ্ছি, পুষ্প। আমার চোখ খুলে যাচ্ছে। তুই কিছু ভাবিসনে, পৃথিবীতে জন্ম নেবো কত বছরের জন্তে ? বাট সন্তর কি আশি ? অনন্ত জীবনের তুলনায় ক’দিন ? কিসের জন্ত মৃত্যু ? সব ছাড়া, মারা—একমাত্র আমি অমর, অনন্ত, শাস্ত। আমাকে কেউ কোনদিন ধ্বংস করতে পারবে না। আজকাল তোর সংসর্গে থেকে আমার চোখ খুলে গিয়েচে।

পুষ্প ওকে রামলালের কথা বলে। যতীন সব শুনে হাসতে লাগলো। আজকাল এই শ্রেণীর লোকের জন্তে তার গভীর অল্পকম্পা জাগে। পথ দেখিয়ে দেবার কেউ নেই তাই এমনি হয়েছে—ওদের দোষ নেই।

পুষ্প বলে—তুমি ওর জন্তে কিছু করো। আমি সেখানে যাবো না, গেলেও তার উপকার হবে না। এক মোহ থেকে আর এক মোহে পড়ে যাবে—

—তোর সাহায্য ছাড়া হবে না পুষ্প, আমি অবিশ্বাসি গিয়ে দেখছি।

যতীন রামলালকে খুঁজে বার করলে। সে একটি নীচজাতীয় মেয়ের বাড়ীর উঠানে বসে-ছিল। মেয়েটি চোঁকিতে পাড় দিয়ে ধান ভানচে। তার বয়স ত্রিশ-বছরের কম নয়, কালো ও অত্যন্ত কৃশকায়। সম্ভবত মাঝে মাঝে ম্যালেরিয়াতে ভোগে। মুখখানা নিতান্ত মন্দ নয়, চোখ দুটো বড় বড়—সমস্ত দেহের মধ্যে চোখ দুটোই ভালো।

রামলাল যতীনকে দেখে বলে—যতীননা যে ! তোমাকে কে সন্ধান দিলে হে ? বুড়োটা নিশ্চয়ই। বৈচে থাকতে জালিয়েচে আবার মরেও যে একটু ফুঁতি করবো তার যো নেই। হাড় ভাঙা ভাঙা করলে। সেদিন এসেছিল, আমি হাঁকিয়ে দিয়েছি। বললাম—আমি যা ইচ্ছে করবো, তোমার বিষয়ের ভাগ তো পিত্যেশ করিনে যে তোমায় ভয় করবো। এখন আমি স্বাধীন।

যতীন হেসে বলে—বুড়োর দোষ নেই। সে তোমার ভালোর জন্তেই সন্ধান দিয়েচে। এই ভাবে বাশগাছে তেঁতুলগাছে কতদিন কাটাযে ?

—দ্বিব্যি আছি। দোহাই তোমার, তুমি আর লোকচার ঝেড়ো না।

—কিন্তু এতে তোমার লাভটা কি ? কেন এর পেছনে পেছনে ছুরচো—

—আমার দেখেই স্বথ। ওর নাম সোনামণি। সোনামণি ধান ভানে, আমি ঐ খুঁটির পাশে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখি ; আমতলার পুকুরঘাটে নাইতে যায় একা একা—আমি সঙ্গে যাই, যতক্ষণ না নাওয়া হয়, আমি নোনাগাছে বসে বসে দেখি। স্বাভে ও র’থে—আমি স্বাভাষের কাণে চুপ করে বসে থাকি। বেশ চমৎকার দেখতে সোনা, অমন চেহারা শুন্দরলোকের ঘরে

হয় না। শরীরের ঝাঁপুনি কি!...আমি তো কোনো অনিষ্ট করচিনে কারো, বসে থাকি এই মাজ।

—নিজের অনিষ্ট নিজেই করচো। ওপরে উঠতে পারবে না। পৃথিবীর বন্ধনে আবদ্ধ থাকবে।

—থাকি থাকবো। বেশ কুতিতেই আছি—আমি ওপরে উঠতে চাইনে, নীচেও নামতে চাইনে। স্বর্গে-টগ্গে তোমরা থাকো গিয়ে! আর ওই বুড়োটা যে দোকানের গদিতে বসে আছে দিনরাত, তাতে বৃষ্টি দোষ হয় না? ওটাকে পারো তো তোমাদেয় স্বর্গে নিয়ে যাও টেনে। আমাকে ছেড়ে দিয়ে যাও এখানে, বেশ আছি। কেন আর জালাও দাদা, বেঁচে থেকো এমন আনন্দে থাকিনি। বেঁচে থাকতে এমন করলে আমার ওর স্বামী লাঠি নিয়ে তাড়া করতো—এ বেশ আছি, কেউ টের পায় না।

—চলো আমার সঙ্গে এক জায়গার, তোমায় নিয়ে যাবো—

—আমায় মাপ করো ভাই। সোনামণিকে ফেলে আমি পান্থমে কং ন গচ্ছতি—

—থাক, আর দেবভাষাকে ধ্বংস করে লাভ নেই! এখন আমার সঙ্গে চলো—যাবে?

রামলাল যতীনের ইঙ্গিতে সোনা বাগ্‌দিনীর বাড়ীর উঠোন থেকে অল্পদূরে একটা বাঁশঝাড়ের তলায় গিয়ে দাঁড়ালো। কতদিন পরে শীতের দিনে বরা শুকনো বাঁশপাতার ধুলোভরা গন্ধ আজ যতীনের নাকে এসে লাগচে। যেন সে দেহেই বেঁচে আছে—পৃথিবী মায়ের বুকের ছুলাল। বন-মূল্যের গাছ কুচি কুচি সাদা ফুলে ভর্তি—দু'চারটে বাঁশঝাড়ের পরেই দিগন্তব্যাপী ধানের ক্ষেত, সব ধান কাটা হয়ে গিয়েছে অজ্ঞানের শেষে। শুকনো ধানের গোড়া এখনো ক্ষেতের সর্বত্র।

যতীন বোধ হয় একটু অসুস্থ হয়ে পড়েছিল, রামলাল অধীর ভাবে বলল—কি বলচো বলো যতীনদা।

যতীন বলল—ও কি? আবার ওপাড়ার পুকুরঘাটের দিকে চাইচো কেন? কে আছে ওখানে?

রামলাল দীর্ঘনিঃশ্বাস ফেলে বলল—নাঃ—বামুনের মেয়ে।

—আবার কি?

—ওই যে সাদা কোঠাবাড়ীটা—ওই বাড়ী থেকে রোজ বেরিয়ে পুকুরঘাটে যায়। বামুন-বাড়ী।

—ভাই হয়েচে কি?

—বোল সত্তরো বছর বয়স। দেখবে? এসো, এসো—এতক্ষণ নামচে জলে। নামটি বেশ, সন্ধ্যারাগী। ফর্সা, একশাশ চুল, একটু পরে ভিজ্জে কাপড়ে নেয়ে বাড়ী ফিরবে। মুখখানি বড় চমৎকার। ছিপছিপে লিকলিকে সন্ধ্যা বেতের মত হলে পড়ে পড়ে। মূক্তোর মত ঝকঝক করে দাঁতগুলো যখন হাসে। সর্বদাই হাসে।

—তাতে তোমায় কি?

—আমায় কিছু না। বামুনের মেয়ে। ওয়া মুখ্যে।

—মরে গিয়েচ, এখন আবার বামুন-শুদ্রই বা কি ? ওতে কি তোমার লাভ ?

রামলাল জিন্স কেটে ছ'হাত তুলে নমস্কার করে বলে—বাপরে ! ও কথা বলতে নেই। বামুন জাত ! আমরা হলাম তেলি তামূলী। আমি শুধু চোখে দেখেই ঝুঁশি। আমার ও সব উঁচু নয় নেই দাদা। সোনামণির হেঁসেলে বসেই আমার সব। ওকে পেয়েই আমার বেশ চলে যাচ্ছে।

—পেলে আর কি করে তা তো বুঝলাম না।

—ওরই নাম পাওয়া। দেহে নেই, কি করবো বলো। সত্যি, একটা কথা দাদা। পৃথিবীতে জন্মাবার কৌশলটা বলে দিতে পারো ? দেহ না ধরলে কোনো সুখ নেই। মেয়েদের ভালো করে পাইনি জীবনে। ওদের না পেয়ে জীবনটাই ব্যর্থ হয়ে গিয়েচে আমার।

—কেন, তুমি তো বিয়ে করেছিলে ?

রামলাল বিরক্তির সঙ্গে মুখ খিঁচিয়ে বলে—আরে দূর, বিয়ে !—সে ওই বুড়োটার পাঙ্কায় পড়ে। নাতবোঁএর মুখ না দেখে নাকি মরবে না ! আমার ষাড়ে যা তা একটা চাপিয়ে দিয়ে বুড়ো তো পটল তুললো। আজকাল কেমন সব স্থলে কলেজে পড়া মেয়ে দেখিচি কলকাতায়। তাদের শাড়ী পরবার কারণটাই আলাদা। কথাবার্তার ধরনই আলাদা।—না সত্যি যতীনদা, তুমি আমার ষষ্ঠ্য উপকার করবে, আমায় জন্ম নেওয়ার কৌশলটুকু বলে দাও দাদা। মেয়ে-মাহুদের সঙ্গে ছুদিন প্রাণভরে ভালবাসা করে মিলেমিশে আসি দুনিয়াতে ফিরে। আমার বৃকের ভেতরটা সর্বদা হু করে দাদা। ও জিনিসটা আমি জানিনি—সত্যিকার মেয়েমাহুষ পাইনি। স্বগ্গে-টগ্গে তোমরা যাও—আমি তো কারো কোনো অনিষ্ট করতে চাইচিনে ভাই। আমার নেযা অধিকার চাইচি। সবাই দিব্যি কত ফুঁটি করচে—আমি অল্পবয়সে মরে গেলুম, যে বয়সে ভোগ করার কথা সেই বয়সে। আমার একটা হিলে করো, তোমার পায়ে পড়ি দাদা। মেয়েমাহুষ না পেলে স্বগ্গে গিয়ে আমার কোনো সুখ হবে না। বুড়োটার সঙ্গে দেখা হোলে তাকেও বোলো। তিনি এখন আসেন আমার উপদেশ দিতে ! তুমি জানো, বিয়ের আগে বন্ধু পালের মেয়ে সরলার সঙ্গে আমার একটু ভাব হয়েছিল। মেয়েটা কেঁটনগরে মেয়ে-ইস্কুলে পড়তো। ছুবার আমার সঙ্গে লুকিয়ে আলাপ করেছিল। টাকা পাবে না বলে ঐ বুড়ো সেখানে আমার বিয়ে দিতে চাইলে না। সেও দিব্যি মেয়ে ছিল।

—এখন সে কোথায় ?

—কেঁটনগরে বিয়ে হয়েছে। শওরবাড়ী ধাঁক। আমি সেদিন গিয়ে একবার দেখে এসেচি। কষ্ট হয় বলে ঘাইনে। তার চেয়ে আমার সোনামণিই ভালো। কি চমৎকার একটা ভিল ওর নাকের ঝাঁকি—দেখনি ?...চলো ? তাহলে—শোনো শোনো—তোমাদের তো অন্তর্ধান হোতে সময় লাগে না একমিনিটও। এই আছে এই নেই। তোমরা হোলে স্বগ্গের মাহুষ। তাহলে—আমার একটা উপায়—

যতীন ততক্ষণে বুড়োশিবতলার ঘাটে এসে পৌঁছেচে। পুষ্পের প্রস্থের উত্তরে বলে—হোল না। একেবারে বুড়ু আত্মা। ওকে পুনর্জন্মে পাঠাবার ব্যবস্থা করো পুষ্প। মেয়েমাহুষের

কথা বলতে অজ্ঞান। ভোগ না করলে ওর নারীতে আসক্তি যাবে না।

পুষ্প হেসে বিজয়িনীর মত ঝর্ণিত স্বরে গ্রীবা ঝাঁকিয়ে বলে—স্বর্গে মেয়েমাহুষের অভাব ? যদি বলো আজই তাকে দেখিয়ে দিবে আসি কাকে মেয়েমাহুষ বলে ! করুণাধেবীকেও নিয়ে গিয়ে দেখিয়ে দিই—মূর্ছা হয়ে পড়ে যাবে তকুনি।

যতীন মুগ্ধ দৃষ্টিতে ওর বিহ্বলতার মত অপূর্ব কাস্তির দিকে চেয়ে বলে তুমিই যথেষ্ট। আর তাঁকে নিয়ে যেতে হবে কেন। মূর্ছা তো দুৱের কথা, একদম পাগল হয়ে ক্ষেপে যাবে। কিন্তু তার দরকার মেই। বিভ্রান্তই করে দেওয়া হবে, উপকার কিছু হবে না ত্রাতে।

পুষ্প কৃত্রিম রাগের স্বরের রেশ তখনও টেনেই বলে—না, আমার রাগ হয়েছে শুনে যে, সে মূর্খ বলে স্বর্গে নারী নেই ! নারীকে খুঁজতে যেতে হবে পৃথিবীতে !

—তোমরা চোখ ধাঁধিয়ে বেচারীকে পাগল করেই দিতে পারো, কিন্তু সে যা চায় তা দেবে কোথা থেকে ? ওকে পাঠিয়ে দাও পৃথিবীতে। একজোড়া আগ্রহভরা কালো ভ্রমরচোখের চাউনি ওর দরকার হয়েছে।

—আচ্ছা, যতুদা, আমি যদি ওকে একেবারে আজন্ম ব্রহ্মচারী সন্ন্যাসী করে দিতে পারি ?

—জন্ম নেওয়ার পরে ?

পুষ্প হাসি-হাসি মুখে বলে—হ্যাঁ। নব্বতো কি এখানে ?

—কিলিয়ে কাঠাল পাকানো দরকার কি ? আত্মাকে তার স্বাভাবিক পথে তার স্বাভাবিক গতিতে যেতে দাও।

—এই কথাটিই আশা-বোধির বেলা তুমি এতদিন বুঝতে চাইতে না যতুদা। অপরের বেলাতে বেশ বুঝলে।

যতীন চূপ করে রইল।

ওপরের হালিসহরের স্তামাহন্দরীর মন্দিরে সন্ধ্যার আরতিধ্বনি শোনা গেল। গঙ্গার বুকে সন্ধ্যা আকাশের প্রতিচ্ছবি।

সেদিন আশা একা পাথরের ওপরে বসে খুব কাঁদছিল।

একজন বিকটাকৃতি সাধুপুরুষের সঙ্গে তার দেখা হয়েছিল একদিন এই মক্কাভূমির ও পাহাড়ের দেশে। তিনি ওকে বলেচেন—পৃথিবীর মৃত্যুর পরে সাত লোক, প্রত্যেক লোকে আবার সাতটা স্তর। প্রত্যেক বার মাহুষকে মরে নতুন দেহ ধরে নতুন স্তরে জন্ম নিতে হয়—ইত্যাদি। আশার মাথায় ওসব জটিলতা ঢোকে না—এক এক সময়ে সে বেশ বুঝতে পারে সে মরেই গিয়েচে বটে। কিন্তু যবেও তো নিস্তার নেই, ছুবার তো মরা যায় না—না হয় আবার চেষ্টা করে দেখতে। কোথায় গেল মা, বাবা, স্বামী, ছেলেমেয়ে—এ কি বিলী জীবন, না আছে আশার আলো, না আছে আনন্দ, না আছে ভালবাসা, নেহ, দয়া। কেন যিছে বেঁচে থাকি ? অথচ মরতেও তো পারে না। এ কি বন্ধন !

সেই যে একদিন স্বামীকে সে দেখলে, যেন তার পুরোনো স্বস্তরবাড়ীর ঘরে সে গেল—

কথাবার্তা বলে স্বামীর সঙ্গে । কি অদ্ভুত আনন্দে দিনটা কেটেছিল—যত অল্প সময়ের অন্তেই দেখা হোক না কেন । নাঃ—কোথায় কি যে সব হয়ে গেল ওলটপালট । সংসার গেল ভেঙে । সে হোল অল্পবয়সে বিধবা । কত আশার স্বপ্ন দেখেছিল সে বিয়ের রাত্রে—সব মেয়েই দেখে । কেন তার ভাগ্যে এমন হোল ! এই এক জায়গা—এমন ভয়ঙ্কর স্থান সে কখনো দেখেনি । মাঝে মাঝে ওর চারিধারে অন্ধকার ঘিরে আসে, মাঝে মাঝে আলো হয় । গাছ নেই পালা নেই—পাথর আর বালি । চারিধারে উঁচু উঁচু পাথরের টিবিমত । যতদূর যাও, কেবল এমনি । মাহুষ নেই, জন নেই ।

মাঝে মাঝে কিন্তু অতি বিকট আকারের দু-একজন লোক দেখা যায় । অসহায় স্ত্রীলোককে একা পেয়ে তাদের মধ্যে দুবার দুজন আক্রমণ করতে ছুটে এসেছিল । একবার কে এক দেবী (কোথা থেকে এসেছিলেন, তাঁর নাম পুষ্প—বৌদিদি বলে ডেকেছিলেন তার মত সাধারণ মেয়েকে) তাকে উদ্ধার করেন । আর একবার কেউ রক্ষা করতে আসেনি—একা ছুটেতে ছুটেতে সে এক পাহাড়ের গুহায় ঢুকে গেল । আশ্চর্যের বিষয়, যে তার পিছু পিছু ছুটে আসছিল—সে তাকে আর খুঁজে পেল না ।

গৃহস্থের মেয়ে, গৃহস্থঘরের বৌ—এ কি উৎপাত তার জীবনে !

কি জানি, সেদিন শশুরবাড়ীতে কি ভাবে যে সে স্বামীকে দেখেছিল ..সেই থেকে তার মন অন্তরকম হয়ে গিয়েছে । কেবলই সাধ হয় আবার সেই শশুরবাড়ীর ভাঙা কোঠার ঘরে সে তার ছোট্ট সংসার পাতবে, বাঁশবাগানের দিকের রান্নাঘরটিতে বসে বসে কত কি রান্না করবে । ভাল, মোচার ষণ্ট, স্তম্ভুনি (উনি স্তম্ভুনি বড় ভালবাসেন), কই মাছের ঝোল মানকচু দিয়ে...

উনি এসে বলবেন—কি গো বৌ, রান্না কি হয়ে গেল ?

—এসো...হয়েচে । হাত পা ধুয়ে নাও—জল গরম করে রেখেচি । বড় শীত আজ ।

মাটির প্রদীপ জ্বলে রান্নাঘরের মেঝেতে কাঠের পিলসুজে । তালপাতার চেটাই পেতে স্বামীকে আশা বসতে দিলে । মুখ দেখে মনে হোল উনি খুব ক্ষুধার্ত ।—হ্যাঁগা, একটু চা করে দেবো ?

—তা দাও, বড়ই শীত ।

—কাপগুলো সব ভেঙে ফেলেচে খোকা । কাঁশার গেলানে খাও—ওবেলা দুটো কাপ কিনে নিয়ে এসো না গা কুড়ুলের বাজার থেকে ?...চা খেতে খেতে উনি কত রকম মজার গল্প করতেন । সে বসে বসে শুনে একমনে । সুন্দর দিনগুলি স্বপ্নের মত নেমেছিল তার জীবনে । আনন্দ...অফুরন্ত আনন্দ...সে সতী, পবিত্র, সাধনী । স্বামী ছাড়া কাউকে জানে না ।

হঠাৎ আশা চমকে উঠলো । সে কার মুখের দিকে চেয়ে আছে ? কে তার সামনে বসে চা খেতে খেতে গল্প করচে ? তার স্বামী নয়—এ তো নেতানারায়ণ ! কুড়ুলে বিনোদপুরের বাড়ী নয়—এ কলকাতার মানিকতলার সেই বাড়ীউলি মাসীর বাড়ী, সেই রান্নাঘর, তাদের ছোট্ট কুঁড়িটার সামনে ফালিমত রান্নাঘরটা । ওই তো রান্নাঘরে, তার হাতে তৈরী সেই দড়ির শিকে, হাঁড়িকুড়ি বুলিয়ে রাখবার জুতে সে নিজের হাতে গুটা বুনছিল মনে আছে । ওই তো

সেই তাদের ঘরখানা, জানালা দিয়ে একটুখানি দেখা যাচ্ছে, মুগের ডালের হাঁড়ি, বিছানার কাপড়টা।...উঃ! বিছানাটা দেখে ওর গা কেমন ঘিন্ ঘিন্ করে উঠলো। এই যে খানিকটা মাত্র আগে সে নিজেকে সতী সাধ্বী, স্বামী-অম্বরক্কা, পরম পবিত্রা, আনন্দময়ী রূপে বর্ণনা করে মধুর আত্মপ্রসাদ লাভ করেছিল, কোথায় গেল ওর সে আত্মপ্রসাদের পবিত্রতা ও নির্ভরশীলতা! সে ঐ বিছানায় একসঙ্গে শোয়নি নেতানারায় সঙ্গে? এই পুরু ঠোটগুয়লা, চোখের কোণে কালি ইন্ডিয়ানসক নেতাদ্যা, যার মুখ দিয়ে এই মুহূর্তে এখনি মন্দের গন্ধ বার হচ্ছে...যার অত্যাচারে তাকে আফিং খেয়ে যন্ত্রণায় ছটফট করে মরতে হয়েছিল। ওই তো সেই তক্তাপোশ, যার ওপরে সে ছটফট করেছিল আফিং খেয়ে।

আশা চমকে শিউরে উঠতেই নেতানারায় দাঁত বার করে বললে—বলি, আর একটু চা দেবে, না একেবারে গরম গরম ভাতই বাড়বে? বড় রাত হয়ে গেছে। খেয়ে-দেয়ে চলো শুয়ে পড়া যাক। যে শীত পড়েছে!

আশা কাঠ হয়ে বসে রইল। এ কোথা থেকে কোথায় সে এসে পড়ল। অদৃষ্টের কি নির্মম পরিহাস এ!

নেতানারায় বললে—সত্যি, আমিও যে দিনকতক তোমায় খুঁজে খুঁজে বেড়িয়েছি কত! তারপর—

আশার মুখ দিয়ে আপনা-আপনিই বেরুলো—কি তারপর?

—তারপর কে যেন টেনে নিয়ে এল আমায় এখানে। উঃ, সে কি আকর্ষণ! আমি বলি কোথায় যাচ্ছি—তারপরেই দেখি আমি একেবারে বাড়ীউলি মাসীর বাড়ীতে মানিকতলায়। একেবারে তোমার কাছে। চল গিয়ে শুইগে যাই! রাত হোল অনেক।

বিরক্তি, ভয়, হতাশা ও অপবিত্রতার অম্লভূতিতে আশার সর্বশরীর যেন জলে উঠলো আগুনের মত। সে যে এইমাত্র তার শশুরবাড়ীর সেই পবিত্র কোঠাবাড়ীতে তার স্বামীর সঙ্গে ছিল—প্রথম বিবাহিত জীবনের সেই স্মৃতিমধুর রাত্রির ছায়ায়; কেন এই অপবিত্র কলঙ্কিত শয্যাপ্রান্তে তার আস্থান? এ কি নিষ্ঠুরতা!

ও বলে উঠলো—আমি যাবো না। তুমি তো আমার ফেলে বাড়ী পালিয়ে ছিলে? কেন আবার এলে তবে? আমায় ছেড়ে দাও। আমি যাবো না ঘরে।

নেতানারায় ঝাঁঝালো হরে বললে—যাবে না শুভে? তবে কি সারারাত এখানে বসে থাকতে হবে নাকি?

—আমি আর মানিকতলায় নেই—আমরা মরে গিয়েছি। তুমি আর আমি জ্বলনেই। চলে যাও তুমি আমার কাছ থেকে—তুমিও মরে গিয়েচো।

নেতানারায় অবাক হয়ে বললে—কি যে বলো তুমি। ঠাট্টা করচো নাকি? এই ছাথো সেই মানিকতলার আমাদের ঘর, চিনতে পারচো না? যাবে কোথায় নিজেকেই আস্তানা ছেড়ে? কেশলে নাকি? চলো—চলো—

আশা কলের পুতুলের স্তম্ভ ঘরের মধ্যে গিয়ে বিছানাটিতে শুয়ে পড়লো। ওর সর্বশরীর

ঘুণায় রি রি করচে, বমি হয়ে যাবে যেন এখনি। সমস্ত দেহ মন যেন অপবিভ্র হয়ে গিয়েচে ওর, সকালে উঠে গঙ্গায় একটা ডুব দিলে না এলে এ ভাব যেন যাবে না। যাবে সে গঙ্গাদানে—
তোরে উঠেই যাবে বাড়ীউলি মাসীকে নিয়ে।

নেত্যানায়াণ ঘরে ঢুকে দোরো খিল বন্ধ করে দিলে।

আশা অসহায় আর্ত হয়ে বলে উঠলো—ও কি! খিল দিলে যে?

নেত্যা ওর দিকে চেয়ে কড়া, নীরস কণ্ঠে বলে উঠলো—কী ত্রাকামি করচো সন্দে থেকে!
সরে শোও, ওপাশে যাও!

আশা বিদ্রোহিণীর ভক্তিতে বিছানাতে উঠে বসে বসে—খিল খুলে দাও বলচি। আমি থাকবো না এ ঘরে। আমি তোমার সঙ্গে থাকবো না এক ঘরে—বাড়ীউলি মাসীর সঙ্গে শোবো—

নেত্যানায়াণ ভীষণ রেগে আশার চুলের মুঠি ধরে বিছানায় ঘুরিয়ে ফেলে দিয়ে বাজুখাই হয়ে বসে—তোর মেয়েমানুষের না নিকুচি করেচে—ভালো কথাই কেউ নও তুমি। যত বলচি রাত হয়েছে শুয়ে পড়। তোমার হাড় ভেঙে চূর্ণ করবো বেশি নেহুগিরি যদি করবি। ভুলে গিইচিস্ নেত্যানায়াণকে—হাত ধরে একদিন বেরিয়ে এসেছিলি মনে নেই? সেদিন কে আশ্রয় দিত তোকে, আমি যদি না এখানে আনতাম! কোন্ বাবা ছিল তোর সেদিন?

—খবরদার, বাবা তুলো না বলচি—আমি চলে যেতে চাই এখান থেকে।

—তবে রে বেইমান মাগি—তোকে মজা না দেখালে—

কথা শেষ না করেই নেত্যানায়াণ আশাকে আথালি-পাথালি কিলচড় মারতে লাগলো। খাট থেকে মেজের ওপর ফেলে দিলে তলপেটে লাধি মরে।...

কেউ নেই কোনো দিকে। আশা মেজের ওপর গড়িয়ে পড়ে ডুকের কেঁদে উঠলো, আর্ত অসহায় হয়ে—ওর বেদনার্ত পশুর মত চাপা রুদ্ধ চীৎকারে মানিকতলার বাড়ীউলি মাসীর বাড়ীটা কেঁপে কেঁপে উঠেছিল যেন। কেন এমন হোল? সে যে ভাল হোতে চেয়েছিল, সে যে সব ভুলতে চেয়েছিল, সে যে শশুরবাড়ীতে গিয়েছিল প্রথমযোবনের বিবাহিত দিনের স্মৃতিমধুর অবকাশে...সেই মাধবী রাজির শুভ আহ্বান কেন এ কলঙ্কিত বাড়ীর কলঙ্কিত শয্যাপ্রান্তে উপপতির নিষ্ঠুর আহ্বানে পরিণত হোল? হা ভগবান!

পরদিন সকালে উঠে আশা ছুট্ দিলে বাড়ী থেকে বেরিয়ে।

কেউ গুঠেনি বাড়ীতে। বাড়ীউলি মাসী ঘুমুচ্ছে, পাশের ঘরে পাল মশাই এয়া ঘুমুচ্ছে... এই ফাঁকে খিল খুলে আশা পালাচ্ছে স্থগ্ত কলকাতা শহরের রাস্তা দিয়ে। সে কোথায় যাচ্ছে, কি বৃত্তান্ত কিছুই জানে না। গতরাত্রির অপবিভ্র স্মৃতিতে ওর গা ঘিন ঘিন করচে...না, আর এসব নয়। তাকে ভালো হতে হবে। সে চায় না এ পাপ সজ। উপপতির আসন্নলিঙ্গা তার মন থেকে মুছে ধুয়ে গিয়েচে কবে, বমি হয় সে কথা ভাবলে, মরার পয়েও যেন গা বমি বমি করে। যতদূর হয় চলে যাবে, গঙ্গাদান করে শুদ্ধ হবে, এ পাপপুরীর জিন্দীমানায় আর সে আসবে না। ভগবান তাকে রক্ষা করুন। সে বেঁচে নেই, যেখানে খুশি সে যেতে পারে।

কলকাতা শহর অনেকদূরে মিলিয়ে গেল।

পৃথিবীর পাপস্বত্তি আর তাকে কষ্ট দেবে না। অনেকদূর সে চলে এসেচে বাড়ীউলি মাসীর কাছ থেকে। এ তার শৈশবের নিষ্পাপ দিনগুলিতে সে ফিরে গিয়েচে।

সে যেন তাদের গ্রামে মুখুয্যোদের পুকুরপাড়ে নিতাই ভড়দের বাড়ী নিতাই ভড়ের মেয়ে স্ববির সঙ্গে খেলা-করতে গিয়েচে। ঐ তাদের পাড়ার পুকুরপাড়ের সেই বড় তেঁতুলগাছটা। ওই নিতাই ভড়ের বাড়ীর উঠোনের ধানের গোলা। নিষ্পাপ, স্বন্দর শৈশবকাল। এখানে শুধু তার মাকে সে জানে, কোনো স্মৃতি তার মনে নেই—হেমস্বের প্রথম শিশিরাত্র গ্রাম্য মাঠে নব ধাতুগুচ্ছের আন্দোলনের মত তার জীবনের আনন্দে চঞ্চল, বরা শিউলিফুলের স্বাস-স্বরভিত্ত জীবনের অতি মধুর প্রভাত...

—স্ববি—ও স্ববি—খেলবিনে আজ, বাইরে আয় ভাই—

স্ববি বাইরে এসে বন্ধে হাসিমুখে—আশাদি, কোথায় ছিলি রে? ক’দিন খেলতে আসিসনি—

আশা খুশি হোল। এ তার সত্যিকার শৈশব। সে বেঁচে গেল। এই তার স্বন্দর, মধুর আশ্রয়। তার মা—এখুনি তার মা ডাকতে আসবে তাকে। খুশির স্বরে পরম নির্ভরতার সঙ্গে আশা ডাকলে স্ববিকে। স্ববি ছুটে এল, গুর হাতে একটা পেঁপের ডাল।

—কি হবে রে পেঁপের ডাল?

—বাজাবো। এই ছাখ্—

স্ববি পেঁপের ডালের ফুটোতে মুখ দিয়ে পোঁ পোঁ করে বাজাতে লাগলো।

আশা হাততালি দিয়ে হেসে উঠলো খুশি হয়ে। কি মজা! কি মজা!

স্ববি বললে—চল, মুখুয্যোদের নন্দিনী দিদি শম্বরবাড়ী থেকে এসেচে—দেখে আসি।

—না ভাই, মা বকবে।

—বাড়ীতে বলে আয় না? নন্দিনী দিদিকে দেখেই চলে আসবো—

—চল্ তবে। কিন্তু ভাই ধেরি করা হবে না—

গুরা কত জায়গায় খেলা করে বেড়ালে। বনমূলো-ফুলের বড়া ভেজে খাওয়ার অভিনয় করলে।

শৈশবের অতিপরিচিত সব খেলার জায়গা। নন্দিনী দিদি কত বড়, গুদের মায়ের বরসী, গুদের ছুজনের আর কি বয়সটা? নদীর ওপর মেঘ আসচে, কতদূর থেকে অকালবর্ষার মেঘ ভেসে আসচে আকাশ ভরে। হেমস্ব কাশ ফুলের শোভা।

স্ববি বন্ধে—বেলা বেশি হয়েছে—বাড়ী ফিরি—

—হ্যাঁ চল্ ভাই—মা বকবে—

মা তাকে বকবে সে জানে। টক কাঁচা তেঁতুল খাওয়ার জন্তে বকবে, এতক্ষণ বাইরে থাকার জন্তে বকবে। তারপর রান্নাঘরের দাঁওয়ার বসে গুকে খাইয়ে দেবে। উত্তরের ঘরে গুর জন্তে মাদুর পেতে অন্নপূর্ণা দিদি ছেলেমেয়ে নিয়ে গুরে আছে। খেয়ে গিয়ে অন্নপূর্ণা দিদির

পাশে ও শুয়ে ঘুমিয়ে পড়বে।

স্ববি বলে—আমাদের বাড়ী দুটি ভাত খাবি আশা ?

—দূর, তোরা জেলে। জেলের বাড়ী বুঝি বামনের মেয়ে খায় ?

—হুকিয়ে ?

স্ববি হাসলে। ওর বড্ড বন্ধু স্ববি। কষ্ট হয় স্ববির মনে দুঃখ দিতে। তবু সে বলে—
না ভাই স্ববি, কিছু মনে করিস্ নি। আমার বাড়ীতে ভাত তো হয়েইচে—

—বড়ি-ভাতে ভাত খাবিনি আমার সঙ্গে ? মা নতুন বড়ি দিয়েচে—

—দূর, বড়ি বুঝি এখন দেয় ? বড়ি দেয় সেই মাঘ মাসে। নতুন কুমড়া নতুন কলাই-এর ডাল উঠলে। মিথ্যে কথা বলিস্নি স্ববি।

—মিথ্যে বলিনি। পুরোনো ডালের বুঝি বড়ি হয় না ? চল্ আমার সঙ্গে—

আশা বাড়ী ফিরে। বেলা অনেক হয়ে গিয়েচে। মৃগ্যেদের পুকুরঘাটে আর কেউ নাইচে না, সবাই নেয়ে বাড়ী চলে গিয়েচে। তেঁতুলের ডালে মোটা মোটা কাঁচা তেঁতুল ঝুলছে দেখে ওর জিবে জল এল।

ছুটো তেঁতুল পাড়লে হোত। কিন্তু কি করে পাড়ে ? স্ববিকে বলে হোত, সে অনেক রকম বুঝি ধরে, একটা কিছু উপায় করতে পারতো।

পুকুরপাড়ের সরু রাস্তা ধরে খানিকদূর গিয়ে ওদের বাড়ী। সারি সারি পেঁপে গাছ। একটা ধানের গোলা। তাদের মুচিপাড়ার ধানের ক্ষেত থেকে বছরের ধান এসে গোলা ভর্তি হয়। এখুনি সব চোখে পড়বে।

কিন্তু একটু যেন অস্বস্তিকম।

পেঁপে গাছের সারি নেই। ধানের গোলা নেই। তাদের বাড়ীর চটা-ওঠা ভাঙা পাঁচিলটা নেই। এ কোথায় সে যাচ্ছে ? তাদের বাড়ীটা নয়। আতকে ওর বুকের মধ্যে যেন ঢেঁকির পাড় দিতে লাগলো। বাড়ীউলি মাসীর বাড়ীর সেই দোরটা। মানিকতলার বাড়ীউলি মাসী। আশা চীৎকার করে পেছনে ফিরে পালাবার চেষ্টা করতেই নেত্যানারায়ণ দোর খুলে বেয় হয়ে এসে বলে—কোথায় ছিলে এতক্ষণ চাঁদ ? কাল হুঁ এক বা দিয়েছিলাম বলে রাগ হয়েছে বুঝি ?

তারপরই সে আশার মুখের কাছে হাত নেড়ে নেড়ে ইতরের ভঙ্গিতে গাইলে তুড়ি দিতে দিতে—

ছুটো কথা কি তোমার প্রাণে সয় না ?

একঘরে ঘঁর করতে গেলে ঝগড়া কি, প্রাণ, হয় না ?

ছুটো কথা কি—

এসো এসো শোবে এসো—বেলা হয়ে গিয়েচে।

ব্যাধবিন্ধা হরিণীর মত আশা ছটফট করতে লাগলো নেত্যানারায়ণের হাতে।

তারপর সে ছম ছম করে নিঃশব্দভাবে মাথা কুটতে লাগলো ঘরের চৌকাঠে। সে আজ মরে যাবে। এ কলঙ্কিত জীবন সে রাখতে চায় না। ব্যথা লাগচে, রক্তারক্তি হচ্ছে—কিন্তু সে মরতে

পারবে না। সে অমর। অনন্ত কাল ধরে সে মাথা কুটলেও মরবে না।

নেতানারাণ তাকে হাত ধরে গুঠাতে লাগলো। বলতে লাগলো—কি পাগলামি করো, ক্ষেপলে নাকি? চলো গুই গিয়ে—

সন্ধ্যাবেলা উন্ননে আঁচ দিয়েচে ঘরে ঘরে। নেতানারাণ বাড়ী নেই, কোথায় গিয়েচে। ও এসে বাড়ীউলি মাসীর দরজায় দাঁড়ালো। কোথায় সে পালাবে তাই ভাবচে। এ কি ভয়ানক নাগপাশের বন্ধনে তাকে পড়তে হয়েছে। আর সে এ বাড়ীতে থাকতে পারবে না। ঐ ঘরে কত রাজে কুলবধুর জীবন কলঙ্কিত হয়েছে। তারপর ঐ ঘরের ঐ তন্তুপোঁশে বিষ খেয়ে যন্ত্রণায় ছুটফুট করতে করতে তার সে শোচনীয় মৃত্যু! আবার সে বেরিয়ে পড়লো।

এই কলকাতা শহরের সর্বত্র তার স্মৃতির বিষ ছড়ানো। কালীঘাট? কালীঘাটে কি করে যাবে, নেতাদা সেখানেও একবার তাকে নিয়ে গিয়ে সেখানে বিষ ছড়িয়ে এসেচে। আবার সে ছুটে চলে যাবে কুড়ুলে-বিনোদপুরে স্বামীর ঘরে। সেখানে যেতে পারলে সে বাঁচে।

কিন্তু একদিন কেমন করে হঠাৎ গিয়ে পড়েছিল—সেইদিন গিয়ে গুঁর সঙ্গে দেখাও হয়েছিল। কিন্তু সেখানে যাবার পথ সে জানে না। চিনে আজ আর যেতে পারবে না। ভুলে গিয়েচে সে পথটা।

তার এক সইএর বাড়ী আছে স্বৰ্ণপুরে। সেখানকার রজনী ভাস্কারের মেয়ে। কুমারী-জীবনের বন্ধু। রজনী ভাস্কারের বাড়ীর পাশে ছিল ওর বড়দিদির শস্তরবাড়ী, যে বড়দিদি বিধবা হয়ে ইদানীং ওদের সংসারে ছিলেন। জামাইবাবুর সঙ্গে একবার দিদির ওখানে বেড়াতে গিয়ে স্বৰ্ণপুরে রজনী ভাস্কারের মেয়ে বীণার সঙ্গে আলাপ হয়।

তাদের কাঁটালতলায় দুর্গাপিঁড়ি পাতা দেখে আশা বলতো—তাই সই, কাঁটালতলায় দুর্গাপিঁড়ি কেন?

বীণা বলতো—দুর্গাপিঁড়ি ঘরে তুলতে নেই আমাদের। বাপঠাকুরদার আমল থেকে কাঁটালতলাতেই থাকে—

সইএর বিয়ে হয়েছিল কাঁচরাপাড়ার কাছে বাগ বলে গ্রামে। বাগের দত্তদের বাড়ী, তারা ওখানকার নাম-করা জমিদার। সই যদি তাকে আশ্রয় দেয়, সেই পবিত্র কুমারী-জীবনে সে লুকুতে পারে। কলকাতার বাড়ীউলি মাসীর বাড়ী থেকে সে চলে যাবে সোজা—স্বৰ্ণপুর গ্রামের সেই কাঁটালতলায়, যেখানে সইয়ের দুর্গাপিঁড়ি পাতা থাকে সারা বছর।

উন্ননের আঁচের ধোঁয়ায় অন্ধকারে অশ্পষ্ট সিঁড়ির পথ বেয়ে সে নেমে এল রাস্তায়। কি জানি কেন, বাড়ীটা থেকে সামান্য একটু দূরে চলে এলেও ও নিজেকে পবিত্র মনে করে। মনের সব গ্লানি কেটে যায়...সে নির্মল, শুদ্ধ, অপাপবিদ্ধ আত্মা... এতটুকু পাপের বা মলিনতার ছোঁয়াচ লাগেনি তার সারা দেহমনে।

হঠাৎ কেমন করে সে রজনী ভাস্কারের কোঠাবাড়ীটার উঠানে নিজেকে দেখতে পেলে। সেই কাঁটালতলায়।

—ও সই!

—ও মা—কত কাল পরে এলি তুই ? ভাল আছি সই ?

বীণার বিয়ে হয়নি, সিঁথিতে সিঁছুর নেই। বীণা এসে ওকে জড়িয়ে ধরলে কত আদরে। আশা আনন্দে ও উৎসাহে অধীর হয়ে উঠলো। বীণাকে বললে—সই, তুই আমাকে ধরে রাখ, ভাই। কোথাও যেতে দিস নি।

—না, থাক এখানে। কোথাও যেতে দেবো না—

—ভাই, এ সত্য না স্বপ্ন ?

—কেন রে ?

—আজকাল আমার কি যে হয়েছে, কোন্টা স্বপ্ন, কোন্টা সত্যি বুঝতে পারিনে। দুটোতে কেমন যেন জড়িয়ে গিয়েছে।

—না ভাই। ওই সেই দুর্গাপিঁড়ি-পাতা কাঁটালতলা। আমাদের ইতুপুজোর ঘট ওখানে সাজানো আছে। এখন সন্দেহ গেল রাজকুমারী ?

—ঠাট্টা করিস নি। আমার ভয়-ভয় করে সর্বদা। কি হয়েছে আমার বলতে পারিস ?

—তোমার মাথা হয়েছে। নে, আয় দুটো মুড়ি আর ফুট-কলাই ভাজা খা। তুই ভালবাসিস—মনে আছে ?

—খুব।

সারাদিন দুই সইএ কত গল্পগুজব কতকাল পরে। সব ভুলে গিয়েছে আশা—সে পবিত্র, পবিত্র। সামনে তার সুদীর্ঘ জীবন পড়ে আছে। সইএর সঙ্গে গল্পে কত ভবিষ্যৎ জীবনের রঙীন স্বপ্ন ঝাঁকে সে রজনী ডাক্তারের বাগানের বাতাবীলেবুতলার ছায়ায় বসে। স্বপ্নরবাড়ী হবে পাড়াগাঁয়ে বড় গেরস্ব ঘরে, আট-দশটা ধানের গোলা থাকবে বাড়ীতে, সে বাড়ীর বোঁ হিসেবে সন্ধ্যাপ্রদীপ দেখাবে গোলার সামনে বেদীতে। খান মেপে মেপে গোলায় তুলবে। স্বামী হবে উকিল বা ডাক্তার। সারাদিন পরে খেটেখুটে এসে বলবে—ও বড়-বোঁ—আলো দেখাও—বীণা হাসে। সেও তার মনের কথা বলে।

গ্রামের একটি ছেলেকে সে ভালবাসে। যদি তার সঙ্গে বিয়ে হয়—

ওসব কথা কেন ? ও কথা সে শুনতে আসেনি। তবুও সে জিজ্ঞেস করলে—কে ভাই ছেলেটি ?

—ব্রাহ্মণ। সত্যনারায়ণ চাটুয্যোর মেজছেলে। তাকে দেখাবো একদিন।

যতক্ষণ সে সইএর বাড়ী রইল, সে হয়ে গেল একেবারে ঠিক তেরো চোদ্দ বছরের সরলা মেয়েটি। কিন্তু সন্ধ্যা হয়ে এল। কাঁটালতলায় ছায়া পড়লো, রাঙা রোদ একটু একটু দেখা যায় গাছের তলায়। এ সময়ে আশাকে বাড়ী ফিরতে হবেই।

সইকে বললে—আমার সঙ্গে একটু এগিয়ে চল না আমাদের বাড়ী পর্যন্ত সই ?

—চল এগিয়ে দিবে আসি—

বাঁশবাগানের তলা দিয়ে অন্ধকার সন্ধ্যার পথে দুই সইএ চলেচে। ওই আমাইবাবুদের বাড়ীটা। বড়দি এতক্ষণ চা করে নিয়ে বসে আছে ওর জন্তে।

বীণা বলে—ওই তোদের বাড়ীর দরজাটা—আমি চলি সই। এর পরে একলা যেতে পারবো না—

বীণা চলে গেল অঙ্ককার বাঁশবনের পথটা দিয়ে একা একা। আশা সই-এর অপস্রিয়মাণ মূর্তির দিকে চেয়ে রইল—তারপর যখন আর দেখা গেল না তখন সামনের দিকে চেয়েই ভয়ে ওর বুক কেঁপে উঠলো। কি ওখানে ?

ও চীৎকার করে ডাক দিলে—ও সই—ও বড়দি—

ওর সামনে বাড়ীউলি মাসীর দরজা, যে দরজাটা খুলে সকালে আঁজই পালিয়ে গিয়েছিল লুকিয়ে। ওর চীৎকার শুনে দরজাটা খুলে নেত্যানাবাণ দু'পাটি দাঁত বের করে এগিয়ে এসে বলে - বাপরে ! কি তোমার কাণ্ড ! কোথায় গিয়েছিলে সারাদিন ?...

তার পর ওর হাত ধরে টানতে টানতে বলে—চলো, চলো, রাত হয়ে গিয়েচে—শোবে এসো, শোবে এসো...

কতকাল যে কেটে গেল মানিকতলার বাড়ীউলি মাসীর সেই বাড়ীটাতে। তার কোন হিসেব নেই, কোনো লেখাজোখা নেই—আশার মনে হয় বাল্যকাল থেকে তার বিবাহের সময়, তারপর তার সমস্ত বিবাহিত জীবন নিয়ে যতটা সময়ের অভিজ্ঞতা তার আছে—তেমনি কত বালাজীবন, কত বিবাহিত জীবন, কত বৈধব্যজীবন এবং কত মানিকতলার জীবন তার কেটে গেল—সে কিন্তু সেই এক ভাবেই রইল একই জায়গায় স্থাণুবৎ অচল।

নেত্যা তাকে ছাড়ে না। কতবার সে পালিয়ে গিয়েচে—জীবনের কত জানা অজানা কোণে। কত বছরের ব্যবধান রচনা করেচে সে বর্তমান জীবনের ও সেই সব অতীত দিনের শাস্তি ও পবিত্রতামণ্ডিত অবকাশের।

কিন্তু কোনো ব্যবধান টেকে না।

•সব এসে মিশে যায় বর্তমানের এই কলকাতা মানিকতলার বাড়ীউলি মাসীর বাড়ীর দরজায় এই ঘরটাতে, ওই তক্তাপোশটাতে।

এখন যেন তার মনে হয়—এসব যা ঘটেচে, এ আসল নয়, সব যেন অবাস্তব, স্বপ্নবৎ...এ সব ছান্নাবান্ধি...জীবনটাই যেন একটা মস্ত ছান্নাবান্ধি হয়ে গেল তার...

সই, মা, ভাই, বোন, স্বামী, ছেলে-মেয়ে কিছুই নিত্য নয় তার জীবনে...আসে আবার চলে যায়...বাড়ীউলি মাসীর এ বাড়ীটাই কি এদের মধ্যে একমাত্র সত্যি ? আর নেত্যা, আর এই সৰু রান্নাঘরটা...আর ওই ছোট ঘরের ছোট তক্তাপোশটা ? এর কি কোনো শেষ হবে না, এ দিনের এই সব টিকে থেকে যাবে চিরকাল ?

কোনটা সত্যি, কোনটা স্বপ্ন আজকাল সে বুঝতে পারে না। যেটাকে সত্যি ভেবে হয়তো ঝাঁকড়াতে যায়—সেটাই মিথ্যে হয়ে স্বপ্ন হয়ে যায়। তার কি কোনো রোগ হোল ? এমন সাধের, এমন আয়রের, এমন আশা-আনন্দের জীবনের শেষকালে এ কি ঘটলো ? কোথায় চলে গেল স্বামী, কোথায় গেল বাপের ভিটে, স্বপ্নের ভিটে ? এ কি-ভাবে পাগল বা বুদ্ধিহীন কিংবা

রোগগ্রস্ত অবস্থায় সে পড়ে রইল ?

নেতানারায়ণ এসে বললে—রান্না করবে না আজ ? বসে আছ যে—

—আমি জানিনে। তুমি আমায় বিরক্ত করতে এসো না—

—কেন, আজ আবার রাজরাণীর কি মেজাজ হোল ?

—তুমি চলে যাও এখান থেকে—

নেতানারায়ণ ওর কাছে এসে বললে—বড্ড ঠাট্টা কর তুমি মাঝে মাঝে। কোথায় ঘাই বল তো ? এখন আমি চলে গেলে তুমি খাবে কি ? রুপের বাবদা যে খুলবে, সে আর হবে না। আরনাতে চেহারাখানা দেখেচো এদানীং ?

আবার কি-সব যাচ্ছেতাই কথা। অনবরত অপবিত্র অশ্লীল ধরনের এই সব কথা কেন তাকে নিজের ইচ্ছার বিরুদ্ধে সর্বদা শুনেতে হয়। ও ভেবে ভেবে বললে—আমরা তো মরে গিয়েচি—খাবার আর দরকার কি ?

নেতানারায়ণ ওর দিকে চেয়ে বললে—মাথা খারাপ হয়ে গেল নাকি ? তবে খাচ্চ কেন ? রোজ রোজ রান্নাবান্না করচো কেন ? বাজার করচি কেন ?

—কেউ খাচ্ছে না। কেউ বাজার করচে না। সব মিথ্যে, সব স্বপ্ন।

কিন্তু নেতানারায়ণের চোখের বিশ্বাসের দৃষ্টি এত অকপট যে, নিজের বিবেচনার ওপর আশা আস্থা হারালে। নিজে যা বলতে চাইছিল, শেষ করতে পারলে না। মিনতির স্বরে বললে—আচ্ছা নেতাদা, তোমার কি মনে হয় ? এমন কেন হচ্ছে বলতে পারো ? এ সব কি সত্যি, না স্বপ্ন ?

—তোমার মাথা খারাপ হয়ে গেছে।

—তাই বলে কি তোমার বিশ্বাস ?

—নইলে আবোল-তাবোল বকবে কেন ? স্বপ্ন কিসের ? আমি রইচি, আমি হাটবাজার করচি, খাচ্চি দাচ্চি—সব স্বপ্ন হোল কি ভাবে ? এই ঘরবাড়ী দেখতে পাচ্চ না ?—বাড়ীউলি মাসী, ও বাড়ীউলি মাসী—শুনে যাও এদিকে। কি বলচে শোনো ও !

বাড়ীউলি মাসী বললে—কি গা ?

—ও বলচে এ সব নাকি মিথ্যে। তুমি, ঘড়বাড়ী, এই বিছানা—সব স্বপ্ন।

—কি জানি বাপু, ও সব তোমরা বসে বসে ভাবো। আমাদের খেটে খেতে হয়, শখের ভাবনা ভাববার সময় নেই। বেলা হোল দুপুর, উঠুনে আঁচ পড়েনি। পালেদের বৌ সেই কোন্ সকালে একবাচি চা খাইয়েছিল ডেকে। ঘাই—

নেতাদা ওর দিকে চেয়ে বললে—শুনলে ?

আশা বোকার মত শূন্যদৃষ্টিতে চেয়ে হতাশ হয়ে বললে—কি জানি বাপু ! আমার যেন এক এক সময় মনে হয় এ সব স্বপ্ন দেখচি তুমি আর আমি। এ ঘর নেই, বাড়ী নেই, খাট নেই, বিছানা নেই—ওই রাস্তা, লোকচলাচল সব মিথ্যে, সব স্বপ্ন। কেবল তুমি আর আমি আছি—আর এই যে সব দেখচি সব স্বপ্ন দেখচি আমরা দুজনে।

—বা রে, বাড়ীউলি মাসি এসো, কথা বলে গেল, ও-ও কিছ নয় ?

পরে বিভ্রান্তকে বোঝাবার স্বরে সদয়ভাবে বললে—ও সব তোমার মাথার ভুল। সব সত্যি—দেখচো না বাড়ীউলি মাসী এসে কি বলে গেল। একবার তোমাকে হোমিওপ্যাথিক ওষুধ খাওয়ান্তে হবে। রাত্তিরে ভাল ঘুম হচ্ছে না, না কি ?

আশা বললে—তবে মাঝে মাঝে পাই আবার হারাই কেন ?

অনেকটা অগ্রমনস্ক স্বরে কথাটা বলে ফেলেই ও চাপতে চেষ্টা করলে। বললে—কি জানি, যা বলচো, তাই বোধ হয় হবে। আচ্ছা আমবা এখানে কতকাল থাকবো ? কবে চলে যাবো এখান থেকে ?

—কেন যাবো ? বেশ আছি।

—আমাকে আমার গাঁয়ে রেখে এসো—লক্ষ্মীটি !...

নেত্যা রেগে উঠে বললে—মেরে হাড় শুঁড়ো করবো। সেই শুল্ক বীদরটার জন্তে মন-কেমন করচে বুদ্ধি ? আমি সব জানি।

—না না, সত্যি না নেতাদা। তোমার দুটি পায়ে পড়ি। আমার এখানে থাকতে ভাল লাগচে না। ভয় হচ্ছে। মনে হচ্ছে যেন একটা জায়গায় এসে পড়েছি, এখান থেকে বেরুবার পথ নেই। এই ছোট্ট ঘরটা, ওই তক্তপোশটা...এ বাড়ীর যেন চারিদিকে দেয়াল দিয়ে আমাদের কে আটকেচে। এখান থেকে কেউ বেরুতে দেবে না। এ সবও সত্যি নয়, এ সব মিথ্যে, সব ছায়াবাজি। যা এই সব দেখচি না ?...সব ভুল।

নেত্যা ব্যঙ্গের স্বরে বললে—আবার আবোল-তাবোল বকুনি ? মাথা কি একেবারে গেল ?

আশা আপন মনেই বলে যাচ্ছিল—এ থেকে তোমার আমার কোনোদিন উদ্ধার নেই। জানো, আমি অনেক চেষ্টা করেছি পালাবার, বাইরে যাবার। কিন্তু পারিনি—কে আবার এই সবে মধ্য আমায় এনে ফেলেচে। অথচ আমি চাই উদ্ধার পেতে এ সব থেকে, এখান থেকে অনেক দূরে চলে যেতে—যেখানে এসব নেই। কেন পারিনি জানো ? অনেক চেষ্টা করেছি আমি পালাবার—পারিনি।

আশা অসহায় কান্নায় ভেঙে পড়লো। নেত্যা না-বোঝার দৃষ্টিতে ওর দিকে চেয়ে রইল উদ্ভিন্ন ভাবে।

নেত্যা নানারকম অত্যাচার শুরু করলো ক্রমে ক্রমে আশার ওপর। ঘরের মধ্যে বন্ধ করে রাখা, মারধোর তো করেই। বাড়ীউলি মাসী যোগ দিয়েচে নেতাদার দিকে। ওকে বলে—বল্লম এক মাড়োয়ারী বাব জুটিয়ে দিচ্ছি—তা হোল না। লোকে কি যার সঙ্গে বেরিয়ে যাবে, তার সঙ্গেই ঘর করে চিরকাল ? কত দেখল আমার এ বরসে। ওই যে পাশের বাড়ীর বিন্দি, আপন দেওয়ার সঙ্গে বেরিয়ে এসেছিল, তা কই এখন ? কোথায় গেল সে বরসের নাগর দেওয়ার ? নোয়াগুলা খোঁটা বাবু রাখেনি ওকে ? কেমন ছাপর খাট, গন্ধি, এক পিকস্বত রূপোর বাসন ! দু'পরসা শুছিয়েচে—

কি ঝকঝকি করেচে আশা। এই কথাবার্তা তার গায়ে ছুঁচের মত বেঁধে আজকাল। কেউ ভাল কথা যদি বলতো ছুটো এখানে। কালি ঢেলে ঢেলে তার সারা গায়ে কালি মাখিয়ে দেয় এরা। কিন্তু কাটলো বহুকাল। অনেক দিন, বৎসর, মাস—অনেক জীবন, জন্ম মৃত্যু যেন জড়িয়ে এক হয়ে গিয়েচে। সত্যিতে স্বপ্নতে জড়িয়ে এক হয়ে গিয়েচে। এমন শক্ত হয়ে পাক জড়িয়ে গিয়েচে এবং আরও যাচ্ছে দিন দিন যে, কেউ খুলতে পারবে না। একদিন সে আফিং আনিয়ে নিল পালেদের ছেলের হাত দিয়ে। সেদিন নেতানারায়ণ কোথায় বেরিয়েচে— ভালোই হয়েছে, একেবারে সব যন্ত্রণার অবসান সে আজ করবে। ঘরে খিল দিয়ে শুয়ে রইল আফিং খেয়ে—তারপর ক্রমে ঝিমিয়ে পড়লো। পেটে কোথায় যেন ভীষণ বেদনা করচে... সব যন্ত্রণার আজ একেবারে শেষ হবে। সকলের মুখে অশ্লীল কথা শুনে হবে না। কিন্তু কোথা থেকে নেতানারায়ণ কিরে এসে ওর ঘরের দোর ভেঙে খিল খুলে ওর মাথার চুল ধরে সারা বারান্দা হাঁটিয়ে বেড়াতে লাগলো। কিছুতেই ওকে বসতে দেয় না, গালে চড় মারে— বলে—বসতে চাও? গাঁকামি করে আবার আফিং খাওয়া হয়েছে ওঠো বেঁচে, তারপর তোমার হাড় আর মাস—

বাড়ীউলি মাসী কোন্ ফাঁকে কাছে এসে চুপি চুপি বল্লেন—বল্লু বাপু, দিব্যি মাজোরারী বাবু জুটিয়ে দিচ্ছি। অমন কত হচ্ছে আজকাল। কেন মিছিমিছি আফিং খেয়ে কষ্ট পাওয়া। ...দিব্যি হুখে থাকবে। ওই পাশের বাড়ীর বিন্দি। ছাপর খাট, কলের গান বাসনকোসন। ও যে আপন দেওরের সঙ্গে বেরিয়ে এসেছিল—

ওর মন আর পারে না। অবসন্ন, ক্লান্ত মন যেন বলে ওঠে—ভগবান, আমি আর পারিনে। আমায় বাঁচাও—এ থেকে উদ্ধার করো—

কে যেন ওর কথা শোনে। আশার স্বপ্নাচ্ছন্ন, অবসন্ন মন বোঝে না কে সে। অনেক দূরের, অনেক আকাশের পারের কোন্ দেশ থেকে সে যেন উড়ে আসে পাখায় ভর করে। একবার আশার মুগ্ধ দৃষ্টির সম্মুখে যেন এক অনিন্দ্যসুন্দরী, মহিময়ী দেবীমূর্তি ভেসে ওঠে। বরাভয়করা, স্মিতহাস্যমধুরা...অপরূপ রূপসী জ্যোতির্ময়ী নারী। আর মনে আছে এক সাদা বড় পাহাড়ের ছবি, সবাই মিলে তাকে ছুঁড়ে যেন সেই সাদা পাহাড় থেকে বহুদূরে নীচের দিকে ফেলে দিচ্ছে।

দেবী যেন হাসিমুখে বলেন—যাও, ভাল হও—ভুল আর কোরো না।

কে যেন প্রশ্ন করলে—আশা-বৌদি স্বামীর সঙ্গে মিলবে কি করে? ও তো সব ভুলে যাবে।

দেবী বলেন—আমি সব মিলিয়ে দিই। ওরা তো নতুন মাছুষ হয়ে চললো, ওদের সাধা কি?

তারপর গভীর অন্তঃস্পর্শ অন্ধকার ও বিস্মৃতি। অন্ধকার...অন্ধকার।

পুষ্প একদিন সেই নির্জন গ্রহটিতে একা গেল। ওর বড় কৌতূহল হয়েছিল বনকাস্তার, অরণ্যানী ও শৈলমালায় পরিপূর্ণ ওই ছায়াভরা গ্রহের জীবনযাত্রা দেখতে।

এবারও রাত্রি নেমেচে গ্রহটিতে।

জীবকুল স্তম্ভ । অপূর্ব স্বপ্নের দেশ । বোধহয় ঐ গ্রহে তখন বসন্ত ঋতু । সেই দিক্‌দিশাহীন অরণ্যে কান্তারে নাম-না-জানা কত কি বন-কুসুম-স্বাস । বনে বনে ছাওয়া সারা দেশ । বনের গাছপালার মধ্যে দিয়ে বেঁকে এসে ওর সান্নী তারার নীল জ্যোৎস্না পড়েছে । নৈশ পক্ষীকুলে কচিং পক্ষ-বিধুনন ।

গ্রহের দিকবিদিক সে চেনে না । পৃথিবীতে গেলে তবে উত্তর দক্ষিণ দিক বুঝতে পারে । এ গ্রহের লোকে কাকে কোন্ দিক বলে কে জানে ? কিন্তু এর মাঝামাঝি থেকে একটু বা দিকে বেঁকে এক উদ্ভৃঙ্গ শৈলশ্রেণী বহুদূর ব্যোপে চলে গিয়েছে, অনেক ছোট বড় নদী এই শৈলগাত্রে থেকে নেমে চলেচে নীচেকার বনাবৃত উপত্যকায় । দু'একটি বড় জলপ্রপাত বনের মধ্যে ।

ওর আকাশে বাতাসে বনে বনানীতে কেমন একটু শুদ্ধ, অপাপবিন্দু আনন্দ । এর বাতাসে নিঃশ্বাস-প্রশ্বাস যে নেবে, সে-ই যেন হয়ে উঠবে আনন্দময় ব্রহ্মদর্শী ভক্ত, ধীর ও নির্লোভ, তৃষ্ণা-হীন ও উদার । এর বনতলে জীবের অমরত্বের কথা লেখা আছে, লেখা আছে এ বাণী যে এই বনতলে তাঁর আসন পাতা । উচ্চ জগৎ বটে ।

হঠাৎ ও দেখলে একটি বনপাদপের তলে শিলাসনে অয়ং কবি ক্ষেমদাস বসে ।

ও দেখে বড় খুশি হয়ে কাছে গেল । ক্ষেমদাস বল্লেন—এসো এসো, যিনি আদি কবি, বিশ্বশ্রষ্টা, তাঁর বিশ্বয়ে আমি কবিতা রচনা করচি ।

—আপনি এ গ্রহ জানেন ?

—কেন জানবো না ? এ রকম একটা নয়—দীর্ঘ বনকুলের মালার মত একসারি গ্রহ আছে বিশ্বের এ অংশে । আমি জানি । তবে এখানে আসতে হয় যখন এ গ্রহে রাজি ।

—কেন ?

—এখানকার লোক উচ্চশ্রেণীর জীব । ওরা আমাদের দেখতে পাবে দিনের আলোয় । এখন ওরা স্তম্ভ । ব'সো ওই শিলাসনে । বেশ লাগে এখানে । লোকালয় এ গ্রহে খুব কম । বনে হিংস্র জন্তু নেই । কেমন নীল জ্যোৎস্না পড়েছে দেখেচো ? বড় ভালবাসি এ দেশ ।

—আপনি এখানে আসেন কেন ?

—একটি তরুণ কবি আছে এ গ্রহে, তাকে প্রেরণা দিই । ভগবন্তু । এই শিলাসনেই সে খানিক আগেও বসে ছিল । প্রতি রাতে নির্জনে এসে বসে । সৃষ্টির এ সৌন্দর্যের স্তবগান রচনা করে । ওই তার উপাসনা । তুমি জানো আমারও ওই পথ । তাই তার পাশে এসে দাঁড়াই ।

—তিনি দেখতে পান আপনাকে ?

—না । আমাকে বা তোমাকে দেখতে পাবে না । তোমার সঙ্গী যতীনকে দেখতে পেতো । সে এখন কত বড় ছেলে ?

পুষ্প সলজ্জভাবে বল্লেন—ন'বছরের বালক ।

ক্ষেমদাস হেসে বল্লেন—আবার নব জন্মলালা । বেশ লাগে আমার । আবার মাতৃকোড়ে যাপিত শৈশব । চমৎকার !

পুষ্প হেসে বল্লেন—সন্ন্যাসী এখানে উপস্থিত থাকলে আপনার কথা যেনে নিতেন ?

—জানি, সে বলে বার বার দেহ ধারণ করা মুক্তির পথে বাধা। সে বলে, ও থেকে উদ্ধার নেই। সেই একই জীবনের পুনরাবৃত্তি, চক্রপথে উদ্দেশ্যহীন গতাগতি। সেই একই সোভ, ভূষণ, অহঙ্কার নিয়ে বার বার অমার জন্ম ও মরণ। এই তো ?

—কথাটা কি মিথ্যে ?

—না। মানি। কিন্তু সে কাদের পক্ষে ? যারা জীবনের উদ্দেশ্যকে খুঁজে পায়নি বা ভগবানের দিকে চৈতন্য প্রসারিত করেনি তাদের পক্ষে। যারা জানে না খুল দেহের পরিণাম ধুমভঙ্গ নয়, জন্মের পূর্বেও সে ছিল, মৃত্যুর পরেও সে থাকবে, ভুলোকে শুধু নয়, ব্রহ্ম থেকে জীবে নেমে আসতে যে সাতটি চৈতন্যের স্তর আছে, এই সাত স্তরের প্রত্যেকটি স্তরে এক একটি লোক, সে এই সব লোকেরই উত্তরাধিকারী, ভগবানের সে লীলা-সহচর। যারা এ কথা জানে না, জানবার চেষ্টা করে না, জেনেও গ্রহণ করে না বিষয়ের মোহে—তাদের পক্ষে সন্ন্যাসীর কথা পরম সত্য। কিন্তু আমার পক্ষে নয়।

পুষ্প একমনে শুনছিল। এই পবিত্র গ্রন্থের তপোবনমদশ অবগামান্তারে এ দেশের ঋষি-কবির যেখানে নিত্রাহীন গভীর রাতে ভগবানের স্তবগাথা রচনা করেন—এ গ্রন্থের উপনিষদ জন্মলাভ করে তাঁদের হাতে—এই স্থানই ক্ষেমদাসের উপদেশ উচ্চারিত হবার উপযুক্ত বটে। পুষ্প ব্যগ্রস্বরে বললে—বলুন, দেব, বলুন—

ক্ষেমদাস আবার বললেন—তমবে বিদিত্বাতিমৃত্যুমেতি—যে তাঁকে জেনেচে সে দেহধারণ করেও মুক্ত, যেমন দেখেছিলে সন্ন্যাসীর গুরুভ্রাতাকে, বন-মধ্যস্থ সেই সন্ন্যাসীকে। যাদের চৈতন্য জাগ্রত হয়েছে, দেহ থেকেও তাঁরা জীবমুক্ত। ভগবানকে যারা ভালবাসেন মনপ্রাণ দিয়ে, দেহধারণ করেও তাঁরা জীবমুক্ত। তাঁরা জানেন এই বিশ্বের সমস্ত গ্রহ, সব তারা, সব বসন্ত, সব জীবলোক আমার। আমি এদের মাধুর্য উপভোগ করবো। তাঁর সৌন্দর্যের স্তবগান রচনা করে যাবো। আমি তাঁর চারণ-কবি। আমি ছাড়া কে গান গাইবে এই বিশ্বদেবের অনন্ত সৌন্দর্য-শিল্পের ? তাঁর গান গেয়েই যুগে যুগে অমর অঙ্গর হয়ে আমি বেঁচে থাকবো। শত জনের মধ্যেও যদি তাঁর সেবা করে যাই আর আসি আমার তাতে ক্ষতি কিসের ?

ক্ষেমদাস চুপ করলেন।

পুষ্প বললে—এ দেশের সেই কবিকে দেখা যায় না ?

—এতক্ষণ সে ছিল এখানেই। সেও ভগবানের চারণ-কবি। এই প্রকৃতির সৌন্দর্যের সে স্তবগীতি রচনা করে। সে এখন ঘুমিয়েচে।

—বিবাহিত ?

—এ দেশের নিয়ম বৃদ্ধি না। স্ত্রীলোকদের অদ্ভুত স্বাধীনতা এখানে। তারা যার ঘবে যতদিন ইচ্ছা থাকে। আবার যেখানে সত্যকার প্রেম আছে, সেখানে পৃথিবীর স্বামী-স্ত্রীর মত আজীবন বাস করে। আমাদের কবির সঙ্গে তিন-চারটি নারী থাকে—কিন্তু তারা কেউই পৃথিবীর ভুলনায় স্বন্দরী নয়। এদেশের মেয়েরা স্থলী নয়। অবশ্য নারী তিনটির সঙ্গে ওর কি সম্পর্ক জানি না। এদেশে হয়তো তাতে দোষ হয় না। যে দেশের যে নিয়ম।

ওরা কিছুদূর গিয়ে দেখতে পেলে বনের মধ্যে গাছতলাতে দু-তিনটি লোক নিদ্রিত। ক্লেমদাস বলেন—ঐ জ্বাখো কবি শুয়ে। ঐ পাশেই তিনটি নারী।

পুষ্প আশ্চর্য হয়ে বলে—গাছতলাতে কেন সবাই?

—এখানে লোকের ঘরবাড়ী নেই পৃথিবীর মত। ওদের দেহ অল্প ভাবে তৈরী। রোগ নেই এখানে, হিংস্র জন্তু বা সর্প নেই। দেহের কোনো ক্ষতি হয় না। অল্প আয়ু বলে ঘরবাড়ী করে না কেউ।

—তবে মরে কিসে?

—এদের স্বেচ্ছামৃত্যু। জ্ঞানী ও নিষ্পৃহ আত্মা কিনা! নির্দিষ্ট সময় অর্ন্তে যেদিন হয় এরা মৃত্যুর জন্তে প্রস্তুত হবে। মন যেদিন এদের তৈরী হবে সেদিন স্বেচ্ছায় দেহত্যাগ করবে। মৃত্যুতে এরা শোক করে না। এরা জানে মৃত্যু দেহের পরিবর্তন মাত্র।

—পুনর্জন্ম?

—এখানে যারা জন্ম নেয়, তারা অনেক জন্ম ঘুরে এসেচে। পৃথিবীতে বহু জন্ম কেটেচে এদের। শেষ জন্ম এখানে কাটায়। তার পরেই মহালোকে চলে যায় একেবারে, আর ফেরে না। কিন্তু তুমি একটা কথা বোধ হয় জানো না—পৃথিবীর চেয়ে নিকটতর গ্রহও অনেক আছে। নিম্ন-শ্রেণীর আত্মাদের পুনর্জন্ম অনেক সময় ওই সব নিকটতর লোকে হয়।

—সে সব স্থান কি'রকম?

—একটাতে তোমাকে এখুনি নিয়ে যেতে পারি। চোখেই দেখবে, না কানে শুনবে? তবে একটা কথা। সে সব দেখে কষ্ট পাবে। মেয়েমানুষ তুমি, সে সব গ্রহলোক দেখলে তোমার মনে হবে ভগবান বড় নিষ্ঠুর।

চক্ষের পলকে ওরা একস্থানে এসে পৌঁছলো। সে স্থানটির সর্বত্র উষর মরুভূমি ও কৃষ্ণবর্ণ বস্তুর স্তূপ। কিন্তু সে স্তূপ প্রস্তর নয়—তা কি, পুষ্প জানে না। উলঙ্গ বিকটদর্শন অর্ধমনুষ্যাকৃতি জীব দু'একজনকে সেই কৃষ্ণবস্ত্র স্তূপের ওপর বসে থাকতে দেখা গেল। মাঝে মাঝে তারা উঠে মাটির মধ্যে হাত দিয়ে গর্ত খুঁড়ে কি বার করচে ও পরম লোলুপতার সঙ্গে মুখে পুরচে।

ক্লেমদাস বলেন—চলো এখান থেকে। ওরা কীটপতঙ্গ খুঁজে থাকে। ওই ওদের আহাৰ। ওই ওদের আহাৰ সংগ্রহ রীতি। একজনের বস্ত্রস্তুপে আর একটি জীব যদি আসে, তবে দুই জীবে মারামারি করবে। এ ওকে মেরে ফেলবার চেষ্টা করবে। এ জগতে স্নেহ, প্রেম, ভক্তি, ভালবাসা, দয়া, সেবা, ত্রায়বিচার, শিক্ষা, সংগীত কিছু নেই। আছে কেবল দুর্দান্ত আহাৰ-প্রচেষ্টা। জীবে জীবে কলহ।

পুষ্প বলে—চলুন এখান থেকে। হাঁপ লাগচে। কি জড়পদার্থে গড়া এ দেশ, প্রাণ যেন কেমন করে উঠলো। এও কি ভগবানের রাজ্য? উঃ—

ক্লেমদাস হেসে বলেন— এখনও দেখোনি। চলো আরও দেখাই—এর চেয়েও ভয়ানক স্থান দেখবে। যেখানে পিতামাতা পুত্রকন্যার সম্বন্ধ পৰ্বন্ত নেই। যেখানে—না সে তোমাকে বলব না!

পুষ্প অধীর ভাবে বলে—কেন আমাকে এখানে নিয়ে এলেন? উঃ—বলেই সে বরবর করে

কৈদে ফেললে। হাত ছোড় করে বলল—আমার একমাত্র সখল ভগবানে ভক্তি, আর আমার কিছু নেই জীবনে। দেব, দয়া করে সেটুকুও আমার কাছ থেকে কেড়ে নেবেন না—কৃপা করুন—আমি নিতান্ত অভাগিনী।

ক্ষেমদাস হেসে বললেন—পাগল! সেই অনন্ত মহাশক্তির এক দিকই কেবল দেখবে? রুদ্র-দেবের বাম মুখ দেখলেই ভক্তি চটে যাবে অত রূনকো ভক্তি তোমার অন্তত সাজে না। তুমি আমি তাঁর উদ্দেশ্যের কতটুকু বুঝি? চলো ফিরি। ওই জন্তু আনতে চাইনি তোমাকে এখানে। এতেই এই, এর চেয়েও নিকট লোকে নিয়ে গেলে—

—না দেবন আমায় পৃথিবীতে অন্তত নিয়ে চলুন। আমাদের পৃথিবীতে—চলুন গঙ্গাতীরে—মহাশক্ত বেয়ে সেই মুহূর্তে ওরা এসে পৃথিবীতে একস্থানে বৃক্ষতলে দাঁড়ালো। বর্ষাকাল পৃথিবীতে, ভীষণ বৃষ্টি হচ্ছে। স্থানটা পাহাড়ে ঘেরা, পাহাড় বাপুসা হয়ে গিয়েচে বৃষ্টির ধারায়। ক্ষেমদাস বললেন—নিয়ে এলাম গঙ্গাতীরে। ওই অদূরে গঙ্গা—

—এটা কোন্ স্থান?

—হরিদ্বার।

পুষ্পের চোখ জুড়িয়ে গেল ধারামুখর অপরাহ্নের বহুপরিচিত, অতি শ্রিয় শোভায়। তার মন বলে উঠলো—এই তো আমাদের পৃথিবী, আমাদের স্বর্গ। ভগবান এখানে কত ফুল কলে নিজেকে ধরা দেন, কত জ্যোৎস্নার আলোয়, কত অসহায় শিশুর হাসিতে। আজ চিনলাম তোমায় ভাল করে, আমাদের মাটির স্বর্গকে, আর চিনলাম মানুষকে। মানুষই মাটি দিয়ে গড়া দেবতা—হুদিন পরে সজ্জিকার দেবতা হয়ে যাবে। জয় নীলারণ্য-কুম্ভলা অতল-সাগর-মেথলা চিরন্তনী সন্দরী পৃথিবীর। জয় জয় মানুষের। জয় বেগুন-বর্শহরিতা দিগন্তলীন-প্রান্তর-শোভিতা ভূতধাত্রী মাতার।

ক্ষেমদাস বললেন—এবার তোমার মন শাস্ত হয়েছে। বড় চঞ্চল হয়ে উঠেছিল। এখন একটা কথা বলি। কি দেখে অস্থির হয়ে উঠলে?

পুষ্প সলজ্জ হেসে চূপ করে রইল। ক্ষেমদাস বললেন—না, বলো, বলতেই হবে। ভগবান কি নিষ্ঠুর—এই ভেবেছিলে। না?

—হাঁ।

—তিনি কি নিষ্ঠুর—ওঃ! এই তো?

পুষ্প হাসি-হাসি মুখে নির্বাক।

ক্ষেমদাস বললেন—তোমার মত মেয়েরও বিস্মৃতি? তোমারও ভুল? একেই বলে মোহিনী মায়া। মায়ায় কে না ভোলে? ব্রহ্মা বিষ্ণু তলিয়ে যান।

—কেন দেব, বলুন!

—না, তাই দেখছি। নতুবা তোমারও ভুল!

—থাক আমার ব্যাখ্যা। আমি ভুগ্নের চেয়েও হীন। আপনি কি উপদেশ করছেন, তাই করুন না?

কেমদাস হাসিমুখে বলেন—ভগবান কার উপর নির্ভর করেন ? সবই তো তিনি । নিজেই নিজের লীলায় তন্ময় হয়ে আছেন বিভিন্ন রূপে । তিনিই সব । সে জ্ঞান যেদিন হবে সেদিন ওই নিকটে লোকের নিকটে স্নেহ দেখেও বলে উঠবে আনন্দে—তেজো যৎ তে কল্যাণতমং তস্তে পশ্যামি, যোহসাবসৌ পুরুষঃ সোহহমস্মি —

কেমদাস চলে গেলেন । যাবার সময় বলেন—বৃন্দাবন থেকে ঘুরে আসি । তোমার সঙ্গে আবার শীঘ্রই দেখা করবো—একদিন চলে সেই সন্ন্যাসিনীর কাছে যাবো ।

পুষ্প স্থির ভাবে বসে রইল শৈশলশিখরে । এখানে তার যত্নদা আছে, কত জন্মের প্রিয় সাথী সে । তাকে ফেলে কোথায় কোন লোকে গিয়ে স্থখ পাবে সে ? একটি গোয়ালার মেয়ে দুধ দুয়ে নিয়ে আসচে বাজারে । নরনারী প্রদীপ ভাঙ্গাচে গঙ্গাবক্ষে । দূর থেকে আলো দেখা যাচ্ছে জলের ওপর ।

বুড়োশিবতলার পুরানো ঘাটের সামনে গঙ্গাবক্ষে পালতোলা নৌকোর দল চলেচে । গোঘুলির আবছায়া আকাশে শুভ্রপক্ষ বকের দল উড়ে চলেচে ওপারে হালিসহরের শ্রামাসুন্দরীর ঘাটের দিকে । প্রাচীন দেউলমন্দিরের চূড়া সান্ধ্য দিগন্তের বননীলরেখায় এখানে ওখানে যেন মিশে আছে ।

পুষ্প ঘাটের রানায় বসে কেমদাসের সঙ্গে কথা বলছিল ।

কেমদাস বৃন্দাবন থেকে এইমাত্র ফিরেচেন । জ্যোৎস্নারাত্রীে যমুনাতীরে কিছুক্ষণ বসে ছিলেন চীরঘাটের কাছে । আরতি দর্শন করবার পরে । মন ভূমানন্দে বিভোর ।

পুষ্প বলে—কবি, স্ফটিকের কথা কি বলছিলেন ?

কেমদাস গঙ্গার দিকে আঙুল দিয়ে দেখিয়ে বলেন—ওই ছাখো, রাঙা আকাশের ছায়া পড়েচে জলে । জল যদি ঘোলা হোত, আকাশের ছায়া পড়তো না । স্ফটিককে সম্পূর্ণ স্বচ্ছ ও নির্মল হতে হবে, তবে আলো তার মধ্যে দিয়ে আসবে ।

—অর্থাৎ ?

—অর্থাৎ আত্মাতে যদি এতটুকু ক্রটি থাকে কোথাও, তবে ভগবানের আলো তার মনে নামে না । সম্পূর্ণ নির্মল স্ফটিক হওয়া চাই, এতটুকু খুঁৎ থাকলে চলবে না ।

—ভগবানের দাবি এত বেশি কেন ?

—উপায় নেই । ভগবানের আলো যদি মনের দর্পণে ঠিক অঞ্চল ভাবে পেতে কেউ চায়, তার অস্ত্রে এই ব্যবস্থা । লোকে মুখে বলে সাধুতা ও পবিত্রতার কথা । কিন্তু জেনো এ দুটি বস্তু অতি ভীষণ, ভয়ঙ্কর ।

পুষ্প বলে—বুঝতে পারচি কিছু কিছু । নিজের জীবনে দেখচিনে কি ? তবুও বলুন ।

—সাধুতা, পবিত্রতা—শুনতে খুব ভালো । কিন্তু এদের আবির্ভাব বিবরী লোকের পক্ষে কষ্টকর । কামনাঙ্কলুপিত আধারে ভগবানের জ্যোতি অবতরণ করবে কি ভাবে ? এ অস্ত্রে আধার-সুন্ধির প্রয়োজন । যাকে ভগবান রূপা করেন, শুদ্ধ আধার করে নিতে তার সব কিছু

ভোগ কামনার জিনিস ধ্বংস করে তাকে নিঃশ্ব, রিক্ত করে দেন। ভগবানের কৃপা সেখানে বজ্রের মত কঠোর, নির্মম, ভয়ঙ্কর। সর্বনাশের মূর্তি ধরে তা আসে জীবনে, ধ্বংসের মূর্তিতে নামে। সে রকম কৃপার বেগ সামলাতে পারে ক'জন ?

পুষ্প চূপ করে রইল। এর সত্যতা সে নিজের জীবনে বুঝেছে।

ক্ষেমদাস বল্লেন—ত্যাখো, আমি ভক্তিপথের পথিক, তুমি জানো। সন্ন্যাসী যে নিঃশূর্ণ ব্রহ্মের কথা বলে, তাঁকে বুঝতে হোলে জ্ঞানের পথ দরকার। জ্ঞান ভিন্ন ব্রহ্মকে উপলব্ধি করা যায় না। আমি সাকারের উপাসক, মধুর ভাবে মধুর মূর্তিতে তাঁকে পেতে চাই—তাই আমি বৃন্দাবনে গিয়ে সেই রস আশ্বাদ করি। সন্ন্যাসী বলে, ও অপ্রাকৃত মূর্তির উপাসনা কর কেন ? আমি বলি, তোমার নিয়ে তুমি থাকো, আমার নিয়ে আমি থাকি। ও বলে, ব্রহ্ম আবরণিত হতে হতে জীব হয়েছে, জীব হয়ে স্বরূপ ভুলে গিয়েছে। ব্রহ্ম দেশ-কালের মধ্যে ধরা দিয়ে জীব হয়েছে। কেন হয়েছে ? লীলা। আমি বলি, বেশ, এক যখন বহু হয়েছেন লীলার আনন্দকে আশ্বাদ্য করতে, তখন আমিও তাঁর লীলাসহচর তো ? আমাকে বাদ দিয়ে তাঁর লীলা চলে না। এই তো প্রেমভক্তি এসে গেল। কেমন ?

পুষ্প বল্লেন—বনের সেই সন্ন্যাসিনী কিন্তু প্রেমভক্তির কাঙাল। আমি সেবার রঘুনাথদাসের আশ্রমে নিয়ে গিয়েছিলাম, বৃন্দাবনে নিয়ে গিয়েছিলাম—সেই থেকে গোপাল-বিগ্রহের ভক্ত হয়ে উঠেছেন।

—সে যে মেরেমানুষ। শুদ্ধ জ্ঞানপথে সে তৃপ্তি পায় না—লীলারস আশ্বাদ করতে চায়। আমি চন্ডাম খুকি, তুমি আজ তো বৃন্দাবনে গেলে না, কাল এসে নিয়ে যাবো। সন্ন্যাসী তোমাকেও কি বলেছিল না ?

—বলেছিলেন, এখনও অপ্রাকৃত লোক আঁকড়ে আছ কেন ? তোমার তো উচ্চ অবস্থা, উচ্চ স্তরে চলো।

পৃথিবীর হিসেবে আজ কয়েক বছর হোল পুষ্প এই স্বরচিত বৃড়োশিবতলার ঘাটে সম্পূর্ণ এক। করুণাদেবীও ওকে উচ্চতর স্তরে নিয়ে যেতে চেয়েছিলেন, কিন্তু তত উচ্চ স্তরে গমন করলে আর সে পৃথিবীতে ষাতায়ত করতে পারবে না বলেই এই গঙ্গার ঘাট আঁকড়ে পড়ে আছে। এই তার পরম তীর্থ—তার মহলোক, জন-লোক, তপোলোক, সভ্যলোক, ব্রহ্মলোক—লোকাভীত পরমকারণ পরব্রহ্মলোক। কোথাও পোষাবে না তার। কত সহস্র মূর্তিতে ভরা এই প্রাচীন ভাঙা ঘাটটি।

কেউ নেই আজ এখানে।

ষতীনদা চলে গিয়েছে আজ দশটি বছর।...

উর্ধ্ব ষতদূর দৃষ্টি যায়—আজ এতকাল পরে তার কাছে শূণ্ড অর্থহীন !

এক এক সময়ে মনে হয় সেই ভ্রাম্যমাণ বহুধক দেবতা যদি আসেন ! তাঁর মুখে বহু জগতের, বহু নন্দ্যলোকের, বহু বিশ্বের গল্প শোনে। নিজে তিনি বেড়িয়ে দেখেছেন, এখনও

দেখচেন—শেষ করতে পারেন নি।

সন্ন্যাসী এসে প্রায়ই বলেন—মহর্লোকে তোমার আসন, এখানে কি নিয়ে পড়ে আছ কস্তুরে? সেই পৃথিবীর গঙ্গা, পৃথিবীর হালিসহর সাগর, নৌকো—এসব মায়িক কল্পনা তোমার সাজে না। ছি ছি—

পুষ্প সর্কোটুকে বলেছিল—নিয়ে যান না তার চেয়েও উচ্চতর লোকে, যাচ্ছি এখনি।

সন্ন্যাসী বলেন—জ্ঞান থাকবে না বেশিক্ষণ। কারণ এসব লোক আত্মিক অবস্থা মাত্র। কোনো স্থান নয়। সে উচ্চতর চৈতন্য জাগ্রত হোলে পৃথিবীতে জড়দেহধারী হলেও তুমি সত্যলোকের অধিবাসী। যেমন দেখেছিলে আমার সেই গুরুভ্রাতাকে। চিদানন্দময় আত্মা সেখানে আপনার অন্তিমের আনন্দে বিশ্বের সঙ্গে এক হয়ে গাঁথা। মুখে বলা যায় না সে অল্পভূতির কথা।

পুষ্প বলে—বুঝবার ক্ষমতা নেই আমার দেব। তবে সুনলাম বটে। আপনার দয়া।

—বিধাতৃপুরুষদেরও উচ্চ স্তরের দেবতাদের দেখা পাওয়ার জন্তে তপস্তা করতে হয় জানো তো? বিশ্বব্রহ্মাণ্ডের সাতজন বিধাতৃপুরুষ আছেন, এঁদের ওপর ঈশ্বর, বিধাতৃপুরুষেরা ইচ্ছা করলেই ভগবানের লোকে যেতে পারেন না—গেলে জ্ঞান হারিয়ে ফেলেন। এক্ষণে তপস্তা দ্বারা শক্তি অর্জন করতে হয়—তবে সেই সাময়িক তপস্তার সাময়িক শক্তি নিয়ে ঈশ্বর সমীপে যেতে পারেন। অথচ বিধাতৃপুরুষেরা সৃষ্টি স্থিতি প্রলয় করচেন।

—ভগবান তবে কি করচেন, তিনি কি ঠুঁটো জগন্নাথ?

—তঁার ইচ্ছাতেই সব হচ্ছে, কত্তে। একটা তৃণও নড়ে না তঁার ইচ্ছা না হোলে।

—তিনি দয়ালু? ডাকলে সাড়া দেন?

—এখনও এ সন্দেহ? এইজন্তে আমি বলি, প্রার্থনা ক'রো না তঁার কাছে কিছু। প্রার্থনা করলেই তিনি মঞ্জুর করেন। তিনি পরম করুণাময়। জীবের দুঃখ দেখে থাকতে পারেন না। হয়তো এমন অসঙ্গত প্রার্থনা করে বসলে, যা মঞ্জুর হোলে তোমার আত্মার অমঙ্গল। এইজন্তে কিছু চাইতে নেই তঁার কাছে—তিনি আমাদের মঙ্গলের দিকে দৃষ্টি রেখে সব কিছু করে যাচ্ছেন বা বিধাতৃপুরুষদের কর্মে সম্মতি দিয়ে যাচ্ছেন। এইজন্তে অনেক সময় ভগবানকে নিষ্ঠুর বলে মনে হয়। জীবের কল্যাণের জন্তে তিনি ব্যবস্থা করচেন, আমাদের তা মনঃপূত হচ্ছে না।

—ক্লেমদাস তাই বলেন।

—কে? আমাদের কবি? ওর কথা বাদ দাও। আজ এত বছরেও ওর ভাবলুতা ওকে ছেলেবেলার ওপরে উঠতে দিলে না! গোপাল আর বৃন্দাবন, আর আরতি, আর চোখের জল—আর চাঁদের আলো...

সন্ন্যাসী সেদিন বিদায় নিয়ে চলে গেলেন। পুষ্পের হাসি পায় গুঁর সব কথা ভেবে। মেয়ে-মামুভের মনের কথা এরা কি কবে জানবে? শুদ্ধ, বুদ্ধ আত্মা ওরা—ব্রহ্মের মত হয়ে গিয়েছে। শত স্নেহ প্রেম প্রীতির বাঁধনে যে মেয়েমামুভের মন বাঁধা। এও সেই বিধাতৃপুরুষদেরই গড়া নিয়ম তো, সৃষ্টিছাড়া কিছু নয়।

পৃথিবীতে কি সন্ধ্যা হয়ে এসেছে?

পুষ্প একবার নীচের দিকে চেয়ে দেখলে, তারপর পৃথিবীর সন্ধ্যায় দেখ মিলিয়ে নেমে এল কোলা-বলরামপুর গ্রামে। ষষ্ঠীনের মা রান্নাঘরের মধ্যে ভাত চড়িয়ে উত্তরের পাশে বসে আলু-বেগুন কুটচে। সে আর ঠিক তরুণী নয় এখন, বিগত-যৌবনের চিহ্ন সারা দেহে পরিস্ফুট। নতুন ধান এসেচে সামনের উঠানে, শীতের সন্ধ্যা, পাশের বাড়ীর আমতলায় ছোট ছোট ছেলেমেয়েরা আঙুন জেলে পোয়াছে।

ষষ্ঠীনের মা রান্নাঘর থেকে বল্লে—ও অভয়—কোথায় গেলি ?

পাশের বাড়ীর আমতলায় যে সব ছেলেমেয়ে আঙুন পোয়াছে, তাদের ভেতর থেকে একটি আট-ন' বছরের বালক উত্তর দিলে—কেন, কি হয়েছে ?

—ঠাণ্ডা লাগাস্ নি বাইরে। ঘরের মধ্যে আয়।

বালকের এখন সম্পূর্ণ অনিচ্ছা সমবয়সীদের মজলিস ছেড়ে এসে রান্নাঘরে ঢুকতে। সে বল্লে—আমি বাইরে বসে ধান চোঁকি দিচ্ছি যে—

—না, তোমায় ধানচোঁকি দিতে হবে না। চলে আয় ঘরে। এই উত্তরের পাড়ে বসে আঙুন পোয়া। ছেলের লেগেই আছে সর্দি কাশি—আবার রাত পঙ্কুস্ত বাইরে বসে থাকা—

আর একটি ছেলে ওকে বল্লে—মা, কাকিমা বকবে—

অভয় মুখ ভার করে মায়ের কাছে উত্তরের পাশে এসে বসলো। ওর মা বল্লে—সেই গরম জামাটা আজ গায়ে দিস্ নি ?*

—আহা-হা—সে তো ছেঁড়া !

—তা হোক, নিয়ে আয়, বড্ড শীত পড়েচে।

—না মা।

অভয়ের মা ছেলের গালে এক চড় কষিচ্ছ দিয়ে বল্লে—তোমার একগুঁয়েমিগিরি ঘুটিয়ে দেবো আমি একেবারে। ছুঁই ছেলে—এখুনি বসবে, মা আমার জ্বর এয়েচে—তখন নিয়ে এসো সাবু, নিয়ে এসো ওষুধ—যা নিয়ে আয় জামা, মাঝের ঘরের আলনায় আছে—

পুষ্প খিল্ খিল্ করে হেসে উঠে বল্লে—ও যত্না, কেমন মজা ? এ আম নয় যে একগুঁয়েমি করে নিস্তার পাবে—

পুষ্প এই সময়টা মাঝে মাঝে এখানে এসে কাটায়। অভয়ের মা ছেলেকে খাওয়ায়, কাছে বসে পড়ায়—প্রথমভাগ, ধারাপাত—পুষ্প বসে বসে দেখে। বেশ লাগে ওর।

স্বপ্নের মত মনে হয় সংসারের জীবন মৃত্যু...সন্ন্যাসীট জ্ঞানী, সব মায়া আর স্বপ্ন।

আশা-বৌদিকেও একদিন সে দেখে এসেচে। সে এখন বহুদূর মুরশিদাবাদ জেলায় এক মাঝারি গোছের গেরস্তবাড়ীর ছোট একবছরের খুকি।

সে করুণাদেবীকে বলেছিল সেদিন—এরা মিলবে কি করে দেবী ? কি করে জানবে এরা ?

দেবী হেসে উত্তর দিয়েছিলেন—ওদের সাধ্য কি ? আমরা সে যোগাযোগ ঘটিয়ে দেবো সময় এলে। দেখতেই পারি, পুষ্প।

অভয়ের মা ছেলেকে খাইয়ে দাইয়ে পাশের ঘরে ঘুমতে পাঠায়। পুষ্প এসে সেই সময়

খোকার শিয়রে এসে বলে—খোকা ঘুমল পাড়া জুড়ুল, ঘুমোও যত্না, ঘুমোও—দুই মিনি করলে মায়ের হাতের চড় মনে আছে তো ?

অভয় ঘুমিয়ে পড়লে, হয়তো এক একদিন কোনো রূপসী দেবীর স্বপ্ন দেখে, মায়ের মত জেহে তার শিয়রে বসে ঘুম পাড়াচ্ছে। মায়ের মতই বলে মনে হয় তাকে।

নৈশ আকাশ দিয়ে তারপর পুষ্প উড়ে চলে যায় তার নিজ লোকে। অগণ্য জ্যোতির্মণ্ডল, অগণ্য ব্রহ্মাণ্ড মহাব্যোমে সর্বত্র ছড়িয়ে,—অগণ্য জীবকুল, অগণ্য জীবনমৃত্যুর প্রবাহ।

পুষ্পের মন বলে ওঠে—কোথায় আছ হে কারণার্ণবশায়ী মহাবিশ্ব, মহাদেবতা, মুখের আবরণ অপসারণ কর—অপাবু, অপাবু, আমরা তোমার স্বরূপ দেখি—ধৃঢ় কর আমাদের জন্মমরণ, দয়ালু দেবতা !

স্বর্গ ও মর্ত্যের সেই মোহনায় পুষ্প এসে দাঁড়ালো।

ওর কিছুদূরে নীল শূণ্ডে আগুনের লেখা একে বিরাট এক ধূমকেতু অগ্নিপুচ্ছ দুলিয়ে নিজের গৌ-ভরে চলে গেল।—সে মূর্ত্তের হিসেব নেই। ওদের পায়ের তলায় কোন গ্রহের এক নদীতীর, হয়তো বা পৃথিবীরই—শান্ত অপরাহ্ন, একদল সাদা বক মেঘের কোলে কোলে উড়চে নলখাগড়া বনের উর্ধ্ব আকাশে।

আজ পুষ্প ঘেন দেখতে পেলে সেই দেবতাকে—নক্ষত্রজ্যোৎস্নায় ভাসানো এই অপূর্ব জীবন-উল্লাসের শ্রোতে সে জন্ম থেকে জন্মান্তরে ভেসে চলেচে যে মহাদেবতার ইঙ্গিতে। কোথায় ঘেন তিনি মহাস্বপ্নমগ্ন, তাঁর অপূর্ব সুন্দর মুখখানি, সুন্দর চোখ দুটি ঘূমে অচেতন। কি সুন্দর দেখাচ্ছে সেই স্বপ্নালসনির্মীলিত আয়ত চোখ দুটি! পুষ্প বলে—উনি উঠবেন কখন? চরণ বন্দনা করি।

পুষ্পের মনের মধ্যে থেকেই প্রশ্নের উত্তর ঐল—উনি ওঠেন না। অনন্ত শয্যায় অনন্ত নিদ্রায় মগ্ন উনি। এক এক নিঃশ্বাসে যুগযুগান্ত কেটে যায়। তুমি ওঁর চরণ বন্দনা করবে? ওঁর উপাসনা হয় না। কে করতে পারে ওঁর উপাসনা? উনি কাউকে দেখেন না, কারো উপাসনা গ্রহণ করেন না। বিশ্বজগৎ ওঁর স্বপ্ন—উনি ঘুম ভেঙে জেগে উঠলে জগৎস্বপ্ন লয় হয়ে যাবে যে! সৃষ্টি অস্তুর্হিত হবে। কিন্তু তা হয় না—সৃষ্টিও অনন্ত, ওঁর সৃষ্টিও অনন্ত। উনিই বিশ্বের আদি কারণ—সচ্চিদানন্দ ব্রহ্ম। স্কীরোদশয়নশায়ী মহাদেবতা ব্রহ্মাণ্ডের। তুমি আমি, স্বর্গ নরক, জন্ম মরণ, দেব দেবী, ঈশ্বর, পাপ পুণ্য, দেশ ও কাল—সবই তাঁর স্বপ্ন। সব তিনি। তিনি ছাড়া আর কিছু নেই—কে কার উপাসনা করবে? ওঁর স্বপ্ন ছাড়া আর উনি ছাড়া আর কি আছে?

ভক্তিবরে প্রণাম করলে পুষ্প। উপাসনা হয় না তো হয় না।

ঘন ঘূমে অচেতন সেই দেবদেবের সুন্দর চোখ দুটি, স্বর্গ ও মর্ত্যের দূরতম প্রান্তে, শুকতারার অন্তর্গত, ছায়াছবির মত মিলিয়ে গেল।

বিপিনের সংসার

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

বিপিন সকালে উঠিয়া কলাই-চটা পেয়লাটার সব এক পেয়লা চা লইয়া বসিয়াছে, এমন সময়ে দেখা গেল হেঁতুলতলার পথে লাঠিহাতে লম্বা চেহারাৰ কে যেন হন হন করিয়া উহাদের বাড়ীর দিকেই চলিয়া আসিতেছে।

বিপিনের স্ত্রী মনোরমা ঘরের মধ্যে ঢুকিয়া বলিল, দেখ তো কে একটা মিলে এদিকে আসছে !

বিপিন বলিল, জমিদার-বাড়ীর দরওয়ান গো—আমি বুঝতে পেরেছি—ডাকের ওপর ডাক, চিঠি দিয়ে ডাক, আবার লোক পাঠিয়ে ডাক।

মনোরমা বলিল, তা এসেছ তো ধর আজ দিন কুড়ি। ডাক দেওয়ার আর দোষ কি ?

বিপিনের বড় ভ্রাতৃবধু এই সময় ঘরে ঢুকিয়া বলিলেন, পলাশপুর থেকে বোধ হয় লোক আসছে—এগিয়ে যাও তো ঠাকুরপো।

বিপিন বিরক্তমুখে চায়ের পেয়লাটার চুমুক দিয়া ঘর হইতে বাহির হইয়া উঠানে গিয়া দাঁড়াইল এবং আগন্ধক লোকটির সঙ্গে দুই একটি কথা বলিয়া তাহাকে বিদায় দিয়া একখানি চিঠি-হাতে সোজা রান্নাঘরে গিয়া মাকে বলিল, এই দেখ মা, ওয়া আবার চিঠি লিখেছে—দুদিন যে জিরোব তার উপায় নেই।

বিপিনের মা বলিলেন, তা তো এয়েছ বাপু, কুড়ি-বাইশ দিন কি তার বেশি। তাদের কাজের সুবিধের জন্তেই তো তোমায় বেখেছে ? এখানে তুমি ব'সে থাকলে তাদের চলে ?

সকলের মুখেই ওই এক কথা। যেমনই মা, তেমনই স্ত্রী। কাহারও নিকটে একটু সহানুভূতি পাইবার উপায় নাই। কেবল 'যাও—যাও' শব্দ, টাকা যোজগার করিতে পার—সবাই খুশি। তোমার সুখ-দুঃখ কেহই দেখিবে না।

বিরক্তির মাধ্যম বিপিন স্ত্রীকে বলিল, আর একটু চা দাও দিকি।

মনোরমা বলিল, চা আর হবে কি দিয়ে ? দুধ বা ছিল সবটুকু দিয়ে দিলাম।

বিপিন বলিল, র চা খাব। তাই করে দাও।

—চিনিও তো নেই, র চা-ই বা কেমন ক'রে খাবে ?

—মাকে বল, গুঁর গুড়ের নাগরি থেকে একটু গুড় বের ক'রে দিতে—তাই দিয়ে কর।

মনোরমা ঝাঁক্কে সঙ্গে বলিল, মাকে তুমি বল গিয়ে। বুড়ো মানুষ ; দশমী আছে, দোয়াদশী আছে—ঐ তো একখানা গুড়ের নাগরি, তাও চা খেয়ে খেয়ে আদ্বেক খালি হয়ে গিয়েছে। এখনও তিন মাস চললে তবে নতুন গুড় উঠবে—গুঁর চলবে কিসে ? এদিকে তো নতুন এক নাগরি আখের গুড় কিনে দেবার কড়ি জুটবে না সংসারে। মায়ের কাছ থেকে যোজ যোজ গুড় চাইতে লজ্জা করে না ?

বিপিন আর কোন কথা না বলিয়া চূপ করিয়া গেল। তাহার মনটা আজ কয়দিন হইতেই ভাল নয়। প্রথম তো সংসারে দারুণ অনটন, তার উপর স্ত্রীর যা মিষ্টি বুলি। বেশ, সে পলাশপুরই যাইবে। আজই যাইবে। আর বাড়ী থাকিয়া লাভ কি? বাড়ীর কেহই তেমন পছন্দ করে না যে, সে বাড়ী থাকে।

এমন সময় বাহির হইতে গ্রামের কৃষ্ণলাল চক্রবর্তী ডাকিয়া বলিলেন, বিপিন, বাড়ী আছ হে?

বিপিন পাশের ঘরের উদ্দেশ্যে বলিল, কেটে কাকা আসছেন, স'রে যাও। পরে অপেক্ষাকৃত স্থর চড়াইয়া বলিল, আহ্নন কাকা আহ্নন, এই ঘরেই আহ্নন।

কৃষ্ণলালের বয়স চুয়াল্লিশ বছর, কিন্তু চুল বেশি পাকিয়া যাওয়ার ও অর্ধেক দাঁত পড়িয়া যাওয়ার দরুন, দেখায় যেন ষাট বছরের বৃদ্ধ। তিনি ঘরের মধ্যে ঢুকিয়া বলিলেন, ও কে এসেছিল হে, তোমার বাড়ী একজন খোট্টা-মত?

—ও পলাশপুর থেকে এসেছিল। আমায় নিয়ে যাওয়ার জন্তে।

—বেশ তো, যাও না। এখানে ব'সে মিছে কষ্ট পাওয়া—

—আহা, সেজন্তে না কেটে কাকা। পলাশপুরে বাবা যখন চাকরি করতেন, সে একদিন গিয়েছে। এখন প্রজা ঠেঙিয়ে খাজনা আদায় করার দিন নেই। অথচ টাকা না আদায় করতে পারলে জমিদারের মুখ ভার। আমি ধোপাখালির কাছারিতে থাকি; আর পলাশপুর থেকে ক্রান্ত লোক আসছে; ক্রান্ত লোক আসছে,—ক্রান্ত টাকা পাঠাও, টাকা পাঠাও—এই বুলি। বলুন দিকি, আদায় না হ'লে আমি বাপের বিষয় বন্ধক দিয়ে এনে তোমাদের টাকা যোগাব গশায়?

কৃষ্ণ চক্রবর্তী বলিলেন, তোমার বাবার আমলের সেই পুরোনো মনিবই আছে তো? তারা তো জানে তুমি বিনোদ চাটুজ্জের ছেলে—তোমার বাপের দাপটে—

—জানে ব'লেই তো আরো মুশকিল। বাবা যে ভাবে খাজনা আদায় করতেন, এখনকার আমলে তা চলে না, কাকা,—অসম্ভব। দিনের হাওয়া বদলেছে, এখন চোখ কান ফুটেছে সবায়ট। সত্যি কথা বলছি, আমার ও কাজ ভাল লাগে না। প্রজা ঠেঙাবার জন্তেও না—তাতে আমার তত ইয়ে হয় না, কিন্তু জমিদার আর জমিদারগিন্নী ঘুণ একেবারে। কেবল 'দাও দাও' বুলি। না দিলেই মুখ ভার।

—তা আর কি করবে বল! পরের চাকরি করার তো কোন দরকার ছিল না তোমার, বিনোদদাদা যা ক'রে রেখে গিয়েছিলেন—পায়ের প'পরে পা দিয়ে বসে খেতে পারতে—সবই যে উড়িয়ে দিলে! বিনোদদাদাও চোখ বুজলেন, তোমরাও গড়াতে শুরু করলে! এখন আর হা-হাভাশ করলে কি হবে, বল?

এ সব কথা বিপিনের তেমন ভাল লাগিতেছিল না। স্পষ্ট কথা কাহারও ভাল লাগে না। সে ভাড়াভাড়ি বলিয়া উঠিল, সে যাক কাকা, আমার একটা শশর চারা দিতে পারেন? আছে বাড়ীতে?

এই সময় বিপিনের বিধবা বোন বীণা ঘরে ঢুকিয়া বলিল, দাদা, মা ভাকছে, একবার রান্না-ঘরের দিকে গুনে যাও।

ইহার অর্থ সে বোঝে। সংসারে হেন নাই, ভেন নাই—লগা ফর্দ ভনিত্তে হইবে—মা নয়, স্ত্রীর নিকট হইতে। কৃষ্ণলাল বসিয়া থাকার দরুন মায়ের নাম দিয়া ভাক আসিতেছে।

বিপিন বলিল, বহুন কাকা, আসছি।

কৃষ্ণলাল উঠিয়া পড়িলেন, সকালবেলা বসিয়া থাকিলে তাঁর চলিবে না, অনেক কাজ তাঁর।

মনোরমা দ্বালানের ঘোরে আসিয়া দাঁড়াইয়া ছিল। বলিল, কেউকাকার সঙ্গে বসে গল্প করলে চলবে তোমার ?

—ঘুরিয়ে না ব'লে সোজা ভাবেই কথাটা বল না কেন ? কি নেই ?

—কিছু নেই। এক হানা চাল নেই, তেল নেই, ডাল নেই, একটি আলু নেই। হাঁড়ি চড়বে না এ বেলা।

বিপিন ঝাঁঝের সঙ্গে বলিল, না চড়ে না চড়ুক, রোজ রোজ পারি নে। এক বেলা উপোস ক'রে সব প'ড়ে থাক।

মনোরমা বড়াহুবে জবাব দিল, লজ্জা করে না এ কথা বলতে ? আমি আমার নিজের জন্তে বলি নি। মা কাল একাদশীর উপোস ক'রে রয়েছেন, উনিও কি আজও উপোস ক'রে পড়ে থাকবেন ? সব কি আমার জন্তে সংসারে আসে ? ওই বীণারও গিয়েছে কাল একাদশী—ও ছেলেমাহুভ, কপালই না হয় পুড়েছে, খিদেতেটা তো পালার নি তা ব'লে ?

মনোরমার যুক্তি নিষ্ঠুর.....অকাট্য।

বিপিন বাড়ী হইতে বাহির হইয়া ভেমাখার মোড়ের বড় তেঁতুলতলার ছায়ার একথানা বে কাঠের গুঁড়ি পড়িয়া আছে, তাহারই উপর আসিয়া বসিল।

চাল নাই, ডাল নাই, এ নাই, ও নাই—সে তো চুরি করিতে পারে না ? একটি পয়লা নাই হাতে। বাজারের কোন দোকানে ধার দিবে না। বহু জায়গায় দেনা। উপায় কি এখন ?

না, পলাশপুরেই যাওয়া স্থির। বাড়ীর এ নয়কষস্রগার চেয়ে সে ভাল, দিনরাত মনোরমার মধুর বাক্য আর কেবল 'নাই নাই' বলি তো ভনিত্তে হইবে না ? প্রজা ঠেড়ানোর অনিচ্ছা ইত্যাদি বাজে ওজর, ও কিছু না, সে বিনোদ চাটুজ্জের ছেলে, প্রজা ঠেড়াইতে পিছপাও না ; কিন্তু আর একটা কথাও আছে তাহার সেখানে বাইবার অনিচ্ছার মূলে।

ধোপাখালি কাছারির তহবিল হইতে সে জমিদারদের না জানাইয়া চাঁদাটা টাকা ধার করিয়াছিল, তাহা আর শোধ দেওয়া হয় নাই। বিপিনের ভয় আছে, হয়তো এই ব্যাপারটা ধরা পড়িয়া গিয়াছে, সেই অন্তই জমিদারের এত ঘন ঘন ভাগাদা তাহাকে লইয়া বাইবার জন্ত।

বিপিনের ছোট ভাই বলাই আজ চার-পাঁচ মাস অসুস্থ। তাহার চিকিৎসার ব্যবস্থা করার জন্যই টাকা কয়টির নিত্যস্ত দরকার ছিল। বলাইকে রাণাঘাটে লইয়া গিয়া বড় ভাস্করকে দেখানো হইয়াছে এবং এখন আগের চেয়ে সে অনেকটা সারিয়া উঠিয়াছে বলিয়া ভাস্কর আশ্বাস দিয়াছেন। বলাই বর্তমানে রাণাঘাটেই মিশনারি হাসপাতালে আছে।

২

পরদিন পলাশপুরে বাওয়ার পথে বিপিন রাণাঘাট হাসপাতালে গেল। স্টেশন থেকে হাসপাতাল প্রায় মাইলখানেক দূরে। বেশ কাঁকা ঘাটের মধ্যে। বলাই দাদাকে দেখিয়া কাঁদিতে আরম্ভ করিল।

—দাদা, অমায় এখানে এয়া না খেতে দিলে মেরে ফেললে, আমায় বাড়ী নিয়ে যাবে কবে? আমি তো মেরে গেছি, না গেয়ে মলাম; তোমার পায়ে পড়ি দাদা, বাড়ী কবে নিয়ে যাবে বল।

—খেতে দেয় না তোর অস্থ ব'লেই তো। আচ্ছা, আচ্ছা, পলাশপুর থেকে ফিরবার পথে তোকে নিয়ে যাব ঠিক। কি খেতে ইচ্ছে হয়?

—মাংস খাই নি কতদিন। মাংস খেতে ইচ্ছে হয়—বৌদিদির হাতে রান্না মাংস—

—আচ্ছা হবে হবে। এই মাসেই নিয়ে যাব।

বিপিন আড়ালে নার্সকে জিজ্ঞাসা করিল, আমার ভাই মাংস খেতে চাইছে—একটু আধটু—

নার্স এদেশী খ্রীষ্টান, পূর্বে কৈবর্ত ছিল, গোলগাল, দোহারা, বেশি বহুস নয়—জুকুটি করিয়া বলিল, মাংস খেয়ে মরবে যে! নেফ্রাইটিসের রুগী, অত্যন্ত ধরাকাঠের মধ্যে না রাখলে যা একটু সেরে আসছে, তাও যাবে। মাংস।

বৈকালের দিকে পাঁচ মাইল পথ হাঁটিয়া বিপিন পলাশপুরে পৌঁছিল।

বিপিনের বাবা ষ'বিনোদ চাটুজ্যে এখানে কাজ করিয়া গিয়াছেন, সুতরাং বিপিনের জমিদার-বাড়ীর সর্বত্র অবাধ গতি। সে অন্যরে ঢুকিতেই জমিদার-গৃহিণী বলিয়া উঠিলেন, আরে এস এস বিপিন, কখন এলে? তারপর, তোমার ভাই এখনও সেই হাসপাতালেই রয়েছে? কেমন আছে আজকাল?

জমিদার অনাদি চৌধুরী বিপিনের গলার স্বর শুনিয়া দোতলা হইতে ডাক দিয়া বলিলেন, ও কে? বিপিন না? এলে এতদিন পরে? দশ দিনের ছুটি নিয়ে বাড়ী গিয়ে করলে দুমাস। এ রকম করে কাজ চলবে? দাঁড়াও, আমি আসছি—

বিপিন জমিদার-গৃহিণীকে প্রণাম করিল। গৃহিণীর বয়স চল্লিশ ছাড়াইয়াছে, রং ফর্গা,

ঝোঁটাঝোঁটা চেহারা, পরনে চণ্ডা লাল পাড় শাড়ি, হাতে ছই গাছা সোনার বালা ছাড়া অন্য কোন গহনা নাই। তিনি বলিলেন, এস এস, বেঁচে থাক। তোমাকে ডাকার আরও বিশেষ দরকার, খুকীকে নিয়ে জামাই আসছেন বৃথবারে। ঘরে একটা পয়সা নেই। ধোপাখালির কাছারি আজ ছুয়াস বন্ধ। তাগাধাপত্র না করলে জামাই এলে একেবারে মুশকিলে প'ড়ে যেতে হবে। সেইজন্তে কর্ত্তা তোমার ওখানে কাল লোক পাঠিয়েছিলেন তোমায় নিয়ে আসতে।

অনাদি চৌধুরী ইতিমধ্যে নামিয়া আসিয়াছিলেন। তাঁর বয়স বাটের উপর, বর্ত্তমান গৃহিণী তাঁর দ্বিতীয় পক্ষ। বাতের রোগী বলিয়া খুব বেশি নড়াচড়া করিতে পারেন না, যদিও শরীর এখনও বেশ বলিষ্ঠ। এক সময়ে দুর্দান্ত জমিদার বলিয়া ইহার যথেষ্ট খ্যাতি ছিল।

অনাদি চৌধুরী বলিলেন, খুকী আসছে বৃথবারে। এদিকে ধোপাখালি কাছারি আজ ছুয়াস বন্ধ। একটা পয়সা আদায়-তলিল নেই। তোমার কাণ্ডজ্ঞানটা যে কি, তাও তো বুঝি নে! তোমার বাবার আমলে এই মহল থেকে তিনশো টাকা ফি মাসে আদায় ছিল আর এখন সেই জায়গায় পঞ্চাশ-ষাট টাকা আদায় হয় না। তুমি কাল সকালেই চ'লে যাও কাছারিতে। মঙ্গলবার রাতের মধ্যে আমার চল্লিশটা টাকা চাইই, নইলে মান যাবে, জামাই আসছে এতকাল পরে, কি মনে করবে? আদর-যত্ন করবো কি দিয়ে?

জমিদার-গৃহিণী বলিলেন, আর আসবার সময় কিছু কুমড়া, বেগুন, খোড় কিংবা মোচা আর যদি পার ভাল মাছ একটা রঘুদের পুকুর থেকে, আর কিছু শাকসব্জি আনবে। ঘানি-ভাঙানো সর্ষে তেল এনো আড়াই সের, আর এক ডাঁড় আখের গুড় যদি পাও—

বিপিন মনে মনে হাসিল। জমিদার-গৃহিণী যে এই সমস্ত আনিতে বলিতেছেন, সবই বিনা মূল্যে প্রজ্ঞা ঠেঙাইয়া। নতুবা পয়সা ফেলিলে জিনিসের অভাব কি? 'যদি পাও' কথাই মানেই হইল 'যদি বিনামূল্যে পাও'—এমন ছোট নজর, আর এমন কৃপণ স্বভাব! পরের জিনিস এমনই যোগাইতে পার, খুব খুশি। দায় পড়িয়াছে বিপিনের পরের শাপমন্তি কুড়াইয়া তাঁহাদের জন্তে বেসাত্তি আনিবার, এমনই তো ছোট ভাইটা হাসপাতালে পড়িয়া শুবিতেছে। এই সব জন্তই এখানকার চাকুরির অন্ন তাহার গলা দিয়া নামে না।

৩

পলাশপুর হইতে ধোপাখালির কাছারি আট ক্রোশ। নায়েবের জন্ত গাড়ী ব্যবস্থা করিবেন তেমন পাত্র নন অনাদি চৌধুরী—সুতরাং সারা পথ হাঁটিয়া সন্ধ্যার পূর্বে বিপিন কাছারি পৌঁছিল। কাছারি-ঘরে ক্যানেন্স-কাটা টিনের দেওয়াল, চাল খড়ের। স্থানীয় জর্নৈক নাপিতের পুত্র মাসিক বারো আনা বেতনে কাছারিতে ঝাঁটপাটের কাজকর্ম করে। বিপিন তাহাকে সংবাদ দিয়া আনাইল, সে ঘর খুলিয়া ঝাঁট দিয়া কাছারি-ঘরটাকে রাজিবাসের কভকটা

উপযোগী করিয়া তুলিল বটে, কিন্তু বিপিনের ভয় হইতেছিল, মেঝেতে যে রকম বড় বড় চার-পাচটা ইঁদুরের গর্জ হইয়াছে রাজিবেলা সাপখোপ না বাহির হয় !

চাকর ছোকরা একটি কাচভাঙা হ্যারিকেন লঠন জালিয়া ঘরের মেঝেতে রাখিয়া বলিল, নায়েববাবু রাজে কি খাবা ?

—কিছু খাব না। তুই যা।

—সে কি বাবু! তা কখনও হ'তি পারে ? খাবা না কিছু, রাত কাটা বা কেমন ক'রে ? একটু দুধ দেখে আসি পাড়ার মধ্যে, আপনি বসেন বাবু।

এই ছোকরা চাকর যে যত্ন করে, দরদ দেখায়, বিপিন অনেক আপনার লোকের কাছেও ভেমন ব্যবহার পায় নাই, একথা তাহার মনে হইল।

অন্ধকার রাজি।

কাছারির সামনে একটু ফাঁকা মাঠ, অল্প সব দিকে ঘন বাঁশবন, এক কোণে একটা বড় বাদাম গাছ। অনাদি চৌধুরীর বাবা হরিনাথ চৌধুরী কাছারি-বাড়ীতে এটি শখ করিয়া পুঁতিয়া-ছিলেন, ফলের জন্ম নয়, বাহার ও ছায়ার জন্ম। বাঁশবনে অন্ধকার রাজে ঝাঁকে ঝাঁকে জোনাকি ঘুরিয়া ঘুরিয়া চক্রাকারে উড়িতেছে, ঝাঁঝ ডাকিতেছে, মশা বিন্ বিন্ করিতেছে কানের কাছে—কাছারির কাছাকাছি লোকজনের বাস নাই—ভারী নির্জন।

বিপিন একা বসিয়া বাহরের দিকে চাহিয়া ভাবিতে লাগিল। কত কথাই মনে আসে! বাড়ী হইতে আসিয়া মন ভাল নয়, হাসপাতালে ছোট ভাইটার রোগশীর্ণ মুখ মনে পড়িল। মনোরমার বাঁঝালো টুক টুক কথাবার্তা। সংসারের ঘোর অনটন। বাজারে হেন দোকান নাই, যেখানে দেনা নাই। আজ শনিবার, সামনের বুধবারে মহল হইতে চল্লিশটা টাকা ও একগাদা ফল, তরকারিপত্র, মাছ, দুই জমিদার-বাড়ী লইয়া বাইতে হইবে জামাইয়ের অভ্যর্থনার যোগাড় করিতে। তিন দিনের মধ্যে এ গরীব গায়ে চল্লিশটা টাকা আদায় হওয়া দূরের কথা, দশটি টাকা হয় কিনা সন্দেহ—অথচ জমিদার বা জমিদার-গিন্নী তা বুঝিবেন না—দিতে না পারিলেই মুখ ভারী হইবে তাঁদের! কি বিষয় মুশকিলেই সে পড়িয়াছে। অথচ চিরকাল তাহাদের এমন অবস্থা ছিল না। বিপিনের বাবা এই কাছারিতে এক কলমে উনিশ বছর কাটাইয়া গিয়াছেন, এই জমিদারদের কাছে! যথেষ্ট অর্থ রোজগার করিতেন, বাড়ীতে লাঙল রাখিয়া চাষবাস করাইতেন, গ্রামের মধ্যে যথেষ্ট নামডাক, প্রতিপত্তি ছিল।

বাবা চক্ষু বুজবার সঙ্গে সঙ্গে সব গেল। কতক গেল দেনার দ্বায়ে, কতক গেল তাহারই বদখেয়ালিতে। অল্প বয়সে কাঁচা টাকা হাতে পাইয়া কুসঙ্গীর দলে ভাড়ায়া স্মৃতি করিতে গিয়া টাকা তো উড়িলই, ক্রমে জমিজমা বাঁধা পড়িতে লাগিল।

ভারপর বিবাহ। সে এক মজার ব্যাপার।

তখনও পর্যাস্ত বতটুকু নামডাক ছিল পৈতৃক আমলের, তাহারই কলে এক অবস্থাপন্ন বড় গৃহস্থের ঘরের মেয়ের সহিত হইল বিবাহ। মেয়ের বাবা নাই, কাশ বড় চাকুরি করেন, শালাশালীরা সব কলেজে-পড়া, বিপিন ইংরাজীতে কোনও রকমে নাম লই করিতে পারে

মাজ। মনোরমা শক্তিবাড়ী আসিয়াই বুকিল বাহির হইতে বস্ত্র নামতাকই থাকুক, এখানকার ভিতরের অবস্থা অন্তঃসারশূন্য। সে বড় বংশের মেয়ে, মন গেল তার সম্পূর্ণ বিরূপ হইয়া; স্বামীর সহিত সম্ভাব জমিতে পাইল না যে, ইহাতে বিপিন মনেপ্রাণে স্ত্রীকে অপরাধিনী করিতে পারে কই ?

—এই যে লায়ববাবু কখন আসেন ? দণ্ডবৎ হই।

বিপিনের চমক ভাঙিল, আগন্তুক এই গ্রামেরই একজন বড় প্রজা, নরহরি দাশ, জাততে মুচি, শূণ্ডের ব্যবসা করিয়া হাতে ছুপয়সা করিয়াছে।

বিপিন বলিল, এস নরহরি, বড় মুশকিলে পড়েছি, বুধবারের মধ্যে চার্শশটি টাকার যোগাড় কি ক'রে করি বল তো ? বাবুর জামাই-মেয়ে আসবেন, টাকার বড় দরকার। আমি তো এলাম দুমান পরে। টাকা যোগাড় না করতে পারলে আমার তো মান থাকে না—কি করি, ভারী ভাবনায় পড়ে গেলাম যে !

নরহরি বলিল, এসব কথা এখন নয় বাবু। খাওয়া-দাওয়া করুন, কাল বেনবেলা আমি আসপো কাছারিতে—তখন হবে।

ইতিমধ্যে কাছারির ছোকরা চাকর একটা ঘটিতে কিছু দুধ ও কেঁচড়ে কিছু মুড়ি লইয়া ফিরিল। নরহরি বলিল, আপনি সেবা করুন লায়ববাবু, আজ আসি। কাল কথাবার্তা হবে। কাছারি-ঘরের দোরটা একটু ভাল ক'রে আগড় বন্ধ ক'রে শোবেন রাতে—বড় বাঘের ভয় হয়েছে আজ কড়া দিন।

বিপিন সকালে একটা বিষয়ে নিশ্চিত হইয়া বাটিল। তহবিলের টাকার ঘাটতি ইহার টের পায় নাই। তবুও টাকাটা এবার তহবিলে শোধ করিয়া দিতে হইবে, জমিদার হিসাব তলব করিতে পারেন, এতদিন পরে যখন সে আসিয়াছে। তাহা হইলে অন্ততঃ আশি টাকার আপাততঃ দরকার, এই তিনাদনের মধ্যে।

তিনটি দিন বাকী মোটে। এখন কোন ফসলের সময় নয়, আশি টাকা আদায় হইবে কোথা হহতে ? পাইক গয়া প্রজাপত্র ডাকাইয়া আনিব, সকলের মুখেই এক বুলি, এখন টাকা তায় দেয় কি করিয়া ?

নরহরি দাশ পনেরটি টাকা দিল। ইহার বেশি তাহার গলা কাটিয়া ফেলিলেও হইবে না। বিপিন নিজে প্রজাদের বাড়ী বাড়ী ঘুরিয়া আরও দশটি টাকা আদায় করিল দুইদিনে। ইহার বেশি হওয়া বর্তমানে অসম্ভব।

বিপিন একবার কামিনী গোয়ালিনীকে ডাকাইল।

এ অঞ্চলে অনেকে জানে যে, বিপিনের বাবা বিনোদ চাটুজের সঙ্গে কামিনীর নাকি বেশ একটু ঘনিষ্ঠতা ছিল। এখন কামিনীর বয়স পঞ্চান্ন-ছায়ায়, একহারা, স্ত্রীমবর্ণ—হাতে মোটা সোনার অনন্ত। সে বিপিনকে মেহের চক্ষে দেখে, বিপিন যখন দশ-বারো বছরের বালক, বাবার সঙ্গে কাছারিতে আসিত তখন হইতেই সে বিপিনকে জানে। বিপিনও তাহাকে স্নেহ করিয়া চলে।

কামিনী প্রথমে আসিয়াই বিপিনের ছোট ভাইয়ের কথা জিজ্ঞাসা করিল।

বাবা, তারে তুমি কলকাতায় নিয়ে গিয়ে বড় একটা ডাক্তার-ডাক্তার দেখাও—ওখানে বাচবে না। রাগাঘাটের হাসপাতালে কি হবে? ছোঁড়াডাকে তোমরা সবাই মেলে মেয়ে ফেলবা দেখছি।

—করি কি মাসীমা, জান তো অবস্থা। বাবা মারা যাওয়ার পরে সংসারে আগের মত জুত নেই। বাবার দেনা শোধ দিয়ে—

কামিনী ঝাঁঝিয়া উঠিয়া বলিল, কর্তার দেনার জন্তে যায় নি—গিয়েছে তোমার উড়কুড়ে শতাবের জন্তে—আমি জানি নে কিছু? কর্তা যা রেখে গিয়েছিলেন ক'রে, তাতে তোমাদের দুই ভায়ের ভাতের ভাবনা হ'ত না। বিষয়-আশয়, গোলাপালা, তোমার পৈতের সময় হাজার লোক পাত পেড়ে ব'সে খেয়েছিল—কম বিষয়ভা ক'রে গিয়েছিলেন কর্তা? তোমরা বাবা সব ঘুচলে। তাঁর মত লোক তোমরা হ'লে তো!

বিপিন দেখিল সে ভুল করিয়াছে। বাবার কোন ক্রটির উল্লেখ ইহার সামনে করা উচিত হয় নাই—সে বরাবর দেখিয়া আসিয়াছে কামিনী মাসী তাহা-সহ্য করিতে পারে না। ইহার কাছে কিছু টাকা আদায় করিতে হইবে, রাগাইয়া লাভ নাই। স্বর বেশ ঘোলায়েম করিয়া বলিল, ও কথা যাক মাসীমা, কিছু টাকা দিতে পার, এই গোটা চল্লিশ টাকা। কিস্তির সময় আদায় ক'রে আবার দেব।

কামিনী পূর্ববৎ ঝাঁঝের সঙ্গেই বলিল, টাকা, টাকা! টাকার গাছ দেখেছ কিনা আমার? সেবার এক কাড়ি টাকা যে নিলে আর উপুড়-হাত করলে না, আর একবার দেলাম কুড়ি টাকা পুজোর সময়; তোমার কেবল টাকার দরকার হ'লেই—মাসী মাসী। বাতে যে পঙ্গু হয়ে পড়ে ছিলাম কুড়ি-পঁচিশ দিন—খোঁজ করেছিলে মাসীমা বলে?

বিপিন কামিনী মাসীকে কি করিয়া চালাইতে হয় জানে! তরুণ-তরুণীদের কাছে প্রৌঢ় বা প্রৌঢ়াদের দুর্বলতা ধরা পড়িতে বেশিক্ষণ লাগে না। তাহারাজানে উহাদের কি করিয়া হাতে রাখিতে হয়। সুতরাং বিপিন হাসিয়া বলিল, খোকার ভাতের সময় তোমায় নিয়ে যাব ব'লে সব ঠিক মাসী, এমন সময় বলাইটা অস্থখে পড়ল; তোমার টাকাকড়িও সব তো এতদিন শোধ হয়ে যেত, ওর অস্থখটা যদি না হ'ত।

কামিনী কিছুক্ষণ চুপ করিয়া কি ভাবিল, তারপর হঠাৎ জবাব দিল, আচ্ছা, হয়েছে চের, আর বলার কাজ নেই বাপু। বেলা হয়েছে, চললাম আমি। কদিন আছ এখানে?

—মঙ্গলবার সন্ধ্যাবেলা কি বুধবার সকালে যাব। মাসীমা, যা বললাম কথাটা মনে রেখ। টাকাটা যদি ষোগাড় ক'রে দিতে পারতে, তবে বড় উপকার হ'ত। তোমার কাছে না চাইব তো কার কাছে চাইব, বল!

কামিনী সে কথায় তত কান না দিয়া আপন মনে চলিয়া গেল। বাইবার সময় বলিয়া গেল, তোমার পাইককে কি ওই নটবরের ছেলটাকে আবার বাড়ীতে পাঠিয়ে দিও, পেপে পেকেছে সন্দেহে।

মঙ্গলবার বৈকালে কামিনীর কাছে পাওয়া গেল পঁচিশটি টাকা। ধোপাখালির হাট হইতে জমিদার-গিন্নীর ফরমাশমত জিনিসপত্র কিনিয়া বিপিন বুধবার শেষ স্নাত্তির দিকে গরুর গাড়ী করিয়া রওনা হইল এবং বেলা দশটার সময় পলাশপুর আসিয়া পৌঁছিল।

জমিদার-বাড়ী পৌঁছিবাব পূর্বে শুনিল, জামাইবাবু কাল রাতে আসিয়া পৌঁছিয়াছেন। জমিদারবাবুর অবস্থা এখন তত ভাল নয় বলিয়া তেমন বড় পাঞ্জে মেয়েকে দিতে পারেন নাই। জামাই আইন পাস করিয়া আলিপুর কোর্টে ওকালতি করেন। কলিকাতায় বাড়ী আছে—পৈতৃক বাড়ী, যদিও দেশ এই পলাশপুরের কাছেই নোনাপাড়া।

তিরিতরকারির ধামা গরুর গাড়ী হইতে নামাইতে দেখিয়া জমিদার-গৃহিণী খুশি হইয়া বলিলেন, ওই দেখ, বিপিন মহল থেকে কত জিনিসপত্র এনেছে! কুমড়াটা কে দিলে বিপিন? কি চমৎকার কুমড়াটি!

বিপিন বলিল, দেবে আবার কে? কাল হাটে কেনা।

—আর এই পটল, ঝিঙে, শাকের ডাঁটা?

—ও সব হাটে কেনা। দেবে কে বলুন, কার দোরেই বা আমি চাইতে যাব?

—ওমা, সব হাটে কেনা! তা এত জিনিস পয়সা খরচ ক'রে না আনগেই হ'ত। মহল থেকে আগে তো দেখেছি কত জিনিসপত্র আসত, তোমার বাবাই আনতেন, আর আজকাল ছাই বলতে ছাইও তো কখনও দেখি নে। ওটা কি, মাছ দেখেছি যে, বেশ মাছ! ওটাও কেনা নাকি?

—আড়াই সের, সাত আনা দরে, সাড়ে সত্তেরো আনায় নগদ কেনা।

জমিদার-গিন্নী বিরক্তির মুখে বলিলেন, কে বাপু তোমায় বলেছিল নগদ পয়সা ফেলে আড়াই সের মাছ কিনে আনতে? মহলে নেই এক পয়সা আদায়, এর ওপর তিরিতরকারি মাছে দু'টাকার ওপর খরচ ক'রে ফেলতে কে বলেছিল, জিগ্যেস করি।

বিপিন বলিল, দু'টাকার ওপর কি বলছেন? সাড়ে তিন টাকা খরচ হয়েছে। আপনি সেই এক নাগরি আখের গুড় আনতে বলেছিলেন, তাও এনেছি। সাড়ে সাত সের নাগরি, তিন আনা ক'রে সের হিসেবে—

জমিদার-গিন্নী রাগিয়া বলিলেন, থাক, আর হিসেব দেখাতে হবে না। তোমাকে আমি ওসব কিনে আনতে কি বলেছিলাম যে আমার কাছে হিসেব দেখাচ্ছ?

বিপিন খুশির সহিত ভাবিল, বেশ হয়েছে, মরছেন অ'লে পয়সা খরচ হয়েছে ব'লে। কি কল্পস আর কি ছোট নজর রে বাবা!

মুখে সে কোন কথা না বলিয়া চুপ করিয়া রহিল।

জামাইটির সঙ্গে তাহার দেখা হইল বিকালের দিকে। বয়স ছাব্বিশ-সাতাশ বছর, একটু হুটপুট, চোখে চশমা, গজীর মুখ—বৈঠকখানায় বসিয়া কি হেঁরেকী কাগজ পড়িতেছিলেন। বিপিন বার কয়েক বৈঠকখানায় যাওয়া-আসা করিল বটে, কিন্তু জামাইবাবু বোধ করি তাহার অস্তিত্বের প্রতি বিশেষ কিছু মনোযোগ না দিয়াই একমনে খবরের কাগজ পড়িয়া যাইতে লাগিলেন।

বিপিনের রাগ হইল। তখনই সে সংকল্প করিল, সেও দেখাইবে, বড়লোকের জামাইকে মে গ্রাহ্যও করে না। তুমি আছ বড়লোকের জামাই, তা আমার কি ?

বিপিন বৈঠকখানা-ঘরে ঢুকিয়া ফরাশ বিছানো চোকির এক পাশে বসিয়া রহিল খানিকক্ষণ নিঃশব্দে। দশ মিনিট কাটিয়া গেল, জামাইবাবু তাহার দিকে ফিরিয়াও চাহিলেন না বা একটা কথাও বলিলেন না।

বিপিন পকেট হইতে বিড়ি বাহির করিয়া ধরাইল এবং ইচ্ছা করিয়াই ধোঁয়া ছাড়িতে লাগিল এমন ভাবে যাহাতে জামাইয়ের চোখে পড়ে।

জামাইবাবু বোধ হয় এবার ধূস হইতে বাহুমান পর্বত্তের অস্তিত্ব অহুমান করিয়া খবরের কাগজ চোখের সম্মুখে হইতে নামাইলেন। বিপিনকে তিনি চেনেন, বিবাহের পর দুই তিন বার দেখিয়াছেন, শস্ত্রের জামদারির জনৈক কণ্ঠচায়ী বলিয়া জানেন। তাহাকে একুশ নিকিরকার ও বেপরোয়া ভাবে তাঁহার সম্মুখে বিড়ি ধরাইয়া থাইতে দেখিয়া তিনি বিস্মিত তো হইলেনই, লোকটার বেয়াদবিতে একটু রাগও হইল।

কিন্তু সে বেয়াদবি সীমা অতিক্রম করিয়া তাহাকে সম্পূর্ণ নির্বাক করিয়া দিল, যখন সেই লোকটা দাঁত বাহির করিয়া একগাল হাসিয়া বলিল, জামাইবাবু, কেমন আছেন ? চিনতে পারেন ? বিড়ি-টিড়ি খান নাকি ? নিন না, আমার কাছে আছে।

কথা শেষ করিয়া লোকটা একটা দেশলাই ও বিড়ি তাঁহার দিকে আগাইয়া দিতে আসিল। নিভাস্ত বেয়াদব ও অসভ্য।

জামাইবাবু বিপিনের দিকে না চাহিয়া গজীর মুখে সংক্ষেপে উত্তর দিলেন, থাক, আছে আমার কাছে।—বলিয়া পকেট হইতে রোপ্যানিমিত সিগারেটের কেস বাহির করিয়া একটা সিগারেট ধরাইলেন। বিপিন ইহাতে অপমানিত মনে করিল। প্রতিশোধ লইবার জন্য পাণ্টা অপমানের জন্য কোন ফাঁক খুঁজিয়া না পাইয়া সে বলিয়া উঠিল, জামাইবাবুর ও কি সিগারেট ? একটা এদিকে দিন দিকি !

বাঙালী গোমস্তা জমিদারবাবুর জামাইয়ের নিকট সিগারেট চায়, ইহার অপেক্ষা বেয়াদবি ও অপমান আর কি হইতে পারে ? বিপিন সিগারেটের জন্য গ্রাহ্যও করে না; কিন্তু লোকটাকে অপমান করিয়াই তাহার সুখ।

জামাইবাবু কিন্তু রোপ্যানিমিত সিগারেট-কেস হইতে একটা সিগারেট বাহির করিয়া

তাহার দিকে ছু ডিয়া দিলেন, কোন কথা বলিলেন না।

বিপিন সিগারেট ধরাইয়া বলিল, তারপর জামাইবাবু কবে এলেন ?

—কাল রাত্রে।

—বাড়ীর সব ভাল তো ?

—হঁ।

—আপনি এখন সেই আলিপুরেই ওকালতি করছেন ?

—হঁ।

—বেশ বেশ। দিদিমণি আর ছেলেপুলেদের সব এখানে এনেছেন না কি ?

—হঁ।

এতগুলি কথার উত্তর দিতে গিয়া জামাইবাবু একবারও তাহার দিকে চাহিলেন না বা খবরের কাগজ সেই যে আবার চোখের সামনে ধরিয়া আছেন তাহা হইতে চোখও নামাইলেন না।

বিপিনের ইচ্ছা হইল, আরও একটু শিক্ষা দেয় এই শহরে চালবাজ লোকটাকে। অল্প কোনও উপায় না ঠাওরাইতে পারিয়া বলিল, মানীর শরীর বেশ ভাল আছে তো ?

মানী জমিদারবাবুর মেয়ে সুলতার ডাকনাম। ডাকনামে গ্রামের মেয়েকে ডাকা এমন কিছু আশ্চর্য্য ব্যাপার নয়, যদি বিপিনের বয়স বেশি হইত। কিন্তু তাহার বয়স জামাইয়ের চেয়ে এমন কিছু বেশি নয়, বা সুলতাও নিতান্ত বালিকা নয়, কম করিয়া ধরিলেও সুলতা বাইশ বছরে পড়িয়াছে গত জ্যৈষ্ঠ মাসে।

এইবার প্রত্যাশিত ফল ফলিল বোধ হয়, জামাইবাবু হঠাৎ মুখ হইতে খবরের কাগজ নামাইয়া বিপিনের দিকে চাহিয়া একটু কড়া গম্ভীর স্বরে প্রশ্ন করিলেন, মানী কে ?

অর্থাৎ মানী কে তিনি ভাল বকমেই জানেন, কিন্তু জমিদার-বাড়ীর মেয়েকে 'মানী' বলিয়া সম্বোধন করিবার বেয়াদবি তোমার কি করিয়া হইল—ভাবখানা এইরূপ।

বিপিন বলিল, মানী মানে দিদিমণি—বাবুর মেয়ে, আমরা মানী ব'লেই জানি কিনা। আমাদের চোখের সামনে মাহুধ—

ঠিক এই সময়ে চাঁও জলযোগের জল অন্দর-বাড়ী হইতে জামাইবাবুর ডাক পড়িল।

বিপিন বসিয়া আর একটু বিড়ি ধরাইল, শহরে জামাইবাবুর চালবাজি সে ভাঙিয়া দিয়াছে। বিপিনকে এখনও ও চেনে নাই। চাকুরির পরোয়া সে করে না, আর কেহ যে তাহার সামনে চাল দেখাইয়া তাহাকে ছোট করিয়া রাখবে—তাহার ইহা অসম্ভব।

ঝি আসিয়া বলিল, নায়েববাবু, মা-ঠাকরুন বললেন, আপনি কি এখন জল-টল কিছু খাবেন ?

রাগে বিপিনের গা জলিয়া গেল। এইভাবে জিজ্ঞাসা করিয়া পাঠাইলে অতি বড় নির্লজ্জ লোকও কি বলিতে পারে যে সে খাইবে ? ইহাই ইহাদের বলিয়া পাঠাইবার ধমন। মাখে কি সে এখানে থাকিতে নাযাজ।

রাত্রে খাওয়ার সময়েও এই ধরনের ব্যাপার অল্প রূপ লইয়া দেখা দিল।

দালানের একপাশে জামাইবাবু ও তাহার খাবার জায়গা হইয়াছে। জামাইয়ের পাতেৱ চারিদিকে আঠারোটা বাটি, তাহাকে দিবার সময় সব জিনিসই পাতে দিয়া বাইতেছে। তাহার পরে দেখা গেল, জামাইবাবুর পাতে পড়িল পোলাও, তাহার পাতে সাদা ভাত। অথচ বিপিন বিকাল হইতেই খুশির সহিত ভাবিয়াছে, রাত্রে পোলাও খাওয়া যাইবে। পোলাও রান্নার কথা সে জানিত।

কি ভাগ্য, জামাইয়ের পাতে লুচি দেওয়ার সময় জমিদার-গিন্নী তাহার পাতেও খান চার লুচি দিলেন।

বিপিন খাইয়ে লোক, চারখানি লুচি শেষ করিয়া বসিয়া আছে দেখিয়া জমিদার-গিন্নী বলিলেন, বিপিনকে লুচি দেব।

ইহা জিজ্ঞাসা নয়, দিব্য পরিষ্কৃত স্বগত উক্তি। অর্থাৎ ইহা শুনিয়া যদি বিপিন লুচি আনিতে বারণ করিয়া দেয়। কিন্তু বিপিন তরুণ যুবক, ক্ষুধাও তাহার বধেট। চক্ষু লজ্জা করিলে তাহার চলে না। সে চুপ করিয়া রছিল। জমিদার-গিন্নী আবার চারখানা গরম লুচি আনিয়া তাহার পাতে দিলেন, বিপিন সে কথানা শেষ করিতে এবার কিছু বিলম্ব করিল চক্ষু লজ্জায় পড়িয়া। কারণ, ওদিকে জামাইবাবু হাত গুটাইয়াছেন। জমিদার-গিন্নী ঘরের দোরে ঠেস দিয়া দাঁড়াইয়া ছিলেন। বলিলেন, বিপিনকে লুচি দেব।

ইহাও জিজ্ঞাসা নয়, পূর্ববৎ স্বগত উক্তি, তবে বিপিনকে শুনাইয়া বটে। বিপিন ভাবিল, ভাল মুশকিলে পড়া গেল! লুচি দেব, লুচি দেব! দেবার ইচ্ছে হয় দিবে ফেললেই তো হয়, মুখ অমন বলার কি দরকার?

জমিদার-গৃহিণী যদি ভাবিয়া থাকেন যে, বিপিন আর লুচি আনিতে বারণ করিবে, তবে তাঁহাকে নিরাস হইতে হইল, বিপিন কোন কথা কহিল না। আবার চারখানা লুচি আসিল।

চারখানি করিয়া ফুলকো লুচিতে বিপিনের কি হইবে? সে পাড়াগায়ের ছেলে, খাইতে পারে, ওরকম এক ধামা লুচি হইলে তবে তাহার কুলায়। কাজেই সে বলিল, না মাসীমা, লুচি খাওয়া অভ্যাস নেই, ভাত না হ'লে যেন খেয়ে তৃপ্তি হয় না।

জমিদার-গিন্নী ভাত আনিয়া দিলেন, মনে হইল তিনি নিখাস ফেলিয়া বাঁচিয়াছেন। বিপিন মনে মনে হাসিল।

খাওয়া শেষ করিয়া সে বাহিরের ঘরে বাইতেছে, যোয়াকের কোণের ঘরের জানালার কাছ দিয়া বাইবার সময় তাহাকে কে ডাকিল, ও বিপিননা।

বিপিন চাহিয়া দেখিল, জানালার গরাদে ধরিয়া ঘরের ভিতরে জমিদারবাবুর মেয়ে মানী দাঁড়াইয়া আছে।

মানী দেখিতে বেশ সুশ্রী, বং ওর মায়ের মত কঁপা, এখনও একহারা চেহারা আছে, তবে বয়স হইলে মায়ের মত মোটা হইবার সম্ভাবনা রহিয়াছে। মানী বৃদ্ধিমতী মেয়ে, বেশভূষার প্রতি চিরকালই তাহার সব্ব দৃষ্টি, এখনও যে ধরনের একখানি রঙিন শাড়ি ও

হাকহাতা ব্লাউজ পরিয়া আছে, পাড়ারগায়ের মেয়েরা তেমন আটপৌরে সাজ করিবার কল্পনাও করিতে পারে না, একথা বিপিনের মনে হইল।

বিপিনের বাবা বিনোদ চাট্জে বখন এঁদের স্টেটে নায়েব ছিলেন, বিপিন বাপের সঙ্গে বাল্যকালে কত আসিত এঁদের বাড়ীতে, মানীর তখন নয়-দশ বছর বয়স। মানীর সঙ্গে সে কত খেলা করিয়াছে, মানীর সাহায্যে উপরের ঘরের ভাঁড়ার হইতে আমসম্ব ও কুলের আচার চুরি করিয়া দুইজনে সিঁড়ির ঘরে লুকাইয়া দাঁড়াইয়া খাইয়াছে, মানীর পড়া বলিয়া দিয়াছে। বিপিনের পৈতৃক হইবার পর মানী একবার বিপিনের ভাতের খালায় নিজের পাত হইতে কি একটা তুলিয়া দিয়া বিপিনের খাওয়া নষ্ট করার অশ্রু মায়ের নিকট হইতে খুব বকুনি খায়। সেই মানী, কত বড় হইয়া গিয়াছে! ওর দিকে যেন আর তাকানো যায় না।

বিপিন বলিল, মানী, কেমন আছ ?

—ভাল আছি। তুমি কেমন আছ বিপিনদা ?

বিপিনের মনে হইল, তাহার সহিত কথা বলিবার অশ্রুই মানী এই জানালার ধারে অনেকক্ষণ হইতে দাঁড়াইয়া আছে।

মানীকে এক সময় বিপিন ষষ্ঠেই স্নেহের চক্ষে দেখিত, ভালবাসা হয়তো তখনও ঠিক জন্মায় নাই; কিন্তু বিপিনের সন্দেহ হয়, মানী তাহাকে যে চক্ষে দেখিত তাহাকে শুধু 'স্নেহ' বা 'শ্রদ্ধা' বলিলে ভুল হইবে, তাহা আরও বড়, ভালবাসা ছাড়া তাহার অশ্রু কোন নাম দেওয়া বোধ হয় চলে না।

মানীর কথা বিপিন অনেকবার ভাবিয়াছে। এক সময়ে মানী ছিল তাহার চোখে নারী-সৌন্দর্যের আদর্শ। মনোরমাকে বিবাহ করিবার সময় বাসরঘরে মানীর মুখ কতবার মনে আসিয়াছে। তবে সে আজ ছয়-সাত বছরের কথা, তাহার নিজের বয়সই হইতে চলিল সাতাশ-আটাশ।

বিপিন বলিল, খুব ভাল আছি। তুমি যে মাথায় খুব বড় হয়ে গিয়েছ মানী ?

—বিপিনদা, ওরকম ক'রে কথা বলছ কেন ? আমি কি নতুন লোক এলাম ?

বিপিনের মনে পড়িল, মানীকে সে কখনো 'তুমি' বলে নাই, চিরকাল 'তুই' বলিয়া আসিয়াছে; এখন অনেক দিন পরে দেখা, প্রথমটা একটু সঙ্কোচ বোধ করিতেছিল, বলিল, কলকাতার লোক এখন তোরা, তুই কি আর সেই পাড়ারগায়ের ছোট্ট মানীটি আছিস ?

—তুমি কি আমাদের কাছারিতে কাজে ঢুকেছ ?

—হ্যাঁ। না ঢুকে করি কি, সংসার একেবারে অচল। জোর কাছে বলতে কোনও দোষ নেই মানী, যেদিন এখানে এলুম এবার, না হাতে একটি পয়সা, না ঘরে একমুঠো চাল। আর ধর লেখাপড়াই বা কি জানি, কিছুই না।

—কিন্তু তুমি এখানে টিকতে পারবে না বিপিনদা। তুমি ঘোর খামখেয়ালী মানুষ, তোমায় আর আমি চিনি নে ? বিনোদকাকা যে রকম ক'রে কাজ ক'রে টিকে থেকে গিয়েছেন, তুমি কি তেমন পারবে ? আজই কি সব করেছ, দু' তিন টাকা খরচ ক'রে দিয়েছ—মা

বলছিলেন বাবাকে । বলিয়া মানী হাসিল ।

বিপিন বলিল, যদি খরচই ক'রে থাকি, সে তো তোদেরই জন্তে । তুই এসেছিস্ এতকাল পরে, একটু ভাল মাছ না খেতে পেলে তুইই বা কি ভাববি ?

মানী মুখ টিপিয়া হাসিয়া বলিল, মহাল থেকে মাছ আনলে না কেন ?

—কে মাছ দেবে বিনি পয়সায় তোদের মহালে ? বাবার আমলের সে ব্যাপার আর জ্বাছে নাকি ? এখন লোক হয়ে গিয়েছে চালাক, তাদের চোখ কান ফুটেছে । তোর মা কি সে খবর রাখেন ?

—তা নয়, বিনোদকাকার মত ডানপিটে ছুঁদেও তো তুমি নও বিপিনদা । তুমি ভালমানুষ ধরনের লোক, জমিদারির কাজ করা তোমার দ্বারা হবে না ।

শেষ কথাগুলি মানী যথেষ্ট গাঙ্গীর্যের সঙ্গে বলিল ।

বিপিন হাসিয়া উঠিয়া বলিল, তাই তো রে মানী, একেই না বলে জমিদারের মেয়ে ! দস্তরমত জমিদার চালের কথাবার্তা হচ্ছে যে !

মানী বলিল, কেন হবে না, বল ? আমি জমিদারের মেয়ে তো বটেই, সংস্কৃত তো পড় নি বিপিনদা, সংস্কৃতে একটা শ্লোক আছে—সিংহের বাচ্চা জন্মেই হাতীর মুখ খায় আর—

—থাক্ থাক্, তোর আর সংস্কৃত বিজ্ঞে দেখাতে হবে না, ও সবেৰ খার মাড়াই নি কখনও । আচ্ছা, আসি মানী, রাত হয়ে যাচ্ছে ।

মানী বলিল, শোন শোন, যেও না, রাত এখন তো ভারী ! আচ্ছা বিপিনদা, ভারী দুঃখ হয় আমার, লেখাপড়াটা কেন ভাল ক'রে শিখলে না ? তোমার চেহারা ভাল, লেখাপড়া শিখলে চাকরিতে তোমায় যেচে আদর করে নিত—এ আমি বলতে পারি ।

বিপিন বলিল, আচ্ছা মানী, এফবার তুই আর আমি ভাঁড়ারঘর থেকে ফুলচুর চুরি ক'রে খেয়েছিলাম, মনে পড়ে ? মিঁড়ির ঘরে দাঁড়িয়ে দাঁড়িয়ে খেয়েছিলুম ?

মানী বলিল, তা আর মনে নেই ! সে সব একদিন গিয়েছে ! কিন্তু আমার কথা ওভাবে চাপা দিলে চলবে না । লেখাপড়া শিখলে না কেন, বল ?

বিপিন হাসিয়া বলিল, উঃ, কি আমার কৈফিয়ৎ তলবকারিণী রে !

পরে ঈষৎ গম্ভীর মুখে বলিল, সে অনেক কথা । সে কথা তোর শুনে দয়কারও নেই । তবে তোর কাছে মিথ্যে কথা বলব না । হ'ল কি জানিস ? বাবা মারা গেলেন বিস্তর বিষয়সম্পত্তি ও কাঁচা টাকা রেখে । আমি তখন সবে কুড়ি বছরে পা দিয়েছি, মাথার ওপর কেউ নেই । টাকা উদ্ভুতে আরম্ভ ক'রে দিলাম, পড়াশুনো ছাড়লাম, বিষয়সম্পত্তি নগদ টাকা পেয়ে কম দরে মৌরসী বিলি করতে লাগলাম । বদখেয়ালোর পরামর্শ দেবারও লোক জুটে গেল অনেক । কতদূর বে নেমে গেলাম—

মানী একমনে শুনিতেছিল, শিহরিয়া উঠিয়া বলিল, বল কি বিপিনদা !

—তোর কাছে বলতে আমার কোনও সঙ্কোচ নেই, সঙ্কোচ হ'লেও কোনও কথা লুকোব না । আজ এত দুঃখু পাব কেন মানী, এখানে চাকরি করতে আসব কেন ?

কিন্তু এখন বয়স হয়ে বুঝেছি, কি ক'রেই হাতের লক্ষ্মী ইচ্ছে ক'রে বিসর্জন দিয়েছিলাম তখন !

--তারপর ?

—তারপর এই যে বলছিলাম, নানা রকম বদখেয়ালে টাকাগুলো এবং বিষয়-আশয় জলাঞ্জলি দিয়ে শেষে পড়লাম ঘোর দুর্দশায়। খেতে পাই নে—এমন দশায় এসে পৌঁছুলাম।

মানীর মুখ দিয়া এক ধরণের অস্ফুট বিষ্ময় ও সহানুভূতির স্বর বাহির হইল, বোধ হয় তাহার নিজেরও অজ্ঞাতদ্বারে। বিপিনের বড় ভালো লাগিল মানীর এই দরদ ও তাহার সতেজ সহজ সজীব সহানুভূতি।

—সে সব কথাগুলো তোর কাছে বলব না। মিছে তোর মনে কষ্ট দেওয়া হবে। এই রকমে দেড় বছর কেটে গেল, তারপর তোর বাবার কাছে এলুম চাকরির চেষ্টায়, চাকরি পেয়েও গেলাম। এই হ'ল আমার ইতিহাস। তবে এ চাকরি পোষাবে না, সত্যি বলছি। এ আমার অন্তঃকণ্ঠে টিকবে না। দেখি, অত্র কোথাও ভাগ্য পরীক্ষা ক'রে—

মানী অত্যন্ত একমনে কথাগুলি শুনিতেছিল। গম্ভীর মুখে বলিল, একটা কথা আমার শুনবে ?

—কি ?

—আমায় না জানিয়ে তুমি এ চাকরি ছাড়বে না, বল ?

—সে কথা দেওয়া শক্ত মানী। সত্যি বলছি, তুই এসেছিস এখানে তাই, নইলে বোধ হয় এবার বাড়ী থেকে আসতাম না। তবে যে কদিন তুই আছিস, সে কদিন আমিও থাকব। তারপর কি হয় বলতে পারছি নে।

—চিরকালটা তোমার একভাবে গেল বিপিনদা। নিজের গৌ ও বুদ্ধিতে কষ্ট পেলে চিরদিন। আমার কথা একটবার রাখ বিপিনদা, তেজ দেখানোটা একবারের জন্তে বন্ধ রাখ। আমায় না জানিয়ে চাকরি ছেড়ো না, আমি তোমার ভালোর চেষ্টাই করব।

বিপিন হাস্তমিশ্রিত ব্যঙ্গের স্বরে বলিল, উঃ, মানী পরের উপকারে মন দিয়েছে দেখছি। এমন মুস্তিতে তো তাকে কখনও দেখেছি ব'লে মনে হচ্ছে না মানী ?

মানী রাগতভাবে বলিল, আবার !

—না না, আচ্ছা তোর কথাই শুনব, যা। রাগ করিস নে।

—কথা দিলে ?

এই সময় ঘরের মধ্যে মানীর ছোট ভাই স্বধীর আসিয়া পড়াতে মানী পিছন কিরিয়া চাহিল। বিপিন ভাড়াভাড়ি বলিল, চলি মানী, শুইগে, রাত হয়েছে। স্বধীর ক্লান্ত আছে খুব, লায়ানিন মহালে ঘুরেছি টো টো ক'রে রদ্দুয়ে।

দ্বিতীয় পরিচ্ছেদ

১

স্বাস্থ্যে বিপিনের ভাল ঘুম হইল না। মানীর সঙ্গে দেখা হওয়ার্তে তাহার মনের মধ্যে কেমন যেন সব গোলমাল হইয়া গিয়াছে। মানী তাহার সঙ্গে কথা বলিবার জন্যই জানালার দ্বাৰে দাঁড়াইয়া ছিল, তাহা হইলে সে আজও মনে রাখিয়াছে!

—তবে যে বলে, বিয়ে হলেই মেয়েরা সব ভুলে যায়!

বিপিনের পৌরুষগর্ভ একটু ভুল হইয়াছে। মানী জমিদারের মেয়ে, সে গরিব, লেখাপড়া এমন কিছু জানে না, দেখিতেও খুব ভাল নয়, তবু তো মানী তাহারই সঙ্গেই নির্জনে কথা বলিবার জন্য লুকাইয়া জানালায় দাঁড়াইয়া ছিল।

দুই-তিন দিনের মধ্যে মানীর সঙ্গে আর দেখা হইল না। অনাদিবাবু তাহাকে লইয়া হিসাবপত্র দেখিতে বসেন, রোকড় আজ দুই মাস লেখা হয় নাই, খতিয়ান তৈয়ারি নাই, মাসকাবারি হিসাবের তো কাগজই কাটা হয় নাই। খাইবার সময় বাড়ীর মধ্যে যায়, খাইয়া আশিয়াই কাছারি-বাড়ীতে গিয়া জমিদারবাবুর সামনে বসিয়া কাজ করিতে হয়।

অনাদিবাবু লোক ধারাপ নন, তবে গম্ভীর প্রকৃতির লোক, কথাবার্তা বেশি বলেন না। জমিদারির কাজ খুব ভাল বোঝেন, তিনি আসনে বসিয়া থাকিলে কাজে ফাঁকি দেওয়া শক্ত।

, —বিপিন, গত মাসের প্রজ্ঞাপত্র হিসেবটা একবার দেখি!

বিপিন ফাঁপরে পড়িল। সে-খাতায় গত তিন মাসের মধ্যে সে হাতই ধের্য নাই।

—ও খাতা এখন তৈরি নেই।

—তৈরি নেই, তৈরি কর। কিন্তু আর দেবি কি? এখনও যদি তোমার সে হিসেব তৈরি না থাকে—

তারপরে আছে নানা ঝগড়া। জেলেরা কোমড়-জাল ফেলিয়াছিল পুটিখালির বাগড়ে, বিপিনই জাল পিছু পাঁচ টাকা হিসাবে তাহাদের বন্দোবস্ত দিয়াছিল; আজ চার মাস হইয়া গেল, কেহ একটি পরমা আদায় দেয় নাই। সেজন্যও জমিদারবাবুর কাছে কৈফিয়ৎ দিতে দিতে প্রাণ গেল।

আজই অনাদিবাবু বলিলেন, তুমি খেয়ে-দেয়ে বীরু হাড়ীকে সঙ্গে নিয়ে নিজেই একবার বোখপুরে যাও, আজ কিছু বেটাদের কাছ থেকে আনতেই হবে। মেয়ে জামাই এখানে রয়েছে, খরচের অন্ত নেই। আজ অন্তত কুড়িটা টাকা নিয়ে এস।

এই রোজ্রে খাইয়া 'উটিয়াই বোখপুরে ছুটিতে হইবে। নায়েব গোমস্তা প্রজ্ঞাপত্র তাগাদা করিতে দৌড়ায় কোন জমিদারিতে? ইহাদের এখানে এমনই ব্যবস্থা। পাইক-পেয়াদার মধ্যে বীরু হাড়ী এক হইয়াও বহু এবং বহু হইয়াও এক। বাজে পরমা

খরচ ইহার্য করিবেন না, সুতরাং আদায়ের অবস্থাও তর্ধৈবচ।

সঙ্ঘ্যায় সময় ঘোবপূর হইতে সে কিরিল।

জেলেদের পাড়ায় আজ দুই তিন মাস হইতে ঘোর ম্যালেরিয়া লাগিয়াছে। কেহ কাজে বাহির হইতে পারে নাই। কোমড়-জাল খেমন ভেমনই জলে ফেলা রহিয়াছে। তবুও সে নিজে গিয়াছিল বলিয়া তাহার খাত্তিরে টাকা চারেক মাত্র আদায় হইয়াছে।

২

রাত্রে অনাদিবাবু ডাকিয়া পাঠাইলেন বাড়ীর মধ্যে। গিন্নীও সেখানে ছিলেন।

—কত আদায় করলে বিপিন ?

বিপিন মাথা চুলকাইতে চুলকাইতে বলিল, চার টাকা।

অনাদিবাবু গুড়গুড়ির নল ফেলিয়া তাকিয়া ছাড়িয়া সোজা হইয়া বলিলেন। চার টাকা মোটে! বল কি ? এঃ, এর নাম আদায় ? তবেই তুমি মহালের কাজ করয়েছ!

গিন্নী বলিয়া উঠিলেন, জেলেদের মহালে গেলে বাপু, এক-আধটা বড় মাছই না হয় নিয়ে এস। মেয়ে-জামাই এখানে রয়েছে, তা তোমার কি সে হাঁশ-পক্ব আছে ? সেদিন বললাম ধোপাখালির হাট থেকে মাছ আনতে, না আড়াই সের এক কাংলা মাছ পরমা দিয়ে কিনে এনে হাজির!

বিপিনের ভয়ানক রাগ হইল। একবার ভাবিল, সে বলে, বেশ, এমন লোক রাখুন, যে প্রজা ঠেঙিয়ে বিনি-পয়সায় মাছ আপনাদের এনে দিতে পারবে। আমি চললুম, আমার মাইনে যা বাকি পড়েছে আজই চুকিয়ে দিলাম। কিন্তু অনেক কষ্টে সামলাইয়া গেল। কেবল বলিল, মাছ কেউ এখন ধরতে না মাসীমা। সবাই মরছে ম্যালেরিয়ায়, মাছ ধরবার একটা লোকও নেই।... বিপিন সামলাইয়া গেল মানীর কথা মনে করিয়া। মানী এখানে থাকিতে তাহার বাপ-মায়ের সঙ্গে সে অপ্রীতিকর কিছু করিতে পারিবে না।

জমিদার-গিন্নী বলিলেন, আর বার-বাড়ীতে যাচ্ছ কেন, একেবারে খেয়ে যাও।

ইহাদের বাড়ীতে রাধুনী আছে—এক বৃদ্ধা বামুনের মেয়ে। সে রাতে চোখে দেখিতে পায় না বলিয়া গিন্নী নিজেই পরিবেশন করেন। জামাইবাবুও একসঙ্গেই বলিয়া খান, তবে তিনি নব্বলোকের সঙ্গে বড় একটা কথাবার্তা বলেন না। আজও বিপিন দেখিল, একই জায়গায় খাইতে বলিয়া জামাইয়ের পাতে পড়িল মিষ্টি পোলাও, তাহার পাতে দেওয়া হইল সাদা ভাত। তবে একসঙ্গে বসাইবার মানে কি ? সেদিনও ঠিক এমন হইয়াছে সে জানে, ইহার্য কুপণের একশেষ, জামাইয়ের জন্ত কোনও রকমে ক্ষুদ্র হাঁড়ির এক কোণে ছুটি পোলাও রাধিয়াছেন, তাহা হইতে তাহাকে দিতে গেলে চলিবে কেন ? তবু বোজ পোলাওয়ের ব্যবস্থা করিয়া বড়মাগুণি দেখানো চাই! খাওয়ার পরে সে চলিয়া আসিতেছে বাহির-বাড়ীতে, জানালায় মানী দাঁড়াইয়া তাহাকে ডাকিল, ও বিপিনদা!

—এই যে মানী, কদিন দেখি নি ?

—তুমি কখন যাও, কখন খাও, তোমার নিজেরই হিসেব আছে ? আজ পোলাও কেমন খেলে ?

—বেশ ।

—না, সত্যি বল না ? ভাল হয়েছিল ?

—কেন বল তো ?

—আগে বল না, কেমন হয়েছিল ?

—বললুম তো, বেশ হয়েছিল ।

—আমি রেঁধেছি । তুমি মিষ্টি পোলাও খেতে ভালবাসতে, মনে আছে ?

—খুব মনে আছে । আচ্ছা, আমি যাই মানী, রাত হয়ে গেল খুব ।

মানী একটু ইতস্তত কবিয়া বলিল, মা তোমাকে পেট ভ'রে খেতে দিয়েছিল তো পোলাও ? আমি ওখানে যেতাম, কিন্তু—

বিপিন বুঝিতে পারিল, মানীর স্বামীও সেখানে, এ অবস্থায় মায়ের সামনে পল্লীগ্রামের রীতি অনুসারে মানীর যাওয়াটা অশোভন ।

—হ্যাঁ, সে সব ঠিক হয়েছিল । আমি যাই ।

মানী বুদ্ধিমতী মেয়ে । মায়ের হাত সে খুব ভাল বকমই জানে, জানে বলিয়াই সে এ প্রসন্ন বিপিনকে করিল । কিন্তু বিপিনের উড়ু-উড়ু ভাব দেখিয়া সে একটু বিস্মিত না হইয়া পারিল না । বিপিনদা তো কখনও তাহার সঙ্গে কথা বলিবার সময় এমন যাই যাই করে না ! হয়তো ঘুম পাইয়াছে, রাত কম হয় নাই বটে ।

ইহার পর দুই দিন সে জমিদারবাবুর হুকুমে জেলেদের খাজনার তাগাদা করিতে ঘোষপুর গিয়া রহিল । ওখানকার মাতব্বর প্রজা রাইচরণ ঘোষের চণ্ডামুণ্ডে ইহার পূর্বেও সে কিস্তির সময় কয়েকদিন ছিল । নিজেই রাঁধিয়া খাইতে হয়, তবে আদর-ঘর যথেষ্ট । সঙ্গতিপন্ন গোয়ালাবাড়ী, দুধ-দই-ঘিয়ের অভাব নাই । জমিদারের ব্রাহ্মণ নায়েব বাড়ীতে অতিথি । বাড়ীর সকলে হাতজোড়, তটস্থ ।

কিন্তু বিপিন মনে মনে ভাবে, এতে কি জমিদারের মান থাকে ? এমন হয়েছেন আমাদের জমিদার, যে একথানা কাছারি-ঘর করবেন না । অথচ এই মহলে সালিয়ানা আড়াই হাজার টাকা আদায় । একথানা দো-চালা ঘর তুলে রাখলেও তো হয় ; কিন্তু তাতে যে পয়সা খরচ হয়ে যাবে ! ওরে বাবা রে !

তিন দিনের দিন রাত্রে বিপিন জমিদার-বাড়ী ফিরিল । যাহা আদায়-পত্র হইয়াছে অন্যদিকবুকু তাহার হিন্দাব বুঝাইয়া দিয়া একটু বেশি রাত্রে বাড়ীর ভিতর হইতে খাইয়া ফিরিতেছে, জানালায় দাঁড়াইয়া মানী ডাকিল, বিপিনদা !

—এই যে মানী, কেমন ? তোর নাকি মাথা ধরেছিল স্তনলুম, মাসীমার মুখে ?

মানী সে কথার কোনও উত্তর দিল না । বলিল, দাঁড়াও, একটা কথা বলি ।

—কি রে ?

—তুমি সেদিন মিথ্যে কেন ব'লে গেলে আমার কাছে ? তুমি পোলাও খেয়েছিলে সেদিন ?

মেয়েমানুষ তুচ্ছ কথা এতও মনে করিয়া রাখিতে পারে ! বাসী কাহন্দী ঘাঁটা ওদের স্বভাব । দুই দিনের আদায়পত্রের ভিড়ের মধ্যে, কাছারির কাজের চাপে তাহার কি মনে আছে, সেদিন কি খাইয়াছিল, না খাইয়াছিল ! মানীর যেমন পাগলামি !

বিপিন মুহূ হাসিয়া বলিল, কেন ? খাই নি, তাতে কি ?

মানী বিপিনের কথার সুরে কোঁতকের আভাস পাইয়া ঝাঁঝালো সুরে বালয়া উঠিল, তাতে কিছু না । কিন্তু তুমি মিথ্যে কথা কেন ব'লে গেলে ? বললেই হ'ত, খাই নি । আমি তোমায় ফাঁসি দিতাম ?

বিপিন পুনরায় মুহূ হাসিমুখে বলিল, সেইটেই কি ভাল হ'ত ? তোব মনে কষ্ট দেওয়া হ'ত না ?

মানী সে কথার কোনও উত্তর না দিয়া জানালা হইতে সরিয়া গেল ।

বিপিন হতবুদ্ধির মত কিছুক্ষণ দাঁড়াইয়া থাকিয়া বলিল, ও মানী, রাগ করবার কি আছে এতে ? শোন না, ও মানী !

কোনও সাড়াশব্দ না পাইয়া বিপিন বাহির-বাড়ীর দিকে চলিল । মনে মনে ভাবিতে ভাবিতে চলিল, মেয়েমানুষ সব সমান—যেমন মনোরমা, তেমনিই মানী । আচ্ছা, কি করলাম, বল তো ? দোষটা কি আমার ?

মনে মনে, কি জানি কেন, বিপিন কিন্তু শাস্তি পাইল না । মানীটা কেন যে তাহার উপর রাগ করিল ? করাই বা যায় কি ? মানী তাহার প্রতি এতটা টানে, তাহা বিপিন কি জানিত ? জানিয়া মনে মনে যেমন একটু বিস্ময় হইল, সঙ্গে সঙ্গে খুশি না হইয়াও পারিল না ।

৩

পরের দিন সকালে বিপিন বাড়ীর মধ্যে খাইতে বসিয়াছে, জমিদার-গিন্নী আসিয়া বলিলেন, ই্যা বাবা বিপিন, সেদিন আমি তোমাকে কি পোলাও দিই নি ?

বিপিন আকাশ হইতে পড়িয়া বলিল, কোন্ দিন ?

—সেই যেদিন রাত্রে তুমি আর সূখাংশু একসঙ্গে খেলে ?

—কেন বলুন তো ?

—মেয়ে তো আমার খেয়ে ফেলছে কাল থেকে, একসঙ্গে খেতে বসেছিলে দুজনে, তোমায় পোলাও দিই নি কেন, তাই নিয়ে । তোমায় কি পোলাও দিই নি, বল তো বাবা ?

—কেন দেবেন না ? আমার তো মনে হচ্ছে, আপনি ছ'হাতা, আমার ঠিক মনে হচ্ছে

না মালীমা, একমনে খেয়ে বাই, কত কাজ মাথার, অতশত কি মনে থাকে ? কিন্তু আপনি যেন ছু হাতা কি তিন হাতা—

জমিদার-গৃহিণী রান্নাঘরের দোরের কাছে সরিষা গিয়া ঘরের ভিত্তর কাহার দিকে চাহিয়া বলিয়া উঠিলেন, ঐ শোন, নিজের কানে শোন। ও খেয়ে তেঁা মিথ্যে কথা বলবে না ? কার মুখে কি শুনিস, আর তোর অমনিই মহাত্মারতের মত বিশ্বাস হয়ে গেল। আর এত লাগানি-তাড়ানিও এ বাড়ীতে হয়েছে ! এ রকম করলে সংসার করি কি ক'রে ?

সেদিন রাজে খাইবার সময় বিপিন সবিন্দয়ে দেখিল, ভাতের পরিবর্ষে মিষ্টি পোলাও পাতে দেওয়া হইয়াছে। ভোজনের আয়োজনও প্রচুর। এবেলা ঝামাই সন্দেশ খাইতে বসিয়াছে। বিপিন কোন কিছু জিজ্ঞাসা করা সঙ্গত মনে করিল না। তাহার ইহাও মনে হইল, জমিদার-গৃহিণী যে ওবেলা মানীর রাগের কথা তুলিয়াছিলেন, সে কেবল সেখানে জামাই ছিল না বলিয়াই।

জামাই প্রতিদিনই আগে খাইয়া দোতলায় চলিয়া যায়। বিপিন একটু ধীরে ধীরে খায় বলিয়া বোঝই তাহার দেরি হয় খাইতে। বিপিন খাওয়া শেষ করিয়া বহির্বাটিতে খাইবার সময় দেখিল, মানী তাহারই অপেক্ষায় যেন জানালার ধারে দাঁড়াইয়া আছে। তাহাকে দেখিয়া হাসিমুখে বলিল, কেমন হ'ল, বিপিনদা ?

—চমৎকার হয়েছে ! সত্যি, সুন্দর পোলাও হয়েছিল ! খুব খাওয়া গেল ! কে রেখেছিল, তুই ?

মানী মুখ টিপিয়া হাসিয়া বলিল, বল না, কে ?

—তুই !

—ঠিক ধরেছ। তা হ'লে আজ খুশি তো ? মনে কোনও কষ্ট থাকে তো বল।

—খুশি বইকি, সেদিন যে কীদতে কীদতে যাচ্ছিলুম পোলাও না খেতে পেয়ে। তবে কষ্ট একটা আছে।

—কি, বল না ?

—কাল তুই অত রাগ করলি কেন আমার ওপরে হঠাৎ ? আমার কি দোষ ছিল ?

মানী স্থিরদৃষ্টিতে বিপিনের দিকে চাহিয়া বলিল, বলব ? বলতাম না, কিন্তু যখন বলতে বললে, তখন বলি। আমার কাছে কখনও কোনও কথা গোপন করতে না বিশিনদা, মনে ভেবে দেখ। বাবার হাত-বাক্স থেকে চাকু-ছুরি প'ড়ে গিয়েছিল, তুমি কুড়িয়ে পেয়ে কাউকে বল নি, শুধু আমার বলেছিলে, মনে আছে ?

—উঃ, সে কতকালের কথা ! তোর মনে আছে এখনও ?

মানী সে কথার কোনও উত্তর না দিয়া বলিয়াই চলিল, সেই তুমি জীবনে এই প্রথম আমার কাছে কথা গোপন করলে ! এতে আমার যে কত কষ্ট দিলে তা বুঝতে পার ? তুমি দূরে রেখে চলতে পারলে যেন বাচ।

—ভুল কথা মানী। সেজগ্রে নয়, কথাটা তোমার মার বিরুদ্ধে বলা হ'ত নয় কি ?

ছেলেমান্নবি ক'রো না, অস্ত্র কথা গোশনে আর এ কথা গোশনে তফাৎ নেই ?

মানী হাসিমুখে কৃত্রিম বিক্রমের স্বরে বলিল, বেশ গো ধর্মপুত্রুর মুখাঙ্কিত, বেশ। এখন যা বলি, তাই শোন।

এই সময়ে ভেতরের বোয়াকে জমিদার-পৃথিবীর সাড়া পাইয়া বিপিন চট করিয়া জানালার ধার হইতে সরিয়া গেল।

৪

পরদিনই বিপিনকে ধোপাখালির কাছারিতে ফিরিতে হইল।

আজকাল বেশ লাগে পলাশপুরে জমিদার-বাড়ী থাকিতে, বিশেষত মানীর সঙ্গে পুনরায় আলাপ জমিবার পর হইতে সত্যই বেশ লাগে।

কিন্তু সেখানে বসিয়া থাকিবার জন্ত অনাদি চৌধুরী তাহাকে মাহিনা দিয়া নায়েব নিযুক্ত করেন নাই।

সমস্ত দিন মহালের কাজে টো টো করিয়া ঘুরিয়া সন্ধ্যাবেলা বিপিন কাছারি ফিরিয়া একা বসিয়া থাকে। ভারী নিষ্কিন বোধ হয় এই সময়টা। পৃথিবীতে যেন কেহ কোথাও নাই। কাছারির ভূত্যাটি রান্নার ষোগাড় করিতে বাহির হয়, কাঠ কাটে, কখনও বা দোকানে তেল-চুন কিনিতে যায়। সুভরাং বিপিনকে থাকিতে হয় একেবারে একা।

এই সময় আজকাল মানীর কথা অভ্যস্ত মনে হয়।

সেদিন পোলাও খাওয়ানোর পর হইতেই বিপিন মানীর কথা ভাবে। এমন একদিন ছিল, যখন মানী ছিল তাহার খেলার সাথী। সে কিন্তু অনেক দিনের কথা। যৌবনের প্রথমে বদখেয়ালের বোঁকে অঙ্ককার রাজ্যে পথের ধারে ঘাসের উপর অর্ধচেতন অবস্থায় শুইয়া মানীর মুখ কতবার মনে পড়িত !

আর একবার মনে পড়িয়াছিল বিবাহের দিন। উঃ, বড় বেশি মনে পড়িয়াছিল। নব-বধুর মুখ দেখিয়া বিপিন ভাবিয়াছিল, মানীর মুখের কাছে এর মুখ ! কিসের সঙ্গে কি !

এ কথা সত্য, মানীর বোল বছরের সে লাবণ্যভরা মুখশ্রী আর নাই। এবার কয়েকদিন পরে মানীকে দেখিয়া বুঝিল যে মেয়েদের মুখে পরিবর্তন যত শীঘ্র আসে, বয়স তাহার বিজয়-অভিযানের দৃশ্য রথচক্রবেধা যত শীঘ্র আঁকিয়া রাখিয়া যায় মেয়েদের মুখে, পুরুষদের মুখে তত শীঘ্র পারে না।

কিন্তু তাহাতে কিছু আসে যায় না, সেই মানী তো বটে।

বিপিন ভালই জানিত, জমিদারের মেয়ে মানীর সঙ্গে তাহার বিবাহ হইতে পারে না, সে জিনিসটা সম্পূর্ণ অসম্ভব ; তবুও মানীর বিবাহের সংবাদে সে যেন কেমন নিরাশ হইয়া পড়িয়াছিল, আজও তাহা মনে আছে।

তখন বিপিনের বাবা ঝাঁচিয়া ছিলেন। মনিবের মেয়ের বিবাহের জন্ত তিনি গ্রামের গোয়ালপাড়া হইতে ঘি কিনিয়া টিনে ভর্তি করিতেছিলেন। গাওয়া ঘি বিপিনদের গ্রামে খুব সস্তা, এজ্ঞ অনাদিবাবু নায়েবকে ঘি যোগাড় করিবার ভার দিয়াছিলেন। বিবাহের পূর্কদিন বৈকালের ট্রেনে বিপিনের বাবা তিন টিন গাওয়া ঘি, তিন টিন ঘানি-ভাঙ্গা সরিষার তৈল, তরিতরকারি, কয়েক হাঁড়ি দই লইয়া জমিদার-বাড়ী রওনা হইলেন। বিপিন কিছুতেই যাইতে চাহিল না দেখিয়া তাহার বাবা ও মা কিছু আশ্চর্য হইয়াছিলেন। বিপিন তখন গ্রামের মাইনর স্কুলে তৃতীয় পঁণ্ডতের পড়ে সবে ঢুকিয়াছে, মাত্র কুড়ি বছর বয়স।

তারপর সব একরকম চুকিয়া গিয়াছিল। আজ সাত বছর আর মানৌর সঙ্গে তাহার দেখাশুনা হয় নাই। তারপর কত কি পরিবর্তন ঘটিয়া গেল তাহার নিজের জীবনে। তাহার বাবা মারা গেলেন, কুদঙ্গে পড়িয়া সে কি বদখেয়ালিটাই না করিল! বাবার সঞ্চিত কাঁচা পয়সা হাতে পাইয়া দিনকতক সে ধরাকে সরা দেখিয়া বেড়াইতে লাগিল। তারপর তাহার নিজের বিবাহ হইল, বিবাহের বছরখানেক পরে বিপিন হঠাৎ একদিন আবিষ্কার করিল যে সে সম্পূর্ণরূপে নিঃশ্ব, না আছে হাতে পয়সা, না আছে তেমন কিছু জমিদারী। সে কি ভয়ানক অভাব-অনটনের দিন আসিল তারপরে!

সচ্ছল গৃহস্থের ছেলে বিপিন, তেমন অভাব কখনও কল্পনা করে নাই। ধাক্কা খাইয়া বিপিন প্রথম বুঝিল যে, সংসারে একটি টাকা খরচ করা যত সহজ, সেই টাকাটি উপার্জন করা তত সহজ নয়। টাকা যেখানে-সেখানে পড়িয়া নাই, আয় করিয়া তবে ঘরে আনিতে হয়।

কিছুকাল কষ্টভোগের পর বিপিন প্রতিবেশীদের পরামর্শে বাবার পুরানো চাকুরিস্থলে গিয়া উমেদার হইল। অনাদিবাবু বিপিনের বাবাকে যথেষ্ট ভালবাসিতেন, এক কথায় বিপিনকে চাকুরি দিলেন।

আজ প্রায় এক বছরের উপর বিপিন এখানে চাকুরি করিতেছে। কিন্তু তাহার এ চাকুরি আদৌ ভাল লাগে না। যত দিন যাইতেছে, ততই বিপিনের বিতৃষ্ণা বাড়িতেছে চাকুরির উপর। ইহার অনেক কারণ আছে,—প্রথম ও প্রধান কারণ, অনাদিবাবু ও তাঁহার স্ত্রীর টাকার তাগাদায় তাহার রাত্রে ঘুম হয় না। রোজ টাকা আদায় হয় না—ছোট জমিদারি, তেমন কিছু আয়ের সম্পত্তি নয়, অথচ তাঁহাদের প্রতিদিনের বাজার খরচের জন্তও নায়েবকে টাকা পাঠাইতে হইবে। কেবল টাকা পাঠাও, টাকা পাঠাও—এই বুলি।

রাত্রে ঘুমাইয়া স্ব্থ হয় না, কাল সকালেই হয়তো অনাদিবাবুর চিরকুট লইয়া বীক হাড়ী পলাশপুর হইতে আসিয়া হাজির হইবে। খাইয়া ভাত হজম হয় না উৎসেগে।

আর একটি কারণ, ধোপাখালির এই কাছারিতে একা বারো মাস থাকি তাহার পক্ষে ভীষণ কষ্টকর।

বিপিন এখনও যুবক, চার-পাঁচ বছর আগেও সে বাপের পয়সা হাতে পাইয়া যথেষ্ট স্কুতি করিয়াছে; সে আমোদের বেশ এখনও মন হইতে যায় নাই। বন্ধুবান্ধব লইয়া আড্ডা

দেওয়ার স্থখ সে ভালই বোকে, যদিও পয়সার অভাবে আজ অনেক দিন হইল সে সব বন্ধ আছে, ভবুও গল্পগুজব করিতেও তো মন চায়, তাহাতে তো পয়সা লাগে না। বাড়ীতে থাকিতে বাড়ীতেই দুই বেলা কত লোক আসিত, গল্প করিত। এই ছরবন্দার উপরও বিপিন তাহাদিগকে চা খাওয়ায়, তামাক খাওয়ায়, বন্ধুবান্ধবদের পান খাওয়ানোর জন্য প্রতি হাতে তাহার এক গোছ পান লাগে। অত পান সাজিতে হয় বলিয়া মনোরমা কত বিরক্তি প্রকাশ করে; কিন্তু বিপিন মানুষ-জনের ষাতায়াত বড় ভালবাসে, তাহাদের আদর-আপ্যায়ন করিতে ভালবাসে। ছরবন্দায় পড়িলেও তাহার নজর ছোট হয় নাই, জমিদারবাবু ও তাঁহার গৃহিণীর মত।

ধোপাখালি গ্রামে ভল্ললোকের বাস নাই, যত মুচি, গোয়াল, জেলে প্রভৃতি লইয়া কারবার। তাহাদের সঙ্গে যতক্ষণ কাজ থাকে, ততক্ষণই ভাল লাগে। কাজ ফুরাইয়া গেলে তাহাদের সঙ্গে বিপিনের আর এতটুকুও সহ হয় না। অথচ একা থাকাও তাহার অন্ত্যাস নাই। নির্জন কাছারি-ঘরে মদ্যাবেলা একা বসিয়া থাকিতে মন হাঁপাইয়া উঠে। এমন একটা লোক নাই, ষাহার সঙ্গে একটু গল্প-গুজব করা যায়। আজকাল এই সময়ে মানীর কথাই বেশি করিয়া মনে পড়ে। কাছারির চাকর ছোকরা ফিরিয়া আসে, কোন কোন দিন তাহার সঙ্গে সামান্য একটু গল্প-গুজব হয়। তারপর সে রান্নার যোগাড় করিয়া দেয়, বিপিন রাখিতে বসে। কাছারির বাদাম গাছটার পাতায় বাতাস লাগিয়া কেমন একটা শব্দ হয়, ষোপে-বাড়ে জোনাকি আসে, জেলে-পাড়ায় গদাধর পাড়ুইয়ের বাড়ীতে বোজ রাতে পাড়ার লোক জুটয়া হরিনাম করে, তাহাদের খোল-করতালের আওয়াজ পাওয়া যায়, ততক্ষণ রান্না-বাড়া মারিয়া বিপিন থাইতে বসে।

৫

এক একদিন এই সময় হঠাৎ কামিনী আসিয়া উপস্থিত হয়। হাতে একবাটি দুধ। রান্নাঘরে উকি মারিয়া বলে, খেতে বসলে নাকি বাবা ?

—এস মাসী, এস। এই সব বসলাম খেতে।

—এই একটু দুধ আনলাম। ওরে শব্দ, বাবুকে বাটিটা এগিয়ে দে দিকি। আমি আর রান্নাঘরের ভেতর যাব না।

—না, কেন আসবে না মাসী ? এস তুমি। ব'স এখানে, খেতে খেতে গল্প করি।

কামিনী কিন্তু দরজার চৌকাঠ পার হইয়া আর বেশি দূর এগোয় না। সেখান হইতে গলা বাড়াইয়া বিপিনের ভাতের খালার দিকে চাহিয়া দেখিবার চেষ্টা করিয়া বলে, কি রাখলে আজ এবেলা ?

—আলু ভাতে, আর ওবেলার মাছ ছিল।

—ওই দ্বিগে কি মাহু খেতে পারে? না খেয়ে-খেয়ে তোমার শরীর ঐরকম যোগাকাঠি। একটু ভাল না খেলে-দেলে শরীর সারবে কেমন করে? তোমার বাবার আমলে দুধ-খিয়ের সোত ব'য়ে গিয়েছে কাছারিতে। এই বড় বড় মাছ! তরিতরকারির তো কথাই—

বিপিন জানে, কামিনী মাসী বাবার কথা একবার উঠাইবেই কথাবার্তার মাঝখানে। সে কথা না উঠাইয়া বৃড়ী যেন পারে না। সময়ের স্রোত বিনোদ চাটুজ্জের নায়েবের পর হইতেই বন্ধ হইয়া স্থির হইয়া দাঁড়াইয়া গিয়াছে, কামিনী মাসীর পক্ষে তাহা আর এতটুকু অশ্রম হয় নাই।

পৃথিবী নবীন ছিল, জীবনে আনন্দ ছিল, আকাশ, বাতাসের রং অস্তরকমই ছিল, দুধ ঘি অপূর্ণাঙ্ক ছিল, কাছারির দাপট ছিল, ধোপাখালিতে সত্যঙ্গ ছিল—ও বিনোদ চাটুজ্জের নায়েবের আমলে।

সেসব দিন আর কেহ ফিরাইয়া আনিতে পারিবে না। বিনোদ চাটুজ্জের সঙ্গে সঙ্গে সব শেষ হইয়া গিয়াছে।

ভোজনের উপকরণের স্বল্পতার জন্য কামিনী মাসীর অল্পযোগ এক প্রকার নিত্যনৈমিত্তিক ঘটনা। তাহা ছাড়া, কামিনী মাসী প্রায়ই দুধটুকু, ঘিটুকু, কোন দিন বা এক ছড়া পাকা কলা খাইবার সময় লইয়া হাজির হইবেই।

খানিকটা আপন মনে পুরানো আমলের কাহিনীর বর্ণনা করিয়া বৃদ্ধা উঠিয়া চলিয়া যায়। সে বর্ণনা প্রায় প্রত্যাহ সন্ধ্যায় বিপিন শুনিয়া আসিতেছে আজ এক বছর। তবুও আবার শুনিতে হয়, তাহারই পরলোকগত পিতার সম্বন্ধে কথা, না শুনিয়া উপায় কি?

তৃতীয় পরিচ্ছেদ

১

দিন দশেক পরে বিপিন বাড়ী হইতে স্ত্রীর চিঠি পাইয়া জানিল, তাহার তাই বলাই রাণাঘাট হাসপাতালে আর থাকিতে চাহিতেছে না। বউদিদিকে অনবরত চিঠি লিখিতেছে, দাদাকে বলো বউদিদি, আমার এখান থেকে বাড়ী নিয়ে যেতে। আমার অসুখ সেয়ে গিয়েছে, আর এখানে থাকতে ভাল লাগে না।

স্ত্রীর চিঠি পাইয়া বিপিন খুব খুশি হইল না। ইহাতে শুধু কয়েকটি মাত্র সাংসারিক কাজের কথা ছাড়া আর কিছুই নাই। এমন কিছু বেশি দিন তাহাদের বিবাহ হয় নাই যে, দুই একটি ভালবাসার কথা চিঠিতে সে স্ত্রীর নিকট হইতে আশা করিতে পারে ন'।

আজ বলিয়াই বা কেন, মনোরমা কবেই বা চিঠিতে মধু ঢালিয়াছিল? অবশ্য এ কথা খানিকটা সত্য যে, এতদিন সে বাড়ীতেই ছিল, মনোরমার কোনও প্রয়োজন ঘটে নাই

তাহাকে চিঠি লিখিবার। তবুও তো সে এক বৎসর পলাশপুরে চাকুরি করিতেছে, তাহার এই প্রথম স্ত্রীর নিকট হইতে মূরে বিদেশে প্রবাসবাণন, অস্ত্র অস্ত্র স্ত্রীরা কি তাহাদের স্বামীদের নিকট এ অবস্থায় এই রকম কাঠখোঁটা চিঠি লেখে ?

বিপিন জানে না, এ অবস্থায় স্ত্রীরা স্বামীদের কি রকম চিঠি লেখে। কিন্তু তাহার বিশ্বাস, বিরহিণী স্ত্রীরা বিরহবেদনায় অস্থির হইয়া প্রবাসী স্বামীদের নিকট কত রকমে তাহাদের মনের ব্যথা জানায়, বার বার মাথার দিব্য দিয়া বাড়ী আসিতে অল্পবোধ করে। নাটক-নভেলে সে এইরূপ পড়িয়াছেও বটে। প্রথম কথা, মনোরমা তাহাকে চিঠিই কয়খানা লিখিয়াছে এক বছরের মধ্যে ? পাঁচ-ছয়খানার বেশি নয়। অবশ্য তাহার একটা কারণ বিপিন জানে, সংসারে পয়সার অনটন। একখানা ধামের দাম চার পয়সা, সংসারের খরচ বাঁচাইয়া জোটানো মনোরমার পক্ষে সহজ নয়। সে থাক, কিন্তু সেই চার-পাঁচখানা চিঠিতেও কি দুই একটা ভাল কথা লেখা চলিত না ? মনোরমার চিঠি আসে, টাকা পাঠাও, চাল নাই, তেল নাই, অমুকের কাপড় নাই, তুমি কেমন আছ, আমরা ভাল আছি। কখনও এ কথা থাকে না, একবার বাড়ী এস, তোমাকে অনেকদিন দেখি নাই, দেখিতে ইচ্ছা করে।

বিপিন চিঠি পাইয়া বাড়ী যাইবার উজোগ করিতে লাগিল, স্ত্রীকে দেখিবার জন্ত নয়, বলাইকে হাসপাতাল হইতে বাড়ী লইয়া যাইবার জন্ত। ছোট ভাইটিকে সে বড় ভালবাসে। বাণাঘাটের হাসপাতালে পড়িয়া থাকিতে তাহার কষ্ট হইতেছে, বাড়ী যাইতে চায়, ভরসা করিয়া দাদাকে লিখিতে পারে নাই, পাছে দাদা বকে। তাহাকে বাড়ী লইয়া যাইতেই হইবে। সে পলাশপুর রওনা হইল।

তিন দিনের ছুটি চাহিতেই জমিদারবাবু বলিলেন, এই তো সেদিন এলে হে বাড়ী থেকে, আবার এখনি বাড়ী কেন ?

বিপিন জমিদারকে সম্বোধন করিয়া স্ত্রীর চিঠির কথা পূর্বে বলে নাই, এখন বলিল। তাইকে হাসপাতাল হইতে লইয়া যাইবার কথাও বলিল।

অনাদিবাবু অপ্রসন্ন মুখে বলিলেন, যাও, কিন্তু তুমি বাড়ী গেলে আর আসতে চাও না। জামাই চ'লে গিয়েছেন, মামী এখানে রয়েছে, সামনের শনিবারে আবার জামাই আসবেন। রোজ দু তিন টাকা খরচ। তুমি মহাল থেকে চ'লে এলে আদায়-পত্তর হবে না, আমি প'ড়ে যাব বিষম বিপদে; তিন দিনের বেশি আর এক দিনও যেন না হয়, ব'লে দিলাম।

মানীর সঙ্গে দেখা করিবার প্রবল ইচ্ছা সত্ত্বেও বিপিন দেখিল, তাহা একরূপ অসম্ভব। সে থাকে বাড়ীর মধ্যে, তাহাকে ডাকিয়া দেখা করিতে গেলে হয়তো মানীর মা সেটা পছন্দ করিবেন না।

যাইবার পূর্বমুহূর্ত্তে কিন্তু বিপিন ইচ্ছাটা কিছুতেই দমন করিতে পারিল না। একটিমাত্র ছুতা ছিল, বিপিন সেইটাই অবলম্বন করিল। সে যাইবার পূর্বে একবার জমিদার-গৃহিণীর নিকট বিদায় লইতে গেল।

—ও মাসীমা, কোথায় গেলেন, ও মাসীমা ?

ঝি বলিল, মা ওপরে গুঞ্জোয় বসেছেন, দেরি হবে নামতে, এই বসলেন।

বিপিন একবার ভাবিয়া একটু ইতস্তত করিয়া বলিল, তাই তো! বসবার তো সময় নেই। রাণাঘাট হাসপাতালে যেতে হবে। একটা কথা ছিল, আচ্ছা আর কেউ আছে? কথাটা না হয় বলে যেতাম।

—দিদিমণিকে ডেকে দোব? দিদিমণি রান্না-বাড়ীতে রয়েছে, দেখব?

—তা মন্দ নয়। তাই না হয় দাও। কথাটা বলেই যাই।

ঝি বাড়ীর ভিতরে চলিয়া গেল এবং একটু পরে মানী বাহিরের রোয়াকে আসিয়া দাঁড়াইয়া বলিল, এই যে বিপিনদা! কখন এলে?

—এসেছি ঘণ্টা দুই হ'ল। কর্তার কাছে কাজ ছিল, আমি তিন দিনের ছুটি নিয়ে বাড়ী যাচ্ছি।

ঝি তখনও রোয়াকে দাঁড়াইয়া আছে দেখিয়া মানী বলিল, যা তো হিমি, ওপরে আমায় ঘর থেকে কপূরের শিশিটা নিয়ে বামুন-ঠাকরুনকে রান্নাঘরে দিয়ে আয়।

ঝি চলিয়া গেল।

মানী বিপিনের দিকে চাহিয়া বলিল, দু'ঘণ্টা এসেছ বাহরে? কই, আমি তো শুনি নি! চা খেয়েছ?

—না।

—তুমি কখন যাবে? কেন, এখন হঠাৎ বাড়ী যাচ্ছ যে?

বিপিন এদিক ওদিক চাহিয়া নিরুত্তর বলিল, সে কৈফিয়ৎ তোমার বাবার কাছে দিতে হয়েছে একদফা, তোমার কাছেও আবার দিতে হবে নাকি?

—নিশ্চয় দিতে হবে। আমি তো জমিদারের মেয়ে, দেবে না কেন?

—তবে দিচ্ছি। আমার ভাই বলাইকে তোমার মনে আছে? সে একবার কেবল বাবার সঙ্গে এখানে এসেছিল, তখন সে ছেলেমানুষ। সে রাণাঘাট হাসপাতালে—

তারপর বিপিন সংক্ষেপে বলাইয়ের অসুখের ব্যাপারটা বলিয়া গেল।

মানী বলিল, চা খেয়ে যাও। ব'স, আমি ক'রে আনি।

বিপিন রাজী হইল না। বলিল, থাক মানী, আমায় অনেকটা পথ যেতে হবে এই অবেলায়। একটা কথা জিজ্ঞেস করি—যদি আমার আসতে দু-এক দিন দেরি হয় কর্তাবাবুকে বলে ছুটি মঞ্জুর করিয়ে দিতে পারবি?

মানী বরাভয় দানের ভঙ্গিতে হাত তুলিয়া চাপা হাসিমুখে কৃত্রিম গাঞ্জোর্যের স্বরে বলিল, নির্তয়ে চ'লে যাও, বিপিনদা। অভয় দিচ্ছি, দিন তিনের জায়গায় সাত দিন থেকে এস। বাবাকে শাস্ত করবার ভার আমার ওপর রইল।

বিপিন হাসিয়া বলিল, বেশ, বাঁচলাম। দেবী যখন অভয় দিলে, তখন আর কাকে ভয়াই? চল তবে।

—না, একটু দাঁড়াও। কিছু না খেয়ে যেতে পারবে না। কোন্ সকালে ধোপাখালি থেকে খেয়ে বেরিয়েছ, একটু জল খেয়ে যেতেই হবে। আমি আসছি।

মানী উত্তরের অপেক্ষা না করিয়াই বাড়ীর ভিতরে চলিয়া গেল এবং একটু পরে একখানা আসন আনিয়া রোয়াকে একপাশে পাতিয়া দিয়া বলিল, এস, ব'স উঠে।—বলিয়াই সে আবার ক্ষিপ্তপদে অদৃশ হইল।

মানীর আগ্রহ দেখিয়া বিপিন মনে কেমন এক ধরণের অপূর্ব আনন্দ অনুভব করিল। এ অনুভূতি তাহার পক্ষে সম্পূর্ণ নূতন, এমন কি সেদিন পোলাও খাওয়ানোর দিনও হয় নাই। সেদিন সে সে-ব্যাপারটাকে খানিকটা সাধারণ ভ্রততা, খানিকটা মানীর রাখিবার বাহাদুরি দেখানোর আগ্রহের ফল বলিয়া ভাবিয়াছিল। কিন্তু আজ মনে হইল, মানীর এ টান আন্তরিক, মানী তাহার সুখদুঃখ বোঝে। বিপিনের সত্যই ক্ষুধা পাইয়াছে। ভাবিয়াছিল, রাণাঘাটের বাজারে কিছু খাইয়া লইয়া তবে মিশন হাসপাতালে যাইবে। আচ্ছা, মানী কি করিয়া তাহা বুঝিল ?

একটা খালার মানী খাবার আনিয়া বিপিনের সামনে রাখিয়া বলিল, খেয়ে নাও। আমি চায়ের জল বসিয়ে এসেছি, দৌড়ে চা ক'রে আনি।

খালার দিকে চাহিয়া বিপিনের মনে হইল, বাড়ীতে এমন কিছু খাবার ছিল না, তেমন কুপণই বটে জমিদার-গিন্নী! মানী বেচারী হাতের কাছে তাড়াতাড়ি যাহা পাইয়াছে—কিছু মুড়ি, এক খাবা দুধের সর, খানিকটা গুড়, এরই মধ্যে আবার দুইখানা খন্ একরকম বিস্কুট— তাহাই আনিয়া ধরিয়া দিয়াছে।

মানী ইতিমধ্যে একমালা নারিকেল ও একখানা দা হাতে বাস্তভাবে আসিয়া হাজির হইল। কোথা হইতে নারিকেল মালাটি খুঁজিয়া টানিয়া বাহির করিয়াছে এইমাত্র।

—নারিকেল খাবে বিপিনদা? দাঁড়াও একটু নারিকেল কেটে দিই। কুকনিখানা খুঁজে পেলাম না। তোমার আবার দেরি হয়ে যাবে, কেটেই দিই, খাও। মুড়ি দিয়ে সর দিয়ে গুড় দিয়ে মাখ না। আস্তে আস্তে ব'সে খাও, আবার কখন খাবে তার ঠিক নেইকো। চা আনি।

একটু পরে চা হাতে যখন মানী আসিয়া দাঁড়াইল, তখন বিপিন যেন নূতন চোখে মানীকে দেখিল।

মানী যেন তাহার কাছে এক অননুভূতপূর্ব বিশ্বয় ও তৃপ্তির বার্তা বহন করিয়া আনিল। এই আগ্রহভরা আন্তরিকতা, এই স্বতঃ বিপিন কখনও মনোরমার নিকট হইতে পায় নাই। মনোরমা যে তাহাক তাক্ষিয়া করিয়া থাকে, ভালবাসে না—তাহা নয়। সে অল্প ধরণের মেয়ে, গোটা সংসারটার দিকে তাহার দৃষ্টি—মা, বাণী, ছেলেমেয়ে, এমন কি বাড়ীর কৃষকের দিকে পর্য্যন্ত। একা বিপিনের সুখদুঃখ দেখিবার অবকাশ তাহার নাই, বিপিন নিজের সংসারে পাঁচজনের মধ্যে একজন হইয়া মনোরমার যৌথ সেবার কিছু অংশ পাইয়া আসিয়াছে এতদিন। তাহাতে এমন তৃপ্তি কোন দিন সে পায় নাই।

চা পান শেষ করিয়া বিপিন উঠিল। বলিল, মাসিয়ার সঙ্গে দেখা হ'ল না, বলিল আমার কথা মানী, চললুম।

—এস। কিন্তু বেশি দিন দেয়ি করলে চাকরির দায়ী আমি নয়, মনে থাকে যেন।

—খানিকটা আগে অভয় দিয়েছ দেবী, মনে আছে ?

—দুমাস দেয়ি করলেও কি অভয় দেওয়া বহাল রইল ? বাঃ রে, আমি বলেছি তিন দিনের জায়গায় সাত দিন, না হয় ধর দশ দিন।

—না হয় ধর এক মাস।

—না হয় ধর তিন মাস। সে সব হবে না, সোজা কথা শোন বিপিনদা। আমার তো বাবার কাছে বলবার মুখ থাকা চাই।

পরে গভীরমুখে বলিল, কথা দিয়ে যাও, কদিনে আসবে। না, সত্যি, তোমার কথা আমার বিশ্বাস হয় না, আমি কি বলেছিলুম প্রথম দিন, মনে আছে ?

বিপিন কৃষ্ণম ব্যক্তের সুরে বলিল, ই্যা, বলেছিলে, চাকরিতে টিকে থাকলে তুমি আমার ভালর চেষ্টা করবে।

মানী হাসিয়া বলিল, মনে আছে তা হ'লে ? বেশ, এখন এস তা হ'লে—বেলা গেল।

পথে উঠিয়াই মানীর কথা মনে করিয়া বিপিনের হৃৎকম্প হইল। বেচারী ছেলেমানুষ, সংসারের কি জানে ! জমিদারির যা অবস্থা, মানী কি উন্নতি করিয়া দিবে তাহার ! দেনা ইতিমধ্যে প্রায় পাঁচ-ছয় হাজারে দাঁড়াইয়াছে বাণাঘাটের গোবিন্দ পালের গদিতে। সদর খাজনা দিবার সময় প্রতি বৎসর তাহার নিকট হ্যাণ্ডনোট কাটিতে হয়। ইহা অবশ্য বিপিন এখানে চাকুরিতে ভক্তি হইবার পূর্বের ঘটনা, খাতাপত্র দেখিয়া বিপিন জানিতে পারিয়াছে। গোবিন্দ পাল নালিশ ক্রীকলেই জমিদারি নীলামে চড়বে।

মানী মেয়েমানুষ, বিষয়-সম্পত্তির কি বোঝে ! ভাবিতেছে, সে মস্ত জমিদারের মেয়ে, চেষ্টা করিলেই বিপিনদাদার বিশেষ উন্নতি করিয়া দিতে পারিবে। বিপিনের হাসি পাইল, হৃৎকম্প হইল। বেচারী মানী !

রাণাঘাট হাতপাতালে বিপিন ভাইয়ের সঙ্গে দেখা করিল। বলাই তাহাকে দেখিয়া কান্নাকাটি করিতে লাগিল বাড়ী লইয়া যাইবার জন্য। কিন্তু বিপিনের মনে হইল, ভাই যে সম্পূর্ণ আরোগ্য হইয়াছে তাহা নয়, এ অবস্থায় তাহাকে লইয়া যাওয়া কি উচিত হইবে ?

বিপিন কৈবর্তের মেয়ে সেই নার্সটিকে আড়ালে ডাকিয়া বলিল, আমার ভাই বাড়ী যেতে চাইছে, কান্নাকাটি করছে, ওকে এখন নিয়ে যেতে পারি ?

নার্স বলিল, নিয়ে যাও বাবু, তোমার ভাই আমাকে পথ্যস্ত জ্বালাতন করে তুলেছে বাড়ী যাব বাড়ী যাব করে। নেফ্রাইটিসের রুগী, যা.সেবেরেছে, ওর বেশি আর সারবে না। কেন এখানে মিথ্যে রেখে কষ্ট দেবে !

তাহার মনে হইল, নার্স যেন কি চাপিয়া যাইতেছে। সে বলিল, ও কি বাচবে না ?

নার্স ইতস্তত করিয়া বলিল, না, তা কেন, তবে শক্ত রোগ। বাড়ী নিয়ে গিয়ে একটু সাবধানে রাখতে হবে। নিয়েই যাও বাড়ী, এখন তো অনেকটা সেবেরেছে।

বিপিনের মনটা খারাপ হইয়া গেল। সে গিয়া মিশনের বড় ডাক্তার আর্চার সাহেবের দেখা করিল।

সন্ধ্যা হইয়া গিয়াছে। আর্চার সাহেব নিজের বাংলোর বারান্দায় ইঞ্জি-চেয়ারে চুপ করিয়া বসিয়া ছিলেন। বয়স প্রায় পঞ্চাশ-ছাপ্পান্ন, দীর্ঘাকৃতি, সবল চেহারা। মাথার সামনে টাক পড়িয়া গিয়াছে। আজ ত্রিশ বৎসর এখানে আছেন, বড় ভাল লোক, এ অঞ্চলের সকলে আর্চার সাহেবকে ভালবাসে।

বিপিন গিয়া বলিল, নমস্কার, ডাক্তার সাহেব।

আর্চার সাহেব বিপিনকে চেনেন না, বললেন, এস, আপনি কি বলছেন ?

আর্চার সাহেব বাংলা বলেন বটে, তবে একটু ভাবিয়া, একটু ধীরে ধীরে, যেখানে জোর দেওয়া উচিত সেখানে জোর না দিয়া এবং যেখানে জোর দেওয়া উচিত নয় সেখানে জোর দিয়া।

বিপিন বলিল, আমার ভাই বলাই চাটুজ্জে ছ নম্বর ওয়ার্ডে আছে, নেফ্রাইটিসের অস্থ, তাকে বাড়ী নিয়ে যেতে পারি ? সে বড় ব্যস্ত হয়েছে বাড়ী যাবার জন্যে।

—হাঁ হাঁ, ওই ওয়ার্ডের ছোকরা রুগী ! নিয়ে যান।

—সাহেব, ও কি সেবেরেছে ?

—সে পূর্বের অপেক্ষা সেবেরেছে। কঠিন রোগ, একেবারে ভাল ভাবে সারতে এক বছর লাগবে। বাড়ীতে নিয়ে গিয়ে যত্ন করবেন, মাংস খেতে দেবেন না।

—তা হ'লে কাল সকালে নিয়ে যাব।

—আপনি রাতে কোথায় থাকবেন ? আমার বাড়ীতে থাকুন। আমার এখানে ডিনার থাকবেন। মুকুন্দ, ও মুকুন্দ !

—আমার এখানে আত্মীয় আছেন সাহেব, তাদের বাড়ী বলে এসেছি, সেখানেই থাকব। আমার জন্তে ব্যস্ত হবেন না।

বিপিন রাতে বাজারের নিকট তাহার এক দূরসম্পর্কীয় আত্মীয়ের বাড়ী থাকিয়া, পরদিন সকালে ঘোড়ার গাড়ী ভাঙ্কিয়া আনিয়া ভাইকে লইয়া স্টেশনে গেল।

বলাইয়ের বয়স বেশি নয়—কুড়ি-একুশ। রোগ হওয়ার পূর্বে তার শরীর খুব ভাল ছিল, বিপিনের সংসারের ক্ষেত্রেখামারের অনেক কাজ সে একাই করিত।

মধ্যে যখন বিপিনের বদখেয়ালিতে পৈতৃক অর্থ সব উড়িয়া গেল, সংসারের ভয়ানক কষ্ট, সংসার একেবারে অচল, তখন বলাই আঠারো বছরের ছেলে। বলাই দেখিল, দাদার মতিবুদ্ধি তাহাদের অনাহারের ও দারিদ্র্যের পথে লইয়া চলিয়াছে, যদি বাচিতে হয় তাহাকে লেঙ্গাপড়া ছাড়িতে হইবে এবং বুক দিয়া খাটিতে হইবে।

নদীর ধারের কাঁঠাল-বাগান বাধা দিয়া সেই টাকায় সে এক জোড়া বলদ কিনিয়া গরুর গাড়ী চালাইতে লাগিল নিজেই। লোকের জিনিসপত্র গাড়ী বোঝাই দিয়া অত্র লইয়া যাইবার ভাড়া খাটিত, স্টেশনে সওয়ারী লইয়া যাইত। অনেকে নিন্দা করিতে লাগিল। একদিন বৃষ্টি মুস্তফি ভাঙ্কিয়া বলিলেন, হ্যাঁ হে বলাই, তুমি নাকি গরুর গাড়ীর গাড়োয়ানি কর ?

বলাই একটু ভয়ে ভয়ে বলিল, হ্যাঁ, জ্যাঠামশাই।

—সেটা কি রকম হ'ল ? বিনোদ চাটুজের ছেলে হয়ে অমন বংশের নাম ভোবাবে তুমি। কাল সুনাম, বাজারের নিবারণ সাহার বাড়ী তৈরি হচ্ছে, সেখানে আট-দশ গাড়ী বালি বয়েছ নদীর ঘাট থেকে সারাদিন। এতে মান থাকবে ?

বলাই একটু ভীতু ধরণের ছেলে। বংশে বড় ভারি মুস্তফি মহাশয়কে তাহার বাবা বিনোদ চাটুজের পর্যন্ত সমীহ করিয়া চলিডেন। সেখানে সে আঠারো বছরের ছেলে কি ভরু করিবে। তবুও সে বলিল, জ্যাঠামশাই, এ না করলে যে সংসার চলে না, মা বোন না খেয়ে মরে। দাদা তো ওই কাণ্ড করছে, দাদার ওপর আমি কিছু বলতে তো পারি না, মাঠের জমি, খাস জমি সব দাদা বিক্রি করছে আর মৌরুসী দিচ্ছে, মার হাতে একটা পয়সা রাখেনি—সব নেশাভাঙে উড়িয়ে দিয়েছে। আমরা কি খেয়ে বাঁচবো বলুন তো ? এতে তবুও দিন এক টাকা গড়ে আয় হচ্ছে। বালির গাড়ী ছ' আনা ক'রে ভাড়া নদীর ঘাট থেকে বাজার পর্যন্ত। কাল সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত এগারো গাড়ী বালি বয়েছি—ছেষটি আনা—চার টাকা ছ' আনা একদিনের রোজগার। এ অল্প ভাবে আমরা কে দিচ্ছে বলুন ?

সে দুদিনে বলাই মান-অপমান বিসর্জন দিয়া বুক দিয়া না পড়িলে সংসার অচল হইত। বলাই গরুর গাড়ীর গাড়োয়ানি করিয়া লাঙ্গল করিল, জমি চাষ করিয়া ধান বুনিল, আটের মাঠে কুমড়া করিল এবং সেই কুমড়া কালকাতায় চালান দিয়া সেবার প্রায় ত্রিশ-বত্রিশ টাকা লাভ করিল।

বিপিনকে বলিল, দাদা, বাগদী-পাড়ার নন্দ বাগদীর গোলাটা কিনে আনছি, এবার খান রাখবার আয়গা চাই, খান হবে ভাল।

বিপিন বলিল, নন্দ বাগদীর অত বড় গোলা এনে কি করবি, আমাদের তিন বিশেষ জমির খান এমন কি হবে যে, তার জন্তে অত বড় গোলার দরকার। দামও তো বেশি চাইবে।

বলাই বলিয়াছিল, বারণ ক'র না দাদা। বড় গোলাটা বাড়ী থাকলে লক্ষ্মী। আমার ওই গোলা দেখলে কাজে উৎসাহ হবে যে, ওটা পুরিয়ে দিতেই হবে আসছে বছর। ওটাই আনি, কি বল দাদা ?

সংসারের জন্ত অনিয়মিত খাটিয়া খাটিয়া বলাই পড়িয়া গেল শক্ত অস্থখে। কিছুদিন বেশেই রাখিয়া চিকিৎসা চলিল। সে চিকিৎসাও এমন বিশেষ কিছু নয়, গ্রাম্য হোমিওপ্যাথিক ডাক্তার শরৎ দাঁ দিন পনরো সাদা শিশিতে কি ঔষধ দিতেন, তাহাতে কিছু না হওয়ার গ্রামের অনেকের পরামর্শে বলাইকে বাণাঘাটের হাসপাতালে আনা হয়।

বলাই এখনও ছেলেমানুষ, তাহার উপর অনেক দিন যোগশয্যায় শুইয়া থাকিবার পরে আজ দাদার সঙ্গে বাড়ী ফিরিয়া যাইবার আনন্দে সে অধীর হইয়া উঠিয়াছে। রেলগাড়ীতে উঠিয়া একবার এ জানালায় একবার ও জানালায় ছুটাছুটি করিতেছে, কত কাল পরে আবার সে নীরোগ হইয়া মুক্ত স্বাধীন ভাবে চলাফেরা করিতে পাইয়াছে। নার্সের কথামত আর ভয়ে ভয়ে চলিতে হইবে না। হাসপাতালের রান্না কি বিলী! মাছের ঝোল না ছাই! মায়ের হাতের, বউদিদির হাতের রান্না আজ প্রায় চার মাস খায় নাই, বউদিদির হাতের সুন্ধূনির তুলনা আছে ?

পাঁচিলের পশ্চিম কোণে বড় মানকচুটা সে নিজের হাতে পুঁতিয়াছিল। এখন না জানি কত বড় হইয়াছে। ভগবান যদি দিন দেন এবং তাহাকে খাটিতে দেন, তবে গাঙের ধারে কদমতলার বাকে ভাল জমি খাজনা করিয়া লইবে, এবং তাহাতে শসা, বরবটি এবং পালংশাক করিবে।

হাসপাতালে থাকিতে নার্সের মুখে শুনিয়াছে পালংশাক ও বরবটি নাকি খুব ভাল তরকারি। কলিকাতায় দামে বিক্রয় হয়।

বিপিনকে জিজ্ঞাসা করিল, দাদা, কাপালীপাড়ার রাইচরণের পিসীর কাছে বলা ছিল, ওদের ঝাল হ'লে আমাদের সূর্যমুখী ঝালের বীজ দিয়ে যাবে। তুমি দেখ নি সে ঝাল রাঙা টুকটুক করছে, এক একটা এত বড়—বীজ দিয়ে গিয়েছিল, জান ? আমি এবার চাট্টি ঝাল পুঁতে দেব আমডাভলায় নাবাল জমিটাতে।

দাদার চাকুরি হওয়াতে বলাই খুব খুশি।

তখন সে একা খাট্টিয়া সংসার চালাইত। আজকাল দাদার যত্নবুদ্ধি ফিরিয়াছে, দাদা আবার পুরানো জমিদার-ঘরে বাবার সেই পুরানো চাকুরি করিতেছে, ইহার অপেক্ষা আনন্দের বিষয় আর কি আছে !

হুই ভাইয়ে মিলিয়া খাটিলে সংসারের উন্নতি হইতে কত দেরি লাগিবে ? সে নিজে বিবাহ করে নাই, করিবেও না। মা, বউদিদি, ভানু, বীণা—এরা সুখী হইলেই তাহার সুখ। গোলা দেখিলে মায়ের চোখ দিয়া জল পড়ে। মা বলে, কর্তার আমলে এখ চেয়েও বড় গোলা ছিল বাড়ীতে, আজকাল দুটো লক্ষীর চিঁড়ে কোটার খান পাই না।

মায়ের চোখের জল সে ঘুচাইবে। বাবার গোলা ছিল পনরো হাতের বেড়, সে গোল বাধিবে আঠারো হাতের বেড়।

৩

বেলা এগারটার সময় বিপিন ও বলাই বাড়ী পৌঁছিল।

ইহাদের আজই বাড়ী আসিবার কোন সংবাদ দেওয়া ছিল না। বিশেষতঃ বলাইকে আসিতে দেখিয়া বিপিনের মা ছুটিয়া গিয়া রুগ্ন ছেলেকে জড়াইয়া ধরিলেন। বীণা, মনোরমা, ভানু, টুনি—সকলেই বাহির হইয়া আসিয়া বোয়াকে দাঁড়াইল।

উঃ, সেই রাণাঘাটের হাসপাতাল, আর এই বাড়ীর তাহার প্রিয়জন সব—বউদিদি, মা, দ্বিদি, খোকা, খুকী! বলাই আনন্দে কাঁদিয়াই ফেলিল ছেলেমানুষের মত।

ভানু টুনিও খুশিতে আটখানা। কাকাকে তাহার ভালবাসে। এতদিন পরে কাকাকে ফিরিতে দেখিয়া তাহাদেরও আনন্দের সীমা নাই। কাকার গলা জড়াইয়া পিঠের উপর পড়িয়া তাহার তাহাদের পুরাতন কাকাকে খুঁজিয়া বাহির করিতে চাহিতেছে।

ঘরের মধ্যে ঢুকিয়া বিপিন পুঁটুলি নামাইয়া রাখিতেছে, মনোরমা আসিয়া হাসিমুখে বলিল, তা হ'লে আমার চিঠি পেয়েছিলে ? কই, উত্তর তো দিলে না ?

বিপিন বলিল, উত্তর আর কি দোব ? এলাম তো চ'লে বলাইকে নিয়ে।

—ভালই করেছ। ঠাকুরপো তোমায় লিখতে সাহস করত না, কেবল আমার চিঠি লিখত—আমায় বাড়ী নিয়ে যাও, আমার বাড়ী নিয়ে যাও। আহা, ও কি সেখানে থাকতে পারে! ছেলেমানুষ, তাতে ওর প্রাণ পড়ে থাকে সংসারের ওপর। হ্যাঁ গা, ওর অসুখ কেমন ? ডাক্তারে কি বললে ?

—বললে তো, এখন ভালই। তবে সাবধানে রাখতে হবে। ওকে বেশি খেতে দেবে না। মাকে ব'লে দিও, যেন যা তা ওকে না খেতে দেয়। মাংস খেতে একেবারে বাধণ কিন্তু।

—তবেই হয়েছে। বা মাংস খেতে ভালবাসে ঠাকুরপো, ওকে ঠেকিয়ে রাখা ভীষণ কঠিন। আর কি জান, বাড়ী এসেছে, এখন ওর আবদারের জালায় ওকে মাংস না দিয়ে পারা যাবে ? তুমি যে কদিন বাড়ী আছ, তারপর ও কি কারও কথা মানবে ? নিজেই পাড়া থেকে খাসি কাটিয়ে ভাগাভাগি করে বিলি ক'রে দিয়ে নিজের ভাগে দেড় সের মাংস নিয়ে এসে ফেলবে।

—না না, তা হ'তে দিও না, দিলেই অস্থির বাড়বে। ভয় দেখাবে যে, তোমার দ্বাধাকে চিঠি লিখব, ওসব ছেলেমানুষি চলবে না।—বউদিকে দেখছি না ?

—দিদি তো এখানে নেই। তাঁকে উলোর পিসীমা নিয়ে গেছেন আজ দিন পনেরো হ'ল। তিনি এসেছিলেন গল্পাচ্চান করতে কালীগঞ্জে, আমাদের এখানেও এলেন, সঙ্গে ক'রে নিয়ে গেলেন ষাবার সময়ে।

বিপিন এ সংবাদে খুব খুশি হইল না। বলিল, নিয়ে গেলেন মানে তো তাঁর সংসারে দাসীবৃত্তি করার জন্তে নিয়ে যাওয়া। ওসব আমি পছন্দ করি না।

মনোরমা বলিল, পছন্দ তো কর না, কিন্তু এখানে খায় কি তা তো দেখতে হবে। তুমি চ'লে গেলে পলাশপুরে, আমাদের হাতে তো একটি পয়সা দিয়ে গেলেন না। একদিন এমন হ'ল—দুটিখানি পাস্তা-ভাত ছিল, ভাত-টুনিকে দিয়ে আমরা সবাই উপোস ক'রে রইলাম। কাউকে কিছু বলতেও পারি না, ছাত ষায়। পাড়ায় রোজ রোজ কে ধার চাইতে গেলে দেয় বল দিকি ? আমি তো বললুম, উপোস ক'রে মরি সেও ভাল, কারও বাড়ী, কি রায়-গিন্নীর কাছে, কি দুপুর মার কাছে, কি লালু চক্কির মার কাছে চাইতে যেতে আমি পারব না।

কথাগুলি শ্রাঘ্য এবং মনোরমা যে মিথ্যা বলিতেছে না, বিপিন তাহা বুঝিল। বুঝিলেও কিন্তু এসব কথা বিপিনের আদৌ ভাল লাগিল না।

যেমনই বাড়ীতে পা দিয়াছে, অমনই সতরো গণ্ডা অভাব-অভিযোগের কাহিনী সাজাইয়া মনোরমা বসিয়া আছে। এও তো এক ধরণের তিরস্কার। সে কেন খালি হাতে সকলকে রাখিয়া গিয়াছিল, কেন একশো টাকার খলি মনোরমার হাতে দিয়া বাড়ীর বাহির হয় নাই ? স্ত্রীর মুখে শুধু তিরস্কার শুনিতে শুনিতেই তাহার জীবন গেল। স্ত্রী কি একটুও বুঝিবে না ? স্বামীর অক্ষমতার প্রতি কি সে এতটুকু অহুঃস্পন্দ দেখাইতে পারে না ?

৪

বৈকালে বিপিন গ্রামের উত্তরে মায়ের দ্বিকে বেড়াইতে গেল। মাঠের ওপারেই একটা ছোট মুসলমান গ্রাম, নাম বেলুতা। সন্ধ্যার এখনও অনেক দেরি আছে দেখিয়া সে ভাবিল, না হয় এক কাজ করি, আইনদ্দি চাচার বাড়ী ঘুরে বাই। অত বড় গুণী লোকটা, বলাইয়ের অস্থির সম্বন্ধে একটা পরামর্শ ক'রে দেখি, যদি কিছু করতে পারি। অনেক মস্তরতন্তর জানে কিনা।

আইনদ্দি বাড়ীর সামনে বাশতলায় বসিয়া মাছ-ধরা ঘূর্ণির বাথারি টাচিতেছিল। চোখে সে ভাল দেখে না, বিপিনের গলার স্বর শুনিয়া চিনিতে পারিয়া বলিল, আসুন বাবাঠাকুর, আসুন। কবে আলেন বাড়ী ? এইখানা নিয়ে বহুন।—বলিয়া একখানা খেজুরপাতার চেটাই

আগাইয়া দিল।

বিপিন বলিল, চাচা, তোমাকে তো কক্ষণও বিনি কাজে থাকতে দেখি না? চোখে ঠাণ্ড হ'য়?

—না বাবাঠাকুর, ভাল আর কনে! হ্যাঁদে, একখানা চশমা এনে দিতি পার? চশমা ন'লি আর চকি ভাল ঠাণ্ড পাই নে কে!

—বয়েস তোমার তো কম হ'ল না চাচা, চোখের আর দোষ কি বল!

—তা একশো হয়েছে। যেবার মাংলার রেলের পুল হয়, তখন আমি গরু চরাতি পারি। আপনি এখন হিসেব ক'রে দেখ।

এ দেশে সবাই বলে আইনদ্দির বয়স একশো। আইনদ্দি নিজেও তাই বলে। আবার কেহ কেহ অবিশ্বাস করে। বলে, মেরে কেটে নব্বুই বিয়েনব্বুই। একশো! বললেই হ'ল বুঝি।

মাংলার পুল কত সাপে হয় বিপিন তাহা জানে না, স্তত্রাং আইনদ্দির বয়সের হিসাব তাহার ষায়া হইবার কোনও সম্ভাবনা নাই বুঝিয়া সে অল্প কথা পাড়িল। বলিল, চাচা, তুমি অনেক রকম মস্তুরতস্তুর জান, এ কথাটা তো শুনে আসছি বহুদিন।

বিপিন এই একই কথা অন্তত বিশ বার আইনদ্দিকে জিজ্ঞাসা করিয়া আসিতেছে গত দশ বৎসরের মধ্যে। আইনদ্দিও প্রত্যেক বারেই একই উত্তর দেয়, একই ভাবে হাত পা নাড়িয়া। আশ্রয় সে সেই ভাবেই বেশ একটু গর্বেয় সহিত বলিল, মস্তুর? তা বেশি কথা কি বলব, আপনাদের বাপ-মার আশীর্বাদে মস্তুর সব রকম জানা ছেল। সেসব কথা ব'লে কি হবে, এদিগরের কোন লোকটা জানে না আমার নাম? তবে এই শোন। শব্দভরে যাব, আশুন খাব, কাটামুতু জোড়া দেব—

বিপিন এ কথা আইনদ্দির মুখে অনেকবার শুনিয়াছে, তবুও বুদ্ধকে ঘাঁটাইয়া এ সব কথা শুনিতে তাহার ভাল লাগে। বিপিনের হাসি পায় এ কথা শুনিলে, কিন্তু আশ্চর্য্য এই যে, আইনদ্দির উপর শ্রদ্ধা তাহাতে কিন্তু কমে না। বিপিন যুবক, এই শতবর্ষজীবী বুদ্ধের প্রত্যেক কথা হাবভাব তাহার কাছে এত অদ্ভুত রহস্যময় ঠেকে! এইজন্যই সে বাড়ী থাকিলে মাঝে মাঝে ইহার নিকট আসিয়া খানিকক্ষণ কাটাইয়া যায়। এ যে জগতের কথা বলে, বিপিনের পক্ষে তাহা অতীত কালের জগৎ। বিপিনের সঙ্গে সে জগতের পরিচয় নাই। নাই বলিয়াই তাহা রহস্যময়।

আইনদ্দি তামাক সাজিয়া হাতখানেক লম্বা এক খণ্ড সোলার নীচের দিকে বাশের সরু শলার সাহায্যে একটা ফুটা করিয়া বিপিনের হাতে দিয়া বলিল, তামাক সেবা কর বাবাঠাকুর।

বিপিন বলিল, চাচা, তুমি কানসোনার কুঠী দেখেছ?

—খুব। তখন তো আমার অল্পবয়স। কুঠীর মাঠে নীলের চাষ দেখিছি। এই শোনবা? আমার সখন্দির ছেলে জহিরদ্দি তখন জন্মায়, তিনি বড় চাকরি করত, এখন কুড়ি টাকা ক'রে পেঙ্গিল থাকে। তা ভাব তবে সে কত দিনের কথা।

বিপিন বলিল, কি চাকরি করত?

—কি চাকরি আমি জানি বাবাঠাকুর ? পেলিল খাচ্ছে যখন, তখন বড় চাকরিই হবে।

—চাচা, একটা কবিতা বল তো শুনি ? মনে আছে ?

আইনদ্দি একগাল চাসিয়া বলিল, আ আমার কপাল ! কবিতা শোনবা ? রামায়ণ মহাভারত মুখস্থ ছেল। এখন আর কি মনে থাকে সব কথা বাবাঠাকুর ? এই শোন—

সূর্য্য যায় অন্তর্গরি আইসে যামিনী ।
হেনকালে তথা এক আইল মালিনী ॥
কথায় হীরার ধার হীরা তার নাম ।
দাঁত ছোলা মাজা দোলা হান্ত অবিরাম ॥
গালভরা গুয়াপান পাকি মালা গলে ।
কানে কড়ে কড়ে রাঁড়ী কথা কত ছলে ॥
চূড়াবান্ধা চুল পরিধান সাদা শাড়ী
ফুলের চূপড়ী কাঁখে ফিরে বাড়ী বাড়ী ॥

বিপিন বাংলা সাহিত্যের তেমন খবর না রাখিলেও এটুকু বুঝিল যে, ইহা বিদ্যেশ্বরদের কবিতা। বলিল, এ কবিতা তোমার মুখে কখনও শুনি নি তো চাচা ? রামায়ণ-মহাভারতের কবিতাই তো বল। এ কোথায় শিখলে ?

—আমার যখন অচর্য্য বয়েস, তখন বিদ্যেশ্বরদের ভারী দিন ছেল কে ! বিদ্যেশ্বরদের যাত্রা হ'ত, গোপাল উডের নাম শুনিছিলে ? সেই গাইত বিদ্যেশ্বর। আমরা সমবয়সী কজন পরামর্শ ক'রে বিদ্যেশ্বরদের বই আনালাম। ভারতচন্দ্র রায়গুণাকর কবিওয়ালার বই। বড় ভাল লেগে গেল। তারপর আনালাম অন্নদামঙ্গল। বিদ্যেশ্বরদের বই ভাল, তবে বড় হে-পানা—

—কি পানা চাচা ?

—বড় হে-পানা ; আপনাদের কাছে আর কি বলব ? ছেলেছোকরা মাগুব তোমরা, আপনাদের কাল হতি দেখলাম, সে আর আপনি শুনে কি করবা ? ওই বিদ্যে ব'লে এক রাজকন্তে, স্তার সঙ্গে স্বন্দর ব'লে এক গাজপতুরের আসনাই হয়—এই সব কথা। প'ড়ে দেখো। বিদ্যেশ্বর কপ শোনবা কেমন ছেল ?

বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায় ।
সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায় ॥
কে বলে শারদশশী সে মুখের ডুলা ।
পদনখে পড়ে তার আছে কতগুলা ॥
কি ছার মিছার কাম ধর্য্যগে ফুলে ।
ভুরুর সমান কোথা ভুরুতঙ্গে ভুলে ॥
কাড়ি নিল মৃগমদ নয়নহিল্লোলে ।
কাঁধেরে কলঙ্ক টাঁদ মৃগ করি কোলে ॥

কবির ভারতচন্দ্র স্বর্গ হইতে যদি দেখিতে পাইতেন, তবে এই বিংশ শতাব্দীতে কত নবীন প্রতিভার প্রভাবের মধ্যেও তাঁহার এইরূপ একজন মুখ ভক্তের মুখে তাঁহার নিজের কবিতার উৎসাহপূর্ণ আবৃত্তি শুনিয়া নিশ্চয়ই খুব খুশি হইতেন।

বিপিনের এ কথা অবশ্য মনে হইল না, কারণ সে সাহিত্যরসিক নয়, বা কি প্রাচীন, কি আধুনিক কোনও বাংলা কবির সহিতই তাহার পরিচয় নাই। কিন্তু বিজ্ঞার রূপের বর্ণনা শুনিয়া তাহার কেন যে মানীর কথা মনে হইল হঠাৎ, তাহা সে নিজেই বুঝিতে পারিল না। বিজ্ঞা তো নয়—মানী। কবি যেন তাহাকে চক্ষের সামনে রাখিয়াই এ বর্ণনা লিখিয়াছেন। মানী কাছে আসিলে তাহাকে খুব সুন্দরী বলিয়া বিপিনের মনে হয় নাই, কিন্তু দূরে গেলেই মানীকে সর্কসৌন্দর্যের আকর বলিয়া মনে হয়। তাহার চোখ ষতটা জাগর, তাহার চেয়েও জাগর বলিয়া মনে হয়, রঙ ষতটা ফর্সা তাহার চেয়েও ফর্সা বলিয়া মনে হয়, মুখশ্রী ষতটা সুন্দর, তাহার চেয়েও অনেক বেশি সুন্দর বলিয়া মনে হয়।

আইনদ্দির বাড়ীর পশ্চিমে বেলাতর মাঠ, অনেক দূর পর্যন্ত ফাঁকা, মাঠের ওপারে হরিদ্বাসপুর গ্রামের বাঁশবন। সূর্য পশ্চিমে হেলিয়া পড়িলেও এখনও বেলা আছে, মাঠের মধ্যে ফুলে ভরা বাবলা গাছের ডালে ডালে শালিক ও ছাতারে পাখীর দল কলরব করিতেছে। নিকটে টাদমারির বিল থাকতে বৈকালের হাওয়া বেশ ঠাণ্ডা।

বিপিনের মন কেমন উদ্বাস হইয়া গেল।

জীবনে তাহার সুখ নাই, একমাত্র সুখের মুখ সে সস্ত্রাতি দেখিতে পাইয়াছে, অকস্মাৎ এক কলক-স্নিগ্ধ জ্যোৎস্নার মত মানীর গত কর দিনের কার্যকলাপ তাহার অন্ধকার জীবনে আলো আনিয়া দিয়াছে।

কিন্তু মানী তাহার কে ?

কেহই নয়, অথচ সে-ই যেন সব বলিয়া আজ মনে হইতেছে।

অথচ মানী অপরের স্ত্রী—বিপিনের কি অধিকার আছে সেখানে ? ইচ্ছা করিলেই কি তাহার সঙ্গে যখন-তখন দেখা করিবার উপায় আছে ?

মানী কেন দুই দিনের যত্ন দেখাইয়া তাহাকে এমন ভাবে বাঁধিল !

আইনদ্দি বলিল, একখানা কুমড়ো থাকে তো চল আমার সঙ্গে। বিলির ধারে জলি ধানের ক্যাতে আমার নাতি ব'সে পাখী তাড়াচ্ছে, সেখানথেকে দেব এখন। ডাঙার ওপারেই কুমড়োর ভূঁই।

টাদমারির বিলের ধারে ধারে দীর্ঘ জলজ পাতিঘাসের মধ্য দিয়া সুঁড়িপথ। পড়ন্ত বেলায় আধশুকনো ঘাসের রোদপোড়া গন্ধের সঙ্গে বিলের জলের পদ্মফুলের গন্ধ মিশিয়াছে। বিলের এপারে সবটাই জলি ধানের ক্ষেত। মাঝে মাঝে ছোট ছোট বাঁশের মাচায় বসিয়া লোকে টিনের কানেক্তারা বাজাইয়া বাবুই পাখী তাড়াইতেছে।

আইনদ্দির নাতির নাম মাখন। এ দেশের মুসলমানদের এ রকম নাম অনেক আছে— এমন কি কুবন, নিবারণ, যজ্ঞেশ্বর পর্যন্ত আছে।

মাখনের বয়স চল্লিশের কম নয়, চুলে পাক ধরিয়াকে। তাহার বাবার বয়স প্রায় বাহাস্তর-
ত্ৰিয়ারস্তর। মাখন বেশ জোয়ান লোক, শুধু জোয়ান নয়, এ অঞ্চলের মধ্যে একজন ভাল গায়ক
বলিয়া তাহার খ্যাতি আছে।

ঠাকুরদাদাকে আসিতে দেখিয়া মাখন বলিল, মোর জলপান কনে, হ্যা দাদা ?

পিছনে বিপিনকে আসিতে দেখিয়া সে ভাড়াভাড়া মাচা হইতে নামিয়া আসিয়া বলিল,
দাদাবাবু যে! কখন আলেন? আপনি সেই কোথায় নায়েবী করচ শুনেলাম, তাই ইদিক
বড় একটা ষাওয়া আসা কর না বুকি ?

আইনদ্দি বলিল, বাবাঠাকুরকে একটা বড় দেখে কুমডো এনে দে দিকি। ওই পুবির বেড়ার
গায়ে যে কটা বড় কুমডো আছে, তা থেকে একটা আন।

—হ্যাঁদে, দূর দূর, ওই দেখ বাবাঠাকুর, এক ঝাঁক বাবুই এসে জুটল আবার! হুমুন্দির
পাখীগুলো তো বড্ড জ্বালালে দেখচি!—বলিয়া আইনদ্দি নিজেই টিনের কানেস্তারা বাজাইতে
লাগিল।

বেলা পড়িয়া রাঙা রোদ কতক জলি ধানের বিস্তীর্ণ ক্ষেতে, কতক বিলের বাবলা-বনে
পড়িয়াছে, আইনদ্দির নাতি বিলের উপরের ডাঙায় কুমডো-ক্ষেত হইতে শূকর্থে গাহিতেছে—

যখন ক্ষ্যাতে ক্ষ্যাতে ব'সে ধান কাটি

ও মোর মনে জাগে তার লয়ান ছুটি—

বাবুইপাখীর ঝাঁক বোধ হয় বৃষ্টিতে পারিয়াকে বৃদ্ধ আইনদ্দি তাহাদের কিছুই করিতে
পারিবে না; হুতরাং তাহারা নিষ্কিবাদে আবার আসিয়া জুটিতে লাগিল।

আইনদ্দির নাতির গানের কয়টি চরণ শুনিয়াই বিপিন আবার অন্তমনস্ক হইয়া গেল। সেই
দিগন্তবিস্তীর্ণ মাঠ, বিল ও বিলের ধারে ধারে সবুজ জলি ধানের ক্ষেত, উপরে এবং নীচে নাচের
ধরনে উদ্ভীয়মান বাবুইপাখীর ঝাঁক, বিলের ধারের জলে সোলাগাছের হলদে ফুলের রাশি,
হরিদাসপুরের বাশবনের মাথায় হেলিয়া-পড়া অন্তমান সূর্য্য, সব মিলিয়া তাহার মনে এক
অপূর্ক বাধাভর্য অহুভূতির সৃষ্টি করিল।

যেন মনে হইল, মানীকে এ জগতে বৃষ্টিবার ভালবাসিবার লোক নাই। মানী বাহার হাতে
পড়িয়াছে, সে মানীর মূল্য বোঝে নাই। মানীর জীবনকে বার্ষতার পথ হইতে যদি কেহ রক্ষা
করিতে পারে, তাহার মখে সত্যকার আনন্দের হাসি ফুটাইতে পারে, তবে সে বিপিন নিজেই।
বিস্তীর্ণ সংসারে মানী হয়তো বড় একা, যেমন সে নিজেও আজ একা।

বিপিন কখনও প্রেমে পড়ে নাই জীবনে। প্রেমে পড়িবার অভিজ্ঞতা তাহার কখনও
হয় নাই; মানীর সঙ্গে এই কয়দিনের ঘটনাবলীর পূর্বে। এখন সে বৃষ্টিয়াছে, আজ মানী
তাহার যতটা কাছে ততটা কাছে কেহ কখনও আসে নাই। বিপিন লেখাপড়া মোটামুটি
জানিলেও এমন কিছু বেশী নভেল নাটক বা কবিতা পড়ে নাই, প্রেমের কি লক্ষণ কবি
ঔপন্যাসিকেরা লিখিয়া গিয়াছেন, তাহা সে জানে না; কিন্তু সে মাত্র এইটুকু অহুস্তব করিল,
মানী ছাড়া জগতে আর কেহ আজ যদি তাহার সামনে আসিয়া দাঁড়াই তাহার মনেব এ শক্ততা

পূর্ণ হইবার নয়।

ইহাকেই কি বলে ভালবাসা ?

হয়তো হইবে।

যে কোন কথাই সেই একটি মাত্র মানুষের কথা মনে আনিয়া দেয়—বিপিনের জীবনে ইহা একেবারে নূতন।

সে যে ভাইয়ের অস্থখের সম্বন্ধে আইনন্দির সঙ্গে পরামর্শ করিতে গিয়াছিল, এ কথা যেমালুম ভুলিয়া গিয়া কুমড়াটি হাতে লইয়া বিপিন সন্ধ্যার সময় বাড়ী ফিরিল।

চতুর্থ পরিচ্ছেদ

১

বিপিনের একজন বন্ধু আছে এখান হইতে দুই ক্রোশ দূরে ভাসানপোতা গ্রামে। বন্ধুটির নাম জয়কৃষ্ণ মুখোজ্জি। বয়সে জয়কৃষ্ণ বিপিনের চেয়ে বছর ছয়-সাতের বড়। কিন্তু ভাসানপোতার মাইনং স্কুলে উহারই দুইজনে এক ক্লাসে পড়িয়াছিল। জয়কৃষ্ণ বর্তমানে উক্ত গ্রামের সেই স্কুলেই হেড-মাস্টারের কাজ করে। বি. এ. পর্য্যন্ত পড়াশোনা করিয়াছিল।

এমন একজন লোক এখন বিপিনের পক্ষে অত্যন্ত প্রয়োজন হইয়া পড়িয়াছে, যাহার কাছে সব কথা খুলিয়া বলা যায়। না বলিলে আর চলে না।—বিপিন মনের মধ্যে এসব আর চাপিয়া রাখিতে পারে না।

তাই পরদিন সে ভাসানপোতায় বন্ধুর বাড়ী গিয়া হাজির হইল। জয়কৃষ্ণ এ গ্রামের বাসিন্দা নয়, তবে বর্তমানে কৰ্ম উপলক্ষে এই গ্রামের সতীশ কৰ্মকারের পোড়ো বাড়ীতে বাহিরের দুইটি ঘর লইয়া বাস করিতেছে।

স্কুলের ছুটির পর জয়কৃষ্ণ নিজের ঘরে ফিরিয়া উঠুন জালাইয়া চা তৈয়ারির যোগাড় করিতেছে, বিপিনকে হঠাৎ এ সময়ে দেখিয়া বলিল, আরে বিপনে যে! আয় আয়, ব'স। কবে এলি রে বাড়ীতে ?

বিপিন দেখিল, জয়কৃষ্ণ একা নাই—ঘরের মধ্যে বসিয়া আছে মাইনর স্কুলের দ্বিতীয় পণ্ডিত বিশেষর চক্রবর্তী। বিশেষর চক্রবর্তীর বয়স প্রায় সাঁইত্রিশ-আটত্রিশ, এ গ্রামের স্কুলে আজ প্রায় আট দশ বছর মাস্টারি করিতেছে, থাকে জয়কৃষ্ণের বাসায় অল্প ঘরটিতে, কারণ জয়কৃষ্ণ স্রীপুত্র লইয়া এখানে বাস করে না; বিশেষর চক্রবর্তীই উপরওয়াল হেড-মাস্টারের এক বকম পাচক ও ভৃত্য উভয়ের কাজই করে। বিনিময়ে জয়কৃষ্ণ তাহাকে খাইতে দেয়।

এসব কথা বিপিন জানিল, কারণ সে আরও বছর ভাসানপোতায় আনিয়াছে জয়কৃষ্ণের সঙ্গে দেখা করিতে। বলা বাহুল্য, বিপিন ও জয়কৃষ্ণ যখন এই স্কুলের ছাত্র, বিশেষর চক্রবর্তী

তখন খুলে মার্টার ছিল না, উহার পাস করিয়া বাহির হইয়া বাইবার অনেক পরে সে আসিয়া চাকুরিতে ঢোকে।

চা পান শেষ করিয়া বিপিন জয়কৃষ্ণকে ডাকিয়া ঘরের বাহিরে লইয়া গিয়া মানীর কথা তাহাকে বলিতে লাগিল। বেশ সবিস্তারেই বলিতে লাগিল।

বিশেষর চক্রবর্তী একটু দূরে বসিয়া উৎকর্ষ হইয়া ইহাদের কথা শুনিবার চেষ্টা করিতেছে দেখিয়া বিপিন গলার স্বর আরও একটু নীচু করিল।

বিশেষর দাঁত বাহির করিয়া হাসিয়া বলিল, আমরা কি শুনে পাব না কথাটা, ও বিপিনবাবু ?

—এ আমাদের একটা প্রাইভেট কথা হচ্ছে।

—প্রাইভেট আর কি। কোন মেয়েমানুষের কথা তো ? বলুন না, একটু শুনি।

বিশেষর অত্যন্ত আগ্রহের সঙ্গে কথাগুলি বলিল দেখিয়া বিপিন একটু মজা করিবার জন্ত কহিল, আসুন না এদিকে, বলছি।

তারপর সে এক কাল্পনিক মেয়ের সঙ্গে তাহার কাল্পনিক প্রেম-কাহিনী সবিস্তারে শুরু করিল। একবার ট্রেনে একটি সুন্দরী মেয়ের সঙ্গে তাহার আলাপ হয়। মেয়েটির নাম বিজলী। তাহার বাবা ও মায়ের সঙ্গে সে কলকাতায় মামার বাসায় বাইতেছিল। বিজলী কলিকাতায় মামার বাসায় ঠিকানা দিয়া তাহাকে বাইতে বলে। বিপিন অনেকবার সেখানে গিয়াছিল, বিজলী কি আদরষড় করিত ! বার বার আসিতে বলিত। একদিন বিপিন তাহার বাপ-মাকে বলিয়া বিজলীকে আলিপুর চিড়িয়াখানা দেখাইতে লইয়া যায়। সেখানে বিজলী মুখ ফুটিয়া বলে, বিপিনকে সে ভালবাসে।

বিশেষর সাগ্রহে বলিল, এ কতদিনের কথা ?

—তা ধরুন না কেন, বছর ছ-সাত আগের ব্যাপার হবে।

—এখন সে মেয়েটি কোথায় ?

—এখন তার বিয়ে হয়ে গেছে। শশুরবাড়ী থাকে।

—আপনার সঙ্গে আলাপ আছে ?

—আলাপ আবার নেই ! দেখা হয় মাঝে মাঝে তার সেই মামার বাসায়, তখন ভারী বড় করে।

—কি বকম বড় করে ?

—এই গল্পগুস্তব করে, উঠতে দেয় না, বলে, বহন বহন। খুব খাওয়ায়। এর নাম বড় আর কি। আমরা বত চিঠি লিখেছে লুকিয়ে।

—বলেন কি ! চিঠিপত্র লিখেছে !

বিশেষর চক্রবর্তী একেবারে অভিভূত হইয়া পড়িল। ইহা সে কল্পনাও করিতে পারে না। মেয়েমানুষ লুকাইয়া যে চিঠি লেখে—সে চিঠি যে পায়, তাহার কি সৌভাগ্য না জানি ! বিশেষর চক্রবর্তীর অত্যন্ত ইচ্ছা হইল, সেসব চিঠিতে কি লেখা আছে জিজ্ঞাসা করে ; কিন্তু

নিভাস্ত ভদ্রভাবিকৃৎ হয় বলিয়া, বিশেষতঃ যখন বিপিনের সঙ্গে তাহার খুব বেশি ঘনিষ্ঠতা নাই, সেকথা বলিতে পারিল না। শুধু বিশ্বাসের দৃষ্টিতে বিপিনের মুখের দিকে চাহিয়া রহিল।

জয়কৃষ্ণ বলিল, বিশ্বেশ্বরবাবু, আপনার জীবনে এ রকম কখনো কিছু নিশ্চয় হয়েছে, বলুন না শুনি।

বিশ্বেশ্বর নিভাস্ত হতাশ ও দুঃখিত ভাবে খানিকটা আপনমনেই বলিল, আমাদের এ রকম কখনও কেউ চিঠি লেখে নি, চিঠি লেখা তো দূরের কথা, কখনও কোন মেয়ে কিছু বলেও নি, সাহস ক'রে কাউকে কখনও কিছু বলতেও পারি নি মাস্টারবাবু, সত্যি বলছি, এই এত বয়স হ'ল।

—বিয়েও তো করলেন না।

—বিয়ে কি ক'রে করব মাস্টারবাবু, দেখতেই পাচ্ছেন সব। পঁচিশ টাকা মাইনে লিখা স্কুলের খাতায়, পাই পনরো টাকা। ন মাতা ন পিতা, আমার বাড়ী মাল্লুষ হয়েছে দুঃখে-কষ্টে। তেমন লেখাপড়াও শিখিনি। আমাদের দোরে তাদের চাকরগিরি ক'রে, হাটবাজার ক'রে অতিকষ্টে ছাত্রবৃত্তি পাস করি।

জয়কৃষ্ণ বলিল, বিয়ে করলে আপনার লোক পেতেন বিশ্বেশ্বরবাবু। এর পরে দেখবেন, একজন মাল্লুষ অভাবে কি কষ্ট হয়!

বিশ্বেশ্বর চক্রবর্তী বলিল, এর পর কেন, এখনই হয়। সত্যি বলছি মাস্টারবাবু, একটা ভাল কথা কখনও কেউ বলে নি, বড় দুঃখে এ কথা বলছি, কিছু মনে করবেন না, কারণ মুখে একটা ভালবাসার কথা, এই উনি যেমন বলছেন, এ তো কখনও শুনিই নি, কাকে বলে জানিও না। তাই এক এক সময় ভাবি, জীবনটা বুথায় গেল মাস্টারবাবু, কিছুই পেলাম না।

বিশ্বেশ্বর চক্রবর্তী এমন হতাশ সুরে এ কথা বলিল যে, সে যে অকপটে সত্য কথা বলিতেছে, এ বিষয়ে বিপিনের কিছুমাত্র সন্দেহ হইল না। সে যে কিছুদিন আগেও ভাবিত, তাহার জুল্য অসুখী মাল্লুষ দুনিয়ায় কেহ নাই, ইহার বৃত্তান্ত শুনিয়া বিপিনের সে ধারণা দূর হইল।

এই ভাগ্যহত দরিদ্র স্কুল-মাস্টারের উপর তাহার যেন একটা অহেতুক ভালবাসা জন্মিল।

হঠাৎ মনে হইল, জয়কৃষ্ণ তাহার এতদিনের বন্ধু বটে, কিন্তু জয়কৃষ্ণের চেয়েও এই অর্ধ-পরিচিত বিশ্বেশ্বর চক্রবর্তী যেন তাহার অনেক আপন। ইহা দরিদ্রের প্রতি দরিদ্রের সমবেদনা নয়, দরিদ্রের প্রতি ধনীর করুণা।

কারণ বিপিন এখন ধনী। আজই এইমাত্র বিপিন ভাল করিয়া বুঝিয়াছে যে, সে কত বড় ধনী।

বাড়ীতে আসিয়া প্রথম দিন পাচ-ছয় বলাই বেশ ভাল ছিল। বিপিন চাকুরিহলে চলিয়া গেলে সে একদিন গ্রামের নবীন রায় মহাশয়ের বাড়ীতে বসিয়া আছে—নবীন রায়ের ছেলে বিষ্ণু বলিল, বলাইবা, মাংসের ভাগ নেবে? আমরা উত্তরপাড়া থেকে ভাল খাসি আনিয়াছি, এবেলা কাটা হবে। সাত আনা ক'রে সের পড়তা হচ্ছে।

বলাই অতিরিক্ত মাংস খাওয়ার ফলেই অসুস্থ বাধাইয়াছিল। মাংস খাওয়া তাহার ব্যরণ আছে, এবং দাদা বাড়ী থাকার জন্তই সে বিশেষ কিছু বলিতেও সাহস করে নাই। কিন্তু এখন আর সে ভয় নাই।

মনোরমা ব্যরণ করিয়াছিল। বলাই বৌদিদিকে তত আমল দেয় না, ফলে তাহার মাংস খাওয়া কেহ বন্ধ করিতে পারিল না।

দুই তিন দিনের মধ্যে বলাই আবার অসুস্থ হইয়া পড়িল। বিপিন অসুস্থের খবর পাইয়াও বাড়ী আসিতে পারিল না, জমিদার অনাদিবাবু কিস্তির সময় ছুটি দিতে চাহিলেন না।

দিন কুড়ি পরে বিপিন বাড়ী আসিয়া দেখিল, বলাই একটু সুস্থ হইয়া উঠিয়াছে। বলাই বাড়ীর সকলের হাতে পায়ে ধরিয়া দাদাকে মাংস খাওয়ার কথা বলিতে ব্যরণ করিয়া দিয়াছিল। সুতরাং বিপিনের কানে সে কথা কেহ তুলিল না।

বিপিন এক দিন থাকিয়াই চলিয়া গেল। বলাই আবার সুপথ্য শুরু করিয়া দিল। কখনও লুকাইয়া কখনও বা বাড়ীর লোকের কাছে কান্নাকাটি করিয়া, আবদার ধরিয়া।

মাস দুই এইভাবে কাটিবার পরে বিপিন পাচ ছয় দিনের ছুটি লইয়া বাড়ী আসিল। তাহার বাড়ী আসিবার প্রধান কারণ, পৈতৃক আমলের ভাড়া চণ্ডীমণ্ডপটি এবার খড় তুলিয়া ভাল করিয়া ছাইয়া লইবে। এ সময় ভিন্ন খড় কিনিতে পাওয়া যাইবে না পাড়ারগায়ে।

বাড়ী আসিয়া প্রথমেই বলাইকে দেখিয়া বিপিনের বাড়ী আসিবার আনন্দ-উৎসাহ এক মুহূর্তে নিবিয়া গেল। একি চেহারা হইয়াছে বলাইয়ের! চোখ মুখ ফুলিয়াছে, রঙ হলদে, পায়ের পাতাও ঘেন ফুলিয়াছে মনে হইল; অথচ নেক্রাইটিসের রোগী দিব্য মনের আনন্দে নিবিচারে পথ্য-অপথ্য খাইয়া চলিয়াছে।

বিপিন কাহাকেও কিছু বলিল না, তাহার মন ভয়ানক খারাপ হইয়া গেল ভাইটার অবস্থা দেখিয়া। সেবার কিছু সুস্থ দেখিয়া গিয়াছিল, কোথায় সে ভাবিতেছে, এবার গিয়া দেখিবে, ভাইটি বেশ সারিয়া সামলাইয়া উঠিয়াছে! সারিয়া ওঠা তো দূরের কথা, রাণাঘাট হাসপাতালে সেবার লইয়া যাওয়ার পূর্বে যা চেহারা ছিল তাহার চেয়েও খারাপ হইয়া গিয়াছে।

দুই দিন পরে বিপিন নদীর ধারে মাছ ধরিতে যাইবে, বলাই বলিল, দাদা, আমিও যাব তোমার সঙ্গে? বল তো যুগীপাড়া থেকে আর দুখানা ছিপ নিয়ে আসি।

বলাই উঠিয়া হাঁটিয়া খাইয়া-দাইয়া বেড়াইত বলিয়া বাড়ীর লোকে হয়তো ভাবে, তবে অসুস্থ এমন কঠিন আর কি! কারণ পাড়ারগায়ের ব্যাপার এই যে, শয্যাসায়ী এবং উখান-

শক্তিসহিত না হওয়া পর্যন্ত কাহাকেও অস্বস্থ বলিয়া ধারণা করিবার মত বৃদ্ধি লেখানে খুব কম লোকেরই আছে।

মাছ ধরিতে গিয়া দুইজনে নদীর ওপারে গিয়া বসিল, কারণ এপারে জলে শেওলার দাম বড় বেশি।

চার করিয়া ছিপ ফেলিয়া বিপিন বলিল, বলাই একটু তামাক সাজ তো ককেটায়। আর মাঠ থেকে একটু গোবর কুড়িয়ে নিয়ে আয়, বড্ড চিংড়িমাছে জ্বালাচ্ছে, একটু ছড়িয়ে দিই।

বলাই বলিল, দাদা, গোবর দিলে চিংড়ি মাছ বেশি ক'রে আসবে।

—তুই তো সব জানিস, দে আগে তামাকটা সেজে!

বেলা পড়িতে বেশি দেরি নাই। অনেকক্ষণ বিপিন ছিপ ফেলিয়া একমনে বসিয়া আছে, বলাইও তাহার পাশেই কিছু দূরে ছিপ ফেলিয়াছে। উভয়ের ছিপের ফাতনা নিবাতনিকম্প প্রদীপের মত স্তব্ধ। হঠাৎ বিপিন মুখ তুলিয়া ভাইয়ের দিকে চাহিতেই দেখিল, বলাইয়ের চোখ ছিপের ফাতনার দিকে নাই। সে গভীর মনোযোগের সঙ্গে একদৃষ্টে ওপারের দিকে চাহিয়া আছে। চাহিয়া চাহিয়া কি যেন দেখিতেছে।

কি দেখিতেছে বলাই?

বিপিন কৌতূহলী হইয়া ভাইয়ের দৃষ্টি অন্তসরণ করিয়া ওপারের দিকে চাহিল। সঙ্গে সঙ্গে তাহার বুকের মধ্যে ছাঁৎ করিয়া উঠিল।

সে এতক্ষণ লক্ষ্য করে নাই, ওপারেই চটকাতলার ঝশান। ওপারের জল্লের বহু গাছ-পালার মধ্যে বিপিন লক্ষ্যই করে নাই যে, তাহারা ঝশানতলীর বৃড়ো চটকাগাছটার ঠিক এপারে আলিয়া বসিয়াছে, সেদিকে মন দিবার কোনও কারণও ছিল না এতক্ষণ।

কিন্তু বলাই ওদিকে অমন ভাবে চাহিয়া আছে কেন?

বলাই যেন উদাস, অগ্নমনস্ক। দাদা যে তাহার দিকে চাহিয়া দেখিতেছে, এ খেয়ালও তাহার নাই।

বিপিন বলিল, ওদিকে অমন ক'রে কি দেখছিস রে?

বলাই চকিতে ওপারের দিক হইতে চোখ ফিরাইয়া লইয়া বলিল, না, কিছু না, এমনই।

বিপিন যেন খানিকটা আশঙ্ক হইল, অথচ কেন যে আশঙ্ক হইল, কি ভয়ই বা করিতেছিল, তাহা তাহার নিজের নিকট খুব যে স্পষ্ট হইয়া উঠিল, তাহা নহে। তবুও মনে মনে ভাবিল, কিছু না, এমনই চেয়ে ছিল।

কিন্তু কিছুক্ষণ ছিপের ফাতনার দিকে লক্ষ্য রাখিবার পরে ভাইয়ের দিকে আর একবার চোখ ফেলিতেই সে দেখিল, বলাই আবার পূর্ববৎ অগ্নমনস্কভাবে ওপারের দিকে একদৃষ্টে চাহিয়া আছে।

বিপিন উদ্ভিগ্নভাবে জিজ্ঞাসা করিল, কি রে? কি দেখছিস বল তো?

বলাই বলিল, না, কিছু দেখছি না।—বলিয়াই সে যেন দাদার কাছে ধরা পড়িয়া যাওয়াটা চাকিয়া লইবার আশ্রয়ে অভ্যস্ত উৎসাহের সহিত ছিপ তুলিয়া বঁড়শিতে নতুন কঁচোর টোপ

গাধিতে ব্যস্ত হইয়া পড়িল।

আবার খানিকক্ষণ কাটিয়া গেল। বেলা একদম পড়িয়া গিয়াছে। ওপারের বড় বড় শিমূল, শিরীষ বা তেঁতুল গাছের মগডালে পর্য্যন্ত একটুও রাঙা বোদের আভা নাই। মাঠের যেখানে তাহারা বসিয়াছে, তাহার আশেপাশে চিচ্ছিড়ে ফলের বনে সারাদিনের বোদ পাইয়া বোদ-পোড়া ফলের গুঁটিগুলি পিড়িক পিড়িক শব্দ করিয়া ফাটিতেছে। এই সময়টা মাছ খায়, হুতরাং বিপিন ভাবিল, অন্তত আর আধ ঘণ্টা অপেক্ষা করিয়া যাইবে।

হঠাৎ তাহাদের সামনে জলের মধ্যে একটা প্রকাণ্ড কচ্ছপ নিঃশব্দে ভাসিয়া উঠিয়া চার পা নাড়িয়া সীতার দিতে দিতে বলাইয়ের ছিপের দিকে লক্ষ্য করিয়াই যেন আসিতে লাগিল।

বিপিন বলাইকে কথটা বলিতে গিয়া মুখ ফিরাইতেই দেখিল কচ্ছপটা যে ভাসিয়া উঠিয়াছে বা তাহারই ছিপের দিকে সীতারাইয়া আসিতেছে, বলাইয়ের সেদিকে দৃষ্টিই নাই; সে আবার সেই ভাবে ওপারের দিকে চাহিয়া আছে।

বিপিন ধমক দিয়া বলিল, এই! কি দেখাছিস ওদিকে অমন ক'রে? ওদিকে তাকাও নে।

কথটা বলিয়া ফেলিয়াই বিপিনের মনে হইল, এ কথা বলাইকে এ ভাবে বলা ভাল হয় নাই। সন্ধে সন্ধে যে সন্দেহটা অমূলক বা অস্পষ্ট ছিল, সেটা যেন আরও স্পষ্ট হইয়া উঠিল।

বিপিনের হাতে পায়ের যেন বল কমিয়া গেল, মন বেজায় দমিয়া গেল। প্রায়শ্চক্কার সঙ্কায় ওপারের চটকাতলার শ্মশানের মড়ার বাশ ও ফুটা কলসীগুলো যেন কি ভয়ানক অমঙ্গলের বার্তা প্রচার করিতেছে! ভাশমান কচ্ছপটাও। সে তাড়াতাড় ছিপ গুটাইয়া ভাইকে বলিল, নে, চল বাড়া চল। সন্ধো হ'ল। আমি ছিপগুলো বেঁধে নিই। তুই ততক্ষণ বাশতলার ঘাটে গিয়ে পারের নৌকো ভাক দে।

অস্থস্থ ভাইটাকে শ্মশানের সান্নিধ্য হইতে যত তাড়াতাড়ি হয় সরাইতে পারিলে সে যেন বাচে।

বিপিনের মন কয়দিন যেমন হাক্কা ছিল, সর্বদা যেমন কি এক ধরণের আনন্দে ভরপুর ছিল, আজ আর তেমন অস্থভব করিল না। কাহারও সহিত কথাবার্তা কাহতে ভাল লাগিল না, সকাল সকাল খাওয়া-দাওয়া সারিয়া সে নিশ্চের ঘরে ঢুকিল।

পৈতৃক আমলের কুঠরির মেঝেতে সিমেন্ট চটিয়া উঠিয়া গিয়াছে বহুকাল, জানালার কবাত আলগা, ছেড়া নেকড়া ও কাঁঠাল কাঠের পিঁড়ি দিয়া উত্তরের জানালাটা আটকানো। জানালায় ঠেসানো আছে এক গাদা শাবল, কুড়ুল, গোটা দুই পুরানো ছকো, একটা পুরানো টিনের তোরঙ্গ, সেজন্ত ওদিকের জানালা খোলাই যায় না।

ঘরে খাট নাই, যে কয়খানা খাট ছিল, পূর্ববৎসর দারিদ্র্যের দায়ে বিপিন সস্তা দরে বিক্রয় করিয়া ফেলিয়াছিল। মায়ের ঘরে একখানা মাত্র জাম কাঠের শেকলে তক্তাপোশ ছিল, সম্প্রতি বলাইয়ের অস্থস্থ বাড়বার পর হইতে সেখানা বলাইয়ের জন্ত দালানে পাতিয়া দেওয়া হইয়াছে। হুতরাং বিপিন নিশ্চের ঘরে মেঝের উপর বিছানা পাতিয়াই শোয় আজ তিন বৎসর।

এক দিকে মাদুরের উপর কাঁথা পাতিয়া বিছানা করা, মনোরমা লেখানে খোকাখুকীকে লইয়া শোয়। ঘরের অল্প দিকে একখানা পুরানো তুলো-বার-হওয়া তোশক পাতিয়া বিপিনের জল বিছানা করা হইয়াছে ; মশারি নাই, এতদিন অর্থাভাবে কেনা যায় নাই, চাকুড়ি হওয়ার পর হইতেও এমন কিছু বিপিন খোক টাকা কোনদিন হাতে করিয়া বাড়ী আসে নাই, যাহা হইতে সংসার-খরচ চালাইয়া আবার মশারি কেনা যাইতে পারে।

সমস্ত রাজি মশায় ছিঁড়িয়া থায় বলিয়া মনোরমা সন্ধ্যাবেলা ঘরের দরজা-জানালা বন্ধ করিয়া ঘুঁটের ও তুষের ধোঁয়ার সঁজাল দেয়, যেমন গোহালে দেওয়া হয় তেমনই। আজও দিয়াছিল, এখনও ঘুঁটের মালসা ঘরের মেঝেতে বসানো, অল্প অল্প ধোঁয়া বাহির হইতেছে।

বিপিন শৌখিন মেজাজের লোক, ঘরে ঢুকিয়া ঘুঁটের মালসা দেখিয়াই চটিয়া গেল। অপরাধ বিছানায় ভাঙ্গু শুইয়া ছিল, তাহাকে ডাকিয়া বলিল, তোর মাকে ডেকে নিয়ে আয়।

মনোরমা ঘরে ঢুকিতেই বিরক্তির স্বরে বলিল, এত রাত পর্যন্ত ঘুঁটের মালসা ঘরে ? বলি এখানে মাহুশ শোবে না এটা গোয়াল ? নিয়ে যাও সরিয়ে।

মনোরমা বলিল, তা কি করব বল। ও দিলে তবুও মশা একটু কমে, নইলে শোয়া যায় ! একদিন ধোঁয়া না দিলে মশায় টেনে নিয়ে যায় যে ! অল্প কি উপায় আছে দোখয়ে দাও না।

স্বীর এই কথার মধ্যে তাহার মশারি কিনিবার অক্ষমতার প্রতি প্রচ্ছন্ন ইঙ্গিতের আশ্রয় অজ্ঞান করিয়া বিপিন জলিয়া উঠিল। বলিল, উপায় কি আছে, না আছে, এখন দেখবার সময় নয়। তুমি দয়া ক'রে মালসাটা সরিয়ে নিয়ে যাবে ?

মনোরমা আর বাক্যব্যয় না করিয়া বিবাদের হেতুভূত দ্রব্যটিকে ঘরের বাহিরে লইয়া গেল। সে একটা ব্যাপার আজ কয়েকদিন ধারণা বুঝবার চেষ্টা করিতেছে। পলাশগুঁরে চাকুড়ি হইবার পর হইতেই আমার কেমন যেন রুক্ষ মেজাজ, আগে তাহার নানারকম বদখেয়াল ছিল, নেশাভাঙ করিত ; বিষয়-আশয় উড়াইয়া দিয়াছে বটে, কিন্তু মনোরমা যখন ভক্তস্বার করিত, তখন সে শুনিয়া যাইত, মূহু প্রতিবাদ করিত, দোষক্ষালনের চেষ্টা করিত, কিন্তু যোগত না, বরং ভয়ে ভয়ে থাকিত।

আজকাল হইয়াছে উল্টা। মনোরমা কিছু করিলেও দোষ, না করিলেও দোষ। বিপিন যেন তাহার সব কিছুতেই দোষ দেখে। সামান্ত ছুতা ধরিয়া যা-তা বলে। কেন যে এমন হইল, তাহা মনোরমা ভাবিয়া পায় না।

মনোরমা খাও এক বিপদে পড়িয়াছে।

বীণা-ঠাকুরঝি বয়সে তাহার অপেক্ষা দুই বছরের ছোট। বিধবা হওয়ার পরে এই সংসারেই আছে, স্বত্তরবাড়ী যায় না, কারণ স্বত্তরবাড়ীতে এমন কেহ আপনার জন নাই যে তাহাকে লইয়া যায়। উনিশ বছর বয়সে বিধবা হয়, এখন বছর একুশ-বাইশ বয়স। মনোরমার নিজের বয়স চব্বিশ।

সে কথা থাক।

এখন বিপদ হইয়াছে এই, আজ প্রায় ছয় সাত মাস ধরিয়া মনোরমা লক্ষ্য করিতেছে, গ্রামের তারক চাটুজ্জের ছেলে পটল যখন তখন ছুতা-নতায় এ বাড়ীতে যাতায়াত করে এবং বীণার সঙ্গে মেলামেশা করে।

হাতে মনোরমা প্রথমে কিছু মনে করে নাই, সে শহর-বাজারের মেয়ে, তাহার বাপের বাড়ীতেও বিশেষ গোড়ামি নাই ও-বিষয়ে। ছেলে আর মেয়ে একসঙ্গে মিশিলেই যে খারাপ হইয়া যাহবে, সে বিশ্বাস তাহার জ্যাঠামশায়ের নাই সে জানে। মনোরমা বাবাকে দেখে নাই; জ্যাঠামশায়ই তাহাকে মানুষ করিয়াছেন।

কিন্তু এ ঠিক সে রকমের নয়।

সন্দেহ একদিনে হয় নাই। একটু একটু করিয়া বহুদিনে হইয়াছে।

বিবাহ হইবার পরে এ বাড়ীতে আসিয়া মনোরমা পটলকে এ বাড়ীতে তত আসতে দোঁখত না, যত সে দোঁখতেছে আজ প্রায় বছরখানেক। তাহার মধ্যে ছয়-সাত মাস বাড়াবাড়। বীণা-ঠাকুরঝিও আজকাল যেন পটল আসিলে কি রকম চঞ্চল হইয়া উঠে। রাঁধিতে বসিয়াছে, হয়তো পটলের গলার স্বর শোনা গেল দালানে, শাওড়ার সঙ্গে কথা কাঁহতেছে। এদিকে বীণা হয়তো এক ঘণ্টার মধ্যে রান্নাঘর হহতে বাহির হয় নাই, কোনও না কোনও ছুতা খুঁজিয়া সে রান্নাঘর হহতে বাহির হইবেই। দালানে বাহিয়া পটলের সঙ্গে খানিকটা কথা কাঁহিয়া আসিবেই। এ মাত্র একটা উদাহরণ, এ রকম অনেক আছে।

ইহাও না হয় মনোরমা না ধরিল।

একদিন সিঁড়ির পাশে অন্ধকারে সন্ধ্যাবেলায় দাঁড়াইয়া সে দুইজনকে চূপ চূপ কি কথা-বার্তা বলিতে দেখিয়াছে। শাওড়ী সন্ধ্যার পর চোখে ভাল দেখেন না, নিজের ঘরে খিল দিয়া জপ-আঁহক করেন ঘণ্টাখানেক কি তাহারও বেশি, সে নিজেও এই সময়টা ছেলেমেয়ের তদারক করিতে, রাজের রান্নার যোগাড় করিতে ব্যস্ত থাকে, আর ঠিক কিনা সেই সময়ই ওই পোড়ারমুখো পটল চাটুজ্জে!

বীণা-ঠাকুরঝিও যেন লুকাইয়া দেখা করিতে আগ্রহ দেখায়, ইহার প্রমাণ সে পাইয়াছে। অথচ পটলের বয়স ত্রিশ-বত্রিশ কি তারও বেশি; পটল বিবাহিত, তার ছেলেমেয়ে চার-পাঁচটি। তাহার কেন এত ঘন ঘন যাওয়া-আসা এখানে, একজন অল্পবয়সী বিধবার সঙ্গে এত

কথাবার্তাই বা তাহার কিসের ? বিশেষ যখন বাড়ীতে কোন পুরুষমাহুষ আজকাল থাকে না। বলাই তো এতদিন হাসপাতালেই ছিল, শান্তুড়ী চোখে দেখেন না, তাঁহার থাকা না-থাকা দুই সমান।

বীণা-ঠাকুরঝির সঙ্গে এ কথা কহিয়া কোন লাভ নাই। মেয়েমাহুষের মন দিয়া মনোরমা তাহা বুঝিয়াছে। বীণা কথাটা উড়াইয়া দিবে, অস্বীকার করিবে, পরে রাগ করিবে, ঝগড়া করিবে।

শান্তুড়ীকে বলিয়াও কোন লাভ নাই। তিনি অত্যন্ত সরল, বিশ্বাস করিবেন না, বিশেষ করিয়া তিনি নিরেট ভালমাহুষ, তাঁহার কথা ঠাকুরঝি শুনিবেও না। বয়ং বউদিদির কথা শুনিলেও শুনিতে পারে, কিন্তু মার কথা সে গায়ে মাখিবে না।

অতিরিক্ত আদর দিয়া শান্তুড়ী বীণা-ঠাকুরঝির মাথাটি খাইয়াছেন।

মনোরমার ইচ্ছা ছিল বিপিনকে কথাটা বলবার। কিন্তু স্বামীর মেজাজ আজকাল যেন সর্বদাই চটা, এ কথা বলিলে যদি আরও চটয়া যায়, মনোরমাকেই গালাগালি করে, এজন্ত তাহার ভয় করে কথাটা পাড়িতে।

মনোরমা সংসারী ধরনের মেয়ে। তাহার সমস্ত মনপ্রাণ সংসারে পড়িয়া থাকে। জ্যাঠা-মশায় যখন তাহার বিবাহ দেন এ বাড়ীতে তখন ইহাদের অবস্থা সচ্ছল ছিল। স্বস্তর চোখ বুজিতেই সব গেল। স্বামীকে বুঝাইয়া বলিবার বয়স তখন হয় নাই মনোরমার। স্বামী বিষয়-আশয় উড়াইয়া দিয়া এমন অবস্থা করিল সংসারের যে, এমন দুর্দশার অভিজ্ঞতা এখনও ছিল না অবস্থাপন্ন গৃহস্থের মেয়ে মনোরমা। তাহার জ্যাঠামশায় একজন অবসরপ্রাপ্ত সাবজজ, জাঠততো ভাইয়েরা কেহ উকিল, কেহ ডাক্তার। জ্যাঠামশায় যখন বারাসতের মুন্সেফ তখন এখানে তাহার বিবাহ দেন। সে শুধু বিনোদ চাটুজের নামডাকের জোরে। তখন ভাবিয়াছিলেন, পাড়াগাঁয়ের সচ্ছল গৃহস্থের বর, ভাইঝি হুখেই থাকিবে। মনোরমার গায়ে গহনা কম দেন নাই জ্যাঠামশায় বিবাহের সময়, তাহার কিছুই অবশিষ্ট নাই, দুইগাছা কলি ছাড়া। পাছে কেহ কিছু মনে করে বলিয়া মনোরমা বাপের বাড়ী যাওয়ার ছাড়িয়া দিয়াছে। এত করিয়াও স্বামীর মন পাইবার জো নাই। সবই তাহার অদৃষ্ট!

শান্তুড়ীর বাতের বেদনা আছে। খাওয়া-দাওয়া সারিয়া সে শান্তুড়ীর ঘরে তাপ-সেক করিতে লাগিল। বিপিনের মা পুত্রবধূকে অত্যন্ত ভালবাসেন। মনোরমা যে ভাবে শান্তুড়ীর সেবা করে, বাঁপার নিকট হইতেও তিনি তাহা পান না; যদিও এ কথা বলা চলে না যে, বাঁপা মায়ের সম্বন্ধে উদাসীন। বাঁপা নিজের ধরনে মায়ের খড় করে। সে সংসার তেমন করিয়া এখনও করে নাই, অল্প বয়সে বিধবা হইয়াছে, ছেলেপুলে নাই; মনেপ্রাণে সে যেন এখনও অবিবাহিতা বালিকা। তাহার ধরনধারণ বালিকার মতই, গোছালো-গাছালো সংসারী ধরনের মেয়ে সে কোনও কালেই নয়, হইবেও না। মেয়ের উপর বিপিনের মায়ের অত্যন্ত দয়দ—ছোট মেয়ের উপর মায়ের যেমন স্নেহ পাকে তেমনই। বিপিনের মা বোঝেন, বাঁপার জীবনের শুল্কখান তিনি কোন কিছু দিয়াই পুরাইতে পারিবেন না; এখনও সে ছেলেমাহুষ,

ঠিকমত হয়তো বোঝে না তাহার কি হইয়াছে, কিন্তু যত বয়স বাড়িবে, মা চলিয়া যাইবে, মুখের দিকে চাহিবার কেহ থাকিবে না, তখন সে নিজের স্বামী-পুত্রহীন জীবনের শূন্যতা উপলব্ধি করিবে। তারপর যতদিন বাঁচিবে, সম্মুখে আশাহীন, আনন্দহীন, ধুধু মরুভূমি। তাহার মধ্যবয়সের সে শূন্যতা পুরিবে কিসে? তবুও যে দুইদিন হৃৎকোষী নিজের অবস্থা বুঝিতে না পারে, সে দুইদিনই ভাল। তা ছাড়া কি হৃৎকোষী বা সে এখন যাচ্ছে?

মা মধ্যে মধ্যে তাহাও ভাবেন।

বীণা খন্ডরবাড়ী হইতে আনিয়াছিল খানকতক সোনার গহনা ও নগদ দেড় শো টাকা। বিপিন ব্যবসা করিবে বলিয়া বোনের টাকাগুলি চাহিয়া লইল, অবশ্য তাহার উদ্দেশ্য ভালই ছিল, কিন্তু টাকা বাকি পড়িয়া ক্ষুদ্র মুদিখানার দোকান ডুবিয়া গেল। বীণার টাকাগুলিও ডুবিল সেই সঙ্গে।

ইহার পরও বীণার দুইখানা গহনা বিপিন চাহিয়া লইয়া বিক্রয় করিয়া বলাইকে লাঙল গরু কিনিয়া দিয়াছিল চাষবাসের জন্ত। তখন সংসারের ভয়ানক দুরবস্থা যাইতোছিল, সকলে পরামর্শ দিল, জমি এখনও যাহা আছে, নিজেরা লাঙল রাখিয়া চাষ করিলে ভাতের ভাবনা হইবে না। বলাইও ধরিল, দাদা আমাকে লাঙল গরু ক'রে দাও, সংসারের ভার আমি নিচ্ছি।

বিপিন স্ত্রীকে বলিল, ওগো, শোন একটা কথা। বীণাকে বল না ওর হারগাছটা দিতে। আমি এখন বেচে বলাইকে গরু কিনে দিই, তারপর বীণাকে আবার গড়িয়ে দোব।

মনোরমা বলিল, তুমি বেশ মজার মানুষ তো! একবার ওর দেড় শো টাকা নিলে আর ঠুপুড়-হাত করলে না, আবার চাইছ গলার হার! ওর ওই সামান্য ব্যাণ্ডের আয়ুধি পুঁজি, শেষে ওকে কি পথে দাঁড় করাবে? আমি ও কথা বলতে পারব না।

অগত্যা বিপিনই গিয়া বীণাকে কথাটা বলিল।

—তোর কোনও ভাবনা নেই আমি যতদিন আছি। বলাইকে লাঙল গরু কিনে দিই ওই হারগাছটা বেচে, তারপর তোকে গড়িয়ে দোব এর পরে। তোর আগের টাকাও আন্তে আন্তে শোধ দোব। কিছু ভাবিস নি তুই।

বীণা বলিল, আমার আবার ভাবাভাবি কি, হার দরকার হয় নাও না, তবে ব'লে দিচ্ছি, বাবার আমলে যেমন গোলা ছিল অমনই গোলা তুলতে হবে কিন্তু বাইরের উঠোনে। গোলা চ'লে গিয়ে চণ্ডীমণ্ডপের সামনের উঠোনটা ফাঁকা ফাঁকা দেখাচ্ছে। আর আমি, বৌদি, মা, তুমি, বলাই—সবাই মিলে নৌকো ক'রে একদিন কালীতলায় বেড়াতে যাব। কেমন তো?

দিনকতক চাষবাস চলিয়াছিল ভাল। বলাই নিজে দেখিত শুনিত, গরুর গাড়ী নিজে ঠিকাইত। হঠাৎ বলাইয়ের অস্থখ হইয়া সে সব গেল। চিকিৎসার জন্ত গরু-জোড়া বিক্রয় করিতে হইল। স্বস্তরায় বীণার হারগাছটাও গেল।

তারপর এই দুর্দশার সংসারে বীণা পেট ভরিয়া খাইতে পায় না, ছেঁড়া কাপড় সেলাই করিয়া পরে, রাত্রে একমুঠা চাল চিবাইয়া জল খাইয়া সারাভাত কাটায়। ছেলেমানুষ—একটা মাধ নাই, আহ্লাদ নাই, মা হইয়া তিনি সবই তো দেখিতেছেন।

বীণা টাকা বা গহনার জন্ম কখনও দাদাকে কিছু বলে নাই, তেমন মেয়ে সে নয়। এখনও গাছকতক চূড়ি অবশিষ্ট আছে, দাদা চাহিলে সে দিতে আপত্তি করিত না, কিন্তু বিশিন লঙ্কার পড়িয়াই বোধ হয় চাহিতে পারে নাই।

বীণার কি হইবে ভাবিয়া তাঁহার রাত্রে ঘুম হয় না। তিনি নিজের ঘরে নিজের বিছানায় বীণাকে বুক করিয়া শুইয়া থাকেন। বীণা যে এখনও কত ছেলেমানুষ আছে, ইহা তিনি ভিন্ন আর কে বোঝে? স্বামীর ঘর কয়দিন করিয়াছিল সে? তখন তাহার বয়সটী বা কত?

এক এক দিন তিনি একটু আশুটু রামায়ণ মহাভারত শুনিতে চান। নিজে চোখে আজকাল তেমন দেখিতে পান না রাত্রে, মনোরমা যদি অবসর পায়, সে-ই আসিয়া পড়িয়া শোনায়, নয় তো বীণাকে বলেন, বউমা আজ বাস্ত আছে, একটুখানি বই পড় তো বীণা।

বীণা একটু অনিচ্ছার সহিত বই লইয়া বসে। সে পড়িতে পারে ভালই, কিন্তু পড়িয়া শুনাইতে তাহার ভাল লাগে না। মনে মনে নিজে পড়িতে ভালবাসে। আধ ঘণ্টাটুক পড়িয়া শুনাইবার পরে বই হঠাৎ সম্বন্ধে বন্ধ করিয়া বলে, আজ থাক মা, আমার ঘুম পাচ্ছে।

আজকাল, বিপিনের চাকুরি হওয়া পর্য্যন্ত, রাত্রে এক পোয়া আটার রুটি হয় বীণার জন্ম। আগে এমন একদিনও গিয়াছে বীণা কিছু না খাইয়া রাত কাটাইয়াছে, আটা ময়দা কিনিবার পয়সা তো দূরের কথা, বাড়ীতে এক মুঠো চাল থাকিত না যে ভাজিয়া খায়। আজকাল মনোরমাই এ বন্দোবস্ত করিয়াছে, একসঙ্গে আটা আনিয়া রাখে, বীণার ঘাহাতে এক সপ্তাহ চলে। শালডী রাত্রে একটু দুধ ছাড়া কিছু খান না, সহ হয় না। বীণা রাত্রে না খাইয়া কষ্ট পাইত, মনোরমা তাহা সহ করিতে পারিত না। সে অত্যন্ত গোছালো সংসারী মানুষ, তাহার সংসারে কেহ কষ্ট পায়, ইহা সে দেখিতে পারে না। তবে আজকাল আবার বলাইয়ের অসুখ হইয়া মুশকিল বাধিয়াছে, বীণার জন্ম তোলা আটায় তাহাকেও রুটি করিয়া দিতে হয় রাত্রে। অথচ বেশি করিয়া আনিবার পয়সা নাই। বিপিন যে টাকা পাঠায় তাহাতে সব-দিকে সঙ্কলান হওয়া দুষ্কর। বেশি পয়সা চাহিলেও বিপিন দিতে পারে না।

মনোরমা যে ভাবে সংসার গুছাইয়া রাখিতে চায়, নানা কারণে তাহা ঘটিয়া উঠে না। সবাই স্বখে থাকুক, মনোরমার সেদিকে অত্যন্ত নজর। পটলের সহিত বীণার মেলােশাটিক এষ্ট কারণেই তাহার মনে উদ্বেগের সৃষ্টি করিয়াছে। কি হইতে কি হইবে, সংসারটি ওলট-পালট হইয়া যাউবে মাঝে পড়িয়া, এসব পাড়াগায়ে একটুখানি কোন কথা লোকের কানে গেলে চি চি পড়িয়া যাউবে, সে তাহা খুব ভালই বোঝে। এখন কি করা যায়, তাহাই

হঠাৎ উঠিয়াছে মনোরমার মস্ত সমস্তা। আজ সাহস করিয়া মনোরমা কথটা বিপিনের কাছে পাড়িয়ে ভাবিয়া বলিল, শোন, একটা কথা বলি।

বিপিনের মেজাজ ভাল ছিল না। বিবিক্রির স্বরে বলিল, কি কথা?

মনোরমা ভয় পাইল। বিপিনের মেজাজ সে খুব ভালই বোঝে। আজ এটমাত্র সন্ধ্যাবেলা তো আগুনের মালসা লওয়া একপালা হইয়া গিয়াছে, থাক গে, কাল কি পরন্তু কি আর একদিন—এত ভাড়াভাড়া কথটা স্বামীকে শুনাটবার কোনও কারণ উপস্থিত হয় নাই। আজ অস্বস্ত দরকার নাই।

৪

কিছু পরদিনই একটা ঘটনায় মনোরমার সন্দেহ বাড়িয়া গেল। সন্ধ্যার কিছু পরে তাহার চঠাং মনে পড়িল, ছাদে একখানা কাঁথা রোদে দিয়াছিল, তুলিতে তুলিয়াছে। সিঁড়ি দিয়া উপরে উঠিবার সময়ে সিঁড়ির পাশের ঘুলঘুলি দিয়া দেখিল, বাড়ীর পাশে কাঁঠালতলায় কে যেন দাঁড়াইয়া আছে। চোখের ভুল ভাবিয়া সে সরাসরি উপরে উঠিয়া গেল এবং ছাদের আলিঙ্গা হইতে কাঁথাখানা লইয়া যখন নীচে নামিতেছে, তখন মনে হইল, চিলে-কোঠার আড়ালে যেন কিসের শব্দ হইল। মনোরমা ঘুরিয়া গিয়া দেখিল, চিলে-কোঠার আড়ালে তাহার দিকে পিছন কিরিয়া দাঁড়াইয়া আছে বীণা, এবং যেন নীচে বাগানের দিকে চাহিয়া আছে। বউদিদির পায়ে শব্দে বীণা চমকিয়া পিছন দিকে চাহিল। মনোরমা বলিল, বীণা-ঠাকুরকি এখানে দাঁড়িয়ে একলাটি?

বীণা নীরব স্বরে বলিল, হ্যাঁ, এমনিই দাঁড়িয়ে আছি।

—এস নীচে নেমে। অঙ্কার সিঁড়ি, এর পর নামতে পারবে না।

—খুব পারব। তুমি যাও, বড় অঙ্কার এখনও হয় নি। যাচ্ছি আমি।

মনোরমা সিঁড়ি দিয়া নামিতে নামিতে ঘুলঘুলি দিয়া কি জানি কেন একবার চাহিয়া দেখিল, এবং সঙ্গে সঙ্গে তাহার চোখে পড়িল, বাড়ীর বাহিরের দিকের দেওয়াল ঘেঁষিয়া কে একজন আসশেণ্ডার ঝোপের মধ্যে গুঁড়ি মারিয়া বসিয়া আছে।

মনোরমার ভয় হইল। চোর বা কোন বদমাইশ লোক নিশ্চয়ই। সে কাঠের মত আড়ট হইয়া লোকটার দিকে চাহিয়া আছে, এমন সময় লোকটা উঠিয়া দাঁড়াইল। মনোরমা দেখিল, সে পটল চাটুজ্জের। পটল টের পায় নাই যে মনোরমা ঘুলঘুলি দিয়া চাহিয়া আছে, সে ছাদের দিকে চোখ তুলিয়া একবার হাসিয়া নিঃস্বরে বলিল, চললাম আজ, সন্ধ্যা হয়ে গেল। কাল যেন দেখা পাই, কথা আছে।

মনোরমার মাথা ঘুরিয়া গেল। এমন কি কাণ্ড। পটল চাটুজ্জের এরকম লুকাইয়া দেখা করিবার চেড় কি? সন্ধ্যার অঙ্কারে মশার কামড়ের মধ্যে শেণ্ডাবনে গুঁড়ি মারিয়া লুকাইয়া

বীণা-ঠাকুরঝির সঙ্গে কথা বলিবার কোন কারণ নাই, যখন সে সোজা বাড়ীর মধ্যে আসিয়া প্রকাশভাবেই বীণার সঙ্গে আলাপ করিতে পারে, তাহাকে তো কেউ বাড়ী ঢুকিতে নিবেদন করে নাই!

সেই রাত্রেই মনোরমা বিপিনকে কথাটা বলিবে ঠিক করিল। কিন্তু হঠাৎ রাত দশটার সময় বলাইয়ের অস্বথ বড় বাড়িল। ঠিক যখন সকলে খাওয়া-দাওয়া সারিয়া শুইতে বাইবে, সেই সময়। বলাই রোগের যন্ত্রণায় চীৎকার করিতে লাগিল আর কেবলই বলিতে লাগিল, সর্ব্বশরীর জ্বলে গেল, ও মা!...পাড়ার প্রবীণ লোক গোবর্দ্ধন চাটুজ্ঞে আসিলেন। পাশের বিপিনদের জ্ঞাতি ও সরিক ধনপতি চাটুজ্ঞে আসিলেন। পাড়ার ছেলেছোকরা এবং মেয়েরা কেহ কেহ আসিল। প্রকৃত সাহায্য পাওয়া গেল গোবর্দ্ধন চাটুজ্ঞের কাছে। তিনি পুরানো তেঁতুলের সঙ্গে কি একটা মিশাইয়া বলাইয়ের সাগা গায়ে লেপিয়া দিতে বলিলেন। তাহাতেই দেখা গেল, যন্ত্রণার কিছু উপশম ঘটিল। সাঝরাত বিপিনের মা রোগীর বিছানায় বসিয়া তাহাকে পাথার বাতাস দিতে লাগিলেন। বীণা রাত একটা পর্য্যন্ত জাগিয়া রোগীর কাছে বসিয়া ছিল, তাহার মায়ের বাববার অনুরোধে অবশেষে সে শুইতে গেল।

মনোরমা প্রথমটা এ ঘরে বসিয়া ছিল, কিন্তু তাহার ছোট ছোট ছেলেমেয়ে মায়ের কাছ-ছাড়া হইলেই রাত্রে কাদে, বিশেষ করিয়া ভান্নুটা। বিপিনের মা বলিলেন, বউমা, তুমি ছেলেদের নিয়ে শোও গে, তবুও ওরা একটু চুপ ক'রে থাকবে। সবাই মিলে টেঁচালে বাড়ীতে তিঁহুনো যাবে না। তুমি উঠে যাও।

বিপিন একবার করিয়া একটু শোয়, আবার একটু রোগীর কাছে বসে; এই ভাবে রাত কাটিয়া গেল।

পঞ্চম পরিচ্ছেদ

১

দিন দুই পরে বলাই একটু সুস্থ হইলে বিপিন বাড়ী হইতে রওনা হইয়া পলাশপুরে আসিল। জমিদার অনাদিবাবু বেশ বিরক্ত হইয়াছেন মনে হইল; কারণ প্রায় পনেরো দিন কামাই হইয়া গিয়াছে বিপিনের। বাহিরের ঘরে বসিয়া তিনি বিপিনকে জমিদারি সম্বন্ধে অনেক উপদেশ দিলেন। প্রজ্ঞাদের নিকট হইতে কিস্তিখেলাপী স্বদ আদায় কি ভাবে করিতে হইবে, সে সম্বন্ধে আলোচনা করিলেন। বলিলেন, নালিশ মামলা করতে পিছুলে চলবে না। এবার গিয়ে কয়েক নম্বর মামলা রুজু ক'রে দাও, দেখি টাকা আদায় হয় কি না।

বিপিন বলিল, নালিশ করতে গেলেই তো টাকার দরকার। এখন মহলের যেমন অবস্থা, তাতে আপনাদের খরচের টাকাই দিয়ে উঠতে পারি না, তার ওপর মামলার

অনাদিবাবু কাহারও প্রতিবাদ সহ করতে পারেন না। বলিলেন, তা বললে অমিদারির কাজ চলে না। টাকা যেখন থেকে পাবে ষোগাড় করবে। তোমাকে তবে গোমস্তা রেখেছি কি মুখ দেখতে। সে সব আমি জানি না। টাকা চাই।

বিপিনও বিনোদ চাটুজ্জের ছেলে। সে কাহারও কথা শুনিবার পাত্র নয়; বলিল, আজ্ঞে, আপনাকে আগেও বলেছি, এখনও বলাছি, ওভাবে টাকা আদায় আমায় দিয়ে হবে না। এতে যদি আপনার অসুবিধে হয়, তা হ'লে আপনি অল্প ব্যবস্থা করুন।

কথাটা বলিয়া ফেলিয়াই ভাবিল, এই সংসারের ছরবছায়, বলাইয়ের অসুখের সময়, এ কি কাজ করিল সে? ইহার ফলে এখনই চাকুরি যাইবে।

অনাদিবাবু কিন্তু তখনই তেমন কোন কথা বলিলেন না। নিঃশব্দে বাড়ীর মধ্যে চলিয়া গেলেন। বিপিন সেখানে বসিয়াই রহিল।

কিছুক্ষণ পরে রাগটা কাটিয়া গিয়া তাহার মাথা একটু ঠাণ্ডা হইল। অনাদিবাবুর মুখে মুখে অমনতর জবাব দেওয়া তাহার উচিত হয় নাই। চাকুরি গেলে বাড়ী গিয়া থাকিবে কি? তবে ইহাও ঠিক, সে স্থর নরম করিয়া ছোট হইতে পারিবে না, ইহাতে চাকুরি যায় আর থাকে! এদিকে আর এক মুশকিল। বেলা এগারোটা বাজে। স্নান-আহারের সময় উপস্থিত। যাহাদের চাকুরি একরূপ ছাড়িয়াই দিল এখনই, তাহাদের বাড়ী আহাৰাদি করিবেই বা কি করিয়া? না, তাহা আর চলে না। খাওয়ার দরকার নাই। এখনই সে রাণাঘাট হইয়া বাড়ী চলিয়া যাইবে। বাহিরে বসিয়া থাকিলে অনাদিবাবু ভাবিতে পারেন যে, সে ক্ষমা প্রার্থনা করিবার সুযোগ খুঁজিতেছে।

নিজের ছোট ক্যাম্বিসের ব্যাগটা হাতে ঝুলাইয়া বিপিন বৈঠকখানা-ঘরের বাহির হইয়া রাস্তায় পাড়ল। অল্পদূর গিয়া পথের মোড় ঘুরিতেছ হঠাৎ অনাদিবাবুদের খিড়কি-দোর হইতে যে ছোট পথটা আসিয়া এই পথের সঙ্গে মিশিয়াছে, সেই পথের মাথায় গাব গাছটার তলায় মানীকে তাহারই দিকে চাহিয়া দাঁড়াইয়া থাকিতে দেখিয়া সে অবাক হইয়া গেল। মানী এখানে আছে তাহা সে ভাবে না।

মানীদের খিড়কি-দোর খোলা। এইমাত্র কে যেন দোর খুলিয়া বাহির হইয়া আসিয়াছে।

বিপিন কিছু বলিবার আগেই মানী বলিল, কোথায় যাচ্ছ বিপিনদা?

তারপর আগাইয়া আসিয়া বিপিনের সামনে দাঁড়াইয়া আদেশের স্বরে বলিল, যাও, গিয়ে বৈঠকখানায় ব'স। আমি তেল পাঠিয়ে দিচ্ছি, বেলা হয়েছে বাবোট। নাওয়া-খাওয়া করতে হবে না, কতক্ষণ হাঁড়ি নিয়ে বসে থাকবে লোকে?

প্রায় কুড়ি-বাইশ দিন পরে মানীর সঙ্গে এই প্রথম দেখা। মানীর কথার প্রতিবাদ করিবার শক্তি যোগাইল না তাহার। সে কোনও কথাই বলিতে পারিল না, শুধু চুপ করিয়া মানীর দিকে চাহিয়া রহিল।

মানী বলিল, আবার দাঁড়িয়ে কেন, বেলা হয় নি?

এতক্ষণে বিপিন বাকশক্তি ফিরিয়া পাইল। অপ্রতিভের সুরে আমতা আমতা করিয়া বলিল, কিন্তু—আমি গিরে—বাড়ী যাচ্ছি যে।

মানী পূর্ববৎ সুরেই বলিল, তোমার পায়ে আমি মাথা খুঁড়ে খুনোখুনি হব এই দুপূর্ববেলা বিপিনদা? জ্ঞান বৃদ্ধি আর কবে হবে তোমার? যাও ফিরে বৈঠকখানায়।

বিপিন অবাক হইল মানীর চোখমুখের ভাব দেখিয়া। কতটা টান থাকিলে মেয়েরা এমন জোরের সঙ্গে কথা বলিতে পারে, বিপিনের তাহা বুদ্ধিতে বিলম্ব হইল না; কিন্তু অনেক কথা বলিবার থাকিলেও সে দেখিল, খিড়কি-দোরের দিকের প্রকাশ পথের উপর দাঁড়াইয়া মানীর সঙ্গে বেশি কিছু কথাবার্তা বলা উচিত হইবে না এই সব পল্লীগ্রাম আয়গায়। দিকৃষ্টি না করিয়া সে ব্যাগ হাতে আবার আসিয়া অনাদিবাবুদের বৈঠকখানায় উঠিল।

বৈঠকখানায় কেহই নাই। অনাদিবাবু সম্ভবত বাড়ীর মধ্যে স্নান করিতেছেন। সে যে বৈঠকখানা হইতে ব্যাগ হাতে বাহির হইয়া চলিয়া যাইতেছিল, ইহা মানী কি করিয়া জানিল বিপিন ভাবিয়া পাইল না।

একটু পরে চাকর এক বাটি তেল ও একখানা গামছা আনিয়া বলিল, নায়েববাবু, নেয়ে নিন মা ব'লে দিলেন।

বিপিন বলিল, কে তোকে তেল আনতে বললে?

—মা বললেন, নায়েববাবুর জন্তে তেল দিয়ে আয় বাইরে। দ্বিধামণি গিরে বারান্দায় মাকে বললেন, আপনি বাইরে ব'সে আছেন, তেল পাঠিয়ে দিতে। আমি মাছ কুটছেলাম, আমার বললেন, দিয়ে আয়। আপনি যে কখন এয়েলেন, তা দেখি নি কি না তাই জানি নে নইলে আমি নিজেই তেল দিয়ে যাতাম। নায়েববাবু কি আজ আলেন? ভাল তো সব বাড়ীর?

এই একমাত্র চাকর জমিদার-বাড়ীর, সে তো তাহার যাতায়াতের কোন খবরই রাখে না, তবে মানী কি করিয়া জানিল, সে ব্যাগ হাতে চলিয়া যাইতেছে এবং রাগ করিয়াই যাইতেছে?

খাইবার সময় মানীর আঁচলের ডগাও দেখা গেল না কোন দিকে, কারণ বারান্দায়ের বারান্দায় অনাদিবাবুর সঙ্গেই তাহার খাবার আয়গা হইয়াছে। অনাদিবাবু উপস্থিত থাকিলে মানী বিপিনের সামনে বস্তু একটা বাহির হয় না।

অনাদিবাবু খাইতে বসিয়া এমন ভাব দেখাইলেন যে, বিপিনের সঙ্গে তাহার যেন কোনও অপ্রীতিকর কথাবার্তা হয় নাই। জমিদারিসংক্রান্ত কোন কথাই উঠাইলেন না—বিপিনের দেশে মাছের দর আতাল কি, ম্যালেরিয়া কমিয়াছে না বাড়িয়াছে, রাণাঘাটের বাজারে কাহার একখানা দোকান আশুন লাগিয়া পুড়িয়া গিয়াছে ইত্যাদি প্রসঙ্গ উঠাইয়া তাহাদের আলোচনার মধ্যেই আহার শেষ করিলেন।

রাণাঘাট হইতে হাঁটিয়া আসিয়া বিপিনের শরীর ক্লান্ত ছিল। অনাদিবাবু বেলা তিনটার আগে বৈঠকখানায় আসিবেন না, মধ্যাহ্নে উপরেব ঘরে খানিকক্ষণ নিত্রা যাওয়া তাঁর অভ্যাস,

বিপিন জানে ; হুতরাং সে নিজেও এই অবসরে একটু বিশ্রাম করিয়া লইবে । চাকরকে ডাকিয়া বলিল, শ্রামহরি, ও শ্রামহরি, বাবু নামবার আগে আমার ডেকে দিস যদি ঘুমিয়ে পড়ি, বুলি ? আর একটু তামাক সেজে নিয়ে আয় ।

২

একটু পরে মানীকে ঘরে ঢুকিতে দেখিয়া বিপিন আশ্চর্য হইয়া গেল । বাতির ঘরে মানীকে সে আসিতে দেখে নাই কখনও ।

মানী বলিল, বিপিনদা, রাগ পড়েছে ?

বিপিন মানীর মুখের দিকে চাহিয়া বলিল, আচ্ছা, তুই কি ক'রে জানলি আমি চ'লে যাচ্ছি । কেউ তো জানে না । শ্রামহরি চাকরকে জিজ্ঞেস ক'রে জানলাম, আমি কখন এসেছি তা পর্য্যন্ত সে খবর রাখে না ।

মানী হাসিতে হাসিতে বলিল, আমার টনক আছে মাথায় বিপিনদা; আমি জানতে পারি ।

—কি ক'রে বল না মানী, সত্যি, আমি অবাক হয়ে গিয়েছিলাম তোকে দেখে ।

মানী তবুও হাসিতে লাগিল । কৌতুক পাইলে সে সহজে ছাড়িবার পাজ নয়, বিপিন তাহা ছেলেবেলা হইতে দেখিয়া আসিতেছে, এবং ইহাও একটা কারণ যে জন্ম মানীকে তাহার বড় ভাল লাগে ।

—আচ্ছা, হাসি এখন একটু বন্ধ থাক পে । কথাই উত্তর দে ।

মানী দোরের কাছে দাঁড়াইয়া ছিল, দরজার শিকলটা দুই হাতে ধরিয়া তাহার হাসিবার ভঙ্গি দেখিয়া বিপিনের মনে হইতেছিল, মানী এখনও যেন তেমনই ছেলেমানুষ আছে, শিকল ছাড়িয়া মানী দরজার পাশে একথানা চেয়ারে বসিল । গম্ভীর মুখে বলিল, আচ্ছা, তুমি কি রকম মানুষ বিপিনদা ! এসেছ কখন, তা জানি না । একবার দেখা পর্য্যন্ত করলে না । তারপর বাবা বুড়ো মানুষ কি বলেছেন না বলেছেন, তুমি অমনই চ'টে গেলে, আর এই ঠিক দুপুরবেলা, খাওয়া না দাওয়া না, কাউকে কিছু না বলে পালিয়ে যাওয়া হচ্ছিল পুঁটলি হাতে !

—তুই জানলি কি ক'রে ?

—আমি জানব কি ক'রে ? বাবা রান্নাঘরে গিয়ে মা'র কাছে বললেন যে, তোমার সঙ্গে কথা কাটাকাটি হয়েছে কি নিয়ে । মাকে বললেন, শ্রামহরিকে দিয়ে তোমার নাইবার ভেল পাঠিয়ে দিতে । বাবার মুখে তাই শুনে আমার ভয় হ'ল, আমি তো তোমায় চিনি । ভাড়াভাড়ি বাইরের ঘরের দরজা পর্য্যন্ত এসে দেখি, তুমি ওই বাতাবি-নেবুতলা পর্য্যন্ত চ'লে গিয়েছ । চেষ্টা করে ডাকতে পারি না তো আর । তখনই ছুটে খিড়কি-দোরে গেলুম, রান্নার বাঁকে তোমায় আসতেই হলে । বাপ রে, কি রাগ ।

—রাগ নয়, মনের দুঃখ তো হতে পারে।

—কি দুঃখ? তুমিই বলেছ বাবাকে যে, না পোষায় আপনি অশ্রু লোক রাখুন। বাবা তোমাকে তো কিছুই বলেন নি!

বিপিন চূপ করিয়া রছিল। এ কথাই জবাব দিতে গেলে অনাদিবাবুর বিরুদ্ধে অনেক কথা বলিতে হয়, তাহা সে মানীকে বলিতে চায় না।

মানী বলিল, বিপিনদা, আমার কাছে তুমি কি বলেছিলে, মনে আছে?

—কি কথা?

—এরই মধ্যে ভুলে গেলে? বলেছিলে না, আমায় না জিজ্ঞেস ক'রে চাকরি ছাড়বে না? কথা দিয়েছিলে মনে আছে?

—মনে ছিল না, এখন মনে পড়ছে বটে।

—তা নয়, রাগের সময় তোমার জ্ঞান ছিল না, এই হ'ল আসল কথা। উঃ, কি জোর নেহিয়ে ধাওয়া হ'ল! দেখতে না দেখতে একেবারে বাতাবিনেবুর গাছের কাছে। ভাগিনাস আমি ছুটে গেলুম খিড়কির দোরে? নইলে এতক্ষণ রাণাঘাটের অদ্বৈত রাস্তা—

—কিন্তু এতক্ষণ পরে একটা কথা বলি মানী, তুই যে এসেছিস বা এখানে আছিস এ কথা আমি কিন্তু কিছু জানি না। আমি তোকে খিড়কি-দোরের পথে দেখে অবাক হয়ে গিয়েছিলাম।

—বাবা কিছু বলেন নি?

—উনি তোর কথা আমার কাছে কি বলবেন? কখনও বলেন, না আমিই জিজ্ঞেস করি?

—তা নয়। আমি থাকলেই তো পরচ বাড়ে, খরচ বাড়লেই জমিদারির তাগাদা জোর ক'রে করবার ভার পড়ে তোমায় ওপর। আমি ভেবেছিলুম, বাবা সে কথা তুলেছেন বুঝি; আমি আছি সুতরাং টাকা চাই, এমন কথা যদি বলে থাকেন।

—না, সে কথা শুনে নি। তুই চ'লে যাবি শিগ'গির এ তো জেনেই গিয়েছিলুম, আবার এর মধ্যে আসবি তা ভাবি নি।

—তা ভাববে কেন? দেখতে পেলো বুঝি গা জ্বালা করে? দূরে রাখলেই বাচ বুঝি?

—বলেছি কোন দিন?

মানী ষাড় ঢুলাইয়া হাসিতে হাসিতে বলিল, তোমায় রাগাচ্ছি বিপিনদা, রাগাচ্ছি। সেই সব তোমার ছেলেবেলার মত এখনও আছে, কিছু বদলায় নি। আচ্ছা, একটা কবিতা বলব শুনবে?

বিপিন হাত নাড়িয়া যেন মশা তাড়াইবার ভঙ্গি করিয়া বলিল, রক্ষে কর। ওসব ভাল লাগে না আমার, বুঝি-বুঝি না। বাদ দাও, জান তো আমার বিচ্ছেদ!

মানী গভীর হঠয়া বলিল, বিপিনদা, আমার আর একটা কথা রাখতে হবে। তোমায় পড়াশুনা করতে হবে। তোমায় কতকগুলো ভাল বই দোব, সেগুলো কাছারিতে গিয়ে

পড়বে, প'ড়ে ফেরত দেবে, আমি আবার দোব। বইয়ের আমার অভাব নেই, যত চাও দোব।

বিপিন তাচ্ছল্যের স্বরে বলিল, বই আমি অনেক পড়েছি, তুই যা। বুড়ো বয়েসে আবার বই পড়তে যাই, আর উনি আমার মাস্টারনী হয়ে এসেছেন!

মানী রাগিয়া বলিল, এসেছিই তো মাস্টারনী হয়ে। পড়তে হবে তোমায়। বই দিচ্ছি, নিয়ে যাও যদি ভাল চাও। এঃ, একেবারে ধিক্বি হয়ে উঠেছেন আর কি! পড়াশুনো শিকেশ তুলেছেন!

বিপিন হাসিতে লাগিল।

মানী বলিল, সত্যিই বলাছ বিপিনদা, নিজের জীবনটা তুমি ইচ্ছে ক'রে গোপায় দিলে। নহলে আজ আমার বাবার বাড়া চাকরি করতে আসবে কেন তুমি? লেখাপড়া শিখলে কীকুড়, তোমায় ভাল চাকরি দেবে কে বল তো? আবার তেজ ক'রে চ'লে যাওয়া হয়! যাও, বই দিচ্ছি, নিয়ে পড় গে, আর একখানা ডাক্তার বই দিচ্ছি, সেখানা যদি ভাল ক'রে পড়তে পার, তবে আর চাকরি করতে হবে না।

ডাক্তার বইয়ের কথা বিপিন উৎসাহিত হইয়া উঠিল। নতুবা এতক্ষণ মানীর গুরুমহাশয়-গীতে তাহার হাসি আর খামতি ছিল না। বলিল, বেশ, ভালই তো। কি বই পড়তে হবে এনে দিও, দেখি চেষ্টা করে।

—মহুষ হও বিপিনদা, আমার বড় হচ্ছে। তোমার বুদ্ধ আছে, কিছু কাজে লাগালে না তাকে। ডাক্তারি যদি শিখতে পার, ভেবে দেখ, কারও চাকরি তোমায় করতে হবে না। আমার এক দেওর ডাক্তারি পাস করেছে, বীজপুরে ডাক্তারখানা খুলে বসেছে, দেড়শো টাকার কম কোনও মাসে পায় না।

—সে সব পাস-করা ডাক্তারের কথা ছেড়ে দে। আচ্ছা, বাংলা বই প'ড়ে ডাক্তার হওয়া যায়?

—কেন হওয়া যাবে না? খুঁজে-ব যায়। তোমায় বই আমি আরও দোব। তারপর আমার সেই দেওরকে ব'লে দোব, তার কাছে ছ মাস থেকে শিখলে তুমি পাকা ডাক্তার হয়ে যাবে। সে কথা পরে হবে, এখন তোমায় বই এনে দিই। সেগুলো নিয়ে কাছারি যেও, আর রোজ প'ড়ো। কবে যাবে সেখানে?

—কাল সকালেই যেতে হবে, দেরি আর করা চলবে না।

—আচ্ছা, ব'স, আমি বই বেছে বেছে নিয়ে আসি।

মানী বিপিনের দিকে চাহিয়া কেমন একপ্রকার হাসিয়া চলিয়া গেল। মানীর এ হাসি বিপিনের পরিচিত। ছেলেবেলা হইতে দেখিয়া আসিতেছে।

মনে মনে ভাবল, মানীটা বড় ভাল মেয়ে। এতটুকু ঠ্যাংকার নেই, বেশ মনটি। তবে মাথায় একটু ষ্ট্রট আছে, নহলে আমায় এ বয়েসে লেখাপড়া শেখাবার চেষ্টা করে!

মানী একরাশ বই লইয়া খরে টুকিয়া বিপিনের সামনে বইয়ের বোঝা নামাইয়া বলিল,

দেখে ভয় হচ্ছে নাকি ? কিছু ভয় নেই। এর মধ্যে দুখানা শরৎবাবুর নভেল আছে, 'শ্রীকান্ত' আর 'দত্তা' প'ড়ে দেখো, কি চমৎকার !

—উঃ, তুই দেখছি আমার রাতারাতি পণ্ডিত না ক'রে ছাড়বি না মানী !

মানী আর একখানা মোটা বই হাতে লইয়া বিপিনের হাতে দিয়া বলিল, এইখানা সেই ডাক্তারি বই। এ আমার শতরবাড়ীর জিনিস। তোমায় দিলাম। এ থেকে তুমি ক'রে খেতে পারবে।

বিপিন পাড়িয়া দেখিল, বইখানির নাম 'সরল চিকিৎসা-বিজ্ঞান'। গ্রন্থকারের নাম ব্যোমকেশ চট্টোপাধ্যায় এল. এম. এস.।

মানীর দিকে চাহিয়া বলিল, বেশ ভাল বই ?

মানী ঘাড় নাড়িয়া আশ্বাস দেওয়ার সুরে বলিল, খুব ভাল বই। এতে সব আছে ডাক্তারি ব্যাপারের। বাকিটুকু হয়ে যাবে এখন, আমার সেই দেওয়ার কাছে থেকে কিছুদিন শিখলে। আমি সব ঠিক ক'রে দোব এখন।

—আর ওগুলো কি বই ?

—এখানা শরৎবাবুর 'দত্তা', বললুম যে ! চমৎকার বই, প'ড়ে দেখো— উপভাস। উপভাস পড় নি কখনও ?

—আমাদের বাড়ীতে ছিল বাবার আমলের 'ভুবনমোহিনী' ব'লে একখানা উপভাস। সেখানা পড়েছি।

—ওসব বাজে বই, ভাল বই তুমি কিছুই পড় নি, খোঁজও রাখ না বিপিনদা। আজকাল মেয়েরা যা জানে, তুমি তাও জান না। দুঃখ হয় তোমার জন্তে।

—শরৎবাবু ভাল লেখক ? নাম শুনি নি তো ?

—তুমি কার নাম শুনেছ ? বঙ্কিমবাবুর নাম জানি ? রাব ঠাকুরের নাম জানি ?

—নাম শুনেছি ওহঁ পৃথগু। পাড় নি কোনও বই। আছে তাঁদের বই ?

—এগুলো আগে প'ড়ে শেষ কর। পরে দোব। শোন, আমি শ্রামহরি চাকরকে ব'লে দাঁড়ি, তোমার পুঁটুলি আর বই দস্তপাড়ায় কাছারিতে পৌঁছে দিয়ে আসবে। নইলে তুমি নিয়ে যাবে কি করে ?

—ওতে দরকার নেই মানী, তোমায় বাবা কি মনে করবেন ! আমার মোট বইবার জন্তে চাকরকে বলবার কি দরকার !

—সে ভাবনা তোমায় ভাবতে হবে না। আমি বললে বাবা কিছু বলবেন না। আজই যাবে ?

—এখুনি বেরুব। অনাদিবাবু ঘুম থেকে উঠলেই তাঁর সঙ্গে দেখা ক'রেই বোরিয়ে পড়ব।

—বাবা ঘুম থেকে উঠলেই আমি চাকরের হাতে চা পাঠিয়ে দোব এখন, চা খেয়ে যেও।

মানী চলিয়া যায় বিপিনের ইচ্ছা নয়। অনাদিবাবুর এখনও উঠিবার সময় হয় নাই, মানী আরও কিছুক্ষণ থাকুক না।

বিপিন কহিল, তোর সঙ্গে একটা পরামর্শ করি মানী, নইলে আর কার সঙ্গেই বা করব ! বলাইকে নিয়ে বড় বিপদে প'ড়ে গিয়েছি, ওর অস্থখ আবার বেড়েছে, এদিকে এই তো অবস্থা, বাড়াতে থাকলে কুপাখ্য করে, কারও কথা শোনে না। কি করি বল তো, এমন দুর্ভাবনা হয়েছে ওর জন্যে ! এই যে আসতে দেখি হয়ে গেল বাড়ী থেকে, সে ওরই অস্থখ বাড়ল ব'লে। নইলে তোর কাছে যা কথা দিয়ে গিয়েছিলাম, তার আগেই আসতাম।

বলাইয়ের অস্থখের ভাবনা বিপিনের মনে যেন পাথরের বোঝা চাপাইয়া রাখিয়া দিয়াছে সব সময়, মানীর কাছে সে বোঝা কিছুক্ষণের জন্য নামাইয়াও স্থঃ ! মানীকে সে মনে মনে বুদ্ধিমতী শিক্ষিতা মেয়ে বলিয়া শ্রদ্ধা করে, অন্তত সে মানীর চেয়ে বেশী বুদ্ধিমতী ও শিক্ষিতা মেয়ে এখনও দেখে নাই, সেইজন্য মানী কি পরামর্শ দেয় তানবার নিমিত্ত বিপিন উৎসুক হইল।

মানী বলিল, ওকে তো সেবার হাসপাতাল থেকে নিয়ে গেলে, হাসপাতালে আবার নিয়ে এস না।

—হাসপাতালের বড় সাহেবের সঙ্গে দেখা করেছিলুম, তারা ওকে হাসপাতালে রাখতে চায় না। বলে, ও রুগী হাসপাতালে রেখে উপকার হবে না।

মানী একটু ভাবিয়া বলিল, তা হ'লে কি জান, আমার দেওরকে না হয় একখানা চিঠি লিখি। বীজপুরে রেলের হাসপাতাল আছে, সেখানে যদি কোন বন্দোবস্ত করা যায়, দেওর তো ওখানে ডাক্তার। কালই চিঠি লিখব।

এই সময় বাড়ীর মধ্যে অনাদিবাবুর গলা শোনা গেল।

তিনি ঘুম হইতে উঠিয়া দোতলার বারান্দায় কাহার সঙ্গে কথা কাহতেছেন।

মানী বলিল, ওই বাবা উঠেছেন, আমা আসি, চা এখান পাঠিয়ে দিচ্ছি, আর বইগুলো পড়তে হবে আর আমাকে বলতে হবে সব কথা, যেন ভুলে যেন না।

বিপিন হাসিয়া ব্যঙ্গের স্বরে বলিল, ওরে আমার মাস্টারনী রে !

—বাজে কথা ব'ল না বিপিনদা, ব'লে দিচ্ছি। আর ভাস্কারি বইখানার কথা যেন খুব করে মনে থাকে। জীবনে উন্নতি করবার চেষ্টা কর বিপিনদা, কেন চিরকাল পয়সে দাসত্ব করবে ?

মানীর কথায় বিপিনের হাসি পাইল। কি মুক্‌কিই হইয়া উঠিয়াছে মানী এই অল্প বয়সে ! কথার খই ছুটিতেছে মুখে। বলিল, দাড়া মানী, একটা কথা, তুই ব্রহ্মসমাজের মত বক্তৃতা দিবি নাকি ? কলকাতায় গিয়ে দেখছি মাহুধ হয়ে গেল।

—আবার বাজে কথা। চূপ। কি কথা বলছিলে বলবে ? এহ বাজে কথা, না আর কোন কথা আছে ?

—ইয়ে, তুই আর কতদিন আঁচিস এখানে ?

—ঠিক নেই। ষতদিন ওরা রাখে—ওদের মজ্জি। যেন ?

বিপিন একটু ইতস্তত করিয়া বলিল, এবার এলে তোর সঙ্গে দেখা হবে। ক না তাহ বলছিলাম।

—খুব দেখা হবে। কতদিনের মধ্যে আসছ ? বেশিদিন দেবি না-ই বা করলে ?

—খুব দেবি করা না-করা আমার হাত নয়। যদি আদায় হয় চট করে এই হুণ্ডাতেই আসতে পারি, নয়তো পনরো বিশ দিন দেবিও হতে পারে।

মানী বলিল, আচ্ছা, যাই !

মানী চলিয়া যায় বিপিনের ইচ্ছা নয়, কিন্তু অনাদিবাবু উঠিয়া হয়তো গুপ্তের বারান্দায় পায়চারি করিতেছেন, এ অবস্থায় তাহাকে আর ধরিয়া রাখাও উচিত নয়। স্ততরাং সে বলিল, আচ্ছা, এস, তোমার বাবা আসছেন বাইরে।

কিন্তু মানী চলিয়া যাইবামাত্র বিপিনের মনে হইল মানীর শেষ কথাটি—‘আচ্ছা, যাই !’

মানী যখন নোখের সামনে থাকে, তখন বিপিন মানীর সব কথা ভাবিয়া দেখিবার, বুঝিবার, উপভোগ করিবার অবকাশ পায় না। এখন বিপিন হঠাৎ দেখিল, মানী এ কথা তাহাকে আর কখনও বলে নাই, অর্থাৎ বলিবার প্রয়োজন হয় নাই। কি জানি কেন, মানীর এ কথা বিপিনের ভারী ভাল লাগিল।

একটু পরে শ্রামহরি চাকর চা আনিয়া দিল, আর আনিল ছোট একটা বেকাবিতে খান-কতক পেপের টুকরা ও একটা সন্দেশ।

এ মানীর কাজ ছাড়া আর কারও নয়, বিপিন তাহা জানে। এ বাড়ীতে মানী যখন ছিল না, বাহিরের ঘরে এক আধ পেয়ালা চা যদি বা কালেভজ্রে আসিয়াছে, খাবার কখনও যে আসে নাই, এ কথা সে হলপ করিয়া বলিতে পারে।

৩

কাছারি-ঘরে একা বসিয়া সন্ধ্যার সময় বিপিনের আজকাল বড়ই খারাপ লাগে।

ধোপাখালিতে সে আসিয়াছে আজ প্রায় দেড় মাস পরে। এতদিন দেশে ছিল নিজের পরিবারের মধ্যে, নির্জনে বসিয়া আকাশের তারা গুনিবার বিড়ম্বনা সেখানে ভোগ করিতে হয় নাই।

বিশেষ করিয়া মানীর সঙ্গে দেখা হইবার পরে দিনকতক এই নির্জনতা যেন একেবারে অসহ্য হইয়া পড়ে। আবার কিছুদিন পরে সহিয়া যায়।

কাছারির উঠানের সেই বাদাম গাছটার ভালপালার মধ্যে কেমন একপ্রকার শব্দ হয়, বিপিন দাওয়ায় বাসিয়া চূপ করিয়া রাত্রির অন্ধকারের দিকে চাহিয়া থাকে।

মানী যে চলিয়াছিল, ‘জীবনে উন্নত ক’র বিপিনদা’—কথাটা বিপিনের বড় মনে লাগিয়াছে। তখন হাসি পাইলে কি হইবে, এখন সে বুঝিয়াছে, মানীর এই কথাটা তাহার মনে অনেকখানি আনন্দ ও উৎসাহ আনিয়া দিয়াছে।

জীবনে উন্নত তাহাকে করিতেই হইবে।

সন্ধ্যার পরে কাছারির চাকরটা আলো জ্বালাইয়া রান্নার যোগাড় করিতে রান্নাঘরে চোকে। কিন্তু বিপিন এবেলা বড় একটা রান্নাবান্নার হাঙ্গামাতে যায় না। ওবেলার বাসি ভরকারি থাকে, চাকরকে দিয়া খানকতক রুটি করাইয়া লয় মাত্র। খাইয়া আসিয়া মানীর দেওয়া বইগুলি পড়িতে বসে। এ সময়টা একরকম মন্দ কাটে না।

বইগুলি একবার আরম্ভ করিলে শেষ না করিয়া থাকা যায় না, মানী সত্যই বলিয়াছিল।

ডাক্তারি বইখানা প্রথম প্রথম সে ভাল বুঝিতে পারে নাই, কিন্তু ক্রমে এই বইখানাই তাহার গাঢ় মনোযোগ আকৃষ্ট করিল। মাহুঘের শরীরের মধ্যে এত সব ব্যাপার আছে, সে কোন দিন ভাবে নাই। দেহের নানা রকম যন্ত্রের ছবি বইয়ের গোড়ার দিকে দেওয়া আছে, বিভিন্ন যন্ত্রের কার্য বর্ণিত হইয়াছে, উপস্থানের চেয়েও বিপিনের কাছে সে সব বেশি চমকপ্রদ মনে হইল।

তিন চার দিন বইখানা পড়িবার পরেই বিপিন ঠিক করিয়া ফেলিল, ডাক্তারি সে শিখিবেই। এতদিন পরে তাহার জীবনের উদ্দেশ্য সে খুঁজিয়া পাইয়াছে। এতদিন সে লক্ষ্যহীনভাবে ঘুরিয়া বেড়াইতেছিল, মানীর কাছে সে রুতঙ্গ থাকিবে পথ দেখাইয়া লক্ষ্য স্থির করিয়া দিবার জন্য।

দিন পনেরো লাগিল বইখানা শেষ করিতে।

শেষ করিয়া একটা কথা তাহার মনে হইল, কি অগ্রায় সে করিয়াছে পৈতৃক অর্থের অপব্যয় করিয়া! মাত্র যদি হাতে টাকা থাকিত, সে চাকুরি ছাড়িয়া কলিকাতার কোন ডাক্তারি স্কুলে ভর্তি হইয়া কিছুদিন পড়াশুনা করিত। বাংলা ভাষায় ডাক্তারি ব্যবসায় শেখানো হয়, এমন স্কুল কলিকাতায় আছে—এই বইখানার মধ্যেই সে স্কুলের বিজ্ঞাপন আছে শেষের পাতায়।

তাহার মনে হইল মানী মেয়েমাহুঘ, কিছু তেমন জানে না, তাই সে বলিয়াছিল বীজপুত্রে তাহার দেওয়ার কাছে ছয় মাস থাকিলে বিপিন ডাক্তারি-শাস্ত্রে পটু হইয়া যাইবে। বেচারী মানী!

এ সে জিনিস নয়, বইখানা আগাগোড়া পড়িবার পরে তাহার দৃঢ় বিশ্বাস হইয়াছে, ডাক্তারি শেখা ছয় মাস এক বছরের কর্ম নয়। ভাল ডাক্তার হইতে হইলে কোনও ভাল স্কুলে অভিজ্ঞ চিকিৎসকদের কাছে না পড়িলে কিছুই হইবে না। বহু ব্যাপার শিখিবার আছে, এ বিষয়ে মানীর দেওয়ার কি শিখাইবে?

বিপিনের আরও মনে হইল, ডাক্তারি সে ভাল পারিবে। তাহার মন বলিতেছে, এই কাজে নামিয়া পড়িলে যশ অর্জন করিবে সে। এই একখানা মাত্র বই পড়িয়া সে অনেক কিছু বুঝিয়াছে, বইতে যা বলে নাই, তাহার চেয়ে বেশি বুঝিয়াছে।

মানীর সঙ্গে দেখা করিয়া এসব কথা তাহাকে বলিতে হইবে। মানীর সঙ্গেই পরামর্শ করিতে হইবে, ডাক্তারি শিখিবার আর কি উপায় স্থির করা যাইতে পারে! তাহার ভাল মন্দ মানী যেমন বোঝে, সে নিজেও যেন তেমন বোঝে না।

বিপিন পাঁচ ছয় টাকা খরচ করিয়া রাশাঘাট হইতে কুইনাইন, লাইকার আর্সেনিক, লাইকার অ্যামোনিয়া, এসিড এন. এম. ডিল. প্রভৃতি কয়েকটি ঔষধ আনাহল, যাহা সাধারণ ম্যালেরিয়া জ্বরের প্রেসক্রিপশনে লাগে বলিয়া বইতে লিখিয়াছে। অ্যালক্যালি-মিক্চারের উপকরণও ওই সঙ্গে কিছু আনাহল।

আনাহবার পরদিনই কামিনীর প্রতিবেশিনী হাবু ঘোষের দিদিমা আসিয়া বলিল, ও নায়েববাবু, কামিনীর বড় অস্থ্য হয়েছে আজ তিন চার দিন হ'ল, একবার আপনারে যেতে বলেছে।

বিপিন ব্যস্ত হইয়া তাহার প্রথম রোগী দেখিতে ছুটিল। যদিও হাবুর দিদিমা ডাক্তার হিসাবে তাহাকে আহ্বান করে নাই, সে যে ডাক্তারি বই পড়িয়া ভিতরে ভিতরে ডাক্তার হইয়া উঠিয়াছে, এ খবর কেহ রাখে না।

বিপিন এবার যখন কাছারিতে আসে, আজ দিন কুড়ি আগের কথা, কামিনী সেই দিনই গিয়া বিপিনের সঙ্গে দেখা করিয়াছিল। তারপর দুপুরের পরে প্রায়ই বড়ী কাছারিতে আসিয়া কিছুক্ষণ গল্পগুজব করিয়া চলিয়া যাইত। তাহার অভ্যাসমত কয়দিন দুধ ও ফলমূলও নিজে লইয়া আসিয়াছে। আজ সাত আট দিন হইল কামিনী কাছারিতে আসে নাই, বিপিনের এখন মনে পড়িল। সে নিজেকে লইয়া এমন মশগুল যে, বড়ী কেন আজকাল কাছারিতে আসিতেছে না—এ প্রশ্ন তাহার মনে উঠে নাই।

গোয়ালাপাড়ার মধ্যেই কামিনীর বাড়ী।

দুইখানা বড় চালাঘর, মাটির দেওয়াল। খুব পরিষ্কার কারিয়া লেপা-পোছা। এক দিকে গোহাল, আগে অনেকগুলি গরু ছিল। বিপিন ছেলেবেলায় কামিনীর বাড়ীতে আসিয়াছে, কামিনী কাছারি গিয়া তাহাকে সঙ্গে করিয়া বাড়ী আনিত এবং ওই বড় ঘরের দাওয়ায় বসাইয়া কত গল্প করিত, খাবার খাইতে দিত, সে কথা বিপিনের আজও মনে আছে। তবে সে কামিনীর বাড়ীতে আসে নাই আর কখনও সেই বালাদিনগুলির পরে, আসিবার আবশ্যকও হয় নাই।

কামিনী ঘরের ষেঝেতে বিছানার উপর শুইয়া আছে।

বিছানাপত্রের অবস্থা দেখিয়া বিপিন বুকিল, কামিনীর সচ্ছল দিন আর নাই। এক সময়ে এই ঘরের মধ্যে এক হাত পুরু গদির উপরে ভোশক ও ধপধপে চাদর পাতা চওড়া বিছানা সে নিজের চোখে দেখিয়াছে। ঘরে নানা রকম ছবি টাঙানো থাকিত, এখনও অতীতের স্মৃতি বহন করিয়া দুইচারখানা ছবি বুল কালি মাখানো অবস্থায় দেওয়ালে ঝুলিতেছে—কালী, দশমহাবিষ্ঠা, মহারাণী ভিক্টোরিয়ার রঙিন ছবি, গোষ্ঠাবহার।

কামিনী ময়লা কাঁথার ভিতর হইতে মুখ বাহির করিয়া ব্যস্তসমস্ত হইয়া বলিল, এস বাবা,

এস, ওই পিঁড়িখানা পেতে দে তো ভাই।

হাবুর দিদিমা পিঁড়ি পাতিয়া দিল। সে-ই সঙ্গে করিয়া আনিয়াছে বিপিনকে।

বিপিন বলিল, দেখি হাতখানা, জ্বর হয়েছে, তা আমার আগে জানাও নি কেন? আজ গিয়ে হাবুর দিদিমা বললে, তাই জানতে পারলাম।

—তুমি ব'স ব'স, ভাল হয়ে ব'স। আমার কথা বাদ দাও, অস্থখ লেগেই আছে। ব্যেস হয়েছে, এখন এই রকম ক'রে যে কদিন যায়।

বিপিন হাত দেখিয়া বুঝিল, জ্বর খুব বেশি। মনে মনে ভাবিল, কি ভুলই হয়েছে! একটা থার্মোমিটার না পেলে কি জ্বর দেখা যায়? একদিন রাণাঘাট গিয়ে একটা থার্মোমিটার আনতেই হবে, নইলে রোগী দেখা চলবে না।

বিপিন হাবুর দিদিমাকে বলিল, একটা শিশি নিয়ে চল, গুয়ুধ দিচ্ছি।

কামিনী আশ্চর্য হইয়া বলিল, তুমি গুয়ুধ দেবে কোথা থেকে?

বিপিন হাসিয়া বলিল, বা রে, তুমি বুঝি জান না, আমি ডাক্তারি করি যে আজকাল।

কামিনী কথাটা বিশ্বাস করিল না। বলিল, অহা, কেবল পাগলামি আর খেয়াল!

হাবুর দিদিমা শিশি ধুইতে বাহিরে গিয়াছিল, এই সুযোগে কামিনী বলিল, স'রে এসে ব'স কাছে।

বিপিন মলিন কাঁথা-পাতা বিছানার একপাশে বসিল।

কামিনী সন্নেহে তাহার গায়ে হাত বুলাইয়া বলিল, চিরকালটা একরকম গেল। কামিনী আড়ালে আড়ালে যে তাহার সহিত মাতৃবৎ ব্যবহার করে, ইহা বিপিনের অনেকদিন হইতেই জানা আছে। সেও হাসিয়া বলিল, না, সত্যি বলছি, আমি ডাক্তারি শিখছি। শুনবে তবে, কে আমার ডাক্তারি শেখাচ্ছে? আমাদের জমিদারের মেয়ে।

কামিনী অবাক হইয়া বলিল, আমাদের বাবুর মেয়ে! সে আর কতটুকু, আমি তাকে দেখি নি যেন! কর্তা থাকতে একবার দোলের সময় জমিদারবাবুদের বাড়ী গিয়েছিলাম, তখন সে খুকীকে দেখেছি, কর্তামশায় তাকে দেখিয়ে বললেন, এই দেখ, আমাদের বাবুর মেয়ে। ওই এক মেয়েই তো! কর্তা বলতেন—। আচ্ছা, কর্তা ইদানীং একটু চোখে কম দেখতেন, না?

বিপিন দেখিল, বুড়ী তাহার বাবার কথা আনিয়া ফেলিয়াছে, হঠাৎ ধামিবে না, এখন বাবার সন্ধে বুড়ীর সঙ্গে আলাপ-আলোচনা করিবার মত মনের অবস্থা তাহার নাই। সে হাসিয়া বলিল, তুমি সে কতকাল আগে দেখেছিলে, তোমার খেয়াল আছে? সে মেয়ে কি চিরকাল তেমনই খুকী থাকবে? এখন তার ব্যেস কুড়ি বাইশ। অনাদিবাবুদের বাড়ী দোল হ'ত আজকের কথা নয়, আমার ছেলেবেলার কথা।

—বাবুর মেয়ের বিয়ে হয়েছে কোথায়?

—কলকাতায় এক উকিলের সঙ্গে।

—তা সে মেয়ে তোমার ডাক্তারি শেখাচ্ছে কেমন কথা? সে ডাক্তারি জানলে কোথা থেকে?

বিপিনের ইচ্ছা, মানীর সম্বন্ধে কথা বলে। অনেকদিন মানীর বিষয়ে সে কথা বলে নাই, তাহাকে দেখেও নাই, তাহার মনটা অত্যন্ত ব্যস্ত হইয়া উঠিয়াছে, অন্তত মানীর বিষয় লইয়া কিছু বলিয়াও ন্থ। কিন্তু ধোপাখালির প্রজাদের নিকট তো আর জমিদারবাবুর মেয়ের সম্বন্ধে আলোচনা করা চলে না!

কামিনীর কথার উত্তরে বিপিন যাহা বলিয়া গেল, তাহা বৃদ্ধার প্রেমের সঠিক উত্তর নয়, মানীর রূপগুণের একটি দীর্ঘ বর্ণনা।

কামিনী চূপ করিয়া শুনিতেছিল, বিপিনের কথা শেষ হইয়া গেলে বলিল, বেশ মেয়ে। তোমার সামনে বেরোয় ?

—কেন বেরবে না ? ছেলেবেলায় একসঙ্গে খেলা করেছি, আমার সামনে বেরবে না ?

—একটা কথা বলি, তার বিয়ে হয়ে গিয়েছে, তোমারও ঘরে সোনার পিরভিমের মত বউ। আমার একটা কথা শোন বাবা। তুমি তার সঙ্গে আর দেখাশুনো কর না। তুমি কালকের ছেলে; কি জান আর কিই বা বোঝ! তোমার মাথায় এখনও অনেক বকম পাগলামি ঢুকে আছে। তোমায় জানতে আমার বাকি নেই বাবা, কর্তামশায়ের তো ছেলে! তুমি ও-মেয়ের জিন্দামানায় ঘেঁষো না, নিজে কষ্ট পাবে, তাকেও কষ্ট দেবে।

ষষ্ঠ পরিচ্ছেদ

১

আরও দুই দিন কাটিয়া গেল।

ছপুনের পরে বিপিন কাছারিতে বসিয়া হিসাবপত্র দেখিতেছে, নিবারণ গোয়ালার ছেলে পাচু আসিয়া বলিল, নায়েববাবু, কামিনী পিসী একবার আপনাকে ডেকেছে।

বিপিন গিয়া দেখিল, কামিনীর অস্থখ বাড়িয়াছে। গানের উত্তাপ খুব বেশি, অরের ধমকে বৃদ্ধা যেন হাঁপাইতেছে, বেশি কথা বলিবার শক্তি নাই।

বিপিন বলিল, কি খেয়েছ ?

কামিনী কৌণস্বরে বলিল, নিবারণের বউ একটু জলসাবু করে দিয়ে গেল, ছপুনের আগে তাই একচুমুক—মুখে ভাল লাগে না কিছু।

—আচ্ছা, আচ্ছা, চূপ করে শুয়ে থাক।

—তুমি আমায় আজ দেখতে আস নি কেন ?

কথাটা কেমন যেন গোড়াইয়া গোড়াইয়া বলিল; বেশ একটু অভিমানের স্বরও বটে।

বিপিন মনে মনে অহুস্ত হইল। দেখিতে আলা খুব উচিৎ ছিল; সকালে কাছারিতে

জনকতক প্রজার সঙ্গে গোলমাল মিটাইতে দেরি হইয়া গেল, নতুবা ঠিক আসিত। কামিনীর কেহ নাই, বৃদ্ধা হয়তো আশা করে, বিপিন তাহার অসময়ে পুত্রবৎ দেখাশোনা করিবে ; যদিও বিপিন কামিনীর মনের এত কথা বুঝিতে পারে না, নিজেকে লইয়াই ব্যস্ত, অপরের দিকে চাহিবার অবসর তাহার কোথায় ?

কিছুক্ষণ বসিয়া থাকিবার পরে বিপিন বলিল, এখন যাই, প্রজাপত্তর আসবে, আর আমার একবার গদাধরপুর যেতে হবে একটা ভ্রমির মীমাংসা করতে। সন্ধ্যার পর আবার আসব।

কামিনী উঠতে দ্বৈশ না, হাত বাড়াইয়া টানিয়া টানিয়া বলিল, যেও না, যেও না, ও বাবা বিপিন, যেও না, ব'ল, ব'ল।

বিপিনের কষ্ট হইল বৃদ্ধাকে এভাবে ফেলিয়া যাইতে। কিন্তু সত্যিই তাহার থাকিবার উপায় নাই। গদাধরপুরে কয়েকঘর ভেলে প্রজা আছে, তাহারাই স্থানীয় বীণ্ডের দখল লইয়া নিজেদের মধ্যে বিবাদ করার ফলে কাছারির খাজনা আদায় হইতেছে না। বিপিন নিজে গিয়া এ ব্যাপারের মীমাংসা করিয়া দিলে তাহারাই মানিয়া লইবে, এরূপ প্রস্তাব করিয়া পাঠাইয়াছে। সুতরাং যাইতেই হইবে তাহাকে। অনাদিবাবুর কানে যদি কথা যায়, তবে এতদিন সে যায় নাই কেন, এজন্য কৈফিয়ৎ তলব করিয়া পাঠাইবেন।

আড়ালে পাঁচুকে ডাকিয়া বলিল, পাঁচু, তোমার মাকে বল এখানে একটু থাকতে। আমি আবার আসব এখন, একবার কাজে যাব গদাধরপুরে। আর একবার একটু সাবু ক'রে খাইয়ে দিতে ব'ল তোমার মাকে। খরচপত্তর যা হবে, সব আমার। আমি সব দোব। আচ্ছা, একটা লোক দিতে পার, রাণাঘাট থেকে কমলালেবু আর বেদানা কিনে আনবে ?

বিপিন কাছারির নায়েব বটে, কিন্তু সে ভালমাজুব নায়েব। লোকে লেজন্ত তাহাকে ভয় ভয় করে না। বিপিনের বাবার আমলে প্রেমের প্রয়োজন ছিল না, মুখের কথা খসাইয়া ছকুম করিলেই চলিত।

পাঁচু বলিল, আচ্ছা বাবু, আমি দেখছি যদি হাবুল যায়, ব'লে দেখছি।

—এই আট আনা পরসায় রাখ। হাবুলকে পাও বা হাকে পাও, দিয়ে ব'ল ভাল বেদানা আর কমলালেবু আনতে ; আর যে বাবে তার জলখাবার আর মজুরি এই নাও চার আনা।

বিপিন কাছারি আসিয়া গদাধরপুর যাইবার জন্ত বাহির হইয়াছে, এমন সময় পাঁচু আসিয়া বলিল, কেউ গেল না নায়েববাবু, আমি নিজেই চললাম রাণাঘাট। কিভাবে কিন্তু আমার হাত হবে, তা ব'লে বাচ্ছি।

বিপিন বুঝিল, মজুরি ও জলখাবারের দরুন চারি আনা পরসায় লোভ লম্বণ করা পাঁচুর পক্ষে অসম্ভব হইয়া পড়িয়াছে ; তারপর বাকি আট আনার ভিত্তর হইতে অল্পত চার ছয় পরসায় উপস্থিই বা কোন্ না হইবে ?

বেলা প্রায় সাড়ে তিনটা।

গদাধরপুর এখন হইতে তিন চার মাইল পথ। বিপিন জোরে হাঁটিতে লাগিল। বজরাপুর পর্যন্ত সে ও পাঁচু একসঙ্গে গেল। তারপর রাণাঘাটের রাজা বিাকিয়া পশ্চিমদিকে ঘুরিয়া

গিয়াছে। পাঁচু সেই রাস্তায় চলিয়া গেল। গদাধরপুর যাইবার কোনও বাঁধা-ধরা পথ নাই। মাঠের উপর দিয়া সরু পায়ে-চলার পথ, কখনও বা ফুরাইয়া যায়, কিছু দূরে গিয়া অল্প একটা পথ মেলে। মাঠে লোকজনও নাই যে, পথ জিজ্ঞাসা করা যায়। নানা সরু সরু পথ নানাদিকে গিয়াছে, কোন পথ যে ধরিতে হইবে জানা নাই। বিপিন এক প্রকার আন্দাজে চলিল।

বেলা পড়িয়া আসিল। রোদের তেজ কমিয়া গেল।

মাঠের মধ্যে ঝাড় ঝাড় আকন্দগাছে ফুল ফুটিয়াছে। সৌন্দা, রোদপোড়া মাটি ও শুকনো কাশঝোপের গন্ধ বাহির হইতেছে! ফাকা মাঠ, গাছপালাও বেশি নাই, কোথাও হয়তো বা একটা নিমগাছ, মাঝে মাঝে খেজুরগাছ।

অবশেষে দূর হইতে জলাশয় দেখিয়া বিপিন বুকিল, এই গদাধরপুরের বাঁওড়, স্তম্ভাং সে ঠিক পথেই আসিয়াছে।

গদাধরপুরের প্রজারা বিপিনকে খাতির করিয়া বসাইল। গ্রামের মধ্যে একটা কলু-বাড়ীর বড় দাওয়ায় নতুন মাদুর পাতিয়া দিল বিপিনের জন্ত। এ গ্রাম অনাদিবাবুর খাস তালুকের অন্তর্গত, গোটা গ্রামখানার সব লোকই কাছারির প্রজা।

বাঁওড়ের দখলের মীমাংসা করিতে প্রায় সন্ধ্যা হইল।

দুই তিনজন প্রজা বলিল, নায়েববাবু, বলতে আমাদের বাধ-বাধ ঠেকে, কিন্তু আপনার একটু জল মুখে দিলে হ'ত।

• বিপিন বলিল, না, সে থাক। এখনও অনেক কাজ বাকি। আমাকে আবার সব কাজ মেরে ফিরতে হবে এতখানি রাস্তা।

প্রজারা ছাড়িল না, শেষ পর্যন্ত বিপিনকে একটা ডাব থাইতে হইল।

একটি চাষাদের বউ কি মেয়ে এক কাঠা ধান হাতে কলুবাড়ীর উঠানে আসিয়া বলিল, হ্যাঁদে, ইদিকি এস। তেল ছাও আধপোয়া আর এক ছটাক মুন, আধপয়সার ঝাল—

সে মেয়েটিকে জিজ্ঞাসা করিল, তোমরা কি ধান দিয়ে জিনিস কেনো?

মেয়েটি বলিল, হ্যাঁ বাবু, কনে পয়সা পাব? শীতকাল গেল, একখানা বস্তুর নেই যে গায়ে দিই। যে ক'বিশ ধান পেয়েলাম, সব মহাজনের ঘরে তুলে দিয়ে খাবার ধান চাট্টি ঘরে ছেল। তাই দিয়ে তেল মুন হবে সারা বছরের, আর থাওয়াও হবে।

—এতে কুলোবে সারা বছর?

—তা কি কুলোয় বাবু? আষাঢ় শ্রাবণ মাসের দিকি আবার মহাজনের গোলায় ধামা হাতে যাতি হবে। ধান কর্জ না করলি আর চলবে না তারপর।

কলু-বাড়ীতে একটা ছোট মূদীর দোকানও আছে। আরও কয়েকটি লোক জিনিসপত্র কিনিতে আসিল। মেয়েটি তেল মুন কিনিয়া যাইবার সময় বলিল, মুহুরি নেবা?

হম্বি কলু বলিল, নতুন মুহুরি? কাল নিয়ে এস।

—মুহুরির বদলে কিন্তু চাল দিতি হবে।

বিপিন বলিল, তোমার ধরে ধান আছে তো চাল নিয়ে কি করবে ?

মেয়েটি উঠানে দাঁড়াইয়া গল্প করিতে লাগিল। তাহার ভাই জন খাটিয়া খায়, কিন্তু তাহার হাঁপানির অসুখ, দশ দিন খাটে তো পনেরো দিন পড়িয়া থাকে। সংসারের বড় কষ্ট, সাত জন লোক এক এক বেলায় খায়, দু বেলায় চোন্দ জন। যে কয়টি ধান আছে, তাহাতে কয় মাস যাইবে ? সামান্য কিছু মুহুরি ছিল, তাহার বদলে চাল না লইলে চলে কি করিয়া ?

এই সব প্রজ্ঞা। ইত্যাদের নিকট খাজনা আদায় করিয়া তাহাকে চাকুরি বজায় রাখিতে হইবে। অনাদিবাবুর চাকরি লইয়া সে মস্ত বড় ভুল করিয়াছে। এ সব জিনিস তাহার খাতে নাই। বাবা কি করিয়া কাজ চালাইতেন সে জানে না, কিন্তু তাহার পক্ষে অসম্ভব।

মানী ঠিক পরামর্শ দিয়াছে।

ডাক্তারি শিখিতেই হইবে তাহাকে। ডাক্তারি শিখিলে এই সব গরীব লোকের অনেক-খানি উপকার করিতেও তো পারিবে।

এখানকার আর একজন প্রজার কাছে অনেকগুলি টাকা খাজনা বাকি। বিপিন সন্ধ্যার পরে তাহার বাড়ী ভাগদা দিতে গেল। গিয়া দেখিল, খড়ের ঘরের দাওয়ার লোকটা শয্যাগত, মলিন লেপ কাঁধা গায়ে দিয়া শুইয়া আছে। তিন-চারটি পাড়ার লোক নায়েববাবুর আগমন-সংবাদ শুনিয়া বাড়ীর উঠানে আসিয়া উপস্থিত হইল। রোগীর বিছানার পাশে দুইটি স্ত্রীলোক বসিয়া ছিল, বিপিনকে দেখিয়া ঘোমটা টানিয়া দিল।

লোকটির নাম বিষ্ণু ঘোষ, জাতিতে কৈবর্ত। বিপিনকে সে অনেকবার দেখিয়াছে, কিন্তু বিপিন দাওয়ার উঠিয়া বসিতেই তাহার দিকে চাহিয়া বলিল, কে ? ছিরাম ? তামাক দে, ছিরাম খুড়োকে তামাক দে।

বিপিন তো অবাক ! পরে রোগীর চোখের দিকে চাহিয়া দেখিল, চোখ দুইটা জবাবুলের মত লাল। ঘোর বিকার। রোগী মানুষ চিনিতে পারিতেছে না। বিপিন বলিল, ওর মাথায় জল দাও ! দেখছে কে ?

একজন উত্তর দিল, ফকির সায়েব দেখছেন।

—কোথাকার ফকির সায়েব ? ডাক্তার ?

—আজ্ঞে না, তিনি ঝাড়ফুক করেন খুব ভাল। তিনি বলেছেন, উপরিভাব হয়েছে।

বিপিন বুঝিতে না পারিয়া বলিল, উপরিভাব কি ব্যাপার ?

দুই তিন জনে বঝাইয়া দিবার উৎসাহে একসঙ্গে বলিল, আজ্ঞে, এই দুটি হয়েছে আর কি, অপদেবতার দুটি হয়েছে।

—ভূতে পেয়েছে ?

—ভূতে পাওয়া না ঠিক। দিটি হয়েছে আর কি।

বিপিনের বতটুকু ডাক্তারি-বিজ্ঞা এই কয়দিন বই পড়িয়া শুইয়াছে, তাহারই বলে সে

বলিল, ওর ঘোর জ্বর বিকার হয়েছে। লোক চিনতে পারছে না, চোখ লাল, মাথায় জল ঢাল। উপরিভাব-টাব বাজে, গুকে ডাক্তার দেখাও, নইলে বাঁচবে না। ফকিরের কণ্ঠ নয় এ সব।

উহাদের মধ্যে একজন বলিল, এ দিগরে বরাবর থেকে ফকির সায়েব ঝাড়া-ঝাড়া, তেলপড়া দিয়েই রোগ সারান বাবু। ডাক্তার কোথায় এখানে? ডাক্তার আছে সেই রামনগরের হাটে, নয়তো সেই চাকদার বাজারে। আর এক আছে রাণাঘাটে। দু কোশ রাস্তা। এক মুঠো টাকা খরচ করে কি গরীবগুরবো লোকে ডাক্তার আনতি পারে?

২

গদাধরপুর হইতে বিপিন বখন বাহির হইয়া ফাঁকা মাঠে পড়িল, তখন সন্ধ্যা উত্তীর্ণ হইয়া গিয়াছে। অন্ধকার রাত্রি, একটু পরেই চাঁদ উঠিবে। চাঁদ ওঠার জন্তই সে এতক্ষণ অপেক্ষা করিতেছিল।

মাঠে জনশ্রাণী নাই। অপূর্ব তারাতারা রাত্রি। আকাশের দিকে বিপিনের নজর পড়িত না, যদি চাঁদ কখন ওঠে, ইহা দেখিবার প্রয়োজন তাহার না হইত। কিন্তু আকাশের দিকে চাহিয়া নক্ষত্রতারা অন্ধকার আকাশের দৃশ্য দেখিয়া জীবনে এই বোধ হয় প্রথম বিপিনের বড় ভাল লাগিল।

কেমন নিস্তরতা, কেমন একটা রহস্যময় ভাব রাত্রির এই নিস্তরতার! এত ভাল লাগিবার প্রধান কারণ, এই সমস্ত মানীর কথা তাহার মনে পড়িল।

আজ যে এই সব দরিদ্র রোগপীড়িত মানুষদের সে চোখের উপর অজ্ঞতার ফলে মরণের পথে অগ্রসর হইতে দেখিয়া আসিল, মানীই তাহাকে পথ দেখাইয়া বলিয়া দিগছে, ইহা দিগকে মৃত্যুর হাত হইতে কি করিয়া বাঁচাইতে হইবে। ডাক্তার নাই, ঔষধ নাই, সম্প্রদায় দ্বিবার মানুষ নাই, কঠিন সারিপাতিক বিকারের রোগী, সম্পূর্ণ অসহায়। জলপড়া, তেলপড়ার চিকিৎসা চলিতেছে। ওদিকে কামিনী-মাসীও এই অবস্থা, তাহার ভাইয়ের ওই অবস্থা।

মানী তাহাকে পথ দেখাইয়া দিগছে, যে পথে গেলে অর্থ ও পুণ্য দুইই মিলিবে।

গরীব প্রজাদের প্রতি অভ্যাচার করিয়া, তাহাদের রক্ত চুষিয়া তাহার বাবা এবং মানীর বাবা দুইজনেই ফুলিয়া ফাপিয়া মোটা হইয়াছেন বটে, কিন্তু তাহাদের ছেলেমেয়েরা সে পাপ পথে চলিবে তো নাইই, বরং পিতৃদেবের কৃতকর্মের প্রায়শ্চিত্ত করিবে নিজেদের দিয়া।

মানী তাহাকে জীবনে আলো দেখাইয়াছে।

একটি অন্ধুত মনের ভাবের সহিত বিপিনের পরিচয় ঘটিল আজ হঠাৎ এই মাঠের মধ্যে।

মানীর সঙ্গে ভালবাসার যে সম্পর্ক তাহার গড়িয়া উঠিয়াছে, এতদিন অন্ততঃ বিপিনের মনের দিক হইতে তাহা দেহসম্পর্কহীন ছিল না, মনে মনে মানীর দেহকে সে বাদ দিতে পারে নাই। বিপিনের স্বভাবই তা নয়, সুস্থ মানসিক স্তরের আদানপ্রদান তাহার ধাতুগত নয়। মানীর সম্বন্ধে এ আশা বিপিন কখনও ছাড়ে নাই যে, একদিন না একদিন সে মানীকে নামাইবে তাহার নিজস্ব নিয়ন্ত্রণে। সুবিধা সুযোগ এখন নাই বলিয়া ভবিষ্যতেও কি খটিবে না ?

আজ র্তাহার মনে হইল, মানীর সহিত তাহার সম্বন্ধ অল্প ধরণের। মানী তাহাকে যে স্তরে লইয়া গিয়াছে, বিপিনের মন তাহার সহিত পরিচিত ছিল না। অনেক মেয়ের সঙ্গে বিপিন মিশিয়াছে পূর্বে অল্পভাবে। মন বলিয়া জিনিসের কারবার ছিল না সেখানে। হয়তো মন জিনিসটাই ছিল না সে ধরণের মেয়েদের।

কিন্তু মনোরমা ? বিপিন জানে না। মনোরমার মন সম্বন্ধে বিপিনের কখনও কৌতূহল জাগে নাই। তেমন ভাবে মনোরমা কখনও বিপিনের সঙ্গে মিশে নাই। হয়তো সেটা বিপিনের দোষ, মনোরমার মনকে বিপিন সে ভাবে চাহিয়াছে কবে ? যে সোনার কাঠির স্পর্শে মনোরমার মনের ঘুম ভাঙিত, বিপিনের কাছে সে সোনার কাঠি ছিল না।

বিপিনের মনের ঘুম ভাঙাইয়াছে মানী। সে সোনার কাঠি ছিল মানীর কাছে।

দূর মাঠের প্রান্তে চাঁদ উঠিতেছে। বিপিন একটা খেজুরগাছের তলায় ঘাসের উপর বসিয়া পড়িল। ভারী ভাল লাগিতেছিল, কি যে হইয়াছে তাহার, কেন আজ এত ভাল লাগিতেছে—এই আধ-অন্ধকার মাঠ, পূব-আকাশে উদীয়মান চন্দ্র, মাঠের মধ্যে ঝাড় ঝাড় সাদা আকন্দফুল, হুহু হাওয়া—কখনও তেমন ভাবে বিপিন এদিকে আকৃষ্ট হয় নাই, আজ যেন কি হইয়াছে তাহার।

বলিতে লজ্জা করিলেও বলিতে হইবে, তাহাদের গ্রামের দোকানে সে লম্বার পয় গোপনে ভাঙি পর্যন্ত খাইয়া দেখিয়াছে—কি রকম মজা হয় ! এই বছর পাঁচ আগেও। বাবা তখন-অল্পদিন মারা গিয়াছেন। হাতে কাঁচা পয়সা, বিপিন তখন খুব উড়িতেছে। অবশ্য কৌতূহলের বশবস্তী হইয়াই খাইয়াছিল। খানিকটা বাহাছুরিও বটে। তোলা দুভায়ের ছেলে হাবুলের সহিত বাজি ফেলা হইয়াছিল।

এ সব কথা বিপিনের আজ এমন করিয়া কেন মনে হইতেছে ?

সে মানীর বন্ধুত্বের উপযুক্ত নয়। নিজেকে ভাল করিয়া পরীক্ষা করিয়া বিপিনের তাহাই মনে হইল। নিজেকে সে কলঙ্কিত করিয়াছে নানা ভাবে। মানী নিষ্পাপ নির্মল।

বিপিন উঠিয়া পথ চলিতে লাগিল। বোধ হয় সে অপেক্ষা করিতেছিল চাঁদ ভাল করিয়া উঠিবার জন্য।

একটা নীচু খেজুরগাছে এক ঠাণ্ড খেজুর রস দেখিয়া সে ঠাণ্ড পাড়িয়া রস খাইল, লম্বার টাটকা রস সাধারণত মেলে না। ঠাণ্ডটা আবার গাছে টাঙাইয়া রাখিবার সময় সে ঠাণ্ডটার মধ্যে দুইটি পয়সা রাখিয়া দিল। পল্লীগ্রামে এত ধান্নিক কেহ চয় না, কিন্তু আজ বিপিনের

মনে হইল, চুবি সে করিতে পারিবে না। মানীর কাছে দাঁড়াইতে চইবে তাহাকে, চোবের বিবেক লইয়া দাঁড়াইতে পারিবে সেখানে ?

কাছারি ফিরিয়া দেখিল, চোকরা চাকরটা তাহার জগ্ন বসিয়া বসিয়া টুলিতেছে।

বিপিন বলিল, এই ওঠ, উঠন ধরাগে যা। দুখ দ্বিয়ে গিয়েছে এবেলা ?

চাকরটা চোখ মুছিতে মুছিতে বলিল, বাবা। কত রাত ক'রে আলেন নায়েববাবু ? 'আমি বলি রাত্তিরি বন্ধি থাকবেন সেখানে।

—কামিনী-মাসী কেমন আছে রে ? রাণাঘাট থেকে লেব নিয়ে ফিরেছে কিনা জানিস ?

—জানি নে বাবু।

৩

বিপিন আহাৱাদি শেষ করিয়া কামিনীকে দেখিতে গেল।

বেশ জ্যোৎস্নাভরা রাত। কিন্তু গাঁয়ের লোক প্রায় সব ঘুমাইয়া পড়িয়াছে, গোয়াল-পাড়ার মধ্যে কাহারও বড় একটা সাড়াশব্দ নাই।

কামিনীর ঘরের দোর ভেজানো ছিল, ঠেলিতে খুলিয়া গেল। ঘরের মেঝেতে একটা পিলস্জের উপরে মাটির পিদিম টিম টিম জ্বলিতেছে, বোধ হয় পাঁচুর মা জ্বালিয়া রাখিয়া দিয়া গিয়াছে। রোগী কাঁপামুড়ি দিয়া একলাটি শুইয়া বোধ হয় ঘুমাইতেছে।

বিপিন ডাকিল, ও মাসী, কেমন আছ, ও মাসী ?

সাড়াশব্দ নাই।

বিপিন বিছানার পাশে গিয়া বসিয়া বৃষ্কার গায়ে হাত দিয়া দেখিল। নাভী দেখিয়া মনে হইল, নাভীর গতি খুব ক্ষীণ। খুব ঘাম হইতেছে, বিছানা ভিজিয়া গিয়াছে ঘামে। বৃষ্কা ঘুমাইতেছে, না ক্রমশ অবস্থা খাবাপ হওয়ার দকন জ্ঞানহারা হইয়া পড়িয়াছে, বোঝাও কঠিন।

ষাট হোক, অনেকক্ষণ বসিয়া থাকিবার পরে কামিনী চোখ মেলিয়া বিপিনের দিকে চাহিল। কি যেন বলিল, বোঝা গেল না, ঠোঁট যেন নড়িল।

বিপিন বলিল, কি মাসী, কেমন আছ ? বলছ কিছু ?

কামিনীর জ্ঞান নাই। সে দৃষ্টিহীন নেত্রে বিপিনের দিকে চাহিল, ঘরের বাঁশের আড়ার দিকে চাহিল, আলনায় বাঁধা পুরানো লেপকাঁধার দিকে চাহিল। বৃষ্কার এই ঘরে ৩বিনোদ চাটুজ্জে নিয়মিত আসিতেন, কামিনী তখন দেখিতে বেশ ফর্সা ও দোহারা চেহাৱার স্ত্রীলোক ছিল, কালাপেড়ে কাপড় পরিত, পান খাইয়া ঠোঁট রাঙা করিয়া রাখিত, হাতে সোনার বালা ও অনন্ত পরিত, কালো চুলে খোঁপা বাঁধিত, এ কথা বিপিনের অল্প অল্প মনে আছে। বাইশ

তেইশ বছর আগের কথা। এই যে বন্ধা বিছানার সঙ্গে মিশিয়া শুইয়া আছে, মাথায় পাকা চুল, গায়ের রং হাজিয়া আধকালো, দাঁত পড়িয়া গালে টোল খাইয়া গিয়াছে, বিশেষত জ্বরে ভুগিয়া বর্তমানে তাড়কা বান্ধসীর মত চেহারা হইয়া উঠিয়াছে যাহার, এই যে সেই একদিনের হাস্যলাস্কময়ী সুন্দরী কামিনী, যাহার চটুল চাহনিতে দোদুপ্রতাপ বিনোদ চাটুজ্জ নায়ের মহাশয়ের মাথা ঘুরিয়া গিয়াছিল, ইহাকে দেখিয়া কে বলিবে সে কথা ?

প্রথম ঘোঁরনে চুইজনের দেখাশোনা হয়। কামিনী ছিল গোয়ালার মেয়ে—বালবিধবা, সুন্দরী। বিনোদ চাটুজ্জও ছিলেন লম্বা-চওড়া জোয়ান, বড় বড় চোখ, গলার স্বর গভীর ও ভারী—পুরুষের মত শক্ত-সমর্থ চেহারা। তা ছাড়া ছিল অসম্ভব দাঁপট। পয়ত্রিশ-চল্লিশ বৎসর আগের কথা, তখন নায়েববাবুই ছিলেন এ অঞ্চলের দারোগা, নায়েববাবুই ম্যাজিস্ট্রেট।

কামিনী বিনোদ চাটুজ্জকে ভালবাসিবে, এ বিচিত্র কথা কি ?

সারাজীবন একসঙ্গে যাহার সহিত কাটাইয়া, নিজের উজ্জ্বল ঘোঁরন যাহাকে দান করিয়া কামিনী নারীজন্মের সার্থকতাকে বুঝিয়াছিল, সেই বিনোদ চাটুজ্জের অভাবে তাহার জীবন শূন্য হইয়া পড়িবে ইহাও বিচিত্র কথা নয়।

হয়তো এইমাত্র জরঘোঁরে অজ্ঞান অচৈতন্য কামিনীর মন ঘুরিয়া ফিরিতেছিল তাহার প্রথম ঘোঁরনের সেই পাখী-ডাকা, ফুল-ফোটা, আলো-মাথা মাধবী রাত্রির শ্রহরগুলি অমুসন্ধান করিয়া, আবার মনে মনে সেখানে বাস করিয়া, হারানো রাত্রির শিশিরসিক্ত শ্বতির পুনরুদ্বোধন করিয়া।

হয়তো মনে পড়িতেছিল প্রথম দিনের সেই ছবিটি।

বোড়শী বালিকা তাহাদের বাড়ীর সামনের বেগুন ক্ষেত হইতে ছোট্ট চুপড়ি করিয়া বেগুন তুলিয়া ফিরিতেছিল।

পথে আসিতেছিল মুবক বিনোদ চাটুজ্জ, ধোপাখালি কাছারির নায়েব, ধোপাখালি গ্রামের দণ্ডমুণ্ডের কর্তা। সবাই বলাবলি করিত, নায়েববাবুর কাছে গেলে সব জব্ব হয়ে যাবে এখন! নায়েব এসেছে যা জব্বর! কোন ট্যা-ফো খাটবে না সেখানে। নায়েবের মত নায়েব।

সে কোঁতুহলের সহিত চাহিয়া দেখিল। বেশ মনে আছে, বেগুনের ক্ষেতের কঙ্কি-বাঁধা আগড়ের কাছে দাঁড়াইয়া।

লম্বা, সুপুরুষ, টকটকে ফর্সা, মাথায় ঢেউ-খেলানো কালো চুল—তবে বয়স খুব কম নয়। ত্রিশ-বত্রিশ হইবে, কিংবা তারও কিছু বেশি।

নায়েববাবু যখন কাছাকাছি আসিয়া পড়িয়াছেন, তাহার তখন বড় লজ্জা হইল। বাঁ হাতে বেগুনের চুপড়িটা, ডান হাতে কঙ্কির আগড়টা শক্ত করিয়া ধরিয়া রহিল।

হঠাৎ বিনোদ চাটুজ্জ তাহারই দিকে মুখ ফিরাইয়া চাহিলেন।

—বেগুন ওতে ? এ কাদের ক্ষেত ?

সে লজ্জায় সঙ্কোচে বেড়ার সহিত মিশ্রিয়া কোন বকয়ে উত্তর দিল, আমাদের ক্ষেত ।

—তুমি কি রশিক ঘোষের মেয়ে ?

—হ্যাঁ ।

—বেগুন কি বিক্রি কর তোমরা ?

—না, এ খাবার বেগুন ।

—তোমার বাবা কোথায় ?

—চিলেমারি দুধ আনতে গেছে ।

—ও ।

নায়েববাবু চলিয়া গেলেন ।

তাহার বুক টিপ টিপ করিতেছিল । কপাল ঘামিয়া উঠিয়াছে । ভয় না লজ্জা, কে জানে । বাড়ী আসিয়া দিদিমাকে (মা তাহার আগের বছর মারা গিয়াছিল) বলিল, আইমা ওই বৃক্ষি কাছারির নতুন নায়েব ? যাচ্ছিলেন এখান দিয়ে, আমার কাছে বেগুন দেখে বললেন, বেগুন বিক্রি ? কি জাত, আইমা ?

তাহার দিদিমা বলিল, বামুন যে, তাও জান না পোড়ারমুখ মেয়ে ! চাইলেন কিনতে, বেগুন কটা দিয়ে দিলেই হ'ত । আমার তো মনে থাকে না, ভোর বাবাকে বেগুন দিয়ে আসতে বলিস কাছারিতে । বামুন মাছ ।

এক চুপড়ি ভাল কাচি বেগুন ও এক ঘটি দুধ সে-ই কাছারিতে দিয়া আসিয়াছিল । পরদিন বিকেলবেলা বাবার সঙ্গে গিয়াছিল ।

কিন্তু হায় ! সে প্রেমমুগ্ধা তরুণী পল্লীবালিকা আর নাই, সে ফুকুব বিনোদ চাটুজ্ঞে নায়েববাবুও আর নাই ।

অনেক কালের কথা এ সব । সেকালের কথা ।

* * * *

বিপিন পড়িল মহা মুশকিলে ।

কামিনী যখন মারা গেল, তখন রাত দেড়টার কম নয় । যুতদেহ কেলিয়াই বা কোথায় সে যায় এখন ? বাধ্য হইয়া ভোর পর্যন্ত অপেক্ষা করিতেই হইল । যুদ্ধার যুতদেহ এ ভাবে কেলিয়া সে ঘাইতে পারিবে না, মনে মনে সে মায়ের মতই ভালবাসিত কামিনীকে । ভোর হইল । কাক কোকিল ডাকিয়া উঠিতেই বিপিন গিয়া হাঁকডাক করিয়া লোকজন উঠাইল । পাঁচু কাল অনেক রাত্রে রাণাঘাট হইতে কমলালেবু লইয়া কিরিয়াছিল, সকালে চিতে আসিতেছিল, পথে দেখা । তাহাকে পার্ঠাইয়া ওপাড়া হইতে গোয়ালার পুরোহিত বামনদাস চক্ৰিককে আনাইল । এ সব পাড়াগাঁয়ে 'প্রাচিস্তির' না করাইলে মড়া কেহ হুঁইবে না, বিপিন জানে । কামিনীর আপনার বলিতে কেহ ছিল না, দূর সম্পর্কের এক বোনপো আছে রাণাঘাটে, তাহাকে খবর দিবার জন্ত লোক পাঠাইল । তাহাকে দিয়াই শ্রাদ্ধ করাইতে হইবে । সব কাজ শেষ করাইয়া দাঁহ করিতে বেলা একটা বাজিল ।

কাছারি ফিরিয়া দেখিল, পলাশপুর হইতে জমিদারবাবুর পত্র লইয়া লোক আসিয়া বসিয়া আছে। নানা স্বকন্মের কাজের ভাগাদা চিঠির মধ্যে, বিশেষ করিয়া টাকার ভাগাদা—ত্রিশটি টাকা এই লোকের হাতে যেন আজই পাঠানো হয়।

লোকটাকে বিপিন বলিল, আজ কাছারিতে থাক। এখন টাকা অবৈল্য কোথায় পাব? কাল যাবে। দেখি, নরহরি দাসকে ব'লে।

লোকটা আর একখানি ক্ষুদ্র খামের চিঠি বাহির করিয়া বিপিনের হাতে দিয়া বলিল, মনে ছেল না নায়েববাবু, দিদিমণি এই চিঠিখানা আপনাকে দিতে বলেছিলেন। আমি যখন আসি, খিড়কি-দোরের পথে এসে দিয়ে গেলেন।

মানীর চিঠি! কখনও তো সে বিপিনকে চিঠি দেয় নাই! কি লিখিয়াছে মানী? বিপিন নিজেকে সামলাইয়া লইয়া ঘটনুর সম্ভব উদাসীন মুখে বলিল, ও, বোধ হয় বড় মাছ চাই! বাবাকে লুকিয়ে মাঝে মাঝে মাছ চেয়ে পাঠায় বটে। আচ্ছা, তুমি ততক্ষণ বিশ্রাম কর।

বাদামতলায় দাঁড়াইয়া মানীর চিঠি খুলিয়া পড়িল। ছোট চিঠি। লেখা আছে—

“বিপিনদা,

প্রণাম নেবে। অনেকদিন গিয়েছে, আদায়পত্র কেমন হচ্ছে। নায়েবি কাজের যেন গলদ না হয়, ভাগাদাপত্র ঠিকমত হচ্ছে তো? নইলে কৈফিয়ৎ তলব করব, মনে থাকে যেন। আমিও জমিদারের মেয়ে।

আর একটি বিশেষ কথা। আমি এই মাসেই চ'লে যাব, আমার ছোট দেওয়ার বিয়ের হঠাৎ ঠিক হয়েছে। যাবার আগে তুমি অবিশ্তি একবার এসে আমার সঙ্গে দেখা করে যাবে। একবার এসেই না হয় চ'লে যেও, কিন্তু আসাই চাই। আবার কবে আসব, তার ঠিকানা নেই। চিঠির কথা কাউকে ব'ল না। ইতি—

মানী”

পরদিন অনাধিবাবুর লোক বিপিনের একখানা চিঠি লইয়া চলিয়া গেল, তাহাতে বিপিন লিখিল, টাকা আদায় হইলেই কাল কিংবা পরন্ত নাগাত সে নিজে লইয়া বাইতেছে। মানীর সঙ্গে দেখা করিবার এই উত্তর স্ববোধ।

সন্ধ্যা হইল। বাদামগাছের পাতার হাওয়া লাগিয়া একপ্রকার শব্দ হইতেছে। স্বককার হাঙ্গি, জ্যোৎস্না উঠিবার দেরি আছে।

কামিনীর মৃত্যু বিপিনের মনে বিবাহের রেখাপাত করিয়াছে, পুরাতন দিনের সঙ্গে ঐ একটি যোগস্বত্র ছিন্ন হইয়া গেল চিরকালের জন্য।

আজ তাহার মনে হইল, এই প্রবাসে বৃদ্ধা তাহার স্বখঃখ যত বৃদ্ধিত, এত আর কে বৃদ্ধিত ? তাহার খাওয়ায় কষ্ট, শোওয়ায় কষ্ট হইলে কামিনীর মনে তাহা বাঞ্ছিত, সাধ্যমত চেষ্টা করিত সে কষ্ট দূর করিতে। টাকার দরকার হইলে বিপিন যদি হাত পাতিত, কামিনী তাহাকে বিমুখ করিত না কখনও। গতবার যে পঞ্চাশটি টাকা সে ধার দিয়াছিল বিপিন একবার দুইবার চাওয়ামাত্র, সে দেনা বিপিন শোধ করে নাই। পুত্রহীনা বৃদ্ধা তাহাকে মস্তানের মতই স্নেহ করিত।

তাহার বাবার কথা উঠিলে বৃদ্ধা আর কোনও কথা বলিতে ভালবাসিত না। কতবার এ ব্যাপার বিপিন লক্ষ্য করিয়াছে। তরুণ মনের স্পর্ধিত উদ্যোগে হয়তো বিপিন এই ব্যাপারে কৌতুকই অনুভব করিয়া আসিয়াছে বরাবর, আজ তাহার মনে হইতেছে, বৃদ্ধা কি ভালই বাসিত তাহার স্বর্গগত পিতা বিনোদ চাটুজেকে ! আগে যাহা সে বৃদ্ধিত না, আজকাল তাহা সে ভাল করিয়াই বোঝে। মানী তাহার চোখ খুলিয়া দিয়াছে নানা দিকে।

অথচ আশ্চর্য এই যে, মানীকে সে কখনও এ ভাবে দেখে নাই। এই কয় মাসে যে মানীকে সে দেখিতেছে, সে কোন্ মানী ? ছেলেবেলার সাথী সেই মানী কিন্তু এ নয়। বালক-বালিকা হিসাবে সে খেলা তো বিপিন অনেক মেয়ের সঙ্গেই করিয়াছে ; অল্প পাঁচটা ছেলেবেলার সঙ্গিনী মেয়ের সহিত খেমন ভাব হয়, মানীর সহিত তাহার বেশি কিছু হয় নাই, এ কথা বিপিন বেশ জানে।

মধ্যে সে হইয়া গিয়াছিল জমিদার অনাদিবাবুর মেয়ে সুলতা।

তখন কলিকাতায় থাকিয়া কোন মেয়ে-স্কুলে মানী পড়িত। খুব সম্ভব ম্যাট্রিক পাসও করিয়াছিল—সে কথা বিপিন ঠিকমত জানে না ; বাবা মারা গিয়াছেন তখন, বিপিন আর পলাশপুরে জমিদারবাটিতে আসে নাই।

তবে সুলতার কথা মাঝে মাঝে বিপিনের মনে পড়িত—বাল্যপ্ৰীতির দিক দিয়া নয়, সুলতা সুন্দরী মেয়ে এইজ্ঞ। না জানি সে এতদিনে কেমন সুন্দরী হইয়া উঠিয়াছে। সেই সুন্দরী সুলতা আবার 'মানী' হইয়া দেখা দিল তো সেদিন !

টাকা যোগাড় করিতে পারিলেই পলাশপুর জমিদারের বাড়ী খাওয়া যায়। কিন্তু এখনও এমন টাকা যোগাড় হয় নাই, যাহা হাতে করিয়া সেখানে খাওয়া চলে। এদিকে বেশি দেয়ী হইলে যদি মানী চলিয়া যায় !

কামিনী মাসী থাকিলে এমন সময়ে সাহায্য করিত।

উপায় অল্প কিছু না দেখিয়া নরহরি মূটিকে সঙ্ক্যার পর ডাকিয়া পাঠাইল। নরহরি আসিয়া প্রণাম করিয়া বলিল, লায়ের মশাই, কি জন্তি ডেকেচ ? দণ্ডবৎ হই।

—এস নরহরি, ব'ম। গোটা কুড়ি টাকা কাল যেখান থেকে পার দিতে হবেই। জমিদারবাসু চেয়েছেন, নিয়ে যেতে হবে।

নরহরি চিন্তিত মুখে বলিল, তাই তো, বিষম হ্যাঙ্গনামায় ফ্যাললেন যে ! কুড়ি টাকা এখন কোথায় পাই ? আচ্ছা দেখি। কাল বেন্বেলা এতক যদি যোগাড়যন্তর করতে পারি,

তবে সে কথা বলব। হ্যা, একটা কথা বলি লায়ের মশাই—

—কি ?

—কামিনী পিসীর কিছু টাকা ছিল। সিন্দুক-প্যাটার খুলে দেখেছিলেন ? ওর বেশ টাকা ছিল হাতে, আমরা বন্ধুর জানি। আপনি তো সে রাক্তিরি ওর কাছে ছেলেন, আপনাকে কিছু বলে যায় নি ?

বিপিনের এ কথা বাস্তবিকই মনে হয় না। কামিনীর টাকা ছিল, সে শুনিয়াছে বটে ; কিন্তু তাহার মৃত্যুর সময়ে বা তাহার পরে এ কথা বিপিনের মনে উদয় হয় নাই যে, তাহার টাকাগুলি কোথায় রহিল বা সে টাকার কি ব্যবস্থা কামিনী করিতে চায়।

আর যদি থাকেই টাকা, তাহাতেই বা বিপিনের কি ? কামিনী বিপিনের নামে উইল করিয়া দিয়া যায় নাই, সুতরাং অত গরজ নাই বিপিনের কামিনীর টাকা কোথায় গেল তাহা জানিতে। মুখে বলিল, ছিল বলে জানতাম বটে, তবে আমার কিছু বলে যায় নি। কেন বল তো ?

কথাটা বলিয়াই বৃষ্টি নরহরি যে প্রসন্ন করিয়াছে, তাহার বিশেষ অর্থ আছে। নরহরি বৃদ্ধ ব্যক্তি, তাহার বাবার সঙ্গে কামিনীর সম্পর্ক যে কি ছিল, এ গ্রামের বৃদ্ধ লোকেরা সবাই জানে, কামিনীর টাকার যদি কেহ ত্রাঘ্য ওয়ারিশন থাকে, তবে সে বিপিন। সেই বিপিন কামিনীর মৃত্যুর সময়ে উপস্থিত ছিল অথচ টাকার কথা সে কিছু জানে না, পাড়াগায়ে ইহা কে বিশ্বাস করিবে ?

—কামিনীর বাড়ীডায় ভাল চাবিতালা লাগিয়ে দেবেন, লায়ের মশাই। রাতবিরেতের কাণ্ড, পাড়াগাঁ জায়গা। কখন কি হয়, কার মনে কি আছে, বলা তো যায় না। আচ্ছা, কাল আসব বেনবেলা। এখন যাই।

নরহরি চলিয়া গেলে বিপিন কথাটা ভাবিল। সিন্দুক তোরঙ্গ একবার ভাল করিয়া খুঁজিয়া দেখিবে। টাকাকড়ি এ সময় পাইলে কিছু সুবিধা ছিল বটে। কিন্তু বাস্তবিক ভাঙিয়া টাকা হাতড়াইতে গেলে শেষে কি একটা হাঙ্গামার পড়িয়া যাইবে! যদি কামিনীর কোন দূর সম্পর্কের ভাস্কর্য্যে বাহির হইয়া পড়ে, তখন ? না, সে দরকার নাই। বরং মানীর সঙ্গে পরামর্শ করা যাইবে। তার কি মত জানিয়া তবে যাহা হয় করিলে চলিবে।

সন্ধ্যাবেলা একা বসিয়া একটা অদ্ভুত ব্যাপার ঘটিল বিপিনের জীবনে।

বিপিন কখনও কাহারো জন্ত চোখের জল ফেলেন নাই। সে এই দিক দিয়া বেশ একটু কঠোর প্রকৃতির মানুষ, কথায় কথায় চোখের জল ফেলিবার মত নরম মন নয় তাহার। আজ হঠাৎ একা বসিয়া কামিনীর কথা ভাবিতে ভাবিতে তাহার অজ্ঞাতসারে চোখ দিয়া জল গড়াইয়া পড়িল। মনে মনে সে একটু লজ্জিত হইয়া উঠিয়া কৌচর কাপড় দিয়া জল মুছিয়া ফেলিল বটে, কিন্তু সঙ্গে সঙ্গে ইহা ভাবিয়াও আশ্চর্য্য হইল, কামিনী মাসীকে সে এতখানি ভালবাসিত !

আজ সে মেহময়ী বৃদ্ধা নাই, যে ছুধের বাটি, কি লাউটা শসাটা হাতে আনিয়া তাহাকে

খাওয়াইবার জন্ত পীড়াপীড়ি করিবে, দুটা মিষ্ট কথা বলিবে।

নিঃসঙ্গ ঘরের বোগশয্যায় একা মরিল, কেহ আপনার জন ছিল না যে একটু মুখে জল দেয়।

কে জানে, তাহার পিতা স্বর্গগন্ত বিনোদ চাটুজ্জে পুরাতন বন্ধুর মৃত্যুশয্যাপার্শ্বে অদৃশ্য চরণে আসিয়া অপেক্ষা করিতেছিলেন কি না ?

বুড়ী ভালবাসা কাহাকে বলে জানিত। বিনোদ চাটুজ্জে মহাশয় পরলোকগমন করিলে পর আর সে ভাল করিয়া হাসে নাই, ভাল করিয়া আনন্দ পায় নাই জীবনে।

তাহারফে ছুটিয়া দেখিতে আসিত এইজন্য যে, তাহার মুখে-চোখে হাবে-ভাবে স্বর্গীয় নায়েব মহাশয়ের অনেকখানি ফুটিয়া বাহির হয়। কর্তা মহাশয়েরই ছেলে, কর্তা মহাশয়ের তরুণ প্রতিনিধি। তাহার সঙ্গে দুইটা কথা কহিয়াও স্থখ।

আজ সে বোঝে, এই যে মানীর সম্বন্ধে কথা বলিতে তাহার ইচ্ছা হয়, কাহারও সঙ্গে সম্বন্ধে কিছুক্ষণ সেকথা বলিয়াও স্থখ, না বলিলে মন হাঁপাইয়া উঠে, দেখা তো হইতেছেই না, তাহার উপর তাহার সম্বন্ধে কথা না বলিলে কি করিয়া টিকিয়া থাকি যায়—এ রকম তো কামিনী মাসীরও হইত তাহার বাবার সম্বন্ধে !

অভাগিনী যে আনন্দ হয়তো পায় নাই প্রথম জীবনে, ও বিনোদ চাটুজ্জে নায়েব মহাশয়ের সাহচর্যে তাহা সে পাইয়াছিল। তাহার বঞ্চিতা নারী-স্বপ্নের সবটুকু রুত্তজ্জতা প্রেমের আকারে ঢালিয়া দিয়াছিল তাই নায়েব মহাশয়ের চরণযুগলে। কি পাইয়াছিল, কি না পাইয়াছিল, আজ তাহা কে বুঝিবে ? ত্রিশ বছর পরে কে বুঝিবে মানী তাহার জীবনে কি অমৃত পরিবেশন করিয়াছিল একদিন ?

সপ্তম পরিচ্ছেদ

১

বেলা পড়িলে বিপিন পলাশপুরে পৌছিল।

বাহিরের বৈঠকখানায় শ্রামহরি চাকর বাঁট দিতেছিল, বিপিন বলিল, বাবু কোথায় যে ?

—রাপাঘাট গিয়েছেন আজ সকালবেলা। সন্দের সময় আসবেন বলে গিয়েছেন।

—রাপাঘাটে কেন ?

—উকিলবাবু পস্তর দিয়েছেন, বলছিলেন গিন্নীমাকে—কি মামলার কথা আছে। আপনার কথাও হজিল।

—আমার কথা ?

—হ্যাঁ, বাবু বলছিলেন, ধোপাখালির কাছারি থেকে আপনি টাকা নিয়ে এলি আপনাকে রাপাঘাট পাঠাবেন। টাকার বজ্ঞ দরকার নাকি—

—বাড়ীতে কে কে আছেন ?

—গিন্নীমা আছেন, দিদিমণি আছেন। দিদিমণিকে নিতে আসবেন কিনা জামাইবাবু, তাই বাবু বলছিলেন আপনাদের নাম ক'রে, আপনি এই সময় টাকা নিয়ে এসে পড়লে ভাল হয়, খরচপত্র আছে।

—ও। তা এর মধ্যে আসবেন বুঝি ?

—আজ্ঞে, পরশু বুধবারে তো শুনছিলাম আসবেন।

—বেশ বেশ, খুব ভাল কথা। জামাইবাবুর সঙ্গে দেখাটা হয়ে যাবে এখন এই সময় তা হ'লে। তুই যা দিকি বাড়ীর মধ্যে। গিন্নীমাকে বল, আমি এসেছি। আর আমার সঙ্গে টাকা রয়েছে কিনা। সেগুলো কি তাঁর হাতে দোব, না বাবু এলে বাবুকে দোব, জিজ্ঞেস ক'রে আয়।

গ্রামহরি বাড়ীর মধ্যে ঢুকিবার একটু পরেই স্থানীয় পুরোহিত বটুকনাথ ভট্টাচার্য্য আলিয়া হাজির হইলেন। তিনি বৈঠকখানায় উকি দিয়া বলিলেন, কে ব'সে ? বিপিন ? বাবু কোথায় ?

বিপিন আশা করিতেছিল এই সময় অনাদিবাবু বাড়ী নাই, মামী তাহার আসিবার খবর শুনিয়া বৈঠকখানায় আসিতে পারে। কিন্তু মামীর পরিবর্তে বুদ্ধ বটুক ভট্টাচার্য্যকে দেখিয়া বিপিনের সর্ব্বশরীর জলিয়া গেল।

মুখে বলিল, আম্বন ভট্টাচার্য্য মশাই, বাবু নেই, রাণাঘাটে গিয়েছেন মামলার তদারক করতে। কখন আসবেন ঠিক নেই, আজ বোধ হয় আসবেন না।

এই উত্তর শুনিয়া বুড়া চলিয়া যাইবে এই আশা করাই স্বাভাবিক, কিন্তু তাহা না গিয়া সে দ্বিবা জাঁকিয়া বসিয়া গেল। বিপিন প্রমাদ গণিল, বুদ্ধ অত্যন্ত বকবক করে সে জানে, বকুনি পাইলে উঠিতে চায় না—মাটি করিল দেখিতেছি! বাহিরের ঘরে অল্প লোকের গলার আওয়াজ পাইলে মামী সেখানে পা দিবে না। অনাদিবাবু বাড়ী নাই—এমন ঘটনা ক্বচিং ঘটে, সাধারণত তিনি কোথাও বাহির হন না। মামীও চলিয়া যাইতেছে, এমন একটা সুবর্ণ-সুযোগ যদি বা ঘটিল তাহার সহিত মির্জনে দুইটা কথা বলিবার, তাহাও যাইতে বসিয়াছে। বটুক ভট্টাচার্য্য বলিল, মামলা ? কিসের মামলা ?

বিপিন উদাস নিশ্চুহ স্বরে বলিল, আজ্ঞে তা ঠিক বলতে পারছি না। শুনলাম, উকিল সুরেনবাবু চিঠি লিখেছিলেন।

—সুরেন উকিল ? কোন্ সুরেন ? সুরেন মুখুঞ্জ ?

—আজ্ঞে না, সুরেন তরকদার।

—কালী তরকদারের ছেলে ? সুরেন আবার কি হে ! ওকে আমরা পটলা ব'লে জানি। ছেলেবেলা থেকে ওদের বাড়ীতে আমার যাতায়াত, অবিস্ত্রি আমি ক্রিয়াকর্ষ কখনও করি নি ওদের বাড়ী। শূত্রবাক্য হতে পারতাম যদি, তা হ'লে আজ এ দুর্দশা ঘটত না। কিন্তু আমার কর্ত্তা মশায়ের নিষেধ আছে। তিনি মরবার সময় ব'লে গিয়েছিলেন,

বটুক, না খেয়ে কষ্ট যদি পাও, সেও ভাল, কিন্তু নারায়ণ-শিলা হাতে শুদ্ধুরের বাড়ী কখনও চুকো না। আমাদের বংশে ও কাজ কখনও কেউ করে নি, বুঝলে ?

বিপিন বলিল, হঁ।

—তা সেই পটলা আজ উকিল হয়েছে, কালী তরফদার মারা যাওয়ার পর হাতে কিছু টাকাও আভ্যকাল পেয়েছে শুনেছি। তা ছাড়া টাকা জমাতে কি করে হয়, তা ওরা জানে। হাড় কঙ্কু ছিল সেই কালী তরফদার, তার ছেলে তো ? ওদের আদি বাড়ী শান্তিপুর, তা জান তো ? ওর জ্যাঠামশায় এখনও শান্তিপুরের বাড়ীতেই থাকে। জমিজমা আছে শান্তিপুরে। বেশ বড় বাড়ী, দোমহলা।

—ও।

—অনেকদিন আগে একবার শান্তিপুর গিয়েছি রাস দেখতে, ভারি ষড়-আতি্য করলে আমাদের। শান্তিপুরের রাস দেখেছ কখনও ? দেখবার মত জিনিস ; অত বড় মেলা এ দিগরে হয় না কোথাও।

—ও।

—এখানে তামাক-টামাক দেবার কেউ নেই ? বল না একটু ডেকে। আর একটু চা যদি হয়, কাউকে ব'লে পাঠাও না। আমি এসেছি শুনেলেই বউমা চা পাঠিয়ে দেবেন। তবে শোন, একটা রাসের মেলার গল্প করি। সেবার হ'ল কি জান—ওই যে চাকরটা যাচ্ছে—ও শ্রামহরি, শোন্ একবার এদিকে বাবা, বাড়ীর মধ্যে যা তো, বলগে, ভটচাজি মশাই একটু চা খেতে চাইছেন, আর একবার এক কলকে তামাক দিয়ে যা তো বাবা। বিপিন চা খাবে কি ? ও কি, উঠেছ কোথায় ? ব'স, ব'স।

—আজ্ঞে, আপনি ব'সে চা খান। আমি একটু তাগাদায় যাব ওপাড়ায়, বাবু ব'লে গিয়েছেন, কিছু টাকা পাওয়া যাবে, এখন না গেলে হবে না ; সন্ধ্যা হয়ে এল। আমি আসি।

বিপিন বাহির হইয়া পড়িল। বটুক ভটচাজের সঙ্গে বসিয়া গল্প করা বর্তমানে তাহার মনের অবস্থায় সম্ভব নয়।

সব নষ্ট হইয়া গেল। অনাদিবাবু সন্ধ্যার পরই আসিয়া পড়িবেন। তাহাকে তাহার সঙ্গে বসিয়া মুখ বুজিয়া খাইতে হইবে ; তাহার পর বৈঠকখানায় আসিয়া চূপচাপ হইয়া পড়িতে হইবে। হয়তো সে সময়ে অনাদিবাবু গড়গড়া হাতে বাহিরে আসিয়া তাহাকে জমিদারী সংক্রান্ত কিছু উপদেশ দিবেন, তাহাও শুনিতে হইবে। তারপর কাল সকালে আর সে কোন্ ছুতায় পলাশপুরে বসিয়া থাকিবে ? তাহার তো আসার কথাই ছিল না। টাকা আনিবার ছুতায় সে আসিয়াছে। টাকা ইরশালে ধরা হইয়া গিয়াছে, তাহার কাজও শেষ হইয়াছে। যাও চলিয়া ধোপাখালির কাছারি। মিটিয়া গেল।

বিপিন উদ্ভ্রান্তের মত কিছুক্ষণ রাস্তায় রাস্তায় পাচরি করিয়া বেড়াইল। সন্ধ্যার বেশি দেরি নাই। হয়তো এতক্ষণ অনাদিবাবু আসিয়া পড়িয়াছেন। আচ্ছা, সে একটু দেরি করিয়াই যাইবে।

সন্ধ্যার অন্ধকার ঘোর-ঘোর হইতে বিপিন ফিরিল। উকি মারিয়া দেখিল, বটুক ভটচাঁজ বৈঠকখানায় বসিয়া আছে কিনা। না, কেহই নাই। অনাদিবাবুও আসেন নাই, কারণ উঠানে তাহা হইলে গরুর গাড়ী থাকিত। বাড়ীর গরুর গাড়ী করিগ গিয়াছেন, তাহাতেই ফিরিবেন।

গাড়ী উঠানে না দেখিয়া বিপিন যে খুব আশ্চর্য হইল, তাহা নয়। আসেন নাই বটে, কিন্তু আসিলেন বলিয়া। আর বেশি দেরি হইবার কথা নয়, দুই ক্রোশ পথ গরুর গাড়ী আসিতে।

বিপিন বৈঠকখানায় ঢুকিয়া গায়ের জামাটা খুলিবার আগে একটুখানি বিশ্রাম করিতেছে, এমন সময় অন্দরের দিকের দরজায় আসিয়া দাঁড়াইল—মানী।

বিপিনের সারা দেহে যেন বিদ্যুতের মত কি একটা খেলিয়া গেল। সে কিছু বলিবার পূর্বেই মানী বলিল, আচ্ছা, কি কাণ্ড বল তো বিপিনদা? এলে সেই ধোপাখালি থেকে তেতে-পুড়ে—শ্রামহরি চাকর গিয়ে বললে—চা ক'রে নিয়ে আসছি, এসে দেখি ভটচাঁজ জ্যাঠা-মশাই ব'সে আছেন, তুমি নেই। ভটচাঁজ জ্যাঠামশাই বললেন, কোথায় তাগাদায় বেরুলে এইমাত্র। তারপর ছুবার এসে খুঁজে গেলাম—কোথায় কে? এলে—চা খাও, জিরোও, তারপর তাগাদায় গেলে হ'ত না কি? প্রজারা পালিয়ে যাচ্ছে না তো।

বিপিনের মাথার মধ্যে সব কেমন গোলমাল হইয়া গিয়াছিল মানীকে দেখিয়া, আমতা আমতা করিয়া বলিল, না, সে জন্মে নয়—তা বেশ ভাল—মেসোমশাই কি রাণাঘাটে—

মানী বলিল, দাঁড়াও, আগে তোমার চা আর খাবার আনি।

মানী কথাটা ভাল করিয়া শেষ না করিয়াই চলিয়া যাইতে উদ্যত হইল।

বিপিন দাঁড়াইয়া বলিয়া উঠিল, মানী, শোন শোন, যাস নি, দুটো কথা বলি আগে দাঁড়া।

মানী বলিল, দাঁড়াছি চা-টা আনি আগে। কতক্ষণ লাগবে? স্টোভ ধরাব আর করব। আগে যে চা ক'রেছিলুম, তা তো জুড়িয়ে জল হয়ে গেল।

আবার সে চলিয়া যায়। এদিকে অনাদিবাবুও আসিয়া পড়িলেন বলিয়া। হঠাৎ বিপিন বেদনাপূর্ণ আকুল মিনতির স্বরে বলিল, মানী, চা আমি খাব না। তুই যাস নি, একবার আমার কথা শোন। তুই চা আনতে যাস নি।

মানী বিস্মিত হইয়া বিপিনের মুখের দিকে চাহিয়া বলিল, কেন বিপিনদা? চা খাবে না কেন? কি হয়েছে তোমার? অমন করছ কেন?

বিপিন লজ্জায় অভিভূত হইয়া পড়িল, সত্যই তাহার কণ্ঠস্বরটা তাহার নিজের কানেই স্বাভাবিক শোনায় নাই কিন্তু সে কি করিবে। মেয়েমানুষ কি কথা শোনে? চা আনিবার ঠোঁক যখন করিয়াছে, তখন চা সে আনিবেই। ধোপাখালি হইতে পথ হাটিয়া বিপিন এখানে চা খাইতে আসিয়াছিল?

নিজেকে খানিকটা সংযত করিয়া লইয়া বলিল, মানী, যাস নি।

মানী চূপ করিয়া দাঁড়াইয়া রহিল।

—অনেকদিন তোকে দেখি নি, কথাও বলি নি, এলি আর চ'লে যাবি চা করতে? চা কি এত ভাল জিনিস যে, না খেলে দিন যাবে না। আমি যেতে দোব না তোকে। এখানে দাঁড়িয়ে থাক।

মানী শাস্ত্রেরে বৃহৎ হামিমুখে বলিল, বিপিনদা, মেয়েমাহুষের একটা কর্তব্য আছে। তুমি তেতে-পুড়ে এসেছ রাস্তা হেঁটে, আর আমি তোমার মুখে একটু জল দেবার ব্যবস্থা না ক'রে সঙ্কর মত তোমার সামনে দাঁড়িয়ে থাকব—এ হয় না। তুমি একটু ব'স, আমি আগে চা আনি, খেয়ে যত খুশি গল্প ক'র। আমি পালিয়ে যাচ্ছি না। আমারও কি ইচ্ছে নয় তোমার সঙ্গে দুটো কথা কইবার?

মিনিট পনরো—প্রত্যেক মিনিট এক একটি দীর্ঘ ঘণ্টা—কাটিয়া গেল। মানীর তবুও দেখা নাই।

অনাদিবাবু কি আসিলেন? বাহিরে গরুর গাড়ীর শব্দ হইল না? না, কিছু নয়। অল্প গরুর গাড়ী রাস্তা দিয়া যাইতেছে।

প্রায় পঁচিশ মিনিট পরে মানী আসিল। একটা খালয় খানকতক পরোটা, একটু আলু-চচ্চড়ি, একটু গুড়। বিপিনের সামনে খালা রাখিয়া বলিল, ততক্ষণ খাও, আমি চা আনি। কতক্ষণ লাগল? এই তো গিয়ে ময়দা মেখে বেলে ভেজে নিয়ে এলুম। চায়ের জল ফুটছে, এখনি আনছি ক'রে। সব কথানা কিন্তু খাবে, নইলে রাগ করব, আস্তে আস্তে খাও।

বিপিনের সত্যিই অত্যন্ত ক্ষুধা পাইয়াছিল। পরোটা কথানা সে গোত্রাসে খাইতে লাগিল।

অনাদিবাবু বৃষ্টি আসিলেন? গরুর গাড়ীর শব্দ না?

চা করিতে এত সময় লাগে? কত যুগ ধরিয়া মানী কেটলিতে চায়ের জল ফুটাইতেছে—যুগ-যুগান্তর ধরিয়া চায়ের জল ফুটতেছে।

মানী আসিল। এক পেয়লা চা এক হাতে, অল্প হাতে একটি ছোট খাগড়াই কাঁসার রেকাবে পান।

—কই, দেখি কেমন সব খেয়েছে? বেশ লক্ষী ছেলে। এই-নাও চা, এই-নাও পান।

বিপিন হামিয়া বলিল, ভারী ঝিড়ে পেয়েছিল, সত্যি বলছি। আঃ, চা-টুকু যে কি চমৎকার লাগছে?

মানী বলিল, মুখ দেখে বুঝতে পারি বিপিনদা। তোমার যে অনেকক্ষণ খাওয়া হয়নি, তা যদি তোমার মুখ দেখে বুঝতে না পারলুম, তবে আবার মেয়েমাহুষ কি?

—দাঁড়িয়ে কেন, ব'স ওই চেয়ারখানায়। ভাল কথা, মেসোমশাই তো এখনও এলেন না?

—বাবা ব'লে গিয়েছিলেন কাজ সারতে পারলে আজ আসবেন নয়তো কাল আসবেন। বোধ হয় আজ এলেন না, এলে এতক্ষণ আসতেন।

ওঃ, এত কথা মানীর পেটে ছিল! মানী জানিত যে বাবা আজ ফিরিবেন না, তাই সে নিশ্চিত মনে চা ও খাবার করিতে গিয়াছিল। আর মুখ' সে ছটফট করিয়া মরিতেছে!

সে বলিল, মানী, তুই এমন ভাবে চিঠি আর আহার পাঠাসনে। পাড়াগাঁ জায়গার ভাব তুমি জান না, থাক কলকাতায়, যদি কেউ দেখে ফেলে বা জানতে পারে, তাতে নানা রকম কথা ওঠাবে। তোমার সুনাম বজায় থাকে এটা আমি চাই। কেউ কোন কথা তোমাকে এই নিয়ে বললে আমি তা সহ করতে পারব না মানী।

মানী বলিল, আমাদের চাকরের হাতে দিয়েছিলুম, সে নিজে চিঠি পড়তে পারে না। তার কাছ থেকে নিয়েই বা কে পড়বে পরের চিঠি, আর তাতে ছিলই বা কি ?

—তুমি আমার আসতে বলছ এ কথাও আছে। যদি কেউ সে চিঠি দেখত, ওর অনেক রকম মানে বার করত ! দরকার কি সে গোলমালের মধ্যে গিয়ে ?

মানী চূপ করিয়া শুনিল, তারপর গভীর মুখে বলিল, শোন বিপিন-দা, আমিও একটা কথা বলি। যদি কেউ সে চিঠি দেখত, তার কি মানে বার করত আমি জানি। তারা বলত, আমি তোমায় দেখতে চেয়েছি, তোমায় নিশ্চয়ই ভালবাসি তবে। এই তো ?

বিপিন অবাক হইয়া মানীর মুখের দিকে চাহিল। মানী এমন কথা মুখ ফুটিয়া কোন দিন বলে নাই। কোন য়েয়ে কখন বলে না। ‘তোমাকে ভালবাসি’ অতি সংক্ষিপ্ত, অতি সামান্য কয়েকটি কথা, কিন্তু এই কথা কয়টির কি অদ্ভুত শক্তি, বিশেষত যখন সেই য়েয়েটির মুখ হইতে এ কথা বাহির হয়, বাহাকে মনে মনে ভাল লাগে। প্রণয়পাজীর মুখে এই স্পষ্ট সহজ উক্তিটি শুনিবার আশ্চর্য ও দুর্ভাগ্য অভিজ্ঞতা বিপিনের জীবনে এই প্রথম হইল।

মানীর উপরে সঙ্গে সঙ্গে একটা অদ্ভুত ধরনের স্নেহ ও মায়্যাও হইল। এতদিন যেন সেটা মনের কোণেই প্রচ্ছন্ন ছিল, কিন্তু বাহিরে ফুটিয়া প্রকাশ পায় নাই। ওগো কল্যাণী, এই অদ্ভুত অভিজ্ঞতা তোমারই দান, বিপিন সেজন্ত চিরদিন তোমার কাছে কৃতজ্ঞ থাকিবে।

মানী বলিল, বিপিনদা, কথা বললে না যে ? ভাবছ বোধ হয়, মানীটা বড় বেহায়া হয়ে উঠেছে দেখছি, না ?

বিপিন তখনও চূপ করিয়া রহিল। সে অল্প কথা ভাবিতেছিল, মানীর বিবাহিত জীবন কি খুব সুখের নয় ? স্বামীকে কি তাহার মনে ধরে নাই ?

খুব সম্ভব। বেচারী মানী ! অনাধিবাবু বড় ঘরে বিবাহ দিতে গিয়া মানীর ভাল লাগা-না-লাগার দিকে আদৌ লক্ষ্য করেন নাই, য়েয়েকে ভাসাইয়া দিয়াছেন হয়তো ধনীরা সহিত কুটুম্বিতার লোভে।

মানী য়ুহু হাসিমুখে বলিল, রাগ করলে বিপিনদা ?

বিপিন বলিল, রাগের কথা কি হয়েছে যে রাগ করব ? কিন্তু আমি ভাবছি মানী, তোমার মত য়েয়ে আমার ওপর—ইয়ে—একটুও স্নেহ দেখাতে পারে, এর মানে কি ? আমার কোন কথা তোমার কাছে না বলেছি। কি চরিত্রের মানুষ আমি ছিলাম,

তুই তো সব জানিস। সে হীনচরিত্রের লোককে তোর মত একটা শিক্ষিতা ভদ্র মেয়ে যে এতটুকু ভাল গোখে দেখতে পারে, সেইটেই আমার কাছে বড় আশ্চর্য মনে হয়।

মানী বলিল, থাক ও কথা বিপিনদা।

বিপিনের খেন খোঁক চাপিয়া গিয়াছিল, আপন মনে বলিয়াই চলিল, না মানী, আমার মনে হয়, আমার সব কথা তুই জানিসনে। কি ক'রেই বা জানবি, ছেলেবেলার পর আর তো দেখা হয়নি! তোকে সব কথা বলি। শুনেও যদি মনে হয়, আমি তোর স্নেহের উপযুক্ত, তবে স্নেহ করিস, ধন্য হয়ে যাব। আর যদি—

মানী বলিল, আমি শুনেতে চাইছি বিপিনদা?

—না, তোকে শুনেতে হবে। তুমি আমাকে ভারী সাধুপুরুষ ভেবে রেখেছ, সেটা আমি বরদাস্ত করতে পারব না। রাণাঘাটে বা বনগাঁয়ে এমন কোন কুস্থান নেই, যেখানে আমি যাতায়াত করিনি। মদ খেয়ে বাবার বিষয় উড়িয়েছি, জীর গায়ের গহনা বন্ধক দিয়ে অল্প মেয়েমানুষের আবদার রেখেছি। যখন সব গেল, মদ জোটেনি, তাড়ি খেয়েছি, হয়তো চুরি পর্যাস্ত করতাম, কিন্তু নিতাস্ত ভদ্রবংশের রক্ত ছিল ব'লেই হোক বা যাই হোক, শেষ পর্যাস্ত করা হয়নি! তাও অল্প কিছু চুরি নয়, একখানা শাড়ি। শামকুড় পোস্ট-আপিসের বারান্দায় শাড়িখানা শুকুতে দেওয়া ছিল, বোধ হয় পোস্ট-মাস্টারের জীর। আমার হাতে পয়সা নেই, শাড়িখানা নতুন আর বেশ ভাল, একজনকে দিতে হবে। সে চেয়েছিল, কিন্তু কিনে দেবার ক্ষমতা নেই। চুরি করবার জন্তে অনেকক্ষণ ধ'রে ঘুরলাম, পাড়াগাঁয়ের ত্রাঞ্চ পোস্ট-আপিস, পোস্ট-মাস্টার আপিস বন্ধ ক'রে ছেলে পড়াতে গিয়েছে। কেউ কোন দিকে নেই। একবার গিয়ে এক দিকের গেরো খুললাম—

মানী চূপ করিয়া শুনেতেছিল, এইবার অধীরভাবে বলিয়া উঠিল, তুমি চূপ করবে, না আমি এখান থেকে চ'লে যাব?

—না শোন, ঠিক সেই সময় একটা ছোট মেয়ে সেখানে এসে দাঁড়াল। সামনেই একটা বাঁধানো পুকুরঘাট। মেয়েটাকে দেখে আমি ডাকঘরের রোয়াক থেকে নেমে বাঁধাঘাটে গিয়ে বসলাম। মেয়েটা চলে গেল, আমি আবার গিয়ে উঠলাম রোয়াকে। এবারে কাপড় নেবোই এই রকম ইচ্ছে। হঠাৎ মনে হল, ছিঃ, আমি না বিনোদ চাটুজের ছেলে? আমার বাবা কত গরীব দুঃখী লোককে কাপড় বিলিয়েছেন আর আমি কিনা একখানা অপরের পরনের কাপড় চুরি করছি? তখন খেন ঘাড় থেকে ছুত নেমে গেল, ঠিক সেই সময় বাড়ীর মধ্যে থেকে একটা ছেলে বার হয়ে এসে বললে, কাকে চান? বললাম, খাম কিনতে এসেছি। খাম পাব? ছেলেটা বললে, না, ডাকঘর বন্ধ হয়ে গিয়েছে। তখন চ'লে এলাম সেখান থেকে।

মানী বলিল, বেশ করেছিলে, খুব বাহাহুরি করেছিলে। নিজে আর নিজের গুণ ব্যাখ্যায় দরকার নেই, থাক। আমার দেওয়া বইগুলো পড়েছিলে?

—ওই যে বললাম, সব পড়া হয় নি। ‘দস্তা’খানা পড়েছি, বেশ চমৎকার লেগেছে।

—‘শ্রীকান্ত’ পড়নি?

—সময় পাইনি। সেখানা আনিওনি সঙ্গে, এর পর পড়ব বলে রেখে এসেছি কাছারিতে। ‘দস্তা’খানা কেবল এনেছি।

—তোমার কাছে সবই রেখে দাও না, মাঝে মাঝে প’ড়। একলাটি থাক কাছারিতে। আমার সঙ্গে আরও যে সব বই আছে, যাবার সময় তোমার কাছে রেখে যাব। তুমি সেখানে প’ড় বসে। আচ্ছা, বল তো বিজয়া কে?

বিপিন হাসিয়া বলিল, ও! একজামিন করা হচ্ছে বুঝি? মাস্টারনী এলেন আমার। মানী কৃত্রিম রাগের স্বরে অথচ ঠেং লাজুক ভাবে বলিল, আবার! উত্তর দাঁও আমার কথার।

—বিজয়া তোমার মত একটি জমিদারের মেয়ে।

—তারপর?

—তারপর আবার কি? নরেনের সঙ্গে তার ভালবাসা হ’ল।—কথাটা বলিয়াই বিপিনের মনে হইল মানী পাছে কি ভাবে, কথাটা বলা উচিত হয় নাই, মানীও তো জমিদারের মেয়ে! ‘তোমার মত’ কথাটা না বলিলেই চলিত। কিন্তু মানীর মুখ দেখিয়া বোঝা গেল না। সে বেশ সহজ ভাবেই বলিল, মনে হচ্ছে, পড়েছ। ভাল, পড়লে মাহুঘ হয়ে যাবে। এইবার রবি ঠাকুরের ‘চয়নিকা’ বলে কবিতার বই আছে, সেখানা থেকে কবিতা মুখস্থ ক’র। খুব ভাল ভাল কবিতা।

বিপিন খিল খিল করিয়া হাসিয়া বলিল, কবিতা আবার মুখস্থ করতে হবে। উঃ, তুই হাসালি মানী, পাঠশালায় ইস্কুলে যা কখনও হ’ল না, উঃ, এই বুড়ো বয়সে বলে কি না, হি-হি, বলে কি না—

—হী, মুখস্থ করতে হবে। আমার হুমু। এখনতে বাধ্য তুমি। মাহুঘ বলে যদি পরিচয় দিতে চাও তবে তা দরকার। যা বলি তাই শোন, হাসিখুশি তুলে রাখ এখন—

কিন্তু অত্যন্ত কৌতুকের প্রাবল্যে বিপিনের হাসি তখনও ধামিতে চায় না। মানী মাস্টারনী সাজিয়া তাহাকে কবিতা মুখস্থ করাইতেছে—এই ছবিটা তাহার কাছে এতই আনন্দজনক মনে হইল যে, সে হাসির বেগ তখনও ধামাইতেই পারিল না।

এবার মানীও হাসিয়া ফেলিল। বলিল, বড় হাসির কথাটা কি যে হ’ল তা তো বুঝলে। আমার কথাগুলো কানে গেল, না গেল না?

—খুব গিয়েছে। আচ্ছা, তোর কবিতা মুখস্থ আছে?

—আছেই তো। ‘চয়নিকা’র আনন্দক কবিতা মুখস্থ আছে।

—সত্যি? একটা বল না?

—এখন কবিতা বলবার সময় নয়। আর বললেই বা তুমি বুঝবে কি ক’রে. চেষ্টা কি না? তুমি তো জান ঢেঁকি, কি ক’রে ধরবে?

—তাতেই তো তোর সুবিধে, বা খুশি বলবি, ধরবার লোক নেই।

মানী মুখে কাপড় দিয়া গিল খিল করিয়া হাসিয়া বলিল, ওমা, কি দুই বুদ্ধি!

—তা বল একটা শুনি।

—শুনবে? তবে শোন। দাঁড়াও, কেউ আসছে কি না দেখে আসি, আবার বাইরের ঘরে দাঁড়িয়ে কবিতা বলছি শুনলে কে কি মনে করবে!

একটু পরে ফিরিয়া আসিয়া মানী স্থলের ছাত্রী কবিতা আবৃত্তির ভঙ্গিতে দাঁড়াইয়া শুরু করিল—

‘অত চূপি চূপি কেন কথা কও, ও গো মরণ হে মোর মরণ!’

বিপিন হাসিয়া গড়াইয়া পড়ে আর কি! মানীর কি চোখ মুখের ভাব, কি হাত-পা নাড়ার কায়দা! যেন থিয়েটারের অ্যাক্টো করিতেছে। অথচ হাসিবার জো নাই, মুখ বৃষ্টিয়া বসিয়া থাকিতে হইবে শাস্ত ছেলেটির মত। এমন বিপদেও মাহুষ পড়ে! মানীটা চিরদিনই একটু ছিটগ্রস্ত।

কিন্তু খানিকটা পরে মানীর আবৃত্তি বিপিনের বড় অদ্ভুত লাগিতে লাগিল।—

‘যবে বিবাহে চলিলা বিলোচন, ও গো মরণ হে মোর মরণ!’

এই জায়গাটাতে যখন মানী আসিয়া পৌছিয়াছে, তখন বিপিনের হাসিবার প্রবৃত্তি আর নাই, সে তখন আগ্রহের সঙ্গে মানীর মুখের দিকে চাহিয়া রহিল। বাঃ, বেশ লাগিতেছে তো পঞ্চটা! মানী কি চমৎকার বলিতেছে! অল্পকণের অল্প মানী বদলাইয়া গিয়াছে, তাহার চোখে মুখে অল্প এক রকমের ভাব। কবিতা যে এমন ভাবে বলা যাইতে পারে, তাহা সে জানিত না, কখনও শোনে নাই।

—বাঃ, বেশ, খাসা। চমৎকার বলতে পারিল তো?

মানী যেন একটু হাঁপাইতেছে। নিশ্বাস ঘন ঘন পড়িতেছে, বড় কষ্ট হয় পঞ্চ আবৃত্তি করিতে, বিশেষত অমনি হাত-পা নাড়িয়া। ভারী স্তম্ভর দেখাইতেছে মানীকে। মুখে বিন্দু বিন্দু ঘাম জমিয়াছে, একটু রাঙা হইয়াছে মুখ, বুক ঈষৎ উঠিতেছে নামিতেছে। এ যেন মানীর অল্প রূপ, এ রূপে কখনও সে মানীকে দেখে নাই।

—নেবু খাবে বিপিনদা?

—কি নেবু?

—কমলানেবু, সেদিন কলকাতা থেকে এক টুকরি এসেছে। দাঁড়াও, নিয়ে আসি।

—ঘাস নি মানী, তুই চ’লে গেলে আমার নেবু ভাল লাগবে না।

মানী যাইতে উত্তত হইয়াছিল, ফিরিয়া দাঁড়াইয়া বলিল, বাজে কথা বল না বিপিনদা।

বিপিন হতবুদ্ধি হইয়া বলিল, বাজে কথা কি বললাম?

—বাজে কথা ছাড়া কি? যাক, দাঁড়াও, লেবু আনি।

মানী একটু পরে দুইটি বড় বড় কমলালেবু ছাড়াইয়া একটা চায়ের পিরিচে আনিয়া যখন

হাজির করিল, বিপিনের তখন লেবু খাইবার প্রবৃত্তি আদৌ নাই, অভিमानে তাহার মন বিমূখ হইয়া উঠিয়াছে।

সে শুককণ্ঠে বলিল, নেবু আমি খাব না। নিয়ে যা।

—কি, বাগ হ'ল অমনিই? তোমার তো পান থেকে চুন খসবার জো নেই, হ'ল কি?

—না না, কিছু হয় নি, তুই যা। মিটে গেল গঙগোল।

—কেন, কি হয়েছে বল না?

—আমার সব কথা বাজে। আমার কথা তোর কি শুনতে ভাল লাগে? আমি যখন বাজে লোক তখন তো বাজে কথা বলবই। তবে ডেকে এনে অপমান করা কেন?

মানী কিছুক্ষণ চুপ করিয়া রহিল। পরে গম্ভীরস্বরে বলিল, দেখ বিপিনদা, আমি যা ভেবে বলেছি, তা যদি তুমি বুঝতে পারতে, তবে এমন কথা ভাবতে না বা বলতেও না। তোমার কথাকে কেন বাজে কথা বলেছি, তা বুঝবার মত স্বল্প বুদ্ধি তোমার ঘটে থাকলে কথায় কথায় অত রাগও আসত না।

বিপিন চুপ করিয়া থাকিবার পাত্র নয়, বলিল, জানিস তো আমার মোটা বুদ্ধি, তবে আর—

মানী পূর্ববৎ গম্ভীরস্বরে বলিল, তোমার সঙ্গে কথা কাটাকাটি করবার সময় নেই এখন আমার, তুমি ব'স। কমলানেবু এই রইল, খাও তো খেও, না খাও রেখে দিও, শ্রামহরি এসে নিয়ে যাবে, আমি চললুম।

কথা শেষ করিয়া মানী এক মুহূর্তও দাঁড়াইল না।

২

বিপিন কিছুক্ষণ গুম হইয়া বসিয়া রহিল। কিছুক্ষণ পূর্বের তাহার মনের সে আনন্দ আর নাই, জগৎটা যেন এক মুহূর্তে বিস্বাদ হইয়া গেল। মানী এমন ধরণের কথা কখনও তাহাকে বলে নাই। মেয়েমানুষ সবই সমান, যেমন মানী তেমনই মনোরমা। মিছামিছি মনোরমার প্রতি মনে মনে সে অবিচার করিয়াছে। মানীও রাগী কম নয়, এখন দেখা যাইতেছে। স্বরূপ কি আর দুই একদিনে প্রকাশ হয়, ক্রমে ক্রমে প্রকাশ হয়। যাক্। ওসব কথায় দরকার নাই। সে আজই—এখনই খোপাখালি কাছারিতে ফিরিবে। কত রাত আর হইয়াছে। সাতটা হয়তো। দুইঘণ্টা জোর হাঁটলে রাত নয়টার মধ্যে খুব কাছারি পৌছানো যাইবে। কমলালেবু খাওয়ার দরকার নাই আর।

কিন্তু একটা মুশকিল হইয়াছে এই, অনাদিবা বু এখনও রাণাঘাট হইতে ফিরিলেন না। সঙ্গে যে টাকা আছে, তাহা ইরশাল না করিয়া কি ভাবে যাওয়া যায়? সে আলিয়া কেন চলিয়া গেল হঠাৎ, না খাইয়া রাত্রিবেলাতেই চলিয়া গেল, একথা যদি অনাদিবা বু

জিজ্ঞাসা করেন, তখন সে কি জবাব দিবে? তাঁহার মেয়ের সঙ্গে ঝগড়া করিয়া চলিয়া আসিয়াছে—একথা বলিতে পারিবে না!

বিপিন ঠিক করিল, আর একটু অপেক্ষা করিয়া সে দেখিবে অনাদিবাবু আসেন কিনা। দেখিয়া যাওয়াই ভাল। বাড়ীর মধ্যে মানীর মায়ের কাছে টাকা দেওয়া চলে না, তিনি জিজ্ঞাসা করিবেন এত রাজে সে না খাইয়া কেন কাছারি ফিরিবে। যাইতে দিবেন না, পীড়াপীড়ি করিবেন। সব দিকেই বিপদ।

মানী কেন ও কথা বলিল? বড় হেয়ালির ধরণের কথাবার্তা বলে আজকাল। কি গুঢ় অর্থ না জানি উহার মধ্যে নিহিত আছে! আছে থাকুক, গুঢ় অর্থ মাথায় থাকুক, সে এখন চলিয়া যাইতে পারিলে বাঁচে।

কিন্তু অনেকক্ষণ অপেক্ষা করিয়াও অনাদিবাবু আসিলেন না। রাত নয়টা বাজিয়া গেল, পল্লীগ্রামে ইহারই মধ্যে খাওয়া-দাওয়া চুকিয়া যায়। একবার শ্রামহরি চাকর আসিয়া বলিল, মা ব'লে পাঠালেন আপনি একা খেয়ে নেবেন, না বাবু এলে খাবেন?

বিপিন বলিল, বলগে বাবু এলে খাব এখন একসঙ্গে। কিন্তু রাত দশটা বাজিয়া গেল, তখনও অনাদিবাবুর দেখা নাই। অগত্যা সে বাড়ীর মধ্যে একাই খাইতে গেল।

মানীর মা পরিবেশন করিতেছিলেন, মানী সেখানে নাই। বিপিনের মন ভাল ছিল না, সে অন্তমনস্কভাবে তাড়াতাড়ি খাইতে লাগিল। যেন খাওয়া শেষ করিতে পারিলে বাঁচে।

মানীর মা বলিলেন, বিপিন, টাকাকড়ি কিছু এনেছ নাকি?

—আজ্ঞে হ্যাঁ মাসিমা, মেসোমশাই তো এলেন না রাণাঘাট থেকে, আমি কাল খুব ভোরে চ'লে যাব ধোপাখালি কাছারি। টাকা আপনি নিয়ে রাখুন। খেয়ে উঠে আপনাকে বুঝিয়ে দিচ্ছি।

—কাল সকালেই কাছারি যাবে কেন? কর্তার সঙ্গে দেখা ক'রে যাবে না? তিনি ব'লেই গিয়েছিলেন, আজ যদি না আসেন, কাল নিশ্চয়ই আসবেন সকাল আটটার মধ্যে।

—আমার থাকা হবে না মাসিমা, কাজ আছে।

—কাল জামাই আসবেন মানীকে নিতে, এদিকে দেখ বাবা, মেয়ে কি হয়েছে সন্ধ্যার পর থেকে। ওপরে শুয়ে আছে, খায়নি দায়নি। ওর আবার কি যে হ'ল! এদিকে কর্তা নেই বাড়ী, তুমি যাচ্ছ চ'লে, আমি আশঙ্করে প'ড়ে যাব তা হ'লে।

বিপিন ভাতের গ্রাস হাতে তুলিয়াছিল, মুখে না দিয়া সেই অবস্থাতেই মানীর মায়ের মুখের দিকে চাহিয়া কথাটা শুনিতেছিল। কথা শেষ হইতে বলিল, কি হয়েছে মানীর?

—কি হয়েছে কি জানি বাবা। ছুবার ওপরে গেলাম, বালিশে মুখ গুঁজে প'ড়ে আছে, উঠলও না। বললে, আমার শরীর ভাল না, রাত্তিরে খাব না কিছু। বললুম, একটু গরম দুধ খাবি? বললে তাও খাবে না। কি জানি বাবা, কিছুই বুঝলুম না। একালের ধাতের মেয়ে, ওদের কথা আদ্বৈক থাকে পেটে, আদ্বৈক মুখে, কি হয়েছে না হয় বল, তাও বলবে না।

বিপিন আহারাদি শেষ করিয়া বাহিরের ঘরে আসিয়া বলিল বটে, কিন্তু নিজা বাইবার এতটুকু ইচ্ছা মনে জাগিল না। মানীর মনে নিশ্চয়ই সে কষ্ট দিয়াছে, মানীর অস্থবিস্থুথ কিছুই নয়, বাহিরের ঘর হইতে গিয়াই সে উপরের ঘরে শুইয়া পড়িয়াছে। কেন? কি বলিয়াছিল সে মানীকে? সে চলিয়া গেলে লেবু ভাল লাগিবে না—এই কথার মধ্যে প্রেমনিবেদনের গঙ্ক পাইয়া কি মানী নিজেকে অপমানিতা মনে করিয়াছে? কিছ এ ধরণের কথা সে তো 'ইতিপূর্বে' আরও কয়েকবার মানীকে বলিয়াছে, তাহাতে তো মানী চটে নাই!

বিপিনের মন বলিল এ কারণ আসল কারণ নয়। অল্প কোনও ব্যাপার আছে ইহার মধ্যে। তা ছাড়া মানীর অত যত্নে দেওয়া লেবু সে খাইতে চাহে নাই, রাগের মাথায় অত্যন্ত রুঢ়ভাবে মানীর সঙ্গে কথাবার্তা বলিয়াছিল। ছিঃ ছিঃ, কি অন্ডায় সে করিয়া বলিয়াছে! মানীর মত তাহার শুভাকাজ্জিণী জগতে খুব বেশি আছে কি?

রাত তিনটে পর্যন্ত বিপিনের ঘুম হইল না। মানীর সঙ্গে যদি এখনই একবার দেখা হইত! সত্যই, সে বড় আঘাত দিয়াছে মানীর মনে। মানীর নিকট ক্ষমা না চাহিয়া সে ধোপাখালি যাইতে পারিবে না। কে জানে হয়তো এই মানীর সঙ্গে শেষ দেখা। এ চাকুরি কবে আছে, কবে নাই। আজ সে অনাদিবাবুর নায়েব, কালই সে অন্ড্র চলিয়া যাইতে পারে। মানী হয়তো কতদিন এখন আর আসিবে না। অহুতাগের কাঁটা চিরদিনই ফুটিয়া থাকিবে বিপিনের মনে।

সকাল হইলে যে-কোন ছুতায় মানীর সঙ্গে দেখা করিতেই হইবে। না হয়, দুপুরে আহারাদি করিয়া কাছারি রওনা হইলেই চলিবে এখন। মানীর মনের কষ্ট না মুছাইয়া সে এ স্থান ত্যাগ করিবে না।

৩

কিন্তু মাহুধ ভাবে এক, হয় আর। শেষরাজের দিকে বিপিনের ঘুম আসিয়াছিল, কাহাদের ডাকাডাকি হাঁকাহাঁকিতে তাহার ঘুম ভাঙিয়া গেল। চোখ মুছিতে মুছিতে উঠানের দিকে চাহিয়া দেখিল, একখানা গরুর গাড়ী দাঁড়াইয়া আছে, গাড়োয়ান একটা হারিকেন লঠন উঁচু করিয়া হাঁকডাক করিতেছে, অনাদিবাবু ছইয়ের ভিতর হইতে নামিতেছেন।

গ্রামহরি চাকরও বৈঠকখানায় শোয়, বিপিন তাহাকে জাগাইয়া তুলিল। অনাদিবাবু বিপিনকে দেখিয়া বলিলেন, এই যে বিপিন! তোমার কথাই ভাবছিলাম। বড্ড জরুরি কাজে রাণাঘাট যেতে হবে তোমাকে কাল সকালেই। আজ রাজেই তোমায় কাগজপত্র দিয়ে দিই, কাল বেলা আটটার মধ্যে উকিল-বাড়ী দাখিল ক'রে দিতে হবে। ভাবছিলাম কাকে দিয়ে পাঠাই। তুমি এ সময়ে এসে পড়েছ, খুব ভাল হয়েছে। ব'ল, আমি আসছি

ভেতর থেকে। সেখান থেকে বেরিয়েছি রাত দশটার পরে। নতুন গরু, চলতে পারে না পথে, এখন রাত তো প্রায়—। আঃ, কি কষ্টই গিয়েছে সারারাত !

বাড়ীর ভিতর হইতে তখনই কিরিয়্যা অনাদিবাবু বিপিনকে কাগজপত্র বুঝাইয়া দিলেন। বলিলেন, আমি গিয়ে শুয়ে পড়ি, তুমিও শোও। এখনও ঘণ্টা দুই রাত আছে। ভোরে উঠে চ'লে যেও। যদি উকিলবাবু ছেড়ে দেন, তবে কালই ওখানে খাওয়াদাওয়া ক'রে বিকেল নাগাৎ এখানে চ'লে এস। কাল আবার আমার মেয়েকে নিতে জামাই আসছেন কলকাতা থেকে, পার তো কিছু মিষ্টি এন সাধুচরণ ময়রার দোকান থেকে। এই একটা টাকা নিয়ে যাও।

খুব ভোরে উঠিয়া বিপিন রাণাঘাট রওনা হইল। ষাইবার সময় সারাপথ দেখিল, খুব ভোরে উঠিয়া চাষারা জমি নিড়াইতেছে। এবার বৈশাখের প্রথমে বৃষ্টি হইয়া ফসল বুনবার সুবিধা করিয়া দিয়াছিল, এখন বৃষ্টি আদৌ নাই, জমিতে জমিতে নিড়ানি দেওয়া চলিতেছে। হয়তো এবার জ্যৈষ্ঠের মাঝামাঝি বর্ষা নামিবে—এই ভয়ে চাষারা শীঘ্র শীঘ্র হাঁটার কাজ শেষ করিতে চায়। সারাপথ দুইধারে মাঠে ধান-পাটের ক্ষেতে চাষারা জমি নিড়াইতেছে।

ভোরের অতি স্বন্দর মিষ্টি বাতাস। মাঠে ও পথের ধারে ছোট বড় গাছে সোঁদালি ফুলের ঝাড় ঝুলিতেছে, বিশেষ করিয়া কানসোনার মাঠে। রেলের ফটক পার হইয়া আবাদ তত নাই, কাঁকা মাঠের মধ্যে চারিধারে শুধুই সোঁদালি ফুলের গাছ।

কলাধরপুরের বিশ্বাসদের বাড়ীর চণ্ডীমণ্ডপে বিপিন একবার তামাক খাইবার জন্ত বসিল। প্রতিবার রাণাঘাট হইতে ঘাতায়াতের পথে এইটা তাহার বিশ্রামের স্থান। বিশ্বাসদের বাড়ীর সকলেই বিপিনকে চেনে। বিশ্বাসদের বড়কর্তা রাম বিশ্বাস চণ্ডীমণ্ডপের সামনে পাটের দড়ি পাকাইতে ব্যস্ত ছিলেন। বিপিনকে দেখিয়া বলিলেন, এই যে আসুন চাটুক্ষে মশায়, প্রণাম হই। আজ যে বড় সকালে রাণাঘাট চলেছেন, মোকদ্দমা আছে না কি ? উঠে বসুন ভাল হয়ে। একটু চা ক'রে দিক ?

—না না, চায়ের দরকার নেই। একটু তামাক খাই বরং।

—আরে, তামাক তো খাবেনই, চা একটু খান। অত সকালে তো চা খেয়ে বেরোননি ? এখন সাতটা বাজে, আমিও তো চা খাব। বসুন, চার ফোশ রাস্তা হেঁটেছেন এর মধ্যে, কষ্ট কম হয়েছে ? একটু জিরোন।

মানীর সঙ্গে কিরিয়্যা আজ দেখা হইবে কি ? আর দেখা হওয়া সম্ভবও নয়। দেখা হইলেও কথাবার্তা তেমন ভাবে হইবে না। জামাইবাবু আসিবেন, কর্তা বাড়ী রহিয়াছেন। তবুও একবার চেষ্টা করিয়া দেখিতে হইবে।

বিশ্বাস মহাশয় চা ও মুড়ি আনিয়া দিলেন। বিপিন খাইতে খাইতে বলিল, এবার পাট ক'বিধে বুনলেন বিশ্বাস মশায় ?

—তা ধরুন, প্রায় বারো-চোদ্দ বিধে হবে। বুনলে কি হবে, খরচা পোষায় না, দশ টাকা করে ছুটো কিষণ, তা বাদে জন-মজুর তো আছেই। পাটের দর তো উঠল না। ওই

দেখুন ছত্রিশ সালে পাটের দর ভাল পেয়ে উত্তরের পোতায় বড় ধরখানা তুলতে গিয়েছিলাম, আত্মক গাঁথুনি হয়ে দেখুন প'ড়ে আছে, আর দর পেলাম না, তা কি হবে ?

—আপনার বড়ছেলে কোথায় ?

—সে ওই বীজপুরে কারখানায় জৈশ টাকা মাইনেয় চুকেছে, রং মিস্ত্রী। আমি বলি, ও কেন, বাড়ীতে এসে ফলাও ক'রে চাষ-বাস লাগা। মেসে খায়, একটু ছুঁষি পেটে ব্যায় না, শরীর মাটি। ওমাসে বাড়ী এসেছিল, আমার স্ত্রী এক বোতল ঘরের গাওয়া বি সঙ্গে পাঠিয়ে দিলে আবার। ঐ খাটুনি, ছুঁষি না খেলে শরীর থাকে ? উঠলেন ? কিরবার পখে পায়ের ধুলো দিয়ে যাবেন। না হয় এখানেই কিরবার সময় ছুটো স্বপাকে আহায় ক'রে যাবেন এখন।

—না না, আমি সেখানেই থাক। উকিলের কাজ মিটতে বেলা এগারোটা বাজবে। তারপর হয়তো একবার কোর্টেও যেতে হবে স্ট্যাম্পডেওয়ারের কাছে। কিরতে তো তিনটের কম হবে না। আচ্ছা, আসি।

—আজ্ঞে আসুন, প্রণাম হই।

রাণাঘাট কোর্টে বিপিনের স্বগ্রামের নিবারণ মুখুঞ্জের সঙ্গে দেখা। নিবারণ মুখুঞ্জ বিপিনকে দূর হইতে দেখিয়া কাছে আসিলেন, বিপিন প্রথমে তাঁহাকে দেখিতে পায় নাই।

—কে বিপিন ? কোর্টে কাকে এসেছিলে বুঝি ?

—আজ্ঞে হ্যাঁ, কাকা। আপনি ?

—আমিও এসেছিলাম একবার একটা কাগজের নকল নিতে। আমার আবার একটু ব্রহ্মোত্তর জমি নদীয়ার এলাকায় পড়ে কিনা ? সেজন্তে রাণাঘাট ছুটোছুটি করতে হয়। হ্যাঁ, তোমার সঙ্গে একটা জরুরি কথা আছে বাবা। দেখা হ'ল ভালই হ'ল। একটু আড়ালের দিকে চল যাই, গোপনীয় কথা।

বিপিন একটু কোতূহলী হইয়া নিবারণ মুখুঞ্জের সহিত লোকজন হইতে একটু দূরে গেল।

—বাবা, কথাটা খুব গুরুতর। তোমার বাড়ীর সম্বন্ধেই কথা। তুমি থাক বার মাস বিদেশে, নিশ্চয়ই তোমার কানে এখনও ওঠেনি। বড় গুরুতর কথা আর বড় দুঃখের কথা।

বিপিন আপনায় উৎসেগে কাঁঠ হইয়া গেল। বাড়ীর সম্বন্ধে কি গুরুতর, আর কি দুঃখের কথা ! প্রথমেই তাহার মুখ দিয়া আপনা আপনি বাহির হইয়া গেল—কাকাবাবু, বেঁচে আছে তো ?

তাহার বৃকের মধ্যে কেমন ধড়াস ধড়াস করিতেছে, জজের মুখে ফাঁসির ছকুম শুনিবার ভঙ্কিতে সে আকুল ও শঙ্কিত দৃষ্টিতে নিবারণ মুখুঞ্জের মুখের দিকে চাহিয়া রহিল।

নিবারণ মুখুঞ্জ বলিলেন, না না, সে সব কিছু নয়। ব্যাপারটা একটু অন্তরকম। বলেই ফেলি। এই গিয়ে তোমার বোনকে নিয়ে গায়ে কথা উঠেছে - মানে ওপাড়ার পটলের সঙ্গে সর্ব্বদাই মেলামেশা করে আসছে তো অনেকদিন থেকেই—সম্প্রতি একদিন নাকি সন্ধ্যাবেলা তোমাদের বাড়ীর পেছনে বাগানে কাঁটালতলায় দুজনকে একসঙ্গে দেখা গিয়েছিল

—যে দেখেছিল সে-ই বলেছে। এই নিয়ে গাঁয়ে খুব কথা চলছে। এই সময় তোমার একবার যাওয়া খুব দরকার বলে মনে করি।

বিপিন শুনিয়া অবাক হইয়া গেল—তাহার বোন অসম্ভব কিছু করিতে পারে ইহা তাহার মাথায় আসে না। তাহাকে বিপিন নিতান্ত ছেলেমানুষ বলিয়া জানে—আচ্ছা, যদি পটলের সঙ্গে কথাই বলিয়া থাকে তাহাতে দোষ বা কি আছে ?

পরক্ষণেই তাহার মনে হইল বাড়ী যাওয়াটা খুব দরকার বটে এসময়। পলাশপুরে এমন কোনো জরুরী দরকার নাই, যে আজ না ফিরিলেই চলিবে না। বরং একবার বাড়ী ঘুরিয়া আসা যাক।

8

বৈকালের দিকে বিপিন গ্রামে পৌছিল। বাড়ী চুকিতেই প্রথমে মনোরমার সঙ্গে দেখা। স্বামীকে হঠাৎ এভাবে আসিতে দেখিয়া সে যেন একটু অবাক হইয়া গেল। বলিল—কখন এলে, কোন্ গাড়ীতে ? চিঠি তো দাও নি ? ভাল আছ তো ?

বিপিন পুঁটুলিটা স্ত্রীর হাতে দিয়া বলিল—ধরো এটা। মার জন্তে বাতাসা আছে, ভেঙ্গে না যায় দেখো। নেবেঞ্চুস আছে, ছেলেপিলেদের ডেকে দাও। তোমরা কেমন আছ ? বলাই কোথায় ?

—বলাই গিয়েছে মাছ ধরতে।

—কেমন আছে সে ?

মনোরমা চুপ করিয়া রহিল।

—কেমন আছে বলাই ?

—ভালো না। আমার কথা কেউ তো শোনে না, যা পাছে তা খাচ্ছে, রোজ নদীর ধারে মাছ ধরতে গিয়ে জলের হাওয়ায় বসে থাকে। জর হয় রোজ রাত্তিরে—তার ওপর খায়-দায়। ওমুধবিমুধ কিছুই না।

—মুখ হাত পা কেমন আছে ?

—বেজায় ফোলা। এলেই দেখে বুঝতে পারবে। আর একটা কথা শুনেচ ?

—হ্যাঁ, নিবারণ কাকার মুখে শুনলাম রাণাঘাটে। কি ব্যাপার বলা তো ?

—যা শুনেছ, সব সত্যি। আমার কথা ঠাকুরঝি একেবারে শোনে না—কতদিন বারণ করেছি। মাকেও বলে দিইছি, মা শুনেও শোনে না। এখন গাঁয়ে টি টি পড়ে গিয়েছে—এখন আমার কথা হয় তো তোমাদের ভাল লাগলেও লাগতে পারে। দাসী-বান্দীর মত এ বাড়ীতে আছি বই তো নয় ?

বিপিন বিরক্ত হইয়া বলিল—আঃ, যা জিজ্ঞেস করছি তার উত্তর দাও না আগে। তুমি

নিজের চোখে কিছু দেখেছ ?

—কত দিন। তোমাকে বললেই তুমি রেগে যাবে বলে কিছু বলিনি—মাকে বলে কি হবে—বলা না বলা দুই সমান।

—আচ্ছা থাক। বীণাকে একবার ডেকে দাও—আমি তাকে দু'একটা কথা বলি। তুমি এ ঘর থেকে যাও।

কিন্তু মনোরমা ঘর হইতে চলিয়া গেলেও বীণার আসিতে বিলম্ব হইতে লাগিল। এ ব্যাপার লইয়া সে কি বলিবে ? বীণা তাহার ছোট বোন। কখনও তাহাকে সে রুঢ় কথা জীবনে বলে নাই—বিশেষ করিয়া বীণা বিধবা হইবার পরে বিপিন সাধ্যমত চেষ্টা করে ছেলেমানুষ বীণাকে কি করিয়া একটুখানি সুখী করা যায়। বিপিন ভাবিতে লাগিল—বীণার দ্বোধ কি ? অল্প বয়সে বিধবা ! ওর মনের কোন্ সাধই বা পূরেছে ? পটলকে হয়তো ওর চোখে ভাল লেগেছে—সম্পূর্ণ সম্ভব। ছেলেবেলা থেকেই পটলের সঙ্গে ওর ভাব ছিল, আর কেউ না জাম্বুক, আমি জানি। যদি পটলের সঙ্গে হুটো কথা কয়ে ওর তৃপ্তি হয়—তা আমি বারণ করি বা কি ভাবে !...তবে বীণা ছেলেমানুষ, সংসারের কি-ই বা জানে ! কত নিশ্বাস আছে কত দিকে, সে কি তার খবর রাখে ? না—আমার কাজ নয়। মনোরমাকে দিয়ে বলাতে হবে।

হঠাৎ তাহার মনে আসিল মানীর কথা।

সেও তো এই রকম ছেলেবেলার বন্ধুত্ব। মানী বিবাহিতা, তার স্বামী শিক্ষিত, মাষ্ট্রিত, ভদ্র যুবক। তবে মানী কেন তাহার সহিত কথা বলিতে আসে ? কেন তাহাকে দেখিবার জন্য মানীর এত আগ্রহ ?

এসব কথার কোন মীমাংসা নাই। মীমাংসা হয় না। এই যে সে আজ বাড়ী আসিয়াছে—সারা পথ সারা ট্রেনে কাহার কথা সে ভাবিয়াছে ?

নিজের মনকে চোখ ঠারা চলে না। ছেলেমানুষ বীণাকে সে কি দ্বোধ দিবে ? তাহার বাবা কি করিয়াছিলেন ?

যাক ওসব কথা। মনোরমাকে দিয়া বীণাকে বলাইতে হইবে। গ্রামে কোন কুৎসা রটে বীণার নামে—তাহা কখনই হইতে দেওয়া চলিবে না। আবশ্যক হইলে বীণাকে এখান হইতে সরাইয়া ধোপাখালি কাছারিতে নিজের কাছে কিছুদিন না হয় রাখিবে।

এই সময় বীণা ঘরে ঢুকিয়া বলিল—ডাকছিলে দাদা ?

বিপিন চোখ তুলিয়া বীণার দিকে চাহিল। অনেক দিন ভাল করিয়া সে বীণাকে দেখে নাই। বীণার মুখশ্রী আজকাল এত সুন্দর হইয়া উঠিয়াছে ! কি সুন্দর দেখিতে হইয়াছে বীণা ! চোখ দুটি যেমন ডাগর, তেমনি স্নিগ্ধ। মুখখানি এখনও ছেলেমানুষের মতই। এ চোখে ও মুখে কোন পাপ থাকিতে পারে ?

বিপিন বলিল—বলাই কোথায় ?

—ছোড়দা মাছ ধরতে গিয়েছে।

—তোর শরীর ভাল আছে তো ?

—হ্যাঁ। তুমি হঠাৎ চলে এলে যে ?

—এমনি। রাণাঘাটে এসেছিলাম কাজে—ভাবলুম একবার বাড়ী ঘুরে যাই। হ্যাঁ, মা কোথায় ?

—মা বাড়ির ভাল খুতে গিয়েছেন পুকুরের ঘাটে। ডেকে আনবো ?

—থাক এখন ডাকার দরকার নেই, তোর সঙ্গে একটা কথা ছিল।

—কি বল না ?

—তুই পটলের সঙ্গে বে শ মেলামেশা করিস্ নে। গাঁয়ে ওতে পাঁচরকম কথা উঠছে—আমরা গরীব লোক, আমাদের পক্ষে সেটা ভাল নয়।

বিপিন কথাটা মরীয়া হইয়া বলিয়াই ফেলিল। সঙ্গে সঙ্গে ইহাও লক্ষ্য না করিয়া পারিল না, পটলের কথা বলিতেই বীণার চোখ মুখের ভাব যেন কেমন হইয়া গেল—যে ভাব সে বীণার মুখে-চোখে কখনও দেখে নাই।

মনোরমার কথা তাহা হইলে মিথ্যা নয়—নিবারণ মুখুঙ্কেও বাজে কথা বলেন নাই। পূর্বে হইলে হয় তো বিপিন বীণার এ পরিবর্তন লক্ষ্য করিত না—কিন্তু গত কয়েক মাসের ব্যক্তিগত অভিজ্ঞতার ফলে বিপিন এসব লক্ষণ বুঝিতে পারে এখন।

বীণা কিন্তু অতি অল্প সময়ের মধ্যেই নিজেকে যেন সামলাইয়া লইয়া সহজ ভাবেই বলিল—মা ঝলো দাদা। পটল-দা আসে, কথাবার্তা বলে—তাই বলি। না হয় আর বলবো না।

বিপিন বুঝিল ইহা মিথ্যা আশ্বাস। বীণা ছলনা করিতেছে—পটলের সঙ্গে তাহার কিছুই নাই, ইহা সে দেখাইতে চায়—আর একটি খারাপ লক্ষণ। ছেলেমানুষ বীণা ভাবিয়াছে ইহাতেই দাদার চোখে ধূলা দেওয়া যাইবে—যাইতও যদি মানীর সঙ্গে পলাশপুরের বাড়ীতে তাহার দেখা না হইত।

ইহা ঠিকই যে বীণা মিথ্যা কথা বলিতেছে। পটলের সঙ্গে কথাবার্তা সে বন্ধ করিবে না। লুকাইয়া দেখা করিবার চেষ্টা করিবে। বিপিন বুঝিল, সে বীণা আর নাই, তাহার ছোট বোন সরলা ছেলেমানুষ বীণা এ নয়, এ প্রেমমুখা তরুণী নারী, প্রেমিকের সহিত মিশিবার সুবিধা খুঁজিতে সব রকম ছলনা এ অবলম্বন করিবে। মহোদরার বটে, কিন্তু বীণাকে আর বিশ্বাস নাই। বীণা দূরে সরিয়া গিয়াছে।

বিপিন তবুও হাল ছাড়িল না। বীণাকে কাছে বসাইয়া তাহাদের বংশের পূর্ব গৌরব সবিস্তারে বর্ণনা করিল। গ্রাম্য কুৎসা যে ভয়ানক জিনিস, তাহাতে একটি গৃহস্থের ভবিষ্যৎ কি ভাবে নষ্ট হইয়া যাইতে পারে, দু একটা কাল্পনিক দৃষ্টান্ত দিয়া তাহা বুঝাইবার চেষ্টা করিল। বীণা খানিকক্ষণ মন দিয়া শুনিল—কিন্তু ক্রমশঃ সে যেন অধীর হইয়া পড়িতেছে, দু একবার উঠিবার চেষ্টা করিয়াও সে সাহস পাইতেছে না—দাদার সম্মুখ হইতে চলিয়া যাইতে পারিলে যেন বাঁচে—এরূপ ভাব তাহার চোখে মুখে ফুটিয়া উঠিয়াছে।

এই সময়ে বলাই আসিয়া পড়াতে বিপিনের বক্তৃতা আপনা আপনিই বন্ধ হইয়া গেল। বলাই ঘরে ঢুকিয়া বলিল—দাদা, কখন এলে? মাছ ঘরে এনেছি দেখবে এস—মস্ত একটা শোল মাছ আর দুটো ছোট ছোট বান—

বিপিন বলাইয়ের চেহারা দেখিয়া চমকিয়া উঠিল। মুখ আরও ফুলিয়াছে, শরীরে রক্ত নাই—পায়ের পাতা বেরিবেরি রোগীর মত দেখিতে, চোখের কোণ সাদা। অথচ এই চেহারা লইয়া বলাই দিব্য মনের আনন্দে মাছ ধরিয়া বেড়াইতেছে, খাওয়া-দাওয়া করিতেছে।

ভগবান এ কি করিলেন? চারিদিক হইতে তাহার জীবনে বিপদ বনাইয়া আসিতেছে, তাহা বুঝিতে বাকি নাই। বলাই বাঁচিবে না। নেফ্রাইটিসের রোগীর শেষ অবস্থা তাহার চেহারা পরিষ্কৃত—অথচ সে সম্পূর্ণ নিশ্চিন্ত আছে তাহার ভবিষ্যৎ সম্বন্ধে।

বিপিন বলাইকে কিছু বলিল না। বলিয়া কোন ফল নাই—যেমন বীণাকে বলিয়া কোন ফল নাই। কেহই তাহার কথা শুনিবে না। সে চাকুরি করিতে বাহির হইলেই উহার বাহা খুশী তাহাই করিবে। এ জগতে কেহ কাহারও কথা শোনে না—সবাই স্বার্থপর, বাহার বাহা ভাল লাগে—সে তাহাই করে, অন্য কারো মুখের দিকে চাহিবার অবসর তখন তাহাদের বড় একটা থাকে না। সে নিজের সারাজীবন তাহাই করিয়া আসিয়াছে—এখনও করিতেছে—অপরের দোষ দিয়া লাভ কি?

ছপুরের পর সে নিজের ঘরে বিশ্রাম করিতেছে, মনোরমা ঘরে ঢুকিয়া বলিল—
ঘুমলে নাকি?

—না ঘুমই নি। বসো।

মনোরমা বিছানার এক কোণে বিপিনের মাথার কাছে বসিল। একটু হিতমতঃ করিয়া বলিল—বীণাকে বলি কিছু নাকি?

—বলেছি।

—ও কি বলে?

—বলে, পটলের সঙ্গে আর কথা বলবে না।

—একটা কথা বলি শোন। গুরুত্ব করলে হবে না কিছু। বীণা ঠাকুরঝি বাই বলুক, পটলের সঙ্গে দেখা না করে পারবে না। তুমি বাড়ী থেকে বেরুতে যা দেরি। তার চেয়ে এক কাজ করো, পটলকে একবার বলে যাও কথাটা। ওকে ভয় দেখাও, বাড়ী আসতে বারণ করে যাও—তাতে কাজ হবে। বুঝলে আমার কথা?

বিপিন মনে মনে মনোরমার বুদ্ধির প্রশংসা না করিয়া পারিল না। মেয়েমানুষের মন সে অনেক বেশি বোঝে তাহার নিজের চেয়ে।

মনোরমা আবার বলিল—না হয় পাড়ায় পাঁচজনকে ডেকে তাদের সামনে পটলকে ছুকা বল। এ বাড়ী আসতে মানা করে দাও। তাতে ছুকাই হবে। গায়ের লোক

আজুক তুমি বাড়ী এসে দুজনকেই শাসন করে দিয়েছ—পটলেরও একটা ভয় আর লক্ষ্মী হবে—সে হঠাৎ এ বাড়ীতে আসতে পারবে না।

—কিন্তু তাতে একটা বিপদ আছে। গায়ের লোকের কথা আমিই বা অনর্থক গায়ে বেখে নিতে বাই কেন? তাতে উন্টো উৎপত্তি হবে না?

—কিছু উন্টো উৎপত্তি হবে না। বেশ, ভয় দেখিয়ে, না হয় মিষ্টি কথায় বুঝিয়ে বলা পটলকে। যখন এরকম একটা কথা উঠেছে—তখন ভাই আমাদের বাড়ী আর তোমার বাওয়া-আলাটা ভাল দেখায় না—এই ভাবে বল।

—তাই তবে করি। এদিকে আর একটা কথা বলি শোনো। বলাইয়ের অবস্থা ভাল নয়। আজ দেখে বুঝলাম ও আর বেশী দিন নয়।

—বল কি গো? অমন বলতে নেই।

—আর বলতে নেই! মনোরমা, সামনে আমার অনেক বিপদ আসছে আমি বুঝতে পেরেছি। এই বীণার ব্যাপার, বলাইয়ের চেহারা—এ সব দেখে তোমারই বা কি মনে হয়? আমার এখন পলাশপুরে বাওয়া হয় না।...

সেই রাত্রেই বিপিনের আশঙ্কা বাস্তবে পরিণত হইল। শেষ রাত্রি হইতে বলাই হঠাৎ বস্ত্রপায় অস্থির হইয়া পড়িল, মাঝে মাঝে চিৎকার করে, মাঝে মাঝে ছুটিয়া বাহির হইতে যায়। প্রতিবেশীরা অনেকে দেখিতে আসিলেন—নানারকম টোটকা ওষুধের ব্যবস্থা করিলেন—কিছুতেই কিছু হইল না। যত বেলা বাড়িতে লাগিল, বলাইএর মুখের বুলিই হইল—জলে গেল, জলে গেল! ...বস্ত্রপায় বলাই যেন পাগলের মত হইয়া উঠিল, মুখে বাহা আসে বকে, হাত-পা ছোঁড়ে, আর কেবলই ছুটিয়া বাহির হইতে যায়।

তিন দিন তিন রাত্রি একই ভাবে কাটিল। কত রকম তেল-পড়া, জল-পড়া, বাড়-হুক্‌কে যে বাহা বলে তাহাই করা হইল। কিছুতেই কিছু হইল না। চতুর্থ দিন সকাল আটটার সময় হইতে বলাইয়ের অবস্থা ক্রমশঃ খারাপ হইয়া আসিতে লাগিল।

বিপিন জীকে ডাকিয়া বলিল—কি করচো?

মনোরমার চকু রাত জাগিয়া লাল, চোখের নীচে কালি পড়িয়াছে—বুঝা শান্ত্রী রাত জাগিতে পারেন না—বিপিনও আয়েসী লোক, রাত একটা পর্য্যন্ত কায়ক্ৰমেশ জাগিয়া থাকে—তারপর গিয়া শুইয়া পড়ে। মনোরমা সারারাত জাগিয়া থাকে রোগীর পাশে—আর থাকে বীণা।

মনোরমা বলিল—গোয়ালে আজ চারদিন ঝাঁট পড়েনি, গোয়ালটা একটু ঝাঁট দিচ্ছি।

বিপিন বলিল—গোয়াল ঝাঁট থাকুক। সকাল সকাল নেয়ে এসে ছটো বা হয় রেঁখে ছেলেপিলেদের খাইয়ে দাইয়ে নাও—বীণাকে আর মাকে খাইয়ে দাও। বলাইয়ের অবস্থা দেখে বুঝতে পারছ না?

মনোরমা স্বামীর মুখের দিকে চাহিয়া থাকিয়া বলিল, কেন গো—ঠাকুরপোর অবস্থা খারাপ?

—তা দেখে বুঝতে পারছ না? আজই হয়ে যাবে। আর দেরি নেই। শীগ্গির করে ঘাটে যাও।

মনোরমা নিঃশব্দে কাঁদিতে লাগিল। বিপিন বলিল—কৈদে কি হবে, এখন যা করবার আছে করে ফেল। মায়ের সামনে যেন কৈদো না, ঘাটে যাও চলে।

মনোরমার একটা অভ্যাস সংসারের মধ্যে যে যে আছে তাহাদের সকলকেই সে ভালবাসে। সেহ করে—মা, বীণা ঠাকুরঝি, ঠাকুরপো,—সকলেরই সুখসুবিধা দেখা তাহার চিরকালের অভ্যাস। এই সাজানো সংসারের মধ্য হইতে বলাই ঠাকুরপো চলিয়া গেলে সংসারের কতখানি চলিয়া যাইবে!... সে চিন্তা মনোরমার পক্ষে অসহ।

বিপিন ভাইয়ের সামনে গিয়া বসিল। বীণাকে বলিল—যা বীণা, ঘাটে যা—জামি আছি বসে। মাকে নিয়ে যা।

সত্যি, এতটুকু মেয়ে বীণা কয়দিন কি অক্লান্ত পরিশ্রম করিতেছে, সমানে রাত জাগিতেছে—মা ও উহার বৌদিদির সঙ্গে। দেবীর মত সেবা করিতেছে ভাইয়ের, অথচ কি অভাগিনী! জীবনে সে কখনো যাহা পায় নাই—অথচ যার জন্ত তার বালিকা মন বুভুক্ষু, অপরের নিকট হইতে তারই এককণা পাইবার নিমিত্ত অভাগিনীর কি ব্যর্থ আগ্রহ! নিজেকে দিয়া বিপিন বোঝে এ নিদারুণ বুভুক্ষা।

সকলে আহারাদি শেষ করিয়া লইয়া বলাইয়ের কাছে বসিল। বলাইয়ের গত দুই দিন কোনো জ্ঞান ছিল না—খজ্ঞায় চীৎকার করে মাঝে মাঝে কিন্তু মানুষ চিনিতে পারে না। বিপিনের মা খুব শক্ত মেয়ে—তিনি সবই বুঝিয়াছিলেন, অথচ এ পর্য্যন্ত তাহার চোখে জল পড়ে নাই—বরং বীণা ও মনোরমা কাঁদিলে তিনি কালও বুঝাইয়াছেন। আজ কিন্তু ছপূরের পর হইতে তিনি অনবরত কাঁদিতেছেন। বীণা ডোবার ধারে বাসন লইয়া গিয় ছিল।

ডোবার ওপারের ঘাটে রায়-বৌ ও নিবারণ মুখুঞ্জের বড়মেয়ে নলিনী কথা বলিতেছিল। নলিনী হাত পা নাড়িয়া বলিতেছে—তা হবে না ওরকম? বাড়ীতে বিধবা মেয়ের ওই রকম অনাচার ভগবান সহ্য করেন! জলজ্যাস্ত ভাইটা ধড়ফড় করে মরলো চোখের সামনে। এখনও চন্দ্র সূর্য্য আছেন—অনাচার ঢুকলে সে সংসারে মঙ্গল হয় কখনো!

বীণা জলে নামিতে পারিল না—জলের ধারে কাঠের মত দাঁড়াইয়া রহিল।

উহারা বীণাকে দেখিতে পায় নাই—বীণা কিছুক্ষণ দাঁড়াইয়া থাকিয়া বাসন লইয়া চলিয়া আসিল—চোখের জল সামলাইতে পারিল না ফিরিবার সময়। পটলদার সঙ্গে কথা বলা অনাচার! এ ছাড়া আর কি অনাচার সে করিয়াছে? ভগবান তো সব জানেন। তাহারই পাপে ছোড়দা মরিতে বসিয়াছে—একথা যদি সত্য হয়—সে পিতল-কাঁসা হাতে শপথ করিয়া বলিতেছে, আর কোন দিন সে পটলদার মুখ দেখিবে না। ভগবান ছোড়দাকে বাঁচাইয়া দিন।

কিন্তু ভগবান তাহার অহুরোধ রাখিলেন না। বৈকাল পাঁচটার সময় বলাই মারা গেল।

অষ্টম পরিচ্ছেদ

১

বলাইয়ের দাহকার্য সম্পাদন করিয়া বিপিন রাজি দুপুরের পর বাড়ী আসিল। বাড়ীহুঙ্ক নবাই চীৎকার করিয়া কাঁদিয়া উঠিল—ওপাড়া হইতে কৃষ্ণলাল চক্রবর্তী আসিয়া অনেকক্ষণ হইতে বসিয়া ছিলেন, বিপিনের মাকে নানারকম বুঝাইতেছিলেন—তিনি বুলিলেন, এ সময় সাফনা দেখিয়া বুঝা, হুতরাং হঁকা হাতে রোয়াকের এক পাশে গিয়া দাঁড়াইলেন।

বিপিন বলিল, কাকা, কখন এলেন ? তামাক পেয়েছেন ?

—আর বাবা তামাক ! তামাক তো আছেই। এখন যে বিপদে পড়ে গেলে তা থেকে সামলে উঠলেই বাঁচি। বৌদ্ধিকে বোঝাচ্ছি সেই সন্নে থেকে, উনি মা, গুঁর কষ্ট হেঁ চোখে দেখা যায় না—এসো বাবা—পরে বিপিনের চোখে জল পড়িতে দেখিয়া বলিলেন—আহা হা, তুমি অর্ধর্য হোলে চলবে কেন বাবা ? এদের এখন তোমাকেই ঠাণ্ডা করতে হবে—বোঝাতে হবে—বৌদ্ধি, বোমা, বীণা—তোমাকে দেখে ওরা বুক বাঁধবে—তোমার চোখের জল পড়লে কি চলে ? ..

এমন সময় আরও দু-পাঁচজন প্রতিবেশী আসিয়া উঠানে দাঁড়াইলেন। একজন ঘরের মধ্যে ঢুকিয়া বিপিনের মাকে বোঝাইতে গেলেন। একজন বিপিনের হাত ধরিয়া পাশের ঘরে লইয়া গিয়া বসাইলেন।

—রাত অনেক হয়েছে, শুয়ে পড়ো সব। সকলেরই শরীর খারাপ, কেঁদেকেটে আর কি হবে বলো বাবা, যা হবার তা হয়ে গেল। সবই তাঁর খেলা, হুনিয়াটাই এইরকম বাবা, আজ আমার, কাল আর একজনের পালা—শুয়ে পড়ো—

কৃষ্ণলাল চক্রবর্তী রাজি এখানেই কাটাঁইবেন। ইহারা একা থাকিবে তাহা হয় না। আজ রাজে অন্ততঃ বাড়ীতে অস্ত্র কেহ থাকা খুব দরকার। বিপিন সারারাজি বুঝাইতে পারিল না, কৃষ্ণলালের সঙ্গে কথাবার্তায় রাত কাটিয়া গেল।

কৃষ্ণলাল বলিলেন—তুমি ক'দিনের ছুটি নিয়ে এসেছ বাবাজি ?

—আজ্ঞে ছুটি তো নয়। রাণাঘাট কোর্টে এসেছিলাম কাজে—সেখান থেকে বাড়ী এলাম একদিনের জন্তে। তারপর তো বলাইয়ের অস্থ ক্রমেই বেড়ে উঠলো আর বাই কি করে—আটকে পড়লাম। তবে ভূমিদার বাবুকে চিঠি লিখে সব জানিয়েছি—এ কথাও লিখে দেবো কাল। এখন দখন এদের ফেলে হঠাৎ কি করে বাড়ী থেকে যাই ? মায়ের গুই অবস্থা, আমি কাছে থাকলেও একটা সাফনা, তারপর হোঁড়াটার শ্রাঙ্কশান্তির একটা ব্যবস্থাও আমি না থাকলে কি করে হয় বলুন ?

—শ্রাঙ্কশান্তি আর কি, তিলকাকন করে ঘাটশটি ব্রাঙ্কণ খাইয়ে দাও—এ তো জাঁকিয়ে শ্রাঙ্ক করার কিছু নেই। কোনরকমে গুহু হওয়া।

সকালের দিকে মা চীৎকার করিয়া কাঁদিতে লাগিলেন দেখিয়া বিপিন বাড়ী হইতে বাহির

হইয়া গেল। গ্রামের মধ্যে কাহারও বাড়ীতে বাইতে ভাল লাগে না—সকলে সহানুভূতি দেখাইবে, ‘আহা’ ‘উহঁ’ করিবে—বর্তমান অবস্থায় বিপিনের তাহা অসহ্য মনে হইতে লাগিল। ভাবিয়া, চিন্তিয়া সে আইনদ্দির বাড়ীতে গেল, পাশের গ্রামে। আইনদ্দির বয়স একশত বছর হইলেও (অস্তুতঃ সে বলে) বসিয়া থাকিবার পাত্র সে নয়। বাড়ীর উঠানে একটা আমড়া-গাছের ছায়ায় বসিয়া বুদ্ধ জালের স্তূতা পাকাইতেছিল।

—বাবাঠাকুর সকালে কি মনে করে? বোসো—তামাক খাবা? সাজি দাঁড়াও। আইনদ্দির সঙ্গেই তামাক খাইবার সরঞ্জাম মজুত। সে চকমকি ঠুকিয়া সোলা ধরাইয়া হাতে করিয়া সোলার টুকরাটি কয়েকবার দোলাইয়া লইয়া কলিকায় কাঠকয়লার উপর চাপিয়া ধরিল।

বিপিন বলিল—চাচা, দেশলাই বুঝি কখনো জালও না?

—ও সব আজকাল উঠেছে বাবাঠাকুর—ও সব তোমাদের মত ছেলেছোকরারা কেনে। সোলা চকমকির মত জিনিস আর আছে? আপনি ভাল হয়ে বোসো। সকালের ছু একটা গল্প করি শোনো। ওই যে ঝাখচো অশথ গাছ, ওর পাশের জমিটার নাম ছেল ফাঁসিতলার মাঠ। নীলকুঠীর আমলে ওখানে লোকের ফাঁসি হোত। আমার জানে আমি ফাঁসি হতে দেখেছি। তুমি আজ বলচো দিশলায়ের কথা—দিশলাই ছেল কোথায় তখন? তুঁষের আর ঘুঁটের আঙুন মাগীন্রা মালসা পুরে রেখে দিত ঘরে—আর পাকাটির মুখে গন্ধক মাখিয়ে এক আঁটি করে রেখে দিত মালসার পাশে। এই ছেল সকালের দিশলাই বাবাঠাকুর—তবে তামাক খাতি সোলা চকমকির রেওয়াজ ছেল। চাঁদমারির বিলি সোলার জ্বল—এক বোঝা তুলে এনে শুকিয়ে রাখো, ভোর বছর তামাক খাও। একটা পয়সা খরচ নেই—আর এখন? একটা দিশলাই এক পয়সা, একটা দিশলাই বেড় পয়সা—হঁ—

কথা শেষ করিয়া অবজ্ঞাপূর্ণ দৃষ্টিতে আইনদ্দি একবার চারিদিকে চাহিয়া লইয়া জোরে জোরে তামাক টানিতে লাগিল।

বিপিন বলিল—আচ্ছা চাচা, তুমি তো অনেক মস্তুরতস্তুর জানো—মাছ ম’লে তাকে এনে দেখাতে পারো?

আইনদ্দি বিপিনের হাতে কলিকা দিয়া বলিল—ধরো, একটা সোলা ফুটে করে তোমার হঁকো বানিয়ে দিই। মস্তুরতস্তুর অনেক জানি বাবাঠাকুর তোমার বাপ-মায়ের আশীর্ব্বাদে। শূঁন্ত ভরে উড়ে যাবো, আঙুন খাবো, কাটা মুণ্ড জোড়া দেবো—

বিপিন এই কথা অস্তুতঃ ত্রিশবার শুনিয়াছে বুদ্ধের মুখে।

—কিন্তু মরা মাছ আনতে পারো চাচা?

—মলে কি মাছ ফেরে বাবাঠাকুর? আশমানে তারা হয়ে ফুটে থাকে—নয়তো শেয়াল কুকুর হয়ে জন্মায়। তবে একটা গল্প বলি শোনো—

ইহার পর আইনদ্দি একটা খুব বড় আজগুবি গল্প ফাঁসিল—কিন্তু বিপিনের সে দিকে মন

ছিল না—সে আইনন্দির বাড়ীর উত্তরে স্থবিত্ত বেলতোর মাঠ ও চাঁদমারির বিলের ধারের সবুজ পাতি ঘাসের বনের দিকে চাহিয়া অন্তমনস্ক হইয়া গেল। যখনই এখানটিতে আসিয়া বসে, তখনই তাহার মনে কেমন অদ্ভুত ধরণের সব ভাব আসিয়া জোটে।

বলাই চলিয়া গেল!...কতদূরে, কোথায় কে জানে? সে-ও একদিন বাইবে, বীণাও বাইবে, মনোরমাও বাইবে...মানী...মানীও বাইবে।

কেন খাটিয়া মরা? কেন দুমুঠা অন্ন অনর্থক লোকপীড়ন করিয়া পরের অভিশাপ কুড়ানো? আজ গেল বলাই...কাল তাহার পাল।

একটা জিনিস তাহার মনে হইতেছে। মানী তাহার মাথায় ঢুকাইয়া দিয়াছিল...মানীর নিকট একসম সে আজীবন কৃতজ্ঞ থাকিবে।

বলাই বিনা চিকিৎসায় মারা গেল। গরীব লোক এমনি কত আছে এই সব পাড়াগাঁয়ে—যাহারা অর্থের অভাবে রোগের চিকিৎসা করাইতে পারে না। সে ডাক্তারি বই পড়িয়া কিছু শিখিয়াছে, বাকিটা না হয় মানীকে বলিয়া, তাহার দেওর বীজপুরে ডাক্তারি করে, তাহার অধীনে কিছুদিন থাকিয়া শিখিয়া লইবে। ডাক্তারিই সে করিবে—প্রজাপীড়ন কার্য তাহার ঘরা আর চলিবে না।

তাহার বাপ বিনোদ চাটুক্ষে প্রজাপীড়ন করিয়া যথেষ্ট জমিজমা করিয়াছিলেন—যথেষ্ট পসার প্রতিপত্তি, যথেষ্ট খাতির। আজ সে সব কোথায় গেল? বিনোদ চাটুক্ষে আজ মাজ সডেরো আঠারো বছর মারা গিয়েছেন—ইহার মধ্যেই তাঁহার পুত্রবধু খাইতে পায় না—পুত্র বিনা চিকিৎসায় মারা যায়—বিধবা কন্টার সহস্বে গ্রামে নানা বদনাম ওঠে। অসং উপায়ে উপার্জনের পরসাই বা আজ কোথায়—কোথায় বা জমিজমা।

মানী তাহার চক্ষু ফুটাইয়া দিয়াছে নানাদিক দিয়া।

জীবনে মানীকে সে গভীর কৃতজ্ঞতার সহিত স্মরণ করিতে চায় বহুবান, বহুবান। সারাজীবন ধরিয়।

বিপিন উঠিল। আইনন্দি বলিল—কি নিজে যাবা হাতে করে বাবাঠাকুর? দুটো মুরগীর আগা নিজে যাবা? না, তোমরা বুঝি ও খাও না। তবে দুটো শাকের ডাঁটা নিজে যাও। ভাল শাকের ডাঁটা হলে বাবাঠাকুর, হুমুন্দিদের গরুর জন্নি বাড়তি পারলো না। ও মাখন—হ্যাঁ ও মাখন—

বিপিন প্রভাতের রৌদ্রদীপ্ত স্থবিত্ত বেলতোর মাঠের দিকে চাহিয়া ছিল। চমৎকার জীবন! এই রকম বাঁশতলার ছায়ায়...এই রকম সকালের বাতাসে বসিয়া চুপ করিয়া মানীর কথা ভাবা...

কিন্তু ইহা জীবন নয়। ইহা পুরুষমাহুষের জীবন নয়। বিনোদ চাটুক্ষে পুরুষমাহুষ ছিলেন—তিনি পৌরষদীপ্ত জীবন কাটাইয়া গিয়াছেন—হেঁ হেঁ, হন্না, কঠিন কাজ, মাঝলা, বোকদ্দমা, জমিদারী শাসন, দাঙ্কাহাঙ্কামা—বিপিন জানে সে এই সব কাজের উপযুক্ত নয়। সে শাসন করিতে পারে না তাহা নয়—সে দুর্বল বা ভীক নয়—কিন্তু তাহার ধাতে সখ হয়

না ওসব। বিশেষতঃ মনীর সম্পর্কে আলিয়া সে আরো ভাল করিয়া এসব বুঝিয়াছে।
জীবনে অনেক ভাল জিনিস আছে—ভাল বই, ভাল গান, ভাল কথা—খাওয়া-দাওয়ার কথা
মামলা মোকদ্দমা বা পরচর্চা ছাড়াও আরও ভাল কথা জগতে আছে, মনী তাহাকে
দেখাইয়াছে।

জমিদারী শাসন ছাড়াও পুরুষমানুষের জীবন আছে—রোগের সঙ্গে, মৃত্যুর সঙ্গে নিজের
দারিদ্র্যের সহিত সংগ্রাম করিয়া বড় হইতে চেষ্টা পাওয়াও পুরুষমানুষের কাজ। একবার
চেষ্টা করিয়া দেখিবেই সে।

২

তিন মাস কাটিয়া গিয়াছে।

এই তিন মাসের মধ্যে অনেক কিছু ঘটয়া গেল। বিপিনকে বলাইয়ের শ্রদ্ধ পর্য্যন্ত
বাড়ী থাকিতে হইল। বীণার ব্যাপার একটু আশঙ্কাজনক বলিয়া মনে হইল বিপিনের
কাছে। মনোরমা প্রায়ই বলে, দুজনে গোপনে দেখাশোনা এখনও করে—মনোরমা স্বচক্ষে
দেখিয়াছে। বীণাকে বিপিন এজ্ঞা তিরস্কার করিয়াছে, কড়া কথা শোনাইয়াছে, বীণা
কাঁদিয়া ফেলে ছেলেমানুষের মত, বলে—ও সব মিছে কথা দাদা। আমি তোমার পায়ে
হাত দিয়ে বলতে পারি, আমি পটলদার সঙ্গে আর দেখাই করিনে।

কথার মধ্যে খানিকটা সত্য ছিল।

বলাইয়ের মৃত্যুর পর বীণার ধারণা হইল, পটল-দার সঙ্গে গোপনে কথা বলিবার এ লোভ
ভাল নয়, এ সব অনাচার, বিধবা মানুষের করা উচিত নয় যাহা, তাহা সে করিতেছে বলিয়াই
আজ ভাইটা মরিয়া গেল।

বলাই মারা যাওয়ার ছ'দিন পরে পটল একদিন তাহাদের বাড়ীতে আসিল। বীণার
মা বাহিরের রোয়াকে বসিয়া তাহার সহিত কথাবার্তা কহিতেছিল—বলাইয়ের মৃত্যু-সংক্রান্ত
কথাই বেশী। বীণা লক্ষ্য করিল কথা বলিতে বলিতে পটল-দা জানালার দিকে আগ্রহ-
দৃষ্টিতে চাহিতেছে। অগ্ন অগ্ন বার এতক্ষণ বীণা মায়ের কাছে গিয়া দাঁড়ায়, পটলের সঙ্গে
কথা শুরু করে—কিন্তু আজ সে ইচ্ছা করিয়াই যায় নাই। আর কখনো সে পটলদার সামনে
বাহির হইবে না। বেড়াইতে আসিয়াছে, ভালোই, মায়ের সঙ্গে গল্পগুজব করো, চলিয়া যাও
—আমার সঙ্গে তোমার কি? বাড়ীর মেয়েদের সঙ্গে তোমার কি?

প্রায় এক ঘণ্টা থাকিয়া পটল যেন নিরাশ মনে চলিয়া গেল। পটল যেমন বাড়ীর বাহির
হইল—বীণার তখন মনে পড়িল ছাদের উপর ওবেলা বৌদিদির রাঙা পাড় শাড়ীটা রোজে
দেওয়া হইয়াছিল—ভুলিয়া আনা হয় নাই। ছাদে উঠিয়া কাপড় তুলিতে তুলিতে সে নিজের
অজ্ঞাতপারে পথের দিকে চাহিয়া রহিল। ওই তো পটলদা চলিয়া যাইতেছে... জেতুল

গাছটার কাছে গিয়াছে...সে ছাদের উপরে দাঁড়াইয়া তাহার দিকে চাহিয়া আছে...বদি পটল-দা হঠাৎ কিরিয়া চায় ? বীণা কি লজ্জায় পড়িয়া যাইবে! পটল-দাকে একটা পান সাজিয়া দিলে ভাল হইত—দেওয়া উচিত ছিল, মা যেন কি! লোক বাড়ীতে আসিলে তাহাকে শুধু মুখে বিদায় করিতে নাই। ইহা ভদ্রতা। তাহাকে ডাকিয়া পান সাজিয়া দিতে বলিলেই সে পান দিত।

কাপড় তুলিয়া বীণা নামিয়া আসিল। তাহার মন খুব হালকা—ভালই হইয়াছে, আজ সে বুঝিয়াছে—পটলের সঙ্গে দেখা না-করা এমন কঠিন কাজ নয়, ইচ্ছা করিলেই হয়। একটা কঠিন কর্তব্য সে সম্পন্ন করিয়াছে।

বলাইয়ের শ্রাদ্ধ মিটিয়া গেলে পটল আর একদিন আসিল। বীণা উঠান ঝাঁট দিতেছিল, মুখ তুলিয়া কে আসিতেছে দেখিয়াই সে হাতের ঝাঁটা কেলিয়া ছুটিয়া বাড়ীর মধ্যে ঢুকিল। তাহার বৃকের মধ্যে যেন ঢেঁকির পাড় পড়িতেছে। মুখ শুকাইয়া গিয়াছে। বাড়ীর মধ্যে ঢুকিয়াই মনে হইল, হিং, অমন করিয়া ছুটিয়া পলাইয়া আসা উচিত হয় নাই।—পটলদা কি দেখিতে পাইয়াছে? বোধ হয় পায় নাই, কারণ তখনও সে তেঁতুলতলার মোড়ে; তেঁতুলগাছের গুঁড়িটার আড়ালে। যাহা হউক, পটল-দা তো বাঁচ নয়, ভালুকও নয়—অমনভাবে ছুটিয়া পলাইবার মানে হয় না। সহজভাবে মায়ের সামনে গিয়া কথা বলাই চো ভালো। ব্যাপারটাকে সহজ করিয়া তোলাই ভালো।

কিন্তু বীণা একদিনও বাহিরে আসিল না—এমন কি যখন পটল জল প্লাইতে চাহিল—বীণার মা বলিলেন, ওমা বীণা, তোর পটলদাদাকে এক গেলাস জল দিয়ে যা—বীণা নিজে না গিয়া বিপিনের বড়ছেলে টুহুর হাতে দিয়া জলের গ্লাস পাঠাইয়া দিল।

তাহার হাসি পাইতেছিল। মনে মনে ভাবিল—সব ছুটু মি পটল-দায়। জলতেষ্টা না ছাই পেয়েছে! আমি আর বুঝিনে ও সব যেন!

সে যাইবে না, কখনও যাইবে না। জীবনে আর কখনো পটল-দার সঙ্গে দেখা করিবে না। শেষ, সব শেষ হইয়া গিয়াছে।

৩

ইহার পাচ ছ'দিন পরে বীণা একদিন সন্ধ্যার সময় ছাদে শুকাইতে দেওয়া মুহুরির ডাল তুলিতে গিয়াছে—ছাদের আলিসার কাছে আসিতেই দেখিতে পাইল, পটল-দা নীচে বাগানের কাঁঠালতলায় দাঁড়াইয়া ওপরের দিকে চাহিয়া আছে।

বীণার সমস্ত শরীর দিয়া যেন কি একটা বহিয়া গেল! হঠাৎ পটল-দাকে এ ভাবে দেখিবে তাহা সে ভাবে নাই। কিন্তু আজ কয়দিন বীণা ছুপুরে ও বিকালের দিকে নির্জনে থাকিলেই ভাবিয়াছে পটল-দার কথা। অন্য কিছু নয়, সে শুধু ভাবিয়াছে এই কথা—আচ্ছা

এই যে দু'দিন সে পটল-দ্বার সঙ্গে ইচ্ছা করিয়াই দেখা করিল না, পটল-দ্বা কি ভাবে লইয়াছে জিনিসটা? খুব চট্টয়াছে কি? কিংবা হয়ত তাহার কথা লইয়া পটল-দ্বা আর মাথা ঘামায় না। তাহাকে মন হইতে দূর করিয়া দিয়াছে। দিয়া যদি থাকে, খুব বুদ্ধিমানের মত কাজ করিয়াছে। পটল-দ্বা কষ্ট পায়, তাহা বীণা চায় না। ভুলিয়া থাক, সেই ভালো। মনে রাখিয়া যখন কষ্ট পাওয়া, ভুলিয়া যাওয়াই ভালো।

দুপুরে এ কথা ভাবিয়া বীণা দেখিয়াছে বেলা যত পড়ে সেই কথাই মনের মধ্যে কেমন একটা—ঠিক বেদনা বা কষ্ট বলা হয়তো চলিবে না—কিন্তু কেমন একটা কি হয় ঠিক বলিয়া বোঝানো কঠিন—কি বলিয়া বুঝাইবে সে ভাবটা?... যাহোক, যখন সেটা হয়, বিশেষতঃ সন্ধ্যার দিকে, যখন বড় তেঁতুল গাছটায় কালো কালো বাতুড়ের দল ঝাঁক বাঁধিয়া ফেরে, সন্ধ্যের নারকেল গাছটার মাথায় একটা নক্ষত্র ওঠে, বৌদি সঁজালের মালসা হাতে গোয়ালঘরে মঁজাল দিতে ঢোকে, একটু পরেই ঘুঁটের ধোঁয়ায় উঠানের পাতিলেবুতলাটা অন্ধকার হইয়া যায়,—তখন ছাদের ওপর একা দাঁড়াইয়া বাঁশঝাড়ের মাথার দিকে চাহিয়া চাহিয়া বীণার যেন কান্না আসে...কোথাও কিছু যেন নাই কোথাও কিছু নাই...

এ ভাবটা সে বেশীক্ষণ মনে থাকিতে দেয় না—তখনি তাড়াতাড়ি ছাদ হইতে নীচে নামিয়া আসে। নিজের কান্নাতে নিজে লজ্জিত হয়, ভীত হয়।

অথচ কাহাকেও কিছু বলিবার উপায় নাই। কাহারও নিকট একটু মাঝনা পাইবার উপায় নাই। যা নয়, বৌদিদি নয়। কাহারও কাছে কিছু বলা চলিবে না, বীণা বোঝে। —এ তার নিজস্ব কষ্ট, অত্যন্ত গোপন জিনিস—গোপনেই সস্থ করিতে হইবে।

হঠাৎ এ সময় পটলদ্বাকে এ ভাবে দেখিয়া বীণা যেন কেমন হইয়া গেল। তাহার মুখ দিয়া কথা বাহির হইল না। পটল গাছের গুঁড়িটার দিকে আর একটু হটিয়া গেল। বীণার দিকে চাহিয়া একটু হাসিয়া বলিল—বীণা, আমার ওপর তোমার রাগ কিসের?

বীণা এবার কথা খুঁজিয়া পাইল। বলিল—রাগ কে বলে?

—দুদিন তোমাদের বাড়ী গেলাম, বাইরে এলে না, দেখা করলে না—রাগ নয়তো কি?

—রাগ নয় এমনি। কাজে ব্যস্ত ছিলাম।

—মিথ্যে কথা। কাজে ব্যস্ত থাকলেও একটু বাইরে আসা যায় না কি? না সত্যি বলো লক্ষ্মীটি, আমি কি দোষ করেছি?

—তুমি পাগল নাকি পটল-দ্বা? আচ্ছা, সন্ধ্যাবেলায় এখানে এসেছ আবার, লোকে দেখলে কি মনে করবে—তোমায় একদিন বারণ করে দিইছি মনে নেই! যাও বাড়ী যাও—

বীণা কথাটা বলিল বটে—কিন্তু তাহার মনের মধ্যে হঠাৎ একটা অদ্ভুত ধরণের আনন্দ আসিয়া জুটিয়াছে—সন্ধ্যার অন্ধকার অদ্ভুত হইয়া উঠিয়াছে, জোনাকীজলা অন্ধকার, সঁজালের ঘুঁটের চোখ-জালা-করা ধোঁয়ায় ঘনীভূত অন্ধকার।...

তাকে কেহ চায় নাই জীবনে এমন করিয়া—সে কথা কহে নাই বলিয়া ছুটিয়া আশলেওড়া

বিহুটিবনের আগাছায় জঙ্গলের মধ্যে, সাপে খায় কি ব্যাঙে খায়, সন্ধ্যার অন্ধকারে ভূতের মত দাঁড়াইয়া থাকে নাই কখনো—কাঙালের মত, একটুখানি মিষ্ট কথার প্রত্যাশী হইয়া—বিশেষ করিয়া যখন সে তাচ্ছিল্য দেখাইয়াছে, সামনে বাহির হয় নাই, কথা কয় নাই—তাহার পরেও,—এক পটল-দা ছাড়া।

পটল মিনতির স্বরে বলিল—কেন এমন করে তাড়িয়ে দেবে, বীণা? আমি কি করেছি বলা—

—তুমি কিছু করোনি। কিন্তু তোমার সঙ্গে আমার কথাবার্তা আর চলবে না—

—কেন চলবে না বীণা?

—কেউ পছন্দ করে না।

—কেউ মানে কে কে, স্নতে পাবো না?

—না—তা স্ননে কি হবে? ধরো আমার বাড়ীর লোক। আমি তো স্বাধীন নই—
তাঁরা যদি বায়ণ করেন, অসন্তুষ্ট হন, আমার তা করা উচিত নয়।

—তুমি আমায় ভালবাসো না?

বীণা চুপ করিয়া বসিয়া রহিল।

—আমার কথার উত্তর দাও, বীণা!

—আচ্ছা পটল-দা, ও কথার উত্তর স্ননে লাভই বা কি? আমার আর তোমার সঙ্গে দেখা করা চলবে না। তুমি কিছু মনে করো না পটল-দা, এখন বাড়ী যাও, লোকে কি মনে করবে বলা তো। সন্ধ্যাবেলা এখানে দাঁড়িয়ে আমার সঙ্গে কথা বলছ দেখলে বৌদি এখুনি ছাড়ের ওপর আসবে, তুমি যাও এখন।

—আচ্ছা এখন যাচ্ছি, কাল আসবো?

—না।

—পরশ আসব?

—না।

—কবে আসবো, আচ্ছা তুমিই বল বীণা।

—কোনোদিন না। কেন আমায় এসব কথা বলাচ্ছ পটল-দা? আমি এক কথার দাঁহু—বা বলেছি, তা বলেছি। এখন যাও।

—তাড়াবার লগ্নে অত ব্যস্ত কেন বীণা, যাবোই তো, থাকতে আসিনি। বেশ তাই যদি তোমার ইচ্ছে হয় তবে চলাম—এ-ও বলে রাখছি, জীবনে আর কখনও আমায় দেখতে পাবে না।

—না পাই না পাবো, তা আর কি হবে? না পটল-দা, আর বকিও না, কথায় কথা বাড়ে, আমি নীচে নেবে যাই, বৌদিদি কি মনে করবে—কতক্ষণ ছাড়ের ওপর এলেছি।

পটল আর কোনো কথা না বলিয়া চলিয়া গেল। কিন্তু বীণা যেমন সিঁড়ির মুখে নামিতে যাইবে দেখিল অন্ধকারের মধ্যে মনোরমা দাঁড়াইয়া আছে। বৌদিদির ভাব দেখিয়া

বীণার মনে হইল সে বেশীক্ষণ আসে নাই—এবং সিঁড়িতে দাঁড়াইয়া তাহাদের শেষ কথা শুনিয়াছে।

আসলে মনোরমা কিছুই শুনিতে পায় নাই—কিন্তু ছাদে উঠিবার সময় বীণা কাহার সঙ্গে সন্ধ্যাবেলা কথা কহিতেছে জানিবার জন্য সিঁড়ির মুখে অন্ধকারে দাঁড়াইয়া ছিল। এবং অল্প কিছুক্ষণ দাঁড়াইবার পরেই বীণা কথা বন্ধ করিয়া তাহার সঙ্গে ধাক্কা খাইল।

মনোরমা বলিল—কার সঙ্গে কথা বলছিলে ঠাকুরঝি ?

বীণা কাঁজের সঙ্গে বলিল—জানিনে—সরো—রাস্তা দাঁও—উঠে এসে দাঁড়িয়ে তো আছ দিব্যি অন্ধকারে! বাবারে, সবাই মিলে পাও আমাকে—খেয়ে ফেল—বলিয়া সে তরতর করিয়া নামিয়া গিয়া মায়ের ঘরে একখানা ছেঁড়া মাছুর এককোণে পাতিয়া সোজা হুজি শুইয়া পড়িল।

মনোরমা মনে মনে বড় অস্বস্তি বোধ করিল। বীণা আবার গোপনে পটলের সঙ্গে দেখাশুনা করিতেছে তাহা হইলে! নিশ্চয়ই পটল ও—আর কাহার সঙ্গে সন্ধ্যাবেলা ছাদ হইতে চাপাহুরে কথাবার্তা বলিবে সে! ঠাকুরঝির রাগের কারণই বা কি আছে তাহা সে বুঝিয়া পাইল না! সে আড়ি পাতিয়া কাহারো কথা শুনিতে যায় নাই সিঁড়ির ঘরে। কি কথা হইতেছিল, কাহার সহিত কথা হইতেছিল তাহাও সে জানে না—তবে আশ্চর্য করিয়াছিল বটে। দুশ্চিন্তায় মনোরমার রাঙে ভাল ঘুম হইল না। ঠাকুরঝি দিনকতক পটলের সামনে বাহির হইত না, তাহাতে মনোরমা খুব খুশী হইয়াছিল মনে মনে। কিন্তু এত বলার পরেও আবার যখন শুরু করিল তাও আবার লুকাইয়া, তখন ফল ভাল হইবে না।

কি করা যায়, কি করিয়া সংসারে শান্তি আনা যায়? তাহাদের বাড়ীটাকে যেন অলঙ্ঘ্যেতে পাইয়া বসিয়াছে। দারিদ্র্য, রোগ, মৃত্যু...অনাচার...কুংসা কলঙ্ক...বীণা ঠাকুরঝি যে রাগ করে, নতুবা কাল দুপুরবেলা রান্নাঘরে বসিয়া সে বেশ করিয়া বুঝাইয়া সুঝাইয়া বলিতে পারে। বলিতে পারে যে, এসব ব্যাপারের ফল কখনও ভাল হয় না। পটল বিবাহিত লোক, তাহার স্বীপুত্র বর্তমান, বীণাকে লইয়া নাটানো ছাড়া তাহার আর কি ভাল উদ্দেশ্য থাকিতে পারে? সমাজে থাকিতে হইলে সমাজ মানিয়া চলিতে হয়—বীণা বিধবা, বিশেষত ছেলেমানুষ, অনেক বুঝিয়া তাহাকে এখন সংসারে চলিতে হইবে।...কিন্তু বীণা শুনিবে কি তাহার হিতোপদেশ?

ইহার পর পটল আর একদিন আসিল। অমনি সন্ধ্যাবেলা, অমনি ভাবে লুকাইয়া। কিন্তু এদিন বীণা গৃহকর্মে ব্যস্ত ছিল, ছাদে ঘাইবার প্রয়োজন ছিল না বলিয়া বাস্তব নাট। ছাদে গিয়াছিল মনোরমা। সিঁড়ির মুখে নামিবার সময় দেখিতে পাইল পটল কাঁটালতলায় দাঁড়াইয়া আছে। তাহাকে দেখিয়াই পটল সিঁড়ির আড়ালে সরিয়া ঘাইবার উপক্রম করিল, একটু খতমত খাইয়া গেল—তাহাকেই বীণা বলিয়া ভুল করিয়াছিল সন্ধ্যার অন্ধকারে নাকি? মনোরমার হাসিও পাইল। ভাবিল—পোড়ার মুখো ড্যাকরার কাণ্ড থাকে। জঙ্গলের মধ্যে এই ভয় সন্ধ্যাবেলা দাঁড়িয়ে মরছেন মশার কামড় খেয়ে। খ্যাংরা মারো মুখে—। বীণাকে সে কিছুই বলিল না নীচে নামিয়া। তাহাকে চোখে চোখে রাখিল, বীণা চুপি চুপি ছাদে যায় কিনা। গুদের মধ্যে নিশ্চয় পূর্ব হইতে বলা-কওয়া ছিল।

রাত্রে শুইবার সময় সে কৌশল করিয়া বীণাকে কথাটা বলিল।

—আজ হয়েছে কি জানো ঠাকুরবি, ওপরে তো ছাদে গিয়েছি সন্ধ্যার সময়—দেখি কে একজন কাঁটালতলায় দাঁড়িয়ে—ভাল করে চেয়ে দেখি—

বীণার মুখ শুকাইয়া গেল। বলিল—পটল-দা?

মনোরমা খিল খিল করিয়া হাসিয়া ফেলিল। হাসির ধমকে কথা উচ্চারণ করিতে না পারিয়া ষাড় নাড়িয়া জানাইল, “পটল-ই বটে।”

—আমি তোমার পা ছুঁয়ে বলতে পারি বৌদি, আমি কিছুই জানি নে।

বীণা কিন্তু একথা কিছুতেই বলিতে পারিল না যে সে পটল-দাকে সেদিনই আসিতে নিষেধ করিয়া দিয়াছে। সে কথা তাহার আর পটল-দার মধ্যে গুপ্ত থাকিবে—বাহিরের লোককে তাহা জানাইলে পটল-দার অপমান হইবে। লোকের সামনে পটল-দাকে সে ছোট করিতে চায় না। তাহার মন তাহাতে সায় দেয় না।

কিন্তু আশ্চর্য, এত বলার পরও পটল-দা আবার আসিয়াছিল! রাত্রে শুইয়া শুইয়া কতবার পটলের উপর রাগ করিবার... দারুণ রাগ করিবার চেষ্টা করিল। ভারি অত্যন্ত পটল-দার, যখন সে বারণ করিয়া দিয়াছে, তখন কেন আবার দেখা করিবার চেষ্টা পাওয়া? ছিঃ ছিঃ, বৌদিদি'না দেখিয়া যদি অল্প লোক দেখিত? পটল-দা লোক ভাল নয়। ভাল লোক নয়। খারাপ চরিত্রের লোক। ভাল চরিত্রের লোক যারা তারা এমন করে না।

আচ্ছা, একটা কথা—তাহারই সঙ্গে বা পটল-দা দেখা করিবার অত আগ্রহ কেন দেখায়? আরও তো কত মেয়ে আছে। এই অন্ধকারে... আগাছার জঙ্গলের মধ্যে দাঁড়াইয়া—সত্যি যদি সাপে কামড়াইত? কথাটা মনে করিবার সঙ্গে সঙ্গে পটলের উপর এক প্রকার অদ্ভুত ধরনের সহায়ত্ব আশিয়া জুটিল বীণার মনে। মাগো, পটল-দাকে সাপে কামড়াইত! না, ভাবিতেও কষ্ট হয়। তাহারই জন্ত পটল-দাকে সাপে কামড়াইত তো? আর কেহ তো তাহার

জ্ঞ ভাবে না, তাহার মুখের কথা শুনিবার অত আগ্রহ দেখায় না, সংসারে কে তাহার জ্ঞ ভাবিয়া মরিতেছে? কোন্ আলো আছে তাহার জীবনে?...

এই শূন্য, অন্ধকার জীবনের মধ্যে তবুও পটল-দা তাহার সঙ্গে একটু কথা কহিবার ব্যাকুল আগ্রহে রাজি, অন্ধকার, সাপের ভয়, মশার কামড়, লোকনিন্দা অগ্রাহ করিয়া চোরের মত দাঁড়াইয়া থাকে, ভাঙা কোঠার পাশের জঙ্গলের মধ্যে—যেখানে বিছুটি জঙ্গল এমন ঘন যে দিনমানেই যাওয়া যায় না! তাও দাঁড়াইয়া দাঁড়াইয়া বৃথা ফিরিয়া গেল। চোখের দেখাও তো তাকে দেখিতে পায় নাই।

নিজের স্বামীকে বীণা মনে করিতে পারে—খুব সামান্য, অস্পষ্টভাবে। এগার বৎসর বয়সে বীণার বিবাহ হয়। এক বৎসর পরে বাপের বাড়ী থাকিতেই একদিন সে শুনিল স্বামীর মৃত্যু হইয়াছে। মনে আছে, বেশ ছেলেটি। খুব অল্পদিন দেখাশোনা হইয়াছিল। কোথায় স্কুলে পড়িত, শ্বশুরশাশুড়ী তাকে বাড়ী বেশীদিন থাকিতে দিতেন না—স্কুল-বোর্ডিং-এ পাঠাইয়া দিতেন।

সে-সব আজকার কথা নয়—বীণার বয়স এখন তেইশ চব্বিশ—বারো বছর আগের কথা, স্বপ্ন হইয়া গিয়াছে।

হঠাৎ বীণা দেখিল সে কাঁদিতেছে—হাপুস নয়নে কাঁদিতেছে, বালিশের একটা ধার একেবারে ভিজিয়া গিয়াছে চোখের জলে।

৫

দেনা জড়াইয়া গিয়াছে একরাশ। কোনো দোকানে আর ধার পাইবার জো নাই।

কৃষ্ণলাল চক্রবর্তী সংসারের বন্ধু, দুবেলাই যাতায়াত করেন, খোঁজ খবর যা লইবার, তিনিই লইয়া থাকেন, অল্প লোকে বড় একটা ইহাদের লইয়া মাথা ঘামায় না।

সেদিন সন্ধ্যাবেলা রোয়াকে বসিয়া কথাবার্তা কহিতে কহিতে কৃষ্ণলাল বলিলেন, পলাশ-পুর ধাবার তোমার আর দেরি কিসের হে বিপিন? বেরিয়ে পড়, চল যাও এবার। তোমার দোষ একবার বাড়ী এসে চেপে বসলে তুমি নড়তে চাও না।

—আপনার কাছে আর লুকোব না কাকা, চাকুরি গিয়েছে আজ মাস খানেক হোল, অনাদিবাবু চিঠি লিখে জানিয়েছিলেন যদি আমি এক হপ্তার মধ্যে না ফিরি, তিনি অল্প লোক রাখতে বাধ্য হবেন। সে চিঠির উত্তর দিই নি।

—চিঠির উত্তর দাও নি? না খেতে পেয়ে কষ্ট পাচ্চ সে ভালো খুব, না? তোমার উপায় যে কি হবে আমি কিছু বুঝি নে বাপু! না, শোনো, আমার মনে হয় তোমার চাকুরি এখনও যায় নি। নতুন লোক খুঁজে পাওয়া শক্তও বটে, আর বিশ্বাস থাকে তাকে করাও যায় না বটে। তুমি যাও, কাল সকালেই হুর্গা বলে বেরিয়ে পড়।

—বেরিয়ে পড়বো কাঁকা, তবে সে দিকে নয়। আমি ডাক্তারি করবো ভেবে রেখেছি অনেক দিন। ওই সোনাতনপুর, কামার গাঁ, শিপুলিগাড়া এ সব অঞ্চলে ডাক্তার নেই। কে বাবে ওসব অজ পাড়াগাঁয়ে মরতে? আমি সোনাতনপুরে বসবো ভেবেছি। সোনাতনপুরের রামনিধি দস্ত ওখানকার মধ্যে একজন বিশিষ্ট লোক, সেখানে গিয়ে বাবার পুরিচয় দিয়ে ওই গাঁয়েই বসবো। দেখি কি হয়। জমিদারী শাসন আর প্রজা ঠ্যাড়ানো, ও আর করচি নে কাঁকা। বলাই মারা যাওয়ার পর আমি ব্যত পেরেচি ও কাজে হুখ নেই। আর আমি ওপথে—

কৃষ্ণলাল অবাধ হইয়া বলিলেন, ডাক্তারি করবে! ডাক্তারি শিখলে কোথায় ভূমি যে ডাক্তারি করবে! যত বদখেয়াল কি তোমার মাথায় আসে!

—ডাক্তারি আমি করেচি এর আগেও। ধোপাখালির কাছারিতে বসে। আর শেখার কথা বলচেন, কেন বই পড়ে বুকি শেখা যায় না? জমিদার বাবুর মেয়ে আমাকে কতকগুলো ডাক্তারি বই দিয়েছিল, তাই পড়ে শিখেচি। সেই আমায় ডাক্তারি করতে পরামর্শ দেয়, কাঁকা। বলেছিল, তার এক দেওর বীজপুরে ডাক্তারি করে, তার কাছে গিয়ে শেখার ব্যবস্থা করে দেবে—ও-ই বলেছিল। বেশ চমৎকার মেয়ে, মনটিও খুব ভাল, আমায় বলেছিল—

হঠাৎ বিপিন দেখিল মানীর কথা একবার আসিয়া পড়িয়াছে যখন, তখন ওর কথাই বলিবার ঠোঁক তাহাকে পাইয়া বসিয়াছে। ডাক্তারির কথা গৌণ, মুখ্য কাজ মানীর সখস্কে কথা বলা। কৃষ্ণকাকার সামনে!

বিপিন চূপ করিল।

কৃষ্ণলাল বলিলেন, জমিদার বাবুর মেয়ে? বিয়ে হয়েছে? তোমার সঙ্গে কি ভাবে আলাপ?

আজ্ঞে হ্যাঁ, বিয়ে হয়েছে বৈকি। বাইশ তেইশ বছর বয়েস। আমার সঙ্গে তো ছেলেবেলা থেকেই আলাপ ছিল কি না! বাবার সঙ্গে ওদের বাড়ী ছেলেবেলায় যেতাম, তখন থেকেই আলাপ। একসঙ্গে খেলা করেচি। এখনও আমাকে যত্নাতি করে বড্ড, আর কিসে আমার ভাল হো সর্বদা ওর সৈদিকে—

বিপিনের গলার স্বরে কৃষ্ণলাল একটু আশ্চর্য হইয়া উহার দিকে চাহিয়া ছিলেন, বিপিন আবার দেখিল সে মানীর সখস্কে প্রয়োজনের অতিরিক্ত কথা বলিয়া ফেলিতেছে। কি যেন অভূত নেশা! মানীর সখস্কে কতকাল কাহারও কাছে কোনো কথা বলে নাই। আজ যখন ঘটনাক্রমে তাহার কথা আসিয়া পড়িয়াছে, তখন আর থামিতে ইচ্ছা করে না কেন? অনবরত তাহার কথা বলিতে ইচ্ছা করে কেন?

বিপিন আবার চূপ করিয়া রহিল।

কৃষ্ণলাল বলিলেন, তা বেশ। তোমার সঙ্গে এবার বুকি দেখাশুনো হয়েছিল? স্বপ্ন-বাড়ী থেকে এসেছিল বুকি?

না, বিপিন আর কিছু বলিবে না। সে সামলাইয়া লইয়াছে নিজেকে। কৃষ্ণলালের প্রব্লেম উত্তরে সংক্ষেপে বলিল, হ্যাঁ। তাহার বৃকের মধ্যে ধড়াস্ ধড়াস্ করিতেছে, কেমন এক প্রকারের উত্তেজনা। মানীর কথা এতদিন কাহারও সহিত হয় নাই, অনেক জিনিস চাপা পড়িয়াছিল। হঠাৎ অনেক কথা, অনেক ছবি তাহার মনে পড়িয়া গেল মানীর সম্বন্ধে। কান দুটা যেন গরম হইয়া উঠিয়াছে, লাল হইয়া উঠিয়াছে কি দেখিতে? কৃষ্ণলাল কি দেখিতে পাইতেছেন?

৬

দিন পনেরো পরে।

রাত্রে একদিন মনোরমা বলিল, তোমায় তো কোনো কথা বললেই চটে যাও। কিন্তু আমার হয়েছে যত গোলমাল, ঝক্কি পোয়াচ্ছি আমি। তিন দিন কাঠা হাতে করে এর-ওর বাড়ী থেকে চাল ধার করে আনি, তবে হাড়ি চড়ে। আমি মেয়েমানুষ, ক'দিন বা আমাকে লোকে দেয়? পাড়ায় আর ধার পাওয়া যাবে না, এবার বে-পাড়ায় বেরুতে হবে কাল থেকে। তা আর কি করি, কাল থেকে তাই করবো! ছেলেগুলো উপোস করবে, মা উপোস করবেন, এ তো চোখে দেখতে পারবো না!

মনোরমার কথাগুলি খুব ঋণাত্মক বলিয়াই বোধ হয় বিপিনের কাছে তিক্ত লাগে। সে ঝাঁজের সহিত বলিল, তা এখন তোমাদের জন্তে চুরি করতে পারবো না তো। না পোষায়, ভাইকে চিঠি লিখো, দিনকতক গিয়ে বাপের বাড়ী ঘুরে এসো। সোজা কথা আমার কাছে। মনোরমা কাঁদিতে লাগিল।

নাঃ, বিপিনের আর সহ হয় না। কি যে সে করে! চাকুরি তাহার নিজের দোষে যায় নাই। বলাইয়ের অস্থখ, বলাইয়ের মৃত্যু, বাণার ব্যাপার, নানা গোলযোগ। সে ইচ্ছা করিয়া চাকুরি ছাড়িয়া আসে নাই। অথচ স্ত্রী দেখিতেছে সবটাই তাহার দোষ।

রাত্রি অনেক হইয়াছে। পল্লীগ্রামের লোক সকালে সকালেই শুইয়া পড়ে। কোনো দিকে কোনো শব্দ নাই। উত্তর দিকের ভাঙা জানালাটার ধারেই তক্তপোশখানা পাতা। বিপিন উঠিয়া দালান হইতে তামাক সাজিয়া আনিয়া তক্তপোশের উপর বসিয়া জানালা দিয়া বাহিরের দিকে চাহিয়া হুঁক টানিতে লাগিল। জানালার বাহিরের কোঠার গায়ে লাগানো ছোট তরকারীর ক্ষেত, বলাই গত চৈত্র মাসে কুমড়া পুঁতিয়াছিল। এখন খুব বড় গাছ হইয়া অনেকখানি জায়গা জুড়িয়া লইয়াছে বাগানে। তরকারীর ক্ষেতের পর তাহাদের কাঁঠাল গাছ, তারপর রাস্তা, রাস্তার ওপারে নবীন বাঁড়ুঘোর বাঁশঝাড় ও গোহাল। ঘন ঠাস-বুনানি কালো অন্ধকার বাঁশঝাড়ের সর্বান্ধ অসংখ্য জোনাকি জলিতেছে।

মনোরমার উপর তাহার সহানুভূতি হইল। বেচারী অবস্থাপন্ন গৃহস্থ ঘরের মেয়ে,

তাহাদের বাড়ীতে অনেক আশা করিয়াই উহার জ্যাঠামশাই বিবাহ দিয়াছিলেন। এখন খাইতে পায় না পেট ভরিয়া ছুবেলা। পাড়ায় কোথাও সে বাহির হয় না, সমবয়সী বৌ-ঝিয়ার সঙ্গে কমই বেশ, কারণ গরীব বলিয়াও বটে এবং বীণার ব্যাপার লইয়াও বটে, নানা অতীতিকর কথা শুনিতে হয় বলিয়া সে কোথাও বড় একটা যায় না। শ্বরের কাজ লইয়াই থাকে।

বিপিন বলিল, কেঁদো না, বলি শোনো।

মনোরমা কথা कहিল না, আঁচল দিয়া চোখ মুছিতে লাগিল। আধ-ময়লা শাড়ীর আঁচলটা মাদুর হইতে খানিকটা মেঝের উপর লুটাইতেছে। সত্যই কষ্ট হয় দেখিলে।

—শোনো, আমি কাল কি পরশু বাড়ী থেকে বাই। পিপলিগাড়া গিয়ে ডাক্তারি করবো ভেবেছি। তুমি কি বেলো? পিপলিগাড়া বেশ গাঁ, চাষীবাসী লোক অনেক। হয়তো কিছু কিছু পাবো। তুমি কি বেলো?

স্বামী তাহার মতামত চাহিতেছে, ইহা মনোরমার কাছে এক নতুন জিজ্ঞাসা বটে। সে একটু আশ্চর্য হইল, খুশীও হইল। চোখের জল মুছিয়া বিপিনের দিকে চাহিয়া বলিল, তুমি ডাক্তারি জানো?

—জানিই তো। ধোঁপাখালি থাকতে রুগী দেখতাম।

—কোথা থেকে শিখলে ডাক্তারি?

—বই পেয়েছিলাম জমিদার-বাড়ীর ইয়ে মানে লাইব্রারি থেকে। বেশ বড় লাইব্রারি আছে কিনা ওঁদের বাড়ী।

মনোরমার পিতৃগৃহ গোয়াড়ি কুম্বনগর। সে বলিল, লাইব্রারি আবার কি? লাইব্রেরি তো বলে! আমাদের পাড়ায় মশ লাইব্রেরি আছে গোয়াড়িতে। জেঠীমা বই আনাতেন, আমরা ছুপুরবেলা পড়তাম।

—ওই হোলো, হোলো! তা আমি বলছিলাম কি, দিনকতকের জন্তে একবার ঘুরে এসো না কেন সেখানে? আমি একটু সামলে নিই। যদি পিপলিগাড়ায় লেগে যায়, তবে পূজোর পরেই নিয়ে আসবো এখন। কি বেলো?

মনোরমা বলিল, সেখানে যাব কোন্ মুখ নিয়ে? নিজের বাবা মা থাকলে অন্য কথা ছিল। জ্যাঠামশায় বিয়ের সময় যা দিয়েছিলেন, তুমি তা ঘুচিয়েছ। শুধু গায়ে শুধু হাতে তাদের সেখানে গিয়ে দাঁড়াব যে, তারা হল বড়লোক, দুই জ্যাঠাতুতো বোন ইস্কুল কলেজে পড়ে, বউদিদিরা বড়লোকের মেয়ে, তারা মুখে কিছু না বললেও মনে মনে হাসে। তার চেয়ে না খেয়ে এখানে পচে মরি সেও ভাল।

যুক্তি অকাটা। ইহার উপর বিপিন কিছু বলিতে পারিল না। বলিল, তা নয় মনোরমা, আমি ডাক্তারিতে বসলেই আজই যে হড়্ হড়্ করে টাকা ধরে আসবে তা তো নয়। ছদ্দিন একটু আহার নির্ভাবনায় থাকতে না দিলে আমি তোমাদের বেঞ্চডাডায় কেলে রেখে গিয়ে কি সোয়াপ্তি পাব? তাই বলছিলাম।

মনোরমা বলিল, তুমি এস গিয়ে, আমাদের ভাবনা আমরা ভাববো।

— ঠিক ? সে ভার নেবে তো ?

— না নিয়ে উপায় কি বল।

দিন চার পাঁচ পরে বিপিন ছোট্ট একটি টিনের স্কটকেস্ হাতে করিয়া পিশলিপাড়া রামনিধি দত্ত মহাশয়ের বহির্বাটিতে আসিয়া উপস্থিত হইল। বেলা প্রায় বারোটা বাজে। সকালে বাড়ী হইতে বাহির হইয়া হাঁটিতে হাঁটিতে আসিয়াছে। পায়ে এক পা ধূলা, পায়ের কামিজটি ঘামে ভিজিয়া গিয়াছে।

রামনিধি দত্তের বাড়ী দেখিয়া সে কিছু হতাশ হইল। ভাড়া পুরানো কোঠাবাড়ী, বছকাল মেরামত হয় নাই, কানিসে স্থানে স্থানে বট অশখের চারা গজাইয়াছে। আর কি ভয়ানক জঙ্গল গ্রামটিতে ! শুধু আমের বাগান আর ঘন নিবিড় বাঁশবন।

দত্ত মহাশয়কে পূর্বে সে একখানা চিঠি লিখিয়াছিল, তিনি বিপিনকে আসিতেও লিখিয়াছিলেন : তবুও নতুন অচেনা জায়গায় আসিয়া বিপিনের কেমন বাধা বাধা ঠেকিতে লাগিল, বাহিরবাটা চণ্ডীমণ্ডপে উঠিয়া সে স্কটকেস্টি নামাইয়া একখানা হাতল-ভাড়া চেয়ারের উপর বসিয়া চারিদিকে একবার চাহিয়া দেখিল। চণ্ডীমণ্ডপটি সেকালের, দেখিলেই বোঝা যায়। নিম্ন কাঠের বড় কড়ি হইতে একটা কাঠের বিড়াল ঝুলিতেছে, সেকালের অনেক চণ্ডীমণ্ডপে এ রকম বিড়াল কিংবা বাঁদর ঝুলিতে বিপিন দেখিয়াছে। একদিকে রানীকৃত বিচালি, অত্রদিকে একখানা তক্তপোশের উপর একটা পুরানো শপ্ বিছানো। ঘরের মেঝেতে একস্থানে তামাক খাইবার উপকরণ—টিকে, তামাক, হাঁকা, কলিকা। ইহা ব্যতীত অত্র কোন আসবাব চণ্ডীমণ্ডপে নাই।

রামনিধি দত্ত খবর পাইয়া বাহিরে আসিয়া বলিলেন—আপনিই ডাক্তারবাবু ? ব্রাহ্মণের চরণে প্রণাম। আহ্নন আহ্নন। বড় কষ্ট হয়েছে এই রোদ্দুরে ?

বুদ্ধ বিবেচক লোক, অল্প কিছুক্ষণ কথা বলিবার পর তিনি বলিলেন, আপনি বহ্নন, আমি জল পাঠিয়ে দিই হাত পা ধোবার। জামা খুলে একটু বিশ্রাম করুন, তারপরে পাশেই নদী, ওই বাঁশ-বাড়টার পাশ দিয়ে রাস্তা। নেয়ে আসবেন এখন। তেল পাঠিয়ে দিচ্ছি।

স্নান করিতে গিয়া নদীর অবস্থা দেখিয়া বিপিন প্রমাদ গণিল। কচুরীপানার দ্বায়ে স্নানের ঘাটের জল পর্যন্ত এমন ছাইয়া ফেলিয়াছে যে, জল দেখাই যায় না। জল রাস্তা, স্নান করিয়া উঠিলে গা চুলকায়। কোনরকমে স্নান সারিয়া সে ফিরিল।

বুদ্ধ বলিলেন, এত বেলায় বাস্না করতে গেলে আপনার যদি কষ্ট হয় তবে বলুন চিঁড়ে আছে, দুধ আছে, ভাল কলা আছে, নারকোলকোরা আছে, আনিয়ে দিই। ওবেলা বরং সকাল সকাল রান্নার ব্যবস্থা করে দেব এখন।

ইতিমধ্যে দশ-এগারো বছরের একটি ছেলে একখানা রেকাবিতে একপাশে খানিকটা নারিকেলকোরা আর এক পাশে একটু গুড় লইয়া আসিল। বুদ্ধ বলিলেন, জল খেয়ে

নিন, সেই কখন বেরিয়েছেন, ব্রাহ্মণ দেবতা, স্নান-আহ্নিক না হলে তো জল খাবেন না, কষ্ট কি কম হয়েছে! ওরে, জল আনলি নে? খাবার জল ষাট করে নিয়ে আয়, সন্ধ্যা-আহ্নিক হয়েছে কি?

বিপিন দেখিল দত্ত মহাশয় গোঁড়া হিন্দু। এখানে যদি স্নানমর্জ্জন করিতে হয়, তবে তাহাকে সব নিয়মকানুন মানিয়া আচারনিষ্ঠ ব্রাহ্মণসম্মান সাজিয়া থাকিতে হইবে। স্মৃতরাং সে বলিল, সন্ধ্যা-আহ্নিক নদী থেকে সারব ভেবেছিলাম কিন্তু তা তো হোল না, এখানেই একটু—

—হ্যাঁ হ্যাঁ, আমি সব পাঠিয়ে দিচ্ছি। এখানেই সেরে নিন।

ও: ভাগ্যে সে বাড়ীতে পা দিয়াই একঘাট জল চাহিয়া লইয়া খায় নাই! তাহা হইলে এ বাড়ীতে তাহার মান থাকিত না। অবস্থা-বিপর্যয় ষাটলে কি কষ্টেই পড়িতে হয় মানুষকে।

—তা হলে রান্নার ব্যবস্থা করে দেব, না চিড়ে খাবেন এ বেলা?

—না না, রান্না আর এত বেলায় করতে পারব না। এ বেলা যা হয়—

দত্ত মহাশয় মহাব্যস্ত হইয়া বাড়ীর ভিতর চলিয়া গেলেন।

নবম পরিচ্ছেদ

১

বিপিন থাকে দত্ত মহাশয়ের চণ্ডীমণ্ডপে, পাশের একখানা ছোট চালাঘরে রাখিয়া খায়। দত্ত মহাশয় বাড়ী হইতেই প্রতিদিন চালডাল দেন, বিপিনের তাহা লইতে বাধ বাধ ঠেকিলেও উপায় নাই, বাধ্য হইয়া গ্রহণ করিতে হয়।

একদিন রোগী দেখিয়া সে একটি টাকা পাইল। দত্ত মহাশয়ের নাতিকে ডাকিয়া বলিল, হীক, আজ তোমার মাকে বল, আজ আর আমায় লিখে পত্রঠাতে হবে না। রুগী দেখে কিছু পেয়েছি, তা থেকে জিনিসপত্র কিনে আনব।

এখানে কিছুদিন থাকিয়া সে দেখিল একটা ভাস্করখানা না খুলিলে ব্যবসা ভাল করিয়া চলিবে না। পাশের গ্রামের নাম কাপাসডাঙ্গা, সেখানে সপ্তাহে দুইবার হাট বসে, আট দশখানি গ্রামের লোক একত্র হয়। দত্ত মহাশয়ের সহিত পরামর্শ করিয়া সেখানে হাটতলায় এক চালাঘরে টিনের উপর আলকাত্তরা দিয়া নিজের নাম লিখিয়া খুলাইল। একটা কেরোসিন কার্ঠের টেবিলে অনেকগুলি পুরানো শিশি বোতল সাজাইয়া দত্ত মহাশয়ের চণ্ডীমণ্ডপ-হইতে সেই হাতলভাঙ্গা চেয়ারখানা চাহিয়া আনিয়া টেবিলের সামনে পাতিয়া, রীতিমত ডিসপেনসারি খুলিয়া বলিল।

এ গ্রামেও লোক নাই, যেখানে সে থাকে সেখানেও লোক নাই। তাহার উপর নিবিড় জঙ্গল দুই গ্রামেই। দিনমানেই বাঘ বাহির হয় এমন অবস্থা। কথা কহিবার মাহুষ নাই। সকালে উঠিয়া সে এখানে আসিয়া ডাক্তারখানায় বসে, দুপুরে ফিরিয়া স্নান ও রান্নাবান্না করে। আহা়াস্তে কিছু বিশ্রাম করিয়া আবার হাটতলায় আসিয়া ডাক্তারখানা খোলে। চুপ করিয়া সন্ধ্যা পর্য্যন্ত বসিয়া থাকে, তারপর অঙ্ককার ভাল করিয়া হইবার পূর্বেই দস্তবাড়ী ফিরিয়া যায়, কারণ পথের দুধারের বনে বাঘের ভয় আছে।

রোগী বিশেষ আসে না। এসব অজ্ঞ পাড়াগায়ে লোকে চিকিৎসা করাইতে শেখে নাই, ঝাড়-ফুক শিকড়-বাকড়েই কাজ চালায়। বিপিন তাহা জানে, কিন্তু জানিয়া উপায় কি? তাহার মত হাতুড়ে ডাক্তারের কোন্ শহরে স্থান হইবে?

বাড়ীতে তাহার বাবার একজোড়া পুরানো চশমা পড়িয়া ছিল, সেটা সে সঙ্গে আনিয়াছিল, ডাক্তারখানায় বসিবার বা দৈবাৎপ্রাপ্ত কোন রোগীর বাড়ী ঘাইবার সময়ে সেই চশমা চোখে লাগায়। কিন্তু সব সময় চোখে রাখা যায় না, সে চশমার কাচের ভিতর দিয়া সব যেন ঝাপসা দেখায়, যুবকের চোখের উপযুক্ত চশমা নয়, কাজেই অধিকাংশ সময়েই চশমা চোখ হইতে খুলিয়া পুঁছিবার ছুতা করিয়া হাতে ধরিয়া রাখিতে হয়।

আশপাশের গ্রাম হইত মাঝে মাঝে লোক হাটবারে আসিয়া ডিস্পেন্সারিতে বসে। তাহার প্রায়ই নিরঙ্কর চাবী, চশমা-পরা ডাক্তারবাবুকে দেখিয়া সন্ত্রমের সহিত বলে, স্ত্রীলাম ডাক্তারবাবু, ভাল আছ? আপনার ডিস্পিনসিল ভাল চলছেন?

নিজেদের মধ্যে বলাবলি করে, বড় ডাক্তার গো। ভাল জায়গার ছাওয়াল, হাতের পানি খালি' ব্যামো সারে। চেহারাখানা ঝাঞ্চ না চাচা?

কিন্তু ওই পর্য্যন্ত। পসার যে খুব বেশী জমে, তা নয়। ইহার নিতান্ত গরীব, পয়সা দিবার ক্ষমতা ইহাদের নাই।

২

একদিন একজন লোক তাহাকে আসিয়া বলল, ডাক্তারবাবু, আপনাকে একটু দয়া করে যাতি হবে, কঙ্গীর অবস্থা খুব সঙ্গীন। নরোত্তমপুরের ষড় ডাক্তার এয়েছেন, আপনার নাম শুনে বললেন আপনাকে ডাক্তারি। সলাপলামর্শ করবার জন্তি।

বিপিন গতিক স্থবিধা বুলিল না। ষড় ডাক্তারের নাম সে শুনিয়াছে, তাহারই মত হাতুড়ে বটে তবে অভিজ্ঞ ব্যক্তি, অনেক দিন ধরিয়া নাকি এ কাজ করিতছে আর সে একেবারে নতুন, যদি বিজ্ঞা ধরা পড়িয়া যায় তবে পসার একেবারে মাটি হইবে। বিপিন লোকটাকে তাড়াইবার উদ্দেশ্যে গঙ্গীর মুখে কহিল, ওসব কনসাল করার কি আলাদা। সে আপনি দ্বিতে পারবেন?

—কত লাগবে বাবু? ষড়্‌বাবু যা বলে দেবেন তাই দেব।

—ষড়্‌বাবুর সঙ্গে আমার কি সম্পর্ক? তিনটাকা কি দিতে পারবে?

—হ্যাঁ বাবু, চলুন, তিনডে টাকাই দেবাহু। মনিষ্টি আগে, না টাকা আগে?

এত সহজে লোকটা রাজী হইবে, বিপিন ভাবে নাই। বিপদ তো ঘাড়ে চাপিয়া বলিল দেখা যাইতেছে। বলিল, গাড়ী নিয়ে আসতে হবে কিন্তু। হেঁটে যাব না।

রোগীর বাড়ী পৌঁছিয়া বিপিন দেখিল বাহিরের ঘরে একজন রোগা মত গোট লোক বলিয়া বিড়ি টানিতেছে, গায়ে কালো সার্জের কোট ও সাদা চাদর, পায়ে কেবিশের কিতা-আর্টা জুতা। বুঝিল ইনিই ষড়্‌ ডাক্তার। বিপিনের বৃকের মধ্যে টিপ টিপ করিতে লাগিল।

গোট লোকটি হাসিয়া কালো দাঁতগুলি বাহির করিয়া বলিল, আহুন ডাক্তারবাবু, আহুন, নমস্কার। এসেছেন এ দেশে যখন তখন দেখা একদিন না একদিন হবেই ভেবে রেখেছি। বহুন।

বিপিন নমস্কার করিয়া বলিল। পাড়াগায়ের চাষী লোকের বাহিরের ঘর, অন্তঃপুর বেদিকে, সেদিকে কেবল মাটির দেওয়াল, অল্প কোন দিকে দেওয়াল নাই। নতুন ডাক্তার-বাবুকে দেখিবার জন্ম বহু ছেলেমেয়ে ও কৌতূহলী লোক উঠানে জড় হইয়াছে।

এতগুলি লোকের কৌতূহলী দৃষ্টির কেন্দ্রস্বরূপ হওয়াতে বিপিন রীতিমত অস্বস্তি বোধ করিতে লাগিল। কিন্তু ইহাও সে বুঝিল আজ যদি সে জয়ী হইয়া ফেরে, তবে তাহার নাম ও খসার আজ হইতেই এ অঞ্চলে সুপ্রতিষ্ঠিত হইয়া যাইবে। জ্বিতিতেই হইবে তাহাকে ধ্যে করিয়াই হউক।

ষড়্‌ ডাক্তার বলিল, আপনার পড়াশুনা কোথায়?

বিপিন একটা জিনিস লক্ষ্য করিয়াছিল ষড়্‌ ডাক্তার সম্পর্কে, লোকটা শিক্ষিত নয়। বিপিন মামলা মোকদ্দমা সম্পর্কে রাণাঘাটে অনেক উকীল মোস্তারের সঙ্গে মিশিয়াছে, তাহাদের কথাবার্তার স্বর ও ধরণ অল্প রকম। সে চশমার ভিতর দিয়া যেন সম্মুখের নারিকেল গাছের মাথার দিকে চাহিয়া আছে এমন ভাবে চশমাস্বন্ধ নাকের ডগাটি খুব উঁচু করিয়া বেপরোয়া ভাবে বলিল, ক্যান্সেল মেডিকেল স্কুলে।

—ও! কোন্ বছর পাশ করেছেন?

—আজ তিন বছর হ'ল।

—এদিকে কতদূর পড়াশুনা করেছিলেন?

লোকটা নিভাস্ত গেলো বটে। ভাল লেখা-পড়া জানা লোকে এসব কথা প্রথম পরিচয়ের সময় জিজ্ঞাসা করে না। মানীদের বাড়ী সে এতকাল বুধাই কাটায় নাই। সে খুব চালের সহিত বলিল, আই এসদি পাশ করে ক্যান্সেল স্কুলে ঢুকি।

ষড়্‌ ডাক্তার যেন বেশ একটু খাবড়াইয়া গেল। বলিল, তা বেশ বেশ।

বিপিন মানীর প্রদত্ত ডাক্তারি বইগুলি পড়িয়া এটুকু বুঝিয়াছিল রোগ নির্ণয় জিনিসটা বড়

সহজ নয় এবং ইহা লইয়া ডাক্তারে ডাক্তারে মডভেদ ঘটলে সাধারণ লোকের পক্ষে ইহা বোঝা শক্ত, যে কোন ডাক্তারের মত অশ্রাস্ত।

সে বলিল, এ বাড়ীর পেশেন্টের রোগটা কি ?

—রেমিটেট ফিভার। সঙ্গে রক্ত-আমাশা আছে, দেখুন আপনি একবার।

বিপিন ও যত্ন ডাক্তার বাড়ীর মধ্যে গেল। রোগীর বয়স উনিশ-কুড়ির বেশী নয়, চেহারা রোগের পূর্বে ভাল ছিল, বর্তমানে জীর্ণজীর্ণ হইয়া পড়িয়াছে।

বিপিনকে যত্ন ডাক্তার বলিল, আপনি দেখুন আগে।

বিপিন অনেকক্ষণ ধরিয়৷ নাড়ী টিপিয়া বৃকে পিঠে নল বসাইয়া পিঠ বাজাইয়া বৃক বাজাইয়া দেখিয়া বলিল, একটু নিমোনিয়ার ভাব রয়েছে।

যত্ন ডাক্তার তাড়াতাড়ি বিপিনের মতেই মত দিয়া বলিল, আজ্ঞে হ্যা, ওটা আমি লক্ষ্য করেছি।

বিপিন সাহস করিয়া আন্দাজে বলিল, টাইফয়েডের দিকে যেতে পারে বলে মনে হচ্ছে। আজ ন' দিনের দিন বলেন না ?

—আজ্ঞে হ্যা, ন' দিন। টাইফয়েডের কথা আমারও মনে হয়েছে—

বিপিন দেখিল লোকটা ভড়্কাইয়া গিয়াছে, তাহার মতে মত দিতে খুবই আগ্রহ দেখাইতেছে। বলিল, আপনি একটা ভুল করেছেন যত্নবাবু, কুইনেনটা দেওয়া উচিত হয় নি। প্রেসক্রিপশনটা দেখি ক'দিনের।

যত্ন সত্যই ভয় খাইয়া গিয়াছিল। সে দুখানা প্রেসক্রিপশন বিপিনের হাতে দিয়া ভয়ে ভয়ে বিপিনের মুখের দিকে চাহিয়া রহিল। সে হাতুড়ে ডাক্তার আর এ তরুণ যুবক, ক্যাথেল ছিল হইতে বছর দুই পাশ করিয়াছে, আধুনিক ধরণের কত রকমের চিকিৎসা-প্রণালীর সহিত পরিচিত। কি ভুলই না জানি বাহির করিয়া বসে! যত্ন ডাক্তারের কপালে বিন্দু বিন্দু ঘাম দেখা দিল।

কিন্তু বিপিন বুঝিল অনেক দূর আগাইয়াছে, আর বেশী উচিত নয়। যত্ন ডাক্তারকে হাতে রাখিলে এ সব পাড়াগাঁয়ে অনেক স্রবিধা। এ-অঞ্চলে তাহার যথেষ্ট পসার, সলাপারামর্শ করিতেও দু চার টাকা ভিজিট জুটাইয়া দিতে পারা তাহার হাতের মধ্যে।

সে গম্ভীর স্বরে বলিল, চমৎকার প্রেসক্রিপশন। ঠিকই দিয়েছেন। কিছু বদলাবার নেই।

যত্ন ডাক্তার একবার সর্গর্বে চারিধারের সমবেত লোকজনের দিকে চাহিল। তাহার মন হইতে বোঝা নামিয়া গিয়াছে।

—যত্নবাবু, একটু গরম জলের কোমেন্ট করলে বোধ হয় ভাল হয়।

—আজ্ঞে হ্যা, ঠিক বলেছেন। আমিও কাল থেকে তাই ভাবছি—

—আর একবার জ্বোলাপটা দেওয়ান—

—জ্বোলাপ, নিশ্চয়ই। আমিও তা—

ফিরিবার পূর্বেই দুজনে খুব বন্ধুত্ব হইয়া গেল। দুজনের কেহই বুঝিতে পারিল না, পরস্পরকে তাহারা বুঝিয়া ফেলিয়াছে কি না।

৩

হার্টতলায় বিপিনকে রোগীর আশায় বসিয়া থাকিতে হয় প্রায় সারাদিনই। রোগী যদি আসিত, তবে চূপ করিয়া নিঃশব্দে বসিয়া থাকিবার কষ্ট হয়তো পোষাইত, কিন্তু রোগী আসে না।

প্রথম মাস দুই রোগী হইয়াছিল, যহু ডাক্তারও কয়েকটি জায়গায় পরামর্শ করিবার জন্য তাহাকে ডাকাইয়া লইয়া গিয়াছিল, প্রথম মাসে কুড়ি এবং দ্বিতীয় মাসে পঁয়ত্রিশ টাকা আয় হইবার পরে বিপিনের মনে নতুন আশা, আনন্দ ও উৎসাহের সঞ্চার হইয়াছিল। পাঁচ টাকা ব্যয় করিয়া সে কলিকাতা হইতে ডাকে একখানা বাংলা 'অর-চিকিৎসা' বলিয়া বই আনাইল। ভারি উপকার হইল বইখানি পড়িয়া। যহু ডাক্তারের ইচ্ছা ছিল তাহাকে দিয়া অস্লামারের বিখ্যাত বইখানা কেনাইবে। বিপিন বলিতে পারে না যে সে ইংরাজি এমন কিছু জানে না যাহাতে করিয়া সে অস্লামারের বই বুঝিতে পারে। স্বতরাং সে কোনোরূপে এড়াইয়া পাশ কাটাইয়া চলিতে লাগিল। তৃতীয় মাস হইতে কেন যে দুরবস্থা ঘটিল, তাহা সে বোঝে না।

প্রথম দুই সপ্তাহ তো শুধু বসিয়া। কে একজন এক ডোজ ক্যান্টর অয়েল লইয়া গিয়াছিল, দুই সপ্তাহের মধ্যে সে-ই একমাত্র রোগী ও খরিদদার।

মুদীর-দোকানে বাকী পড়িতে লাগিল, ডাক্তারবাবু বলিয়া খাতির করে তাই ধারে জিনিস দেয়, নতুবা কি বিপদেই পড়িতে হইত!

একদিন চূপ করিয়া বসিয়া আছে, প্রায় সন্ধ্যার সময় একজন লোক বিপিনের ডাক্তার-খানার চালাঘরের সামনে দাঁড়াইয়া বলিল, এইটে কি ডাক্তারখানা?

বিপিনের বুকের মধ্যে কেমন করিয়া উঠিল।

—হ্যা, হ্যা, এসো, কোথেকে আসচো বাপু?

—আপুনিই ডাক্তারবাবু? পেরান্না হই। আপনাকে যাতি হবে নরোত্তমপুর। যহুবাবু ডাক্তার চিঠি দিয়েছেন, এই নিন্।

লোকটা একটা চিরকুট কাগজ বিপিনের হাতে দিল। বিপিন পড়িয়া দেখিল কলেরার রোগী, যহু ডাক্তার লিখিয়াছে তাহার স্মালাইন দিবার তোড়জোড় নাই, বিপিনকে সে সব লইয়া শীঘ্র আসিতে। কিলম্ব করিলে রোগী বাঁচবে না।

স্মালাইন দিবার তোড়জোড় বিপিনেরও নাই। কিন্তু বিপিন একটা ব্যাপার বুঝিয়া ঠিক করিয়া লইল। জলে লবণ গুলিয়া শিরার মধ্যে ঢুকাইয়া দিতে বেশী বেগ পাইতে হইবে না। চিকিৎসা করিবার সাহস আছে বিপিনের। সে বাহির হইয়া পড়িল।

—শোনো, আমার বাস্কাটা নিয়ে চল, পাঁচ টাকা দ্বিতে হবে কিন্তু—

—চলেন বাবু আপুনি। যত্নবাবু যা বলে দেবেন, তাই পাবেন।

রোগীর বাড়ীতে পৌছিয়া গৃহস্থের সাধারণ অবস্থা দেখিয়া বিপিন ভাবিল, ইহাদের নিকট হইতে পাঁচ টাকা তো দূরের কথা, এক টাকা কি আট আনা পয়সা লইতেও বাধে।

যত্ন ডাক্তার বলিল, স্ত্রীলাইন দেওয়ার ব্যবস্থা করতে হয়, বিপিনবাবু।

রোগীর ব্যাপার খুব স্থবিধা নয়, বিপিন নাড়ী দেখিয়া বুঝিল। বলিল, এ তো শেষ হয়ে এসেছে যত্নবাবু। এরকম খাম হচ্ছে, নাড়ী নেমে যাচ্ছে, কতক্ষণ টিকবে ?

যত্ন ডাক্তার বিপিনের অপেক্ষা অনেক অভিজ্ঞ লোক। সে আজ আট মশ বৎসর এই অঞ্চলে বহু রোগী ও বহু প্রকার রোগের অবস্থা দেখিয়া আসিতেছে। সে বলিল, স্ত্রীলাইন দিন আপনি—টিকে যেতে পারে।

বিপিনের জিহ্বা চাপিয়া গেল। সে বলিল, হুন জলে গুলে ওর শির কেটে চুকিয়ে দিতে হবে। অল্প কিছু ব্যবস্থা নেই। কিন্তু রোগী তার মধ্যে মারা না যায়—

আপনি শির কেটে হুনজল ঢোকান, আমি ওর মধ্যে নেই।

বিপিন অসীম সাহসী মানুষ। যে আত্মরিক চিকিৎসা করিতে অভিজ্ঞ পাস-করা ডাক্তার ভয় খাইত, বিপিন তাহা অনায়াসে বুক ঠুকিয়া করিয়া ফেলিল।

যত্ন বিপিনের কাণ্ড দেখিয়া ভয় খাইয়া বলিল—কত সি. সি. দেবেন বিপিন বাবু ?

—সি. সি.-ফি. লি. কি মশাই এতে ? বাংলা হুনগোলা জল, তার আবার সি. সি.। দেখুন আমি কি করি, আপনি যখন হাত দিচ্ছেন না।

এ পল্লীগ্রামের কোনো লোক এ ধরণের কাণ্ড দেখে নাই, ঘরের দোরের কাছে ভিড় করিয়া দাঁড়াইয়া সবাই বিপিনের ক্রিয়াকলাপ দেখিতে লাগিল।

হঠাৎ রোগী একেবারে অসাড়া হইয়া পড়িল।

যত্ন ডাক্তার বলিল, বিপিনবাবু, হয়ে গেল বোধ হয়।

—হয় নি। ভয় খাবেন না—

বিপিনের কথা কেহ বিশ্বাস করিল না। বাড়ীতে কান্নাকাটি পড়িয়া গেল। বিপিন হৃদযন্ত্রের ক্রিয়া সতেজ রাখিবার জন্য একটা ইন্জেক্শন করিল, যত্ন ডাক্তারের বারণ শুনিলা না।

যত্ন বলিল, আপনি যা হয় করুন বিপিনবাবু, আমায় যেন এর পরে কেউ দোষ না দেয় তা বলে রাখছি।

বিপিন বলিল, যত্নবাবু, সব সমস্ত বই পড়ে ডাক্তারি চলে না, অন্ধকারে লাফিয়ে পড়তে হয়। বাঁচে না বাঁচে রোগী—আমার যা ভাল মনে হচ্ছে, তা করে যাবো।

যত্ন ডাক্তার বাহিরে চলিয়া গেল।

রোগী আর নাই বলিলেই হয়। কান্নাকাটি বেজায় বাড়িয়াছে ঘরের বাহিরে। বিপিন আর দুবার ইন্জেক্শন করিল, রোগীর বিছানার পাশ ছাড়িয়া সে একটুও নড়িল না।

তাহাকে যেন কি একটা নেশায় পাইয়াছে, কিসের ঘোরে সে কাজ করিয়া বাইতেছে সে নিজেই জানে না। আরও আধ ঘণ্টা পরে রোগী চোখ মেলিয়া চাহিল। রোগীর চোখের চাহনি দেখিয়া বিপিনের মন আফ্লাদে নাচিয়া উঠিল যেন, সে লোকজন ঠেলিয়া বাহিরে গিয়া দেখিল যত ডাক্তার উঠানের গোলার তলায় দাঁড়াইয়া বিড়ি টানিতেছে ও কয়েকজন গ্রাম্য লোকের সহিত কি কথা বলিতেছে।

—আস্থন যদুবাবু, একবার নাড়ীটা দেখুন তো! আর ভয় নেই, সামলে নিয়েছে।

যত ডাক্তার আসিয়া রোগী দেখিয়া বলিল, বেঁচে গেল এ যাত্রা। ওকে যমের মুখ থেকে টেনে বার করলেন মশাই।

যে ঘরে রোগী শুইয়া আছে, সে ঘরের মেঝেতে বস্তার জল কিছুদিন আগেও ছিল প্রায় একইটু, বাঁশের মাচার উপর রোগী শুইয়া, ঘরের চারিদিকে চাহিয়া বিপিন দেখিল কয়েকটি দড়ির শিকা এবং ছেঁড়া কাঁথার পুঁটুলি ও হাঁড়িকুড়ি ছাড়া অন্য আসবাব নাই। ইহাদের কাছে ভিজ্জিটের টাকা লইতে পারা যায়?

বিপিন ও যত বাহিরে চলিয়া আসিল। যত বলিল, একটা ডাব খাবেন? ওরে ব্যাটারী হইদিকে আয়, ডাক্তারবাবুকে একটা ডাব কেটে খাওয়া।

গ্রামস্থল লোক ঝুঁকিয়া পড়িয়া বিপিনের চিকিৎসা দেখিয়াছিল। সকলে বলাবলি করিতে লাগিল, এত বড় ডাক্তার বা এমন চিকিৎসা তাহারা জানে কখনও দেখে নাই। যত ডাক্তার লোকটা চালাক, দেখিল এ স্থানে বিপিনের প্রশংসা করিলেই সে নিজেও খাতির পাইবে, নতুবা লোকে ভাবিবে যত ডাক্তারের হিংসা হইয়াছে। স্ত্রীরাং সে বক্তৃতার সুরে সমবেত লোকজনের সামনে বলিল, ডাক্তার অনেক দেখিচি, কিন্তু বিপিনবাবুর মত সাহস কোন ডাক্তারের দেখিনি। হাজার হোক পেটে বিচ্ছে আছে কিনা? ভয়ডর নেই কিছুতেই।

একজন লোক গোটাচারেক কচি ডাব কাটিয়া আনিল। বিপিন বলিল, আমাদের ডাব তো দিচ্ছ, রোগীকে এখন অনবরত ডাবের জল দিতে হবে, সে তৈরী আছে তো?

—খান বাবু, আপনাদের ছিচরণ আশীর্বাদে দশটা নারিকেলের গাছ বাড়ীতে। বাবু, শহর বাজার হ'লি এই গাছ কডার ফল বিক্রী করে বেশ কিছু প্যাতাম, এখানে জিনিসের দর নেই। কাপাসডাঙার হাটে ডাব একটা এক পয়সা তাও খেদের নেই।

ফিরিবার সময় বিপিন ভিজ্জিট লইতে চাহিল না। যত ডাক্তার অনেক করিয়া বুঝাইল, পাড়াগায়ে সবই এই রকম অবস্থার মাতৃষ। তাহা হইলে চলিবে কি করিয়া যদি ইহাদের নিকট ভিজ্জিট না লওয়া যায়?

বিপিন বলিল তা হোক, বহুবাবু। আমি ডাক্তারি করছি শুধুই কি নিজের জন্তে, অপরের দিকটাও দেখি একটু। আচ্ছা বাই, আজ হাটবার। ডাক্তারখানা খুলি গিয়ে ওখানে। লোক এসে ফিরে যাবে।

বিপিন ডিজিট লইবে কি, মানীর কথা এসময় অনবরত মনে পড়িতেছে। মানী তাহাকে এ পথে নামাইয়াছে, যদি সে কোন গরীব রোগীর প্রাণ দান দিয়া থাকে তবে তাহার বাপমায়ের আশীর্বাদ মানীর উপর গিয়া পড়ুক। মানীর লাভ হউক। এই অতি দুঃখবহাগ্রস্ত রোগীর নিকট সে মোচড় দিয়া টাকা আদায় করিলে মানীর স্মৃতির সম্মান ঠিকমত বজায় রাখা হইত না।

কাপাসডাঙার হাটতলায় যখন সে ফিরিয়া আসিল তখন বেলা পড়িয়া আসিয়াছে।

আজ এখানকার হাটবার, পাড়াগাঁয়ের ছোট্ট হাট, সবস্বচ্ছ একশো কি দেড়শো লোক জমিয়াছে, খুচরা ঔষধ কিছু কিছু বিক্রয় হইয়া থাকে।

কুমড়া বেগুন বিক্রয় করিয়া যে যেখানে চলিয়া গেল। বিপিন ডাক্তারখানা বন্ধ করিয়া পাশে বিষ্ণু নাথের মুদীর দোকানে হ্যারিকেন লঠনটি ধরাইতে গেল। বিষ্ণু খরিদারকে খৈল আর ক্রাসিন তৈল মাপিয়া দিতেছে। বিপিন বলিল, বিষ্ণু, বাড়ী যাবে না?

বিষ্ণু বলিল, আমার এখনও অনেক দেরি ডাক্তারবাবু। এখন তবিল মেলাবো, কালকের তাগাদার ফর্দ তৈরী করবো, আপনি যান। হ্যাঁ ভাল কথা, আপনার যে ভারি সুখ্যাতি শোনলাম।

—কে করলে সুখ্যাতি?

—ওই সবাই বলাবলি করছিল। আজ কোথায় রুগী দেখে এলেন, তাকে নাকি শির কের্টে ছুনগোলা জল ঢুকিয়ে কলেরার রুগী একেবারে বাঁচিয়ে চাক্ষু করে দিয়ে এসেছেন, এই সব কথা বলছিল। সবারই মুখে ঐ এক কথা।

বাহারা প্রশংসা চিরকাল পাইয়া আসিতেছে, তাহারা জানে না জীবনে কত লোক আদৌ কখনো ও জিনিসটার আশ্বাদ পায়ই না। বিপিনকে ভাল বলিয়াছিল কেবল একজন, সে গেল অল্প ধরণের ব্যাপার। কাজ করিয়া অনাদিবাবুর সুখ্যাতি সে কোনোদিনই অর্জন করিতে পারে নাই। এই প্রথম লোকে অযাচিতভাবে তাহার কাজকে ভাল বলিতেছে, তাহার ব্যক্তিত্বকে সম্মান দিতেছে, মাহুষের জীবনে এ অতি মূল্যবান ঘটনা।

বিষ্ণু আরও বলিল, ডাক্তারবাবু, আপনি নাকি ওয়া গরীব বলে এক পয়সা নেন নি? সবাই বলছিল, কি দয়ার শরীর! মাহুষ না দেবতা! গরীব বলে শুধু একটা ডাব খেয়ে চলে এলেন বাবু।

হ্যারিকেন লঠনটা জালিয়া দুধারের ঘন বনের ভিতরকার সুঁড়িপথ বাহিয়া বিপিন প্রায় দেড় মাইল দূর রামনিধি দত্তের বাড়ী ফিরিল।

দত্ত মহাশয় চণ্ডীমণ্ডপেই বসিয়া বিষয়সংক্রান্ত কাগজপত্র দেখিতেছিলেন। তত্তপোশের উপর মাহুর বিছানো, সামনে কাঠের বাস, তাহার উপরে লঠন।

বলিলেন, আস্থান ডাক্তারবাবু, আজ বাড়ীতে আমার জামাই-মেয়ে এসেছে অনেক দিন পরে। আজ একটু খাওয়া-দাওয়া আছে, তা আপনাকে আর হাত পুড়িয়ে রাখতে হবে না। দুখানা লুচি না হয় অমনি গরীবের বাড়ী—

—বিলক্ষণ, সে কি কথা! তা হবে এখন। ওসব কি বলছেন? জামাইবাবু কই!

—বাড়ীর মধ্যে গিয়েচেন। এতক্ষণ বাঁওড়ের ধারে বেড়াচ্ছিলেন, চা খেতে ডাক দিলে তাই গেলেন। ওরে কেটে, ডাক্তারবাবুকে চা দিয়ে যা, সন্দেহ-আহ্নিক সেয়ে ফেলুন হাত-পা ধুয়ে।

ইহারা কখনও চা খায় না। আজ জামাই আসিয়াছে, তাই চা খাওয়ার ও দেওয়ার ব্যস্ততা। বিপিনের হাসি পাইল।

একটু পরে দস্ত মহাশয়ের জামাই বাহিরে আসিল। বিপিনের সমবয়সী হইবে, দেখিতে গুনিতে খুব ভাল নয়, মুখে বসন্তের দাগ।

দস্ত মহাশয়ের কথায় সে বিপিনের পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া তক্তপোশর এক পাশে বসিল।

বিপিন বলিল, জামাইবাবু কোথায় থাকেন?

—আজ্ঞে কুলে-বয়ড়া। সেখানে তামাকের ব্যবসা করি।

—এখানে ক'দিন থাকবেন তো?

—থাকলে তো চলে না। এখন তাগাদা-পত্তরের সময়, নিজে না দেখলে কাজ হয় না। পুরস্কৃত যাবো ভাবচি।

জামাইয়ের সঙ্গে অনেক কথাবার্তা হইল। আজ এবেলা রান্নার হাঙ্গামা নাই বলিয়াই বিপিন নিশ্চিন্ত মনে গল্প করিবার অবকাশ পাইয়াছে। দস্ত মহাশয়ের সঙ্গে অল্পদিন যে গল্প হয় তাহা বিপিনের তেমন ভাল লাগে না, দস্ত মহাশয় শুধু রামায়ণ মহাভারতের কথা বলেন। আজ সমবয়সী একজন লোককে পাইয়া অনেকদিন পরে সে গল্প করিয়া বাঁচিল।

তামাক খাইবার উপায় নাই, দস্ত মহাশয় বসিয়া আছেন। অনেকক্ষণ পরে বোধ হয় তাঁর খেয়াল হইল তিনি উপস্থিত থাকাতে ইহাদের ধূমপানের অস্ববিধা হইতেছে। বলিলেন, তাহলে বস্তু ডাক্তারবাবু, আমি দেখি খাওয়া-দাওয়ার কতদূর হল, এদিকে রাতও হয়েছে।

৫

কিছুক্ষণ পর বাড়ীর ভিতর হইতে আহাংয়ের ডাক পড়িল।

পাশাপাশি খাইবার আসন পাতা হইয়াছে দস্ত মহাশয় ও জামাইয়ের। বিপিন ব্রাহ্মণ, হুতরাং তাহার আসন একটু দূরে পৃথকভাবে পাতা।

একটি চক্ষিণ-পঁচিশ বছরের তরুণী লুচি লইয়া ঘরে ঢুকিয়া সলজ্জভাবে বিপিনের দিকে চাহিল।

দত্ত মহাশয় বলিলেন, এইটি আমার মেয়ে। শান্তি, ডাক্তারবাবুকে প্রণাম কর মা।

ভক্তনী লুচির চূপড়ি নামাইয়া রাখিয়া বিপিনের পায়ে ধলা লইয়া প্রণাম করিল। তারপর সকলের পাতে লুচি দিয়া চলিয়া গেল।

বিপিনের হঠাৎ মনে পড়িয়া গেল আর এক দিনের কথা। মানীদের বাড়ী, সেও এই রকম জামাই আসিয়াছিল, রাত্রাঘরে এই রকম জামাইবাবু, অনাদিবাবু ও সে খাইতে বলিয়াছিল। সেদিন আড়ালে ছিল মানী—দেড় বৎসর আগের কথা।

আর কি তাহার সঙ্গে দেখা হইবে? সম্ভব নয়। দেখাসাক্ষাতের স্বত্র ছিঁড়িয়া গিয়াছে। আর সে সম্ভাবনা নাই।

ভাবিতেই বিপিনের বৃকের ভিতরটা মোচড় দিয়া উঠিল। লুচির ড্যালা গলায় আটকাইয়া গেল, কান্না ঠেলিয়া আসে। মন হু হু করিয়া উঠিল। ইহারা কে? ওই যে শ্রামা মেয়েটি আধ ঘোমটা দিয়া পরিবেশন করিতেছে, কে ও? বিপিন ইহাদের চেনে না। অতি সুপরিচিত পরিবেশের মধ্যে ইহারা সবাই অপরিচিত। কোন দিক দিয়াই বিপিনের সঙ্গে ইহাদের কোন যোগাযোগ নাই।

শান্তি আসিয়া পায়ের বাটি প্রত্যেকের পাতের কাছে রাখিয়া সেই ঘরের মধ্যেই দাঁড়াইয়া রহিল। দত্ত মহাশয় বিপিনের ডাক্তারির প্রশংসা করিতেছিলেন, শান্তি একমনে যেন তাহাই শুনিতেছিল।

বিপিন একবার মুখ তুলিয়া চাহিতেই শান্তির সঙ্গে চোখাচোখি হইয়া গেল। শান্তি তাহারই দিকে চাহিয়া ছিল এতক্ষণ নাকি? বিপিন কেমন অস্বস্তি বোধ করিতে লাগিল।

দত্ত মহাশয় তাঁহার মেয়েকে অনুযোগ করিতে লাগিলেন, তিনি লুচি খাইতে ভালবাসেন না, তবে কেন তাঁহাকে লুচি দেওয়া হইয়াছে। দত্ত মহাশয়ের আহাৰাদির বিশেষত্ব আছে, পূর্বে অবস্থা ভাল থাকার দক্ষনই হউক বা যে জন্মই হউক, তাঁহার খাওয়া-দাওয়া একটু শৌখীন ধরনের। তাঁহার জমিতে সাধারণতঃ মোটা নাগরী ধান হয়, কিন্তু সে ধানের চাল তিনি খাইতে পারেন না বলিয়া সেই ধানের বদলে উৎকৃষ্ট সরু চামরমণি ধান সংগ্রহ করিয়া আনেন সোনাভনপুরের বিশ্বাসদের গোলাবাড়ী হইতে। বারমাস তিনি এই চামরমণি ধানের চাল ছাড়া খান না। বাড়ীর আর কেহ নয়, শুধু তিনি। অল্প সকলের জন্ম ক্ষেতের মোট চালের ব্যবস্থা। তবে অধিতিসম্বন্ধন আসিলে অবশ্য অল্প কথা।

বড় বগী খালায় চূড়ার আকারে ভাত বাড়িয়া চূড়ার মাখায় ক্ষুদ্র কাঁসার বাটিতে গাওয়া বি দিতে হইবে। ঢাকনিওয়াল ঝকঝকে কাঁসার দ্বারা তাঁহাকে জল দিতে হইবে। খুব বড় কাঁঠাল কাঠের সেকলে পিঁড়ি পাতিয়া খালায় স্নগোছালো করিয়া ভাত সাজাইয়া না দিলে তাঁহার খাওয়া হয় না।

অনেকদিন পরে মেয়ে আসিয়াছে, দত্ত মহাশয় একটু বেশী সেবা পাইতেছেন। পুত্রবধূরা শ্বশুরের সেবা যথেষ্ট করিলেও বিপত্তীক দত্ত মহাশয়ের তাহা মনে ধরে না। মেয়ে কেন ভাত সাজাইয়া না দিয়া লুচি খাওয়াইতেছে, ইহাই হইল দত্ত মহাশয়ের অনুযোগের কারণ।

খাওয়ার পর বিপিন বাহিরে যাইতে যাইতে দালানের পাশে জানালার দিকে চাহিল— মানী দাঁড়াইয়া আছে? কেহ নাই। রোজ তাহার খাওয়ার পরে বাহিরে যাইবার পথে এইরূপ জানালার ধারে সে দাঁড়াইয়া থাকিত। কি ছাইভস্ম সে ভাবিতেছে! এটা কি মানীদের বাড়ী যে মানী দাঁড়াইয়া থাকিবে জানালায়? বাহিরে সে একাই আসিয়া তামাক খাইতে বসিল।

বেশ অঙ্ককার রাত্রি। উঠানের নারিকেল গাছের মাথায় জট পাকানো অঙ্ককার কিন্তু ক্রমশঃ স্বচ্ছ তরল হইয়া উঠিতেছে, পূর্ব দিগন্তে চাঁদ উঠিবার সময় হইল বোধ হয়। গোলাপ পাশে হান্নুহানার ঝাড় হইতে অতি উগ্র সুগন্ধ ভাসিয়া আসিতেছে। এমন রাত্রে ঘুম হয়?

সুধুই বসিয়া ভাবিতে ইচ্ছা করে।

আর কি কখনও তাহার সঙ্গে দেখা হইবে না?

আজ যে ডাক্তার হিসাবে তাহার এত খাতিরযত্ন, লোকমুখে এত স্তুত্যাতি, এ সব কাহার দৌলতে?

যে তাহাকে এ পথ দেখাইয়া দিয়াছিল সে আজ কোথায়?

আজ বিশেষ করিয়া ইহাদের বাড়ীর এই জামাই আসার ব্যাপারে মানীদের বাড়ীর তিন বৎসর পূর্বের সে ঘটন। তাহার বিশেষ করিয়া মনে পড়িয়াছে। এমন এক দিনেই মানীর সঙ্গে তাহার আলাপ হয় আবার নূতন করিয়, বাল্যের দিনগুলির অনেক, অনেক পরে। মানীর জন্ম এত মন-কেমন করে কেন?

বিপিন কত রাত্রি পর্য্যন্ত জাগিয়া বসিয়া রহিল। সে আরও বড় হইবে। ভাল করিয়া ডাক্তারি শিখিবে। মানীর যে দেওর বীজপুরে থাকিয়া ডাক্তারি করে, তাহার কাছে গেলে কেমন হয়? বিপিন নিজের মধ্যে একটা অদ্ভুত শক্তি অহুভব করে। সে ডাক্তারি খুব ভাল বোধে। এ কাজে তাহার ঈশ্বরদত্ত স্বাভাবিক ক্ষমতা আছে। কিন্তু আরও ভাল করিয়া শেখা চাই জিনিসটা।

৬

ভাবিতে ভাবিতে কখন সে ঘুমাইয়া পড়িল।

শেষরাত্রে বিপিন স্বপ্ন দেখিল মানী আসিয়াছে। হাসিমুখে তাহার দিকে চাহিয়া বলিতেছে, পোলাও কেমন খেলে বিপিনদা? তোমার জন্মে আমি নিজের হাতে—ভাল লাগল?

ঠিক তেমনি হাসি, সেই সুপরিচিত, অতি প্রিয় মুখ!

বিপিন বলিল, আমি মরে যাচ্ছি মানী, তোকে দেখতে না পেয়ে। তুই আমায় বাঁচা, আমায় ডাক্তারি শেখাবি নে বীজপুরে তোমার দেওরের কাছে?

খুব ভোরে বিপিন হাত মুখ ধুইয়া সবে চণ্ডীমণ্ডপে এক ছিলিম তামাক সাজিয়া বসিয়াছে,

এমন সময় দস্ত মহাশয়ের মেয়ে শান্তি এক কাপ চা আনিয়া রোয়াকের ধারে রাখিয়াই বিস্ম-
মাত্র না দাঁড়াইয়া চলিয়া গেল।

বিপিন একটু অবাক হইয়া গেল। ইহাদের বাড়ীর আবরু বড় কড়া, এতদিন এখানে
আছে সে, বাড়ীর কোন মেয়ে, অবশ্য মেয়ে বলিতে দস্ত মহাশয়ের দুই পুত্রবধু, কখনও তাহার
সামনে বাহির হয় নাই। শান্তি যে বড় বাহিরে আসিয়া চা দিয়া গেল? তবে হাঁ, শান্তি
তো আর ঘরের বউ নয়, বাড়ীর মেয়ে। তাহার আসিতে বাধা কি? সেদিন সারাদিনের
মধ্যে শান্তি আরও অনেকবার বিপিনের সামনে বাহির হইল। শান্তি মেয়েটি বেশ সেবা-
পরায়ণা ও শাস্ত। চেহারার মধ্যে একটা মিষ্ট আছে, যদিও দেখিতে এমন কিছু স্ত্রী নয়।

এক জায়গায় ভালবাসা পড়িলে আর দু জায়গায় কিছু হয় না।

ভালবাসা এমন জিনিস, যাহা কখনও দুই নৌকায় পা দেয় না। হয় এ নৌকা, নয় ও
নৌকা। কত মেয়ে তো আছে জগতে, কত মেয়ে তো সে নিজেই দেখিল, কিন্তু মানীর
মত মেয়ে সে কোথাও দেখে নাই। আর কাহারও দিকে মন যায় না কেন?

পরবর্তী দুই তিন দিনের মধ্যে বিপিন অনেকগুলি রোগী হাতে পাইল। রোজ সকালবেলা
ডাক্তারখানা খুলিতে গিয়া দেখে যে ডাক্তারখানার সামনে হাটচালায় রীতিমত রোগীর ভিড়
জমিয়া গিয়াছে, সকলে তাহার জ্ঞান অপেক্ষা করিতেছে। ম্যালেরিয়ার সিজন্ পড়িয়া
গিয়াছে। দুই তিন দিনের মধ্যে সে ভিজিটই পাইল সাত আট টাকা।

বিপিনের ডাক্তারখানা এই সপ্তাহ হইতেই বেশ জমিয়া উঠিল। গোপা, মল্লিকপুর,
সকলে প্রভৃতি দূর গ্রাম হইতেও তাহার ডাক আসিতে লাগিল। সকলে বলাবলি করিতে
লাগিল, যহু ডাক্তারের পসার একেবারে মাটি হইয়া গেল নতুন ডাক্তারবাবু আসাতে।

দস্ত মহাশয় একদিন বলিলেন, আপনার চেহারাখানার গুণে আপনার পসার হবে
ডাক্তারবাবু। ডাক্তারের এমন চেহারা হওয়া চাই যে তাকে দেখলেই রোগীর রোগ আন্ধক
সেরে যাবে। আপনার স্বস্থক্ষেও সকলেই সেট কথা বলে। যহু ডাক্তার আর আপনি!
হাজার হোক আপনি হলেন ব্রাহ্মণ। কিসে আর কিসে!

বিপিন হিসাব করিয়া দেখিল সে পাঁচ মাস আদৌ বাড়ী যায় নাই। অবশ্য এই পাঁচ
মাসের মধ্যে প্রথম তিন মাস কিছুই হয় নাই, শেষ দুই মাসে প্রায় দেড়শত টাকা আয়
হইয়াছে। ম্যালেরিয়ার সিজন্ এখনও পুরাদমে চলিবে আরও অন্ততঃ এক মাস। এই সময়ে
একবার বাড়ী ঘুরিয়া আসা দরকার।

বেদিন বিপিন বাড়ী যাইবার ঠিক করিয়াছে, সেদিন সকালে দত্ত মহাশয়ের মেয়ে শান্তি তাহাকে চণ্ডীমণ্ডপে জলখাবার দিতে আসিল। একখানা কাঁসিতে চালভাজা ও নারিকেল-কোরা, ইহাই জলখাবার। চা ইহার বাধা নিয়মে খায় না, কচিং কখনো সর্দি কাশি হইলে ঔষধ হিসাবে খাইয়া থাকে। সুতরাং মেয়েটি যখন জলখাবারের কাঁসি নামাইয়া সলজ্জ কুঠার সহিত বলিল, সে চা খাইবে কি না, বিপিন জিজ্ঞাসা করিল—চা হচে ?

মেয়েটি যুদ্ধকণ্ঠে বলিল, যদি খান তো করে নিয়ে আসি।

—না, শুধু আমার খাওয়ার জন্তে দরকার নেই।

কেন দরকার নেই, নিয়ে আসি।

উত্তরের অপেক্ষা না করিয়াই সে চলিয়া গেল এবং কিছুক্ষণ পরে এক পেয়ালো ধূমায়িত গরম চা আনিয়া দিল। দত্ত মহাশয়ের মেয়ে তাহার সহিত এত কথা ইহার পূর্বে কখনো বলে নাই, যদিও আর দু-একবার তাহাকে জলখাবার দিতে আসিয়াছিল। বিপিন ইহাদের বাড়ীর আবার কড়া বলিয়াই জানে।

মেয়েটি চা দিয়া তখনও দাঁড়াইয়া আছে দেখিয়া বিপিন ভাবিল পেয়ালো লইয়া যাইবার জন্তই সে দাঁড়াইয়া আছে। তাহাকে ব্যগ্রভাবে গরম চায়ের পেয়ালায় প্রাণপণে চুম্বকের পর চুম্বক দিতে দেখিয়া মেয়েটি হঠাৎ হাসিয়া বলিল, অমন করে তাড়াতাড়ি অত গরম খাওয়ার দরকার কি ? আশ্বে আশ্বে খান—

বিপিন কথা বলিবার জন্তই বলিল, তুমি আর কত দিন আছ ?

—এ মাসটা আছি।

—ও !

—আপনি নাকি আজ বাড়ী যাবেন ?

—হ্যাঁ।

—ক'দিন থাকবেন ?

—দিন পনেরো হবে।

মেয়েটি হঠাৎ বলিয়া ফেলিল—অত দিন ?

পরক্ষণেই বেন কথাটা ও তাহার স্মরণটা ঢাকিয়া ফেলিবার জন্ত বলিল—কগীপস্তরও তো আছে আবার এদিকে—

—যত ডাক্তার দেখবে আমার কগী—একটা মোটে আছে।

—বাড়ীতে কে কে আছেন ?

—মা আছেন, আমার একটি বোন আর আমার স্ত্রী, ছেলেমেয়ে।

—আপনার এখানে থাকতে খুব কষ্ট হয়, না ?

—নাঃ, কি কষ্ট! বেশ আছি, তোমার বাবা যথেষ্ট স্নেহ করেন, বড় ভাল লোক।

—তবে আমাদের এখানেই থাকুন।

—আছিই তো। কোথায় আর যাবো ধরে।—

—যদি আমাদের গাঁয়ে বাস করেন, আমি বাবাকে বলে আপনাকে জমি দেওয়াবো।
আসবেন ?

বিপিন বিস্মিত হইল। কখনো এ মেয়েটি তাহার সম্মুখে এত দিন ভাল করিয়া কথাই কয় নাই—আজ এত কথায় তাহাকে পাইয়া বসিল কোথা হইতে ? বলিল—তা কি করে হয়, পৈতৃক বাড়ী রয়েছে সেখানে—

—কিন্তু ডাক্তারি তো এখানেই করতে হবে—

—সে তো বটেই।

—আপনি আজ বাড়ী যাবেন কখন ?

—খেয়েদেয়ে যাবো দুপুরে।

—আমি চলে যাবার আগে আসবেন কিন্ত—

—ঠিক আসবে,—নিশ্চয়ই আসবে:—

মেয়েটি চায়ের পেয়লা ও কাঁসি লইয়া চলিয়া গেল।

বিপিন ভাবিল কেমন চমৎকার মেয়েটি। মনে বেশ মায়্যা আছে। হবে না কেন, কি রকম বাপের মেয়ে ! দত্তমশায়ও চমৎকার মাহুস।

২

চা খাইয়া ডিস্‌পেন্সারিতে গিয়াই বিপিন যত ডাক্তারের কাছে একখানি পত্র দিয়া একজন লোক পাঠাইয়া দিল—তাহার হাতের রোগীটি দেখিবার জন্ত, যত দিন সে না ফেরে। তাহার পর দোর বন্ধ করিয়া বাহির হইবে, এমন সময়ে দরজার এক পাশে মেঝের উপর একখানা খামের চিঠি পড়িয়া আছে দেখিয়া সেখান তুলিয়া লইল। ইতিমধ্যে কখন পিয়ন আসিয়া চিঠিখানা বোধ হয় দরজার ফাঁক দিয়া ফেলিয়া দিয়া গিয়াছে। খামখানার উপরকার হস্তাক্ষর দেখিয়া তাহার বুকের রক্ত যেন ছলিয়া উঠিল। এ লেখা মানীর হাতের লেখার মত বলিয়া মনে হয় যেন ! বাড়ীর ঠিকানা ছিল, গ্রামের পোস্টমাস্টার সে ঠিকানা কাটিয়া এখানে পাঠাইয়াছে। নিশ্চয়ই মানীর চিঠি নয়—সে অসম্ভব ব্যাপার।

চিঠি খুলিয়া প্রথম দুই চার ছত্র পড়িয়াও সে কিছু বুঝিতে পারিল না, নিচের নামটা একবার পড়িয়া লইতে গিয়া তাহার মাথা ঘুরিয়া গেল। মানীরই চিঠি। মানী লিখিয়াছে :—

আলিপুর

সোমবার

শ্রীচরণকমলেশু,

বিপিনদা, কতদিন তোমার সঙ্গে দেখা হয় নি। কাল শেষ রাত্রে তোমাকে স্বপ্ন দেখেছি, যেন আমাদের বাড়ীর মাঝের ঘরের জানলার ধারে দাঁড়িয়ে তুমি আমার সঙ্গে কথা বলতে। মন ভারি খারাপ হয়ে গেল, তাই এই চিঠি লিখছি তোমার বাড়ীর ঠিকানায়। পাবে কিনা জানিনে।

বিপিনদা, কত দিন সারারাত জেগেছি তোমার কথা ভেবে। সর্বদা ভাবি, একটা কি যেন হারিয়েচি, আর কখনো পাবো না। যদি পলাশপুরের চাকুরী না ছাড়তে, তবে দেখা হওয়ার সম্ভাবনা থাকতো। আমি স্বপ্নরবাড়ী এসে বাবার চিঠিতে জানলাম তুমি আর আমাদের ওখানে নেই। আমার কথা তুমি রাখলে না, আমি বলেছিলুম আমাকে না জানিয়ে চাকুরী ছেড়ে দিও না। কেনই বা রাখবে? আমার সত্যিই জানতে ইচ্ছে করে, তুমি আমার জন্মে কখনও কোনো দিন এতটুকু ভাবো কি না। হয়তো ভুলে গিয়েচ এতদিনে। হয়তো আমার এ চিঠি পাবেই না, যদি পাও, আমার কথা একটু মনে কোরো বিপিনদা। তুমি আজকাল কি করো, জানতে বড় ইচ্ছে হয়।

আমার ঠিকানা দিলাম না, এ পত্রের উত্তর চাই না। কত বাধা জানো তো সবই। তুমি যদি আমায় একটুও মনে করো চিঠিখানা পেয়ে, তাহেই আমার সুখ। আমার প্রণাম নিও। আশীর্বাদ করো, আর বেশী দিন না বাঁচি। ইতি—

মানী

বিপিন চিঠিখানা পকেটে রাখিয়া ডিসপেনসারির ভান্স চেয়ারে বসিয়া পড়িল, এ কি অসম্ভব কাণ্ড সম্ভব হইয়া গেল। মানী তাহাকে চিঠি লিখিবে, একথা কখনও কি সে ভাবিয়াছিল? এতখানি মনে রাখিয়াছে তাহাকে সে!

অনেক দিন পরেই বটে। মানীর সঙ্গে কতকাল দেখা হয় নাই। আজ এই চিঠিখানার ভিতর দিয়া এতকাল পরে বহুদূরের মানীর সহিত আবার দেখা হইল। এতদিন কি নিঃসঙ্গ মনে করিয়াছে নিজেকে—সে নিঃসঙ্গতা যেন হঠাৎ এক মুহূর্তে দূর হইয়া গেল। মানী তাহার জন্ত ভাবে, আর কি চাই সংসারে?

মানী লিখিয়াছে, সে কি করিতেছে জানিবার তাহার বড়ই আগ্রহ। যদি বলিবার সুবিধা থাকিত, তবে সে বলিত, মানী, কি করচি জানতে চেয়েচ, তুমি যে পথের সন্ধান আমায় দিয়া করে দিয়েছিলে, সেই পথই ধরেচি। তোমার মুখ দিয়ে যে কথা বেরিয়েছিল, তাকে সার্থক করে তুলবো আমি প্রাণপণে। তুমি যদি এসে দেখতে, এখানে ডাক্তারিতে আমি কেমন নাম করেচি, তা হোলে কত আনন্দ পেতাম আজ। কিন্তু তা যে হবার নয়। কোনো রকমে যদি সে কথাটা জানাতে পারতাম!

বাড়ী ফিরিতেই দস্ত মহাশয়ের মেয়েটি তখন আসিল। বলিল, উঃ কত বেলা হয়ে গেল, আপনি কখন আর রান্না করবেন, কখনই বা খাবেন আর কখনই বা বেরুবেন?

—এই এখুনি তাড়াতাড়ি নিচ্ছি।

—তার চেয়ে এক কাজ করি না কেন? আমি দুধ আল দিয়ে এনে দিচ্ছি, আর বাবার ক্ষুদ্রে সর্ক চিঁড়ে তোলা থাকে তাই এনে দিচ্ছি। রান্নার হাকামা এখন আর করবেন না।

—তাই হবে এখন তবে।

—নেয়ে আসুন, তেল দিয়ে যাই।

মেয়েটির এই নৃতন ধরনের যত্ন বিপিনের ভাল লাগিতেছিল। বিদেশে বিভূঁয়ে এমন যত্ন কে করে?

স্নান করিতে গেল নদীতে—ক্ষীপকায় নদী, স্থানীয় নাম মাংলা, কচুরিপানার দ্বায়ে বুজিয়া আছে। ওপারে বাঁশবন আর ফাঁকা মাঠ, এপারে নদীর ঘাটে যাইবার স্ব'ড়িপথের দুধারে কেলে-কোঁড়া ও শামলা লতার ঝোপ। শামলা লতার এ সময় ফুল কোটে, ভারি সুগন্ধ বাতাসে। ওপারে বাঁশবনে কুকো পাখী ডাকিতেছে? ধোপাখালি কাছারি থাকিতে একজন প্রজ্ঞা-ককজোড়া কুকো পাখী তাহাকে দ্বিয়া গিয়াছিল, বেশ সুস্বাদু মাংস।

মাংলা নদীর যতখানি কচুরিপানায় বুজিয়া গিয়াছে, ততখানি জুড়িয়া সবুজ দামের উপর নীলাভ বেগুনি রঙের ফুল ফুটিয়াছে বড় বড় ডাঁটায়—যতদূর দেখা যায়, ততদূর ফুল, কি চমৎকার দেখাইতেছে!

আজ যেন সবই সুন্দর লাগিতেছে চোখে। যে মানীর সঙ্গে জীবনে আর দেখা হইবে না, তারই হাতের লেখা চিঠিখানা! কি অপূর্ণ আনন্দ আর সান্না বহন করিয়াই আনিয়াছে সেখানা আজ। স্বপ্নভাত—কি অপূর্ণ স্বপ্নভাত!

দত্ত মহাশয়ের মেয়ে একবার বাহিরের উঠানে আসিয়া বলিল—জায়গা করি?

—করো, আমি যাচ্ছি।

মেয়েটি যত্ন করিয়া আসন পাতিয়া জায়গা করিয়াছে, শুধু একখানা আসন দেখিয়া বিপিন বলিল, দত্ত মশায় থাকেন না?

—বাবা বাড়ী নেই, ওপাড়ায় বেরলেন। তা ছাড়া এখনও রান্না হয়নি, শুধু আপনার চিঁড়ে দুধের ফলার—তাই আপনাকে খাইয়ে দিই। এতটা পথ আবার যাবেন—

সে একটি বড় কাঁসিতে ভিজানো চিঁড়ে লইয়া আসিল। বলিল, আপনি নাইতে গেলেন দেখে আমি চিঁড়েতে দুধ দিইচি—সর্ক খানের চিঁড়ে, বেশি ভিজলে একেবারে ভাতের মত হয়ে যায়—দাঁড়ান, কলা নিয়ে আসি—

কত যত্নের সহিত সে কলা ছাড়াইয়া দিল, গুড়ের বাটি হইতে গুড় ঢালিয়া দিল।

বিপিন খাইতে আরম্ভ করিলে বলিল, তেঁতুলের ছড়া-আচার থাকেন? বেশ লাগবে চিঁড়ের ফলারে। বলিয়াই উত্তরের অগ্নেক্ষা না করিয়া সে চলিয়া গেল, আসিতে কিছু বিলম্ব হইতে লাগিল দেখিয়া বিপিন ভাবিল, বোধ হয় আচার ফুরাইয়া গিয়াছে—মেয়েটি জানিত না, লজ্জায় পড়িয়া গিয়াছে বেচারী।

কিন্তু প্রায় দশমিনিট পরে সে একটা ছোট পাথরের বাটিতে স্থতিন রকমের আচার
বি. র. ৬—১২

আনিয়া সামনে রাখিয়া সলজ্জ কৈফিয়তের স্বরে বলিল, আচারের হাঁড়ি, যে সে কাপড়ে তো হোঁবার জো নেই, দেরি হয়ে গেল। এই যে করম্চার আচার, এ আমি আর বছর করে রেখে গিয়েছিলাম, বাবা খেতে বড় ভালবাসেন। দেখুন তো চেখে, ভাল আছে ?

—বাঃ, বেশ আছে। তুমি আচার করতে জানো বড় চমৎকার দেখছি যে—

মেয়েটি লাজুক হাসি হাসিয়া বলিল, এমন আর কি করতে জানি, মা থাকতে শিখিয়েছিলেন। শ্বশুরবাড়ীতে আমার শাশুড়ীও অনেক রকম আচার করতে জানেন। এঁচড়ের আচার পৰ্ব্বস্ত।

—আর কি কি আচার জানো ?

—আমের জানি, নেবুর জানি, নংকার জানি—

—নংকার আচার বড় চমৎকার হয়, একবার খেয়েছিলাম—

—চিঁড়ে আর দুটো নেবেন ?

—পাগল ! পেট ভরে গিয়েচে, দুধ জ্বাল দেওয়া হয়েছে একেবারে ঘন স্কীর করে—

থাওয়া শেষ করিয়া বিপিন বাহিরে আসিল। ভাবিল, বেশ মেয়েটি। এমন দয়া শরীরে, এমন মমতা, যেন নিজের বোনটির মত বসে বসে খাওয়ালে।

মানীর কথা মনে পড়িল। মানী ও এই মেয়েটি যেন এক ছাঁচে ঢালাই, তবে প্রভেদও আছে, মানী মনে প্রেম জাগায় আর এ জাগায় মেহ ও শ্রদ্ধা।

কিছুক্ষণ পরে মেয়েটি একটা নেকড়ায় জড়ানো গোটাকতক পান আনিয়া বিপিনের হাতে দিয়া বলিল, পান কটা নিয়ে যান, রন্ধুরে জলতেষ্টা পাবে। পথের জল খাবেন না কোথাও। কবে ফিরবেন ?

বিপিন উঠানেই দাঁড়াইয়া ছিল, বলিল, আজ আর বাড়ী যাবো না ভাবছি।

মেয়েটি অবাক হইয়া বলিল, যাবেন না ?

—না, তাই বেলা দেখছিলাম এখানে দাঁড়িয়ে। এত দেরিতে বেরুলে পথেই রাত হবে।

—তবে যাবেন না আজ। মিছিমিছি চিঁড়ে খেলেন কেন, কষ্ট পাবেন সারাদিন।

—কাকি দিয়ে চিঁড়ের ফলার করে নিলাম। রোজ তে অদৃষ্টে এমন ফলার জোটে না—

মেয়েটি সলজ্জ হাসিয়া বলিল, তা কেন, ভালবাসেন চিঁড়ের ফলার ? কালই আবার খাবেন।

বিপিনের ভারি ভাল লাগিল মেয়েটির এই কথাটা। এই অল্পক্ষণের মধ্যে মেয়েটি তার মন ও কথাব্রাভার গুণে বিপিনকে আকৃষ্ট করিয়া ফেলিয়াছে।

মেয়েটি বাড়ীর মধ্যে চলিয়া গেলেও বিপিনের মনে হইতে লাগিল, আবার যদি সে আসে, তবে বেশ ভাল হয়। বিপিনের এ ধরনের মনের ভাব হয় নাই অনেক দিন।

কিন্তু বহুক্ষণ সে আসিল না। না আসুক, বিপিন আর জ্বলে জ্বটাইবে না। কেহই শেষ পর্যন্ত টেকে না ওরা। কেবল নাড়া দিয়া যায় এই মাত্র। কষ্টও দিয়া যায় খুব। মানী যেমন গিয়াছে, এও তেমনি চলিয়া যাইবে। দরকার কি এই সব আলোয়ার পিছনে ছুটিয়া ?

মানী আলিয়া বটে—কিন্তু তার আলো তাহার মত পথভ্রান্ত পথিককে পথ দেখাইয়াছে। খুবই কষ্ট হয় মানীর জন্ত, কিন্তু সেই কষ্টের মধ্যেও কি ব্যাভাৱা অপূৰ্ণ আনন্দ আসে তাহার মুখখানি, তাহার সেই সপ্তম দৃষ্টি মনে করিলে। সৰ্বদা তাকে দেখিতে পাইলে এ মনের ভাব থাকিত না, এ কথা এখন সে বোঝে।

৩

দত্ত মহাশয় দিবানিদ্রা হইতে উঠিয়া বাহিরে আসিয়া বসিলেন। বলিলেন, শান্তি বলছিল,— আপনি বাড়ী যাবেন বলে শুধু দুটি চিঠি খেয়ে কষ্ট-পাচ্ছেন সারাদিন—

—বলেছে বুঝি? কষ্টটা কি? না না—বেলা বেশি হোল বলে আর যেতে পারলাম না। আপনার বড় মেয়ে যত্ন করেছে ওবেলা। বড় ভাল মেয়েটি—

—যত্ন আর কি করবে? আপনারা ব্রাহ্মণ, আমরা আপনাদের সেবাযত্ন করব সে তো আমাদের ভাগ্যি। সে আর এমন বেশি কথা কি—

দত্ত মহাশয় সেকলে ধরণের গোঁড়া হিন্দু, ব্রাহ্মণের উপর তাঁহার অসাধারণ ভক্তি, কাজেই কথাটা তিনি অগ্ৰভাবে লইলেন। কিছুক্ষণ বসিয়া জমিজমা সংক্রান্ত গল্প করিবার পর বলিলেন, এখানে কিছু ধানের জমি করে দিই আপনাকে। জমি সস্তা এখানে। বছরের ভাতের ভাবনা দূর হবে। ডাক্তারির ব্যাপার হচ্ছে, যেখানে পসার সেখানে বাস।

দত্ত মহাশয় উঠিয়া চলিয়া গেলেন বাড়ীর মধ্যেই। কিছুক্ষণ পরে দত্ত মহাশয়ের মেয়ে আসিয়া বলিল, বাবা বললেন, আপনি কিছু খেয়ে যান—

—কি খাব এখন?

—পরোটা ভেজেচি খানকতক, আপনি আর বাবা খাবেন—ভাত খান নি ওবেলা, খিদে পেয়েচে—

বিপিন স্বাস্থ্যবান যুবক, সত্যই তাহার ক্ষুধা পাইয়াছিল। এ সব ধরণের মেয়েমানুষে মনের কথা জানিতে পারে—মানীকে দিয়া সে দেখিয়াছে। অগত্যা সে বাড়ীর ভিতর উঠিয়া গেল। মেয়েটি ওবেলার মত যত্ন করিয়া খাওয়াইল—কিন্তু খুব বেশি কথা বলিল না, বোধ হয় দত্ত মহাশয় আছেন বলিয়াই।

দত্ত মহাশয় বলিলেন, আপনার ওবেলা খাওয়া হয় নি বলে আমি ছুম থেকে উঠেই দেখি আমার মেয়ে ময়দা মাখতে বসেছে। আমি তো বিকেলে কিছু খাইনে। বললাম, কি হবে রে ময়দা এখন? তাই বললে, ডাক্তারবাবু ওবেলা ভাত খান নি, গুঁর অস্তে খানকতক পরোটা ভাজব। আমি তো তাতেই জানলাম।

ইতিমধ্যে গ্লাসে করিয়া একবার জল দিতে দত্ত মহাশয়ের মেয়ে কাছে আসিল। তাহার দিকে একবার ভাল করিয়া চাহিয়া দেখিয়া বিপিনের মন অত্যন্ত ও স্নেহে পূর্ণ হইয়া গেল।

মেয়েটি দেখিতে ভালই, মুখশ্রীও বেশ। এই নিঃসঙ্গ প্রবাস-জীবনে এমন একটি স্নেহপায়ণী নারীর সান্নিধ্য পাওয়া সভ্যই ভাগ্যের কথা।

বৈকালে সে নদীর ধার হইতে বেড়াইয়া আসিয়া চণ্ডীমণ্ডপে বসিয়াছে, মেয়েটি আসিয়া বলিল, চা খাবেন? বার বার তাহাকে খাটাইতে বিপিনের কুষ্ঠা হইল। সে বলিল, না থাক। একটা পান বরু—

পান তো আনবই, চা-ও আনি। আপনি লজ্জা করেন কেন, চা তো আপনি খান—বললেই তৈরি করে দিই।

মিনিট কুড়ি পরে বিপিন চা খাইতে খাইতে মেয়েটির সঙ্গে কথাবার্তা বলিতেছিল। অত্যন্ত ইচ্ছা হইতে লাগিল, ইহার কাছে মানীর কথা বলিবার জন্ম। এর মন সহানুভূতিতে ভরা, এ তাহার মনের কষ্ট বুঝিবে। বলিয়াও স্মথ।

ইচ্ছা হইল বলে—শোন শান্তি, তোমার মত একটি মেয়ের সঙ্গে আমার খুব আলাপ। সে আমাকে খুব ভাগবাসে, তোমার মতই করুণাময়ী, মমতাময়ী সে। আজ তোমার সেবায় দেখে তার কথা কত মনে হচ্ছে জান শান্তি?

শান্তি বলিবে, বলুন না তার কথা, বড় শুনতে ইচ্ছে হচ্ছে—

তারপর চোখে আগ্রহভরা দৃষ্টি লইয়া শান্তি তাহার সামনে বসিয়া পড়িবে, আর সে মানীর সহিত তাহার বাল্যের পরিচয়ের কাহিনী হইতে আরম্ভ করিয়া তাহার সহিত শেষ সাক্ষাতের দিন পর্যন্ত সব কথা বলিয়া যাইবে। বৈকাল উত্তীর্ণ হইয়া সন্ধ্যা নামিবে, সন্ধ্যা উত্তীর্ণ হইয়া নামিবে জ্যোৎস্নাতাজি, বাশবনের মাথায় জ্যোৎস্নালোকিত আকাশে ছ'দশটা নক্ষত্র উঠিবে, গাছপালা হইতে টপ্, টপ্, করিয়া শিশির ঝরিয়া পড়িবে, গ্রাম নিমুতি নিশুর হইয়া যাইবে, ভোবার ধারের জগডুমুর গাছের খোড়লে রোজকার মত লক্ষ্মীপেচটা ডাকিবে, তখনও শান্তি গালে হাত দিয়া তন্নয় হইয়া এই অপূর্ব কাহিনী শুনিয়া যাইতেছে ও মাঝে মাঝে আর্দ্র চক্ষু ঝাঁচল দিয়া মুছিতেছে, আর সে অনবরত বলিয়াই চলিয়াছে—তবুও হয়তো বলা শেষ হইবে না, হয়তো বা বলিতে বলিতে পূবে ফরসা হইয়া যাইবে, কাক কোকিল ডাকিয়া উঠিবে, ভোরের সূর্যাসার মাংলার ধারের আম-শিমুলের বাগান অস্পষ্ট দেখাইবে, অথচ শান্তি উঠিবে না, শেষ পর্যন্ত ঠায় বসিয়া শুনিবে।

একথা বলা যায় কার কাছে? যে মন দিয়া শোনে, যে ভালবাসে, সহানুভূতি দেখায়—যার মনে স্নেহ আছে, দয়া আছে, মায়া আছে। সে বুঝিবে, অস্ত্রে কি বুঝিবে?

তেমনি মেয়ে এই শান্তি।

কোন দূর নক্ষত্রের দেবলোক হইতে শান্তির মত মেয়েরা, মানীর মত মেয়েরা, পৃথিবীতে জন্ম নেয়।

চা খাওয়া হইলে শান্তি পান আনি।

বিপিন বলিল, তুমি এখানে আর কতদিন থাকবে শান্তি?

—এ মাসটা আছি।

—তুমি চলে গেলে আমার বড় খারাপ লাগবে—

কথাটা বলিয়া কেলিয়াই কিন্তু বিপিনের মনে হইল, মেয়েটিকে এরূপ বলা উচিত হয় নাই। এ সব ধরণের কথা বলা হয়, যখন পুরুষ নারীমনের মুকুলিত প্রেমকে ফুটাইতে চায়। বিবাহিতা মেয়ে, কাল শস্তরবাড়ী চলিয়া যাইবে—প্রেম জাগিলে মেয়েটিই কষ্ট পাইবে। বিপিন আর ও পথে পা দিবে না। মেয়েটি বোধ হয় সহজ ভাবেই কথাটা গ্রহণ করিল, নতুবা তাহার চোখে লজ্জা ঘনাইয়া আসিত। মানীকে দিয়া বিপিন ইহা অনেকবার দেখিয়াছে।

সে সরল ভাবেই বলিল, কেন ?

বিপিন ভতকণ্ঠে সামলাইয়া লইয়াছে। হাসিয়া বলিল—দুখ চিঁড়ের ফলার ঘন ঘন ষোগাড় হবে না।

বলিয়াই যেন পূর্ব কথাটা পেটুক লোকের খেদোক্তি ছাড়া আর কিছুই নহে, প্রমাণ করিবার জন্ত সে নিজেই হো হো করিয়া হাসিয়া উঠিল।

অনেক সময় প্রেম আসে করুণা ও সহানুভূতির ছদ্মবেশে। দত্ত মহাশয়ের মেয়ে সরলা পল্লীবালা, লোককে খাওয়াইয়া মাখাইয়া সে হয়তো খুশি—একটা লোক কোন একটা বিশেষ জিনিস খাইতে ভালবাসে, অথচ সে চলিয়া গেলে লোকটা তাহার প্রিয় হুখান্ড হইতে বঞ্চিত হইবে ইহা তাহার মনে সত্যকার করুণা জাগাইল।

সে মনে মনে ভাবিল, আহা, ডাক্তারবাবু সরু ধানের চিঁড়ে খেতে এত ভালবাসেন ! আমি চলে গেলে কে দেবে ? উনি যে মুখচোর, কাউকে বলতেও পারবেন না।

মুখে বলিল, আমার শস্তরবাড়ীতে কনকশাল ধানের চিঁড়ে হয়, খুব ভাল সরু চিঁড়ে আর কি হুগন্ধ ! চিঁড়ে ভেজালে গন্ধ তুর তুর করে ঘরে। আমাদের বাড়ীর চেয়েও ভাল। আমি গিয়ে আপনার জন্তে পাঠিয়ে দেবো।

বিপিন ভাবিল, তা দেবে তা জানি ! তোমাদের আমি চিনি।

সন্ধ্যা হইয়া আসিল দেখিয়া শাস্তি দ্রুতপদে সন্ধ্যাপ্রদীপ দিতে গেল।

একাদশ পরিচ্ছেদ

১

সেই দিনের ব্যাপারের পর হইতে বছর খানেক কাটিয়া গিয়াছে, পটল আর বীণার সঙ্গে দেখা করিবার চেষ্টা করে নাই। ইহাতে প্রথম প্রথম বীণা খুব অস্তি অহুভব করিল। কিন্তু সপ্তাহ যখন পক্ষে এবং পক্ষ যখন মাসে এমন কি বৎসরে পরিবর্তিত হইতে চলিল—পটলের টিকি কোনদিকে দেখা গেল না, তখন বীণার মনে হইল তাহার মনের এই যে নিরক্ষুণ অস্তি,

ইহা সম্পূর্ণ স্বাভাবিক ও সহজলভ্য জিনিস—বিধবা হইয়া পর্যন্ত এই বৈচিত্র্যহীন স্বস্তি সে বরাবর ইস্তকনাগাং পাইয়া আসিয়াছে—ইহার মধ্যে কিছু নূতনও নাই। নূতনও ও বৈচিত্র্য যাহার মধ্যে ছিল, তাহার নিকট হইতে দূরে সরিয়া গিয়াছে।

খুব অল্পদিনের জন্ত—কতদিন? বছর দুই? হাঁ, প্রায় দুই বছরের জন্ত তাহার জীবনে এই অনাস্বাদিতপূৰ্ব বৈচিত্র্য দেখা দিয়াছিল। পটলদা তাহাদের বাড়ীতে আসে—আশিত, মায়ের সঙ্গে কি বলাইয়ের সঙ্গে গল্প করিয়া হয়তো বা একটা পান কিংবা একগ্লাস জল, কখনো বা দুইই, চাহিয়া খাইয়া চলিয়া যাইত।

মায়ের ডাকে বীণাই পান জল আনিয়া দিত—কেননা মনোরমা ঘরের বউ, স্বামীর বন্ধুস্থানীয় লোকের সম্মুখে বাহির হইবার নিয়ম তাহাদের সংসারে নাই।

হয়তো পান দিতে আসিয়া পটল দুই একটা কথা বলিত, বীণা জবাব দিত। হয়তো পটল এক আধটা ছোটখাটো গল্প করিত, বীণা দাঁড়াইয়া দাঁড়াইয়া শুনিত—ভাল লাগিত শুনিত। হয়তো মা উঠিয়া যাইতেন সন্ধ্যাক্রমক করিতে—বীণা ও পটল রোয়াকে পরস্পরের সঙ্গে কথাবার্তা বলিত।

ক্রমে পটলদা যেন একটু ঘন ঘন আসিতে আরম্ভ করিল। পটলের মাড়া পাইলে বীণারও যেন কি হয়। তাহার মন চঞ্চল হইয়া উঠে, রান্নাঘরে বউদিদির কাছে বসিয়া কুটনা কুটিতে, কি তেঁতুল কাটিতে, কি বাটনা বাটিতে আর ভাল লাগে না। ছুটিয়া গেলে কে কি মনে করিবে, ধীরে ধীরেই যাইত—অন্ত ছুতায় যাইত।

—মা, আজ কি বেগুন পোড়াতে আছে? বউদিদি বলছিল, আমি বললাম, আজ বুধবার, দাঁড়াও, জিগোস করে আসি।

—আচ্ছা মা, পাকানো সলতেগুলো কুলুঙ্গিতে রেখে দিইচি, তার কি একটাও নেই—তুমি নাও নি?

—তোমার কলসীতে জল আনতে হবে না মা? বলো তো এখুনি আমি, আবার সন্ধ্যা হয়ে গেলে তখন—

ইত্যাদি, ইত্যাদি।

তারপর কে জানে আধঘণ্টা, কে জানে একঘণ্টা, সে আর পটলদা গল্পই করিতেছে, গল্পই করিতেছে। যতক্ষণ পটলদা বাড়ীতে থাকিবে বীণা নড়িতে পারিত না সেখান হইতে।

ক্রমে পটলদা চাহিত একটু আড়ালে দেখা করিতে, বীণা তাহা বুঝিত।

বীণার কোঁতুহল তখন বেশ বাড়িয়াছে, পুরুষ মানুষ একা থাকিলে কি রকম কথাবার্তা চলে। পটলদা মজার মজার কথা বলে বটে। বীণার হাসি পায়, আনন্দও হয়। মা উপস্থিত থাকিলে পটলদা এ ধরণের কথা বলে না। হয়তো বীণার শোনা উচিত নয় এসব কথা, কিন্তু লাগে মন্দ নয়।

তারপর গ্রামে কথা উঠিল, দাদা বাড়ী আসিয়া তাহাকে ডাকিয়া বুঝাইলেন, বউদিদিই

দাদার কানে উঠাইল এসব কথা, বলাই মারা গেল, পটলদা সন্ধ্যার সময় ছাদের পাশে বাগানে অন্ধকারে লুকাইয়া দেখা করিতে শুরু করিল, তাহাও একদিন বউদিদির চোখে গেল পড়িয়া—
বীণার জীবনে স্ত্রী নাই, আনন্দ নাই কোনদিক হইতে। একটুকু আলো আসিতে সবে আরম্ভ করিয়াছে যাই—অমনি সবাই মিলিয়া হৈ হৈ করিয়া জানালা মশক্কে বন্ধ করিয়া দিল।

২

সেদিন একাদশী।

বীণা সারাদিন মায়ের সঙ্গে নির্জলা একাদশী করিয়া সন্ধ্যাবেলা মায়ের অহুরোধে একটু দুধ ও দুই-একটা ফল খায়। একদিন ঘরে ফলের যোগাড় ছিল না—পাড়ারগায়ে থাকে না—মনোরমা বৈকালে বলিল, ও ঠাকুরঝি, মম্বর মার কাছ থেকে এক পয়সার পাকা কলা নিয়ে এসো তো? আমি ষাটে বলেছি শুকে। গিয়ে নিয়ে এস।

বীণা এ পাড়ার সকলের বাড়ীতেই একা যাতায়াত করে—ও পাড়ার কখনও একা যায় না। মম্বর মা থাকে এই পাড়ারই সর্বশেষ প্রান্তে, মধ্যে পড়ে ছোট একটা আমবাগান, সেটা পূর্বে ছিল বীণার বাবা বিনোদ চাটুজ্জের নীলাম-খরিদা সম্পত্তি, আবার ওপাড়ার শ্রীশ ঠাকুরজ্জে বিপিনের নিকট হইতে ক্রয় করিয়া লইয়াছেন। একটি আমগাছের নাম 'সোনাভলী', বীণা ছেলেবেলায় এখানে আম কুড়াইতে আদিত—যখন তাহাদের নিজেদের বাগান ছিল। যাইতে যাইতে স. ভাবিল—কি চমৎকার আম ছিল সোনাভলীর। কত বছর এ গাছের আম খাই নি—এবারে খুড়ামাদের কাছ থেকে দুটো চেয়ে আনবো আমার সময়।

হঠাৎ সে দেখিল পটলদা বাগানের পথ দিয়া বাগানে ঢুকিতেছে। বীণার বুকের রক্ত যেন টলু খাইয়া উঠিল। এখন সে কি করে? বাড়ী ফিরিয়া যাইবে? পটলদা তাহাকে দেখিতে পায় নাই—কারণ সে বাগানের কোণাকুণি পথটা বাহিয়া বোধ হয় মুচিপাড়ার দিকে যাইতেছে। পটলদার সঙ্গে কতকাল দেখা হয় নাই।

হঠাৎ বীণা নিজের অজ্ঞাতসারে ডাক দিল, ও পটলদা?

পটল চমকিয়া উঠিয়া চারিদিকে কেমন করিয়া চাহিতেছে দেখিয়া বীণার হাসি পাইল।

—এই যে, ও পটলদা!

পটল বিস্মিত ও আনন্দিত মুখে কাছে আসিল।

—তুমি? কোথায় যাচ্ছ?

—যেখানেই যাই। তুমি ভাল আছ?

—ভাল তোমার কি? আমি ম'রে গেলেই বা তোমার কি?

—বাজে বোকো না পটলদা। ওসব কথা বলতে নেই।

—কতদিন পরে তোমার সঙ্গে দেখা হল !

বীণা চুপ করিয়া রহিল ।

—আমার কথা একটুও ভাবতে বীণা ? সত্যি বল ।

—বলে লাভ কি পটলদা ? যা হবার হয়ে গিয়েছে ।

—আমিও তো সেইজন্মে আর যাই না । তোমার নামে কেউ কিছু বললে আমার ভাল লাগে না । তাই ভেবে দেখলাম, দেখা না করাই ভাল, কিন্তু তা বলে ভেবো না যে তোমায় ভুলে গিয়েছি ।

বীণা কোন কথা বলিল না ।

পটল বলিল, আচ্ছা বীণা, তুমি যেখানে যাচ্ছ যাও—আমবাগানের মধ্যে কথা কইতে দেখলে কে কি ভাবে—যে আমাদের গায়ের লোক—এসো তুমি—

—তুমি আজকাল সেই কোথায় চাকরি করতে সেখানে করো না ?

—সে চাকরি গিয়েছে । এখন ব'সে আছি ।

—কতদিন চাকরি নেই ?

—প্রায় তিন মাস । সংসারে বড় টানাটানি চলেছে—তাই যাচ্ছ মুচিপাড়ায় রঘু মুচির কাছে কিছু খাজনা পাব—গিয়ে বলি, খাজনা না দিস তো দুখানা গুড়ই দে ।

—আচ্ছা, এসো পটলদা ।

৩

বীণা বাড়ী ফিরিয়া সারা দিন কেমন অগ্রমনস্ক রহিল । পটলদার চাকুরি গিয়াছে । তাঁহার সংসারে বড় কষ্ট । ইচ্ছা হয়—কিন্তু সে ইচ্ছায় কি কাজ হইবে ? ইচ্ছা থাকিলেও বীণার এক পয়সা দিয়াও সাহায্য করিবার সামর্থ্য নাই ।

তাহাকে কি পটলদা কিছু দিয়াছিল ?

প্রথমে বীণা লইতে রাজী হয় নাই । বিধবা মানুষে সাবান কি করিবে ? একশিশি গন্ধ তেল শেষ পর্য্যন্ত লইয়াছিল, লুকাইয়া লুকাইয়া নারিকেল তৈলের সঙ্গে মিশাইয়া একশিশি গন্ধতেল দুই তিন মাস চালাইয়াছিল ।

এক আধটা সহানুভূতির কথা বলা উচিত ছিল । ভুল হইয়া গিয়াছে, অত তাড়াতাড়ি আমবাগানের মধ্যে কি সব কথা মনে আসে ? পটলদার সংসারটি নিতান্ত ছোট নয়, বেচারী চালান্নাইতেছে কি করিয়া ? আহা !

সন্ধ্যাবেলায় দিকে মনোরমা নদীর ঘাট হইতে আসিল । ছেলেমেয়ে খাই খাই করিয়া জ্বালাতন করিতেছে, মনোরমা বলিল, ঠাকুরবি, ওদের জন্তে একখোলা চাল ভেজে দাও না ? তাত হতে এখন অনেক দেরি । থাক ততক্ষণ গুড় দিয়ে । বরছে খিদে খিদে করে ।

বীণা বলিল, কোন্ চাল ভাজব বউদি ? সেদিনকের সেই মোটা নাগরা আছে। দিবি কোটে—তাই ভাজি, হ্যা ?

বীণার মা বলিলেন, আগে সন্ধ্যোটা দেখা না তোরা, অন্ধকার তো হয়ে গেল মা—
আব কখন—

মনোরমা ভিআ কাপড় ছাড়িয়া ফর্সা কাপড় পরিয়া উঠানের তুলনীতলায় প্রদীপ দিতে গিয়া হঠাৎ চীৎকার করিয়া উঠিল, ও ঠাকুরঝি, আমার কিসে কামড়াল, শীগগির এস—

বীণা রান্নাঘর হইতে ছুটিয়া গেল, কি হল বউদি ?

সে রোয়াক হইতে উঠানে পা দিবার পূর্বেই মনোরমা আবার চীৎকার করিয়া উঠিল, সাপ ! সাপ ! অজগর গোখরো—গোলার পিঁড়ির মধ্যে, ও মা, ও ঠাকুরঝি—

বীণা ততক্ষণ ছুটিয়া মনোরমার কাছে গিয়া পৌঁছিয়াছে, কিন্তু সে কিছু দেখিতে পাইল না। মনোরমা উঠানে বসিয়া পড়িয়াছে তাহার হাতের সন্ধ্যাপ্রদীপ ছিটকাইয়া উঠানে পড়িয়া তেল সলিতা ছড়াইয়া পড়িয়াছে।

মনোরমা বলিল, আমার গা কিম্ কিম্ করছে ঠাকুরঝি—আমায় ধর।

বীণার মা বলিলেন, শীগগির কেই ঠাকুরপোকে ডাক, জীবনের মাকে ডাক, ওমা, আমার কি হ'ল গো যা যা শীগগির যা, হে ঠাকুর হে হরি, বন্ধে কর বাবা—

বীণা বলিল, চেষ্টাও না মা, আমি ডেকে আনছি, এখানে তার আগে ছোটো বাঁধন দিই, গ্রামছাথানা দাও—

মিনিট পনরো মধ্যে গায়ে রাষ্ট্র হইয়া গেল বিপিনের বউকে সাপে কামড়াইয়াছে এবং সঙ্গে সঙ্গে এপাড়া ওপাড়ার লোক ভাঙিয়া পড়িল বিপিনদের উঠানে। ভীম জ্বলে ভাল ওঝা, সে আসিয়া গাঁটুলি করিল, মন্ত্র পড়িল, ঝাড়ফুক চালাইল, মনোরমা অশাড় হইয়া পড়িয়া আছে, তাহার মাথায় ঘড়া করিয়া জল ঢালা হইয়াছে, তাহার মাথার দীর্ঘ কেশরাশি জ্বলে কাদায় লুটাইতেছে, সেদিকে তখন কাহারও লক্ষ্য করিবার অবকাশ ছিল না, রোগিণীর অবস্থা লইয়া সকলে ব্যস্ত।

কৃষ্ণলাল মুখুঞ্জ বলিলেন, দতীশ ডাক্তারের কাছে কে গেল ? ও হরিপদ, তুমি একবার সাইকেলখানা নিয়ে ছোট।

পটলও আসিয়াছিল, সে ভাল সাইকেল চড়িতে জানে, বলিল, আমি যাচ্ছি কাকা। হরিপদ ভাই, তোমার সাইকেলখানা—

বীণা দেখা গেল খুব শক্ত মেয়ে। সে অমন বিপদে হাত-পা হারায় নাই, ছুটাছুটি করিয়া কখনও জল, কখনও মুন, কখনও দড়ি আনিতেছে, সম্প্রতি বৌদিদির মাথাটা উঠানে লুটাইতেছে দেখিয়া সে মাথা কোলে লইয়া শিয়রের কাছে আসিয়া বসিল।

বিপিন ছপুত্রের পূর্বেই সোনাতনপুর হইতে রওনা হইয়া হাঁটিয়া আসিতেছিল, বেলা ছোট, আমতলীর বাঁওড়ের কাছে আসিতেই অন্ধকার ঘনাইয়া আসিল।

বিড়ি নাই পকেটে, ফুরাইয়া গিয়াছে, পথের পাশেই শরৎ ঘোষের মুদির দোকান। এখনও প্রায় আধক্রোশ পথ বাকী তাহাদের গ্রামে পৌঁছিতে, বিড়ি কিনিতে সে দোকানে ঢুকিল। শরৎ বলিল, দাদাঠাকুর এলেন নাকি আজ? তোমাক ইচ্ছে করুন—বহন, বহন।

—না আর তোমাক খাব না সন্ধ্যা হয়ে গিয়েছে, এক পয়সার বিড়ি দাও আমায়।

—তা দিচ্ছি, দাদাঠাকুর বহন না। তোমাকটা খেয়ে যান, এতটা হেঁটে এলেন।

বিপিন তোমাক খাইতে খাইতে বলিল, আথের গুডে এবার কেমন হ'ল শরৎ?

—কিছু না, কিছু না দাদাঠাকুর। পুজিপাটা সব খেয়ে গেল—স' ন' আনা মণ কিনলাম, বেচলাম সাড়ে সাত, আট। সেদিন আর নেই দাদাঠাকুর, ডাহা লোকসান। তবে কি করি, লেখাপড়া তো শিখি নি আপনাদের মত। খাই কি ক'রে বলুন?

—আইনদ্দি চাচার খবর জান? ভাল আছে?

—বেশ আছে, পরশু বেলতার মাঠে বিচুলি তুলতে গিয়ে দেখি বুড়ো দিব্যা খুঁটির মত ব'সে ধানের শাল পাহারা দিচ্ছে।

—আচ্ছা, আসি শরৎ।

—দাঁড়ান দাদাঠাকুর, পাকটির মশাল আমার করাই আছে, একটা জ্বলে নিয়ে যান—ওরে, নিয়ে আয় তো গোলার তলা থেকে একটা মশাল! ক'দিন থাকবেন বাড়ী?

—থাকব আর কই? তিন চার দিনের বেশি—রুগীপত্নর ফেলে—

সদর রাস্তা দিয়া গেলে খুব ঘুর হয় বলিয়া সে গ্রামে ঢুকিয়াই নদীর ধারের রাস্তাটা ধরিল। এ দিকটা জনহীন, শুধু বৈচিত্রন, নিবিড় বাশবন ও আমবাগান। সন্ধ্যার পর বাঘের ভয়ে এ পথে বড় কেহ একটা হাঁটে না, যদিও বাঘ নাই, কিংবা কালেভদ্রে এক আধটা কেঁদো বাঘ বাহির হইবার জনশ্রুতি শোনা যায় মাত্র। স্বতরাং বিপিনের সহিত কাহারও দেখা হইল না।

বাড়ীর কাছাকাছি তাহাদের নিজেদের জমির সামান্য ঘাটের পথের চালতা গাছটার তলায় যখন সে পৌঁছিয়াছে, তখন একটা গোলমাল ও কান্নার রব তাহার কানে গেল। কৌন্দিক হইতে শব্দটা আশিত্তেছে ভাল ঠাহর করিতে পারিল না। একটু আশ্চর্য হইয়া চারিদিকে চাহিয়া গুনিল।

এ কি! তাহাদেরই বাড়ীর দিক হইতে শব্দটা আশিত্তেছে না? তাহার বকের ভিতরটা এক মুহূর্তে যেন ভয়ে অসাড় হইয়া গেল। কি হইয়াছে তাহাদের বাড়ীতে? না—তাহাদের বাড়ী নয়, এ যেন কেই কাকাদের কিংবা পরাণ নাপিতের বাড়ীর দিক হইতে—তাই হইবে, তাহাদের বাড়ী নয়। পরক্ষণেই সে দ্রুতপদে দুরু দুরু বক্ষে বাড়ীর দিকে প্রায় ছুটিতে ছুটিতে চলিল।

আর কিছু দূর গিয়া বিপিনের আর কোনো সন্দেহ রহিল না। এ কান্নার রব যে তাহার মায়ের গলার! পাগলের মত ছুটিতে ছুটিতে সে বাড়ীর পিছনের পথে আসিত্তেই তাহাদের

উঠানে ভিড় দেখিতে পাইল। তাহাকেও দুই চারজন দেখিয়াছিল তাহারা ছুটিয়া আসিল তাহার দিকে। সর্বাগ্রে ছুটিয়া আসিলেন কৃষ্ণলাল মুখুজে।

—এসো এসো বিপিন, বড় বিপদ—এসো—

বিপিনের গলা দিয়া যেন কথা বাহির হইতেছে না, ভয়ে ও বিস্ময়ে সে কেমন হইয়া গিয়াছে। বলিল, কি—কি, কেটে কাকা, ব্যাপার কি ?

ভিড়ের ভিতর হইতে বীণা কাঁদিয়া উঠিল, ও দাদা, শীগগির এসো, বৌদিদি যে আমাদের ছেড়ে চলে গেল গো।

মনোরমা ? মনোরমার কি হইয়াছে ? বিপিন ভিড় ঠেলিয়া অগ্রসর হইবার চেষ্টা না করিয়া ফ্যাল ফ্যাল করিয়া ইহার উহার মুখের দিকে চাহিতে লাগিল। দুই তিন জন হাত ধরিয়া তাহাকে লইয়া গেল।

কে একজন বলিয়া উঠিল, আহা, সতীলক্ষ্মী বউ বটে, স্বামীও একেবারে ঠিক সময়ে এসে হাজির—এদেরই বলে সতীলক্ষ্মী—

বিপিন গিয়া দেখিল উঠানে তুলসীতলার কাছেই মনোরমা মাটিতে শুইয়া। মাথার চুল মাটিতে লুটাইতেছে। সারাদেহ অসাড়, নিম্পন্দ।

বিপিন আর যেন দাঁড়াইতে পারিল না। বলিল, কি হয়েছে কেটে কাকা ?

—সাপে কামড়েছিল। যাচ্ছিলেন বোঁয়া পিদিম দিতে নাকি তুলসীতলায়—

চার পাঁচজন লোক একসঙ্গে ঘটনাটা বলিতে গিয়া পরস্পরকে বাধা দিতে লাগিল। বিপিনের মা তাহাকে দেখিয়া চীৎকার করিয়া কাঁদিতে লাগিলেন। বীণা কাঁদিতে লাগিল।

বিপিন নাড়ী দেখিয়া বলিল, নাড়ী নেই বটে—কিন্তু কেটে কাকা, এ মরে নি এখনও। বীণা, শীগগির জল গরম করে নিয়ে আয়—সতীশ ডাক্তারের কাছে একজন যা তো কেউ—

বলিতে বলিতে সতীশ ডাক্তারকে লইয়া পটল আসিয়া উপস্থিত হইল।

সতীশ ডাক্তার ও বিপিন দুইজনে কিছুক্ষণ দেখিল। বিপিন বলিল, আশা আছে বলে মনে হচ্ছে না কি ? ইথার ইন্ ক্লোরোফর্ম দিয়ে দেখা যাক নাড়ী আসে কিনা—এ রকম রোগী আমি একটা দেখেছিলাম অবিকল এই লক্ষণ। এ মরে নি এখনও।

—ইথার ইন্ ক্লোরোফর্ম দিয়ে কি হবে ? ছাথো দিয়ে—

—এ মরে নি সতীশবাবু। কতকটা ভয়ে, কতকটা বিেষের ক্রিয়ায় এমন হয়েছে—আমার মনে হয় গোথরো সাপ নয়—এ ঠিক শেকড়চাঁদা সাপ—এই রকম লক্ষণ সব প্রকাশ পায়। কেউ দেখেছিল সাপটা ?

বীণা বলিল, বউদিদি বলেছিল অজগর গোথরো সাপ—গোলার পিঁড়িতে ছিল—আমি কিছু দেখিনি অঙ্ককারে—

সতীশ ডাক্তার বলিলেন, ও কিছু না, ভয়ে অনেক সময় ও রকম হয়। উনি ভয়ে তখন চারিদিকে গোথরো সাপ তো দেখবেনই। অঙ্ককারে কি দেখতে কি দেখেছেন—

মনোরমাকে ধরাধরি করিয়া রোয়াকে লইয়া যাওয়া হইল।

অনেক রাত পর্যন্ত সতীশ ডাক্তার রহিল। পটল যথেষ্ট উপকার করিল, ছোট্টাছুটি করা, ইহাকে উহাকে ডাকাডাকি করা। রাত দুপুর পর্যন্ত সে বিপিনদের বাড়ীতেই রহিল। বিপদের সময় অল্প কথা মনে থাকে না—গরম জল আনিতে পটল কতবার রান্নাঘরে গেল—বীণা যেখানে একাই ছিল, ছেলেমেয়েদের ও দাদার জন্ত রান্না না করিলে তাহারা খাইবে কি? বীণার মা বউয়ের শিয়রে সন্ধ্যা হইতে বসিয়া আছেন আর হাপুস নয়নে কাঁদিতেছেন।

8

চারদিন পরে বিপিন মনোরমাকে বলিল—কাল যাব গো, এসেছিলাম দুটো দিন থাকবো বলে—তুমি যে ভয় দেখিয়ে দিলে, তাতে দেরি হয়েই গেল এমনি—

মনোরমা হাসিয়া বলিল, ম'লেই বেশ হোত, না?

—না না, ওসব কথা বলতে নেই। ঘরের লক্ষ্মী মরতে যাবে কেন? ছিঃ!

মনোরমা একটু অবাক হইয়া স্বামীর দিকে চাহিল। এত আদরের কথা সে স্বামীর মুখে কতকাল শোনে নাই। ভাগ্যিস সাপে কামড়াইয়াছিল! উঃ—

মুখে বলিল, ছেলেমেয়ে দুটো ছোট ছোট—নয়তো আর কি? তোমায় রেখে যেতে পারা তো ভাগ্যির কথা গো।

বিপিন বলিল, আর আমার জন্তে বুঝি কিছু না?

মনোরমা হাসিল। সে শুধাইয়া কথা বলিতে পারে না কোনো কালেই, মনের মধ্যে কি আছে বুঝাইতে পারে না। সে বোঝে কাজকর্ম, খাওয়ানো মাখানো, নিখুঁতভাবে সংসার চালানো। স্বামীকে সে ভালবাসে কি না বাসে, তা কি মুখে বলা যায়? ছেলেমেয়ের মা, এখন সে গিন্নিবান্নি মাল্লু, অমন ইনাইয়া বিনাইয়া কথা বলা তাহার আসে না।

বলিল, না গো তা নয়। আমি মরে গেলে তুমি আর একটা বিয়ে করে স্থখী হতে পারো—কিন্তু ওরা আর মা পাবে না।

বিপিন দুঃখিত হইল। সত্যই আজ যদি মনোরমা মারা যাইত! কখনো সে মনোরমাকে একটা মিষ্টি কথা কি ভালবাসার কথা বলিয়াছে? না পাইয়া না পাইয়া মনোরমার সহিয়া গিয়াছে। ও সব আর সে প্রত্যাশা করে না, পাইলে শ্রবাক হইয়া যায়। মনে ভাবিল—আমার হাতে পড়ে ওর দুর্দশার একশেষ হয়েছে। ভাল খাওয়া কি ভাল কাপড় একখানা কোনদিন—বা কখনও কিছু দেখলেও না। সংসারের হাঁড়ি ঠেলে আর বাগন মেজে জীবনটা কাটলো ওর।

সে বলিল, হ্যাঁ, ভাল কথা। কাল দুটো ভাত সকালে সকালে ঘেন হয়। শিপ্লিপিড়া যাব কাল।

মনোরমা বলিল, তা কেন ? কাল যেও না। বিদেশে থাকো, একদিন একটু পিটে-নাটা করি, সেখানে কে করে দিচ্ছে, খেয়ে যেও।

বিপিন জানে মনোরমা মিষ্টি কথা कहিতে জানে না বটে, কিন্তু এ সব দিকে তাহার খুব লক্ষ্য। কিন্তু তাহার থাকিবার উপায় নাই। মনোরমাকে বুঝাইয়া বলিল, হাতে যোগী আছে, পিঠে খাইবার জন্ত বলিয়া থাকিলে চলিবে না।

হাসিয়া বলিল, যাবে আমার সঙ্গে সেখানে ? চল পিঠে খাওয়ানোর লোক নিয়ে যাই— মনোরমা বলিল, ওমা, আমি আবার বুড়োমাগী সংসার ফেলে, গরুবাছুর ফেলে, মা বীণা এদের রেখে তোমার সঙ্গে বাসায় যাবো কি করে ?

যেন এ প্রশ্নাবটা নিতান্তই আজগুবি।

মনোরমা বলিতে পারিত, চল তোমার সঙ্গেই যাই, তুমি যেখানে নিয়ে যাবে সেখানেই যাবো। তোমার কাছে আমার কেউ নয়।

বিপিনের খুব ভাল লাগিত তাহা হইলে।

বিপিন ভাবিল—মনোরমার শুধু সংসার আর সংসার ! ওই এক ধরণের মেয়েমানুষ—

৫

পিপ্‌লিপাড়ায় পৌঁছিল প্রায় সন্ধ্যাবেলা। দস্ত মশায় বাড়ী নাই, আজ দিন দুই হইল বড় ছেলের শস্তরবাড়ী কুমারপুরে গিয়াছেন কি কাজে। দস্ত মহাশয়ের ছেলে অবনী তাহাকে দেখিয়া বলিল, এই যে ভাস্করবাবু! ছুটো রুগী এসে ফিরে গিয়েছে কাল। এত দেরি হোল যে ? হাত পা ধুয়ে বিশ্রাম করুন।

অন্ধকার হইয়া গিয়াছে। কিছুক্ষণ পরে শান্তি এক হাতে একটি হারিকেন লঠন ও অস্ত্র হাতে একটা বাটিতে মুক্তি ও নারিকেল-কোরা লইয়া আসিল। বাটিটা বিপিনের হাতে দিয়া হাসিমুখে বলিল, এত দেরি করলেন যে।

—উঃ, সে আর বোলো না শান্তি। কি বিপদেই পড়ে গিয়েছিলাম।

শান্তি উদ্বিগ্ন মুখে বলিল, কি ? কি ?

—আমার স্ত্রীকে সাপে কামড়েছিল।

—সাপে ! কি সাপ ?

—বন্ধে যে জাত সাপ নয়, শেকড়চাঁদা বলেই আমার ধারণা। সে কি ঘটনা হোল শোনো—সেদিন তো এখান থেকে গেলাম সেই—

বলিয়া বিপিন সেদিনকার তাহার বাঙী যাওয়ার পথে কান্নাকাটির সব শোনা হইতে আরম্ভ করিয়া সমস্ত ব্যাপারটা আত্মপূর্বিক বলিয়া গেল, শান্তি অবাক হইয়া বলিয়া তনিত্তে লাগিল।

বর্ণনা শেষ হইয়া গেলে শাস্তি দীর্ঘখাস ফেলিয়া বলিল, উঃ, ভগবান রক্ষে করেছেন। নইলে কি হোত আজ বলুন দিকি? মুড়ি খান, আমি চা নিয়ে আসি—কি বিপদেই পড়ে গিয়েছিলেন!

শাস্তি চা আনিয়া দিল। বলিল, আজ আর রাখতে হবে না আপনাকে—আমাদের তো রান্না হবেই—ওই সঙ্গে আপনাকে দুখানা পরোটা ভেজে দিতে এমন কিছু ঝগাট হবে না।

—রোজ রোজ তোমাদের ওপর—

—ওসব কথা বলবেন না ডাক্তারবাবু। আপনি পর ভাবেন, কিন্তু আমি—

—না না, সে কথা না—পর ভাববো কেন শাস্তি? তা হবে এখন—দিও এখন—

শাস্তি খানিকক্ষণ দাঁড়াইয়া দাঁড়াইয়া গল্প করিল। কথা বলিয়া আনন্দ পাওয়া যায় ইহার সঙ্গে। বেশির ভাগ কথা মনোরমাকে লইয়াই। মনোরমার কথা আজ আসিবার সময় বিপিন সারাপথ ভাবিয়াছে। তাহার আকস্মিক মৃত্যুর সম্ভাবনাটা যতই মনে হইতেছে, বিপিনের মন ততই মনোরমার প্রতি স্নেহে ও সহানুভূতিতে ভরিয়া উঠিতেছে।

শাস্তি বলিল, দেখাবেন একদিন বৌদিদিকে?

—কি করে দেখাবো শাস্তি! সে তো এখানে আসছে না।

—আমায় একদিন নিয়ে চলুন সেখানে।

—তুমি যাবে কি করে?

—আপনার সঙ্গে যাবো। গরুর গাড়ী একখানা না হয় ছুটাকা ভাড়া নেবে।

—আমার সঙ্গে একা যাবে?

—কেন যাবো না?

বিপিন আশ্চর্য হইল শাস্তির নিঃসঙ্কোচ ভাব দেখিয়া। মেয়েটি শুধু সরলা নয়, ইহার মনে সাহস আছে। অবশ্য সে শাস্তিকে সত্যিই লইয়া যাইতেছে না, বহু বাধা তাহাতে, সে জানে। তবুও শাস্তি যে নিঃসঙ্কোচে তাহার সহিত যাইতে চাহিল—ইহাতেই উহার মনের পরিচয় পাওয়া যায়।

হঠাৎ শাস্তি একটি ভারি ছেলেমানুষি প্রশ্ন করিল।

—আচ্ছা, পটলের ক্ষেতে মেয়েমানুষ যাওয়া বারণ কেন জানেন?

—তা তো জানি না শাস্তি। তবে শুনেছি বটে—

বিপিন কারণটা খুব ভাল রকমই জানে, সে পাড়াগাঁয়েরই ছেলে। কিন্তু শাস্তির সামনে সে কথা বলিতে তাহার বাধিল।

শাস্তি দুট্টমির হাসি হাসিয়া বলিল, আমি জানি। বলবো? মেয়েমানুষ অযাত্রা, পটলের ক্ষেতে ঢুকলে পটল ফলবে না—তাই নয়? আচ্ছা, মেয়েমানুষ কি সত্যিই অযাত্রা?

বিপিন সঙ্কচিত হইয়া পড়িল। বলিল, কে বলেছে ওসব কথা? এ কথা তোমার মাথায় উঠলো কেন হঠাৎ?

—না, কিছু না, এমনি মনে পড়ে গেল। আপনাদের গাঁয়ের দিকে এ নিয়ম আছে, না ?

—জনেছি বটে, বললাম তো। বলে বটে। তবে মেয়েরা অযাত্রা এ কথা যে কেউ বলুক, আমি বিশ্বাস করি না। মেয়েরা অনেক উপকার করেছে আমার জীবনে। এই ধরো, আমি তোমায় দিয়েই বলি—কেমন চি ডের ফলার খাওয়ালে সেদিন—খেয়েদেয়ে নিন্দে করবো এমন মহাপাতকী আমি নই।

বলিয়া বিপিন হো হো করিয়া হাসিয়া উঠিল।

শাস্তি সলঙ্ক হাসিমুখে বলিল, আপনার ওই এক কথা। যান।

—না, যাবো কেন, আমি অনেখ্য কথা কি বলেছি বলো। তোমায় যত্নের কথা যখন ভাবি শাস্তি, তখন—সত্যিই বলচি—অমন খাওয়ানো অস্বভাব—

—আচ্ছা, আচ্ছা থাক। আর আপনার ব্যাখ্যা করতে হবে না। আমি যাই, বৌদ্ধিদি একা বারান্দারে—গিয়ে ময়দা মাখবো—

—একটা পান পাঠিয়ে দিও গিয়ে। পেয়লাটা নিয়ে যাও।

—না থাকুক। আপনার পান নিয়ে আসি, পেয়লা নিয়ে যাবো।

বিপিনের মনে একটি অদ্ভুত তৃপ্তি। এ ধরণের সেবা সে চায়—মানীই কেবল সে সাধ মিটাইয়াছিল কিছু দিন—আবার এই শাস্তি কোথা হইতে আসিয়া জুটিয়াছে।

বেচারী মনোরমা এ ধরণটা জানে না। সেও সেবা করে, কিন্তু সে অন্তরকন্মের। তাহা পাইয়া এমন আনন্দ হয় না কেন ?

দ্বাদশ পরিচ্ছেদ

১

সেদিন সকালে বিপিন রোদে পিঠ দিয়া বসিয়া ঔষধ বিক্রীর হিসাবের খাতা দেখিতেছে, এমন সময় শাস্তি পিছন হইতে এক প্রকার চুপি চুপি আসিল—উদ্দেশ্য বোধ হয় বিপিনকে চমকাইয়া দেওয়া বা অপ্রত্যাশিত ভাবে তাহার সাহচর্যের আনন্দ দান করা। উদ্দেশ্য খুব স্পষ্ট না হইলেও সে এমনি প্রায়ই করে আজকাল। বিপিনও শাস্তির সঙ্গে মিলিতে মিশিতে পূর্বের মত সঙ্কোচ বা জড়তা অল্পভব করে না।

সামনে ছায়া পড়িতেই বিপিন পিছন ফিরিয়া চহিয়া দেখিল শাস্তি হাসিমুখে দাঁড়াইয়া। বিপিন কিছু বলিবার পূর্বে শাস্তি বলিল—কি করচেন ?

বিপিন বলিল—এসো শাস্তি, হিসেব দেখচি—

—একটা কথা বলতে এলাম, কাল চলে যাচ্ছি এখান থেকে—

বিপিন আশ্চর্য হইয়া বলিল—কোথায় ? কোথায় যাবে !

শাস্তি হাসিতে হাসিতে বলিল-- বাঃ, কোথায় কি ! আমার যাবার জায়গা নেই ! এখানে কি চিরকাল থাকবো ? বলেচি তো সেদিন আপনাকে ।

—ও ! শশুরবাড়ী যাবে ?

—হঁ, উনি আসবেন কাল সকালে ।

বিপিন চুপ করিয়া রহিল । দু একটা কথা যাহা সে ঝোঁকের মুখে বলিতে যাইতেছিল চাপিয়া গেল । মেয়েদের ভালবাসা লইয়া সে আর নাড়াচাড়া করিবে না । যাহা হইয়াছে যথেষ্ট । শাস্তি বিবাহিতা মেয়ে, তাহাকে সে কিছুই বলিবে না ওসব কথা । শেষ পর্যন্ত উভয় পক্ষই কষ্ট পায় । না, উহার মধ্যে আর নয় ।

শাস্তি যেন একটু দুঃখিত হইল । সে যাহা বিপিনের মুখে শুনিবার আশা করিয়াছিল তাহা না শুনিতে গাইয়া যেন নিরাশ হইয়াছে । বলিল— এখন আর অনেক দিন আসবো না—

বিপিন বলিল—কবে আসবে ?

—তার কিছু কি ঠিক আছে ? তা বেশ, যখনই আসি, আসি আর নাই আসি, আপনার আর কি !

শাস্তি এ ধরণের কথা কেন বলিতে আরম্ভ করিল হঠাৎ ! কি জবাব দিবে এ কথার সে ?

তবুও বিপিন বলিল--না, আমার কিছু নয়, আমার কিছু নয়, তোমায় বলেচে ! আমার খাওয়ার মজাটা তো সকলের আগে নষ্ট হোল ।

—বৌদিদিদের বলে যাচ্ছি, সেরে-সবের জন্ত কিছু কষ্ট হবে না আপনার । তা বলে আর কোন কষ্ট রইল না-তো ?

বলা চলিত এবং বলিতেও ইচ্ছা হইতেছিল, শাস্তি তুমি চলে গেলে আমার এ জায়গা আর ভাল লাগবে না । দিনের মধ্যে সব সময় তোমার কথা মনে হবে । কেন আমার আবার এ ভাবে জড়ালে শাস্তি ?

বিপিন সে ধরণের কথার ধার দিয়াও গেল না । বলিল-- তা তোমাদের বাড়ী যত্ন যথেষ্টই পেয়ে আসছি, তোমাদের বাড়ীতে আশ্রয় না পেলে আমার এখানে ডাক্তারি করাই হোত না —

শাস্তি মুখ ভার করিয়া বলিল—আপনার কেবল ওই সব কথা । কি করচি আমরা ? আপনি ব্রাহ্মণ, আমরা আপনাকে আশ্রয় দিইচি—অমন কথা বুঝি লোকে বলে ? সত্যি, বলবেন না আর ও কথা । বলতে নেই ।

পরদিন শাস্তির স্বামী আসিয়া তাহাকে লইয়া চলিয়া গেল । বিপিন ডিমপেন্সারি হইতে ফিরিয়া ছুপুরে নিজের ছোট্ট চালায় রাখিতে বসিয়াছে, শাস্তি সেখানে আসিয়া গলায় আঁচল দিয়া ছই পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া বলিল—যাচ্ছি ।

—যাচ্ছি বলতে নেই, বলতে হয় আসচি ।

—যদি আর না-ই আসি ?

—বলতে নেই ও কথা । এসো, আসবে বৈ কি—

—বলচেন আসতে তো! তা হোলে আসবো, ঠিক আসবো। শান্তি কথা শেষ করিয়া চলিয়া ঘাইতেছিল, বিপিনের মনে হঠাৎ বড় করুণা ও মহাহুঁড়ুতি জাগিল ইহার উপর। ঘাইবার সময় একটা কথা শুনিয়া যদি সে খুশি হয়, আনন্দ পায়! মুখের কথা তো; কেন এত করুণতা!

সে বলিল—তুমি চলে যাচ্, সত্যি, মনটা খারাপ হয়ে গেল বড়।

শান্তি বিদ্ব্যৎবেগে ফিরিয়া দাঁড়াইল, বিপিনের দিকে পূর্ণ দৃষ্টিতে চাহিয়া এক ধরনের অদ্ভুত ভঙ্গিতে বলিল—আপনার মন খারাপ হবে? হাই!

বিপিন অবাক হইয়া গেল শান্তির চমৎকার ফিরিবার ভঙ্গিটি দেখিয়া।

সে উত্তর দিল—ছাই না, সত্য সত্য বলচি।

শান্তি হাসিমুখে বলিল—আচ্ছা আসি।

কথা শেষ করিয়া সে আর দাঁড়াইল না।

পলকে প্রায় ঘটাইয়া দিয়া গেল শান্তি। ইহাও ওই শান্ত মেয়েটির মধ্যে ছিল! বিপিন ভাবেও নাই কোন দিন। ওর এ অদ্ভুত নায়িকামূর্তি এতদিন প্রচ্ছন্ন ছিল কেমন করিয়া? মেয়েরা পারে—ওদের ক্ষমতার সীমা নাই। অবস্থা বিশেষে দশমহাবিষ্কার মত এক রূপ হইতে কটাক্ষে অল্প রূপ ধরিতে উহারাই পারে।

শান্তি চলিয়া গেলে গোটা বাড়ীটা ফাঁকা ফাঁকা ঠেকিতে লাগিল। বোজ সন্ধ্যার সময় শান্তি চা করিয়া আনিত সে ডাক্তারখানা হইতে ফিরিলেই। আজ সন্ধ্যায় আর কেহ আনিল না। দত্ত মহাশয়ের পুত্রবধূদের অত দায় পড়ে নাই। বিপিন নিজেই একটু চা করিয়া লইল। সন্ধ্যারের ব্যাপারই এই, চিরদিন কেহ থাকে না। মামীকে দিয়াই সে জানে। জালে জড়াইব না বলিলেই কি না জড়াইয়া থাকে যায়? কোথা হইতে আসিয়া যে জ্বোটে!

সন্ধ্যায় উঠুনে হাঁড়ি চড়াইয়া বিপিন রান্নাঘরের বাহিরে আসিয়া খানিক বসিল। বেশ জ্যোৎস্না উঠিয়াছে—তিন চার দিন আগেও শান্তি এ সময়টা তাহাকে চা দিতে আসিয়া পল করিয়াছে দাঁড়াইয়া দাঁড়াইয়া, বোজই করিত। আজ সত্যই ফাঁকা ঠেকিতেছে, কিছু ভাল লাগিতেছে না। নিজের মনের অবস্থা দেখিয়া সে নিজেই আশ্চর্য হইয়া গেল। শান্তি তাহার কে? কেউ নয়, দুদিনের আলাপ—এই তো! কিছুদিন আগেও সে ভাবিত, মামীর মত ভালবাসা জীবনে আর কাহারও সঙ্গে কখনো হইবার নয়—হইবেও না। মামী ছাড়া আর কাহারও জন্ত মন খারাপ হইতে পারে—এ কথা কিছুদিন পূর্বেও কেহ বলিলে সে কি বিশ্বাস করিত? এখন সে দেখিয়া বুঝিতেছে মনের ব্যাপার বড়ই বিচিত্র, কেহই বলিতে পারে না কোন পথে কখন তাহার গতি।

বুদ্ধ দত্ত মহাশয় ঠাণ্ডা লাগিবার ভয়ে আজকাল সন্ধ্যায় পর বাহিরে আসেন না। আজ কি মনে করিয়া তিনি বিপিনের রান্নাঘরে আসিয়া পি ডি পাতিয়া বসিয়া খানিক গল্পগুজব করিলেন। শান্তির কথাও একবার তুলিলেন, মেয়েটি আজ চলিয়া গেল। কষ্ট-সন্তানের মত সেবা-শ্রম কে করে, পুত্রবধূও তো আছে, তেমনটি আর কাহারও নিকট পাওয়া যায় না, ইত্যাদি।

বিপিন বলিল—শান্তি বড় ভাল মেয়েটি।

—অমন চমৎকার সেবা আর কারো কাছে পাইনে ডাক্তারবাবু। আমার এই বুড়ো বয়সে এক এক সময় সত্যই কষ্ট পাই মেবার অভাবে। কিন্তু ও এখানে থাকলে—আর ব্রাহ্মণের ওপর বড় ভক্তি। আপনার চাটুফু, জলখাবারটুকু ঠিক সময়ে সব দেওয়া, সেদিকে খুব নজর। বাড়ীতে যদি কোন দিন ভাল কিছু খাবার তৈরি হয়েছে, তবে আগে আপনার জন্তে তুলে রেখে দিত।

দত্ত মহাশয় উঠিয়া গেলে বিপিন খাইতে বদিবার উজোগ করিল। এ সময়টা দু-একদিন শান্তি দালানের জানালায় দাঁড়াইয়া তাহাকে ডাকিয়া বলিত, ও ডাক্তারবাবু, একটু দুধ আজ বেশী হয়েছে আমাদের, আপনার খাওয়া হয়েছে। না—হয় নি? নিয়ে আসবো?

মানী গেল, শান্তি গেল। এই রকমই হয়। কেহ টিকিয়া থাকে না শেষ পর্যন্ত।

২

পরদিন সকালে ডাক্তারখানায় আসিল ভাসানপোতা মাইনর ফুলের সেই বিবেশ্বর চক্রবর্তী। বিপিন তাহাকে দেখিরা আশ্চর্য হইল। শেষবার যখন তাহার সঙ্গে দেখা, তখন মানীদের বাড়ী সে চাকুরী করে, মানীর গল্প করিয়াছিল ইহার কাছে। বিবেশ্বর আশ্চর্য করিয়া বলিয়াছিল, তাহার অদৃষ্টে এ পর্যন্ত কোনো নারীর প্রেম জোটে নাই। বিবেশ্বর কি করিয়া জানিল সে পিপ্লিপাড়ার হাটতলায় ডাক্তারখানা খুলিয়াছে।

বিবেশ্বর বলিল—আপনি খবর রাখেন না বিপিনবাবু, আমি আপনার সব খবর রাখি। আপনাদের গাঁয়ের কৃষ্ণ চক্কোতির সঙ্গে প্রায়ই দেখা হয়—ভাসানপোতার ঊঁর বড়মেয়ের বিয়ে দিয়েছেন না? তাঁর মুখেই আপনার সব কথা শুনেচি। তা আপনার কাছে এসেচি একটা বড় দরকারী কাজে। আপনাকে একটি রুগী দেখতে এক জায়গায় যেতে হবে।

বিপিন বলিল—কোথায়?

—এখান থেকে ক্রোশ দুই হবে—জেয়লা-বল্লভপুর।

—জেয়লা-বল্লভপুর? সে তো চাষা-গাঁ। সেখানকার লোককে আপনি জানলেন কি করে? রুগী আপনার চেনা?

বিবেশ্বর কেমন যেন ইতস্ততঃ করিয়া বলিল—হ্যাঁ, তা জানা বই কি। চলুন একটু শীগগির করে তা হোলে।

দুপুরের কিছু পূর্বে দুজনে হাঁটিয়া উক্ত গ্রামে পৌঁছিল। বিপিন পূর্বে এ গ্রামে কখনো আসে নাই তবে জানিত জেয়লায় বিল এ অঞ্চলের খুব বড় বিল এবং গ্রামখানি বিলের পূর্বে পাড়ে। বিলের মাছ ধরিয়া জীবিকানির্ভাহ করে এরূপ জেলে ও বাঙ্গী এবং কয়েক ধর মুসলমান ছাড়া এ গ্রামে কোনো উচ্চবর্ণের বাস নাই।

বিশেষর কিন্তু গ্রামের মধ্যে গেল না। বিলের উত্তর পাড়ে গ্রাম হইতে কিছু দূরে একটা বড় অশখ গাছ। তাহার তলায় ছোট একটা চালাঘরের সামনে বিশেষর তাহাকে গইয়া গেল।

বিপিন বলিল রুগী এখানে নাকি ?

— হ্যাঁ, আহ্নন ঘরের মধ্যে। সোজা চলুন, অল্প কেউ নেই।

ঘরের মধ্যে চুকিয়া বিপিন দেখিল একটি স্ত্রীলোক, জাতিতে বাপ্পী কিংবা ছুলে, ঘরের মেজেতে পুরু বিচালির উপর ছেঁড়া কাঁথার বিছানায় শুইয়া আছে। স্ত্রীলোকটির বয়স চব্বিশ পঁচিশ হইবে, রং কালো, চুল রুক্ষ, হাতে কাচের চুড়ি, পরণে ময়লা শাড়ি। ঘরের ঘোরে রোগিণী বিছানায় এপাশ ওপাশ করিতেছে।

বিপিন ভাল করিয়া পরীক্ষা করিয়া বলিল—এর নিমোনিয়া হয়েছে—ছুদিকই ধরেচে। খুব শক্ত রোগ। খুব সেবা-যত্ন দরকার। বড্ড দেরীতে ডেকেচেন আমাকে—তবুও সারাতে পারি হয়তো কিন্তু এর লোক কই? খুব ভাল নার্সিং চাই—নইলে—

বিশেষর হঠাৎ বিপিনের ছুই হাত ধরিয়া কাঁদো কাঁদো স্বরে বলিল—বিপিনবাবু, আপনাকে বাঁচিয়ে তুলতে হবে রুগীকে—যে করেই হোক, আপনার হাতেই সব, আপনি দয়া করে—

বিপিন মস্তুরমত বিস্মিত হইল। বিশেষর চক্রবর্তীর এত মাথাব্যথা কিসের তাহা ভাল বুঝিতে পারিল না। এ বাপ্পী মাগী মরে বাঁচে তা বিশেষরের কি? ইহার আপন আত্মীয়-স্বজন কোথায় গেল ?

বিশেষর বলিল—চলুন গাছতলাটার ধারে মাছুরটা পেতে দি, ওখানটাতে বহন—তামাক সাজবো ?

বিপিন গাছতলায় গিয়া বলিল। বিশেষর তামাক সাজিয়া আনিয়া ছঁকাটি বিপিনকে দিবার পূর্বে মলিন জামার পকেট হইতে একটা টাকা বাহির করিয়া বিপিনের হাতে দিতে গেল। বিপিন বলিল—আগে বলুন মেয়েটা কে—আপনি এর টাকা দেবেন কেন, এর লোকজন কোথায় ?

বিশেষর বলিল—কেন, আপনি শোনেন নি কোনো কথা ?

—না, কি কথা শুনবো ?

বিশেষর মাছুরের এক প্রান্তে বসিয়া পড়িল। বলিল—ওর নাম মতি। বাপ্পীঘের মেয়ে বটে, কিন্তু অমন মানুষ আপনি আর দেখবেন না। ভাসানপোতায় ওর বাপের বাড়ী অল্প বয়সে বিধবা হয়। আপনি তো জানেন আপনাকে বলেছিলাম মেয়েমাছুরের ভালবাসা কি জীবনে কখনও জানিনি। কিন্তু এখন আর সে কথা বলতে পারি নে ডাক্তারবাবু। ও বাপ্পী হোক, ছুলে হোক ওই আমার সে জিনিস দিয়েছে—যা আমি কার কাছে পাইনি কোনো দিন। তারপর সে অনেক কথা। ভাসানপোতা ইন্সুলের চাকুরীটি সেই জন্তে গেল। ওকে নিয়ে আমি এই জেমালা-বল্লভপুরে এলাম। সামান্য কিছু টাকা পেয়েছিলাম ইন্সুলের

প্রতিভেষ্ঠ ফণ্ডের, তাতেই চলছিল। আর ও হাছ বেচে, কাঠ ভেঙে, শাক তুলে আর কিছু রোজগার করতো। তারপর পূজোর আগে আমি পড়লাম অস্থখে। টাকাগুলো বন্ড হয়ে গেল। ও কি করে আমার বাঁচিয়ে তুলেছে সে অস্থখে থেকে! তারপর এই রোজ সকালে ঠাণ্ডা বিলের জলে শাক তুলে তুলে এই অস্থখটা বাঁধিয়েচে! এখন ওকে আপনি বাঁচান—এ সব কথা নিয়ে ভাদানপোতার তো খুব রটনা—আমায় গালাগাল আর কুছো না করে তার জল খায় না। তাই বলচি আপনি শোনেন নি কিছু?

বিপিন অবাক হইয়া বিশেষরের কথা শুনিতেছিল। এমন ঘটনা সে কখনো শোনে নাই। তনিয় তাহার সারা মন বিশেষরের প্রতি বিরূপ হইয়া উঠিল। ছি, ছি, ব্রাহ্মণ সন্তান হইয়া শেবকালে কি না বাপ্পী মাগীর সঙ্গে—নাঃ, আজ কি পাপই করিয়াছিল সে, কাহার মুখ দেখিয়া না জানি উঠিয়াছিল!

সে বলিল—টাকা রাখুন, টাকা দিতে হবে না। কিন্তু দামী ওমুধ কিছু লাগবে। ম্যাক্সি-ক্লজিস্টিন একটা কিনে আনুন, আমার কাছে নেই, লিখে দিচ্ছি আনিয়ে নিন। প্রেসক্রিপশন একটা করে দিই—শক্ত রোগ—

বিশেষর ব্যাকুল ভাবে বলিল—বাঁচবে তো ডাক্তারবাবু?

—নার্সিং চাই ভাল। আর পথি—

বিশেষর বিপিনের হাতে ধরিয়া—ওমুধগুলো আপনি লিখে দিয়ে গেলে হবে না, আনিয়ে দিন। এ গাঁয়ের কোন লোক আমার কথা শুনবে না। এই ঘটনার জন্তে সবাই—বুবলেন না? কেউ উঁক মেয়ে দেখে যায় না। আপনিই ভবসা, ডাক্তারবাবু।

বিপিন বিরক্ত হইল। ভাল বিপদে পড়িয়াছে সে! সে নিজে এখন সেই রাশাঘাট হইতে ম্যাক্সি-ক্লজিস্টিন আনিতে যাইবে? টাকাই বা দিতেছে কে?

সে বলিল—আমার ডাক্তারখানায় যদি থাকতো তবে আলাদা কথা ছিল। আমার কাছে ও সব থাকে না। আপনি এক কাজ করুন, গরম খোলের পুলটিশ দিন। রাই সর্বের খোল হলে খুব ভাল হয়। তাও যদি না পান, গরম ভাতের পুলটিশ দিন। আর আমার ডাক্তার-খানায় আনুন, ওমুধ দিচ্ছি।

বিশেষর বিপিনের সঙ্গে আবার ডাক্তারখানায় আসিল। ডাক্তার হিসাবে বিপিন এ কথাও ভাবিল যে, ওই কঠিন রোগীর মুখে জল দিবার কেহই রহিল না কাছে, বিশেষর খাতায়তে চার ক্রোশ হাঁটিয়া ওমুধ লইয়া যাইতে ছই বঁটা তো নিশ্চয় লাগাইবে, এ সময়টা একা পড়িয়া থাকিবে ওই মেয়েটা?

পরক্ষণেই ভাবিল—তুমিও যেমন। ছলে বাপ্পী জাত, ওদের কঠিন জানু—ওদের এই অভ্যাস।

বিশেষর কিন্তু সারাপথ মতি বাপ্পিনীর নানা গুণ ব্যাখ্যা করিতে করিতে চলিল। অমন মেয়ে হয় না, যেমন রূপ, তেমনি গুণ। বিশেষরের গত অস্থখের সময় বুক ধিয়া সেবা করিয়াছে—প্রতিভেষ্ঠ ফণ্ডের টাকা খরচ করিতে দেয় না, নিজে শাক পাতা ভুলিয়া, খুনিতে

মাছ ধরিয়ে বেচিয়া যাহা আয় করে, তাহাতেই সংসার চালাইতে বলে। অমন ভালবাসা বিবেকর কখনো কাহারও কাছে পায় নাই।

হঠাৎ বিপিন বলিল - রাঁধে কে ?

—ওই রাঁধে ! আমি ওর হাতেই খাই—চাকবো কেন ? যে আমার অত ভালবাসে, তার হাতে খেতে আমার আপত্তি কি ? ও আমার জন্মে কম ছেড়েচে ? ওর বাবা ভাসান-শোভা বাপ্পী পাড়ার মধ্যে মাতব্বর লোক, গোলায় ধান আছে, চাষী গেরস্থ। খাওয়-পরায় অভাব ছিল না, সে সব ছেড়ে আমার সঙ্গে এক কাপড়ে চলে এসেচে। আর এই কষ্ট এখানে—হিম জলে নেমে শাক তুলে রোজ চিংড়াঘাটার বাজারে বিক্রি করে আসে কাঠ ভাঙে, মাছ ধরে, ধান ভানে। এত কষ্ট ওর বাপের বাড়ী ওকে করতে হোত না—তাও কি পেট পুরে খেতে পায় ? আর ওই তো ঘরের ছিবি দেখলেন—ইন্সুলের প্রভিডেন্ট ফাণ্ড থেকে পঞ্চায়টি টাকা পেয়েছিলাম—তা আর আছে মোট বাইশটি টাকা—আর ঘরখানা করেছিলাম দশ টাকা খরচ করে, আমার অস্থখের সময় ব্যয় হয়েছে বারো তেরো টাকা—আর বাকী টাকা বলে বলে খাচ্ছি আজ চার মাস—তাহোলে বুঝুন পেট ভরে খাওয়া ছুটেবে কোথা থেকে !

পোকটার জাত নাই। বাপ্পিনীর হাতের রান্নাও খায়। জীলোকের ভালবাসায় দ্বারে কিনা শেষে জাতিকুল বিসর্জন দিল !

ঐষধ লইয়া বিবেকর চক্রবর্তী চলিয়া গেল। মাইবার সময় বার বার বলিয়া গেল, কাল একবার বিপিন যেন অবশ্য করিয়া গিয়া রোগী দেখিয়া আসে।

৩

বিপিন পরদিন একাই রোগী দেখিতে গেল। জেয়লা পৌঁছিতে প্রায় বৈকাল হইয়া আসিল, সন্মুখে জ্যোৎস্না রাত—এই ভরসাতেই ছুপুরে আহালাদি করিয়া রওনা হইয়াছে। ঘরখানার সামনে গিয়া বিবেকরের নাম ধরিয়া ডাকাডাকি করিয়া উত্তর পাইল না। অগত্যা সে ঘরে ঢুকিয়া দেখিল, ঘরের মধ্যে রোগিনী কাল যেমন ছিল, আজও তেমনি অঘোর অবস্থায় বিচালি ও ছেঁড়া কাঁথার বিছানায় শুইয়া আছে। বিবেকরের চিহ্ন নাই কোথাও। ব্যাপার কি, মেয়েটিকে এ অবস্থায় ফেলিয়া গেল কোথায় ?

বিপিন বিছানার পাশে বসিয়া রোগিনীকে জিজ্ঞাসা করিল, কেমন আছ ?

মেয়েটি চোখ মেলিয়া চাহিল। চোখ দুটি জবাফুলের মত লাল। অক্ষুট স্বরে বলিল, ভাল আছি।

বিপিন ঠাঠমিটার দিয়া দেখিল অর প্রায় ১০৪-র কাছাকাছি। সে জানে, রোগিনী প্রায়ই এ অবস্থায় বলে যে সে ভাল আছে। মাথায় জল দেওয়া দরকার, তাই বা কে দেয় ?

সে জিজ্ঞাসা করিল—বিশ্বেশ্বর কোথায় ?

মেয়েটি বিপিনের মুখের দিকে কিছুক্ষণ চাহিয়া রহিল। তাহার পর টানিয়া টানিয়া বলিল—
—আ্যা—আ্যা—

—বিশ্বেশ্বর বাবু কোথায়—বিশ্বেশ্বর ?

রোগিণী এবার বোধহয় বুঝিতে পারিল। বলিল—ক'নে গিয়েচেন।

ইহাকে আর কিছু জিজ্ঞাসা করা নিরর্থক বুঝিয়া বিপিন একটা জলপাত্রেয় সন্ধানে ঘরের মধ্যে ইতস্ততঃ দৃষ্টিনিষ্কপ করিল। এখনি ইহার মাথায় জল দেওয়া দরকার। এককোণে একটা মেটে কলসীতে সম্ভবতঃ খাবার জল আছে, বিপিন সন্ধান করিয়া একখানা মানকচুর পাতা আনিয়া রোগিণীর মাথার কাছে পাতিয়া কলসীর জলটুকু সব উহার মাথায় ঢালিল। পরে বিল হইতে আরও জল আনিয়া আবার ঢালিল। বার কয়েক এরূপ করিবার পর রোগিণীর আচ্ছন্ন ভাব যেন খানিকটা কাটিল। বিপিন ধার্মিটার দিয়া দেখিল, জ্বর কমিয়াছে। ডাক্তারি করিতে আসিয়া এ কি বিপদ! এমন হাঙ্গামাতে তো সে কখনও পড়ে নাই।

হঠাৎ তাহার মনে পড়িল মানীর মুখখানা। এই সব দুঃখী, অসহায়, রোগাৰ্ত্ত লোকদের ভাল করিবার জন্তই তো মানী তাহাকে ডাক্তারি পড়িতে বলিয়াছিল। মেয়েদের সেবা পাইয়া আসিয়াছে সে চিরকাল। ইহাকে ফেলিয়া গেলে মানীর, শাস্তির, মনোরমার অপমান করা হইবে—কে যেন তাহার মনের মধ্যে বলিল। বিশ্বেশ্বর যদি ইহাকে ফেলিয়া পলাইয়া থাকে! তবে এখন উপায় ?

সে আবার রোগিণীকে জিজ্ঞাসা করিল—বিশ্বেশ্বরবাবু কোথায় গিয়েছে জান ? কতক্ষণ গিয়েছে ?

মেয়েটি বলিল—জানিনে।

বিপিন আর এক কলসী জল আনিতে গেল। জেয়ালার বিস্তৃত বিলের উপর সূর্যাস্তের ঘন ছায়া নামিয়া আসিয়াছে। দক্ষিণ পাড়ের তালগাছের মাথায় এখনও রাঙা রোদ। দূর জলের পদ্মফুলের বনে পদ্মপাতা উলটিয়া আছে, যদিও এখন পদ্মফুল চোখে পড়ে না। বরষাপুরের দিকে জেলেরা ডিঙি বাহিয়া মাছ ধরিতেছে। একদল জলপিপি ও পানকোঁড়ি জলের ধারে শোলাগাছের বনে গুগুলি খুঁজিতেছে। বিপিনের মনে কেমন এক অজুত ভাবের উদয় হইল। যদি বিশ্বেশ্বর ইহাকে ফেলিয়া পলাইয়াই থাকে, তবে তাহাকে থাকিতে হইবে এখানে সারারাত। অর্থ উপার্জন করিলেই কি হয় ? তাহার বাবা ৬বিনোদ চাটুয্যে কম উপার্জন করেন নাই—অসৎ উপায়ে উপার্জিত পয়সা বলিয়াই টেকে নাই। কাহারও কোন উপকার হয় নাই তাহা দিয়া।

ঘরে রোগীর পথ্য কিছু নাই। ডাব ও ছানার জল খাওয়ানো দরকার এরকম রোগীকে। কিছুই ব্যবস্থা নাই। বিপিন নিকটবর্তী ছলেপাড়া হইতে একটা লোক ডাকিয়া আনিল। বলিল—গোটাকতক ডাব নিয়ে আসতে পারবে ? দ্বায় দেবো।

লোকটা বলিল—বাবু, আপনাকে আমি চিনি। আপনি পিণলিপাড়ার ডাক্তারবাবু দ্বারা আপনাকে দিতে হবে না। তবে বাবু ডাব রাস্তিরে পাড়া যাবে না তো? তা আপনি কেন—সে বামুনঠাকুর কোথায় গেল? দেখুন তো বাবু, মেয়েডারে টুইয়ে ঘরের বার করে নিয়ে এসে তিনি এখন পালালেন নাকি? এইডে কি ভদ্রনোকের কাজ?

একপ্রহর রাতে বিশেষর আদিয়া হাজির হইল। সে ফেলিয়া পালায় নাই—চিংড়িবাটার বাজার হইতে কিছু ফল, তৈল ও সাবু মিছরী কিনিতে গিয়াছিল। বিপিনকে দেখিয়া বলিল—আপনি এসেছেন? বড় কষ্ট দিলাম আপনাকে। আপনি বলে গেলেন খোলের পুলটিশ দিতে, এখানে পেলাম না—তাই বাজারে গিয়েছিলাম এই সব জিনিসপত্র আনতে। কতক্ষণ এসেছেন?

দুজনে মিলিয়া সারাতাত রোগীর সেবা করিল। সকালের দিকে বিপিন বলিল—আমি ডাক্তারখানা খুলবো গিয়ে—বহন আপনি—একে একা ফেলে কোথাও যাবেন না। আমি ওবেলা আবার আসব।

একটা অদ্ভুত আনন্দ লইয়া সে ফিরিল। এই সব পল্লী-অঞ্চলের যত অসহায়, দুঃস্থ লোকদের সাহায্য করিবার জগুই যেন সে জীবন উৎসর্গ করিয়াছে—এই রকমের একটা মনোভাব সারাংশ তাহাকে তাহার নিজের চোখে মহৎ ও উদার করিয়া চিত্রিত করিল।

আবার ওবেলা যাইতে হইবে। বিশেষর চক্রবর্তীর নীচ-জাতীয়া প্রণয়িনীকে বাচাইয়া তুলিতে হইবে—দুজনেই ওরা নিতান্ত দুঃস্থ অসহায়। যদি কখনো মানীর সঙ্গে দেখা হয়, তবে সে তাহার সম্মুখে দাঁড়াইয়া কৃতজ্ঞতার সহিত বলিতে পারিবে—আমায় মানুষ করে দিয়েচ মানী। সেই গরীব, অসহায় মেয়েটির রোগশয্যার পাশে তুমিই আমার মনের মধ্যে ছিলে।

সেই দিনই রাতে বিশেষর চক্রবর্তীর ক্ষুদ্র খড়ের ঘরে বসিয়া সে বিশেষরকে জিজ্ঞাসা করিল—আচ্ছা বিশেষরবাবু, আত্মীয়-স্বজন ছাড়লেন এর জন্তে, চাকরীটা গেল, জেয়ালার বিলের ধারে এইভাবে রয়েছেন, এতে কষ্ট হয় না?

—কি আর কষ্ট! বেশ আছি, এখন যদি ও বেঁচে ওঠে তবে। ও আমায় যা দিয়েছে, আমার নিজের সমাজে বসে আমাকে তা কেউ দিয়েছে?

—দেয়নি মানে কি? বিয়ে করলেই তো পারতেন।

—আমায় সাহস হয়নি ডাক্তারবাবু, সামান্য পণ্ডিতি করি—ভাবতাম সংসার চালাতে পারবো না। এ নিজের দিক মোটেই ভাবেনি বলেই আমার সঙ্গে চলে আসতে পেরেছে।

—শুধু তাই নয়, আপনি ব্রাহ্মণ, ও বাঙ্গালী। আপনাকে অণ্ড চোখেই দেখত, কারণ আপনি উচ্চবর্ণের। কি করে আপনি আলাপ করলেন এর সঙ্গে?

—আমাদের ইন্সুলের কাঁটাল গাছ ওর বাবা জমা রেখেছিল। তাই ও আসতো কাঁটাল পাড়তে। এই স্ত্রী আলাপ। এখন ওর অস্থ—ওর চেহারা বেশ ভাল দেখতে, যদি বেঁচে ওঠে তবে দেখবেন ওর মুখের এমন একটা শ্রী আছে—

বিপিন অণ্ড কথা পাড়িল—নে নিজের অভিজ্ঞতা হইতেই জানে, প্রণয়ীদের মুখে

প্রশরিনীদের রূপশূন্য বর্ণনায় আদি-অন্ত নাই। হইলই বা বাপ্পী বা ছলে। প্রেম মাছুষকে কি অঙ্কই করে!

বিশেষণের উপরে বিপিনের কল্পনা হইল। তাহার সারাজীবনের তৃষ্ণা—এ অবস্থায় পানাপুকুরের জলও লোকে পান করে তৃষ্ণার ঘোরে।

বিপিন বলিল—এর বাড়ীতে আপনার লোকজনের কাছে খবর পাঠান। যদি ভালমন্দ কিছু হয়, তারা আপনাকে দোষ দেবে। এরও তো ইচ্ছে হয় আপনার লোকের সঙ্গে দেখা করতে।

—তারা কেউ আসবে না। ওর বাবা অবস্থাপন্ন চাষী গেরস্থ। তারা বলেচে ওর মুখ দেখবে না আর।

অনেক রাত্রে বিপিন একবার জল তুলিতে গেল বিলে। ধপধপে জ্যোৎস্না চারিদিকে, অন্তত শোভা স্তব্ধ গভীর নিশীথিনীর। পদ্মবনে রাত-জাগা সরাল পাখী ডাকিতেছে। দূরে বিলের ধারে জেলেদের মাছ চোঁকি দেওয়ার কুঁড়ের কাছে কাঠকুটো জালিয়া আঙন করিয়াছিল, এখন প্রায় নিভিয়া আসিতেছে। বিশেষণের দুর্ভাগ্য, হয়তো মেয়েটি আজ শেষ-রাত্রে কাবার হইবে। বিশেষণকে বিপিন সে কথা বলে নাই, জর অতি দ্রুত নামিতেছে, ক্রাইসিস আসিয়া পড়িল, নাড়ীর অবস্থা অত্যন্ত খারাপ। বিপিন যাহা করিবার করিয়াছে, আর করিবার উপযুক্ত তোড়জোড় নাই তাহার! বাচান যাইবে না।

এই স্তব্ধ রাত্রির সীমাহীন রহস্য তাহার মনকে অভিভূত করিল। বিপিন কখনো ও সব ভাবে না, তবুও মনে হইল, মেয়েটি আজ কোথায় কতদূরে চলিল, তখনো কি সে জাতে বাপ্পীই থাকিয়া যাইবে? উচ্চবর্ণের প্রতি প্রেমের দায়ে তাহার এই যে স্বার্থত্যাগ, ইহা কি সম্পূর্ণ বৃথা যাইবে? কোথাও কোনো পুষ্পমাল্য অপেক্ষা করিয়া নাই কি তাহার মাদর অভিনন্দনের জন্ত?

মানী যদি থাকিত, এসব কথা তাহার সঙ্গে বলা চলিত। মানী সব বোঝে, সে বুদ্ধিমতী মেয়ে। শাস্তি সেবাপরায়ণা বটে, কিন্তু তাহার শিক্ষা নাই, সে খাওয়ারইতে জানে বটে, কিন্তু তাহার সঙ্গে কথা বলিয়া সে আনন্দ পাওয়া যায় না। মানী আজ কোথায়, কি ভাবে আছে? আর কখনো তাহার সঙ্গে দেখা হইবে না? যাক, সে যেখানেই থাক, সে বাঁচিয়া আছে। নিমোনিয়ার ক্রাইসিস খড়্গ লইয়া বলি দিতে উত্তত হয় নাই তাহাকে। সে বাঁচিয়া থাকুক। দেখিবার দরকার নাই। পৃথিবীর মাটি মানীর পায়ের স্পর্শ পায় যেন, মাটিতে মাটিতেও যেন যোগটা বজায় থাকে।

শেষরাত্রে চাঁদ-ডোবা অন্ধকারের মধ্যে এক দিকে বিপিন, অল্প দিকে বিশেষণ ধরিয়। মুতদেহকে কুটীরের বাহির করিল। বিলের চারিধারে ঘনভূত কুম্বাস। ঋশান বিলের ওপারে, প্রায় এক মাইল ঘুরিয়া যাইতে হয়। বিপিনের খাতিরে বনভপুয়ের বাগ্দীপাড়া হইতে দুজন লোক আসিল। বিপিন এবং বিশেষণও ধরিল। সংকারের কোন ক্রটি না হয়, প্রেমের মান রাখা চাই, বিপিনের দৃষ্টি সেদিকে।

শাস্তি করিয়া যখন বিপিন ফিরিল, তখন বেলা প্রায় এগারোটা ।

দত্ত মহাশয় বলিলেন, ও ভাস্করবাবু, কোথায় ছিলেন কাল রাতে ? ঋগী ছিল ? শাস্তি যে আপনার অন্তে স্বত্তরবাড়ী থেকে ক'রকমের আচার পাঠিয়ে দিয়েচে । যে গাড়োয়ান গাড়ী নিয়ে গিয়েছিল, সে কাল রাতে ফিরে এসেচে কিনা—সেই গাড়ীতেই আপনার অন্তে এক হাঁড়ি আচার আলাদা করে—ব্রাহ্মণের ওপর বড় ভক্তি আমার মেয়ের—

বিপিন যেন শক্ত মাটি পাইল অনেকক্ষণ পরে । শাস্তি আছে, সে স্বপ্ন নয়, স্মৃতি নয়, সে দেহমুক্ত জীবাত্মা নয়—শাস্তি তাহাকে আচার পাঠাইয়াছে । আবার হয়তো একদিন আনিয়া হাজির হইবে, আবার চা করিয়া আনিয়া দিবে তাহার হাতে ।

হতভাগ্য বিশেষ্বর !

শস্যার পুঙ্কে সে আবার বলভপূর গেল । বিশেষ্বর কি অবস্থায় আছে একবার দেখা দরকার । গিয়া দেখিল, ঘরের দোর খোলা ; বাহির হইতে উকি মারিয়া দেখিল, ঘরের মধ্যে বিশেষ্বর ভাত চড়াইয়াছে ।

বিশেষ্বর বলিল, কে ?

বিপিন ঘরে ঢুকিয়া বলিল, আমি । এখন অবেলার ঝাঁপছেন যে ?

বিশেষ্বরকে দেখিয়া মনে হয় না, সে কোনো শোক পাইয়াছে । বলিল, আহ্ন ভাস্করবাবু । সারাদিন খাওয়া হয়নি । ঘরদোর গোবর দিয়ে নিকিয়ে নিলাম—ঋগীর ঘর, বুঝলেন না ? আবার নেয়ে এলাম এই সব করে, তখন বেলা তিনটে । তারপর এই ভাত চড়িয়েচি এইবার দুটো খাবো, বড় খিদে পেয়েচে ।

বিপিন চাহিয়া দেখিল ঘরের কোথাও কোনো বিছানা নাই । যে ছেড়া কাঁথা ও বিচালির শয়্যায় রোগিণী শুইয়া থাকিত, তাহা শবের সঙ্গে গিয়াছে, এখন এই ঠাণ্ডা রাতে বিশেষ্বর শুইবে কিসে ? ওই একটিমাত্র বিছানাই সম্বল ছিল নাকি ?

বিশেষ্বর ভাত নামাইয়া বড় একখানা কলার পাতায় ঢালিল । শুধু দুটি বড় বড় করলা সিদ্ধ ছাড়া খাইবার অন্য কোনো উপকরণ নাই । তাহা দিয়াই সে যেমন গোত্রীসে ভাত গিলিতে লাগিল, বিপিন বুঝিল, লোকটার সত্যই অভ্যস্ত ক্ষুধা পাইয়াছিল বটে । বেচারী চাকুরীটা হারাইয়া বসিল প্রেমের দায়ে পড়িয়া, এখন খাইবেই বা কি, আর করিবেই বা কি । তাও এমন অদৃষ্ট, একূল ওকূল দুকূলই গেল ।

প্রথম যখন খাইতে আরম্ভ করিয়াছিল, তখন বিশেষ্বর ভাত কথা বলে নাই, দুটি করলা সিদ্ধের মধ্যে একটা করলা সিদ্ধ দিয়া আন্দাজ অর্ধেক পরিমাণ ভাত খাওয়ার পরে বোধ হয় তাহার কিঞ্চিৎ স্তম্ভিত হইল । বিপিনের দিকে চাহিয়া হাসিয়া বলিল, আজ দিনটা কি বিপদের মধ্যে দিয়েই কেটে গেল । এক একদিন এমন হয় । বড় খিদে পেয়েছিল, কিছু মনে কয়বেন না ।

বিপিন বলিল—তা তো হোল, কিন্তু আপনি এখন শোবেন কিসে? বিছানা তো নেই দেখি।

—ও কিছু না, গায়ের কাপড়খানা আছে, বেশ মোটা, শীত ভাঙে খুব। আর দু'খাটি বিচালি চেয়ে আনবো এখন পাড়া থেকে।

—না চলুন, আমার ওখানে রাজে শুয়ে থাকবেন। এমন কষ্টে কি কেউ শুতে পারে?

—না, না, কোনো দরকার নেই ডাক্তারবাবু। ও আবার কষ্ট কিসের? ওসব কষ্টকে কষ্ট বলে ভাবিনে। দিবিা শোবো এখন, একটু আঙুন করবো ঘরে। তবে প্রথম দিনটা, হয়তো একটু ভয় ভয় করবে।

—আমি আপনার ঘরে থাকবো আজ আপনার সঙ্গে?

—কোনো দরকার নেই। আপনি না হয় একদিন শুয়ে রইলেন, কিন্তু আমাকে দইয়ে নিতে হবে তো? সে তো ভালবাসতো আমায়, তার ভূত এসে আর আমার গলা টিপবে না। আচ্ছা, সত্যি ডাক্তারবাবু, কোথায় সে গেল, বলুন তো?

—নি, আপনি খেয়ে নি। ওসব কথা পরে হবে এখন।

বিশেষর খাওয়া শেষ করিয়া তামাক সাজিল। নিজে দু'চার বার টানিয়া বিপিনের হাতে হাঁকাটি দিল। বিপিন প্রথম দিন ইতস্তত, করিয়াছিল, লোকটা বাগ্‌দিনীর হাতের রান্না খায়, ইহার জাত নাই, এ হাঁকায় তামাক খাইবে কি না। কিন্তু কেমন একটা ককণা ও মহাহুতুতি তাহার মনে আশ্রয় লইয়াছে, সে যেমন ইহার প্রতি, তেমনই ছিল ইহার মৃত্যু প্রণয়িনীর প্রতি। স্মৃত্যৎ এখন ওকথা তাহার আর মনেই গুঠে না।

বিপিন বলিল, এখন কি করবেন ভেবেচেন?

—একটা পাঠশালা করবো ভাবিচি, এই জেয়াল-বল্লভপুরে অনেক নিকিরি আর জেলে-মালোর বাস। ওদের ছেনেপিলে নিয়ে একটা পাঠশালা খুলে, চলবে না?

—ওদের সঙ্গে কথা হয়েছে কিছু?

—কথা এখনো তুলিনি কিছু। কাল একবার পাড়ার মধ্যে গিয়ে দু'এক জনের কাছে পাড়ি কথাটা।

বিপিন বৃষ্টি, ইহা নিতান্তই অস্থির-পঞ্চকের ব্যাপার। কিছুই ঠিক নাই। কোথায় বা পাঠশালা, কোথায় বা ছাত্রদল! ইহার মস্তিকে ছাড়া তাহাদের অস্তিত্ব নাই কোথাও।

—আচ্ছা ডাক্তারবাবু, আপনি ভুত মানেন?

—না, যা কখনো দেখিনি, তা কি করে মানবো? ওসব আর ভেবে কি করবেন বলুন?

বিশেষর হঠাৎ কাঁদিয়া ফেলিল। বিপিন অবাক হইয়া গেল পুরুষমানুষ এভাবে কাঁদিতে পারে, তাহা সে নিজেকে দিয়া অন্ততঃ ধারণাই করিতে পারিল না। ভাল বিপদে ফেলিয়াছে তাহাকে বিশেষর পাণ্ডত।

ছুঃখও হইল। লোকটার লাগিয়াছে খুব! লাগিবারই কথা বটে। কে জানে, হয়তো মনের দিক দিয়া মানীর সঙ্গে তাহার যে সখ্য, মৃত্যুর সহিত ইহারও সেই সখ্য ছিল। হতভাগ্য

বিশেষের প্রতি সে অবিচার করিতে চায় না।

ইহাকে একা এই শোকের মধ্যে ফেলিয়া যাইতে তাহার মন সরিল না। রাজিটা বিপিন রহিয়া গেল।

ত্রয়োদশ পরিচ্ছেদ

১

বিপিনের ডাক্তারখানায় সপ্ততি মাসখানেক একটিও রোগী আসে নাই।

রোজই সকালে বিকালে নিয়মিত ডাক্তারখানায় গিয়া তীর্থের কাকের মত বসিয়া থাকে। হাতের পয়সাকড়ি ফুরাইয়া গেল। কোনো দিকে রোগবালাই নাই, দেশটা হঠাৎ যেন মধুপুর কি শিমুলতলা হইয়া দাঁড়াইয়াছে।

জীবনটাও যেন বড় ফাকা ফাকা। সকাল সন্ধ্যা একেবারে কাটে না। দস্ত মশায় অবশ্ত আছেন, কিন্তু তাঁহার মুখে ধর্মতত্ত্ব শুনিয়া শুনিয়া একঘেয়ে হইয়া পড়িয়াছে, আর ভাল লাগে না।

মনোরমার অল্প মন কেমন করে আজকাল। মনোরমাকে সাপে কামড়ানোর পর হইতে বিপিন লক্ষ্য করিতেছে স্ত্রীর উপর তাহার মনোভাব অদ্ভুত ভাবে পরিবর্তিত হইয়াছে। মনে হয় মনোরমা তো চলিয়া যাইতেছিল, একদিনও সে মনোরমাকে মুখের একটি মিষ্ট কথাও বলে নাই, এ অবস্থায় যদি সেদিন সে সত্যই মারা পড়িত বিপিনকে চিরজীবন অল্প তাপ করিতে হইত সে সব ভাবিয়া। স্বথের মুখ কখনো সে দেখে নাই, বিপিন তাহাকে এবার স্থখী করিবে। মাহুনের মনের এই বোধ হয় গতি, বড় বড় অবলম্বন যখন চলিয়া যায়, তখন যে আশ্রয়কে অতি ভুচ্ছ, অতি ক্ষুদ্র বলিয়া মনে হইত, তাহাই তখন হইয়া দাঁড়ায় অতি শ্রিয়, অতি প্রয়োজনীয়। মনোরমার চিন্তা কখনো আনন্দ দেয় নাই, আজকাল দেয়। তাহার প্রতি একটা অল্পকম্পা জাগে, স্নেহ হয়, তাহাকে দেখিতে ইচ্ছা হয়। কি আশ্চর্য ব্যাপার এ সব!

বিপিন মাস দুই বাড়ী যায় নাই, কিছু টাকা হাতে আঁসিলে একবার বাড়ী যাইত। কিন্তু এই সময়ই হাত একেবারে খালি।

দস্ত মহাশয় একদিন বলিলেন, ডাক্তারবাবু, শাস্তি কাল পত্র লিখেচে, আপনার কথা জিগোস করেছে, আপনি কেমন আছেন, ডাক্তারি কেমন চলচে। আর একটা লিখেচে, ওর শবুদের চোখ অস্ত্র হবে কলকাতা বা রাণাঘাটের হাসপাতালে। আপনি সে সময়ে সময় করে দুদিনের জন্তে ওদের ওখানে থেকে শবুদের সঙ্গে রাণাঘাট বা কলকাতা যেতে পারবেন কি না লিখেচে। শাস্তি থাকবে, আমার জামাই থাকবে। অবিজ্ঞি আপনার ফি এবং যাতা-

স্নাতের খরচা ওয়া দেবে। একটা দিন কিংবা দুটো দিন লাগবে। আপনি থাকলে শুধু একটা বলভয়সা। ওয়া পাড়ারগেয়ে মাহুৎ. হাসপাতালের স্থলুক সন্ধান কিছুই জানে না। আপনার কত বড় বড় ডাক্তারের সঙ্গে আলাপ, আপনি পড়েছেন সেখানে। তাই আপনাকে নিয়ে যেতে চায়।

বিপিন বলিল, বেশ লিখে দেবেন আমি যাবো। তবে কি দিতে চাইলে যাবো না। যাত্নাতের খরচ দিতে.চান, দেবেন তাঁরা, কিন্তু ফির কথা যেন না ওঠান।

দস্ত মশায় আর কিছু বলিলেন না।

দিন পাঁচ ছয় পরে দস্ত মশায় একদিন সকালে বিপিনকে ডাকিয়া খুম ভাড়াইলেন। পূর্ক রাঞ্জে শান্তির শস্তরবাড়ী হইতে লোক আসিয়াছে, রাণাঘাট হাসপাতালে শান্তির শস্তরকে লইয়া যাওয়া হইবে, বিপিনকে আজ এখনি রওনা হইতে হইবে, বেশী রাত হইয়া গিয়াছিল বলিয়া দস্ত মশায় বিপিনকে গত রাঞ্জে কিছু বলেন নাই।

নাত ক্রোশ পথ গল্পর গাড়ীতে অতিক্রম করিয়া প্রায় বেলা দুইটার সময় বিপিন শান্তির শস্তরবাড়ী গিয়া পৌঁছিল। শান্তির স্বামী গোপাল প্রথমমেই ছুটিয়া আসিল। বলিল, ওঃ, এত বেলা হয়ে গেল ডাক্তারবাবু! বড় কষ্ট হয়েছে, এই রোদ্দুর! ও কতক্ষণ থেকে আপনার জন্তে নাইবার জল চারের যোগাড় করে নিয়ে বসে আছে। আমরা তো আশা ছেড়েই দিয়েছিলাম।

বিপিন গিয়া বাহিরের ঘরে বসিল। তাহার বুকের মধ্যে টিপ্ টিপ্ করিতেছে, এখনি আজ শান্তির সঙ্গে দেখা হইবে। বিপিন ভাবিয়া অবাক হইল, শান্তিঃ সঙ্গে দেখা হইবার আগ্রহে মনের এই রকম অবস্থা—এ কি কল্পনা করা সম্ভব ছিল এক বছর পূর্কও? মানী নয়, শান্তি। কে শান্তি? ক'দিন তাহার সহিত পরিচয়? উত্তেজনা ও আনন্দের মধ্যেও কেমন এক প্রকার অস্বস্তিতে তাহার মন ভরিয়া উঠিল।

শান্তি একটু পরেই আধ ঘোমটা দিয়া ঘরে ঢুকিল এবং বিপিনের পায়ের ধূলা লইয়া প্রণাম করিল। হাসিমুখে বলিল—আমি বেলা দশটা থেকে কেবল ঘরবার করচি—এত বেলা হবে তা ভাবিনি। একটু জিরিয়ে হাত মুখ ধুয়ে নিয়ে ডাব খান।

—তোমার শস্তর মহাশয়কে একবার দেখবো।

—এখন না। বাবা খেয়ে ঘুমুচ্ছেন একটু, বুড়োমাহুৎ। আপনি নেয়ে নিয়ে রান্না চড়িয়ে দিন, তারপর—

বিপিন বিশ্বয়ের স্থয়ে বলিল—সে কি শান্তি! রান্না চড়িয়ে দেবো কি? এত বেলায়—

শান্তি হাসিয়া বলিল—ও সব চলবে না এখানে। ব্রাহ্মণ মাহুৎকে আমরা কিছু রেঁধে দিতে পারিনে। আমি সব যোগাড় করে দেবো, আপনি শুধু নামিয়ে দেবেন। আকাশ-পাতাল ভাবতে হবে না আপনার সেরজ্ঞে।

শান্তির আশাস দেওয়ার মধ্যে এমন একটা জিনিস আছে বাহাতে বিপিনের মন একেবারে লম্বু ও নিশ্চিন্ত হইয়া উঠিল। শান্তি সেবাপরায়ণা মেয়ে বটে, কাজের মেয়েও

বটে, তাহার উপর নির্ভরশীলতা কেমন যেন আপনিই আসে।

গোপাল আসিয়া বলিল—চলুন, নদীতে নাইয়ে নিয়ে আসি।

বিপিন বলিল—নদী পর্যন্ত আপনাব কষ্ট করে যাওয়ার কি দরকার। আমার দেখিয়ে দিলেই তো...! গোপাল তাহাতে রাজি নয়, বিপিন বৃষ্টি শান্তিই বলিয়া দিয়াছে তাহাকে নদীর ঘাটে লইয়া গিয়া স্নান করা যা আনিতে। শান্তির প্রভাব ও প্রতীপত্তি এখানে খুব বেশী, এমন কি মনে হইল বাপের বাড়ী অপেক্ষা বেশী।

জানাহারের পর শান্তি বাহিরের ঘরে নিজে বিপিনের বিছানা করিয়া দিল। বিপিন বলিল—শান্তি, আমি ছুপুরে ঘুই নে তুমি জানো, বিছানা কিসের—তার চেয়ে বোসো এখানে ছুটো কথাবার্তা বলি।

শান্তি হাসিয়া বলিল—না তা হবে না, একটু বিশ্রাম করে নিতেই হবে। কাল আবার এখান থেকে আট ক্রোশ রাস্তা গরুর গাড়ীতে গিয়ে ফ্রেন ধরতে হবে।

—ও কষ্ট কিছু না, তোমার শব্দর উঠেচেন কি না দেখ। একবার তাঁর চোখটা দেখি। বিপিন চোখের সম্বন্ধে কিছুই জানে না, তবুও তাহাকে ভান করিতে হইল যে সে অনেক কিছু বুঝিতেছে। শান্তির শব্দরের দুই চারিটি চক্ষুপীড়া সংক্রান্ত অশান্তিকর প্রশ্নের উত্তরও তাহাকে দিতে হইল।

গ্রামখানি বিকালে ঘুমিয়া দেখিল, পিপলিপাড় ব' সোনাভনপুরের মতই জঙ্গলে ভরা, এ জঙ্গলের অধিকাংশ গ্রামই তাই। শান্তিদের বাড়ীর পিছনেই তো প্রকাণ্ড বাগান, চাষিধার বাঁশবনে ঘেরা। দিনমানেও রোদ ওঠে না মেদিকটাতে বলিয়া মনে হয়।

সন্ধ্যাবেলা বেড়াইয়া ফিরিল। বাড়ীর পিছনে ঘন বন-বাগানের ধারে একটি বাতাবী লেবুতলার টেকি পাতা। সেখানে শান্তি ও আর একটি প্রোঁচা বিধবা মেয়েমানুষ চিঁড়ে কুটিতেছে—শান্তি তাহাকে সেখানে ডাকিল। বিপিন সেখানে গিয়া দাঁড়াইল, প্রোঁচা বিধবা মেয়েমানুষটি টেকিতে পাড় দিতেছিল, শান্তি টেকির গড়ে ধান দিয়া যাইতেছে। তাহাকে বসিতে একখানা পিড়ি দিয়া হাসিয়া বলিল—বসুন। এখানে বসে গল্প করুন আমি সব ধান ছুটো ভেনে চাল করে নিচ্ছি, কাল সঙ্গে নিয়ে যেতে হবে। বাবা অল্প চাল খেতে পারেন না।

বিপিন চাহিয়া দেখিল বন-বাগানের আড়াল হইতে চাঁদ উঠিতেছে। কৃষ্ণপক্ষের তৃতীয়া, প্রায় পূর্ণচন্দ্রের মতই বড় চাঁদখানা বাঁশবন নিস্তরু, ঝিঁঝিঁ পোকা ডাকিতেছে সন্ধ্যায়, খুব নির্জন গ্রামখানা, লোকজন বেশী নাই, পিপলিপাড়ার হাটতলার চেয়েও নির্জন।

কিন্তু বেশ লাগিল এই বন-বাগানের মধ্যে টেকিশালের আয়গাটা, চাঁদ-ওঠা এই স্বন্দর সন্ধ্যা, শান্তির সুমিষ্ট অভ্যর্থনাটি, বাতাবী লেবুতলার সুগন্ধ।

সে বলিল, তুমি ভারি কাজের মেয়ে কিন্তু শান্তি। আবার দিব্যি ধান ভানতেও পারো দেখচি।

শান্তি হাসিয়া ফেলিল। বিধবা মেয়েমানুষটি মুখে কাপড় দিয়া হাসিল। শান্তি বলিল,

এ না করলে গেরস্ত ঘরে চলে কি, বলুন আপনি ? এখন ধরুন আমার খত্তরের তিন গোলা ধান হয় বছরে, রোজ ধান ভানা, চিঁড়ে কোটার অস্ত্রে কাকে আবার খোশামোদ করে বেড়াবো ? ওই মতির মা আছে আর আমি আছি—

—বেশ গাঁথানা তোমাদের, বেড়িয়ে এলাম—

—চড়কতলার দিকে গিয়েছিলেন ?

—চিনি তো নে, কোন্ তলা । এমনি খানিকটা ঘুরলাম—

শাস্তি উঠিয়া বলিল, দাঁড়ান, আপনার চা করে আনি, এখানে বসে খাবেন আর গল্প করবেন, মতির মা রাখো । আমি আসি আগে, যাবো আর আসবো—

চা ও খাবার লইয়া সে খুব শীঘ্রই ফিরিল বটে ।

বিপিন বলিল, হালুয়া গরম রয়েছে, এখন করে আনলে নাকি ?

—আমি না, মা করতেন । আমি শুধু চা করে আনলাম, সেকেলে বুড়ী, চা করতে জানেন না । ভারি আয়োদ হচ্ছে আমার, আপনি এসেচেন বলে ।

—সত্যি ?

—সত্যি না তো মিথ্যে ? রাখে আপনাকে আর বাঁধতে হবে না, আমি লুচি ভেজে দেবো ।

—কেন, আমি ভাত রেঁধেই নিতাম, আবার লুচির হান্ধামা—

—হান্ধামা কিছু না । আমার খত্তরবাড়ীয়া বড়লোক, এদের এক কাড়ি টাকা আছে, খাইয়ে দিলাম বা কিছু টাকা বাপের বাড়ীর লোককে ?

শাস্তির কথার ভঙ্গি শুনিয়া বিপিন হাসিয়া উঠিল, প্রোঢ়া মতির মাও অল্প দিকে মুখ ফিরাইয়া (কারণ বিপিনের সামনে হাসা তাহার পক্ষে অশোভন) হাসিয়া বলিল—কি যে বলেন বড় খুড়ীমা আমাদের ! সুনতেই এক মজা ।

শাস্তি যে এমন হাসাইতে পারে, বিপিন তাহা জানিত না, বসিকা মেয়ে সে খুব পছন্দ করে ; পছন্দ করে বলিয়াই এটুকু জানে, ভাল হাসাইতে পারে এমন মেয়ের সংখ্যা বেশী নয় । শাস্তির একটা নূতন দিক যেন সে দেখিল ।

শাস্তি ছেলেমানুষের মত আবদারের সুরে বলিল, একটা ভুতের গল্প বলুন না ?

—ভুতের গল্প ! নাও ধান ভেনে, আর এখন শাস্তির দুপুরে ভুতের গল্প করে না ।

—না বলুন ।

বিপিন একটা গল্প বানাইয়া বলিল । অনেক দিন আগে কাহার মুখে একটা গল্প শুনিয়াছিল, সেটিও বলিল । চাঁদ এবার অনেকদূর উঠিয়াছে, বিপিন শাস্তির সহিত গল্পের ফাঁকে ফাঁকে ভারিতেছিল মানীর কথা, মৃত্যু বাগ্‌দী মেয়েটির কথা, মনোরমার কথা, কামিনী মাসীর কথা ।

মানীর সঙ্গে এই রকম ভাবে গল্প করিতে পারিত এই রকম সন্ধ্যায় ! না তাহা হইবার নয় । মানীর খত্তরবাড়ী এরকম পাড়াগাঁয়েও নয়, মনী এরকম বলিয়া বলিয়া ধানও ভানিবে না ।

ইতিমধ্যে মতির মা কি কাজে একটু বাড়ীর মধ্যে ঢুকিতেই বিপিন জিজ্ঞাসা করিল—আচ্ছা শান্তি—মতির মা বলে ডাকচো, ওর মতি বলে মেয়ে ছিল ?

শান্তি বিস্মিত হইয়া বলিল—আপনি ওকে চেনেন ?

—ও কি জাত ?

—বাগ্‌দী কিংবা দুগে । আপনি ওর কথা জানলেন কি করে ?

—বলচি । ওর বাড়ী কি ভাসানপোতা ছিল ?

শান্তি আরও অবাক হইয়া বলিল—ভাসানপোতা ওর শুরুরবাড়ী । এ গাঁয়ে ওর বাপের বাড়ী । ওর স্বামী ওকে নেয় না অনেকদিন থেকে । ওর মেয়ে মতি ওর বাপের কাছেই ছিল, তার বিয়ে হয়েছে এই দিকে যেন কোথায় । আমি তাকে কখনো দেখিনি, সে এখানে আসে না ।

—আচ্ছা, তুমি জানো মতির সঙ্গে ওর মার দেখা হয়েছিল কতদিন আগে ?

—না । কেন বলুন তো—এত কথা জিজ্ঞেস করচেন কেন ?

—ওকে কথাটা জিজ্ঞেস করবে ? নয়তো থাক । আজ জিগ্যেস কোরো না—পরে বলবো এখন ! ইতিমধ্যে মতির মা আসিয়া পড়াতে বিপিন কথা বন্ধ করিল । প্রৌঢ়া আবার চোঁকিতে পাড় দিতে আরম্ভ করিল । বিপিন ভাবিল, হয়তো এ জানে না তাহার মেয়ে পিতৃগৃহ ত্যাগ করিয়া চলিয়া গিয়াছিল এবং তাহার সম্ভ্রতি মৃত্যু হইয়াছে । আজ কৃষ্ণা তিথীয়া, ঠিক এই পূর্ণিমার আগের পূর্ণিমার রাত্রে । বনভপূরের বিলের ধারের সে ফুটফুটে জ্যোৎস্না রাত বিপিন ভুলে নাই । সে রাতটিতে বাগ্‌দীর মেয়ে মতি তাহার মনে একটা খুব বড় দাগ রাখিয়া গিয়াছে । অন্ত এক জগতের সহিত পরিচয় করাইয়া গিয়াছে ।

অভাগিনী বুঝা জানেও না তাহার মেয়ের কি ঘটয়াছে ।

পরদিন শান্তি যখন চা দিতে আসিল, তখন নিৰ্জনে পাইয়া বিপিন মতির কাহিনী শান্তিকে শুনাইয়া দিল । শান্তি যেমন বিস্মিত হইল, তেমনি দুঃখিত হইল । বলিল—আমার মনে হয় মেয়ে যে ঘর থেকে চলে গিয়েছে একথা ও জানে, কারো কাছে প্রকাশ করে না সেকথা—তবে সে যে ঘরে গিয়েচে একথা জানে না । জানবার কথাও নয়, বনভপূরে ওরা লুকিয়ে এসে ঘর বেঁধে থাকতো, কাউকে পরিচয় তো দেয়নি—কি করে জানবে কোথাকার কার মেয়ে ? ভাসানপোতা থেকে জেয়ালা-বনভপূর কতদূর ?

—তা আট ন' ক্রোশ খুব হবে ।

—তা হোলে ও কিছুই জানে না, মেয়ে ঘর ছেড়ে বের হয়ে গিয়েচে, একথাও শোনে নি । এতদূর থেকে কে খবর দেবে ! ওকে আর কোনো কথা জিগ্যেস করার দরকার নেই ।

পরদিন বিকালে দুইখানি পক্ষর গাড়ীতে শান্তি, শান্তির স্বামী গোপাল, বিপিন ও শান্তির শ্বশুর স্টেশনে আসিল এবং সন্ধ্যার পরে রাণাঘাটে পৌঁছিয়া সিদ্ধান্তপাড়ার বাসায় গিয়া উঠিল। শান্তির এক স্বামীশ্বশুর বাসা পূর্ব হইতেই ঠিক করিয়া রাখিয়াছিলেন। দুখানি মাত্র ঘর, একখানা ছোট রান্নাঘর, ছোট একটু উঠান। তাড়া পাঁচ টাকা।

শান্তি অল্প পাড়াগাঁয়ের য়েয়ে দরাজ জায়গায় হাত পা ছড়াইয়া খেলাইয়া বাস করা অভ্যাস, সে তো বাসা দেখিয়া স্বামীকে বলিল—এখানে কেমন করে থাকব হ্যাঁ না—ওমা, এক উঠান—আর এইটুকু রান্নাঘরে কি রাখা যায়? আর ঐ পাতকুয়ের জলে নাইবো?

রাণাঘাটে বিপিন আসিল অনেকদিন পরে। মানীদের বাড়ীতে কাজ করিবার সময় কোর্টে তখন আনিতেই হইত। এইজন্যই রাণাঘাটের অনেক জিনিসের সঙ্গে মানীর কথা যেন জড়ানো। গোপালের সহিত বাজার করিতে বাহির হইয়া বিপিন দেখিল পূর্বপরিচিত কত দ্রুত তাহার মনে কষ্ট দিতেছে—মানীর কথা অনেকটা চাপা পড়িয়া গিয়াছিল, আবার অভ্যস্ত নুতন রূপে সে সব দিনের স্মৃতি মনের দ্বারে ভিড় করিতে লাগিল। কষ্ট হয়, সত্যই কষ্ট হয়।

সকালে গোপাল এবং শান্তির শ্বশুরকে লইয়া বিপিন রাণাঘাট হাসপাতালে ডাক্তার আর্চারের কাছে গেল। বলাই যখন হাসপাতালে ছিল, তখন আর্চার সাহেবের সঙ্গে বিপিনের আলাপ হয়। আর্চার সাহেব বিপিনকে দেখিয়াই চিনিতে পারিলেন। বলিলেন—আপনার ভাই কোথা? মারা গিয়েচে? তা যাবে, বাঁচবার কোনো আশা ছিল না।

শান্তির শ্বশুরের চোখ দেখিয়া বলিলেন—এখন একে দশ বারোদিন এখানে থাকতে হবে। চোখে একটা গুণ্ণ দিক্টি—চোখ কেমন থাকে, কাল আমার এসে জানাবেন। কাটাবার এখন দরকার নেই। বলাই যে জ্বরগাটাতে শুইয়া থাকিত খাটে—বিপিন সেখানটা গিয়া দেখিয়া আসিল। এখন অল্প রোগী সহিয়াছে।

বলাই মানী...কামিনী মাসী...স্বপ্ন...

হাসপাতাল হইতে কিরিয়া আসিয়া বিপিন দেখিল শান্তি বাসা বেশ চমৎকার গুছাইয়া লইয়াছে। দুটি ঘরের মধ্যে অপেক্ষাকৃত ছোট ঘরটিতে বিপিনের একা থাকিবার এবং বড় ঘরটিতে উহার তিনজনের একত্র থাকিবার বন্দোবস্ত করিয়াছে। দুটি ঘরই ইন্দির মধ্যে ঝাড়িয়া পরিষ্কার করিয়াছে, মেঝে জল দিয়া ধুইয়া ফেলিয়া শুকনো স্বেকড়া দিয়া বেশ করিয়া মুছিয়া কেপিয়াছে। বিছানাপত্র পাতিয়াছে দুটি ঘরেই, বাহিরে বসিবার জন্য একটি সতরকি পাতিয়া রাখিয়াছে। উহারে দেখিয়া বলিল—কি হোল বাবার চোখের?

বিপিন বলিল—চোখ কাটতে হবে না—তবে এখানে দশ বারো দিন এখন থাকতে হবে। গুণ্ণ দিয়া ছানি নষ্ট করে দেবে বলে। ও: তুমি যে শান্তি, বেশ গুছিয়ে ফেলেছো ঘরদোর।

শান্তি হাসিয়া বলিল—এখন নেয়ে ধুয়ে নিব্‌ সব। আমি বাবাকে নাইয়ে নি।

শান্তির খত্তর চোখে ভাল দেখিতে পান না, শান্তি তাঁহাকে কি করিয়াই সেবা করিতেছে, দেখিয়া বিপিন মুগ্ধ হইল। মা যেমন অসহায় ছোট ছেলের সব কাজ নিজে করিয়া দেয়, সকল অভাব-অভিযোগের সমাধান নিজে করে, তেমনি করিয়া শান্তি অসহায় বৃদ্ধকে সকল দিক হইতে আশুলিয়া রাখিয়া দিয়াছে।

অষ্ট সে বালিকার মত খুশি শহরে আসিয়াছে বলিয়া। সোনাতনপুরের মত অল্প পাড়া গাঁয়ে বাপের বাড়ী, খত্তরবাড়ীও ততোধিক অল্প পাড়াগাঁয়ে—রাণাঘাট তাহার কাছে বিরাট শহর। এখানকার প্রত্যেক জিনিসটি তাহার কাছে অভিনব ঠেকিতেছে। সে চিরকাল সংসারে খাটিতেই জানে, কিন্তু বাহিরের আনন্দ কখনও পায় নাই—জীবনে বিশেষ কিছু দেখেও নাই, তাহার খত্তরবাড়ীর গ্রামে মনসাপুজার সময় মনসার ভাসান হয় প্রতি জীবন মাসে, বৎসরের মধ্যে এই দিনটিই তাহার কাছে পরম উৎসবের দিন। সাজিয়া গুজিয়া মনসাতলার পাড়ার অস্তান্ত বৌদ্ধিরের সঙ্গে সন্ধ্যাবেলা ভাসান গুনিতে যাইবে, এই আনন্দে জীবন মাসের পরলা হইতে দিন গুণিত। তাহার মত মেয়ের রাণাঘাট শহরে আসিয়া অভ্যস্ত খুশি হইবারই কথা।

শান্তির খত্তর বিপিনকে বলিলেন—ভাস্করবাবু, এখানে টকি বারোফোপ হয় তো ?

বিপিনও পাড়াগাঁয়ের লোক, সেও কখনো ওসব দেখে নাই—কিন্তু ইহাদের কাছে লে কলিকাতার পাশ-করা ভাস্করবাবু, তাহাকে পাড়াগাঁয়ের ছুত সাজিয়া থাকিলে চম্বিবে না। সে তখনই জবাব দিল—ও টকি ? হয় বৈকি, খুব হয়।

—আপনি বোঁমাকে নিয়ে গিয়ে একদিন দেখিয়ে আছেন। আমার কখন কি দরকার হয়, গোপাল থাকুক। বোঁমা কখনও জীবনে ওসব দেখেনি—বেচারী দেখুক একটু—

—কেন গোপালও তো দেখে নি—সে-ই যাক শান্তিকে নিয়ে ?

—গোপাল না থাকলে আমার কাজকর্ম—আপনি ব্রাহ্মণ, আপনাকে দিয়ে তো হবে না ভাস্করবাবু, তারপর বোঁমা আমার কাছে থাকলে—গোপাল একদিন যাবে এখন।

শান্তি রান্নাঘরে রান্না করিতেছে—গোপাল বসিয়া তরকারি কুটিতেছে, বিপিন গিন্না বলিল—শান্তি, টকি বারোফোপ দেখতে যাবে ? শান্তির মশায় বললেন তোমাকে নিয়ে দেখিয়ে আনতে।

শান্তি বালিকার মত উচ্ছ্বসিত হইয়া বলিল—কোথায়, কোথায়, কখন হবে ? চলুন না, আজই চলুন—কখন হয় সে ? আমি কখনো দেখিনি। আমার বেজ ননদের মুখে টকির গল্প শুনেছি, সেই থেকে ভারি ইচ্ছে আছে দেখবার।

বিপিনও টকির খোঁজ বিশেষ কিছু জানে না—ছুপুরের পর বাহির হইয়া সন্ধান করিয়া জানিল বড়বাজারে কেরিক্যান রোডের ধারে এক কোম্পানী কলিকাতা হইতে আসিয়া মাল দুই টকি দেখাইতেছে—অচকার পালা 'নয়মেধ যজ্ঞ', ছটার সময় আরম্ভ।

বেলা চারিটার সময় সে শান্তির খত্তরের গুণ্ড কিনিতে ভাস্করখানার গেল—যাইবার বি. ন. ৬—২১

সময় শান্তিকে তৈরী থাকিতে বলিয়া গেল। লাড়ে পাচটার সময় ফিরিয়া দেখিল, শান্তি শান্তিয়া শুষ্কিয়া অধীর আগ্রহে ঘর-বাহির করিতেছে। বলিল—উঃ, বাপরে, বেলা কি আর আছে। টকি শেষ হয়ে গেল এতক্ষণ। চলুন, ঈগসির।

বিপিন বলিল—গাড়ী আনবো, না হেঁটে যেতে পারবে? মিস্তির মশাই কি বলেন?

শান্তির স্বত্তর বলিলেন—আপনিও যেমন, কে-ই বা ওকে চিনচে এখানে, হেঁটেই থাক না।

পথে বাহির হইয়াই শান্তি বলিল—উঃ, পায়ে বড্ড কাঁকর ফুটচে, খালি পায়ে এ পথে ইটা যায় না।

অগত্যা বিপিন একথানা গাড়ী করিল। শান্তি বলিল—বাবাকে বলবেন না গাড়ীর কথা, আমি পয়সা দিচ্ছি, আমার কাছে আলাদা পয়সা আছে।

বিপিন হাসিয়া বলিল—তোমার সব ছুইমি শান্তি, আমি সব বুঝি। তোমার ঘোড়ার গাড়ী চড়বার সাধ হয়েছিল কিনা বল সত্যি করে। কাঁকর ফোটা কিছু না, বাজে চল। ধরে ফেলেচি, না?

শান্তি হাসিয়া ফেলিল।

—পয়সা তোমার দিতে হবে—একথা ভাবলে কেন?

—আপনি দিতে যাবেন কেন? আমার সাধ হয়েছিল, আপনার ভোগ হয় নি?

—যদি বলি আমারও হয়েছিল?

—বেশ তবে দিন আপনি।

টকি দেখিতে বলিয়া শান্তি বলিল—আচ্ছা বলুন তো আপনার সঙ্গে বসে এমনভাবে টকি দেখবো একথা কখনো ভেবেছিলেন?

—কি করে ভাববো বলা?

—আপনি খুশি হয়েছেন বলুন।

বিপিন প্রথম হইতেই নিজেকে অত্যন্ত সতর্ক করিয়া দিয়াছিল মনে মনে। শান্তিকে একা লইয়া বাড়ীর বাহির হইয়াছে—তাহার সঙ্গে কোনোপ্রকার ভালবাসার কথা বলা হইবে না। ও পথে আর নয়। বিশেষতঃ তাহার স্বামী ও স্বত্তর বিশ্বাস করিয়া তাহার সঙ্গে ছাড়িয়া দিয়াছে এখন, তখন শান্তিকে একটিও অস্ত্র ধরনের কথা সে বলিলে না।

বিপিন অব্যব দিতে পারিত—কেন, আমি খুশি হই না হই তোমার ভাতে আসে যায় কিছু নাকি?

কিন্তু সে বলিল—খুশি না হবার কারণ কি? আমিও যে ঘন ঘন টকি দেখি তা তো নয়, থাকি তো সোনাডনপুরে। খুশি হবার কথাই তো। আর এই যে পালাটা হচ্ছে নতুন পালা একেবারে।

কথাটা অস্ত্র দিক দিয়া ঘুরিয়া গেল।

বিপিন দেখিল শান্তি খুব বুদ্ধিমতী মেয়ে। টকি কখনও না দেখিলেও সে গল্পের গতি

এবং ঘটনা তাহার অপেক্ষা ভাল বুঝিতেছে। অনেক জ্বরগায় শান্তি এমন আবিষ্ট ও মুগ্ধ হইয়া পড়িতেছে যে বিপিন কথা বলিলে সে শুনিতে পায় না। একবার দেখিল শান্তি আঁচল দিয়া চোখের জল মুছিয়া কাঁদিতেছে।

বিপিন হাসিয়া বলিল,—ও কি শান্তি? কান্না কিম্বের?

শান্তি হাসিকান্না মিশাইয়া বলিল,—আপনার যেমন কঠিন মন, আমার তো অমন নয়, ছেলেটার দুঃখ দেখলে কান্না পায় না?

—তা হবে। আমার চোখের জল শুভ সত্তা নয়।

—তা জানি। আচ্ছা, আমি মরে গেলে আপনি কাঁদবেন?

—ও কথা কেন? ও সব কথা থাক।

শান্তি খণ্ করিয়া বিপিনের হাত ধরিয়া অনেকটা আঁকার এবং খানিকটা আদরের স্বরে বলিল,—না বলুন। বলতেই হবে।

বিপিন হাসিয়া বলিল—নিশ্চয়ই কাঁদবো।

—সত্যি?

—মিথো বলচি?

পরক্ষণেই সে শান্তির সঙ্গে কোনো ভালবাসার কথা না বলিবার সঙ্কল্প তুলিয়া গিয়া বলিয়া ফেলিল,—আমি মরে গেলে তুমি কাঁদবে?

শান্তি গভীর মুখে বলিল,—অমন কথা বলতে নেই।

—না, কেন আমার বেলায় বুঝি বলতে নেই। তা শুনবো না, বলতেই হবে।

—না, ও কথার উত্তর নেই। অল্প কথা বলুন।

—এর উত্তর যদি না দাও, তোমার সঙ্গে আর কথা বলবো না।

—না বলবেন, না বলবেন।

—বলবে না?

—না, আমি তো বলে দিয়েচি।

অগত্যা বিপিন হাল ছাড়িয়া দিল। মনে মনে ভাবিল—শান্তি বেশ একটু একগুয়েও আছে, যা ধরিয়ে, তাই করিবে।

ইন্টারভ্যালের সময় শান্তি বাহিরে আসিয়া বলিল—সবাই চা খাচ্ছে, আপনি চা খাননি তো বিকেলে, খান না চা, আমি পয়সা দিচ্ছি—

—তুমি কেন দেবে! আমার কাছে নেই নাকি—চল দুজনে খাবো।

শান্তির একগুয়েমি আরও ভাল করিয়া প্রকাশ পাইল। সে বলিল,—সে হবে না, আপনার চা খাওয়ার পয়সা আমি দেবো, নয়তো আমি চা খাবো না।

বিপিন দেখিল ইহার সহিত তর্ক করা বুধা, অগত্যা তাহাতেই রাজি হইয়া দুজনে চায়ের স্টলে একখানা বেঞ্চের উপর বসিল। শান্তি বলিল, আপনি ওই যে বোতলের মধ্যে কি রয়েছে, ওই ছুখানা নিন্—শুধু চা আপনাকে খেতে দেবো না।

—তুমিও নাও, আমি একা থাকবো বুঝি ?

বিপিনের এই সময়ে মনে হইল মনোরমার কথা। বেচারী কখনো টকি বারোকোশ দেখে নাই—সংসারে শুধু খাটিয়াই মরে। একদিন তাহাকে রাণাঘাটে আনিয়া টকি দেখাইতে হইবে—বীণাকেও। সে বেচারীই বা সংসারের কি দেখিল! মা বুড়োমাতুল, তিনি এসব পছন্দ করিবেন না, বুঝিবেনও না, তিনি চান ঠাকুরদেবতা, তীর্থার্থ।

৩

পুনরায় ছবি আরও হইবার ষণ্টা পড়িল। দুজনে আবার গিয়া ভিতরে বসিল। শেষের দিকে ছবি আরও করণ হইয়া আসিল। এক জায়গায় শান্তি ফুঁপাইয়া কাঁদিতেছে দেখিয়া বিপিন বলিল—ও কি শান্তি? তুমি এমন ছেলেমাতুল! কাঁদে না অমন করে—ছিঃ—চল বাইরে যাবে ?

শান্তি ঘাড় নাড়িয়া বলিল—উহ—

—উহ তো কেঁদো না। লোকে কি ভাবে ?

ছবি শেষ হইতে বাহিরে আসিয়া শান্তি চূপচাপ থাকিয়া পথ চলিতে লাগিল। পেন্টনের কাছে আসিয়া বিপিন বলিল, চলো—ইতিশান দেখবে ?

— চলুন।

আলোকোজ্জ্বল প্র্যাটফর্ম দেখিয়া শান্তি ছেলেমাতুলের মত খুশি। শান্তিকে সুন্দরী যেরে বলা যায় না, কিন্তু তাহার নিজস্ব এমন কতকগুলি চোখের ভঙ্গি, হাসির ধরন প্রভৃতি আছে যাহা তাহাকে সুন্দরী করিয়া তুলিয়াছে। বাহির হইতে প্রথমটা তত চোখে পড়ে না এসব—বিপিন এতদিন শান্তিকে দেখিয়া আসিতেছে বটে, কিন্তু আজ প্রথম তাহার মনে হইল—শান্তি যে এমন সুন্দর দেখতে, এমন চোখের ভঙ্গি ওর—এ এতদিন তো ভাবিনি ?

আসল কথা, কোথা হইতে বিপিন এতদিন শান্তির রূপ দেখিবে? আজ ছাড়া পাইয়া মুক্ত, স্বাধীন অবস্থায় শান্তির নারীত্বের যে দিক ফুটিয়াছে তাহাই তাহাকে সুন্দরী করিয়া তুলিয়াছে। এ শান্তি এতদিন ছিল না। কাল হইতে আবার হয়তো থাকিবেও না। শান্তির মধ্যে যে নায়িকা এত কাল ছিল বন ঘুমে অচেতন, আজ সে জাগিয়াছে। অপরূপ তার রূপ, অকৃত তার ঐশ্বর্য। বিপিন ইহা ঠিক বুঝিল না।

সে ভাবিল, আজ তাহার সহিত একা বাহির হইয়া শান্তি নিজের যে রূপ দেখাইতেছে—তাহা এতদিন ইচ্ছা করিয়াই ঢাকিয়া রাখিয়া দিয়াছিল। এটুকু অভিজ্ঞতা বিপিনের বহুদিন হইয়াছে যে, মেয়েরা সকলকে নিজের রূপ দেখায় না—যখন যাহার কাছে ইচ্ছা করিয়া ধরা দেয়—সেই কেবল দেখিতে পায়।

বিপিন কিছু অশান্তি বোধ করিতে লাগিল।

শান্তিকে একা লইয়া আর কোনোদিন সে বাহির হইবে না। শান্তি তাহাকে জ্বালে জড়াইতে চায়।

কিন্তু বিপিন আর নিজেকে কোন বন্ধনের মধ্যে কেলিতে চায় না। মনের দিক হইতে স্বাধীন না থাকিলে সে নিজের কাজে উন্নতি করিতে পারিবে না। এই তো, কাল আর্চার সাহেবকে বলিয়া আসিয়াছে, হাসপাতালে একটি শক্ত অস্ত্রোপচার করা হইবে একটি রোগীর, বিপিন কাল দেখিতে যাইবে। ভবুও যতটুকু শেখা যায়।

শান্তিকে লইয়া খানিক এদিক ওদিক ঘুরিয়া বলিল,—চল এবার বাসায় যাই—

—আর একটুখানি থাকুন না? বেশ লাগচে।

একখানা ট্রেন কলিকাতার দিক হইতে আসিয়া দাঁড়াইল এবং কিছুক্ষণ পরে ছাড়িয়া চলিয়া গেল। বহু যাত্রী উঠিল, বহু যাত্রী নামিল।

শান্তি এসব অর্থাৎ চোখে চাহিয়া দেখিতেছিল। সে এসব ভাল করিয়া কখনো দেখে নাই, দু-তিন বার সে রেলে চড়িয়া এখান ওখান গিয়াছে—একবার গিয়াছিল শিমুরালি গঙ্গা-প্রানের যোগে মা-বাবার সঙ্গে, তখন তাহার বয়স মোটে এগার বছর, আর একবার স্বামীর সঙ্গে পিস্তুতো ননদের ছেলের বিবাহে এই লাইনে গিয়াছিল শ্রামনগর মূলজোড়। সেও অল্প দু-তিন বৎসর হইয়া গিয়াছে। কিন্তু এমন করিয়া যদৃচ্ছাক্রমে বেড়াইয়া কখনও সে এত বড় ইষ্টিশানের কাণ্ডকারখানা দেখে নাই।

বিপিনের নিজেরও বেশ লাগিতেছিল। কোথায় পড়িয়া থাকে বাবো মাস, কোথা হইতে এ সব দেখিবে? রাণাঘাটের মত শহর বাজার জায়গায় থাকিতে পাইলে সামান্য টাকা রোজগার হইলেও সুখ। পাঁচ জনের সহিত মিশিয়া পাঁচটা জিনিস দেখিয়া সুখ।

সে কথা শান্তিকে সে বলিল।

শান্তি বলিল,—সত্যি। আচ্ছা, আমরা কোথায় পড়ে থাকি ভাস্করবাবু, গরুর মত কিংবা ঘোষের মত দিন কাটাই। কি বা দেখলাম জীবনে, আর কি বা—

—সত্যি, কি দেখতে পাই?

—সুমনতেই বা কি? এই যে ধরুন আজ টকি দেখলাম, এ কেউ দেখেছে আমাদের গাঁয়ে কি আমাদের হস্তরবাড়ীর গাঁয়ে? আহা, ও বোধ হয় দেখেনি, ও কাল দেখুক এসে।

—কে, গোপাল? গোপাল কখনো টকি দেখেনি?

—কোথেকে দেখবে! আপনিও যেমন! ওরা কেউ দেখেনি। কাল পাঠিয়ে দেবো বিকেলে।

—আমিও সত্যি বলচি শান্তি—এই প্রথম দেখলাম টকি। বায়োস্কোপ দেখেছি অনেক দিন আগে—সে তখনকার আমলে! বাবার পয়সা তখনও হাতে ছিল, একবার কলকাতার গিয়ে বায়োস্কোপ দেখি। তখন টকি হয় নি। তারপর বহুকাল হাতে পয়সা ছিল না, নানা গোলমাল গেল—

বিপিন নিজের জীবনের কথা এত ঘনিষ্ঠ ভাবে কখনও শান্তির কাছে বলে নাই। শান্তির

বোধ হয় খুব ভাল লাগিতেছিল, সে আগ্রহের সহিত শুনিতেছিল এ সব কথা।

খানিকক্ষণ ছুজনে চুপচাপ। মিনিট পাঁচ ছয় কাটিয়া গেল।

বিপিন হঠাৎ বলিল,—কি কথা মনে হচ্ছে জানো শান্তি ?

শান্তি যেন সলজ্ঞ আগ্রহের সহিত বলিল,—কি ?

—সেই মতি বাগ্গিনীর কথা।

শান্তির মুখে নিরাশা ও বিশ্বয় একই সঙ্গে ফুটিল। অবাক হইয়া বলিল,—কেন, তার কথা কেন ?

বিপিন ভাবিল, যদি মানী আজ থাকিত, এ প্রশ্ন করিত না। মনের খেলা বুঝিতে তার মত মেয়ে বিপিন আজও কোথাও দেখে নাই।

তবুও বলিল,—তুমি দেখনি শান্তি, কি করে সে মরেচে, সেই শীতের রাত, গায়ে লেপ কাঁথা নেই, খড় বিচুলি আর ছেঁড়া কাঁথার বিছানা। অথচ কত অল্প বয়সে...আমি এখানে দাঁড়িয়ে চোখ বুজলে সেই জেয়লা-বল্লভপুরের বিল, সেই চাঁদের আলো, বিলের ধারে চিতা, চিতার এদিকে আমি, ওদিকে বিশেষর, এসব চোখের সামনে দেখতে পাই—

কিন্তু শান্তি বুলিল। শান্তি যে উত্তর দিল, বিপিন তাহা আশা করে নাই। বলিল—ভাস্করবাবু, সে জায়গাটা আমার একবার দেখিয়ে আনবেন তো ? সেদিন আপনার মুখে ওর সব কথা শুনে পর্যন্ত আমিও ভুলতে পারিনি। হোক নীচু জাত, ওই একটা জিনিসে বড্ড উঁচু হয়ে গেছে। চলুন, ওই বেঞ্চিখানায় বসি একটু।

—আবার বসবে কেন ? রাত হোল, বাসায় ফিরি।

—আমার পা ধরে গিয়েচে। ওখানে কি বিক্রী হচ্ছে ? চা ? আর একটু চা খান—

—আমি আর নয়। তোমার জন্তে আনবো।

—তবে পান কিনে আনুন, আমার জন্তে আমি বলিনি। আপনি চা ভালবাসেন, তাই বলছিলাম।

পানের দোকান নিকটে নাই, কিছু দূরে প্র্যাটফর্মের ওদিকে। শান্তিকে বেঞ্চে বসাইয়া বিপিন পান আনিতে গিয়া হঠাৎ এক জায়গায় দাঁড়াইয়া গেল। আপ্. প্র্যাটফর্ম হইতে কিছু সরিয়া ওভারব্রিজের কাছে একটি মেয়ে তাহার দিকে পিছন ফিরিয়া একটা ট্রাকের উপর বসিয়া আছে তাহার আশেপাশে আরও দু-একটা ছোটখাট স্টকেস, বিছানা, আরও কি কি। এইমাত্র যে ট্রেনখানা গেল, সেই ট্রেন হইতেই নামিয়া থাকিবে, বোধ হয় সন্দের লোক বাহিরে গাড়ী ঠিক করিতে গিয়াছে। মেয়েটি জিনিস আগুলিয়া বসিয়া আছে। মেয়েটি অবিকল মানীর মত দেখিতে পিছন হইতে। সেই ভঙ্গি, সেই সব।...কতকাল কাটিয়া গিয়াছে, এখনও তাহার মত অল্প মেয়ে দেখিলেও তাহারই কথা মনে পড়ে।...

এই সময় মেয়েটি একবার পিছনের দিকে চাহিল।

বিপিন চমকিয়া উঠিল।

পরম বিশ্বয়ে ও কৌতুহলে সে স্থান কাল পাত্র সব কিছু ভুলিয়া গেল ওভারব্রিজের তলায় ।
তাহার বৃকের মধ্যে কে যে হাতুড়ি পিটিতেছে !

৪

বিপিন নিজের চক্ষুকে যেন বিশ্বাস করিতে পারিল না, কারণ যে মেয়েটি পিছন ফিরিয়া
চাহিয়াছিল, সে—মানী !

কয়েক মুহূর্তের অল্প বিপিনের চলিবার শক্তি যেন রহিত হইল । মানী এদিকে চাহিয়া
আছে বটে, কিন্তু তাহার দিকে নয়—তাহাকে সে দেখিতে পায় নাই । বিপিন অগ্রসর হইয়া
মানীর সামনে গিয়া বলিল—এই যে মানী ! তুমি এখানে ?

মানী চমকিয়া উঠিয়া অল্প দিক হইতে মুহূর্তে দৃষ্টি ফিরাইয়া তাহার দিকে চাহিল । তাহার
মুখে বিশ্বয়—গভীর, অবিমিশ্র বিশ্বয় !

বিপিন হাসিয়া বলিল—চিনতে পারচ না ? আমি

মানীর মুখ হইতে বিশ্বয়ের ভাব তখনও কাটে নাই । পরক্ষণেই সে ট্রান্স্ফের উপর হইতে
উঠিয়া হাসিমুখে বিপিনের দিকে আগাইয়া আসিয়া বলিল—বিপিনদা ! তুমি কোথা থেকে ?

বিপিন মানীকে 'তুই' বলিতে পারিল না, অনেক দিন পরে দেখা, কেমন সন্ধ্যাচ বোধ
হইল । বলিল—আমি ? আমি রাণাঘাটে এসেছি কাজে । বলচি । কিন্তু তুমি এমন সময়
এখানে ?

মানী চোখ নামাইয়া নীচু দিকে চাহিয়া ধরা গলায় বলিল—তুমি কি করবেই বা জানবে ।
বাবা মারা গিয়েচেন—কাল চতুর্থীর শ্রাদ্ধ । তাই পলাশপুর যাচ্ছি আজ । এই ট্রেনে
নামলাম ।

বিপিন বিশ্বয়ের স্বরে বলিল—অনাদিবাবু মারা গিয়েচেন ? কবে ? কি হয়েছিল ?

—কি হয়েছিল জানিনে । পরশু টেলিগ্রাম করেচে এখানকার নামেব হরিবাবু । তাই
আজ আমার দেওরকে সঙ্গে নিয়ে আসচি, উনি আসতে পারলেন না—কেস আছে হাতে ।
বোধ হয় কাজের দিন আসবেন । দেওর গাড়ী ডাকতে গিয়েচে—তাই বসে আছি ।

বিপিন ছুই চক্ষু ভরিয়া যেন মানীকে দেখিতেছিল । এখনও যেন তাহার বিশ্বাস হইতেছিল
না যে, এই সেই মানী । সেই রকমই দেখিতে এখনও । একটুকু বদলায় নাই ।

—বিপিনদা, ভাল আছ ? কোথায় আছ, কি করচ এখন ?

এখন যে আমি ডাক্তার, নাম-করা পাড়াগায়ের ডাক্তার । কুগী নিয়ে রাণাঘাটের
হাসপাতালে এসেছি, কুগীর বাসাতেই আছি । আমাদের দেশের ওই দিকে সোনাভনপুর
বলে একটা গাঁ, সেখানেই থাকি । মনে আছে মানী, ডাক্তারি করার পরামর্শ তুমিই
দিয়েছিলে প্রথম । তাই আজ ছুটো ভাত করে থাকি ।

—সত্যি, বিপিনদা! সত্যি বলচো এসব কথা?

—সাক্ষী হাজির করতে রাজি আছি, মানী। বিশ্বাস করে আমার কথা।

—ভারী আনন্দ হোল শুনে। কিন্তু বিপিনদা, তোমার সঙ্গে যে এক রাশ কথা রয়েছে আমার। একটি রাশ কথা।

বিপিন ঠিকমত কথাবার্তা বলিতে পারিতেছিল না। আজ কি স্বন্দর দিনটা, কার মুখ দেখিয়া যে উঠিয়াছিল আজ! এই রাণাঘাট স্টেশনে জীবনের এমন একটা অভূত অভিজ্ঞতা—মানীর সঙ্গে দেখা—

সে শুধু বলিল—আমারও এক রাশ কথা আছে, মানী।

মানী বলিল—আমার একটি কথা রাখবে বিপিনদা, পলাশপুরে এসো। বাবার কাজের দিন পড়েচে সামনের বুধবার, তুমি আর দুদিন আগে এসো। তোমার আসা তো উচিতও, এসময় তোমার দেখলে মাও যথেষ্ট ভরসা পাবেন।

—মাওয়া আমার খুব উচিতও। বাবার আমলের মনিব, আমার একটা কর্তব্য তো আছে; কিন্তু একটা কথা হচ্ছে—

মানী ছেলেমানুষের মত মিনতি ও আবদারের হয়ে বলিল—ও সব কিন্তু-টিক্ত শুনবো না' ...আসতেই হবে, তোমার পায়ে পড়ি, এসো বিপিনদা—আসবে না?

এই সময় শাস্তি আসিয়া সলজ্ব ভাবে অদূরে দাঁড়াইল।

মানী বলিল—ও কে বিপিনদা?

বিপিন অপ্রতিভ হইয়া পড়িল। মানী জানে সে কি রকম চরিত্রের লোক ছিল পূর্বে, হয়তো ভাবিতে পারে পরসা হাতে পাইয়া বিপিনদা আবার আগের মত—যাহাই হোক, শাস্তি কেন এ সময় এখানে আসিল। আর কিছুক্ষণ বেষ্টিতে বসিলে কি হইত তাহার!

বলিল—ও গিয়ে আমাদের গাঁয়েরই—মানে ঠিক আমাদের গাঁয়ের নয়, আমি যেখানে ডাক্তারি করি সে গাঁয়েরই—ওর বাবা আমার কুণী।

মানী বলিল—ডাকো না এখানে! বেশ য়েয়েটি।

বিপিন শাস্তিকে ডাকিয়া মানীর সঙ্গে পরিচয় করাইয়া দিল। মানী তাহার হাত ধরিয়া ট্রাকের উপর বসাইয়া বলিল—বসো না ভাই এখানে, তোমার বাবার কি অসুখ?

—চোখের অসুখ, তাই ডাক্তারবাবুকে সঙ্গে করে আমরা রাণাঘাটের সায়েব ডাক্তারের কাছে দেখাতে এসেছি পরন্তু। আপনি বৃষ্টি ডাক্তারবাবুর গাঁয়ের লোক?

—না ভাই, আমার বাপের বাড়ী পলাশপুর, এখান থেকে চার ক্রোশ—

এই সময় মানীর দেওর আসিয়া বলিল—বৌদি, গাড়ী এই রাস্তির বেলা যেতে চায় না—অনেক কষ্টে একথানা ঠিক করেছি। চলুন উঠুন।

মানী দেওরের সহিত বিপিনের পরিচয় করাইয়া দিল। মানীর দেওর বেশ ছেলেটি, কোন কলেজে বি. এ. পড়ে—এইটুকু মাত্র বিপিন শুনিল, তাহার মন তখন সে দিকে ছিল না।

মানী গাড়ীতে উঠিবার সময় বার বার বলিল—কবে আসচো পলাশপুরে বিপিনদা ?
কালই এসো ।

—এ বা এখানে দুদিন থাকবেন তো ? তুমি সেই ফাঁকে ঘুরে এসো আমাদের ওখান ।
আসাই চাই ; মনে থাকে যেন ।

বাড়ী কিরিবার পথে শান্তি যেন কেমন একটু বিমনা । সে জিজ্ঞাসা করিল—উনি কে
ডাক্তারবাবু ? আপনার সঙ্গে কি করে আলাপ ?

বিপিন বলিল—আমি আগে যে জমিদার বাড়ী কাজ করতাম, সেই জমিদারবাবুর মেয়ে ।
আমার বাবাও ওখানে কাজ করতেন কিনা, ছেলেবেলার ওদের বাড়ী যেতাম—ওর সঙ্গে
একসঙ্গে খেলা করেছি—অনেক দিনের জানাওনো ।

শান্তি বলিল—বেশ লোক কিন্তু । অত বড় মাহুঘের মেয়ে, মনে কোনো ঠাকার নেই ।
দেখতেও ভারি চমৎকার ।

রাত্রে সেদিন বিপিনের ঘুম হইল না । মনের মধ্যে কি এক প্রকারের উত্তেজনা, কি
যে আনন্দ, তাহা প্রকাশ করিয়া বলা যায় না—যত ঘুমাইবার চেষ্টা করে—বিছানা যেন গরম
আগুন, মানীর সহিত দেখা হইয়াছে—আজ মানীর সহিত দেখা হইয়াছে—মানী তাহাকে
পলাশপুর যাইতে বার বার অহুরোধ করিয়াছে—অনেকবার করিয়া বলিয়াছে—সেই মানী ।
এসব জিনিসও জীবনে সম্ভব হয় ?

শুধু মানীর অহুরোধেই বা কেন—অনাদিবাবু তাহার বাবার আমলের মনিব । তাহার
মুতুসংবাদ পাইয়া তাহার সেখানে একবার যাওয়াটা লৌকিক এবং সামাজিক উভয় দিক
দ্বিগুণ একটা কর্তব্য বই কি ।

৫

সকালে উঠিয়া সে শান্তির শব্দরকে লইয়া যথারীতি হাসপাতালে গেল । সেখান হইতে কিরিয়া
শান্তিকে বলিল—শান্তি, ভাত চড়িয়ে দাও তাড়াতাড়ি, আমি আজই পলাশপুর যাবো ।

শান্তি নিজে ভাত রাঁধিয়া বিপিনকে দিত না, তবে হাঁড়ি চড়াইয়া দিত, বিপিন নামাইয়া
লইত মাত্র । তরকারি রাঁধিবার সময়ে নিজে রান্না করিতে করিতে ছুটিয়া আসিয়া দেখাইয়া
দিত কি ভাবে কি রাঁধিতে হইবে ।

শান্তি মনমরাভাবে বলিল—আজই ?

—হ্যাঁ, আজই যাই । বলে গেল কি না কাল—যাওয়া উচিত আজ । বাবার অন্নদাতা
পনিব, বুঝলে না ?

—আমাকে নিয়ে চলুন না সেখানে ?

বিপিন অবাক হইয়া গেল । শান্তি বলে কি ! সে কোথায় যাইবে ?

শান্তি আবার বলিল—যাবেন নিয়ে? চলুন না ওদের বাড়ীঘর দেখে আসি—কখনো তো কিছু দেখিনি—থাকি পাড়াগাঁয়ে পড়ে।

তা হয় না শান্তি, কে কি মনে করবে, বুঝলে না? আর তুমি চলে গেলে তোমার খন্তর কি করবেন?

—একদিনের জন্তে ও চালিয়ে নিতে পারবে এখন। ও সব কাজে মজবুত, আপনায় মত অকোঁচো নয় তো কেউ!

—তা না হয় বুঝলাম। কিন্তু কে কি ভাবতে পারে—গেলে গোপালকেও নিয়ে যেতে হয়। তা তো সম্ভব হচ্ছে না, বুঝলে না?

শান্তি নিরুত্তর রহিল—কিন্তু বোঝা গেল সে মনঃস্ক্রম হইয়াছে।

বেলা তিনটার সময় শান্তির স্বামী ও খন্তরকে বলিয়া কহিয়া ছুদিনের ছুটি লইয়া সে পলাশপুর রওনা হইল। যাইবার সময় শান্তি পান সাজিয়া একথানা ভিজা নেকড়ায় জড়াইয়া হাতে দিয়া বলিল—বড্ড রোদ্দুর, জলতেষ্টা পেলে মাঠের মধ্যে পান খাবেন। পরশু ঠিক চলে আসবেন কিন্তু। বাবা কখন কেমন থাকেন, আপনি না এলে মহা ভাবনায় পড়ে যাবো আমরা।

স্টেশনের পাশে সেগুন বাগান ছাড়াইয়া সোজা মেটে রাস্তা উত্তরমুখে মাঠের মধ্য দিয়া চলিয়াছে। এখনও রোদ্দের খুব তেজ, যদিও বেলা চারটা বাজিতে চলিল। এই পথ বাহিয়া আজ পাঁচ বছর পূর্বে বিপিন ধোপাখালির কাছারি বা মানীদের বাড়ী হইতে কতবার কাগজ-পত্র লইয়া রাণাঘাটে উকীলের বাড়ী মোকদ্দমা করিতে আসিয়াছে, এই পথের প্রান্তিটি বৃক্ষনতা ত্রাহার স্থপরিচিত—শুধু স্থপরিচিত নয়, সেই সময়কার কত স্মৃতি, মানীর কত হাসির ভক্তি, কত আদরের কথা ইহাদের সঙ্গে জড়ানো। কত কত! সে সব কথা আজ ভাবিয়া লাভ কি?

বেলা পাঁচটার সময় কলাধরপুরের বিশ্বাসদের বাড়ীর সামনে আসিতেই পথে হঠাৎ বিশ্বাসের বড় ছেলে মোহিতের সঙ্গে দেখা। মোহিত আশ্চর্য হইয়া বলিল—একি, নায়ের মশায় যে! এতদিন কোথায় ছিলেন? চলেচেন কোথায়? পলাশপুরেই? ও, তা আবার কি ওদের স্টেটে—অনাদিবাবু তো মারা গিয়েচেন—

বিপিন সংক্ষেপে বলিল, স্টেটে চাকুরী করিবার জন্ত নয়, অনাদিবাবুর শ্রাঙ্কে নিমন্ত্রিত হইয়াই সে পলাশপুর যাইতেছে—বর্তমানে সে ভক্তারি করে। মোহিত ছাড়ে না, বেলা পড়িয়াছে, একটু কিছু খাইয়া তবে যাইতে হইবে, পূর্বে রাণাঘাট হইতে যাতায়াতের পথে তাহাদের বাড়ীতে বিপিনের কত পায়ের ধূলা পড়িত—ইত্যাদি।

অগত্যা কিছুক্ষণ বসিতে হইল।

কতকাল পরে আবার পলাশপুরের বাড়ীতে মানীর সঙ্গে দেখা হইবে! সেই বাহিরের ঘর, সেই দালান, সেই দাগানের জানালাটি, যেখানটিতে মানী তাহার সহিত কথা বলিবার জন্ত দাঁড়াইয়া থাকিত!

সন্ধ্যার পর সে অনাদিবাবুদের বাড়ীতে পৌঁছিয়া গেল! প্রথমেই বীরু হাঙ্কির সঙ্গে দেখা—সেই বীরু হাঙ্কি পাঠক, যে ইহাদের স্টেটে এক হইয়াও বহু এবং বহু হইয়াও এক। তাহাকে দেখিয়া বীরু ছুটিয়া আসিয়া লাঠাড়ে প্রণাম করিয়া বলিল—নায়েববাবু যে! কনে থেকে আলেম এখন?

—ভাল আছি সু রে বীরু?

—আপনার ছিচরণ আলীক্বাদে—তা ঝান, মা-ঠাকরোশের সঙ্গে একবার দেখাভা করে আসুন। বিপিন বাড়ীর মধ্যে ঢুকিয়া প্রথমে অনাদিবাবুর স্ত্রীর সঙ্গে দেখা করিল। তিনি বিপিনকে দেখিয়া চোখের জল ফেলিয়া অনেক পুরানো কথা পাড়িলেন। তাহার বাবা বিনোদবাবুর সময় স্টেটের অবস্থা কি ছিল, আর এখন কি দাঁড়াইয়াছে, আয় বড়ই কমিয়া গিয়াছে, বর্তমান নায়েবটিও বিশেষ কাল্পের লোক নয়, তাহার উপর কর্তা মারা গেলেন। এখন যে জমিদারী কে দেখাশুনা করিবে তাহা ভাবিয়াই তিনি নাকি কাঠ হইয়া যাইতেছেন। পরিশেষে বলিলেন—তা তুমি এখন কি করছ বাবা?

বিপিন এ প্রশ্নের উত্তর দিল। সে চারিদিকে চাহিতেছিল, সেই অতি সুপরিচিত ঘরদোর, আগেকার দিনের কত কথা স্বপ্নের মত মনে হয়—আবার সেই বাড়ীতে আসিয়া সে দাঁড়াইয়াছে—ওই সে জানালাটি—এসব যেন স্বপ্ন—সত্য বলিয়া বিশ্বাস করা এখনও যেন শক্ত।

অনাদিবাবুর স্ত্রী বলিলেন—তা বাবা, কর্তা নেই, আমি মেয়েমানুষ, আমার হাত পা আসচে না। তুমি বাড়ীর ছেলে, দেখ শোনো, যাতে যা হয় ব্যবস্থা করো। তোমাকে আর কি বলবো?

—মা, গুপরের চাবিটা একবার দাও তো—সিন্দুক খুলে রূপোর বাটিগুলো—

বলিতে বলিতে মানী বারান্দা হইতে বাহিরে আসিয়া রোগ্যাকে পা দিতেই বিপিনকে দেখিয়া থমকিয়া দাঁড়াইল। বিস্মিত মুখে বলিল—ওমা, বিপিনদা, কখন এলে? এখন? কিছু তো জানিনে—তা একবার আমাদের খোঁজ করে খবর পাঠাতে হয়—এসো, এসো, এসে বসো দালানে।

মানীর মা বলিলেন—হ্যাঁ, বসো বাবা। মানী সেদিন বলছিল রাণাঘাট ইষ্টিশানে তোমার সঙ্গে হঠাৎ দেখা হয়েছিল, তোমাকে আসতে বলেচে—আমি বল্লম, তা একেবারে সঙ্গে করে নিয়ে এলি নে কেন? কতদিন দেখিনি—

মানী বলিল—বোসো বিপিনদা, আমি একটু চা করে আনি—হেঁটে এলে এতটা পথ। কিছুক্ষণ পরে চা ও খাবার লইয়া মানী ফিরিল। বলিল—বিপিনদা, তোমায় এ বাড়ীতে আবার দেখে মনে হচ্ছে, তুমি কোথাও যাওনি, আমাদের এখানেই যেন কাজ কর। পুরোনো দিন যেন ফিরে এসেচে—না?

—সত্যি। বোস্ না এখানে মানী? তোর দেওয় কোথায়?

মানী হাসিয়া বলিল—তবুও ভালো, পুরোনো দিনের মত ভাকচো। রাণাঘাট ইষ্টিশানে

যে 'আপনি' 'আজ্ঞে' স্বক করেছিলে ! আমার দেওরকে কলকাতায় পাঠিয়েছি চতুর্দশ বছরের জিনিসপত্র কিনতে । এখানে না এসে এক্ষেত্রে ঠিক না করে তো আগে থেকে জিনিসপত্র কিনে আনতে পারিনে ।

—সে কবে ?

—কাল রাত পোরালেই । ভালোই হয়েছে তুমি এসেচ । আমার কাজের দিন তোমাকে পেয়ে আমার সাহস হচ্ছে । দেখার কেউ নেই—তুমি দেখে শুনে যাতে ভালভাবে সব মেটে, নিশ্চয় না হয় তার ব্যবস্থা করো ।

—তুই এখানে এসেছিলি আরও আমি চলে গেলে ?

—হঁ—কতবার এসেছি গিয়েছি—

—আমার কথা মনে হোত ?

—বাপরে ! প্রথম যখন আমি তখন টিকতে পারিনে বাড়ীতে । সেই যে আমি রাগ করে ওপরে গেলাম, তার পরেই সকালে উঠে দেখি তুমি রাগাঘাটে চলে গিয়েচ—আর কোনদিন দেখা হয়নি তারপর—সেই কথাই কেবল মনে পড়তো ।

—আচ্ছা, কলকাতায় থাকলে আমার কথা মনে পড়ে ?

—পড়ে না যে তা নয় । কিন্তু সত্যি বলতে গেলে কলকাতায় ভুলে থাকি পাঁচ কাছ নিরে । সেখানে তুমি কোনোদিন যাওনি, সেখানকার বাড়ীঘরের সঙ্গে যাদের যোগ বেশী, তাদের কথাই মনে হয় । কিন্তু এখানে এলে—বাপরে ! আচ্ছা, চা খেয়ে একটু বাইরে গিয়ে দৈখাওনো কর, আমি এরপর তোমার সঙ্গে কথা বলবো আবার । এখন বন্ধ ব্যস্ত—

রাতে বিপিন পুরানো দিনের মত রান্নাঘরে বসিয়া খাইল, পরিবেশন করিল মামী নিজে । আহাযান্তে বাহির হইয়া আসিবার সময় বিপিন দেখিল, মামী কখন আসিয়া সেই জানালাটিতে দাঁড়াইয়াছে । হাসিমুখে বলিল—ও বিপিনদা !

সাধে কি বিপিনের মনে হয়, মামীর সঙ্গে তাহার পরিচিতা আর কোনো স্নেহের তুলনা হয় না; আর কোন স্নেহে তাহার মন বুকিয়া এ রকম করিত ? মামীর সঙ্গে ইহা লইয়া কোনো কথাই তো হয় নাই এ পর্য্যন্ত । অথচ সে কি করিয়া বুকিল, বিপিনের মন কি চার !

বিপিন হাসিয়া জবাব দিল—ও মামী !

—মনে পড়ে ?

—সব পড়ে ।

—ঠিক ?

—নিশ্চয় ! নইলে কি করে বুলুম । বাবা, তুমি অন্তর্ধ্যামী মেয়েমানুষ ।

মামী জিব বাহির করিয়া ছই চোখ বুকিয়া মুখ ভ্যান্কাইল ।

—সত্যি মামী, তোর তুলনা নেই !

—সত্যি ?

—নিভুল সত্যি ।

—কখনো ভেবেছিলে বিপিনদা, এমন হবে আমার ?

—অপ্রেণ না ! কিন্তু মামী, তোর সঙ্গে আমার কথা আছে, কখন হবে ?

—বাইরের ঘরে গিয়ে বসো । আমি পান নিয়ে যাচ্ছি ।

একটু পরেই মামী বৈঠকখানায় ঢুকিয়া চৌকির উপর পানের ডিবাটি রাখিয়া কবাট ধরিয়া দাঁড়াইল । বলিল—তুমি এখন কি করচো, কোথায় আছ ভাল করে বল । সেদিন কিছুই শুনিনি । সেদিন কি আমার ওসব শোনবার মন ছিল বিপিনদা ? কতকাল পরে দেখা বল তো ?

বিপিন তাহার ভাস্ক্যরি জীবনের সংক্ষিপ্ত ইতিহাস বলিয়া গেল । সোনাডনপুরের দস্ত-বাড়ীর কথা, শান্তির কথা, মনোরমাকে সাপে কামড়ানোর কথা ।

রাত হইয়াছে । ইতিমধ্যে ছুবার মামী বাড়ীর মধ্যে গেল মায়ের ডাকে, আবার ফিরিল । সব কথা শুনিয়া বলিল—বিপিনদা, তুমি আমার চিঠি একখানা পেয়েছিলে একবার ?

—নিশ্চয় ।

—ওই সময়টা আমার বড্ড খারাপ হয়েছিল পুরানো কথা ভেবে । তাই চিঠিখানা লিখে-ছিলুম । আমার কথা ভাবতে ? সত্যি বল তো—

—সরুদাই ! বেশী করে একদিন মনে পড়েছিল, সে দিনটির কথা বলি ।

তারপর জেয়লা-বল্লভপুরের বিলের ধারের সেই রাজির ব্যাপার বিপিন বলিল । মতি বাগ্‌দিনীর সৰ্ব্বভ্যাগী প্রেমের কথা, তাহার অতীব দুঃখজনক মৃত্যুর কথা ।

সব শুনিয়া মামী দীর্ঘনিঃশ্বাস ফেলিয়া বলিল—অদ্ভুত !

—তোকে বলবো বলে সেইদিনই ভেবেছি । তোর কথাই মনে হয়েছিল সকলের আগে সেদিন ।

—আচ্ছা, কেন এমন হয় বিপিনদা ? দুঃখের সময় কেন এমন করে মনে পড়ে ? সত্যি বলচি, তবে শোনো । আমার খোঁকা যখন মারা গেল, এক বছর বয়স হয়েছিল, আজ বাঁচলে তিন বছরেরটি হোত, রাত তিনটের সময় মারা গেল ভবানীপুরের বাড়ীতে । একশো কান্নাকাটির মধ্যে তোমার কথা মনে পড়লো কেন আমার ?

—এ রোগের ওষুধ নেই মামী । কেন, কি বলবো !

—অথচ ভেবে ত্যাখো, সে সময় কি তোমার কথা মনে পড়বার সময় ? তবে কেন মনে পড়লো ?

তারপর দুজনেই চূপচাপ । নীরবতার ভাষা আরও গভীর হয়, নীরবতার বাণী অনেক কথা বলে । কিছুক্ষণ পরে বিপিন বলিল—কাল সকালে আমি চলে যাবো মামী । ভাস্ক্যর লোক, রুগী ফেলে এসেচি ।

—বেশ । আমি বাধা দেবো না ।

—তুই আমার মানুষ করে দিয়েছিল মামী ।

—তুনে স্থখী হলুম ।

— জানিস মানী, ওই যে তোর সঙ্গে আমার দেখা হয়নি এখন থেকে চলে যাবার পরে, সেই দুঃখটা মনের মধ্যে বড্ড ছিল। আজ আর তা রইল না। স্মরণ্য চলে যাই।

—না, যেও না বিপিনদা। বাবার চতুর্থীর শ্রাদ্ধটা আমি করছি, থেকে যাও। একটু দেখাওনা করতে হবে তোমাকে।

—তবে থাকি। তুই যা বলবি।

—তোমার সঙ্গে সেদিন যে বউটিকে দেখলুম, ও তোমার সঙ্গে বেড়ায় কেন?

—বেড়ায় না মানী। সিনেমা দেখতে এসেছিল সেদিন, শব্দের অঙ্ক, তার কাছে কে থাকে, তাই ওর স্বামী ছিল।

— মেয়েমানুষের চোখ এড়ানো বড় কঠিন বিপিনদা, ও মেয়েটি তোমায় ভালবাসে।

—কে বললে?

—নইলে কক্ষনো তোমার সঙ্গে সিনেমা দেখতে আসতে চাইত না পাড়াগাঁয়ের বউ। তোমার বয়েসও বেশী নয় কিছূ! আসতে পারতো না।

—ও!

—আমার কথা শোনো। তোমার স্বভাবচরিত্র ভাল না, ওর সঙ্গে আর মিশো না বেশী।

বিপিন হি হি করিয়া হাসিয়া বলিল—বেঙ্গধর্মের লেকচার দিচ্চিস যে! পাজি সাহেব! মানীও হাসিয়া ফেলিল। পুনরায় গম্ভীর হইবার চেষ্টা করিয়া বলিল—না সত্যি বলছি, শোনো। ওকে কষ্ট দেবে কেন মিছিমিছ? ওর সঙ্গে মেলামেশা করো না। মেয়েমানুষ বড্ড কষ্ট পায়। মতি বাগ্‌দিনীর কথা ভাবো।

বিপিন বলিল—ধোপাখালিতে এক বুড়ী ছিল, সেও তোর সম্বন্ধে আমায় একথা বলেছিল।

—আমার সম্বন্ধে? কে বুড়ী? ওমা, সে কি! শুনিনি তো কক্ষনো?

বিপিন সংক্ষেপে কামিনীর কাহিনী বলিয়া গেল।

মানী নিঃশ্বাস ফেলিয়া বলিল—ঠিক বলেছিল বিপিনদা। এ কষ্ট সাধ করে কেউ যেন বরণ করে না! তবে কামিনী বুদ্ধী যখন বলেছিল, তখন আর উপায় ছিল কি?

—নাঃ।

—শাস্তির সঙ্গে দেখাওনা করবে না। সোনাতনপুর ওদের বাড়ী যদি ছাড়তে হয়, তাও করবে এজন্তে। বউদিদিকে নিয়ে যাও না? যেখানে থাকো সেখানে?

—বেশ। তুমি শাস্তির বয়ের একটা চাকরী করে দাও না কলকাতায়? বড় ভাল ছেলেটি। শাস্তির একটা উপায় করো অন্তত।

—চেষ্টা করবো। ওঁকে বলে দেখি—হয়ে যেতে পারে।

-- জানিস মানী, শাস্তির তোকে বড্ড ভাল লেগেছে। ও এখানে আসতে চাচ্ছিল।

—সে আমার জন্তে নয় বিপিনদা। সে তোমার জন্তে—তোমার সঙ্গ পাবে এই জন্তে। ওসব আর আমায় শেখাতে হবে না। আমি মনকে বোঝাচ্ছি, তোমার সঙ্গে কাল শ্রাদ্ধের

কথাবার্তা বলতে এসেছি। কিন্তু তাই কি এসেচি? এতক্ষণ বসে তোমার সঙ্গে বক্ বক্ করছি কি সেই জন্তে?

পরদিন সকাল হইতে কাজকর্মের খুব ভিড়। জমিদারের বড় মেয়ে বড় মামুষের বউ, খুব জাঁক করিয়াই চতুর্থীর শ্রাদ্ধ হইবে। বিপিন খাটিতে লাগিয়া গেল সকাল হইতেই। আশেপাশের অনেকগুলি গ্রামের ব্রাহ্মণ নিমন্ত্রিত। লোকজনের কোলাহলে বাড়ী সরগরম হইয়া উঠিল।

মানী একবার বলিল—আহা, শান্তিকে আনলে হোত বিপিনদা! নিজে মুখ ফুটে বলেছিলো, আনলে না কেন? সব তোমার দোষ।

—না এনেই অত মূখনাড়া গুনলাম, আনলে কি আর রক্ষে ছিল?

—কীর্তনের দল আনতে রাণাধাটে গাড়ী যাচ্ছে, তুমি গিয়ে ওই গাড়ীতে তাকে নিয়ে আসবে?

—সে উচিত হয় না, মানী। অল্প স্বত্তর দুই দিন পড়ে থাকবে কার কাছে? থাকগে ওসব।

ধোপাখালির অনেক প্রজা নিমন্ত্রিত হইয়া আসিয়াছিল। তাহাকে দেখিয়া সকলেই খুব খুশি। নরহরি দাসও আসিয়াছিল। সে বিপিনকে ভূমিষ্ট হইয়া প্রণাম করিয়া বলিল—লায়েববাবু যে! অনেক দিনের পর আপনার সঙ্গে ছাখা। ভাল আছেন? আপনি চলে যাবার পর ধোপাখালি অমুপায় হয়ে গিয়েচে বাবু! সবাই আপনার কথা বলে।

বিপিন তাহার কুশলপ্রশ্নাদি জিজ্ঞাসা করিল। বলিল—হ্যাঁরে, তোমের গাঁয়ে ডাক্তারি চলে? আমি আজকাল ডাক্তারি করি কিনা?

নরহরি দাস বলিল—আহ্নন, এখুনি আহ্নন বাবু। ডাক্তারের যে কি কষ্ট, তা তো নিজের চোখে তুমি দেখেই এসেচ। আপনারে পেলি লোকে আর কোথাও যাবে না। ওযুধ খেয়েই মরবে।

সারাদিন বিপিন বাহিরের কাজকর্মের ভিড়ে ব্যস্ত রহিল। মানীর সঙ্গে দেখাশুনা হইল না। অনেক রাত্রে যখন কীর্তন বসিয়াছে, তখন মানী আসিয়া বলিল—বিপিনদা, খাবে এসো, রান্নাঘরে জায়গা করেচি।

রান্নাঘরের দাওয়ায় মানী নিজের হাতে তাহার পাতে লুচি তরকারি পরিবেশন করিতে করিতে বলিল—আমি জানি তুমি সারাদিন খাওনি, পেট ভরে খাও এখন।

বিপিন বিস্মিত হইয়া বলিল—তুই কি করে জানিলি?

—আমি সব জানি।

—সাধে কি বলি, অন্তর্ধ্যায়ী মেয়ে?

—নাও, এখন ভাল করে খাও দিকি। বাজে কথা রাখো। দই আর ক্ষীর নিয়ে আসি—তুমি ক্ষীর ভালবাসতে খুব।

আরও ষষ্ঠা দুই পরে নিমন্ত্রিতদের আহ্বানের পূর্ক মিটিল। বাড়ী অনেক নিস্তক হইল।

বাহিরের উঠানে কীৰ্তনসভা ভঙ্গ হইল।

বিপিন মনিকে খুঁজিয়া বাহির করিয়া বলিল—মানী, কীৰ্তনের দল গাড়ী করে রাশাঘাট যাচ্ছে, আমি ওই সঙ্গে চলে যাই।

—তাই যাবে! বেশ যাও। যা কিন্তু বলে দিয়েচি, মনে থাকবে?

—নিশ্চয়। তুই যা বলবি, তাই করবো।

—শান্তির সঙ্গে আর মিশবে না, ও ছেলেমানুষ—তার ওপর অজ পাড়ারগারের মেয়ে।

—মানী, সে কথা আমিও ভেবেছিলুম বহুদিন আগেই। তবে চালাবার লোক না পাওয়া গেলে আমাদের মত লোকে সব সময় ঠিক পথে চলে না। এবার থেকে সে ভুল আর হবে না। আমি ভাবছি, ধোপাখালিতে যদি ভাস্করি করি তবে কেমন হয়?

—মত্ৰি ভেবেছ বিপিনদা? খুব ভাল হয়। তুমি ওখানে নায়েব ছিলে, সবাই চেনে, বেশ চলবে। ওদিকে ছেড়ে দিয়ে এদিকে এসো।

—তোর সঙ্গে আবার কবে দেখা হবে মানী?

মানী হাসিয়া বলিল—আর জন্মে। এ জন্মে যাদের ওপর যা কর্তব্য আছে, করে যাই বিপিনদা।

বিপিন কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিল—বেশ, ভাল হবে না?

মানী হাসিতে হাসিতে বলিল,—আবার তুল? আমি নিরোধ, এ অপবাদ অস্তত তুমি আমার দিও না বিপিনদা। দাঁড়াও, প্রণামটা করি।

তারপর মানী গলার আঁচল দিয়া প্রণাম করিয়া উঠিয়া বলিল—আমার আর একটা কথা রয়েছে। যেখানেই থাকো, বৌদিদিকে নিয়ে এসো দেখানে। অমন করে কষ্ট দিও না সতীলক্ষ্মী মেয়েকে। যদি মাপের কামড়ে মারাই যেতেন, সে কষ্ট জীবনে কখনো হয় হোত ভেবেছ?

বিপিন বিদায় লইয়া গরুর গাড়ীতে উঠিতে যাইবে, মানী পিছন হইতে ডাকিল—শোন বিপিনদা!

—কি রে?

মানী কথা বলে না। বিপিন দেখিল, তাহার চোখ দিয়া জল পড়িতেছে।

—মানী! ছিঃ, লক্ষ্মীটি—আদি।

মানী তখন কথা বলিল না। বিপিনও আধ-মিনিট চুপ করিয়া দাঁড়াইয়া রহিল মানীর সামনে। তারপরে মানী চোখ মুছিয়া বলিল—আচ্ছা, এসো বিপিনদা!

গরুর গাড়ী ছাড়িল। অনেকখানি রাস্তা—মেঠো নির্জন পথ, কুকুপকের ভাষা চাঁদের জ্যোৎস্নায় মেটে পথের ধারের গ্রাম্য বাশবন, কচিং কোনো আমবাগান কিংবা বেগুন-পটলের ক্ষেত, আখের ক্ষেত, অশ্বাট ও অডুত দেখাইতেছে। বিপিনের মনে অল্প কোনো জগতের অস্তিত্ব নাই—কোথায় সে চলিয়াছে—এই আনন্দ ও বিদায়ের আলোছান্ন-ঘেরা পথে কত দূর-দূরান্তের উদ্দেশে তার যাত্রা যেন নীরাহীন লক্ষ্যহীন—সে চলার বিজন পথে না আছে

শান্তি, না আছে মনোরমা। কেহ নাই, সেখানে সে একেবারে সম্পূর্ণ নিঃশব্দ, সম্পূর্ণ একা। কিংবা যদি কেহ থাকে, মনের গহন গভীর গোপন ডগার যদি কেহ থাকে, ঘুসাইয়া থাকুক সে, গভীর হৃৎস্তির মধ্যে নিজেকে লুকাইয়া রাখুক সে।

৬

রাণাঘাটে যখন গাড়ী পৌঁছিল, তখন বেশ যৌব উঠিয়াছে।

শান্তি তাহাকে দেখিয়া বলিল—একি চেহারা হয়েছে আপনার ডাক্তারবাবু? হাতে ঘুম হয়নি বুঝি? আর হবেই বা কি করে গরুর গাড়ীতে। নেমে ফেলুন, আমি ঠাণ্ডা জল জুড়ে দিই।

হৃৎস্তবেলা বিপিন চূপ করিয়া শুইয়া আছে, শান্তি ঘরে ঢুকিয়া বলিল—ওবেলা চলুন আর একবার টকি ছবি দেখে আসি—আর তো চলে যাচ্ছি দু-তিন দিনের মধ্যে। হয়তো আর দেখা হবে না।

—গোপাল ছবি দেখেছিল?

—উঃ ছদ্ম! আপনি যেদিন যান, আর যেদিন আসেন।

—চল যাই।

শান্তি খুশি হইয়া সকালে সকালে সাজিয়া-গুজিয়া তৈয়ারী হইল। বিপিন বেলা তিনটার সময় তাহাকে লইয়া বাহির হইল, কারণ বিপিনের ইচ্ছা সন্ধ্যার পূর্বেই সে শান্তিকে বাসার কিরাইয়া আনিবে, নতুবা শান্তির খত্তরের খাওয়া-দাওয়ার বড় অসুবিধা হয়।

ছবি দেখিতে বসিয়া শান্তি অত্যন্ত খুশি। আজকার ছবিতে ভাল গান ছিল, সে ও ধরণের গান কখনো শোনে নাই—মুগ্ধ হইয়া শুনিতে লাগিল।

ইন্টারভ্যালের সময়ে বলিল—চলুন বাইরে, চা খাবেন না?

তাহার ধারণা ছবিতে যাহারা আসে, তাহাদের চা খাইতেই হয় এবং চা খাওয়ার জন্ত দুটি কেওয়া হইয়াছে। শান্তি আবদারের স্বরে বলিল—আমি কিন্তু পরমা দেবো আজও।

বিপিন হাসিয়া বলিল—পরমা ছড়াবার ইচ্ছে হয়েছে? বেশ ছড়াও—

শান্তি লজ্জিত হইল দেখিয়া বিপিন বলিল—না না, কিছু মনে করো না শান্তি। এমনি বন্ধুর। আমি তোমাকে কিন্তু কোন একটা জিনিস খাওয়ানো—কি খাবে বল?

শান্তি বালিকার মত আনন্দ দিয়া দেখাইয়া বলিল—ওই যে কাঁচের বোতলে রয়েছে ওকে কি বলে—কেক?—বেশ ওই কেক নিন জবে—আপনার জন্তেও নিন—

সিনেমার পরে শান্তি বলিল—চলুন, একটু ইন্ট্রিশানে বেড়িয়ে যাই। আর তো দেখতে পাবো না ওসব—চলে যাচ্ছি পরণ্ড।

ভাউন প্ল্যাটফর্মে একথানা বেঞ্চির উপরে নিজে বসিয়া বলিল—বহন এখানে।

বিপিন বলিল ।

—একটা সিগারেটের বাস্ক কিনে আনুন, আমি পয়সা দিচ্ছি ।

—না, তুমি কেন দেবে ?

—আপনার পায়ে পড়ি—কটা আর পয়সা, দিই না কিনে !

সে এখন মিনতির স্বরে বলিল যে, বিপিন তাহার অল্পবোধ ঠেলিতে পারিল না । সিগারেট টানিতে টানিতে বিপিন শাস্তির নানা প্রশ্নের জবাব দিতে লাগিল—এ লাইন কোথায় গিয়াছে, ও লাইন কোথায় গিয়াছে, সিগারেটে লাল আলো সবুজ আলো কেন, কি করিয়া আলো বদলায় ইত্যাদি । আধঘণ্টা বসিবার পরে বিপিন বলিল—চল আমরা যাই—দেখি হয়ে গেল ।

—বসুন না আর একটু—আচ্ছা, আপনাকে একটা কথা জিজ্ঞাস্য করি—

—কি ?

—আমার জন্তে আপনার মন কেমন করে একটুও ?

বিপিন বড় মুশকিলে পড়িল । এ কথার জবাব কি ধরনের দেওয়া যায় ! শাস্তি আরও কয়েকবার এভাবে প্রশ্ন করিয়াছে ইতিপূর্বে ।

সে ইতস্তত করিয়া বলিল—তা করে বই কি—বিদেশে থাকি, তোমার মত যত্ন—

—ওসব বাজে কথা । ঠিক কথার জবাব দিন তো দিন—নইলে থাক ।

—এ কথা কেন শাস্তি ?

—আছে দরকার ।

—করে বই কি ।

—ঠিক বলছেন ?

—ঠিক ।

শাস্তি কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিল—চলুন, যাই । রাত হয়ে যাচ্ছে ।

বাসায় ফিরিয়া আহারাতির পরে অনেক রাত্রে বিপিন গুইল ।

মার্বরাতে একবার কিসের শব্দে তাহার ঘুম ভাঙিল—বাহিরের রোয়াকে কিসের শব্দ হইতেছে । বিপিন জানালা দিয়া বাহিরের দিকে চাহিয়া দেখিল, শাস্তি রোয়াকের পৈঠায় ঝাঁশের আলনার খুঁটি হেলান দিয়া একা বসিয়া আছে ; এবং শুধু বলিয়া আছে নয়, বিপিনের মনে হইল, সে হাপুসনমনে কাঁদিতেছে—কারণ রোয়াকের পৈঠা বিপিনের ঘরের জানালার ঠিক কোণাকুণি ।

বিপিন নিঃশব্দে জানালা হইতে সরিয়া গেল । শাস্তি কেন কাঁদে এত রাত্রে ? তাহাকে কি দোর খুলিয়া ডাকিয়া শাস্ত করিবে ? তাহাতে শাস্তি লজ্জা পাইবে হয়তো । যে লুকাইয়া কাঁদিতে চায়, তাহাকে প্রকাশের লজ্জা দেওয়া কেন ?

বিপিনের আর ঘুম হইল না ।

হৃদয়তো ভোরের দিকে একটু তন্দ্রা আসিয়া থাকিবে, গোপালের ডাকে তাহার ঘুম

ভাঙিল। শান্তি চা লইয়া আসিল, সে সস্ত্র স্ত্রী করিয়াছে, পিঠের উপর ভিজা চুলাটি এলানো, মুখে চোখে রাজিআগরণের কোনো চিহ্ন নাই। হাসিমুখে বলিল—ঔঃ, এত বেলা পর্যন্ত ঘুম? কতক্ষণ থেকে থেকে শেষে ওকে বললুম ডেকে দিতে।

অদ্ভুত মেয়ে বটে শান্তি। বিপিনের মন ছুঁখ, মহাভক্তিতা ও মেহে পূর্ণ হইয়া গেল। সে বুঝিয়া ফেলিয়াছে অর্ধেক কথা।

শান্তিকে আর সে দেখা দিবে না। এইবারই শেষ।

মানী বুদ্ধিমতী মেয়ে, সে ঠিকই বলিয়াছিল।

ভাস্কারি চলুক না চলুক, সোনাতনপুরের নিকট হইতে তাহাকে চিরবিদায় গ্রহণ করিতে হইবে। হর ধোপাখালি, নয় যে কোন স্থানে—কিন্তু সোনাতনপুরে বা পিপ্‌লিপাড়ার আর নয়। মানীর কথা সে অক্ষরে অক্ষরে পালন করিবে।

পরদিন দুপুরের পর সকলে দুইখানি গরুর গাড়ীতে করিয়া, রাণাঘাট হইতে রওনা হইয়া গ্রামের দিকে ফিরিল। কাপাসপুরের মধ্য দিয়া পূর্ব দিকে তাহাদের নিজেদের গ্রামের পথ বাহির হইয়া গিয়াছে—রাণাঘাট হইতে ক্রোশ চার পাঁচ দূরে। এই পর্যন্ত আসিয়া বিপিন বলিল—আপনারা যান তবে, আমি অনেকদিন বাড়ী যাই নি, একবার বাড়ী হয়ে যাব। সামান্ত পথ, হেঁটে যাবো।

শান্তি বলিল—কেন ভাস্কারবাবু? আমাদের ওখানে আসুন আজ। তারপর না হর কাল বাড়ী আসবেন?

বিপিন রাজি হইল না। বাড়ীর সংবাদ না পাইয়া মন খারাপ আছে, বাড়ী যাইতে হইবেই। বিপিন বুঝিল, শান্তি ছুঁখিত হইল।

কিন্তু উপায় নাই, শান্তিকে বড় ছুঁখ হইতে বাঁচাইবার জন্য এ ছুঁখ তাহাকে দিতে হইবেই যে!

শান্তি গাড়ী হইতে নামিয়া বিপিনকে প্রণাম করিল, গোপালও করিল—উহাদের বংশের নিয়ম, ব্রাহ্মণের উপর যথেষ্ট ভক্তি চিরদিন।

একটা বড় পুষ্টিত শিয়লগাছডলায় গাড়ী দাঁড়াইয়া আছে, শান্তি গাছের গুঁড়ির কাছে দাঁড়াইয়া একদৃষ্টে তাহার দিকে চাহিয়া আছে, গোপাল বৃদ্ধ বাপের হাত ধরিয়া নামাইয়া বিপিনের পরিভ্রাজ্ঞ গাড়ীখানায় উঠাইতেছে—ইহাদের সম্বন্ধে বিশেষত শান্তির সম্বন্ধে এই ছবিই বিপিনের স্মৃতিপটের বড় উজ্জ্বল, বড় স্পষ্ট, বড় করুণ ছবি। সেইজন্য ছবিটা অনেকদিন তাহার মনে ছিল।

অনুবর্তন

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

ওয়েলসলি ক্রীটের আর শিটার লেনের মোড়ে ক্লার্ক ওয়েল সাহেবের স্কুল-বাড়ীটা বেশ সরগরম হইয়া উঠিয়াছে। বেলা দশটা। ছাত্রের দল ইতিমধ্যে আসিতে শুরু করিয়াছে, বড়লোকের ছেলেরা মোটরে, মধ্যবিত্ত ও গরিব গৃহস্থের বাড়ীর ছেলেরা পদব্রজে। স্কুলের পুরানো চাকর মথুরাপ্রসাদ হেঁড়া ও মলিন খাকির চাপকান পরিয়া তৈরী, চাপকানের হাতের কাছটাতে রাঙা স্ত্যায় একটা ফুটবলের শিল্ডের মত নকশার মধ্যে ইংরেজী 'এম' ও 'আই' অক্ষর দুইটি জড়াপটি খাইয়া শোভা পাইতেছে; কারণ, স্কুলের নাম মর্ডান ইন্সটিটিউশন, যদিও হেড-মাস্টার ক্লার্ক ওয়েল সাহেবের ব্যক্তিগত চিঠির উপরে ছাপানো আছে "ক্লার্ক ওয়েল'স মর্ডান ইন্সটিটিউশন", আসলে সেটা ভুল : কারণ, স্কুলটি সাহেবের নিজের নয়, অনেক দিনের পুরানো স্কুল, কমিটির হাতে আছে, ক্লার্ক ওয়েল সাহেব আজ পনেরো বছর এখানকার বেতনভোগী হেডমাস্টার মাত্র।

এই স্কুল-বাড়ীর দোতলার পিছন দিকের তিনটি ঘর হেডমাস্টারের থাকিবার জায় নিশ্চিষ্ট আছে—ঘরের সামনেই ক্লাসরুম, কাজেই পর্দা ফেলা। ক্লার্ক ওয়েলের বয়স প্রায় ষাটের কাছাকাছি, মাথার চুল সাদা, মোটাসোটা, সর্বদা ফিটফাট হইয়া থাকেন, টাইটা এদিক ওদিক নড়িবার জো নাই, শাটের সামনেটা নিখুঁত ইঙ্গি করা, চকচকে কলার, ভাল কাটছাঁটের কোট, পেণ্টালুনের পা দুটিতে চমৎকার ভাঁজ, বাহাকে বলে 'নাইফ-এজ-ক্রিজ'—ছুরির ফলার মত সরু খাঁজ। সাহেব অধিবাহিত, কেউ কেউ বলে সাহেবের স্ত্রী আছে, কিন্তু সে সাহেবের কাছে থাকে না। তবে এখানে মিস্ সিবসন্ নামে একজন তরুণী ফিরিঙ্গী মেম সাহেবের সঙ্গেই থাকে, কেউ বলে সাহেবের শালী, কেউ বলে কী রকম বোন, কেউ বলে আর কিছু—মিস্ সিবসন্ও স্কুলের টীচার, নীচের ক্লাসে ইংরেজী পড়ায় ও উচ্চারণ শেখায়।

মিস্ সিবসনের নামে এ স্কুলে নীচের ক্লাসের দিকে ছোট ছোট ছেলের বেশ ভিড়। আশপাশের অবস্থাপন্ন গৃহস্থেরা মেমসাহেবের কাছে পড়িতে পাইবে ও নিখুঁত ইংরেজী উচ্চারণ শিখিতে পাইবে, এই লোভে ছেলেদের এই স্কুলে ভর্তি করে। বেলা দশটা বাজিতে না বাজিতে ছোট ছোট ছেলেরা স্কুলের সামনের কম্পাউণ্ডে ছুটাছুটি করিতেছে, মারামারি করিতেছে, হৈ-চৈ চীৎকার লাফালাফি দাপাদাপি জুড়িয়া দিয়াছে।

হঠাৎ দোতলার জানালাপথে ক্লার্ক ওয়েল সাহেবের মুখখানা বাহির হইল ও বিষম বাজুখাঁই চিৎকার শোনা গেল : ও, ইউ মথুরা, স্টপ দি নয়েজ্—বাবালোগকো চূপ করলে বোলো—

মুহুর্তে সব চূপ।

ছেলেরা মুখ উঁচু করিয়া হেডমাস্টারকে দেখিয়া লইল, এবং এ ওর মুখের দিকে চাহিয়া যে বাহার মার্কেল পকেটের মধ্যে পুরিয়া ফেলিল ও উত্তত হুপি নামাইল।

—মথুরা—এই মথুরা—

পুনরায় হেডমাষ্টারের গম্ভীর আওয়াজ ।

নীচের ছোট্ট কুঠীর মধ্যে বসিয়া চাপকান-পরিহিত বৃদ্ধ মথুরা তামাক খাইতেছিল, সে তাড়াতাড়ি হাঁকি রাখিয়া বাহির হইয়া আসিয়া উপরের দিকে চাহিল ।

—পহেলা ঘণ্টি মারো, সওয়া দশ হো গিয়া—

দিক্‌বিদিক প্রতিধ্বনিত করিয়া দীর্ঘসময়ব্যাপী স্কুল বসিবার প্রথম ঘণ্টা বাজিয়া চলিল—খামিতে আর চায় না । অনেক ছোট ছোট ছেলের মন বিবল হইয়া উঠিল—এই এখন সে স্কুল বসিবার ঘণ্টা পড়িতেছে, কলির সবে শুরু । এযাত্রা কি আর ছুটির ঘণ্টা বাজিবার সম্ভাবনা আছে ? মোটে সওয়া দশ, আর কোথায় সেই সাড়ে তিন । সাড়ে তিনটাতে নীচের ছোট ছেলের ক্লাসের ছুটি ।

ক্রাক্‌ওয়েল তাড়াতাড়ি টেবিলে বসিয়া এক প্লেট সরু চালের ভাত, দুইটি কাঁচা টোমাটো, একটা বড় কাঁচকলা-সিন্ধ, কিছু কাঁচা লেটুস্ শাক ও কুপির পাতা কুচানো, একফালি নারিকেল ও দুইখানা মুগীর চ্যাং-সিন্ধ খাওয়া শেষ করিয়া হাঁকিলেন, কেবলরাম !

বাবুচর্চী কেবলরাম হিন্দু । সাহেবের কাছে অনেক দিন আছে, সেও কায়দাচরিত্তভাবে সাদা উদ্দি পরিয়া, মাথায় সাদা পাগড়ি বাধিয়া তৈরী—সাহেবের বাবুচর্চীগিরি করে এবং স্কুলের সময়ে রেজিষ্ট্রি-খাতাপত্র এ-ক্লাস হইতে ও-ক্লাসে বহিয়া লইয়া যায়, জল ভোলে, ছেলের জল দেয়—এজন্ম স্কুল হইতেই সে বেতন পাইয়া থাকে, সাহেবের খানা পাকাইবার জন্ম সে কেবল সাহেবের কাছে খোরাকি পায় মাত্র ।

কেবলরাম শশব্যস্ত হইয়া বলিল, হজুর !

—মেমসাহেব কাঁহা ?

—এখনও আসতেছেন না কেন, অনেকক্ষণ তো গেছেন । আলেন বলে হজুর, ধর্মতলায় ওষুধ আনতি গেছেন ।

কেবলরামের বাড়ী যশোর ও খুলনার সীমানায় ।

—মেমসাহেবকো খান্না টেবিলমে রাখ দো । আউর তুমি চলা যাও ইউনিভার্সিটি, পিওন-বুককা অন্তর দো লেফাফা হ্যায়—

—হজুর, ইউনিভার্সিটি এখনো খোলে নি, এগারো বাজলি তবে বাবুরা আসবেন—মেমসাহেবের খানা দিয়ে তবে গেলি চলবে না হজুর ?

—বহৎ আচ্ছা, চা দো ।

সকালে ভাত খাওয়ার পর চা-পান ক্রাক্‌ওয়েলের বহুদিনের অভ্যাস ।

এই সময় উঁচু গোড়ালির জুতা খট খট করিতে করিতে মিস্ সিবসন্ ঘরে ঢুকিল । কুশাদী, লম্বা, মুখে পুরু করিয়া পাউডার, ঠোঁটে লিপস্টিক ঘষা, হাতে হাণ্ডব্যাগ ঝোলানো । বয়স কম হইলেও গালে ইতিমধ্যেই মেছেতা পড়িতেছে । মুখ ফিরাইয়া চোখ ঘুরাইয়া বলিল, ডিয়ারি, ইউ হ্যাড্ ফিনিশড্ অলরেডি ?

—ইয়েস্, ডু ইউ গবল্ আপ কুইক্‌লি, ফার্স্ট্ বেগ্ ইজ গন্, ইউ আর রাদার লেট ফব্ মীল !

সকল গলায় গানের সুরে কথা বলিয়া মেমসাহেব পাশের ঘরে ঢুকিল।

ক্লার্কওয়েল উঠিয়া দাঁড়াইলেন, স্কুলের পোশাক পরিয়াই তিনি খানার টেবিলে বসিয়া-
ছিলেন, বাহিরে চাহিয়া পর্দার ফাঁক দিয়া দেখিবার চেষ্টা করিলেন, ক্লাসরুমে ছেলে
আসিয়াছে কি না! চং চং করিয়া স্কুল বসিবার ঘণ্টা পড়িল। ক্লার্কওয়েল শশব্যস্ত হইয়া
বাহির হইয়া নীচের গাড়ীবারান্দায় স্কুলের ছেলেদের সমবেত প্রার্থনায় যোগ দিতে নামিয়া
গেলেন।

ক্লার্কওয়েল দোর্দণ্ডপ্রতাপ জাঁহাজ হেডমাস্টার। ছাত্র ও মাস্টারেরা সমানভাবে
ভয়ে কাঁপে তাঁর দাপটে—পুরো অটোক্র্যাট, কথা বলিলে তার নড়চড় হইবার জো নাই,
হুকুমের বিরুদ্ধে কমিটিতে আপীল নাই—কমিটির মেম্বাররা সবাই বাঙালী, সাহেবকে খাতির
করিয়া চলা তাঁহাদের বহুদিনের অভ্যাস, স্কুলের মাস্টারদের ডিক্রি-ডিসমিসের একমাত্র
মালিক তিনিই।

সুতরাং আশ্চর্য্য না যে, তাঁহার সিঁড়ি দিয়া ছুপ্ ছুপ্ করিয়া নামিবার সময় দুই-একজন
মাস্টার, যাহারা হেডমাস্টারের অলক্ষ্যে তাড়াতাড়ি হাজিরা-বই সই করিতে দোতলায়
আপিস-ঘরে যাইতেছিলেন, তাঁহারা একটু সঙ্কুচিত সুরে ‘গুড মনিং স্যার’ বলিয়া এক পাশে
রেলিং বেঁধিয়া দাঁড়াইয়া হেডমাস্টারকে নামিবার পথ বাধামুক্ত করিয়া দিলেন—যদিও
তাহা সম্পূর্ণ অনাবশ্যক; কারণ, চণ্ডা সিঁড়ি উভয় পক্ষের নামিবার ও উঠিবার পক্ষে যথেষ্ট
প্রশস্ত। ইহা বিনয়ের একপ্রকার রূপ, প্রয়োজনের কার্য্য নহে।

ক্লাস বসিয়া গেল। ক্লার্কওয়েল হাজিরা-বই খুলিয়া দেখিয়া হাঁকিলেন, মিঃ আলম!

সফরুদ্দিন আলম এম-এ, স্কুলের স্যাসিস্ট্যান্ট হেডমাস্টার। বয়স ত্রিশের মধ্যে, আইন
পাশ করিয়া আজ বছর চার-পাঁচ মাস্টারি করিতেছে, ধূর্ত চোখ, চটপটে ধরনের চালচলন—
লোক ভাল নয়। হেডমাস্টারের দক্ষিণ-হস্তরূপ, মাস্টারেরা ভয় করিয়া চলে, ভালবাসে না।

আলম বলিল, ইয়েস্ স্যার।

—আজ প্রেয়ারের সময় শ্রীশবাবু আর য়হুবাবু অনুপস্থিত। ওদের ডাকাও।

—স্যার, য়হুবাবু আর শ্রীশবাবুকে বলে বলে পারলাম না, রোজ লেট্ স্যার, আপনি
একটু বলে দিন ওদের।

লাগাইতে-ভাঙাইতে আলমের জড়ি নাই বলিয়া মাস্টারের দল তাহাকে বিশেষ সমীহ
করিয়া চলে।

আলম মাস্টারদের ঘরে গিয়া স্মিষ্ট সুরে বলিল, য়হুবাবু, শ্রীশবাবু, হেডমাস্টার
আপনাদের স্মরণ করেছেন। শরৎবাবু কোথায়?

য়হুবাবু বয়সে প্রবীণ, চালচলন ক্ষিপ্রতাবঞ্জিত, রোগা, মাথার চুল কাঁচাপাকায়
মিশানো। তিনি ধীরে ধীরে টানিয়া বলিলেন, কেন আমায় অসময়ে স্মরণ—

—আপনি প্রেয়ারের সময় কোথায় ছিলেন?

—আসতে দেরি হয়ে গিয়েছিল। কেন?

—হেডমাস্টার নোট করেচেন—

যত্নবাবু উদ্‌আলহকারে বলিলেন, ওঃ, তবেই আমার সব হুজ ! নোট করেচেন তো ভারিই করেচেন ! গেরস্ত মানুষ, কাঁটা ধরে আসা সব সময় চলে না।

মিঃ আলম চূপ করিয়া রহিল।

টিফিনের পর যত্নবাবুর পুনরায় ডাক পড়িল আপিসে। ক্লার্ক ওয়েল বলিলেন, ওয়েল, যত্নবাবু, আমার স্কুলে সুনলাম আপনার অস্থবিধে হচ্ছে ?

যত্নবাবু আমতা আমতা করিয়া বলিলেন, কেন স্মার ?

বুঝিলেন, আলমের কাছে ওবেলা যাহা বলিয়াছিলেন তাহা সাহেবের কানে উঠিয়াছে।

—আপনার বোজ লেট হচ্ছে স্কুলে, অথচ ঘরের কাজ ঠিকমত করতে পারছেন না সুনলাম।

—ঘরের কাজ ? না স্মার, ঘরের কাজ ঠিক—তারাজ্ঞে কি—

ক্লার্ক ওয়েল সাহেব বলিলেন, বসুন ওখানে। এখন কোন ক্লাস আছে ?

—আজ্ঞে, খার্ড ক্লাসে হিষ্টির ঘণ্টা।

—আচ্ছা, যাবেন এখন। আপনি আজ প্রেয়ারের সময় ছিলেন না, রোজই থাকেন না।

—আমি কেন স্মার, শ্রীশ থাকে না, হীরেনবাবু থাকে না, ক্ষেত্রবাবু থাকে না।

—আমি জানি কে কে থাকে না। আপনার বলার আবশ্যক নেই। আপনি ছিলেন না কেন ? লেট করেন কেন রোজ ?

—খেতে একটু দেরি হয়ে যায় স্মার।

—বেশ, মাই গেট ইজ্ ওপন। আপনার অস্থবিধে হলে আপনি চলে যেতে পারেন। যত্নবাবু নিরুত্তর রহিলেন। সাহেবের আড়ালে যাহাই বলুন, সামনাসামনি কিছু বলিবার সাহস তাঁহার নাই। অন্তত এতদিন কেহ দেখে নাই।

—আচ্ছা, যান ক্লাসে। কাল থেকে আমার আপিসে এসে সই করবেন আগে।

যত্নবাবু পরের ক্লাসের ঘণ্টা পড়িলে আপিসে আসিয়াই ক্ষেত্রবাবুকে সামনে দেখিতে পাইলেন। তখনও অল্প কোন শিক্ষক আপিস-ঘরে আসেন নাই।

ক্ষেত্রবাবু স্বর নীচু করিয়া জিজ্ঞাসা করিলেন, তলব হয়েছিল কেন ?

যত্নবাবু বলিলেন, ওঃ, অত আস্তে কথা কিসের ? বলব সোজা কথা, তার আবার অত ঢাক-ঢাক গুড়-গুড়—

হঠাৎ যত্নবাবুকে বাক্‌শক্তি রহিত হইতে দেখিয়া ক্ষেত্রবাবু সবিস্ময়ে পিছন ফিরিয়া চাহিতেই একেবারে ম্যাসিস্ট্যান্ট হেডমাস্টার মিঃ আলমের সহিত চোখোচোখি হইয়া গেল।

আলম বলিল, ক্ষেত্রবাবু, ফোর্থ ক্লাসে একজামিনের পড়া দেখিয়ে দিয়েছেন ?

—জ্ঞাজে হ্যাঁ।

—যত্নবাবু ?

—কাল দেব।

—কেন, আজই দিন না।

—কাল দিলে ক্ষতি কিছু নেই।

অল্পক্ষণ পরে হেডমাস্টারের আশিষে যত্নবাবুর আধার ডাক পড়িল।

হেডমাস্টার বলিলেন, যত্নবাবু আপনি ফোর্থ ক্লাসে কী পড়ান ?

—হিষ্টি স্ত্রাবু।

—ওদের উইকলি পরীক্ষা হবে এই শনিবার, পড়া দেখিয়ে দিয়েছেন ?

—না স্ত্রাবু, কাল দেব।

—ওরা কদিন সময় পাবে তৈরী হতে, তা ভেবে দেখলেন না ! ছেলেরের কাজ যদি না হয়, তেমন মাস্টার এ স্কুলে রাখাও যা না রাখাও তাই। মাই ডোর ইজু ওপ্‌ন—আপনার না শোষায়, আপনি চলে গেলে কেউ বাধা দেবে না।

যত্নবাবু বিনীতভাবে জানাইলেন, তিনি এখনই ক্লাসে গিয়া পড়া বলিয়া দিতেছেন।

—তাই যান। পড়া দিয়ে এসে আমাকে রিপোর্ট করবেন।

—ষে আজ্ঞে স্ত্রাবু।

আপিসে আসিয়া যত্নবাবু লক্ষ্যবাম্প আরম্ভ করিলেন। অল্প কেহ সেখানে ছিল না, শুধু হেডপণ্ডিত ও ক্ষেত্রবাবু।

—ওই আলম, ওটা একেবারে অন্ত্যজ—লাগিয়েছে গিয়ে অমনি হেডমাস্টারের কাছে। কথা পড়তে না পড়তে লাগাবে—এমন করলে তো এ স্কুলে থাকা চলে না দেখছি ! বললাম যে ফোর্থ ক্লাসের একজামিনের পড়া দিচ্ছি দেখিয়ে—তা না, অমনি লাগানো হয়েছে। এ রকম করলে কি মাহুষ টেকে মশাই ?

বলা বাহুল্য, যত্নবাবু জানিতেন, স্যাসিস্ট্যান্ট হেডমাস্টার এ বণ্টায় নীচের হলে স্যাডিশনাল হিষ্টির ক্লাস লইতেছেন।

ক্ষেত্রবাবু নীরব সহানুভূতি জানাইয়া চূপ করিয়া থাকাই নিরাপদ মনে করিলেন। তিনি ছাপোষা মাহুষ, আজ সত্তেরো বছর ত্রিশ টাকা বেতনে এ স্কুলে চাকরি করিতেছেন। বেসেবাটা অঞ্চলে একটি মাত্র বর ভাড়া লইয়া আছেন, সকালে ও সন্ধ্যায় সামান্য একটু হোমিওপ্যাথি করিয়া আর কিছু উপার্জন করেন। চাকুরিটুকু গেলে এ বাজারে পথে বসিতে হইবে।

হেডপণ্ডিত মশায় বৃদ্ধ লোক, তিনি ক্লার্কওয়েল সাহেবের পূর্ব হইতে এ স্কুলে আছেন—তিনি আর নারাণবাবু। অনেক ষ্টার্টার আসিল, চলিয়া গেল, তিনি ষ্টিক আছেন। মেজাজ দেখাইতে গেলে চাকরি করা চলে না। তবে তিনি ইহাও জানেন, লক্ষ্যবাম্প করা যত্নবাবুর স্বভাব, শেষ পর্যন্ত কোন দিক হইতেই কিছু দাঁড়াইবে না।

এই সময় নারাণবাবু ঘরে ঢুকিলেন। তিনিও বৃদ্ধ, এই স্কুলেরই একটি ঘরে থাকেন—নিজে রান্না করিয়া খান। আজ পরত্রিশ বছর এ স্কুলে আছেন এবং এইভাবেই আছেন। বৃদ্ধের নিকট কেহ কখনও তাঁহার কোন আত্মীয়জনকে আসিতে দেখে নাই।^১ রোগা, বৈটে-

চেহারার মাহুঘটি, পাকশিটে গড়ন, গায়ে আধময়লা পাঞ্জাবি, ততোধিক ময়লা ধুতি, পায়ে চটি জুতা ।

নারাণবাবু পকেট হুইতে একটি টিনের কোটা বাহির করিয়া একটি বিড়ি ধরাইলেন । ক্ষেত্রবাবু হাত বাড়াইয়া বলিলেন, দিন একটা, কাঠিটা ফেলবেন না ।

নারাণবাবু বলিলেন, কী হয়েছে, আজ যত্নবাবুকে হেডমাস্টার ডাকিয়েচে কেন ?

যত্নবাবু চড়াগলায় মেজাজ দেখানোর স্বরে বলিতে আরম্ভ করিলেন, সেই কথাই তো বলচি । শুধু শুধু ওই অস্ত্রাজটা আমায় ডেকে নিয়ে গিয়ে—

নারাণবাবু বলিলেন, আস্তে, আস্তে—

যত্নবাবু গলা আবণ্ড এক পর্দা চড়াইয়া বলিলেন, কেন, কিসের ভয় ? যত্ন মুখুঞ্জ্ঞে ওশব গ্রাঙ্ঘি করে না । অনেক আলম দেখে এসেছি, পার্ড ক্লাস এম-এ—তার আবার প্রতাপটা কিসের হ্যা ? কেবল লাগানো-ভাঙানো সব সময় ! অঁত লাগানোর ধার ধারে কে ? উনি ভাবেন, সবাই ঔঁকে ভয় করে চলবে । যে চলে সে চলক, যত্ন মুখুঞ্জ্ঞে সে রকম বংশের—

বাহিরে বৃট জুতার শব্দ শোনা গেল—মিঃ আলমের পায়ে বৃট আছে সবাই জানে—যত্নবাবু হঠাৎ খামিয়া গেলেন । ক্ষেত্রবাবু বলিয়া উঠলেন, যাই, খড়িটা দিন নারাণবাবু দয়া করে, ক্লাস আছে ।

নারাণবাবু বলিলেন, চল, আমিও যাই । ওরে কেবলরাম, ইণ্ডিয়ার বড় মাপখানা দে তো—

কিন্তু দেখা গেল, যে ঘরে ঢুকিল সে মিঃ আলম নয়, বইয়ের দোকানের একজন ক্যান-ভাসার—এক হাতে বাগ বোলানো, অণ্ড হাতে কিছু নতুন স্কুল-পাঠ্য বই । ক্যানভাসারের সুপরিচিত মৃতি । ক্যানভাসারের প্রশ্নের উত্তরে তাহাকে হেডমাস্টারের আপিস দেখাইয়া দিয়া যত্নবাবু পুনরায় শুরু করিলেন, হ্যা, আমি যা বলব এক কথা । কাউকে ভয় করে না এই যত্ন মুখুঞ্জ্ঞ । বলি বাবা, এ স্কুল গড়ে তুলেছে কে ? ওই নারাণ বাঁদুঞ্জ্ঞ আর হেডপণ্ডিত । সাহেব এল তো কাল, উড়ে এসে জুড়ে বসেচে—আর ওই অস্ত্রাজ—

মিঃ আলমের প্রবেশটা একটু অপ্রত্যাশিত ধরনে ঘটিল ।

যত্নবাবু হঠাৎ ঢোক গিলিয়া চূপ করিয়া গেলেন ।

মিঃ আলমের ব্যবহার অত্যন্ত ভদ্র ও সংযত । মুখের উপর কেহ গালাগালি দিলেও মিঃ আলমের কথাবার্তা বা ব্যবহারে কখনও রাগ প্রকাশ পায় না । আলম বলিল, ক্ষেত্রবাবুর একটা দরখাস্ত দেখলাম হেডমাস্টারের টেবিলে, কাল আসবেন না । কী কাজ ?

ক্ষেত্রবাবু বললেন, আজ্ঞে, কাল আমার ভায়ীর বিয়ে—

—তা একদিন কেন, দুদিন ছুটি নিন না । আমি সাহেবকে বলে দেব এখন ।

ক্ষেত্রবাবু বিনয়ে গলিয়া গিয়া বলিলেন, যে আজ্ঞে । তাই দেবেন বলে । আমার কুবিন্দে হয় তা হলে—থ্যাঙ্কস ।

—নো মেনশন ।

ছুটির ঘণ্টা এইবার পড়িবে। শেষের ঘণ্টাটা কি কাটিতে চায়? ক্ষেত্রবাবু ও যতুবাবু তিনবার ঘড়ি দেখিতে পাঠাইলেন। চারিটা বাজিতে পনেরো মিনিট, আট মিনিট—এখনও চার মিনিট।

স্কুল-ঘরের নীচের তলায় একটা অঙ্ককূপ ঘরে থার্ড পণ্ডিত জগদীশ ভট্টাচার্য জ্যোতির্বিদ্যায় মশায় আছেন। বাড়ী পূর্ববঙ্গে, দশ বৎসর এই স্কুলে আছেন, কুড়ি টাকায় চুকিয়াছিলেন, এখনও তাই—গত দশ বৎসরে এক পয়সাও মাহিনা বাড়ে নাই। অবশ্য অনেক মাস্টারেরই বাড়ে নাই—হেডমাস্টার ও য়াসিস্ট্যান্ট হেডমাস্টার ছাড়া। হেডমাস্টারের মাহিনা গত চারি বৎসরের মধ্যে দুই শত টাকা হইতে দুই শত পঁচাত্তর এবং মিঃ আলমের মাহিনা যাট হইতে পঁচাশি হইয়াছে।

তুলিয়া যাইতেছিলাম, মিস স্মিথসনের মাহিনা গত দুই বৎসরে এক শত হইতে দেড় শত দাঁড়াইয়াছে।

উপরের তিন জনের মাহিনা বছর বছর বাড়িয়া চলিয়াছে, অথচ নীচের দিকের শিক্ষকগণের বেতনের অঙ্ক গত দশ পনেরো বিশ বৎসরেও দারুণতর অনড় ও অচল আছে কেন—এ প্রশ্ন উত্থাপন করিবার সাহস পর্য্যন্ত কোন হতভাগ্য শিক্ষকের নাই। মে কথা থাকুক।

জগদীশ জ্যোতির্বিদ্যায় সিক্‌স্‌থ ক্লাসে বাংলা পড়াইতেছিলেন। তিনি শেষ ঘণ্টার দীর্ঘতায় অতিষ্ঠ হইয়া একটি ছেলেকে ঘড়ি দেখিতে পাঠাইলেন। আপিস-ঘরে ঘাড় সিঁড়ির মুখে দাঁড়াইয়া ঘাড় বাড়াইয়া চালাক ছেলেরা ঘড়ি দেখিয়া ফিরিয়া আসে, যাহাতে হেডমাস্টারের চোখে না পড়িতে হয়। কিন্তু ভাঙা পা খানায় পড়ে। জগদীশ জ্যোতির্বিদ্যাদের প্রেরিত হতভাগ্য ছাত্রটি একেবারে হেডমাস্টারের সামনে পড়িয়া গেল—ঘড়ি দেখিতে চেষ্টা করিবার অবস্থায়।

ক্লাকগয়েল ভীমগর্জনে হাঁকিলেন, হোয়াট ইউ আয় ট্রাইং টু লুক য়্যাট? ইউ কাম্ আপ!

ছোট ছেলেটি কাঁপিতে কাঁপিতে আপিস-ঘরে ঢুকিল। সেখানে মিঃ আলম বসিয়া ছিল। আলম জিজ্ঞাসা করিল, কী করছিলে নন্দ?

—ঘড়ি দেখছিলাম স্যার।

—কেন? ক্লাসে কেউ নেই?

—আজ্ঞে, থার্ড পণ্ডিত মশাই আছেন। তিনি ঘড়ি দেখতে পাঠিয়ে দিলেন।

আলম ও হেডমাস্টার পরস্পরের দিকে চাহিলেন।

—আচ্ছা, যাও তুমি।

মিঃ আলম বলিলেন, চলবে না স্যার। কতকগুলো টীচার আছে, একেবারে অকর্মণ্য, শুধু ঘড়ি দেখতে পাঠাবে ছেলেদের। কাজে মন নেই। এই থার্ড পণ্ডিত একজন, যতুবাবু,

হীরেনবাবু, আর ওই হেডপণ্ডিত—

একটা নোটস লিখে দিন মি: আলম, স্কুল-ছুটির পরে মাস্টারেরা সব আমার সঙ্গে দেখা না করে না যায়। ঘণ্টা দিতে বারণ করে দিন, নোটস ঘুরে আসুক।

মি: আলম হাঁকিল, কেবলরাম, ঘণ্টা দিয়ো না।

একে ঘণ্টা কাটে না, তাহার উপর ক্লাসে হেডমাস্টারের নোটস গেল— ছুটির পর কোন মাস্টার চলিয়া যাইতে পারিবে না, হেডমাস্টার তাঁহাদের স্মরণ করিয়াছেন।

হেডমাস্টারের আপিস-ঘরে একে একে যত্নবাবু, শরৎবাবু, নারাণবাবু, প্রভৃতি আসিয়া জুটিলেন। জ্যোতির্বিদ্যেনোদ মশায় সকলের শেষে কল্পিত তুরু-তুরু বক্ষে প্রবেশ করিলেন; কারণ, তিনি সেই ছেলেটির মুখে শুনিয়াছেন সব কথা। তাঁহার জন্যই যে এই বিচার-সভার আয়োজন, তাহা তাঁহার বুঝিতে বাকি নাই।

হেডমাস্টার বলিলেন, ইজ্ এভ'রিবডি হিয়ার ?

মি: আলম উত্তর দিলেন, ক্ষেত্রবাবু আর হেডপণ্ডিতকে দেখচি নে।

নারাণবাবু বলিলেন, ক্লাসে রয়েছেন, আসছেন।

কথা শেষ হইতেই তাঁহারাও টুকিলেন।

—এই যে আসুন, আপনাদের জগ্নে সাহেব অপেক্ষা করছেন।

ক্রার্কওয়েল শিক্ষকদের সভায় অতি তুচ্ছ কথা বলিবার সময়ও জঙ্গ সাহেবের মত গাঙ্গীর্ষ্য ও আড়ম্বর প্রদর্শন করিয়া থাকেন, বাজেট সভায় বাজেট পেশ করিবার সময় অর্থসচিব যত না বাগ্মিতা দেখান তদপেক্ষা বাগ্মিতা দেখাইয়া থাকেন। তিনি বর্তমানে চেয়ার ছাড়িয়া উঠিয়া টাই ধরিয়া কখনও দক্ষিণে কখনও বামে হেলিয়া গম্ভীর স্বরে আরম্ভ করিলেন, টাচার্স, আজ আপনাদের ডেকেচি কেন, এখনি বৃষবেন। আমরা এখানে কতকগুলি তরুণ আত্মার উন্নতির জগ্নে দায়ী (বড় বড় কথা বলিতে ক্রার্কওয়েল সাহেব খুব ভালবাসেন), আমরা শুধু মাইনে নিয়ে ছেলেদের ইংরেজী শেখাতে আসি নি, আমরা এংসছি দেশের ভবিষ্যৎ আশার স্বল বালকদের সত্যিকার মানুষ করে তুলতে। আমরা তাদের সময়নিষ্ঠা শেখাব, কর্তব্যনিষ্ঠা শেখাব—তবে তারা ভবিষ্যতে স্নানাগরিক হয়ে দেশের বড় বড় কার্যভার হাতে নিয়ে নিজেদের জীবন সার্থক করে তুলতে পারবে, সেই সঙ্গে দেশেরও ত্রিবৃদ্ধি হবে।

তুই-একজন শিক্ষক বলিলেন, ঠিক কথা, ঠিক কথা।

—এখন দেখুন, যদি আমরাই তাদের সময়নিষ্ঠা ও কর্তব্যচরারাগ না শিখিয়ে ফাঁকি দিতে শেখাই, যদি আমরা নিজেরা নিজেদের কর্তব্য কাজে অবহেলা করি, তবে সে যে কত বড় অপরাধ, তা ধারণা করবার ক্ষমতা আমাদের মধ্যে অনেকের নেই দেখা যাচ্ছে। শিক্ষকতা শুধু পেটের ভাতের জগ্নে চাকরি করা নয়, শিক্ষকতা একটা গুরুতর দায়িত্ব—এই জ্ঞান যাদের না থাকে, তারা শিক্ষক এই মহৎ নামের উপযুক্ত নয়।

তুই-চারিজন শিক্ষক মুখ-চাওয়াচাওয়ি করিলেন।

—আমি জানি, এখানে এমন শিক্ষক আছেন, যাদের মন নেই তাঁদের কাজে। তাঁদের প্রতি আমার বলবার একটিমাত্র কথা আছে। মাই গেট ইজ্ ওপন্—তাঁরা দ্বিবি তার মধ্যে দিয়ে হেঁটে বেরিয়ে চলে যেতে পারেন, কেউ তাঁদের বাধা দেবে না।

হেডমাস্টার কটমট করিয়া যত্নবাবু, থার্ড পণ্ডিত ও হেডপণ্ডিতের দিকে চাহিলেন।

—আজকের ঘটনাই বলি। আপনাদের মধ্যে কোন একজন শিক্ষক আজ আপিসে বড়ি দেখতে পাঠিয়েছিলেন একটি ছেলেকে। তিনি যে কতবড় গুরুতর অনায়াস করেছেন, তা তিনি বুঝতে পারছেন না। এতে প্রমাণ হল যে, কর্তব্য কাজে তাঁর মন নেই, কখন ঘণ্টা শেষ হবে সে জ্ঞান তাঁর মন উপস্থাপন করছে—তাঁর দ্বারা স্বেচ্ছাক্রমে শিক্ষকের কর্তব্য কখনই সম্পন্ন হতে পারে না। স্বকুমারমতি বালকদের সামনে তিনি কী আদর্শ দাঁড় করাবেন? কাজে কীকি দেবার আদর্শ, কর্তব্যে অবহেলার আদর্শ—কী বলেন আপনারা?

সকলেই মাথা এক পাশে হেলাটুইয়া বলিলেন, ঠিক কথা।

—এখন আমি আপনাদের একটা কথা জিজ্ঞাসা করি। সে শিক্ষকের প্রতি আর ভাল ব্যবহার করা চলে কি? তাঁর দ্বারা এ স্কুলের কাজ চলে কি? বলুন আপনারা? আমি মিঃ আলমকে এই প্রশ্ন করছি। মিঃ আলম একজন কর্তব্যপরায়ণ শিক্ষক বলে আমি জানি। আর একজন ভাল শিক্ষক আছেন—নারায়ণবাবু, তাঁর প্রতিও আমি এই প্রশ্ন করছি।

ক্ষেত্রবাবু, যত্নবাবু ও থার্ড পণ্ডিত তিনজনেরই মুখ শুকাইল। তিনজনেই বড়ি দেখিতে পাঠাইয়াছিলেন, তিনজনের প্রত্যেকেই ভাবিলেন তাঁহার উদ্দেশ্যেই হেডমাস্টারের এত বক্তৃতা।

নারায়ণবাবু দাঁড়াইয়া উঠিয়া বলিলেন, একটা কথা আছে আমার শ্রাব্।

—কী, বলুন?

—এবার তাঁকে ক্ষমা করুন, তিনি যেই হোন, আমার নাম জানবার দরকার নেই, এবার তাঁকে ক্ষমা করুন। ওয়ানিং দিনে ছেড়ে দিন শ্রাব্।

হেডমাস্টারের কর্তব্যর ক্ষমির হুকুম দিবার প্রাক্কালে দায়রা-জজের মত গভীর হুইয়া উঠিল।

—না নারায়ণবাবু, তা হয় না। আমি নিজের কর্তব্য কখনে অবহেলা করতে পারব না—আমি এই ইনস্টিটিউশনের হেডমাস্টার, আমার ডিউটি একটা আছে তো? আমি চোখ বুজে থাকতে পারি নে। আমার কর্তব্য এখানে সুস্পষ্ট, হয়তো তা কঠোর, কিন্তু তা করতে হবে আমার। আমি সেই টাঁচারকে সাম্পেও করলাম।

হঠাৎ যত্নবাবু দাঁড়াইয়া উঠিয়া বলিলেন, শ্রাব্, আমি বড়ি দেখতে কোমদিন পাঠাই নি—আজ পাঠিয়েছিলাম, তার একটা কারণ ছিল শ্রাব্, আমার জী অসুস্থ, ডাক্তার আসবে চারটার পরেই—তাই—এবারটা আমার—

তিনি এতক্ষণ বসিয়া বসিয়া এই কৈফিয়তটি তৈরি করিতেছিলেন। তাঁহার দৃঢ় বিশ্বাস, তাঁহারই উদ্দেশ্যে হেডমাস্টার এতক্ষণ খরিয়া বাক্যবাণ বর্ষণ করিলেন। বলা বাহুল্য,

কৈফিয়তটির মধ্যে সত্যের বাল্যই ছিল না।

হেডমাস্টারের চোখ কৌতুকে নাচিয়া উঠিল। তাহার একটা কারণ, যত্নবানু কোনদিনই বাগ্মী নহেন, বর্তমানে ভয় পাইয়া যে কথাগুলি বলিলেন, সেগুলির ইংরেজী বারো আনা ভুল। অথচ যত্নবানু ব্যাকরণ পড়ান ক্লাসে—ইংরেজীর কী কী ভুল হইল, তিনি নিজেও তাহা বলিবার পরক্ষণেই বুঝিয়া লাজ্জিত হইয়াছেন, কিন্তু বলিবার সময় কেমন হইয়া যায় সাহেবের সামনে।

হেডমাস্টার বলিলেন, আপনি প্রায়ই গুরুত্ব করে থাকেন কি না সে সব এখানে বিচার্য বিষয় নয়। আপনার কর্তব্য কর্মে অবহেলা একবারও আমি ক্ষমা করতে পারি নে।

নারাণবানু উঠিয়া বলিলেন, এবার আমাদের অনুরোধটা রাখুন শ্রাবু।

—আচ্ছা, আমি একজনের সম্বন্ধে সে অনুরোধ মানলাম। কারণ, তাঁর বাড়ীতে গুরুতর পারিবারিক কারণ আছে তিনি বলচেন। একজন শিক্ষক মিথ্যা কথা বলচেন, এ রকম ধরে নেওয়ার কোন কারণ নেই। কিন্তু আমি থার্ড পণ্ডিতকে জিজ্ঞাসা করি, তাঁর কী কারণ ছিল ঘন ঘন ঘড়ি দেখবার? তিনি স্কুলেই থাকেন। তাঁর কোন তাড়াতাড়ি দেখি না। তাঁকে ক্ষমা করতে পারি না, তাঁকে আমি মাস্পেণ্ড করলাম।

থার্ড পণ্ডিত এবার দাঁড়াইয়া কাদো-কাদো সুরে বাংলায় বলিলেন, (তিনি ইংরেজী জানেন না), সাহেব, এবার আমায় ক্ষমা করুন, আমি এমন আর কখনও করব না।

ক্ষেত্রবানু ভাবিলেন, খুব বাঁচিয়া গিয়াছি এ যাত্রা! আমিও যে ঘড়ি দেখিতে পাঠাই, সেটা কেহ জানে না।

হেডমাস্টার ঘাড় নাড়িয়া বলিলেন, আমার হুকুম নড়ে না। ছেলেদের প্রতি কর্তব্যপালন আগে করতে হবে, তার পর ব্যক্তিগত দয়া দাক্ষিণ্য। সামনের বুধবারে স্কুল কমিটির মীটিং আছে, সেখানে আমি আপনার কথা গুঠাব। কমিটির অন্তিমতি নিয়ে আপনার শাস্তির ব্যবস্থা হবে। আপনি কাল থেকে আর ক্লাসে যাবেন না। কত দিন আপনাকে মাস্পেণ্ড করা হবে, সেটা কমিটি ঠিক করবে।

সভা ভঙ্গ হইল। হেডমাস্টার গট গট করিয়া আপিস ছাড়িয়া নিজের ঘরে গিয়া ঢুকিলেন। মাস্টারেরাও একে একে সরিয়া পড়িলেন—তাঁহারা যদি কিছু বলেন, ফুটপাথে গিয়া বলিবেন।

সন্ধ্যার সময় ক্লার্ক ওয়েল সাহেব মোটরে খয়রাগড়ের রাজকুমারকে পড়াইতে চলিয়া গেলেন ল্যান্সডাউন রোডে। মোটা টাকার টুইশানি, তাহারাই মোটর পাঠাইয়া লইয়া যায়। সাহেব বাহির হইয়া যাইবার পরে মিস্ সিবসন্ ঘরে বসিয়া সেলাই করিতেছে, এমন সময় দরজার বাহিরে খুস-খুস শব্দ শুনিয়া বলিল, হু? কোন্ হায়?

বিনয় সঙ্কোচে পর্দা সরাইয়া থার্ড পণ্ডিত একটুখানি মুখ বাহির করিয়া উকি মারিয়া বলিলেন, আমি মেমসাহেব।

—ও, পাণ্ডিত! কাম্ ইন্। হোয়াট্'স হোয়াট্?'

খার্ড পণ্ডিত হাত জোড় করিয়া কাদো-কাদো সুরে বলিলেন, সাহেব আমাকে সাস্পেণ্ড করেচেন।

—বেগ ইওর পার্ডন্ ?

খার্ড পণ্ডিত 'সাস্পেণ্ড' কথাটার উপর জোর দিয়া কথা বলিয়া নিজের দিকে আঙুল দিয়া দেখাইয়া বলিলেন—মি, হাম—

মিস্ সিবসন্ আস্‌লী বিলাতী, নানা হুভাগোর মধ্যে পড়িয়া ক্লাক্‌ওয়েল সাহেবের স্কুলে চাকরি লইতে বাধ্য হইয়াছে। বুদ্ধিমতী মেয়ে, ব্যাপারটা বুঝিয়া হাসিয়া বলিল, ওয়েল—

—ইউ মাদার—আই সন্—সাহেবকে বলুন মা—

—ইয়েস্, আই প্রমিস্ টু—

—হ্যাঁ, মা, বুড়ো হয়েছি—ওল্ড ম্যান (খার্ড পণ্ডিত নিজের মাথার সাদা চুলে হাত দিয়া দিয়া দেখাইলেন) না খেয়ে মরে যাব—(মুখের কাছে হাত লইয়া গিয়া খাওয়ার অভিনয় করিয়া হাত নাড়িয়া না-খাওয়ার অভিনয় করিলেন) ইট্‌ নট্—

মেমসাহেব হাসিয়া বলিলেন, আই আওয়ারস্‌ট্যাণ্ড পাণ্ডিট্‌।

—নমস্কার মাদার।

খার্ড পণ্ডিত চলিয়া আসিলেন।

যহুবাবু ছুটি হইলে মলক্‌ লেনের ছোট বাসাটায় ফিরিয়া গেলেন। দশ টাকা মাসিক ভাড়ায় একখানি মাত্র ঘর দোতলায়—এক বাড়ীতে আরও তিনটি পরিবারের সঙ্গে বাস। যহুবাবুর স্ত্রী দুইখানি রুটি ও একটু পেপের তরকারি আনিয়া সামনে ধরিলেন। যহুবাবু গোত্রাসে সেগুলি গিলিয়া বলিলেন, আর একটু জল—

যহুবাবু নিঃসন্তান। ত্রিশ টাকা মাহিনায় ও দুই-একটি টুইশানির আয়ে স্বামী-স্ত্রীর কায়ক্লেশে চলিয়া যায়।

জলপান করিয়া যহুবাবু একটু সুস্থ হইয়া তামাক ধরাইলেন। •

যহুবাবুর স্ত্রী একসময়ে রূপসী বলিয়া খ্যাত ছিল, এখন নানা দুঃখকষ্টে সে রূপের কিছুই প্রায় অবশিষ্ট নাই আর, প্রায় সকল বন্ধ্য জীলোকের মতই স্বামীর উপর তাহার টানটা বেশী। স্বামীর কাছে বসিয়া বলিল, তোমার বড় শালীর বাড়ী থেকে চিঠি এসেছে, ছেলের অন্নপ্রাশন, যাবে নাকি ?

এ যে একটু বক্রোক্তি, যহুবাবু সেটা বুঝিলেন। • এটি যহুবাবুর স্ত্রীর বৈমাত্রেয় দাঁদি, সকলে বলে এই মেয়েটির রূপ দেখিয়া যহুবাবু নাকি একদিন মুগ্ধ হইয়াছিলেন, তাহাকে বিবাহ করিবার চেষ্টাও করিয়াছিলেন ; কিন্তু শেষ পর্যন্ত ঘটে নাই। যহুবাবুর স্ত্রী খোঁচা দিতে ছাড়ে না এখনও।

—ভূমি যাও। এখন মুশিদাবাদ যাই সে সময় কই ? ওরা নিতে আসবে ? •

—তা জানি নে। তারা এখন বড়লোক, যদিই ধরো গরিব কুটুম্বর অভ তোয়াজ না

করে! চিঠি একখানা দিয়েছে, এই যথেষ্ট।

—তা হলে যাওয়া হবে না। তাড়ার টাকা, তারপর ধর নকুতো কিছু একটা দিতে হবে—সে হয় না।

—আমার কাছে কিছু আছে—তবে তুমি যদি না যাও, আমি যাব না।

—আমি ছুটি পাব না। আলম ব্যাটা বড্ড লাগাচ্ছে আমার নামে সাহেবের কাছে। আজ তো এক কাণ্ডতে বেধে গিয়েছিলাম আর কি, অতি কষ্টে সামলেছি। আমার হয় না। তুমি বরং যাও।

এমন সময় বাহির হইতে নারাণবাবুর গলা শোনা গেল—ও যহু, আছ নাকি ?

—আসুন, আসুন নারাণদা—

নারাণবাবু ঘরে চুকিয়া যহুবাবুর স্ত্রীর দিকে চাহিয়া বলিলেন, বউঠাকরুন, একটু চা খাওয়াতে পার ?

যহুবাবুর স্ত্রী ঘোমটার ফাঁকে যহুবাবুর দিকে অর্ধপূর্ণ দৃষ্টিতে চাহিলেন—অর্থাৎ চা নাই, চিনি নাই, দুধ নাই। অর্থাৎ যহুবাবু বাড়ীতে চা খান না।

যহুবাবু বলিলেন, বহন নারাণদা, আমি একটু আসচি।

নারাণবাবু হাসিয়া বলিলেন, আসতে হবে না ভায়া, আমি সব এনেছি পকেটে, এই যে—আমি খাই কিনা, সব আমার মজুত আছে। তোমার এখানে আসব বলে পকেটে করে নিয়েই এলাম। এই নাও বউঠাকরুন।

—তারপর, দেখলেন তো কাণ্ডখানা ?

—ও তো দেখেই আসছি। নতুন আর কী বল ?

—আমায় কী রকম অপমানটা—

—আরে, তুমি যে ভায়া, গায়ে পেতে নিলে, ওটা আসলে খাও পণ্ডিতকে লক্ষ্য করে বলছিল সাহেব।

—না না, আপনি জানেন না, আমাকেও বলছিল ওই সঙ্গে।

—কিছু না, তোমার হয়েচে—ঠাকুরঘরে কে ? না, আমি তো কলা খাই নি। তুমি কেন বলতে গেলে ও-কথা ?

—মাক, তা নিয়ে তর্ক করে কোন লাভ নেই। ও যেতে দিন।

চা-পান শেষ করিয়া দুইজনে উঠিলেন। টুইশানির সময় সমাগত।

যহুবাবু শাঁখারিটোলায় এক বাড়ীতে টুইশানিতে গেলেন। নীচের তলায় অঙ্কার ঘর, তিনটি ছেলে একসঙ্গে পড়ে। ভীষণ গরম ঘরের মধ্যে, কেমন একটা ভ্যাপসা গন্ধ আসে পাশের সিউয়ার্ড ডিচ্ হইতে! দুইটি বটা তাহাদের পড়া বলিয়া ক্লাসের টাক লিখাইয়া দিতে রাত আটটা বাজিল। আর একটা টুইশানি নিকটেই, যহু শ্রীমানীর লেনে। সেখানে একটি ছেলে—ম্যাট্রিক ক্লাসে পড়ে, বেশ একটু নিরোধ অথচ পড়াশুনার মন খুব।

এমন ধরনের ছেলেরাই প্রাইভেট টিউটরকে ভোগায় বেশী। এ ছেলেরা এই অঙ্ক কবাইয়া লয়, ওটার ভাবাংশ লিখাইয়া লয়—খাটাইয়া ফরমাশ দিয়া যত্নবাবুকে রীতিমত বিরক্ত করিয়া তোলে প্রতিদিন। ক্লার্কওয়েল সাহেবকে কঁাকি দেওয়া চলে, কিন্তু প্রাইভেট টিউশানির ছাত্র বা ছাত্রের অভিভাবকদের কঁাকি দেওয়া বড়ই কঠিন।

রাত পৌনে দশটার সময় যত্নবাবু উঠিবার উজোগ করিতেছেন, এমন সময় ছেলেটি বলিল, একটু বাকী আছে স্যার। কাল ইংরেজী থেকে বাংলা রিট্রান্স্লেশন (বারো আমা শিক্ষক ও ছাত্র এই ভুল কথাটি ব্যবহার করে) রয়েছে, বলে দিয়ে যান।

যত্নবাবুর মাথা তখন ঘুরিতেছে। তিনি বলিলেন, আজ না হয় থাক।

—না স্যার। বকুনি খেতে হবে, বলে দিয়ে যান।

—কই, দেখি। এতটা? এ যে ঝাড়া আধ ঘণ্টা লাগবে! আচ্ছা, এস তাড়াতাড়ি। আমি বলে যাই, তুমি লিখে নাও।

নির্বোধ ছাত্রকে লিখাইয়া দিতেও প্রায় আধ ঘণ্টা লাগিয়া গেল। রাত সাড়ে দশটার সময় ক্লাস্ট বিরক্ত যত্নবাবু আসিয়া বাড়ী পৌঁছিলেন ও যা-হয় ছুটি মুখে দিয়াই শয্যা আশ্রয় করিলেন।

পরদিন স্কুলে ক্লার্কওয়েল সাহেব জ্যোতির্বিনোদ মহাশয়কে ডাকাইয়া বলিলেন, পণ্ডিত, তুমি মেমসাহেবের কাছে কেন গিয়েছিলে? চাকরি তোমার বন্ধ আছে আমার হুকুমে, তা রদ হবে না।

জ্যোতির্বিনোদ ইংরেজী বোঝেন না, কিন্তু আন্দাজ করিয়া লইলেন, সাহেবকে মেমসাহেব কোন কথা বলিয়া থাকিবে, তাহার ফলেই এই ডাক। তিনি হাত জোড় করিয়া বলিলেন, সাহেব মা-বাপ, আপনি না রাখলে কে রাখবে? আমি এমন কাজ আর কখনও করব না।

হেডমাস্টারের মুখে ঈষৎ হাসির আভাস দেখিয়া জ্যোতির্বিনোদের মনে আশ্বাস জাগিল।

সাহস পাইয়া তিনি হেডমাস্টারের টেবিলের সামনে আগাইয়া গিয়া বলিলেন, এবার আমায় মাপ করুন,—ব্রাহ্মণ—আমার অন্ত—

হেডমাস্টার টেবিলের উপর কিল মারিয়া বলিলেন, ব্রাহ্মণ আমি মানি না। আমার কাছে হিন্দু-মুসলমান সমান।

জ্যোতির্বিনোদ চূপ করিয়া রহিলেন—ইংরেজী বুঝিয়াছিলেন বলিয়া নয়, টেবিলে কিল মারার দরুন ভাবিলেন, সাহেব যে কারণেই হোক চটিয়াছেন।

হেডমাস্টার জ্র কুক্ষিত করিয়া বলিলেন, ওয়েল?

জ্যোতির্বিনোদ পুনরায় হাত জোড় করিয়া বলিলেন, আমায় মাপ করুন এবার।

—আচ্ছা, যাও এবার, ও-রকম আর না হয়, তা হলে মাপ হবে না।

জ্যোতির্বিনোদ সাহেবকে নমস্কার করিয়া আপিস হইতে নিক্রান্ত হইলেন।

কিন্তু ব্যাপারটা অত সহজে মিটিল না। স্কুল বসিবার পর মিঃ আলম তিনিয়া হেডমাস্টারকে বুঝাইলেন, এরকম করিলে এ স্কুলে ভিসিগ্নি রাখা যাইবে না—মাস্টাররা স্বভাবতই কঁাকিবাজ

আরও কাকি দিবে। অতএব সারকুলার বাহির করিয়া খার্ড পণ্ডিতকে মাপ করা হোক। কী জ্ঞান সাস্পেণ্ড করা হইয়াছিল, তাহার কারণ এবং ভবিষ্যতের জ্ঞান সতর্কতা অবলম্বন করিবার উপদেশ লিপিবদ্ধ করা থাকুক সারকুলার-বহিতে। ইহাতে পণ্ডিত জন্ম হইয়া যাইবে।

হেডমাস্টারের কর্ণদ্বয় মিঃ আলমের জিন্মায় থাকিত, সুতরাং সেই মর্মেই সারকুলার বাহির হইয়া গেল। অল্পাংশ শিক্ষকেরা জ্যোতির্বিদ্যাদিকে ভয় দেখাইল, চাকুরি এবার থাকিল বটে, তবে বেশী দিনের জ্ঞান নয়, এই সারকুলার স্কুলের সেক্রেটারি বা কমিটীর কোন মেম্বারের চোখে পড়িলেই চাকুরি যাইবে।

ক্ষেত্রাবাবু পড়াইতেছেন, হেডমাস্টার সেখানে গিয়া পিছনের বেঞ্চির একটা ছেলেকে হঠাৎ ডাক দিয়া বলিলেন, তুমি কী বুঝেছ বল ?

সে কিছু শোনে নাই, পাশের ছেলের সঙ্গে গল্পে মত্ত ছিল, তীক্ষ্ণদৃষ্টি ক্লার্কওয়েলের নজর এড়ানো সহজ কথা নয়।

হেডমাস্টার ক্ষেত্রাবাবুর দিকে চাহিয়া বলিলেন, ডোন্ট সিট্ অন ইণ্ডর চেয়ার লাইক এ বাহাদুর—ছেলেরা কিছু শুনছে না। উঠে উঠে দেখুন, কে কী করতে না-করতে !

ক্ষেত্রাবাবু ছেলেদের সামনে তিরস্কৃত হওয়ার নিজেকে অপমানিত বিবেচনা করিলেন বটে ; কিন্তু সাহেবের কাছে বিনীতকণ্ঠে অঙ্গীকার করিতে হইল যে, তিনি ভবিষ্যতে ঠাড়াইয়া ও ক্লাসে পায়চারি করিতে করিতে পড়াইবেন।

সাহেবের জের এখানেই মিটিবার কথা নয়। সে দিন স্কুল ছুটির পর টীচারদের মীটিং আহুত হইল। সাহেবের উপদেশবাণী বর্ণিত হইল। ছেলেদের স্বার্থ বজায় রাখিয়া যিনি টিকিতে পারিবেন, এ স্কুলে তাহারই শিক্ষকতা করা চলিবে ; ষাঁহার না পোষাইবে, তিনি চলিয়া যাইতে পারেন—স্কুলের গেট খোলা আছে।

বেলা সাড়ে পাঁচটায় হেডমাস্টারের সভা ভাঙিল। মাস্টারেরা বাহিরে আসিয়া নানা-প্রকার মন্তব্য প্রকাশ করিলেন। যদুবাবু লক্ষ্যবশ্প শূন্য করিলেন।

—রোজ রোজ এই বাজে হাদ্দসমা আর সহ হয় না—সাড়ে পাঁচটা বেজে গেল—টিউশানিতে যাবার আগে আর বাসায় যাওয়া হবে না দেখছি, কবে যে আপদ কাটবে, নারায়ণের কাছে তুলসী দিই। আপনারা সব চূপ করে থাকেন, বলেনও না তো কোন কথা ! সবাই মিলে বললে কি সাহেবের বাবার সাধি হয় এমন করবার ?

অল্প দুই-একজন বলিলেন, তা আপনিও তো কিছু বললেন না যদুদা !

—আমি বলব কি এমনি বলব ? আমি যে দিন বলব, সে দিন সাহেবকে ঠালা বুঝিয়ে দেব, আর ঠালা বুঝিয়ে দেব ওই অন্ত্যজটাকে—ও-ই কুপরামর্শ দেয়। আর সাহেবের মতে এমন আইডিয়াল টীচার আর হবে না ! মারো খ্যাংরা।

ক্ষেত্রাবাবু বলিলেন, সে তো বোঝাই যাচ্ছে, কিন্তু ওকে নড়ানো সোজা কথা নয়। সাহেব ওর প্রশংসায় পঞ্চমুখ, আর সবাই খারাপ, কেবল আলম ভাল—

হেডপণ্ডিত বৃদ্ধ লোক, স্মৃতিভ্রংশ ঘটায় অনেক সময় অনেকের নাম মনে করিতে পারেন না, বলিলেন : আর ভাল ওই মেমসাহেব—কী ওর যেন নামটা ?

—মিস সিবসন্ ।

—হ্যাঁ, ও খুব ভাল—

মাস্টাররা বিভিন্ন দিকে ছড়াইয়া পড়িলেন । ক্ষেত্রবাবু, যত্নবাবু, নারাণবাবু ও ফণীবাবু প্রতিদিন ছুটির পরে নিকটবর্তী ছোট চায়ের দোকানে চা খাইতেন । বছদিনের যাতায়াতের ফলে পিটার লেনের মোড়ের এই চায়ের দোকানটির সঙ্গে তাঁহাদের অনেকের স্মৃতি জড়াইয়া গিয়াছে । নিকট দিয়া যাইবার সময় কেমন যেন মায়া হয় ।

ক্ষেত্রবাবুর মনে পড়ে তাহার চার বছরের ছেলেটির কথা । সেবার একুশ দিন ভুগিয়া টাইফয়েড রোগে মারা গেল । কত কষ্টভোগ, কত চোখের জল ফেলা, কত বিনিদ্র রজনী যাপন ! এই চায়ের দোকানে বসিয়া সহকর্মীদের সঙ্গে কত পরামর্শ করিয়াছেন, আজ পেট কাঁপিল, কী করিতে হইবে ; আজ কথা আড়ষ্ট হইয়া আসিতেছে, কী করিলে ভাল হয় ! এই চায়ের দোকানের সামনে আসিলেই খোকার শেষের দিনগুলি চোখের সামনে ভাসিয়া উঠে ।

নারাণবাবুর স্মৃতি স্কুলের সঙ্গেই সংশ্লিষ্ট । আগের হেডমাস্টার ছিলেন অম্বুকুলবাবু । তিনি ছিলেন ঋষিকল্প পুরুষ । তুজনে মিলিয়া এই স্কুল প্রতিষ্ঠা করেন—খুব বন্ধুত্ব ছিল তুজনের মধ্যে । অম্বুকুলবাবুর অনুরোধে নারাণ চাটুজ্জের রেলের চাকরি ছাড়িয়া আসিয়া এই স্কুলে শিক্ষাব্রত গ্রহণ করেন । এই স্কুলকে কলিকাতার মধ্যে একটি নামজাদা স্কুল করিয়া তুলিতে হইবে, এই ছিল সঙ্কল্প । একদিন-দুইদিন নয়, দীর্ঘ পনেরো মৌলো বৎসর ধরিয়া সে কত পরামর্শ, কত আশা-নিরাশার দোলা, কত অর্থনাশের উদ্বিগ্ন ! একবার এমন স্মৃদিনের উদয় হইল যে, নারাণবাবুদের স্কুল কলিকাতার মধ্যে প্রথম শ্রেণীর স্কুল হইয়া গেল বৃষ্টি । হেয়ার-হিন্দুকে ডিঙাইয়া সেবার এই স্কুলের এক ছাত্র ইউনিভার্সিটিতে প্রথম স্থান অধিকার করিল । নারাণবাবু দেড় শত টাকা বেতনে সুপারিন্টেন্ডেন্ট নিযুক্ত হইবেন, সব ঠিকঠাক—এমন সময় অম্বুকুলবাবু মারা গেলেন । সব আশা-ভরসা পুরাইল । একরাশ দেনা ছিল স্কুলের, পাওনাদারেরা নাালিশ করিল । গবর্নমেন্ট-নিযুক্ত অডিটার আসিয়া রিপোর্ট করিল, স্কুলের রিজার্ভ ফণ্ডের টাকা ভূতপূর্ব হেডমাস্টার তছরূপ করিয়াছেন । বাড়ীওয়ালা ভাড়ার দায়ে আসবাবপত্র বেচিয়া লইল । নতুন ছাত্র ভর্তি হইবার আশা থাকিলে হয়তো এতটা ঘটত না ; কিন্তু ছাত্র আসিত অম্বুকুলবাবুর নামে, তিনিই চলিয়া গেলেন, স্কুলে আর রছিল কে ? জাহ্নয়ারি মাসে আশারূপ ছাত্রের আমদানি হইল না, কাজেই পাওনাদারদের উপায়ান্তর ছিল না ।

হেডপণ্ডিত চা খান না, তবু মাস্টারদের সঙ্গে দোকানে বসিয়া গল্পগুজব করিয়া চা-পানের তৃপ্তি উপভোগ করেন আজ বহু বৎসর হইতে । বলিলেন, চলুন নারাণবাবু, চা খাবেন না ? আহ্নন যত্নবাবু, ক্ষেত্রবাবু—

মাস্টার মহাশয়দের এ দোকানে যথেষ্ট খাতির। নিকটবর্তী স্কুলের মাস্টার বলিয়াও বটে, অনেক দিনের খরিদার বলিয়াও বটে। দোকানী বেষ্ট হইতে অল্প খরিদারদের সরাইয়া দেয়, মাস্টার মহাশয়দের চায়ের প্রকৃতি কিরূপ হইবে, সে সম্বন্ধে খুঁটিনাটি প্রশ্ন করে, দুই-একটি ব্যক্তিগত প্রশ্নও করে আত্মীয়তা করিবার জন্ত। অনেক সময় কাছে পয়সা না থাকিলে ধারও দেয়।

যদুবাবু বলিলেন, আমাকে একটু কড়া করে চা দিয়ো আদা দিয়ে।

নারাণবাবু বলিলেন, আমার চায়েও একটু আদা দিয়ো তো।

সকলের সামনে চা আসিল। সঙ্গে সঙ্গে পাশে একখানি করিয়া টোস্ট দিয়া গেল চায়ের পিরিচে প্রত্যেককে। দোকানীকে বলিতে হয় না, সে জানে, ইঁহার কী খাইবেন, আজিকার খরিদার তো নন।

স্কুলের হাড়ভাঙা খাটুনির পরে এবং যে যাহার টুইশানিতে যাইবার পূর্বে এখানটিতে বসিয়া আধ ঘণ্টা ধরিয়া চা খাওয়া ও গল্পগুজব প্রত্যেকের পক্ষে বড় আরামদায়ক হয়। বস্তুত মনে হয় যে, সারাদিনের মধ্যে এই সময়টুকুই অত্যন্ত আনন্দের। ষাঁহার চারিটা বাজিবার পূর্বে ঘড়ি দেখিতে পাঠান, তাঁহার নিজেদের অজ্ঞাতসারে এই সময়টুকুরই প্রতীক্ষা করেন। তবে স্কুলমাস্টার হিসাবে ইঁহাদের দৃষ্টি সংকীর্ণ, জীবনের পরিধি সুপ্রশস্ত নয়, স্ততরাং কথাবার্তা প্রতিদিন একই খাত বাহিয়া চলে। সাহেব আজ অমুক ঘণ্টায় অমুকের ক্রাসে গিয়া কী মন্তব্য করিল, অমুক ছেলেটা দিন দিন খারাপ হইয়া যাইতেছে, অমুক অঙ্কটা এ ভাবে না করিয়া অল্প ভাবে কী করিয়া ব্র্যাকবোর্ডে করা গেল ইত্যাদি।

ক্ষেত্রাবাবু বলিলেন, মাসটাতে ছুটিছাটা একেবারেই নেই, না নারাণবাবু ?

—কই আর। সেই ছাঁকিংশে কী একটা মুসলমানদের পর্ব আছে, তাও যে ছুটি দেবে কি না—

—ঠিক দেবে। মিঃ আলম আদায় করে নেবে।

—নাঃ, এক-আধ দিন ছুটি না হলে আর চলে না।

যদুবাবু বলিলেন, ওহে, হাফ কাপ একটা দাও তো। আজ চাটা বেশ লাগচে—

চার পয়সার বেশী খরচ করিবার সামর্থ্য কোন মাস্টারেরই নাই চায়ের দোকানে। যদুবাবুর এই কথায় দুই-একজন বিস্মিত হইয়া তাঁহার মুখের দিকে চাহিলেন। নারাণবাবু বলিলেন, কি হে যদু, দমকা খরচ করে ফেললে যে!

—খাই একটু নারাণদা। আর কদিনই বা!

যদুবাবু একটু পেটুক ধরনের আছেন, এ কথা স্কুলে সবাই জানে। বাজার হাট ভাল করিয়া করিতে পারেন না পয়সার অভাবে, সামান্য বেতনে বাড়ীভাড়া দিয়া থাকিতে হয়—কোথা হইতে ভাল বাজার করিবেন! তবে নিমন্ত্রণ-আমন্ত্রণ পাইলে সেখানে দুইজনের খাও একাউদর করেন, স্কুলে ইঁহা লইয়া নিজেদের মধ্যে বেশ হাসিঠাট্টা চলে।

নারাণবাবু বয়সে সর্বাপেক্ষা প্রবীণ, প্রবীণত্বের দরুণ অপেক্ষাকৃত বয়ঃকনিষ্ঠদের প্রতি

স্বাভাবিক স্নেহ জন্মিয়াছে তাঁহার মনে। তিনি ভাবিলেন, আহা, খাক, খেতে পায় না, এই তো স্কুলের সামান্য মাইনের চাকরি; ভালবাসে খেতে, অথচ কী ছাই বা খায়! মুখে বলিলেন, খাও আর একখানা টোস্ট। আমি দাম দেব। ওহে, বাবুকে একখানা টোস্ট দাও—এখানে।

যতুবাবু হাসিয়া বলিলেন, নারায়ণদা আমাদের শিবভূল্য লোক। তা দাও আর একখানা, খেয়ে নিই।

খাওয়া শেষ করিয়া সকলে বিড়ি বাহির করিলেন। যে সময়ের কথা বলিতেছি, তখন দেশলাই পয়সায় দুইটা; তৎসঙ্গেও কেহ দেশলাই রাখেন না পকেটে, দোকানীর নিকট হইতে চাহিয়া কাজ সারিলেন।

নারায়ণবাবু বলিলেন, চল যাই, ছটা বাজে।

যতুবাবু বলিলেন, বাসায় আর যাওয়া হল না, এখন যাই গিয়ে শাঁকারিটোলা, চুকি ছাত্রের বাড়ী।

ক্ষেত্রবাবু বলিলেন, আমি যাব সেই ক্যানাল রোড, ইটিলি—আমার ছাত্রেরা আবার সেখানে উঠে গিয়েচে।

নারায়ণবাবুও ছেলে পড়ান, তবে বেশী দূরে নয়, নিকটেই প্রথম সরকারের লেনে, সরকারদের বাড়ীতেই। বাহিরের ঘরে বুড়া যোগীন সরকার বসিয়া আছেন, নারায়ণবাবুকে দেখিয়া বলিলেন, আসুন, মাস্টারমশায় আসুন। তামাক খান। বহুন।

—চুনি পান্না খেলে বাড়ী ফিরেচে ?

—চুনি ফিরেচে, পান্নার দেখা নেই এখনও। হতচ্ছাড়া ছেলে মাঠে একবার গেলে তো কাণ্ডজ্ঞান থাকে না—বলই পিটছে, বলই পিটছে! দুটো নাতিই সমান। বহুন, তামাক খান, আসচে।

কিন্তু ছাত্রেরা না-আসিলে চলে না। নারায়ণবাবুকে দুইটা টুইশানি সারিয়া আবার স্কুলে ফিরিতে হইবে, নিজের হাতে রান্নাবান্না করিতে হইবে, কিছুকণ সাহেবের সঙ্গে বসিয়া মোসাহেবী গল্পও করিতে হইবে।

এমন সময়ে চুনি আসিয়া ডাকিল, মাস্টারমশায়, আসুন।

চুনি তেরো বছরের বালক, সিক্‌স্‌থ ক্লাসে পড়ে। নারায়ণবাবু নিঃসন্তান, বিপত্নীক—ছেলেটিকে বড় স্নেহ করেন। চুনি দেখিতেও খুব সুন্দর ছেলে, টকটকে ফরসা রঙ, লাভালাভা মুখখানি, তবে স্বভাব বিশেষ মধুর নয়। কথায় কথায় রাগ, স্নেহ-ভালবাসার ধার ধারে না—কেহ স্নেহ করিলে বোঝেও না, সুতরাং প্রতিদানেরও কমত। নাই। বড়লোকের ছেলে, একটু গর্বিতও বটে।

চুনি নিজের পড়ার ঘরে আসিয়া বলিল, আজ একগাদা অঙ্ক দিয়েছেন ক্ষেত্রবাবু, আমায় সব বলে দিতে হবে।

—হবে, বার কর খাতা বই।

—আপনি কখন চলে যাবেন ?

—কেন রে ?

—আজ আধ ঘণ্টা বেশী থাকতে হবে শ্রাবু ।

—থাকব, থাকব । তোর যদি দরকার হয়, থাকব না কেন ? তোর কথা ফেলতে পারি না—

—মাস্টার বাড়ীতে রাখা গুই জন্মেই তো । এতগুলো করে টাকা মাইনে দিতে হয় আমাদের কি মাসে শুধু প্রাইভেট মাস্টারদের—কাকা বলছিলেন আজ সকালে ।

কথাটা নারায়ণবাবুর লাগিল । তিনি আত্মীয়তা করিতে গেলে কি হইবে ? চুনি সে শব্দ বোঝে না, উড়াইয়া দেয়—পরমা দেখায় ।

ধমক দিয়া বলিলেন, তোর সে কথায় থাকার দরকার কী চুনি ? অমন কথা বলতে নেই টাচারকে । ছিঃ !

চুনি অপ্রতিভ মুখে নিচু হইয়া খাতার পাতা উল্টাইতে লাগিল । স্কুলের মুখে বিজলির আঙ্গো পড়িয়া উহাকে দেববালকের মত লাবণ্য-ভরা অথচ মহিমময় দেখাইতেছে । ইহারা আসে কোথা হইতে, কোন্ স্বর্ণ হইতে ? কে ইহাদের মুখ গড়ায় চাঁদের সব সুষমা ছানিয়া ছাঁকিয়া নিওড়াইয়া ?

নারায়ণবাবু দীর্ঘনিঃশ্বাস ফেলিলেন । কোথায় যেন পড়িয়াছিলেন, কোন্ কবির লেখা একটি ছন্দ—‘যৌবনের দাও রাজটিকা’—

সত্য কথা । যৌবন পার হইয়া গিয়াছে বহুদিন, আজ আটান্ন বছর বয়স—ষাটের দুই কম । ডাক তো আসিয়াছে, গেলেই হয় । কী করিলেন সারা জীবন ? স্কুল-স্কুল করিয়া সব গেল । নিজের বলিতে কিছু নাই । আজ যদি চুনির মত একটা ছেলে—

‘যৌবনের দাও রাজটিকা’—সারা চুনিয়ার সমস্ত আশা-ভরসা আমোদ-আহ্লাদ আজ অপেক্ষমাণ বস্তুর সঙ্গ এই বালকের সম্মুখে বিনম্রভাবে দাঁড়াইয়া, কত কৰ্মভার-বিপুল দিবসের সঙ্গীত বাজিয়ে উহার জীবনের রঞ্জে রঞ্জে, কত অজানা অল্পত্বতির বিকাশ ও কৰ্ম-প্রেরণা ! চুনির সঙ্গ জীবন বিনিময় করা যায় না—এই তেরো বছরের বালকের সঙ্গ ?

—শ্রাবু, ছুটির ইংরিজি কী হবে ? আজ আমাদের ছুটি—এর কী ট্রান্সেশন করব শ্রাবু ?

—আজ আমাদের ছুটি, আজ আমাদের ছুটি—কিসের মধ্যে আছে দেখি ? বেশ । কর । আজ—টু-ডে, আমাদের—আওয়ার, ছুটি—হলি-ডে—

—টু-ডে আওয়ার হলি-ডে ?

—দূর, ক্রিয়া কই ! ইংরিজীতে ভাব না দিলে সেন্টেন্স হয় কখনও ? কতবার বলে দিয়েছি না ?

ঐমন সময় ধরে টুর্কল পান্না—চুনির ছোট ভাই । তাহার বয়স এগারো, কিন্তু চুনির চেয়েও সে ছোট ও অব্যাহা, বাড়ীর কাহারও কথা শোনে না, কেবল নারায়ণবাবুকে একটু

ভয় করিয়া চলে ; কারণ স্কুলে নারাণবাবুর হাতে বড় মার খায় । ইহাকে তিনি তত ভালবাসেন না ।

পান্না ঘরে ঢুকিয়া অপরাধীর দৃষ্টিতে মাস্টারের দিকে চাহিল, তারপর শেল্ফের কাছে গেল বই বাহির করিতে ।

নারাণবাবু কড়া স্বরে বলিলেন, কোথায় ছিলে ?

—খেলছিলাম শ্রাব্ ।

—কটা বেজেছে হ'শ আছে ?

পড়ার ঘরেই ঘড়ি আছে দেওয়ালে । পান্না সে দিকে চাহিয়া দেখিল, সাড়ে ছয়টা বাজিয়াছে । স্ততরাং সে বলিল, সাড়ে ছটা শ্রাব্ ।

—হ'ঃ, গাধা কোথাকার । সাড়ে ছটা, না, সাড়ে সাতটা ? বল্ কটা বেজেছে ? ভাল করে দেখে বল্ ।

—সাড়ে সাতটা ।

—ঠিক হয়েছে । এই বল খেলে এলে ! কাল পড়া না হলে তোমার কী করি দেখো । চুনি বলিল, শ্রাব্, আজ দুপুরে বেরিয়ে গিয়েচে, এই এল ।

পান্না দাদার দিকে চাহিয়া বলিল, লাগানো হচ্ছে শ্রাবের কাছে ? তোর গুস্তাদি আমি বার করে দেব বলচি ।

—দে না দেখি ? তোর বড় সাহস !

—এই মারলাম । কী করি তুই ?

নারাণবাবু বুদ্ধ, দুই বলিষ্ঠ বালকের মধ্যে পড়িয়া যুদ্ধ তো খামাইতে পারিলেনই না, অধিকন্তু চশমাটি চূর্ণবিচূর্ণ হইবার সম্ভাবনা প্রবল হইয়া উঠিল ।

দেখিতে দেখিতে পান্না ড্রয়ারের ভিতর হইতে টর্চলাইট বাহির করিয়া চুনির মাথায় এক ষা বসাইয়া দিল । ফিন্কি দিয়া রক্ত ছুটিল ।

চুনি হাউমাউ করিয়া কাঁদিবার ছেলে নয়, সে চূপ করিয়া দাঁড়াইয়া রহিল ; নারাণবাবু হাঁ-হাঁ করিয়া আসিয়া পড়িতে না পড়িতে এই কাণ্ডটি ঘটিয়া গেল ।

গোলমাল শুনিয়া চুনি-পান্নার মা, বিধবা পিসী ও দুই ভাই-বউ অস্তঃপুরের দিকের ঘরের দরজায় আসিয়া দাঁড়াইল । চুনিকে জিজ্ঞাসা করিয়া তাহারা কোন উত্তর না পাইয়া মাস্টারের উদ্দেশে নানাপ্রকার মস্তব্য প্রকাশ করিতে লাগিল—ও মা, মাস্টার তো বসে আছে, তার চোখের সামনে ছেলেটাকে একেবারে খুন করে ফেললে গো !

অগ্র একটি বধু মস্তব্য করিল, মাস্টারকে মানে না দিদি, ছেলেগুলো ভারি দুই ।

চুনির মা বলিলেন, মাস্টার বসে বসে আফিম খেয়ে ঝিমোয়, তা ওকে মানবে কী করে ?

নারাণবাবু মনে মনে ক্রুদ্ধ হইলেও মুখে বাড়ীর স্ত্রীলোকদের উদ্দেশে কী বলিবেন ? কে তাঁহাকে আফিম খাওয়াইয়াছে, শুনিবার তাঁহার বড় কৌতূহল হইল ।

চুনিকে লইয়া তাহার মা ও পিসীমা চলিয়া গেলে নারানবাবু রাগের মাথায় পান্নাকে গোটা দুই চড় কষাইলেন, সে চূপ করিয়া রহিল। বাড়ীর মধ্যে খুব একটা গোলমাল হইল কিছুক্ষণ ধরিয়া, তাহার পর ব্যাণ্ডেজ-বঁধা মাথায় চুনি এক পেয়ালী চা হাতে বাহিরের ঘরে আসিয়া হাজির হইল। সব মিটিয়া গেল, দুই ভাইয়ের সম্মিলিত উচ্চ কণ্ঠস্বরে নৈশ-গগন বিদীর্ণ হইতে লাগিল।

চুনির মুখের দিকে চাহিয়া নারানবাবুর বড় মায়ী হইল। অবোধ বালক! কেন মারামারি করে তাও জানে না, নিঞ্জের ভালমন্দ নিজেরা বোঝে না। মিছামিছি, লক্ষ্যর সময় মার খাইয়া মরিল!

স্নেহপূর্ণ কণ্ঠে বলিলেন, লেগেছে চুনি খুব?

চুনি বলিল, আধ ইঞ্চি ডিপ্ হরে কেটে গিয়েচে।

—ব্যাণ্ডেজ বঁধলে কে?

—পিসীমা।

—উনি জামেন?

—চমৎকার জামেন। কেন, ভাল হয় মি?

নারানবাবুর ইচ্ছা হইল, চুনিকে কোলে টানিয়া লইয়া আদর করেন, তাহাকে সাশ্বনা দেন। কিন্তু লক্ষ্যায় পারিলেন না। চুনি ঘ্যান্ঘেনে ধরনের ছেলে নয়; মার খাইয়া মালিশ করিতে জানে না। এই রকম 'স্টেইক' ধরনের ছেলে নারানবাবু তাঁর দীর্ঘ শিক্ষক-জীবনে যতগুলি দেখিয়াছেন, এক অঙ্গুলির পর্ব্বগুলির মধ্যেই তাহাদের গণমার পরিসমাপ্তি ঘটে। চুনি সেই অতি অল্পসংখ্যক ছেলেদের একজন। চুনিকে এই জন্মই এত ভাল লাগে তাঁর!

এই সময় চুনির বাবা বাহির হইতে আসিয়া ঘরে ঢুকিয়া বলিলেন, মাষ্টার যে। ও কী, ওর মাথায় কী?

নারানবাবু সব কথা বলিলেন।

চুনির বাবার লক্ষ্যতা কপূরের মত উবিয়া গেল। তিনি বিরক্তির স্বরে বলিলেন, আপনি বসে থাকেন, আর প্রায়ই আপনার চোখের সামনে এ রকম কুক্কেজ কাণ্ড ঘটে, আপনি দেখেন না?

—আজ্ঞে, দেখব না কেন? সামান্য কথাবার্তা থেকে মারামারি। আমি এসে পড়ে ছাড়িয়ে দিই, তবে—

—আপনি একটু ভাল করে দেখানো করবেন বলেই তো রাখা। নইলে গ্র্যান্ডমেরট মাষ্টার দশ টাকাত্তেও পাওয়া যায়। জুবেলা পড়াবে।

—আজ্ঞে, আমি দেখি। দেখি না, তা ভাববেন না।

—আমি সব সময় দেখতে পারি মে, নানা কাজে ঘুরি। কিন্তু আপনার দ্বারা দেখচি— আপনার বয়স হয়েছে।

এই সময় চুনি যদি তাহার বাবাকে বলিত—বাবা, আমার কোন দোষ নেই, আমারই সব দোষ, তাহা হইলে নারাণবাবুর মনের মত কাজ হইত ; নারাণবাবু এই ভাবিয়া সপসর্গ প্রাপ্ত হইতেন যে, চুনি তাহার অগাধ স্নেহের প্রতিদান দিল।

কিন্তু বাহা আশা করা যায়, তাহা হয় না।

চুনি চুপ করিয়া রহিল। বাবাকে তাহারা দুই ভাই যমের মত ভয় করে।

চুনির বাবা বলিলেন, মাস্টার, বোস। আমি আসচি, চা খেয়েচ ?

এইবার চুনি মুখ তুলিয়া বলিল, হ্যা বাবা, আমি এনে দিয়েছি।

চুনির এ কথাটা নারাণবাবুর ভাল লাগিল না। চুনি এ কথা কেন বলিতেছে, নারাণবাবু তাহা বুঝিতে পারিলেন। পাছে তাহার বাবা গিয়া আর এক কাপ চা মাস্টারের জন্ম পাঠাইয়া দেন, সে জন্ম। কেন এক পেয়ালা চা বেশী দেওয়া হইবে মাস্টারকে।

নারাণবাবু বাসায় ফিরিলেন, তখন রাত নয়টা। নিজের ছোট ঘরটার চাবি খুলিয়া রান্না চাপাইয়া দিলেন, তারপর যোগবাশিষ্ঠ রামায়ণখানা লইয়া পড়িতে বসিলেন। এই সময়টাই বেশ লাগে সারাদিনের খাটনির পরে। আজ স্কুলে এই ঘরে নারাণবাবু আছেন উনিশ বছর। বহুকাল হইল তাঁহার পত্নী স্বর্গগমন করিয়াছেন, নারাণবাবু আর বিবাহ করেন নাই—পত্নীর স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের জন্ম যত না হোক, গরিব-স্কুল-মাস্টার-জীবনে খরচ চালাইতে পারিবেন না বলিয়াই বেশী।

উনিশ বৎসরের কত স্মৃতি এই ঘরের সঙ্গে জড়ানো।

যখন প্রথম এই স্কুলে অনুকুলবাবু তাহাকে লইয়া আসেন, তখন এই ঘরে আর একজন বৃদ্ধ মাস্টার ভুবনবাবু থাকিতেন। ভুবনবাবুর বাড়ী ছিল মুর্শিদাবাদ—ভদ্রলোক বিবাহ করেন নাই, সংসারে এক বিধবা ভগ্নী ছাড়া তাঁহার আর কেহ ছিল না। একদিন বিছানায় লোকটি মরিয়া পড়িয়া ছিল এই ঘরেই। স্কুলের খরচে ভুবনবাবুর অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয়।

নারাণবাবু ভাবেন, তাঁহার অদৃষ্টেও তাহাই নাচিতেছে। তাঁহারও কেহ নাই, স্ত্রী নাই, পুত্র নাই, ভাই নাই, ভগ্নী নাই—এই ঘরটি আশ্রয় করিয়া আজ বহুদিন কাটাইয়া দিলেন। এখন এমন হইয়া গিয়াছে, এই ঘর ও এই স্কুলের বাহিরে তাঁহার যেন আর কোন স্বতন্ত্র অস্তিত্ব নাই। জীবনের একমাত্র কর্মক্ষেত্র এই স্কুল। স্কুলের বিভিন্ন ক্লাসে কতিন অস্থায়ী কোনদিন কী পড়াইবেন, নারাণবাবু সকালে বসিয়া ঠিক করেন।

কাল খার্ড ক্লাসে ললিত ছেলেটা ইংরেজী গ্রামারের ‘দি’র ব্যবহার সম্বন্ধে অজ্ঞতা প্রকাশ করিয়াছে, নারাণবাবুর প্রাণে তাহাতে এমন একটা ধাক্কা লাগিয়াছে, সে বেদনা নিতান্ত বাস্তব। নারাণবাবু জানেন যে ‘দি’ ব্যবহার করিতে না পারিলে খার্ড ক্লাসের ছেলে হইয়া সে ইংরেজী ব্যাকরণ শিখিল কী ? কাল নারাণবাবু তখনই নোট-বইতে লিখিয়া লইয়াছেন, “খার্ড ক্লাস, ললিতমোহন কর, ডেফিনিট আর্টিকল ‘দি’।”—এইটুকু মাত্র দেখিলেই তাঁহার মনে পড়িবে।

তাহার পর আজ সেই ললিতকে ঝাড়া আধ ঘণ্টা ধরিয়া জিনিসটা শিখাইয়া দিলেন,

কিন্তু শেষ পর্যন্ত কিছুই হইল না। ললিত কব 'যে আধারে সে আধারে'ই রহিয়াছে। কী করা যায়? তাঁহার শিখাইবার প্রণালীর কোন দোষ ঘটতেছে নিশ্চয়। কী করিলে ললিত চৌড়াটা 'দি'র ব্যবহার শিখিতে পারে?

নারায়ণবাবু হাঁকায় তামাক খাইতে খাইতে চিন্তা করিতেছিলেন, হঠাৎ তাঁহার মনে পড়িল সেভেনথ্ ক্লাসের পূর্ণ চক্রবর্তী, মাত্র নয় বছরের ছেলে, এত মিথ্যা কথাও বলে! কত দিন মারিয়াছেন, নিষেধ করিয়াছেন, হেডমাষ্টারের আপিসে লইয়া যাইবার ভয় দেখাইয়াছেন; কিন্তু শেষ পর্যন্ত কোনও ফল হয় নাই। ছেলেটার সম্বন্ধে কি অভিভাবকের নিকট একখানা চিঠি দিবেন? তাহাতেই বা কী সফল ফলিবে? না হয় চিঠি পাইয়া ছেলের বাপ ছেলেকে ধরিয়া ঠ্যাঙাইলেন, তাহাতেই ছেলে ভাল হইয়া যাইবে বলিয়া তো মনে হয় না। কী করা যায়?

নারায়ণবাবুর সম্মুখে এই সব সমস্যা প্রতিদিন দুই-একটা থাকেই। মাঝে মাঝে এগুলি লইয়া তিনি ক্লাক্‌ওয়েল সাহেবের সঙ্গে পরামর্শ করিতে যান।

সাহেব সন্ধ্যার সময় মোটরে ছেলে পড়াইতে বাহির হন, ফিরিবার অলক্ষণ পরেই রাত নয়টা কি সাড়ে নয়টার সময়ে নারায়ণবাবু সাহেবের দরজায় গিয়া কড়া নাড়িলেন।

—কে? কী, নারায়ণবাবু? ভেতরে এস।

—স্বাবু, আপনার খাওয়া হয়েছে?

—এই এখুনি খেতে বসব। এক পেয়ালা কফি খাবে?

—তা—তা—

—বাবুকে এক পেয়ালা কফি দাও। বোস। কী খবর?

—স্বাবু, আপনার কাছে এসেছিলাম একটা খুব জরুরী দরকার নিয়ে। একবার আপনার সঙ্গে পরামর্শ করব। ওই খার্ড ক্লাসের ললিত কর বলে ছেলেটা—'দি'র ব্যবহার কিছুই জানে না, এত দিন পরে আবিষ্কার করলাম। কাল কত চেষ্টাই করেছি, কিন্তু শেখানো গেল না। কী করা যায় বলুন ভো?

ক্লাক্‌ওয়েল সাহেব অত্যন্ত কর্তব্যপরায়ণ হেডমাষ্টার। এসব বিষয়ে নারায়ণবাবু তাঁহার শিষ্য হইবার উপযুক্ত। ক্লাক্‌ওয়েল খাওয়া-দাওয়া তুলিয়া গেলেন। নিজের টেবিলে গিয়া ড্রয়ার টানিয়া একখানা খাতা বাহির করিয়া নারায়ণবাবুকে দেখাইয়া বলিলেন, আমারও একটা লিস্ট আছে এই দেখ, ফার্স্ট ক্লাসের কত ছেলে ও-জিনিসটার ব্যবহার ঠিকমত জানে না আজও। আরও কত নোট করেছি দেখ। তবে একটা প্রণালীতে আমি বড় উপকার পেয়েছি, তোমাকে সেটা—এই পড়।—বলিয়া ক্লাক্‌ওয়েল নিজের নোট-বইখানা নারায়ণবাবু হাতে দিলেন।

• মিস্ সিবসন্ ওদিকের দরজা দিয়া ঘরে ঢুকিয়া নারায়ণবাবুকে দেখিয়া বলিয়া উঠিল, ও নারায়ণবাবু! আমাদের সঙ্গে ডিনার খাবে? হাউ সুইট অফ ইউ!

নারায়ণবাবু বিনীতভাবে জানাইলেন, তিনি ডিনার খাইতে আসেন নাই।

ক্লার্কওয়েল মেমসাহেবের দিকে চাহিয়া বলিলেন, এই স্কুলে দুজন টীচার আছে, যারা টীচার নামের উপযুক্ত—নারাণবাবু আর মিঃ আলম। ইনি এসেছেন ললিতকে কী করে 'দি'র ব্যবহার শেখানো যায়, তাই নিয়ে। আর কজন আছে আমাদের স্কুলের মধ্যে, যারা এ সব নিয়ে মাথা ঘামান ?

মেমসাহেব হাসিয়া বলিল, ইউ ডিজার্ড এ স্লাইস অফ্‌ মাই হোম-মেড্‌ কেব্‌ নারাণবাবু, ইউ ডু। একটা কেকের খানিকটা কাটিয়া প্লেটে নারাণবাবুর সামনে রাখিয়া মেমসাহেব বলিল, ইট্‌ ইট্‌ গ্যাণ্ড প্লেজ্‌ ইট্‌।

নারাণবাবু বিনয়ে বাঁকিয়া দুমড়াইয়া হাত কচলাইতে কচলাইতে বলিলেন, ধন্যবাদ ম্যাডাম, ধন্যবাদ! চমৎকার কেব্‌! বাঃ, বেশ—

ক্লার্কওয়েল বলিলেন, আর কে কি রকম কাজ করে নারাণবাবু ? টীচারদের মধ্যে—

নারাণবাবুর একটা গুণ, কাহারও নামে লাগানো-ভাগানো অভ্যাস নাই তাঁহার। মিঃ আলম যে স্থলে অন্তত তিন জন টীচারকে ফাঁকি বাজ বলিয়া দেখাইত, সেখানে নারাণবাবু বলিলেন, কাজ সবাই করে প্রাণপণে, আর সবাই বেশ খাটে।

হেডমাস্টার হাসিয়া বলিলেন, ইউ আর গ্যান্‌ ওল্ড্‌ ম্যান্‌ নারাণবাবু। তুমি কারও দোষ দেখ না—ওই তোমার মস্ত দোষ। আমি জানি, কে কে আমার স্কুলে ফাঁকি দেয়। আমি জানি নে ভাব ? নাম আমি করছি নে—নাম করা অনাবশ্যক—কারণ, আমার দৃঢ় বিশ্বাস, তাদের নাম তোমার কাছেও অজ্ঞাত নয়। আচ্ছা, যাও—

মেমসাহেব বলিল, ভাল কেব্‌ ?

নারাণবাবু বলিলেন, চমৎকার কেব্‌ ম্যাডাম, অদ্ভুত কেব্‌।

মেমসাহেব বলিল, আমার বাপের বাড়ী শ্রপশায়ারে, শুধু সেইখানে এই কেব্‌ তৈরী হয় তোমায় বলছি। তাও দুখানা গাঁয়ে—নরউড্‌ আর বার্কলে-সেন্ট-জন্—পাশাপাশি গাঁ। কলকাতার দোকানে যে কেব্‌ বিক্রি হয়, ও আমি খাই নে !

নারাণবাবু আর এক প্রস্থ বিনীত হাসি বিস্তার করিয়া বিদায় লইলেন... আজ অহুকুল-বাবু নাই, কিন্তু সাহেব ও মেম আসাতে নারাণবাবু খুশীই আছেন। স্কুলের কি করিয়া উন্নতি করা যায় সে দিকে সাহেবের সর্বদা চেষ্টা, তবে দোষও আছে। টাকাকড়ি সম্বন্ধে সাহেব তেমন স্ববিধার লোক নয়। মাস্টারদের মাহিনা দিতে বড় দেরি করে, নানা রকমে কষ্ট দেয়—তার একটা কারণ, স্কুলের ক্যাশ সাহেবের কাছে থাকে, সাহেবের বেজায় খরচের হাত—খরচ করিয়া ফেলে, অবশ্য স্কুলের বাবদই খরচ করে, শেষে মাস্টারদের মাহিনা দিতে পারে না সময়মত।

মোটের উপর কিন্তু সাহেব স্কুলের পক্ষে ভালই। বড় কড়াপ্রকৃতির বটে, শিক্ষকদের বিষয়ে অনেক সময় অস্বাভাবিক বিচার যথেষ্ট করিয়া থাকে, যমের মত ভয় করে সব মাস্টার ; কিন্তু স্কুলের স্বার্থ ও ছেলেদের স্বার্থের দিকে নজর রাখিয়াই সে-সব করে সাহেব। নারাণবাবু তাই চান, স্কুলের উন্নতি লইয়াই কথা।

যত্নবাবুর আজ মোটে বিশ্রামের অবকাশ নাই। ঘণ্টার পর ঘণ্টা ধরিয়া খাটুনি চলিতেছে, দুইজন শিক্ষক আসেন নাই, তাঁহাদের ঘণ্টাতেও খাটিতে হইতেছে। একটা ঘণ্টার শেষে মিনিট পনেরো সময় চুরি করিয়া যত্নবাবু তেতলায় শিক্ষকদের বিশ্রাম-কক্ষে চুকিলেন, উদ্দেশ্য ধূমপান করা।

গিয়া দেখিলেন, হেডপণ্ডিত ও ক্ষেত্রবাবু বসিয়া আছেন। তেতলার এই ঘরটি বেশ ভাল, বড় বড় জানালা চারিদিকে, চণ্ডা ছাদ, ছাদে দাঁড়াইলে সেন্ট পলের চূড়া, জেনারেল পোস্ট আপিসের গম্বুজ, হাইকোর্টের চূড়া, ভিক্টোরিয়া হাউস প্রভৃতি তো দেখা যায়ই, বিশাল মহাসমুদ্রের মত কলিকাতা নগরী অসংখ্য ঘরবাড়ীর চেউ তুলিয়া এই ক্ষুদ্র স্কুল-বাড়ীকে যেন চারিদিক হইতে ঘিরিয়াছে মনে হয়; নীচে ওয়েলেসলি স্ট্রীট দিয়া অগণিত জনশ্রোত ও গাড়ীঘোড়ার ভিড়, ট্রামের ঘণ্টাধ্বনি, ফিরিওয়ালার হাঁক—বিচিত্র ও বৃহৎ জীবনযাত্রার রহস্য সমগ্র শহর আপনাতে আপনি-হারা—থমথমে ছুপুরে যত্নবাবু মাঝে মাঝে বিড়ি খাইতে খাইতে শিক্ষকদের ঘরের জানালা দিয়া চাহিয়া দেখেন।

ক্ষেত্রবাবু বলিলেন, কী যত্নবা, বিশ্রাম নাকি ?

—না ভাই, পরিশ্রম। একটা বিড়ি খেয়ে যাই।

—আমাকেও একটা দেবেন।

হেডপণ্ডিতের দিকে চাহিয়া যত্নবাবু বলিলেন, কাল একটা ছুটি করিয়ে নাও না দাদা, সাহেবের কাছ থেকে। কাল ঘণ্টাকর্ণপূজো—

হেডপণ্ডিত হাসিয়া বলিলেন, হ্যাঃ, ঘণ্টাকর্ণপূজোর আবার ছুটি—তাই কখনও দেয় !

—কেন দেবে না ? তুমি বুঝিয়ে বোল, তুমিই তো ছুটির মালিক।

—না না, সে দেবে না।

—বলেই দেখ না দাদা। বল গিয়ে, হিন্দুর একটা মন্ত বড় পরব।

—ভাল, তোমাদের কথায় অনেক কিছুই বললুম। তোমরা শিখিয়ে দিলে যে, রামনবমী আর পূজা প্রায় সমান দরের পরব। রাস, দোল, বধীপূজো, মাকালপূজো—তোমরা কিছুই বাদ দিলে না। আবার ঘণ্টাকর্ণপূজোর জন্তে ছুটি চাই,—কী বলে—

—যাও যাও, বলে এস, তুমি বললেই হয়।

ক্ষেত্রবাবু ছাদের এক ধারে চাহিয়া বলিয়া উঠিলেন, ওহে, খুকীর বর কাল এসে গেচে ? যত্নবাবু ও হেডপণ্ডিত একসঙ্গে বলিয়া উঠিলেন, সত্যি ? এসে গেচে ?

—ওই দেখুন না, বসে আছে।

—যাক, বাঁচা গেল। আহা, মেয়েটা বড় কষ্ট পাচ্ছিল !

এই উঁচু তেতলার ছাদের ঘরে বসিয়া চারিপাশের অনেক বাড়ীর জীবনযাত্রার সঙ্গে ইহাদের প্রত্যক্ষ পরিচয়। বাড়ির মালিকের নাম-ধাম পর্যন্ত জানা নাই—অথচ ক্ষেত্রবাবু জানেন, ওই ইলদে রঙের তেতলা বাড়ীটার বড় ছেলে গত কাঙ্ক্ষিত মাসে মারা গেল, বেশ

কোট-প্যান্ট পরিয়া কোথায় যেন চাহুরি করিত, বাড়ীর গিন্নীর আছাড়বিছাড়ি মশ্বেদনী, কামা। টিফিনের অবকাশে এখানে বসিয়া দেখিয়া ক্ষেত্রবাবুর ও জ্যোতির্ষিনোদ মহাশয়ের চোখে জল আসিয়াছিল।

এই যে খুকীর বর আসিল, ইহার জানেন, ষোল-সত্তেরো বছরের সুন্দরী কিশোরী, বাড়ীর ওই জানালাটিতে আনমনে বসিয়া পথের দিকে চাহিয়া থাকিত, আপন মনে চোখের জল ফেলিত। জ্যোতির্ষিনোদ মহাশয় এই ঘরেই থাকেন। তিনি বলেন, রাত্রে ছাদে মেয়েটি পায়চারি করিয়া বেড়াইত, এক-একবার কেহ কোন দিকে নাই দেখিয়া ছাদে উপুড় হইয়া প্রণাম করিয়া কী যেন মনে মনে মানত করিত। মেয়েটি যে অস্থনী, সকলেই বুঝিতেন।—মেয়েটি বিবাহিতা, অথচ আজ এক বৎসরের মধ্যে তাহার স্বামীকে দেখা যায় নাই—কাজেই আন্দাজ করিয়াছিলেন, স্বামীর অদর্শনই মেয়েটির মনোদুঃখের কারণ। কী জাত, কী নাম, তাহা কেহই জানেন না; অথচ এই অনাস্ত্রীয়া, অজাতকুলশীলা কিশোরীর দুঃখে প্রৌঢ় শিক্ষকদের মন সহায়ত্বভূতিতে ভরিয়া ছিল, যদিও অল্পবয়স্ক দুই-একজন শিক্ষক ইহাদের অসাক্ষাতে কিশোরীকে লক্ষ্য করিয়া এমন সব কথা বলিত, যাহা শোভনতার সীমা অতিক্রম করে।

মাঝে মাঝে জ্যোতির্ষিনোদ মহাশয় বলিতেন, আহা, কাল রাত্রে খুকী বড় কেঁদেছে একা একা ছাদে। হেডপণ্ডিত বলিতেন, ভাই, বড় তো মুশকিল দেখছি! কী হয়েছে ওর বরের? কোথায় গেল?

কেহই কিছু জানেন না, অথচ মেয়েটির সুখদুঃখ তাঁহার নিজের করিয়া লইয়াছেন। আজ ইহার সত্যই খুকী—খুকীর বর আসিয়াছে। বিশেষ করিয়া হেডপণ্ডিত ও ক্ষেত্রবাবু।

হেডপণ্ডিতের মেয়ে রাধারাগী, প্রায় এই কিশোরীর সমবয়সী, আজ এক বৎসর হইল মারা গিয়াছে টাইফয়েড রোগে। মেয়েটির দিকে চাহিলেই নিজের মেয়ের কথা মনে পড়ে। বাপের অমন সেবা রাধারাগীর মত কেহ করিতে পারিত না। স্কুলের খাটুনির পরে বৈকালে বাড়ী ফিরিলে দেখিতেন, রাধা তাঁহার জঘ হাত-পা ধোয়ার জল ঠিক করিয়া রাখিয়াছে, হাত-পা ধোয়া হইলেই একটু জলখাবার আনিয়া দিবে, পাখা লইয়া বাতাস করিবে, কাছে বসিয়া কত গল্প করিবে—ঠিক যেন পাকা গিন্নী। তাহার একমাত্র দোষ ছিল, বায়োস্কাপ দেখিবার অত্যধিক নেশা। প্রায়ই বলিত, বাবা, আজ কিন্তু—

—না মা, এই সেদিন দেখলি, আজ আবার কী!

—তুমি বাবা জান না। কী সুন্দর ছবি হচ্ছে আমাদের এই চিত্রবাণীতে, সবাই দেখে এসে ভাল বলেছে বাবা।

—রোজ রোজ ছবি দেখতে গেলে চলে মা? ক টাকা মাইনে পাট?

—তা হোক বাবা, মোটে তো ন আনা পরস।

—ন আনা ন আনা—দেড় টাকা। তোর গর্ভধারিণী যাবে না?

—মা কোথাও যেতে চায় না। তুমি আর আমি—

হেডপণ্ডিত ভাবিতেন, মেয়েটি তাঁহাকে ফতুর করিবে, বায়োস্কোপের খরচ কত যোগাইবেন তিনি এই সামান্য ত্রিশ টাকা বেতনের মাস্টারি করিয়া ? উঃ, কী ভালই বাসিত সে ছবি দেখিতে। ছবি দেখিলে পাগল হইয়া যাইত, বাড়ী ফিরিয়া তিন দিন ধরিয়া তাহার মুখে অল্প কথা থাকিত না, ছবির কথা ছাড়া।

কোথায় আজ চলিয়া গেল ! আজকাল দুই-একখানা ভাল বাংলা ছবি হইতেছে, ছবিতে কথাও কহিতেছে—এসব দেখিতে পাইল না মেয়ে। বায়োস্কোপের খরচ হইতে তাঁহাকে একেবারে মুক্তি দিয়া গিয়াছে।

যত্নবাবু বলিলেন, তা যাপ এ বেলা দাদা,—ছুটিটার জন্তে। তুমি গিয়ে বললেই হয়ে যাবে। ইহাদের অনুরোধে হেডপণ্ডিত ভয়ে ভয়ে গিয়া হেডমাস্টারের আপিসে চুকিয়া টেবিলের সামনে দাঁড়াইলেন।

ক্লাকওয়াল সাহেব কী লিখিতেছিলেন, মুখ তুলিয়া বলিলেন, হোয়াট ? পাণ্ডিট ! সিওরলি ইট ইজ নট এ হলিডে ইউ ছাভ্ কাম টু আঙ্ক ফর্ ?

হেডপণ্ডিত বলিলেন, কাল ঘণ্টাকর্ণপূজো স্মার

সাহেব বলিলেন, হোয়াট ইজ গ্যাট ? ঘণ্টা—

—ঘণ্টাকর্ণ। হিন্দুর এত বড় পর্ব আর নেই।

—ও ইউ নটি ফেলো, তুমি প্রত্যেক বারই বল এক কথা।

—না স্মার, পাণ্ডিতে লেখে—

—ওয়াল, আই আণ্ডারস্ট্যান্ড ইউ—হবে না, কী পূজো বললে ? ওতে ছুটি হবে না।

হেডপণ্ডিত বলিলেন তাঁহার কাজ হইয়া গিয়াছে। সাহেব প্রত্যেক বারই ও-রকম বলেন, শেষ ঘণ্টায় দেখা যাইবে, স্কুলের চাকর সারকুলার-বই লইয়া ক্লাসে ক্লাসে ঘুরিতেছে।

হেডপণ্ডিত ফিরিয়া আসিলে মাস্টারেরা তাঁহাকে ঘিরিয়া দাঁড়াইল।

ক্ষেত্রবাবু জিজ্ঞাসা করিলেন, কী হল দাদা ?

যত্নবাবু বলিলেন, কার্ভসিদ্ধি ?

—দাঁড়াও দাঁড়াও, হাঁপ জিরিয়ে নিই। সাহেব বললে, হবে না।

—হবে না বলেছে তো ? তা হলে ও হয়ে গিয়েচে। বাঁচা গেল দাদা, মলমাস যাচ্ছিল, তবুও ঘণ্টাকর্ণের দোহাই দিয়ে—

—এখনও অত হাসিখুশির কারণ নেই। যদি পাশের স্কুলে জিজ্ঞেস করতে পাঠায় তবেই সব কঁাক। আমি বলেছি, হিন্দুর অত বড় পর্ব আর নেই। এখন যদি অল্প স্কুলে জানতে পাঠায় ?

ছোকরা উমাপদবাবু বলিলেন, যদি তারাও ঘণ্টাকর্ণপূজোয় ছুটি দেয় ?

হেডপণ্ডিত হাসিয়া বলিলেন, ঘণ্টাকর্ণপূজোর ছুটি কে দেবে, রামোঃ !

কিন্তু সাহেবের ধাত সবাই জানে। শেষ ঘণ্টা পর্যন্ত মাস্টারের দল ছক ছক বন্ধে অপেক্ষা করিবার পরে সকলেই দেখিল, স্কুলের চাকর ছুটির সারকুলার লইয়া ক্লাসে ক্লাসে দৌড়াদৌড়ি করিতেছে।^১

যত্নবাবু ক্লাস সিঁড়ির পাশেই। তিনি বলিলেন, কী রে, কী ওখানে ?
চাকর একগাল হাসিয়া বলিল, কাল ছুটি আছে, সারকুলার বেরিয়েছে।

—সত্যি নাকি ? দেখি, নিয়ে আয় এদিকে।

চোখকে বিশ্বাস করা শক্ত। কিন্তু সত্যিই বাহির হইয়াছে :

The School will remain closed tomorrow the 9th inst. for the great Hindu festival, Ghanta Karan Puja.”

কিছুক্ষণ পরে ছুটির ঘণ্টা বাজিবার সঙ্গে সঙ্গে ছেলের দল মহাকলরব করিয়া বাহির হইয়া গেল।

যত্নবাবুকে ডাকিয়া হেডমাস্টার বলিলেন, আপনি আর ক্ষেত্রবাবু ফোর্থ ক্লাসের ছেলেদের মিউজিয়াম আর জু'তে বেড়াতে নিয়ে যেতে পারবেন ?

—খুব স্মার।

—দেখবেন, যেন ট্রাম থেকে পড়ে না যায়—একটু সাবধানে নিয়ে যাবেন। আর এই টাকা, আনুষ্ঠানিক খরচ আর ছেলেদের টিফিন। ছেলেদের বেশ করে বুঝিয়ে দেবেন। সব দেখাবেন।

যত্নবাবু স্কুলের সামনের বারান্দাতে গিয়া দাঁড়াইলেন। ছেলেরা দুই সারিতে দাঁড়াইল হেডমাস্টারের বেতের ভয়ে। ড্রিল মাস্টারের আদেশ অনুযায়ী তাহারা মার্চ করিয়া চলিল। কিন্তু খুব বেশীক্ষণের জগ্ন নয়, রাত্তার মোড়ে আসিয়া তাহারা আবার দাঁড়াইয়া গেল।

যত্নবাবু অনেক পিছনে ছিলেন, ছেলেদের সঙ্গে সমান তালে আসিবার ব্যঙ্গ তাঁহার নাই। ক্ষেত্রবাবু আর একটু আগাইয়া ছিলেন, তিনি দৌড়িয়া গিয়া বলিলেন, দাঁড়ালি কেন রে ?

—আমরা ট্রামে যাব স্মার।

—ট্রামের পয়সা কাছে আছে সব ?

জুই-একজন বড় ছেলে সাহস সঙ্কয় করিয়া বলিল, স্কুল থেকে পয়সা দেয় নি স্মার ?

—কুই, না। আমার কাছে তো দেয় নি। যত্নবাবুর কাছে আছে কিনা জানি না, দাঁড়াও, দেখি।

ইতিমধ্যে যত্নবাবু আসিয়া ইহাদের কাছে পৌঁছিলেন : কী ব্যাপার ? দাঁড়িয়েচে কেন ?

—আপনার কাছে ট্রামের ভাড়া দিয়েছেন হেডমাস্টার।

—হ্যাঁ। কিন্তু সে চোরকীর মোড় থেকে—এখানে চড়লে পয়সায় কুলুবে না। আপনি ওদের নিয়ে যান, আমি আর হাঁটতে পারছি নে। ট্রামে যাই।

—তবে আমিও ট্রামে যাই। ওরা হেঁটে যাক।

সেই ব্যবস্থাই হইল। যত্নবাবু ও ক্ষেত্রবাবু ট্রামে চোরকীর মোড়ে আসিয়া ছেলেদের জগ্ন অপেক্ষা করিলেন। ক্ষেত্রবাবু বলিলেন, আমি কিন্তু কালীঘাট যাচ্ছি আমার বন্ধুর বাড়ী, আমি জু'তে যাব না।

স্ক্রুবারু কালীঘাটের ট্রামে উঠিয়া পড়িলেন। যত্নবাবু দলবল সমেত এদিকের গাড়িতে উঠিলেন। খিদিরপুরের ট্রাম হইতে নামিয়া ছেলেরা হৈ-হৈ করিয়া জুর দিকে ছুটিল। যত্নবাবু জু' অনেকবার দেখিয়াছেন, তিনি কি ছেলেদের দলে মিশিয়া হৈ-হৈ করিবেন এখন ? একটা গাছের তলায় বসিলেন, পড়িয়া দেখিলেন, গাছের নাম 'পুত্রনজীর রক্তবার্জি'—জীব-পুত্রীকা বৃক্ষ। এই বৃক্ষের ফলের বীজ মৃতবৎসা নারীর গলায় পরাইয়া দিলে ছেলে হইয়া মরে না। তাঁহার স্ত্রীও মৃতবৎসা। এখন ফল লইয়া গেলে কেমন হয় ? বয়স অনেক হইয়া গিয়াছে। বোধ হয় সুবিধা হইবে না।...কী চমৎকার ওই ছেলেটা ! প্রজ্ঞাব্রত, যেমন নাম, তেমনই দেখিতে। ছেলে যদি হইতে হয়, প্রজ্ঞাব্রতের মত।

একটি ছেলের দল সম্মুখ দিয়া যাইতেছিল, তাঁহাকে দেখিয়া বলিল, স্মারু, আমাদের একটু দেখাবেন ?

—কী দেখাব ?

—স্মারু, অনেক পাখি-জানোয়ারের নাম লেখা আছে, বুঝতে পারছি নে। একটু আনুন না স্মারু।

—হ্যাঁ, আমার এখন ওঠবার শক্তি নেই। তোরা নিজেরা গিয়ে দেখুগে যা। প্রজ্ঞাব্রত কোথায় রে ?

—অন্ত দিকে গিয়েছে স্মারু, দেখছি নে। যাই তবে স্মারু।

যত্নবাবু আপন মনে বসিয়া বসিয়া হিসাব করিলেন। সাহেব ছেলেদের টিফিনের জন্য পাচ টাকা দিয়াছে—ছেলে মোট ত্রিশ জন, ছেলে-পিছু দুই টুকরো রুটি আর একটু মাখন দিলে টাকা দেড়-দুই খরচ। বাকী টাকা পকেটস্থ করা যাইবে। নগদে আড়াই টাকা লাভ।

ফিরিবার পথে ছেলের দল অনেকে সরিয়া পড়িল এদিক ওদিক। কেহ গেল ময়দানে হকিখেলা দেখিতে, কেহ কাছাকাছি অঞ্চলে কোন মাসী-পিসীর বাড়ী গিয়া উঠিল। যত্নবাবু মনে মনে হিসাব করিয়া দেখিলেন, দেড় টাকার মধ্যে বাকী ছেলেদের রুটি মাখন ভাল করিয়াই চলিবে। নিউ মার্কেট হইতে নিজেই তিনখানা বড় রুটি ও কিছু মাখন কিনিলেন, মিউজিয়াম হইতে বাহির হইয়া মাঠে খসাইয়া ছেলেদের খাওয়াইয়া দিলেন।

ছেলেরা পাছে আবার ট্রামের পয়সা চাহিয়া বসে, এই ছিল যত্নবাবুর ভয়। কিন্তু ছেলেরা বৈকালবেলা মুক্তির আনন্দে কে কোথায় চলিয়া গেল। ছেলেরা অত হিসাব বোঝে না, হেডমাস্টার ট্রামের পয়সা দিয়াছিলেন কি না—সে কৈফিয়ৎ কেহ লইল না। যত্নবাবু একা বাসার দিকে চলিতে চলিতে সতৃষ্ণ নয়নে ধর্মতলার মোড়ে গ্লোব রেস্টুরেণ্টের দিকে চাহিলেন। চপ-কাটলেট-ভাজার স্নুক্রুচি-ব্রাণ ফুটপাথের দক্ষিণ হাওয়ারকে মাতা ইয়াছে। পকেটে নগদ আড়াই টাকা উপরি-পাওনা—বাড়ীর একঘেয়ে সেই ডাঁটাচচ্চড়ি আর কুমড়োভাজা খাইতে খাইতে ষৌবন চলিয়া গেল। যদি পেটে ভাল করিয়া না খাইলাম তবে চাকুরি করা কী জন্ত ? চক্ষু বুজিলে সব অন্ধকার। ছেলে নাই, পিলে নাই, কাহার জন্য খাটিয়া মরা !

রেস্টুরেণ্টে ঢুকিয়া দুইখানা ফাউল কাটলেট, দুইখানা চপ, এক প্লেট কোম্বা, দুইখানা

টাকাই পরোটা অর্ডার দিয়া যত্নবাহু মহাশুশির সহিত আপন মনে উদরসাৎ করিতেছেন, এমন সময় ফুটপাথ দিয়া প্রজ্ঞাত্রতকে যাইতে দেখিয়া ডাকিলেন, ও প্রজ্ঞা, ওরে শোন্ শোন্—

প্রজ্ঞাত্রত হকিখেলা দেখিয়া বাড়ী যাইতেছিল, উকি মারিয়া বলিল, স্ত্রাব, আপনি এখানে ?

—শোন্ শোন্, বোস। খাবি ?

—না স্ত্রাব, আপনি খান।

—কেন, বোস না। আয়। এই বয়, দুখানা চপ আর দুখানা কাটলেট দাও তো।

প্রজ্ঞাত্রত দুই-একবার মুহু প্রতিবাদ করিয়া খাইতে বসিল। যত্নবাহু তাহাকে জোর করিয়া এটা-ওটা আরও খাওয়াইলেন। যাইবার সময়ে তাহাকে বলিলেন, একটা সিগারেট কিনে আন তো, এই নে পয়সা।

সিগারেট ধরানো হইলে দুইজনে কিছুক্ষণ ধর্মতলা ধরিয়া চলিলেন।

একটা গ্যাস-পোস্টের নীচে আসিয়া যত্নবাহু বলিলেন, হ্যা রে, তুই টাকা দিয়েছিলি ?

—কিসের স্ত্রাব ?

—এই আজ জুতে আসবার জন্যে।

—হ্যা স্ত্রাব, চার আনা।

যত্নবাহু একটা সিকি বাহির করিয়া প্রজ্ঞাত্রতের হাতে দিয়া বলিলেন, এই নে, নিয়ে যা—কাউকে বলিস নে—

প্রজ্ঞাত্রত বিস্মিত হইয়া বলিল, ও কী স্ত্রাব ? জু দেখলাম, ট্রামে গেলাম, কটি মাখন খাওয়ালেন তখন—

—তুই নিয়ে যা না। তোর অত কথার দরকার কী ? কাউকে বলবি নে।

—না স্ত্রাব, আমি নেব না—

—নে বলচি, ফাজলামো করিস নে,—নিয়ে নে—

প্রজ্ঞাত্রত আর স্বিকৃতি না করিয়া হাত পাতিয়া সিকিটি লইল।

—আমার এই গলি স্ত্রাব, যাই আমি।

—চল না, আমায় একটু এগিয়ে দিবি। বেশ লাগে তোর সঙ্গে যেতে।

প্রজ্ঞাত্রত অনিচ্ছার সহিত আরও কিছু দূরে গিয়া ওয়েলিংটন স্ট্রীটের মোড়ে আসিয়া বলিল, যান স্ত্রাব, আমি আর যাব না—

পরদিন যত্নবাহু হেডমাস্টারের কাছে আট টাকা দশ আনার এক বিল দাখিল করিয়া বিনীতভাবে জানাইলেন, দশ আনা বেশী খরচ হইয়া গিয়াছে—ট্রামভাড়া, ছেলের খাওয়ানো, আনুষ্ঠানিক খরচ।

হেডমাস্টার বলিলেন, ওয়েল, এই নাও দশ আনা।

ছেলেরা কিন্তু ক্লাসে বলাবলি করিতে লাগিল, যত্নবাহু তাহাদের কিছুই খাওয়ান নাই।

হেডমাস্টার কত টাকা যত্নবাহুর হাতে দিয়াছেন, কেহ কেহ তাহাও অস্বস্তান করিবার চেষ্টা করিতে ছাড়িল না।

প্রজ্ঞাতরত সকলকে বলিল,- যত্নবাবু শ্রোব রেস্টুরেন্টে বসিয়া মনের সাথে চপ-কার্টলেট খাইতেছিলেন, সে পথ দিয়া ষাইবার সময় দেখিয়াছে। তাহাকে যে খাওয়াইয়াছেন, সে কথা প্রকাশ করিল না।

যত্নবাবু ফোর্থ ক্লাসে তৃতীয় ঘণ্টায় পড়াইতে গিয়া দেখিলেন, ব্ল্যাকবোর্ডে লেখা আছে— শ্রোব রেস্টুরেন্ট, চপ এক আনা, মুর্গির কার্টলেট দশ পয়সা! জু হইতে ফিরিবার পথে সকলে খাইয়া যান!

যত্নবাবু দেখিয়াও দেখিলেন না। টিফিনের ঘণ্টায় প্রজ্ঞাতরতকে আড়ালে ডাকিয়া বলিলেন, এসব কে লিখেছে বোর্ডে? তুই কিছু বলেছিস?

সে বলিল, না শ্রাব্, আমি কাউকে বলি নি।

—আর কেউ দেখেছিল আমাকে, বললে কেউ?

—তাও শ্রাব্ আমি জানি না—

মিঃ আলমের চোখে লেখাটি পড়িল টিফিনের পরের ঘণ্টায়। মিঃ আলম কুটবুদ্ধিসম্পন্ন লোক, জিজ্ঞাসা করিল, এসব কী?

ছেলেরা পরস্পর গা-টেপাটিপি করিল। দুইজন বইয়ের আড়ালে মুখ লুকাইয়া হাসিল।

—কী, বল না। মনিটার!

একজন লম্বা ছেলে উঠিয়া বলিল, কী শ্রাব্?

—এ কে লিখেছে?

—দেখি নি শ্রাব্।

—হঁ। কাল তোরা জু'তে গিয়েছিলি কার সঙ্গে?

—যত্নবাবু ও ক্ষেত্রবাবুর সঙ্গে গিয়েছিলাম। তবে ক্ষেত্রবাবু কালীঘাট চলে গেলেন, যত্নবাবু ছিলেন।

মিঃ আলম জেরা করিয়া সংগ্রহ করিলেন, তাহারা কী খাইয়াছিল, কত দূর ট্রামে গিয়াছিল ইত্যাদি। হেডমাস্টারকে আশিয়া বলিলেন, কাল ক টাকা দিয়েছিলেন শ্রাব্ যত্নবাবুকে? ছেলেরা তো হু টুকরো রুটি আর মাখন খেয়েছে, ষাবার সময় একবারই ট্রামে গিয়েছিল, আর এসেছিল মিউজিয়াম পর্যন্ত। আর কোনও খরচ হয় নি।

—তিন টাকা ট্রামভাড়া আর পাঁচ টাকা টিফিন—যত্নবাবু আট টাকা দশ আনার বিল দিয়েছে।

—শ্রাব্, আপনি অহুসঙ্কানের ভার যদি আমার ওপর দেন, আমি প্রমাণ করব—যত্নবাবু স্কুলের টাকা চুরি করেছেন। উনি নিজে ফেরবার পথে চপ-কার্টলেট খেয়েচেন দোকানে বসে, ফোর্থ ক্লাসের প্রজ্ঞাতরত দেখেছে। সে আপনার কাছে সব বলতে রাজী হয়েছে। ডেকে নিয়ে আসি তাকে যদি বলেন। যত্নবাবু শিক্ষকের উপযুক্ত কাজ করেন নি, ছেলেদের খাওয়ান নি অথচ স্কুলে বাড়তি বিল দিয়েচেন—এ একটা গুরুতর অপরাধ। আমার ধারণা

উনি এ রকম আরও কয়েক বার করেছেন—জু'তে ছেলেকের নিয়ে বাবার সম্মত ৩ই উনি সকলের আগে পা বাড়ান। ক্লাকবোর্ডে ছেলেরা যা-তা লিখতে শুরু নায়ে।

হেডমাস্টার হাসিয়া বলিলেন, লেট্ গো মি: আলম। এ বিষয়ে আর কিছু উত্থাপন করবেন না। হাজার হলেও আমাদেরই একজন টীচার, সহকর্মী—ছেড়ে দিন ও-কথা। আই ভোর্ট গ্রাজ দি পুওর কেলো এ কাটলেট অর টু—

গ্রায়ের ছুটির আর দেরি নাই। অত্র সব স্কুলে মনিং-স্কুল আরম্ভ হইয়া গিয়াছে, কিন্তু এ স্কুলে হেডমাস্টারের কাছে বহু দরবার করা সত্ত্বেও আজো মনিং-স্কুল হয় নাই। হেডমাস্টারের ধারণা, মনিং-স্কুল হইলে লেখাপড়া ভাল হয় না ছেলেকের। ক্লাসে ক্লাসে পাখা আছে, মনিং-স্কুলের কী দরকার।

ডেপুটেশনের পর ডেপুটেশন হেডমাস্টারের আপিসে গিয়া বার্থকাম হইয়া ফিরিল। অবশেষে সকলে মি: আলমকে গিয়া ধরিল। হেডপণ্ডিত বলিলেন, যান মি: আলম, বুঝিয়ে বলুন একবারটি।

আলমের ধারা স্কুলের ক্ষতিজনক কোনও কার্য হওয়া সম্ভব নয়, তিনি জানাইলেন।

অবশেষে অত্র সব মাস্টার জোট পাকাইয়া হেডমাস্টারের আপিসে গেলেন। ক্লার্কওয়েল একঙ'য়ে প্রকৃতির মাছ, বাহা ধরিয়াজেন তাহা নড়চড় হইবার জো নাই। কাহারও কথায় কর্ণপাতও করিলেন না। বরং ফল হইল, যে সব মাস্টার দরবার করিতে গিয়াছিলেন তাঁহাদের উপর নানারকম বেশী খাটুনির চাপ পড়িল।

ছুটির পর প্রায়ই স্কুল হইতে মাস্টারদের চলিয়া যাইবার উপায় থাকিত না। প্রথমত লিখো করিতে হইবে, ক্লাসের ট্রান্সেশন দেখিয়া তুল-ভ্রাস্তি শুদ্ধ করিয়া তাহা হেডমাস্টারের টেবিলে পেশ করিতে হইবে। হেডমাস্টার দেখিবেন, ঠিকমত খাতা দেখা হইয়াছে কি না!

আজ ছকুম হইল, প্রত্যেক শিক্ষক প্রতি দিন প্রত্যেক ক্লাসে কী পড়াইবেন তাহা নোট করিবেন, সে নোট আবার সাহেবের কাছে দাখিল করিতে হইবে।

হেডমাস্টার বলিলেন, স্কুলে পাখা আছে, মনিং-স্কুল কী জন্তে? যে সব মাস্টারের না পোষাবে, তিনি চলে যেতে পারেন। মাই গেট ইজ ওপ্‌ন—

গলদঘর্ষ হইয়া মাস্টারেরা আর দিন-চারেক স্কুল করিলেন। তারপর একদিন অপ্রত্যাশিত ভাবে হঠাৎ সারকুলার বাহির হইল, কাল হইতেই মনিং-স্কুল। ক্লার্কওয়েলের সব কাজই ওই রকম—পরের কথায় বা বুদ্ধিতে তিনি কিছুই কাজ করিবেন না, নিজের খেয়ালমত চলিবেন।

মনিং-স্কুল বসিবে ছ'টায়। দূরে যে সব মাস্টার থাকেন, তাঁহারা শেষরাত্রে উঠিয়া রওনা না হইলে আর ছয়টায় আসিয়া হাজিরা দিতে পারেন না। তাহার উপর লাড়ে দশটার ছুটির পর রোজ বেলা লাড়ে এগারোটা পর্যন্ত শিক্ষকদের লইয়া পরামর্শ-সভা বসিবে।

সভার কার্য-প্রণালী নিম্নোক্ত রূপ :—

১। সেভেন্থ্ ক্লাসে কী করিয়া হাতের লেখার উন্নতি করা যায়?

বি. নং. ৭—২

২। খার্ড ক্লাসে ছেলেরা ঋতিলিখনে কাঁচা—কী ভাবে তাহারা ঋতিলিখনে উন্নতি করিতে পারে ?

৩। একজন টীচার কাল ক্লাসে বাজে গল্প করিয়াছিলেন—টাহার সন্ধে কী ব্যবস্থা করা যায় ?

হেডমাস্টার প্রথমে বলিলেন, আচ্ছা, সেভেন্থ্ ক্লাসের হাতের লেখা সন্ধে কার কী মত ? কুৎ-পিপাসায় পীড়িত টীচারের দল মনের বিরক্তি চাপিয়া চাকুরির খাতিরে মুখে কৃত্রিম উৎসাহ ও গভীর চিন্তার ভাব আনিয়া একে একে আলোচনায় যোগ দিলেন।

কাহারও কাকি দিবার উপায় নাই, কেহ চূপ করিয়া উদাসীন হইয়া বলিয়া থাকিবেন, তাহার জো কী ? হেডমাস্টার অমনি বলিবেন, যদুবাবু, হোয়াই ইউ আর সাইলেন্ট ?

সর্বশেষে মিঃ আলমের দিকে চাহিয়া হাসিমুখে সাহেব বলিলেন, নাউ স্মার্ট্ লাগ্ট লেট্ আস হিয়ার মিঃ আলম।

মিঃ আলম গভীর মুখে উঠিলেন। যেন 'প্রাইম মিনিষ্টার' কোনো গুরুতর বিল আলোচনা করিবার জন্য টেজারি বেঞ্চ হইতে উঠিয়া দাঁড়াইলেন। মিঃ আলমের হাতে তিন পাতা লেখা কাগজ, সেভেন্থ্ ক্লাসের হাতের লেখা ভাল করা সন্ধে এক গুরুগভীর নিবন্ধ। তাহার মধ্যে কত উদাহরণ, কত প্রস্তাব, কত মহাজন-বাণী উদ্ধৃত।

মিঃ আলম মাথা দুলাইয়া সতেজ উচ্চারণের সহিত গোটা নিবন্ধটা পড়িয়া গেলেন, "অনু দি বেটারমেন্ট্ অফ্ হাওয়ার্টিং অফ্ সেভেন্থ্ ক্লাস বয়েজ"—ঝাড়া মশ মিনিট লাগিল।

টীচারদের সভা চূপ। হেডমাস্টার বলিলেন, মিঃ আলম একজন আদর্শ শিক্ষক। এ কথা আমি কতদিন বলেছি। মাসুকের মত মাসুখ একজন। কারও কিছু বলবার আছে মিঃ আলমের প্রবন্ধ সন্ধে ? নারায়ণবাবু ?

বুদ্ধ নারায়ণবাবু একটা কী সংশোধন প্রস্তাব উত্থাপন করিলেন।

—ওয়েল, যদুবাবু ?

যদুবাবু বিনীতভাবে জানাইলেন, টাহার কিছু বলিবার নাই। মিঃ আলমের প্রবন্ধের পর আর বলিবার কী থাকিতে পারে।

—ওয়েল, স্ক্রিবাবু ?

—না স্যার, আমার কিছু বলবার নেই।

এক পর্ব শেষ হইল। বেলা সাত্বে এগারোটা বাজে, জ্যেষ্ঠের মৌজে রাত্তার পিচ গলিয়া গিয়াছে। অনেকে চিন্তা করিতেছেন, বাড়ী কিরিয়া আঁর আনের জল পাওয়া বাইবে না। চোবাচ্চার ছুই ইঞ্চি জলও থাকে না এত বেলায়। অথচ কিছু বলিবার জো নাই, সাহেব বলিবেন, সাই গেট ইজ এপ্—

ট্রিক বারোটার সময় 'টীচার্স মিটিং' সাজ হইল।

বাহিরে পা দিয়াই যদুবাবু বলিলেন, ব্যাটা কী খোশামুদে ! দেখলে তো একবার ! আবার এক প্রবন্ধ লিখে এনেছে। কাজের খাঁট কত।

ক্ষেত্রাবু বলিলেন, একেবারে লর্ড বেকন্—“অন দি বেটারমেন্ট অফ হ্যাণ্ডরাইটিং অফ সেভেন্থ ক্লাস বয়েজ”। হামবাগ কোথাকার !

ষড়বাবু বলিলেন, আর এক খোশামুদে ওই নারাগবাবু। তোর কোনো কুলে কেউ নেই, মদ্রিসি হয়ে যা। দরকার কী তোর খোশামুদির ?

নীচের ক্লাসের একজন টাচার য়েসে থাকিতেন। তিনি সামান্ত মাহিনা পান, মুখ ফুটিয়া কিছুই বলিতে সাহস পান না। তিনি কতকটা আপন মনেই বলিলেন, কোনদিন নাইতে পারি নে—আজ মনিং-স্কুল হয়ে পাঁচ দিন নাই নি।

ষড়বাবু বলিলেন, এই বলে কে ! কই, তুমি তো মুখ ফুটে কথাটা বলতে পারলে না ভায়া সাহেবকে।

—আপনারা সিনিয়র টাচার য়েসেচেন, কিছু বলতে পারেন না। আমি চুনো-পুঁটি—আমার সাহস কী ?

—ওই তো দোষ ভায়া। ওতেই তো পেয়ে বসে। প্রোটেষ্ট করতে হয়—মেনে নিলেই বিপদ।

—আপনারা প্রোটেষ্ট করুন গিয়ে দাদা, আমার দ্বারা সম্ভব নয়।

গ্রীষ্মের ছুটি পর্য্যন্ত প্রায়ই এই রকম চলিল। গ্রীষ্মের ছুটি আসিয়া পড়িবার দেরি নাই। ছেলেরা সে দিন গান গাহিবে, আবৃত্তি করিবে। দুই-একজন শিক্ষক তাহাদের তালিম দিবার ভার লইয়া স্কুলের কাজ হইতে অব্যাহতি পাইয়াছেন।

হঠাৎ শোনা গেল, গ্রীষ্মের বন্ধের পূর্বে মাস্টারদের মাহিনা দেওয়া হইবে না।

দুই মাসের বেতন এই সময়ে একসঙ্গে পাওয়ার কথা। মোটেই পয়সা দেওয়া হইবে না। শুনিয়া মাস্টারদের মুখ শুকাইয়া গেল। হেডমাস্টারের কাছে দরবার শুরু হইল। হেড-মাস্টার বলিলেন, আমি বা মিস্ জিবসন্ এক পয়সা নেব না—কেউ কিছু নিচ্ছি না। মাইনে আদায় যা হয়েছিল, কর্পোরেশনের ট্যাক্স আর বাড়ী-ভাড়াতে গেল।

দুই-একজন শিক্ষক একটু ক্রুদ্ধ স্বরে বলিলেন, আমরা তবে খাব কি ?

—আমি জানি না। আপনাদের না পোষায়, মাই গেট ইঁজ ঔপন্—

গ্রীষ্মের ছুটিতে প্রত্যেক মাস্টারের উপর দুই-তিনটি প্রবন্ধ লিখিয়া আনিবার ভার পড়িল—ছাত্রদের প্রতি কর্তব্য, বিভিন্ন বিষয় পড়াইবার প্রণালী প্রভৃতি সম্বন্ধে। মাস্টারদের দল মুখে কিছু বলিতে পারিলেন না। মনে মনে কেহ চটিলেন, কেহ ক্রুদ্ধ হইলেন।

ষড়বাবু বলিলেন, ওঃ, ভাত দেবার কেউ নয়, কিল মারবার গোসাঁই ! মাইনের সঙ্গে খোঁজ নেই, প্রবন্ধ লিখে নিয়ে এস—দায় পড়েচে—

ক্ষেত্রাবু অনেক দিন পরে গ্রামের বাড়ীতে আসিলেন, সঙ্গে স্ত্রী নিভাননী ও দুই-তিনটি ছেলে-মেয়ে।

আজ প্রায় ছয় বছর পৈতৃক ভিটাতে আছেন মাই। চারিধারে জঙ্গল, বাড়ীঘরে গাছ গুকাইয়াছে। জমিজমা, আশ-কীঠালের বাগান বাছা আছে, বারোমুতে লুটিয়া খাইতেছে।

গ্রামের নাম আম্‌সিংড়ি—কয়েক ঘর গোয়ালার ব্রাহ্মণ এ গ্রামে বেশ সমৃদ্ধিশালী গৃহস্থ, ধান পুকুর ভূমিজমা যথেষ্ট তাহাদের। অন্ত কোন ভাল ব্রাহ্মণ গ্রামে নাই, কারণ আছে কিছু, গোয়ালার জেলে ছুতার কৰ্মকার এবং বাট-সস্তর ঘর মুসলমান—এই লইয়া গ্রাম।

গ্রামে জঙ্গল খুব, বড় বড় আম-কাঁঠালের বাগান। ক্ষেত্রবাবুর পৈতৃক বাড়ী কোঠা, বড় বড় চার-পাঁচখানা ঘর; কিন্তু মেরামতের অভাবে ছাদ দিয়া জল পড়ে। বাড়ীর উঠানে বড় বড় কাঁঠালগাছে অনেক কাঁঠাল ফলিয়াছে, নারিকেলগাছে ডাবের কাঁদি ঝুলিতেছে। বাড়ীর সামনে পুকুর, সেখানে কৰ্ত্তাদের আমলে বড় বড় মাছ জাল দিয়া ধরা হইত, আজ কিছু নাই। শরিক এক জ্যাঠাতুতো ভাই এতদিন সব খাইতেছিল, আজ বছর দুই হইল সে উঠিয়া গিয়া শস্তর-বাড়ী বাস করিতেছে।

সকালে উঠিয়া ক্ষেত্রবাবু গ্রামের প্রজাদের ডাকাইলেন। সকলে আসিয়া প্রণাম করিল এবং এতদিন পরে তিনি গ্রামে আসিয়াছেন ইহাতে যথেষ্ট আনন্দ প্রকাশ করিল।—বাণ-পিতামহের ভিটা ছাড়িয়া বাহিরে না গেলে কি অন্ন হয় না? বাবু এখানে থাকুন, তাহার ধানের জমি করিয়া দিবে, চলিবার সব ব্যবস্থা করিয়া দিবে। ক্ষেত্রবাবুও ভাবিলেন, সাহেবের ঠাণ্ডা থাকিয়া দিনরাত্রি দাসত্ব করার চেয়ে এ কত ভাল। ‘টাচার্গ মীটিং’ নাই, দুই বটা করিয়া প্রতি দিন খাতা করেই করিবার হালুমা নাই, মি: আলমের ধূঁস চক্ষুর চাহনিতে আর ভয় খাইতে হইবে না—এই তো কত চমৎকার! নাকে মুখে গুঁজিয়া ফুলে দৌড়িবার তাড়া থাকিবে না।

নিভাননী হাসিয়া বলিল, দুধ এখানকার কী চমৎকার গো! ইটলিতে এমন দুধ কিন্তু দেয় না গোয়ালার।

ক্ষেত্রবাবু বলেন, কোথেকে সেখানকার গোয়ালারা ভাল দুধ দেবে? তা দিতে পারে কখনও?

দিনকতক ভাল দুধের পায়ের পিঠে খাওয়া হইল। বাড়ীতে সত্যনারায়ণের সিন্নি দেওয়া হইল একদিন। ইতিমধ্যে আম-কাঁঠাল পাকিয়া উঠিল, ছেলে-মেয়েরা প্রাণ পুরিয়া আম খাইল।

গ্রামের দক্ষিণে জেলের মাঠ, অনেক খেজুর পাকিয়াছে গাছে গাছে, ক্ষেত্রবাবু ছেলে-মেয়েদের হাত ধরিয়া মাঠে গিয়া খেজুর কুড়াইয়া বাল্যের আনন্দ আবার উপভোগ করেন—যখন এ গ্রাম ছাড়া আর কোথাও বৃহত্তর ছুনিয়ার স্থান ছিল না, এই গ্রামের আম আমড়া কুল বেল খাইয়া একদিন মাহুৰ হইয়া উঠিয়াছিলেন, যখন এ গ্রামের মাটি ছিল পৃথিবীর জীবনের একমাত্র নোঙর, ফুহের মধ্যেও সে পরিধি ছিল অসীম—সে সব দিনের কথা মনে হয়।

তারপর তিনি বি-এ পাস করিলেন, এখানে আর থাকা চলিল না, বিদেশে চাহুরি লইতে হইল। কৰ্ত্তারাও সব পরলোকে চলিয়া গেলেন—গ্রামের সঙ্গে সংযোগ-স্বত্ব ছিন্ন হইল। লক্ষ্যারশিয়ালের ডাকে পিতৃপুরুষের ভিটা মুখরিত হইতে লাগিল। মধ্যে বার-দুই এখানে আসিয়াছেন—৩৫ ও বছর পাঁচ-ছয় আগেকার কথা, আর আসা ঘটে নাই। পনেরো টাকা

ভাড়া কলিকাতার গলিতে একখানা ঘর ভাড়া করিয়া থাকা, বারান্দায় ছোট্ট এডটুকু রাখাঘর, ধোঁয়া দিলে বাড়ীতে টেকা দায়। এমন দুখ টাটকা তরকারি চোখে দেখা যায় না। ক্ষেত্রবাবু দীর্ঘনিঃশ্বাস কেলিয়া ভাবেন, কী হইলে আবার আসিয়া গ্রামে বাস করিতে পারেন! পুরানো দিনের সুখ আবার ফিরিয়া আসে যদি, ক্ষেত্রবাবু তাঁহার জীবনের অনেকখানিই যে-কোন দ্বেবতাকে দানপত্র করিয়া দিতে রাজী আছেন। ক্ষেত্রবাবু গ্রামের প্রজাদের সঙ্গে পরামর্শ করিতে লাগিলেন। গ্রামে থাকিলে তাঁহার সংসার চলিবার বন্দোবস্ত হয় কি না! সকলেই উৎসাহ দিল, ধানের জমি আছে তাহাতে বছরের ভাতের টানাটানি হইবে না—ক্ষেত্রবাবু গ্রামেই থাকুন।

একদিন নিভাননী বলিল, আর কদিন ছুটি আছে তোমার গো ?

ক্ষেত্রবাবু বলিলেন, কেন

—না, তাই বলছি।

দিন উনিশ কাটিয়াছে সবে, এখনো প্রায় একমাস। সত্য কথা যদি স্বীকার করিতে হয়, ছুটিটা একটু বেশীই হইয়া গিয়াছে। এতদিন ছুটি না দিলেও চলিত।

নিভাননীর দিন আর কাটে না। এখানে সে কথা বলিবার মাহুষ খুঁজিয়া পায় না, ঘুরিয়া-ফিরিয়া সেই বড়-গিন্নী আর তাহার মেয়ে সরলা। আর আছে কয়েকটি গোয়ালার মেয়ে। কোন আন্দোল নাই, আন্দোল নাই—বন-জঙ্গলের মধ্যে আর দিন কাটিতে চায় না। তাহার উপর উনি নাকি এখানে থাকিবার ব্যবস্থা করিতেছেন, এখানে মাহুষ বারমাস থাকিলে পাগল, নয় তো কৃত হইয়া যায়। বাড়ীর পিছনে বাঁশবনের নীচেই, মিনিট কয়েকের পথ দূরে শীর্ণকার চূর্ণিন্দী, টলটলে কাচের মত জল—রোজ এই বাগানের ভিতর দিয়া স্নানে ঘাইবার সময় নিভাননীর ভয় হয়। উঁচু উঁচু আমগাছে পরগাছা ঝুলিতেছে, কালপ্যাচার গম্ভীর স্বরে দিন দুপুরেও বৃকের মধ্যে কেমন করে। স্নান করিতে নামিয়া কি মনে বেশ আনন্দ হয়, এত জল এবং এমন কাকের চোখের মত জল কলিকাতায় কল্পনাও করা যায় না।

বাঁশের চ্যালা পুড়াইয়া উনানে রান্না—কয়লা নাই, বাড়ীতে জল নাই, নিভাননীর এসব অভ্যাগ নাই। কলিকাতায় রান্নাঘরের মধ্যেই কলের জলের পাইপ। এখানে মাহুষ থাকে না। সময় যেখানে কাটিতে চাহে না, সে জায়গা আর যাহাই হউক, ভ্রমলোকের বাসের উপযুক্ত নয়।

ছেলেমেয়েদেরও এ জায়গা ভাল লাগে না। বড় ছেলে পাঁচু কেবল বলে, মা, কলিকাতায় কবে যাওয়া হবে ?

তাহাদের বাড়ীর সামনে ছোট্ট পার্কটাতে প্রতি বৈকালে টুহু হাবু রণজিৎ হীক, মজল সিং বলিয়া একটা শিশুর ছেলে, সুরেশ ভাঙ্গ কত ছেলে আসিয়া জোটে! পাঁচুর সঙ্গে উহাদের সকলের খুব ভাব। পার্কে ঝোলনা টাডানো আছে। গড়াইয়া পড়িবার লোহার ভোড়া খাটানো আছে, রোজ রোজ সেখানে কত কী খেলা, কত আন্দোল-আন্দোল!

রণজিতের বাড়ীর কাছেই—প্রসাদ বড়াল লেনে। পাঁচুর সঙ্গে রণজিতের খুব বন্ধুত্ব—

প্রায়ই তাহার বন্ধুর বাড়ী পাঁচু যাইত, রণজিতের মা খাইতে দিতেন, তারপরে রণজিতের বোন সূসি আর হিমির সঙ্গে তাহারা দুইজনে বসিয়া ক্যারাম খেলিত। সূসির অদ্ভুত টিপ, সৰু সৰু করসা আঙুল দিয়া স্ট্রাইকার ছটকাইয়া সামনের কাঠে রিবাউণ্ড করাইয়া কেমন অদ্ভুত কৌশলে সে গুটি ফেলিত। পাঁচু সূসির গুণে মুগ্ধ। অমন অদ্ভুত মেয়ে সে যদি আর কোথাও দেখিয়া থাকে !

হারিয়া গেলে সূসি হাসিয়া বলে, পারলে না পাঁচু, এইবার লালখানা ফেলেও হেরে গেলে !

লাল ফেলিলে কী হইবে, পয়েন্ট হইল কই ?' বোর্ডে যখন সাতখানা গুটি মজুত, তখন ওদিকে সূসির হাতের গুণে স্ট্রাইকার অসম্ভব সম্ভব করিয়া তুলিতেছে পাঁচুর বিস্মিত ও মুগ্ধ দৃষ্টির সম্মুখে। দেখিতে দেখিতে বোর্ড ফাঁকা, প্রতিপক্ষ সব গুটি পকেটে ফেলিয়াছে।

কী মজার খেলা ! কী মজার দিন !

এখানে ভাল লাগে না। কী আছে এখানে ? কুমোরপাড়ার ছেলেদের সঙ্গে মিশিয়া গৈয়ো খেলা যত সব ! কথা সব বাঙালে ধরনের, এখানে আর কিছুদিন থাকিলে পাঁচু বাঙাল হইয়া উঠিবে।

নিভাননী বলে, আজ পঁচিশ দিন হল, না ?

ক্ষেত্রবাবু হাসিয়া বলেন, দিন গুনছ নাকি ?

—ভাল লাগছে না আর, সত্যি !

—তা বটে। আমারও তেমন ভাল লাগছে না—বসে বসে আর দ্বিমে ঘুমিয়ে শরীর মট হল। একটা কথা বলবার লোক নেই, আছে ওই নন্দী মশায় আর জগহরি ঘোষ—ওরা ধানচালের দর নিয়ে কথাবার্তা বলে কেবল। কাঁহাতক ওদের সঙ্গে বসে গল্প করি ?

—আর কদিন আছে তোমার ?

—তা এখনও আঠাধরা-উনিশ দিন—কি তারও বেশী।

নিভাননী বলিল, ছেলেমেয়েদেরও আর ভাল লাগচে না। কালু আমায় বলচে, মা, আমরা কলকাতা যাব কবে ?

ক্ষেত্রবাবুও নিজের মনের ভাব দেখিয়া নিজেই অবাক হইলেন। যে ক্লার্কওয়েল সাহেবের স্কুলের নাম শুনিলে গায়ের মধ্যে জ্বালা ধরে, চাকুরির সময় যাহাকে কারাগার বলিয়া বোধ হইত, সেই স্কুলের কথা এখন যখন মনে হয় তখন যেন সে প্রশান্ত মহাশাগরের নারিকেল-দ্বীপপুঞ্জ-ঘেরা পাগো-পাগো দ্বীপ, চিরবসন্ত যেখানে বিরাজমান, পকি-কাকলীতে যাহার শ্রাম তীরভূমি মুখর—ইংরেজী টকি-ছবিতে যা দেখিয়াছেন কতবার। সেই সিঁড়ির ধর, তেতলার ছাদে মাস্টারদের সেই বিশ্রামকক্ষ, হেডমাস্টারের আপিসের রুটাকনি, মথুরা চাকরের সারসুলার-বই লইয়া ছুটাছুটি করিবার সেই সুপরিচিত হৃদয়—এসব কল্পনার বিষয় হইয়া দাঁড়াইয়াছে। মা, আর ভাল লাগে না, স্কুল খুলিলেই বাঁচা যায়।

নারায়ণবাবুর অবস্থা ইহা অপেক্ষাও খারাপ।

নারায়ণবাবু স্কুলের ঘরটিতে বারো মাস আছেন, কোথাও যাইবার স্থান নাই। সেই ঘর আশ্রয় করিয়া বহুদিন থাকিবার ফলে যখন টুইশানি সারিয়া নিজের ঘরটিতে ফেরেন, তখন সমস্ত মন প্রাণ স্বস্তির নিঃশ্বাস ফেলিয়া বলিয়া উঠে, বাড়ী এসে বাঁচা গেল! কত কালের পিছু-পিড়ানহের বাসভূমি যেন সাহেবের বাথরুমের পূর্বদিকের সেই এক-জানালা এক-দরজা-ওয়াল কুর্হুরিটা।

এ ছুটিতে নারায়ণবাবু গিয়াছিলেন তাঁহার এক দূর-সম্পর্কের ভায়ীর বাড়ী বরিশালে। চিরকাল কলিকাতায় কাটায়াছেন, বরিশালের পল্লীগ্রামে কিছুদিন থাকিয়াই তিনি হাপাইয়া উঠিলেন। গরীব স্কুল-মাস্টার হইলেও নাগরিক মনোবৃত্তি তাঁহার মজ্জাগত—সত্যিকার শহরে মাহুষ। এখানে সকালে উঠিয়া কেহ চা খায় না, লেখাপড়া-জানা মাহুষ নাই। এক বাড়াল মোক্তার আছে, পঞ্চানন লাহিড়ী—বয়সে নারায়ণবাবুর সমান, গ্রামে সে-ই একমাত্র লেখাপড়া জানা লোক। হইলে হইবে কি, লোকটার কথাবার্তায় বরিশালের টান তিনি ক্ষমা করিতে প্রস্তুত ছিলেন—কিন্তু সে গৌড়া বৈষ্ণব, ধর্মবাতিকগ্ৰস্ত বৈষ্ণব।

তাঁহার কাছে গিয়া বলিতে হয়, উপায় নাই। সন্ধ্যাবেলাটা কোথায় কাটানো যায় আর!

অমনি সে আরম্ভ করিবে—গোপিনীদের ভাব সম্বন্ধে উদ্ধব দাস কী বলিতেছেন—এটা বলিয়া লই—

নারায়ণবাবুকে বাধ্য হইয়া বলিয়া শুনিতে হয়। তিনি ধাঙ্গিক লোক নন, যোগবাশিষ্ট রামায়ণের দার্শনিক অংশ ছাড়া আর কিছু ভাল লাগে না তাঁর। লেসলি স্টিফেন এবং মিলের ছাত্র তিনি। পঞ্চানন মোক্তার কথা বলিতে বলিতে যখন দুই হাত তুলিয়া ‘আহা’ ‘আহা’ বলে, তখন নারায়ণবাবু ভাবেন, এই একটা নিতান্ত অজ-মুর্খের পান্নায় পড়ে প্রাণটা গেল দেখি!

মনে হয় শরৎ সান্ত্বালের কথা। শরৎ সান্ত্বাল অবসরপ্রাপ্ত এঞ্জিনিয়ার, নারায়ণবাবুর বহুদিনের বন্ধু—পাশের গলিতে এক সময় বড় বাড়ী ছিল, ছেলেরা রেস খেলিয়া বাড়ী উড়াইয়া দিয়াছে, এখন দুর্গাচরণ ডাক্তার রোডে ছোট ভাড়াটে বাড়ীতে বাস করেন, ছুটিছাটার দিনে সন্ধ্যার দিকে ধোপ-দোরস্ত পাঞ্জাবি গায়ে, ছড়িহাতে প্রায়ই নারায়ণবাবুর ঘরে আলিয়া বলেন ও নানাবিধ উচু ধরনের কথাবার্তা বলেন।

উচু ধরনের কথা নারায়ণবাবু পছন্দ করেন, গোপীভাবের কথা নয়।

কংগ্রেসের ভবিষ্যৎ কর্মসূচী, ওয়াশিংটন-চুক্তির ভিতরের রহস্য, আলিগড় বিশ্ববিদ্যালয়ের ডাইন-চ্যালেঞ্জরের বক্তৃতা, শিকামস্তা-সংক্রান্ত কথা প্রকৃতি আলোচনাকেই নারায়ণবাবু উচ্চ বিষয় বলিয়া থাকেন। বিংশ শতাব্দীর শিক্ষিত লোকে রামলীলার আধ্যাত্মিক ব্যাখ্যা লইয়া মাথা ঘামান না।

পঞ্চাননবাবু নিজে ইংরেজী-শিক্ষিত নহেন, সেকালের ছাত্রবৃত্তি-পাল মোক্তার, স্তবরাং

ইংরেজী শিক্ষার উপর হাড়ে চটা। পশ্চিম হইতে বাহা কিছু আনিয়াছে সব খারাপ, এ দেশে বাহা ছিল সব ভাল। কৃষ্ণদাস কবিরাজের (পঞ্চানন মোক্তার বলেন, কবিরাজ গোস্বামী) চৈতন্যচরিতামৃত তাঁহার মতে বাংলা সাহিত্যের শেষ ভাল গ্রন্থ।

পঞ্চানন মোক্তার গদগদ কর্তে বলেন, কী সব ইংরেজী বলেন আপনারা বুঝি না। কিন্তু কবিরাজ গোস্বামীর পর আর বই হয় না। বাংলায় আর বই নাই, লেখা হয় নাই তার পরে—

এ রকম লোকের সঙ্গে লেগলি ষ্টিকেন ও মিলের ছাত্র নারাণবাবু কী তর্ক করিবেন !

জীবনে তিনি একজন খাটি দার্শনিক দেখিয়াছিলেন—অম্বুকুলবাবু। নিজের জন্ত কখনও কিছু করেন নাই, স্কুল গড়িয়া তুলিবেন মনের মত করিয়া, ভাল শিক্ষা দিবেন তাঁহার স্কুলে, কলিকাতার মধ্যে একটি আদর্শ বিদ্যালয়ে পরিণত করিবেন স্কুলকে। ইহাকে কেন্দ্র করিয়াই তাঁহার স্বত করনা, স্বত আলোচনা—কত বিনিয়ন্ত্র রজনী যাপন করিয়াছেন স্কুলের ভবিষ্যৎ ভাবিয়া ! অমন সাধুগুরু জন্মায় না।

এই সব তিলক-কষ্টিধারী গোপীভাবে বিভোর লোকের মেরুদণ্ডহীন ব্যক্তিত্বের তুলনায় অম্বুকুলবাবু একটা পুরা মাছ। আর এই সাহেবটাও মন্দ নয়, অম্বুকুলবাবুর মত এও স্কুল বলিতে পাগল। স্কুলের স্বার্থ, ছাত্রদের স্বার্থ সবচেয়ে বড় ওর কাছে। তবে অম্বুকুলবাবু ছিলেন খাটি স্টেইক আর সাহেব এপিকিউরিয়ান্—এই যা তফাত।

যা হোক, নারাণবাবুর ভাল লাগে না—পঞ্চানন মোক্তারকে না, বরিশালের এ পাড়াগাঁ না। পঞ্চানন ছাড়া গ্রামে আরও অনেক মাছ আছে বটে, কিন্তু তাহাদের সঙ্গে নারাণবাবুর খাপ খায় না। নারাণবাবু ভাবেন, তাহারা ছেলে-ছোকরা, তাহাদের সঙ্গে কী মিশিবেন ! তা ছাড়া-যাচিয়া তিনি কাহারও সঙ্গে দেখা করিতে যাইবেন না। কলিকাতার লোক, একটু লাজুক ধরনেরও আছেন।

একদিন গ্রামের বাঁশুবনে জ্যৈষ্ঠ মাসের শেষে খুব বর্ষা নামিয়া বাঁশঝাড়ের রঙ-কালো দেখাইতেছে। চারিদিক ঘেঁষে বিস্তারিত গ্রামখানিকে, টারাসাদের ঘন জঙ্গলে বৃষ্টির ধারার শব্দ। গ্রামে এক জায়গায় গান-বাজনার মজলিশ হইবে, খুব আঁগ্রহ লইয়া নারাণবাবু সেখানে গিয়া দেখিলেন—পঞ্চানন মোক্তার, দীনবন্ধু শ্রাকরা গলায় ত্রিকষ্টি তুলসীর মালা বুলাইয়া মজলিশ জুড়িয়া বসিয়া। আরও অনেক উহাদের শিশু-প্রশিশু বসিয়া আছে। কিছুক্ষণ পরে কীর্তন শুরু হইল, নারাণবাবু চলিয়া আসিলেন—তাঁহার ভাল লাগে না।

কীর্তন কেন তাঁহার ভাল লাগে না, ইহা লইয়া পঞ্চানন মোক্তারের সঙ্গে তর্ক করিয়া একদিন তিনি হার মানিয়াছেন। পঞ্চানন মোক্তার বলে, কীর্তন বাংলার নিজস্ব জিনিস, লক্ষীতে বাংলার প্রধান ধান—এমন মধুর রসের জিনিস যে উপভোগ করিতে না শিখিল, তার অবগেন্দ্রিই মিথ্যা।

নারাণবাবু বলেন, তিনি বোঝেন না, তাঁহার ভাল লাগে না—মিটিয়া গেল। যে ভাল

অঁত তর্ক করিয়া বুঝাইতে হয়, তাহার মধ্যে তিনি নাই। 'বাংলাদেশের দান, বাংলাদেশের দান' বলিয়া চোঁচাইলে কী হইবে! বাংলাদেশ, বাংলাদেশ—তিনি নিজে নিজে। ইহার চেয়ে কথা আছে? 'মিটিয়া গেল।'

সেদিন সেখান হইতে বাহির হইয়া পল্লীগ্রামের উপর বিতৃষ্ণা ধরিয়া গেল নারায়ণবাবুর। কী বিশ্ৰী জায়গা এ সব, বৃষ্টির পরে বাঁশবনের চেহারা দেখিলে মনে হয়, কোথায় যেন পড়িয়া আছেন। এমন জায়গায় কি মানুষ থাকে! কলিকাতার ফুটপাথে কোথাও এতটুকু ধলাকাদা নাই—কি বিশাল জনশ্রোত ছুটিয়াছে নিজের নিজের কাজে, হুইচ-টিপিলেই আলো, কল টিপিলেই জল। সন্ধ্যার সময় যখন চারিদিকে বাড়ীতে আলো জলিয়া ওঠে, 'বঙ্গবাণী' প্রেসে স্মার্ট মেশিনের শব্দ হয়, ওয়েলেসলি স্ট্রীট দিয়া বকটা বাজাইয়া ট্রাম চলে, তখন এক অদ্ভুত রহস্যের ভাবে মন পূর্ণ হইয়া যায়; মনে হয়, চিরজীবন এ কর্ণব্যস্ত জনশ্রোতের মধ্যে কাটাইলেও ক্লান্তি আসে না, প্রাণি নবীন হয়, এতটুকু সময়ের অল্প অবসাদ আসে না মনে।

এখান হইতে চলিয়া যাইতেন, কিন্তু ভায়ী যাইতে দেখে না, জোর করিয়াও যাইতে মন পরে না।

জ্যোতির্কিনোদ মহাশয়ও বাড়ী গিয়া খুব শান্তিতে নাই। তাঁহার বাড়ী নোয়াখালি জেলায়। তিন বৎসরে এই একবার বাড়ী আসেন, বাড়ীতে জীপুজ সবাই আছে। ছুই-তিন ভাই, খুব বড় পরিবার—এমন কিছু বেশী মাহিনা পান না, বাহাতে জীপুজ লইয়া কলিকাতায় থাকিতে পারেন। বাড়ীতে আসিয়াই জ্যোতির্কিনোদ এবার এক মোকদ্দমায় পড়িয়া গেলেন, জমিজমা সংক্রান্ত শরিকী মোকদ্দমা। তাহার পর হইল বড় ছেলেটির টাইফয়েড, সে মতেরো দিন ভুগিয়া এবং পরমা খরচ করাইয়া ঠেলিয়া উঠিল তো স্ত্রী পা পিছলাইয়া হাঁটু ভাঙিয়া শয্যাগত হইয়া পড়িল।

এই রকম নানা মুশকিলে জ্যোতির্কিনোদ অতিষ্ঠ হইয়া উঠিলেন। এদিকে কলিকাতায় থাকিলে লোকের হাত দেখিয়া, ঠিকুজি কুঠি তৈরী করিয়া কিছু কিছু উপার্জনও হয়। এখানে সে উপার্জন নাই, শুধু খরচ আর খরচ।

কলিকাতায় একরকম থাকেন ভাল, একা ঘরে একা থাকেন, কোন গোলমাল নাই। সাহেবের দাপট সহ্য করিয়া থাকিতে পারিলে আর কোম হাঙ্কামা নাই। নিজে বা-খুশি দুইটি রান্না করিলেন, অভাব-অভিযোগ হইলে নারায়ণবাবুর কাছে টাকাটা সিকিটা ধার করিয়া দিন চলিয়া যায়। বাড়ীর এত ঝগাট পোহাইতে হয় না। যে চিরকাল একা কাটাইয়া আসিয়াছে, তাহার পক্ষে এসব বড় বোঝা বলিয়া মনে হয়।

ছুটি কুরাইলে যেন বাঁচা যায়।

যজুবাবু ছিলেন কলিকাতার, একটা রাজ হুইশানি সন্ধ্যার সময়—অন্ত অন্ত হুইশানির ছাত্র কলিকাতার বাহিরে গিয়াছে। দিবানিন্দা হইতে উঠিয়া বেলা পাঁচটার সময় চা খাইয়া তিনি

টুইশানিতে যান। সময় কাটাইবার ওই একমাত্র উপায়। পথে এক কবিরাজ-বন্ধুর ওখানে বলিয়া কিছুক্ষণ গল্প-ওজব করেন। স্কুল-মাস্টারদের জগৎ সংকীর্ণ, বৃহত্তর কলিকাতা শহরে চেনেন কেবল টুইশানির ছাত্র ও তাহাদের অভিভাবকদের, কিংবা স্কুল-কমিটির দু-একজন উকিল কিংবা ডাক্তারকে। তাহাদের বাড়ীতেও মাঝে মাঝে যত্নবানু গিয়া থাকেন, কমিটির মেম্বারদের জোয়ারু করা ভাল—কী জানি, কখন কী ঘটে!

একদেবে ভাবে লম্বা আর কাটিতে চায় না, দিবানিদ্দার অভ্যাস ক্রমশ পাকা হইয়া আসিতেছে। স্কুল-বাড়ীর সামনে দিয়া আসিবার সময় চাহিয়া দেখেন সাহেবের ঘরে আলো জলিতেছে কি না। সাহেব দাঁড়িলিং বেড়াইতে গিয়াছে মেম সিবসনকে লইয়া—ছুটি ফুরাইবার আগের দিন বোধ হয় কিরিবে।

অবশেষে দীর্ঘ প্রীত্মাবকাশ ফুরাইল। সব মাস্টার একত্র হইলেন।

যত্নবানু বলিলেন, এই যে জ্যোতির্বিদ্যে মশায়, নমস্কার! বেশ ভাল ছিলেন? কবে এলেন?

হেডপণ্ডিত যত্নবানুর সঙ্গে কোলাহুলি করিয়া বলিলেন, ভাল যত্ন? এখানেই ছিলে?

সকলে মিলিয়া বুদ্ধ নারায়ণবানুর পায়ের ধূল লইয়া প্রণাম করিলেন। নারায়ণবানুর স্বাভা ভাল হইয়া গিয়াছে। যেখানে গিয়াছিলেন, সেখানে দুখ বি মাত্র সন্তা, খাওয়া-দাওয়া এখানকার চেয়ে ভাল অনেক, এখানে হাত পুড়াইয়া ভাতে-ভাত রাঁধিয়া খাইয়া থাকিতে হয়। এ বয়সে সেবায়ত্ন পাওয়া আবশ্যিক—সকলে এসব কথা বলিয়া নারায়ণবানুকে আপ্যায়িত করিল।

মাস্টারদের মধ্যে পরস্পর প্রীতি ও আত্মীয়তার বন্ধন স্পষ্ট হইয়া ফুটিয়াছে দীর্ঘদিন পরস্পর অদর্শনের পর—হিংসা বা মনোবালিন্তের চিহ্নও নাই। এমন কি মিঃ আলমকে দেখিয়াও যেন সকলে খুশী হইল।

হেডমাস্টার বলিলেন, ওয়েল-কাম জেস্টলমেন। আশা করি, আপনারা সব ভাল ছিলেন। এবার হাফ-ইয়ারলি পরীক্ষা সামনে, সকলে তৈরী হোন, প্রয়গজ তৈরী করুন। আজই সারকুলার বার হবে।

আলম নিজের দেশ হইতে হেডমাস্টারের জন্ত প্রায় দুই ডজন মুঁগির ডিম একটা টিনের কোটা ভরিয়া আনিয়াছে। সিবসন ডিম পাইয়া খুব খুশী।

—ও, মিঃ আলম, ইট ইজ সো গুড অফ ইট! ল্যাচু মাইন্স ওপল্ অ্যাও সো ক্রেপ!

কিন্তু পরক্ষণেই সাহেব ও মেম দুইজনকেই আশ্চর্য করিয়া মিঃ আলম কাগজ-জড়ানো কী একটা বাহির করিয়া টেবিলের উপর রাখিল।

মেম বলিল, কী ওটা?

সাহেব বলিয়া উঠিলেন, ওড হেডনল! সিওরলি জাট ইজ নট এ শোলডার অফ রাটন?

মিঃ আলম বুদ্ধ হাসিয়া বলিল, ইয়েল স্যার, ইট ইজ ডার। এ মিইন্স শোলডার অফ রাটন—ক্রম দর্ই হোম স্যার।

বিস্মিত ও আনন্দিত মিস্ সিবসন্ বলিল, খ্যাঙ্কস্ অ-হুলি মি: আলম !

যত্নবাবু চাঁচারদের ঘরে আড়ালে বলিলেন, ঢের ঢের খোশামুদে দেখেচি বাবা, কিন্তু এ দেখছি সকলের উপর টেকা দিলে—আবার বাড়ী থেকে বয়ে ভেড়ার দাপনা এনেচে !

ক্ষেত্রবাবু বলিলেন, বাড়ী থেকে না ছাই। আপনিও যেমন ! ওর বাড়ীতে একেবারে দলে দলে ভেড়া চরচে ! ক্ষেপেছেন আপনি ! ওসব চাল দেখানো আমরা বুঝি নে ? মিউনিসিপ্যাল মার্কেট থেকে কিনে এনেছে মশাই ।

ছেলেরা ক্লাসে ক্লাসে প্রণাম করিল মাস্টারদের। আজ বেশী পড়াশুনা নাই, সকাল সকাল ছুটি হইয়া গেলে সকলে মিলিয়া পুরানো চায়ের দোকানে চা পান করিতে গেলেন। দোকানী তাঁহাদের দেখিয়া লাফাইয়া উঠিল : আহ্নন বাবুরা, আহ্নন—ভাল ছিলেন সব ? আজ স্কুল খুলল বুঝি ? ওরে, বাবুদের চা দে । আবার সেই পুরানো ঘরে বসিয়া বহুদিন পরে পুরোনো সঙ্গীদের সঙ্গে চা পান । সকলেরই খুব ভাল লাগে ।

যত্নবাবু বলেন, নারাগদা, গল্প করুন সে দেশের !

—আরে রামো, সে আবার দেশ ! মোটে মন টেকে না। দুধ মি খেতে পেলই কি হল ! মাহুঘের মন নিয়ে হল ব্যাপার—মন যেখানে টেকে না, সে দেশ আবার দেশ !

ক্ষেত্রবাবু বলিলেন, যা বলেচেন দাদা। গেলাম পৈতৃক বাড়ীতে। ভাবলাম, অনেক দিন পরে এলাম, বেশ থাকব। কিন্তু মশাই, দু দিন বেতে না-বেতে দেখি আর সেখানে মন টিকচে না।

—কলকাতার মতন জায়গা আর কোথাও নেই রে ভাই ।

—খুব সত্যি কথা ।

—মাহুঘের মুখ যেখানে দেখা যায়, দুটো বন্ধুর সঙ্গে গল্প করে সুখ যেখানে, খাই না-খাই সেখানে পড়ে থাকি ।

নারাগবাবু অনেকদিন পরে চুনিদের বাড়ী পড়াইতে গেলেন । •

চুনিরা দেওঘর না কোথায় গিয়াছিল, বেশ মোটাসোটা হইয়া ফিরিয়াছে। অনেকদিন পরে চুনির সঙ্গে সাক্ষাৎ হওয়াতে নারাগবাবু বড় আনন্দ পাইলেন ।

চুনি আসিয়া প্রণাম করিল। নারাগবাবু প্রথম দিনটা তাহাকে পড়াইলেন না, বরিশালে যে গ্রামে গিয়াছিলেন সে গ্রামের গল্প করিলেন, পঞ্চানন মোক্তারের কথা বলিলেন। চুনি তাঁহার কাছে দেওঘরের গল্প করিল।

নারাগবাবু বলিলেন, পামা কোথায় রে ?

—সে শ্রাবু, মালীমার বাড়ী গিয়েছে কালীঘাটে কাল আসবে। মালীমার বড় ছেলের পৈতে কিনা ।

—তুই যাস নি যে ?

—শ্রাবু, আজ প্রথম দিনট্যু—আপনি আসবেন। রাজ্জে যাব।

উত্তর তনিয়া নারাগবাবু আক্লায়ে আঠখানা, হইয়া গেলেন। নিজের ছেলেপিলে, নাই,

পরের ছেলেকে মাছুষ করা, তাহাদের নিজের সন্তানের মত দেখিয়া অপত্যস্নেহের কুখা নিবারণ করা বাহাদের অদৃষ্টলিপি—তাহাদের এ-রকম উত্তরে খুশী হইবার কথা। চুনি বলিল, চা খাবেন স্মার ? জানি—

নারাণবাবু ভাবেন—নিজের নাই, তাতে কী ! আমার ছেলেমেয়ে এই গুরেলেন্সি অঞ্চলে সর্বত্র ছড়ানো—আমার ভাবনা কী ! একটা করে টাকা যদি দেয় প্রত্যেকে, বড়ো বয়সে আমার ভাবনা কী ?

—স্মার, আজ পড়ব না।

—বেশ, গল্প শোন—এই বয়িশালের গাঁয়ে—

—না স্মার, একটা ছুতের গল্প করুন।

—ছুত-চুত সব মিথ্যা। ও-সব নিয়ে মাথা ঘামান নে ছেলেবেলা থেকে।

—কিন্তু স্মার, কুণ্ডাতে একটা বাড়ী আছে—

—কোথার ?

—কুণ্ডা—দেওঘরের কাছে স্মার। সেখানে একটা বাড়ীতে ছুতের উপদ্রব ব'লে কেউ ভাড়া নেয় না। সত্যি, আমরা জানি স্মার।

নারাণবাবু আর এক সমস্যায় পড়িলেন। মিথ্যা ভয় এক বালকের মন হইতে কী করিয়া তাড়ানো যায় ? নানা কুসংস্কার বালকদের মনে শিকড় গাড়িবার সুযোগ পায় শুধু অভিভাবকদের দোষে। তিনি শিকক, তাঁহার কর্তব্য, বালকদের মন হইতে সে সমস্ত কুসংস্কার উচ্ছেদ করা।

নারাণবাবু নিজের নোট-বইয়ে লিখিয়া লইলেন। সাহেবের সঙ্গে পরামর্শ করা আবশ্যিক, এ বিষয়ে কী করা যায় !

চুনির মা আসিয়া দরজার কাছে দাঁড়াইয়া বলিলেন, বলি ও দিদি, মাস্টারকে বল না—ছেলে যে মোটে বই হাতে করতে চায় না।

(দেওঘরে গিয়ে বেড়িয়ে আর খেলে বেড়াবে—তার কী করবেন উনি ?)

নারাণবাবু বলিলেন, বউমা, চুনি ছেলেমাছুষ, একদিনে ছুদিনে ও স্বভাব ওর যাবে না। আমি ওকে বিশেষ শ্রদ্ধা করি, সেদিকে আমার খণ্ডেট নজর আছে, আপনি ভাববেন না।

চুনির মা বলিলেন, ও দিদি, বল বে, পরীক্ষা সামনে আসছে, চুনিকে ছু বেলা পড়াতে হবে। এক মাস দেড় মাস ভো বসিয়ে মাইনে দিয়েছি। এখন মাস্টার খেন ছু-বেলা আসে।

নারাণবাবু মেয়েমাছুষের কাছে কী প্রতিবাদ করিবেন ? ভ্রাত্য পড়াইয়া এখানে মাহিনা আদায় করিতে গারের রক্ত জল হইয়া যায়, ছুটির মাসে বলাইয়া কে তাঁহাকে মাহিনা দিল ? ছুটির আগের মাসের মাহিনা এখনও বাকী।

মুখে বলিলেন, বউমা, সকালে আজকাল সময় বেশী পাওয়া যায় না। আমারও নিজের একটু কাজ আছে। আচ্ছা, তা বরং দেখব—

—দেখাদেখি চলবে না, বলে হাও দিদি। আগভেই হবে—না পারেন, আমরা অন্য

স্টার রাখব। ওই তো সে দিন পাশের ঘরের ছেলে—তিনটে পালের পড়া পড়ছে—
বলছিল, আমার দশ টাকা দেবেন, দু বেলা পড়াব।

এই সময় চুনি মাকে ধমক দিয়া বলিল, বাও না এখান থেকে, তোমার আর দাঁড়িয়ে
দাঁড়িয়ে ভিকনেস কাটতে হবে না।

নারায়ণবাবু বলিলেন, ছিঃ, মাকে অমন কথা বলতে আছে ?

মনে মনে কিন্তু খুশী হইলেন।

চুনি বলিল, সত্য, আপনি মার কথা শুনবেন না। দু বেলা আপনি পড়ালেও আমি
পড়ব না। আমার দু বেলা পড়তে ইচ্ছে করে না।

নারায়ণবাবুর আনন্দ অনেকখানি উবিয়া গেল। তাঁহার অনুবিধা দেখিয়া তাহা হইলে
চুনি কথা বলে নাই, সে দেখিয়াছে নিজের সুবিধা! পাছে নারায়ণবাবু স্বীকার করিলে দুই
বেলা পড়িতে হয়, তাই মাকে ধমক দিয়াছে হয়তো।

বাড়ীতে ফিরিয়া দেখিলেন, তাঁহার এঞ্জিনীয়ার-বন্ধুটি তাঁহার জন্ত অপেক্ষা করিতেছেন।

—কী নারায়ণবাবু, কবে ফিরলেন ?

—আজ দিন-তিনেক। ভাল সব ? বহু, বহু শরৎবাবু।

মনের মতন সন্দী পাইয়াছেন তিনি। উঃ, কোথায় বরিশালের অজ-পাড়াগাঁয়ের পঞ্চানন
মোক্তার, আর কোথায় তাঁহার এই বন্ধু শরৎ সান্তাল !

দুইজনে যেমন একত্র হইয়াছেন, অমনি উহু বিষয়ের আলোচনা শুরু। এই জন্তই
কলিকাতা এত ভাল লাগে। এ সব লইয়া কথা বলিবার লোক কি বাংলাদেশের অজ-
পাড়াগাঁয়ে মিলিবে ?

নারায়ণবাবুর বন্ধু বলিলেন, ভাল কথা দাদা, আপনাকে দেখাব বলে রেখে দিয়েছি।

—কী ?

—‘রিভার্স ডাইজেস্ট’-এ একটা আর্টিকল্ বেরিয়েছে বর্তমান চায়নার ব্যাপার নিয়ে।
কাল এনে দেখাব।

—আচ্ছা, কাল আনবেন। কিন্তু আমার ভবিষ্যৎস্বামী স্বরণ আছে তো ওয়াশিংটন-চুক্তি
লব্ধে ?

—আপনার ও-কথা টেকে না। রামানন্দবাবুর মন্তব্য পড়ে দেখবেন এ মাসের ‘মডার্ন
রিভিউ’-এ।

—আলবত টেকে। আমি কখনও কথা মানি নে।

এ কথা নারায়ণবাবু বলিলেন একটা খাটি ইন্টেলেক্চুয়াল আলোচনা জমাইয়া তুলিবার
জন্ত। তর্ক না হইলে আলোচনা জমে না।

কলিকাতা না হইলে এমন মনের খোরাক কোথায় জোটে ?

দুই বন্ধুতে মিলিয়া মনের খেদ মিটাইয়া রাত এগারোটা পর্যন্ত ইন্টেলেক্চুয়াল
আলোচনা চলিল। দুই জনেই স্নান ত্যাগিক। কোন কথারই মীমাংসা হইল না। তা না

হউক। মাঝামাঝি জন্ত কেহ তর্ক করে না। তর্কের খাতিরেই তর্ক করিতে হয়। আকিয়ার নেশার মত তর্কের নেশাও একবার পাইয়া বলিলে আর ছাড়িতে চায় না।

নারায়ণবাবু বলিলেন, আজ একটু যোগবাশিষ্ট পড়া হল না!

—তা বেশ তো, পড়ুন না। আরও রাত হোক।

অনেক রাতে নারায়ণবাবুর বন্ধু রায় বাহাদুর শরৎ সাত্তাল বিদ্যায় গ্রহণ করিলে নারায়ণবাবু রান্না চড়াইলেন। মনে এত আনন্দ, ও-বেলার বাসি পুঁটিমাছ-ভাজা ছিল, তাই দিয়া খোল চড়াইলেন আর ভাত—আর কিছু না। মনের আনন্দই মাছকে তাজা রাখে, খাইয়া মাছব বাঁচে না শুধু।

খাওয়া শেষ হইলে সাহেবের ঘরের দিকে উঁকি মারিয়া দেখিলেন, সাহেবের টেবিলে আলো জলিতেছে, অত রাতে সাহেব লেখাপড়া করিতেছেন নাকি? নারায়ণবাবুর ইচ্ছা হইল, ঘরে ঢুকিয়া দেখেন সাহেব কী পড়িতেছেন!

সাহেব বলিলেন, কাম ইন্।

নারায়ণবাবু বিনীত হাত্তের সহিত ঢুকিলেন।

—ইয়েস?

—না, এমনি দেখতে এলাম, আপনি কী পড়ছেন!

—আমি আপিসের কাজ করছিলাম। বোল।

—শ্রাবু, কলকাতার মত জায়গা নেই।

—আমাদের মত লোক অল্প জায়গার গিয়ে থাকতে পারে না। আমার এক ভাই চায়নাতে আছে—মিশনারি। ক্যান্টন থেকে নদীপথে যেতে হয়—অনেক দূর। আগে সে ব্রিটিশ গানবোটে মেডিক্যাল অফিসার ছিল, এখন মিশনারি হয়েছে। সে কিন্তু চীনদেশের একটা অজ-পাড়াগাঁয়ে মিশনে থাকে। আমি একবার গিয়েছিলাম সেখানে, গিয়ে আমার মন হাঁপিয়ে উঠল।

—আমিও শ্রাবু বরিশালে গিয়েছিলাম ছুটিতে, আমার মন টেকে নি।

একটুখানি চুপ করিয়া থাকিয়া কহিলেন, স্কুলটাকে আরও ভাল করতে হবে শ্রাবু।

—আমিও তাই ভাবছি। একটা বিজ্ঞাপন দেব কাগজে, আরও ছেলে হোক!

হুজনে বলিয়া স্কুলের ভবিষ্যৎ সম্বন্ধে অনেক কথাবার্তা হইল।

নারায়ণবাবু বিদায় লইয়া শয়নের জন্ত গেলেন।

জ্যৈষ্ঠ মাসের দিকে স্কুলের কাজ ভয়ানক বাড়িল।

এই সময় একজন নতুন মাস্টার স্কুলে নেওয়া হইল—বেশী বয়স নয়, জিহের মধ্যে। লোকটি কবিতা লেখে, বড় বড় কথা বলে, অবস্থাও বোধ হয় ভাল। কারণ, সাধারণ স্কুলমাস্টারদের অপেক্ষা ভাল সাজগোজ করিয়া স্কুলে আসে, বেশির ভাগ আপন মনে বলিয়া থাকে, কাঁধারও লেখা কথাবার্তা বলে না। কষ্ট কট করিয়া ইংরেজী বলে বখন-তখন। নাম

—স্বাস্থ্যকুস্থল হস্তগত, বাড়ী—নৈহাটির কাছে কী একটা আরগায়।

যুবাবু চায়ের দোকানে বলিলেন, ওহে, এ নবাবটি কে এল হে ? নয়লোকের সঙ্গে বাক্যালাপ করে না যে !

ক্ষেত্রাবু বলিলেন, করার উপযুক্ত মনে করলেই করবে।

নারায়ণবু চুপ করিয়া ছিলেন। যুবাবু বলিলেন, কী দাদা ! চুপ করে আছেন যে ?

—কী বলি বল ? কী রকম লোক, কিছু জানি নে তো ?

—কী রকম বলে মনে হয় ? বেজার গুরে ?

—তা হতে পারে। তবে ছেলেমানুষ, শাইও হতে পারে।

—শাই, না ছাই। কারও সঙ্গে কথা বলে না, টীচারল-কমে একলাটি বলে কী যেন ভাবে !

ক্ষেত্রাবু বলিলেন, লোকটা কবি, তাই বোধ হয় আপন মনে ভাবে—

যুবাবু কাহারও প্রশংসা সঙ্ক করিতে পারেন না, তিনি বলিলেন, হ্যাঃ, কবি—একবারে রবি ঠাকুর। ডেপো কোথাকার !

সে দ্বিম টিকিনের পর কিছুক্ষণ ক্লাসে নতুন শিক্ষক নাই। দশ মিনিট কাটিয়া গেল, তখনও তাঁহার দেখা নাই।

হেডমাস্টার কটমট দৃষ্টিতে ক্লাসের শূন্য চেয়ারের দিকে চাহিয়া বলিলেন, কার ক্লাস ?

মনিটার দাঁড়াইয়া উঠিয়া বলিল, নিউ টীচার স্ত্রী।

হেডমাস্টার চলিয়া গেলেন।

অনেকক্ষণ পরে নতুন মাস্টার আসিয়া বলিলেন। সঙ্গে সঙ্গে মথুরা চাকর আসিয়া একটা স্নিপ দিল তাঁহার হাতে, হেডমাস্টার আপিসে ডাকিয়াছেন।

নতুন মাস্টার উঠিয়া আপিসে গেলেন।

—আমাকে ডেকেছেন স্ত্রী ?

—হ্যাঁ। আপনি ক্লাসে ছিলেন না ?

—আমি ক্লাস থেকেই আসছি।

—দশ মিনিট পর্যন্ত আপনি ক্লাসে ছিলেন না।

—আমি ছুঃখিত। চা খেতে গিয়ে একটু দেরি হয়ে গেল।

—কোথায় চা খেতে গিয়েছিলেন ? আমার না বলে বাইরে যাবেন না।

—কেন স্ত্রী ?

হেডমাস্টার জ্র কুঞ্চিত করিয়া নতুন মাস্টারের মুখের দিকে চাহিয়া বলিলেন, আমার স্কুলের নিয়ম।

নতুন মাস্টার কিছু না বলিয়া ক্লাসে গিয়া পড়াইতে লাগিলেন। কিন্তু কিছুক্ষণ পরেই আবার হেডমাস্টারের আপিসে আসিয়া বলিলেন, স্ত্রী, একটা কথা—

—কী ?

—আমি স্কুলের একজন টীচার, ছাত্র নই—হেডমাস্টারের কাছে অসুস্থতায় গিয়ে স্কুলের কটকের বাইরে যেতে হয় ছাত্রদের, টীচারদের নয়। আমার দেখি হয়েছিল কিরতে, সে জন্য আমি হুশিৎ। কিন্তু আপনাকে না বলে যাওয়ার জন্যে আপনি অজবোব করলেন, এটা ঠিক করেছেন বলে মনে করি না।

হেডমাস্টারের বিন্মিত দৃষ্টির সম্মুখে নতুন টীচার স্টপট করিয়া ক্লাসে চলিয়া গেলেন। দোর্দণ্ডপ্রতাপ রার্কওয়েল তো অবাধ, তাঁহার অধীনস্থ কোন মাস্টার যে তাঁহার সম্মুখে দাঁড়াইয়া এ কথা বলিতে পারে, তাহা তাঁহার কল্পনার অতীত। তিনি তখনই মিঃ আলমকে ডাকিলেন।

—ইয়েস স্যার।

—নতুন টীচার বেশ ভাল পড়ায় ?

—জানি না স্যার। বলেন তো দৃষ্টি রাখি।

—রাখো।

—কী রকম একটু অসামাজিক ধরনের—

—শুনলাম নাকি, কবি। বাংলা কবিতা পড় তোমরা—পড়েছ কী রকম কবিতা লেখে ?

মিঃ আলম ডাঙ্কিল্যের সঙ্গে হাত কড়িকাঠের দিকে উঠাইয়া থিয়েটারী ভঙ্গি করিলেন।

তারপর স্থর নীচু করিয়া বলিলেন, কিসের কবি ! বাংলাদেশে সবাই কবিতা লেখে—স্বাক্ষর-কাল। কবি।

—তুমি বাংলা কবিতা পড় মিঃ আলম ?

—পড়ি বইকি স্যার।

আলমের এ কথা সত্য নয়, বাংলা সাহিত্যের কোন খবর কোনদিনও তিনি রাখেন না।

মিঃ আলমের সঙ্গে একদিন নতুন মাস্টারের ঠোকাঠুকি বাধিল।

ব্যাপারটা খুব সামান্য বিষয় অবলম্বন করিয়া। ক্লাসে কী একটা পরীক্ষার কাগজে নতুন মাস্টার নম্বর দিয়া ছেলেদের নিকট ফেরত দিয়াছেন। মিঃ আলম সে ক্লাসে পড়াইতে গিয়া সামনের বেঞ্চির উপর একটি ছেলের পরীক্ষার খাতা দেখিয়া জিজ্ঞাসা করিলেন, কিসের খাতা রে ?

ছেলেটি বলিল, এবারকার উইকলি এক্সারসাইজের খাতা স্যার, নতুন স্যার দেখে ফেরত দিয়েছেন।

—কী সাবজেক্ট ?

—হিষ্ট্রি।

—দেখি খাতাখানা।

মিঃ আলম খাতাখানা লইয়া উন্টাইয়া-পান্টাইয়া বলিলেন, নম্বর দেওয়া হুবিধে হয় নি।

—কেন স্যার ?

—এর নাম কি মার্ক দেওয়া ! এ আনাড়ীর মার্ক দেওয়া । এই খাতায় তুমি ষাট নম্বর কখনও পাও না—আমার হাতে চল্লিশের বেশী নম্বর উঠত না ।

নতুন টীচারের কাছে ছেলেরা অন্তর্ভাবে ঘুরাইয়া বলিল, স্ত্রাবু, আপনার হাতে বড় নম্বর ওঠে ।

—কেন রে ?

—স্ত্রাবু, ওই সতীশকে ষাট দিয়েছেন, ও চল্লিশের বেশী পায় না ।

—কে বলেছে তোকে ?

—মিঃ আলম বলে গেলেন স্ত্রাবু ।

—কী বললেন ?

—বললেন, এ আনাড়ীর মার্ক দেওয়া হয়েছে ।

নতুন টীচার তখনই গিয়া হেডমাস্টারের আপিসে মিঃ আলমকে খুঁজিয়া বাহির করিলেন । হেডমাস্টার নাই, ক্লাসে পড়াইতে গিয়াছেন । বলিলেন, আপনার সঙ্গে একটা কথা—এক মিনিট—

—কী বলুন ?

—আপনি কি ফোর্থ ক্লাসে আমার খাতা দেখা সম্বন্ধে কিছু বলেছেন ?

—কেন বলুন তো ?

—না, তাই বলছি । ছেলেরা বলছিল, আপনি খাতা দেখে বলেছেন যে খাতা ভাল] দেখা হয় নি ।

—হ্যা—তা—না—সে কথা ঠিক না—তবে হ্যা, একটু বেশী নম্বর বলেই আমার মনে হল কিনা—

খুব ভাল কথা । আপনি অভিজ্ঞ টীচার, আমার ভুল ধরবার সম্পূর্ণ অধিকারী । আমায় দয়া করে যদি খাতা দেখাটা সম্বন্ধে একটু বলে-টলে দেন—আমার অনেক ভুল সংশোধন হতে পারে । আমরা আনাড়ী কিনা আবার এ বিষয়ে ?

আলমের মুখ লাল হইয়া উঠিল । বলিলেন, তা আমার যা মনে হয়েছে, তাই বলেছি । আপনার নম্বর দেওয়াটা একটু বেশী বলেই মনে হয়েছিল ।

আমি মোটেই তার প্রতিবাদ করছি না । আমি কেবল বলতে চাই ক্লাসে ছেলেদের সামনে মন্তব্য না করে আমাকে অড়ায়ে ডেকে বললেই ভাল হত ।

শ্রাব্য কথা । এ কথার উপর কোন কথা চলে না । মিঃ আলমের চূপ করিয়া থাকা ভিন্ন গতান্তর ছিল না । কিন্তু কিছুক্ষণ পরে হেডমাস্টারকে একা পাইয়া মিঃ আলম সাত-খানা করিয়া তাঁহার কাছে লাগাইলেন, নতুন টীচারকে খাতা দেখতে দেবেন না স্ত্রাবু ।

—নতুন টীচারকে ? কেন, মিঃ আলম ?

—উনি খাতা মনোযোগ দ্বিগুণে দেখেন না ।

—দেখেছিলে নাকি কোন খাতা ?

বি. র. ৭—৪

হ্যা স্মার্ব। ফোর্থ ক্লাসের সতীশকে উনি বাট নম্বর দিয়েছেন যে খাতায়, তাতে চল্লিশের বেশী নম্বর ওঠে না। ভুল কাটেনও নি সব জায়গায়।

এই কথার মধ্যে মুশকিল আছে। সব ভুল নিখুঁতভাবে কাটিয়া কোন মাস্টারই খাতা দেখেন না—স্বয়ং মিঃ আলমও না। এখানে মিঃ আলম নতুন টীচারের উপর বেশ এক চাল চালিলেন। হেডমাস্টার খাতা চাহিয়া পাঠাইয়া সত্যই দেখিলেন, প্রত্যেক পাতায় এক-আধটা ভুল রহিয়া গিয়াছে, যাহা কাটা হয় নাই। নতুন মাস্টারের ডাক পড়িল ছুটির পর।

হেডমাস্টার বলিলেন, ফোর্থ ক্লাসের হিষ্ট্রির খাতা দেখেছিলেন আপনি ?

—হ্যা স্মার্ব।

—খাতা ভাল করে দেখেন নি তো। সব ভুলে লাল দাগ দেন নি।

—বেশীর ভাগ দিয়েছি স্মার্ব। দু-একটা ছুটে গিয়েছে হয়তো।

—না, আমার স্কুলে ওভাবে কাজ করলে চলবে না। খাতা সব আপনি ফিরিয়ে নিয়ে যান। আবার দেখতে হবে।

—যে আজ্ঞে স্মার্ব।

পরদিন নতুন মাস্টার সারকুলার-বই দেখিয়া বাহির করিলেন—মিঃ আলম ফোর্থ ক্লাসের ইংরাজী গ্রামার ও রচনার খাতা দেখিয়াছেন। তিনখানি খাতা চাহিয়া লইয়া দেখিতে দেখিতে বাহির করিলেন, মিঃ আলম গড়ে প্রত্যেক পাতায় অন্তত তিনটি করিয়া ভুলের নীচে লাল দাগ দেন নাই।

নতুন টীচার খাতা কয়খানি হাতে করিয়া হেডমাস্টারের কাছে না গিয়া মিঃ আলমের কাছে গেলেন। খাতা দেখাইয়া বলিলেন, আপনার খাতা দেখা যদি আদর্শ হিসেবে নিতে হয়, তা হলে প্রত্যেক পাতায় আমার তিনটি ভুলে লাল দাগ না দিয়ে রাখা উচিত ছিল। দেখুন খাতা কখানা।

মিঃ আলম উল্টাইয়া খাতাগুলি দেখিল। যুক্তি অকাটা। গড়ে তিনটি করিয়া ভুলে লাল দাগ দেওয়া হয় নাই—খাটি কথা।

মিঃ আলমের মুখ লাল হইয়া উঠিল অপমানে, কিন্তু কোন কথা বলিলেন না।

নতুন টীচার বলিলেন, আপনি বললেন কিনা হেডমাস্টারের কাছে আমার বড় ভুল থাকে খাতায়, তাই দেখালুম—ভুল সকলেরই থাকে। ওগুলো ওভারলুক করতে হয়। সব কথাই হেডমাস্টারের কাছে—

মিঃ আলম রাগিয়া বলিলেন, আপনি কী করে জানলেন, আমি হেডমাস্টারের কাছে বলেছি।

—মনের অগোচর পাপ নেই। আপনি জানেন, আপনি বলেছেন কিনা—বলিয়াই নতুন টীচার বেশ কাঁদার সহিত ঘর পরিত্যাগ করিয়া চলিয়া গেলেন।

এ ব্যাপার কী করিয়া যেন অল্প টীচারেরা জানিতে পারিলেন, টীচারদের বসিবার ঘরে

টিফিনের সময় এ কথা লইয়া বেশ গুলজার হইল। মিঃ আলমের অপমানে সকলেই খুশী।

যত্নবাবু বলিলেন, বেশ হয়েছে অন্ত্যজটার। খোঁতা শ্মুখ ভোঁতা করে দিয়েছে নতুন টাচার। কী ওর নাম, রামেন্দুবাবু বৃষ্টি ?

নারাণবাবু সেখানে উপস্থিত ছিলেন। তাঁহার একটা গুণ, পরের কথায় বড় একটা থাকেন না। বলিলেন, বাদ দাও ভায়া ও-কথা।

যত্নবাবু বলিলেন, বাদ দেব কেন ? আপনি তো দাদা, দেবতুল্য লোক। তা বলে দুই লোকও তো আছে পৃথিবীতে। তাদের শাস্তি হওয়াই ভাল।

ক্ষেত্রবাবু বলিলেন, জানেন দাদা, একটা কথা বলি। ওই আলমটা সবার নামে হেডমাস্টারের কাছে লাগিয়ে বেড়ায়—এ কথা আপনি অস্বীকার করতে পারেন ? অমন হিংস্রক লোক আর দুটি দেখি নি, এই আপনাকে বলে দিচ্ছি।

জ্যোতির্কিনোদ নীচু ক্লাসের পণ্ডিত—বড় বড় ক্লাসে ধাঁহার পড়ান, তাঁহাদের সমীহ করিয়া চলেন, তিনি কাহারও বিরুদ্ধে কোন সমালোচনা হইলে বিশেষ যোগ দেন না। তিনি বলেন, আমি চুনোপুঁটি, আপনারা সকলেই ঝই-কাতলা—আমার কোন কথায় থাকা সাজে না। তিনিও আজ বলিলেন, একটা ভাল বলতে হয় রামেন্দুবাবুকে—তিনি ওই খাতা নিয়ে হেডমাস্টারের কাছে না গিয়ে মিঃ আলমের কাছে গিয়েছেন।

যত্নবাবু কাহারও ভাল দেখিতে পারেন না। তিনি বলিলেন, আরে, সেটা কিছু নয় হে ভায়া, হেডমাস্টারের কাছে যেতে সাহস কি হয় সবারই ?

নারাণবাবু বলিলেন, তা হয়। অতখানি যে করতে পারে, সাহেবের কাছে যাওয়ার সাহস তার খুবই আছে। লোকটি ভদ্রলোক।

যত্নবাবু বলিলেন, তবে একটু গুমুরে। যাক, সব গুণ মানুষের থাকে না। এ কাজটা করে যা শিক্ষা দিয়েছে আলমকে, তারি খুশী হয়েছি—হ্যা-হ্যা, কী বল ক্ষেত্র-ভায়া ?

ক্ষেত্রবাবু বলিলেন, স্পিরিট আছে ভদ্রলোকের।

—ডেকে নিয়ে এস না। ওই তো ওদিকের ছাদে বসে থাকে একলাটি। টিফিনে টাচারদের ঘরে কোনদিন তো আসে না।

নারাণবাবু বলিলেন, বসে বসে বই পড়ে লাইব্রেরি থেকে নিয়ে। সেদিন বন্ধিমের বই পড়ছিল। পকেটে একদিন শেলির কবিতা ছিল। তেঁমির গুকে গুমুরে ভাব, ও তা নয়। কবি কিনা, একটু আনমনে ভাবতে ভালবাসে।

—যাও না ক্ষেত্র-ভায়া, ডেকে নিয়ে এস না।

—আমি পারব না দাদা। কিছু যদি বলে বসে ! তার চেয়ে চলুন, আজ চায়ের দোকানের আড্ডায় নিয়ে যাওয়া যাক ওকে। আলাপ-সালাপ করা যাক।

ছুটির পর গেটের বাহিরে মাস্টারের দল নতুন মাস্টারের জ্ঞান অপেক্ষা করিতেছিলেন ; কারণ, এ ঘনিষ্ঠতা হেডমাস্টার বা মিঃ আলমের চোখের আড়ালে হওয়াই ভাল। মিঃ আলম

বা হেডমাস্টারের নেকনজরে যে ব্যক্তি নাই, তাহার সহিত ঘনিষ্ঠতা করিতে যাওয়ার বিপদ আছে।

নতুন টীচার চোখে চশমা লাগাইয়া ছড়ি ঘুরাইতে ঘুরাইতে নব্য কবির স্টাইলে আকাশ-পানে মুখ করিয়া যেই গেটের বাহিরে পা দিয়াছেন, অমনি যদুবাবু এদিক-ওদিক চাহিয়া বলিলেন, এই যে শুনছেন, রামেন্দুবাবু—এই যে—

রামেন্দুবাবু হঠাৎ যেন চমকিয়া উঠিয়া পিছনে ফিরিয়া বিশ্বয়ের সঙ্গে বলিলেন, আমাকে বলছেন ?

যেন তিনি ইহা প্রত্যাশা করেন নাই, তাঁহাকে কেহ ডাকিবে।

যদুবাবু বলিলেন, আমরাই ডাকছি, আসুন, একটু চা খেয়ে আসি।

—ও! আচ্ছা—তা চলুন।

সকলেই খুব আশ্চর্যহিত। নতুন টীচারের সঙ্গে এত দিন আলাপ ভাল করিয়া হয়ই নাই, অনেকের সঙ্গে একটা কথাও হয় নাই। আজ ভাল করিয়া আলাপ করা যাইবে। লোকটার অঙ্ককার কার্যে তাহার সম্বন্ধে মাস্টারদের কৌতূহলের অন্ত নাই। আলমকে যে অপমান করিয়া ছাড়িয়াছে, সে সকলের বন্ধু।

চায়ের সোকানে গিয়া প্রতিদিনের মত মজলিস জমিল। স্কুল-মাস্টারদের অবশ্য যতটা হওয়া সম্ভব, তাহার বেশী ইহাদের ক্ষমতা নাই। নতুন টীচারকে খাতির করিয়া দুইখানা টোস্ট দেওয়া হইল, বাকী সবাই একখানা করিয়া টোস্ট লইলেন। পরস্পর একটা মানসিক বোঝাপড়া হইল যে, নতুন টীচারের খাবারের বিলটা সকলে মিলিয়া চাঁদা করিয়া দিবেন।

নারায়ণবাবু আলাপের ভূমিকাস্বরূপ প্রথমে জিজ্ঞাসা করিলেন, মশায়ের বাড়ী কোথায় ?

—আমার বাড়ী ছিল গিয়ে নদে জেলায় সুবর্ণপুর। এখন কলকাতায় আছি অনেক দিন।

—কলকাতায় কোথায় থাকেন ?

—মেসে।

—ও!

যদুবাবু একটু ঘনিষ্ঠতা করার জন্য বলিলেন, অনেক দিন কলকাতায় আর কী আছে, ভায়া, তোমার বয়েসটা কী আর এমন ? আমাদের চেয়ে কত ছোট—

নতুন টীচার এ ঘনিষ্ঠতায় বিশেষ ধরা দিলেন না। খুব ভঙ্গতার সঙ্গে বিনীতভাবে জানাইলেন, তাঁহার বয়স খুব কম নয়, প্রায় চৌত্রিশ পার হইতে চলিল। 'দাদা' কথাটার ব্যবহার একবারও করিলেন না। বেশ একটু ভঙ্গ ও বিনীত ব্যবধান বজায় রাখিয়া চলিলেন কথাবার্তায় ও চালচলনে।

একথা-ওকথার পর যদুবাবু হঠাৎ বলিলেন, আজ আমরা খুব খুশী হয়েছি, বেশ শিক্ষা দিইয়েছেন (মাথামাখি করিবার সাহস তাঁহার উবিয়া গিয়াছিল) ওই ব্যাটাকে—

নতুন টীচার অকুণ্ঠিত করিয়া বলিলেন, কার কথা বলছেন ?

—আরে, ওই যে ওই আলমটাকে—ও ব্যাটা হেডমাস্টারের কাছে প্রত্যেকের বিষয়ে লাগাবে। আমাদের উত্তন-কুত্তন করে মেরেচে মশাই। উঃ, ও এব্যবারে অস্বাভাবিক—ওর যা অপমান করেচেন আজ! দেখুন তো, আপনার নামে কিনা লাগাতে—

নতুন টাচারের মুখ কঠিন হইয়া উঠিল। তিনি বিরস কণ্ঠে বলিলেন, ও আলোচনা নাই বা করলেন এখন। মিঃ আলমের ভুল হতে পারে। ভুল সবারই হয়। আমি তাঁর ভুল পয়েন্ট আউট করেছি মাত্র। আদারওয়াইজ হি ইজ এ ভেরি গুড টাচার—ভেরি অনেস্ট অ্যাণ্ড সিন্সিয়ার টাচার! যাক্ ওসব কথা।

কঠিন ভঙ্গ স্ববের গাভীর্ষ্যে চায়ের দোকানের হালকা আবহাওয়া যেন থমথম করিয়া উঠিল।

যদুবাবু আর মাখামাখি করিবার সাহস পাইলেন না। অশ্রু কথা উঠিল। নতুন টাচার বিশেষ কোন কথা বলিলেন না। মজলিস জমিল না, যতটা আশা করা গিয়াছিল।

চায়ের মজলিস শেষ হইলে নতুন টাচার বিদায় লইয়া চলিয়া গেলেন। সকলের পয়সা তিলি নিজেই দিয়া দিলেন।

যদুবাবু বলিলেন, গভীর জলের মাছ, দেখলে তো?

শ্বেত্রবাবু ঘাড় নাড়িয়া বলিলেন, হঁ।

—বেশ চালবাজ।

—তা একটু আছে বইকি।

নারাণবাবু বলিলেন, তোমরা কারুর ভালো দেখ না—ওই তোমাদের দোষ। এ চালবাজ, ও গভীর জলের মাছ—এই সব তোমাদের কথা।

জ্যোতির্ষিনোদ বলিলেন, না না, ভুললোক ভালই! আমি তো দেখচি বেশ উদার লোক।

যদুবাবু বলিলেন, ওই তো ভায়া, ওই জন্তাই তৌ বলচি গভীর জলের মাছ। আমাদের পয়সাটি পর্যন্ত নিজে দিয়ে গেল, যেন কত ভদ্রতা! অথচ—

নারাণবাবু বলিলেন, অথচ কী? তুমি সব জিনিসের মধ্যে একটা ‘অথচ’ না বের করে ছাড়বে না ভায়া!

—অথচ মনের কথাটা প্রকাশ করলে না।

—অথচ নয়, অর্থাৎ তোমার মত পেটপাতলা নয়।

—আপনি তো দাদা আমার সবই দোষ দেখেন।

—রাপ কোর না ভায়া। আমি তো ও-ছোকরার কোন দোষই দেখলাম না। বসে বসে মিঃ আলমের নামে কুৎসা গাইলেই কি ভাল লোক হত?

নারাণবাবুকে সকলেই তাঁহার বয়সের জন্ত একটু সমীহ করিয়া চলে। যদুবাবু ইহা লইয়া নারাণবাবুর সঙ্গে আর তর্ক করিলেন না।

মোটের উপর সে দিন চায়ের মজলিস হইতে বাহির হইয়া সকলেই অসম্ভাব লইয়া বাড়ী ফিরিলেন।

মাসের শেষে ছেলেদের প্রোগ্রেস-রিপোর্ট ইত্যাদি লেখার ভিড় পড়িয়া গেল। হেড-মাস্টারের কর্তা হুকুম আছে, মাসের শেষদিন কোন টীচার ছুটির পর বাড়ী যাইতে পারিবে না—বসিয়া বসিয়া সব প্রোগ্রেস-রিপোর্ট লিখিয়া হেডমাস্টারের সই করাইয়া বিভিন্ন ক্লাসের মার্কেস খাতায় ছেলেদের মার্ক জমা করিয়া, ক্লাসের হাজিরা-বহিতে ছেলেদের গর-হাজিরা বাহির করিয়া তবে যাইতে পারিবে।

এই সব কেরানীর কাজ সাক্ষ করিয়া বাড়ী ফিরিতে রাত সাড়ে সাতটা বাজিয়া যায়।

স্কুলের প্রধানুযায়ী মাস্টারদের এদিন জলখাবার দেওয়া হয় স্কুলের খরচে। যদুবাবু ছুটির পর সাহেবের কাছে জলখাবারের টাকা আশ্বিতে গেলেন—বরাবর তিনিই যান ও কোন দোকান হইতে খাবার কিনিয়া আনেন।

বরাদ্দ আছে সাড়ে পাঁচ টাকা। সাহেব যদুবাবুর হাতে সাতটি টাকা দিয়া বলিলেন, আজ ভাল করে খাও সকলে—লাডু রসগোল্লা বেশী করে নিয়ে এস।

যদুবাবু প্রথমে একটি রেস্টুরেণ্টে গিয়া দুই পেয়ালা চা খাইলেন, তারপর ছয় টাকার খাবার কিনিলেন এক দোকান হইতে। বাকী একটি টাকা তাঁহার উপরি-পাওনা। অল্প অল্প বার আট আনা পয়সা উপরি-পাওনা হয় অর্থাৎ পাঁচ টাকার খাবার কিনিয়া আট আনা পকেটস্থ করেন।

স্কুলে আশ্বিতে প্রায় সন্ধ্যা হইল।

মাস্টারেরা অধীর আগ্রহে জলখাবারের প্রত্যাশায় বসিয়া আছেন। একজন বলিলেন, এত দেরি কেন যদুবাবু ?

—আরে, গরম গরম ভাজিয়ে আনচি। আমার কাছে বাবা ফাঁকি দিতে পারবে না কোন দোকানদার। বসে থেকে তৈরী করিয়ে ঘোল আনা দাঁড়ি ধরে ওজন করিয়ে তবে—

অস্বস্তি মাস্টারদের অগাধ বিশ্বাস যদুবাবুর উপরে। সকলেই বলেন, যদুবাবুর মত কিনতে-কাটতে কেউ পারে না—পাকা লোক একেবারে যাকে বলে।

টীচারদের ঘরে বেঞ্চির উপর ছোট ছোট পাতা পাতিয়া খাবার পরিবেশন করা হইল। যদুবাবু এখানে খাইবেন না, তিনি বাড়ী লইয়া যাইবেন। জ্যোতির্বিদ্যোদ মশায় ঘিয়ে-ভাজা জিনিস খাইবেন না, তিনি নিষ্ঠাবান ব্রাহ্মণ, তাঁহার জন্ম শুধু সন্দেশ-রসগোল্লা আনা হইয়াছে। নতুন টীচার বেঞ্চির এক পাশে খাইতে বসিয়াছিলেন। তাঁহার সঙ্গে বড় সাধারণত কাহারও যেশামেনি নাই। তিনি নিঃশব্দে ঘাড় ঝুঁজিয়া খাইতেছিলেন। যদুবাবু সামনে গিয়া বলিলেন, আর দু-একখানা লুচি দেব ?

—না না, আর দেবেন না।

—একটা রসগোল্লা ?

অস্বস্তি টীচার সকলেই বিভিন্ন বেঞ্চি হইতে নতুন টীচারকে খাওয়ার জন্ম, দুই-একটা অতিরিক্ত মিষ্টি লওয়ার জন্ম পীড়াপীড়ি করিতে লাগিলেন।

মি: আলম ভোজসভায় প্রতিবার উপস্থিত থাকেন; কিন্তু স্বীয় পদের আভিজাত্য বজায় রাখিবার জন্য সাধারণ মাস্টারদের সঙ্গে খাইতে বসেন না। মাস্টারেরা বরং খোশামোদ করিয়া প্রতিবার ভোজসভাতেই তাঁহাকে খাওয়ার জন্য গীড়াপীড়ি করিত। মি: আলম হালিমুখে প্রত্যাখ্যান করিতেন।

আজ তাঁহার প্রাপ্য সেই আপ্যায়ন নতুন টাচারের উপর গিয়া পড়িতে দেখিয়া মি: আলম মনে মনে ক্ষুব্ধ হইলেন, বিস্মিত হইলেন, নতুন টাচারের উপর হিংসায় মন পরিপূর্ণ হইল।

নতুন টাচার বলিলেন, মি: আলম, আপনি খেলেন না? আসুন।

মি: আলম গভীরমুখে উত্তর দিলেন, না, আপনারা খান। আমি এখন খাই নে।

নতুন টাচার আর কোন কথা বলিলেন না।

মাসে এই একদিন করিয়া স্কুলের খরচে খাওয়া—এমন বেশী কিছু খাওয়া নয়, হয়তো খান পাঁচ-ছয় লুচি, দুইটি রসগোল্লা, একটু তরকারি, এক মুঠা বোঁদে। এই খাওয়াটুকুর জন্য মাস্টারেরা মাসের শেষ দিনটির প্রতীক্ষায় থাকেন, সে দিন সারা দিনটা খাটিবার পর সন্ধ্যায় সকলে বসিয়া একটু খাওয়াদাওয়া—

পরদিন মি: আলম হেডমাস্টারকে গিয়া বলিলেন, শ্রাব, একটা কথা—মাসের শেষে মাস্টারদের পিছনে পাঁচ টাকা ছ টাকা মিথ্যে খরচ, ও বন্ধ করে দেওয়াই ভাল। ধকন, কমিটি থেকে আপত্তি তুলতে পারে। মাস্টারদের ডিউটি তারা করবে, তার জন্যে খাওয়ানো কেন স্কুলের খরচে? আমি তো ভাল বুঝছি নে শ্রাব।

কমিটির নামে হেডমাস্টার একটু ভয় পাইয়া গেলেন। তবুও বলিলেন, তা খায় থাকগে। খাটতেও হয় তো।

মি: আলম জানিত, কমিটির নামে সাহেব একটু ভয় পায়। সে গিয়া কমিটির একজন মেম্বারকে কথাটা লাগাইল। কমিটির মীটিংয়ে অমূল্যাবু সাহেবকে প্রমত্ত করিলেন, আচ্ছা, শুনলাম আপনি টাচারদের জলখাবার খেতে দেন মাসের শেষে, সে কার পয়সা? —স্কুলের খরচে।

—কেন?

—কেন?

—মাস্টারদের খাটুনি বেশী হয়—প্রোগ্রেস-রিপোর্ট লেখা, রেজিস্টার ঠিক করা—

—এ তো তাঁদের ডিউটি। এর জন্যে জলখাবার দেওয়া কেন?

ক্লার্কওয়েল তর্ক করিয়া তখনকার মতো নিজের কাজের যৌক্তিকতা প্রতিপন্ন করিতে চেষ্টা করিলেন বটে, কিন্তু পরের মাস হইতে মাস্টারদের জলযোগ বন্ধ হইয়া গেল।

ক্ষেত্রাবু সেদিন স্কুল হইতে বাড়ী ফিরিয়া দেখিলেন, স্ত্রী বিছানায় শুইয়া আছে, ভয়ানক জ্বর। এঁটো বাসন রান্নাবরের এক পাশে জড়ো হইয়া আছে—ওবেলাকার এঁটো পরিষ্কার করা হয় নাই, ছেলেমেয়েগুলো ঘরময় দাপাদাপি করিয়া বেড়াইতেছে, চারিদিকে বিশৃঙ্খলা। ক্ষেত্রাবুর মাথা ঘুরিয়া গেল। সারাদিন পরে আসিয়া এ সব কি দৃশ্য হয়? স্ত্রীর ব্যবস্থামত

ঠিকানা-বিকে আজ মাস-তিনেক হইল ছাড়াইয়া দেওয়া হইয়াছে। স্ত্রীই বলিয়াছিল, কেন মিছিমিছি ঝির পেছনে আড়াই টাকা তিন টাকা খরচ—আজ একটু ছুন দাও মা, আজ খিদে পেয়েছে জলখাবার দাও মা, আজ মাথবার একটু তেল দাও মা—এই সব ঝক্তি রোজ লেগেই আছে। দাও ছাড়িয়ে, কাজকর্ম সব করব আমি। হাসিয়া বলিয়াছিল, কিন্তু মাসে মাসে আড়াইটে করে টাকা আয়ায় দিয়ো গো, ফাঁকি দিয়ো না যেন।

কিন্তু শরীর খারাপ, মন খাটিতে চাহিলে কী হইবে, তিন মাসের মধ্যে এই তিনবার অস্থখে পড়িল। ডাক্তার ও ওষুধ-খরচে ঠিকানা-ঝিরের ডবল খরচ হইয়া গেল।

ক্ষেত্রাবু নিজে বড় মেয়েটির সাহায্যে রান্নাঘর পরিষ্কার করিলেন। মেয়েকে বলিলেন। বাসন মাজতে পারবি হাবি ?

হাবি মাত্র সাত বছরের মেয়ে। ঘাড় নাড়িয়া বলিল, হঁ, খুঁ-উ-ব।

—যা দিকি, আমি কলতলায় দিয়ে আসচি।

ঘরের ভিতর হইতে নিভাননী চিঁ-চিঁ করিয়া বলিল, ও পারবে না—একটা ঠিকে-ঝি দেখে নিয়ে এস। ওট সদগোপ-বাবুদের পাশের গলিতে মূংলির মা বুড়ী থাকে, খোঁজ করে দেখগে।

ক্ষেত্রাবু ধমক দিয়া বলিলেন, তুমি চূপ করে শুয়ে থাক। আমি বুঝি। কেন ও পারবে না ? শিখতে হবে না কাজ ? কাছ কোথায় রে ?

হাবি বলিল, না বাবা, আমি পারব। দাদা খেলা করতে গিয়েচে।

—সুজি কোথায় আছে ? ঘি ?

নিভাননীর ধমক খাইয়া রাগ হইয়াছিল। সে কথা বলিল না।

—আঃ, বলি—সুজিটা কোথায় ? সারাদিন খেটে খিদেতে মরছি, যা হয় কিছু খাব তো ?

নিভাননী পূর্ববৎ চিঁ-চিঁ করিতে করিতে বলিল, আমার কী দরকার কথায় ? যা বোঝা করো তুমি।

হাবি বলিল, আমি জানি বাবা, আমি দিচ্ছি।

ভখন নিভাননী মেয়েকে ডাকিয়া বলিয়া দিল, সুজি করিবার দরকার নাই, ও-বেলার ঝটি করা আছে শিকের হাঁড়িতে। নিয়ে খেতে বল। চা করে দিতে পারবি ?

হাবি 'না' বলিতে জানে না। ঘাড় লম্বা করিয়া বলিল, হঁ—উ—উ—

সে চায়ের কাপ ইত্যাদি লইয়া রান্নাঘরের দিকে যাইতে যাইতে বলিল, মা, উল্লুনে ঝাচ দিয়ে দেবে কে ?

ক্ষেত্রাবু বলিলেন, তোমাকে ওসব করতে হবে না। হয়েছে, থাক, আর আমার চায়ে দরকার নেই। তারপর চা করতে গিয়ে জামায় আগুন লেগে মরুক—

নিভাননী বলিল, আহা, মুখের কী মিষ্টি বাক্য !

ক্ষেত্রাবু এক গ্লাস জল ঢকঢক করিয়া খাইয়া ফেলিলেন। তারপর হাবির সাহায্যে ঝটি

বাহির করিয়া গুড় দিয়া এক-আধখানা নিজে খাইলেন, বাকি ছেলেমেয়েদের মধ্যে ভাগ করিয়া দিয়া টুইশানিতে বাহির হইলেন।

হাবি বলিল, বাবা, মা বলছে রাত্রে কী খাবে? একখানা পাউরুটি কিনে এনো—

ক্ষেত্রবাবু কথা কানে তুলিলেন না। ছাত্রের বাড়ী গিয়া মনে পড়িল, স্বীর অস্থতের জন্ত একবার বেলেঘাটায় রামসদয় ডাক্তারের ওখানে ঘাইতে হইবে। খানিকটা আলাপ-পরিচয় আছে; স্কুল-মাস্টার বলিয়া ভিজিটটা কম লইয়া থাকে তাঁহার কাছে।

ছেলের বাপ আসিয়া কাছে বসিয়া ছেলের পড়ার তদারক করিতে লাগিল। ফলে ক্ষেত্রবাবু যে একটু সকাল সকাল বিদায় লইবেন, তাহার উপায় রহিল না। অভিভাবকের মনস্তষ্টির দরুন বরং একটু বেশী সময় বসিয়া থাকিতে হইল। রাত্রি সাড়ে নয়টার সময় ছাত্রের বাড়ী হইতে পদব্রজে বেলেঘাটা চলিলেন। ডাক্তারের সঙ্গে দেখা করিয়া কাজ শেষ করিতে সাড়ে দশটা বাজিয়া গেল, কাজেই আসিবার পথে ছয়টি পয়সা বাসভাড়া দিয়া ফিরিতে হইল।

বাসায় ফিরিয়া দেখেন, ছেলেমেয়েরা অঘোরে ঘুমাইতেছে। স্বীর আবার জর আসিয়াছিল সম্ভ্যার পরেই, সে বিছানায় পড়িয়া এপাশ-ওপাশ করিতেছে।

ভীষণ ক্ষুধা পাইয়াছে। কিন্তু এত রাত্রে কী খাইবেন? ভাত চড়াইবার দৈর্ঘ্য থাকে না আর এখন।

নিভাননী জবে বেছিশ, তবুও সে জিজ্ঞাসা করিল, পাউরুটি এনেচ?

ঐ যাঃ! পাউরুটি কিনিতে তুলিয়া গিয়াছেন, অত কি ছাই মনে থাকে? বলিলেন, না, আনতে মনে নেই।

নিভাননী উদ্বিগ্নকণ্ঠে বলিল, তবে কী খাবে এখন? ছুটো চিড়ে কিনে আন না হয়—ক্ষেত্রবাবু বিরক্তির সহিত বলিলেন, হ্যাঃ, এখন এগারোটা বাজে, আমার জন্তে চিড়ের দোকান খুলে রেখেছে তারা!

—দেখই না গো, মোড়ের দোকানটা অনেক রাত পর্যন্ত খোলা থাকে।

ক্ষেত্রবাবু সে কথার কোনও উত্তর না দিয়া কলসী হইতে এক গ্লাস জল গড়াইয়া ঢকঢক করিয়া খাইয়া আলো নিভাইয়া শুইয়া পড়িলেন, অর্থাৎ সমস্ত অস্থবিধা ও অনাহারের দায়িত্বটা রুগ্ন স্বীর ঘাড়ে চাপাইয়া দিলেন বিনাবাক্যব্যয়ে।

নিভাননী দীর্ঘনিশ্বাস ফেলিয়া চূপ করিয়া রহিল।

পরদিন সকালে ডাক্তার আসিয়া বলিল, রোগ বাক্য পথ ধরিয়াছে। বাড়ীতে ভাল চিকিৎসা হইবে না, হাসপাতালে পাঠাইতে পারিলে ভাল হয়। ক্ষেত্রবাবুর প্রশ্ন উদ্ভিয়া গেল। হাসপাতালে জীকে পাঠাইলে ছেলেমেয়েদের বাড়ীতে দেখাশোনা করে কে? হাসপাতালে যাওয়ার ব্যবস্থা হই বা তিনি কখন করেন?

ডাক্তারের হাতে-পায়ে ধরিয়া একটা চিঠি লিখাইয়া লইলেন ক্যাম্বেল হাসপাতালের এক ডাক্তারের নামে। খাইতে গেলে ক্যাম্বেল হাসপাতালে গিয়া কাজ মিটাইয়া আবার

ঠিক সময়ে স্কুলে যাইতে পারেন না। স্বতরাং হাবিকে তাহার ভাইবোনের জন্ত রান্না করিতে বলিয়া, না খাইয়াই বাহির হইলেন। ক্লাকওয়েল সাহেবের স্কুলে পাঁচ মিনিট লেট হইবার জো নাই।

হাসপাতালে গিয়া শুনিলেন, ডাক্তারবাবু দশটার আগে আসেন না। বসিয়া বসিয়া সাড়ে দশটার সময় ডাক্তারের মোটর আসিয়া গেটে ঢুকিল। ক্ষেত্রবাবুর হাত হইতে চিঠি পড়িয়া বলিলেন, আচ্ছা, আপনি ও-বেলা আমার সঙ্গে একবার দেখা করবেন, এই—ছটার সময়। এ-বেলা বলতে পারিচি নে।

ক্ষেত্রবাবু প্রমাদ গনিলেন। ছয়টা পর্য্যন্ত এখানে অপেক্ষা করিবেন তো বাসায় যাইবেন কখন, ছেলে পড়াইতেই বা যাইবেন কখন ?

স্কুলের কাজ শেষ হইয়া আসিয়াছে, বেলা চারিটা বাজে, এমন সময় সাহেবের ঘরে ডাক পড়িল।

ক্ষেত্রবাবু সাহেবের টেবিলের সামনে দাঁড়াইতেই ঘ্নাহেব বলিলেন, ক্ষেত্রবাবু, দুটো ক্লাসের প্রশ্নপত্র লিখো করতে হবে—আপনি ছুটি হলে কাজটা করে বাড়ী যাবেন।

হেডমাস্টারের কথার উপর কথা চলে না, অগত্যা তাহাই করিতে হইল। ছুটির পর মাস্টারদের মধ্যে দুই-একজন বলিলেন, চলুন ক্ষেত্রবাবু, চা খেয়ে আসি।

—মনে সুখ নেই, চা খাব কী, চলুন—

সেখানে গিয়া মাস্টারের দল প্রস্তাব করিলেন, স্কুলে একদিন ফিস্ট করা হোক। হেড-পণ্ডিত চা না খাইলেও এখানে উপস্থিত থাকেন রোজ। তিনি ফর্দ করিলেন, প্রত্যেক মাস্টারকে এক টাকা করিয়া চাঁদা দিতে হইবে। তাহা হইলে একদিন পোলাও রান্নায়া সবাই আয়োদ করিয়া খাওয়া যায়। যত্নবাবু বলিলেন, এক টাকা বড় বেশী হইয়া পড়ে—বারো আনার মধ্যে যাহা হয় হউক।

ক্ষেত্রবাবু বলিলেন, মনে সুখ নেই দাদা, এখন ওসব থাক।

যত্নবাবু বলিলেন, কেন, কী হয়েছে ?

—বাড়ীতে বড় অসুখ। হাসপাতালে পাঠাতে হচ্ছে কাল।

সকলেই নানারূপ ব্যগ্র প্রশ্ন করিতে লাগিলেন। দুই-একজন ক্ষেত্রবাবুর বাড়ী পর্য্যন্ত গিয়া দেখিতে চাহিলেন। ফিস্ট খাইবার প্রস্তাব আপাতত মূলতুবী রহিল। সকলেই কম মাহিনায় সংসার চালান, এক পরিবারের মত মনে করেন পরস্পরকে, একজনের দুঃখ সবাই বোঝেন বলিয়াই চায়ের এ মঞ্জলিসের বন্ধুদের মধ্যে প্রীতির বন্ধন ঘনিষ্ঠ ও নির্ভেজাল।

ক্ষেত্রবাবুর সঙ্গে নারায়ণবাবু হাসপাতাল পর্য্যন্ত গেলেন। ক্ষেত্রবাবু বলিয়াছিলেন, আপনি বুড়োমাহুষ, এতটা আর যাবেন না হেঁটে।

—বুড়োমাহুষ বলে কি মাহুষ নই ? ও কী ভায়া, চল, গিয়ে দেখে আসি।

দুজনে গিয়ে ডাক্তারের সঙ্গে দেখা করিয়া হাসপাতালের সব ব্যবস্থা করিয়া ফেলিলেন এবং পরদিনই নিভাননীকে হাসপাতালে আনা হইল।

নারাণবাবু রোজ বিকালে টুইশানিতে যাইবার আগে দুইটি কমলালেবু, কোনদিন বা এক গুচ্ছ আঙুর লইয়া নিভাননীকে দেখিয়া যান। স্কুলে পরদিন বলেন, ও ক্ষেত্রভায়া, বউমা কাল বলছিলেন, তুমি হাত পুড়িয়ে রেঁধে খাচ্ছ, তোমার কে এক শালী আছেন, তাঁকে এনে ছুদিন রাখ না—

—আপনাকে বললে বুঝি ?

—হ্যাঁ, কাল উনি বলছিলেন। তোমার কষ্ট হচ্ছে। কবে যে সেরে উঠবে, কবে যে বাড়ী যাব—বলছিলেন বউমা।

—ওই রকম বলে। শালীকে আনা কী সহজ দাদা ? নিয়ে এস খরচ করে, দিয়ে এস খরচ করে—খাওয়াও লুচি-পেরোটা। সে কি আমাদের সাধি ?

নারাণবাবুকে নিভাননী 'দাদা' বলিয়া ডাকে। আড়ালে 'বটঠাকুর' বলিয়া ডাকে স্বামীর কাছে। নারাণবাবু কত রকম মজার গল্প করেন তাহার কাছে, রোগীর মনে আনন্দ দিতে চান! একদিন নিভাননী বলিল, দাদা, আমি ভাল হলে আপনাকে ছোট বোনের বাড়ী একদিন খেতে হবে।

নারাণবাবু শশব্যস্ত হইয়া বলেন, নিশ্চয় বউমা, নিশ্চয়, এর আর কথা কী ?

—আপনি কী খেতে ভালবাসেন দাদা ?

—আমি ? আমার—বউমা—বুড়ো হয়েছি—যা হয় সব ভাল লাগে। একলা থাকি, রেঁধে খাই—

—কতদিন আছেন একা ?

—তা আজ সাতাশ বছর বউমা।

—একা আছেন ?

—তা থাকতে হয় বইকি বউমা। নিজেই রান্ধি—এই বয়সে কি রান্না করতে ইচ্ছে করে ? বেশী কিছু রান্ধি না, যা হয় একটা তরকারি করি।

—আপনি মাছ খান ?

—তা খাই বউমা। ও বোটমদের ঢঙ নেই আমার। পুরুষ মানুষ, মাছ-মাংস কেন খাব না ? ও বোটমদের মেয়েলিপনার ঢঙ দেখলে আমি হাড়ে চটি।

—আমি আপনাকে ইলিশমাছের দই-মাছ রেঁধে খাওয়াব। আমি দিদিমার কাছে রান্ধতে শিখেছি, জানেন ?

পিতৃসম শ্বেহময় বৃদ্ধের সঙ্গে কথা বলিবার সময়ে নিভাননীর কণ্ঠে আপনিই যেন আবদারের স্বর আসিয়া পড়ে। তাহার বালিকা-বয়সে যে বাবা স্বর্গে গিয়াছেন, তাহার কথা ভাল মনে পড়ে না—এই প্রাণখোলা সরল বৃদ্ধের মধ্যে নিভাননী তাঁহাকেই যেন আবার দেখিতে পায়, নিজের কণ্ঠে কখন যে কন্টার মত আবদার-অভিমানের স্বর আসিয়া পড়ে সে বুঝিতেও পারে না।

নারাণবাবু বসিয়া স্থখ-দুঃখের কথা বলেন। নারীর বনিষ্ঠ সম্পর্কে আজ ত্রিশ বছর

আসেন নাই—স্নেহ-ভালবাসার পাট উঠিয়া গিয়াছে। এমন দরদী শ্রোতা পাইয়া তাঁহারও মনের উৎস-মুখ খুলিয়া যায়। প্রথম জীবনের চাকুরির কথা বলেন। বহুকাল-পরলোকগতা পত্নীর সন্ধকে বলেন, অহুকুলবাবুর কথাও পাড়েন। নিভাননী সহানুভূতি জানায়, একমনে শুনিতে শুনিতে কখন তাহার চোখ হলহল করিয়া উঠে।

ক্ষেত্রাবু সবদিন আসিতে পারেন না। টুইশানি, বাড়ীতে ছেলে-মেয়েদের দেখাশোনা—এসব সারিয়া রোজ হাসপাতালে আসা চলে না। নারায়ণাবু আসেন বলিয়া হয়তো তেমন দরকারও হয় না।

সেদিন নারায়ণাবু টুইশানি সারিয়া বউবাজারের মোড় হইতে একটা বেদানা ও দুইটি কমলালেবু কিনিলেন। অনেকদিন কিছু হাতে করিয়া যাইতে পারেন নাই, আজ টুইশানির মাহিনা পাইয়াছেন। হাসপাতালের হলে দেখিলেন, হলের কোণে নিভাননীর সে বিছানাটা খালি, লোহার খাটটা হাড়পাজরা বাহির করা পড়িয়া আছে।

নারায়ণাবু ভাবিলেন, তাঁহার ভুল হইয়াছে। কোন্ ঘরে আসিতে কোন্ ঘরে আসিয়াছেন, বুদ্ধবয়সে মনে থাকে না। বাহির হইতে গিয়া বারান্দায় জলের না কিসের ড্রামটি চোখে পড়িল। না, এই ড্রাম রহিয়াছে—এই তো ঘর। আবার তিনি ঘরে ঢুকিলেন।

পাণের বিছানার এক রোগী বলিল, আপনি কাকে খুঁজছেন বলুন তো ? ও, সেই বউটির আপনি কেউ—আহা, আপনি জানেন না ! ও তো আজ দুপুরে হয়ে গিয়েছে। বউটির স্বামী এল, আরও কে কে এল—নিয়ে গেল, প্রায় তখন তিনটে। আহা, আমরা সবাই—কথা কইতে কইতে পাশ ফিরল আর অমনি হয়ে গেল। হাটে কিছু ছিল না। আহা, আপনি কে হতেন ওঁর—ইত্যাদি।

নারায়ণাবু কিছু না বলিয়া ফলগুলি হাতে করিয়া বাহিরে আসিলেন।

আজ ক্ষেত্রাবুকে কি স্কুলে দেখেন নাই ? মা বোধ হয়। এখন মনে পড়িল, সারাদিন স্কুলে ক্ষেত্রাবুর সঙ্গে দেখা হয় নাই বটে। আজ হাসপাতালে আসিবেন বলিয়া টুইশানিতে গিয়াছিলেন ছুটির পরেই, স্তরার চায়ের দোকানেও যান নাই। নতুবা ক্ষেত্রাবুর অস্থিতি চোখে পড়িত।

নিজের ছোট ঘরের নিঃসঙ্গ শয্যায় শুইয়া বুদ্ধ কত রাত পর্যন্ত ঘুমাইতে পারিলেন না।

স্কুলের দুর্দশা উপস্থিত হইল এপ্রিল মাস হইতে। এপ্রিল মাসে মাস্টারদের বেতন ঠিক সময় দেওয়ার উপায় রহিল না ; কারণ, এবার জাহ্নুয়ারি মাসে আশাহু রূপ ছেলে ভর্তি হয় নাই, বরং অনেক ছেলে ট্রান্সফার লইয়া চলিয়া গিয়াছে। এ স্কুলে ছেলেদের মাহিনা অল্প স্কুল হইতে বেশী, এই সব দুঃসময়ে লোক বেশী মাহিনা দিতে আর চায় না। পূর্বে ভাবা গিয়াছিল, সাহেব-মেম স্কুলে পড়াইবে বলিয়া পাড়ার বড়লোকেরা ছেলে এখানেই ভর্তি করিবে ; কিন্তু গত ম্যাট্রিক পরীক্ষার ফল তেমন ভাল না হওয়ায় এ স্কুলে পড়াইতে অনেকেই দ্বিধা বোধ করিল। ফলে ছেলে অনেক কমিয়া গিয়াছে এবার।

মাস্টাররা সাতাশে এপ্রিল মার্চ মাসের মাহিনার কিছু অংশ মাত্র পাইল। গরমের ছুটির পূর্বে যে মাসে মার্চ মাসের প্রাপ্ত বেতনের বাকী অংশ শোধ করিয়া দেওয়া হইল। দেড় মাস গরমের ছুটি, গরীব শিক্ষকেরা বাড়ী গিয়া খায় কী? হেডমাস্টারের কাছে দরবার করিয়া ফল হইল না। সকলে বলিল, সাহেব মেম ঠিক ওদের পুরো ছুটির মাহিনে নিয়ে যাচ্ছে। আমাদেরই বিপদ।

শোনা গেল, সাহেব দিল্লী না কোথায় যেন বেড়াইতে যাইতেছে।

স্কুলের কেরানী হরিচরণ নাগ কিন্তু বলিল, কথা ঠিক নয়—সাহেব এখনও মার্চ মাসের মাহিনা শোধ করিয়া লয় নাই। মেম এপ্রিল মাস পর্যন্ত মাহিনা লইয়াছে বটে।

সাহেবের নিকট যাইয়া মাহিনা পাইবার জন্ত বেশী পীড়াপীড়ি করিলে সাহেব বলিলেন, মাই ডোর ইজ ওপ্—ঋীদের না পোষায় চলে যেতে পারেন। আমার স্কুলে কষ্ট করে যারা থাকতে না পারবে, তাদের দিয়ে এখানি কাজ হবে না। আমাদের অনেক কষ্টের মধ্যে দিয়ে এখনও যেতে হবে—স্বার্থত্যাগ চাই তার জন্তে। সামনের বছর থেকে স্কুল ভাল হয়ে যাবে। এই বছরটা তোমরা আমার সঙ্গে সহযোগিতা করো।

ক্লার্কওয়েল সাহেবের ব্যক্তিত্ব বলিয়া জিনিস ছিল, অস্তুত গরীব টাচারদের কাছে। কারণ ব্যক্তিত্ব জিনিসটা ভীষণ রিলেটিভ, আমার গুরুদেবের ব্যক্তিত্ব তোমার কাছে হয়তো কিছুই নয়, কিন্তু আমার কাছে তা গুরুত্বপূর্ণ; তোমার জমিদার-মনিবের ব্যক্তিত্ব যতই গুরু হউক, আমার নিকটে তাহা নিতান্তই লঘু। স্বতরাং মাস্টারের দল শুধু-হাতে গরমের ছুটিতে দেশে চলিয়া গেল।

যহুবাবু পড়িয়া গেলেন মুশকিলে। কলিকাতা ছাড়িয়া কোথাও একটা যাইবার স্থান নাই, অথচ ইচ্ছা করে কেমনাও যাইতে। কতদিন কলিকাতার বাহিরে যাওয়া ঘটে নাই, হাতও এদিকে খালি। তাহার ছাত্রেরা দেশে যাইতেছে, নবদ্বীপের কাছে পূর্বস্বলি নামে গ্রাম, বেশ নাকি ভাল জায়গা। কিন্তু যহুবাবু তো একা নহেন, স্ত্রীকে বাসায় রাখিয়া যাওয়া সম্ভব নয়।

পৈতৃক গ্রামে যাইতে ইচ্ছা হয়, কিন্তু সেখানে ঘরবাড়ী নাই। জমিজমা শরিক কিনিয়া লইয়াছে আজ বহুদিন। তবুও যহুবাবু বলিলেন, বেড়াবাড়ী যাবে?

যহুবাবুর স্ত্রী বিবাহ হইয়া কিছুদিন যশোর জেলার এই ক্ষুদ্র গ্রামে শশুরঘর করিয়াছিল, ম্যালেরিয়া ধরিয়া মাস দুই ভোগে। তাহার পর হইতেই স্বামীর সঙ্গে বর্ধমান ও পরে কলিকাতায়। সে বেড়াবাড়ী যাইবার প্রস্তাবে বিস্মিত হইয়া কহিল, বেড়াবাড়ী! সেখানে কেমন করে যাবে পো? বাড়ীঘর কোথায় সেখানে?

—চলো না, অবনীদেব বাড়ীতে গিয়ে উঠি। সেও তো কলিকাতায় এসে আমার বাসীতে থেকে গিয়েছে দু-একবার।

—না বাপু, পরের বরকরার মধ্যে যাওয়া, সে বড় ঝগড়া। হাতে তোমার টাকাই বা কই?

যদুবাবুর মতলব একটু অল্প রকম। হাতে প্রায় কিছুই নাই, স্ত্রীকে পাড়াগাঁয়ে জ্ঞাতীদের বাড়ী গছাইয়া রাখিয়া আসিয়া দিনকতক তিনি একটু হাল্কা হইবেন! এগারো টাকা করিয়া বাসাভাড়া আর টানিতে পারেন না। ওই খার্ড মাস্টার শ্রীশ রায় মেসে থাকে, আড়াই টাকা সীট রেন্ট, খোরাকী খরচ দশ টাকা, সাড়ে বারো টাকার মধ্যে সব শেষ।

যদুবাবু স্ত্রীকে বলিয়া-কহিয়া রাজী করাইলেন। কিন্তু যাইবার দিন বাড়ীওয়ালী গোল-মাল বাধাইল।

—আজ পাঁচ মাসের বাড়ীভাড়া পাওনা মশাই, পাঁচ এগারোং পঞ্চাশ টাকা—দশ টাকা মাত্র ঠেকিয়েছেন এ মাসে আর মাত্র পাঁচ টাকা ঠেকিয়ে চলে যাচ্ছেন? বাস্ক-পেটরা-বিছানা সবই নিয়ে চললেন, রইল এখানে কী তবে? ওই একটা জাকল কাঠের সিন্দুক আর একখানা ভাঙা তরুপোশ, আর তো দেখছি কয়লাভাঙা হাতুড়িটা আর মরচে-ধরা গোটা দুই কাচ-ভাঙা হ্যারিকেন। আপনি যদি আর না আসেন মশাই তো এতে আমার চল্লিশ টাকা আদায় হবে কিসে বুঝিয়ে দিয়ে তবে যান। আমি পাড়ার লোক ডাকি, তারা বলুক, আমার যদি অজ্ঞায় হয়ে থাকে মশাই, আমার দশ বা জুতো মারুক। আপনি ভদ্রলোকের ছেলে, বাড়ীতে জায়গা দিয়েছিলাম, ইস্কুলে মাস্টারি করেন, ছেলেদের লেখাপড়া শেখান, তা এই যদি আপনার ধরন হয়—না মশাই, আমি তা পারব না। মাপ করবেন। আপনি যেতে হয়, জিনিসপত্র রেখে যান, নইলে আমার ভাড়া চুকিয়ে দিয়ে যান।

—কী হয়েছে, কী হয়েছে?—বলিয়া কলিকাতার হুকুপ্রিয় কোতুহলী লোক ভিড় পাকাইয়া তুলিল। কেহ হইল বাড়ীওয়ালার দিকে, কেহ হইল যদুবাবুর দিকে—উভয় দলে মারামারি হইবার উপক্রম হইল। যদুবাবুর জী চট করিয়া উপরে গিয়া বাড়ীওয়ালার মায়ের কাছে কাঁদিয়া পড়িলেন—মা, আপনি বলে দিন। টাকা আমরা ফেলে রাখব না—পালাবও না। স্কুল খুললেই টাকা শোধ দেব।

দোতলার বারান্দায় দাঁড়াইয়া বাড়ীওয়ালার মা ডাকিল, ও বদে, বলি শোন, ওপরে আয়।

ব্যাপারটা মিটিল। জী ও বাস্ক বিছানা সমেত যদুবাবু মুক্তি পাইলেন; কিন্তু আর তিনি কোনদিন এ বাসা তো দূরের কথা, এ পাড়ার ত্রিসীমানাও মাড়ান নাই।

বেড়াবাড়ী বগুলা স্টেশনে নামিয়া সাত ক্রোশ গরুর গাড়ীতে যাইতে হয়। ছপুর ঘুরিয়া গেল সেখানে পৌঁছিতে। শরিক অবনী মুখুঞ্জ আহারাদি সারিয়া দিবানিশা দিতেছিলেন, বাহিরে শোরগোল শুনিয়া আসিয়া যাহা দেখিলেন, তাহাতে তিনি খুব সন্তুষ্ট হইলেন না। মুখে বলিলেন, কে, যদুদা? সঙ্গে কে? বউদি? বেশ, বেশ—তা এতকাল পরে মনে পড়েছে যে? না, ভাল না, বাড়ীর সব অস্থখ ব্যায়রাম। আপনার বউমা তো কাল জর থেকে উঠেছে—ছেলে দুটোর এমন পাচড়া যে, পক্ষ হয়ে বসে থাকে—ও পুঁটি—ওগো—এই বউদিদি এসেছেন, নামিয়ে নাও—

রাতে যদুবাবু দেখিলেন, থাকিবার ভীষণ কষ্ট। ইহাদের দুইটি মাত্র ঘর আর এক ভাঙা

পূজার দালান, তার একখানায় কাঠকুঠা রহিয়াছে। একটি ঘরে ভক্ততা করিয়া আজিকার জন্ম থাকিবার ভায়গা দিয়াছে বটে, কিন্তু বেশীদিনের জন্ম এ ব্যবস্থা সম্ভব নয়, কারণ অবনীর তিনটি বড় মেয়ে, দুইটি ছেলে, জী ও এক বিধবা দ্বিদ্ভিকে লইয়া পাশের ওই একখানি মাত্র ঘরে কতদিন থাকিতে পারিবে ?

দুই দিন গেল, এক সপ্তাহ গেল। গরমে বড় কষ্ট হয়—সেকলে কোঠার ছোট ছোট জানালা, হাওয়া চলে না।

অবনীদেব সংসারে প্রথম দুই দিন এক হাঁড়িতেই খাওয়া চলিয়াছিল, তারপর যত্নবাবু আলাদা রান্না হয়। জিনিসপত্র সস্তা, এক সের করিয়া দুধ যোগান করা হইয়াছে—বেশ খাঁটি দুধ। যত্নবাবু স্ত্রী বলে, এমন দুধ, যাই বল, শহরে বেশী পয়সা দিলেও মিলবে না।

কিন্তু দিন-পনেরো পরে থাকিবার বড় অসুবিধা হইতে লাগিল। অবনী একদিন ঘুরাইয়া কথাটা বলিয়াই ফেলিল। অর্থাৎ দেশ তো দেখা হইয়াছে, এবার যাইবার কী ব্যবস্থা ? ভাবখানা এই রকম।

রাতে যত্নবাবু স্ত্রীকে নিম্নকণ্ঠে বলিলেন, অবনী তো বলছিল, আর কদিন আছ দাদা ? তা কী করি বল তো ? এই গরমে কলকাতায়—

স্ত্রী বলিল, চল এখান থেকে বাপু। নানান অসুবিধে। মন টেকে না। বাবাঃ, যে জঙ্গল ! ঘরদোরগুলো ভাল না, ছাদ যেমন—একটা বিষ্টি হলেই জল পড়বে। আর ওরাও আর তেমন ভাল ব্যবহার করছে না। আজ ঘাটে বড়দিদি কাকে বলছিল—আমাদের বাড়ী তো আর শরিকের ভাগ নেই, যে যেখানে আছে ছুট করে এলেই তো হল না ! এই রকম কী কথা ! আমাদের যাওয়াই ভাল। যে মশা, রাত্তিরে ঘুম হয় না মশার ডাকে।

যত্নবাবু তাহা ইচ্ছা নয়। স্ত্রীকে এবার শরিকের ঘাড়ে কিছুদিন চাপাইয়া যাইবেন, এই মতলব লইয়াই এখানে আসিয়াছেন। তিনি কিছু বলিলেন না।

আর দুই-তিন দিন পরে যত্নবাবু ফিরিবেন মনস্থ করিলেন।

অবনীকে বলিলেন, তোমার বউদিদি রইল এ মাসটা, দ্বিদ্ভির সঙ্গে শোবে। আমার কলকাতায় না গেলে নয়, আমি পরশু নাগাদ যাই।

গ্রামের কাপালীপাড়া হইতে সিধু কাপালী আসিয়া বলিল, দাদাঠাকুর, এ গাঁয়ে একটা পাঠশালা খুলে বসুন। পঁচিশ-ত্রিশটা ছেলে দেব—চার আনা আট আনা করে রেট। আপনার বাড়ী বসে যা হয় ! কলকাতা ছেড়ে পদিয়ে এখানেই থেকে যান না কেন ?

যত্নবাবু হাসিয়া বলিলেন, কলকাতার স্কুলে পঁচাত্তর টাকা মাইনে পাই—সত্তর ছিল, ছেড়ে দেব বলে ভয় দেখিয়েছিলাম, অমনি সেক্রেটারি পাঁচ টাকা বাড়িয়ে বললে—যত্নবাবু, আপনার মত টচার আর কোথায় পাব, আপনি থাকুন। প্রাইভেট টুইশানিতে তাও ধরো পাই—পনেরো আর পঁচিশ সকালে—বিকলে পনেরো আর কুড়ি। এই ছেড়ে আসব পাঠশালা খুলে চার আনা আট আনা নিজে ছেলে-পড়াতে ? তুমি হাসালে সিদ্ধেশ্বর।

অবনী সেখানে উপস্থিত ছিল। যত্নবাবু যে স্কুলে এত মাহিনা পান, এই সে প্রথম শুনি।

কিন্তু কই, তেমন তো আসবাব বাসনপত্র কিছুই নাই! বউদিদি মোটে চারখানা শাড়ী আনিয়াছেন। দাদার দুইটি মলিন পিরান, গায়ে ভাল গেঞ্জি একটাও দেখা যায় না। বিছানা তো যা আনিয়াছেন, তাহা দেখিয়া একদিন অবনীর স্ত্রী বলিয়াছিল—বটঠাকুরের যা বিছানা-পত্র, ওই বিছানায় কী করে ওয়া শোয় কলকাতা শহরে, তা ভেবে পাই নে। আমরা যে অজ-পাড়াগেয়ে—আমাদের বাড়ীর ছেলেমেয়েরা পর্যন্ত ও-বিছানায় শোবে না।

গ্রামের সকলে খরিয়াছিল, এতকাল পরে দেশে এসেছ, গাঁয়ের ব্রাহ্মণ কটিকে ভাল করে একদিন মা-বাপের তিথিতে খাইয়ে দাও। কিছুই তো করলে না গাঁয়ে—

যত্নবাবু তাহাতে কর্ণপাত করেন নাই।

অথচ তিনি এত রোজগার করেন নিজের মুখেই তো বললেন। কী জানি কী ব্যাপার শহরের লোকের! বেশ মোটা পয়সা হাতে নিয়ে এসেছে দাদা, অথচ খরচপত্র বিষয়ে কঙ্গুস—

কথাটা অবনী স্ত্রীকে বলিল।

স্ত্রী বলিল, কী জানি বাপু, দিদির গায়ে তো একরত্তি সোনা নেই—শাঁখা আর কাঁচের চুড়ি এই তো দেখছি, তা কেমন করে বলব বল? হতে পারে।

—ভূমি জান না, ওসব কলকাতার লোক, পাড়াগাঁয়ে আসবার সময় সব খুলে রেখে এসেছে। চুরি ঘাবার ভয় বড় ওদের।

ভাবিয়া-চিন্তিয়া পরদিন অবনী যত্নবাবুর কাছে ছপূরের পর কথাটা পাড়িল : দাদা, একটা কথা ছিল—

—কী হে?

—নানা রকমে বড় জড়িয়ে পড়েছি, মেয়েটা বড় হয়ে উঠেছে, বিয়ে না দিলে আর নয়। বড়দা সেই সোনাঙ্কতির মোকদ্দমা করে আড়ালে বিল বিক্রি করে ফেললেন, জানেন তো সব। সেই নিজে মারাও গেলেন, আমাকে একেবারে পথে বসিয়ে গেলেন। পয়সা অভাবে ছেলেটাকে পড়াতে পারছি না। তা আমি বলিচি কী, ছেলেটাকে আপল্লার বাসায় রেখে যদি দুটো দুটো খেতে দেন আর আপনার স্কুলে স্ত্রী করে নেন দয়া করে, তবে গরীবের ছেলের লেখাপড়াটা হয়। আপনিও তো ওর জ্যাঠামশায়—

যত্নবাবু বুঝিলেন, মাহিনা সম্বন্ধে ও-রকম বলা উচিত হয় নাই তখন। পাড়াগাঁয়ের গতিক ভুলিয়া গিয়াছেন বহুদিন না—আসার দরুন। এসবু জায়গার লোকে সর্বদা সুবিধা খুঁজিয়া বেড়াইতেছে, চাহিতে-চিন্তিতে ইহাদের দ্বিধা নাই, লজ্জা নাই। কী বিপদেই ফেলিল এখন!

মুখে বলিলেন, তা আর বেশী কথা কী! স্বঁটো থাকবে, এ ভাল কথাই তো! তবে এখন স্কুলে ভর্তি করার সময় নয়, সামনের জাহ্নয়ারি মাসে নিয়ে যাব ওকে।

অবনী পল্লীগ্রামের লোক, পাইয়া বলিল। বলিল, তা কেন দাদা, ও বউদিদির সঙ্গেই থাক না। বাসায় থাকুক, সকালে বিকেলে আপনার কাছে একটু আধটু পড়লেও ওর যথেষ্ট বিদ্যা হবে পেটে। বংশের মধ্যে আপনি এল-এ পাস করেছেন—আমাদের বংশের চূড়ো

আপনি। আমরা সব মুখ্য-স্বখ্য। দেখুন, যদি আপনার দয়ায় একটু আধটু ইংরাজী পেটে যায় ওর, পরে করে খেতে পারবে।

যদুবাবু কাঠহাসি হাসিয়া বলিলেন, তা—তা, হবে। বেশ—বেশ।

জীকে রাত্রে কথাটা বলিলেন। জী বলিল, কে, ওই স্ত্রীটো? ওই দেখতে পিলেরোগা পেটমোটা, ও আধলের চালের ভাত খায়। সেদিন একটা কাঁটাল একলা খেলে। ওর পেছনে, যা মাইনে পাও, সব যাবে। তা তুমি কিছু বলেচ নাকি?

—বলেচি বলেচি। কী আর করি! তোমাকে নিয়ে যাবার সময় এখন ছিনে-জোঁকের মত ধরে না বলে! ওসব লোককে বিশ্বাস নেই রে বাবা।

—কেন, বাহাছুরি করতে গিয়েছিলে য়ে বড়? এখন সামলাও ঠায়ালা!

যদুবাবুকে আরও বেশী মুশকিলে পড়িতে হইল। যেদিন তিনি যাইবেন, সেদিন অবনী আসিয়া কুড়ি টাকা ধার চাহিয়া বসিল। না দিলে চলিবে না, সামনের মাসে সে বউদিদির হাতে কড়ায় গণ্ডায় শোধ করিয়া দিবে। এখন না দিলে জমিদারের নালিশের দ্বায়ে আমরা ধানের জমা বিক্রয় হইয়া যাইবে। সে (অবনী) তাঁহাকে বড় দাদার মত দেখে, তিনি না দিলে এ বিপদের সময় সে কোথায় দাঁড়ায়, কাহার কাছে বা হাত পাতে?

অবনী একেবারে যদুবাবুর পা জড়াইয়া ধরিল। দিতেই হইবে, যদুবাবুর বউমা পর্যন্ত নাকি বট্টাকুয়ের কাছে আসিবার জন্ম তৈয়ারী হইয়া আছে টাকার জন্ম।

যদুবাবু প্রমাদ গণিলেন। এমন বিপদে পড়িবেন জানিলে তিনি সাধু কাপালীকে কি ও কথা বলেন?

বলিলেন, তা একটা কথা। টাকাকড়ি ভায়া এখানে কিছু রাখি নি তো! সব ব্যাঙ্কে। তোমার বউদিদি বললে, পাড়াগাঁয়ে যাচ্ছ—সোনাদানা টাকাকড়ি সব এখানে রেখে যাও। হাতে কেবল যাবার ভাড়াটা রেখেছি ভায়া।

—আজই যাবেন?

—হ্যাঁ, এখনি খাওয়া হলেই বেরুব! আজই দশটার গাড়িতে—

যদুবাবু মনে মনে বলিলেন, যাও বা থাকতাম আজকের এবেলাটা হয়তো, আর এক দণ্ডও এখানে থাকি! এখন বেরতে পারলে হয় এখন থেকে!

কিন্তু অবনী মুখ্জে অভাবগ্রস্ত পাড়াগাঁয়ের লোক, তাহাকে তিনি চেনেন নাই কিংবা চিনিয়াও ভুলিয়া গিয়াছিলেন।

অবনী বলিল, বেশ দাদা, চলুন আমিও আপনার সঙ্গে কলকাতা যাই তবে। না হয় যাতায়াতে সাত সিকে পরমা খরচ হয়ে গেল, টাকাটা এনে জমিদারের দায় থেকে তো বেঁচে যাব এখন! সাত সিকে খরচ বলে এখন কী করব, না হয় গুনগার গেল।

যদুবাবু ব্যস্ত হইয়া বলিলেন, তুমি কেন গাড়ীভাড়া করে যেতে যাবে? আমি গিয়েই মনিঅর্ডার করে পাঠাব। তা ছাড়া আজ—আজ আমি, কি বলে—একটু হালিশহরী নামব কিনা! আমার বড় শালীর বাড়ী। তারা কি গেলেই আজ ছাড়বে? একটু আধ দিন

রাখবেই। তুমি মিছিমিছি পয়সা খরচ করবে, অথচ সেই দেরি হয়েছেই যাবে।

অবনী বলিল, ভালোই তো, চলুন না হয় বউদিদির বোনের বাড়ী দেখেই আসি। গায়ে থাকি পড়ে, কুটুমবাড়ীর ভালটা মন্দটা না হয় খেয়েই আসি দুদিন।

কোথায় যাইবে অবনী তাহার সঙ্গে। তিনি এখন ক্রীশের মেসে গিয়া উঠিবেন। যত্নবাবু কী যে বলেন, উপস্থিত বুদ্ধিতে আর কুলায় না। আকাশ-পাতাল ভাবাও যায় না সামনে পাড়াইয়া। বলিলেন, বেশ, বেশ, এ তো খুব ভাল কথা, তোমার মত কুটুম্ব যাবে আমার শালীর বাড়ী। তবে একটা কথাও ভাবছি আবার, যদি কলকাতায় গিয়ে আমাদের স্কুলের হেডমাস্টারের দেখা না পাই!

—হেডমাস্টার! কেন দাদা?

যত্নবাবু এতক্ষণে ভাবিয়া বলিবার একটা রাস্তা খুঁজিয়া পাইয়াছেন। বলিলেন, হেডমাস্টারের কাছে ব্যাক্তের বইখানা রয়েছে কিনা! হেডমাস্টার না থাকলে টাকা তুলব কী করে?

—কারও কাছে চাইলে আপনি দুদিনের জন্তে ধার পেয়ে যাবেন দাদা। আপনার কত বন্ধুবান্ধব সেখানে। এ দায় উদ্ধার করতেই হবে আপনাকে। দিন একটা উপায় করে।

—অবিশ্বি তা পেতাম। কিন্তু আমার যে বন্ধুবান্ধব এখন গরমের সময় কেউ নেই কলকাতায়, দার্জিলিং কি সিমলে পাহাড়ে বেড়াতে গিয়েছে গরমের সময়। কলকাতার বড়লোক উকিল ব্যারিস্টার সব—গরমের সময় সব পাহাড়ে চলে যাবে। এ কি তুমি-আমি?

—তাই তো দাদা, তবে আমার কী উপায় হবে?—অবনী মুখ্জে প্রায় কাঁদো-কাঁদো হইয়া পড়িল।

যত্ন বলিলেন, কিছু ভেবো না ভায়া। আমি যাচ্ছি কলকাতায়—গিয়ে একটা যা হয় হিন্দে লাগিয়ে দেব। কেন তুমি পয়সা খরচ করে অনর্থক যাবে আমার সঙ্গে? আমি চেষ্টা করে দেখে মনিঅর্ডার করে দেব হাতে পেলই। আচ্ছা, চলি, দুটে খেয়ে নিই—আর দেরি করা চলে না।

যত্নবাবু ঝড়ের বেগে সে স্থান ত্যাগ করিলেন। মনে মনে বলিলেন, উঃ, কী ছিনেজ্জাঁক রে বাবা! কিছুতেই বাগ মানে না, এত করে ভেবে ভেবে বলি। ভাগ্যিস মনে এল হেডমাস্টারের কাছে ব্যাক্তের খাতার ওই ফন্দিটা!

টিনের স্কটকেস হাতে বুলাইয়া যত্নবাবু তাড়াতাড়ি দুইটি খাইয়া বাড়ী হইতে বাহির হইয়া পড়িলেন। পাছে অবনী তাহার মত বদলাইয়া ফেলে! কী ঝগাট, এখন মেসে বসাইয়া উহাকে ফ্রেণ্ডচার্জ দিয়া ষাওয়াও, থিয়েটার বায়বোপ দেখাও—কোথায় ব্যাক্ত, আর কোথায় বা টাকা!

যত্নবাবু ক্রীশ রায়ের মেসে আসিয়া উঠিবার পরে অবনী মুখ্জের পর পর তিন-চারিখানা তাগাদার চিঠি পাইলেন। তিনি উত্তর লিখিয়া দিলেন, হেডমাস্টার অল্পস্থিত—টাকা

ধারের কোন উপায় হইল না, সে জ্ঞা তিনি খুব দুঃখিত। তবুও চেষ্টায় আছেন। যত্নবানু স্ত্রী বেচারীর খোঁটা খাইতে খাইতে প্রাণ যাইতেছে। সে বেচারী লিখিল, পরের বাড়ী এমন করিয়া ফেলিয়া রাখা কি তাঁহার উচিত হইতেছে? কবে তিনি আসিয়া লইয়া যাইবেন? আর সে এক দণ্ডও এখানে থাকিতে চায় না।

যত্নবানু স্ত্রীর পত্রের কোন উত্তর দিলেন না।

যত্নবানুও খুব দোষ দেওয়া যায় না। স্কুল খুলিবার পর প্রত্যেক মাস্টার মাত্র পনেরো টাকা করিয়া পাইলেন ছুটির মাসের দরুন। তাহার মধ্যে মেসখরচ করিয়া আর হাতে কিছু থাকে না। এদিকে পুরাতন বাড়ীওয়ালার স্কুলে আসিয়া তাগাদা দিয়া গায়ের ছাল ছিঁড়িয়া খাইবার উপক্রম করিতেছে। হেডমাস্টারের সঙ্গে দেখা করিবার ভয় দেখাইয়া গিয়াছে, কেমন ভয়লোক সে দেখিয়া লইবে।

চায়ের দোকানের মজলিসে বসিয়া মাস্টারের দল পয়সাকড়ির টানাটানির কথা রোজই আলোচনা করে। কারণ, অবস্থা সকলেরই একরূপ। জ্যোতিষ্মিনোদ বলিলেন, সামান্য ত্রিশটে টাকা, তাও দু মাস বাকি। সাহেবের কাছে বলতে গেলাম, সাহেব আজ দু টাকা দিলে মোটে।

ক্ষেত্রবানু বলিলেন, আমাদেরও তো তাই, সংসার অচল।

যত্নবানু বলিলেন, আমার দুর্দশা তো দেখতেই পাচ্ছ। দু বেলা শাসিয়ে যাচ্ছে। ক্ষেত্রভায়া, তোমার ছেলেমেয়ে কোথায় এখন?

—রেখেছিলাম আমার শাশুড়ীর কাছে দু মাস। এখন আবার এনেছি।

নারায়ণবানু বলিলেন, আহা, বউমার কথা ভাবলে কী কষ্ট যে পাই মনে। লক্ষ্মীস্বরূপিণী ছিলেন। আমি যেন তাঁর বাবা, তিনি মেয়ে—এমন ব্যবহার করতেন আমার সঙ্গে।

উপস্থিত সকলেই ক্ষেত্রবানুর স্ত্রী-বিয়োগের কথা স্মরণ করিয়া দুঃখ প্রকাশ করিলেন।

ক্ষেত্রবানু অস্বস্তি বোধ করিতে লাগিলেন। তাহার নিগূঢ় কারণও ছিল। এই স্ত্রীমের ছুটিতে তিনি বর্ধমানের তাঁহার জাঠতুতো ভাইয়ের কাছে গিয়াছিলেন। জাঠতুতো ভাই বর্ধমানের রেল কাজ করেন। বউদিদি সেখানে তাঁহার জ্ঞা একটি পাত্রী ঠিক করিয়া রাখিয়াছেন। পাত্রী-পক্ষ এজ্ঞা তাঁহাকে অল্পরোধও করিয়া গিয়াছে। তিনি এখনও মত দেন নাই বটে, কিন্তু এ শনিবার হঠাৎ তাঁহার মন বর্ধমানের যাইতে চাহিতেছে কেন!

চায়ের দোকান হইতে বাহির হইয়া টুইশানিতে যাইবার পূর্বে ক্ষেত্রবানু ওয়েলেসলি স্কোয়ারে একটু বসিলেন। বেঞ্চিখানাতে আর একজন কে বসিয়া ছিল, তিনি বসিতেই সে উঠিয়া গেল। ক্ষেত্রবানু একটু অন্তমনস্ক। পুনরায় বিবাহ করিবার অবশ্য তাঁহার ইচ্ছা নাই। করিবেনও না। তবে আর একটা কথাও ভাবিয়া দেখিতে হইবে। ছোট ছোট ছেলেমেয়েদের বিশেষ কষ্ট। সেই কোন সকালে তিনি স্কুলে চলিয়া আসিয়াছেন। বড় মেয়েটার উপরে সব ভার—তার বয়স এই মাত্র সাড়ে সাত। সে-ই রান্নাবান্না, ছোট ভাই-বোনদের খাওয়ানো-মাখানোর ঝুঁকি ঝাড়ে লইয়া গৃহিণী সাজিয়া বসিয়া আছে। কিন্তু আজ

যদি একটা শক্ত অস্থবিস্থ হয় কাহারও—কে দেখাশোনা করিবে তাহাদের ? এ সব ভাবিয়া দেখিবার জিনিস।

স্কুলের অবস্থা ক্রমশ খারাপ হইয়া আসিতেছে। গ্রীষ্মের ছুটির পর দুই মাস চলিয়া গিয়াছে, অথচ ছুটির মাহিনা এখনও সম্পূর্ণ শোধ হয় নাই। সাহেবকে বার বার বলিয়াও কোন ফল হয় না। সাহেবের এক কথা, এ বছর কষ্ট সহ করিতে হইবেই। সাহায্য না পোষায়, সে চলিয়া যাইতে পারে।

একদিন সাহেবের সারকুলার-অফিসারী ছুটির পর সাহেবের আপিসে শিক্ষকদের হাজির হইতে হইল। সাহেব বলিলেন, আজ একটা বিশেষ জরুরী মীটিং করা দরকার। থার্ড ক্লাসে গণিতের ফল আদৌ ভাল হইতেছে না, এ বিষয়ে শিক্ষকদের লইয়া পরামর্শ করা নিতান্ত আবশ্যিক।

মীটিং চলিল। হতভাগ্য টীচারের দল খালিপেটে শ্রাস্তদেহে পাঁচটা পর্য্যন্ত নানারূপ কৌশল উদ্ভাবন করিতে ব্যস্ত রহিল—থার্ড ক্লাসে কী করিয়া অ্যালজেব্রা ভালরূপে শিখানো যায়। ব্রিটিশ সাম্রাজ্যের বিরুদ্ধে কোন বৈদেশিক শক্তি যুদ্ধ ঘোষণা করিলে ইংলণ্ডের প্রধান মন্ত্রী এতদপেক্ষা অধিক আগ্রহ ও উত্তোগ দেখাইতে পারিতেন না তাঁহার ক্যাবিনেট মীটিংয়ে !

পাঁচটা বাজিয়া গেল। তখনও প্রস্তাবের অন্ত নাই। থার্ড ক্লাসের গণিত শিক্ষার ভার-প্রাপ্ত টীচার হতভাগ্য শেখরবাবু স্নানমুখে বলিয়া শুনিয়া যাইতেছেন, কারণ এ অবস্থার জন্য তিনিই দ্বন্দ্বিত দায়ী। তাঁহার দপ্তরেই এ দুর্ঘটনা ঘটিয়াছে। উক্ত ক্লাসের গত দুইটি সাপ্তাহিক পরীক্ষায় গণিতের ফল আদৌ আশাপ্রদ হয় নাই।

সাড়ে পাঁচটার সময় হেডমাস্টার উঠিয়া ধীরে ধীরে গণিতশিক্ষার প্রকৃষ্ট উপায় সম্বন্ধে গুরুগম্ভীর প্রবন্ধ পাঠ শুরু করিলেন—খাতার বহর দেখিয়া মনে হইল, সাড়ে ছয়টার কমে সে প্রবন্ধ শেষ হইবে না।

হঠাৎ নতুন টীচার দাঁড়াইয়া বলিলেন, স্যার, আমার একটা কথা বলবার আছে।

হেডমাস্টার প্রবন্ধ পাঠ করিতেছিলেন, থামিয়া মুখ তুলিয়া বিস্মিতভাবে নতুন টীচারের দিকে চাহিয়া জ্ব কুঞ্চিত করিয়া বলিলেন, ইয়েস ?

—স্যার, ছটা বাজে, মাস্টারেরা সকলেই ক্ষুধার্ত। আজ এই পর্য্যন্ত থাকলে ভাল হয়।

নতুন টীচারের সাহস দেখিয়া সবাই বিস্মিত ও স্তম্ভিত।

হেডমাস্টার বলিলেন, জান মাস্টার, আমি আমার বক্তব্যের মধ্যে কোন বাধাশ্রুটি পছন্দ করি না ?

—স্যার, আমায় ক্ষমা করবেন। স্পষ্ট কথা বলবার সময় এসেছে। আপনার এ রকম মীটিং মাস্টারদের পক্ষে বড় কষ্টদায়ক হয়। এতে স্কুলের কাজ হয় না।

—স্কুলের কাজ কি তোমার কাছে আমায় শিখতে হবে ?

—আপনিই ভেবে দেখুন, এতে স্কুলের কী ভাল হচ্ছে? ছাত্র ছেড়ে গিয়েছে, রিজার্ভ ফণ্ড নেই, মাইনে পাই না আমরা নিয়মমত। অথচ আপনি এই সব শিক্ষককে নিয়ে আলোচনা-সভার প্রহসন করছেন! আপনিই ভেবে দেখুন, এতে কী উপকার হয়? এই সব টীচার মুখ ফুটে বলতে পারেন না; কিন্তু চারটের পর আপনি এঁদের কাছে থেকে ভাল কিছু আশা করতে পারেন কি?

এবার হেডমাস্টারের পালা বিস্মিত ও গুস্তিত হইবার। একজন সামান্ত বেতনের টীচারের কাছে তিনি এ ধরনের সোজা ও স্পষ্ট কথা প্রত্যাশা করেন নাই। বলিলেন, আমি কতদিন হেডমাস্টারি করছি, তা তোমার জানা আছে?

—তা আমার জানবার দরকার নেই শ্রাবু। কিন্তু আপনার এই শাসনপ্রণালী যে আদৌ ফলপ্রদ নয়, তা আপনাকে স্পষ্টভাবে বুঝিয়ে দেওয়াতে আপনি আমায় শত্রু ভাববেন না। আমি বন্ধুভাবেই এ কথা বলছি। আপনাকে সদুপদেশ দেওয়ার লোক নেই।

মাস্টারেরা সকলে কাঠের মত বসিয়া আছেন। এমন একটা ব্যাপার তাঁহারা কখনও এ স্কুলে ঘটতে পারে বলিয়া কল্পনাও করেন নাই। দুই-চারিজন সপ্রশংস দৃষ্টিতে নতুন টীচারের দিকে চাহিয়া রহিলেন। নতুন টীচার যে এমন চোস্ত ইংরেজী বলিতে পারদর্শী—এ তথ্য আজই তাঁহারা অবগত হইলেন।

হেডমাস্টারের মুখ লাল হইয়া উঠিয়াছিল। তিনি বলিলেন, তুমি কি বলতে চাও আমি স্কুল চালাতে জানি নে?

নতুন টীচার কী একটা উত্তর দিতে ঘাইতেছিলেন, এমন সময়ে নারাণবাবু নতুন টীচারকে বলিলেন, ভায়া, ছেড়ে দাও। আর তর্ক-বিতর্ক ক'রো না। সাহেব যা বলছেন, ওনার ওপর আর কথা বলা না।

আশ্চর্যের বিষয়, সেই সভাতেই সাহেবের সামনে দুই-তিনজন টীচার, তাঁহাদের মধ্যে ক্ষেত্রবাবু ও শ্রীশবাবু আছেন—নারাণবাবুর মধ্যস্থতা করিতে যাওয়ায় স্পষ্টতই বিরক্তি প্রকাশ করিলেন।

পিছন হইতে হেডমোলবী বলিল, আহা, বলতে দেন ওনাকে নারাণবাবু, বাধা দেবেন না।

আলম বেঞ্চির কোণে চূপ করিয়া বসিয়া আছেন, মুখে কথাটি নাই।

নতুন টীচার বলিলেন, শ্রাবু, আপনি ভেটারানু হেডমাস্টার, স্কুল চালাতে জানেন না, তাই কি বলছি? কিন্তু আপনি স্কুলের বাজেট দেখে ব্যয়সঙ্কোচের ব্যবস্থা করুন, দু মাসের মাইনে পাননি যে সব মাস্টার, তাঁদের নিয়ে ছটা পর্যন্ত মীটিং করা কি চলে শ্রাবু?

নারাণবাবু বলিলেন, থাম ভায়া, থাম।

দুই-তিনজন টীচার একসঙ্গে বলিয়া উঠিল, নারাণদা, ঠুকে বলতে দিন।

হেডমাস্টার দেখিলেন, সভার সমবেত মত তাঁহারই বিরুদ্ধে—নতুন টীচারের স্বপক্ষে।

তাঁহার নিজের স্কুলে বসিয়া এই তাঁহার প্রথম পরাজয়।

একটা দুর্বল কথা তিনি হঠাৎ বলিয়া বসিলেন। বলিলেন, কেন, চারটের পর আমি

মাস্টারদের অন্তে জলখাবারের ব্যবস্থা তো করে দিই। আজ যদি তোমাদের খিদে পেয়ে থাকে, আমাকে আগে জানালেই আমি ব্যবস্থা করতাম।

সকলেই বুঝিল, হেডমাস্টারের এ উক্তি দুর্বলতাজ্ঞাপক।

নতুন টীচার বলিলেন, সামান্য দু-চারখানা লুচি জলখাবারের কথা ধরি নি স্ত্রাবু! সে ধারা খেতে চান, তাঁরা খেতে পারেন। আমার বলবার উদ্দেশ্য, মাস্টারদের উপর নানা দিক থেকে অন্তায় হচ্ছে—আপনি এর প্রতিকার করুন।

হেডমাস্টার যে আদৌ দমনেন নাই, ইহা দেখাইবার জন্ম মুখখানাতে গর্কসূচক হাসি আনিয়া সকলের দিকে একবার চাহিয়া লইয়া বলিলেন, শীগগির তোমরা আমার মতলব জানতে পারবে স্কুলের উন্নতি সম্বন্ধে।—বলিয়াই চশমাটি খুলিয়া ধীরভাবে মুছিয়া ফেলিতে ফেলিতে কৃত্রিম উৎসাহের সঙ্গে বলিলেন, আচ্ছা, এখন আমরা আমাদের প্রবন্ধ পাঠ আরম্ভ করি—কোন পৃষ্ঠান্ত পড়েছিলাম তখন? দেখি—

এমন ভাব দেখাইবার চেষ্টা করিলেন, যেন নতুন টীচারের মন্তব্য তিনি গায়েই মাখেন নাই। ও-রকম বহু অর্ধাচীরের উক্তি তিনি বহুবার শুনিয়াছেন, কিন্তু ওসব শুনিত্তে গেলে তাঁহার চলে না।

সাড়ে ছয়টার সময় প্রবন্ধ শেষ হইল। ইতিমধ্যে যত্নবানু কখন খাবারের টাকা লইয়া গিয়াছিলেন, কেহ লক্ষ্য করে নাই—তিনি টুকরি লুচি কচুরি আলুর দম কখন আসিয়া পৌছিয়া গিয়াছে।

হেডমাস্টার নিজে দাঁড়াইয়া শিক্ষকদের খাওয়ার তদারক করিলেন।

নতুন টীচারের মর্ষাদা যথেষ্ট বাড়িয়া গেল স্কুলে এই দিনটির পর হইতে। দোর্দণ্ডপ্রতাপ ক্লার্কওয়েল যার সামনে হঠাৎ নরম হইয়া সৰু-সুতা কাটিতে লাগিলেন, তার ক্ষমতা আছে বৈকি।

মিঃ আলম হেডমাস্টারকে বলিলেন, স্ত্রাবু, আপনার মুখের উপর তর্ক করে, আপনি তাই সম্ব করলেন কাল? বলুন, আজই পড়ানোর ভুল ধরে রিপোর্ট করে দিচ্ছি, দিন ওর চাকরি খেয়ে।

—নতুন টীচার অত ভাল ইংরেজী বলে, আমি জানতাম না মিঃ আলম। আমি ওর ক্লাস-ওয়ার্ক আগেও দেখেছি। তাকে খারাপ বলা যায় না ঠিক।

—স্ত্রাবু, আমার কাল রাগ হচ্ছিল ওর বেয়াদবি দেখে। আর দেখলেন, মাস্টারেরা প্রায় অনেকেই ওকে সাপোর্ট করলে?

—সেটা নিয়ে আমিও ভেবেছি। মাস্টারেরা ঠিকমত মাইনে পায় না বলে অসন্তুষ্ট। অসন্তুষ্ট লোক দিয়ে কাজ হয় না। স্কুলের বাজেটটা সামনের বছর থেকে ব্যালাস্ না করাতে পারলে আর এরা সন্তুষ্ট হচ্ছে না।

—স্ত্রাবু, কাল কোন্ কোন্ টীচার ওকে সাপোর্ট করেছিল, তাদের নাম আমি লিখে রেখেছি।

—নামগুলো দিয়ে আমার কাছে ।

—বলেন তো ওদের ক্লাস-ওয়ার্ক দেখি আজ থেকে । রিপোর্ট করি ।

একদিন মিঃ আলম চুপি চুপি সাহেবের কাছে আসিয়া বলিল, শ্রাব্ মাস্টারেরা, নতুন টীচারকে নিয়ে দল পাকাচ্ছে ।

—কে কে ?

—শ্রাব্, ক্ষেত্রবাবু, ষড়্‌বাবু, শ্রীণবাবু, জ্যোতির্কিনোদ, দত্ত, বোস—কেবল নারায়ণবাবু নয় ।

—নারায়ণবাবু ইজ অ্যান ওল্ড্ লয়্যালিস্ট ।

—শ্রাব্, নতুন টীচারকে নিয়ে দল পাকায়—মোড়েই ওই চায়ের দোকানে রোজ ছুটির পর ওদের মীটিং হয় । নতুন টীচার ওদের দলপতি ।

—তোমাকে কে বললে ?

—ক্লার্ক স্ববল দে আমায় সব কথা বলে । ও ওদের দলে যোগ দিয়ে শুনে এসে আমায় বলেছে । আমাদের স্কুলের সম্বন্ধে ইউনিভার্সিটিতে নাকি ওরা জানাবে । নতুন টীচারের কে আত্মীয় আছে ইউনিভার্সিটিতে ।

—দেখ মিঃ আলম, যে যা পারে করুক । আর ও-সব স্পাইগিরি আমি পছন্দ করি নে । এটা শিক্ষা-প্রতিষ্ঠান, এর মধ্যে ও-সব দলাদলি, ডাটিং পলিটিক্স,—আই হেট । আমার একমাত্র উদ্দেশ্য ছেলেদের শিক্ষা, স্কুলকে ভাল করব । গড্ ইজ্ অন্ মাই সাইড—

—আমার মনে হয়, ওই নতুন টীচারকে না তাড়ালে স্কুলে দলাদলি আরও বাড়বে । ও-ই ভাঙবে স্কুলটাকে । ও লোক স্ববিধের নয় ।

কিন্তু এ রিপোর্টে ফল উল্টা হইল । সাহেবের কাছে মাস দুইয়ের মধ্যে নতুন টীচারের প্রতিপত্তি বাড়িয়া গেল । মাস্টারেরা সব নতুন টীচারকে লিডার বানাইয়াছে, তাহাদের অভাব-অভিযোগের কথা নতুন টীচারের মুখে ব্যক্ত হয় হেডমাস্টারের কাছে । আজ ইহাকে দুই টাকা আগাম দিতে হইবে, কাল ‘টীচার্স এন্ড্ ফণ্ড্’ হইতে উহাকে পাঁচ টাকা ধার দিতে হইবে—নতুন টীচারকে মুখপাত্র করিয়া সবাই পাঠাইয়া দেয় ।

সাহেব বলেন, কী, রামেন্দুবাবু ?

—শ্রাব্, আজ ষড়্‌বাবুকে কিছু আগাম দিতে হবে ।

—কেন ? ও-মাসে দেওয়া হয়েছে সাত টাকা ।

—ওঁর বড় ঠেকা ! দেনা হয়েছে—

—বড় অবিবেচক লোক ওই ষড়্‌বাবু । আমি শুনেছি, ও রেস খেলে ।

—না শ্রাব্ । রেস খেলার পরসা কোথায় পাবেন ? মেসে থাকেন এখানে—

মিঃ আলমের কানে কথাটা উঠিল । আজকাল নতুন টীচার সাহেবের কাছে মাস্টারদের জন্ত সুপারিশ করে এবং তাহাতে ফলও হয় । আলম একদিন স্ববল দে কেরানীকে বাহিরে একটা চায়ের দোকানে লইয়া গেলেন । বলিলেন, স্ববল, এ সব হচ্ছে কী ?

—কী বলুন, শ্রাব্ ?

—সাহেব নাকি ওই নতুন টাচারের কথা খুব শুনছেন !

—তাই মনে হয় স্মার্ট। সেদিন জ্যোতিষিন্দোদকে দু দিন ছুটি দিলেন ওঁর সুপারিশে।

—কেন, কেন ?

—জ্যোতিষিন্দোদের ভাগীর বিয়ে।

—জ্যোতিষিন্দোদের ক্যাজুয়াল লিভের হিসেবটা চেক করে কাল আমায় জানিও তো !
বুঝলে ?

—বেশ, স্মার্ট।

—স্কুলে যা-তা হচ্ছে, না ?

কেরানী চুপ করিয়া রহিল। কেরানী মাহুশ, বড় টাচারের সামনে যা-তা বলিয়া কি শেষে বিপদে পড়িবে ? মিঃ আলম বলিলেন, তোমার কি মনে হয় ?

—স্মার্ট, আমরা চুনোপুঁটির দল, আমাদের কিছু না বলাই ভাল।

—নতুন টাচার বড় বাড়িয়েছে, না ?

—হঁ। তবে একটা কথা—

—কী ?

—স্মার্ট, নতুন টাচার রামেন্দুবাবু কিন্তু লোকের অহুবিধে বা উপকার এই ধরনের ছাড়া
অল্প কথা নিয়ে সাহেবের কাছে যায় না।

—তুমি কি করে জানলে ?

—আমি জানি স্মার্ট। সেই জগ্জেই মাস্টারবাবুরা ওর খুব বাধ্য হয়ে পড়েছেন।

—থাক। তোমায় আর ব্যাখ্যা করতে হবে না। তুমি কাল জ্যোতিষিন্দোদের ক্যাজুয়াল
লিভটা চেক করে আমায় জানাবে, কেমন তো ?

—হ্যাঁ স্মার্ট, তা করে দেব। বলেন তো আজই দিই।

—কালই দেবে।

পরদিন হিসাব করিয়া ধরা পড়িল, জ্যোতিষিন্দোদের তিন দিন ছুটি বেশী লওয়া হইয়া
গিয়াছে এ বছর। মিঃ আলম সাহেবের কাছে রিপোর্ট করিলেন। জ্যোতিষিন্দোদের তিন
দিনের বেতন কাটা গেল। মিঃ আলম হাসিয়া নিজের দলের মাস্টারদের বলিলেন, লিডার
হলেই হল না। সব দিকে দৃষ্টি রেখে তবে লিডার হতে হয়। স্কুলটাকে এবার উজ্জ্বল দেবে
আর কি ! সাহেবেরও আজকাল হয়েছে যেমন !

হেডপণ্ডিত ছুটিপ্রার্থী হইয়া সাহেবের টেবিলের সামনে দাঁড়াইয়াছেন !

সাহেব মুখ তুলিয়া বলিলেন, হোয়াট পাণ্ডিট ?

—স্মার্ট, কাল ভালনবমী, টাচারেরা ও ছেলেরা ছুটি চাচ্ছে।

—টালনব—হোয়াট ইজ্ চার্ট পাণ্ডিট ? নেভার হার্ড দি নেম্।

—স্মার্ট, মস্ত বড় পরব হিন্দুর। দুর্গাপূজোর নিচেই—অস্ত পরব।

সাহেব চিন্তা করিয়া বলিলেন, না পণ্ডিত, এ বছর এক শো দিন ছাড়িয়েছে। ইন্সপেক্টর-আপিসে গোলমাল করবে। কী তুমি বলছ টাল—কী ?

—তালনবমী।

—ফানি নেম। যাই হোক, এতে ছুটি দেওয়া চলে না।

হেডপণ্ডিত মাস্টারদের শেখানো ইংরেজী আওড়াইয়া বলিলেন, নেক্‌সট্ টু হুর্গাপূজা সার্—গ্রেট্—গ্রেট্—ইয়ে—

‘ফেষ্টিভ্যাল’ কথাটা ভুলিয়া গিয়াছেন, অত বড় কথা মনে আনিতে পারিলেন না।

সাহেব হাসিয়া বলিলেন, ইয়েস, আওয়ারস্ট্যাণ্ড্—ইউ মিন ফেষ্টিভ্যাল—আমি বুঝছি। হবে না। ক্লাসে পড়াওগে যাও।

সকলেই জানিল, ছুটি হইবার কোন সম্ভাবনা নাই। কিন্তু ঠিক শেষ ঘণ্টায় মথুরা চাপরাসীকে সারকুলার-বই লইয়া ক্লাসে ক্লাসে ছুটাছুটি করিয়া বেড়াইতে দেখা গেল। তালনবমীর ছুটি হইয়া গিয়াছে।

মনে সকলেরই খুব স্ফুষ্টি। জ্যোতির্বিদ্যাবাদের ধরে ছাদের উপর অনেকে আড্ডা দিতে গেলেন। জ্যোতির্বিদ্যাবাদ বলিলেন, বাব্বা, কাল সেই পাগল বউটার কী কাণ্ড রাত্রে—

হেডপণ্ডিত বলিলেন, কী হয়েছিল ?

—আরে, কখনও কাদে কখনও হাসে। রাত্রে ছাদে কতক্ষণ বসে রইল। ওর দুই দেওর এসে শেষে ধরে নিয়ে গেল। মারলেও যা।

নারাণবাবু বলিলেন, বড় কষ্ট হয় মেয়েটার জন্তে। ওর অদৃষ্টটাই খারাপ।

যে বাড়ীর বধুর কথা বলা হইতেছে, বাড়ীটা বেশ বড়লোকের, স্কুলের পশ্চিম দিকে, গত ছয় মাসের মধ্যে বাড়ীটাতে অনেকগুলি বিবাহ হইয়াছিল খুব জাঁকজমকের সঙ্গে। সেই হিড়িকে এই মেয়েটিও বধুরূপে ও-বাড়ীতে ঢোকে, কারণ তাহার পূর্বে মাস্টারেরা আর কোন দিন উহাকে দেখেন নাই ও-বাড়ীতে। কিন্তু বিবাহের মাসখানেক পর হইতেই বধুটি কেন যে পাগল হইয়া গিয়াছে, তাহা ইহার কী করিয়াই বা জানিবেন ! তবে বধুটি যে আগে ভাল ছিল, এ ব্যাপার ইহার স্বচক্ষেই দেখিয়াছেন।

ক্ষেত্রবাবু বলিলেন, ই্যা হে, সেই পার্শী মেয়েটাকে আর তো দেখা যায় না ও-বাড়ীতে !

শ্রীশবাবু বলিলেন, ও-বাড়ীতে অল্প ভাড়াটে এসে গিয়েছে। তারা চলে গিয়েছে।

—কি করে জানলে ?

—এই দিন-পনরো থেকে দেখছি, ছাদে বাড়ালী মেয়ে গিন্নী পুরুষমাছুষ ঘোরে।

পার্শী মেয়েটিকে ইহার সকলেই প্রায় দুই-বছর ধরিয়া দেখিয়া আসিতে ছিল। তাহার আগে বছর পাঁচেক ও-বাড়ীতে অল্প ভাড়াটে দেখিয়াছিলেন। মেয়েটি ছাদের লোহার চৌবাচ্চার ছায়ায় বসিয়া একমনে পিঠের উপর বেণী ফেলিয়া বসিয়া পড়িত—যেন সাক্ষাৎ সন্ন্যাসী প্রতিমা। কোন স্কল বা কলেজের ছাত্রী হইবে। হুপুরে বা বিকালে শতরঞ্জির উপর

একরাশ বই ছড়াইয়া পড়িত—কী একাগ্র মনে পড়িত !

তাহাকে লইয়া মাস্টারদের কত জল্পনা-কল্পনা !

—আচ্ছা, ও কি স্কুলের ছাত্রী ?

—কিন্তু ওর বয়স হিসেবে কলেজের বলেই মনে হয়।

—খুব বড়লোক,—না ?

—এমন আর কী ! ফ্ল্যাট নিয়ে তো থাকে। ওদের চাল খুব বেশী—পার্শ্বী জাতটার—

—বিয়ে হয়েছে বলে মনে হয় ?

এই রকম কত কথা ! সে তরুণী পার্শ্বী ছাত্রীটি বিবাহিতা হইলেই বা কাহার কী, না হইলেই বা তাহাতে মাস্টারদের কী লাভ ! তবু আলোচনা করিয়া স্থখ।

অধিকাংশ মাস্টার এ স্কুলে বহুদিন ধরিয়া আছেন—দশ, তেরো, আঠারো, বিশ বছর। এই উঁচু তেতলার ছাদ হইতে চারি পাশের বাড়ীগুলিতে কত উত্থান পতন পরিবর্তন দেখিলেন। অনেকে বাড়ী যাইতে পান না পয়সার অভাবে, যেমন জ্যোতির্বিদ্যোদ, কি নারায়ণবাবু, কিংবা মেস-পালিত শ্রীশবাবু—গৃহস্থবাড়ীর মা, বোন, মেয়ে, ইহাদের চলচ্চিত্র মাত্র এত উঁচু হইতে দেখিতে পান এবং দেখিয়া কখনও দীর্ঘনিঃশ্বাস ফেলেন নিজেদের নিঃসঙ্গ জীবনের কথা ভাবিয়া, কখনও আনন্দ পান, কখনও পরের দুঃখে দুঃখিত হন, উদ্ভিগ্ন হন। এই চলিতেছে বহুদিন ধরিয়া।

এ এক অদ্ভুত জীবনানুভূতি—দূর হইয়াও নিকট, পর হইয়াও আপন, অথচ যে দূর সে দূরই, যে পর সে পরই। অনেক কুশ্রী ঘটনাও প্রত্যক্ষ করিয়াছেন। ওই লাল বাড়ীটাতে নয় বৎসর আগে এক মেয়ে একটি ছেলের সঙ্গে পলাইয়া গিয়াছিল, এদিকের ওই বাড়ীটাতে প্রোঢ়া গৃহিণীকে প্রত্যেকদিন—থাক, সে সব কথায় দরকার নাই।

কত দুঃখের কাহিনীও এই সঙ্গে মনে পড়ে। ওই পুর্বেদিকের হলদে দোতলা বাড়ীটাতে আজ প্রায় সাত-আট বছর আগে স্বামী-স্ত্রী একসঙ্গে আত্মহত্যা করে। এতদিন পরেও সে কথা টিফিনের ছুটির সময় মাঝে মাঝে উঠে। বেকার স্বামী, পরিবার প্রতিপালন করিতে না পারিয়া স্ত্রীর সঙ্গে মিলিয়া বেকার-জীবনের অবসান করে।

সে সব দিনে ক্লার্কওয়েল সাহেব ছিল না। ছিলেন স্বধীর মজুমদার হেডমাস্টার। অল্পকূলবাবুর পরের কথা।

হেডপণ্ডিত বলেন, অনেকদিন হয়ে গেল এ স্কুলে যত্ন ভায়া, কী বল ? সেই বউবাজার স্কুল ভেঙে এখানে আসি—মনে পড়ে সে-কথা ? হেডমাস্টারের নাম কী ছিল যেন—শশিপদ কী যেন ? আমার আজকাল ভুল হয়ে যায়, নাম মনে আনতে পারি নে।

যত্নবাবু বলেন, শশিপদ রায় চৌধুরী। বউবাজার থেকে তারপর রাণী ভবানীতে গিয়ে-ছিলেন, মনে নেই ?

‘—আমরা তো স্কুল ভেঙে গেলে চলে এলাম। শশীবাবুর আর কোন খোঁজ রাখি নে। এ স্কুলে তখন অল্পকূলবাবু হেডমাস্টার। ওঃ এমন লোক জ্ঞান হয় না। আমাদের নারায়ণদাদা

সেই আমলের লোক, না দাদা ?

নারাণবাবু বলেন, আমি তারও কত আগের। তুমি আর যত্ন এসেচ এই আঠারো বছর, আমি তারও বারো বছর আগে থেকে এখানে। অম্বুকুলবাবুতে আমাতে মিলে স্থল গড়ি।

ক্ষেত্রবাবু বলেন, আপনারা গড়লেন স্থল, এখন কোথা থেকে মিঃ আলম আর সাহেব এসে নবাবী করতে দেখ।

নারাণবাবু বলেন, আমি কিছু নই, অম্বুকুলবাবু গড়েন স্থল। তাঁর মত ক্ষমতা যার-তার থাকে না। অম্বুকুলবাবুর মত লোক হচ্ছে এই সাহেব। সত্যিকার ডিউটিফুল হেডমাস্টার হিসেবে সাহেব অম্বুকুলবাবুর জুড়িদার। লেখাপড়া শেখে সবাই, কিন্তু অল্পকে শেখানো সবাই পারে না। যে পারে, তাকে বলে টীচার। তুমি আমি টীচার নই—টীচার ছিলেন অম্বুকুলবাবু, টীচার হল এই সাহেব।

হেডপণ্ডিত বলেন, না, দাদা, আপনি টীচার নিশ্চয়ই। আমরা না হতে পারি—

নারাণবাবু বলেন, অত সহজে টীচার হয় না। এই শুনবে তবে অম্বুকুলবাবুর দু-একটা ঘটনা? একবার একটা ছেলে এল, তার বাবা বর্ম্মায় ডাক্তারি করে, দু'পয়সা পায়। ছেলেটাকে আমাদের স্থলে দিয়ে গেল বাংলা শিখবে বলে। বর্ম্মা ভাষা জানে, বাংলা ভাল শেখে নি। পয়সাওলা লোকের ছেলে, বদমাইশও খুব। স্থল পালায়, বাবা মোটা টাকা পাঠায়—সেই টাকায় থিয়েটার দেখে, হোটেলের খায়, পড়াশুনায় মন দেয় না।

—এখানে থাকে কোথায় ?

—থাকে তার আত্মীয়-বাড়ী। সেই ছেলের জন্তে অম্বুকুলবাবুকে রাতের পর রাত বসে ভাবতে দেখেচি। আমায় বললেন—নারাণ, মারধোর বা বকুনিতে ওকে ভাল করা যাবে না। উপায় ভাবচি। তারপর ভেবে করলেন কী, রোজ সেই ছেলেটাকে সঙ্গে নিয়ে বেড়াতে বার হতেন আর মুখে মুখে গল্প করতেন পাপের দুর্দশা, অধঃপতনের ফল—এই সব সম্বন্ধে। গল্প নিজেই বসে বসে বানাতেন রাত্রে। আমায় আবার শোনাতেন পয়েন্টগুলো। সেই ছেলে ক্রমে শুধরে উঠল, ম্যাট্রিক পাস করে বেরুল। তার বাবা এসে অম্বুকুলবাবুকে একটা সোনার ঘড়ি দেয় ছেলে পাস করলে। অম্বুকুলবাবু কিরিয়ে দিয়ে বললেন, আমায় এ কেন দিচ্ছেন? আমার একার চেঁচায় ও পাস করে নি, আমার স্থলের অগ্ন্যন্ত মাষ্টারের কৃতিত্ব না থাকলে আমি একা কী করতে পারতাম? তা ছাড়া, আমি কর্তব্য পালন করেছি, ভগবানের কাছে আপনার ছেলের জন্তে আমি দায়ী ছিলাম, কারণ আমার স্থলে তাকে ভর্ত্তি করেছিলেন। সে দায়িত্ব পালন করেচি, তার জন্তে কোন পুরস্কারের কথা ওঠে না।—আজকাল ক'জন শিক্ষক তাঁদের ছাত্রের সম্বন্ধে একথা ভাবেন বলুন দিকি? আদর্শ শিক্ষক বলতে যা বোঝায়, তা ছিলেন তিনি। আমাদের সাহেবকে দেখি, অনেকটা সেইরকম ভাব গুর মধ্যে।

ক্ষেত্রবাবু ব্যঙ্গ করিয়া বলিলেন, দাদা, এতক্ষণ অম্বুকুলবাবুর কথা বলছিলেন, বেশ লাগছিল। আবার তাঁর সঙ্গে সাহেবের নাম করতে যান কেন ?

নারায়ণবাবু গম্ভীর মুখে বলিলেন, কেন করি, তোমরা জান না—আই নো এ রিয়াল টীচার হোয়েন দেয়ার ইজ ওয়ান—আমার কথা শোন ভায়া, সাহেবকে তোমরা অনেকেই চেন নি।

শিক্ষকের দল পরস্পরের কাছে বিদায় গ্রহণ করিলেন; কারণ সকলেরই টুইশানির সময় হইয়াছে।

পূজার ছুটির মাসখানেক দেরি। স্কুলের অবস্থা খুবই খারাপ। হেডমাস্টার সারকুলার দিলেন যে, যে মাস্টারের নিতান্ত দরকার, তাহার আসিয়া জানাইলে কিছু কিছু টাকা দেওয়া হইবে, বাকী শিক্ষকদের ছুটির পর স্কুল খোলা পর্যন্ত অপেক্ষা করিতে হইবে। মাহিনা লওয়ার জন্ত।

স্কুলে শিক্ষকদের মধ্যে হট্টগোল পড়িয়া গেল।

যদুবাবু বলিলেন, এ সারকুলারের মানে কী হে ক্ষেত্র-ভায়া? আমাদের মধ্যে কে তালেবর আছে, যার টাকার দরকার নেই?

ক্ষেত্রবাবু সে সব কিছু জানেন না, তবে তাঁহার নিজের টাকার দরকার এটুকু জানেন।

শ্রীশিবাবু বলিলেন, তোমার যেমন দরকার, গরীব মাস্টার—পূজার সময় শুধু হাতে বাড়ী যেতে হবে সারা বছর খেটে—সকলেরই দরকার। রামেন্দুবাবুকে সকলে বলা যাক।

কিন্তু শোনা গেল, টাকা আদৌ নাই! আশামত আদায় হয় নাই। যা আদায় হইয়াছে, বাড়ীভাড়া আর কর্পোরেশন-ট্যাক্স দিতেই হইবে, যাহা কিছু উদ্ধৃত থাকিবে নিতান্ত অভাবগ্রস্ত শিক্ষকদের মধ্যে ভাগ করিয়া দেওয়া হইবে।

সেদিন টীচারদের ঘরে হঠাৎ মিঃ আলমের আগমনে সকলে বিস্মিত হইল। মাস্টারদের বসিবার ঘরে মিঃ আলম বড় একটা আসেন না।

মিঃ আলমকে দেখিয়া মাস্টারেরা সন্ত্রস্ত হইয়া পড়িল। যে বসিয়াছিল সে উঠিয়া দাঁড়াইল, যে শুইয়াছিল সে সোজা হইয়া বসিল।

মিঃ আলম হাসিমুখে চারদিকে চাহিয়া বলিলেন, বহন, বহন।

তারপর ধীরে ধীরে নিজের আগমনের উদ্দেশ্য পাড়িলেন। হেডমাস্টারের এই যে সারকুলার, এ নিতান্ত জুলুমবাজি। কাহার টাকার জন্ত কে এখানে খাটিতে আসিয়াছে?

সকলে এ উহার মুখ চাওয়া-চাওয়ি করিতে লাগিল। মিঃ আলম সাহেবের বিশ্বাসী লেফটেন্যান্ট, তাহার মুখে এ কী কথা? সাহেবের স্পাই হিসাবেও মিঃ আলম প্রসিদ্ধ। কে কী কথা বলিবে তাহার সামনে?

মিঃ আলম বলিলেন, না, সাহেবকে দিয়ে এ স্কুলের আর উন্নতি নেই। আমি আপনাদের কো-অপারেশন চাই। আমার সঙ্গে মিলে সবাই সাহেবের বিরুদ্ধে সেক্রেটারির কাছে আর প্রেসিডেন্টের কাছে চলুন। স্কুলের যা আয়, তাতে মাস্টারদের বেশ চলে যায়। সাহেব আর মেম পুস্তকে সাড়ে চার শো টাকা বেরিয়ে যাচ্ছে। এ স্কুলের হাতী পোষার ক্ষমতা

নেই। আহ্ন, আমরা ম্যানেজিং কমিটিকে জানাই।

যত্নবাবু প্রথমে কথা বলিলেন। তাঁহার ভাব বা আদর্শ বলিয়া জিনিস নাই কোন কালে, সুবিধা বা স্বার্থ লইয়া কারবার। তিনি বলিলেন, ঠিক বলেছেন মিঃ আলম। আমিও তা ভেবেছি।

মিঃ আলম বলিলেন, আর কে কে আমাদের সাহায্য করতে রাজী ?

জ্যোতির্কিনোদের রাগ ছিল হেডমাস্টারের উপর, বলিলেন, আমি করব।

যত্নবাবু বলিলেন, আমিও।

ক্ষেত্রবাবু বলিলেন, আমিও।

শ্রীশবাবুও সাহায্য করিতে রাজী।

কেবল নতুন টীচার ও নারাণবাবু চূপ করিয়া রহিলেন।

মিঃ আলম বলিলেন, কী রামেন্দুবাবু, আপনি কী বলেন ?

নতুন টীচার বলিলেন, আমি দু বছর প্রায় হল এ স্কুলে এসেছি, যা বুঝেছি এ স্কুলের উন্নতি নেই। স্কুলের বাজেট যিনি দেখেছেন, তিনিই এ কথা বলবেন। মিঃ আলম যা বলেছেন, তা খুবই ঠিক।

—তা হলে আপনি আমাদের সাহায্য করুন।

—কী জন্তে সাহায্য চান ?

—টু রিমুভ্ দি প্রেজেন্ট হেডমাস্টার। আশী টাকার হেডমাস্টার রাখলে স্কুল চলে যায়, মেমের কী দরকার ? ওতে ছেলে বাড়তে না যখন, তখন হাতী পোষা কেন ? আমরা অনাহারে আছি, আর সাহেব মেম সাড়ে চারশো টাকা নিয়ে যাচ্ছে !

—ঠিক কথা।

—তবে আপনি কি করবেন ?

—আমি এতে নেই।

—কেন ?

—প্রকাশ্য ভাবে প্রতিবাদ করি বলে গোপনে শত্রুতা করতে পারব না, মাপ করবেন মিঃ আলম। তবে আমি নিউট্রাল থাকব, কারও দিকে হব না—এ কথা আপনাকে দিতে পারি।

—বেশ, তাই থাকুন। নারাণবাবু ?

—আমি বুড়ো মানুষ, আমার নিয়ে কেন টানাটানি করেন মিঃ আলম ? আপনি জানেন, আমি নির্বিরোধী লোক। আমার আর এর মধ্যে জড়াবেন না।

—অল্প সব টীচারের মুখের দিকে চেয়ে রাজী হোন নারাণবাবু। আপনি হেডমাস্টার হোন, খুব খুশী হব সবাই। এঁদের মধ্যে কেউ নেই, যিনি তাতে অমত করবেন। কিংবা রামেন্দুবাবু হেডমাস্টার হোন—কারও আপত্তি হবে না।

সকলে সম্মুখে এ প্রস্তাব সমর্থন করিলেন।

এই দিনটির পরে মিঃ আলমের চক্রান্ত রোজই চলিতে লাগিল। মাস্টারদের মধ্যে

স্বার্থাশ্বেষী, প্রিন্সিপল-বিহীন ধারার (যেমন যত্নবাবু), মিঃ আলমের দলে যোগ দিয়াছেন ; ক্ষেত্রবাবু ও শ্রীশবাবু মনে মনে মিঃ আলমের সঙ্গে আছেন, মুখে কিছু বলেন না। কেবল নারায়ণবাবু ও নতুন টাচার রামেন্দু দত্ত নিরপেক্ষ, কোন দলেই নাই।

ইহাদের মিটিং প্রতি দিন ছুটির পর তেতলার ঘরে হয়—নতুন টাচার ও নারায়ণবাবু সেখানে থাকেন না।

এই অবস্থার মধ্যে আসিল পূজার ছুটির সপ্তাহ। শনিবারে ছুটি হইবে। ছেলেরা ক্লাসে ক্লাসে ছুটির দিন শিক্ষকদের জলযোগের ব্যবস্থা করিতেছে। শিক্ষকদের মধ্যে কেহ কেহ গোপনে তাহাদের উসকাইয়া না দিতেছেন এমন নয়।

—কী রে, পড়াশুনা কিছুই হয় নি কেন ? গ্রামার মুখস্থ ছিল, টাস্ক ছিল, কিছু করিস নি ? খাওয়াতে ব্যস্ত আছিলিস বুঝি ? কি ফর্দ করলি এবার ?

ফর্দ শুনিয়া যত্নবাবু উদাসীন ভাবে বলিলেন, এ আর তেমন কী হল—এবার খার্ড ক্লাসে যা করবে, শুনে এলুম—

ক্লাসের চাই বালকেরা সাগ্রহ কলরবে বলিয়া উঠিল, কী শ্রাবু—কী শ্রাবু—?

—আইসক্রীম, লুচি, আলুর দম, হরি ময়রার কড়াপাকের সন্দেশ—

—শ্রাবু, আমরাও করব আইসক্রীম।

—হরি ময়রার সন্দেশ শ্রাবু, কোথায় পাওয়া যায় ?

—সে আমি তোদের এনে দেব, ভাবনা কী ! পয়সা দিস আমার হাতে।

—কালই দেব টাকা তুলে।

—শ্রাবু, আপনার হাতে আমরা দশ টাকা দেব, আপনি যাতে খার্ড ক্লাসের চেয়ে ভাল হয়, তা কিন্তু করবেন।

খার্ড ক্লাসে গিয়া যত্নবাবু বলিলেন, ওঃ, ছুটির টাস্কটা সবাই লিখে নে, তুলে গিয়েচি একে-বারে। তোদের এবার কী বন্দোবস্ত হচ্ছে রে ? কিন্তু এবার ফোর্থ ক্লাসে যা হচ্ছে, তার কাছে তোরা পারবি নে।

শ্রীশবাবু ও জ্যোতির্বিদ্যনোদ অঙ্ক অঙ্ক ক্লাসে উসকাইলেন। প্রতি বৎসর ক্লাসে ক্লাসে টেকা দিবার চেষ্টা করে।

ছুটির পর হেডমাষ্টারের ঘরে নতুন টাচার গিয়া টেবিলের সামনে দাঁড়াইলেন।

—শ্রাবু, আপনার সঙ্গে গোপনীয় কথা আছে—কখন আসব ?

—ও, মিঃ দত্ত ! তুমি সন্ধ্যার পর এসো—আজ আর টুইশানিতে যাব না।

—বেশ।

ছুটির পর প্রায় দেড় ঘণ্টা মাস্টারেরা থাকিয়া ছেলেদের সেকেণ্ড টার্মিনাল পরীক্ষার ফল লিপিবদ্ধ করিলেন, প্রোগ্রেস-রিপোর্ট লিখিলেন, বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র লিখিলেন—বড় একটা ছুটির আগে অনেক কাজ। অথচ সকলেই জানে, ছুটির মাহিনা কেহ পাইবে না। এই শারদীয় পূজার সময়ে সকলকে শুধু হাতে বাড়ী ঘাইতে হইবে—উপায় নাই।

ইহা যে স্বার্থত্যাগ-প্রণোদিত ব্যাপার তাহা নহে, নিরুপায়ে পড়িয়া মার খাওয়া মাত। এ চাকরি ছাড়িলে কোন্ স্কুলে হঠাৎ চাকরি মিলিতেছে ?

সন্ধ্যার পর নতুন টীচার হেডমাষ্টারের নিজের বসিবার ঘরের দরজায় কড়া নাড়িলেন।

—হ্যাঁ, এস। কাম্ ইন্—

নতুন টীচার ঢুকিয়া দাঁড়াইয়া রহিলেন।

—বোস মিঃ দত্ত, বোস। এক পেয়লা চা ?

—না, ধন্তবাদ। এই খেয়ে আসছি। মিস্ সিবসন্ কোথায় ?

—উনি আজকাল পড়াতে বেরোন। ভাল টুইশানি পেয়েছেন—পঞ্চকোটের রাজকুমারীকে এক ঘণ্টা ইংরিজী পড়াতে—

—ও !

—কী কথা বলবে বলছিলে ?

নতুন টীচার পকেট হইতে একটা কাগজ বাহির করিলেন। গলা ঝাড়িয়া বলিলেন, স্যার, আপনি এবার কি কিছু দেবেন না আমাদের মাইনে ?

—তোমায় তো সব দেখিয়েছি মিঃ দত্ত। স্কুলের আর্থিক অবস্থা তুমি আর মিঃ আলম জান, আর জানে নারাগবাবু। বেশী লোককে বলে কোনও লাভ নেই। স্কুলকে বাঁচিয়ে রাখবার চেষ্টা করছি প্রাণপণে। বাড়ীওলা নালিস করবে শাসিয়েছিল—তার পাঁচ শো টাকা দিতে হয়েছে। মিস্ সিবসন্কে দেড় শো টাকা দিতে হবে, উনি দার্জিলিং যাচ্ছেন। কিন্তু তার মধ্যে মোটে পঁচাত্তর দিতে পারছি। আমি এক পয়সা নিচ্ছি নে। এ আমাদের স্ট্রাগলের বছর, এ বছর যদি সামলে উঠি—সামনের বছরে হয়তো স্কুদিন আসবে। সকলকেই স্বার্থত্যাগ করতে হবে, কষ্ট স্বীকার করতে হবে এ বছরটাতে। বুঝলে না ?

—হ্যাঁ স্যার।

—তুমি কিছু চাও ? কত দরকার বল ?

—না স্যার। আমি একরকম ম্যানেজ করে নেব। ধন্তবাদ স্যার। এই ক'জনকে কিছু কিছু দিতেই হবে, যে করে হোক ম্যানেজ করুন।

নতুন টীচার হাতের কাগজ দেখিয়া বলিতে লাগিলেন, ক্ষেত্রবাবু কুড়ি টাকা, জ্যোতির্কিনোদ পনেরো টাকা, শ্রীশবাবু আঠারো টাকা, হেডপণ্ডিত দশ টাকা, যদুবাবু কুড়ি—

সাহেব কুইনাইন সেবনের পরের অবস্থার মত মুখখানা করিয়া বলিলেন, ও, দীজ আর দি ট্রাবল্-মেকারস্—

—না স্যার, এদের না হলে চলবে না। এদের অবস্থা সত্যিই খারাপ—প্রত্যেকেরই বিশেষ দরকার আছে। জ্যোতির্কিনোদের বাড়ী পৈতৃক পূজা, তাঁকে বাড়ী যেতে হবে ভাড়া চাই। ক্ষেত্রবাবুর আবশ্যক আমি ঠিক জানি নে, তবে তাঁরও দরকার জরুরী। হেডপণ্ডিত পূজা করতে যাবেন দক্ষিণে শিষ্যবাড়ী। কাপড়চোপড় নেই, কিনবেন। যদুবাবু—

—দি কানিং ওল্ড্ ফল্—

—যজুবাবুর স্ত্রী আজ তিন-চার মাস পড়ে আছেন জ্ঞাতির বাড়ী, তাঁদের সেখান থেকে না আনলে নয়—তাঁরা চিঠি লিখছেন কড়া কড়া। টেনভাড়া খরচ চাই—

সাহেব হাসিয়া বলিলেন, তোমার কাছে সবাই বলে, তোমাকে ধরেছে আমাকে বলতে।
বুঝলাম।

—হাঁ, স্যার।

—টাকা আমি যে করে হয় ম্যানেজ করব, তুমি যখন বলছ। তুমি নিজের জন্তে কিছু নেবে না ?

—না স্যার। আমার ছোটো টুইশানির টাকা পাব—একরকম করে চালিয়ে নেব এখন। এখনও তো কত মাস্টারকে কিছু দেওয়া হচ্ছে না। শুধু এই ক'জনের নিতান্ত জরুরী দরকার, তাই—

—বেশ, কাল ওদের ব'লো, টাকা দিয়ে দেব যে ক'রেই হোক।

—আর একটা কথা স্যার, যদি জাহ্নয়ারি মাসে সুবিধে হয়, জ্যোতির্কিনোদের কিছু মাইনে বাড়িয়ে দিতে হবে। বড় গরীব।

—কেন, ওকে আমরা যা দিই, ওর বিজ্ঞাবুদ্ধির পক্ষে তা যথেষ্ট নয় কি ?

—না স্যার। ওর প্রতি অবিচার করবেন না। গরীব বড়—

—কিন্তু বড় কঁকিবাজ, ক্লাসে কিছু করে না। আরও দু-চার জন আছে কঁকিবাজ। তুমি ভাব, আমি তাদের চিনি নে ? স্কুলের অবস্থা ভাল না বলে কিছু বলি নে। আচ্ছা, তোমার কথা মনে রইল, জাহ্নয়ারি মাসে বেশী ছেলে ভর্তি হলে থার্ড পণ্ডিতের কেস আমি বিবেচনা করব।

নতুন টীচার বিদায় লইলেন।

যজুবাবু সত্যই বিপদে পড়িয়াছেন।

গত গ্রীষ্মের ছুটিতে স্ত্রীকে সেই যে গ্রামে শরিকের বাড়ী রাখিয়া আসিয়াছিলেন, অর্থাভাবে তাকে আনিতে পারেন নাই। অবনী মুখুঙ্কে টাকা ধার দিবেন বলিয়া-ছিলেন, সে অল্প তিন মাস ধরিয়া তাগাদার উপর তাগাদা দিয়া আসিয়াছে—নানা ছল-ছুতা, সত্য-মিথ্যা নানারূপ স্তোকবাক্যে তাকে কতদিন ঠেকাইয়া রাখিয়াছেন। যজুবাবুর স্ত্রী লিখিল, তুমি অবনী ঠাকুরপোকৈ টাকা দিবার কথা নাকি বলিয়া গিয়াছিল, সে একদফা নিজে, একদফা তাহার দিদি ও স্ত্রীর দ্বারা আমার গায়ের ছাল খুলিয়া ফেলিতেছে, তোমার কাছে টাকা ধারের সুপারিশ করিতে। তুমি কোথা হইতে টাকা দিবে জানি না। তবে এমন বলিলেই বা কেন, তাহাও ভাবিয়া পাই না। যদি টাকা দিতে না পার, তবে আমাকে এখান হইতে সত্বর লইয়া যাইবে। ইহাদের খোঁটা ও গল্পনা আর আমার সঙ্গ হয় না।

যত্নবান্নীকে স্তোকবাক্য দিয়া পত্র লিখিয়াছিলেন, সে আজ দেড় মাসের কথা। তারপর জীর যত চিঠি আসিয়াছে, তাহার কোন উত্তর দেন নাই।

দিবেনই বা কী করিয়া, কুলে দুই মাস খাটিয়া এক মাসের মাহিনা পাওয়া যায়—মাসের উনত্রিশ তারিখে গত মাসের মাহিনা যদি হইল, তবে মাস্টারেরা ভাগ্য প্রশ্ন বিবেচনা করেন! মেসের দেনা ঠিকমত দেওয়া যায় না—টুইশানি ছিল, তাই চলে! স্ত্রীকে ইহার মধ্যে আনেন কোথায়, বাসা করিবার খরচ জুটাইবেন কোথা হইতে, বলিলেই তো হইল না!

শনিবার পূজার ছুটি হইবে, আজ বৃহস্পতিবার। যত্নবান্নী টুইশানি করিয়া ফিরিবার পথে ভাবিতেছিলেন, ছুটিতে কি বেড়াবেড়ী যাইবেন? রামেন্দুবাবুকে ধরিয়াজেন, হেডমাস্টারকে বলিয়া-কহিয়া অন্তত কুড়ি টাকা যাহাতে পাওয়া যায়। রামেন্দুবাবুর কথা আজকাল সাহেব বড় শোনে।

কিন্তু তা যেন হইল। এই সামান্য টাকা হাতে সেখানে গিয়া কী করিবেন? স্ত্রীকে আনিয়া কোথায়ই বা রাখেন? অর্থকষ্টের বাজারে বাসা করিবেনই বা কোন সাহসে, হাওয়ায় ভর করিয়া দাঁড়াইয়া এত ঝুঁকি লওয়া চলে না।

আকাশ-পাতাল ভাবিতে ভাবিতে যত্নবান্নী মেসের দরজায় ঢুকিতেই মেসের একটি লোক বলিয়া উঠিল—একটি ভদ্রলোক আপনার জন্তে অপেক্ষা করছেন অনেকক্ষণ থেকে। শ্রীশদা এখনও ছেলে পড়িয়ে ফেরেন নি, আপনাদের ঘরে আমি বসিয়ে রেখেছি আপনার সীটে।

যত্নবান্নী বিস্মিত হইয়া বলিলেন, আমার জন্তে? কোথা থেকে—

—তা তো জিগোস করি নি। দেখুন না গিয়ে, আপনার সীটেই বসে আছেন। বললেন—এখানে খাব। আমি আবার ঠাকুরকে বলে দিলাম যত্নবাবুর ক্রেণ্ড খাবে। নইলে রান্নাবান্না হয়ে যাবে, আপনি যখন ফিরবেন।

যত্নবান্নী ছক ছক বক্ষে সিঁড়ি বাহিয়া উপরে উঠিয়া নিজের ঘরে ঢুকিতেই সম্মুখের সীট হইতে অবনী মুখুজে দাঁত বাহির করিয়া একগাল হস্ততার হাঁসি হাসিয়া বলিল, আনুন দাদা—এই যে! প্রণাম। ওঃ, কতক্ষণ থেকে বসে আছি!

যত্নবাবুর হৃদস্পন্দন যেন এক সেকেণ্ডের জ্ঞান থামিয়া গেল। চক্ষে অঙ্ককার দেখিলেন। তখনই কাঁঠহাসি হাসিয়া বলিলেন, আরে, অবনী যে! এস এস ভায়া। তার পর, সব ভাল? তোমার বউদিদি ভাল তো?

—হেঁ হেঁ দাদা, সব একরকম আপনার আশীর্বাদে—

—বেশ বেশ।

—তারপর দাদা এলাম, বলি, যাই দাদার কাছে। জ্বলে পড়ে থাকি, দুদিন মুখ বদলানো হবে, আর শহরে দেখে-শুনে আসিগে যাই থিয়েটার বায়োঙ্কোপ। দিন পনেরো কাটিয়ে আসি পূজোর মহড়াটান। ম্যালেরিয়ায় শরীর জরজর, একটু গায়ে লাগুক—দাদা যখন আছেন।

যদুবাবু পুনরায় কাষ্ঠহাসি হাসিলেন, তা বেশ তা বেশ ! তবে—

—তারপর, আপনার কাছে বলতে লজ্জা নেই দাদা—খার করে গাড়ীর ভাড়াটি কোনক্রমে ষোগাড় করে তবে আসা। হাতে কানা-কড়ি নেই। বাড়ীতে আপনার বউমার, ছেলেপুলের পরনে কাশড় নেই কারও—বছরকার দিন, পূজো আসচে। নিজেরও—দাদা, এই দেখুন না, সাত পুরনো ধুতি, তাই পরে তবে—। বলি, যাই—দাদার কাছে, একটা হিলে হয়েই যাবে। আপাতত গোটা কুড়ি টাকা নিয়ে কাপড়গুলো তো কিনে রাখি। এর পর বাজার আক্রা হয়ে যাবে কিনা !

যদুবাবুর কপাল ঘামিয়া উঠিয়াছে। তাঁহার রুদ্ধ কণ্ঠ হইতে কী একটা কথা অক্ষুটভাবে উচ্চারিত হইল, ভাল বোঝা গেল না। অবনী তাহাকেই সম্মতিসূচক বাণী ধরিয়া লইয়া বলিল, না, কালই সকালে টাকাটা নিয়ে বাজার করে নিয়ে আসি। আর আপনি না দিলেই বা যাচ্ছি কোথায় বলুন। আপনার ওপর জোর খাটে বলেই তো আসা। না হয় বকবেন, না হয় মারবেন—কিন্তু ছোট ভাইয়ের আবদার না রেখে তো পারবেন না—হেঁ হেঁ—

যদুবাবু বেচারী সারাদিন খাটিয়াছেন, সেই কোন্ সকালে দুইটি খাইয়া বাহির হইয়াছিলেন। রাত দশটা, এখন কোথায় খাইয়া ঘুমাইবেন, এ উপসর্গ কোথা হইতে আসিয়া ছুটিল বল তো !

পাড়াগাঁয়ের দূরসম্পর্কের জ্ঞাতি, দেখাশুনা ঘটিত কালেভদ্রে, এখন মাথামাথি করিতে গিয়া মুশকিলেই পড়িয়া গেলেন। পাড়াগাঁয়ের লোকের সঙ্গে বেশী মাথামাথি করিতে নাই—ইহার হাত পাতিয়াই আছে। পাড়াগাঁয়ের লোকের এ স্বভাব তিনি জানিতেন না যে তাহা নয়, কিন্তু বহুদিন কলিকাতায় থাকার দরুন ভুলিয়া গিয়াছিলেন, তাই আজ এ দুর্দশা। বলিলেন, চল, এস খাবে।

যদুবাবুর ঘরে সাতটি সীট—অর্থাৎ মেঝেতে ঢালা বিছানা পাতিয়া পাশাপাশি সাতটি ক্লাস্ত প্রাণী শয়ন করে। তাহার মধ্যে অবনীকে গুঁজিয়া কোন রকমে শোওয়া চলিল। কিন্তু পাড়াগাঁয়ের লৌক, সকলের সম্মুখে অভাব অভিযোগের কথা উঠেছে স্বরে ব্যক্ত করিতে লাগিল। আর এত বকিতেও পারে ! ‘হাঁ হাঁ’ দিতে দিতে যদুবাবুর মুখ ব্যথা হইয়া গেল।

সকালে উঠিয়া অবনীর জন্ত চা ও খাবার আনাইয়া দিয়া যদুবাবু মেসের বাজার করিতে বাহির হইলেন, কারণ বাজার জিনিসটা তিনি করেন শানই, এবং ইহা হইতে দুই-চারি আনা লাভও রাখিতে জানেন নিজের জন্ত।

স্কুলে বাহির হইতে যাইবেন অবনী জিজ্ঞাসা করিল, দাদা, কখন আসছেন ?

—কাল যে সময় এসেছিলাম, রাত হবে।

অবনী সকলের সামনেই বলিয়া বলিল, তা হলে দাদা, কাপড়ের টাকাটা আমার দ্বিগুণে দান, অষ্টগ্রহী কাপড়গুলো কিনে রাখি। আর ওবেলা ভাবছি বায়োস্কোপ দেখব, তার দরুনও কিছু দিন, আমার ট্যাক যাকে বলে গড়ের মাঠ কিনা ! হ্যা—হ্যা—

যত্নবানু তিন-চারজন মেস-বন্ধুর সামনে কী বলিবেন ! বলিলেন, আমি এসে দেব এখন, এখন তো—। ইহাতে অবনী চোঁচাইয়া আবদারের সুরে বলিয়া উঠিল, না দাদা, তা হবে না। আপনি দিয়েই যান—

যত্নবানু কাঁপরে পড়িলেন। টাকা দিবেন কোথা হইতে ? কুড়ি টাকা স্কুল হইতে লইবার সুপারিশ ধরিয়াছেন—হয়ত শনিবারের আগে সেই একমাত্র সখল কুড়িটি টাকাও হাতে পাওয়া যাইবে না। টুইশানির টাকা হয়তো ও-বেলা মিলিবে। অবশ্য টাকা হাতে আসিলে অবনীকে তিনি দিবেন না নিশ্চয়ই, তাঁহার নিজের খরচ নাই ? বলিলেন, এস, বাইরে আমার সঙ্গে।

পথে গিয়া বলিলেন, অমন করে সকলের সামনে বলতে আছে, ছিঃ ! টাকা হাতে থাকলে তোমায় দিতাম না ?

অবনী অনুযোগের সুরে বলিল, যা রে ! আপনাকে তো কাল রাত থেকে বলছি। সত্বে দাদা, হাতে কিছুই নেই, চা-জলখাবারের পয়সাটি পর্যন্ত নেই। শুধু আপনার ভরসায় এখানে আসা—

—এই রাখ দু'আনা পয়সা—চা খাবার খেয়ো। আমি স্কুল থেকে ফিরি, তারপর বলব। চললাম, বেলা হয়ে যাচ্ছে—

স্কুলে বসিয়া যত্নবানু আকাশ-পাতাল ভাবিতে লাগিলেন। যখন আসিয়া পড়িয়াছে অবনী, তখন হঠাৎ এক-আধ দিনে চলিয়া যাইবে না। উহার স্বভাবই ওই, টাকা না লইয়া যাইবে না। দুই বেলা আট আনা ক্রেণ্ড-চার্জ দিয়া উহাকে বলাইয়া ধাওয়াইতে গেলে যত্নবানু স্কুল হইতে যে কয়টি টাকা পাইবেন, তাহা উহার পিছনেই ব্যয় হইয়া যাইবে। আর কেনই বা উহাকে তিনি এখানে জামাই-আদরে বলাইয়া ধাওয়াইতে যাইবেন, কে অবনী ? কিসের খাতির তাহার সঙ্গে ?

আচ্ছা, যদি মেসে না ফিরিয়া তিনি পলাইয়া দুই দিন অন্তর গিয়া থাকেন, তবে কেমন হয় ? মেসে শ্রীশকে দিয়া বলিয়া পাঠাইয়া দেন যদি—বিশেষ কাঁজে তিনি অন্তর যাইতেছেন, এখন দিন-বারো মেসে ফিরিবেন না ! কেমন হয় ! হইবে আর কী, অবনী সেই দশ দিন বসিয়া বসিয়া দিব্য খাইবে এখন তাঁহার খরচে।

সামনের শনিবার ছুটি। একদিন আগে কি ছুটি লইবেন ?

সাত-পাঁচ ভাবিতে ভাবিতে টুইশান-শেষে যত্নবানু মেসে গিয়া দেখিলেন, অবনী নাই। চলিয়া গেল নাকি ?

পাশের ঘরের সতীশবানু বলিলেন, যত্নবানু, আহ্নন। আপনার ছোট ভাই সিনেমা দেখতে গিয়েছে, এখন আসবে। ছ'টার শোতে গিয়েছে।

—সিনেমা ! আমার ছোট ভাই ?

সতীশবানু যত্নবানুর কথার সুরে বিস্মিত হইয়া বলিলেন, হ্যা, যিনি কাল এসেছিলেন। আমার বললেন, দাদার স্কুল থেকে আসতে দেয়ি হচ্ছে। বারোঘোপ দেখতে যাবার ইচ্ছে

ছিল। তা বোধ হয় হল না। আমি বললাম—কেন হল না? উনি বললেন, টাকা নেই সঙ্গে, দাঁদার কাছে চাবি। মনে করে নিয়ে রাখতে তুলে গিয়েছিলাম। আমি বললাম—তা আর কী! যত্নবাবুর ফিরতে রাত হবে দশটা। আপনার কত দরকার, নিয়ে যান। পরস্পর বন্ধুবান্ধবের মধ্যে এসব—মেশ-মেটের ভাই, আপনার কাছে নেই বলে কি আর অভাব ঘটবে?

—কত নিয়ে গেল?

—হু টাকা বললেন দরকার। আর হু টাকা নিয়েচেন বুঝি আপনার পিসিমার জন্তে কী ওয়ুধ কিনতে হবে—দোকান বন্ধ হলে আজ আর পাওয়া যাবে না—কাল সকালেই বুঝি উনি চলে যাবেন। তা থাক, তার জন্তে কী, এখন দেবার তাড়া নেই। মাইনে পেলে শনিবার দেবেন, এখন কাজটা তো হয়ে গেল।

যত্নবাবু অতিকষ্টে রাগ সামলাইয়া ঘরে ঢুকিলেন এবং একটু পরেই অবনী সিনেমা হইতে ফিরিয়া ঘরে ঢুকিল। দাঁত বাহির করিয়া বলিল, এই যে দাঁদা, দেখে এলাম সিনেমা। থাকি গায়ে পড়ে, ওসব দেখা অদৃষ্টে ঘটেই না তো। সতীশবাবুর কাছ থেকে গোটাচারেক টাকা নিয়ে গেলাম। কুড়ি টাকার মধ্যে চার টাকা সতীশবাবুকে আর বোলটা দেবেন আশায়।

যত্নবাবু দেখিলেন, অবনী ধরিয়াই লইয়াছে—কুড়ি টাকা তাহার হাতের মুঠার মধ্যে আসিয়া গিয়াছে। কুড়ি টাকা তো দূরের কথা, এই বহু-কষ্টাঙ্কিত টাকার মধ্যে চার টাকা এভাবে বাজে ব্যয় হওয়াই কি কম কষ্টকর? এ চার টাকা দিতেই হইবে ভ্রাতার খাতিরে। যত্নবাবুর বহু ভাগ্য যে, সে কুড়ি টাকা ধার করে নাই!

এমন মুশকিলে তিনি জীবনে কখনও পড়েন নাই। কেন মিছামিছি শরিক-জাতিদের সঙ্গে ঘনিষ্ঠতা করিতে গিয়াছিলেন! এখন তাহার ধাক্কা সামলাইতে প্রাণ যে যায়! যত্নবাবুর ইচ্ছা হইল, তিনি হঠাৎ চিৎকার করিয়া উঠিয়া হাত-পা ছোঁড়েন, অবনীকে ধরিয়া দুমদাম করিয়া কিল মারেন, কিংবা একদিকে ছুটিয়া বাহির হইয়া যান। কিন্তু মেসের ভ্রাতৃলোকদের মধ্যে কিছুই করিবার জো নাই। তিনি শাস্তমুখে তামাক সাজিতে বসিয়া গেলেন।

অবনী উৎসাহের সঙ্গে সিনেমায় কী দেখিয়া আসিয়াছে, তাহার গল্প সবিস্তারে আরম্ভ করিল। গল্প তার আর শেষ হয় না। যত্নবাবু বলিলেন, চল, খেয়ে আসি।

অবনী হাসিয়া বলিল, আজ এখনও হয় নি। আজ যে আপনাদের যেসে ফিস্ট! আমি খোঁজ নিয়ে এলাম রান্নাঘরে, এখনও দেরি আছে।

সর্বনাশ! আট আনা ক্রেওচার্জ আজ ফিষ্টের দিনে! এ ছুতভোজন করাইয়া লাভ কী তাহার রক্ত-জলকরা পয়সায়!

অবনী পরের দিনও নড়িতে চাহিল তো না-ই, টাকার তাগাদা করিয়া যত্নবাবুকে উদ্ভাস্ত করিয়া তুলিল। রাত দশটায় ফিরিয়া আসিয়া দেখিলেন, অবনী কাহার কাছে খবর পাইয়াছে,

আগামী কাল শনিবার স্কুল বন্ধ হইবে, সুতরাং ওৎ পাতিয়া বসিয়া ছিল, বলিল, দাদা, কাল মাইনে পাবেন দু'মাসের, না? কাল চন্দন, আপনার সঙ্গেই স্কুলে যাই—টাকা ষোলটা দিয়ে দিন, তিনটির গাড়িতে বাড়ী যাই। যত্নবান্ধু ভয়ানক রাগ হইল, কিন্তু এখানে স্পষ্ট কথা বলিতে গেলেই অবনী বগড়া বাধাইবে, তাহাও বুঝিলেন। পাড়াগাঁয়ের অশিক্ষিত লোক, কাণ্ডজ্ঞানহীন। কেলেঙ্কারি একটা না বাধাইয়া ছাড়িবে না।

পরদিন ক্লাসের ছেলেরা খাওয়াইল। অবনী গিয়া জুটিল যত্নবাবুর সঙ্গে।

যত্নবাবু কুড়িটা টাকা বেতন পাইলেন—তাও রামেন্দুবাবুর হুপারিশে। ছুটির সারকুলার বাহির হইয়া গেল। সকলে কে কোথায় যাইবেন, পরস্পর জিজ্ঞাসাবাদ করিতে লাগিলেন। মাষ্টারেরা চায়ের দোকানে গিয়া মজলিশ করিবে ঠিক ছিল, কিন্তু সাহেব তাহাদের লইয়া পাচটা পর্যন্ত মীটিং করিলেন।

মীটিংয়ের কার্যতালিকা নিম্নলিখিতরূপ :—

(১) ছুটির পরেই বাসিক পরীক্ষা—কী ভাবে পড়াইলে ছেলেরা বাসিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারে।

(২) দেখা গিয়াছে, তৃতীয় শ্রেণীর ছেলেরা ইংরেজী ব্যাকরণে বড় কাঁচা। এই সময়ের মধ্যে কী প্রণালীতে শিক্ষা দিলে তাহারা উক্ত বিষয়ে পারদর্শী হইয়া উঠিতে পারে।

(৩) টেস্ট পরীক্ষার প্রশ্নপত্রগুলি পড়া ও তৎসম্বন্ধে আলোচনা।

(৪) সপ্তম শ্রেণীর বাসিক পরীক্ষায় স্ফুটিলিখন থাকিবে কি না। থাকিলে তাহাতে কত নম্বর থাকিতে পারে।

মিঃ আলম ক্ষেত্রবাবুর প্রশ্নপত্রের দুই স্থানে দুইটি ভুল বাহির করিলেন। পাঠ্যতালিকার বাহিরে সেই দুইটি প্রশ্ন করা হইয়াছে—এ বছর বিশ্ববিদ্যালয়ের পাঠ্যতালিকায় ওই দুইটি বিষয় নাই। সাহেবের আদেশে পাঠ্য-তালিকা দেখা হইল, ভুলই বটে। ক্ষেত্রবাবু অপ্রতিভ হইলেন।

ধরা পড়িল, যত্নবাবু ষষ্ঠ শ্রেণীর ইতিহাসের প্রশ্ন এখনও তৈয়ারী করেন নাই। মিঃ আলম ধরিয়া দিলেন।

সাহেব বলিলেন, কী যত্নবাবু?

যত্নবাবু মাথা চুলকাইতে চুলকাইতে বলিলেন, অত্যন্ত দুঃখিত স্ত্রাবু। এখনই করে দিচ্ছি—

—মিঃ আলম ধরে না দিলে কী মুশকিলেই পড়তে হত!

—স্ত্রাবু, বড় ব্যস্ত ছিলাম। মন ভাল ছিল না।

—সে সব কথা আমি জানি না। কর্তব্য কাজে অবহেলা করে যে তার স্থান নেই আমার স্কুলে। মাই গেট ইজ—

—এবার মাপ করুন স্ত্রাবু, আর কখনও এমন হবে না।

দোতলা হইতে নামিতেই অবনীর সহিত দেখা। সে সিঁড়ির নীচে তাঁহারই অপেক্ষায়

দাড়াইয়া আছে। দাঁত বাহির করিয়া বলিল, মাইনে পেলেন দাদা ?

যত্নবাবুর বড় রাগ হইল—একে সাহেবের কাছে অপমান, অপরের স্থপারিশে মাত্র কুড়ি টাকা প্রাপ্তি, তার ওপর এইসব হাদাম্মা লঙ্ঘ হয় ?

যত্নবাবু বলিলেন, না।

—মাইনে পান নি ? পেয়েছেন দাদা।

—না, পাই নি। কেউই পায় নি।

অবনী একগাল হাসিয়া বলিল, দাদার যেমন কথা ! দু মাসের মাইনে একসঙ্গে পেলেন বুঝি ?

যত্নবাবু বলিলেন, সত্যিই পাই নি। তুমি মাস্টারমশায়দের জিগ্যেস করে দেখ না ?

—এক মাসের মাইনে দেবে না পূজোর সময়—তা কি কখনও হয় ?

—এ স্কুলে এমনি নিয়ম। সাহেবের স্কুল, পূজোটুজো মানে না।

অবনী কিছুক্ষণ হাঁ করিয়া রহিল, তারপর বলিল, তবে আমার টাকা দেবেন বললেন যে ও-বেলা ?

—কোথা থেকে দেব বল ? স্কুলের মাইনে যখন হল না, টাকা পাব কোথায় ?

অবনী কথাটা উড়াইয়া দিবার মত ভাঙ্ছিলের সুরে বলিল, আপনার আবার টাকার ভাবনা ! না হয় ডাকঘর থেকে তুলে কিছু দিন দাদা, এখনও সময় যায় নি—

যত্নবাবু অবনীর মুখের দিকে চাহিয়া নীরস কণ্ঠে কহিলেন, ডাকঘরে এক পয়সাও নেই আমার। দিতে পারব না।

অবনী আরও কিছুক্ষণ কাকূতি-মিনতি করিল, রাগ করিল, ঝগড়া করিল, যত্নবাবুকে রূপণ বলিল, তাঁহার ক্রীকে এতদিন বাড়ীতে জায়গা দিয়া রাখিয়াছে সে খোঁটাও দিতে ছাড়িল না। যত্নবাবুর এক কথা—তিনি টাকা দিতে পারিবেন না।

তিনি মাত্র কুড়ি টাকা মাহিনা পাইয়াছেন, তাহা হইতে কিছু দেওয়ার উপায় নাই।

অবনীর হৃদয়তা আগেই উন্মিয়া গিয়াছিল, সে বলিল, তা হলে টাকা দেবেন না আপনি ?

কথা যেন ছুঁড়িয়া মারিতেছে।

যত্নবাবু বলিলেন, মা।

—বেশ। কিন্তু আপনাকে চিনে রাখলাম, বিপদে আপদে লাগব না কি আর কখনও ? আচ্ছা, চলি।

কিছু দূর গিয়া তখনই ফিরিয়া আসিয়া বলিল, হ্যাঁ, বউদিদিকে ওখানে রাখার আর সুবিধে হচ্ছে না। কালই গিয়ে তাঁকে নিয়ে আসবেন, বলে দিচ্ছি। এত অসুবিধে করে পরের বউকে জায়গা দেবার ভারি তো লাভ ! সব চিনি, এক কড়ার উপকারে কেউ লাগে না। কেবল মুখে লম্বা লম্বা কথা—

অবনী চলিয়া গেল। যত্নবানু স্কুলের বাহিরে আসিলেন ভাবিতে ভাবিতে। ক্ষেত্রবানু পিছন হইতে আসিয়া বলিলেন, চল হে যত্নবানু, একটু চা খাই সবাই মিলে।

—আর চা খাব কী, মন বড় খারাপ।

—কী হল ? তুমি তবুও কুড়ি টাকা পেলে। আমাদের তো এক শয়নাও না।

—না হে, তোমার বউদিদি রয়েছে বেড়াবাড়ী—সেই পাড়াগাঁ। তাকে এবার না আনলেই নয়। কিন্তু এনে কোথায় বা রাখি ?

—এখন না-ই বা আনলে দাদা। নিজের বাড়ীতেই তো রয়েছেন। থাকুন না। এখন পূজার সময়, দেশে পূজা দেখুন না। গাঁয়ে পূজা হয় তো ?

যত্নবানু গর্বের সহিত বলিলেন, আমার বাড়ীতেই পূজা। শরিকী পূজা। আর, বেড়াবাড়ীর জমিদার তো আমরা। মস্ত বাড়ী, আমার অংশেই এখনও (যত্নবানু মনে মনে গণনা করিলেন) পাঁচখানা ঘর, ওপর নীচে। বাড়ীতেই পুকুর, বাঁধা ঘাট। আমার স্ত্রী সেখানেই রয়েছে, আসতে চায় না, ঝুল—বেশ আছি। হয়েছে কী ভায়া, নামে তালপুকুর। ঘটি ডোবে না। আছে সবই, এখনও দেশে গেলে লোকজন ছুটে দেখা করতে আসে, বলে—যত্নবানু বিদেশে পড়ে থাকেন কেন ? দেশে আসুন, আপনার ভাবনা কী ? কিন্তু ম্যালেরিয়া বড্ড। তেমন আয়ও নেই পুরনো আমলের মত। নামটাই আছে। নইলে কি আর বত্রিশ টাকা সাত আনায় পড়ে থাকি এই স্কুলে, রামোঃ !

যত্নবানু ওয়েলেসলি স্কয়ারের বেঞ্চিতে বসিয়া মনে মনে বহু আলোচনা করিলেন। ক্রীকে এখন কলিকাতায় আনা অসম্ভব।

কুড়ি টাকা মাত্র সম্বলে বাসা করিয়া এক মাসও চালাইতে পারিবেন না। বেড়াবাড়ী এখন গেলে অবনী দস্তুরমত অপমান করিবে তাঁহাকে। সুতরাং তিনি কলিকাতায় মেসেই থাকিবেন, স্ত্রী কাঁদাকাটা করিলে কী হইবে ?

যত্নবানুর স্ত্রী পূজার মধ্যে স্বামীকে পাঁচ-ছয়খানা লম্বা লম্বা পত্র লিখিল। সে সেখানে টিকিতে পারিতেছে না, অবনীর দিদির ও স্ত্রীর খোঁটা এবং দুর্ভাবহারে তাহাব জীবন অতিষ্ঠ হইয়া উঠিয়াছে, সেখানে আর থাকিতে হইলে সে গলায় দড়ি দিবে, ইত্যাদি।

যত্নবানু লিখিলেন, তিনি এখন রামপুরহাটের জমিদারের বাড়ীতে টুইশানি পাইয়াছেন, ছুটি লইয়া এখন দেশে যাইবার কোনও উপায় নাই। তাহার ঠাহাকে বড় ভালবাসে, ছাড়িতে চায় না।

সর্কিব মিথ্যা।

স্কুলে চুকিবার পূর্বে গেটের কাছে একদল ছাত্র ভিড় জমাইয়া তুলিয়াছে। যত্নবানুকে দেখিয়া ক্লাস নাইনের একটি বড় ছেলে আগাইয়া আসিয়া বলিল, আজ স্কুলে চুকবেন না স্যার, আজ আমাদের স্ট্রাইক, কেউ যাবে না স্কুলে।

যত্নবানুর মুখ অপ্রত্যাশিত আনন্দে উজ্জ্বল দেখাইল। এও কি সম্ভব হইবে ? আজ কাহার

মুখ দেখিয়া উঠিয়াছিলেন! স্ট্রাইক হওয়ার অর্থ সারাদিন ছুটি। এখনই বাসায় ফিরিয়া দুপুরে দিবানিত্রা দিবেন, তারপর বিকালের দিকে উঠিয়া তাঁহার এক বন্ধুর বাড়ী আছে মলক্কা লেনে, সেখানে সন্ধ্যার পূর্ব পর্যন্ত দাবা খেলিবেন। মুক্তি।

এই সময় শ্রীশবাবু ও মিঃ আলম একসঙ্গে গেটের কাছে আনিয়া দাঁড়াইতে ছেলেরা তাঁহাদের বিরিয়া দাঁড়াইল। আজ রামতারক মিত্র গ্রেপ্তার হওয়ার দরুন—দেশবিখ্যাত নেতা রামতারক মিত্র—কলিকাতার সমগ্র ছাত্রসমাজে দারুণ চাঞ্চল্য দেখা দিয়াছে, স্কুল-কলেজের ছাত্রদল মিলিয়া বিরাট শোভাযাত্রা বাহির করিবে ও-বেলা।

মিঃ আলম বলিলেন, আমাদের যেতে হবেই। আর তোমাদেরও বলি, আমি চাই না যে, এ স্কুলের ছাত্রেরা কোন পলিটিক্যাল আন্দোলনে যোগ দেয়। চলুন যত্নবাবু, শ্রীশবাবু—

যত্নবাবু মনে মনে ভাবিলেন, গিয়ে সহটা করেই ছুটি, কেউ আসছে না স্কুলে।

হেডমাস্টার স্ট্রাইকের কথা জানিতেন না। তিনি সকালে উঠিয়া খয়রাগড়ের রাজবাড়ীতে টুইশানিতে গিয়াছিলেন, ফিরিয়া সব শুনিলেন। নিজে গেটে দাঁড়াইয়া ছেলেদের বুঝাইবার চেষ্টা করিলেন অনেক—তাঁহার কথা কেহ শুনিল না। টীচার্জ-রূমে বসিয়া বসিয়া মাস্টারেরা উৎক্ল হইয়া উঠিল। যত্নবাবু বলিলেন, হ্যাঃ, শুনছে আজ ক্লার্কওয়েল সাহেবের কথা! তুমিও যেমন! কোথায় রামতারক মিত্রের—অত বড় লীডার আর কোথায় ক্লার্কওয়েল—ফোতো স্কুলের কোতো হেডমাস্টার!

কিন্তু মাস্টারদের আশা পূর্ণ হইল না। একটু পরেই হেডমাস্টারের স্লিপ লইয়া মথুরা চাপরাসী আসিল, নীচু দিকের ক্লাসে ছোট ছোট ছেলেরা অনেক সকালেই আসে—বিশেষত তাহারা দেশনেতা রামতারক মিত্রের বিরাট ব্যক্তিত্বের বিষয়ে কিছুই জানে না; স্মতরাং মাস্টার ও অভিভাবকের ভয়ে যথারীতি ক্লাসে আসিয়াছে। তাহাদের লইয়া ক্লাস করিতে হইবে।

উপরের দিকের ক্লাসের মাস্টার বাহারা, এ আদেশে তাঁহাদের কোন অসুবিধা হইল না, কেন না, উপরের কোন ক্লাসে একটি ছাত্রও আসে নাই। ধরা পড়িয়া গেলেন শ্রীশবাবু প্রভৃতি, বাহাদের প্রথম ঘণ্টায় নীচের দিকে ক্লাস আছে।

যত্নবাবু চতুর্থ শ্রেণীতে চুকিয়া দেখিলেন, জন পাঁচ-ছয় ছোট ছেলে বসিয়া আছে। ওপাশে ক্লাস সেভেন-এ জনপ্রাণীও আসে নাই, স্মতরাং প্রথম ঘণ্টার শিক্ষক হেডপণ্ডিত দিব্য উপরের ঘরে বসিয়া আড্ডা দিতেছেন, অথচ তাঁহার—

রাগে দুখে যত্নবাবু ধপ্ করিয়া চেয়ারে বসিয়া কটমট করিয়া চারিদিকে চাহিলেন। এই হতভাগাগুলোর জন্তই এই শাস্তি—যদি এই বদমাইসগুলো না আসিত, তবে আজ তাঁহার দিবানিত্রা রোধ করে কে?

কড়া বাজখাই সুরে হাঁকিলেন, আজ পুরনো পড়া ধরব—নিয়ে আয় বই—ছাল তুলব আজ পিঠের, যদি পড়া ঠিকমত না পাই—

ছোট ছোট ছেলেরা তাঁহার রাগের কারণ ঠাহর করিতে না পারিয়া গা টেপাটিপি করিতে

লাগিল পরস্পর। একটি ছেলে ভয়ে ভয়ে দাঁড়াইয়া উঠিয়া বলিল, আজ তো পুরনো পড়ার কথা ছিল না শ্রাব্ !

যত্নবানু দাঁত খিঁচাইয়া বলিলেন, পুরনো পড়া আবার বলা থাকবে কী ? ও যে দিন ধরব, সেই দিনই বলতে হবে—দেখাচ্ছি সব মজা, কোন ক্লাসের ছেলে স্কুলে আসেনি, গুরা এসেছেন—গুরদের পড়বার চার কত ! ছাল তুলছি আজ পড়া না পারলে—

দুই-একটি বুদ্ধিমান ছেলে ততক্ষণ তাঁহার রাগের কারণ খানিকটা বুঝিয়াছে। একজন বলিল, শ্রাব্, না এলে বাড়ীতে বকে, বলে—ওপরের ক্লাসের ছেলেরা স্ট্রাইক করেছে তা তোদের কী ? সেই আঘাট মানে স্ট্রাইকের সময় এরকম হয়েছিল—

আর একটি অপেক্ষাকৃত বুদ্ধিমান ছেলে বলিল, শ্রাব্, বলেন তো পালাই।

যত্নবানু সুর নরম করিয়া বলিলেন, পালাবি কোথা দিয়ে ? ইস্কুলের গেটে হেডমাস্টার তাল্লা দিয়ে রেখেছেন।

ক্লাসস্থল ছেলে বলিয়া উঠিল প্রায় সমস্বরে, গেটের দরকার কী শ্রাব্ ? আপনি বলুন, টিনের বেড়া রয়েছে পেছনে, ওর তলা দিয়ে গলে বেরিয়ে যাব।

—তবে তাই যা। কাউকে বলিস নে। রেজেক্ট্রি হয় নি তো এখনও—পালা। একে একে যা।

নীচের তলায় আশপাশের ক্লাসে ছেলে নাই, কারণ সেগুলি বড় ছেলেদের ক্লাস। কেবল পূর্বদিকের কোণে হল-ঘরের পাশের ক্লাসে গুটি-কয়েক ছোট ছেলে লইয়া জ্যোতির্বিদ্যোদ বিরক্তমুখে বসিয়া আছে। যত্নবানু বলিলেন, ওহে জ্যোতির্বিদ্যোদ, ওগুলোকে যেতে দাও না।

জ্যোতির্বিদ্যোদ যেন দৈববাণী শুনিল, এরূপভাবে লাফাইয়া উঠিয়া আগ্রহের সুরে বলিল, দেব ছেড়ে ? সাহেব কিছু বলবে না তো ?

যত্নবানু মুখে কোনদিন খাটো নহেন, ব্যঙ্গের সুরে বলিলেন, ও সব ভাবলে তবে বসে ক্লাস করো সেই বেলা তিনটে পর্যন্ত (ছোট ছেলেদের তিনটার সময় ছুটি হইয়া যায়)। এই তো আমি ছেড়ে দিলাম—

—আপনারা সব বড় বড়, আমরা হলাম চুনোপুঁটি, সব তখনই দোষ হবে আমাদের।

—কিছু না, ছেড়ে দাও সব। এই, যা সব পালা—টিনের পার্টিশনের তলা দিয়ে পালা। স্ট্রাইকের দিন স্কুল করতে এসেছে ! ভারি পড়ার চাড় !

জ্যোতির্বিদ্যোদও সুরে সুর মিলাইয়া বলিল, দেখুন দিকি কাণ্ড যত—পড়ে তো সব উন্টে যাচ্ছেন একেবারে। যা সব একে একে ! রোতো, গোল করবি তো হাড় ভাঙব মেরে, কেউ টের না পায়—

কথা শেষ হইবার সঙ্গে সঙ্গে ক্লাস প্রায় খালি হইয়া গেল।

যত্নবানু উপরে গিয়া বলিলেন, কোথায় ছেলে ? দু-একটা এসেছিল, কে কোথা দিয়ে পালিয়ে গেল ধরতেই পারা গেল না—

ক্ষেত্রাবু ছুটির দিনই রাত্রির ট্রেনে বর্ধমান রওনা হইলেন।

পরদিন সকালের দিকে বর্ধমান স্টেশনে নামিয়া প্রাটফর্মের উত্তর দিকে মালগুদামের ও পার্সেল-আপিসের পিছনে দাদার কোয়াটারে গিয়া ডাক দিলেন, ও বউদি!

—এস এস ঠাকুরপো। মনে পড়ল এত দিন পরে? তা ভাল আছি বেশ? আমায় শশীবাবুর বউ রোজই বলেন—হ্যাঁ দিদি, তোমার সে ঠাকুরপো কবে আসবেন? আমি বলি—তা কী জানব? কলেজে কাজ করেন, বড় চাকরি, ছুটি না হলে তো আসতে পারেন না। তা ছেলেমেয়েদের কোথায় রেখে এলে?

—ওরা তাদের পিসীমার কাছে রইল কালীঘাটে—মেজদিদির কাছে।

—বেশ, এসেছ ভালই হয়েছে। এবার একটা যা হয় ঠিক করে ফেল। ওঁদের মেয়ে বড় হয়েছে, তোমার ভরসাতেই আছে। আর তোমাকে সংসার যখন করতেই হবে, তখন আর দেরি করা কেন, আমি বলি। ব'সো হাত-পা ধোও, চা করি।

ক্ষেত্রাবু এইরূপ একটা অস্পষ্ট আশার গুঞ্জনধ্বনি সারারাত ট্রেনের মধ্যে কানের কাছে শুনিয়াছেন—চলমান বাতাসে সে আভাস আসিয়াছিল! বাসায় পা দিতেই এমন কথা শুনবেন, তাহা কিন্তু ভাবেন নাই। ক্ষেত্রাবু পুলকিত হইয়া উঠিলেন।

ঠাঁহার জাঁঠতুতো দাদা গোবর্দ্ধনবাবু সন্ধ্যার সময় ডিউটি হইতে ফিরিয়া বলিলেন, এই যে, ক্ষেত্র কখন এল? চা খেয়েছ? স্কুল কবে—কাল বন্ধ হ'ল? বেশ।

গোবর্দ্ধনবাবু পাকা লোক। যে খুড়তুতো ভাই আজ সাত-আট বছরের মধ্যে কখনও বনিষ্ঠতা করা দূরের কথা, বছরে দুইখানি পোস্টকার্ডের পত্র দিয়া খোঁজ-খবর লইত কি না সন্দেহ, সেই ভাই কাল স্কুল বন্ধ হইতে না হইতে কলিকাতা হইতে বর্ধমানে আসিয়া হাজির, এ নিশ্চয়ই নিছক ভ্রাতৃ-প্রেম নয়। গোবর্দ্ধনবাবু মনে মনে হাসিলেন।

চা-জলখাবার-পর্কাস্ত্রে ক্ষেত্রাবু ঠাঁহারই সমবয়সী শ্রীগোপাল মজুমদার অ্যানিস্টিগ্যান্ট স্টেশন-মাস্টারের বাড়ী বেড়াইতে গেলেন। রেলওয়ে সমাজে পরস্পরকে উপাধি দ্বারা সম্বোধন করাই প্রচলিত।

ক্ষেত্রাবুকে সেখানেও একদফা চা খাবার খাইতে হইল। মজুমদার বলিল, তারপর ক্ষেত্রাবু, শুনছিলাম একটা কথা—

ক্ষেত্রাবুর বুকের মধ্যে টিপ টিপ করিয়া উঠিল। বুঝিয়াও না-বুঝিবার ভান করিয়া বলিলেন, কী কথা?

—আমাদের মুখজের ভাইবির সঙ্গে নাকি আপনার—

ক্ষেত্রাবু সলজ্জ হাসিয়া বলিলেন, না না, কই না—আমার তো—

—না, আমি বলি, দ্বিতীয় সংসার করার ইচ্ছে যদি থাকে, তবে এখানেই করে ফেশুন—মেয়েটি বড় ভাল।

ক্ষেত্রাবু দুই-একবার বলি-বলি করিয়া অবশেষে বলিলেন, মেয়ে? ও দেখেচেন নাকি?

—কে, অনিলা ? অনিলাকে ক্রক পড়ে বেড়াতে দেখেছি। আমাদের বাসায় আমার ভাগ্নী বিমলার সঙ্গে খুব আলাপ।

—ও !

—বেশ মেয়ে। দেখতে তো ভালই, ঘরের কাজকর্ম সব জানে। চলুন না, পায়ে পায়ে মুখুঙ্কের বাসায় যাই। আপনি এসেছেন, বোধ হয় জানে না।

ক্ষেত্রবাবু জিভ কাটিয়া বলিলেন, আরে, তা কখনও হয় ? না না। আমি যাব কেন ?

—আমরা যে ক'জন আছি স্টেশনের কোয়াটারে—সব এক ফ্যামিলির মত। এখানে কুটুস্থিতে করি না কেউ কারও সঙ্গে। সেবারে ঐ মল্লিকবাবুর মা মারা গেল, আটান্তর বছর বয়সে। রাত দেড়টা, আমি এইটিন ডাউন সবে পাস্ করে টিকিটের হিসেব চালানো এনট্রি করেছি, এমন সময় বাসা থেকে লোক গিয়ে বললে—শীগগির চল, এই রকম ব্যাপার। সেই রাত্তিরে মশাই রেলওয়ে কোয়ার্টারের ক'টি প্রাণী, বলি ব্রাহ্মণ আর কায়স্থ কী, হিন্দু তো বটে—ঘাড়ে করে নিয়ে গেলুম আশানে ; তা এখানে ওসব নেই। চলুন, যাওয়া যাক।

ক্ষেত্রবাবুর যাওয়ার ইচ্ছা যে না হইয়াছিল তাহা নয়, কিন্তু দাদা কী মনে করিবেন, এহ ভয়ে মজুমদারের কথায় রাজী হইতে পারিলেন না !

পরদিন বেলা দশটার সময় ক্ষেত্রবাবু বাসায় বসিয়া খবরের কাগজ পড়িতেছিলেন, এমন সময় একটি মেয়ে এক বাটি তেল আনিয়া সামনে রাখিয়া সলঙ্ক সুরে বলিল, দিদি বললেন আপনাকে নেয়ে আসতে।

ক্ষেত্রবাবু চাহিয়া দেখিলেন, সতেরো-আঠারো বছরের মেয়েটি। বেশী ফরসাও নয়, বেশী কালোও না। মুখশ্রী ভাল।

—ও ! বউদিদি বললেন ?

ক্ষেত্রবাবু যেন একটু খতমত খাইয়া গিয়াছেন, কথার সুরে ধরা পড়িল।

মেয়েটি হাসি চাপিতে চাপিতে বলিল, হ্যাঁ।—এই কথা বলিয়াই সে চলিয়া গেল।

ক্ষেত্রবাবু ভাবিলেন, কে মেয়েটি, কখনও 'তো দেখেন' নাই একে ! এ সেই মেয়েটি নয় তো ?

স্নান করিয়া খাইতে বসিয়াছেন, সেই মেয়েটিই আনিয়া ভাতের খালা সামনে রাখিল। আবার ফিরিয়া গিয়া ডালের বাটি আনিয়া দিল। খাওয়ার মধ্যে মেয়েটি অনেক বার ঘাতায়াত করিল। ক্ষেত্রবাবু দুই-একবার মেয়েটির মুখে দিকে চাহিয়া দেখিলেন, মুখখানি ভাল ছাড়া মন্দ বলিয়া মনে হইল না তাঁহার কাছে। ভাল করিয়া চাহিতে পারিলেন না, দাদা পাশে বসিয়া খাইতেছেন। আহাঙ্গারদির পর ক্ষেত্রবাবু বিশ্বাস করিতেছেন, সেই মেয়েটিই আনিয়া পান দিয়া গেল। ক্ষেত্রবাবুর কৌতূহল হইল জানিবার জন্ম মেয়েটি কে, কিন্তু কখনও অপরিচিতা মেয়ের সঙ্গে কথা কওয়ার বা মেলামেশার অভিজ্ঞতা না থাকায় চূপ করিয়া রহিলেন। গরীব স্কুলমাস্টার, তেমন সমাজে কখনও ঘাতায়াত নাই।

এ দিন এই পর্য্যন্ত। মেয়েটি আর আসিল না সারাদিনের মধ্যে। কিন্তু ক্ষেত্রবাবুর মনে যেন তাহার জন্ম উৎসুক হইয়া রহিল সারাদিন। মুখখানি বেশ।* সেই মেয়েটি নাকি? কী জানি! লজ্জায় কথাটা কাহাকেও জিজ্ঞাসা করিতে পারিলেন না। পরে আরও দুই দিন গেল, মেয়েটির কোন চিহ্ন নাই কোন দিকে। হঠাৎ তৃতীয় দিনে মেয়েটি সত্যালে চায়ের পেয়লা রাখিয়া গেল সামনে। ক্ষেত্রবাবুর বুকের মধ্যে কিসের একটা ঢেউ চলিয়া উঠিল। মেয়েটি দোরের কাছে একটুখানি দাঁড়াইয়া চলিয়া গেল এবং আর কিছুক্ষণ পরে আবার আসিয়া জিজ্ঞাসা করিল, আপনাকে কি আর এক পেয়লা চা দোব?

—চা! তা বেশ।

—আনব?

—হ্যাঁ।

মেয়েটি এবার চলিয়া যাইতেই ক্ষেত্রবাবু ভাবিলেন, লজ্জা কিসের—এবার তিনি জিজ্ঞাসা করিবেনই। সেই মেয়েটি নয়, ও অল্প কেউ, পাশের কোন বাসার মেয়ে। কী জাতি, তাহারই বা ঠিক কী। তা হোক, একটু আলাপ করিতে দোষ নাই।

এবার চা আনিতেই ক্ষেত্রবাবু লাজুকতা প্রাণপণে চাপিয়া জিজ্ঞাসা করিলেন, আপনি বুঝি পাশের বাসাতেই থাকেন?

মেয়েটি যেন এতদিন ক্ষেত্রবাবুর কথা কহিবার আশায় ছিল, বহুবিলম্বিত ব্যাপারের অপ্রত্যাশিত সংঘটনে প্রথমটা নিজে যেন কিছু খতমত খাইয়া গেল। পরে বেশ সপ্রতিভ ভাবেই আঙুল তুলিয়া অনির্দেহ একটা বাসার দিকে দেখাইয়া বলিল, পাশে না, ও-ই দিকে আমাদের বাসা।

—ও!

ক্ষেত্রবাবু আর কথা খুঁজিয়া পান না। মেয়েটি যেন আশা করিয়াই দাঁড়াইয়া আছে, তিনি আবার কথা বলিবেন। ক্ষেত্রবাবু পুনরায় মরীয়া হইয়া বলিলেন, আপনার বাবা বুঝি রেলের কাজ করেন?

—পার্সেল-আপিসে কাজ করেন।

—বেশ।

মেয়েটি তখনও দাঁড়াইয়া আছে দেখিয়া ক্ষেত্রবাবু আর্কাশ-পাতাল ভাবিয়া জিজ্ঞাসা করিলেন, আপনি পড়েন বুঝি?

—এখন বাড়ীতেই পড়ি, গার্লস্ স্কুলে খার্ড ক্লাস পর্য্যন্ত পড়েছিলাম, এখন বড় হয়েছি তাই আর স্কুলে যাই নে।

মেয়েটি যে কয়টি ইংরেজী কথা বলিল, সবগুলির উচ্চারণ স্পষ্ট ও জড়তাশূন্য, অশিক্ষিত উচ্চারণ নয়। ইংরেজী-জানা মেয়ে ক্ষেত্রবাবু এ পর্য্যন্ত দেখেন নাই, মেয়েটির প্রতি সপ্রশংস দৃষ্টিতে চাহিয়া বলিলেন, এখানে বুঝি গার্লস্ স্কুল আছে?

—বেশ বড় স্কুল তো, আড়াইশো মেয়ে পড়ে।

—হেডমিস্ট্রেস্ কে ?

—আমাদের সময়ে ছিলেন মিস্ স্বকুমারী দত্ত বি-এ, বি-টি। এখন কে এসেছেন জানি নে।

বা রে, মেয়েটি ‘বি-টি’র খবর পর্যন্ত রাখে। স্কুলমাস্টার ক্ষেত্রবাবু প্রশংসায় বিগলিত হইয়া উঠিলেন মনে মনে। যেন কোনও অদৃষ্টপূর্ব্ব কিছু দেখিতেছেন। বেশ মেয়েটি তো ?

—আপনাদের স্কুলে পুরুষমাত্ৰ টীচার নেই বুঝি ?

—নীচের দিকে একজন আছেন ভুবনবাবু বলে, বুড়োমাত্ৰ। আমরা দাঁড় বলে ডাকতাম।

—পড়ানো বেশ ভাল হত স্কুলে ? অঙ্ক কষাতেন কে ?—ক্ষেত্রবাবু এবার কথা কহিবার বিষয় খুঁজিয়া পাইয়াছেন।

—নীহার-দি—মিস্ নীহার তালুকদার, ঠাণ্ডা ব্রাহ্ম।

বাঃ, মেয়েটি ব্রাহ্মদের খবরও রাখে ! এত বাহিরের খবর-জানা মেয়ে সাধারণ গৃহস্থঘরে বড় একটা দেখা যায় না, অন্তত ক্ষেত্রবাবু তো দেখেন নাই। ইচ্ছা হইল, খানিকক্ষণ মেয়েটির সঙ্গে গল্প করেন ; কিন্তু সাহসে কুলাইল না। কে কী মনে করিতে পারে !

পরদিন বৈকালে ক্ষেত্রবাবুর বউদিদি বলিলেন, শশীবাবুদের বাসায় তোমার আর ঠাণ্ডা নেমস্তম্ভ।

ক্ষেত্রবাবু জিজ্ঞাসা করিলেন, শশীবাবু কে ? সেই ঠাণ্ডা ?

বউদিদি হাসিমুখে বলিলেন, হ্যাঁ গো, সেই তারাই তো।

—সেখানে কি যাওয়া উচিত হবে ?

—কেন ?

—একটা আশা দেওয়া হবে, কিন্তু—

—কিন্তু কী ? তুমি বিয়ে করবে কি না, এই তো ?

—হ্যাঁ—তা—সেই রকমই ভাবছিলাম—

—কেন, মেয়ে পছন্দ হয় নি ?

ক্ষেত্রবাবু আকাশ হইতে পড়িলেন। তিনি তখনই ব্যাপারটা আগাগোড়া বুঝিয়া ফেলিলেন। বউদিদির ষড়যন্ত্র। তাহা হইলে শশীবাবুদের বাসায় সেই মেয়েটি ! হাসিয়া বলিলেন, সব আপনার কারসাজি। • তখন তো ভাবি নি যে, ওই মেয়ে ! ও !

—মেয়ে খারাপ ?

ক্ষেত্রবাবু দেখিলেন, হঠাৎ নিজেকে অত্যন্ত খেলো করিয়া লাভ নাই, ওজনে ভারী থাকা মন্দ নয়। বলিলেন, মেয়ে ? হ্যাঁ—না, তা খারাপ নয়। তবে ‘আহা মরি’ও কিছু নয়।

—মনের কথা বলছ ঠাকুরপো ? সত্যি বল, তোমার পছন্দ হয় নি ? অনিলার কিন্তু তোমাকে পছন্দ হয়েছে।

ক্ষেত্রবাবুর সতর্কতার বাধ হঠাৎ ভাঙিয়া গেল। তিনি তাড়াতাড়ি আগ্রহপূর্ণ কণ্ঠে

জিজ্ঞাসা করিলেন, কী, কী, কী রকম ?

ক্ষেত্রবাবুর বউদিদি খিল্ খিল্ করিয়া হাসিয়া উঠিয়া বলিলেন, তবে নাকি ঠাকুরপোর মন নেই ? আমাদের কাছে চালাকি ? সত্যি তা হলে ভাল লেগেছে ? তবে আমিও বলছি শোন, অনিলা তোমাকে দেখতেই এসেছিল আসলে। অবিশ্রি ছুতো করে এসেছিল। আমি যেন কিছু বুঝি নি, এই ভাবে বললাম, কলকাতা থেকে আমাদের একজন আত্মীয় এসেছে, বাইরে বসে আছে, চা-টা দিয়ে এস—ভাতটা দিয়ে এস। একা পারছিনে। তাই ও গিয়েছিল। বার বার পাঠালে ভাল হয়, এমনি মনে হল। আজকালকার সব বড়সড় মেয়ে। ওদের ধরনই আলাদা। যেয়ো কিন্তু।

রাত্রে সেই মেয়েটিই ক্ষেত্রবাবুদের পরিবেষণ করিল। কিন্তু করিলে কী হইবে, দাদা পাশেই বসিয়া। ক্ষেত্রবাবু লজ্জায় মুখ তুলিয়া চাহিতেও পারিলেন না। খাওয়াদাওয়া মিটিয়া গেল। ছোট রেলওয়ে-কোয়ার্টারের বাহিরের ঘরে ক্ষুদ্র তক্তোপোশে শতরঞ্জির উপর ক্ষেত্রবাবু আসিয়া বসিলেন। বাড়ির কর্তা হঠাৎ ক্ষেত্রবাবুর দাদাকে কোথায় ডাকিয়া লইয়া গেলেন। অল্প পরেই সেই মেয়েটি একটা চায়ের পিরিচে চারটি পান আনিয়া তক্তোপোশের এক কোণে রাখিল। ক্ষেত্রবাবু একটা বিষয়ের ভান করিয়া বলিলেন, ও, এটা আপনাদের বাসা ? আমি প্রথমটা বুঝতে পারি নি—

মেয়েটি চূপ করিয়া রহিল। কিন্তু চলিয়া গেল না।

ক্ষেত্রবাবু আর কথা বুজিয়া পান না। মেয়েটি যখন সামনেই দাঁড়াইয়া, তখন বেশীকণ চূপ করিয়া থাকিলে বড় খারাপ দেখায়। চট করিয়া মাথায় কিছু আসেও না ছাই। তখন যে কথাটা আজ দুই দিন হইতে মনে হইতেছে প্রায় সব সময়েই, সেটাই বলিলেন, রেলের বাসাগুলো বড় ছোট, না ?

—হ্যাঁ।

—এতে আপনাদের অসুবিধে হয় না ?

—আমাদের অভ্যাস হয়ে গিয়েছে। এই তো রেলে রেলের বেড়াচ্ছি কতদিন থেকে—ও সয়ে গিয়েছে ! জ্ঞান হয়ে পর্য্যন্ত এই রকমই দেখছি।

—এর আগে কোথায় ছিলেন আপনারা ?

—আসানসোলে। তার আগে পাকুড়। তার আগে ছিলাম সক্রিগলি জংশন। তখন আমার বয়স সাত বছর, কিন্তু সধ মনে আছে আমার।—

মেয়েটি বেশ সহজ সুরেই কথা বলিতে লাগিল, যেন ক্ষেত্রবাবুর সঙ্গে তার অনেক দিনের পরিচয়।

—আচ্ছা আপনাদের দেশ কোথায় ?

•—হুগলী জেলায় আরামবাগ সাব-ডিভিশনে। কিন্তু সে বাড়ীতে আমরা ঘাই নি কোনদিন। রেলের চাকরিতে ছুটি পান না বাবা। আমার ভাইয়ের পৈতের সমস্ত বাবা বলেছেন যাবেন

মেয়েটি তাঁহাকে কোন প্রশ্ন করে না, নিজে হইতেও কোনও কথা বলে না ; কিন্তু তাঁহার প্রশ্নের উত্তর দিবার জন্য যেন উন্মূখী হইয়া থাকে। এ এমন এক অবস্থা, ক্ষেত্রবাবুর পক্ষে যাহা সম্পূর্ণ নূতন। নিভাননীর সঙ্গে বিবাহ হইয়াছিল, তখন তাঁহার বয়স উনিশ, নিভাননীর দশ। তখন নারীর মনের আগ্রহ বৃদ্ধিবার বয়স হয় নাই তাঁহার।

এতকাল পরে—এসব নূতন ব্যাপার জীবনের।

—আচ্ছা, আপনারা অনেক দেশ ঘুরেছেন, পাহাড় দেখেছেন ?

—তিনপাহাড়ী বলে একটা স্টেশন আছে লুপ লাইনে। সেখানে বাবা কিছুদিন রিলিভিং-এ ছিলেন, সেখানে পাহাড় দেখেছি।

—আপনি তো দেখেছেন, আমি এখনও দেখি নি।

মেয়েটি বিশ্বয়ের স্বরে বলিল, আপনি পাহাড় দেখেন নি ?

ক্ষেত্রবাবু হাসিয়া বলিলেন, নাঃ, কোথাও দেখব ? বরাবর কলকাতাতেই আছি। স্কুলের ছুটি থাকলেও টুইশানির ছুটি নেই। যাতায়াত বড় একটা হয় না। আপনারা বড় মজা, পাসে যাতায়াত করতে পারেন।

মেয়েটি বিশ্বয়ের স্বরে বলিল, ওঃ ওঃ ! খু-উ-ব।

—গিয়েছেন কোথাও ?

—হুম্‌কায় আমার এক পিসেমশায় চাকরি করেন, হুম্‌কা রাজস্টেটে। সেখানে মার সঙ্গে গিয়ে মাসখানেক ছিলাম একবার। আর একবার পুন্নী যাওয়ার সব ঠিকঠাক, আমার ছোট ভাইয়ের অসুখ হল বলে বাবা পাস ফেরত দিলেন। সামনের বছর যাবেন বলেছেন। ও, আপনাকে আর ছোটো পান দি—

—না না, আমি বেশী পান খাই নে। বরং খাবার জল এক গ্লাস যদি—

—আনি—বলিয়াই মেয়েটি বাড়ীর মধ্যে চলিয়া গেল এবং হুর্ভাগ্যের বিষয় (অথও সুখ জীবনে পাওয়া যায় না), তখনই বাহির হইতে শশীবাবুর সহিত ক্ষেত্রবাবুর দাদা গোবর্দ্ধনবাবু ঘরে ঢুকিয়া বলিলেন, ক্ষেত্র, তা হলে চল যাই।

একটু পরে জলের গ্লাস হাতে মেয়েটি ঘরের মধ্যে ঢুকিয়া নিঃশব্দে গ্লাসটি তক্তাপোশের কোণে রাখিয়া কিঞ্চিৎ দ্রুতপদেই চলিয়া গেল। ক্ষেত্রবাবু ও তাঁহার দাদাও বিদায় লইয়া আসিলেন।

সেই দিনই রাত্রে ক্ষেত্রবাবু কউদ্দির কাছে প্রকারান্তরে বিবাহের মত প্রকাশ করিলেন। পরবর্তী তিন-চারি দিনের মধ্যে সব ঠিকঠাক হইয়া গেল, সামনের অগ্রহায়ণ মাসের দোসরা ভাল দিন আছে। বরপণ একশো এক টাকা নগদ ও দশ ভরি সোনার গহনা। ঠিকুড়ী কোম্পানী মিলিলে কথাবার্তা পাকা হইবে।

ক্ষেত্রবাবু দাদাকে বলিলেন, দাদা, তা হলে কাল যাব।

—এখনই কেন ? আর দু-চার দিন থাক না ?

—না দাদা, খোঁকাখুকী রয়েছে পড়ে সেখানে ! যাই একবার।

ষাইবার পূর্বদিন পুনরায় শশীবাবুর বাড়ী তাহার নিমন্ত্রণ হইল। এ দিন কিন্তু কেজবাবুর উৎসব দৃষ্টি চারিদিক খুঁজিয়াও মেয়েটির টিকি দেখিতে পাইল না।

বার্ষিক পরীক্ষা চলিতেছে। হেডমাষ্টারের তাড়নায় মাষ্টারেরা অতিষ্ঠ। বড় হলে যত্নবাবু ও শরৎবাবু পাহারা দিতেছেন, হঠাৎ মিঃ আলম তদারক করিতে আসিয়া ধরিয়া ফেলিলেন, দুইজন ছাত্র টোকাটুকি করিতেছে।

মিঃ আলম বলিলেন, আপনারা কী দেখছেন যত্নবাবু! কত ছেলে টুকছে—

যত্নবাবু দেখিতেছিলেন না সত্যি—এ স্কুলে উনিশ বৎসর হইয়া গেল তাঁহার। সাহেব আসিবার অনেক আগে হইতে এখানে চুকিয়াছেন। নতুন মাষ্টার যাহারা, খুব উৎসাহের সঙ্গে এদিক ওদিক ঘোরাঘুরি করে, তাঁহার সে বয়স পার হইয়া গিয়াছে। তিনি চেয়ারে বসিয়া টুলিতেছিলেন।

সাহেবের টেবিলের সামনে দাঁড়াইতে হইল দুইজনকেই। সাহেব ক্র কৃষ্ণিত করিয়া দুইজনের দিকে চাহিলেন।

—কী যত্নবাবু, আপনার হলে এই দুজন ছাত্র টুকছিল—আপনি দেখেন না, আপনাদের কৈফিয়ত কী?

—দেখছিলাম স্যার।

—দেখলে এ রকম হল কেন?

—ছেলেরা বড় দুই স্যার—কী ভাবে যে টোকে—

—চেয়ারে বসে পাহারা দেওয়ায় কাজ হয় না। বিশেষ করে যত্নবাবু, আপনার আর মনোযোগ নেই স্কুলের কাজে, অনেকদিন থেকে লক্ষ্য করছি। এ স্কুলে আপনার আর পোষাবে না।

যত্নবাবু চুপ করিয়া রহিলেন।

—আর শরৎবাবু, আপনি নতুন এসেছেন, আজ ছ বছর। কিন্তু এখন এমনি গাফিলতি কাজের, এর পরে কী করবেন? আপনাদের দ্বারা স্কুলের কাজ আর চলবে না। এখন যান আপনারা, ছুটির পরে একবার আমার সঙ্গে দেখা করবেন।

যত্নবাবু রাগ করিয়া হলে চুকিয়া প্রত্যেক ছাত্রের পকেট খানাতল্লাশ করিলেন, ফলে প্রকাশ পাইল (১) থার্ড ক্লাসের এক ছেলের পকেট হইতে একখানা ইতিহাসের বইয়ের পাতা, (২) ক্লাসের আর একটি ছেলের কৌচায় লুকানো একখানি আশু ইতিহাসের বই, (৩) নারায়ণবাবুর ছাত্র চুনির খাতার মধ্যে চার-পাঁচখানা কাগজে নানারূপ নোট লেখা, (৪) সেভেনথ ক্লাসের একটি ছেলের ডেস্ক হইতে দুইখানি বই—একখানি ইংরেজী ইতিহাসের বই (এবেলা আছে ইতিহাসের পরীক্ষা), আর একখানি হইল ভূগোল, যাহার পরীক্ষা ওবেলা আছে। বোঝা গেল, ইতিহাসের বই হইতে কিছু আগেও সে টুকিতেছিল।

সব কয়জনকে হেডমাষ্টারের কাছে হাজির করা হইল। সাহেবের হুকুমে তাহাদের

এবেলা পরীক্ষা দেওয়া রহিত হইয়া গেল। বাড়ীতে তাহাদের অভিভাবকদের কাছে পত্র গেল। নারায়ণবাবুর ছাত্র চুনি বাড়ী ঘাইতেছিল, নারায়ণবাবু ডাকিয়া পাঠাইলেন।—হ্যা চুনি, তুমি নোট লিখে এনেছিলে ?

চুনি চুপ করিয়া রহিল।

—কেন এনেছিলে ? কার কাছ থেকে লিখে এনেছিলে ? ও লিখে আনা কি তোমার উচিত হয়েছে ?

—না স্যার।

—তবে আনলে কেন ?

—আর কখনও আনব না।

—তা তো আনবে না বুঝলাম। এদিকে একটা পেপার পরীক্ষা দিতে পারলে না। পাস-নম্বর থাকবে কী করে, তাই ভাবছি।...চুনি, খিদে পেয়েছে ? কিছু খাবি ? আয় আমার ঘরে।

নিজের ছোট ঘরটাতে লইয়া গিয়া নারায়ণবাবু তাহার পিঠে হাত দিয়া কত ভাল ভাল কথা বুঝাইলেন—মিথ্যা দ্বারা কখনও মহৎ কাজ হয় না, ইত্যাদি। গীতার শ্লোক পড়িয়া শোনাইলেন। ছোলা-ভিজা ও চিনি এবং আধখানা পাউরুটি খাওয়াইলেন। চুনি ঘাইবার সময় বলিল, স্যার, একটা কথা বলব ? বাড়ী গিয়ে কোন কথা বলবেন না যেন—

—না, আমার যেচে বলবার দরকার কী ! কিন্তু হেডমাস্টারের চিঠি যাবে তোমার বাবার নামে।

চুনির মুখ শুকাইল। বলিল, কেন স্যার ?

—তাই সাহেবের নিয়ম।

—আপনি হেডস্টারকে বুঝিয়ে বলুন না। আপনি বললেই—

—যা, বাড়ী যা এখন। দেখি আমি।

চুনি চলিয়া গেলে নারায়ণবাবু ভাবিতে লাগিলেন, চুনির এ অসাধু প্রকৃতিকে কী করিয়া ভিন্ন পথে ঘুরাইবেন ! আজ যেভাবে বলিলেন, ও ঠিক পথ নয়। গীতার শ্লোক বলা উচিত হয় নাই—অতটুকু ছেলে গীতার কথা কী বুঝবে ? তাহার নোটবুকে টুকিয়া রাখিলেন—চুনি—মিথ্যা ব্যবহার, হাউ টু কারেক্ট, অল্‌কুলবাবু হইলে কী করিতেন ? নারায়ণবাবু গভীর দুশ্চিন্তায় মগ্ন হইলেন।

চায়ের দোকানে বসিয়া সে দিন যত্নবাবু আফালন করিতেছিলেন : এক পয়সার মুরোদ নেই স্কুলের—আবার লম্বা লম্বা কথা ! ডিউটি, টুথ ! •আরে মশাই, পূজার ছুটির মাইনে দু টাকা এক টাকা করে সে দিন শোধ হল। গরীব মাস্টারেরা কী খায় বল তো ?

ক্ষেত্রবাবু হাসিয়া বলিলেন, না পোষায়, চলে যেতে পারেন দাদা। সাহেবের গেট ইজ ওপেন—

রামেশ্ববাবু আর নতুন টাচার নন—দু-তিন বছর হইয়া গেল এ স্কুলে, তিনি সব দিন এ মজলিসে থাকেন না, আজ ছিলেন। বলিলেন, জাহ্নয়ারি মাস থেকে মাইনে কাটা হ'বে,

জানেন না বোধ হয় ?

সকলেই চমকিয়া উঠিলেন। যদুবাবু ও জগদীশ জ্যোতির্বিদ্যে একসঙ্গে বলিয়া উঠিলেন, কে বললে ? আঁা, আবার মাইনে কাটা !

—জানুয়ারি মাসে ছাত্র ভর্তি না হলে মাইনে কাটা হবেই।

—এই সামান্য মাইনে, এও কাটা হবে ! আপনি একটু বলুন হেডমাস্টারকে—

—বলেছিলাম। কিন্তু বাজেট যা, তাতে মাইনে না কাটলে মাস্টারদের মধ্যে দু-একজনকে জবাব দিতে হবে কাজ থেকে। তার চেয়ে সকলকে রেখে মাইনে কাটা ভাল।

জ্যোতির্বিদ্যে বলিলেন, সে যাকগে, যা হয় হবে। এখন সাহেবের কাছে একটা দরখাস্ত দেওয়া যাক আসুন, যাতে মাসের মাইনেটা ঠিক সময় পাই। আড়াই মাস খেটে এক মাসের মাইনে নিয়ে এভাবে তো আর পারা যাচ্ছে না।

রামেন্দুবাবু বলিলেন, ও করতে যাবেন না। তাতে ফল হবে না। আমি কি ও নিয়ে বলি নি ভাবচেন ?

যদুবাবু বলিলেন, না, আপনি যা বলেন, তার ওপর আমাদের কথা কওয়ার দরকার কী ! যা ভাল হয় করবেন।

চায়ের দোকান হইতে বাহির হইয়া কে একজন বলিলেন, আজ যে নারায়ণদাকে দেখছি নে ?

জ্যোতির্বিদ্যে বলিলেন, যখন আসি, ঘরে উঁকি মেরে দেখি, তিনি লিখছেন বসে বসে একমনে। আমি আর ডাকলাম না।

রামেন্দুবাবু বলিলেন, ওই একজন বড় খাঁটি সিনদিয়ার লোক, সেকালের গুরু মত। ও টাইপ আজকাল বড় একটা দেখা যায় না এব্যবসাদারির যুগে। আচ্ছা, আমি এখন চলি—বসুন।

বসিবার সময় নাই কাহারও। সকলকেই এখনই টুইশানিতে যাইতে হইবে।

যদুবাবু চায়ের দোকান হইতে পাশেই শ্রীনাথ পালিতের লেনে বাসায় গেলেন। পনেরো টাকা ভাড়ায় দুইখানি ঘর একতলায়, ছোট রান্নাঘর। এক দিকে সিঁড়ির নিচে কয়লা রাখিবার জায়গা। অঙ্কার কলঘরে একজন লোক দিনমানের চুকিলেও বাহির হইতে হঠাৎ দেখিবার জো নাই। তারের আলনায় কাপড় শুকাইতেছে। বাড়ীওয়ালী শুচিবেয়ে বৃড়ী গামছা পরিয়া ঝাঁটা হাতে উঠানে জল দিয়া ঝাঁট দিতেছে ও ধুইতেছে।

অনিলা বাহিরে আসিয়া হাসিমুখে বলিল, দেরি হল যে ?

—কোথায় দেরি ? কান্ন কই ?

—সে বল খেলা দেখতে গিয়েছে, ইন্টার-স্কুল ম্যাচ আছে কোথায়। চা খাবে ?

—না, এই খেয়ে এলাম দোকান থেকে।

অনিলা হাত-পা ধুইবার জল আনিয়া একটা ছোট টুল পাতিয়া দিল, একখানা গামছা টুলের উপর রাখিল। তারপর একটা বাটিতে মুড়ি মাখিয়া এক পাশে একটু গুড় দিয়া

স্বামীকে খাইতে দিল। ক্ষেত্রবাবু হাত মুখ ধুইয়া জলযোগ সমাপনান্তে টুইশার্মিতে বাইবার জন্ত প্রস্তুত হইলেন।

অনিলা বলিল, একটু জিরোবে না ?

—না, দেরি হয়ে যাবে।

—অমনি বাজার থেকে ছোট খুকীর জন্তে একটা বালি কিনে এনো, আর জিরে মরিচ।

—আর কী কী নেই দেখ।

—আর সব আছে, আনতে হবে না।

বড় খুকী এই সময়ে বলিল, বাবা, আমার জন্তে একটা পেন্সিল কিনে এনো—আমার পেন্সিল নেই।

অনিলা বলিল, পেন্সিল আমার কাছে আছে, দেব এখন। মনে করে দিস কাল সকালে।

ক্ষেত্রবাবু মাসখানেক হইল, নতুন বাসায় উঠিয়া আসিয়া নতুন সংসার পাতিয়াছেন। মন্দ লাগিতেছে না। নিভাননীর মৃত্যুর পরে দিনকতক বড় কষ্ট গিয়াছিল, এখন আবার একটু সেবাযত্নের মুখ দেখিতেছেন। চিরকাল স্ত্রী লইয়া সংসার-ধম্ম করায় অভ্যস্ত, স্ত্রী-বিয়োগের পর সব যেন কাঁকা-কাঁকা ঠেকিত। অসুবিধাও ছিল বিস্তর, আট বছরের খুকীকে গৃহিণী সাজিতে হইয়াছিল, কিন্তু খুকী যতই প্রাণপণে চেষ্টা করুক, অনভিজ্ঞা শিশু মেয়ে কি তাহার মায়ের স্থান পূর্ণ করিতে পারে ?

আবার সংসারে আয়না-চিকনির দরকার হইতেছে, সিঁদুরের ব্যবস্থা করিতে হইতেছে, স্নো পাউডার কিনিবার প্রয়োজন তো আসিয়া পড়িল। চিরকাল যে গরুর কাঁধে জোয়াল, ছাড়া পাইলে অনভ্যস্ত মুক্তির অভিজ্ঞতা তাহাকে ব্যাকুল করিয়া তোলে। মনে হয়, সংসার হইল না, কাহার জন্ত খাটিয়া মরিব, কে আমার অসুখ হইলে মুখে একটু জল দিবে—ইত্যাদি। যে বলিষ্ঠ ও শক্তিমান মন মুক্তির পরিপূর্ণতাকে ভোগ করিতে পারে, নির্জনতার ও উদাস মনোভাবের মধ্য দিয়া জীবনে নব নব দর্শন ও অসুভূতিরাজির সম্মুখীন হয়—নিরীহ স্কলমাষ্টার ক্ষেত্রবাবুর মন সে ধরনের নয়। কিন্তু না হইলে কী হয় ? যেভাবে যে জীবনকে ভোগ করিতে পারে, সেই ভাবেই জীবন তাহার নিকট ধরা দেয়—ইহাতেই তাহার সার্থকতা। বাধা-ধরা নিয়ম কী-ই বা আছে জীবনকে ভোগ করিবার ?

ক্ষেত্রবাবু ছাত্রদের একতলা কুঠুরির অন্ধকূপে গিয়া ভীষণ গরমের মধ্যে পাখার তলায় অবসন্ন দেহ একথানা ইংরেজী ডিক্শনারির উপর এলাইয়া দিয়া পড়ানো শুরু করিলেন। আগে বেশ সময় কাটিত এখানে। এখন মনে হয়, অনিলার সঙ্গে গিয়া কতকূপে দুইদণ্ড কথা বলিবেন ! ছাত্রও ছাড়ে না, এটা বুঝাইয়া দিন, ওটা বুঝাইয়া দিন, করিতে করিতে রাত সাড়ে নয়টা বাজাইয়া দিল। তারপর আসিল ছাত্রের কাকা। সে এক-এ ফেল, কিন্তু তাহার বিশ্বাস ইংরেজীতে তাহার মত পাণ্ডত আর নাই, ভুল ইংরেজীতে সে ক্ষেত্রবাবুর সঙ্গে আলোচনা করিতে লাগিল, কী ভাবে ছেলেদের ইংরেজী শিখাইতে হয়। আজকালকার

প্রাইভেট মাস্টারেরা কাঁকিবাজ, পড়াইতে জানে না, কেবল মাহিনা বাড়াও—এই শব্দ মুখে। তারপর সে আবার দেখিতে চাহিল, আজ ক্ষেত্রবাবু ছেলেদের কী পড়াইয়াছেন, কালকার পড়া বলিয়া দিয়াছেন কি না, টাস্ক দিয়াছেন কি না!

লোকটার হাত এড়াইয়া রাত দশটার সময় ক্ষেত্রবাবু বাসার দিকে আসিতেছেন, এমন সময়ে পথে রাখাল মিত্তিরের সঙ্গে দেখা। ক্ষেত্রবাবু পাশ কাটাঁইবার চেষ্টা করিয়াও পারিলেন না, রাখাল মিত্তির ডাকিয়া বলিল, এই যে! ক্ষেত্রবাবু যে! শুন্ন, শুন্ন—

—রাখালবাবু যে। ভাল আছেন?

—কই আর ভাল, খেতেই পাই নে, তার ভাল! আপনারা তো কিছু করবেন না।— বলিতে বলিতে রাখালবাবু ক্ষেত্রবাবুর দিকের ফুটপাথে আসিয়া উঠিলেন। বলিলেন, আহ্নন না, কাছেই আমার বাসা। একটু চা খেয়ে যান। সে দিন আপনাদের স্কুলে গিয়েছিলাম আমার বই দুখানা নিয়ে। সাহেব তো কিছু বোঝে না বাংলা বইয়ের, আপনারা একটু না বললে আমার বই ধরানো হবে না।

ক্ষেত্রবাবু বলিলেন, এত রাত্তিরে আর যাব না রাখালবাবু, এখন চা খায় কেউ? আমি যাই—

—তবে আহ্নন, এই মোড়েই চায়ের দোকান, খাওয়া যাক একটু!

অগত্যা ক্ষেত্রবাবুকে যাইতে হইল। রাখালবাবু নাছোড়-বান্দা লোক, অনেক দিনের অভিজ্ঞতায় ক্ষেত্রবাবু জানেন, ইহার হাতে পড়িলে মিস্তার নাই। চা খাইতে খাইতে রাখালবাবু বলিলেন, এবার মশাই, ধরিয়ে দিতে হবে আমার বই দুখানা। আপনাদের মিঃ আলম ভারী বদ লোক, আমায় বলে কি না—ও সব চলবে না, আজকাল অনেক ভাল বই বেরিয়েচে। আমি বলি, তোমার বাবা আমার বই পড়ে মানুষ হয়েচে, তুমি আজ এসে রাখাল মিত্তিরের বইয়ের খুঁত ধরতে?

রাখাল মিত্তিরকে ক্ষেত্রবাবু বহুদিন জানেন। বয়স পঁয়ষট্টি, জীর্ণ অতিমলিন লংকথের পিরান গায়ে, তাতে ঘাড়ের কাছে ছেঁড়া, পায়ে সতের-তালি জুতা। রাখালবাবু কলিকাতার স্কুলসমূহে অতি পরিচিত, পনেরো বছর হইল স্কুল-মাস্টারি হইতে অবসর গ্রহণ করিয়া কয়েকখানি স্কুলপাঠ্য বই স্কুলে স্কুলে শিক্ষকদের ধরিয়া চালাইয়া দেন। তাতেই কায়ক্লেশে সংসার চলে।

ক্ষেত্রবাবুর কুঃখ হয় রাখালবাবুকে দেখিয়া। এই বয়সে লোকটা রোজ নাই, কৃষ্টি নাই, টো-টো করিয়া স্কুলে স্কুলে সিঁড়ি ভাঙিয়া উঠানামা করিয়া বই চালানোর তদ্বির করিয়া বেড়ায়। কিন্তু বিশেষ কিছু হয় না। লোকটার পরন-পরিচ্ছদেই তাহা প্রকাশ।

বুদ্ধকে সাহুনা দিবার জ্ঞান ক্ষেত্রবাবু বলিলেন, না না আপনার বই খারাপ কে বলে! চমৎকার বই!

রাখাল মিত্তির খুশী হইয়া বলিল, তাই বলুন দিকি! সকলে কি বোঝে? আপনি একজন সমজ্জদার লোক, আপনি বোঝেন! আরে, এ কালে ব্যাকরণ জানে কে? আমি

ছাত্রবৃত্তি পরীক্ষাতে ব্যাকরণে ফার্স্ট হই, আবার মেডেল আছে, দেখাব।

—বলেন কী !

—সত্যি। আপনি আমার বাসায় কবে আসচেন বলুন, দেখাব।

—না, দেখাতে হবে কেন ! আপনি কি আর মিথো বলছেন !

—সে দিন অমনি এক স্কুলের হেডমাস্টার বললে—মশাই, আপনার বই পুরনো মেথডে লেখা। ও এখন আর চলে না। এখন নতুন অথর বেরিয়েচে, তাদের বইয়ের ছাপা, ছবি, কাগজ অনেক ভাল। আপনার বই আজকাল ছেলেরাই পছন্দ করে না। শুনলেন ? আরে, রাখাল মিত্তিরের বই পড়ে কত অথর সৃষ্টি হয়েছে। অথর ! আমাকে এসেছেন মেথড শেখাতে। পরসূ হাতে পাই তো ভাল ছাপা ছবি আমিও করতে পারি। কিন্তু কী করব, খেতেই পাই নে, চলেই না। বুড়ো বয়সে লোকের দোরে দোরে ঘুরে বই কথানা ধরাই, তাতেই কোন রকমে—ছেলেটা আজ যদি মরে না যেত, তবে এত ইয়ে হত না। ধরুন, পচিশ বছরের জোয়ান ছেলে, আজ বাঁচলে চৌত্রিশ বছর বয়স হত। আমার ভাবনা কী ?

—আচ্ছা, আমি দেখব চেষ্টা করে। এখন উঠি রাখালবাবু, রাত অনেক হল।

- এই গল্পন, নব ব্যাকরণ-সুধা প্রথম ভাগ—ফোর্থ ক্লাসের জন্তে। নব ব্যাকরণ-সুধা দ্বিতীয় ভাগ থার্ড ক্লাসের উপযুক্ত, আর এবার নতুন একখানা বাংলা রচনা লিখেছি, রচনাদর্শ প্রথম ও দ্বিতীয় ভাগ। খুব ভাল বই, পড়ে দেখবেন। সব রকমের রচনা আছে তাতে। কী ভাষা ! ব্যাটারী সব বই লিখেছে, রচনা হয় কারও ? কোনও ব্যাটা বাংলা সেটেঙ্গ শুরুর করে লিখতে জানে ? নিয়ে আসুন বই, আমি পাতায় পাতায় জুল বের করে দেব— একবার ছাত্রবৃত্তি পরীক্ষায় ‘ক্ল’ প্রত্যয়ের—চললেন যে, ও ক্ষেত্রবাবু, আচ্ছা। তাহলে শনিবারে বই নিয়ে যাব, গল্পন—মনে থাকবে তো ? দেবেন একটু বলে হেডমাস্টারকে। আর গল্পন, বাংলা রচনাও একখানা নিয়ে যাব—যাতে হয়, একটু দেবেন বলে—নমস্কার—

ক্ষেত্রবাবু শেষের কথাগুলি ভাল শুনতে পাইলেন না, শুধু তিনি একটু দূরে গিয়া পড়িয়াছেন।

বাসায় অনিলা তাঁহার ভাত ঢাকা দিয়া ঘুমাইয়া পড়িয়াছে। ক্ষেত্রবাবু ভাবেন, ছেলে-মামুষ - এত রাত পৰ্বন্ত জাগিয়া থাকার অভ্যাস নাই, সারাদিন খাটিয়া বেড়ায়। স্ত্রীকে ডাক দেন। অনিলা ধড়মড় করিয়া উঠিয়া বসে, স্বামীকে দেখিয়া অপ্রতিভ হয় ! বলে, এত রাত আজ ?

—ঘুমচ্ছিলে বুঝি ?

অনিলা হাসিয়া বলিল, হ্যাঁ, খোঁকাখুকীদের খাইয়ে। দলাম, তারপর একখানা বই পড়তে পড়তে কখন ঘুম এসে গিয়েছে —

ক্ষেত্রবাবু আহা হারাদি করিলেন। অনিলা বলিল, হ্যাঁ গা, রাগ কর নি তো, ঘুমচ্ছিলাম বলে ?

—বাঃ, বেশ ! রাগ করব কেন ?

—আমার বাঁজি আর জিরে-মরিচ এনেছ ?

—ওই ঘাঃ ! একদম ভুলে গিয়েচি । ভুলব না ? যদি বা ছাত্রের কাকার হাত এড়িয়ে বেরুলাম, তো পড়ে গেলাম রাখাল মিস্তিরের হাতে । সব স্কুলের সব মাস্টার ওকে এড়িয়ে চলে । একবার পাকড়ালে আর নিস্তার নেই ।

—সে কে ?

—অথর ।

—কী কী বই আছে ? কই, নাম শুনি নি তো ?

—শুনবে কি—বন্ধিমবাবু, না রবি ঠাকুর, না শরৎ চাটুজ্জ ? স্কুলের—স্কুলের বই লেখে, নব কবিতাপাঠ, বাল্যবোধ—এই সব । বড্ড গরীব, হাতে পায়ে ধরে বই চালায় । ছিনে জোঁক ।

—একদিন এনো না বাসায়, দেখব । আমি অথর কখনও দেখি নি—একদিন চা খাওয়াব ।

—রক্ষ কর । তুমি চেন না রাখাল মিস্তিরকে । বাসায় আনলে আর দেখতে হবে না । সে কথাই তুলো না ।

—বড়লোক ?

—খেতে পায় না । বই চলে না । সেকেলে ধরনের বই, একালে অচল । ওই যে বললাম, নাছোড়বান্দা হয়ে ধরে-পেড়ে চলায় ।

অনিলার লেখাপড়ার উপর খুব অল্পভাগ দেখিয়া ক্ষেত্রবাবুর আনন্দ হয় । নিভাননী লেখাপড়া জানিতসামান্যই ; অনিলা মন্দ লেখাপড়া জানে না, ইংরেজীও জানে । বই পড়িতে ভালবাসে বলিয়া শাঁখারিটোলার লাইব্রেরী হইতে ক্ষেত্রবাবু গত মাস হইতে বই আনিয়া দেন, দুইখানা বই একদিনেই কাবার । সম্প্রতি স্কুলের লাইব্রেরী হইতে ছোট ছোট ইংরেজী বই আনেন—অনিলার সেগুলি পড়িতে একটু সময় লাগে ।

অনিলা সব সময় সব কথার মানে বুঝিতে পারে না । বলে, হ্যাঁ গা, হপ মানে কী ? বইয়েতে আছে এক জায়গায়—

—লাফিয়ে লাফিয়ে চলা ।

—উহ, লাফানো নয়, কোন গাছপালা হবে । লাফানো হলে সে জায়গায় মানে হয় না ।

—ওহো, ও একরকমের লতা, চাষ হয় ইংলণ্ডে, বিশেষ করে স্কটল্যান্ডে । মদ চোলাই হয় ঐ লতা থেকে, ছইকি বিশেষ করে—

ছোট খুঁকী ঘূমের ঘোরে ভয় পাইয়া কাঁদিয়া উঠিতে অনিলা ছুটিয়া গেল ।

বেলা চারিটা বাজে । হেডমাস্টারের সারকুলার বাহির হইল, ছুটির পরে জরুরী মীটিং, কোন মাস্টার যেন চলিয়া না যায় । মাস্টারদের মুখ শুকাইল । দুইদিন আগে সাহেব ক্লাসে গুরিয়া পড়ানোর তদারক করিয়া গিয়াছেন, আজ সেই সব ব্যাপারের আলোচনা

হইবে, কাহার না জানি কী খুঁত বাহির হইয়া পড়িল।

যদুবাবু কাঁকিবাজ মাস্টার, তাঁহার খুঁত বাহির হইবেই তিনি জানেন। অনেক দিন অনেক তিরস্কার খাইয়াছেন, বড় একটা গ্রাহ করেন না।

মীটিংয়ে হেডমাস্টার বলিলেন, সে দিন আপনাদের ক্লাসে পড়ানো দেখে খুব আনন্দিত হওয়ার আশা করেছিলাম; দুঃখের বিষয়, সে আনন্দলাভ ঘটে নি। টীচারদের কর্তব্য সম্বন্ধে আপনাদের অনেকবার বলেছি, কিন্তু তবুও এমন কতকগুলি টীচার আছেন, যাদের বার বার সে কর্তব্য শ্রবণ করিয়ে দিতে হয়, এটা বড় দুঃখের কথা। রামবাবু ?

একটি ছিপছিপে ছোকরা গোছের মাস্টার দাঁড়াইয়া উঠিয়া বলিলেন, স্যার ?

—আপনি কিঞ্চিৎ ক্লাসে জিওগ্রাফি পড়াচ্ছিলেন, কিন্তু ম্যাপ নিয়ে যান নি কেন ? রামবাবু নিরুত্তর।

—কতবার না বলেছি, ম্যাপ না দেখালে জিওগ্রাফি পড়ানো—

এইবার রামবাবু সাহস সঞ্চয় করিয়া বলিলেন, স্যার, দেশের কথা পড়ানো হচ্ছিল না, বাংলা দেশের উৎপন্ন দ্রব্য পড়াচ্ছিলাম, তাই—

—ও ! উৎপন্ন দ্রব্য পড়ালে ম্যাপ নিয়ে যেতে হবে না ? কেন, বাংলা দেশের ম্যাপ নেই ?—আর ক্ষেত্রবাবু ?

ক্ষেত্রবাবু উঠিয়া দাঁড়াইলেন।

—আপনি রচনা শেখাচ্ছিলেন খার্ড ক্লাসে। কিন্তু শুধু সামনের বেঞ্চিতে যারা বসে আছে, তাদের দিকে চেয়ে কথা বলছিলেন, পেছনের বেঞ্চিতে ছাত্ররা তখন গল্প করছিল। ক্লাসস্থল ছেলের মনোযোগ আকর্ষণ করতে না পারলে আপনার পড়ানো বুঝা হয়ে গেল, বুঝতে পারলেন না ? তা ছাড়া ব্র্যাকবোর্ড আদৌ ব্যবহার করেন নি সে বস্টায়। পাণ্ডিত ?

পণ্ডিত বলিতে কোন পণ্ডিত, বুঝিতে না পারিয়া দুই পণ্ডিতই উঠিয়া দাঁড়াইলেন।

সাহেব জ্যোতির্বিদ্যার দিকে আঙুল দিয়া বলিলেন, আপনি বাংলা পড়াচ্ছিলেন ফোর্থ ক্লাসে। আপনি কি ভাবেন, খুব চেষ্টা করে পড়ালেই ভাল পড়ানো হল ! আপনি নিজের প্রশ্নের নিজেই উত্তর দিচ্ছিলেন, নামতা পড়ানোর স্থরে চিৎকার করে পড়াচ্ছিলেন, ফলে, ইউ ফেল্ড টু ক্যারি দি ক্লাস উইথ ইউ।

পরে হেডপণ্ডিতের দিকে বক্রদৃষ্টিতে চাহিয়া রহস্তের স্বরে বলিলেন, তা বলে ভাববেন না, আপনার পড়ানো নিখুঁত। আপনি এক জায়গায় বসে পড়ান, সামনের বেঞ্চিতে দৃষ্টি রাখেন এবং মাঝে মাঝে অবাস্তর গল্প করেন। যদুবাবু ?

যদুবাবু উঠিয়া দাঁড়াইলেন।

—আপনার কোন দোষই গেল না। আমার মনে হয়, আপনার কাজে মন নেই। আপনার দোষের লিস্ট এত লম্বা হয়ে পড়ে যে, তা বলা কঠিন। আপনি কোনদিন ব্র্যাকবোর্ড ব্যবহার করেন না, ক্লাসে ছেলের প্রশ্ন করেন না, টাঙ্ক দেন না—সে দিন বায়ুপ্রবাহের গতি বোঝাচ্ছিলেন, গ্লোব নিয়ে যান নি ক্লাসে। গ্লোব না নিয়ে গেলে—

এমন সময়ে একটি ছাত্রকে মীটিংয়ের ঘরের মধ্যে উঁকি মারিতে দেখিয়া হেডমাস্টার ধমক দিয়া বলিলেন, কি চাই ? এখানে কেন ?

ছাত্রটি মুখ কাঁচুমাচু করিয়া বলিল, স্যার, ফোর্থ ক্লাসের ধীরেনের চোখে বল লেগে চোখ বেরিয়ে এসেছে—

সকলেই লাফাইয়া উঠিলেন।

হেডমাস্টার বলিলেন, চোখ বেরিয়ে এসেছে, কোথায় সে ?

সকলে নীচের তলায় ছুটিলেন। স্কুলের বারান্দায় একটা তেরো-চোদ্দ বছরের ছেলেকে শোয়াইয়া আরও অনেক ছেলে ঘিরিয়া মাথায় জল দিতেছে, বাতাস করিতেছে। হেডমাস্টারকে দেখিয়া ভিড় কাঁকা হইয়া গেল। সত্যই চোখ বাহির হইয়া আধ ইঞ্চি পরিমাণ ঝুলিয়া পড়িয়াছে। বীভৎস দৃশ্য !

তখনই মেমসাহেব খবর পাইয়া আসিয়া ছেলেটিকে কোলে লইয়া বসিল। সাহেব দারোগ্যানকে ছেলের বাড়ীতে পাঠাইয়া দিলেন। বড়লোকের ছেলে, বাড়ীতে মোটর আছে। মোটর আসিতে দেরি দেখিয়া সে স্কুলের ছেলেদের সঙ্গে বল খেলিতেছিল, তাহার ফলেই এ দুর্ঘটনা।

দেখিতে দেখিতে ছেলের বাড়ীর লোক মোটর লইয়া ছুটিয়া আসিল। তাহার পূর্বেই স্কুলের পাশের ডাঃ বহু হেডমাস্টারের আস্থানে আসিয়া ছেলেটিকে প্রাথমিক চিকিৎসা করিতেছিলেন। ছেলের বাবা, হেডমাস্টার ও ডাক্তারের সঙ্গে পরামর্শ করিয়া ছেলেকে মোটরে মেডিক্যাল কলেজে লইয়া গেল। হেডমাস্টার সঙ্গে দুইজন মাস্টার দিলেন, শরৎবাবু ও গেম-মাস্টার বিনোদবাবুকে যাইতে হইল।

পরের কয়দিন হেডমাস্টার নিজে এবং আরও তিন-চারজন মাস্টার হাসপাতালে গিয়া ছেলেটিকে দেখিতে লাগিলেন। যে চোখে চোট লাগিয়াছিল, সে চোখটা অঙ্গ করিয়া বাহির করিয়া ফেলিতে হইল, তবুও কিছু হইল না। ছেলেটির অবস্থা দিন দিন খারাপের দিকে যায়। মেমসাহেব প্রায়ই গিয়া বসিয়া থাকে, সাহেবও এক-আধ দিন অন্তর যান, নারাগবাবু টুইশানিফেরতা প্রায় রোজই যান।

একদিন বিকালে হেডমাস্টারকে দেখিয়া ছেলেটি কাঁদিয়া ফেলিল। তখনও তাহার বাড়ী হইতে লোকজন আসে নাই। সাহেবু গিয়া বসিয়া বলিলেন, ডোন্ট ইউ ক্রাই মাই চাইল্ড—দেয়ার ইজ এ লিটল্ ডিয়ার—বি এ হিরো—এ লিটল্ হিরো।

মুশকিল এই যে, সাহেব বাংলা বলিতে পারেন না ভাল, ছোট ছেলে তাঁহার ইংরেজী বুঝিতে পারে না। মুখে কথা বলিতে বলিতে হেডমাস্টার বিপন্ন মুখে ছেলেটির মাথায় ও শিঠে সান্দ্রনাস্তিক ভাবে হাত বুলাইতে লাগিলেন : কান্না করে না, কান্না লজ্জার কঠা আছে—ইট ইজ এ শেম্ ফর এ বয় টু ক্রাই, বুঝেছ ? ভাল বালক আছে, সারিয়া যাইবে। কিছু হইবে না—

এমন সময় ছেলের মা ও বাড়ীর মেয়েদের আসিতে দেখিয়া সাহেব উঠিয়া পাড়াইতে

দাড়াইতে বলিলেন, টোমার মার সামনে কান্না করে না। দেয়ার ইজ এ গুড বয়—আমার স্কুলের বালক কাঁদবে না—আই নো ইউ উইল কিপ আপ দি প্রেস্টিজ অফ ইওর স্কুল—আই রেস ইউ মাই চাইল্ড—

ছেলেটি খানিকটা বুঝিল, খানিকটা বুঝিল না; কিন্তু সে কান্না বন্ধ করিল, আর কখনও কাহারও সামনে কাঁদে নাই। এমন কি, যত্নর দুই দিন পূর্বে তাহার সংজ্ঞা লোপ হওয়ার পূর্ব পর্যন্ত ভয় কি দুর্বলতাসূচক একটি কথাও তাহার মুখে কেহ শোনে নাই।

মাস্টারদের বেতন আরও কমিয়া গিয়াছে; কারণ, জাহ্নয়ারী মাসে নতুন ছেলে ভর্তি হয় নাই আশাভ্রুত। এই মাসের মাহিনা লইতে গিয়া মাস্টারেরা ব্যাপারটা জানিতে পারিলেন।

চায়ের আসরে যত্নবাবু বলিলেন, আর তো চলে না হে, একে এই মাহিনে ঠিকমত পাওয়া যায় না, তাতে আরও পাঁচ টাকা কমে গেল। কলকাতা শহরে চালাই কী করে?

ক্ষেত্রবাবু বলিলেন, তবুও তো দাদা, আপনি বউদিকে পাড়াগাঁয়ে রেখেছেন আজ দু বছর। আমি আর-বছর বিয়ে করে কী মুশকিলেই পড়ে গিয়েছি, বাসার খরচ কখনও চলত না, যদি টুইশানি না থাকত।

জ্যোতির্বিদ্যে বলিলেন, খোকর অন্তপ্রাশন দেবে কবে ক্ষেত্রবাবু?

—আর অন্তপ্রাশন! খেতে পাই নে তার অন্তপ্রাশন! বাসা-খরচ চলে না, বাসাভাড়া আজ তিন মাস বাকি।

—আমার কথা যদি শোনেন, তবে অবাক হয়ে যাবেন। স্কুলের ঘরে থাকি,—ঘরভাড়া লাগে না, তাই রক্ষে। আজ ছ মাস বাড়ীতে পাঁচটা করে টাকা মাসে, তাও পাঠাতে পারি নে। পঁচিশ ছিল, হল বাইশ। এখানেই বা কী খাই, বাড়ীতেই বা কী দিই?

যত্নবাবু বলিলেন, আমার ভাবনা কিসের গুনবে? বউটাকে এক জ্ঞাতি শরিকের বাড়ী ফেলে রেখেছি দেশে। সেখানে তার কষ্টের সীমা নেই। কতবার লিখেছে, কিন্তু আমি কোথায় বেলো? বত্রিশ থেকে আটাশ হল। মেসে খাই, তাই কুলোয় না।

শরৎবাবু বলিলেন, কোথাও চলে যাই ভাবি, কিন্তু এ বাজারে যাই-ই বা কোথায়?

ক্ষেত্রবাবু বলিলেন, আচ্ছা শরৎ, তোমায় একটা কথা বলি। আমাদের না হয় বয়েস হয়েছে, স্কুল-মাস্টারি ধরেচি অনেক দিন থেকে, কোথায় আর এ বয়েসে যাব! কিন্তু তুমি ইয়ং ম্যান, কেন মরতে এ লাইনে পচে মরবে? স্কুল-মাস্টারি কি কেউ শখ করে করে? সমস্ত জীবনটা মাটি। এখনও সময় থাকতে অন্য পথ দেখে নাও—তুমি, কি ওই গেম-টীচার বিনোদ্যবাবু, কেন যে তোমরা এখানে আছ! পিওর লেজিনেস্—

শরৎবাবু বলিলেন, লেজিনেস্ নয় দাদা। এখানে পঁচিশ পেতাম, হল বাইশ। অনেক চেষ্টা করেছি, হেন আপিস নেই যেখানে দরখাস্ত-হাতে যাই নি, হেন লোক নেই যাকে ধরি নি। আমরা গরীব, নিজের লোক না থাকলে হয় না! আমাদের কে ব্যাক কুমচে, বলুন না দাদা?

—কিন্তু তা তো হল, এ স্কুলের অবস্থা দিন দিন হয়ে দাঁড়াল কী ?

—কে জানে কেমন ! সাহেবের অত কড়াকড়ি, অমন পড়ানোর মেথড—কিছুতেই কিছু হচ্ছে না !

যত্নবাবু বলিলেন, তা নয়, কী হয়েছে জান ? পাশের স্কুলগুলো ছেলে ভাঙিয়ে নেয়, ওয়া বাড়ী বাড়ী গিয়ে ছেলে যোগাড় করে। হেডমাস্টার মাস্টারদের সঙ্গে নিয়ে বাড়ী বাড়ী যায়।

—আমাদেরও যেতে হবে।

—হেডমাস্টার যে রাজী নন। ওতে মাস্টারদের প্রেস্টিজ থাকে না, ওসব ব্যবসাদারি ক'রে স্কুল রাখার চেয়ে না রাখা ভাল—এ সব বিলিভী মত এখানে খাটবে না। আমি জানি, লালবাজারে একটা স্কুল থেকে ছেলে ট্রান্সফার নেবে বলে দরখাস্ত দিল—হেডমাস্টার দুজন টীচার নিয়ে তাদের বাড়ী গিয়ে পড়ল, গার্জেনকে বোঝালে—কেন ট্রান্সফার নেবেন, কী অসুবিধে হচ্ছে বলুন—কত খোশামোদ ! কিছুতেই ছেলেকে নিতে দিলে না।

ক্ষেত্রবাবু বলিলেন, আমাদের স্কুলে যেমন ট্রান্সফারের দরখাস্ত পড়েছে, আর সাহেব অমনি তখনই ক্লার্ককে ডেকে বলবে—কত বাকি আছে দেখ, দেখে ট্রান্সফার দিয়ে দাও।

—এ রকম ক'রে কি কলকাতার স্কুল চলে ? সাহেবকে বোঝালেও বুঝবে না।

—প্রেস্টিজ যাবে ! প্রেস্টিজ ধুয়ে জল খাই এখন।

পরদিন স্কুলে মিঃ আলম টীচারদের লইয়া এক গুপ্ত-সভা করিলেন, স্কুলের ছুটির পর তেতলার ঘরে। উদ্দেশ্য, এ হেডমাস্টারকে না তাড়াইলে স্কুলের উন্নতি নাই। একা দুই শত টাকা মাহিনা লইবে, তাহার উপর ছেলে আসে না স্কুলে। মাস্টারদের এই দুর্দশা। হেড-মাস্টার ও মেম বিতাড়ন না করিলে স্কুল টিকিবে না।

যত্নবাবু বলিলেন, কী উপায়ে সরানো যায় বলুন ? হিমালয় পর্বত কে সরায় ?

—কমিটির কাছে দরখাস্ত পেশ করি সবাই মিলে। আমাদের ভিউজ আমরা লিখি।

ক্ষেত্রবাবু বলিলেন, কিছু হবে না মিঃ আলম। কমিটি ওতে কানও দেবে না, উল্টো বিপত্তি হবে।

মিঃ আলম বলিলেন, দেখুন, কী হয় ! আমি বলছি, ওতে কল হ'তেই হবে।

এ মীটিংয়ে নারায়ণবাবু ছিলেন না, কিন্তু রামেন্দুবাবু ছিলেন। তিনি বলিলেন, আমি এ অপোজ করছি। হেডমাস্টার বিতাড়ন ক'রে ফল ভাল হবে কে বলেছে ? সেটা উচিতও নয়।

মিঃ আলম বলিলেন, তবে কিসে ফল ভাল হবে ?

—তা আমি জানি নে, তবে হেডমাস্টার কড়া বটে, কিন্তু এ ভেরি গুড টীচার। অমন লোককে বুড়া বয়সে তাড়ালে ধর্মে সহিবে না, আর তাড়াতে পারবেনও না।

—কেন ?

—কমিটির কাছে হেডমাস্টারের পোজিশন খুব সিকিওর। তারা ও'কে যেনে চলে, প্রহা করে।

—শত্রুও আছে, যেমন ডাক্তার গাজুলী, সাতকড়ি দস্ত, মিঃ সেন—এঁরা স্বদেশী কিনা, সাহেবকে দেখতে পারেন না। আপনারা বলুন, আমি তদ্বিরতদারক আরম্ভ করি, মেম্বরদের—বিশেষ ক’রে স্বদেশী মেম্বরদের বাড়ী যাই।

রামেন্দুবাবু বলিলেন, আমি এর মধ্যে নেই। তবে আমি সাহেবকেও কিছু বলব না। আপনাদের এর মধ্যেও থাকব না, আপনারা যা হয় করুন।

মিঃ আলম বলিলেন, একটা কথা আছে এর মধ্যে।

—কী ?

—আপনারা সবাই কিন্তু বলুন, এর পরে আমাকে হেডমাস্টার করবেন আপনারা।

মাস্টারেরা দণ্ডমুণ্ডের মালিক নহেন, বেশ ভাল রকমই তাহা জানেন, তবুও ঘাড় নাড়িয়া কেহ সায় দিলেন, কেহ উৎসাহের স্তুহিত বলিলেন, বেশ, বেশ।

অর্থাৎ যে ক্ষমতা তাঁহাদের নাই, অপর একজনের মুখে তাহা তাঁহাদের আছে শুনিয়া মাস্টারের দল খুশী ও উৎসাহিত হইয়া উঠিলেন।

রামেন্দুবাবুর দলের দুই-একজন মাস্টার নিজেদের মধ্যে বলাবলি করিলেন, তাঁহারা রামেন্দুবাবুকে হেডমাস্টার করিবেন।

ক্ষেত্রবাবু বলিলেন, মিঃ আলম, তবে আপনাকে মাইনে কম নিতে হবে।

—কত বলুন ?

—একশোর বেশী নয়—

—সে আপনাদের বিবেচনা, যা ভাল হয় করবেন।

যতুবাবু বলিলেন, আচ্ছা, আপনাকে যদি আর পঁচিশ পেশী দেওয়া যায়, তবে আপনি আমাদের মাইনের বিষয়টাও দেখবেন। এই স্বেল করুন না, গ্র্যাজুয়েট পকাশ টাকা। আণ্ডার-গ্র্যাজুয়েট চল্লিশ।

মাহিনার কত স্বেল হইবে, তাহা লইয়া কিছুক্ষণ মাস্টারদের তুমুল তর্ক-বিতর্কের পর স্থির হইল, যতুবাবুর প্রস্তাব গ্র্যাজুয়েটদের পক্ষে ঠিকই রছিল, তবে আণ্ডার-গ্র্যাজুয়েটদের ত্রিশের বেশী আপাতত দেওয়া চলিবে না।

জ্যোতির্বিদ্যোদ বলিলেন, পণ্ডিতদের সম্বন্ধে একটা বিবেচনা করুন।

মিঃ আলম বলিলেন, আপনারা কত হলে খুশী হন ?

যতুবাবু বিষম আপত্তি উঠাইলেন। আণ্ডার-গ্র্যাজুয়েট আর পণ্ডিত এক স্বেলে মাহিনা পাইবে, তাহা হয় না। হেডপণ্ডিত পয়ত্রিশ, অন্ত পণ্ডিত ত্রিশ ও পঁচিশ।

হেডমাস্টার হওয়ার আসন্ন সম্ভাবনায় উৎফুল্ল মিঃ আলম যতুবাবুর প্রস্তাবে তৎক্ষণাৎ রাজী হইয়া গেলেন। মাস্টারেরা বলাবলি করিতে লাগিলেন, ব্যবস্থা ভালই হইয়াছে।

যতুবাবু বলিলেন, আজ দু বছর ধরে আড়াই মাস খেটে এক মাসের টাকা পাছি—আজ এক টাকা, কাল দু টাকা, এ আর সম্ব হয় না। তার ওপর মাইনে গেল কমে। ইনক্রিমেন্ট তো হইল না আধ পরমা আজ চৌদ্দ বছরের মধ্যে।

হেডপণ্ডিত বলিলেন, আমার উনিশ বছরের মধ্যে—

জ্যোতির্বিদ্যে বলিলেন, আমার সতেরা বছরের মধ্যে—

বোঝা গেল, সকলেই বর্তমান ব্যবহার উপর অসন্তুষ্ট। নতুন কিছু হইলেই খুশী। সকলেরই উন্নতি হইবে, বাজার-খরচ সচ্ছলভাবে করিতে পারিবেন, বাসায় ফিরিয়া পরোটা জলখাবার খাইতে পারিবেন, দুই-একটা জামা বেশী করাইতে পারিবেন, বাড়ীতে অনেকেরই বাসনপত্র কম—কিছু খালা বাটি কিনিবেন, কণ্ঠার বিবাহের দেনা কেহ বা কিছু শোধ করিতে পারিবেন।

কাল হইতে স্কুলে ছেলেদের জ্ঞান টিফিনের বন্দোবস্ত হইবে। ‘ডি. পি. আই’-এর সারকুলার অমুযায়ী ছেলেদের নিকট হইতে কিছু কিছু খরচা লইয়া স্কুল ছেলেদের টিফিনের সময় জলখাবারের আয়োজন করিবে। সাহেব ঠিক করিয়াছেন—লাল আটার রুটি আর ডাল, ঠাকুর রাখিয়া তৈরি করানো হইবে, প্রত্যেক ছেলেকে দুটি পয়সা দিতে হইবে খাবার বাবদ—দুইখানা রুটি ও ডাল মাথা-পিছু।

মিঃ আলম বলিলেন, শুধুন, মীটিং ভাঙবার আগে আর একটা কথা আছে। কাল থেকে টিফিন দেওয়া হবে ছেলেদের, ওর হিসেবপত্র আর ছেলেদের দেওয়া-খাওয়ার তদারক করতে হবে একজন টাচারকে, আপনাদের মধ্যে কে রাজী আছেন? সাহেব আমাকে লোক ঠিক করতে বলেছেন।

ক্ষেত্রবাবু বলিলেন, কে আবার ওই হাঙ্গামা ঘাড়ে নেবে, থাকি টিফিনের সময় একটু শুয়ে—

হেডপণ্ডিত বলিলেন, আমাদের শরৎ-ভায়া বরং করো—ইয়ং ম্যান। তুমি কি বিনোদ—হিসাবপত্র করিতে হইবে এবং তিনশো ছেলেকে ডাল রুটি দেওয়ার ব্যয়টা পোহাইতে হইবে বলিয়া কেহই রাজী হয় না। মিঃ আলম বলিলেন, তাই তো, একটা যা হয় ঠিক করে ফেলতে হবে।

যদুবাবু চূপ করিয়া ছিলেন। বলিলেন, তা, তবে—যখন কেউ রাজী হয় না, তখন আর কী হবে, আমাকেই করতে হবে। সাহেবের অর্ডার, না মেনে তো উপায় নেই!

—আপনি নেবেন তা হলে?

—তাই ঠিক রইল মিঃ আলম। কী আর করি, একটু কষ্ট হবে বটে কিন্তু চাকরি যখন করছি—

কর্তব্যকার্যে এতখানি অহুরাগ যদুবাবুর বড় একটা দেখা যায় না, স্ততরাং অনেকে বিস্মিত হইলেন।

মিঃ আলম বলিলেন, আপনারা নির্ভয়ে নেমে যান। সাহেব টুইশানিতে বার হয়েছে, মেমসাহেবও নেই। কেউ টের পাবে না।

সকলে ভয়ে ভয়ে নীচে নামিয়া গেল।

চায়ের মজলিসে রামেশুবাবু বলিলেন, আমাকে আপনারা এর মধ্যে কিছু টানবেন না।

সকলে বলিলেন, কেন, কেন, কী বলুন ?

—মি: আলম হেডমাস্টার হোন, তাতে আমার কোন আপত্তি নেই। কিন্তু সাহেবের বিরুদ্ধে এ ধরনের ষড়যন্ত্র আমি পছন্দ করি নে। এ ঠিক নয়।

ক্ষেত্রবাবু বলিলেন, তা ছাড়া আপনি কি ভেবেছেন, এ কখনও হবে ? এ হল 'কালনেমির লঙ্কাভাগ'।

বাহিরে আসিয়া সকলেরই মন হাওয়া-বার-হওয়া বেলুনের মত চূপ্‌সিয়া গিয়াছিল। এতক্ষণ বড় বড় কথা, প্রস্তাব গ্রহণ-প্রত্যাখ্যান প্রভৃতি ব্যাপারের মধ্যে থাকিয়া নিজেদের পার্লামেন্টের মেম্বরের মত পদস্থ বলিয়া মনে হইতেছিল। সাহেব-তাড়ানো, সাহেব-বাঁচানো প্রভৃতি বৃহৎ বৃহৎ কর্ণে ডিক্রি-ডিসমিসেড মালিক বৃষ্টি তাঁহারাই—বর্তমানে ওয়েলেসলি স্ট্রিটের কঠিন পাষণময় ফুটপাথে পা দিয়াই সে বোর তাঁহাদের কাটিতে শুরু করিয়াছে।

যদুবাবু, যিনি অতগুলি প্রস্তাব আনয়নকারী উৎসাহী মেম্বর, তিনিও টানিয়া টানিয়া বলিলেন, হয় বলে তো বিশ্বাস হচ্ছেনা, তবে দেখ—সাহেবকে তাড়াবে কে ?

শরৎবাবু বলিলেন, আপনি কখন কোন্‌দিকে থাকেন যদুদা, আপনাকে বোঝা ভার। এই মি: আলমকে গালাগাল না দিয়ে জল খান না, আবার দিবিা ওকে হেডমাস্টার করার প্রস্তাবে রাজী হয়ে গেলেন ! কেন, আমরা সকলে ঠিক করেছি রামেন্দুবাবুকে ছাড়া আর কাউকে হেডমাস্টার করা হবে না।

জ্যোতির্কিনোদ বলিলেন, আমিও তাই বলি।

ক্ষেত্রবাবু বলিলেন, আমারও তাই মত।

যদুবাবু রাগিয়া বলিলেন, বেশ তোমরা ! আমিও বলি, রামেন্দুবাবুই উপযুক্ত লোক। আমি ওখানে না বলে করি কী ? আলম যখন ও-রকম ক'রে বললে, না বলি কী ক'রে ?

রামেন্দুবাবু বলিলেন, আপনাদের কারও লজ্জা বা কিছুই কারণ নেই। ক্ষেত্রবাবু ঠিক বলেছেন, এ সব কালনেমির লঙ্কাভাগ হচ্ছে। ক্লার্ক ওয়েল সাহেব যথেষ্ট উপযুক্ত লোক, যদি তিনি চলে যান, তা হলে যে-কেউ হতে প্যুরেন, আমার কোনও লোভ নেই ওতে।

ক্ষেত্রবাবু বলিলেন, তা নিয়ে এখন আর তর্কাতর্কি করে কী হবে ? তবে আমার এই মত সাহেবের জায়গায় যদি কেউ হেডমাস্টার হওয়ার উপযুক্ত থাকেন স্ট্রাকের ভেতর, তবে রামেন্দুবাবু আছেন।

যদুবাবু বলিলেন, আমি কি বলেচি নয় ?

—বলছিলেন তো দাদা, আমি সোজা কথা বলব।

—না, এ তোমার অন্তায় ক্ষেত্র ভায়া। তুমি আমার কথা না বুঝে আগেই—

রামেন্দুবাবু হাসিয়া উভয়ের বিবাদ থামাইয়া দিলেন।

সেদিনকার চায়ের মজলিস শেষ হইল।

দিন তিনেক পরে জ্যোতিষিনোদ ছুটির ঘণ্টা পড়িতেই বাহিরে যাইতেছেন, যত্নবানু ফোর্ড ক্লাস হইতে ডাক দিয়া বলিলেন, কোথায় যাচ্ছ, ও জ্যোতিষিনোদ ভায়া ?

—একটু কাজ আছে। কেন দাদা ?

—না তাই বলছি, এখনই ফিরবে ?

—ফিরতে দেরি হবে। শ্রামবাজারে যাব একবার।

—ও !

কিন্তু কী কারণে ওয়েলেস্লির মোড় পর্যন্ত গিয়া জ্যোতিষিনোদের শ্রামবাজার যাওয়ার প্রয়োজন হইল না। সুতরাং তিনি ফিরিয়া তেতলায় নিজের ঘরে ঢুকিলেন। টীচার্জ-রুমের পাশেই ছোট ঘর, যাইবার সময় দেখিলেন, যত্নবানু টীচার্জ-রুমে কী করিতেছেন। কৌতূহলী হইয়া ঘরে ঢুকিয়া বলিলেন, কী, একা এখানে বসে এখনও দাদা ?

যত্নবানু চমকিয়া উঠিয়া তাড়াতাড়ি কী যেন একটা ঢাকিতে চেষ্টা করিলেন, এবং পরে কথায় বলিবার প্রাণপণ চেষ্টায় চোখ ঠিকরাইয়া অস্পষ্টভাবে গোড়রাইয়া কী যেন বলিতে গেলেন।

জ্যোতিষিনোদ দেখিলেন, যত্নবানুর সামনে টেবিলের উপর শালপাতায় খান পাঁচ-ছয় লাল আটার রুটি ও কিছু ডাল—যত্নবানুর মুখ রুটি ও ডালে ভর্তি। আশ্চর্য্য নয় যে, এ অবস্থায় তাঁহার মুখ দিয়া স্পষ্ট কথা উচ্চারিত হইতেছে না। যত্নবানু ভীষণ আয়াসে ডালরুটির দলাকে জ্বল করিয়া কোন রকমে গিলিয়া ফেলিলেন এবং স্বাভাবিক অবস্থা পুনঃপ্রাপ্ত হইয়া অপ্রতিভ মুখে বলিলেন, এই টিফিনের পরে এক-আধখানা বাড়তি রুটি ছিল, তাই বলি ফেলে দিয়ে কী হবে ! ঠাকুরকে বললাম, দাও ঠাকুর—

—বেশ বেশ, খান না।

—তা ইয়ে—তুমি যদি খাও, কাল থেকে যদি বাড়তি থাকে, তোমার জন্তেও না হয়—

জ্যোতিষিনোদ কী ভাবিয়া বলিলেন, কেউ আবার লাগাবে মি: আলমের কানে !

যত্নবানু ষড়মন্ত্র করিবার স্বরে ও ভঙ্গিতে নিচু গলায় চোখ টিপিয়া বলিলেন, কেউ টের পাবে ! তুমিও যেমন ! যেখানে আধ মণ ময়দা মাথা হয় ডেলি, সেখানে ছখানা কি আটখানা রুটির হিসেব কে রাখছে ? আর আমার হাতেই তো হিসেব। তুমি নাও।

জ্যোতিষিনোদও নির্বোধ নন। তিনি বুঝিলেন, যত্নবানুর এ রুটি খাইতে হইলে ছুটির পরে নির্জন টীচার্জ-রুম ভিন্ন আর স্থান নাই। সে রুমের পরেই জ্যোতিষিনোদের থাকিবার ক্ষুদ্র কুঠুরি, তাঁহাকে অংশীদার না করিলে যত্নবানু উহা একা একা আত্মসাৎ কি করিয়া করিবেন ? সেই জন্তই যত্নবানু অত আগ্রহের সঙ্গে জিজ্ঞাসা করিতেছিলেন, জ্যোতিষিনোদ কোথায় যাইতেছে, অর্থাৎ এখনই ফিরবে কিনা !

ভাবিয়া চিন্তিয়া বলিলেন, তা যদি বাড়তি থাকে, তবে না হয়—

যত্নবানু উৎসাহের সঙ্গে বলিলেন, বাড়তি আছে—বাড়তি আছে—হয়ে যাবে। খান আটকে করে রুটি তোমার জন্তে, তা সে এক রকম হবে এখন। জলখাবারটা বিকেলবেলার, বুঝলে না ? পেটে খিদে মুখে লাজ—না ভায়া, ও কোন কথা নয়।

তিন-চার দিন বেশ খাওয়া-দাওয়া চলিল দুইজনের ।

জ্যোতির্বিদ্যাদে দেখিলেন, যদুবাবু ক্রমশ কটির সংখ্যা ও ডালের পরিমাণ বাড়াইতেছেন । একদিন শালপাতা খুলিলে দেখা গেল, বাইশখানা কটি ও প্রায় সের খানেক ডাল তাহার ভিতরে ।

জ্যোতির্বিদ্যাদে ভয় পাইয়া বলিলেন, এ নিয়ে কথা হবে দাদা । এত কেন ?

—আরে, নাও না খেয়ে । রাত্রে খাওয়াটাও এই সঙ্গে না-হয়—সে পয়সাটা তো বেঁচে গেল—এ পেনি সেড্‌ ড্‌ ইজ এ পেনি গট্‌, অর্থাৎ—

—কিন্তু দাদা, আমার শরীর খারাপ, আমি এত খেতে পারব না যে ।

—বেশ, বেশ, যা পার খাও ! না-হয় ষ্টু থাকবে, আমিই খাব—ফেলা যাচ্ছে না ।

এদিকে মিঃ আলমের ষড়যন্ত্র বেশ পাকিয়া উঠিল । মিঃ আলম কয়েকজন মেম্বরের বাড়ী গিয়া তাঁহাদের বুঝাইলেন, সাহেবকে না তাড়াইলে স্কুলের উন্নতি সম্ভব নয় । মীটিংয়ের দিন পর্যন্ত ধার্য হইয়া গেল । স্থির হইল, ডাক্তার গাঙ্গুলী সে দিন সাহেবকে সরাইবার প্রস্তাব কমিটীতে উঠাইবেন ; কমিটীর অন্যতম স্বদেশী মেম্বর সাতকড়ি দত্ত, জনৈক লোহা-পটির দালাল সে প্রস্তাব সমর্থন করিবে ।

রামেন্দুবাবু গোপনে ক্ষেত্রবাবুকে বলিলেন, মিঃ আলম এদিকে বেশ হেসে কথা বলে হেডমাস্টারের সঙ্গে, আর একদিকে এ রকম ষড়যন্ত্র করে—এ অত্যন্ত খারাপ । আমার মনে হয়, হেডমাস্টারকে ওয়ানিং দিয়ে দিলে ভাল হয় ।

—কে দেবে ?

—আমি দিতে পারতাম, কিন্তু আমার উচিত হবে না । আমি মিঃ আলমের মীটিংয়ে প্রথম দিন ছিলাম ।

—তাই কী ? আর তো ছিলেন না । আপনিই গিয়ে বলুন ।

—সেটা ভদ্রলোকের কাজ হয় না । আর কাউকে দিয়ে বলাতে পারেন তো বলান ।

—আর কে যাবে ? এক আপনি, নয় তো নারাণবাবু ।

—বুড়ো মানুষকে আর এর মধ্যে জড়িয়ে লাভ নেই । হি ইজ্ টু গুড্ এ ম্যান ফর অল দীজ—নিরীহ বেচারী ঠুকে আর এ বয়সে কেন এর মধ্যে ?

—আমি বলব ?

—আপনার উচিত হবে না । তু-মুখো সাপের কাজ হবে ।

—তবে লেট্‌ ফেট্‌ টেক্‌ ইট্‌স্‌ কোর্স্—

—তাই হোক ।

কিন্তু শেষ পর্যন্ত ক্ষেত্রবাবু ও জ্যোতির্বিদ্যাদে রাত দশটার পরে হেডমাস্টারের দোরে যা দিলেন ।

সাহেব খয়রাগড়ের রাজকুমারকে পড়াইয়া সবে ফিরিয়াছেন । বলিলেন, কে নারাণবাবু ?

ক্ষেত্রাবু কাশিয়া বলিলেন, না স্মার, আমি ক্ষেত্রাবু।

—ও! ক্ষেত্রাবু? এস এস। এত রাত্রে?

ক্ষেত্রাবু ঘরে ঢুকিয়া সামনের চেয়ারে মেমসাহেবকে দেখিয়া বলিলেন, গুড্ ইভ্‌নিং মিস্‌ সিবসন্‌!

বুদ্ধিমতী মেমসাহেব প্রীতিসম্ভাষণ-বিনিময়ান্তে অল্প ঘরে চলিয়া গেল। ক্ষেত্রাবু সাহেবকে সব খুলিয়া বলিলেন।

সাহেব তাচ্ছিল্যের সুরে বলিলেন, এই! তা আমি রিজাইন দিতে প্রস্তুত আছি, তাতে যদি স্কুল ভাল হয়—হোক।

ক্ষেত্রাবু বলিলেন, না স্মার, তা হলে স্কুল একদিনও টিকবে না।

—না, যদি মেম্বরেরা আমার কাজে সন্তুষ্ট না হন, তবে আমার থাকার দরকার নেই।

—স্মার, আপনি যদি বলেন, তবে আমরাও অল্প অল্প মেম্বরের বাড়ী গিয়ে উল্টো তদ্বির করি, আপনাকে পছন্দ করে এমন মেম্বরের সংখ্যায় কম নয় কমিটীতে।

সাহেব নিতান্ত উদাসীন ভাবে বলিলেন, আমি এই স্কুল গড়ে তুলেছি, যখন এ স্কুলের তার আমি নিই, তখন স্কুলে দেড় শো ছেলে ছিল। আমি হাতে নিলে চার শো দাঁড়ায় ছাত্রসংখ্যা। তারপর আবার কমে গেল। নতুন প্রণালীতে স্কুল চালাব ভেবেছিলাম, অক্সফোর্ড থেকে শিখে এসেছিলাম, আমার সব নোন করা আছে। এক গাদা নোন—দেখতে চাও দেখাব একদিন। কিন্তু যদি কমিটী আমাকে না চায়, রিজাইন দিয়ে চলে যাব। এই অঞ্চলে সবাই আমার ছাত্র—চোদ্দ বছর ধরে এই স্কুলে কত ছাত্র আমার হাত দিয়ে বেয়েছে! বৃড়ো বয়সে খেতে না পাই, এর বাড়ী একদিন ব্রেকফাস্ট খেলাম, আর-এক ছাত্রের বাড়ী একদিন ডিনার খাওয়ালেও এই রকম করে চলে যাবে। নারাণবু কোথায়?

—বোধ হয় এখন টুইশানিতে।

—ওই একজন সাধুপ্রকৃতির মানুষ। এ সব কথা নারাণবু জানে?

—আমাদের মনে হয় শোনেন নি। ওঁর কানে এ কথা কেউ ইচ্ছে ক'রেই ওঠায় না।

—দেখে এস তো। যদি এসে থাকে, ডেকে নিয়ে এস—

নারাণবু কিছুক্ষণ পরে জ্যোতির্বিদ্যোদের সঙ্গে ঘরে ঢুকিলেন।

সাহেব বলিলেন, শুনেছেন নারাণবু, আমাকে কমিটী থেকে তাড়িয়ে দেওয়ার পরামর্শ হচ্ছে।

নারাণবু বিস্মিত মুখে অবিশ্বাসের সুরে বলিলেন, কে বললে স্মার?

—জিজ্ঞেস করুন এঁদের। আমার বিশ্বস্ত লেফটেন্যান্ট্‌ মিঃ আলম এই চক্রান্ত করছে। এত তু ক্রতি!

নারাণবু হাসিয়া বলিলেন, জগতে ক্রটাসের সংখ্যা কম নেই স্মার। কিন্তু আমি আশ্চর্য হচ্ছি যে, এত দিন আমি কিছুই শুনি নি এ কথা!

—কোথা থেকে শুনেবন? আপনি থাকেন আপনার কাজ নিয়ে।

—স্মার, আপনি নির্ভয়ে থাকুন। আপনার কিছু হবে না।

—ভয় কিসের? আমি রিজাইন দিতে রাজী আছি এই মুহূর্তে।

—আমার মত শুনুন। কাউন্টার প্রোপ্যাগাণ্ডা একটা করতে হয়—

ক্ষেত্রাবু বলিলেন, আমি তা বলেছি। আহ্নন—আপনি, আমি, শরৎবাবু, গেম্-টাচার সব মেম্বরদের বাড়ী বাড়ী যাই—

—আমার আপত্তি নেই।

হেডমাস্টার বলিলেন, না, নারাণবাবুকে আমি কোথাও নিয়ে যেতে বলি নে। লিভ্-হিম্ এলোন। আমি আপনাদেরও যেতে বলি নে। আমি ও-সব জিনিসকে বড় ঘৃণা করি। এটা শিক্ষা-প্রতিষ্ঠান, রাজনীতির আসর নয়, এর মধ্যে দল-পাকানো, বড়ঘন্ট—এ সবের স্থান নেই। না হয় চলেই যাব।

ক্ষেত্রাবু বলিলেন, স্মার, আমাদের অনুমতি দিন। আমরা দেখি—

নারাণবাবু বুক বটে কিন্তু বেশ তেজী লোক, তাহা বোঝা গেল। তিনি চেয়ার ছাড়িয়া উঠিয়া বলিলেন, একটা কথা বলে যান্ছি স্মার, আপনাকে কেউ তাড়াতে পারবে না এ স্কুল থেকে। কিন্তু একটা ভবিষ্যদ্বাণী করি, মিঃ আলম এ স্কুলে আর বেশীদিন নয়।

সাহেব বলিলেন, ভাল কথা, রামেন্দুবাবুর কি মত?

ক্ষেত্রাবু বলিলেন, তিনি নিরপেক্ষ। তিনি কোন দলেই যেতে রাজী নন।

—হি ইজ্ এ বর্ন জেণ্টলম্যান—ছুজন লোক দেখলাম এ স্কুলে, একজন সামনেই বসে, আর একজন ওই রামেন্দুবাবু।

পরে হাসিয়া ক্ষেত্রাবুদের দিকে চাহিয়া বলিলেন, মাই অ্যাপোলজি টু ইউ, আপনাদের ওপর কোন মন্তব্য করি নি এতদ্বারা।

ক্ষেত্রাবু বলিলেন, স্মার, আমাকে তিনটে টাকা দিন—আমি একবার এই রাতেই ছু-একজন মেম্বরের বাড়ী যাই—ডাঃ সেনের বাড়ী যাওয়া বিশেষ দরকার। সেক্রেটারী বিপিন-বাবু আমাদের দিকে আছেন। মীটিংয়ের দেরি নেই, একটু চট্-পট্ চেষ্টা করা দরকার।

সাহেব টাকা বাহির করিয়া দিলেন।

ক্ষেত্রাবু বাহিরে আসিয়া নারাণবাবুকে ইঙ্গিতে তাঁহার স্নেহে আঁসিতে বলিলেন।

হেডমাস্টার তখনই দোরের কাছে দাঁড়াইয়া তিরস্কারের সুরে বলিলেন, ক্ষেত্রাবু, আশা করি আপনি আমার আদেশ শুনবেন, আমি এখনও এ স্কুলের হেডমাস্টার মনে রাখবেন। নারাণবাবুকে কোথাও নিয়ে যাবেন না, আমার ইচ্ছা নয়, এই সরল-প্রাণ বৃদ্ধকে আপনারা এ সব কাজে জড়ান। আপনি একা চলে যান—

মীটিংয়ের আগে ক্ষেত্রাবুর দল মেম্বরদের বাড়ী বাড়ী গেলেন! যেখানেই যান, সেখানেই গোনা যায়, অপর পক্ষ কিছুক্ষণ আগে সে স্থান পরিত্যাগ করিয়া গিয়াছে।

স্বদেশীভাবের লোক গাঙ্গুলীর কাছে ক্ষেত্রাবুর দল অপমানিত হইলেন।

ডাঃ গাঙ্গুলী বলিলেন, মশাই, আপনারা কী রকম লোক জিজ্ঞেস করি? পান ভো

পচিশ-ত্রিশ নাইনে। সাহেবের খোশামুদি করতে ইচ্ছে হয় এতে? একেবারে অপদার্থ সব! কী শিক্ষা দেবেন আপনারা ছেলেদের? নিজেদের এতটুকু আত্মসম্মান জ্ঞান নেই? সাহেবের হয়ে তদ্বির করতে এসেছেন, লজ্জা করে না? সাহেবকে এ মীটিংয়ে তাড়াবই—তারপর আপনাদের মত অপদার্থ দু-একজন টাচারকেও সরাতে হবে, তবে যদি এবার স্কুলটা ভাল হয়, ইত্যাদি।

মীটিংয়ের দিন ক্ষেত্রবাবু দল লইয়া আর-একবার দুই-একজন মেম্বরের বাঙ্গী গেলেন। মেম্বরের বিশ্বাস নাই, হয়তো ভুলিয়া বসিয়া আছে, ঘন ঘন মনে না করাইয়া দিলে নিশ্চিন্ত হওয়া যায় না। সকলেই বলিল, তাহাদের মনে করাইয়া দিতে হইবে না।

ছয়টার সময় মীটিং। বেলা চারটার সময় হইতে উভয় দল আসিয়া স্কুলে বসিয়া রহিল; অথচ কেহ কাহারও প্রতি অসম্মান দেখাইল না। মিঃ আলম হেডমাষ্টারের ঘরে গিয়া জিজ্ঞাসা করিলেন, খাতাপত্র কী কী দরকার আছে মীটিংয়ে নিয়ে যাবার জন্ত, বলুন।

—বোস মিঃ আলম, চা খাবে এক পেয়লা?

—থ্যান্ক্‌স্‌ এখন আর থাক্।

মীটিং বসিল। সাহেবের অদ্ভুত ব্যক্তিত্ব। মিঃ আলমের দলের অত তদ্বির, অত অহরোধ, অত ধরাধরি সব বুঝি ভাসিয়া যায়। সাহেবকে সরাইবার সম্বন্ধে কোন প্রস্তাব কেহ আনে না—কার্য-তালিকার মধ্যে এ প্রস্তাব নাই; সুতরাং ‘বিবিধ’ কতক্লে আসে, সেই অপেক্ষায় উভয়দল চুকচুক বক্ষে প্রতীক্ষা করিতে লাগিল। ডাক্তার গাঙ্গুলী, যিনি অত লক্ষ্যবান্দু কয়িয়াছিলেন সাহেব তাড়ানোর জন্ত, তিনি মীটিংয়ের গতিক বুঝিয়া সৰু মিহি সুরে প্রস্তাব আনিলেন যে সাহেবকে অত বেতন দিয়া এই গরীব স্কুলে রাখা পোষাইতেছে না, বিশেষতঃ নতুন ছাত্র যখন আশানুরূপ ভর্তিও হইতেছে না। অতএব সাহেবের বেতন কমানো হউক।

সে প্রস্তাব সমর্থন করিলেন অগ্রতম স্বদেশী মেম্বর নূপেন সেন। সভাপতি প্রস্তাব ভোট ফেলিতে দেখা গেল, ডাঃ গাঙ্গুলী আর নূপেনবাবু ছাড়া প্রস্তাবের পক্ষে আর কাহারও মত নাই; এমন কি, শিক্ষকদের প্রতিনিধি মিঃ আলম পর্যন্ত প্রস্তাবের বিরুদ্ধে ভোট দিলেন।

ডাঃ গাঙ্গুলী মিঃ আলমকে ডাকিয়া আড়ালে বলিলেন, এটা কি রকম হল মশাই? আপনি আশ্বাদের নাচালেন, শেষে কিনা আপনি নিজে—

মিঃ আলম বিনীতভাবে যাহা বলিলেন, তাহা সত্যই অসঙ্গত নয়। তিনি এখনও ক্লার্ক-ওয়েল সাহেবের অধীনে চাকুরি করেন, প্রকাশে তিনি কোনও মতেই তাঁহার বিরুদ্ধে যাইতে পারেন না; বরং শিক্ষকদের প্রতিনিধি হিসাবে শিক্ষকদের স্বার্থ বজায় রাখিয়া তিনি কতব্য পালনই করিয়াছেন।

নূপেন সেন বলিলেন, জানি জানি, আপনাদের এই রকমই মর্যাল কারেজ। ঘেরা হয়, বাঙালী জাতটা এই রকমেই উচ্ছন্ন গেল। আপনারা কী শেখাবেন ছেলেদের? ছাঃ ছাঃ—

• মীটিং-অন্তে যে বাহার ঘরে চলিয়া গেল। ক্ষেত্রবাবুর দলকে সাহেব ডাকাইয়া বলিলেন,

কই যত শুনলাম তোমাদের মুখে, তার কিছুই তো নয় ?

ক্ষেত্রাবাবুও একটু আশ্চর্য্য হইয়াছেন। বলিলেন, তাই তো ! কিছু বুঝতেও পারলাম না স্মার্ব।

—যত শুনেছিলে তোমরা, আমার মনে হয় অতখানি সত্যি নয়। মিঃ আলম অত খারাপ মানুষ নয়।

—স্মার্ব, আমাকে মাপ করবেন, আপনি অবিদিত্তি মিঃ আলমকে সন্দেহ করেন না, সে খুব ভাল কথা। তবে আমার স্বচক্ষে দেখা এবং স্বকর্ণে শোন। স্মার্ব।

—যাক, সব ভাল যার শেষ ভাল। নারায়ণবাবুর কথাই খাটল। বলেছিল, অপর পক্ষের চেষ্টা ব্যর্থ হবে।

কমিটির মেম্বরের মধ্যে অনেকেই এই মীটিংয়ের পরে আলমের উপর চট্টয়া গেলেন। ফলে এক মাসের মধ্যে মিঃ আলমের মাহিনা আরও কাটিবার প্রস্তাব উত্থাপিত হইল। কমিটিতে এই প্রস্তাব গৃহীত হওয়ার কোন বাধা ছিল না, কিন্তু সাহেব এই প্রস্তাবের বিরুদ্ধে যথেষ্ট আপত্তি করিলেন।

সেদিন সন্ধ্যায় মীটিংয়ের পরে ক্ষেত্রাবাবু হেডমাস্টারের ঘরে ঢুকিলেন।

সাহেব বলিলেন, বহুন্ন, ক্ষেত্রাবাবু। কী খবর ?

—আর স্মার্ব আপনি মিঃ আলমের পক্ষে অতটা না দাঁড়ালেও পারতেন।

—কেন বল তো ?

—আপনার খুব বন্ধু নয় ও।

সাহেব হাসিয়া বলিলেন, ও ! তা বলে আমি কি তার প্রতিশোধ নেব ওভাবে ? ওসব কাজ আমাদের দ্বারা হবে না। আমরা শিক্ষক—আমি চাই না ক্ষেত্রাবাবু যে, স্কুলের মধ্যে এ ধরনের দলাদলি হয়। আমি চেয়েছিলাম স্কুলটাকে ভাল করতে। অক্সফোর্ড থেকে অনেক কিছু শিখে এসেছিলাম, নতুন প্রণালীতে শিক্ষা দেব ছেলেদের। এখানে এসে সব ঠিকো হতে চলেছে দেখছি। এখানকার হাওয়ারতে দলাদলি ভাসে।

এই সব ঘটনার পর কিছুদিন দলাদলি ও ষড়যন্ত্র ক্ষান্ত রহিল। আবার মাস দুই পরে মিঃ আলম নতুন ভাবে ষড়যন্ত্র শুরু করিল। এবার মেমসাহেবের বিরুদ্ধে। স্কুলে অত টাকা খরচ করিয়া মেম রাখিবার কোন কারণ নাই। বিশেষত ছেলের স্কুলে মেয়েমানুষ শিক্ষয়িত্রী কেন ? এবার মিঃ আলমের ষড়যন্ত্র সফল হইল। স্বদেশী মেম্বরের দল টেবিল চাপড়াইয়া লম্বা বক্তৃতা করিল। ফলে মিস্ সিবসনের চাকরি গেল। ছেলেরা মিলিয়া ঠাণ্ডা ভুলিয়া মেমসাহেবের বিদায়-অভিনন্দন জ্ঞাপক সভা করিল। মিস্ সিবসন্ ছোট ছোট ছেলেদের সত্যই ভালবাসিত, বিদায়-সভায় বেচারী প্রীতিভাষণ দিতে উঠিয়া কাঁদিয়া ফেলিল।

মেমসাহেব চলিয়া যাওয়ারতে সাহেবের কষ্ট হইল খুব বেশী। সকলে বলে, বিলাত হইতে আসিবার সময় সাহেব মিস্ সিবসনকে সঙ্গে করিয়া আনেন, পরীষের বরের মেয়ে, ইওয়ার একটি চাকরি জুটিয়া যাইবে—ইহাই ছিল উদ্দেশ্য।

এই স্কুলের ভার সাহেব যতদিন হইতে লইয়াছেন, মেমসাহেবেরও চাকরি এখানে ততদিন।

চায়ের মজলিসে সে দিন মাস্টারের সংখ্যা কিছু বেশী ছিল।

জ্যোতির্বিনোদ বলিলেন, আজ আলমের মনস্বামনা পূর্ণ হল।

ক্ষেত্রবাবু যতখানি সাহেবের পক্ষ হইয়া তদ্বির করিয়াছিলেন, মিস. সিংসনের পক্ষ হইয়া তাহার অর্দেকও করেন নাই। মেমসাহেব যাওয়াতে তিনি ততটা দুঃখিত হন নাই, ভাবগতিক দেখিয়া মনে হইবার কথা। তিনি বলিলেন, তা বটে, তবে আমার মত যদি জিগ্যেস কর—এ চালটা ওদের খুব গভীর।

শরৎবাবু জিজ্ঞাসা করিলেন, কী রকম ?

—এতে সাহেবকেও তাড়ানো হল।

সকলে একসঙ্গে জিজ্ঞাসা করিলেন, কেন ? কেন ?

—সাহেব একা এখানে থাকতে পারবে না।

—তা ছাড়া মেম বেচারীই বা যায় কোথায় ? ও তো খুব গরীব ছিল শুনেছি।

—শুনচি মেম দার্জিলিং গিয়ে থাকবে।

—খরচ ?

—দার্জিলিং ল্যান্ডোয়েজ স্কুলে টিচার হবে। মিশনারী সোসাইটিকে সাহেব লিখেছিলেন ওর জন্তে, তারা সব ঠিক ক'রে দিয়েছে।

মেমসাহেব যে খুব ভাল টিচার ও ভাল লোক এ বিষয়ে সকলেই দেখা গেল একমত। স্কুলের ছোট ছোট ছেলেমেয়েরা মিস. সিংসনকে খুব ভালবাসে, তাহারা নিজেদের মধ্যে টাঁদা তুলিয়া নিজেদের ক্লাসের এক গ্রুপ ফটো মেমসাহেবকে উপহার দিয়াছে।

একজন কে বলিল, ও ভালই হয়েছে, আমাদের মাইনে পঁচিশ-ত্রিশ—আর মেমসাহেবের মাইনে আশী। অধচ তিনি ইন্ফ্যান্ট ক্লাসে পড়াবেন। কেন, আমরা কি বানের জলে ভেসে এসেচি ! তোমাদের স্নেহ মেটালিটি কতদূর হয়েছে, তা বুঝতে পারছ না। এ কাজটা মিঃ আলম ঠিকই করেছে।

ক্ষেত্রবাবু বোধ হয় এইটুকুর অপেক্ষা করিতেছিলেন। বলিলেন, আমারও তাই মত। এবার মিঃ আলমের এতটুকু অগ্রায় হয় নি। তাই বুঝে এবার তদ্বিরও করি নি। এটা আলমের স্তাঘ্য কাজ।

চায়ের দোকান হইতে ক্ষেত্রবাবু বাসায় ফিরিলেন। অনিলা স্বামীকে চা করিয়া দিয়া বলিল, কী খাবার যে দেব ? মুড়ি রোজ রোজ খেতে পার কি ? ভেবেছিলাম একটু চালুয়া—

—হ্যাঁ, চালুয়া ! ষিটুকু সব খরচ ক'রে না ফেললে তোমার—

—তুমি তো আধ সের ক'রে মাসে দেবে বলেছ, তার মধ্যেই আমি—

—গত মাসের মাইনের মধ্যে দশটি টাকা আজ পাওয়া গেল, এতে তুমি কত খি খাবে. আর কী করবে ?

অনিলা দুঃখ ও রাগের সুরে বলিল, আমি কি তোমার দি খাই ! ছেলেমেয়েরা মুড়ি চিবুতে পারে না রোজ, তাও কোনদিন ওদের জন্যে একটু হালুয়া, কি ছুখানা পরোটা—

ক্ষেত্রবাবু ঝাঁঝের সঙ্গে বলিলেন, না, কেন মুড়ি খেতে পারবে না ? বিছাসাগর মশায় যে না খেয়ে পরের বাসায় থেকে লেখাপড়া শিখেছিলেন ! তবে ওসব হয়। যখন যেমন অবস্থা, তখন তেমনি থাকবে।

—আধ সের খি তুমি বরাদ্দ করেছ কি না মাসে, আমি তাই শুনতে চাই।

—করেছিলাম। এ মাস থেকে হয়তো খরচ কমাতে হবে। পাচ্ছি কোথায় ? খির আইটেমই হয়তো তুলে দিতে হবে।

অনিলা সামনে গালে হাত দিয়া বসিয়া পড়িয়া বলিল, হ্যাঁ গা, সেই সাড়ে নটায় খেয়ে বেরোও আর সাড়ে পাঁচটায় ফেরো। যদি কিছু না হয় ওতে, তবে ও ছাইপাঁশ চাকরি কেন ছেড়ে দাও না।

—ছেড়ে তো দেব, তার পর ?

—ছেলে পড়াও যেমন পড়াচ্ছ—তাতে হয় না ? আর নয়তো চল বাবার কাছে। ওদিকে অনেক কিছু জুটে যাবে। ডিহিরি-অন-সোনে আমার সেই শৈলেনকাকা থাকেন, দেখেছ তো তাঁকে ? এক মাড়োয়ারীর ফার্মে কাজ করেন। ধরে পেড়ে বললে—সেখানে চাকরি হতে পাবে। যদি বল তো বাবাকে লিখি।

—তা না হয় হল। কলকাতা ছেড়ে কোথাও যেতে মন সরে না। এতদিন এখানে আচ্চি—আর কি জান, স্কুলের ওপরও বড় মায়া। আমার বলে নয়, সব মাস্টারেরই। স্ত্রী দুঃখে আজ বারো ষোলো বিশ বছর এক জায়গায় আছি। ওই কেমন একটা নেশা—স্কুলবাড়ীটা, ছেলেগুলো, ওই চায়ের দোকানের মজলিসটা, হেডমাস্টার—বেশ লাগে। যত কষ্টই পাই তবুও যেতে পারি নে নোথাও যে, তাই এক এক সময় ভাবি—

—ভাবাভাবির কোনও দরকার নেই, চল বেরুই। কলকাতার খরচ বেশী অথচ ষাওয়া হচ্ছে কী, একটু দুখ তোমার পেটে পড়ে না, একটু খি না। আমাদের গয়ায় এগারো সের করে খাটি দুধ—

—বুঝি সবই। কিন্তু কোথাও গিয়ে থাকতে পারি নে যে। তোমাদের গয়া কেন, আমার নিজের পৈতৃক গ্রামে চৌদ্দ সের করে দুধ টাকায়। পাঁচ সিকে উৎকৃষ্ট গাওয়া ঘিয়ের সের—কিন্তু সেবার তোমার দিদি থাকতে নিয়ে গেলুম—মন টেকে না মোটে। ছেলেমেয়েদের মন মোটে টেকে না—সব কলকাতায় মাহুষ। তোমার দিদি তো ছটফট করতে লাগল দেশে। তা ছাড়া ম্যালেরিয়াও আছে—

এই সময় বাহির হইতে কে ডাকিল, ক্ষেত্রবাবু আছেন ?

—কে ডাকচে দেখ তো জানলা দিয়ে ?

অনিলা দেখিয়া আসিয়া বলিল, একটা ছেলে। তোমার স্কুলের ছেলে নাকি, দেখ না? ক্ষেত্রবাবু বাহিরে গেলেন এবং কিছুক্ষণ পরে আবার চুকিয়া বলিলেন, সেই তোমার অথর গো, সেই যে সেদিন বলেছিলাম—অথর রাখাল মিস্ত্রি। তিনি তাঁর ছেলের হাত দিয়ে চিঠি দিয়েছেন, তাঁর অসুখ, বড় কষ্ট পাচ্ছেন, আমি যেন গিয়ে দেখা করি—

অনিলা ব্যগ্রভাবে বলিল, আহা, তা যাও! কষ্ট পাচ্ছেন, সত্যি তো—অথর একজন—
যাও—

ক্ষেত্রবাবু ছেলেটির পিছু পিছু ইটলি সাউথ রোডের মধ্যে এক অন্ধ গলির ভিতরে গিয়া পড়িলেন। ছেলেটি তাঁহাকে একটা দরজার সামনে দাঁড় করাইয়া বলিল, আপনি দাঁড়ান, দরজা খুলে দি।

সে কোন্ দিক দিয়া চলিয়া গেল। ক্ষেত্রবাবু ভাবিলেন, আমি নিজেও ঠিক চৌরঙ্গীতে থাকি নে, কিন্তু এ কী গলি, বাপু!

দরজা খুলিল। দরজার পাশে ক্ষুদ্র একটা রোয়াকের সামনে অন্ধকার এক ঘরে ছেলেটি তাঁহাকে লইয়া গেল। এত অন্ধকার যে, প্রথমে বোঝা যায় না, ঘরের মধ্যে কিছু আছে কি না! অন্ধকারের ভিতর হঠতে একটা ক্ষীণ স্বর তাঁহাকে সম্বোধন করিয়া বলিল, কে? ক্ষেত্রবাবু এসেচেন?

ক্ষেত্রবাবু দেখিবার জন্ম প্রাণপণ চেষ্টা করিয়া চোখ ঠিকরাইয়া একটা বিছানা বা কিছুই অস্পষ্ট আভাস ও একটি শায়িত মল্লম্বুষ্টি-গোছ যেন দেখিতে পাইলেন। আর অগ্রসর না হইয়া দাঁড়াইলেন, কিছু বাধিয়া ঠোকর খাইয়া পড়িয়া না যান।

ক্ষীণস্বর 'চি' 'চি' করিয়া বলিল, ওই জানলার ওপরটাতে বসুন। ওরে, একটা কিছু পেতে দে না! ও রাধু—

—থাক থাক, পেতে দিতে হবে না। আপনার কী হয়েছে?

—আর কী হবে! জ্বর আর কাশি আজ পনেরো দিন। পড়ে আছি। উত্থানশক্তি-
রহিত—

—তাই তো দেখতে পাচ্ছি। বড় কষ্ট পাচ্ছেন তো।

এইবার ক্ষেত্রবাবু ঘরের ভিতরটা বেশ স্পষ্ট দেখিতে পাইলেন। ওই যে রাখালবাবু তাকিয়া ঠেস দিয়া মলিন বিছানায় কাত হইয়া আছেন, পাশে একটা ততোধিক মলিন লেপ, বিছানার এক পাশে দড়ির আলনাতে দু-চারখানা ময়লা ও আধময়লা কাপড় ঝুলিতেছে, বিছানার সামনে একটা তাক, তাকের উপর অনেক বই কাগজ। এক পাশে একটা হ্যারিকেন লঠন। দেওয়ালে কয়েকখানি সন্ধ্যা ধরনের ক্যালোগার—বিভিন্ন পাঠ্যপুস্তক বিক্রেতাদের নাম ও বিজ্ঞাপন ছাপানো। ঘরের আসবাবপত্রের বীভৎস দারিদ্ৰ্যে গরীব স্কুলমাস্টার ক্ষেত্রবাবুও যেন শিহরিয়া উঠিলেন।

—কতদিন অসুখ বললেন?

—তা আজ দিন পনেরো।

—কেউ দেখচে ?

—না, দেখে নি। পয়সা নেই, সত্যি কথা বলতে কি ক্ষেত্রাবাবু, আজ তিন দিন ঘরে এক পয়সাও নেই। ছেলেকে পাঠিয়েছিলাম রাখালকৃষ্ণ কর আ্যাও সন্দের দোকানে। আমার সেই—সেই—সেই—(রাখালবাবু একটু হাঁপ জিরাইলেন) রচনার বইখানা দশ কপি পাঠিয়ে দ্বিখে একখানা লিখে দিলাম, বলি—এখন বইগুলো রেখে দাম দাও, আমি পয়ত্রিশ পাসেন্ট কমিশন দেব, এখন আমার হাত বজ্জ টানাটানি যাচ্ছে—তা ব্যাটারা বই ফেরত দিয়েছে। ও বই নাকি কম বিক্রি—ও এখন বিক্রি হবে না। আপনি তো জানেন, চেতলা স্কুলের হেডমাস্টার—নব ব্যাকরণ সূধা প্রথম ভাগ—

আচ্ছা, আপনি একটু বিশ্রাম করুন।

—বিশ্রাম আমি করছি সারাদিনই। কিন্তু আমি বলি, দেখুন ক্ষেত্রাবাবু, যারা জিনিস চেনে, তাদের কাছে জিনিসের কদর! চেতলা স্কুলের হেডমাস্টার নব ব্যাকরণ সূধা দেখে বললে, মিস্ত্রির মশাই, এমন বই একালে কে লিখেছে আপনি ছাড়া? আপনাকে বলেছি বোধ হয় ক্ষেত্রাবাবু, ব্যাকরণে ছাত্রবৃত্তিতে ফার্স্ট স্ট্যাণ্ড করি, মেডেল আছে। দেখতে চান তো দেখাতে পারি।

—না, দেখাতে হবে কেন? আপনি ঠিকই বলছেন। তা চেতলা স্কুলে বই ধরালে আপনার ?

—না। বললে—আগে যদি আসতেন! কাকে বুঝি কথা দিয়ে ফেলেছে। আসছে বারে প্রমিস করেছে ধরিয়ে দেবে। আর ওই শাঁকারিটোলা হাই স্কুলে রচনাदर्শখানা পাঠাতে বলেছিল—নমুনা। কিন্তু নমুনা পাঠিয়ে হয়রান। বই ধরাবেন না, নমুনা পাঠাও—

ক্ষেত্রাবাবু বলিলেন, ওসব আমরাও জানি। বই ধরাবার ইচ্ছে নেই, বই পাঠান—

রাখালবাবু উঠিয়া বসিবার চেষ্টা করিয়া পাশের তাকে হাত বাড়াইতে গেলেন।

—আপনাকে দেখাই, আর একখানা নীচের ক্লাসের ব্যাকরণ লিখি—আপনাকে দেখাই—খাতাখানাতে লিখছিলাম—

কাশির বেগে রাখালবাবুর খাতা বাহির করিবার চেষ্টা ব্যর্থ হইল। ক্ষেত্রাবাবু বলিলেন, থাক থাক, এখন রাখুন।

—বড় কষ্ট পাচ্ছি। কেউ নেই, কাকে বলি! তাই ছেলেটাকে প্রথমে আপনার স্কুলে পাঠাই, সেখানে দরওয়ান আপনার বাসার ঠিকানা বলে দিয়েছে, তাই বাসায় গিয়েছিল। .. এখন কী করি, একটি পরামর্শ দিন দিকি ক্ষেত্রাবাবু!

—তাই তো। খুবই বিপদ। বাসাতে কে কে যাছেন?

—আমার স্ত্রী, দুটি ছোট ছোট ছেলে, এক বিধবা ভগ্নী, তাঁর একটি মেয়ে—এই। রোজ দুটি করে টাকা হলে তবে সংসার বেশ চলে। এক পয়সা আস নেই, তার দু টাকা—কী করা যায় বলুন! খেতে পায় নি বাড়ীতে আজ দু দিন। আপনার কাছে স্কুলে বলতে লজ্জা নেই—

ক্ষেত্রাবাবুর মনে যথেষ্ট দুঃখ ও সহানুভূতির উদ্রেক হইল। নিজেকে তিনি ওই অবস্থায় ফেলিয়া দেখিলেন কল্পনায়। কিন্তু তিনি কী করিবেন! তাঁহার হাতে বাড়তি পয়সা এমন নাই, যাহা দিয়া তিনি এই দুঃস্থ বৃদ্ধ গ্রন্থকারকে সাহায্য করিতে পারেন। পরামর্শই বা তিনি কী দিবেন? একমাত্র পরামর্শ হইতেছে পয়সাকড়ির পরামর্শ। কিন্তু কে এই বৃদ্ধকে অর্থ-সাহায্য করিবে, সে কথাই বা তিনি কী করিয়া জানিবেন? বাধ্য হইয়া দুঃখের সঙ্গে ক্ষেত্রবাবু সে কথা জানাইলেন। তাঁহার এ ক্ষেত্রে করিবার কিছু নাই। কোন পথই তিনি খুঁজিয়া বাহির করিতে পারিতেছেন না।

মুশকিল হইল যে, এইসময় রাখাল মিস্ত্রিরের ছেলেটি ভাঙা পেয়ালায় চা আনিয়া ক্ষেত্রবাবুর হাতে দিল। রাখালবাবুর স্ত্রী শুনিয়াছেন, তাঁহার স্বামীর একজন বিশিষ্ট প্রতিপত্তিশালী বন্ধু আসিবেন। চিঠি লইয়া ছেলে তাঁহার কাছে গিয়াছে। তিনি আসিলে দুঃখের একটা কিনারা হইবেই। এখন সেই ভক্তলোকটি আসিয়াছেন শুনিয়া গৃহিণী তাড়াতাড়ি যথাসাধ্য অতিথি-সংকার করিয়াছেন। গরীবের ঘরে এই ভাঙা পেয়ালায় একটু চায়ের পিছনে যে কত ভরসা নির্ভরতা আবেদন নিহিত, ক্ষেত্রবাবু তাহা বুঝিলেন বলিয়াই চায়ের চুমুক যেন গলায় বাধিতেছিল। এখানে না আসিলেই হইত। পকেটে আছে মাত্র আট আনা পয়সা। তাই কি দিয়া যাইবেন! সে-ই বা কেমন দেখাইবে!

রাখালবাবু স্বয়ং এ দ্বিধা ঘূচাইয়া দিলেন : তা হলে উঠবেন? আচ্ছা, কিছু কি আপনার পকেটে আছে? যা থাকে। বাড়ীতে খাওয়া হয় নি ও-বেলা থেকে—দুটো একটা টাকা—এমন বিপদে পড়ে গিয়েছি।

ক্ষেত্রবাবু ছেলেটির হাতে একটা আট-আনি দিয়া বাহির হইয়া আসিলেন।

সমস্ত সন্ধ্যাটা যেন বিশ্বাস হইয়া গেল। সামনেই একটা ছোট পার্ক, ছেলেমেয়েরা দোলনায় দোল খাইতেছে, লাফালাফি করিতেছে, আনন্দকলরবমুখর পার্কের সবুজ বাসের উপর দুই-একটি অফিস-প্রত্যাগত কেরানী বসিয়া বিড়ি টানিতেছে, সৌদালি ফুলের ঝাড় হুলিতেছে রেলিংয়ের ধারের গাছে, আলু-কাবলির চারি পাশে উৎসাহী অল্পবয়স্ক ক্রেতার ভিড় লাগিয়াছে। ক্ষেত্রবাবু একথানা বেঞ্চের এক কোণে গিয়া বসিলেন। বেঞ্চের উপর দুইটি লোক বসিয়া ঘরভাড়া আদায় করার অস্থবিধা সম্বন্ধে কথাবার্তা বলিতেছে।

ক্ষেত্রবাবু ভাবিলেন, রাখালবাবুও তাঁহার মত স্কুলমাস্টার ছিলেন একদিন। আজ অক্ষম ও পীড়াগ্রস্ত হইয়া পড়িয়াছেন, তাই এই দুর্দশা। বৃদ্ধ হইয়া পড়িয়াছেন, টুইশানিও জোটে না আর। স্কুলমাস্টারের এই পরিণাম।

বেশী দূর যাইতে হইবে না, তাঁহাদের স্কুলেই রহিয়াছেন নারায়ণবাবু—তিন কুলে কেহ নাই, আজীবন পুত্চরিত্র, আদর্শ শিক্ষক, কিন্তু স্কুলের চোর-কুঠুরির ঘরে নিষ্কল আত্মীয়হীন জীবন যাপন করিতেছেন আজ আঠারো বছর কি বাইশ বছর, কে খবর রাখে? আজ যদি চাকুরি যান্ন, কাল আশ্রয়টুকুও নাই। ভাবিতে ভাবিতে অল্পমনস্ক অবস্থায় ক্ষেত্রবাবু টুইশানিতে চলিয়াছেন, কে পিছন হইতে বলিল, শ্রাবু, ভাল আছেন?

ক্ষেত্রবাবু পিছন ফিরিয়া চাহিলেন, একটি স্ববেশ তরুণ যুবক। বেশ দামী স্ট পরনে, চোখে কাঁচকড়ার চশমা! মুছ হাসিয়া বলিল, চিনতে পারছেন না স্মার ?

—না, কই, ঠিক—তুমি আমাদের স্কুলের ?

—হ্যাঁ, স্মার। অনেক দিন আগে, এগার বছর আগে—পাশ করি। আমার নাম সুরেশ।

—সুরেশ বসু ?

—না স্মার, সুরেশ মুখার্জি, সেবার সেই সরস্বতীপূজার সময়ে আমাদের বাবু ভাঁড়াব লুঠ করে ছেলেরা, মনে আছে ? হেডমাস্টার ফাইন করেছিলেন সব ছেলের। মনে হচ্ছে স্মার ?

—হ্যাঁ, একটু একটু মনে হচ্ছে যেন। তোমাদের ছেলেবেলার কথা হিসেবে এসব ঘটনা মনে থাকে আমাদের তত মনে রাখবার ব্যাপার নয় বাবা। বুঝতেই পারচ! কী কব এখন ?

—আজ্ঞে স্মার, রাঁচিতে চাকরি করি, এঞ্জিনিয়ার।

—ইঞ্জিনিয়ারিং পাশ করেছিলে বুঝি বাবা ?

—আজ্ঞে, শিবপুর থেকে পাশ করে বিলেতে যাই। আজ তিন বছর বিলেত থেকে ফিরে গভর্নমেন্ট সার্ভিস করছি রাঁচিতে—পি. ডবলিউ. ডি.-তে গ্যাসিস্ট্যান্ট এঞ্জিনিয়ার।

—কী নাম বললে, সুরেশ মুখার্জি ? এখন চেনা-চেনা মুখ বলে মনে হচ্ছে। অনেক দিনের কথা—আর কত ছেলে আসে-যায়, কাজেই সব মনে রাখা—

—নিশ্চয় স্মার, ঠিক কথা। পুরোনো মাস্টারদের মধ্যে কে কে আছেন স্মার ? যুবাবু আছেন ?

—হ্যাঁ, শ্রীশবাবু, খার্ড পণ্ডিত আছেন, নারায়ণবাবু আছেন—

—নারায়ণবাবু আজও আছেন স্মার ? উঃ, অনেক বয়স হল তাঁর ! তিনি কি স্কুলের সেই ঘরেই থাকেন—আচ্ছা, একবার দেখা করে আসব। বড্ড ইচ্ছে হয়। চাকরটা আছে ? কেবলরাম ?

—হ্যাঁ, আছে বইকি। যেও না একদিন স্কুলে।

যুবকটি পায়ের ধূলা লইয়া প্রণাম করিয়া চলিয়া গেল। ক্ষেত্রবাবু সগর্বে একবার চারিদিকে চাহিলেন—লোকে দেখুক, এমন একজন স্ট-পরা তরুণ যুবক তাঁহার পায়ের ধূলা লইতেছে। তাহাকে বেশ সন্দর দেখিতে, সাহেবের মত চেহারা। কবে হয়তো ইহাকে পড়াইয়াছিলেন মনে নাই, তবুও তো তাঁহাদের স্কুলের ছাত্র। আজ দু পয়সা করিয়া খাই-তেছে। বিলাত-ফেরত গ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার—এরকম হয়তো কত ছাত্র কত দিকে আছে, সকলের সন্ধান তো জানা নাই।

এইটুকু ভাবিয়াই স্থখ। এই ছাত্রের দল তাহাদের বাল্যজীবনের শত স্মৃতিস্মৃতির আধার তাহাদের স্কুল ও স্কুলের শিক্ষকদের ভুলে নাই; কেহ আছে বর্খায়, কেহ আছে সিমলায়,

কেহ বা কুমায়ুন, শিলং, মসলিপত্তনে। তবুও দেশের আশা-ভরসাহুল পুত্রপ্রতিম এই সব তরুণ দল একদিন তাঁহাদেরই হাতে চডটা-চাপডটা খাইয়া ঈংরেজী ব্যাকরণের নিয়ম শিখিয়াছে, বীজগণিতের জটিল রহস্য বুঝিয়াছে—ভাবিয়াও আনন্দ হয়।

ক্ষেত্রবাবু পাশের গলিতে ঢুকিয়া টুইশানি-পড়া ছাত্রের বাড়ী কড়া নাড়িলেন।

চৈত্র মাস। ইস্টারের ছুটি আজই হইয়া গেল। যত্নবাবু মেসে ফিরিয়া দেখিলেন, অবনী চিঠি লিখিয়াছেন— তিনি যদি এই মাসের মধ্যে বউদিদিকে এখান হইতে লইয়া না যান, তবে সে বউদিদিকে কলিকাতায় আনিয়া যত্নবাবু মেসে রাখিয়া যাইবে।

মাত্র পাঁচটি টাকা হাতে—স্কুলের টাকা এ মাসে সামান্যই পাওয়া গিয়াছিল, কোন্ কালে খবচ হইয়া গিয়াছে মেসের ছই মাসের দেনা মিটাইতে। সামান্য কিছু স্বীকে পাঠাইয়াছিলেন, এ পাঁচটা টাকা টুইশানির অগ্রিম আদায়ী আংশিক মাহিনা। জীকে রাখিবার কোন অল্পবিধা হইত না বেড়াবাড়ী, যদি নিছের বাড়ীঘর সেখানে থাকিত। কিন্তু পৈতৃক বাড়ী ভূমিসাং হওয়ার পরে যত্নবাবু সেখানে আব যান নাই, সেই হইতেই পথে পথে, বাসায়। আশ দেড় বৎসরের উপর, জীকে বেড়াবাড়ী পরের সংসারে ফেলিয়া রাখিয়াছেন,—ইচ্ছা করিয়া কি ? তাহা নয়। নিরুপায় হিসাবে।

এখন স্বীকে গিয়া ওখান হইতে সরাইতে হইবে।

নতুবা ইতর অবনীটা সত্য সত্যই হয়তো জীকে একদিন মেসে আনিয়া হাজির করিবে। লোকটা কাণাকাণ্ড-জ্ঞানহীন কিনা।

সাত-পাঁচ ভাবিয়া যত্নবাবু টিকিট কাটিয়া সিরাজগঞ্জ-প্যাসেঞ্জারে রাত্রে রওনা হইলেন এবং শেষরাত্রে বগুলা নামিয়া, স্টেশনে বাত কাটাষ্টনা, পবদিন সকালে সাত ক্রোশ হাঁটিয়া বেলা আড়াইটার সময় গলদর্শন ও অভুক্ত অবস্থায় বেড়াবাড়ী পৌঁছিলেন।

অবনী বলিল, আস্থন দাদা, তা একেবারে যেমে—এঃ ওরে নিতে কাপালীকে ডেকে এনে গাছ থেকে দুটো ডাব পাড়ার ব্যবস্থা কর। হাত পা দুয়ে নিন—তারপর ভাল সব ?

যত্নবাবু ঠাণ্ডা হইলেন। জীকে দেখিয়া কিন্তু চমকিয়া উঠিলেন। অবনীর বিধবা দিদি কান্ত বলিল, বউ প্রায় কেবল জরে ভুগেছে ওদিকে—এই মাসখানেক ফাণ্ডনে হাওয়া পড়ে একটু ভাল আছে। তাও ছবার পড়ল। ঘোর মেনেরিয়া এ সব দিকে। দেখ না, ওই অবনীর ছেলেমেয়েগুলো ভুগে ভুগে হাড়ি-সার। না একটু শুধু, না চিকিচ্ছে—কোথায় পাবে ? সামান্য আয়, এদিকে সকালে উঠে দু কাঠা চালের খরচ। বোস, একটা ডাব কেটে আনি ভাই—

যত্নবাবুর স্বী কাঁদিতে লাগিল। বেচারীর ভাগ্যে আজ প্রায় এক বছর পরে তাঁহার দর্শনলাভ ঘটিল।

যত্নবাবু বলিলেন, কেঁদো না। এঃ তোমার চেহারা দেখতে বডুই—

—হ্যাঁ, বডুই ! মরে যাচ্ছিলাম কাস্তিক মাসে। মরে বেঁচে উঠেছি। আচ্ছা, মাছুষ

কী করে এমন হতে পারে ? এত করে চিঠি দিলাম, একবার চোখের দেখা -

—তুমি তো বললে চোখের দেখা। হাতে পয়সা না থাকলে তো আর—

—হ্যাঁ গো, যদি মরেই যেতাম, তা হলে একবার তোমার সঙ্গে দেখাটাও যে হত না !

—সে সবই বুঝলাম। আমার অবস্থাটা তোমরা দেখবে না তো ? তোমাদের কেবল—

যত্নবুর স্ত্রী ঝাঁজের সহিত বলিল, এমন কথা বলো না। মুখে পোকা পড়বে। আমি যেমন নীরবে সয়ে গেলাম এমন কেউ সহি করবে না, তা বলে দিচ্ছি। রাত্রে জ্বরে পুড়েছি, শুধু মন ইপিয়েচে—মরে গেলে তোমাকে একটিবার চোখের দেখাটা হল না বুঝি, তাও কাউকে আমি বিরক্ত করি নি। চারিদিক চাহিয়া স্থর নিচু করিয়া বলিল, আর এমন চামার ! এমন চামার ! এক পয়সার সাবু না, এক পয়সার মিছরি না। বরং তুমি যে টাকা পাঠাতে মাসে মাসে, তা থেকে কেবল আঙ দাও এক টাকা, কাল দাও আট খানা—ওই অবনী ঠাকুরপো। না দিলেও চক্ষুজ্বা, গুদের বাড়ী, গুদের ঘরে জায়গা দিয়েচে। জায়গা দিয়েচে কি অমনি। ওই টাকাটা সিকেটা তো আছেই—আর এদিকে বাকিয়ার ছালা কী ! এক-একদিন ইচ্ছে হত—এই সত্যা বলচি দুপুরবেলা—ব্রাহ্মণের সামনে মিথ্যে বলি নি—যে, গলায় দড়ি দিয়ে মরি—

এই সময়ে অবনীর বিধবা দিদি (তিনি যত্নবুরও বড়) ডাব কাটিয়া আনিয়া বলিলেন, বউ, এক গ্লাস জল নিয়ে এস, আর এই রেকাবিতে দুখানা বাসোতা—কোথায় কী পাব বল ভাই ! বাসোতা দুখানা থেয়ে একটু জল—আমি গিয়ে ভাত চড়াই।

যত্নবুর স্ত্রী জলহাতে আসিয়া বলিল, ঠাকুরঝি লোকটা এই বাড়ীর মধ্যে ভাল লোক। নইলে বউ—ও বাবা:—খুরে নমস্কার। বলিয়া উদ্দেশে প্রণাম করিয়া জলের গ্লাসটা যত্নবুর সম্মুখে নামাইয়া রাখিল।

বৈকালের দিকে অবনী বলিল, দাদার কি এখন গুড্ ফ্রাইডের ছুটি ?

—হ্যাঁ।

—কদিন ?

—মঙ্গলবার খুলবে। ওই দিনই ওকে নিয়ে যাব ভাবচি।

—তাই নিয়ে যান। এখানে বউদিদির শরীরও টিকচে না, মনও টিকচে না। তাই কখনও টেকে ? আপনি রইলেন পড়ে কলকাতায়, উনি রইলেন এখানে। ছেলে নেই, পিলে নেই। আপনার বউমার কাছে কেবল কান্নাকাটি করেন, হুঃ হুঃ করেন। নিয়ে যান, সেই ভাল। তা ছাড়া আমাদের এখানে অস্ববিধে। ঘরদোর নেই—দুখানি মাড় ঘর। আবার আমার ছোট ভগ্নীপতি শিশির নাকি আসবে শুনছি ছেলেমেয়ে নিয়ে—কতদিন আসে নি। তারা এলেই বা কোথায় থাকে ? তাই বলি দাদাকে চিঠি লিখি, দাদা এসে ওঁকে নিয়েই যান।

—না, তুমি যা করোছ, যথেষ্ট উপকার করেছ। এতদিন কে রাখে ! যাই, একটু বেড়িয়ে আসি—

এ বেড়াবাড়ী গ্রামের বাহিরে খুব বড় বড় মাঠ—আধ মাইল, কি তারও কম দূরে চূর্ণী নদী। নদীর ধারে খেজুরগাছ, নিমগাছ ও তাঁটসেণ্ডার বন। এখন নিমফুলের সময়, চৈত্রের তপ্ত বাতাসে নিমফুলের সুবাস-মাখানো। ঘেঁটফুলের দল কিছুদিন আগে ফুটিয়া শেষ হইয়া গিয়াছে—এখন শুধু রাঙা রাঙা ফুলের মেলা তাঁটগাছের মাথায় মাথায়। উত্তর দিকের মাঠে প্রকাণ্ড একটা কচিপাতা-ভরা বটগাছের শীর্ষদেশ মাথা তুলিয়া দাঁড়াইয়া। কিছুদিন আগে সামান্য বৃষ্টি হইয়া গিয়াছে, চমৎস্কেতের মাঝে মাঝে জল জমিয়া ছিল, এখনও আধশুকনো কাদায় তার চিহ্ন আছে। একটা তুঁতগাছের তলায় অনেক শুকনো তুঁতফল পড়িয়া আছে। যদুবাবু একটা তুঁতফল কুড়াইয়া মুখে দিলেন—মনে পড়িল, বাল্যকালে এই সময় তুঁতফল খাওয়ার সে কত আগ্রহ। কোথায় গেল সে সব সুখের দিন। বাবা গোয়াড়ী কোর্টে কাজ করিতেন, শনিবারে শনিবারে গ্রামের বাড়ীতে আসিতেন, হাঁড়ি-ভাঙি খাবার আনিতেন ছেলেমেয়ের জন্ত। তাঁদের বাড়ীতে মোংলা বলিয়া এক গোয়ালানা-হাঁড়া থাকিত। সুরভাঙ্গা খাইবার লোভে সে ছুটিয়া গিয়া রাণ্ডায় দাঁড়াইত—কর্ত্তা হাঁড়ি-হানে আসিতেছেন, না শুধু হাতে আসিতেছেন দেখিবার জন্ত।

নদীতে ডিঙি-নৌকায় জেলেরা মাছ ধরিতেছে! যদুবাবু বলিলেন, কী মাছ রে ?

—আজ খয়রা আছে কর্ত্তা।

—দিবি চার পয়সার, যাব ? অনেক দিন দেশের খয়রা মাছ খাই নি। টাটকা খয়রা মাছটা—

যদুবাবু অবনীর দিদির হাতে মাছ দিয়া বলিলেন, ও দিদি, এই নাও। দেশের খয়রা মাছ কত কাল খাই নি!

রাত্রে পাড়ার এক জায়গায় সত্যনারায়ণের সিম্নি উপলক্ষে যদুবাবু অবনীর সঙ্গে তাহাদের বাড়ী গেলেন। বাড়ীর কর্ত্তা যদুবাবুকে যথেষ্ট খাতির করিয়া এমাইল, তামাক সাজিয়া আনিল নিজের হাতে। তাহার বড় ছেলের একটা চাকরি হইতে পারে কি না কলিকাতায় ? ছেলেটিকে ডাকিয়া আনিয়া পরিচয় করাইয়া দিল। ম্যাট্রিক ছইবার ফেল করিয়া সম্প্রতি আজ বছর খানেক বসিয়া আছে। পূর্বেকার অভিজ্ঞতা হইতে যদুবাবু সাবধান হইয়াছিলেন, আবার কলিকাতার মেসে, কি বাসায় জুটিয়া উৎপাত করিতে শুরু করিলেই চক্কুস্থির। পাড়াগাঁয়ের লোককে বিশ্বাস নাই। সুতরাং তিনি বলিলেন, তিনি চেষ্টা করিবেন, তবে এখন কিছু বলিতে পারেন না—আজকাল কত বি. এ., এম. এ. পাস ফ্যা-ফ্যা করিতেছে, তা ম্যাট্রিক।

রাত্রে ক্লিকে বলিলেন, তা হলে আর একটা মাস এখানে—

—না, তা হবে না। আমায় নিয়ে যাও এবার।

•—কিন্তু কোথায় নিয়ে যাই বল তো ?

—তা তুমি বোঝ।

যদুবাবু মুখ ভ্যাংচাইয়া বলিলেন, তুমি বোঝ! বুঝি।• কী, সেটা আমায় দেখিয়ে দাও। কলকাতায় কি বাসা ঠিক করে রেখে এসেছি যে, তোমায় নিয়ে গঠাব ? উঠবে কোথায় ?

শেয়ালদা ইস্তীশানে বসে থাকবে ?

যুবাবুর স্ত্রী কাঁদিতে লাগিল।

—আঃ কী মুশকিলেই পড়েছি বিয়ে করে ! ঝাড়া হাত-পা থাকলে আজ আমার ভাবনা কি ? তোমার ভাবনা ভাবতে ভাবতেই প্রাণ গেল।

যুবাবুর স্ত্রী কাঁদিতে কাঁদিতে বলিল, আমার ভাবনা কী ভাবতে হচ্ছে তোমায় ? ফেলে রেখেছ এখানে আজ দেড় বছর—জুরে ভুগে ভুগে আমার শরীরে কিছু নেই, তাও তোমাকে কি কিছু বলেছি ? মুখনাড়া আর খোঁটা দুটি বেলা হজম করতে হত যদি আমার মত, তবে বুঝতে ! এততেও তোমার কাছে ভাল হলাম না। তার চেয়ে আমি গলায় দড়ি দিয়ে মরি, তুমি ঝাড়া হাত-পা হও, আপদ চুকে যাক।

—আচ্ছা, থাম থাম, রাত-হুপুরে কান্নাকাটি ভাল লাগে না। ঘুম আসচে। ওরা শুনতে পাবে—এক ঘর, এক দোর, দেখি যা হয়—

—তুমি এবার না নিয়ে গেলে অবনী ঠাকুরপো শুনবে নাকি ? স্বামী-স্ত্রীতে পরামর্শ হয়েছে এবার আমাকে তোমার সঙ্গে ওরা পাঠিয়ে দেবেই। ওদের বাড়ীতে জায়গা হচ্ছে না—ওর ভগ্নপতি নাকি আসবে শুনছি এ মাসের শেষে। সত্যিই তো, ঘরদোর নেই, ওদের অসুবিধে হয় বইকি। এতদিন তো রাখলে।

—হ্যাঁ, রেখেছে তো মাথা কিনেচে কি না ! ভারি করেছে ! আর আমার মেসে গিয়ে যে সাত দিন থেকে এল, আজ সিনেমা রে, কাল ইয়ে রে, তখন ?

—তুমি বুঝি অবনী-ঠাকুরপোকে টাকা দাও নি সেবার, সে কী খোঁটা আর তোমার নামে কী সব কথা আমায় শুনিয়ে শুনিয়ে স্বামী-স্ত্রীতে দিনরাত ! আমি বলি, আর তো আমার সছ হয় না, এক দিকে চলেই যাই, কি, কী করি ! এত কষ্ট গিয়েছে সে সময়।

—আচ্ছা, থাক্ সে-সব কথা এখন। রাত হয়েছে ঘুম আসচে—মারাদিন খাটুনি আর রাত্তির কালে ভ্যাজর-ভ্যাজর ভাল লাগে না।

যুবাবু বোধ হয় ঘুমাইয়া পড়িলেন। তাঁহার স্ত্রী নিঃশব্দে কাঁদিতে লাগিল। কিছুকাল পরে বলিল, ঘুমুলে নাকি ? ওগো !

যুবাবু বিরক্তির স্বরে বলিলেন, আঃ, কী ?

—তোমার পায়ে পড়ি, আমায় এবার এখানে রেখে যেয়ো না। আমি আর সছ করন্তে পারছি নে—তুমি বোঝ। কখনও তো তোমায় এমন করে বলি নি—কেবল ওই ঠাকুরঝি জন্তে এখানে এতদিন থাকতে পেরেচি। নইলে কোন্ কালে এতদিন—একবার রাগে দিলে, তুমি নাকি বিয়ে করেছ, আমার ছেলেপিলে হল না বলে। 'বলে, দাদা সেইজন্তেই বউদিদিকে ত্যাগ করে আমাদের ঘাড়ে চাপিয়ে রেখে গিয়েছে। সে কত কথা ! আমি ভেবে কেঁদে মরি। শুধু ঠাকুরঝি আমায় বোঝাত, বউ, তার কি এখন বিয়ের বয়স আছে যে, বিয়ে করবে ? তুমি ওসব শুনো না।

—তুমিও কি ভাব নাকি আমার বিয়ের বয়স নেই ?

—বয়েস থাকলে কী হবে, একটা বিয়ে করে তাই খেতে দিতে পার না, ছুটো বিয়ে করে তোমার উপায় হবে কী ? কুঞ্জোর সাধ হয় চিত হয়ে শুভে—

এই কথায় ষড়্‌বাবুর পৌকষের অভিমান ভীষণভাবে আহত হওয়ার তিনি আর কোন কথা না বলিয়া পাশ ফিরিয়া শুইলেন এবং বোধ হয় খানিকক্ষণ পরেই গভীর নিদ্রায় অভিভূত হইলেন।

চুনি এবার খাৰ্ড ক্লাসে উঠিল। চেহারা আরও সুন্দর হইয়াছে, গুঠে গোঁফের ঙ্গেৎ রেখা দেখা দিয়াছে।

নারায়ণবাবু পড়াইতে গিয়া তাহার সঙ্গে গল্প করেন নানা বিষয়ে—চুনিকে ছাড়িয়া যেন উঠিতে ইচ্ছা হয় না। চুনির মধ্যে একটি সুহৃৎ রহস্য ও বিশ্বয়ের ভাণ্ডার যেন গুপ্ত আছে, নারায়ণবাবু নানা কথায় ও প্রশ্নে সেই রহস্যভাণ্ডারের সন্ধান খুঁজিয়া বেড়ান। চুনি আসিবা-মাত্র নারায়ণবাবু কেমন আশ্চর্য হইয়া যান—ভাল করিয়া পড়াইতেও যেন পারেন না, কেবল তাহার সহিত গল্প করিতে ইচ্ছা করে ! অথচ চুনি তাঁহাকে কী দিতে পারে ? তাঁহাকে সে রাজা করিয়া দিবে না, নারায়ণবাবু তাহা ভালই জানেন ; তবুও কেন এমন হয়, কে জানে ? মাস্টার পড়াইতে আসিয়া ঘন ঘন ঘড়ির দিকে তাকায়, উঠিতে পারিলে বাঁচে ; অথচ নারায়ণবাবুর উঠিতে ইচ্ছা করে না, রাজি বেশী হইয়া যায়, চুনি পান্না শুমে ঢলিয়া পড়ে, কলিকাতার কলকোলাহল নীরব হইয়া আসে। নারায়ণবাবু ধমক দিয়া বলেন, এই চুনি, এই পান্না, ঢুলছিস না কি ? পান্না চমকিয়া উঠিয়া বইয়ের পাতায় মন দিবার চেষ্টা করে, নিচু সলঙ্ক সুরে বলে, শুম আসছে স্মার, রাত অনেক হল—

চুনির মায়ের সুর খোলা দ্বারপথে ভাসিয়া আসে : আজ তোদের কি হবে না নাকি ? সারা রাত বসে ভ্যাজর ভ্যাজর করলেই বুঝি ভাল পড়ানো হয় ?

পরে ঙ্গেৎ নেনপথ্য হইতে শ্রুত হইল সেই একই কণ্ঠের সুর : বুড়ো মাস্টারটা বসে বসে করে কী এত রাত পর্য্যন্ত ? এত করে বলি ঔকে, বুড়ো মাস্টার বদলে ফেল—বুড়ো দিয়ে কি নেকাপড়া হয় ?

চুনি লাফাইয়া উঠিয়া বড়ীর মধ্যে মাকে হয়তো বা মারিতে ছোট্টে।

নারায়ণবাবু ধমক দিয়া চিৎকার করিয়া বলেন, এই চুনি কোথায় বাস ? পান্না যা তো, তোর দাদাকে ধরে নিয়ে আয়।

কিছুক্ষণ পরে চুনি বর্ণাক্ত রাঙা মুখে আসিয়া হাঁপাইতে থাকে।

—কোথায় গিয়েছিলি ? •

—কোথাও না স্মার।

—এট সব জ্ঞান হচ্ছে তোমার, না ?

—না স্মার। আপনি তাই সহ্য করেন, আপনার খেয়াল নেই কোনও দিকে। আমাদের বাড়ীতে আসেন, তা আমাদের কত ভাগ্যি। রোজ রোজ, যা এরকম করবে আমি—

—ছিঃ, মার সঘন্থে কোন কথা বলতে নেই ছেলের। মায়ের বিচার কি ছেলে করবে ?
আমারই দেরি হয়ে গিয়েছে আজ, উঠি বরং—

—না স্তার, বহন না আপনি।

চুনির মার কণ্ঠস্বর পুনরায় ঝারপথে শ্রুত হইল : খাবি নে পোড়ারমুখে ছেলে ? বামনী
কি এত রাত পর্যন্ত তোমাদের ভাত নিয়ে বসে থাকবে নাকি ?

নারায়ণবাবু লজ্জিত কৈফিয়তের স্বরে অন্তরালবস্তিনীকে উদ্দেশ্য করিয়া বলিলেন, হ্যাঁ,
বউমা, আমি এই যে ষাই—যাচ্ছি—একটু দেরি হয়ে গেল আজ—

ঈষৎ নম্রস্বরে উদ্দেশ্যে উত্তর আসিল, ভাত নিয়ে থাকতে হয় ঠাকুরঝি, তাই বলি। নইলে
মাস্টার পড়াচ্ছে, পড়াক না—আমি কি বারণ করি ?

নারায়ণবাবু গলির ভিতর দিয়া চলিয়া আসিলেন, মনে অতুতপূর্ব আনন্দ। চুনি তাঁহার
দিকে হইয়া মাকে মারিতে গিয়াছিল, তাঁহাকেই চুনি তবে শ্রদ্ধা করে, ভালবাসে, ভক্তি করে!
কেন এ আনন্দ রাখিবার জায়গা নাই, বুদ্ধ নারায়ণবাবু তা বুঝিতে পারেন। তাঁহার কেহ
আপনার জন নাই এ বিশাল ছুনিয়র্ক, তবু চুনি আছে, বড় হইলে তাঁহাকে দেখিবে।

স্কুল-বাড়ীর বড় ছাদে রাত্রে আহালাদির পর নারায়ণবাবু পায়চারি করেন—বছকালের
অভ্যাস। আকাশে নক্ষত্ররাজি এই তেতলার ছাদ হইতে বেশ দেখা যায় বলিয়াই নারায়ণবাবু
এই সময়ে উন্মুক্ত আকাশতলে বেড়াইতে ভালবাসেন। ডাকিলেন, ও জগদীশ ভায়া, খাওয়া-
দাওয়া হল ?

টিচারদের ঘরের পাশে ক্ষুদ্র টিনের একখানি চালায় জ্যোতির্বিদ্যেনোদ মাছ ভাজিতেছিলেন,
উত্তর দিলেন, না দাদা, এই ছেলে পড়িয়ে এসে রান্না চড়িয়েছি। ও দাদা, আজ কী হয়েছিল
জ্ঞানেন ?—বলিতে বলিতে জ্যোতির্বিদ্যেনোদ বাহিরে আসিলেন :—আজ এই লাল বাড়ীর
সেই যে ছেলেটা ছাদে উঠে ডন্ কষত, সে আজ নতুন বউ নিয়ে বাড়ী এসেছে—পাড়াগাঁয়ের
বাড়ীতে বিয়ে হয়েছিল, আজ বউ নিয়ে এল।

নারায়ণবাবু আগ্রহের সঙ্গে জিজ্ঞাসা করিলেন, কেমন বউ হল ?

—খাসা বউ হয়েছে—ওরই মত ফরসা, ছুজনে ছাদে বেড়াচ্ছিল, খুব হাসিখুশি—

—আহা, তা হোক, তা হোক—

—ষাই দাদা, মাছ পুড়ে গেল কড়ায়।

কী জানি কেন, নারায়ণবাবুর হঠাৎ মনে পড়িল একটা ছবি। চুনি বিবাহ করিয়া বউ
আনিয়াছে, যেমন চমৎকার রূপবান ছেলে, তেমন লক্ষ্মী-প্রতিমার মত বধু। পুত্রবধু সাধ
তাঁহার মিটিয়াছে। চুনি বলিতেছে, আমার বউ স্তারু-আপনার সেবা করবে না তো কার
সেবা করবে ? চুনি পুরীতে বউ লইয়া বেড়াইতে গিয়াছে, সঙ্গে তাঁহাকে লইয়া গিয়াছে,
কারণ তাঁহার শরীর খারাপ। পুত্রের কর্তব্য করিয়াছে সে।

চুনির বউ বলিতেছে, বাবা, আপনার পায়ে কি এ বেলা তেল মালিশ করতে হবে ?

স্বপ্নাচ্ছন্ন অতীত দিবসগুলির কুশাশা ভেদ করিয়া কত অস্পষ্ট মুখ উকি মারে ! দুপুরের

সময় টিফিনের ছুটিতে কিংবা বেলা পড়িলে কতবার তিনি এই রকম ছাদে বেড়াইতেন, এই ছাদটিতে উঠিলেই সেই পুরানো দিন, তাহাদের সঙ্গে জড়িত কত মুখ মনে পড়ে !

একখানি মুখ মনে পড়ে—সুন্দর মুখখানি, ডাগর চোখে নিস্পাপ দৃষ্টি, আট-ন বছরের ছেলে, নাম ছিল সুন্দেব। মুখের মধ্যে লেবেনচুষ পুরিয়া দিত, তখন নারায়ণবাবুর মাথার চুলে সবে পাক ধরিয়াকে, টিফিনের সময় রোজ পাকা চুল আটগাছি দশগাছি তুলিয়া দিত। বলিত, আপনাকে ছেড়ে কোন স্কুলে যাব না শ্যাবু।

তারপর আর ভাল মনে হয় না—অগণিত ছাত্রসমূহে দূর হইতে দূরান্তরে তাহাদের অপসিয়মাণ মুখ কখন যে হঠাৎ অদৃশ্য হইয়া গিয়াছিল, তার হিসাব মনের মধ্যে ঝুঁজিয়া মেলে না আর। জীবনের পথ বহু পথিকের হাসা-যাওয়ার পদচিহ্নে ভরা, কোথাও স্পষ্ট, কোথাও অস্পষ্ট।

যরে আসিয়া শুইবার ইচ্ছা হইল না, নারায়ণবাবু আবার ডাকিলেন, ও জগদীশ, কী করলে রান্নাবান্না ?

জ্যোতিবিনোদ অন্নপিণ্ডরুদ্ধ স্বরে বলিলেন, খেতে বসেচি দাদা।

—আচ্ছা, খাও খাও—

এই স্কুলবাড়ীর ছোট বরটিতে কত কাল বাস ! কত সুপরিচিত পরিবেশ, কত দূর অতীতের স্মৃতিভরা মাস, বৎসর, যুগ ! আশপাশের বাড়ীর গৃহস্থ জীবনের কত সুখ, আনন্দ, স্নর্কট তাঁহার চোখের উপর ঘটিয়া গিয়াছে। মনে মনে তিনি এই অঞ্চলের পাড়াশুদ্ধ ছেলে মেয়ে, তরুণী কণ্ঠা বধুদের বুড়ো দাদু, যদিও তাহাদের মধ্যে কেহই তাঁহাকে জানে না, চেনে না। আদর্শ শিক্ষক অচ্যুতবাবুর স্মৃতিপূত এই বিদ্যালয়গৃহ, এ জায়গা যে কত পবিত্র—কী যে এখানে একদিন হইয়া গিয়াছে, তার খোঁজ রাখেন শুধু নারায়ণবাবু।

আজ মনে এত আনন্দ কেন ?

কী অপূর্ব আনন্দ, একটা তরুণ মনের আন্তরিক শ্রদ্ধা ও ভক্তি আজ তিনি আকর্ষণ করিতে পারিয়া ধন্য হইয়াছেন। অচ্যুতবাবু বলিতেন, দেখ নারায়ণ, একটা বেলগাছে বছরে কত বেল হয় দেখেচ ? একটা বেলের মধ্যে কত বিচি থাকে, প্রত্যেক বিচিটি থেকে এক হাজার মহীকুহ জন্মাতে পারে ৮ কিন্তু তা জন্মায় না। একটা বেলগাছের ষাট-সত্তর বৎসর-ব্যাপী জীবনে অত বিচি থেকে গাছ জন্মায় না—অন্তত দুটি বেলচারী মানুষ হয়, বড় হয়, আবার বহু বেল ফল দেয়। বহু অপচয়ের হিসেব কষেই এই পুষ্টির ইঞ্জিনীয়ারীং দাঁড় করিয়ে রেখেছেন ভগবান্। তার মধ্যেই অপচয়ের সার্থকতা। স্কুলের সব ছেলে কি মানুষ হয় ? একটা স্কুল থেকে ষাট বছরে দুটো-একটা মানুষ বার হুলেও স্কুলের অস্তিত্ব সার্থক। এই ভেবেই আনন্দ পাই নারায়ণ। প্রত্যেক শিক্ষক, যিনি শিক্ষক নামের যোগ্য—এই ভেবেই তাঁর আনন্দ ও উৎসাহ। দেশের সেবার সব চেয়ে বড় অর্থা তাঁরা যোগান—মানুষ।

জ্যোতিবিনোদ নারায়ণবাবুর সামনে বিড়ি খান না। আড়ালে দাঁড়াইয়া ধূমপান শেষ করিয়া ছাদের এধারে আসিয়া বলিলেন, দাদা, এখনও খান নি ? রাত অনেক হয়েছে।

—না, খাব না, শরীরটা আজ তেমন ভাল নেই।

—কী হয়েছে দাদা? দেখি, হাত দেখি? তাই তো, আপনার যে জ্বর হয়েছে। ছাদে ঠাণ্ডা লাগিয়ে বেড়াবেন না, বেশ গা গরম। চলুন নীচে দিয়ে আসি।

—বোস বোস। এ একটু-আধটু গা-গরমে কিছু আসবে-যাবে না। আকাশের নক্ষত্র চেন? তুমি তো জ্যোতিষ নিয়ে ব্যবসা কর। স্যাক্টনমি জান? ওই যে এক-একটা নক্ষত্র দেখছ—এক-একটা স্বর্ষ্য। আমি যদি বলি, এই পৃথিবীর মত বহু হাজার পৃথিবী ওই সব নক্ষত্রের মধ্যে আছে, তা হলে তুমি কি তার প্রতিবাদ করতে পার?

—আজ্ঞে না দাদা, প্রতিবাদ তো দূরের কথা—আমি কথাটি বলব না, আপনি যত ইচ্ছে বলে যান। যখন ও নিয়ে কখনও মাথা ঘামাইনি—আপনি যেমন জ্যোতিষ আলোচনা করেন নি কখনও—বলেন, ওসব মিথ্যে।

—মিথ্যে বলি নে, আনসায়েন্টিফিক বলি।

—ওই একই কথা দাদা। দু পয়সা করে খাই, কাজেই বিশ্বাস করি।

নারাণবাবু ঘরে আসিয়া শুইয়া পড়িলেন। রাত্রে ভয়ানক পিপাসা। সমস্ত গায়ে ব্যথা। ঘুমের ঘোরে আর জরের ঘোরে কত কী অস্পষ্ট স্বপ্ন দেখিলেন—চুনির মুখ, তাঁহার ছেলে নাই, কেহ কোথাও নাই। কেন! এত ছাত্র আছে, চুনি আছে, শিয়রে চুনি বসিয়া তাঁহার সেবা করিতেছে।

পরদিন নারাণবাবু সকালে বিছানা ছাড়িয়া উঠিতে পারিলেন না। দুইচার দিন গেল, তবুও জ্বর কমে না। ক্ষেত্রবাবু ও রামেন্দুবাবু প্রায়ই আসিয়া বসিয়া থাকেন। হেডমাস্টার প্রথমে নিজের ঔষধের বাস্তু হইতে বাইওকেমিক দিলেন, তারপর ডাক্তার ডাকাইলেন। জ্যোতিষবিনোদ কোথা হইতে নিজের দেশের এক কবিরাজ আনিলেন। ছাত্রেরা কেহ কেহ দেখিয়া গেল। পালা করিয়া রাত জাগিতেও লাগিল।

সকালে স্কুলের মাস্টারেরা দেখিতে আসিয়া খবরের কাগজে একটা খুনের সংবাদ শুনাইয়া গিয়াছিল। নারাণবাবু শুইয়া ভাবিতেছিলেন, মাহুষে কী করিয়া ম্রুণ করে? একবার তিনি এই স্কুলের ঘরেই রাত্রে আলো আসিয়া পড়িতেছিলেন, ডেয়ো-পিপড়ের দল আসিয়া জুটিল লঠনের আশেপাশে—চাপড় মারিয়া গোটা তিনেক ডেয়ো-পিপড়ে মারিয়াছিলেন। তারপর সে কী হুঃখ তাঁহার মনে! একটা ডেয়ো-পিপড়ে আধ-মরা অবস্থায় ঠ্যাং নাড়িয়া চিত হইয়া ছটফট করিতেছিল, সেটাকে বাঁচাইবার জন্ত প্রাণপণে চেষ্টা করিতে লাগিলেন, কিন্তু শেষ পর্যন্ত কিছুতেই সেটাকে বাঁচানো গেল না। নারাণবাবুর মনে হইল, তিনি জীবহত্যা করিয়াছেন—হুঃখ ও অল্পতাপে নিজেকে অতি নীচ বলিয়া বিবেচনা হইল। কী জানি, মাহুষের বিচার করার ভার মাহুষের উপর নাই। তিনি যে খুনী নহেন, তাহা কে বলিবে?

নারাণবাবু শুইয়া যেন সমস্ত জীবনের একটা ছবি চোখের সামনে খেলিয়া বাইতে দেখিতে পান। তারাজোল গ্রামের উত্তরে প্রকাণ্ড তালদ্বীঘি, তাহার পাড়ে ঘন তালের বন, কোনকালে রাত অঞ্চলের ঠ্যাঙাড়ে ভাকাতেরা সেই দ্বীঘির পাড়ে মাহুষ মারিত। কাটা-

জঙ্গলের ঝোপ, আঁচোড় বাসক ফুলের গাছ নিবিড় হইয়া উঠিয়া মানুষের উগ্র লোলুপতার লঙ্কা শ্রামল শাস্তি ও বনকুম্বের গন্ধে ঢাকিয়া দিয়াছে। চীনা পর্যটক আই সিং যেমন বলিয়াছেন—মন ও অস্তঃকরণের তৃষ্ণা হইতে দুঃখ আসে, পুনর্জন্ম আসে। কিন্তু তৃষ্ণা দূর কর, লোভকে ঢাকিয়া মনে শাস্তি স্থাপন কর—শ্রমসমুদ্রে মানবাত্মার পরিভ্রমণ শেষ হইবে। না, কী যেন ভাবিতেছিলেন—তারাজোল গ্রামের তালদীঘির কথা। মনের মধ্যে উল্টা-পাল্টা ভাবনা আসিতেছে।

পয়তাল্লিশ বৎসর পূর্বের সেই হুগলী জেলার অস্তঃপাতী ক্ষুদ্র গ্রামখানি আজ আবার স্পষ্ট হইয়া কুটিয়া উঠিয়াছে, মুখ্জেবাড়ীর ছেলে ছুহু ছিল সঙ্গী, ছুহুর সঙ্গে বাশতলায় বাশের শুকনা খোলা কুড়াইয়া আনিয়া নৌকা করিতেন। একবার তেঁতুলগাছে উঠিয়া তেঁতুল পাড়িতে গিয়া হাত ভাঙিয়াছিলেন, সাত ক্রোশ হাঁটিয়া দামোদরের বন্য দেখিতে গিয়া পথে এক গ্রামে কামারবাড়ী রাত্রে তিনি ও তাঁহার দুইজন বালক সঙ্গী চিঁড়া-দুধ খাইয়া তাহাদের দাওয়ার শুইয়া ছিলেন—যেন কালিকার কথা বলিয়া মনে হইতেছে। কতকাল তারাজোল যাওয়া হয় নাই!

কেহ নাই আপনার লোক সে গ্রামে। বহুদিন আগে পৈতৃক বাড়ী ভাঙিয়া চুরিয়া লুপ্ত হইয়া গিয়াছে। আজ প্রায় ত্রিশ বৎসর আগে তিন দিনের জন্ত তারাজোল গিয়া প্রতিবেশীর বাড়ী কাটাইয়া আসিয়াছিলেন, আর যান নাই। তখনই বাল্যদিনের সে বাড়ীঘর জঙ্গলাবৃত ইষ্টকল্পে পরিণত হইয়াছে দেখিয়াছিলেন—হ্যাঁ, প্রায় ত্রিশ বৎসর হইবে।

নারায়ণবাবু মনে মনে হিসাব করিয়া দেখিবার চেষ্টা করিলেন।

জ্যোতির্বিদ্যোদ ও যদুবাবু একসঙ্গে ঘরে ঢুকিলেন।

যদুবাবু বলিলেন, কেমন আছেন দাদা? এই দুটো কমলালেবু—ওহে জ্যোতির্বিদ্যোদ, দাও না রস করে।

শ্রীশবাবু উঁকি মারিয়া বলিলেন, কে ঘরে বসে?

যদুবাবু বলিলেন, এই আমরাই আছি। এস শ্রীশ ভায়া।

—দাদা কেমন?

—এই একটু কমলালেবুর রস খাওয়াচ্ছি।

নারায়ণবাবুর তৃষিত দৃষ্টি দোরের দিকে চাহিয়া থাকে। দুই দিন, তিন দিন, কোন দিনই চুনিকে দেখতে পান না। চুনি আসে না কেন? বোধ হয় সে শোনে নাই তাঁহার অস্ত্রের কথা।

সকলে চলিয়া যায়। গভীর রাত্রি। টিমটিম করিয়া আলো জ্বলিতেছে।

উত্তর মাঠে গ্রামের বাশবনের ও-পারে দুইটি লোক আকন্দ গাছের পাকা ও ফাটা ফল গুণ্ডা করিয়া বেড়াইতেছে—তুলা বাহির করিয়া খেলা করিবে। তিনি আর ছুহু। প্রায় পঞ্চাশ বৎসর পূর্বের তারাজোল গ্রাম। ছুহু বাঁচিয়া নাই—প্রায় পঁচিশ বৎসর পূর্বে মারা গিয়াছে ৭০০

—কে ?

—আমি কমলেশ স্ত্রী, আমাদের নাইট-ডিউটি আজ । বিমলও আসছে ।

—নারাণবাবু বলিলেন, হ্যাঁ কমলেশ, চুনিকে চিনিস ?

—না স্ত্রী ।

—থার্ডক্লাসে পড়ে—ভাল নামটা কী যেন ! দীর্ঘি বোধ হয় ।

—হ্যাঁ স্ত্রী ।

—কাল একবার বলবি বাবা—

নারাণবাবু হাঁপাইতে লাগিলেন । কথা বলিবার শ্রম সহ্য হয় না ।

—বলব স্ত্রী, আপনি বেশী কথা বলবেন না—গরম জলটা করি । মালিশটা—

পবদিন সকাল হইতে নারাণবাবু আর মাহুয চিনিতে পারেন না ।

কমলেশ ও বিমল চুনিকে গিয়া শিলিল । চুনি মহাব্যস্ত, আজ তাহাদের পাড়ার ম্যাচ, তাহাকে ব্যাকে খেলিতে হইবে । আচ্ছা, খেলার পর বরং—রাজেই সে চেষ্টা করিয়া দেখিবে ।

চুনি আসিয়াছিল, কিন্তু নারাণবাবু আর তাহাকে চিনিতে পারেন নাই । লোকে বলিতেছিল, তাঁহার জ্ঞান নাই । সে কথা আসলে ঠিক নয় । তিনি তখন তারাজোল গ্রামের মাঠে, বনে, দামোদরের বাঁধে বালাসঙ্গী ছুই আর গদাই নাপিতের সঙ্গে আকন্দগাছের ফলের ডুলা সংগ্রহ করিতে ব্যস্ত ছিলেন, পঞ্চাশ বৎসর আগের দিনগুলির মত । চুনির কষ্ট-স্বরও তাঁহাকে সেখান হইতে ফিরাইতে পারিল না ।

কখনও বা অক্ষুণ্ণবাবু তাঁহাকে বলিতেছিলেন, নারাণ, মাহুয তৈরী করতে হবে । তুমি আর আমি দুজনে যদি লাগি—।...বউবাজারে এই স্কুলের একটা ব্রাঞ্চ খুলব সামনের বছর থেকে । তুমি হবে গ্যাসিস্ট্যান্ট হেডমাস্টার । সব বেলকলের বিচি থেকে কি চারা হয় ? বহু অপচয়ের অঙ্ক হিসেবে ধরেই ভগবানের এই সৃষ্টি । ভগবানের গৃহস্থালী কৃপণের গৃহস্থালী নয় নারাণ ।...

স্কুল-মাস্টারের মধ্যে সবাই তাঁহার খাটয়া বহন করিয়া নিম্নতলায় লইয়া গেল । হেড-মাস্টার নিজের পয়সায় ফুল কিনিয়া দিলেন । অনেক ছাত্রও সঙ্গে গেল । শুধু ক্লার্কওয়েল সাহেবের স্কুল নয়, আশেপাশে দুই-তিনটি স্কুলও এই আদর্শ শিক্ষাত্রতীর মৃত্যুতে একদিন করিয়া বন্ধ রছিল ।

যত্নবাবু বাজার করিয়া বাসায় ফিরিলেন । স্কুলের সময় হইয়া গিয়াছে । ক্রীকে বলিলেন, মাছটা ভেজে দাও, নটা বেজে গিয়েছে—আজ একজামিন আদর্শ হবে কিনা ! ঠিক টাইমে না গেলে সাহেব বকাবকি করবে ।

শীতকালের বেলা । বাষিক পরীক্ষা শুরু হইবে বলিয়া যত্নবাবু সকালে উঠিয়া বাসার অতি স্নেহ দাওয়াটাতে দাড়ি কামাইতে বসিয়াছিলেন । দাড়ি কামানো শেষ করিয়া বাজারে গিয়াছিলেন ।

দৈর্ঘ্যে সাত ফুট, প্রস্থে সাড়ে তিন ফুট বর—দাওয়ার এক পাশে রান্নাবর। বরের জানলা খুলিলে পিছনের বাড়ীর ইট-বাহির-করা দেওয়াল চোখে পড়ে। ভাগ্যে শীতকাল, তাই রক্ষা—সারা গরমকাল ও বর্ষাকালের ভীষণ গুমটে অধিকাংশ দিন রাত্রে ঘুম হইত না। তাই সাড়ে আট টাকা ভাড়া।

ভাত খাইতে খাইতে য়ুহুবাবু বলিলেন, বাসা বদলাব, এখানে মাহুঘ থাকে না, তার ওপর অবনীটা এ বাসার ঠিকানা জানে। ও যদি আবার এসে জোটে—

য়ুহুবাবুর স্ত্রী বলিল, তা অবনী ঠাকুরপো তোমার স্কুলে যাবে, স্কুল তো চেনে। বাসা বদলালে কী হবে! কা বুদ্ধি!

—ওগো, না না। স্কুলে আমাদের যার-তার ঢোকবার জো নেই। দারোয়ানকে বলে রেখে দেব, ঠিকিয়ে দেবে। এ বাড়ীর ভাড়াটাও বেশী।

—এর চেয়ে সস্তা আর খুঁজো না। টিকতে পারবে না সে বাসায়। এখানে আমি যে কটে থাকি! তুমি বাইরে কাটিয়ে আস, তুমি কি জানবে?

—কলকাতার বাইরে ডায়মণ্ডহারবার লাইনে গড়িয়া কি সোনারপুরে বাসা ভাড়া পাওয়া যায়—সস্তা, কিন্তু ট্রেনভাড়াতে মেরে দেবে।

স্কুলে যাইতে কিছু বিলম্ব হইয়া গিয়াছে। মিঃ আলম জা কৃষ্ণিত করিয়া বলিলেন, ক্লাসে পেপার দেওয়া হয় নি। এত দেরি করে এলেন প্রথম দিনটাতেই?

একটু পরেই হেডমাস্টারের টেবিলের সামনে গিয়া য়ুহুবাবুকে দাঁড়াইতে হইল। সাহেব বলিলেন, য়ুহুবাবু, বড়ই চুখের কথা—কাজে আপনার আর মন নেই দেখা যাচ্ছে।

—না স্যার, বাড়ীতে অস্থখ।

—ওসব ওজর এখানে চলবে না—মাই গেট ইজ ওপ্‌ন—যদি আপনার না পোষায়—

—স্যার, এবার আমায় মাপ করুন—আর কখনও এমন হবে না।

ব্যাপার মিটিয়া গেল। য়ুহুবাবু আসিয়া হলে পরীক্ষারত ছেলেদের খবরদারি আরম্ভ করিলেন।

—এই দেবু, পাশের ছেলের খাতাব দিকে চেয়ে কী হচ্ছে?

একটি ছেলে উঠিয়া বলিল, তিনের কোশ্চেনটা স্যার, একটু মানে করে দেবেন?

—কই, দেখি কী কোশ্চেন! এ আর বুঝতে পারলে না? বড়ো ধারি ছেলে—তবে পড়াশুনোর দরকার কী?

—স্যার, এ ধারে রুটিং পেপার পাই নি—একখানা দিয়ে যাবেন।

হেডমাস্টার একবার আসিয়া চারিদিক ঘুরিয়া দেখিয়া গেলেন। গেম-টীচার পাশের ঘরে চেয়ারে বসিয়া একখানা জভেল পড়িতেছিল, হেডমাস্টারকে হলে চুকিতে দেখিয়া, বইখানা টেবিলে রাখিত ছেলেদের বইয়ের সঙ্গে মিশাইয়া দিল। পিছনের বেঞ্চিতে ছুটি ছেলে পাশাপাশি বসিয়া বই দেখিয়া টুকিতেছিল, হেডমাস্টারকে পাশের হলে চুকিতে শুনিয়া বইখানা একজরী ছেলে তাহার শার্টের তলায় পেটকোঁচড়ে বেমাঁলুম গুঁজিয়া ফেলিল।

জিনিসটা এবার গেম-মাস্টারের চোখ এড়াইল না, কারণ তাহার দৃষ্টি আর নভেলের পাতায় নিবন্ধ ছিল না, ধীরে ধীরে কাছে গিয়া ছেলেটির পিঠে হাত দিয়া গেম-টীচার কড়াহুরে হাঁকিল, কী ওখানে ? দেখি, বার কর—

ছেলেটির মুখ শুকাইয়া গিয়াছে। সে বলিল, কিছু না স্মার—
—দেখি কেমন কিছু না—

বলা বাহুল্য, বই নিছক জড়পদার্থ, যেখানে রাখ সেখানেই থাকে, টানিতেই বাহির হইয়া পড়িল, ছেলেটি বিষন্নমুখে দাঁড়াইয়া এদিক ওদিক চাহিতে লাগিল। তাহার অপকার্যের সাথী পাশের ছেলেটি তখন একমনে খাতার উপর ঝুঁকিয়া পড়িয়া নিতান্ত ভালমাহুঘের মত লিখিয়া চলিয়াছে।

দণ্ডায়মান ছাত্রটি হঠাৎ তাহার দিকে দেখাইয়া বলিল, স্মার, ক্ষিতীশও তো এই বই দেখে লিখছিল।

ক্ষিতীশ বিস্মিত দৃষ্টিতে তাহার মুখের দিকে চাহিয়া বলিল, আমি ! আমি টুকছিলাম ? গেম-টীচার বইখানি ক্ষিতীশকে দেখাইয়া বলিলেন, এই বই দেখে তুমিও টুকছিলে ?

ক্ষিতীশ অবাক হইয়া ফ্যাল ফ্যাল করিয়া বইখানির দিকে চাহিয়া রহিল, যেন জীবনে সে এই প্রথম সে-বইখানা দেখিল।

—আমি স্মার টুকব বই দেখে ! আমি !

তাহার মুখের লুক্ক, অপমানিত ও বিস্মিত ভাব দেখিয়া মনে হয়, যেন গেম মাস্টার তাহাকে চুরি বা ডাকাতি কিংবা ততোধিক কোন নীচ কার্যে অপরাধী স্থির করিয়াছেন।

সুতরাং সে বাঁচিয়া গেল ! তাহার বিরুদ্ধে কোনও প্রমাণ নাই—এক আসামী ছাত্রের উক্তি ছাড়া গেম-মাস্টার কিছু দেখেন নাই। আসামী হেডমাস্টারের টেবিলের সম্মুখে নীত হইল, সেখানেও সে তাহার সঙ্গীর নাম করিতে ছাড়িল না।

হেডমাস্টার হাঁকিলেন, বি এ স্পোর্ট, আর ইউ নট অ্যাশেম্‌ড্ অফ নেমিং ওয়ান অফ ইণ্ডর ক্লাস মেট্‌স্—কাম, ছাভ্ ইট্—

সপাসপ বেতের শব্দে আশেপাশের ঘরের ও হলের ছাত্রেরা ভীত ও চকিত দৃষ্টিতে হেড-মাস্টারের আপিস-ঘরের দিকে চাহিল।

টং টং করিয়া ঘণ্টা পড়িল।

পাহারাদার শিক্ষকেরা হাঁকিলেন, ফিফ্‌টিন্ মিনিট্‌স্ মোর—

একটি ছেলে ও-কোণে দাঁড়াইয়া বলিল, স্মার, আমাদের ক্লাসে দেরিতে কোন্‌সেন্ দেওয়া হয়েছে—

ষড়্বাবুই এজন্ট দায়ী। তিনি হাঁকিয়া বলিলেন, এক মিনিটও সময় বেশী দেওয়া হবে না—

কারণ, তাহা হইলে আরও খানিকক্ষণ তাঁহাকে সে ক্লাসের ছেলেগুলিকে আগুতাইয়া বলিয়া থাকিতে হয়। ছেলেরা কিন্তু অনেকেই আপত্তি জানাইল। মিঃ আলমের কাছে

আপীল রুজু হইল অবশেষে। আপীলে ধাৰ্য্য হইল, সেই ক্লাসের ছেলেরা আরও পনেরো মিনিট বেশী সময় পাইবে। যত্নবাবুকে অপ্রসন্নমুখে আরও কিছুক্ষণ বসিয়া থাকিতে হইল।

কেরানী প্রত্যেক টীচারের কাছে স্লিপ পাঠাইয়া দিল,—মাহিনা আজ দেওয়া হইবে, বাইবার সময় যে যার মাহিনা লইয়া যাইবেন।

প্রায় সব টীচারই সারা মাস ধরিয়া কিছু কিছু লইয়া আসিয়াছেন—বিশেষ কিছু পাওনা কাহারও নাই। কাটাকাটি করিয়া কেহ বারো টাকা, কেহ পনেরো টাকা হাতে করিয়া বাড়ী ফিরিলেন। ইহার মধ্যে যত্নবাবুর অভাব সর্ব্বাপেক্ষা বেশী, তাঁহার পাওনা দাঁড়াইল পাঁচ টাকা কয়েক আনা।

ক্ষেত্রবাবু বলিলেন, চা খাবেন নাকি যত্নদা ? চলুন।

যত্নবাবু দীর্ঘশ্বাস ফেলিয়া বলিলেন, আর চা ! যা নিয়ে যাচ্ছি এ দিয়ে জ্বর এক জোড়া কাপড় নিয়ে গেলেই ফুরিয়ে গেল।

তুইজনে চায়ের দোকানে গিয়া ঢুকিলেন।

ক্ষেত্রবাবু জিজ্ঞাসা করিলেন, কী খাবেন যত্নদা ? আর এখন তো স্কুলের মধ্যে আপনিই বয়সে বড়, নারায়ণবাবু মারা যাওয়ার পরে।

—দেখতে দেখতে প্রায় দু বছর হয়ে গেল। দিন যাচ্ছে, না, জল যাচ্ছে ! মনে হচ্ছে সে দিন মারা গেলেন নারায়ণদা।

—হেডমাস্টারকে বলে নারায়ণবাবুর একটা ফোটা, কি অয়েলপেটিং—

—পাগল হয়েছ ভায়া, পুণ্ডর স্কুল, মাস্টারদের মাইনে তাই আজ পনেরো বছরের মধ্যে বাড়ী তো দূরের কথা, ক্রমে কমেই যাচ্ছে—তাও দু মাস খেটে এক মাসের মাইনে নিতে হয়। এ স্কুলে আবার অয়েলপেটিং বুলনো হবে নারায়ণবাবুর—পয়সা দিচ্ছে কে ?

দোকানের চাকর সামনে তুই পেয়লা চা ও টোস্ট রাখিয়া গেল। যত্নবাবু বলিলেন, না না টোস্ট না, শুধু চা।

ক্ষেত্রবাবু বলিলেন, খান দাদা আমি অর্ডার দিয়েচি, আমি পয়সা দেব ওর।

—তুমি খাওয়াচ্ছ ? বেশ বেশ, তা হলে একখানা কেকও অমনি—

তুইজনে চা খাইতে খাইতে গল্প করিতেছেন, এমন সময়ে খবরের কাগজের স্পেশাল লইয়া ফিরিওয়ালাকে ছুটিতে দেখা গেল—কী একটা মুখে চিৎকার করিয়া বলিতে বলিতে ছুটিতেছে। ক্ষেত্রবাবু বলিলেন, কী বলচে দাদা ? কী বলচে ?

দোকানী ইতিমধ্যে কখন বাহিরে গিয়াছিল। সে একখানা কাগজ আনিয়া টেবিলের উপর রাখিয়া বলিল, দেখুন না পড়ে বাবু—জাপান, ইংরেজ আর মার্কিনের বিরুদ্ধে যুদ্ধ করচে—

তুইজনেই একসঙ্গে বিশ্বয়স্থক শব্দ করিয়া কাগজখানা উঠাইয়া লইলেন। যত্নবাবুই চশমাবানী ভাড়াভাড়া বাহির করিয়া পড়িয়া বিশ্বয়ের সঙ্গে বলিলেন, য্যা—এ কী ! এই তো লেখা রয়েছে জাপান য্যাটাক্‌স্ পাল হারবার—এ কী ! গ্রেট ব্রিটেন আর মার্কিন—

যত্নবান্ 'গ্রেট ব্রিটেন' কথাটা বেশ টানটান দিয়া লগা করিয়া গালভরা ভাবে উচ্চারণ করিলেন।

—উঃ ! গ্রেট ব্রিটেন আর ইউনাইটেড স্টেট্‌স্ অব আমেরিকা !

শ্বেত্রবান্ 'ইউনাইটেড স্টেট্‌স্ অব আমেরিকা' কথাটা উচ্চারণ করিতে বাড়া এক মিনিট সময় লইলেন। দুইজনেই বেশ পুলকিত ও উত্তেজিত হইয়া উঠিলেন হঠাৎ। কেন, তাহার কোন কারণ নাই। একঘেষে দৈনন্দিন জীবনের মধ্যে যেন বেশ একটা নূতনত্ব আসিয়া গেল। —নারাণবাবুর মৃত্যুর কিছুদিন পরেই ইউরোপে যুদ্ধ বাধিয়াছে, এবং এতদিন, আজ প্রায় দুই বৎসর, চায়ের আসর নিত্যানূতন যুদ্ধের খবরে মশগুল হইয়া ছিল। কিন্তু আজ এ আবার এক নূতন ব্যাপারের অবতারণা হইল তাহার মধ্যে।

যত্নবান্ বলিলেন, আরে চল চল, স্কুলে ফিরে যাই—এত বড় খবরটা দিয়ে যাই সকলকে —
—তা মন্দ নয়, চলুন যত্নবান্। ওহে, তোমার কাগজখানা একটু নিয়ে যাচ্ছি। দিয়ে যাব এখন ফেরত।

যে স্কুলের বাড়ী ছুটির পরে কারাগারের মত মনে হয়, ইঁহারা মহা উৎসাহে কাগজখানা হাতে করিয়া সেই স্কুলে পুনরায় ঢুকিলেন। মিঃ আলম, শ্রীশবান্, জ্যোতিবিনোদ, হেড-পণ্ডিত, রামেন্দুবান্ প্রভৃতির এ বেলা ডিউটি। তাঁহাদের মধ্যে সকলেই বিভিন্ন ঘরে পাহারাদি দিতেছেন—উৎসাহের আতিশয্যে উভয়ে কাগজখানা লইয়া গিয়া একেবারে হেডমাস্টারের টেবিলে ফেলিয়া দিলেন।

হেডমাস্টার বিস্মিত দৃষ্টিতে চাহিয়া বলিলেন, কী ?

—দেখুন স্যার, জাপান হাওয়াই দ্বীপ আর পাল হারবার হঠাৎ আক্রমণ করেছে—
মিটমার্টের কথা হচ্ছিল—হঠাৎ—

হেডমাস্টার সে কথাটা বিশ্বাস করিতে পারিলেন না। বলিলেন, কই দেখি ?

খবরটা বিছাড়েগে স্কুলের সর্বত্র ছড়াইয়া গেল। ছেলেরা অনেকে টীচারদের নামাক্রম প্রদান করিতে লাগিল। স্কুলের অটুট শৃঙ্খলা ভঙ্গ হইয়া বিভিন্ন ঘরে ছেলেদের উত্তেজিত কর্তের প্রশ্ন ও মধ্যে মধ্যে দুই-একজন শিক্ষকের কড়া সুরে হাঁকডাক শ্রুত হইতে লাগিল—এই ! স্টপ্ দেয়ার ! উইল ইউ ? ইউ, রমেন, ডোন্ট বি টকিং—হ টক্‌স্ দেয়ার ? ইত্যাদি ইত্যাদি।

যত্নবান্ ও শ্বেত্রবান্ স্কুল হইতে বাহির হইলেন, কিন্তু চায়ের দোকানে কাগজ ফেরত দেওয়া হইল না, কারণ স্কুলের টীচারদের ব্যুহ ভেদ করিয়া কাগজখানা বাহির করিয়া আনা গেল না।

পড়াইতে গিয়া যত্নবান্ আজ আর ছেলেকে ক্লাসের পড়া বলিয়া দিতে পারিলেন না। ছেলের বাবা ও কাকাকে জাপানের ও প্রশান্ত মহাসাগরের ম্যাপ দেখাইতে দেখাইতে সময় কাটিয়া গেল।

বাসায় ফিরিবার মুখে গলিতে বৃদ্ধ প্রতিবেশী মাখন চক্রবর্তী রোয়াকের উপর অস্তিত্ব

উৎসাহী শ্রোতাদের মধ্যে বসিয়া আন্তর্জাতিক রাজনীতির গুহ তথ্য ব্যাখ্যা করিতেছেন, যত্ন-বাবুকে দেখিয়া বলিলেন, কে ? মাস্টার মশায় ? কী ব্যাপার শুনলেন ? শিদিরপুরে পাঁচশো জাপানী গুলুচর ধরা পড়েছে জানেন তো ?

—সে কী ! কই, তা তো কিছু শুনি নি। না বোধ হয়—

চক্রবর্তী মশায় বিরক্তির স্বরে বলিলেন, না কী ক'রে জানলেন আপনি ? সব পিঠামোড় করে বেঁধে চালান দিয়েছে লালবাজারে। যারা দেখে এল, তারা বললে !

—কে দেখে এল ?

—এই তো এখানে বসে বলছিল—ওই ওপাড়ার—কে যেন—কে হে ? স্বরেশ বলে গেল ?

শেষ পর্য্যন্ত শোনা গেল, কখাটা কে বলিয়াছে, তাহার খবর কেহই দিতে পারে না।

যত্নবাবু বাসায় আসিয়া স্ত্রীকে বলিলেন, শুনেছ, আজ জাপানের সঙ্গে ব্রিটিশ গভর্নমেন্টের যুদ্ধ বেধেচে ?

—সে কোথায় গো ?

—বুঝিয়ে বলি তবে শোন—ম্যাপ বোঝ ? দাঁড়াও, এঁকে দেখাচ্ছি।

—ওগো, আগে একটা কথা বলি শোন। অবনী ঠাকুরপো এসেচে আজ।

যত্নবাবুর উৎসাহ ও উত্তেজনা এক মুহূর্তে নিবিয়া গেল। বলিলেন, র্যাঁ ! অবনী ? কোথায় সে ?

—আমায় বললে, চা করে দাঁও বউদি। চা করে দিলাম, তারপর তোমার আসবার দেরি আছে শুনে সন্ধ্যার সময় কোথায় বেরল।

—তা তো বুঝলাম ! শোবে কোথায় ও ? বড় জ্বালালে দেখচি। এইটুকু তো ঘর—ওই বা থাকে কোথায়, তুমি আমিই বা যাই কোথায় ? রাঁধছ কী ?

—কী রাঁধব, তুমি আজ বাজার করবে বললে এ বেলা। বাজার তো আনলে না, আমি ভাত নামিয়ে বসে আছি। দুটো আলু ছিল, ভাতে দিয়েছি, আর কিছু নেই।

—নেই তো আমি কী জানি ? আমি কি কাউকে আসতে বলেচি এখানে !

—তা বললে কি হয় ! আসতে বলে নি, তুমিও না, আমিও না—কিন্তু উপায় কী ? নিয়ে এস কিছু।

যত্নবাবু নিতান্ত অপ্রসন্নমুখে বাজার করিতে চলিলেন। তাহার মনে আর বিন্দুমাত্র উত্তেজনা ছিল না—এ কী দুর্দৈব ! অবনী আবার কোথা হইতে আসিয়া জুটিল।

রাত্রি নয়টার পরে অবনী একগাল হাসিয়া হাজির হইল : এই যে দাদা, একটু পায়ের ধুলো—ভাল আছেন বেশ ?

—হ্যাঁ, ভাল। তোমরা সব ভাল ? বউমা, ছেলেপিলে ? নন্দ ভাল ? আমি শুনলাম তোমার বউদিদির মুখে যে তুমি এসেচ, শুনে আমি ভারী খুশী হলাম। বলি—বেশ, বেশ। কঙদিন দেখাটা হয় নি—আছ তো দু-একদিন ?

—তা দাদা, আমি তো আর পর ভাবি নে। এলাম একটা চাকরি-টাকরি দেখতে। সংসার আর চলে না। বলি—বাই, দাদার বাসা রয়েছে। নিজের বাড়ীই। সেখানে থাকি গে, একটা হিলে না করে এবার আর হঠাৎ বাড়ী ফিরছি নে। কিছুদিন ধরে কলকাতায় না থাকলে কিছু হয় না।

অবনীর মতলব শুনিয়া যত্নবাবুর মুখের ভাব অনেকটা কাঁসির আশামীর মত দেখাইল! তবুও ভ্রাতৃত্বচক কী একটা উত্তর দিতে গেলেন, কিন্তু গলা দিয়া ভাল স্বর বাহির হইল না।

আহারাদির পর যত্নবাবুর স্ত্রী বলিল, আমি বাড়ীওয়ার পিসীর সঙ্গে গিয়ে না হয় শুই, তুমি আর অবনী ঠাকুরপো—

যত্নবাবু চোখ টিপিয়া বলিলেন, তুমি পাথুরে বোকা। কষ্ট ক'রে শুতে হচ্ছে এটা অবনীকে দেখাতে হবে, নইলে ও আদৌ নড়বে না। কিছু না, এই এক ঘরেই সব শুতে হবে।

যত্নবাবুর আশা টিকিল না। সেই ভাবে হাত-পা গুটাইয়া ছোট ঘরে শুইয়া অবনী তিন দিন দিয়া কাটাইয়া দিল। যাওয়ার নামগন্ধ করে না।

একদিন বলিল, দাদা, চলুন, আজ বউদিদিকে নিয়ে সব স্কুটকি দেখে আসি। পয়সা রোজগার করে তো কেবল সঞ্চয় করছেন, কার জন্তে বলতে পারেন? ছেলে নেই, পুলে নেই।

যত্নবাবু হাসিয়া বলিলেন, তা তোমার বউদিদিকে তুমি নিয়ে গিয়ে দেখাও না কেন?

—হ্যাঁ, আমার পয়সাকড়ি যদি থাকবে—

অবনী একেবারে নাছোড়বান্দা। অতি কষ্টে যত্নবাবু আপাতত তাহার হাত এড়াইলেন।

কয়েক দিন কাটিয়া গেল। যুদ্ধের খবর ক্রমশই ঘনীভূত। বৈকালে চায়ের মজলিসে ক্ষেত্রবাবু বলিলেন, শুনেছেন একটা কথা? রেজুনে নাকি কাল বোমা পড়েছে!

জ্যোতির্কিনোদ বলিলেন, বল কী ক্ষেত্র ভায়া?

—কাগজে এখনও বেরোয় নি, তবে এই রকম গুজব।

শ্রীশবাবু চায়ের পেয়ালা হাতে আড়ষ্ট হইয়া থাকিয়া বলিলেন, আমার ছোট ভনীপতি যে থাকে সেখানে! তা হলে আজই একটা তার করে—

যত্নবাবু ও জ্যোতির্কিনোদ দুইজনেই ব্যস্তভাবে বলিলেন, হ্যাঁ ভায়া, দাও—এখনি একটা তার করা আবশ্যক।

—দাদা, আমার হাতে একেবারে কিছু নেই—কত লাগে রেজুনে তার করতে, তাও তো জানি নে।

ক্ষেত্রবাবু বলিলেন, তার জন্তে কী, আমরা সবাই মিলে দিচ্ছি কিছু কিছু। তার তুমি ক'রে দাও ভায়া, দেখি, কার কাছে কী আছে!

যত্নবাবু বিশ্রম্মুখে বলিলেন, আমার কাছে একেবারেই কিছু কিছু নেই—

—আচ্ছা, না থাকে না থাক। আমরা দেখছি—দেখি হে, বিনোদ ভায়া—

সকলের পকেট কুড়াইয়া সাড়ে তিন টাকা হইল। শ্রীশবাবু তাহাই লইয়া ডাকঘরে চলিয়া গেলেন।

যত্নবাবু বলিলেন, তাই তো হে, এ হল কী ? এমন তো কখনও ভাবিও নি।

ক্ষেত্রবাবু ও জ্যোতিবিনোদ টুইশানিতে বাহির হইয়া গেলেন। গলির মোড়ে ইংরেজী কাগজের স্তম্ভ প্রকাশিত সংস্করণ লইয়া ফিরিওয়াল। ছুটিতেছে—ভারি খবর বাবু—ভারি কাণ্ড হয়ে গেল—

ক্ষেত্রবাবু পকেট হাতড়াইলেন, পয়সা আছে দুইটি মাত্র ! তাহাই দিয়া কাগজ একখানা কিনিয়া দেখিলেন, কাগজে বিশেষ কিছুই খবর নাই। রেজুনের বোমার তো নাম-গন্ধও নাই তাহাতে, তবে জাপানী মৈত্র ব্রঙ্কের দক্ষিণে টেনাসেরিম প্রদেশে অবতরণ করিয়াছে বটে।

মনটা ভাল নয়, পয়সার টানাটনি ! পুনরায় চা এক পেয়লা খাইলে অবসাদগ্রস্ত মন একটু ঢাঙ্গা হইত। কিন্তু তার উপায় নাই। এমন সময়ে রামেন্দুবাবুর সঙ্গে দেখা।

ক্ষেত্রবাবু বলিলেন, কী আজ যে চায়ের মজলিসে ছিলেন না ?

—না, সাহেবের সঙ্গে দরকার ছিল। এই তো স্কুল থেকে বেরুলাম।

—যুদ্ধের খবর দেখেছেন ? খুব খারাপ।

—কী রকম ?

—শুনলাম নাকি রেজুনে বোমা পড়েছে।

—তা আশ্চর্য নয় ! কিন্তু গুজব রটে নানারকম এ সময়ে—কাগজে কিছু লিখেছে এ বেলা ?

যত্নবাবুকে কাহার সহিত যাইতে দেখিয়া দুইজনেই ডাকিয়া বলিলেন, ওই যে, ও যত্নদা, শুনে যান—

যত্নবাবুর সঙ্গে অবনী। বাজার করিয়া অবনীকে দিয়া বাসায় পাঠাইয়া দিবেন বলিয়া যত্নবাবু তাহাকে লইয়া বাহির হইয়াছেন।

—এটি কে যত্নদা ?

—এ—ইয়ে আমার খুড়তুতো—দেশ থেকে এসেছে—

—বেশ, বেশ। কার কাছে পরলী আছে ? রামেন্দুবাবুর ?

—আছে। কত ?

—সবাই চা খাওয়া যাক। হবে ?

—খুব হবে। চলুন সব।

যত্নবাবু বলিলেন, রামেন্দু ভায়ার কাছে চার আনা পয়সা বেশী হতে পারে ? বাজার করতে যাচ্ছি কিনা !

রামেন্দুবাবু সকলকে ভাল করিয়া চা ও টোস্ট খাওয়াইলেন। যদুবাবুকে জিজ্ঞাসা করিলেন, দাদা, আর কী খাবেন বলুন? কেবু একখানা দেবে?

—না, ভায়া, বরং একখানা মাম্লেট—

—ওহে, বাবুকে একটা ডবল ডিমের মাম্লেট দিয়ে যাও।

চায়ের দোকান হইতে বাহির হইয়া সকলে যে যাহার টুইশানিতে বাহির হইলেন। যদুবাবু পথে যাইতে যাইতে হঠাৎ দেখিলেন, প্রজ্ঞাত্রত ওপারের ফুটপাথ দিরা যাইতেছে। সে এবার ম্যাট্রিক দিয়া স্কুল হইতে বাহির হইয়া গিয়াছে, কলেজের ফাস্ট ইয়ারে পড়ে। কয়েকটি সমনয়সী বন্ধুর সঙ্গে বোধ হয় মাঠের দিকে খেলা দেখিতে যাইতেছে।

যদুবাবু ডাকিলেন, প্রজ্ঞাত্রত, ও প্রজ্ঞাত্রত—

প্রজ্ঞাত্রত এদিকে চাহিয়া দেখিল, এবং কিঞ্চিৎ অপ্রসন্ন মুখে ও অনিচ্ছার সহিত এপারে আসিয়া বলিল, কী স্তার?

যদুবাবু সপ্রশংস দৃষ্টিতে চাহিয়া দেখিলেন, ছেলেটির কী সুন্দর উন্নত চেহারা, খেলোয়াড়ের মত সাবলীল দেহভঙ্গী, গায়ে লিঙ্কের হাফ-শার্ট, কাবুলী ধরনের পায়জামার মত করিয়া কাপড় পরা, পায়ে লাল, শুঁড়ওয়াল চটি। স্কুলের নিচের ক্লাসের সে প্রজ্ঞাত্রত আর নাই।

—ভাল আছ বাবা?

—হ্যাঁ স্তার।

—যাচ্ছ কোথায়?

প্রজ্ঞাত্রত এমন ভাব দেখাইল যে, যেখানেই যাই না কেন, তোমার সঙ্গে খোঁজে দরকার কী? মুখে তাচ্ছিল্যের সঙ্গে উত্তর দিল, এই একটু ওদিকে—

—হ্যাঁ বাবা, একটা কথা বলব ভাবছিলাম। তোমাদের বাড়ী একবার যাব আজই ভাবছিলাম—তোমার বাবার সঙ্গে দেখা করতে। তোমার ভাই দেবব্রতকে আজকাল পড়াচ্ছে কে?

—শিববাবু বলে এক ভুল্লোক। আপিসে চাকরি করেন—আমাদের বাড়ির সামনের মেসে থাকেন—

—ক'টাকা দাও?

—দশ টাকা বোধ হয়—কী জানি, ও-সব খবর আমি ঠিক জানি নে।

—আমি বলছিলাম কি, আমরা টুইশানিটা করে দাও না কেন। স্কুলের মাস্টার ভিন্ন ছেলে পড়াতে পারে? আমি তোমাদের স্নেহ করি নিজের ছেলের মত, আমি যেমন পড়াব—এমনটি কারও ছারা হবে না, তা বলে দিচ্ছি—

—কিন্তু এখন তো আমরা সব চলে যাচ্ছি কলকাতা থেকে।

যদুবাবু বিশ্বস্তের স্বরে বলিলেন, কলকাতা থেকে? কেন?

—শোনেন নি, জাপানীরা কবে এসে বোম্বা ফেলবে—এর পরে রাস্তাঘাট সব বন্ধ হয়ে

যাবে হয়তো। আমরা বুধবারে বাড়ীস্থ সব বাচ্ছি শিউড়ি, আমার দাদামশায়ের ওখানে। আমাদের পাড়ার অনেক চলে যাচ্ছে।

—তাই নাকি ?

প্রজ্ঞাব্রত ধীরভাবে বলিল, কেন, আপনি কাগজ দেখেন না ? হাওড়া স্টেশনে গেলেই বুঝবেন, লোক অনেক চলে যাচ্ছে। আচ্ছা, আসি শ্রাবু—

—আচ্ছা বাবা, বেঁচে থাক বাবা।

প্রজ্ঞাব্রত চলিয়া গিয়া যেন হাঁপ ছাড়িয়া বাঁচিল। দেখ দেখি বিপদ! বাইতেছি বন্ধুদেও সঙ্গে বেড়াইতে, রাত্তার মাঝখানে ডাকিয়া অনর্থক সময় নষ্ট—কে এখন বুড়ামাহুষের সঙ্গে বকিয়া মুখ ব্যথা করে! মাহুষের একটা কাণ্ডজ্ঞান তো থাকা দরকার, এই কি ডাকিয়া গল্প করিবার সময় মশায় ?

যত্নবু কিন্তু অল্প রকম ভাবিতেছিলেন। প্রজ্ঞাব্রতের কথায় তিনি একটু অন্তমনস্ক হইয়া পড়িলেন। কলিকাতা হইতে লোক পলাইতেছে জাপানী বিমানের ভয়ে ? তবে কি জাপানী বিমান এত নিকটে আসিয়া পড়িল ?

ছোট একটা টুইশানি ছিল। ভাবিতে ভাবিতে যত্নবু ছাত্রের বাড়ী গিয়া উঠিলেন। দুইটি ছেলে, রিপন স্কুলে পড়ে—ইহাদের জ্যাঠামশায়ের সঙ্গে যত্নবু এক সময়ে কলেজে পড়িয়াছিলেন, সেই স্থপারিশেই টুইশানি। যত্নবু গিয়া দেখিলেন, বাহিরের ঘরে আলো জ্বালা হয় নাট। ডাকিলেন, ও হরে, নরে ! ঘর অন্ধকার কেন।

হরেন নামক ছাত্রটি ছুটিয়া দরজার কাছে আসিয়া বলিল, শ্রাবু ?

—আলো জ্বালিস নি যে বড় ?

—শ্রাবু, আজ আর পড়ব না।

—কেন রে ?

—আমাদের বাড়ীর সবাই কাল সকালের গাড়ীতেই দেশে চলে যাচ্ছে—মা জ্যেঠীমা, দুই দিদি—সবাই যাবে। জিনিসপত্র বাঁধাছাঁদা হচ্ছে, বড় ব্যস্ত সবাই। আজ আর—আপনি চলে যান শ্রাবু !

অল্পদিন টুইশানির পড়া হইতে রেহাই পাইলে যত্নবু স্বর্গ হাতে পাইতেন, কিন্তু আজ কথাটা তেমন ভাল লাগিল না। যত্নবু বলিলেন, তোরাও যাবি নাকি ?

—একজামিনের এখনও দু দিন বাকী আছে, একজামিন হয়ে গেলে আমরাও যাব।

—কোথায় যেন তোদের দেশ ?

—গড়বেতা, মেদিনীপুর।

—আচ্ছা, চলি তা হলে।

আজ খুব সকাল। সবে সন্ধ্যা হইয়াছে। এ সময় বাড়ী ফেরা অভ্যাস নাই। বিশেষত এখনই সে কোটরে কিরিতে ইচ্ছাও করে না। তার উপর অবনী রহিয়াছে, জ্বালাইয়া মারিবে।

ক্রীক লেনে এক বন্ধুর বাড়ী ছুটি-ছাটার দিন যত্নবান্ধু সন্ধ্যাবেলা গিয়া চাটা-আসটা খান, গল্প-গুজব করেন। ভাবিতে ভাবিতে সেখানেই গিয়া পৌছিলেন।

বন্ধু বাহিরের ঘরে বসিয়া নিজের ছেলেদের পড়াইতেছেন। যত্নবান্ধুকে দেখিয়া বলিলেন, এস ভায়া। বোস। আজ অসময়ে যে ? ছেলে পড়াতে বেরোও নি ?

—সেখান থেকেই আসছি।

—একটু চা করতে বলে আয় তো তোর কাকাবাবুর জন্মে। আমার আবার বাড়ীর সবাই কাল যাচ্ছে মধুপুর। সব ব্যস্ত রয়েছে। বাঁধা-ছাঁদা—

যত্নবাবুর বৃকের মধ্যে হাঁত করিয়া উঠিল। বলিলেন, কেন ? কেন ?

—সবাই বলছে, জাপানীরা যে-কোন সময়ে নাকি এয়ার রেড করতে পারে, তাই মেয়েদের সরিয়ে দিচ্ছি।

যত্নবাবুর মনে বড় ভয় হইল, জিজ্ঞাসা করিলেন, কে বললে ?

—বললে কেউ না। কিন্তু গতিক সেই রকমই। এর পরে রাস্তাঘাট বন্ধ হয়ে যাবে।

—বলো কী !

—তাই তো সবাই বলচে ! কলকাতা থেকে অনেকে যাচ্ছে চলে। হাওড়া স্টেশনে গিয়ে দেখ গে লোকের ভিড়।

যত্নবাবু আর সেখানে না পাড়াইয়া বাড়ী চলিয়া আসিলেন। বাসার দরজায় দেখিলেন, দুইখানি ঘোড়ার গাড়ী পাড়াইয়া। বাড়ীওয়ার বড় ছেলে ধরাধরি করিয়া বিছানার মোট ও ট্রাঙ্ক গাড়ীর মাথায় উঠাইতেছে।

যত্নবাবু বলিলেন, এসব কী হে যতীন; কোথায় যাচ্চ ?

যতীন বাইশ-তেইশ বছরের ছোকরা, কলেজে পড়ে। বলিল, ও, আমরা—দেশে যাচ্ছি মাস্টার মশায়। সকলে বলছে, কলকাতাটা এ সময় সেক্ নয়। তাই মা আর বউদিদিদের—

—তুমি, তোমার বাবা, এরাও নাকি ?

—আমি পৌছে দিয়ে আবার আসব। কী জানেন, পুরুষমাত্ৰ আমরা দৌড়েও এক দিকে না এক দিকে পালাতে পারব। হাই এক্সপ্লোসিভ বস্ পড়লে এ বাড়ীঘর কিছু কি থাকবে ভাবছেন ? বোমার ঝাপটা লেগেই মাত্ৰ দম ফেটে মারা যায়। সে সব অবস্থায়—

যত্নবাবুর পা ঠক্ ঠক্ করিয়া কাঁপিতে লাগিল। বলিলেন, বল কী ?

—বলি তো তাই। গবর্নেন্ট বলছে, একখানা করে পেতলের চাকুতিতে নামধার লিখে প্রত্যেকে যেন পকেটে করে বেড়ায়। এয়ার রেডের পরে ওইখানা দেখে ডেড্ বন্ডি সনাক্ত করা—

যত্নবাবুর ভালু শুকাইয়া গিয়াছে। এখনই যেন তাঁহার মাথায় জাপানী বোমা পড়ু-পড়ু হইয়াছে। বলিলেন, আচ্ছা যতীন, তোমরা তো ইয়ং ম্যান, পাঁচ জায়গায় বেড়াও। তোমার কি মনে হয়, বোমা ঝগগির পড়তে পারে ?

—এমি মোমেন্ট পড়তে পারে। আজ রাতেই পড়তে পারে। স্ট্রে রেড্ করার কি সময়-অন সময় আছে ?

—তাই তো !

যত্নবাবু নিজের ঘরে চুকিতেই তাঁহার স্ত্রী তাড়াতাড়ি আগাইয়া আসিয়া ব্যস্তভাবে বলিলেন, হ্যাঁ গা, হিম হয়ে তো বসে আছ—এদিকে ব্যাপার কী শোন নি ? আজ রাত্রে নাকি জাপান বোমা ফেলবে কলকাতায়। বাড়ীওয়ারা সব পালাচ্ছে—পাশের বাড়ীর মটরের বউ আর মা চলে গিয়েছে দুপুরের গাড়ীতে। আমি কাঠ হয়ে বসে আছি—তুমি কখন ফিরবে ! কী হবে, হ্যাঁ গা, সত্যি সত্যি আজ কিছু হবে নাকি ?

যত্নবাবু তাঁচ্ছিলোর সঙ্গে বলিলেন, হ্যাঁ—ভারি—কোথায় কী তার ঠিক নেই।

ভাবিলেন, মেয়েদের সামনে সাহস দেখানোই উচিত—নতুবা মেয়েমাছন হাউমাউ করিয়া উঠিবে।

—হ্যাঁ গা, বাইরে আজ এত অন্ধকার কেন ?

—আজ ব্ল্যাক-আউট একটু বেশী। রাত্তার অনেক গ্যাসই নিবিয়ে দিয়েছে।

—তবুও তুমি বলছ—কোনও ভয় নেই ?

এমন সময় অবনী আসিয়া ডাকিল, দাদা ফিরেছেন ?

—হ্যাঁ, এস।

—আচ্ছা, দাদা, আজ রাত্তার এত অন্ধকার কেন ?

—ও, আজ রাত দশটার পরে কম্পিট ব্ল্যাক-আউট। মানে, রাত্তার সব আলো নিবুনো থাকবে।

—কেন ?

—তুমি কিছু শোন নি যুদ্ধের খবর ?

—না, কী ?

যত্নবাবুর মাথায় একটা ঘুঙ্কি আঁসিয়া গেল। বলিলেন, শোন নি তুমি ? জাপানীরা যে, যে-কোনো সময়ে এয়ার রেড্—মানে বোমা ফেলতে পারে। সব লোক পালাচ্ছে। আজ বাড়ীওয়ারা চলে গেল। আমার ছাত্তেরা চলে গেল—সব পালাচ্ছে। হয়তো আজ রাত্রেই ফেলতে পারে বোমা—কে জানে ? এখন একটা কথা। তুমি তোমার বউদিদিকে কাল নিয়ে যাও দেশে। আমি তো এখানে আর রাখতে সাহস করি নে—

অবনী পাড়াগেয়ে ভীতু লোক। তাহার মুখ শুকাইয়া গেল। দাদার বাসায় ক্ষুষ্টি করিতে আসিয়া এ কী বিপদে পড়িয়া গেল সে ! বলিল, হ্যাঁ দাদা, আজ কী দেখলেন ? জাপান কি কাছাকাছি এল ?

—তা কাছাকাছি বইকি। মোটের ওপর আজ রাতেই বোমা পড়া বিচিত্র নয়, জেনে রাখ।

—তাই তো !

—ভূমি তা হলে কাল সকালেই তোমার বউদিদিকে নিয়ে যাও—

—তা—তা দেখি।—অবনী গুম্ খাইয়া গিয়া আপন মনে কী খানিকটা ভাবিল। কিছুক্ষণ পরে বলিল, হ্যা দাদা, সত্যি সত্যি আজ রাতে কিছু হতে পারে ?

—কথার কথা বলচি। হতে পারবে না কেন, খুব হতে পারে। বাধা কী ? ভূমি বোস, আমি ছুঁড়াই নিয়ে আসি।

যত্নবাবুর স্ত্রী কী কাজে ঘরের মধ্যে ঢুকিয়া দেখিল, অবনী নিজের ছোট্ট টিনের স্টকেসটি খুলিয়া কাপড়চোপড় বাহিরে নামাইয়া আবার তুলিতেছে। তাহাকে দেখিয়া বলিল, বউদিদি, আমার গামছাখানা কোথায় ?

আহারাদির পরে যত্নবাবু অবনীর সঙ্গে পরামর্শ করিলেন। এখানে তিনি স্ত্রীকে আর রাখিতে চান না। কাল ছুপুরে অবনী তাহাকে লইয়া যাক।

অবনী নিম্নরাজী হইল।

সকালে উঠিয়া ঘরের দোর খুলিয়া দালানে পা দিয়া যত্নবাবু দেখিলেন, অবনার বিছানাটা গুটানো আছে বটে, কিন্তু সে নাই। অবনীকে ডাকিয়া তুলিতে হয়—অত সকালে তো সে ওঠে না। কোথায় গেল ?

অবনী আর দেখা দিল না। টিনের স্টকেসটি কখন সে রাতে মাথার কাছে রাখিয়াছিল, ভোরে উঠিয়া গিয়াছে কি রাতেই পলাইয়াছে, তাহারই বা ঠিক কী ?

পরদিন স্কুলে শিক্ষকদের মধ্যে একটা উত্তেজনা ও চাঞ্চল্য দেখা গেল। ক্ষেত্রবাবুর বাসার আশেপাশে যাহারা ছিল, সকলেই নাকি কাল বাসা ছাড়িয়া পলাইয়াছে। ক্ষেত্রবাবু স্ত্রীকে লইয়া তেমন বাসায় কী করিয়া থাকেন। যত্নবাবুর বিপদ আরও বেশী, তাঁহার যাইবার জায়গা নাই। জ্যোতিবিনোদের বাড়ী হইতে টেলিগ্রাম আসিয়াছে—কলিকাতায় আর থাকিবার আবশ্যক নাই, এখনই চলিয়া এস, প্রাণ বাঁচিলে অনেক চাকুরি মিলিবে। হেড-মাস্টার মীটিং করিলেন—অভিভাবকেরা চিঠি লিখিতেছে, স্কুলের প্রমোশন তাড়াতাড়ি দেওয়া হউক, ছেলেরা সব বাহিরে যাইবে—এ অবস্থায় মাস্টারদের কাছে যে সমস্ত পরীক্ষার খাতা আছে, সেগুলি যত শীঘ্র হয় দেখিয়া ফেরত দেওয়া উচিত।

মিঃ আলম বলিলেন, অনেক ছেলে ট্রান্সফার চাইছে, কী করা যায় ?

সাহেব বলিলেন, একে স্কুলে ছেলে নেই, এর উপর ট্রান্সফার নিলে স্কুল টিকবে না। তার চেয়েও বিপদ দেখছি, মাইনে তেমন আদায় হচ্ছে না। বড়দিনের ছুটির আগে মাইনে দেওয়া যাবে না।

যত্নবাবু উদ্ভিগ্নকণ্ঠে প্রশ্ন করিলেন, দেওয়া যাবে না সত্য ?

—না।

—নভেম্বর মাসের মাইনে হয় নি এখনও! আমরা কী করে চালাব সত্য, একটু বিবেচনা করুন। ডুম্বাসের মাইনে যদি বাকী থাকে—

সাহেব হাসিয়া বলিলেন, আমরা বলি নিফল, আমি বর থেকে আপনাদের মাইনে দেব না তো। না পোষায় আপনানর, চলে যাওয়াতে আমি বাধা দেব না—মাই গেট ইজ অল-ওয়েজ ওপ্‌ন—

রামেন্দুবাবুকে সব মাস্টার মিলিয়া ধরিল। অস্তুত নভেম্বর মাসের দরশ কিছু না দিলে চলে কিলে? যত্বাবু কাতরস্বরে জানাইলেন, তিনি সম্পূর্ণ নিরুপায়, এ বিপদকালে কোথায় গিয়া উঠিবেন ঠিক নাই, হাতে পয়সা নাই, টুইশানির মাহিনা আদায় হয় কি না-হয়, টুইশানি থাকিবে কি না তাহারও স্থিরতা নাই—কারণ, ছেলেরা অত্যন্ত ঘাইতেছে। কতদিনে তাহারা আসিবে কে জানে? টুইশানি না থাকিলে একেবারেই অচল।

রামেন্দুবাবুকে সাহেব বলিলেন, অবস্থা কী রকম বলে মনে হয়?

—কিছুই বুঝতে পারছি না স্যার।

—এবার জাহুয়ারী মাসে নতুন ছাত্র বেশী পরিমাণে ভর্তি না হলে স্কুল চলবে না। তার-পর এই গোলমাল—

—ও কিছু না স্যার, জাহুয়ারী মাসে সব ঠিক হয়ে যাবে।

—হ্যাঁ, আমারও তাই মনে হচ্ছে। এ একটা হুজুগ, কী বল? ব্রিটিশ গবর্নমেন্টের রাজ্যে আবার বাইরের শত্রুর ভয়!

—হুজুগ বইকি স্যার! পিওর হুজুগ। ও কিছু না। একটা কথা—

—কী?

—মাস্টারদের মাইনে কিছু কিছু দিতেই হবে স্যার।

—কোথা থেকে দেব? মাইনে আদায় নেই। তবে নিতান্ত ধরছে—দাও কিছু কিছু। আর একটা কথা, যে সব ছেলে ট্রান্সফারের দরখাস্ত করেছে, তাদের বাড়ী গিয়ে অভিভাবকদের অহরোধ করতে হবে, তাদের যেন ছাড়িয়ে না নিয়ে যায়। ক্লাস এইটের একটা ছেলে—নাম সুধীর দত্ত, তার বাড়ী সন্ধ্যার পর একবার যেয়ে।

সন্ধ্যায় সুধীর দত্তের বাচ্চী রামেন্দুবাবু অভিভাবকদের ধরিতে যাইয়া বেশ দুই কথা শুনিলেন। ছেলেটি এবার প্রমোশন পায় নাই। ছেলের অভিভাবক চটিয়া খুন, ছেলে তিনি ও-স্কুলে আর রাখিতে চাহেন না। তিনি স্কুল ঠিক করিয়া ফেলিয়াছেন—অহরোধ বুধা।

রামেন্দুবাবু বলিলেন, কেন, কী অস্থবিধে হল এ স্কুলে বলুন! আমি গ্যারান্টি দিচ্ছি, তা দূর করে দেওয়া হবে।

—পড়াশুনো কিছু হয় না মশাই আপনাদের স্কুলে। ওদের ক্লাসে যত্বাবু বলে একজন মাস্টার পড়ান, একেবারে কঁাকিবাজ। কিছু করান না ক্লাসে।

—আপনি ও-রকম নাম করে বলবেন না। ছেলেদের মুখে শুনে বিচার করা সব সময়ে ঠিক নয়। এবার আমি বলছি, ওর পড়াশুনো আমি নিজে দেখব।

—তা, ওরা তো কাল যাচ্ছে নববীপে। ওর মাসীর বাড়ী কবে আসবে ঠিক নেই। হ্যাঁ মাস্টারবাবু, এ হাঙ্গামা কতদিন চলবে বলতে পারেন?

—বেশী দিন চলবে বলে মনে হয় না।

—স্বধীরকে জাহ্নয়ারি মাসে ক্লাসে উঠিয়ে দেন যদি, তবে ট্রান্সফার এবার না হয় থাক।

—তাই হবে। ওকে ক্লাস নাইনে উঠিয়ে দেওয়া যাবে।

রামেন্দুবাবু হঠমনে ফিরিতেছিলেন; কারণ, কর্তব্য নিখুঁতভাবে সম্পাদন করিবার একটা আনন্দ আছে। পথের ধারে একস্থানে দেখিলেন অনেকগুলি লোক জটলা করিয়া উচু মুখে কী দেখিতেছে। রামেন্দুবাবু গিয়া বলিলেন, কী হয়েছে মশায়?

একজন আকাশের দিকে আঙুল দিয়া দেখাইয়া বলিল, দেখুন তো স্ত্যাবু, ওই একখানা এরোপ্লেন—ওখানা যেন কী রকমের না? ,

রামেন্দুবাবু কিছু দেখিতে পাইলেন না। বলিলেন, কই মশায়, কিছু তো—

দুই-তিন জন অধীরভাবে বলিল, আঃ, দেখতে পেলেন না? এই ইদিকে সরে আছেন—
ওই—ওই—

তবুও রামেন্দুবাবু দেখিতে পাইলেন না, একটা নক্ষত্র তো ওটা!

সবাই বলিয়া উঠিল, ওই মশায়, ওই! নক্ষত্র দেখছেন তো একটা? ওই! ও নক্ষত্র নয়—জাপানী বিমান।

রামেন্দুবাবু সাহসে ভর করিয়া বলিলেন, কিন্তু নক্ষত্র তো আরও অনেক—

লোকগুলি রামেন্দুবাবুর যুঁচতা দেখিয়া দম্বুরমত বিরক্ত হইল! একজন বলিল, আচ্ছা, এটা কি নক্ষত্র? নীল মত আলো দেখলেন না? চোখের জোর থাকা চাই। ও হল সেই, বুঝলেন? চুপি চুপি দেখতে এসেছে—

আর একজন চিন্তিত মুখে বলিল, তাই তো, এ যে ভয়ানক কাণ্ড হল দেখছি।

পূর্বের লোকটি বলিল, কলকাতায় থাকা আর সেফ্ নয় জানবেন আদৌ।

সবাই তাহাতে সায় দিয়া বলিল, সে তো আমরা জানি। যে-কোন সময়—এনি মোমেন্ট বোমা পড়তে পারে।

রামেন্দুবাবু সে স্থান হইতে সরিয়া পড়িলেন।

পরদিন স্কুলে মাস্টারদের মধ্যে যথেষ্ট ভয় ও চাঞ্চল্য দেখা গেল। যে যে পাড়ায় থাকেন, সেই সেই পাড়া প্রায় খালি হইতে চলিয়াছে, মাস্টারদের মধ্যে অনেকের ঘাইবার স্থান নাই।

যহুবাবু চায়ের মজলিসে বলিতেছিলেন, সবাই তো যাচ্ছে, আমি যে কোথায় ঘাই!

ক্ষেত্রবাবু বলিলেন, আমারও তাই দাদা। আমার গ্রামে বাড়ীঘর সারানো নেই—কতকাল ঘাই নি। সেখানে গিয়ে গুঁঠা যাবে না।

—তবুও তোমার তো আশ্রয়না আছে ভায়া, আমার যে তাও নেই। চিরকাল বাসায় থেকে বাড়ীঘর সব গিয়েছে। এখন ঘাই কোথায়?

জ্যোতির্বিদ্যেন্দু বলিল, আমার বাড়ী থেকে টেলিগ্রাম এসেছে, চিঠির পর চিঠি আসছে—বাড়ী ঘাবার জন্তে। বাড়ী থেকে লিখছে, চাকরি ছেড়ে দিয়ে চলে এস।

হেডপণ্ডিত বলিলেন, কাল শেয়ালদা ইন্টিশানে কী ভিড় গিয়েছে, হে! পাড়ীতে উঠতে
বি. নং. ৭—১০

পারি নে—বুড়ো মাহুয, কত কষ্টে যে ঠেলে-ঠেলে উঠলাম !

—স্কুল বন্ধ হলে যে বাঁচি। সাহেবকে সবাই মিলে বলা যাক, স্কুল বন্ধ করবার জন্তে।

সারারাত্রি ধরিয়৷ গাড়ীঝোড়ার শব্দ শুনিয়া যত্নবাবু বিশেষ 'নার্তান' হইয়া উঠিয়াছিলেন। পাড়াহুঙ্ক লোক বিছানা-বৌচকা বাধিয়া হয় হাওড়া, নয় শেয়ালদহ স্টেশনে ছুটিতেছে। কে বলিতেছিল, ঘোড়ার গাড়ীর ভাড়া অসম্ভব ধরনে বৃদ্ধি পাইতেছে।

জ্যোতিষিন্দোদ বলিল, কোন ভয় নেই দাদা। বৌচকা মাথায় নিয়ে ঠেলে উঠব ইষ্টিশানে—আমরা বাঙাল মাহুয, কিছু মানি নে।

ক্ষেত্রবাবু বলিলেন, আস্‌সিং‌ডিই চল মাই ভাবছি, ভাড়া ঘরে গিয়ে আপাতত উঠি। এখানে থাকলে এর পরে আর বেঝতে পারব না।

যত্নবাবু সভয়ে বলিলেন, তাই তো, কী যে করি উপায় !

—কালই সাহেবকে গিয়ে আগে ধরা যাক, স্কুল বন্ধ করে দেওয়া হোক।

ক্ষেত্রবাবু চায়ের দোকান হইতে বাহির হইয়া ধর্মতলার মোড়ে আসিলেন। দাঁড়াইয়া থাকিতে থাকিতে দুই-তিনখানি ঘোড়ার গাড়ী ছাদের উপর বিছানার মোট চাপাইয়া শেয়ালদহ স্টেশনের দিকে চলিয়া গেল। ক্ষেত্রবাবু চিন্তিত হইয়া পড়িলেন—আস্‌সিং‌ডি গ্রামে ঘাইবেন বটে, কিন্তু সেখানে বাড়ীঘরের অবস্থা কী রকম আছে, তাহার ঠিক নাই। আজ পাঁচ-ছয় বছর পূর্বে নিভাননী বাঁচিয়া থাকিতে সেই একবার গিয়াছিলেন, তাহার পর আর যাওয়া ঘটে নাই। কোন খবরও লওয়া হয় নাই, কারণ এতদিন প্রয়োজন ছিল না।

একটিমাত্র টুইশানি অবশিষ্ট ছিল, সেখানে গিয়া দেখা গেল, আজ বৈকালে তাহারাও দেশে চলিয়া গিয়াছে। বাড়ীর কর্তা আপিসে চাকরি করেন। বলিলেন, মাস্টার মশায়, আপনার এ মাসের মাইনেটা আর এখন দিতে পারছি নে—খরচপত্র অনেক হয়ে গেল কিনা! জাহ্নয়ারি মাসে শোধ করব।

—আমায় না দিলে হবে না বোস মশায়, ফ্যামিলি আমাকে দেশে নিয়ে যেতে হবে—

—তা তো বুঝতে পারছি। কিন্তু এখন কিছু হবে না।

ক্ষেত্রবাবুর রাগ হইল। এখানে দুই মাসের কমে এক মাসের মাহিনা কোনদিনই দেয় না—তাও আজ পাঁচ টাকা, কাল দুই টাকা। নিতান্ত নিরুপায় বলিয়াই লাগিয়া থাকা। কিন্তু এই বিপদের সময় এত অবিবেচনার কাজ করিতে দেখিলে মাহুযের মনে মনুষ্যত্ব সম্বন্ধে উপস্থিত হয়।

ক্ষেত্রবাবু বলিলেন, না বোস মশায়, এ সময় আমায় দিতেই হবে। দু মাস ধরে ছাত্র পড়লাম, ছেলে ক্লাসে উঠল। এখন বলছেন, আমার মাইনে দেবেন না। তা হয় না—

বহু মহাশয়ও চটিয়া উঠিয়া বলিলেন, মশাই, এত কাল তো পড়িয়েচেন—মাইনে পান নি কখনও বলতে পারেন কি? যদি এ মাসটাতে ঠিক সময়ে না-ই দিতে পারি—

—ঠিক সময়ে কোনদিনই দেন নি বোস মশায়, ডেবে দেখুন। তাগাদা না করলে কোন মাসেই দেন নি।

—বেশ মশাই, না-দিয়েছি তো না-দিয়েছি। মাইনে পাবেন না এখন। আপনি যা পারেন, করুন গিয়ে।

ক্ষেত্রবাবু ভক্তভাবের লোক, টুইশানির মাহিনা লইয়া একজন বৃদ্ধ ব্যক্তির সহিত ঝগড়া করিবার প্রবৃত্তি তাঁহার হইল না। কিছু না বলিয়া বাড়ীর বাহির হইয়া আসিলেন। কলিকাতায় বাড়ি আছে, আপিসে মোটা চাকুরিও করেন শোনা যায়, অথচ এই তো সব বিচার! ছিঃ!

অন্তমনঃভাবে গলির মোড়ে আসিতেই ব্ল্যাক আউটের কলিকাতায় কাহার সঙ্গে ঠোকাঠুকি হইল! ক্ষেত্রবাবু বলিয়া উঠিলেন, মাপ করবেন মশাই, দেখতে পাই নি—ছুটো গ্যাসই নিবিয়েছে—

লোকটি বলিল, কে ক্ষেত্রবাবু নাকি?

—ও! রাখালবাবু?

—আমিই। ভালই হল, দেখা হল এ ভাবে। আপনাদের স্কুলে কাল যাব ভাবছিলাম—

—ভাল আছেন মিস্তির মশায়?

—আমাদের আবার ভাল-মন্দ! বই দিয়ে এসেছি পাঁচ-ছটা স্কুলে—এখন ধরায় যদি, তবে বুঝতে পারি। আপনাদের স্কুলে আমার সেই নব ব্যাকরণবোধখানা ধরানোর কী করলেন? চমৎকার বই! ক্লাস ফাইভ আর ফোরের উপযুক্ত বই। সন্ধি আর সমাস যে ভাবে ওতে দেওয়া— বইয়ের লিস্ট হয়েছে আপনাদের?

—এখনও হয় নি।

—কেন, প্রমোশন হয় নি? তবে বইয়ের লিস্ট হয় নি কেমন কথা?

—না, প্রমোশন হবে বুধবার। শুক্রবারে ছুটি হবে।

—আমার বইয়ের কী হল?

—হেডমাস্টারের কাছে দেওয়া হয়েছে—কী হয়, বলতে পারি নে!

—আমার যে এদিকে অচল ক্ষেত্রবাবু। এই অবস্থায় প্রায় দেড়শো টাকা ধার করে বই ছাপালাম। প্রেসের দেনা এখনও বাকি। দপ্তরীর দেনা তো আছেই। বাসা ভাড়া তিন মাসের বাকী। বই যদি না চলে, তবে খেতে পাব না ক্ষেত্রবাবু। আপনাই ভরসা।

—বুঝলাম সবই রাখালবাবু, কিন্তু এ তো আর আমার হাতে নয়। আমি ষতদূর বলবার বলেছি।

কথার মধ্যে সত্যের কিছু অপলাপ ছিল। ক্ষেত্রবাবু বলেন নাই! রাখাল মিস্তিরের বই আজকাল অচল। তবুও হয়তো চলিত, কিন্তু বড় বড় প্রকাশকের সহিত প্রতিযোগিতা করিয়া বই চালানো রাখাল মিস্তিরের কর্ম নয়। তাহারাই লাইব্রেরির জন্ম বিনামূল্যে কিছু বই দেয়, প্রাইজের সময় বই কিনিলে মোটা কমিশন দেয়।

রাখাল মিস্তির ক্ষেত্রবাবুর পিছু ছাড়ে না। বলিল, আস্থন না আমার ওখানে, একটু চা খাবেন—

শেষ পর্যন্ত যাইতেই হইল—নাছোড়বান্দা রাখাল মিস্তিরের হাতে পড়িলে না গিয়া উপায় নাই। সেই ছোট একতলার কুঠরি। এই অগ্রহায়ণ মাসেও যেন গরম কাটে না। একথানা নীচ কে ওড়া কাঠের তক্তাপোশের উপর মলিন বিছানা। কেরোসিন কাঠের একটা আলমারিভিত্তি বই। বরখানা অগোছালো, অপরিষ্কার, মেঝের উপরে পড়িয়া আছে দুইটা হেঁড়া জামা ছেলেপুলেদের, এক বোতল আঠা, একটা আলকাতরা মাখানো মালসা।

ক্ষেত্রবাবু বলিলেন, কী বই রাখালবাবু, আলমারিতে !

—দেখবেন ? এ সব বই—এই দেখুন—

রাখালবাবু সর্গর্বে বই নামাইয়া দেখাইতে লাগিলেন।

—এই দেখুন প্রকৃতিবোধ অভিধান। পূর্বনো বইয়ের দোকান থেকে তিন টাকায়— আর এই দেখুন মৃগবোধ—মশাই, সংস্কৃত ব্যাকরণ না পড়লে কি ভারত গুপ্ত দখল দাঁড়ায় ? সহর্ষেঃ থেকে আরম্ভ করে সব সূত্র তিনটি বছর ধরে মুখস্থ করে ভোঁতা হয়ে গিয়েছে, তাই আজ দু-এক পয়সা করে খাচ্ছি। রাখাল মিস্তিরের ব্যাকরণের তুল ধরে, এমন লোক তো দেখি নে। গোয়ালটুলি ফুলের হেডপণ্ডিত সেদিন বললে—মিস্তির মশাই, আপনার ব্যাকরণ পড়লে ছেলেদের সন্ধি আর সমাস গুলে খাওয়া হয়ে গেল। পড়া চাই—পেটে বিষ্ঠে না থাকলে—

—আপনার বই ধরিয়েচে নাকি ?

—না, হেডমাস্টার বললে, শশিপদ কাব্যতীর্থে ব্যাকরণ আর-বছর থেকে রয়েছে ক্লাসে। এ বছর যুদ্ধের বছরটা, বই বদলালে গার্জনেরা আপত্তি করবে—তাই এ বছর আর হল না। সামনের বছর থেকে নিশ্চয়ই দেবে।

একটি বারো-তেরো বছরের রোগা মেয়ে, একটা খালায় ছুটি আংটাভাঙা পেয়াল। বসাইয়া চা আনিল। রাখালবাবু বলিলেন, ও পাঁচী ! এটি আমার ভায়ী—আমার যে বোন এখানে থাকে, তার মেয়ে—প্রণাম কর মা, উনি ব্রাহ্মণ।

—আহা, থাক্ থাক্। এস মা, হয়েছে—কল্যাণ হোক। বেশ মেয়েটি।

—অস্থখে ভুগছে। বর্ধমানের দেশ, কেউ নেই। এবার এক জাতি কাকা নিয়ে গিয়েছিল, ম্যালেরিয়ার ধরতে। যাও মা, দুটো পান নিয়ে এস তোমার মামীমার কাছ থেকে। চা মিষ্টি হয়েছে ? চিনি নেই, আখের গুড় দিয়ে—

—না না, বেশ হয়েছে।

দুধচিনিবিহীন বিস্বাদ চা, তামাক-মাখা গুড়ের গন্ধ, এক চুমুক খাইয়া বাকিটুকু গলাধঃকরণ করিতে ক্ষেত্রবাবুর বিশেষ কসরৎ করিতে হইল।

রাখালবাবু বলিলেন, তা তো হল, কী হাঙ্কামা বলুন দিকি ! পাড়া যে খালি হয়ে গেল অর্ধেক !

—আপনারের এ পাড়াতেও ?

—হ্যাঁ মশাই, আশেপাশে লোক নেই। সব পালাচ্ছে। পাশের বাড়ীর ঘোষালের

আজ সকালে সব পালাল—এখন ওরা বড়লোক, এই দিনকতক আগেও পুতুলের বিয়েতে হাজার টাকা খরচ করেছে। ফুলশয্যের তত্ত্ব করেছিল, দশজন বি চাকর মাথায় করে নিয়ে গেল, মায় রূপোর দান-সামগ্রী, খাট বিছানা এস্তোক! ওদের কথা বাদ দিন। এখন আমরা যাব কোথায়?

—সেই ভাবনা তো আমারও, ভাবছি তো। গরীব স্কুল-মাস্টার—

—গরীব তো বটেই, যাবার জায়গাও তো নেই।

—আপনার দেশে বাড়ীঘর—

রাখালবাবু হাসিয়া বলিলেন, দেশই নেই, তার বাড়ীঘর! দেশ ছিল ন'দে জেলায়, কাঁচড়াপাড়া নেমে যেতে হয়। ছেলেবেলায় বাবার সঙ্গে গিয়েছিলাম। সে সব কিছু নেই। বড় হয়ে আর যাই নি, এই কলকাতাতেই—

—আমারও তো তাই।

পাঁচী পান আনিয়া রাখিয়া গেল।

—অনেক পয়সা খরচ করে বই ছাপালাম, চার-পাঁচ শো টাকা দেনা এখনও বাজারে। এই হাজার্মাতে যদি বই বিক্রি কমে যায়, তবে তো পথে বসতে হবে। আপনাদের ভরসাতেই—

—কিছুই বুঝি নে, কী যে হবে!

—আমাদের এখানে কিছু হবে না, কী বলেন? যুদ্ধ হচ্ছে ফিলিপাইনে আর হংকংয়ে, তার এখানে কী?

—লিঙ্গাপুর ডিউয়ে আসা অত সৌজা নয়।

—তবে লোক পালাচ্ছে কেন?

—প্যানিক—ভয়! প্যানিক একেই বলে। আচ্ছা উঠি, রাত হল মিস্তির মশাই।

—আর একটু বসবেন না? আচ্ছা, তা হলে—হ্যাঁ, একটা কথা। আনা আষ্টেক পয়সা হবে?

পকেটে যাহা কিছু খুচরা ছিল, তস্তাপোশের উপর রাখিয়া ক্ষেত্রবাবু বাহিরের মুক্ত বাতাসে আসিয়া হাঁপ ছাড়িয়া ঘেন বাঁচিলেন।

‘স্পেশাল টেলিগ্রাফ’ কাগজ বাহির হইয়াছে, কাগজওয়াল কুটপাথ ধরিয়া ছুটিতেছে। ক্ষেত্রবাবু একজনের হাত হইতে কাগজ লইয়া দেখিলেন—হংকং অবরুদ্ধ।...চীনসমুদ্রে ব্রিটিশ যুদ্ধজাহাজ ধবংস!

ক্ষেত্রবাবু কেমন অশ্রমনস্ক হইয়া পড়িলেন।

পরদিন স্কুলে হেডমাস্টার সব মাস্টারকে আপিসে ডাকিলেন। জরুরী মীটিং। :

হেডমাস্টার এ বছরের পরীক্ষার লম্বা রিপোর্ট লিখিয়াছেন, সকলকে পড়িয়া শোনাইলেন। প্রত্যেক শিক্ষকের নিকট হইতে রিপোর্ট লওয়া হয়, পরীক্ষার কাগজ দেখার পক্ষ। সেই

সব রিপোর্টের উপর ভিত্তি করিয়া হেডমাস্টার নিজে রিপোর্ট লিখিয়া অভিভাবকদের মধ্যে ছাপাইয়া বিলি করেন। তাঁহার ধারণা, ইহাতে স্কুলে ছেলে বাড়িবে।

রিপোর্ট পড়িয়া সকলের মুখের দিকে চাহিয়া বলিলেন, কী রকম হয়েছে ?

সকলেই বলিলেন, চমৎকার রিপোর্ট হইয়াছে, এমনধারা হয় না।

—থার্ডক্লাসের ইংরিজী নিতেন কে ?

যত্নবাবু বলিলেন, আমি শ্রাবু।

—ভীষণ খারাপ ফল এবার আপনার সাবজেক্টে। আপনি লিখিত কৈফিয়ত দেবেন—

—যে আশ্চে শ্রাবু।

—ক্লাস সেভেনের ইতিহাস কে নেয় ?

শ্রীশবাবু বলিলেন, আমি শ্রাবু।

—সকলের চেয়ে ভাল ছেলে মোটে ষাট পেয়েছে।

—স্যার, প্রশ্ন বড় কঠিন হয়েছিল—সিলেবাস ছাড়া প্রশ্ন হলে কী করে ছেলেরা—

—না। এমন কিছু কঠিন নয়। প্রশ্নপত্র সব আমি আর মিঃ আলম দেখে দিয়েছি। কমিটীতে এ কথা আমায় রিপোর্ট করতে হবে। লিখিত কৈফিয়ত দেবেন। আর এবার বাড়ী বাড়ী গিয়ে একটু ক্যানভাস করা দরকার হবে ছুটির পরে। নইলে ছেলে হবে না।

ক্ষেত্রবাবু ভয়ে ভয়ে বলিলেন, কিন্তু স্যার, এদিকে শহর যে খালি হয়ে গেল—

সাহেব তাচ্ছিল্যের স্বরে বলিলেন, কে বললে ?

যত্নবাবু ও শ্রীশবাবু দাঁড়াইয়া বলিলেন, সেই রকমই দেখা যাচ্ছে স্যার। ক্ষেত্রবাবু ঠিক বলেছেন।

গেম্‌মাস্টার বিনোদবাবু বলিলেন, আমাদের পাড়াতে তো আর লোক নেই।

জগদীশ জ্যোতির্বিদ্যোদ বলিল, আমি এক জায়গায় ছেলে পড়াই, তারা চলে গিয়েছে। তাদের পাড়া খালি।

সাহেব মিঃ আলমের দিকে চাহিয়া বলিলেন, কী মিঃ আলম, আপনি কি দেখেছেন ? এই রকম হয়েছে নাকি ?

মিঃ আলম উঠিয়া ঈষৎ হাসিয়া বলিলেন, না স্যার। এখানে ওখানে দু-একটা বাড়ী খালি হয়েছে বটে। কিছুই নয়।

ক্ষেত্রবাবু প্রতিবাদের স্বরে বলিলেন, কিছু না কী রকম মিঃ আলম। হাওড়া স্টেশনে নাকি বেজায় ভিড় হচ্ছে—কুলি আর ঘোড়ার গাড়ীর দরী বেজায় বেড়েছে—

—ওসব গুজব। কই, আমি তো রোজ বেড়াই, কিছু দেখি নি।

এমন সময় রামেন্দুবাবু বাহির হইতে একখানা খবরের কাগজ লইয়া ঘরে ঢুকিয়া সাহেবের টেবিলে রাখিয়া বলিলেন, দেখুন স্যার, হংকং যায় যায়—জাপানীরা সিঙ্গাপুরে দূর-পাল্লার কাৰ্ভানের গোলা ছুঁড়ে।

হেডমাস্টারের কড়া ডিসিপ্লিনের নিগড় বুঝি টুটিল! ক্ষেত্রবাবু ও শ্রীশবাবু টেবিলের

উপর ঝুঁকিয়া পড়িয়া খবরের কাগজ পড়িতে গেলেন। সমবেত শিক্ষকদের মধ্যে একটা গুঞ্জনধ্বনি উত্থিত হইল।

—তাই তো!

—তাই তো!

—দেখ না ভায়া কাগজটা।

—সিদ্ধাপুর বিপন্ন!

—ব্যাপার কি?

সাহেব কাগজ হাতে তুলিয়া পড়িয়া দ্রুত হাসিয়া বলিলেন, বাজে গুজব। সিদ্ধাপুর পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা দুর্ভেদ্য।

মিঃ আলম বলিলেন, বাজে গুজব—হেঁঃ—

সাহেব তাচ্ছিল্যের সঙ্গে কাগজখানা একদিকে সরাইয়া বলিলেন, যাক এসব! তা হলে গাড়ী বাড়ী ক্যানভাসিংয়ের জন্তে কে কে রাজী আছেন বলুন? সকলের সাহায্যই আমি চাই। যত্নবাবু? ক্ষেত্রবাবু? মিঃ আলম?

ইহারা সকলেই দাঁড়াইয়া উঠিয়া সম্মতি জ্ঞাপন করিলেন।

ক্রাকওয়েল সাহেবের স্কুলের ডিসিপ্লিন পুনরায় প্রতিষ্ঠিত হইল। জাপানী বোমার হুজুগে পড়িয়া সে কঠোর ডিসিপ্লিনের ভিত্তি সামান্য একটু নড়িয়া উঠিয়াছিল মাত্র—তাঁহাও অতি অল্পকালের জন্ত।

হেডপণ্ডিত বলিলেন, শ্রাবু, ছুটি কদিন হচে?

সাহেব গম্ভীরস্বরে বলিলেন, পাণ্ডিত, ছুটি বেশী দিন দিতে চাই না। দোসরা জাহুয়ারি খুলবে। কিন্তু তার আগে ক্যানভাসিং কববার জন্তে চার-পাঁচজন টীচারকে এখানে থাকতে হবে। আমি তাদের নামে সারকুলার করব।

ক্ষেত্রবাবু বলিলেন, আমাদের মাইনেটা শ্রাবু—

—স্কুল খুললে দেওয়া হবে।

যত্নবাবু মুখ কাঁচুমাঁচু করিয়া বলিলেন, কিছু না দিলে শ্রাবু, আমরা দাঁড়াই কোথায়? হাতে কিছু নেই—

—যার না পোষাবে, তিনি চলে যেতে পারেন—মাই গেটু—

যত্নবাবু শিক্ষক কতৃক তিরস্কৃত স্কুলের ছাত্রের মত ঘাড় নীচু করিয়া পুনরায় আসনে বসিয়া পড়িলেন!

হেডমাস্টার বলিলেন, আমি ছুটির কদিন মিঃ আলম, রামেন্দুবাবু আর ক্ষেত্রবাবুকে চাই। তাঁরা রোজ আসবেন আপিসে। নতুন বছরের রুটিনে অনেক অদলবদল করতে হবে। সিলেবাস তৈরি করতে হবে প্রত্যেক ক্লাসের। আপনারা তিন জন আমাকে সাহায্য করবেন। যত্নবাবু?

যত্নবাবু আবার দাঁড়াইয়া উঠিলেন।

—আপনিও আসবেন। আপনাকে ক্লাস-টাঙ্কের একটা চার্ট করতে হবে গ্রীষ্মের ছুটি পর্বন্ত।

ষড়্‌বাবুর মুখ শুকাইয়া গেল। আমতা আমতা করিয়া বলিলেন, আমি শ্রাবু, আমার শালীর, মানে—বিয়ে—দেশে যেতে হবে সেখানে। আমিই সব দেখাশুনো করব—

হঠাৎ মনে পড়িল পৌষ মাসে বিবাহ হয় না হিন্দুর, এ কথা সাহেব না জানিলেও অস্বাভাবিক মাষ্টারেরা সবাই জানে, হয়তো আলমও জানে। আলম সাহেবকে বলিয়া দিতেও পারে। তাই তাড়াতাড়ি সামলাইয়া লইয়া বলিলেন, বিয়ে এই সামনের বৃধবারে, কিন্তু ছুটিতে আমার না গেলে—

—ইয়েস, ইয়েস, আই আওয়ারস্ট্যাণ্ড।

সভা ভঙ্গ হইল। সাহেবের ঘর হইতে বাহির হইয়া ষড়্‌বাবু রামেন্দুবাবুকে পাকড়াও করিলেন।

—ও রামেন্দুবাবু, আমায় গোটা দশেক টাকা দিতে বলুন সাহেবকে। করে দিতেই হবে। না হলে মারা যাব। হাতে কিছু নেই। টুইশানির ছেলে পালিয়েচে। কোথায় পয়সা পাই বলুন তো ?

ক্ষেত্রবাবু বাড়ী ফিরিতেই অনিলা ব্যস্তসমস্ত হইয়া বলিল, এসেছ ? শোন, সব পালাচ্ছে। পাড়া কাক হয়ে গেল যে ? সোমবার থেকে নাকি হাওড়ার পুল খুলে দেবে, রেলগাড়ী বন্ধ ক'রে দেবে ?

—কে বললে ?

—কে বলল আবার—সবাই বলছে। তোমার ছুটির কদিন দেরি ? এর পর যাওয়া যাবে না কোথাও—ঘোড়ার গাড়ির ভাড়া নাকি দশ টাকা ক'রে হয়েছে—বোমা নাকি শীগ্‌গির পড়বে। সিঁকাপুর ব্লকেড্ করেছে, দেখেচ তো ?

ক্ষেত্রবাবুর ভয় হইয়া গেল। তাই তো, ঘোড়ার গাড়ীর ভাড়া চড়িয়া গেলে কী করিয়া কলিকাতা ত্যাগ করিবেন ? বলিলেন, কিন্তু কোথায় যাওয়া যায় বল তো ? জায়গা তো দেখছি এক আন্‌সিংড়ি। কতকাল সেখানে যাই নি। নিভা বেঁচে থাকতে একবার গরমের স্কট্রিক্টে সেখানে গিয়েছিলাম। বাড়িঘর এতদিনে ইটের স্তূপ হয়েছে পড়ে। বেজায় জলল সে গায়ে।

—চল, গয়া যাই।

—পয়সা ? অত টাকা কোথায় ? স্কুলে এক পয়সা দিলে না।

—আমার বাক্সে পাঁচ-ছটা টাকা আছে। আর কিছু ধার কর।

—কে দেবে ধার ? সে বাজার নয়।

—কিন্তু যা হয় কর তাড়াতাড়ি। এর পর আর কলকাতা থেকে বেরুনো যাবে না সবাই বলচে।

—রাগী হয়ে থাকে, দাও। আমি একবার যত্নদার বাসা থেকে আসি। দেখে আসি, কি করছে ওরা!

যত্নবাবু বাসায় পা দিতেই তাঁহার স্ত্রী বলিল, ওগো, কী হবে গো? সবাই চলে যাচ্ছে, কী করবে কর। কোন্‌দিন রূপ করে বোমা পড়বে, তখন—

—দাড়াও, একটু স্থির হতে দাও। চা কর, আগে খাই। তারপর সব শুনছি।

চা করিয়া যত্নবাবুর গৃহিণী কাঁসার গ্লাসে আঁচল জড়াইয়া লইয়া আসিল।

যত্নবাবু বলিলেন, কেন, পেয়ালা?

—সে ও-বেলা ধুতে গিয়ে হাত থেকে পড়ে গুঁড়ো হয়ে গেল।

যত্নবাবু রাগিয়া উঠিলেন : তা ভাঙবে বইকি, তোমাদের তো ভেবে খেতে হয় না। জিনিসপত্র নষ্ট করলেই হল—লাগে টাকা, দেবে গৌরী সেন! একটা পেয়ালার দাম কত আজকালকার বাজারে, তার খোঁজ রাখ?

এমন সময় বাহিরে ক্ষেত্রবাবুর গলা শোনা গেল : ও যত্নদা, বাসায় আছেন নাকি?

যত্নবাবু তাড়াতাড়ি চা-সুন্ধ কাঁসার গ্লাসটা স্ত্রীর হাতে দিয়া বলিলেন, এটানিয়ে যাও—নিয়ে যাও। দেখে ফেলবে, বলবে কী? গলার সুর বাড়াইয়া বলিলেন, এস ক্ষেত্র ভায়া—এস এস—

—কী হচ্ছে?

—এই সবে এলাম ভাই। সবে মিনিট দশেক। তারপর কী মনে করে? বোস এইটেতে।

—বউদিদি কোথায়? ও বউদিদি, বলি, একটু চা-টা না হয় করেই খাওয়ান—

যত্নবাবু হাসিয়া বলিলেন, চা খাবে কি ভাই, পেয়ালা ভেঙে বসে আছে তোমার বউদিদি—কাঁসার গেলাসে চা খাচ্ছিলাম, তা তোমাকে কি আর তাতে—

—খুব দেওয়া যাবে। তাতেই দিন না বউদিদি।

—দাও তা হলে, ওগো, ওই চা-ই দিয়ে যাও—ক্ষেত্র ভায়া জুমানদের ঘরের লোক।

চা আসিল। চা খাইতে খাইতে ক্ষেত্রবাবু বলিলেন, তা'তো হল। এখন কী উপায় করা যাবে বলুন দিকি? কলকাতার যা অবস্থা! লোক সব পালাচ্ছে—

—হেডমাস্টার তা বুঝবেন না। তাঁর মতে কোন বিপদের কারণ নেই। আবার বাড়ী বাড়ী ঘুরে ক্যানভাসিং করতে হবে ছেলের জন্ত! ছেলে কোথায়? কলকাতা শহর তো কাঁকা হয়ে গেল।

—তা কি আর সাহেকে বোঝানো যাবে দাদা? কাল থেকে ক্যানভাসিংয়ে না বেরলে সাহেব রাগ করবে। আপনারও তো ডিউটি আছে।

—তাই তো, কী করা যায় ভাবচি। মুশকিল আসলে কী হয়েছে জান ভায়া, হাতে নেই পয়সা। রামেন্দু ভায়াকে ধরেছি, সাহেবকে বলে গোটা দশেক টাকা আদায় না দেওয়ালে চলবে না।

—কোথায় যাবেন ভাবচেন ?

—কোথায় যে যাই !—হাতে পয়সা নেই, দেশঘর নেই। তোমার তবুও তো দেশে বাড়ীঘর আছে, আমার যাবার স্থান নেই। এক আছে জাতি-ভাইয়ের বাড়ী, বেড়াবাড়ী বলে গ্রাম, তা সেখানে তারা যে রকম ব্যবহার করেছে—পরের বাড়ী, কোন জোর তো সেখানে খাটে না ! তুমি কোথায় যাবে ভাবচ ?

—আমারও সেই একই অবস্থা। আসসিংড়িতে—মানে আমাদের দেশে—কতকাল যাই নি। বাড়ীঘর এতদিনে ভূমিসাৎ—নয়তো একগলা জঙ্গল, সাপ-ব্যাঙের আড্ডা হয়ে আছে। মেয়েছেলে নিয়ে সেখানে গিয়ে দাঁড়াই কী করে ? আমার স্ত্রী বলছিল, গয়াতে—
শুভরবাড়ী—

—সেই সব চেয়ে ভাল আমার মতে। তাই কেন যাও না ?

—পয়সা ? পয়সা কোথায় ? স্কুলে খাটব, দু মাস পরে এক মাসের মাইনে নেব—এই তো অবস্থা। জানেন তো সবই।

—আচ্ছা, তোমার কী মনে হয় ভায়া ? জাপানীরা কি এতদূর আসবে ? সিঙ্গাপুর নিতে পারবে ?

—কী করে বলব ? তবে আমার এক জানাশোনা গবর্নেন্ট অফিসার বলছিল, সিঙ্গাপুর হঠাৎ নিতে পারবে না। ওখানে যুদ্ধ হবে দারুণ, এবং সে যুদ্ধ কিছুকাল চলবে।

—তবে কলকাতাতে বোমা ফেলতে পারে, কী বল ?

—ফেলতে পারে। সাহেব যাই বলুক, কলকাতা খুব সেফ্ হবে না।

—স্কুলটাতে দু দিন বেশী ছুটির কথা বলে দেখলে হয় না ?

—সাহেবকে তা বলা যাবে না। সাহেব ভিজবে না।

ক্ষেত্রাবু আর কিছুক্ষণ কথাবার্তা কহিয়া বিদায় লইলেন। ব্ল্যাক-আউটের কলিকাতা, যুটযুটে অঙ্কার—কাল হইতে আলো আরও কমাইয়া দিয়াছে। মোড়ের কাছে এক জায়গায় ঘোড়ার গাড়ির আড্ডা। ক্ষেত্রাবুর কোতুল হইল, গাড়ির ভাড়া কেমন হাঁকে একবার দেখিবেন।

রাস্তা পার হইতে ভয় করে। অঙ্কারের মধ্যে দূরে বা নিকটে বহু আলো তাঁহার দিকে আসিতেছে—যুটযুটে অঙ্কারের মধ্যে বোঝা যায় না, কত বেগে সেগুলি এদিকে আসিতেছে। ক্ষেত্রাবু সন্তর্পণে সন্তর্পণে রাস্তা পার হইয়া গাড়ীর আড্ডার কাছে গিয়া বলিলেন, ওরে গাড়োয়ান, ভাড়া যাবি ?

একখানা গাড়ির ছাদে একটা লোক শুইয়া ছিল। উঠিয়া বলিল, কাঁহা যানে হোগা বাবুজি ?

—হাওড়া ইন্টিশানে।

—আভি যাইয়েগা ?

—হ্যাঁ, এখুনি।

—ক আদমী আছে ?

—তিন চার জন আছে—মালপত্তর । কত ভাড়া নিবি ?

—এক বাত বোলগা বাবুজি ? চার রুপেয়া ।

—কত ?

—চার রুপেয়া বাবুজি । কাল ইস্বে আউর বাঢ়েগা বাবুজি । কাল পান্-ছ রুপেয়া হোগা । দিন দিন বাঢ়তে যাতা হায়—যাবেন আপনি ? সওয়ারী কোথা থেকে যাবে ?

ক্ষেত্রাবু কী একটা অজুহাত দেখাইয়া সেখান হইতে সরিয়া পড়িলেন । তাঁহার হাত-পা যেন অবশ হইয়া আসিতেছে—সম্মুখে যেন ঘোর বিপদ ঘনাইয়া আসিতেছে, প্রলয় অথবা মৃত্যু, স্ত্রীপুত্র লইয়া এই ব্ল্যাক-আউটের ঘটঘুটে অন্ধকারাচ্ছন্ন কলিকাতা শহরে তিনি বোতলের ছিপি খাটা অবস্থায় বৃষ্টি মারা পড়িলেন ! ঘোড়ার গাড়ীর ভাড়া দিনে দিনে যদি অসম্ভব অঙ্কের দিকে ছোট্টে, তবে তাঁর মত গরীব স্কুল-মাস্টার তো নিরুপায় ।

মোড়ের মাথায় বিষ্ণু ভট্টাচার্যের সঙ্গে অন্ধকারে প্রায় মাথা ঠুকিয়া গেল । পরস্পরকে চিনিয়া পরস্পর ক্রমা প্রার্থনা করিলেন । বিষ্ণু হাওড়ার রেলওয়ে মালগুদামে কাজ করে, বলিল, ওঃ, জানেন ক্ষেত্রদা, কী কাণ্ড আজ হাওড়া স্টেশনে ! প্রত্যেক ট্রেন ছাড়ছে, লোকে লোকারণ্য । লোক গাড়ীতে উঠতে পাচ্ছেনা—দশ টাকা, পনেরো টাকা করে কুলিরা নিচ্ছে । আবার শুনছি, হাওড়া ব্রিজ দিয়ে গাড়ী-ঘোড়া যাওয়া বন্ধ করে দেবে । এত ভিড় যে, স্ট্র্যাণ্ড রোড একেবারে জ্যাম্—ই. আই. আর.-এর গাড়ীতে ওঠবার উপায় নেই ।

—তুমি এখনও আছ যে ?

—আমি আর কোথায় যাব ? ফ্যামিলি পাঠিয়ে দিয়েছি বীরভূম—মামান্ধুর-বাড়ী ।

ক্ষেত্রাবু বাসায় ঢুকিলেন । অনিলা বলিল, কী হল গো ? যত্নবাবু কী বললে ?

—বলবে আর কী ! সব একই অবস্থা । সেও ভাবছে কোথায় যাবে—জায়গা নাই—

—গয়া যাবে ?

—যাব কি, ই. আই. আর.-এর গাড়ীতে নাকি যাওয়ার উপায় নেই ।

—তবে কী করবে ? স্কুল তো এখনও বন্ধ হল না !

—বন্ধ হলে কী হবে ? আমার ছুটির মধ্যে ডিউটি পড়েছে—আমার যাবার জো নেই—

অনিলা স্বামীর হাত ধরিয়া মিনতির স্বরে বলিল, ওগো, আমার মুখের দিকে চেয়ে তুমি চাকরি ছেড়ে দাও । এই বোমার হিড়িকে তোমাকে এখানে কেলে রেখে আমার কোথাও গিয়ে শাস্তি হবে না । ছেলেমেয়েদের মুখের দিকে চাইতে হবে লক্ষ্মীটি, শুধু তোমার-আমার কথা ভাবলে হবে না ।

ক্ষেত্রাবুর মনে হইল, তাঁহার মাথার উপরে ভীষণ বিপদ সমাগত । স্ত্রীর গলার স্বরে, নিজের মুখের কথায় যেন কোন মহা ট্রাজেডির ইঙ্গিত দিতেছে, সে ট্রাজেডির বেড়াঁজাল এড়াইয়া কোথাও পলাইবার পথ নাই ।

সারারাত্রি বড় রাস্তা দিয়া বড়-বড় করিয়া ঘোড়ার গাড়ী আর হুঁনহুঁন করিয়া রিক্শা ছুটিতেছে—ক্ষেত্রবাবু বিনিত্র চক্ষে সারারাত্রি ধরিয়া শুনিয়াই চলিলেন। অনিলা ঘুমাইয়া পড়িয়াছে, ছেলেমেয়েরা ঘুমাইতেছে, সন্মুখেকী বিপদ, ইহাদের সে সম্বন্ধে কোন ধারণাই নাই। কী করিয়া উক্ত জাপানী বোমার হাত হইতে ইহাদের বাঁচাইবেন? বাঁচাইতে পারিবেন কি শেষ পর্যন্ত? হাতে টাকা পয়সা কোথায়?

সারারাত্রি ক্ষেত্রবাবু বিছানায় এপাশ ওপাশ করিলেন।

পরদিন স্কুলের প্রমোশন। সাহেব খুব সকালে উঠিয়া—অভিভাবকদের পড়িয়া শোনাইবাব জন্ত যে রিপোর্ট লিখিয়াছেন, তাহা আর-একবার পড়িয়া দেখিতে বসিলেন। আজ ছেলেদের প্রমোশনের পর অভিভাবকদের সভায় এই রিপোর্ট পড়া হইবে—প্রতি বৎসর হইয়া থাকে, অভিভাবকদের নিমন্ত্রণ করা হয়, এবারও হইয়াছে।

“বড়ই আনন্দের কথা সপ্তম শ্রেণীর ইংরেজী পরীক্ষার ফল এবার যথেষ্ট আশাপ্রদ, যদিও ক্লাসের সর্বোচ্চ নম্বব শত-করা বাহান্ন, তবুও এ কথা নিঃসন্দেহে বলা যায়, প্রত্যেক উত্তরের খাতা আমাকে যথেষ্ট সন্তোষ দান করিয়াছে। ক্লাসের ছেলেদের মধ্যে হরিচরণ এবার গ্রামারে বিশেষ উন্নতি করিয়াছে, যদিও ক্রিয়াপদের মর্থার্থ প্রয়োগ এখনও সে শিক্ষা করে নাই। গ্রামার-শিক্ষার ভারপ্রাপ্ত শিক্ষক এজন্ত যত্ন লইতেছেন। শ্রীমান নবীনচন্দ্র গুঁই ইংরেজী আর্টিকলের ব্যবহারে বালকসুলভ ভ্রম প্রদর্শন করা সম্বন্ধে তাহার গ্রামারের জ্ঞান উন্নতির পথে অগ্রসর হইতেছে। নবম শ্রেণীর অঙ্কের ফল এ বৎসর আশাতীত ভাল। শ্রীমান গোপাল বন্দ্যোপাধ্যায় নব্বুই নম্বর পাইয়া অঙ্কে ক্লাসের সর্বোচ্চ স্থান অধিকার করিয়াছে। আমি এই বালকের গত বৎসরের অঙ্ক পরীক্ষার ফলের দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করিতেছি—বিগত বৎসরের বার্ষিক ও বার্ষিক পরীক্ষায় শ্রীমান গোপাল বীজগণিত ও জ্যামিতিতে যথাক্রমে আটচল্লিশ ও ত্রিশ নম্বর মাত্র পায়—এক বৎসরের মধ্যে সেই বালকের এই উন্নতি শুধু যে কেবল অঙ্কশিক্ষকের কৃতিত্বের পরিচায়ক তাহা নহে, বালকের নিজের অধ্যবসায় ও আগ্রহেরও নিদর্শন বটে। আমি এজন্ত তাহাকে একটি স্বাক্ষরিত প্রশংসাপত্র দিব স্থির করিলাম। শ্রীমান লালগোপাল ধর ইতিহাসে এ বৎসর...” ইত্যাদি।

অভিভাবকদের কাছে এই ধরনের রিপোর্ট পাঠ কোন স্কুলেই হয় না—কিন্তু সাহেবের বিশ্বাস, ইহাতে অভিভাবকেরা সন্তুষ্ট থাকে, স্কুলের ছাত্রসংখ্যা বাড়ে। এই ধরনের রিপোর্ট পাঠ নাকি ক্লার্কওয়েল সাহেবের স্কুলের একটি বৈশিষ্ট্য। কৃতী বালকদিগকে স্বাক্ষরিত প্রশংসাপত্র দান আর একটি বৈশিষ্ট্য; যদিও ছেলেরা আড়ালে বলাবলি করে, রৌপ্যপদক দিতে অর্থব্যয় আছে, প্রশংসাপত্র দিতে খরচ শুধু কাগজের।

মাস্টারেরা বেলা নয়টার মধ্যে আসিয়া গেল। কাল সারকুলার দেওয়া হইয়াছিল—বিভিন্ন মাস্টারের বিভিন্ন কাজ। কেহ প্রমোশন-প্রাপ্ত ছেলেদের নাম, ক্লাস ও সারি তালিকা করিতেছে, কেহ ভাল ছাত্রদের পরীক্ষার খাতাগুলি আলাদা করিয়া রাখিতেছে, কেহ নতুন

ক্লাসের বইয়ের লিস্টগুলি তৈয়ারি করিতেছে। দুইজনে মিলিয়া একখানা বিজ্ঞাপন লিখো করিতেছে [এই স্কুলে আধুনিকতম শিক্ষাবিজ্ঞান অল্পমোদিত পদ্ধতিতে ছেলেদের শিক্ষা দেওয়া হয়, হেডমাস্টার মিঃ জি. বি. ক্লার্কওয়েল এম. এ. (লিড্.স্) বি. এড. (লণ্ডন) এল. টি, (কর্ক) এস. সি. এম. এস. (অমুক) স্বয়ং নবম ও দশম শ্রেণীতে ইংরাজী পড়ান এবং শিশু শ্রেণীতে কথা ইংরেজী শিক্ষা দেন। আমরা স্পন্ধার সহিত বলিতে পারি—]।

বিজ্ঞাপন ছাপাইবার পয়সা নাই—তাই লিখো করা। অভিভাবকদের হাতে বিলি করা হইবে। হেডমাস্টারের নানা ফাইফরমাশ খাটিতে খাটিতে মাস্টারেরা হিমসিম খাইয়া গেল।

বেলা দশটা বাজিল। এক কয়দিন ছেলেরা তেমন নাই—কারণ, পরীক্ষার পর একরকম ছুটিই ছিল। আজ প্রমোশনের দিন, অল্প অল্প বছর বেলা সাড়ে নয়টার সময় হইতে ছেলেদের ভিড় হয়—এবার জনপ্রাণীর দেখা নাই। বেলা এগারোটা বাজিল, কেহই নাই। সাড়ে এগারোটার সময় ত্রিশ-পঁয়ত্রিশ জন মাত্র ছাত্র আসিল—তিন শো সাড়ে তিন শো ছেলের মধ্যে। দুইজন মাত্র অভিভাবক দেখা দিলেন প্রায় বারোটার সময়। আর কেহই আসিল না। হেডমাস্টার রীতিমত নিরাশ হইলেন—কত কষ্ট করিয়া লেখা রিপোর্ট কাহার সামনে পাঠ করিবেন? তবুও তিনি ছাড়িবার পাত্র নহেন, নিজের ঘর হইতে গাউন খুলাইয়া ও স্নেটের মত দেখিতে ছাট মাথায় দিয়া সাজিয়া-গুজিয়া মাস্টারদের লইয়া ক্লাসে ক্লাসে প্রমোশন দিতে গেলেন।

মিঃ আলম বলিলেন, শ্রাবু, নীচের তলায় কোন ক্লাসে ছেলে নেই—ছোট ছোট ছেলেদের ক্লাস একেবারে ফাঁকা! সেখানে কি যেতে হবে?

সাহেব হাইকোর্টের জজের মত গম্ভীর স্বরে বলিলেন, নিয়ম যা, তার একটুকু ব্যতিক্রম হবার জো নেই আমার স্কুলে। শূন্য ক্লাসের সামনেই প্রমোশনের লিস্ট পড়া হবে।

সুতরাং উপরের ক্লাসের প্রমোশন লিস্ট পড়া শেষ করিয়া হেডমাস্টার দলবল লইয়া নীচেকার শূন্য ক্লাসগুলিতে অবতীর্ণ হইলেন।

হেডমাস্টার ডাকিলেন, রমেন্দ্র বোস প্রোমোটেড্ টু নেক্‌সট্ হাইয়ার ক্লাস, অমুক প্রোমোটেড্ টু নেক্‌সট্ হাইয়ার ক্লাস, ইত্যাদি।

ফাঁকা হাওয়া এ-জানানায় ও-জানানায় হা-হা করিতেছে। কাড়কাঠে টিক্‌টিক্‌ টিক্‌টিক্‌ করিয়া উঠিল; হাসি পাইলেও কোন মাস্টারের হাসিবার জো নাই। শ্রীশবাবু গেম মাস্টার বিনোদবাবুর পাজরায় আঙুলের গুঁতা মারিল। যত্নবাবু ক্ষেত্রবাবুকে চিম্‌টি কাটিলেন।

উপরে আসিয়া রিপোর্ট পড়িবার সময় দেখা গেল, সেই দুইজন অভিভাবক আপিসে বসিয়া আছে। তাহারা সাহেবের বার্ষিক প্রোগ্রেস রিপোর্ট শুনিতে আসে নাই, আসিয়াছে তাহাদের ছেলেদের ট্রান্সফার সার্টিফিকেট লইতে।

সাহেবের ইজিতে মিঃ আলম তাহাদের আড়ালে লইয়া গিয়া জিজ্ঞাসা করিলেন, আপনারা এ স্কুল থেকে নিয়ে যেতে চাচ্ছেন কেন? ওদের এ বছরের ফল বেশ ভালই। হেডমাস্টারের রিপোর্টটা শুনুন না—

একজন বলিল, রিপোর্ট শুনে কী করব মশাই, আমাদের ফ্যামিলি সব এখান থেকে চলে গিয়েছে কাটোয়ায়, আজ আট-দশ দিন হল। সেখানে এখন সবাই থাকবে। এখানে বাড়ী চািববন্ধ, ছেলে থাকবে কার কাছে? সেখানেই ভক্তি ক'রে দেব।

অন্য লোকটি বলিল, আমাদের দেশ মশাই বন্ধমানো। আমাদের দোকান ছিল, উঠিয়ে দিয়ে চলে যাচ্ছি। দেশের স্কুলে ভক্তি করব। আপনি সাহেবকে বলুন, ট্রান্সফার আজই দিতে হবে। আমাদের পাড়ায় লোক নেই, থাকব কী ভরসায়?

—রিপোর্টটা শুভন না।

—না মশাই, মন ভাল না। ওসব শোনবার সময় নেই। আমার ব্যবস্থাটা করে দিন তাড়াতাড়ি।

মিঃ আলম ফিরিয়া আসিলে সাহেব জিজ্ঞাসা করিলেন, কী হল?

—শ্রাবু, ওরা শোনে না। ট্রান্সফার না নিয়ে ছাড়বে না মনে হচ্ছে!

—ছেলে এল না কেন আজ?

রামেন্দুবাবু বলিলেন, ছেলে কোথায় যে আসবে শ্রাবু? সব ভেগেছে।

নমো-নমো করিয়া মীটিং শেষ হইল। রিপোর্ট পাঠ হইল স্কুলের মাস্টারদের সামনে। মীটিং অন্তে হেডমাস্টারের নানারকম সারকুলাব বাহির হইল—এ মাস্টারকে এ করিতে হইবে, ও মাস্টারকে ও করিতে হইবে। ছুটির সারকুলাব বাহির হইল—দোসরা জাহ্নুয়ারী স্কুল খুলিবে। হেডমাস্টারের নিকট মাস্টারেরা বিদায় লইলেন। অতি সাধের লিখো-করা বিজ্ঞাপন কাহাদের মধ্যে বিলি করা হইবে? স্কুলের বোর্ডে খানকতক আঠা দিয়া জুড়িয়া দেওয়া হইল।

চায়ের দোকানে যত্নবাবু আর শ্রীশবাবু হাসিয়া বঁচেন না।

ক্ষেত্রবাবু বলিলেন, সাহেবের কী কাণ্ড! কোনো জুটি হবার জো নেই।

যত্নবাবু বলিলেন, নাঃ, হেসে আর বঁচি নে—হাসতে হাসতে পেট ফুলে উঠল। হাসতেও পারি নে সাহেবের সামনে—

এই সময় জ্যোতিবিনোদ একটা পুঁটুলি হাতে ঘরে ঢুকিয়া বলিল, আজ শেষ দিনটা, ভাল করে খাওয়া-দাওয়া করা যাক যত্নদা।

ক্ষেত্রবাবু বলিলেন, হাতে পোটলা কিসের হে?

—আজ বাড়ী যাচ্ছি রাজের ঠাড়াতে।

—এ কদিনের জন্তে?

—না দাদা, বাড়ী থেকে চিঠি এসেছে। যাই চলে, যা হয় হবে। এখন কলকাতা আসা বোধ হয় হবে না।

—সাহেব কি ছুটি দেবে?

—না হয় চাকরি ছেড়ে দেব। দেশে ঘর আছে, ভিক্ষে করে খাব। বামুনের ছেলে, তাতে লজ্জা নেই।

যহুবাবুর বুকের ভিতরটা ছাঁত করিয়া উঠিল। এই জ্যোতির্কিনোদের মত সামান্য দরের লোকে যদি চাকরি ছাড়িয়া দিবার মত মরীয়া হইয়া উঠিতে পারে, তবে বিপদ কত বেশী !

কে একজন বলিল, ক্ষেত্রদার হোমিওপ্যাথিটা যা হোক চলছিল—

—আর হোমিওপ্যাথি ভায়া ! পাড়ায় নেই লোক, ডাক্তারি করতাম একটু-আধটু অবসরমত, তাও গেল—পাড়া খালি।

যহুবাবু হঠাৎ হেন শীতকালেও ঘামিয়া উঠিতে লাগিলেন। ক্রীশবাবু, শরৎবাবু, গেম্‌মাস্টার বিনোদবাবু, হেডপণ্ডিত, সবাই আজ উপস্থিত। বড়দিনের ছুটি হইয়া যাইতেছে—তাহার উপর এই গোলমাল। কী হইবে কে জানে ? একটু ভাল করিয়া খাওয়া-দাওয়া করিয়া লওয়া যাক। ইহাদের ভাল খাওয়ার দোড়—চার পয়সা হইতে ছয় পয়সা বা আট পয়সা। একথানা টোস্টের জায়গায় দুইখানা টোস্ট। তাহাই সকলে আমোদ করিয়া খাইলেন। ইহারা অল্পেই সন্তুষ্ট, অভাবের মধ্যে সারা জীবন এবং যৌবনের প্রথম অংশ অতিবাহিত করিয়া সংযম ও মিতব্যয়ে অভ্যস্ত হইয়া উঠিয়াছেন।

ইহাদের মধ্যে ভ্রগদীশ জ্যোতির্কিনোদ অমিতব্যয়িতার প্রথম উদাহরণ দেখাইয়া বলিল, ওহে দোকানদার, যহুবাবুকে আরও একথানা কেব্‌ দাও, ক্রীশবাবুকে একথানা টোস্ট দাও, বিনোদকে—

যহুবাবু একগাল হাসিয়া বলিলেন, আমাদের জ্যোতির্কিনোদের হার্টটা ঘাই বল বেশ ভাল।

—আর দাদা, হার্ট ! এবার কলকাতা থেকে চলে যাচ্ছি। বোধ হয় এই শেষ দেখা—চাকরি আর করব না—

—কেন, কেন ?

—নাড়ীর সকলে বলছে, প্রাণ বাঁচলে অনেক চাকরি মিলবে—চলে এস বাড়ী।

যহুবাবু কথাটা এই কিছুক্ষণ আগেই একবার শুনিয়াছেন ইহার মুখ হইতে, তবুও আর একবার জিজ্ঞাসা করিয়া শুনিয়া বিপদের গুরুত্বটা ভাল করিয়া যেন বুঝিতে চাহিলেন।

ক্ষেত্রবাবুকে বলিলেন, তারপর ক্ষেত্র ভায়া, ব্যাপার কী দাঁড়াল বল তো ? সত্যি কি কলকাতা ছেড়ে যেতে হবে ?

ক্ষেত্রবাবু ঠিক এই কথাই ভাবিতেছেন। চা খাইতে খাইতে এইমাত্র ভাবিতেছিলেন, আন্স্‌লিংড়ি যাওয়া ভাল, না, গয়্যার দিকে—শুণরবাড়ীতে ? যহুবাবুর কথায় যেন একটু বিস্মিত হইলেন। ভয়ানক বিপদ নিশ্চয় সম্মুখে, নতুবা যহুবাবুর মনেও ঠিক একই সময়ে সেই একই কথা উঠিল কেন ? বলিলেন, তা যেতে হবে বইকি। সবাই যখন পালান—

গেম্‌মাস্টার বলিলেন, আমার এক বন্ধুর বাড়ীতে রেডিও আছে। টোঁকিও থেকে নুঁকি বলেছে, সাতাশে তারিখে কলকাতায় নিশ্চয়ই বোমা ফেলবে—

যহুবাবু সভয়ে বলিয়া উঠিলেন, য্যা !

কেদ্রবাবুর নিজের স্নায়ুসমূহের উপর কর্তৃত্ব আরও দৃঢ়তর। তিনি বলিলেন, কোন সাতাশে ? এই সাতাশে ?

—এই সামনের সাতাশে দাদা। আজ হল সতরো।

যদুবাবুর সামনে এইবার দোকানী জ্যোতির্কিনোদের অর্ডারী :সই কেবুখানা দিয়া গেল। যদুবাবুর তখন আর কেবু খাইবার রুচি নাই অন্ত সময়ে হইলে পরের দেওয়া চার পয়সা দায়ের ভাল কেবুখানা কী তৃপ্তির সঙ্গেই একটু একটু করিয়া ভাঙিয়া ভাঙিয়া চায়ের সঙ্গে খাইয়া শেষ করিতে অন্তত দশ-পনেরো মিনিট করিতেন—পাছে তাড়াতাড়ি ফুরাইয়া যায় ! আজ কিন্তু যদুবাবুর মনে হইল, তিনি মিউনিসিপ্যালিটির জবাইখানার মধ্যে বসিয়া আছেন, চারি ধারে গরুর বদলে মানুষের কাটা হাত, পা, খিপু-বার-হওয়া শূন্যগর্ত নরমুণ্ড, চাপ চাপ রক্ত, খেঁতলানো ধড়, ছটকিয়া পড়া দস্তপাটি—শবের উপরে শব, রক্তমাখা চুলের বোঝা, উগ্র কর্ভাইটের গন্ধ, মৃত্যু, আর্ন্তনাদ !

যদুবাবু নিজের অজানিতে শিহরিয়া উঠিলেন।

কোথায় যাইবেন তিনি ? যাইবার কোন জায়গা নাই। বেড়াবাড়ী গিয়া উঠিবেন অবনীকে খোশামোদ করিয়া, হাতে পায়ে ধরিয়া ? এ বিপদসঙ্কুল স্থানে মরণের ঝাঁদের মধ্যে নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকার চেয়ে তাও যে ভাল। ভাগ্যে আজ রামেন্দুবাবুকে ধরিয়া-কহিয়া গোটাটাকতক টাকা সাহেবের নিকট হইতে আদায় করিয়া লইয়াছেন !

সন্মুখের টেবিলস্থ পাত্রের দিকে চাহিয়া দেখিলেন, ইতিমধ্যে কখন কেবুখানা খাইয়া ফেলিয়াছেন অতমনস্ক অবস্থায়। টেবিল হইতে উঠিয়া বলিলেন, তোমরা তা হলে বোস, আমি আসি—

জ্যোতির্কিনোদ বলিল, আরে বহন বহন যদুবাবু, আর এক পেয়লা চা দেবে ? আর একখানা কেবু ?

—আরে, না হে না। আমার সময় নেই সত্যি। একটা জরুরী কাজ আছে, আমি চলি—

অপরের চা ও খাবার যদুবাবু বোধ হয় জীবনে এই সর্বপ্রথম প্রত্যাখ্যান করিলেন।

বেলা সাড়ে পাঁচটা। শীতের বেলা, সন্ধ্যার বেশী দেরি নাই। র্যাকআউটের কলিকাতায় বেশী ঘোরাঘুরি চলিবে না, তবুও যদুবাবু জামবাজারে তাঁহার এক জানা-শোনা লোকের আড়তে গিয়া কিছু টাকা ধারের চেষ্টা একবার দেখিলেন। যদি কলিকাতা ছাড়িয়া যাইতে হয়, বেশ কিছু রেশু থাকি দরকার হাতে।

টালার পুলের পাশ দিয়া গলিটা নামিয়া গেল। যদুবাবু ছরু ছরু বক্ষে আড়তের নিকট-বর্তী হইলেন, কী জানি কী ঘটে ! কত টাকা চাহিবেন ? দশ, না, ত্রিশ ? পাওয়া যাইবে কি এ বাজারে ? বিশেষত এ স্থলে আলাপ-পরিচয় তেমন ঘনিষ্ঠ নয়। লোকটি তাঁহার শালার সূহপাঠী, শালার সঙ্গে কয়েকবার ইতিপূর্বে এখানে আনিয়াছেন—একসময়ে

যাতারাত ছিল, এখন কমিয়া গিয়াছে ?

আড়তের টিনের চালা নজরে পড়িতেই যত্নবাবুর বৃকের মধ্যে কেমন করিয়া উঠিল, জিভ শুকাইয়া আসিল ।

পথের ধারে খালের জলে একটা হাঁড়ি-বোঝাই ভড় হইতে লোকজন হাঁড়ি নায়াইতেছিল । যত্নবাবু লক্ষ্য করিলেন, অনেকগুলি মাটির তোলোহাঁড়ি ডাঙার সাজাইয়া এক পাশে রাখিয়া দিয়াছে । এক পাশে তুপাকার কলিকা । লুঙ্গি-পরা এক মাঝি আরও কলিকা নায়াইতেছে ।

যত্নবাবু ভাবিলেন, এ হাঁড়িতে আর কি কেউ ভাত রেখে থাকে ? কলকাতা শহর তো কাঁকা—এত কক্ষেতেই বা তাম্বাক থাকে কে ?

তখন একেবারে আড়তের সামনে তিনি পৌছিয়া গিয়াছেন ।

সামনেই একজন ভঙ্গলোক বসিয়া আছেন, বছর পঞ্চাশেক বয়স, মাথায় টাক, রঙ খুব গৌরবর্ণ, গায়ে হাত-কাটা বেনিয়ান । লোকটি গুড়গুড়িতে তাম্বাক খাইতেছিলেন ।

যত্নবাবু পৈঠা দিয়া উঠিতে উঠিতে হাত তুলিয়া নমস্কার করিয়া বলিলেন, এই যে সীতানাথবাবু, ভাল আছেন ?

—এই যে যত্নবাবু আছেন—বহন । তারপর কোথা থেকে ? রমানাথ কোথায় ?

রমানাথ যত্নবাবুর শ্রালক, আজ বছর কয়েক যত্নবাবু তাহার কোন খবর জানেন না; সেও ভগ্নীপতির খবরাখবর রাখে না । কিন্তু সে কথা এ স্থলে বলা ঠিক হইবে না । বাহার সুবাদে আড়তের মালিকের সঙ্গে পরিচয়, সে-ই যদি খোঁজখবর না রাখে, তবে ইহার নিকটও যত্নবাবুকে কিঞ্চিৎ খেলো হইতে হয় বইকি । সুতরাং তিনি বলিলেন, রামু সেইখানেই আছে । মধ্যে আসবে লিখেছিল, ছুটি পাচ্ছে না—

—সেই জব্বলপুরেই আছে ? আছে ভাল ?

—হ্যাঁ, তা ভাল আছে ।

—আপনাদের স্কুল ছুটি হয়ে যায় নি ? আপনি এখনও স্কুলে আছেন তো ?

—আছি বইকি । নয়তো কী আর করব বলুন ? আপনাদের মতন তো ব্যবসা-বাণিজ্য শিখি নি ।

আড়তের মালিক হাসিয়া বলিলেন, আপনাদের তো ভাল, বিছানা বান্ন বাঁধলেন, কলকাতা থেকে পালালেন, আমাদের কী হয় বলুন তো ? গুদোমভরা মাল নিয়ে এখন ঘাই কোথায় ? বোমা পড়ে, এখানেই যা হয় হোক । বহন, চা খাবেন ? ওরে দু পেয়লা চা করতে বল ঠাকুরকে ।

চা খাইয়া এ-কথা ও-কথার পরে যত্নবাবু আসল কথাটি উত্থাপন করিবার পূর্বে যথেষ্ট সাহস সঞ্চয় করিয়া লইলেন । তাহার পর শুক্রমুখে বার দুই-তিন চৌক গিলিয়া বলিলেন, আপনার কাছে এসেছিলাম সীতানাথবাবু, হাতে বিশেষ কিছু নেই, একেবারেই খালি । কলকাতার বাইরে যেতে হলে কিছু হাতে রাখা দরকার । গোটা কুড়ি টাকা যদি আশ্বাকে ধার দেন এসময় তবে বড়ই উপকার করা হয়, আমি অবিভ্রি বত সত্বর হয়, আপনার ধার

শোধ করব, জাহ্নয়ারী মাসের মাইনে থেকে—

চাহিবার ভাবা অবশ্য ইহাই। আড়তদার সীতানাথবাবু স্কুল-মাস্টার নহেন, লোক চরাইয়া ধান। টাকা ধার লইলে কেহ খেছায় শোধ দিয়া যায় বাড়ী বহিয়া, ইহা বিশ্বাস করেন না। যত্নবাবুর সঙ্গে তেমন বনিষ্ঠতাও তাঁহার নাই, এ অবস্থায় যত্নবাবু একেবারে কুড়ি টাকা ধার চাওয়াতে কিঞ্চিৎ বিস্মিতও হইয়াছিলেন। বেশ অমায়িকভাবে হাসিয়া, কথার সঙ্গে কিছুমাত্র ডালপালা না জুড়িয়া যথেষ্ট ভদ্রতা ও বিনয়ের সহিত বলিলেন, টাকা হবে না। এসময়লয়—

যত্নবাবু আর কোন কথা বলিতে পারিলেন না। সীতানাথবাবুর গলার সুরে হৃদয়তা বা আত্মীয়তার লেশমাত্র নাই। চাঁচাছোলা কেতাদূরন্ত ভাবের ভদ্রতার সুর। শুনিলে ভয় হয়, দ্বিতীয় বার আর যাচঞা করা চলে না। তবুও প্রাণেব দায় বড় দায়—কাল সকালে তিনি কলিকাতা হইতে নিজস্ব হইবেনই, যে দিকে ছুই চোখ যায়, এখানে লক্ষ্য করিলে চলিবে না। স্ততরাং আবার বলিলেন, তা দেখুন সীতানাথবাবু, একটু দেখুন। হয়ে যাবে এখন। আমার বড় দরকার। কলকাতা থেকে চলে যাবার উপায় নেই, আমাকে একটু সাহায্য করুন—

—হবে না। পারব না। মাপ করুন—

সীতানাথবাবু হাতজোড় করিলেন এমন ভঙ্গিতে, যেন তিনি বিশেষ কোন অপরাধ করিয়া কেলিয়াছেন যত্নবাবুর কাছে।

তবুও যত্নবাবু আবার বলিলেন, তবে না হয় আমায় পনেরোটা কি দশটা টাকা দিন—যা পারেন—আমি যে বড় টানাটানিতে পড়েছি কিনা—জাহ্নয়ারী মাসের মাইনে পেলেই—

সীতানাথবাবু কী ভাবিয়া বলিলেন, পাঁচটা নিয়ে যান, এসেছেন যখন। ও গোপাল, ক্যাশ থেকে পাঁচটা টাকা দাও তো !

ওদিকে একজন বৃদ্ধলোক বসিয়া খাতাপত্র লিখিতেছিল, সে বলিল, খাতায় কী লিখব বাবু।

—আমার নিজ নামে হাওলাতে লিখে রাখ। এই নিন—আম্বন।

যত্নবাবু নমস্কার করিয়া সীতানাথবাবুর আড়ত হইতে নিজস্ব হইলেন। শ্রামবাজারের মোড় পর্যন্ত আর আসিতে পারেন না, রাস্তা পার হইতে পারেন না, ঘুটঘুটে অঙ্ককার। ওখানা কী আসে—রিক্‌শা, নাঁ, মোটর ?

আলো চলিয়া আসিতেছে—অঙ্ককারের মধ্যে কত জোরে আসিতেছে বোঝা যায় না, যাড়ে পড়িবে নাকি ?

বাড়ী আসিলেন তখন দশটা-রাত্রি।

যত্নবাবুর স্ত্রী বলিল, এলে ? আমি ভেবে মরি, এত রাত পর্যন্ত এই অঙ্ককারে—

—শোন, বিছানা-বান্ধ গুছিয়ে নাও—কাল সকালের ট্রেনেই বেরুতে হবে আর নয় এখানে—

যত্নবাবুর স্ত্রী অর্থাৎ হইয়া যত্নবাবুর মুখের দিকে চাহিয়া বলিল, সে কী গো ! যাবে কোথায় একটা ঠিক কর আগে।

—অত ঠিক করার সময় নেই। চল, বেড়াবাড়ী যাই।

যত্নবান্ জী শিহরিয়া উঠিয়া বলিল, ওগো, তুমি মাশ কর। সেখানে আমি যাব না।

যত্নবান্ মুখ খিঁচাইয়া বলিলেন, তবে মর গে যাও—যাবে কোথায়। দাঁড়াবার জায়গা আছে কোথায় জিগেস করি ? এখানে মর বোমা খেয়ে।

—তা সেও ভাল। অবনী ঠাকুরপোর বউ আর মায়ের খিটিং খিটিং দাঁতের বাচ্চি আমার সহ হবে না। তার চেয়ে মরি বোমা খেয়েই মরি।

—তবে মর, যা হয় কর। আমি কিছু জানি নে—

—তুমি যাও না নিজে। রেখে যাও আমায় এখানে—

আহারাদি করিয়া যত্নবান্ মাথায় হাত দিয়া ভাবিতে লাগিলেন। বেড়াবাড়ী যদি না যাওয়া যায়, তবে কোথায় গিয়া উঠিবেন ? দিদির বাড়ী ? হুগলী জেলার যে পল্লীগ্রামে তাঁহার দিদির বাড়ী, ভগ্নীপতির মৃত্যুর পরে বহুদিন কেন, বহুকাল সেখানে যাওয়া হয় নাই। বাড়ীঘরের কী আছে না আছে, তিনি জানেনও না। সেইখানেই অগত্যা যাইতে হয়। মোটের উপর যেখানে হয়, কাল সকালেই পলাইতে হয়। ভাবিবার সময় নাই।

একবার কী একটা শব্দ হইল, যত্নবান্ চমকিয়া দাঁড়াইয়া উঠিলেন। এরোপ্লেনের শব্দ, সাইরেন বাজিল নাকি ?

পৌ—ও—ও—ও—

ক্রমশ শব্দটা মাথার উপরে আসিতেছে। যত্নবান্ প্রীহা চমকাইয়া গেল। জাপানী প্লেন যে নয়, তাহা কে বলিল ? যত্নবান্ জী বলিল, এই দেখ একখানা উড়ো জাহাজ আলো জালিয়ে মাথার উপর দিয়ে যাচ্ছে।

যত্নবান্ তাড়াতাড়ি বলিলেন চূপ, চূপ, হারিকেনটা ঘরের মধ্যে নিয়ে যাও—ঘরের মধ্যে নিয়ে যাও—বোমা ! বোমা ! জাপানী বোমা !

আবার সেই রক্তাক্ত জবাইখানার দৃশ্য তাঁহার চক্ষুর সম্মুখে স্পষ্ট হইয়া উঠিল—রক্ত, চুল, শব্দ, মাংস। জীকে বলিলেন, বেঁধে নাও, বিছানা-টিছানা বেঁধে ফেল—কটা বেজেছে দেখ তো, ওখানেই যাব ঠিক করলাম। মঙ্গলাদের দেশে।

আজ রাতটা কি কোন রকমে কাটিবে না ?

সকাল হইতে না হইতে যত্নবান্ ঘোড়ার গাড়ীর আড্ডায় গাড়ী ভাড়া করিতে গেলেন। হাওড়া স্টেশনে যাইতে কেহ হাঁকিল তিন টাকা, কেহ হাঁকিল সাড়ে তিন টাকা। একজন বলিল, হাওড়া পুল বন্ধ হয়ে গিয়েছে বাবু, কোন গাড়ী যেতে দিচ্ছে না—

যত্নবান্ চমকিয়া উঠিয়া বলিলেন, কে বললে ?

—হামরা সব জানি বাবু।

ছুইখানা রিক্শা হুঁন হুঁন করিয়া যাইতেছিল। তাহাদের থামাইয়া, বারো আনায় রিক্শা ঠিক করিয়া তাহাদের বাসার সামনে আনিলেন। তখনও ভাল করিয়া ভোর হয় নাই। যদি হাওড়ার পুল বন্ধ থাকে, বালি ব্রিজ হইয়া রিক্শা ঘুরাইয়া লইবেন—যত টাকা লাগে।

কলিকাতা হইতে বাহির হইতেই হইবে। এ যত্নের কাঁদ হইতে বাহির হইতে পারিবেন না কি কোন রকমে ? আপানী বোমা !!

জিনিসপত্র রিক্‌শায় বোঝাই দিয়া মলজা লেন হইতে সেন্ট্রাল স্ট্রাভেনিউতে পড়িয়া বউবাজার দিয়া হাওড়ার পুলের দিকে চলিলেন। একটু একটু ফরসা হইয়াছে। পুল নিখিলে পার হইয়া গেল, অত ভোরেরও দলে দলে ছ্যাকরা গাড়ী, মোটর, রিক্‌শা, ঠালা-গাড়ী, মোট-মাথায় মুটে, পথচারীর দল চলিয়াছে পুল বাহিয়া। যত্নবাবু নিজের চোথকে বিশ্বাস করিতে পারিলেন না, তবে কি পুল পার হইতে পারিয়াছেন সত্যই ? বোধ হয় এ-যাত্রা তবে রক্ষা পাইয়া গেলেন।

স্টেশনে লোকে লোকারণ্য অত সকালেও। বউ-ঝি, ছেলে-মেয়ে, লটবহর, মুটে, বিছানা, ধায়া, ট্রাক, গুড়ের তাঁড়, তেলের টিন, ছাতালাঠির বাণ্ডিল, চ্যা-ভ্যা, হৈ-চৈ। টিকিট কাটিতে গিয়া দেখিলেন, টিকিটের জানালা খোলে নাই। অথচ সেখানে সারি বাধিয়া লোক দাঁড়াইয়া। গেটে চুকিবার উপায় নাই, পিবিয়া তালগোল পাকাইয়া কোন রকমে প্ল্যাটফর্মে চুকিলেন। গাড়ির দরজায় চাবি—লোকজন জানালা দিয়া লাফাইয়া ডিঙাইয়া কামরার মধ্যে চুকিতেছে। যত্নবাবু এক ভুললোককে বলিলেন, মশায় একটু দয়া করে যদি সাহায্য করেন মেয়েদের।

যত্নবাবুর স্ত্রী বসিবার জায়গা পাইলেন, কিন্তু তিনি নিজে অতি কষ্টে দাঁড়াইবার স্থানটুকু পাইলেন। এই সময় যত্নবাবুর স্ত্রী বলিলেন, ওগো, সেই ছোট বালতিটা ? সেটা সেই টিকিট ঘরের সামনে—সেখানেই পড়ে আছে—

সর্বনাশ ! যত্নবাবু অমনি ছুটিলেন। আছে, ঠিক আছে। বালতিটা কেহই লয় নাই। ভিড়ের মধ্যে জিনিসপত্র চুরি যায় না। কাছে কাছে সর্বদাই লোক। সকলেই ভাবে, তাহার মধ্যে কাহারও জিনিস।

গেটে পুনরায় চুকিবার সময় বেজায় ভিড়। সারি সারি মুটে মোটর মাথায় দাঁড়াইয়া, পিছনে বউ ঝি, ছেলে মেয়ে, পুরুষ। গেট আবার বন্ধ করিয়া দিয়াছে। একটু পরে কেন যে হঠাৎ গেট খুলিল, তাহা কেহ বলিতে পারে না। নরনারীর দল ধীর মন্থর গতিতে গেটের দিকে অগ্রসর হইতে লাগিল। একটি অল্পবয়সী বধু ছুই হাতে ছুইটি ভারী পোটলা ঝুলাইয়া ভিড়ে পিবিয়া ঘাইতেছে। যত্নবাবুর মনে সেবা-প্রবৃত্তি জাগিল। আহা, কতটুকু মেয়ে, এই ভিড় সহ করা কি ওদের কাজ ? যত্নবাবু গিয়া বলিলেন, মা, আপনার পুঁটলিটা দিন আমার হাতে—

বউটিকে সামনে দিয়া হাত দিয়া প্রায় বেড়িয়া ভিড়ের সংস্পর্শ হইতে বাঁচাইয়া, তাহাকে গেট পার করিয়া দিলেন। বউটির সঙ্গে উনিশ-কুড়ি বছরের ছোকরা, তাহার ছুই হাতে ছুইটি ভারী ট্রাক। সে যত্নবাবুকে বলিল, স্যার, আপনি কোন্ গাড়ীতে যাবেন ? শেওড়াফুলি ? তা হলে এক গাড়ীতেই—

যত্নবাবু বধুটিকে অনেক কষ্টে স্ত্রীর পাশে একটু জায়গা করিয়া বসাইয়া দিলেন।

ফ্রেন ছাড়িল।

পুনর্জন্ম।

ষড়বাবু হাঁপ ছাড়িয়া বাঁচিলেন। জাপানী বোম্বার পাল্লা হুগলী জেলা পর্যন্ত পৌঁছিতে না।

ক্ষেত্রাবু শেষ পর্যন্ত আসুসিংড়ি গ্রামে যাওয়াই স্থির করিলেন। প্রায় আজ দশ বছর পরে যাওয়া। বহু কষ্টে ভিড়, অস্থবিধা, অতিরিক্ত খরচ, ধাক্কাধুক্কি সহ করিয়া গ্রামে আসিয়া পৌঁছিলেন সন্ধ্যার কিছু আগে। গিয়া দেখিলেন, গৈতুক বাড়ীর পশ্চিম দিকের কুঠুরিতে গ্রামের এক গরীব গৃহস্থ আশ্রয় লইয়াছে, তাহারা জাতিতে কৈবর্ত। তাহারা মনের আনন্দে গাছের ডাব ইচড় ইত্যাদি খাইতেছে, বাঁশঝাড়ের বাঁশ কাটাইতেছে, উঠানে প্রকাণ্ড তরিতরকারির স্কেত করিয়াছে। কোন কালে কেহ আসিয়া এ-সব কাজের কৈফিয়ত চাহিবে, তাহারা কোনদিনও ভাবে নাই। হঠাৎ সন্ধ্যাবেলা বাড়ীর মালিকদের আকস্মিক আবির্ভাবে তাহারা সন্ত্রস্ত তটস্থ হইয়া পড়িল।

ক্ষেত্রাবু বলিলেন, কে হে! ও, পাঁচু না? তোমরাই আছ?

পাঁচু হাত কচলাইয়া বলিল, আজ্ঞে আমরাই। বাড়ীঘর সেবার পড়ে গেল ঝড়ে, তা বলি বাবুর বাড়ী পড়ে রয়েছে, তাই আমরা—

—আছ, ভালই। বাপের ভিটেতে সন্ধ্যা পড়ছে। তা ওদিকে অত জল করে রেখেছ কেন? নিজেরাই থাক, একটু ভাল করে রাখলে পার। ওদিকের ঘরগুলো ভাল আছে?

—না বাবু। ওই একখানা ঘর ভাল ছিল, আমরাই থাকি। ওদিকের ঘরের ছাদ দিয়ে জল পড়ে।

—যাই হোক, এখন রাত্তিরটা থাকার ব্যবস্থা কী করা যায়?

—ওদিকের ঘর দুটো পরিষ্কার করে দিই বাবুকে। এখন আসুন।

সেই ভাঙা ঘরের স্ত্রীতলেতে মেঝেতে জিনিসপত্র স্ত্রীপুত্র লইয়া ক্ষেত্রাবু সেই সন্ধ্যা হইতে অধিষ্ঠিত হইলেন। অনিলার আদৌ ইচ্ছা ছিল না এখানে আসিবার। শুধু টাকা পয়সার অভাবে গ্রামে আসিতে বাধ্য হইতে হইয়াছে!

অনিলা বলে, সাপখোপ কামড়াবে নাকি! মেঝের ওপর শোয়া—তোমার এখানে তক্তাপোশ নেই?

—ছিল—সবই। আজ দশ বছর আসি নি, লোকে চুরিই করুক বা উইয়েই থাক—

পাঁচ-ছয় দিন কাটিয়া গেল।

গ্রামে আসিয়া নূতন জীবন শুরু হইয়াছে ক্ষেত্রাবুর। সকালে উঠিয়া জেলেপাড়া হইতে মাছ সংগ্রহ করিয়া আনেন, বন-বাগান হইতে এঁচড় ডুমুর পাড়িয়া আনেন, কয়লা পাওয়া যায় না—সুতরাং কাঠ কুড়াইয়া আনেন। সকালে সাড়ে নয়টায় খাওয়ার পরিবর্তে বেলা বারোটায় খান।

অনিলা বলে, প্রাণ গেল বাবু, একটু কথা বলি কার সঙ্গে, এমন লোক খুঁজে মেলা চর্যট।

—কেন, কাকাদের বাড়ী যাও, দশুদের বাড়ী যাও—

—কী যাব ? কেউ কথা বলতে পারে না। শুধু গেলো কথা—কী রাখলে ভাই ? কতক্ষণ রাখার কথা বলা যায় বলতো ? এর চেয়ে ডিহিরি গেলে খুব ভাল হত। শুনে না আমার কথা।

গ্রামের একটা বাড়ীতে কলিকাতা হইতে এক ঘর গৃহস্থ আসিল। ক্ষেত্রবাবুর মত তাহারাও এই গ্রামের বাসিন্দা, কলিকাতায় বাড়ী আছে, বড়বাজারে মসলার ব্যবসা করিয়া বেশ সম্ভতিপন্ন অবস্থা। তাহারা সঙ্গে করিয়া আনিয়াছে আরও দুই ঘর বোমা-ভীত পরিবার। শেষোক্ত দলের একটি পরিবারের থাকিবার স্থান নাই, পূর্বোক্ত গৃহস্থের প্রাচীন ঠাকুরদালানে দরমার বেড়া দিয়া আবরু সৃষ্টি করিয়া এক ঘর সেখানে রহিল। অপর পরিবারের জন্ত গ্রামে ঘর খুঁজিয়া মিলিল না। সকলেই গরীব, কোটাবাড়ী বেশী নাই—যাহা দুই-একখানা আছে, তাহাতে মালিকদের নিজেদেরই কুলায় না।

ক্ষেত্রবাবুর কাছে লোক আসিয়া বলিল, আপনার একখানা ঘর ভাড়া দেবেন ?

ক্ষেত্রবাবু অবাক হইলেন। গ্রামের ভাড়া কুঠুরি কেহ ভাড়া লইবে, একথা কে কবে শুনিয়াছে ? ভরসা করিয়া বলিলেন, তা দিতে পারি।

—কী নেবেন ?

ক্ষেত্রবাবু ভাবিয়া বলিলেন, তিন টাকা।

লোকটি এই গ্রামেরই লোক। বলিল, তিন টাকা কেন ? পনেরো টাকা হাঁকুন না। তাই দেবে।

ক্ষেত্রবাবু বিস্মিত হইয়া বলিলেন, পনেরো টাকা বাড়ীভাড়া কে দেবে ? এই ভাড়া বাড়ীর একখানা ঘরের ভাড়া তিন টাকা, তা-ই বেশী। পাগল !

—আপনি জানেন না। ওরা টাকার আঙুল, কারে না পড়লে কি করতে এসেছে এই পাড়াগাঁয়ে ? ঠিক দেবে। নইলে বাড়ী পাচ্ছে কোথায় ?

ক্ষেত্রবাবু হাজার হোক স্কুল-মাস্টার, অত ব্যবসাবুদ্ধিমাথায় খেলিলে আজ সতেরো আঠারো বছর ক্লাক ওয়েল সাহেবের স্কুলে পর্যত্রিশ টাকা বেতনে মাস্টারি করিবেন কেন ? তিনি স্ত্রীর সঙ্গে পরামর্শ করিতে গেলেন। অনিলা বলিল, সে কী গো, ওই ঘর আবার ভাড়া ! ওর আছে কী যে, ভাড়া দেবে ? তারা বিপদে পড়ে এসেছে, ওই ভাড়া দুটো ঘরে থাকতে চাইছে, এতেই বোঝ। এমনি থাকতে দাও, কথা বলবার মানুষ পাওয়া যাচ্ছে এক ঘর, এই না কত !

ক্ষেত্রবাবু ক্ষীণ স্বরে বলিলেন, তিনটে টাকা দিতে চাচ্ছে—আর বাড়ীচ্ছি নে অবিশি। দিক তিনটে টাকা। নিই।

—নাও গে যাও, কিন্তু আর এক পয়সা বেশী বোল না।

পরদিন ক্ষেত্রবাবুর ভাড়া ঘরে ভাড়াটেরা আসিয়া গেল—একটি বধু, তিন ছেলে। যেয়ে, প্রৌঢ়া মনদ। শোনা গেল, বধুটির স্বামী কাজ করে ইছাপুরে বন্দুকের কারখানায়। ছুটি পাইলসেই একবার আসিয়া দেখিয়া যাইবে। অনিলা বধুটির সঙ্গে খুব ভাব করিয়া ফেলিল, তার নাম কুসুমকুমারী, বাপের বাড়ী বাগবাজার—বৃন্দাবন মল্লিকের গলি। কলিকাতা

ছাড়িয়া বাহিরে আসা এই প্রথম, বিশেষ করিয়া আনুসিংড়ির মত অজ পল্লীগ্রামে। প্রত্যেক কাজেই অনুবিধা, না আছে দেওয়াল টিপিলেই আলো, কল টিপিলেই জল, না আছে ভাল রাস্তাঘাট, না আছে একটা টকি-বায়ুগোপ।

তবুও দিন যায় কায়ক্লেশে। মেয়েছেলে, কেহ নিজের বাপের বাড়ী শব্দবাহীকে অপর মেয়ের কাছে ছোট হইতে দিতে চায় না। কুসুম বাগবাজারের গল্প করে তো অনিলা ডিহিরি-অন-সোনের গল্পে তাহাকে ছাড়াইয়া যাইতে চায়।

শীত কাটিয়া বসন্ত পড়িল। ক্ষেত্রবাবুর মনে পড়িল, আমের বউলের গন্ধ কতদিন এমন পান নাই, বাঁশবন, মাঠে ঘেঁটুফুল ফোটার দৃশ্য কতকাল দেখেন নাই। বহুদিন পূর্বের বিশ্বৃত শৈশবকালের স্মৃতি অতীত মাধুর্য্যে মগ্নিত হইয়া শৈশবের মাতাপিতার কত হাসি ও কথার টুকরা ভুলিয়া-যাওয়া স্নেহস্বর লইয়া মনের মধ্যে উঁকি মারে।

হাতের পয়সা ফুরাইয়া গেল। অনিলা পিতৃগৃহ হইতে আসিবার সময় লুকাইয়া সামান্য কিছু অর্থ আনিয়াছিল, তাই দিয়াই এতদিন চলিল, নতুবা ক্ষেত্রবাবু স্কুল হইতে বিশেষ কিছু আনেন নাই। ক্লার্কওয়েল সাহেবের স্কুল আর খোলে নাই, আঠারোই ডিসেম্বরের পরে কলিকাতার কোন স্কুলই খুলে নাই—ক্ষেত্রবাবু স্কুল হইতে পত্র পাইয়া জানিয়াছেন, খবরের কাগজেও দেখিয়াছেন।

স্কুল কি উঠিয়া গেল! হেডমাস্টারের নামে দুই-তিনখানা পত্র দিয়াও উত্তর না পাওয়াতে বৈশাখ মাসের প্রথমে ক্ষেত্রবাবু নিজেই কলিকাতা গেলেন। সে কলিকাতা আর নাই, রাস্তা দিয়া কত কম লোকজন চলিতেছে, তেল বন্ধ হওয়ার দরুন মোটর গাড়ীর সংখ্যা বহু কমিয়া গিয়াছে, রাত আটটার পর ঘুটঘুটে অন্ধকার।

পিটার লেনের মোড়ে ক্লার্কওয়েল সাহেবের স্কুল-বাড়ীটার আর সে স্মৃতি নাই। গেট ভিতর হইতে ভেজানো ছিল। চুকিয়া ক্ষেত্রবাবু ডাকিলেন, ও মথুরা—মথুরা!

নীচের তলার ঘর হইতে কেবলরাম বাহির হইয়া আসিল। ক্ষেত্রবাবুকে দেখিয়া তাড়াতাড়ি দুই হাত জোড় করিয়া মাথা নীচু করিয়া বলিল, কেমন আছেন বাবু?

ক্ষেত্রবাবু বলিলেন, ও কেবলরাম, সাহেব কোথায়?

কেবলরাম হতাশার স্বরে দুই হাত তুলিয়া বলিল, তিনি কলকাতায় নেই। নাগপুরে গেছেন। আমার মাইনে চুকিয়ে দিয়ে গেলেন যাবার সময়।

—স্কুল!

—উঠে গিয়েছে বাবু।

—তবে তোকে মাইনে দিচ্ছে কে এখানে?

—হেডমাস্টার বললেন, তুই এখানে থাক। চিঠিপত্র এলে তাঁর নামে পাঠাতে বলে দিয়েছেন। যদি এর পরে স্কুল চলে—কিন্তু তা চলবে না বাবু, বাড়ীওয়ার পাঁচ মাসের ভাড়া বাকী, শুনছি নাকি নোটিশ দিয়েছে।

—ছেলেপিলে কেউ আসে না ?

—কে আসবে বাবু, কে আছে কলকাতায় ? ওই পাশের গলির কেউ আসে, আর আসে শিবরাম—ওই কুতু লেনের বাবুদের বাড়ীর সেই ছেলেটা। ওরা এসে খোঁজ নেয়, কবে স্কুল খুলবে। আমি বলি—যাও ছেলেরা, স্কুল যদি খোলে, খবর পাবে।

—মাস্টারেরা ?

—কেবল হেডপণ্ডিত এসেছিলেন সাহেবের ঠিকানা নিতে। আর শ্রীশবাবু এসেছিলেন টাকার কী হল জানতে। আর কেউ আসে না! শ্রীশবাবু ঢাকায় ঢাকরি পেয়েছেন, জ্যোতিবিনোদ মশাই দেশেরই স্কুলে ঢাকরি নিয়েছেন।

—নাগপুরে সাহেব কী করছেন জান ? তাঁর ঠিকানা কী ?

—তিনি কী করছেন তা জানি নে। ঠিকানা নিয়ে যান, আমার কাছে সে দিনও চিঠি দিয়েছেন।

ক্ষেত্রবাবু ঠিকানা লইয়া বিষন্ন মনে স্কুল হইতে বাহির হইলেন। আজ সতেরো বৎসরের কত সুখ-দুঃখের লীলাসুমি, কত ছেলে এই দীর্ঘ সতেরো বছরে আসিয়াছে গিয়াছে, কত অস্পষ্ট কাঁচা উৎসুক মুখ মনে পড়ে এখানকার মাটিতে আসিয়া দাঁড়াইলে। মুখই মনে পড়ে, মুখের অধিকারীর নাম মনে পড়ে না। ক্লার্কওয়েল সাহেব, যদুবাবু, জ্যোতিবিনোদ, মি: আলম—আজ সকলের সঙ্গেই আর একবার দেখা করিতে ইচ্ছা হয়; কিন্তু কে কোথায় আজ ছত্রভঙ্গ হইয়া গিয়াছে!

পুরানো চায়ের দোকানটিতে চুকিয়া ক্ষেত্রবাবু বলিলেন, ওহে, চা দাঁও এক পেয়ালা।

দোকানী দেখিয়া ছুটিয়া আসিল : মাস্টারবাবু যে! আহ্নন, আহ্নন। ভাল সব ?

—ভাল। তোমাদের সব ভাল ?

—আর কী করে ভাল হবে বাবু! আপনারা সব চলে গেলেন, তিন-তিনটে স্কুল কাছে, সব বন্ধ। বিক্রি-লিক্রি নেই, দোকান চলে কী করে বলুন ?

ক্ষেত্রবাবু বসিয়া বসিয়া আপন মনে চা খাইতে লাগিলেন। কোথায় গেল সে পুরানো দিন। ওইখানটাতে বসিত জ্যোতিবিনোদ, এখানটাতে রামেন্দুবাবু, ক্ষেত্রবাবুর পাশে সব সময়ই বসিত যদুদা, আর ওই হাতলহীন চেয়ারটা ছিল নারায়ণদার (আহা বেচারী! ভালই হইয়াছে স্বর্ণে গিয়াছে, স্কুলের এ দুর্দশায় বেচারীর প্রাণে বড়ই কষ্ট হইত।) বাধা-ধরা আসন। এখানে বসিয়া দুঃখের মধ্যেও কত আনন্দ, কত মজলিস করা গিয়াছে। গত দশ-বারো চৌদ্দ বছর! আজ কেউ-নাই কোন দিকে। সর্ব ছত্রভঙ্গ।

স্কুল আর বসিবে না। কলিকাতার সব স্কুল যদিও দুই পাঁচ মাস পরে খোলে, তাঁহাদের স্কুল আর বসিবে না। বসিতে পারে না—আর্থিক অবস্থা খারাপ। বাড়ীওয়ালার আর মাসখানেক দেখিয়া 'টু লেট' বুলাইয়া দিবে। মাস্টারেরা পেটের খাঙ্কায় যে যেখানে পারিয়াছে, চাকুরিতে চুকিয়া পড়িয়াছে, নয়তো তাঁর মত হুদূর পল্লীগ্রামে আশ্রয়পাশ করিয়াছে।

ক্লার্কওয়েল সাহেবের মত একনিষ্ঠ শিকারভীর আজ কী দুঃবস্থা, তাহার খবর কে রাখে ?

—ক পরলা ?

—মাস্টারবাবু, আপনাদের খেয়েই মাহুষ। এতদিন পরে পায়ের ধুলো দিলেন—এক পেয়লা চা খেয়েছেন, ওর আর কী দাম নেব ? না মাস্টারবাবু, মাপ করবেন।

—আচ্ছা, আমাদের স্কুলের আর কোন মাস্টার যদি এখানে চা খেতে আসে, তবে আমার কথা বোল তাকে, কেমন তো ? মনে থাকবে ? আমার নাম ক্ষেত্রবাবু। বোল—আমি তাদের কথা ভুলি নি, কেমন তো ?

চায়ের দোকান হইতে বাহির হইয়া দুই-একটি টুইশানির ছাত্রদের বাড়ী গেলেন। বাড়ী তালাবন্ধ। মেয়েছেলে নাই, ভাবে মনে হইল। পুরুষেরা যদি বা থাকে, কর্মস্থল হইতে সকাল সকাল ফিরিবার তাগিদ নাই। ক্ষেত্রবাবু অন্তমনস্কভাবে পথ চলিতে লাগিলেন। ধর্মতলার কাছাকাছি আসিলে একটি তরুণ যুবক আসিয়া খপ করিয়া তাঁহার পায়ের উপর পড়িয়া ধূলা লইয়া প্রণাম করিয়া হাসিমুখে বলিল, শ্রাব, ভাল আছেন ? চিনতে পারেন ?

—হ্যাঁ, রাজেন দেখিচি যে ! তা আর চিনতে পারব না। তুই কাদের সঙ্গে সঙ্গে যেন পাস করিস, কোন বছর ?

—বছর পাঁচ হয়ে গেল শ্রাব। মনে রেখেছেন, এই যথেষ্ট ! আমি শিবুদের ব্যাচে পাস করি। শিবুকে মনে আছে ? শিবনাথ ভট্টাচার্য—স্কীরোদ ডাক্তারের ছেলে।

ক্ষেত্রবাবু ভাল মনে করিতে পারিলেন না ; কিন্তু বলিলেন, হ্যাঁ, মনে পড়েছে। কী করচিস ?

—এ. আর. পি.তে ঢুকেছি শ্রাব। বেকার বশেছিলাম, আজ অনেক দিন। এবার—

—বেশ, বেশ। আচ্ছা, চলি।

সন্ধ্যার দেরি নাই। আবার সেই ব্ল্যাক-আউটের কলিকাতা। আর কলিকাতায় থাকিয়া লাভ নাই। রাত সাড়ে আটটায় গাড়ী আছে শিয়ালদহে। ছেলেমেয়েদের জন্ত কিছু সস্তার বিস্কুট ও লেবেঞ্জুস কিনিয়া সন্ধ্যার পূর্বেই ক্ষেত্রবাবু স্টেশনে আসিয়া জমিলেন।

ষড়্বাবু আজ মাস দুই শয্যাগত।

হাওড়া জেলার যে পল্লীগ্রামে তিনি গিয়াছিলেন, সেখানে গিয়া দেখিলেন, ভগ্নীপতির ধরবাড়ীর অবস্থা যা, তাহাতে সেখানে মাহুষের বাস করা চলে না। তবুও থাকিতে হইল, কী করিবেন—অভাব। কিন্তু মাসখানেক পরে ষড়্বাবুর ম্যালেরিয়া ধরিল। অর্ধের অভাব, তদুপরি থাকিবার কষ্ট—এ গ্রামে আশ্রয়বন্ধু কেহ নাই, ঙ্গাতেও নাই পরলা।

গ্রামের নাম কমলাপুর, তারকেখর লাইন হইয়া যাইতে হয়—শেওড়াফুলি হইতে পাঁচ-ছয় ক্রোশ দূরে। গ্রামের ভদ্রলোকেরা সকলেই ডেলি-প্যাসেঞ্জার, সকালে কেহ আটটা চল্লিশ, কেহ নয়টা দশের ট্রেন ধরিয়া কলিকাতায় ছোট্টে, আবার ঝাড়নে বাজারহাট বাধিয়া বাড়ী করে। যেটুকু পল্লগুজব করে—হয় আপিস, নয়তো ফুটবল, আজকাল অবশ্য হুঙ্কর গল্প।

পাশেই অধিনাশ বাঁড়ুজের বাড়ী। কলিকাতা হইতে রাত নয়টার সময় প্রৌঢ় ভদ্রলোক বাড়ী ফিরিলে ষড়্বাবু উদ্বেগের স্বরে জিজ্ঞাসা করেন, আজ হুঙ্কর ধর কী অধিনাশবাবু ?

অবিনাশবাবু যুদ্ধের আলোচনা করিতে বসেন। তোজো বা ওয়াভেল বা চাচ্চিল যাহাঁ না ভাবিয়াছেন, অবিনাশবাবু তাহা ভাবিয়া বুঝিয়া বিজ্ঞ হইয়া বসিয়া আছেন। সিঙ্গাপুর বা ব্রহ্মদেশ কী করিলে রক্ষা পাইতে পারিত, ত্রিটিশের কী ভুল হইল, কোন্ পথ ধরিয়া কী ভাবে যুদ্ধ করিলে আপার বর্ষা এখনও রক্ষা হয়—এসব কথা অবিনাশবাবু খুব ভালই জানেন। কলিকাতায় দিন পনেরোর মধ্যে বোমা পড়িবে, এ বিষয়ে তিনি নিঃসন্দেহ। বোমার বিমানের আক্রমণের চিত্র তাঁহার মত কেহ আঁকিতে পারে না।

শুনিয়া শুনিয়া যজুবাবুর কী হইয়াছে, আজকাল তিনি যেন সর্বদাই সশঙ্ক।

একদিন রাত্রে আহার করিতে বসিয়া হঠাৎ উৎকর্ণ হইয়া শুনিলেন, এরোপ্লেনের শব্দের মত একটা শব্দ না?

স্ত্রীকে বলিলেন, ঠাড়াও, ও কিসের শব্দ গো?

—কই?

—ওই যে শোন না—আলো সরিও, আলো ঘরে নিয়ে যাও, ঘরে নিয়ে যাও। জাপানী প্লেন হতে পারে—

—তোমার হল কী? ও তো গুবরে পোকা উড়ছে জানালায় বাইরে।

—না না, গুবরে পোকা কে বললে? দেখে এস আগে—ছুঁ দিতে হবে না, আগে দেখে এস—

যজুবাবুর স্ত্রী কাঁটার আগায় পোকাটাকে উঠানে ফেলিয়া দিয়া বলিল, জাপানী এরোপ্লেন কাঁট দিয়ে তফাত করে রেখে এলাম গো। এখন নিশ্চিন্ত হয়ে বসে ছুঁ দিতে ভাত ছুটি খাও। এক চাকলা আম দিই।

সংসারের বড় কষ্ট, অথচ ভয়ে যজুবাবু কলিকাতায় গিয়া স্কুলে প্রভিডেন্ট ফণ্ডের টাকার খোঁজখবর করিতে পারেন না। স্কুলে চিঠি লিখিয়াও জবাব পাইলেন না। ম্যালেরিয়া-প্রধান স্থান, শরীরের মধ্যে অস্থখ ঢুকিল—প্রায়ই অস্থখে ভোগেন। অথচ ঔষধ নাই, পথ্য নাই। থাকিবারও খুব কষ্ট।

যজুবাবু বলেন, এর চেয়ে বেড়াবাড়ী ছিল ভাল।

যজুবাবুর স্ত্রী বলে, সেখানেও যে স্থখ, তা নয়; তবে তুমি সঙ্গে থাকলে আমি বনেও থাকতে পারি। সে বার তুমি আমায় ফেলে এলে একা—কী করে থাকি বল তো?

যজুবাবু বলেন, তুমি অবনীরা দ্বিধিকে একখানা চিঠি লেখে। আম-কাঁঠালের সময় আসছে, চল যাই। কতকাল বেড়াবাড়ী বাস করি নি। আসল কথা কী জান, কলকাতা ছাড়া কোন জায়গায় মন টেকে না। কথা বলবার মাহুঘ নেই—আমার যে সব বন্ধু ছিল কলকাতায়, তাদের কেউ পোস্ট-মাস্টার, কেউ মার্চেন্ট অফিসের বড় কেরানী, দু শো টাকার কম মাইনে নয়। স্কুল-মাস্টারকে সবাই খাতির করত। শিক্ষিত লোক শিক্ষিত লোকের মর্দ্ব বোধে।

—কেন, ওই অবিনাশবাবু—উনিও তো ভাল চাকরি করেন।

—ওই অবিনাশটা? আরে রামো, রেল-আপিসে কাজ করে, সেকালের এন্ট্রান্স পাস

—ওর দরের লোকের সঙ্গে কি আমাদের বনে ? ওই দেখ না কেন, দুটো ছেলে রয়েছে, আমি তার বাড়ীর পাশে একজন কলকাতার বড় জুলের মাস্টার, পড়া না কেন টুইশামি ? দে না দশটা টাকা মাসে ? এমন পাবি কোথায় তাদের এই পাড়াগায়ে ? পেটে বিষ্ঠে থাকলে তবে তো ! রেল-আপিসের কেরানী আর কত ভাল হবে !

অবনীর দিদিকে চিঠি লেখা হইল, কিন্তু কোন উত্তর পাওয়া গেল না। ইতিমধ্যে যত্নবাবু একদিন হঠাৎ জ্বর হইয়া অজ্ঞান হইয়া পড়িলেন। যত্নবাবুর স্ত্রী গিয়া অবিনাশবাবুর স্ত্রীর কাছে কাঁদিয়া পড়িলেন। অবিনাশবাবু তখন অফিস হইতে ফেরেন নাই, তাঁহার চাকর পাঠাইয়া পাশের গ্রামের জুয়ণ ডাক্তারকে ডাকাইয়া আনিলেন। জুয়ণ ডাক্তার আসিয়া রোগী দেখিয়া বলিলেন, মাথায় হঠাৎ রক্ত উঠিয়া এমন হইয়াছে। খুব সাবধানে থাকার দরকার। চিকিৎসাপত্র করিয়া কথঞ্চিৎ সুস্থ করিতে যত্নবাবুর স্ত্রীকে শেষ সম্বল হাতের রুলি বিক্রয় করিতে হইল।

এই সময় হঠাৎ একদিন অবনী আসিয়া হাজির। সে একটা পুঁটুলি হইতে গোটাচক্রে কমলালেবু পোয়াটাক মিছরি যত্নবাবুর বিছানার একপাশে রাখিয়া একগাল হাসিয়া বলিল, নিতে এসেছি দাদা, চলুন। বউদিদি দিদিকে পত্র লিখেছিলেন আপনার অসুখের খবর দিয়ে। দিদি বললেন—যাও ওদের গিয়ে এখানে নিয়ে এস।

যত্নবাবু মিনতির স্বরে বলিলেন, তাই নিয়ে চল ভায়া, এখানে আমার মন টেকে না।

—বউদিদি কই ?

বোধহয় ঘাটে গিয়েছে। বোস, আসছে এখনি।

অবনীকে দেখিয়া যত্নবাবু যেন হাতে স্বর্গ পাইলেন। নির্বাক্তব হানে তবুও একজন দেশের লোক, জাতির সান্নিধ্যলাভ কম কথা নয়।

অবনী ইহাদের সঙ্গে করিয়া বেড়াবাড়ী আনিয়া ফেলিল। যে ঘরে পূর্বে যত্নবাবুর স্ত্রীর স্থান হইয়াছিল, সেই ঘরখানাতেই এবারও যত্নবাবুর আসিয়া উঠিলেন। ঘরখানা সেই রকমই আছে, বরং আরও খারাপ, আরও শ্রান্তসেতে। দেওয়ালে নোনা লাগার ছোপ আরও পরিষ্কৃত হইয়াছে।

গ্রামে ডাক্তার নাই, আশপাশের ষোলখানা গ্রামের মধ্যে কুত্ৰাপি ডাক্তার নাই, দুই-এক জন হাতুড়ে বস্তি ছাড়া। তাদেরই একজন আসিয়া যত্নবাবুকে দেখিল। পুরাতন জরে ভাত খাওয়ার পরামর্শ দিল। বলিল, নাতি-খাতি সেরে যাবে এখন, ও গরম হয়েছে, গরমের দরুন অস্থখড়া সারচে না।

রুলি বিক্রয়ের টাকা ফুরাইয়া আসিতেছে দেখিয়া যত্নবাবুর স্ত্রী স্বামীকে বলিল, হ্যাঁ পো, কাল তো ওরা বলছিল—এক মণ চাল কিনতে হবে, অবনীর হাতে এখন টাকা নেই, তা তোমার ইয়েকে একবার বল। আমি তোমাকে আর কী বলব, সব বিষ্ঠে তো জানি। এক মণ চালের দাম দিতে গেলে তোমার গুয়ুপথিয় পরসা থাকে না। অথচ ওদের হাঁড়িতে খাওয়াদাওয়া, না দিলেও তো মান থাকে না। কী করি ?

যত্নবান্ন বিয়ক্তির সুরে বলিলেন, তোমাদের কেবল পয়সা আর পয়সা, একটা লোক শুধু বিছানায়—জানি নে ও-সব, যাও এখান থেকে—

যত্নবান্ন জীর আর কোন গহনাপত্র নাই, স্বামী বিশেষ কিছু দেন নাই, বরং বাপের বাড়ী হইতে আনীত যাহা কিছু ধূলগুঁড়ো ছিল, তাহাও স্বামী হুঁকিয়া দিয়াছেন অনেকদিন পূর্বে।

এখন উপায় ? ভাবিয়া-চিন্তিয়া বিবাহের সময় শ্বশুরের দেওয়া বেনারসী শাড়িখানা লুকাইয়া গ্রামের মধ্যে অবস্থাপন্ন রায়বাড়ীর গিন্নীর কাছে লইয়া গেল।

রায়-বাড়ীর গিন্নী বলিলেন, এস এস ভাই। কবে এলে ? শুনলাম নাকি ঠাকুরপোর বড় অস্থখ ?

যত্নবান্ন স্বী কাদিয়া বলিল, সেই জন্তেই আসা। কলকাতার স্কুল উঠে গিয়েছে, হাতে এক পয়সা নেই, অথচ ঠুর অস্থখ। আমার এই ফুলশয্যের বেনারসীখানা বিক্রি করে দিন। নইলে উপায় নেই। এই দেখুন ভাল কাপড়, এখনও নষ্ট হয় নি—এক জায়গায় কেবল একটু পোকায় কেটেচে—

রায়গিন্নীর অবস্থা ভাল ! দুই ছেলে চাকুরি করে, জমিজমাও আছে। বাড়ীর কর্তা আগে কোর্টের নাজির ছিলেন সে কালের নাজির, দুই পয়সা উপার্জন করিয়াছিলেন। একটি মেয়ে বিধবা, বাপের বাড়ী থাকে, কিন্তু তাহার শ্বশুরবাড়ীর অবস্থা ভালই—স্বীধন হিসাবে কিছু কোম্পানির কাগজও আছে।

রায়গিন্নী বলিলেন, ফুলশয্যের বেনারসী কেন বিক্রী করবে ভাই ? দু-পাঁচ টাকা দরকার থাকে, নিয়ে যাও। আবার যখন তোমার হাতে আসবে দিয়ে য়েয়ো।

যত্নবান্ন স্বী বলিল, না, আপনি একেবারে বিক্রি করিয়েই দিন। ধার করলে একদিন শোধ দিতে হবে, তখন কোথায় পাব ?

জীর মুখে এ কথা শুনিয়া যত্নবান্ন চট্টিয়া গেলেন। বলিলেন, ধার দিতে চাচ্ছিল, মিলেই হত। কাপড়খানা থাকত, টাকাও চার-পাঁচটা আসত। কাপড়খানা বুচিয়ে দিয়ে এলে ? এমন পাথুরে বোকা নিয়ে কি সংসার করা চলে ?

যত্নবান্ন স্বী কোনও প্রতিবাদ করিল না। অবুঝ স্বামী, রোগ হইয়া আরও অবুঝ হইয়া গিয়াছে। তাহাকে মিষ্টি কথায় ভুলাইয়া রাখিতে হইবে, ছেলেমাছুষকে যেমন লোকে ভোলায়। টাকাকড়ির বিষয়ে মাছুষের সঙ্গে সোজা-সুজি ব্যবহার ভাল। কীকি দিয়া, ঠকাইয়া কতদিন চলে ? স্বামীকে সে কথা বোঝানো শক্ত।

এদিকে অবনীদেবের ধারণা, যত্নবান্ন প্রভিডেন্ট ফণ্ডের মোটা টাকা আনিয়াছেন সঙ্গে। স্বামী স্বী লইয়া সংসার, এতদিন কলকাতায় চাকরি করিয়াও দুই-পাঁচ হাজার বা ব্যাঙ্কে কোন্ না জমাইয়া থাকিবেন ? বাইরের লোকের সামনে অবনী বলে, দাদার হাতে পয়সা আছে। গভীর জলের মাছ, এ কি আর তুমি আমি ?

যত্নবান্নকে বলে, দাদা, টাকা ব্যাঙ্কে রাখা ভাল না, যে বাজার !

যত্নবান্ন বলেন, তা তো বটেই।

—তা আপনি যদি রেখে এসে থাকেন ব্যাঙ্কে, একদিন না হয় আমিই ঘাই—ঠেক লিখে দিন, টাকাটা উঠিয়ে আনি।

যহুবাবু ভাঙেন তবু মচকান না। ব্যাঙ্কের ত্রিসীমানা দিয়া যে তিনি কন্ঠিন্‌কালে হার্টেন নাই, অবনীকে এই সোজা কথাটা বলিলেই হাকামা চুকিয়া যায়; কিন্তু তা তিনি বলিলেন না। এমন ভাবের কথা বলিলেন, ঘাহাতে অবনীর দৃঢ় বিশ্বাস জন্মিল, দাদার অনেক টাকা কলিকাতার ব্যাঙ্কে বজুত।

সেই দিন হইতে উহাদের দিক হইতে নানা ধরনের তাগিদ আসিতে লাগিল। আজ অবনীর মেয়ে উম্মার কাপড় নাই, কাল কাছারীর খাজনা না দিলে মান থাকে না, পরন্তু অবনীর নিজের জুতা এমন ছিঁড়িয়াছে যে একজোড়া নতুন জুতা ভিন্ন ভঙ্গলমাজে সে মুখ দেখাইতে পারিতেছে না। তা ছাড়া, সংসারের বাজার-খরচের প্রায় সমুদায় ভার পড়িল যহুবাবুদের অর্থাৎ যহুবাবুর স্ত্রীর উপর। ফলে বেনারসী শাড়ী বিক্রির পচিশ টাকা, দিন-কুড়ির মধ্যেই কয়েক আনা পয়সায় আসিয়া দাঁড়াইল।

যহুবাবুর স্ত্রী জানে, স্বামীর কাছে কিছু চাওয়া ভুল। তোরঙ্গের তলায় একটা সিঁদুরের কোটার মধ্যে বহুকালের ছল ভাঙা, নথের টুকরা, এক কুচি চুড়ির গুঁড়া, ছই-চারিটা সিঁদুর-মাখানো লক্ষীর টাকা ইত্যাদি ছিল। সব গৃহিণীই এগুলি লুকাইয়া কুড়াইয়া রাখিয়া দেন, যহুবাবুর স্ত্রীও তাহা করিয়াছিল। কত কালের স্বতি-জড়ানো এই অতিপ্রিয় ব্রব্যগুলির দিকে চাহিয়া তাহার চোখে জল আসিল! শেষ সফল সোনার কুচি—লোকে কথায় বলে। সত্যিই সেই শেষ সফলটুকুও কি হাতছাড়া করিতে হইবে, অবস্থা এত মন্দ হইয়া আসিয়াছে?

অবনী একদিন যহুবাবুর কাছে ছুমিকা কাঁদিয়া বলিল, দাদা একটা কথা বলি। এ মাসে আমায় কিছু টাকা দিন। একটা গরু বিক্রী আছে আদাড়ী জেলেনীর, বাইশ টাকা দাম চায়—এবেলা এক সের গুবেলা এক সের দুধ দিচ্ছে। আপনার অস্থখের জন্তে দুধের তো দরকার। গরুটা কিনে রাখি, সব হাকামা মিটে যায়।

যহুবাবু স্বভাবসিদ্ধভাবে উত্তর দিলেন, তা—তা—বেশ। মন্দ কী? হ্যা, সে ভালই।

অবনী উৎসাহ পাইয়া বলিল, কবে দিচ্ছেন টাকাটা? আজ না হয় পাঁচটা টাকা দিন, বাবনা করে আসি। হাতছাড়া হয়ে যেতে পারে—

আসলে সেদিন আড়ংঘাটার বাজারে অবনীর পাঁচ টাকা ধার শোধ দেওয়ার ওয়াদা ছিল, কুণ্ডদের দোকানে অনেক দিনের দেনা, নতুবা তাহার নাগিশ রুজু করিবে বলিয়া শাসাইয়াছে।

যহুবাবু বলিলেন, তা এখন তো হয় না। তোমার বউদিদির কাছে চাবি। সে ঘাটে গিয়েছে।

যহুবাবুর উপর হইতে চাপ গিয়া পড়িল এবার তাহার বেচারী স্ত্রীর উপর। বউদিদি তখন দিবেন না, দাদা এখন বলিয়া দিয়াছেন? আসল কথা, দাদা তো কবুল আছেনই,

বউদিদি হাড়-কঙ্কস। হাত দিয়া জল গলে না।

কমট ও ফিঙে পাখী গ্রীষ্মের দীর্ঘ দিন ধরিয়৷ ঝাঁপঝাড় ভাঙে, প্রস্তুতিত তুঁতপুষ্পের ঘন স্রবাসে যত্নবাবুর জানালার বাহিরের বাতাস ভয়পূর্ণ, রোগগ্রস্ত যত্নবাবু নিজের বিছানায় বালিশ ঠেসান দিয়া বসিয়া বসিয়া শোনে। সামনের নারিকেল গাছের গায়ে একটা গিরগিটি, যখনই যত্নবাবু চাহিয়া দেখেন, সেই গিরগিটি ওই গাছের গায়ে একই জায়গায়। দেখিয়া দেখিয়া রুগ্ন উদ্ভাস্ত যত্নবাবুর মনে হয়, ওই গিরগিটি তাঁহার এই বর্তমান শয্যাশায়ী অবস্থার প্রতীক। ওটাও যেমন নারিকেল গাছের গায়ে অচল অনড়, তিনিও তেমনিই এই আলো-আনন্দহীন কক্ষে, পুরানো ভাঙা কোঠার কেমন একপ্রকার নোনা-ধরা গন্ধের মধ্যে শয্যাগত, উত্থানশক্তিরহিত।

কবে শরীর সারিবে কে জানে? যেদিন ওই গিরগিটিটা ওখান হইতে সরিয়া যাইবে?

অবনীৰ বড় ছেলে কালীকে ডাকিয়া বলিলেন, এই শোন, ওই গিরগিটিটাকে ওখান থেকে তাড়াতে পারবি?

বালক অবাঞ্ছিত হইয়া তাঁহার মুখের দিকে চাহিয়া বলিল, কেন জ্যাঠামশাই?

—দে না, দরকার আছে।

—একটা কঞ্চি নিয়ে আসি জ্যাঠামশায়। খোঁচা দিয়ে তাড়াই। আপনি উঠবেন না, শুয়ে শুয়ে দেখুন।

তাড়ানো হইল বটে, কিন্তু আবার পরদিন সকালে উঠিয়া যত্নবাবু লভয়ে চাহিয়া দেখিলেন, গিরগিটিটা আবার সেই নারিকেলগাছের গায়ে স্বস্থানে জাঁকিয়া বসিয়া আছে। যত্নবাবু হতাশ হইয়া বালিশের গায়ে ঠেস দিয়া দীর্ঘনিঃশ্বাস ফেলিলেন।

অস্থখ সারে না। দিন দিন দুর্বল হইয়া আসিতেছে দেহ, পাড়াগাঁয়ের হাতুড়ে ডাক্তারের ওষুধে ফল হয় না। জ্যৈষ্ঠ মাস গিয়া আষাঢ় মাস পড়িল। বর্ষার জলের সঙ্গে সঙ্গে হু হু করিয়া মশককুল দেখা দিল, ফুটা-ছাদ দিয়া জল পড়িতে লাগিল রোগীর বিছানায়, এক-এক দিন রাতে বিছানা গুটাইয়া ঘরের কোণে জড়সড় হইয়া স্বামী-স্ত্রীতে রাত কাটাইতে হয়।

যত্নবাবুর স্ত্রী বলে, কপালে এতও ছিল!

যত্নবাবু চটিয়া বলেন, তুমি ও-রকম নাকে কেঁদো না বলে দিচ্ছি! কথায় বলে, পুরুষের দশ দশা। রেখেছিলাম তো কলকাতায় বাসা করে এতাবৎ কাল। জাপানীদের তো আমি ডেকে আনি নি। পড়ে গিয়েছি বিপদে, তা এখন কী করি বল? হুদিন আসে, কলকাতায় গিয়ে উঠব আবার—তা বলে নাকে কেঁদে কী হবে?

যত্নবাবুর স্ত্রী বলিল, আমার জন্তে কিছু বলিনি, তোমার জন্তেই বলি। তোমার কি এত কষ্টকরা অভ্যাস আছে কখনও? চিরকাল টুইশানি করে এসেছ, শীতকালে গরম জল করে দিয়েছি হাত-পা ধুতে, তোমার ঠাণ্ডা সন্নিহিত হয় না কোন কালে—

—আচ্ছা, থাক থাক, তার জন্মে নাকে কেঁদে কী হবে ? আবার হবে সব—কেবল ওই অবনীটার আলান—

কিন্তু লক্ষণ ক্রমশ খারাপ দেখা দিল। আষাঢ় মাস পড়িবার সঙ্গে সঙ্গেই যত্নবাবু যেন আরও দুর্বল হইয়া পড়িলেন। জর রোজ আসে, কোন দিন ছাড়ে, কোনদিন ছাড়ে না।

সে দিন জগন্নাথের আনঘাট্রা। সকালের দিকে বৃষ্টি হইয়া দুপুরের পর বৃষ্টিধোত স্থনীল আকাশে ঝলমলে সোনালী রোদ উঠিল। আতাগাছটাতে, ফুটন্ত ফুলে ভরা আকন্দগাছটাতে, বাঁশঝাড়ের মাথায় অদ্ভুত রঙের রোদ মাখানো। আতাফুলের কুঁড়ির মত সুবাস শৈশবের কথা স্মরণ করাইয়া দেয়।

অবনীর মেয়ে টুনি বলিতেছে, মা আমি পঞ্চমীর পালুনি করে পাশ্চ ভাত খেতে পারব না কিন্তু বলে দিচ্ছি, চিঁড়ে খাব।

যত্নবাবুর মনে পড়িল, তাঁহার মা যত্নবাবুর বাল্যদিনে মনসার পালুনি করিয়া পাতে যে চিঁড়ার ফলার রাখিয়া উঠিতেন, তাহা খাইবার জন্ত তাঁহাদের দুই ভাইবোনের কাড়াকাড়ি পড়িয়া যাইত। কোথায় সে বাল্যকালের মা, কোথায় বা সেই ছোট বোন মঙ্গলা। চল্লিশ বছরের ঘন কুয়াশায় তাহাদের মুখ মনের দর্পণে আজ অস্পষ্ট।

তারপর কতকাল গ্রামছাড়া। ১৯০০ সালের পর আর গ্রামে এভাবে বাস করা হয় নাই। সেই সালেই যত্নবাবু এন্টাল পাশ করেন বোয়ালমারি হাই স্কুল হইতে। দাড়িওয়াল। বুদ্ধ রামকিন্ধর বসু ছিলেন হেডমাস্টার। যেমন পাণ্ডিত্য, তেমনই বেতের বহর ছিল তাঁহার। রামকিন্ধর বোশের বেত খাইয়া অনেক ডেপুটি ম্যুন্সেফ পয়দা হইয়া গিয়াছে সেকালে।

যত্নবাবুকে বলিয়াছেন—যত্ন, তুমি বড় কাকিবাজ, টেস্ট পরীক্ষায় টুকে পাস করলে, চিরকালই পরের টুকে পাস করলে, জীবনের পরীক্ষায় যেন এ রকম কাকি দিয়ে না, বড় কাকে পড়ে যাবে।

বেলা পড়িয়া আসিয়াছে। কী সুন্দর অপরাহ্নের নীল আকাশ ! কী সুন্দর সোনার রঙের সূর্যালোক ! ছোট গোয়ালে-লতার খোপে একজোড়া বনটিয়া আসিয়া বসিল। ছেলে বেলায় যত্নবাবু পাখী বড় ভালবাসিতেন। পদা বুনা নামে তাঁহাদের এক পৈতৃক প্রজা ছিল, তাহার সঙ্গে মিশিয়া কাদ পাতিয়া জলচর পক্ষী ধরিতেন—সরাল, পানকোড়ি, বক, শামুকুড়—কত কাল এসব দেখেন নাই ! গানের তাল কবে কাটিয়াছিল, স্মরণ নাই। বর্ষমানের সঙ্গে অতীতের অনতিক্রমণীয় ব্যবধান।

যেন তাঁহার নবদৃষ্টি জাগ্রত হইয়াছে এই রোগশয্যায় ! টুইশানির ছুটাছুটি নাই, সারা-দিন ঠেসানদিয়াবাহিরের দিকে চাহিয়া থাকা। কতকালএত দীর্ঘ অবকাশ ভোগ করেন নাই। ভগবানের কথা কখনও ভাবেন নাই, আজ মনে হইল—তিনি আছেন। না থাকিলে এই সুন্দর রোদ, বনটিয়া, তাঁহার মনের এই অকারণ আনন্দ, শত অভাবের মধ্যেও মায়ের স্নেহময়ী স্মৃতির বাস্তবতা কোথা হইতে আসিল ? ভগবান না থাকিলে ওই অনাথা নিঃস্বল বিধবাকে

কে দেখিবে ? তাঁহার দিন ফুরাইয়াছে তিনি জানেন।

জীবন কি কীকি দিয়া কাটাইলেন !

সুদীর্ঘ জীবনের বহু কথা আজ ঘেন মনে পড়িতেছে, গত ত্রিশ-পঁয়ত্রিশ বৎসরের কৰ্মজীবনের ইতিহাস—না, কীকি কেন দিবেন ? কীকি দেন নাই। নারায়ণদা সাধু-পুরুষ ছিলেন—অর্গে চলিয়া গিয়াছেন—নারায়ণদা বলিভেন, জীবনকে সার্থক করিতে হইলে তাহাকে মাছঘের কোন না কোন কাজে, সমাজের কোন না কোন উপকারে লাগানো চাই।

তিনিও জীবনকে বৃথা যাইতে দেন নাই। এই দীর্ঘ সময়ের মধ্যে কত ছাত্র লেখাপড়া শিখিয়া তাঁহার হাতে মাছঘ হইয়াছে। হয় নাই কি ? নিশ্চয়ই হইয়াছে। সেই সব ছেলেই সাক্ষী আজ, পরকালের মৃত্যুপারের দেশের বড় দরবারে তাহারা সে সাক্ষ্য দিবে একদিন, যত্নবানু আশা করেন।

দুই-একটা অন্ডায় কাজ, দুই-একটা—চুরি ঠিক বঁলা যায় না—চুরি নয় তবে হাঁ, একটু-আধটু খারাপ কাজ ঘে না করিয়াছেন, এমন নয়। তিনি তাহা স্বীকারই করিতেছেন। ভগবান গরীব মাছঘের অপরাধ ক্ষমা করিবেন।

বেলা গেল।...

গিরগিটিটা নারিকেলগাছের গুঁড়িতে ঠায় বসিয়া আছে।...

ভগবান দয়াময়, গরীবের অপরাধ ক্ষমা করিবেন।

যত্নবানুর স্ত্রী এক বাটি বালি লইয়া ঘরে ঢুকিয়া বলিল, নেবু দিয়ে বালি দেব, না, মিছরি দেব ? পরে খামিয়া বলিল আজ শুণে দেখলাম, এগারোখানা আমসম্ব হয়েছে, বুঝলে ? কলকাতার বাসায় নিয়ে যাব হাঙ্গামা মিটে গেলে। তুমি দুধ দিয়ে খেতে ভালবাস বলে আমসম্ব দিলাম মরে-কুটে—সেরে ওঠো তুমি।

স্ত্রীকে হঠাৎ বিন্মিত করিয়া দিয়া তিনি তাহাকে পুরানো আমলের আদরের সুরে অনেক দিন পরে বলিলেন, বিছানায় এসে কাছে একটুখানি বোস না ! এস—

ক্লাৰ্কওয়েল সাহেবের স্কুল দিন পাঁচ-ছয় খুলিয়াছে। দুই-তিন জন ব্যতীত অল্প সব শিক্ষক আসিয়াছেন। আসেন নাই কেবল জ্যোতিবিনোদ আর শ্রীশবাবু ! তাঁহারা দেশের স্কুলে চাকুরি পাইয়াছেন। ছেলেরাও বেশী নাই, এ-ক্লাসে পাঁচ জন ও-ক্লাসে দশ জন। অনেকে বলিতেছে—স্কুল টিকিবে না।

আর আসেন নাই যত্নবাবু। সাহেবের সারকুলার-বই লইয়া কেবলরায় ক্লাসে ক্লাসে ফিরিতেছে—স্কুলের স্বযোগ্য প্রবীণ শিক্ষক যত্নগোপাল মুখুজ্যের পরলোকগমনে স্কুল দুই দিন বন্ধ রছিল। মুখোপাধ্যায় মহাশয় একাধিকমে উনিশ বৎসর এই স্কুলে শিক্ষকতা করিয়া ছাত্র ও শিক্ষক সকলেরই প্রচ্ছা অর্জন করিয়াছিলেন। তাঁহার মৃত্যুতে স্কুলের যে অপরিণীম কতি হইল...ইত্যাদি ইত্যাদি।

দুই বাড়ী

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

ধানভারণ চৌধুরী সকালে উঠিয়া বড় ছেলে নিধুকে বলিলেন—নিধে, একবার হরি বাপীর কাছে গিয়ে ভাগাফা করে তখ দিকি। আজ কিছু না আনলে একেবারেই গোলমাল।

নিধুর বয়স পঁচিশ, এবার সে মোক্তারী পরীক্ষা দিরা আসিয়াছে, সম্ভবত পাশও করিবে। বেশ লখা ঘোহারা গড়ন, রঙ খুব করলা না হইলেও তাহাকে এ পর্যন্ত কেউ কালো বলে নাই। নিধু কি একটা কাজ করিতেছিল, বাবার কথার আসিরা বলিল—সে আজ কিছু দিতে পায়বে না।

—দিতে পায়বে না তো আজ চলবে কি করে? তুমি বাপু একটা উপায় খুঁজে বার কর, আমার মাথায় তো আসচে না।

—কোথায় যাব বলুন না বাবা? একটা উপায় আছে—ও পাড়ার গোসাই-খুড়োর বাড়ীতে গিয়ে ধার চেয়ে আনি না হয়—

—সেখানে বাবা আর গিয়ে কাজ নেই—তুমি একবার বিন্দুপিসীর বাড়ী যাও দিকি।

গ্রামের প্রান্তে গোরালপাড়া। বিন্দু গোরালিনীর ছোট্ট চান্দ্রধরখানি গোরালপাড়ার একেবারে মাঝখানে। তাহার স্বামী কৃষ্ণ ঘোষ এ গ্রামের মধ্যে একজন অবস্থাপন্ন লোক ছিল—বাড়ীতে লাভ-আটটা গোলা, পুকুর, প্রায় একশোর কাছাকাছি গরু ও মহিব—কিছু ভেজায়তি কারবারও ছিল সেই সঙ্গে। দুঃখের মধ্যে ছিল এই যে কৃষ্ণ ঘোষ নিঃসন্তান—অনেক পূজামানত করিয়াও আসলে কোনো ফল হয় নাই। সকলে বলে স্বামীর মৃত্যুর পর বিন্দুর হাতে প্রায় হাজার পাঁচেক টাকা পড়িয়াছিল।

বিন্দুর উঠানে দাঁড়াইয়া নিধু ডাকিল—ও পিসী, বাড়ী আছে?

বিন্দু বাড়ীর ভিত্তর বাসন মাজিতেছিল, ডাক শুনিয়া আসিরা বলিল—কে গা? ও নিধু! কি বাবা কি মনে করে?

—বাবা পাঠিয়ে দিলে।

—কেন বাবা?

—আজ খরচের বড় অভাব আমাদের। কিছু ধার না দিলে চলছে না পিসী।

বিন্দু বিরক্তমুখে পিছন ফিরিয়া গ্রহানোভত হইয়া বলিল—ধার নিয়ে বলে আছি তোমার সকালবেলা। গাঁয়ে শুধু ধার ভাও আর ধার ভাও—টাকাগুলো বারোছুতে দিবে না খাওয়ারে আমার আর চলছে না যে! হবে না বাপু, কিরে যাও—

নিধু দেখিল এই বুদ্ধিই অভকার সংসার চলিবার একমাত্র ভরসা, এ যদি এভাবে মূখ ঘুয়াইয়া চলিয়া যার—তবে আজ সকলকে উপবাসে কাটাইতে হইবে। ইহাকে বাইতে বেওয়া হইবে না। নিধু ডাকিল—ও পিসী, শোনো একটা কথা বলি।

—না বাপু, আমার এখন সময় নেই।

—একটা কথা শোনো না।

বিন্দু একটু খামিয়া অর্ধেকটা ফিরিয়া বলিল—কি বল না ?

—কিছু দিতে হবে পিসী। নইলে আজ বাড়ীতে হাঁড়ি চড়বে না বাবা বলে দিয়েচে।

—হাঁড়ি চড়বে না তো আমি কি করব ? এত বড়-বড় ছেলে বলে আছ চৌধুরী মশাইয়ের, টাকা-পয়সা আনতে পার না ? কি হলে হাঁড়ি চড়ে ?

—একটা টাকার কমে চড়বে না পিসী।

—টাকা দিতে পারব না। খামা নিয়ে এস—দু'কাঠা চাল নিয়ে যাও।

—বা রে ! আর তেল-হুন মাছ-ভরকারির পয়সা ?

—চাল জোটে না—মাছ-ভরকারি। লজ্জা করে না বলতে ? চায়-আনা পয়সা নিয়ে যাও আর দু'কাঠা চাল।

—বাকগে পিসী, দাঁও তুমি আট-আনা পয়সা আর চাল।

বিন্দু মুখ ভারি করিয়া বলিল ভোমাদের হাতে পড়লে কি আর ছাড়ান-কাড়ান আছে বাবা ? যথাসর্ব্ব্ব না শুবে নিয়ে এ গায়ের লোক আমার রেহাই দেবে কখনো ? যাও তাই নিয়ে যাও—আমার এখন ছেড়ে জাও যে বাঁচি।

নিধু হাসিয়া বলিল—ভোমার বেঁধে রাখিনি তো পিসী—টাকা ফেল—ছেড়ে দিচ্ছি।

বিন্দু সত্যিই বাড়ীর ভিত্তর হইতে একটা টাকা আনিয়া নিধুর হাতে দিয়া বলিল—যাও, এখন ঘাড় থেকে নেমে যাও বাপু যে আমি বাঁচি—

নিধু হাসিয়া বলে—তা দরকার পড়লে আবার ঝাড়ে এসে চাপব বৈকি।

—আবার চাপলে দেখিয়ে দেব মজা। চেপে দেখ কি হয়—

নিধু বাড়ী আসিয়া বাবার হাতে টাকা দিয়া বলিল—বিন্দুশিয়ার সঙ্গে একরকম ঝগড়া করে টাকা নিয়ে এলাম বাবা। এখন কি ব্যবস্থা করা যাবে ?

পিতাপুত্রের কথা শেষ হয় নাই এমন সময় পথের মোড়ে গ্রামের ছহু জেলেকে মাছের ডালা মাথায় বাইতে দেখা গেল। রামভারণ হাঁক দিলেন—ও বাবা ছহু, শুনে যা—কি মাছ, ও ছহু ?

ছহু জেলে ইহাদের বাড়ীর জিসীমা খেবিয়া কখনো যায় না। সে বহুদিনের ভিত্ত অতিভতা দিয়া বুঝিয়াছে এ বাড়ীতে ধার দিলে পয়সা পাইবার কোনো আশা নাই। আজ রামভারণের একেবারে সামনে পড়িয়া বড় বিব্রত হইয়া উঠিল। রামভারণ পুনর্বার হাঁক দিলেন—ও ছহু, শোনো বাবা—কি মাছ ?

ছহু অগত্যা ঘাড় ফিরাইয়া এদিকে চাহিয়া বলিল—খন্নরা মাছ—

—এদিকে এস, দিবে যাও—

গ্রামের মধ্যে ভক্তলোকের সঙ্গে বেরাধবি করা ছহুর সাহসে ফুলাইল না, নয়তো মনের মধ্যে অনেক কড়া কথা রামভারণ চৌধুরীর বিরুদ্ধে জমা হইয়া ছিল।

সে কাছে আসিয়া ডালা নামাইয়া কাঁইল—কত সের মাছ নেবেন ?

—যাও আনা দুইয়ের—দেখি—বলিয়া রামভারণ চুপড়ির ভিত্তর হইতে নিজেই বড়-বড়

মাছ বাছিয়া তুলিতে লাগিলেন ছহু বলিল—আর নেবেন না বাবু, ছ-আনার মাছ হয়ে গিয়েচে—

—বলি ফাউ তো দিবি? ছ-আনার মাছ একজায়গায় এক সঙ্গে নিচ্ছি, ফাউ দিবিনে ?

মাছ দিয়া ভাল তুলিতে-তুলিতে ছহু বিনীতভাবে বলিল—বাবু, পরমাটা ?

রামভারণ বিশ্বয়ের সুরে বলিলেন—সে কি রে ? সকালবেলা নাইনি ধুইনি, এখন বাস্ত্র ছুঁয়ে পরমা বাবু কবব কি করে ? ভোর কি বুদ্ধিওছি সব লোপ পেয়ে গেল রে ছহু ?

ছহু মাথা চুলকাইতে-চুলকাইতে বলিল—না, না, তা বলিনি বাবু, তবে আর-দিনের পরমাটা তো বাকি আছে কিনা। এই সবস্বচ্ছ সাড়ে-চার আনা পরমা এই ছুদিনের—আর ওদিকের দরুন ন-আনা।

রামভারণ ভাঙ্ছিলোর ভাবে ষাড় নাড়িয়া বলিলেন—বা, এখন যা—ওসব হিসেবের সমর নয় এখন।

গ্রামের ভদ্রলোক বাসিন্দা বাবা, তাঁরা চিরকাল এইভাবে গ্রামের নিয়ন্ত্রণীয় নিকট হইতে কখনো চোখ রাঙাইয়া কখনো মিট কথায় তুট কথায় ধারে জিনিসপত্র খরিদ করিয়া চালাইয়া আসিতেছেন—ইহা এ গ্রামের লনাতন প্রথা। ইহার বিকছে আপীল নাই। স্বভরাৎ ছহু নৃপ বুদ্ধিয়া চলিয়া যাইবে ইহাই নিশ্চিত, কিন্তু সম্ম্যাবেলা রামভারণ চৌধুরী কাছারীবাড়ীর ডাক পাইয়া ভণায় উপস্থিত হইয়া বিশ্বয়ের সহিত দেখিলেন ছহু তাহার প্রাপ্য পরমার অস্ত্র কাছারীতে নাগিশ করিয়াছে। কাছারীর নায়েব দুর্গাচরণ হালদার—ব্রাহ্মণ, বাড়ী নদীয়া জেলায়। এই গ্রামের কাছারীতে আজ দশ-বারো বছর আছেন। নায়েবমহাশয়ের ইকডাক এদিকে থুব বেশি, স্ববিবেচক বলিয়া তাঁহার খ্যাতি থাকায় জেলা কোর্টে আজ বছর কয়েক জুরি নির্বাচিত হইয়াছেন।

অস্ত্র প্রজ্ঞাধের কাছে তিনি গল্প করেন—বাপু হে, সাতদিন ধরে জেলায় ছিলাম—মস্ত বড় খুনী মামলা। আসারীর কাসি হয়-হয়, কেউ রহ করতে পারত না। আমি সব দিক শুনে ডেবে-চিন্তে বললাম, তা হয় না, এ লোক নির্দোষ। অজসাহেব বললেন, নায়েবমহাশয়ের কথা ঠিক, আমি আসারীকে খালাস ছিলাম, এক কথায় খালাস হয়ে গেল—

রামভারণ কিছু বলিবায় পূর্বেই নায়েবমহাশয় বলিলেন—চৌধুরীমহাশয়, এসব সামান্ত জিনিস আমাদের কাছে আসে, এটা আমরা চাইনে। ছহু বলছিল, সে নাকি আপনার কাছে অনেকদিন থেকে মাছে পরমা পাবে ?

রামভারণ গলা ঝাড়িয়া গইয়া বলিলেন—তা আমি কি ধেব না বলেচি ?

—না, তা বলেননি। কিন্তু ও বেচারীও তো গরীব, কতদিন ধায় দিয়ে বলে থাকতে পারে ? ছ-একদিনের মধ্যে শোধ করে দিয়ে দিন। আচ্ছা, বা, ছহু ভোর হয়ে গেল, ছুই বা—

ছন্ন চলিয়া গেলে রামভারণ বলিলেন—দেব তো নিশ্চয়ই, তবে আজকাল একটু ইয়ে—
একটু চানচানি যাচ্ছে কিনা—

—সে আমার দেখবার দরকার নেই চৌধুরীশয়ার। নাশ্রিণ করতে এলেছিল পরলা পাবে,
আমি নিশ্চিন্তি করে দিলাম দুদিনের মধ্যে ওর পরলা দিয়ে দেবেন—মিটে গেল।

—তুদিন নয়, এক হপ্তা সময় দিন নায়েবশয়ার, এই সময়টা বড় খারাপ যাচ্ছে—

—কত পরলা পাবে? দাঁড়ান, লাঞ্চে-বারো আনা মোট বোধ হয়। এই দিন একটা
টাকা—ওর দাম চুকিয়ে দিন। ও ছোটলোক, একটা কড়া কথা যদি বলে, তন্দরলোকের
মানটা কোথায় থাকে বলুন তো? ওর দেনা শোধ করুন, আমার দেনা আপনি বখন হয়
শোধ করবেন।

রামভারণ হাঁপ ছাড়িয়া বাঁচিলেন। হঠাৎ তাঁর মনে হইল নায়েবশয়ারকে তাঁহার লংসারের
সব দুঃখ খুলিয়া বলেন। বলেন—নায়েবশয়ার কি কতব, বড় কটে পড়েছি। তুবেলা খেতে
অনেকগুলি পুস্তি, বড় ছেলোট সব পাশ করেছে, এখনো কিছু রোজগার করে না। আমি
বুঝে হয়ে পড়েছি—অমিঅমাও এমন কিছু নেই তা আপনি জানেন—বা সামান্ত আছে তাতে
লংসার চলে না। এই সব কারণে অনেক হীনতা স্বীকার করতে হয়, নইলে লংসার চলে না
নায়েবশয়ার—

মনে-মনে এই কথাগুলি কল্পনা করিয়া রামভারণের চক্ষে জল আসিল। সুখে অবস্ত তিনি
কিছু বলিতে পারিলেন না, নায়েবশয়ারকে নমস্কার করিয়া চলিয়া আসিলেন।

এমন অপমান তিনি জীবনে কখনো হন নাই—শেষে কিনা অমিদারী-কাছারীতে ছন্ন জেলে
তাঁহার নামে করিল নাশ্রিণ।

কালে-কালে সবই সম্ভব হইয়া উঠিল—রামভারণের বাল্যকালে বা যৌবন-বয়সে গ্রামে
এরূপ একটি ব্যাপার সম্ভবই ছিল না। সে দিন আর নাই।

নিধু পিতার পদখুলি লইয়া বলিল—তাহলে যাই বাবা—

রামভারণের চোখে জল আসিল। বলিলেন—এস বাবা, সাবধানে খেকো। যা তা খেও
না—আমি বড়বাবুকে লিখে দিলাম তিনি তোমাকে দেখিয়ে-টেখিয়ে দেবেন, হুলুক-সন্ধান
দেবেন। শুভ বড়লোক যদিও আজ তিনি, এক সময়ে দুজনে একই বাসায় খেকে পড়াভনো
করেচি। তিনিও গরীবের ছেলে ছিলেন, আমিও তাই। গাড়ী যেন একটু সাবধানে চালিয়ে
নিরে যার দেখো।

কথাটা ঠিক বটে, তবে রামভারণ যে গরীব সেই গরীবই রহিয়া গিয়াছেন, বহু বাঁদুঘো
আঙুল ফুলিয়া কলাগাছ হইয়া খ্যাতি-প্রতিপত্তি, বিবর-অশেষ এবং নগর টাকায় বর্তমানে
বহুকুমা আদালতের মোক্তার-বারের শিবস্থানীয়। বহু বাঁদুঘোর বাঁকী গ্রানামোপন না
হইলেও নিভান্ত ছোট নয়, যে সময়ের কথা হইতেছে, তখন লারা টাউনের মধ্যে অমন

ক্যানানের বাড়ী একটিও ছিল না—আজকাল অবশ্য অনেক হইয়াছে।

নিধু কটকের সামনে গরুর গাড়ী রাখিয়া কম্পিতপনে উঠান পার হইয়া বৈঠকখানাতে চুকিল। মহকুমার টাউনে ভর বাতায়াত খুবই কম—কারণ সে লেখাপড়া করিয়াছে তাহার মাঝা-বাড়ীর বেশ করিবপূরে। বহু বাঁদুবো মহাশয়কে সে কখনো দেখে নাই।

সকালবেলা। পলারওয়ারা নোক্তার বহু বাঁদুবোয় লেরেস্তার মক্কেলের ভিক্কা লাসিয়াছে। কেহ বৈঠকখানার বাহিরের রোয়াকে বসিয়া ভাষাক খাইতেছে, কেহ-কেহ নিজ মাঝীয়েত সন্দে মক্কেল সন্ধ্যে পরামর্শ করিতেছে।

নিধু ভিক্কা দেখিয়া ভাবিল, ভগবান যদি মুখ তুলিয়া চান, তবে তাহারও মক্কেলের ভিক্কা কি হইবে না ?

বহুবাবু সামনেই নথি পড়িতেছিলেন, নিধু গিয়া তাঁহার পায়ের ধূলা লইয়া প্রণাম করিল। বহুবাবু নথি হইতে মুখ তুলিয়া বলিলেন—কোথা থেকে আসা হচ্ছে ?

—আজ্ঞে আমি সুদুলগাছির রাস্তায় চৌধুরী হলে। এবার নোক্তারী পাশ করে প্র্যাকটিস করব বলে এসেছি এখানে। বাবা আপনার নামে একটা চিঠি দিয়েছেন—

বহুবাবু একটু বিস্ময়ের ছুরে বলিলেন—রাস্তায় চৌধুরী হলে ছুঁবি ? নোক্তারী পাশ করে এবার ? লাইলেন পেয়েচ ?

—আজ্ঞে হ্যাঁ।

—বাসা ঠিক আছে ?

—কিছুই ঠিক নেই। আপনার কাছে লোজা আসতে বলে দিলেন বাবা। আমারেই অবস্থা সব তো জানেন—

বহুবাবু চিন্তিতভাবে বলিলেন—তাইতো, বাসা ঠিক কর নি ? তোমার জিনিসপত্র নিয়ে এসেচ নাকি ? কোথায় লেসব ?

—আজ্ঞে, গাড়ীতে রয়েছে।

বহুবাবু হাঁকিয়া বলিলেন—ওরে লক্ষণ, ও লক্ষণ, বাবুর জিনিসপত্র কি আছে নামিয়ে নিয়ে আর। বাবাজি ছুঁবি এখানেই এবেলা খাওয়া-দাওয়া কর, তারপর যা হয় ব্যবস্থা করা যাবে।

নিধু বিনীতভাবে জানাইল যে সে বাড়ী হইতে আহাতি করিয়াই রক্তানা হইয়াছে।

—এত সকালে ? এর মধ্যে খাওয়া-দাওয়া শেষ ? রাত থাকতে উঠে না খেলে তো ছুঁবি সুদুলগাছি থেকে এতটা পথ গরুর গাড়ী করে আসতে পারোনি।

—আজ্ঞে, মা বললেন হবিবাজা করে বেরতে হয়, তাই ঘরে পাভা হই দিয়ে ছোটো ভাত খেয়ে তোরবেলা—

—হঁ, তা বটে। তবে রুধা কি জানো বাবা, সব বরাত। ও হবিবাজাও বুঝিনে, কিছুই বুঝিনে—বরাতের না থাকলে হবিবাজা কেন, 'তোমার ও খোলবাজা, মাখনবাজাতেও কিছু করার বো নেই, বুকেল বাবা ?

কথা শেষ করিয়া বহু বাঁদুবে চারিশাশে উপবিষ্ট হুহরী ও মহেশবৃন্দের প্রতি লগরু দৃষ্টি ঘূমাইয়া আনিলেন। পরে আবার বলিলেন—এই মহকুমায় প্রথম যখন প্র্যাক্টিস করতে এসেছিলাম—সে আজ পর্যন্ত বহু আগেকার কথা। একটা ঘটি আর একটা বিছানা সবল ছিল। কেউ চিনত না, ভায় সাউদের খড়ের বাড়ী তিন টাকা মালিক ভাড়ায় এক বছরের জন্য নিয়ে মোক্তারী শুরু করি। তারপর কত এল কত গেল আমার চোখের সামনে, আমি তো এখনো যাহোক টিকে আছি।

একজন মহেশবলিল—বাবু, আপনার সঙ্গে কার কথা? আপনার মতো পস্যার জেলার কোর্টে কজনের আছে?

অনেকেই মোক্তারবাবুর মন যোগাইবার জন্য একথায় সায় দিল।

বহু-মোক্তার নিধুর দিকে চাহিয়া বলিলেন—বাবাজি, সারা পথ গরুর গাড়ীতে এসেচ, তোমাদের গ্রাম তো এখনে নয় সেখানে বাওয়ার চেষ্টে কলকাতায় বাওয়া সোজা। একটু বিজ্ঞান করে নাও, তারপর কথাবার্তা হবে এখন বিবেকে।

মহকুমার টাউন থেকে কুড়ুলগাছি পাচ মাইল পথ। নিধু মাঝে-মাঝে ম্যালেরিয়ার ভোগে, স্বাস্থ্য তত ভালো নয়, এইটুকু পথ আসিয়াই লতাই সে ক্লান্ত হইয়া পড়িয়াছিল। বহু বাঁদুবের বৈঠকখানায় করাসের উপর শুইবামাত্র সে ঘুমাইয়া পড়িল।

বৈকালের দিকে বহুবাবু কোর্ট হইতে ফিরিলেন, গারে চাপকান, মাথায় শামলা, হাতে এক ভাড়া কাগজ। নিধুকে বলিলেন—চা খাও তো হে? বল, চা দিতে বলি—

নিধু সলজ্জভাবে বলিল—থাক, আপনাকে ব্যস্ত হতে হবে না কাকাবাবু।

—বলক্ষণ, বল আসি—

প্রায় ষষ্ঠাধানেক পরে চাকর আসিয়া নিধুকে বলিল—কর্তাবাবু ডাকচেন বাড়ীর মধ্যে।

নিধু দলস্বোচে বাড়ীর মধ্যে চুকিল চাকরের পিছু-পিছু। বহুবাবু রান্নাঘরের দ্বাওয়ার পিঁড়ি পাতিয়া বসিয়া আছেন, তাঁহার পাশে আর একখানা পিঁড়ি পাতা।

বহুবাবু রান্নাঘরের খোলা দরজার দিকে চাহিয়া বলিলেন—ওগো, এই এগেচে ছেলোটি। খাবার দাও।

মোক্তারগৃহিণী আধ-ঘোমটা দিয়া বাহির হইয়া আসিলেই নিধু তাঁহার পায়ের ধূলা লইয়া প্রণাম করিল। তিনি তাহার পাতে গরম লুচি, বেগুনভাজা ও আলুর ভরকারি দিয়া গেলেন। নিধু চাহিয়া দেখিল, বহুবাবু মাত্র এক বাটি সাবু খাইতেছেন।

নিধু ভাবিল, ভক্তলোকের নিশ্চয় আজ জর হইয়াছে। সে জিজ্ঞাসা করিল—কাকাবাবু, আপনার শরীর খারাপ হয়েছে নাকি? সাবু খাচ্ছেন যে?

মোক্তারগৃহিণী এবার জবাব দিলেন—বাবা, গুঁর কথা বাহু ভাও। বাবোবাবু সাবু জলখাবার ছুবেলা।

বহুবাবু বলিলেন—হজন হয় না বাবাজি, আর হজন হয় না। আর কি তোমাদের কয়েল

আছে? এই এক বাটি সাবু খেলায়, যাজ্ঞে আর কিছু না। বজ্র খিমে পায় তো ছুখানি সজির কটি আর একটু মাছের ঝোল। তা সব দিন নয়।

নিধু এবার সত্যিই অবাক হইল। সে পাড়াগায়ের ছেলে, শখ করিয়া যে কেউ সাবু খায়, ইহা সে দেখে নাই। তাহার বাবাও তো বহুবাবুর সমবয়সী, তিনি এখনো যে পরিমাণে আহার করেন, বহুবাবু দেখিলে নিশ্চয়ই চমকাইয়া বাইবেন।

জলযোগের পরে বাহিরের ঘরে আসিতেই চাকর করসিতে তামাক শাজিয়া দিয়া গেল। বহুবাবু তামাক টানিতে-টানিতে বলিলেন—তারপর একটা কথা জিগ্গেস করি বাবাজি, কিছু মনে কোনো না, মোক্তারী করতে এলে, সঙ্গে কত টাকা এনেচ?

নিধু প্রশ্নের উত্তর ভালো বুঝিতে না পারিয়া বলিল—আজ্ঞে টাকা? কিসের টাকা?

—বলে-বলে খেতে হবে তো, খরচ চালাতে হবে না?

—আজ্ঞে তা বটে। টাকা স্যামাত্র কিছু—ইয়ে—মানে হাতে আছে কিছু। চাল এনেচ দশ সের বাড়ী থেকে—তাই খাব।

বহুবাবু হাসিয়া বলিলেন—বাবাজি, একেই বলে ছেলেমাছ। দশ সের চাল তোমার বাবা তোমার সঙ্গে পাঠিয়ে দিয়েচেন খাবার জন্তে। অর্থাৎ এই চাল কটা ফুরোবার আগেই তুমি রোজগার করতে আরম্ভ করে দেবে, এই কথা তো?

—আজ্ঞে হ্যাঁ—তা বাবা সেই ভেবেই দিয়েচেন।

নিধু সব কথা শুনিয়া বলিল না। এক টাকার খান ধারে কিনিয়া আনিয়া নিধুর সৎমা চালগুলি কাল সারা বিকেলবেলা ধরিয়া তানিয়া কুটিয়া তৈরি করিয়া দিয়াছেন। নিধুর আপন মা নাই, আজ প্রায় পনেবো-বোলো বৎসর পূর্বে নিধুর বাল্যকালেই মারা গিয়াছেন।

বহুবাবু বলিলেন—বাবা, খেজুর গাছ ভেলপানা নয়। তোমার বাবা যা ভেবেচেন তা নয়। সেকাল কি আর আছে বাবাজি? আমরা যখন প্রথম বসি প্র্যাক্টিসে—সে কাল গিয়েচে। এখন ওই কোর্টের অশখভদায় গিয়ে ডাখো—একটা লাঠি মারলে তিনটে মোক্তার হয়ে। কারো পনার নেই। আবার কেউ-কেউ কোটপ্যাণ্ট পরে আসে—সকল কিছুতেই তোলে না—

নিধুর মুখে নিরাশার ছায়া পড়িতে দেখিয়া তিনি ভাড়াভাড়ি বলিয়া উঠিলেন—না, না, তুমি তা বলে বাড়ী ফিরে যাও আমি তা বলিনি। ছেলে-ছোকরা, দমবে কেন? আমি বলচি কাজ খুব লম্বা নয়। হঠাৎ বড়লোক হওয়ার কাল গিয়েচে। লেগে যাও কাজে—আমি বস্তুই পায় সাহায্য করব। তবে একটি বছর কলসীর জল গড়িয়ে খেতে হবে।

—আজ্ঞে, কলসীর জল?

—তাই। বাড়ী থেকে জমানো টাকা এনে খরচ করতে হবে বাবাজি। দশ সের চালে ফুলবে না। যাক কোনো না বাবাজি। অবস্থা গোপন করে তোমাকে মিথ্যে আশা না দেওয়াই ভালো। আমি পটবাড়ী লোক। বাসা ভাড়া দিতে পারবে কত?

—আজ্ঞে, দু-তিন টাকার মধ্যে যাতে হয় তাই করে নেব। তার বেশি দেবার কনভা

নেই। বাবার অবস্থা সব জানেন তো আপনি।

যহুবাবু বলিলেন—আচ্ছা, সম্ভায় একটা বাগা ভোমায় দেখে দেব এখন। দু-চারদিন এখান থেকে কোর্টে যাতায়াত করতে পারতে অনার্সেই কিন্তু তাতে ভোমার পনার হবে না। উকীল মোক্তার নিজের বাসায় না থাকলে সম্মান হয় না। ভোমার ভবিষ্যট্টা তো দেখতে হবে।

সেদিন যহুবাবু নিধু অস্ত্রে একটা ছোট বাসা পাঁচ টাকা ভাড়ায় ঠিক করিয়া দিলেন।

বহু বাঁড়ুবোর খাজিরে নিধু দু-একটি মকেল পাইতে আরম্ভ করিল। নিধু বড় সুখচোরা ও লাঞ্ছক, প্রথম-প্রথম কোর্টে দাঁড়াইয়া হাকিমের সামনে কিছু বলিতে পারিত না—মনে হইত এজলাস হুঙ্ক মোক্তারের হল তাহার দিকে চাহিয়া আছে বুঝি। ক্রমে ক্রমে তাহার সে ভাব দূর হইল। যহুবাবু তাহাকে কাজকর্ম সম্বন্ধে অনেক উপদেশ দিলেন। বলিলেন—ভাখ, জেরা ভাল না করতে পারলে ভালো মোক্তার হওয়া যায় না। জেরা করাটা ভাল করে শেখবার চেষ্টা কর। এখন আমি কি হরিহর নন্দী জেরা করব, তুমি মন দিয়ে শুনো, উপস্থিত থেকে দেখানে।

নিধু কিন্তু এক বিষয়ে বড় অস্ববিধার পড়িল।

যহুবাবুর সেবেস্তার সকালে সে প্রায়ই উপস্থিত থাকিয়া দেখিত—মকেলকে তিনি বড় মিথ্যা কথা বলিতে দেখান। আমানী, ফরিয়াহী বা সাকীদেব ডিনবট্টা ধরিয়া মিথ্যা কথার জালিম না দিয়া তাঁহার কোনো মোকর্দমা তৈরি হয় না।

একদিন সে বলিল—কাকাবাবু, একটা কথা বলব ?

—কি বল ?

—ওদের অত মিথ্যা কথা শেখাতে হয় কেন ?

—না শেখালে জেরায় মার খেয়ে যাবে যে।

—সত্যি কথা বা তাই কেন বলুক না ?

—তাতে মোকর্দমা হয় না বাবাজি। তা ছাড়া অনেক সময় সত্যি কথাই ওদের বার বার শেখাতে হয়। শিখিয়ে না দিলে ওরা সত্যি কথা পর্য্যন্ত শুছিরে বলতে পারে না। আমাদের ওপর অবিচার কোরো না ভোমরা—এমন অনেক সময় হয়, মকেলে বাপের নাম পর্য্যন্ত মনে করতে পারে না কোর্টে দাঁড়িয়ে। না শেখালে চলে ?

—আমাকেও অমনি করে শেখাতে হবে ?

—যখন এ পথে এলেচ, তা করতে হবে বৈকি। আর একটা কথা শিখিয়ে দিই, হাকিম চটিও না কখনো। হাকিম চটিয়ে ভোমায় খুব ইম্প্রিট দেখানো হল বটে, কিন্তু তাতে কাজ পাবে না। হাকিম চটালে নানা অস্বাভে। মকেল যদি জানে, অস্বক মোক্তারের ওপর হাকিম দৃষ্টি নয়—তার কাছে কোনো মকেল ধৈববে না।

নিধু মাসখানেক মোক্তারী করিয়া বহুবাবুর ঘোঁসতে গোটা পনেরো টাকা যোজগার করিল। তার বেশির ভাগই জামিন হওয়ার কি বাবদ যোজগার। বহুবাবু বরা করিয়া তাহাকে দিয়া জামিন-নামা লই করিয়া লইয়া মজেলের নিকট কি পাওয়ারইয়া দিতেন।

একদিন একটি মজেল আসিয়া তাহাকে মারপিটের এক মোকর্দমায় নিবৃত্ত করিতে চাহিল।

নিধু জিজ্ঞাসা করিল—অপরপক্ষে কে আছে জানো ?

—আজ্ঞে বহু বাঁড়ুঘো—

নিধু মুখে কিছু না বলিলেও মনে-মনে আশ্চর্য্য হইল। প্রবল প্রতাপ বহু বাঁড়ুঘোর বিপক্ষে তাহার মতো জুনিয়র মোক্তার দেওয়ার হেতু কি ? লোকটি তো অন্যায়সে বহু বাঁড়ুঘোর প্রতিদ্বন্দ্বী প্রবীণ মোক্তার হরিহর নন্দী কিংবা অরুণা ষটক অভাবপক্ষে মোক্তার হোসেনের কাছেও হাইতে পারিত !

কথাটা ভাবিতে-ভাবিতে সে কোর্টে গিয়া বহু বাঁড়ুঘোকে আড়ালে ডাকিয়া বলিয়া ফেলিল।

বহুবাবু বলিলেন—ও, ভালোই তো বাবাজি। কিন্তু তোমার মজেলের মনের ভাব কি জানো না তো ? আমি বুঝেছি।

—কি কাকাবাবু ?

—আমি তোমাকে স্নেহ করি, এটা অনেকে মেনে ফেলেচে। তোমাকে কেস দেওয়ার মানে—আমি বিপক্ষের মোক্তার, কেসে মিটমাটের সুবিধে হবে।

—কেস মেটাতে চায় ?

—নিশ্চয়ই। নইলে তোমাকে মোক্তার দিত না। অস্ত্র মোক্তারের কথা যদি আমি না ভনি ? যদি কেস চালাবার জন্তে মজেলকে পরামর্শ দিই ? এই ভয়ে তোমাকে মোক্তার দিয়েচে। ভালো তো। ওর কাছে থেকে বেশ করে দু-চারদিন কি আদায় কর, দু-চারদিন তারিখ পাণ্টে থাক—হাতে কিছু আস্থক—তারপর মিটমাটের চেষ্টা দেখলেই হবে।

—বড় অর্থ হবে কারাবাবু—আজই কেন কোর্টে মিটমাটের কথা হোক না ?

—ভালোই তুমি মোক্তারী করেচ বাবা ! মাইনর পাশ করে সেকালে মোক্তারীতে চুকে-ছিলাম—আর চুল পাকিয়ে ফেললাম এই কাজ করে। তুমি এখনো কাঁচা ছেলে—যা বলি তাই শোনো। তোমার মজেল মিটমাটের কথা কিছু বলচে ?

—আজ্ঞে না।

—ভবে তুমি ব্যস্ত হও কেন এখনি ? আগে বলুক, তারপর দেখা যাবে।

একমাস শহরে মোক্তারী করিয়া নিধু বাড়ী বাইবার জন্ত ব্যস্ত হইয়া উঠিল। বহু মোক্তার বলিলেন—বাবাজি, লোমবার যেন কামাই করো না। শনিবারে যাবে, লোমবারে আসবে। মৃধায় আকাশ ভেঙে পড়লেও আসবে। নতুন প্র্যাকটিসে চুকে কামাই করতে নেই একেবারে।

নিধু 'বে আজে' বলিয়া বিদায় লইয়া মোক্তার-লাইব্রেরী হইতে বাহির হইয়া নিজের বাসায় আসিল। অনেকদিন পরে বাড়ী যাইতেছে কাল—তাইবোনগুলির অস্ত্র কি লইয়া যাওয়া যায়? বাবার অস্ত্র অবশ্য ভালো তামাক খানিকটা লইতেই হইবে। মায়ের অস্ত্রই বা কি লওয়া উচিত?

সারাদিন ভাবিয়া-চিন্তিয়া সে সকলের অস্ত্রই কিছু না কিছু সজাদামের সওদা করিল এবং শনিবার কোর্টের কাজ মিটিলে বড় একটি পুঁটুলি বাধিয়া হাঁটাপথে বাড়ী রওনা হইল। পাঁচ-ছ ক্রোশ পথ—গাড়ী একখানা দুই-টাকা আড়াই-টাকার কমে যাইতে চাহিবে না—অত পরলা নিজের স্বথের অস্ত্র ব্যয় করিতে সে প্রস্তুত নয়।

বর্ষাকাল।

সারাদিন কালো মেঘে আকাশ অন্ধকার, সজল বাদলার হাওয়ার ভ্রমণে ক্লাস্তি আনে না—পথের দুপাশে ঘন সবুজ দিগন্তপ্রসারী ধানক্ষেত, আউশ ধানের কচি ডাঙলার প্রাচুর্যে চোখ জুড়াইয়া যায়। তবে কয়েকদিনের বৃষ্টিতে কাঁচা রাস্তার বড় কাদা—জোরে পথ হাঁটা যায় না মোটেই।

এক জায়গায় পথের ধারে বড় একটা পুকুর। পুকুরে অস্ত্র সময় তত জল থাকে না, এখন বর্ষার জল পাড়ের কানায়-কানায় ঘাসের জমি ছুঁইয়া আছে, জলে কচুরিপানার নীলফুল, ওপারে ঘন নিবিড় বনঝোপে ভিৎপল্লার হলুদ রঙের ফুল।

নিধুর সূখা পাইয়াছিল—সঙ্গে একটা ঠোঙায় নিজের অস্ত্র কিছু মুড়কি কিনিয়া আনিয়াছিল। মোক্তারবাবুর বেথানে-সেখানে বাসিয়া খাওয়া উচিত নয়—সে এদিক-ওদিক চাহিয়া ঠোঙা হইতে মুড়কি বাহির করিয়া জলযোগ সম্পন্ন করিল।

বেলা পড়িয়া আসার সঙ্গে-সঙ্গে সে তাহাদের গ্রামের পাশের গ্রাম সন্দেশপুরে চুকিল।

সন্দেশপুর চাষা গাঁ—রাস্তার ধারে তালের গুঁড়ির খুঁটি লাগানো মস্তবধর, মস্তবের মৌলবী সাহেব তখনো ছাড়াবের ছুটি ঘেন নাই—বহিঃ আজ শনিবার—তাহারা মস্তবধরের নামের প্রাক্ষণে সারি দিয়া দাঁড়াইয়া তারত্বের নামতা পড়িতেছে।

মৌলবী ভাকিলেন—ও নিধিরাম, তুনে যাও হে—

মৌলবী শাখা-বাড়িওয়ালা বৃষ ব্যক্তি, তাহার বাবার চেয়েও বয়সে বড়। নিধিরামকে তিনি এতটুকু বেশিয়াছেন।

নিধিরাম দাঁড়াইয়া বলিল—আর বলব না মৌলবী সাহেব, যাই—বেলা নেই আর। এখনো ইফুল ছুটি দাগনি যে?

—আরে এস না—তুনে যাও।

—নাঃ, যাই।

মৌলবী সাহেব ফুল-প্রাক্ষণ ছাড়িয়া আসিয়া নিধিরামের রাস্তা আটকাইলেন।

—চল, বস না একটু। এস—ওরে একখানা টুল বের করে দে মাঠে। আরে ভোমরা শহরে থাক, একবার শহরের খবরটা নিই—

নিধিরাম অগত্যা গেল বটে—ভাহার ঘেরি লহিতেছিল না—কতক্ষণ বাড়ী পৌঁছিয়ে
তাবিভেছে না আবার এই উপসর্গ! সে ঈবৎ বিরক্তির স্বরে বলিল—কি আবার খবর ?

—কি খবর আমার জানি ? তুমি বল শুনি। মোক্তারি করচ শুনলাম সেদিন কার কাছে
বেন। তারপর কেমন হচ্ছে-টেকে ?

—নতুন বসেচি, এখুনি কি হবে বল ! বহু-মোক্তারি খুব সাহায্য করচে।

—বহু-মোক্তারি ? ওঃ, অনেক পয়সা কামাই করে। সবই নসীব বুঝলে ? মাইনর পাল
করি আমার একই ইঞ্চুল থেকে। অবিভ্রি আমার চেয়ে সাত-আট বছরের ছোট। ছাখ আমি
কি করচি—আর বহু কি করচে !

—বাবারও তো ক্লাসফ্রেণ্ড—বাবাই বা কি করচেন তাও ছাখ—

—তাই বলচি সবই নসীব। একটা ভাব খাবে ?

—পাগল ! শ্রাবণ মাসের সন্দেবেজা ভাব খাব কি ! ঠাণ্ডা লেগে যাবে যে !

—তুমি তো তামাকও খাও না। ত্তোমাকে দিই কি ?

—তামাক খেলেই কি তোমার সামনে খেতাম মৌলবী সাহেব, তুমি আমার বাবার চেয়ে
বড়।

—ভোমরা মান খাতির রেখে চল তাই—নইলে নাতির বয়সী ছোকরারা আজকাল বিড়ি
খেয়ে মুখের ওপর ধোঁয়া ছেড়ে দায়। সেদিন আটঘরার দাশরথি ডাক্তারের ডাক্তারখানায়
বসে আছি—

লক্ষ্যার অঙ্ককার নামিবার বেশি ঘেরি নাই, নিধিরাম ব্যস্ত হইয়া বলিল—আমি আসি
মৌলবী সাহেব, সন্দেহ পর বাওয়ার কষ্ট হবে—স্বমুখে আঁধার রাত—

—আরে, ভোমাদের গাঁয়ের পাঁচ-ছটা ছেলে পড়ে এখানে। দাঁড়াও না, নামভাটা পড়ানো
হয়ে গেলেই ওরাও যাবে। এক সঙ্গে যেও।

—এখনো আজ ইঞ্চুল ছুটি দাওনি যে। রোজই এমন নাকি ? আজ তার ওপর
শনিবার।

—আরে বাড়ী গিয়ে তো চাবার ছেলে ছিপ নিয়ে মাছ মারতে বসবে, নয়তো গরুর ডাব
কাটতে বসবে তার চেয়ে এখানে বতক্ষণ আটকানো থাকে—একটু এলেমদার লোকের সঙ্গে
তো থাকতে পারে। দুটো ভালো কথাও তো শোনে ! বুঝলে না ? আমার রোজই
সন্দেহ আগে ছুটি।

লক্ষ্যার পর নিধু গ্রামে ঢুকল।

নিজের বাড়ী পৌঁছিবার আগে সে একবার থমকিয়া দাঁড়াইল। তাহাদের বাড়ীর ঠিক
সামনে সরু গ্রাম্য-রাস্তার এপাশে লালবিহারী চাটুঘ্যেদের যে বাড়ী সে ছেলেবেলা হইতে
জনশ্রুত অবস্থায় পড়িয়া থাকিতে দেখিয়াছে—সে বাড়ীতে আলো জলিতেছে ! এক-আধটা
আলো নয়, দোতলার প্রত্যেক জানালা হইতে আলো বাহির হইতেছে—ব্যাপার কি ?

সে বাড়ীর সামনে আসিয়া দাঁড়াইয়া চাহিয়া দেখিল বৈঠকখানায় অনেক গ্রাম্য ভ্রমলোক

জড় হইয়াছেন, তাহার বাবা রামভারণ চৌধুরীও আছেন তাহাদের মধ্যে। একজন পুলকার প্রোচ ভ্রলোক সকলের মাঝখানে বসিয়া হাত নাড়িয়া কি বলিতেছেন।

নিধু নিজের বাড়ীর মধ্যে চুকিয়া পড়িল।

তাহাকে দেখিয়া প্রথম ছুটিয়া আসিল নিধুর তাই রমেশ।

—ওমা, ও কালী, দাদা বাড়ী এসেচে—দাদা—

তখন বাকি সবাই ছুটিয়া আসিয়া তাহাকে ঘিরিয়া দাঁড়াইল, সম্মিলিত ভাবে নানা প্রশ্ন করিতে লাগিল। নিধুর মা আসিয়া বলিলেন—তোরা সরে যা, ওকে আগে একটু জিজ্ঞাসে দে—বস নিধু, পাখা নিয়ে আয় কালী—

নিধু জিজ্ঞেসা করিল—মা কারা এসেচে ও বাড়ীতে ?

—অজবাবু বাড়ী এসেচেন ছুটি নিয়ে। এবার নাকি পূজো করবেন বাড়ীতে—

—লালবিহারীবাবু।

—হ্যাঁ। তোর কাকা হন, কাকাবাবু বলে ডাকবি। বড়লোক। এতে কি ?

—তালো কথা। শুভে একটা মাছ আছে, দে-গলার বিলে ধরছিল, কিনে এনেচি।

—ও পুঁটি, তোম দাদা মাছ এনেচে—আগে কুটে ফ্যাল দিকি, পচে যাবে—বসিয়া নিধুর মা ঘরের মধ্যে চলিয়া গেলেন এবং অল্পক্ষণ পরে একঘটি জল ও গামছা আনিয়া নিধুর সামনে রাখিয়া বলিলেন—হাত মুখ আগে ধুয়ে কেল বাবা, বলচি সব কথা।

নিধুর আপন মা নাই, ইনি সৎমা এবং রমেশ নিধুর বৈমাত্রেয় তাই। রমেশ বলিল—দাদা একটা ডাব খাবে ? আমি একটা ডাব এনেছিলাম বন্ধুদের গাছ থেকে।

নিধুর মা ধমক দিয়া বলিলেন—যাঃ, বর্ষাকালের রাস্তায় এখন ডাব খায় কেউ ? তারপর জর হোক। তুই হাত মুখ ধুয়ে নে—আমি খাবার নিয়ে আসি—

খাবার অল্প কিছু নয়, চাল ভাজা আর শহর থেকে সে বাড়ীর জন্ত বে ছানার গজা আনিয়াছে তাহাই ছুখানা। জলপান শেষ করিয়া নিধু কোঁতুহলবশত লালবিহারীবাবুর বৈঠকখানার বাহিরে গিয়া দাঁড়াইয়া দেখিতে লাগিল। সেই পুলকার ভ্রলোকটি তাহাকে দেখিতে পাইয়া বলিলেন—ওখানে দাঁড়িয়ে কে ? তেভরে এস না—

নিধু সঙ্গসঙ্গে বৈঠকখানার ভেতরে চুকিতে রামভারণ চৌধুরী ব্যস্ত সমস্ত হইয়া বলিলেন—নিধু কখন এলে ? এটি আমার ছেলে—এরই কথা বলছিলাম তোমাকে। মোক্তারীতে চুকেচে এই সবে—

পুলকার ভ্রলোকটিই লালবিহারী চাটুঘ্যে—নিধু তাহা বুঝিল। সে বাবাকে ও লালবিহারীকে আগে প্রণাম করিয়া পরে একে-একে অন্তান্ত বয়োজ্যেষ্ঠ প্রতিবেশীদেরও প্রণাম করিল।

লালবিহারী চাটুঘ্যে বলিলেন—বস, বস। তারপর পসার কেমন হচ্ছে ?

নিধু বিনীত ভাবে বলিল—আজ্ঞে, এক রকম হচ্ছে। সবে তো বসেচি—

লালবিহারী পূর্ববৃত্তি মনে আনিবার ভাবে বলিলেন—তোমার মতো আমিও একদিন

প্র্যাকটিক করতে বসেছিলার বহরমপুরে। তিনবছর ওকালতি করেছিলেন। সে সব দিনের কথা আজও মনে আছে—বেশ ভালো করে খেটে হে মত্বলের জন্তে। ঙ্কাকি দিও না। তাহলেই পসার হবে। মত্বল নিয়ে ব্যবসা তোমার মতো আশিও একদিন করিচি, জানি তো।

পূজুগেরে রামভারণের বুক ফুলিয়া উঠিল। এত বড় একজন লোক, একটা মহকুমার ডিক্রি-ডিনমিসের মালিক—তাঁহার ছেলে নিধুর সহিত সমানে সমানে কথা কহিতেছেন। 'কই, আরও তো কত লোক গাঁয়ের বসিয়া আছে, কজনের ছেলে আছে—উকীল হোক্তার ?

লালবিহারী পুনরায় বলিলেন—তুমি কাল যাবে না পরশু যাবে ?

নিধু উত্তর দিল—পবিত্র সকালে উঠেই চলে যাব—

—তাহলে কাল আমার বাড়ী দুপুরে খেও, দু-একটা কথা বলব।

রামভারণ একবার মগেরে সকলের দিকে চাহিয়া লইলেন। তাবটা এইরূপ—কই, তোমাদের কাউকে তো লালবিহারী খেতে বললে না ? মাহুযেই মাহুয চেনে।

নিধু বিনীতভাবে বলিল—আজ্ঞে তাঁ বেশ।

—আমার ছেলে অরুণকে তুমি জাখ নি—আলাপ করিয়ে দেব এখন—সেও ল' পড়চে। সামনের বছর এম. এ. দেবে। তোমার বয়সী হবে।

নিধু বলিল—আজ্ঞা, এখন তাহলে আসি কাকাবাবু—

নিধুর মা তনিয়া বলিলেন—বড়লোক কি আর এমনি হয়! মন ভালো না হলে কেউ বড়লোক হয় না। তবে কর্তা যেমন, গিন্নি কিন্তু ভেমন নয়। একটু ঠ্যাঁকায়ে আছে—তা থাক, আমরা গরীব মাহুয, আমাদের ভাত্তে কিই বা আসে যায়! আমরা সকলের চেয়ে ছোট হয়েই তো আছি। থাকবও চিরকাল—

পরদিন সকালে মমেশ ছুটিয়া আসিয়া নিধুকে বলিল—দাদা, শিগগির এস, জজবাবুর ছেলে তোমার ডাকচে—

নিধুদের বাহিরের ঘর নাই—তবে রোয়াকের উপর একখানা খড়ের ঢালা আছে, নিধু বাহিরে গিয়া দেখিল একটি বোলো-সভরো বছরের ছেলে ঢালার নিচে রোয়াকে বসিয়া কি একখানা বইয়ের পাতা উন্টাইতেছে।

নিধু ছেলোটিকে রোয়াকে মাহুয পাতিয়া বসাইল। ছেলোটি বলিল—আপনাদের বাড়ীতে কোনো বাংলা বই আছে ?

নিধু তানিয়া দেখিয়া বলিল—না, বই ভেমন কিছু নেই তো ? বাংলা রামায়ণ মহাভারত আছে—

—ও সব না। আমার বোন মাহু বড় বই পড়ে। 'তার জন্তে দরকার—সে পাঠিয়ে দিলে—

—তোমাদের বাড়ী বই নেই ?

—সব পড়া শেষ। মঞ্জু একদিনে তিনখানা করে বই শেষ করে—সিমলে বাস্কব লাইব্রেরী জন্ত বড় লাইব্রেরী তার জন্তে ফেল—বই যুগিয়ে উঠতে পারে না—

—তোমার বোন কি কলকাতায় থাকে ?

—ও যে আমার বাড়ী থেকে পড়ে—এবার সেকেন ক্লাসে উঠল। সামনেই বার ম্যাট্রিক দেবে। বাবা মফঃসলে বেড়ান, সব আগরগায় মেয়েদের হাইস্কুল তো নেই, তাই ওকে আমারবাড়ী কলকাতায় রেখেছেন পড়ার জন্তে।

দুপুরে সেই ছেলেটিই তাহাকে খাইবার জন্ত ডাকিয়া লইয়া গেল। নিধু উহাদের বাড়ীর মধ্যে ঢুকিয়া অবাচ হইয়া গেল। বড়লোকের বাড়ী বটে। চক-মিলানো দোতলা বাড়ীর বারান্দা হইতে দামী-দামী স্তম্ভ ভিঙ্গা শাড়া ঝুলিতেছে, বারান্দায় স্তবেশা স্তম্ভরী মেয়েরা ঘোরাফেরা করিতেছে, কোন ঘরে গ্রামোফোন বাজিতেছে—লোকজনে, ভিড়ে, হৈচৈয়ে সরগরম। এই বাড়ীটি সে পড়িয়া থাকিতে দেখিয়া আসিতেছে বাল্যকাল হইতে। কখনো ইহারা দেশে আসেন নাই—নিধু বাড়ীটার মধ্যে কখনও ঢুকিয়া দেখে নাই এর আগে। বাবার মুখে সে শুনিয়াছে তাহার ষখন বয়স চারি বৎসর, তখন একবার ইহারা দেশে আসিয়া ষরবাড়ী মেসামত করে ও নতুন করিয়া অনেকগুলি ষর বারান্দা তৈরি করে—কিন্তু সে কথা নিধুর স্মরণ হয় না।

একটি প্রৌঢ়া মহিলা তাহাকে বস্তু করিয়া আসন পাতিয়া বসাইলেন এবং কিছুক্ষণ পরে একটি পনেরো-ষোলো বছরের স্তম্ভরী মেয়ে তাহার সামনে ভাতের থালা রাখিয়া গেল। কিছুক্ষণ পরে মহিলাটি আবার আসিয়া তাহার সামনে বসিলেন। নিধু লক্ষ্য করিয়া মূখ তুলিয়া চাহিতে পারিতেছিল না। মহিলাটি বলিলেন—লক্ষ্য করে খেও না বাবা। তোমাকে সেবার এসে দেখেছিলাম এতটুকু ছেলে, এর মধ্যে কত বড়টি হয়েচ। ও মঞ্জু, এদিকে আর তোর দাদার খাওয়া ছাখ, এখানে দাঁড়া এসে, আমি আবার ওদিকে যাব। মেয়েটি আসিয়া মায়ের পাশে দাঁড়াইল। বলিল—বা যে, আপনি কিছু খাচ্ছেন না যে!

নিধু সলজ্জভাবে বলিল—আপনাকে বলতে হবে না—আমি ঠিক খেয়ে যাব—

মেয়ের মা বলিলেন—ওকে 'আপনি' বলতে হবে না বাছ। ও তোমার ছোট বোনের মতো—এক গায়ে পাশাপাশি বাড়ী, থাকা হয় না, আসা হয় না তাই। নইলে তোমরা প্রতিবেশী, তোমাদের চেয়ে আপন আর কে আছে? তোমার মাকে ওবেলা আসতে বলো। বসে খাও বাবা—মঞ্জু, দাঁড়া এখানে—

গৃহিণী উঠিয়া চলিয়া গেলেন। মেয়েটি বলিল—আমি মাংস এনে দিই—

—মাংস আমি খাইনে তো।

মেয়েটি আশ্চর্য হইবার সুরে বলিল—খান না? ওমা, তবে মাকে বলে আমি। কি দ্বিধে থাকেন?

নিধু এবার হাসিয়া বলিল—সেজন্তে তোমার ব্যস্ত হতে হবে না। এই আয়োজন হয়েছে,

আমার পক্ষে এত খেয়ে ওঠা শক্ত। সঙ্গে-সঙ্গে সে ভাবিল, ইহার অর্ধেক রান্নাও তাহারের বাড়ীতে বিশেষ কোনো পূজাপার্কণ কি উৎসবেও কোনোদিন হয় না। বড়লোকেরা, প্রত্যাহ কি এইরূপ খাইয়া থাকে ?

মহকুমার বন্ধু-মোক্তারের বাড়ী সে খাইয়াছে—ইহার অপেক্ষা সে অনেক খারাপ। বহুলোক সেখানে খায়—সে একটা হোটেলখানা বিশেষ।

খাওয়ার পরে সে বাহিরে আনিত্তেছিল, ছেলেটি তাহাকে বলিল—আম্ন, আমার ঝাঁক ম্যাপ আর মঞ্জুর হাতে-গড়া মাটির পুতুল দেখে যান।

এই সময়ে লালবিহারীবাবু কোথা হইতে বেড়াইয়া ফিরিলেন। নিধুকে দেখিয়া ব্যস্ত হইয়া বলিলেন—খাওয়া হয়েছে বাবা ?

—আজ্ঞে এই উঠলাম খেয়ে।

—বেশ পেট ভরেচে তো ? আমি তো দেখতে পারলুম না, মাঠে একটি পৈতৃক জমি আজ ভিন-চার বছর বেদখল করিচে, তাই দেখতে গিয়েছিলুম—

—না কাকাবাবু, সেজন্তে ভাবিবেন না। অভিরিক্ত খাওয়া হয়ে গেল। খুড়ীয়া ছিলেন বসে—

লালবিহারীবাবু ঘরের মধ্যে ঢুকিলেন—ছেলেটির নাম বীরেন, সে নিধুকে অস্তঃপুরের একটা ছোট ঘরের মধ্যে লইয়া গিয়া বসাইল। কিছুক্ষণ পরে মেয়েটি ঘরের মধ্যে ঢুকিয়া তাহার হাতে পানের ডিবা দিয়া বলিল—পান খান দাদা—আমার পুতুল দেখেন নি বুঝি ? দাঁড়ান দেখাই—

মঞ্জু একটা আলমারির ভিতর হইতে এক রাশ মাটির কুমির, কুকুর, রাধাকৃষ্ণ, সিপাই প্রভৃতি বাহির করিয়া বলিল—দেখুন, কেমন হয়েছে ?

—জারি চমৎকার। বাঃ—

মঞ্জু হাসিমুখে বলিল—আমাদের মূলে এসব তৈরি করতে শেখায়। আরও একটা জিনিস দেখাব—কাল আসিবেন তো ?

নিধু বলিল—না, সকালেই যেতে হবে। এখন নতুন মোক্তারীতে চুকে কামাই করা চলবে না। তা ছাড়া কেস রয়েছে।

—বিকলে এসে চা খাবেন কিন্তু।

—চা তো আমি খাইনে—

—চা না খান, জলখাবার খাবেন—সেই সময় দেখাব। আসবেন কিন্তু দাদা অবিভি— এই সময় বীরেন ঘরে ঢুকিয়া বলিল—মঞ্জু কিন্তু বেশ গান গাইতে পারে। শোনেন নি বুঝি নিধুদা ? ওবেলা গান শুনিয়া দে না মঞ্জু—

মঞ্জু বেশ সপ্রভিত্ত মেরে। বেশ নিঃসঙ্কোচেই বলিল—উনি ওবেলা জল খেতে আসবেন নেমন্তন্ন করেচি—সেই সময় শোনাব।

নিধু বাড়ী আসিলেই তাহার মা জিগেস করিলেন—ভালো খেলি ?

বি. স্ব. ১০৩-২

—খুব ভালো।

—কি কি খেলি বল। গিন্নির সঙ্গে দেখা হল ?

—হ্যাঁ, তিনি তো খাবার সময়ে বলে ছিলেন।

—আর কার সঙ্গে আলাপ হল ?

—আর ওই যে বীরেন বলে ছেলেটি, বেশ ছেলে।

আশ্চর্যের বিষয়, নিধুর মনের প্রবলতম ইচ্ছা যে সে মায়ের কাছে মঞ্জুর কথা বলে, সেটাই কিন্তু সে বলিতে পারিল না। মঞ্জুর সম্পর্কিত কোনো উল্লেখই সে করিতে পারিল না।

নিধুর মা বলিলেন—গিন্নির সঙ্গে আমার ইচ্ছে যে একটু আলাপ করি। বড়লোকের বউ আলাপ রাখা ভালো।

—তা তুমি গিয়ে আলাপ করলেই পার—তিনি কি তোমার এখানে আসবেন, তোমার যেতে হবে।

—একা যেতে ভয় করে—

—তুমি যেন একটা কি! প্রতিবেশীর বাড়ী যাবে এতে ভয় কি? বাঘ না ভালুক? তোমায় টপ করে মেরে ফেলবে নাকি?

—তুই যদি আস, তোর সঙ্গে যাই—

—তা চল না। আমার তো—ইয়ে—ওয়া বিকেলে জল খেতে বলচে ওখানে—

নিধুর মা আশ্রয়ের সহিত বলিলেন—কে, কে বললে তোকে? গিন্নি বললে নাকি?

—হাঁ তাই—ওই গিয়ে ঠিক গিন্নি ছিলেন না সেখানে, তবে ওই গিন্নিই বলে পাঠালেন আর কি।

—তোকে বোধহয় গিন্নির খুব ভালো লেগেচে—

মায়ের এই সব কথা বড় অবশ্যিকর। নিধু দেখিতেছে চিরকাল তার মায়ের ব্যাপার—বড়লোক দেখিলে এত ভাঙিয়া-ছইয়া পড়িবার যে কি আছে। তাহাকে ভালো লাগিলেই বা কি, উহার তো তাহার সহিত মায়ের বিবাহ দিতে যাইতেছে না। স্বভাবতঃ ভাবিয়া লাভ কি এসব কথা? মুখে উত্তর দিল—তা কি জানি! হয়তো তাই।

নিধুর মা সর্গর্বে বলিলেন—ভালো লাগতেই হবে যে। না লেগে উপায় কি?

নাঃ, মা'র জ্বালায় আর পারিবার যো নাই। এত সরল আর ভালোমানুষ লোক হইলে আজকালকার কালে জগতে তাহাকে লইয়া চলাকেরা করাও মুশকিল।

পৃথিবীতে যে কত খারাপ, জুরাচোর, বদমাইল লোক থাকে, নিধুর ইতিপূর্বে কোনো ধারণা ছিল না সে সবসঙ্গে। কিন্তু সম্ভ্রান্তি মোক্তারীতে সে চুকিয়া সে দেখিতেছে। মা'র মতো সরলা এ পৃথিবীতে চলে না।

বেলা ছটার সময় বীরেন বাহির হইতে থাকিল—নিধু-বা, আসুন—ও নিধু-বা—

নিধু বাহিরে আসিতেই বলিল—দেয়ি করে ফেললেন যে! মজু কতক্ষণ থেকে খাবার সাজিয়ে বসে—আমায় বললে তাক দিতে।

নিধুর মনে হঠাৎ বড় আনন্দ হইল। এ অকারণ পুলকের হেতু প্রথমটা সে নির্ণয় করিতে পারিল না—পরে ভাবিয়া দেখিল, মঞ্জু তাহার জন্ত খাবার লইয়া বসিয়া আছে—এই কথাটা তাহার আনন্দাহুত্বের উৎস।

—বেশ দাড়া, এই বুঝি আপনার বিকেল ?

নিধু যোগ্যাকের একপাশে গিয়া গো-চোরের মতো বলিল। এবার সে আরও বেশি সন্দেহ বোধ করিতে লাগিল—কারণ বিকালে আরও দু-তিনটি মহিলা সাজগোজ করিয়া এদিক-ওদিক জন্ত লঘুপদে ঘোরাফেরা করিয়া সংসারের ও রান্নাঘরের কাজকর্ম দেখিতেছেন।

—চা খাবেন না ঠিক ?

—না, শরীর খারাপ হয় খেলে। অভ্যেস নেই তো—

—তবে থাক। একটু শরবৎ করে দেব ?

—ও সবের দরকার নেই, থাক। কিন্তু আমি সেই জন্তে আরও এলাম—

মঞ্জু বিশ্বাসের সুরে বলিল—কি জন্তে ?

এটা মঞ্জুর ভান। নিধু কি বলিতেছে তাহা সে কথা পাড়িতেই বুঝিয়াছে।

নিধু বলিল—তোমার গান শুনব—তা ছাড়া আমার মা আসবেন এফুনি —

—জ্যাঠাইমা! বাঃ একথা তো বলেন নি এতক্ষণ ?

মঞ্জু মাকে ডাক দিয়া বলিল—ওমা, শুনচো জ্যাঠাইমা পাশের বাড়ীর, আজ এফুনি আসবেন আমাদের বাড়ী। গিয়ে নিয়ে আসব ?

—না, তোকে যেতে হবে কেন ? তুই বরং নিধুকে খাবার দে—পাশের বাড়ী, তিনি ঠিক আসবেন এখন।

মঞ্জু নিধুকে খাবার দিয়া ঘর হইতে চলিয়া গেল এবং পরক্ষণেই আবার আসিয়া সামনে দাঁড়াইল।

নিধু জিজ্ঞাসা করিল—তুমি কোন ক্লাসে পড় ?

—সেকেন ক্লাসে।

—কোন স্কুলে ?

—সিমলে গার্লস হাইস্কুল।

নিধু শিক্ষিতা মেয়ের সঙ্গে কখনো মেশে নাই। এসব পাড়াগাঁয়ে মেয়েরা হাইস্কুলে পড়া ঘুরের কথা অনেকে বাংলা লেখাপড়াই ভালো জানে না। নিধুর মনে হইল সে এমন একটি জিনিস দেখিতেছে, বাহা সে কখনো পূর্বে দেখে নাই। তাহার মনে চিরকাল সাধ ছিল ভালো লেখাপড়া শিখিবে—কিন্তু দারিদ্র্য বশত সে সাধ পূর্ণ হইল না। তবুও লেখাপড়ার কথা বলিতে সে ভালোবাসে। এ পাড়াগাঁয়ে লেখাপড়া জানা লোক নাই, কলা কুমড়া চাষের কথা শুনিতে বা বলিতে তাহার ভালো লাগে না, অথচ এখানকার গ্রাম্য সমালিনে ওগব কথা ছাড়া অন্য বিষয়ের আলোচনা করিবার লোক নাই।

নিধু বলিল—আচ্ছা, তোমার ছিষ্ট্রী আছে ? এ্যাডিশনাল কি নিয়চে ?

—এ্যাডিশনাল হিষ্ট্রীই তো নিয়েচি, আর সংস্কৃত।

—অক্ষ না ?

—উহ, ও হুবিধে হয় না আমার।

নিধু হাসিয়া বলিল—আমার মতন। আমারও তাই ছিল ম্যাট্রিকে। অক আমারও শুভ হুবিধে হত না।

মঞ্জু হাসিয়া বলিল—সেদিক থেকে বেশ মিলেচে বটে! আপনি কোন বছর ম্যাট্রিক দিয়েছিলেন ?

—আজ ছ-বছর হল—

—কোথায় পড়তেন ?

—মামার বাড়ী থেকে।

এই সময় মায়ের গলার আওয়াজ পাইয়া নিধু ব্যস্তভাবে বলিল—মা এসেচেন—

মঞ্জু বলিল—আপনি খান—আমি দেখচি—

খানিক পরে গিন্নির সহিত নিধুর মাকে রান্নাঘরের সামনের বোয়াকে বসিয়া কথা বলিতে দেখা গেল। নিধুর মা অভ্যস্ত সঙ্কোচের সহিত কথা বলিতেছেন, পাছে তাঁহার কথার মধ্যে অন্ত বড়লোকের গিন্নি কোনো দোষ-ত্রুটি ধরিয়৷ ফেলেন এই ভয়েই যেন তিনি জড়সড়।

গিন্নি বলিলেন—আজ্ঞা এখানে ম্যালেরিয়া কেমন ?

নিধুর মা বলিলেন—আছে বই কি দিদি। ভয়ঙ্কর ম্যালেরিয়া—

—এখানে বাবোমাস কিন্তু বাস করা চলে না, ঘাই বলুন—

—আমাকে ‘আপনি’ বলবেন না দিদি, আমরা কি তার যুগ্যি ? আপনি বয়সেও বড়, মানেও বড়।

গিন্নি খুশি হইয়া বলিলেন—সে আবার কি কথা ? আজ্ঞা তাই হবে। তুমিই বলব এর পরে—

নিধুর মা বলিলেন—আপনি বলচেন বাবো মাসবাস করা চলে না—বাস না করে যার কোথায় সব। এ গাঁয়ে কারো কি ক্ষমতা আছে ?

—সে ঘাই বল। আমি তো এই লাভদ্বিনও আসি নি, এর মধ্যেই হাঁপিয়ে পড়েচি। ঠুকে বলছিলাম চল এখান থেকে ঘাই—উনি বলেন পৈতৃক ভিটেটা—এবার পুজোটা করব তেবেচি তা আমি বলি—চোখ-কান বুজে থাকি একটা মাস, আর কি করব ?

—আপনারা রাজা লোক দিদি, আপনাদের কথা আলাদা। আমরা আর যাব কোথায়, তেমন ক্ষমতাও নেই, হুবিধেও নেই। কাজেই কাহার গুণ পুঁতে পড়ে থাকি—

—ওকে বলি, বাসিগঞ্জে একটা বাড়ী করে ফেল এই বেলা।

—সে কোথায় দিদি ?

—বাসিগঞ্জ কলকাতায়। খুব ভালো জায়গা। আমার কাকা আলিপুরে বদলি হলেন এবার—স্বভদ্র ছিলেন দিনাজপুরে—আমার বললেন হৈম, জামাইকে বল আমার বাড়ীর

পাশে একটু জমি নিয়ে বাড়ী করিতে । কাকা আজ বছর ছুই বাড়ী কিনেচেন কিনা বাগিগড়ে, ছুই খুড়তুতো ভাই বড় চাকরী করে, একজন মুন্সেফ, একজন সবডেপুটি—খুব বড় ঘরে বিয়েও হয়েছে দুজনের । দান সামগ্রী আর ফানিচার দুখানা ঘরে ধরে না—

এই সময় মঞ্জু আসিয়া নিধুর মাকে পায়ের ধুলা লইয়া প্রণাম করিল ।

গিন্নি বলিলেন—এই আমার বড় মেয়ে । কলকাতার পড়ে—

নিধুর মা মঞ্জুর দিকে চাহিলেন এবং সম্ভবত তাহার সাজগোজের পারিপাট্য ও রূপের ছটায় এমন আশ্চর্য্য হইয়া গেলেন যে আশীর্বাদ দূরে থাক, কোনো কিছু কথা পর্য্যন্ত বলিতে ভুলিয়া গেলেন ।

গিন্নি বলিলেন—নিধুকে খাবার দি়েরেচিস ?

মেয়ে বলিল—নিধুধা খাচ্ছে বসে । খুড়ীমা, আপনি চা খান তো ?

নিধুর মা বলিলেন—না মা, চা খাওয়ার অভ্যেস তো নেই ।

নিধুর মায়ের প্রত্যেক কথার ও ব্যবহারে প্রকাশ পাইতেছিল যেন ইহাদের বাড়ী আসিয়া এবং ইহাদের সঙ্গে মিশিবার সুযোগ পাইয়া তিনি কৃতার্থ হইয়া গিয়াছেন ।

মঞ্জু খানিকটা নিধুর মার কাছে থাকিয়া আবার নিধুর কাছে চলিয়া গেল । বীরেন সেখানে বসিয়া গল্প করিতেছিল ।

বীরেন মঞ্জুকে দেখিয়া বলিল—নিধুধা তোকে কি গান করতে বলচেন—

নিধু বলিল—ও বেলা বলেছিলে যে । জল খাওয়ার সময়ে গান করবে—

মঞ্জু বেশ সহজ স্বরে বলিল—বেশ, করব এখন । খুড়ীমা তো গুনবেন—ওঁরা গল্প করচেন যে ।

—আমি মাকে ডাকব ?

—না, না, এখন থাক ! আমি করব এখন গান, ততক্ষণ ওঁদের গল্প হয়ে যাক ।

নিধুর আগ্রহ বেশি হইতেছিল—মেয়ের মূখে গান সে কখনো শোনে নাই ! এ সব দেশে মেয়েরা গান গাছে না । মেয়ে হারমোনিয়ম বাজাইয়া পুরুষের সামনে গাহিতেছে, এ একটা নূতন দৃশ্য বাহা সে কখনো দেখে নাই ।

কিছুক্ষণ পরে মঞ্জু সত্যিই হারমোনিয়ম বাজাইয়া গান গাহিল । অনেকগুলি গান । তাহার কোনো লজ্জা লঙ্ঘাচ নাই, বেশ সহজ, সরল ব্যবহার । নিধুর মা তো একেবারে মুগ্ধ । মেয়েটির দিক হইতে তিনি আর চোখ ফিরাইতে পায়েন না ।

গান যে ধরনের, সে ধরনের গান তিনি কখনো শোনেন নাই—অনেক জায়গায় কথা বুদ্ধিতে পারা যায় না—কি লইয়া গান—তাহাও বোকা যায় না । ভাষা-বিষয় বা রামপ্রসাদী গান নয় । বেহতভও নয় । অবিভ্রি এতটুকু মেয়ের মুখে দেহতত্বের গান ভালোও লাগিত না ।

তনিত্ত-তনিত্তে নিধুর মায়ের মনে হইল—তিনি যেন কোথায় মেঘলোকে চলিয়া যাইতেছেন উড়িয়া । সেখানে যেন—বাল্যকালে তাহার বাপের বাড়ীতে যেমন ফান্ডন-১৫জ্ঞ মাসে তখনো ধুমধুমের উচ্চত পাগড়ি ধরিয়া আনন্দ পাইতেন—বাবুর হাটের সেই পুরুষের

ধায়ে, সেই ফুলগাছভায়া বসিয়া বাঘো বছরের বাজিকাটির মতো আবার ধূসরুলের পাশড়ি ধরিতেছেন—আবার সেই আনন্দভরা বালাকাল তাঁহার বেহমর পিতাকে লইয়া ফিরিয়াছে, যে পিতার মৃৎ মনের মধ্যে স্পষ্ট হইয়া এখন আর কোটে না। কথাবার্তাও অস্পষ্টভাবে মনে পড়ে।

নিজের অজান্তলারে কখন নিধুর মা'র চোখে জল আসিয়া গেল।

ইতিমধ্যে হারমোনিয়মের আওয়াজ পাইয়া পাড়ার আরও অনেকগুলি ছোট-ছোট ছেলেমেয়ে ছুটিয়া আসিয়াছিল; কিন্তু তাহারা বাড়ীর মধ্যে ঢুকিতে সাহস না করিয়া দরজার সামনে ভিড় করিতেছে দেখিয়া মঞ্জু বীরেনকে বলিল—দাদা, ওদের ডেকে নিয়ে এস বাড়ীর মধ্যে—

নিধুও মুগ্ধ। মঞ্জুর মুখের গান শুনিয়া তাহার মনে হইল এ এমন এক ধরনের জীবন, যাহার মধ্যে সে এই প্রথম প্রবেশ করিল। জীবনে এত ভালো জিনিসও আছে। শুধু সাক্ষী শেখানো, কেস সাজানো, যজ্ঞমোক্তারের ব্যবসায় সম্বন্ধে উপদেশ—মস্কল ও হাকিমকে তুষ্ট রাখিবার নানা কলাকৌশল সম্বন্ধে বক্তৃতা—বাড়ীর দায়িত্ব, অস্তাব অভ্যেগ—এ সবের উর্দ্ধেও এমন জগৎ আছে—আকাশ বেখানে নীল, সূর্য্যোদয় অরুণরাগারক্ত, সারাদিনমান বিহঙ্গ-কাকলীমুখর। বেখানে উষেগ নাই, গাউনপর্য্য উকীল-মোক্তারের ভিড় নাই, হাকিমদের গভীর গলায় আওয়াজ নাই, জেরায় প্রতাপক্ষের মোক্তারের মুগ্ধ চোখের দৃষ্টি নাই। নিধু বাঁচিল, সে বাঁচিয়া গেল আজ, জগতের সম্বন্ধে তাহার বিশ্বাস বদলাইয়া গেল—সৌন্দর্য্যের অস্তিত্ব সে খুঁজিয়া পাইল এতদিনে।

ইতিমধ্যে কখন নিধুর ছোট ভাই রমেশ আসিয়া দাদার কাছে দাঁড়াইয়াছে।

নিধু বলিল—তুই কখন এলি রে ?

রমেশ হাসিয়া বলিল—এই এলাম—

আঙুল দিয়া দেখাইয়া বলিল—দ্বিধির গলা শুনে—একবার তাবলাম যাব কি না যাব, তারপর আর পারলাম না—

নিধু বলিল—তা আসবিনে কেন ? বেশ করেচিস—

সে আরও তুল্পি পাইল যে তাহার মা ও রমেশ এমন গান শুনিতে পাইল, কখনো শোনে না তো এ সব !

মঞ্জু বলিল—আপনার ছোট ভাই বুঝি ?

নিধু ঘাড় নাড়িল।

—পড়ে ?

—পড়ার সুবিধে হয় না এখানে, তবে ওকে আমার বাড়ী রেখে কিংবা নিজের কাছে নিয়ে গিয়ে এবার পড়াব—খুব বুদ্ধিমান ছেলে।

—আমরা যদি কলকাতায় বাড়ী করি, আমাদের বাড়ীতে রেখে দেবেন না ?

মঞ্জুর উদারতার নিধু মুগ্ধ হইয়া গেল। এ যকম কেহ বলে না। মঞ্জু ছেলেসাত্ব, মন এখনো

সরল—তাই বোধ হয় বলিল। পরের ঝগড়া কে সহজে আজকাল খাড়ে করিতে চায় ?

রমেশ লক্ষ্যায় খাড় গুঁজিয়া বসিয়া রহিল।

বীরেন বলিল—রমেশ ফুটবল খেলতে পার ? একটা ফুটবল টিম করব তাবচি।

নিধু রমেশের হইয়া উত্তর দিল—ফুটবল এখানে কে খেলবে ? অনেকে চোখেও দেখেনি। তবে ও খেলা শিখে নিতে পারবে চট করে। গাছে উঠতে, সাতার দিতে, দৌড়াধৌড়িতে ও খুব মজবুত।

বাড়ী কিরিয়া পর্য্যন্ত নিধুর মামের মন ছটফট করিতে লাগিল, জজবাবুর বাড়ী যে তিনি ও তাঁহার ছেলেরা এত খাতির পাইয়া আসিলেন, কথটা কাহার কাছে গল্প করেন।

তাঁহার জীবনে এত বড় সম্মান আর কখনো কেহ তাঁহাকে দেয় নাই। ওদের দ্বয়ের লোকের সঙ্গে মিশিয়াছেনই বা কবে ?

পুকুরের ঘাটে গা ধুইতে গিয়া, দেখিলেন পূবপাড়ার প্রোচা অগোষ্ঠাকরণ বাসন মাজিতেছেন।

অগোষ্ঠাকরণ গর্বিতা ও ঝগড়াতে প্রকৃতির বলিয়া গ্রামের সকলেই তাঁহাকে সম্মান করিয়া চলে। তাহার উপর অগোষ্ঠাকরণের অবস্থাও ভালো। কিন্তু কথটা যে না বলিলেই নয়। নিধুর মা সহজভাবে ভূমিকা ফাঁদিলেন।

—ও দিদি, আজ যে এত দেরিতে বাসন মাজচ ?

অগোষ্ঠাকরণ বাসনের দিকে চোখ রাখিয়াই বলিলেন—সময় পাই নি। আজ ওবেলা দুজন কুটুখ এল বাড়ীতে, তাদের জন্তে রান্নাবান্না করতে দেরি হয়ে গেল। ভারপর বড় ছেলে এসে বললে—মা, খাবার তৈরি করে দাও, আটঘরার হাটে যাব। এই সব করতে বেলা গেল একেবারে—

নিধুর মা বলিলেন—আমারও আজ বড় দেরি হয়ে গেল। অল্প দিন এর আগেই ষাট সেরে চলে যাই—

অগোষ্ঠাকরণ চূপ করিয়া আপন মনে বাসন মাজিতে লাগিলেন।

নিধুর মা পুনরায় বলিলেন—মঞ্জু কি চমৎকার গান করলে দিদি !

অগোষ্ঠাকরণ মুখ তুলিয়া বলিলেন—কে ?

—ওই যে জজবাবুর মেয়ে মঞ্জু। ওরা আজ খুব খাতির করেচে নিধুকে। ওকে চা দিয়ে খাবার দিয়ে জজবাবুর মেয়ে নিজের কাছে বলে গান শোনালে। বেশ লোক জজগিরিও—তিনি তো ভারি ব্যস্ত, বলেন—নিধুকে আগে দে জলখাবার, ও আমার ছেলের মতো। আমার ভো কাছে বসিয়ে কত সুখহুঃখের কথা—

কথটা অগোষ্ঠাকরণের ভেমন ভালো লাগিল না।

তিনি মুখ ঘুরাইয়া বলিলেন—বাব দাও ওসব বড়মামুদের কথা। বলে, বড়র পীরিতি বালির বাঁধ, অণে হাতে দড়ি কণেকে চাঁদ। কারও বাড়ী যাইওনে, সময়ও নেই। ওদের

সঙ্গে যেনামেশা কি আমার সঙ্গে? তুমি বড়লোক আছ, বড়লোক আছ। আমি কেন যাব তোমার বাড়ী খোশামোদ করতে? আমার ও স্বভাব নেই—তা তোমরা বুঝি দেখা করতে গিয়েছিলে?

—ওমা, এমনি দেখা করতে যাব কেন? নিধুকে যে জজবাবু নেমস্তন্ন করে নিয়ে গিয়ে ছপূরবেলা কত স্বস্তি করে খাওয়ালে। আবার বিকেলে জলখাবারের নেমস্তন্ন করলে তার ওপর। নিধু তো লাজুক ছেলে—কিছুতেই যাবে না, ওরাও ছাড়বে না। শেষে জজবাবুর ছেলে নিজে এসে আমাকে, নিধুকে ডেকে নিয়ে গেল। একেবারে নাছোড়বান্দা—

জগোঠাকরুণ সংক্ষেপে বলিলেন—বেশ।

কিছুক্ষণ হুজনেই চুপচাপ। পরে নিধুর মা-ই নীরবতা ভঙ্গ করিয়া বলিলেন—না, বেশ লোক কিন্তু ওরা।

জগোঠাকরুণ মুখ খিঁচাইয়া কহিলেন—কি জানি বাপু, কারো ছন্দাংশেও কোনোদিন থাকিনি—থাকবও না। বেশ হোক, খারাপ হোক, যারা আছে, ভারাই আছে। মেয়েটার নাম কি বললে?

—মঞ্জু। কি চমৎকার মেয়ে দিদি।

—বয়েস কত?

—এই পনেরো-ষোলো হবে। খপখপে ফরসা বড় কি। চেহারা কি!

—তাতে তোমারই বা কি আর আমারই বা কি? বেল পাকলে কাকের কি? ওরা নিধুর সঙ্গে ওদের মেয়ের বিয়ে দেবে?

—না, না—তা আমি বলচিনে। তাই কি কখনো দেয়?

—তবে চুপ করে থাক। চেহারা হবে না কেন বল? তোমার মতো আমার মতো পুঁই শাক খেয়ে তো মাহুধ নয়? নির্ভাবনার ছুধ-ধি খেলে তোমারও চেহারা ভালো হত, আমারও চেহারা ভালো হত।

—সে কথা ভো ঠিক দিদি।

—অন্ত বড় পনেরো-ষোলো বছরের খিঙ্গী মেয়ে যে নিধুর সামনে মা-বাপের সামনে হারমোন বাজিয়ে গান করবে—এতেই দেখে না কেন? তোমার বাড়ীর মেয়ে আমার বাড়ীর মেয়ে করুক দিকি, কালই গাঁয়ে টি-টি পড়ে যাবে এখন। বড়মাহুধের ওপর কথা বলে কে? ওরা জানচে আজ এসেচি এগায়ে, কাল যাব চলে হিজি-দিজি—আমাদের নাগাল পায় কে? তাই বলি ওদের সঙ্গে আমাদের মিশতে যাওয়াই বেকুবী—আমি যাচ্ছি দেখাওনো করছি ভেবে, ওরা তাতে খোশামোদ করতে আসচে।

শেষের দিকের কথায় বেশ কিছু স্নেহ মিশাইয়া জগোঠাকরুণ তাঁহার বড়ভা সযত্ন করিলেন এবং মাজা বাসনের গোছা তুলিয়া লইয়া পুকুরের ঘাট ভ্যাগ করিলেন।

সকালে নিধু চলিয়া যাইবে বলিয়া নিধুর মা তোরে যান্না চড়াইয়াছিলেন। বড় মেয়েকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন—তোয় দাদাকে নেয়ে আসতে বল, ও পুঁটি—

পুঁটি বলিল—বড়দা এখনও বিছানা থেকে ওঠে নি—

—সে কি রে ? ওকে উঠতে বল। কখন নাইবে, কখন খাবে—বেলা দেখতে-দেখতে হয়ে গেল।

কিছুক্ষণ পরে নিধু স্নান সায়িয়া আসিয়া খাইতে বলিল।

নিধুর মা বলিলেন—যাবার সময় একবার ওদের সঙ্গে দেখা করে যা না ?

নিধু বিশ্বাসের সুরে বলিল—কাদের সঙ্গে ?

জজবাবুদের—ওই ওদের—গিন্নীর সঙ্গে, মঞ্জুর সঙ্গে ?

—হ্যাঁ, আমি আবার যাই এখন ? কি মনে করবে, তাববে জলখাবার খেতে এসেচে সকালবেলা।

—তোয় যেমন কথা। তা আবার কেউ ভাবে বুঝি ? যা না ?

—আমার সময় নেই। ক' কোশ যান্তা যেতে হবে জানো ?

মুখে একথা বলিলেও নিধু মনে-মনে ভাবিতেছিল মঞ্জুর সঙ্গে একবার যাওয়ার সময় কেখাটা হইলে মন্দ হইত না। কিন্তু মা বলিলেই তো সেখানে যাওয়া যায় না।

নিধুর মা বলিলেন—সামনের শনিবারে আসাব কিম্বা আর পুঁটির জন্তে দু-গজ সিন্ডে কিনে আনিস—রমেশের জন্তে এক দিন্ডে কাগজ। ও ভয়ে তোকে বলতে পারে না। আমার এসে চুপি-চুপি বলচে, আমি বললাম—তুই গিয়ে তোয় দাদার কাছে বল না ? বললে—না মা আমার ভয় করে।

নিধু মায়ের পায়ের ধূলা লইয়া বগুনা হইবার পূর্বে ছোট ভাই-বোনরা আসিয়া কাড়াকাড়ি করিয়া পায়ের ধূলা লইবার চেষ্টায় পরস্পর-ধাক্কাধাক্কি করিতে লাগিল। নিধু শাসনের সুরে বলিল—রমু, চকিখানা ইংরিজি-বাংলা হাতের লেখার কথা যেন মনে থাকে। শনিবারে এসে না দেখলে পিঠের ছাল তুলব।

রমেশ দাদার সম্মুখে হইতে সরিয়া গেল। বড় লোকের সম্মুখে পড়িলেই বড় বিপদ, আড়ালে থাকিলে বহু হাঙ্গামার হাত হইতে রেহাই পাওয়া যায়।

পথে পা দিয়াই নিধু একবার জজবাবুর বাড়ীর দিকে চাহিল। এখনো বোধ হয় কেউ ওঠে নাই—বড়লোকের বাড়ী, ভাড়াভাড়া উঠিবার গরজই বা কিসের।

ছায়াভাণ্ডা পথে শরৎ-প্রভাতের স্নিগ্ধ হাওয়ার যেন নবীন আশা, অপরিচিত অল্পভূতি সারা দেহের ও মনের নব পরিবর্তন আনিয়া দেয়। গাছের ডালে বস্ত্র মটরলতা ছুগিতেছে, ভিৎ-পঞ্জার ফুল ফুটিয়াছে—এবার বর্ষার যেখানে সেখানে বনকচুর ঝাড়ের বৃদ্ধি অত্যন্ত যেন বেশি। নিধু আশ্চর্য হইয়া ভাবিল—এসব জিনিসের দিকে তাহার মন তো কখনো তেমন যায় না, আজ ওদিকে এত নজর পড়িল কেন ?

শরৎ-প্রভাতের স্নিগ্ধ হাওয়ায় সঙ্গে মিশিয়া আছে কাল বিকালে শোনা মঞ্জুর গানের স্বর ।

সে স্বর তাহার সায়সায় কানে ঝঙ্কার দিয়াছে—তুধু মঞ্জুর গানের স্বর নয়—তাহার হৃদয়ের ব্যবহার, তাহার মুখের হৃদয়ের কথা—বাড় নাড়িবার বিশেষ তন্ত্রটি । বড়-বড় কালো চোখের চপল চাহনি ।

সত্যাই রূপসী মেয়ে মঞ্জু । মহকুমার টাউনে ভো কত মেয়ে দেখিল—অমন মুখ এ পর্য্যন্ত কোনো মেয়েরই সে দেখে নাই জীবনে । মঞ্জুর সঙ্গে দেখা না হইলে অমন ধারা রূপ যে মেয়েদের হইয়া থাকে—ইহার মধ্যে অসাধারণত্ব কিছু নাই—ইহা সে ধারণা করিতে পারিত না ।

মঞ্জু স্থলে পড়ে । স্থলে-পড়া মেয়ে সে এই প্রথম দেখিল । মেয়েদের এমন নিঃসঙ্কোচ ধরন-ধারণ সে কখনো কল্পনা করিতে পারিত না । এসব গ্রামের অশিক্ষিত কুরূপা মেয়েগুলো এমন অকালপক্ক যে বারো-তেরো বছরের পরে জ্যেষ্ঠ ভ্রাতা বা পিতৃব্য সমভূত্য প্রতিবেশীর সামনে দিয়া চলাকেরা করিতে বা তাহাদের সম্মুখে বাহির হইতে সঙ্কোচ বোধ করে ।

নিধুর ঠিক ভালোই লাগিয়াছে মেয়েটিকে ।

আচ্ছা, অত বড় লোকের মেয়ে সে—তাহার মতো সামান্ত অবস্থার লোকের প্রতি অত আদর স্বর দেখাইল কেন ? জীবনে এধরণের ব্যবহার কোনো অনাস্থ্যীয় মেয়ের নিকট হইতে সে কখনো পায় নাই ।

মঞ্জুর সহিত আবার যদি দেখা হইতে আজ সকালটিতে !

সামনের শনিবারে—তবে একটা কথা । সামনের শনিবারে মঞ্জু নাও থাকিতে পারে । সে স্থলের ছাত্রী, কতদিন স্থল কামাই করিয়া বসিয়া থাকিবে ? যদি চলিয়া যায় ?

কথাটা ভাবিতে নিধুর বেন রৌত্তিমত বেদনা বোধ হইতে লাগিল । পরের মেয়ের প্রতি এ ধরণের মনোভাব তাহার এই প্রথম । সারাপথ নেশার আচ্ছন্নভাবে কাটিয়া গেল নিধুর । সামনে ওই সারি-সারি আড়ত দেখা দিয়াছে—টাউন আর আধমাইল পথ ।

নিজের বাসায় পৌঁছিয়া সে দেখিল বাড়ীওয়ালার সরকার তাহার অন্ত অপেক্ষা করিতেছে ।

নিধুকে দেখিয়া বলিল—মোক্তারবাবু, বাড়ী থেকে আসছেন ?

—হ্যাঁ, কালীবাবু কি ভাড়া জন্তে বসে আছেন ?

—আজ বাবু বললেন মোক্তারবাবুর কাছ থেকে ভাড়াটা নিয়ে আসতে ।

—আর ছদ্দিন থাক । বাড়ী থেকে আসচি, হাতে কিছু নেই । বুধবারে আসবেন—কোর্টে বহু-মোক্তার ভাহাকে বললেন—ওহে একটা জামিননামায় সই করতে হবে ।

—জামিন মুক্ত করলে কে ?

—জামি করলাম । পাচশো টাকার জামিন । যা আদায় করতে পার ।

—আপনি বলে দিন । ভালো লোক তো ?

—কপাল ঠুকে জামিন হয়ে যাও। কি ছাড় কেন ?

—তা নয়, আমি বলছি না পালার শেখকালে। বেশি টাকার জামিন তাই ভয় হয়।

—কোনো ভয় নেই।

নতুন মোক্তার সে, জামিননামার ফি প্রধান সম্বল। বহুবাবু অসুগ্রহ করেন বলিয়া তা মেলে—নতুবা তাহাই কি স্থলভ ? এক মাসের মধ্যে একটিবার সে জুনিয়ার হইয়া একটি যোকর্দ্দমায় জামিনের দরখাস্ত দাখিল করিয়া ছিল। এ ব্যবসা চলিবে কিনা কে জানে ? বুধবার বাড়ীভাড়া দিবে তো বলিল—কিন্তু দিবে কোথা হইতে ?

মোক্তার-বায়ের ঘরের এক কোণে সাধন-মোক্তার সাক্ষী পড়াইতেছেন, অর্থাৎ যে শিখ্যার তামিল একবার সকালে দিয়া আসিয়াছেন—এখন আবার তাহা সাক্ষীদের মনে আছে কিনা তাহারই পরীক্ষা লইতেছেন।

সাধনবাবু বলিলেন—এই যে নিধিরাম ! বাড়ী থেকে এলে নাকি ?

নিধু নীরসকণ্ঠে বলিল—এই এখন এলাম। সব ভালো ?

—ভালো আর কই ভেয়ন ? বাতে ভুগছি। ভোয়ার সঙ্গে কথা আছে একটা।

—কি বলুন ?

—এখন নয়। তিনটির পর ঘর একটু নিরিবিলাি হলে তখন বলব। চলে যেও না যেন।

—আচ্ছা, আমি একবার বহুবাবুর সঙ্গে দেখা করে আসি। কাজ আছে।

তিনটার পর ত্রিফহৌন মোক্তারের দল বড়-কেউ বার-লাইব্রেরীতে উপস্থিত থাকে না। থাকেন দু-একজন প্রবীণ ও পসারওয়াল। মোক্তার, তাঁহাদের কেস থাকে—মকেলকে শিখাইতে পড়াইতে হয়। হাকিমের এজলাসে অকারণেও দু-একবার ঢুকিয়া অনাবশ্যক মিষ্ট কথাও দু-একটা বলিতে হয়।

নিধুর আজ মন ভুত ভালো ছিল না। সে তিনটার কিছু পূর্বে লাইব্রেরীতে ফিরিয়া দেখিল—হরিবাবু মোক্তার বসিয়া-বসিয়া ধরণী-মোক্তারের সঙ্গে কোর্টে সেদিন প্রতিপক্ষের সাক্ষীকে কি করিয়া জেরার জব্দ করিয়াছেন—তাহারই বিস্তারিত বর্ণনা দিয়া বাইতেছেন। ধরণী জুনিয়ার মোক্তার, হরিবাবুর কাছে জামিনটা-আসটার আশা রাখে—সে বেচারা ঘন-ঘন সমর্ধনসূচক ষাড় নাড়িতেছে।

হরিবাবু বলিলেন—আরে নিধিরাম যে ! কোর্টে দেখলাম না ?

—কোর্টে দেখবেন কি বলুন হরিদা। আমরা হলুম ছুপতোজী জীব—আপনারা বাব ভালুক, আপনারাদের ছেড়ে আমাদের কাছে কি মকেল ধঁবে যে হাকিমের এজলাসে সওয়াল-জবাব করতে যাব ?

হরিবাবু সহাস্তবদনে বলিলেন—ভোয়ার উপমাটা লাগসই হল না যে ! ছুপতোজী জীবের মধ্যে হাতিও যে পড়ে।

—আজ্ঞে তা পড়ে। তবে আমাদের ওজন কম, কাজেই হাতি নই একথা বুঝতে পারি

হয় না। ষাঁদের ওজন বেশি, তাঁরা ওটা হবার দাবী করতে পারেন।

—চল হে ধরগী ষাওয়া ষাক, বলিয়া হরিবাবু উঠিলেন।

কিছুক্ষণ পরে সাধন ভট্টাচার্য্য ঘরে ঢুকিয়া এদিক-ওদিক চাহিয়া বলিলেন—কেউ নেই ঘরে ? হ্যাঁ, তোমার লক্ষে একটা কথা আছে।

—কি বলুন ?

—তুমি বিয়ে করবে ?

নিধু আশ্চর্য্য হইয়া বলিল—কেন, বলুন তো ?

—আমার একটি ভাইকি আছে—দেখতে-সুনতে—মানে—গেরস্তায়ের উপবৃত্ত।
হান্নাবান্না—

নিধু বাধা দিয়া বলিল—খুব ভালো পায়ে বুঝলাম। কিন্তু আমি বিয়ে করে খেতে ঘোব কি ? পসার কি রকম দেখচেন তো ?

সাধন ভট্টাচার্য্য হাসিয়া বলিলেন—ওহে, ওসব কথা ছোকরা মাজেই বিয়ের আগে বলে থাকে। আর মোক্তারীর পসার একদিনে হয় না। আমি চব্বিশ বছর এই কাজ করে চুল পাকিয়ে ফেললাম, আমি সব জানি। তুমি যখন যত্নদার মতো মুক্কিস পেরেচ, তোমার পসার গড়ে উঠতে ছবছরও লাগবে না। ঢুকেচ তো মোটে একমাস। এখুনি বিগ্ কাইভয়ের অর মারবার আশা কর ?

—বহুবাবু ওপর ভরসা করে আমার মতো ত্রিক্লেন্স মোক্তারের বিয়ে করা চলে না।

—খুব চলে—তা ছাড়া আমি তোমার সাহায্য করব—আমার আমাইকে আমি দেখতে পারব।

ইহাতে নিধু খুব আশাবিত্ত হইল না, কারণ সাধন-মোক্তারের পসার এমন কিছু লোভনীয় ধরনের নয়। সে বলিল—না দাদা, ওসব আমাদের সঙ্গে না—আপনিই ভেবে দেখুন না ?

—তোমার লগসারে কে-কে আছেন ?

—বুড়ো বাবা, মা—মানে আমার লগমা, একটি বৈমাজ ভাই, আর আমার কটি ভাই-বোন।

—বৈমাজ ভাইয়ের বয়েস কত ?

বুদ্ধিমান নিধু বুঝিল সাধন-মোক্তার আসলে তাহার লগমা'র বয়স জানিবার জন্য এই প্রশ্নটি করিয়াছেন সুতরাং সে বলিল—তার বয়েস এই চোদ্দ-পনেরো, তবে আমার লগমা আমাকে মাহুব করে এগেচেন ছেলেবেলা থেকে। মা'র কথা আমার মনেই পড়ে না।

—তুমি এই রবিবারে আমার বাড়ী থাকে।

—সে তো হয় না। শনিবারে যে বাড়ী যেতে হবে—

—না, না, এই শনিবারে তো গিয়েছিলে। যেতেই হবে—না গেলে সুনব না। এক

শনিবার না হয় নাই গেলে বাড়ী ?

নিধিরাম আরও দু-একবার আপত্তি করিল—কিন্তু সাধন মোক্তার তাহার কথায় আমল দিলেন না। নিধিরাম ভালোমুহূষ ও লাজুক, বারের অন্ততম প্রবীণ মোক্তার সাধন ভট্টাচার্য্যের মুখের উপর জোর করিয়া না বলিতে পারিল না। ঠিক হইয়া গেল নিধিরাম রবিবার সকালে উঠিয়া তাহার বাসায় বাইবে, সেখানেই চা খাইবে—তারপর মধ্যাহ্ন ভোজন করিয়া চলিয়া আসিবে।

বাসায় আসিয়া নিধিরাম মনমরা হইয়া বিছানায় শুইয়া পড়িল। এ আবার কোথা হইতে কি উপসর্গ আসিয়া জুটিল দেখ! কোথায় সে শনিবারের অপেক্ষায় আঙুলে দিন গুনিতেছে, কোথা হইতে বুড়ো সাধন ভট্টাচার্য্য কি বাদ সাধিল।

সে বুকিতে পারিয়াছে মঞ্জুর সহিত আর তাহার দেখা হইবে না। হয়তো সারনের সোমবারেই সে কলকাতায় তাহার মামার বাড়ী চলিয়া বাইবে। এ শনিবারে গেলে দেখাটা হইত। এবার যদি দেখা না হয়, তবে আবার সেই পূজার ছুটি ছাড়া মঞ্জু নিশ্চয়ই বাড়ী আসিবে না।

তাহার এখনো তো কতদিন বাকি।

মাথাটা একটু প্রকৃত্তস্থ হইলে সে ভাবিল, মঞ্জুকে এমন করিয়া সে দেখিতে চায় কেন? কেন তাহার মন এত ব্যাকুল সেজন্ত? মঞ্জুর সঙ্গে দেখা করিয়া লাভ কি? আচ্ছা, এবার না হয় সে দেখাই পাইল—কিন্তু লজবাবু যদি আর গ্রামে পাঁচ বছর না আসেন, যদি আদৌ আর না আসেন—তবে মঞ্জুও সঙ্গে দেখাশোনা তো এমনই বন্ধ হইয়া বাইবে। কিসের মিথ্যা মোহে সে রঙিন স্বপ্ন বুনিতেছে?

রবিবারে সাধন-মোক্তার আটটা বাজিতে না বাজিতে নিধুর বাসায় আসিয়া হাজির হইলেন। নিধু বসিয়া-বসিয়া বন্ধ-মোক্তারের বাড়ী হইতে আনা ক্যালকাটা ল' রিপোর্ট পড়িতেছিল। সাধন দেখিয়া বলিলেন—কি পড়ছ হে? বেশ, বেশ। নিজের উন্নতি নিয়েই থাকতে হবে। বহুদায় বই? তা ছাড়া আর কে এখানে বই কিনবে বল?

নিধু বলিল—বহু, একটু চা খাবেন না?

—না, না, ভূমিও আমাদের বাড়ী গিয়েই চা খাবে—সব ঠিক করে বেখেচে মেয়েরা।

ওঠ—

সাধন-মোক্তারের বাড়ী টাউনের পূর্বপ্রান্তে টিকাপাড়ায়। দুজনে হাঁটিয়া আসিলেন, নিধু বাসার চেহারা ও আলবাবপত্র দেখিয়া বুকিল সাধন-মোক্তারের অবস্থা যে বিশেষ ভালো তাহা নয়। বাহিরের ঘরে একখানা ভাঙা গুস্তপোশের আধ-ময়লা ফরাশের উপর বসিয়া সাধনের মুহূর্তী কুপারাম বিশ্বাস লেখাপড়া করিতেছে—একদিকে মকেলদের বসিবার নিষিদ্ধ একখানি কাঠের বেঁকি পাতা। একটা পুরোনো আলমারিতে সামান্য দ্বারের টিপকলের ভালো লাগানো—ঘরের দোরের বাঁ দিকে তামাক খাইবার সরঞ্জাম, জায়গাটা ডিকের গুঁড়ো

ভামাকের গুল, আধপোড়া দেশলাই-কাঠি পড়িয়া রীতিমতো নোংরা। দেয়ালে স্থানে-স্থানে পানের পিচের দাগ।

নিধু বাহিরে গিয়া বসিতেই কুপারাম বিশ্বাস অভ্যন্তর বিনয়ের সঙ্গে দাঁত বাহির করিয়া বলিল—আম্বন বাবু, এ শনিবারে বুঝি বাড়ী যান নি? বেশ। বাবু, সোনাডনপুরের দার-দারির কেসে কি আপনার কাছে লোক গিয়েছিল?

নিধু বলিল—না, যদুবাবুর কাছে গিয়েচে এক পক্ষ শুনেচি—আমাদের জামিননামা সফল, পেটা পাবই। পক্ষ কি আমাদের মতো জুনিয়ার মোক্তারের কাছে যায়?

কুপারাম বিনয়ে গলিয়া গিয়া দুহাত কচলাইয়া বলিত লাগিল—হেঁ-হেঁ বাবু, ওটা কি কথা—আপনার মতো লোক—ইত্যাদি।

নিধুর মনে হইল কুপারাম যে ভাহাকে অভখানি বিনয় প্রদর্শন করিয়া খাতির করিতেছে—ইহার মূলে রহিয়াছে তাহার সহিত সাধন-মোক্তারের পরিবারের বৈবাহিক সন্ধের সম্ভাবনা। নতুবা প্রবীণ সাধন-মোক্তারের যুৱী যুধু কুপারাম বিশ্বাসের কথা নয় তাহার প্রতি এতটা হাত কচলাইয়া সম্মত দেখানো। কই, বার লাইব্রেরীতে গত দেড় মাসের মধ্যে কুপারাম কোনোদিন তাহার সঙ্গে ছুটি কথাও বলে নাই তো!

সাধন বাড়ীর ভিতর হইতে আসিয়া বলিলেন—একটা বাগিশ ঘেবে কি নিধিরাম? কষ্ট হচ্ছে বলতে!

নিধিরাম হাসিয়া বলিল—আজ্ঞে না, বাগিশ কি হবে আমার? আপনি বরং একটা আনান—

এই সময়ে চাকরে একখানা রেকাবিতে লুচি, আলুভাজা, পটলভাজা, ছুটি সন্দেশ এবং এক বাটি চা আনিয়া নিধুর সামনে রাখিল। সাধন ব্যস্ত হইয়া বলিলেন—জল, জল নিয়ে আর এক গ্লাস—আর ওরে শোন, পান ছুটে অমনি—পান—

নিধু জানাইল সকালবেলা সে পান খায় না। সাধনকে জিজ্ঞাসা করিল—আপনি খাবেন না?

—না, আমার অম্বল। কিছু সখি হয় না, কাল রাতে খেয়েচি এখনো পেট ভার। তুমি খাও—তোমরা ছেলে-ছোকরা মাম্ব! আরও লুচি ঘেবে?

—কি যে বলেন! আর কিছু দিতে হবে না। আর দিলে খাওয়া যায়?

চা পানের পরে এ-গল্পে ও-গল্পে বেলা প্রায় দশটা সাড়ে-দশটা হইয়া গেলা সাধন বলিলেন—তাহলে নিধিরাম এবার ঘানটা করে নাও এখানেই। ও, নেয়ে এসেচ? তবে আমি একবার বাড়ীর মধ্যে থেকে আসি।

কিছুক্ষণ পরে আসিয়া তিনি নিধুকে বাড়ীর মধ্যে ডাকিয়া লইয়া গেলেন।

দুজ বাসা, দু-তিনখানি মাজ ঘর, কিছু বাসায় লোকজন ও ছেলেমেয়ে নিভাস্ত মন্দ নয় সংখ্যায়। নিধু মনে-মনে ভাবিল—বাবা, এ পক্ষপাল সব থাকে কোথায় এই কটা ঘরে?

বারান্দার ছুখানি কার্পেটের আসন-পাতা। একখানিতে নিধুকে বসাইয়া সাধন তাহার পাশের আসনটিতে বসিয়া বলিলেন—ও বুড়ি, নিয়ে এস মা—

একটি চৌক-পনেরো বছরের না-স্বরলা না-কালো রঙের রোগা গড়নের মেয়ে ছুজনের নামনে ভাতের খালা নামাইয়া চলিয়া গেল এবং পুনরায় আর একখানা খালার ওপর বাটি সাজাইয়া ঘরে চুকিয়া দুজনের সামনে তরকারির বাটিগুলি স্থাপন করিল। তখন সে চলিয়া গেল বটে, কিন্তু সাধন তাহাকে বেশিকণ চোখের আড়ালে থাকিতে দিলেন না। কখনো ছুন, কখনো লেবু, কখনো জল ইত্যাদি এটা-সেটা আনিবার আদেশ করিয়া সব সময় তাহাকে ধর-বার করাইতে লাগিলেন। সে এই থাকে এই যায়, আবার আসে সাধনের তাঁকে। নিধু মনে-মনে হাসিল, সে ব্যাপারটা আগেই বুঝিয়া লইয়াছে—এই সেই ভাইঝিটি, যাহাকে কৌশল করিয়া দেখাইবার জন্তই আজ এখানে তাহাকে খাওয়াইবার এই আয়োজন। এমন কি নিধুর ইহাও মনে হইল পাশের ঘরের কবাটের ফাঁক দিয়া বাড়ীর মেয়েরা তাহাকে দেখিতেছেন। একবার তো একজোড়া কৌতুহলী চোখের সহিত অতি অল্পক্ষণের জন্য তাহার চোখোচোখিই হইয়া গেল।

সাধন বাহিরে আসিয়া বলিলেন—নিধিরাম, আমার সামনে লজ্জা কোরো না, তামাক খাও তো চাকরে দিগে যাচ্ছে—কুপারাম, যাও গিয়ে নেয়ে নাও গে—বেলা হয়েছে অনেক।

নিধিরাম বিড়িটি পর্যন্ত খায় না। সে বলিল—আমি খাইনে, আমি বরং পান আর একটা—

—একটা কেন তুমি চারটা খাও—ওরে ও ইয়ে—আরও পান নিয়ে—

সাধন-মোস্তার খুব ব্যস্ত হইয়া পড়িলেন।

কুপারাম মুহুরীকে সরাইয়া দেওয়া হইয়াছে, ঘরে কেহ নাই—সাধন একটু উপস্থল করিয়া নিধুকে জিজ্ঞাসা করিলেন—তাহলে নিধিরাম আমার ভাইঝিকে কেমন দেখলে ?

নিধিরাম আশ্চর্য হইবার ভান করিয়া বলিল—কৈ, কে বলুন তো ?

সাধন-মোস্তার বলিলেন—বেশ, ওই তো তোমাকে পরিবেশন করলে।

—ও! তা—তা বেশ, ভালোই। দ্বিবিয় মেয়েটি।

এটা অবশ্য নিধু বলিল নিছক তজ্জতা ও শোভনতার দিক লক্ষ্য করিয়া, কোনো প্রকার বৈবাহিক মনোভাব ইহার মধ্যে আর্দ্রা ছিল না। সাধন কথা শুনিয়া খুশি হইলেন বলিয়া মনে হইল নিধুর। কিন্তু এ সম্বন্ধে তিনি আপাতত কোনো কথা না উঠাইয়া কয়েকদিন পরে আবার তাহাকে ডাকিয়া পাঠাইলেন।

নিধু গিয়া দেখিল সাধন-মোস্তার আসামী পড়াইতেছেন। সকালবেলা মক্কেলের ভিক্ত যাহাকে বলে তাহা না থাকিলেও দু-পাঁচটি মক্কেল গরুর গাড়ী করিয়া দুই গ্রাম হইতে আসিয়াছে।

—বল নিধিরাম, একটু বল। আমি কাজ সেয়ে নিই—ভারপর বল তোমার মেয়েছিল কেন ?

যাহাকে শিখানো হইতেছে সে বুঝা, মাঘপিঠের নাগিশ করিতে আসিয়াছে, সঙ্গে দু-তিনটি প্রতিবেশীও আনিয়াছে। বুঝা শিখা মতো বলিয়া বাইতে লাগিল। আবার বাছুর ওনার

ধানখেতে গিয়ে নেমেছিল, ভাই উনি মারামারি করে বাছুরতাকে, আমি ভাই দেখে বকি ওনাকে—

—দাঁড়াও-দাঁড়াও, সব ভুলে মেরে দিলে? তুমি বকবে কেন? তুমি কি বললে?

—আমি ছ একটা গালমন্দ দেলাম, বুড়োমাস্থ, মূখি এখন তো আর ছুট নেই—

—ওকথা বললে তোমার মোকদ্দমা কাৎ হবে—কি শিথিয়ে দিলাম? বলবে, আমি বললাম শুঁকে, তুমি বাছুর মারছ কেন? তোমার ধান খেয়ে থাকে তুমি পশ্চৎয়ে দাওগে যাও—মারো কেন?

বুড়ী বলিল—হঁ।

সাধন-মোকতার মূখ খিঁচাইয়া বলিলেন—কি বিপদেই পড়েচি রে। 'হঁ' কি? কথাটা বলে যাও আমার সঙ্গে-সঙ্গে। তুমি কি বললে বল?

—এই বললাম, তুমি বাচুর মারচ কেন, আমার-আজ দুই জোয়ান বেটা যদি বেঁচে থাকত, তবে কি তুমি আমার বাচুরের গায়ে হাত দিতি—তোমারও যেন একদিন এমন হয়—

—আহা হা—কোথাকার আপদ রে! জোয়ান বেটার কথায় কি দরকার আছে? জোয়ান বেটা মরুক বাঁচুক কোর্টের তাতে কি? বল আমি বললাম—বাছুর তুমি মারচ কেন, পশ্চৎয়ে দাও যদি অনিষ্ট করে থাকে—

—হঁ—

—আবার বলে হঁ! আমি যা বলে দিলাম তা বলে যাও না বাপু। এখানে আমার সময় নষ্ট করবে আর কতক্ষণ, ছ-ধটা তো হয়ে গেল। তারপর যা শিথিয়ে দিলাম, কোর্টে গিয়ে এজাহারের সময় সব ভুলে ভাল পাকিয়ে—ভোঁতা মূখ নিয়ে বাড়ী ফিরে যেও এখন। তুমি ওকথা বলতে সে তোমায় কি বললে?

—বললে—ধান আমার যা লোকসান হয়েছে পশ্চৎয়ে দিলি তা পূরণ হবে না—ওর দায় দিতি—

—ওয়ে না বাপু না। ও কথা বললে মোকদ্দমা সাজানো যাবে না। বলে দিলাম হাজার ব্যর করে যে। কতবার শেখাব এক কথা? বল—আমার কথার উত্তরে সে আমায় অশ্লীল ভাবায় গালাগালি দিলে—

—কি বলব বাবু—সে আমার কি বললে?

—এমন গালাগালি দিলে যা হজুরের সামনে বলা যায় না। বল?

—এমনি গালাগালি দিলে যা হজুরের সামনে উচ্চারণ করা যায় না—

—হঁ। বেশ হয়েছে—বাও, এখন কোথায় খাওয়া-দাওয়া করবে করে ঠিক বেলা এগারোটার সময় কাছারী যাবে। সকালে কাছারীতে না গেলে মোকদ্দমা রুজু হবে না—তারপর হ্যাঁ নিখিরাম, চা খাবে একটু? এই একটু অবসর পেলাম সকাল থেকে।

—আজ্ঞে না, চা খাব না। কি বলছিলেন আমার?

সাধন-মোকতার কিছু ছুঁকি কাছিয়া পুনরায় ভাইটির বিবাহের প্রস্তাব তুলিলেন।

নিখিরাম বড় লজ্জিত ও বিব্রত হইয়া পড়িল—বিবাহের সম্বন্ধে সে এ পর্যন্ত কোনো কথাই ভাবে নাই, তাহার মাথার মধ্যেই একথা নাই। কি কল্পণেই সাধনের বাড়ী নিয়ন্ত্রণ খাইতে আসিয়াছিল।

সে বলিল—দেখুন আমি তো এ বিষয়ে কিছু ঠিক করি নি, তা ছাড়া আমার বাবা রয়েছে—

সাধন ব্যস্ত হইয়া বলিলেন—আহা হা, তোমার মত আছে যদি বুঝি তবে তোমার বাবার কাছে একুনি যাচ্ছি। তোমার কথা আগে বল—

নিধু মহা বিব্রত হইয়া পড়িল। অস্তত দুদিন সময় নেওয়া দরকার—তারপর তাবিয়া একটা ভদ্রভাসকৃত উত্তর অস্তত দেওয়া যাইতে পারে।

সে বলিল—আচ্ছা কাল শনিবার বাড়ী যাচ্ছি, মা'র কাছে একবার বলে দেখি, সোমবার আপনাকে—

সাধন খপ করিয়া হঠাৎ নিখিরামের হাত দুটি ধরিয়া বলিলেন—একাজ করতেই হবে নিখিরাম। আমাদের বাড়ীসুদ্ধ সব মেয়েদের তোমাকে দেখে বড় পছন্দ হয়েছে। আর ও টাকাকড়ি, পসার-টসারের কথা ছেড়ে দাও। কপালে থাকে তবে, না থাকে না হবে। বলি বহু-দায় কি ছিল? ভাঙ্গা খালা সম্বল করে এসেছিলেন এখানকার বাবে সোক্তারী করতে। কপাল খুলে গেল, এখন লক্ষী উছলে উঠচে ঘরে! অমনিই হয়। তাহলে সোমবারে যেন পাকা মত পাই—একটু কিছু মুখে দিয়ে যাবে না?

শনিবারে দীর্ঘ পথ হাঁটিয়া বাড়ী যাইবার সময় ছায়ামিথ্র ভাজ অপরাহ্নে সুনীল আকাশের গায়ে নানা রঙের মেঘস্তর দেখিতে দেখিতে নিধুর মন কিসের আনন্দে ও নেশায় যেন ভরপুর হইয়া উঠিল। মঞ্জুকে আজ সে দেখে নাই দীর্ঘ তেরো দিন—যদি সে থাকে, যদি তাহার সঙ্গে দেখা হয়! কথাটা ভাবিতেই নিধুর বুকের মধ্যে যেন কেমন ভোলপাড় করিতে লাগিল। দেখা হওয়া কি সম্ভব? নাও ভো হইতে পারে। মঞ্জু কি আর তাহার জন্ত গ্রামে বসিয়া থাকিবে পড়াশুনা ছাড়িয়া?

ভাবিতে-ভাবিতে গ্রামের কাছে সে আসিয়া পড়িল।

আর বেশি দূর নাই। ওই কেঁদেটির বিলের আগাড় দেখা যাইতেছে।

নিধু অস্থত্ব করিল তাহার বুকের ভিতরটাতে যেন কেমন এক অশান্ত, চঞ্চল আবেশ, এতদিন এ ধরনের আবেশের অভিজ্ঞ সে অবগত ছিল না। বাড়ী পৌছিয়াই প্রথমে নিধুর চোখে পড়িল তাহার মা বসিয়া-বসিয়া কচুর ডাঁটা কুটিতেছেন। তাহাকে দেখিয়াই হাসিমুখে বলিলেন—ওই জাখ এয়েচে। আমি ঠিক বলেচি সে এ শনিবার আসবেই। তাই ভো কচুর শাক তুলে বেছে ধরে—ওয়ে ও পুঁটি, শিগগির ভোর দাদাকে হাত-পা ধোয়ার জল এনে দে—

হাতমুখ ধুইয়া হুহু হইয়া ও কিকিং জলযোগ্য করিয়া নিধু মায়ের সহিত গল্প করিতে বি. র. ১০—৩

বলিল। প্রথমে এ কেমন আছে, সে কেমন আছে জিজ্ঞাসা করিয়া সে বলিল—জলবাবুরের বাড়ী সব ভালো ?

নিধুর মা বলিলেন—হ্যাঁ, ভালো কথা—তোকে যে মঞ্জু একদিন ডেকে পাঠিয়েছিল, গেল শনিবারে। তা আমি বলে পাঠলাম সে এ হপ্তাতে আসবে না লিখেচে। এই তো পরশু না কবে আবার জলবাবুর ছেলে এসে জিগ্গেস করে গেল তুই আসবি কি না।

নিধু বলিল—ও।

—তা একবার যাবি না কি ?

—আজ এখন ? সন্দেশ হয়ে গেল যে একেবারে। কাল সকালে বরং—

কথা শেষ না হইতেই বাহিরে মঞ্জুর ছোট ভাই নুপেনের গলা শোনা গেল—ও নিধুবাবু, এসেচেন নাকি ?

নিধু বাহিরে গিয়া দাঁড়াইতেই ছেলেটি বলিল—আপনি এসেছেন ? বেশ, বেশ। আহ্নন আমাদের বাড়ী, মঞ্জুদিদি ডেকে পাঠিয়েচে। আমায় বললে—দেখে আসতে আপনি এসেচেন কিনা—যদি আসেন তবে ডেকে নিয়ে যেতে বলেচে।

—বীরেন কোথায় ?

—মেজদা কাল কলকাতা চলে গেল।

নিধু ছেলেটির পিছু-পিছু মঞ্জুরের বাড়ী গিয়া বাহিরের ঘর পার হইয়া ভিতরের বাড়ী চুকিল। সেদিনকার সেই ঘরের সামনে প্রথমেই তাহার চোখে পড়িল মঞ্জু দাঁড়াইয়া বাড়ীর ঝিকে কি বলিতেছিল। তাহাকে দেখিয়া মঞ্জুর মুখ আনন্দে উজ্জ্বল হইয়া উঠিল। সে ছুটিয়া রোয়াক হইতে উঠানে নামিয়া বলিল—একি! নিধু! যে! আহ্নন আহ্নন—ও মা—নিধু! এসেছে—

মঞ্জুর মা রান্নাঘরের ভিতর হইতে বলিলেন—নিয়ে গিয়ে বদা দালানে—বাচ্চি আমি—

নিধুর বৃকের ভিতর ঘেন ঢেকির পাড় পড়িতেছে। সে কি একটা বলিবার চেষ্টা করিয়া মঞ্জুর পিছু-পিছু দালানে গিয়া বলিল।

মঞ্জু কাছেই একটা টুলের উপর বসিয়া বলিল—ভায়পর, ও শনিবারে এলেন না যে।

—বিশেষ কাজ ছিল একটা—

—আমি ভাকতে পাঠিয়েছিলাম আপনাকে, জানেন ?

—হ্যাঁ শুনলাম।

—কেন জানেন না নিশ্চয়ই। আচ্ছা, চা খেয়ে নিন আগে ভায়পর—ও ভায় মধ্যে আপনি তো চা খান না আবার। জলযোগ করুন বলতে হবে আপনার বেলা। না ?

—বা খুশি বলুন—

—সেদিন যে বলে দিলাম আমাকে 'আপনি' 'আজ্ঞে' করবেন না ? ফুলে গেলেন এবি মধ্যে ?

—আচ্ছা বেশ, এখন থেকে তাই হবে।

—বছন আপনি, আমি আসচি—

একটু পরে মঞ্জু একটা রেকাবিতে লুচি, আলুভাজা ও হালুয়া লইয়া আগিল, নিধুর হাতে দিয়া বলিল—খেয়ে নিন আগে—

নিধু রেকাবির দিকে তাকাইয়া বলিল—এত ?

—ও কিছু না। খান আগে—আমি জল আনি—

জলযোগের পাট চুকিয়া গেলে মঞ্জু বলিল—সুস্থন। কাল রবিবার বাবার জন্মদিন। বাবা জন্মদিনের অহুষ্ঠান করিতে চান না, আমরা মাকে ধরেচি বাবার জন্মদিন আমরা করবই। আপনি এসেছেন খুব ভালো হল। আপনি অবিভ্রি আসবেন, জ্যাঠাইমাকেও কাল বলে আসব—আমরা একটা লেখা পড়ব, সেটা একবার আপনি শুনে বসুন কেমন হয়েছে—এই জন্তেই আমি ও-শনিবার থেকে—

নিধু হাসিয়া বলিল—বা রে, আমি কি লেখক নাকি ? লেখার আমি কি বুঝি ?

মঞ্জু বলিল—ইস্! আমি বুঝি জানিনে—আপনার ভাই রমেশ আপনার একটা খাতা দেখিয়েচে আমাদের—তাতে আপনি কবিতা লিখেচেন দেখলাম যে। বেশ কবিতা, আমার খুব ভালো লেগেচে—মাও শুনেচেন—

নিধু লজ্জায় সকাচে অভিভূত হইয়া পড়িল। রমেশ বাহুরটার কি কাণ্ড। ছেলেমানুষ আর কাকে বলে! দাদাকে সব দিক হইতে ভালো প্রতিপন্ন না করিতে পারিলে তাহার মনে যেন আর স্বস্তি নাই।

কি দরকার ছিল ইহাদের সে খাতা টানিয়া বাহির করিয়া দেখাইবার ? নিধু আমতা-আমতা করিয়া বলিল—সে আবার লেখা। তা—সে সব—রমেশের কথা বাহ—

—কেন সে কিছু অন্তায় করে নি।

—সে সব কবিতা স্থলে থাকতে লিখতাম—কাঁচা হাতের লেখা—

মঞ্জু প্রতিবাদের স্বরে বলিল—কেন, আমাদের বেশ ভালো লেগেচে কবিতাগুলো। খুবকে উদ্দেশ করে যে সিরিজ, গুল্লো সত্যিই চমৎকার। খুব কে ?

নিধু লজ্জিতভাবে বলিল—ও আমার ছোট বোন—ওর ডাক নাম নেবু। তিনবছর বয়স ছিল তখন, এখন বছর আট-নয় বয়স। দেখো নি তাকে ?

—না আমি দেখি নি। এখুনি তাকে ডাকতে পাঠাচ্ছি—আজ দেখতেই হবে। কবির প্রেরণা যে যোগায়, সে বড় ভাগ্যবতী।

—সে তো এখানে নেই। আমার বাড়ী রয়েছে দ্বিদিয়ার কাছে—দ্বিদিয়া বড় ভালো-বাসেন কিনা। পূজোর সময় আসবে।

—ভবে আর কি হবে। আমাদেরই কপাল। দেখা অদৃষ্টে থাকলে তো।

এই সময়ে মঞ্জুর মা আসিয়া দাঁড়াইয়া বলিলেন—নিধু এসেচ বাবা ? মঞ্জু তো কেবল তোমার কথা বলচে কদিন তোমার কবিতা পড়ে। ঐ নাকি কি কাগজ বার করবে, তাতে তোমার লিখতে হবে।

মঞ্জু কৃত্রিম ক্রোধের সহিত মায়ের দিকে চাহিয়া বলিল—মা লব কথা ফাঁস করে কেলে তো! আমি সে কথা বুঝি এখনও বলেছি নিধুদাকে! যেমন তোমার কাণ্ড!

নিধু বলিল—কেন, কাকীমা ঠিক বলেচেন। শুনতেই তো পেতাম একটু পরেই—

মঞ্জু হাসিয়া বলিল—একখানা হাতের লেখা কাগজ বের করব তাবচি, তাতে আপনাকে লিখতে হবে কিন্তু।

মঞ্জুর মা কস্তুর গুণাবলীর শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করিতে ব্যগ্র হইয়া বলিলেন—ও একখানা কাগজ আগেই বের করেছিল, ঊঁর সঙ্গে কাজ করেন বি. দাসগুপ্ত নাম শুনেচ তো? সবজ্ঞ—খুব পণ্ডিত লোক, তিনি যেখে বলেছিলেন এমন লেখা—

মঞ্জু সলজ্ঞ প্রতিবাদের সুরে বলিল—আচ্ছা, মা—

—কেন আমার বলি, সব কথা ফাঁস করে কেলি যে। এখন করলাম ফাঁস, তখন ভালো করেই ফাঁস করা ভালো।

মঞ্জু আবদারের সুরে বলিল—মা, নিধুদাকে রাস্তিরে এখানে খেতে বল না? আমার সব একসঙ্গে—

মঞ্জুর মা বলিলেন—আজ তো খাবার তেমন কিছু ভালো নেই—কি খাওয়াবি নিধুদাকে? তার চেয়ে কাল ছুপুরে ঊঁর জন্মদিনে গোলাও মাংস হবে, ভালো খাওয়া-দাওয়া আছে, কাল নিধু এখানে তো থাকবেই—

—না মা, মাংস দরকার নেই শুভদিনে, তোমার পায়ে পড়ি মা। বাবাকে আমি বলব এখন—আর আমি বলি শোন মা। নিধুদা ঘরের ছেলে, আজও খাবে ভাল ভাত—কাল যা খাবে তা তো থাকবেই—

তাহাকে লইয়া মাতাপুত্রীর এত কথা হওয়াতে প্রথমটা নিধু কেমন অস্বস্তি বোধ করিতেছিল। কিন্তু ইহারা এত সহজ ভাবে সে কথা বলিতেছে যে নিধুর ক্রমশ বোধ হইতে লাগিল যে এই পরিবারের সঙ্গে তাহার বহুদিনের পরিচয়—সত্যই সে যেন তাহাদের ঘরের ছেলেই। এখানে আজ রাতে খাইতে কিন্তু নিধুর যে আশঙ্কা ছিল—তাহা অল্প কারণে। সে বাড়ী কিয়দূর বিকালে দেখিয়াছে তাহার জন্ম মা বলিয়া-বলিয়া কচুর শাক কুটিতেছেন। কোনো কিছুর বিনিময়েই সে মা'র রান্না কচুর শাককে উপেক্ষা করিয়া মা'র প্রাণে কষ্ট দিতে পারিবে না। কথাটা সে অল্প ভাবে স্মরাইয়া মঞ্জুকে বলিল।

মঞ্জু ইহা লইয়া বেশি নির্কৃৎসিত্য দেখাইল না, নিধু সেজন্য এই বুদ্ধিবৃত্তি মেরোটিকে মনে-মনে প্রশংসা না করিয়া পারিল না।

আরও বর্তাখানেক পরে নিধু চলিয়া আসিবার সময় মঞ্জু বলিল—কাল সকালে উঠেই এখানে আসবেন কিন্তু। আপনার পরামর্শ নিয়ে আমরা সব সাজাব—অছটান কি রকম হবে না হবে সব তাতেই আপনার সাহায্য না পেলে—

—সে জন্তে ভাবনা নেই। আমি আসব এখন—

—তখু আপনি নন নিধুদা—আপনাদের বাড়ীহুক সব কাল নেমন্তন্ন। মা বলে দিলেন

আপনাকে বলতে—কাল সকালে আমি গিয়ে নেমস্তন্ন করে আসব।

রায়ে বাড়ী কিরিয়া আহাতিয়া কিরিয়া উইয়া পড়িতেই নিধুর মা আসিয়া জিজ্ঞাসা করিলেন—কি বললে ওয়া ? কলে ওদের বাড়ী কি রে নিধু, রমেশ বলছিল—

—জলবাবুর জন্মদিন।

—ওমা, ওই বুড়োর আবার জন্মদিন।

—পরমা থাকলে সব হয় মা—তোমার পরমা থাকলে তোমারও জন্মদিন হত।

—আমার জন্মদিন মাথায় থাকুক বাবা—পরমার অভাবে ভোর, রমেশের, পুঁটুর জন্মদিন কখনো করতে পারিনি। এ দেশে ওয় চলনই নেই। থাকবে কি, অবস্থা সব সমান।

নিধু কি সব বলিয়া গেল খানিকক্ষণ ধরিয়া ইহার উত্তরে—কিন্তু নিধুর মা কি যেন ভাবিতেছিলেন—তাঁহার কানে স্তব্ধত কোনো কথাই ঢোকে নাই।

নিধুর কথা শেব হইলে তিনি অন্তমনস্কভাবে বলিলেন—আচ্ছা, ভোর জন্মদিন কবে মনে আছে ভোর ? আশ্বিন মাসে তেঁা জানি—কিন্তু তারিখটা—

মায়ের কথা শুনিয়া নিধুর হাসি পাইল। বলিল—কেন মা, জন্মদিন করবে নাকি ?

—না, তাই বলছি—বলিয়াই নিধুর মা খর হইতে চলিয়া গেলেন। বাইতে বাইতে আবার কিরিয়া আসিয়া বলিলেন—জল আছে ঘরে ? এক গ্লাস জল হবে তো রে ? আমি বাই ?

পরদিন সকালে প্রায় সাড়ে-আটটার সময় মঞ্জুই তাহার ভাইয়ের সঙ্গে নিধুদের বাড়ী আসিল। নিধুর মা তাহাদের দেখিয়া শশব্যস্ত হইয়া উঠিলেন—কোথায় বসান, কি করেন যেন ভাবিয়া পান না এমন অবস্থা। তাড়াতাড়ি একথানা আসন পাতিয়া দিয়া বলিলেন—এস মা বস। এস বাবা—বড় ভাগ্যি যে তোমরা এলে—

মঞ্জু কুষ্ঠিত ভাবে বলিল—আপনাকে ব্যস্ত হতে হবে না জ্যাঠাইমা। নিধু কোথায় ?

—সে এইমাত্র যে কোথায় বেরুল—এখনি আসবে, বস মা।

—আপনারা সবাই পায়ের ধুলো দেবেন আমাদের বাড়ী মা বলে দিলেন। ওখানেই ছুপুয়ে থাকেন সবাই কিন্তু—জ্যাঠাবাবুকে বলবেন।

নিধুর মা চোখমুখ ও কথার ভাবে বিনয় ও সৌজন্য প্রকাশ করিতে গিয়া যেন গলিয়া পড়িলেন।

মঞ্জু খানিক বলিয়া চলিয়া যাইবার সময় বার-বার করিয়া বলিয়া গেল, নিধুমা আসিলেই যেন সে তাহাদের বাড়ী যায়।

বেলা সাড়ে-নটার সময় নিধু মঞ্জুদের বাড়ী গেল। ওই সময় হইতে লক্ষ্য্য পর্য্যন্ত সমস্ত দিনটা যে বিচিত্র অচ্ছান, আনন্দ ও পান-ভোজনের ভিত্তর দিয়া কাটিয়া গেল—নিধু বা তাহাদের বাড়ীর কেহই জীবনে ওরকম কিছু কখনো দেখে নাই। মঞ্জুর বিশেষ অহুরোধে নিধু ছোট একটি কবিতাও লিখিয়া দিল মঞ্জুর বাবার জন্মদিন উপলক্ষে। তাহাতে তাঁহাকে ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণের সঙ্গে তুলনা করা হইল, বৃগপ্রবর্তক ঋষিদের সঙ্গে তুলনা করা হইল, মহামানব বলা হইল—বলিবার বিশেষ কিছু বাধ রহিল না। মঞ্জু নিজের একটি ক্ষুদ্র ঘটনা

পাঠ করিল, কয়েকটি গান গাহিল, একটি কবিতা আবৃত্তি করিল। সে যেন এই অল্পটানের প্রাণ, সে যেখানে থাকে তাহাই মাধুর্য্যে ও সৌন্দর্য্যে তরিয়্যাতোলে—সে যেখানে নাই—তাহা হইয়া উঠে প্রাণহীন—অস্বস্ত নিধুর তাহাই মনে হইল। ”

মঞ্জুর বাবাকে মঞ্জু নিজের হাতে স্নান করাইয়া শুভ্র গরদ পরাইয়া পিঁড়িতে বসাইল। গলায় নিজের হাতে তৈরি ফুলের মালা দিয়া কপালে নিজের হাতে চন্দন লেপন করিল। তাহার পর যাহা কিছু অল্পটান হইল, সবই তাঁহাকে শিখিয়া।

নিধুর মা এমন ধরনের উৎসব কখনো দেখেন নাই—দেখিয়া-ভনিয়া তাঁহার মূখে কথা সরে না এমন অবস্থা। মধ্যাহ্ন-ভোজনের পর নিমজ্জিতের দল চলিয়া গেল—নিধুকে কিছু মঞ্জু বাইতে দিল না। বৈকালে তাহারা ছোট একটি মুক অভিনয় করিবে, নিধুর বসিয়া এখনই দেখিতে হইবে তাহাদের তালিম দেওয়ার। কোথায় কি খুঁত হইতেছে তাহা দেখিবার ভার পড়িল নিধুর উপর।

মঞ্জুর অভিনয় দেখিয়া নিধু মুগ্ধ হইয়া গেল। সৃষ্টম দেহবষ্টির কি লীলা, হাত-পা নাড়ার কি স্মলজিত তন্নি, হাসির কি মাধুর্য্য—সামান্য একটি তত্ত্বপোশ ও দৃষ্টির গায়ে ঝুলানো কয়েকখানি রত্নিন শাড়ী ও ফুলের মালার সাহায্যে যে এমন মায়্যা সৃষ্টি করা যায় দর্শকদের সামনে—তা নিধু এই প্রথম দেখিল। অবশ্য অভিনয়ের সময় নিধুর মা উপস্থিত ছিলেন।

সন্ধ্যার পূর্বে নিধু মঞ্জুকে বলিল—বাই ভাহলে এখন—

—এখনই কেন ?

—সারাদিন তো আছি—

—আরও থাকতে যদি বলি ?

—থাকতে হবে ভাহলে—তবে কাল সকালেই তো আবার—

—কাল ছুটি নেই ?

—কিসের ছুটি কাল—না।

—সামনের শনিবার আসবেন তো ?

—তা ঠিক বলা যায় না—সব শনিবার তো—

—ওছন নিধুদা—ওসব গুনচিনে। আসতেই হবে শনিবার—আমাদের হাতের লেখা কাগজের ওই দিন একটা উৎসব করব তাবচি।

—বেশ ভাহলে আসব—

—আজ রাতে এখানে কেন খেয়ে যান না ?

—চুপুবে ওই বিরাট খাওয়ার পরে রাতে কিছু চলবে না মঞ্জু, ও অল্পরোধ কোনো না—

—সে হবে না। যাকে বলি—

—লক্ষ্মীটি, ছেলেরাহবি কোনো না—বলি শোনো—

—ভাহলে এখন যাবেন না বলুন—

নিধুও বোধহয় মনে-মনে তাহাই চাহিয়াছিল। সে কেবল বলিল—থাকতে পারি, কিন্তু

তোমার মুক অভিনয়টি আর একবার দেখাতে হবে—

মঞ্জু উৎসাহের সঙ্গে বলিল—বেশ দেখাব। ভালো লেগেচে আপনার ?

—চমৎকার।

—সত্যি বলচেন নিধুদা ?

—মন থেকে বলচি বিশ্বাস কর—

—তা যখন বললেন—তখন ওর চেয়েও ভালো একটা করি আমি। ফুলে প্রাইজ পেয়ে-
ছিলাম করে—সেটা করব এখন।

—তাহলে রইলাম আমি। না দেখে যাচ্ছিনে—

সন্ধ্যায় কিছু পরে 'কচ ও দেবধানী'র মুক অভিনয় মঞ্জু করিল। ছোট ভাইকে কচের ভূমিকায় সহযোগী করিয়াছিল। নিধুর মনে হইল মঞ্জুর ভাই জিনিসটাকে নষ্ট করিল—
মঞ্জুর অভিনয় সর্দারসুন্দর হইত যদি সে ছোট ভাইয়ের কাছে বাধার পরিবর্তে সাহায্য পাইত।

অনেক রাতে নিধু যখন মঞ্জুদের বাড়ী হইতে ফিরিল—তখন মাখার মধ্যে ঝিমঝিম
করিতেছে—কিসের নেশা যেন তাহাকে মাতাল করিয়া দিয়াছে, কত ধরনের চিন্তা ও অহুতুতির
জটিল শ্রোত তখন তাহার মনকে আচ্ছন্ন করিয়া ফেলিয়াছে, কোনো কিছু ভালোভাবে ভাবিয়া
ও বুঝিয়া দেখিবার অবসর ও ক্ষমতা নাই তখন।

নিধুর মা বলিলেন—এলি বাবা ? কেমন হল বল দিকি ? একেই বলে বড়লোক।
বড়লোক যে হয়, তাহদের সব ভালো না হয়ে পারে না। অন্নদিন যে আবার ওভাবে করা
যায়—তা তুমি-আমি জানি ?

নিধু হাসিয়া বলিল—জানব কোথেকে মা ? পরমা আছে ?

—আর কি চমৎকার মঞ্জু মেয়েটা ! কেমন পালা গাইলে হাত পা নেড়ে ? মুখে কিছু
না বললেও সব বোঝা গেল।

—সব বুঝেছিলে মা ?

—ওমা, ঠাকুর-দেবতার কথা কেন বুঝব না ?

—কোনটা ঠাকুর-দেবতার কথা হল মা ? তুমি কিছুই বোঝনি। ও আমাদের ঠাকুর-
দেবতার নয় তুমি যা ভাবচ। বুড় নাম শুনেচ ? ও সেই বুড়দেবের—

—তা যাক গে, দেবতা তো, তাহলেই হল। কিন্তু বাই বল, মঞ্জু চমৎকার মেয়ে। না।
কি সুন্দর দেখতে ?

মঞ্জুর কথায় নিধু বিশেষ কোনো উৎসাহ দেখাইল না। একবার সমর্থনসূচক ষাড় নাড়িয়া
থরের মধ্যে চলিয়া গেল।

পরদিন সকালে উঠিয়া নিধু মনের মধ্যে কেমন যেন একটা বেদনা অল্পতব করিল। কিসের বেদনা ভালো করিয়া বোঝাও যায় না ; অথচ মনে হয় যেন সারা ছনিয়া শূণ্য হইয়া গিয়াছে ; অস্ত কোথাও গেলে কিছু নাই কোথাও। আছে কেবল এখানে মঞ্জুদের বাড়ী।

মঞ্জুদের বাড়ি ছাড়িয়া বিখের কোথাও গিয়া স্থখ নাই।

বাড়ী হইতে বিদায় লইয়া নিধু উদাস মনে পথ চলিতে লাগিল। ভাস্কর্য্যের মাঝামাঝি, পথের ধারে কোপে বনকলমী ফুটিয়াছে—বীশঝাড়ের ও বড়-বড় বিলিভি চটকা গাছের মাধার সকালের নীল আকাশ, পূজার আর বেশি ঘেরি নাই, স্থলে, জলে, আকাশে, বাতালে আসন্ন পূজার আভাস যেন। পাড়াগাঁয়ের ছেলে নিধুর তাহাই মনে হইল।

কৃষকেরা পাট কাটিতে শুরু করিয়াছে, পথের ধারে যেখানে বস্ত খানা ভোবা ভাহাভেই পচানো পাটের আঁটি। দুর্গন্ধ এখন হইতেই পথ চলা হয়। নিধু অন্তমনস্কভাবে চলিতে-চলিতে প্রায় নোনাপালির বাঁওড়ের কাছে আসিয়া পড়িল। এখান হইতে টাউন আর মাইল দুই—নিধু বাঁওড়ের ধারে ঘাসের উপর বসিল। আজ এখনো সকাল আছে। তাড়াতাড়ি কোর্টে হাজির হইয়া কি হইবে? মকেলের তো বড় ভিড়!

মহকুমা টাউনে তাহার কেহ নাই। একেবারে আত্মীয়জনশূন্য মকুসুি এটা। অগভের বাহা কিছু সে চায়, তাহার প্রিয়, তাহার কাব্য—পিছনে কেলিয়া আসিয়াছে। তাহাদের গ্রামে। মনের মধ্যে দারুণ শূন্যতা—তা কে পূরণ করিবে? বহু-মোস্তার না তার মুহুরী বিনোদ?

নিধু বুদ্ধিমান লোক, সে কথাটা ভালো করিয়া ভাবিল। মঞ্জুর প্রতি তাহার মনোভাব এমন হওয়ার হেতু কি? মঞ্জু হৃদয়ী যেরে, কিন্তু হৃদয়ী সে একেবারে দেখে নাই তাহা তো নয়, সেজন্য সে আকুটে হয় নাই। তাহাকে আকুটে করিয়াছে—তাহার প্রতি মঞ্জুর লক্ষণ ও মধুর ব্যবহার, মঞ্জুর আদর, সৌজন্য—অন্ত বড়লোকের যেরে সে, শিক্ষিতা ও রূপসী, তাহার উপর এত দরদ কেন তার?

এ এমন একটা জিনিস—নিধুর জীবনে বাহা আর কখনো ঘটে নাই, একেবারে প্রথম। তাই মঞ্জুর কথা ভাবিলেই, তাহার মূখ মনে করিলেই নিধুর মন মাতিয়া ওঠে—তাহাকে উদাস ও অন্তমনস্ক করিয়া তোলে—

নব কিছু ভুচ্ছ, অকিঞ্চিৎকর মনে হয়।

অথচ ইহার পরিপাক কি? শুধু কষ্ট ছাড়া?

বুদ্ধিমান নিধু সে কথাও ভাবিয়া দেখিয়াছে।

মঞ্জুকে সে চায় কিন্তু মঞ্জুর বাবা কি কখনো তাহার লিখিত মঞ্জুর বিবাহ দিবেন? মঞ্জুকে পাইবার কোনো উপায় নাই তাহার। মঞ্জুকে আশা করা তাহার পক্ষে বাস্তব হইয়া টানে হাত বিবাহ লমান।

কেন এমন হইল তাহার মনের অবস্থা?

অত্যন্ত ইচ্ছা হয়, মঞ্জুর মনের ভাব কি জানিতে। মঞ্জুও কি তাহাকে এমন করিয়া ভাবিতেছে? একথা কিন্তু মনে-প্রাণে বিশ্বাস করা শক্ত। কি তাহার আছে, না রূপ, না গুণ, না অর্থ—মঞ্জু তাহার কথা কেন ভাবিবে? সে গরীবের ছেলে, মোক্তারী করিতে আসিয়া পাঁচটাকা ধরভাড়া দিয়া নিজে দুটি রাঁধিয়া খাইয়া মকেল শিখাইয়া, বহু-মোক্তারের দ্বারা জামিননামা লই করিয়া গড়ে মাসে আঠারো-উনিশ টাকা রোজগার করে—কোনো সম্ভ্রান্ত ধরের শিক্ষিতা মেয়ে যে তাহার মতো লোকের দিকে চাহিয়া দেখিতেও পারে—ইহা বিশ্বাস করা শক্ত।

নিধু বাসায় পৌছিয়া দেখিল বিনোদ-মুহুরী তাহার অপেক্ষায় বারান্দার বেঞ্চিতে বসিয়া আছে। তাহাকে দেখিয়া বিনোদ-মুহুরী বলিল—বাবু এলেন? বড্ড ধেরী করে ফেললেন যে!

—কেন বল তো?

—দুটো মকেল এসেচে—চুরির কেস। আমি ধরে রেখে দিয়েছি কত চালাকি খেলে। তাহা হরিহর নন্দীর কাছে কি মোজাহার হোসেনের কাছে যাবেই। আজই এজাহার করতে হবে—বলেছি বাবু আসচেন, বল—এই এলেন বলে। ধরে কি রাখা যায়?

—আসামী না করিয়াদী—

—করিয়াদী, বাবু। আসামী গিয়েচে বহুবাবুর কাছে। এদের অনেক করে ধরে রেখেছি, বাবু। খেতে গিয়েচে হোটেল।

নিধু নিরীকোষ নয়, বিনোদ-মুহুরীর চালাকি বুঝিতে পারিল। বিনোদ-মুহুরী টাউটগিরি করিয়া কিছু কমিশন আদায় করিবে, এই তাহার আসল উদ্দেশ্য। নতুবা আসামী পক্ষ বখনই বহু-মোক্তারের কাছে গিয়াছে, অপরাধক নিধুর কাছে আসিবেই—তাহাই আসিতেছে আজ দুমাস ধরিয়া। বিনোদের টাউটগিরি না করিলেও তাহারা এখানে আসিত। বিনোদের খোশামোদ করা ইত্যাদি সব বাজে কথা।

নিধু বলিল—টাকার কথা কিছু বলেছিলে?

বিনোদ বিন্দুয়ের ভান করিয়া বলিল—না বাবু, আপনি এসে বা বলবেন ওদের বন্দন—আমি টাকার কথা বলবার কে?

—আচ্ছা, আমি কোর্টে চললাম। তুমি ওদের নিয়ে এস—

—বাবু, ওদের এজাহারটা একটু শিখিয়ে নেবেন বখন?

—কোর্টেই নিয়ে এস—যা হয় হবে।

বাবু-লাইব্রেরীতে চুকিতে প্রথমেই সাধন-মোক্তারের সঙ্গে দেখা। সাধন তাহাকে দেখিয়া লাফাইয়া উঠিয়া বলিলেন—আরে এই যে! আমি ভাবছি, আজ কি আর এলে না? ধেরি হুচে বখন, তখন বোধ হয়—শরীর বেশ ভালো? বাড়ীর সব ভালো?

তাহার স্বাস্থ্য ও তাহার পরিবারের সুখল সম্বন্ধে সাধন-মোক্তারের এ অকারণ উৎসাহ্য নিধুকে বিরক্ত করিয়াই তুলিল। সে বিয়স মুখে বলিল—আজ্ঞে হ্যাঁ, সব বন্দ নয়।

সাধন তইটাজ বলিলেন—ভালো কথা, একটা জামিননামা লই করিতে হবে জোয়ার।

সকল পাঠিয়ে দেব এখন—

নিধু হাঁহর ভিতর সাধন ভট্টাচার্যের স্বার্থসিদ্ধির গন্ধ পাইয়া আরও বিরক্ত হইয়া উঠিল—
কিন্তু বিরক্ত হইলে ব্যবসা চল না অন্তত একটা টাকা তো ফি পাওয়া যাইবে জামিননামায়
সই করিয়া, সুভয়াং সে বিনীতভাবে বলিল—দেবেন পাঠিয়ে ।

—আজ একবার নতুন সাবভেপুটির কোর্টে তোমায় নিয়ে যাই চল—আলাপ হয়নি বুঝি ?

—না, উনি তো শুক্রবারে এসেছেন, সেদিন আমার কেস ছিল না, ঠেকে চক্ষেও দেখিনি—

—হাকিমদের সঙ্গে আলাপ রাখা ভালো। চল যাই—

নবাগত সবভেপুটির নাম সুনীল বন্দ্যোপাধ্যায়, বয়স বেশি নয়। লম্বা ধরনের গড়ন,
চোখে চশমা, গায়ের রঙ বেশ ফরসা। এজলাসে কোনো কাজ ছিল না, সুনীলবাবু একা
বসিয়া নথির পাতা উন্টাইতেছিলেন, সাধন ভট্টাচার্য ঘরে ঢুকিয়া হাসিমুখে বলিলেন—হজুরের
এজলাস যে আজ ফাঁকা ?

—আসুন সাধনবাবু, আসুন। এ মহকুমায় দেখাচি কেস বড় কম—ভাবচি দ্বাৰা খেলা
শিখব না ছবি আঁকা শিখব—সময় কাটা তো চাই ? ইনি কে ?

হজুরের সঙ্গে আলাপ করিয়ে দেব বলে নিয়ে এলাম, এঁর নাম নিধিরাম রায় চৌধুরী
—মোক্কার। এই সবে মাস দুই হল—

—বেশ, বেশ। বসুন নিধিরামবাবু, কেস নেই, বসে একটু গল্পগুজব করা যাক—

নিধিরাম নমস্কার করিয়া বসিল। এজলাসে হাকিমদের সামনে বসিতে এখনো যেন
ভাঁহার স্তম্ভ-স্তম্ভ করে। কথা বলিতে ভো পারেনই না।

সুনীলবাবু বলিলেন—নিধিরামবাবুর বাড়ী কি এই সবভিভিসনেই ?

নিধিরাম গলা ঝাড়িয়া লইয়া সমস্তম্বে বলিল—আজ্ঞে হ্যাঁ—এখান থেকে ছ ক্রোশ,
হুড়ুলগাছি—

সুনীলবাবু চোখ কড়িকাঠের দিকে তুলিয়া কথা মনে-আনিবার ভঙ্গি করিয়া বলিলেন—
হুড়ুলগাছি ? হুড়ুলগাছি ? আচ্ছা, আপনাদের গ্রামেই কি লালবিহারীবাবুর বাড়ী ?

—আজ্ঞে হ্যাঁ।

—উনি বুঝি আজকাল কণ্টাইয়ের মুন্সেফ—না ?

—কণ্টাই থেকে বদলি হয়েছেন মেদিনীপুর সদরে। বেশে এসেছেন তিন মাসের ছুটি
নিয়ে—

—ছুটিতে আছেন ? কেন অস্থ-বিস্থ নাকি ?

—না শরীর বেশ ভালোই। বাড়ীতে এবার পূজো করবেন শুনি—আর বোধ হয়
বাড়ীঘর সারাবেন—

—ভাই নাকি ? বেশ, বেশ। আমার বাবার সঙ্গে ঠর খুব বন্ধুত্ব কিনা। কলকাতায়
আমাদের বাড়ীর পাশেই ঠর খড়রবাড়ী। সিমলে প্লীটে—আমাদের সঙ্গে খুব জানাশোনা—
ঠরা ভালো আছেন নব ?

—আজ্ঞে হ্যা—ভালোই দেখে এসেছি।

—আমার নাম করবেন তো লালবিহারীবাবুর কাছে।

—নিশ্চয়ই করব—এ শনিবারে গিয়েই করব—

—বলবেন একবার সময় পেলে আমি যাব—কি গায়ের নামটা বললেন? কুদ্দুলগাছি—
হ্যা, কুদ্দুলগাছিতে।

—সে তো আমাদের সৌভাগ্য, হজুরের মতো লোক যাবেন আমাদের গ্রামে।

নিধুর বিনয়ে সুনীলবাবু পরম আপ্যায়িত হইয়াছেন বলিয়া মনে হইল তাঁহার মুখ দেখিয়া।
নিধুর দিকে তাকাইয়া পুশির স্বরে বলিলেন—আজ আসবেন আমার ওখানে? আসুন না—
একটু চা খাবেন বিকেলে? সাধনবাবু আপনিও আসুন না?

নিধু মুক্ত হইয়া গেল হাকিমের শিষ্টভায় ও সৌজন্নে। সাধনবাবুর তো মুখ দিয়া কথা
বাহির হইল না। তিনি বিনয়ে সঙ্কর্মে বিগলিত হইয়া বলিলেন—আজ্ঞে, নিশ্চয়ই যাব। হজুর
বখন বলছেন—নিশ্চয়ই যাব—

—হ্যা আসুন—এই ধরুন—ছ-টার সময়—

এই সময় হরিবাবু যোক্তার দুজন মকেল লইয়া ঘরে ঢুকিয়া বলিলেন—হজুর, কি ব্যস্ত
আছেন? একটা এজাহার করতে হবে আমার মকেলের—

নিধু ও সাধন তটুচাজ নমস্কার করিয়া বিদায় লইতে উত্তত হইলে সাবভেপুটিনাবু বলিলেন
—তা হলে মনে থাকে যেন নিধুবাবু—

—আজ্ঞে হ্যা, নিশ্চয়ই।

বাহিরে আসিয়া সাধন তটুচাজ বলিলেন—নব হজুরের সঙ্গে আমার খাতির—বুঝলে?
তোমার সব এজলাসে একে-একে নিয়ে যাব। তবে কি জানো—এস. ডি. ও. আর
সবভেপুটি—এঁদের নিয়েই আমাদের কারবার। দেওয়ানী কোর্টে আমাদের ভক্ত তো হয়
না, কোর্সদারী হাকিমদের সঙ্গে তাব রাখলেই চলে যায়—

বার-লাইব্রেরীতে আসিবার পূর্বে সাধন তটুচাজ নিয় স্বরে বলিলেন—ভালো কথা,
আমার সেই প্রস্তাবটার কি হল হে?

নিধুর গা জলিয়া গেল। সে এতক্ষণ ইহারই অপেক্ষা করিতেছিল। ইত্তত করিয়া
বলিল—এখনো তো তেবে দেখিনি—

—বাড়ীতে কিছু বল নি?

—আজ্ঞে না—

—তোমার মেয়ে পছন্দ হয়েছে কি না বলো—আসল কথা যেটা।

নিধু তত্রতার খাতিরে বলিল—আজ্ঞে না, মেয়ে ভালোই।

—তোমার সঙ্গে সামনের শনিবারে তোমাদের বাড়ী যাই না কেন?

—আপনি যাবেন আমার বাড়ীতে সে তো ভাগ্যের কথা। বে আমি বলচি কি এ
শনিবারে না হয় আমি একবার জিপসেন করেই আসি বাবাকে—

—খুব ভালো। ভাই কোরো। সোমবারে যেন আমি নিশ্চয়ই জানতে পারি—

বিকালে সুনীলবাবুর বাসার নিধু গিয়া দেখিল সাধন ভট্টাচার্য পূর্বে হইতেই সেখানে বসিয়া আছেন। সুনীলবাবু তখনো কাজ শেষ করিয়া বাসার বেয়েন নাই। চাকরে তাহাকে আত্মাৰ্চনা করাইয়া বসাইল।

সাধন বলিলেন—এ. ডি. ও. নেই কিনা—সুনীলবাবু ট্রেজারীর কাজ শেষ করে আসবেন বোধ হয়।

আরও ঘণ্টাখানেক বসিবার পরে সুনীলবাবুকে ব্যস্তমস্ত ভাবে আসিতে দেখা গেল।

উহাদের বাহিরের ঘরে বসিয়া থাকিতে দেখিয়া বলিলেন—বড় দেরি হয়ে গেল—লো নরি! আজ আবার বড় কর্তা নেই—টুয়ে বেয়িয়েচেন মফস্বলে—ট্রেজারীর কাজ দেখে আসতে হল কিনা। বহন—আসচি—

বাইরের ঘরটিতে দুখানা বেতের কোঁচ, দুখানা টেবিল, খান চার-পাঁচ চেয়ার পাশা। একটা ছোট আলমারিতে অনেকগুলি বাংলা ও ইংরাজি বই—দেওয়ালে কয়েকখানি ফটো, কয়েকখানি ছবি। তাহার মধ্যে একখানি ছবি নিধুর বেশ ভালো লাগিল। একটা গাছের তলায় দুটি হরিণ ক্রীড়ারত—দূরে কোনো শ্রোভাশ্রিনী, অপর পারে কাননভূমি, আকাশে মেঘের ঝাঁকে চাঁদ উঁকি মারিতেছে।

সে সাধন ভট্টাচার্যকে ছবিখানি আঙুল দিয়া দেখাইয়া বলিল—দেখুন, কি চমৎকার না?

সাধন ভট্টাচার্য মোক্তারী করিয়া ও মক্কেল শিখাইয়া বহুকাল অভিযান্ত্রিক করিয়াছেন, কিন্তু কোন জিনিস দেখিতে ভালো, কোনটা মন্দ, ইহা লইয়া কখনো মাথা ঘামান নাই। সুতরাং তিনি অনাসক্ত ও উদাসীন দৃষ্টিতে দেওয়ালের দিকে চোখ তুলিয়া চাহিয়া বলিলেন—কোনটা? ওখানা? হ্যাঁ তা বেশ।

এখন সময় সুনীলবাবু একটা সিগারেটের টিন লইয়া ঘরে ঢুকিয়া নিধুর সামনের টেবিলে টিনটি রাখিয়া বলিলেন—খান—

নিধু তো এমন কখনো ধূমপান করে না, সাধন ভট্টাচার্য করেন বটে কিন্তু হাকিমের নামে কি করিয়া সিগারেট টানিবেন? সে ভয়সা তাঁহার হয় না। সুতরাং যেখানকার সিগারেটের টিন সেখানেই পড়িয়া রহিল। সাধন ভট্টাচার্য কৃত্রিম খুশির ভাব মুখে আনিয়া বলিলেন—চমৎকার ছবিগুলো আপনার ঘরে—

সুনীলবাবু বলিলেন—এখানে ভালো ছবি কিছু আনিনি। হয়েছে কি, ভালো ছবি কিনবার বেওয়ার্থ আম্মাদের বাঙালীর মধ্যে নেই বললেই হয়। আমরা ছবির ভালোমন্দ প্রায়ই বুঝি। অনেক সময় নিকট বিলিতি ওলিওগ্রাফ কিনে এনে বৈঠকখানার জাঁক করে রাখিয়ে রাখি—সাধনবাবু যেখানা দেখালেন, ওখানা সত্যিই ভালো ছবি। নন্দলাল বহুর জাঁক একখানা ছবির প্রিন্ট। নন্দলাল বহুর নাম নিশ্চয়ই—

সে নন্দলাল বহুর, সাধন ভট্টাচার্য জীবনে কখনো শোনেন নাই, হাকিম খুশি করিবার জন্য দজোরে ছাড় নাড়িয়া বলিলেন—হ্যাঁ, হ্যাঁ, খুব—খুব—আম্মাদের বাঙালীর বা-বাবা লবাই

নন্দলাল বহুর ছবির শুভ—

—আজ্ঞে তা হবেই তো ! কত বড় শিক্ষিত বংশ আপনাদের—

নিধু আলমারির বই দেখিতেছে দেখিয়া সুনীলবাবু বলিলেন—বই প্রায় সব এখানে পাবেন, আজকাল বা-বা বেরুচ্ছে—বই পড়তে ভালোবাসেন যেখাটি আপনি—

নিধু বলিল—বই ভালোবাসি, কিন্তু এসব আরগায় ভালো বই মেলেই না।

—কেন আপনাদের বার-লাইব্রেরীতে ?

—মোসতার বারে ছ-দশখানা বাঁধানো ল' রিপোর্ট আর উইক্লি নোটস্‌ ছাড়া আর তো বই দেখিনে।

—আপনি আমার কাছ থেকে বই নিয়ে যাবেন, আবার পড়া হলে কেন্দ্র দিয়ে নতুন বই নিয়ে যাবেন।

—তাহলে তো বেঁচে যাই— .

—আজ্ঞা, ফুডুলগাছি এখান থেকে ক-মাইল হবে বললেন ?

—ছ-ক্রোশ রাস্তা হবে—

—যাবার কি উপায় আছে ?

—গরুর গাড়ী করে বাওয়া যায়—নয় তো হেঁটে—

—সাইকেলে বাওয়া যায় তো ? আমাকে নিয়ে যাবেন ?

—সে তো আমাদের তাগা, কবে যাবেন বলুন ?

—লালবিহারীবাবুদের সঙ্গে আমাদের ফ্যামিলির খুব জানাশোনা—আমি এখানে নতুন এসেছি, উনি জানেন না, জানলে এতদিন ডেকে নিয়ে যেতেন।

—বেশ, বেশ। আমি গিয়ে বলব এ শনিবারেই।

এই সময় ভৃত্য চা ও খাবার আনিয়া সামনের টেবিলে রাখিয়া দিল।

সুনীলবাবু বলিলেন—আম্বন, চা খেয়ে নিন—চাকরে-বাকরে যা করে, তেমন কিছু ভালো হয় নি। বাসার আমি একা, মেয়েমাছব কেউ নেই তো। সাধন তইচাঁজ লক্ষ্যের হয়ে দিচ্চালা করিলেন—হজুর কি আপাতত এখানে একা আছেন ?

—একাই থাকি বই কি।

—কেন আপনার স্ত্রীকে বুঝি নিয়ে আসেননি ?

সুনীলবাবু হাসিয়া বলিলেন—মাথা নেই তার মাথা ব্যথা! স্ত্রী কোথায় ? এখনো বিয়ে করিনি—

সাধন তইচাঁজ অপ্রতিভের হয়ে বলিলেন—ও, তা তো বুঝতে পারিনি ! তা হজুরের আর যের কি ? আপনি তো ছেলেমাছব—করে কেন্দ্র এইবারে বিয়ে। এই আমাদের এখানে থাকতে-থাকতেই—

—ভালোই তো। দিন না একটা বোগাড় কয়ে—

সাধন তইচাঁজ ব্যস্ত হইয়া বলিলেন—বোগাড় করার ভাবনা ? হজুরের মূখ থেকে কথা

বেকলে একটা ছেড়ে দশটা পাজী কালই যোগাড় করে দেব।

—নিধিরামবাবু আপনি বিবাহিত ?

নিধু সলজ্জভাবে বলিল—আজ্ঞে না, এখনো করি নি—

—আপনি তো আমার চেয়েও বয়সে ছোট—আপনার যথেষ্ট সময় আছে এখনো।

সাধন ভট্টচাক্র ব্যগ্রভাবে নিধুর মুখের কথা কাড়িয়া লইয়া বলিলেন—আর হুজুরেরই কি সময় গিয়েচে নাকি। বলুন তো দেখি চেষ্টা কাল থেকেই—

সুনীলবাবু হাসিয়া বলিলেন—হবে, হবে, ঠিক সময়ে বলব বইকি।

লঘু হাস্য-পরিহাসের মধ্য দিয়া চা-মজলিস শেষ হইলে উভয়ে সুনীলবাবুর বাসা হইতে বিদায় লইয়া চলিয়া আসিলেন। পথে সাধন ভট্টচাক্রকে একটু অন্তমনস্ক মনে হইল। নিধুর কথার উপরে সাধন দু-একটা অসংলগ্ন উক্তর দিলেন। নিধুর বাসার কাছে আসিয়া সাধন একবার মাজে বলিলেন—তাহলে নিধু তুমি এ শনিবার বাড়ি যাচ্ছ নাকি ?

নিধু বলিল—আজ্ঞে হ্যাঁ—যাব বই কি—

—আচ্ছা তা হলে সোমবার দেখা হবে। আসি আজ—

নিধু মনে-মনে হাসিল। সাধন-মোক্তারকে সে ইতিমধ্যে বেশ চিনিয়া ফেলিয়াছে। স্বার্থ ছাড়া তিনি এক পাও চলেন না। আশ্চর্য্য! ওই মেয়েকে সাবডেপুটি সুনীলবাবুর হাতে গছাইবার ছরাশা সাধনের মনে স্থান পাইল কি করিয়া? স্বাক, পরের কথার থাকিবার তাহার দরকার নাই। সে নিজে আপাতত সাধন-মোক্তারের ভাগিদের দায় হইতে রেহাই পাইয়াছে ইহাই যথেষ্ট।

ভাত্রমাসের দিন ছোট হইয়া আসিতেছে ক্রমশ—নিধুর সকল ব্যস্ততাকে ব্যর্থ করিয়া দিয়া কামারগাছির দীর্ঘদিন পাড়ে আসিতেই সন্ধ্যা হইয়া গেল। বাড়ী পৌছিল সে সন্ধ্যার প্রায় আধঘণ্টা পরে। আজ মঞ্জুর সঙ্গে দেখা হওয়ার আর কোনো উপায় নাই। এত রাতে সে কোন ছুতায় মঞ্জুরের বাড়ী যাইবে ?

বাড়ীতে সে পা দিতেই তাহার মা বলিলেন—তুই এলি ? মজবাবুর ছেলে তোকে বিকেল থেকে তিনবার খোঁজ করে গিয়েচে। এই তো খানিক আগেও এসেছিল—বলে গিয়েচে এলেই পাঠিয়ে দিতে—মঞ্জু কি দরকারে তোর খোঁজ করেচে—

নিধু উদ্বাসীন ভাবে বলিল—ও। আচ্ছা দেখি—আবার রাত হয়ে গেল এদিকে—

—রাত ভাই কি ! মঞ্জুর ভাই বলে গেল, যত রাত হয় জ্যাঠাইমা, নিধু! এলে পাঠিয়ে দেবেনই—

—বেশ যাব এখন। হাত মুখ ধুই—

ঘরে ছোট একখানা আরশি ছিল। নিজের মূখ তাহাতে দেখিয়া নিধু বিশেষ খুশি হইল না। পথজমে ও ধূলার মূখের চেহারা—নাঃ, হোগলেসু! ভ্রমহিলাদের সামনে

এ চেহারা লইয়া দাঁড়ানো অসম্ভব ।

কিছুক্ষণ পরে নিধুর মা ছেলেকে গামছা কাঁধে তিঁজা কাপড়ে পুঙ্খের খাট হইতে আসিতে দেখিয়া বিস্ময়ের স্বরে বলিলেন—হ্যারে, ওকি, তুই নেয়ে এলি নাকি এই সন্দেবেলা ?

—হ্যা মা, বড় ধুলো আর গরম—তাই নেয়ে সাবান দিয়ে ঠাণ্ডা হয়ে এলাম—

—অস্থ-বিস্ক না করলে বাঁচি এখন ! কক্ষনো তো সন্দেবেলা নাইতে দেখিনে তোক
—কাপড় ছেড়ে এসে জল খেয়ে নে । চা খাবি ?

নিধু জানে মা চা করিতে জানে না । তাছাড়া ভালো চা বাড়ীতে নাইও, কারণ তাহাদের বাড়ীতে কখনো কালে-ভাত্রে কেহ শখ করিয়া হয়তো চা খায়—তাহাও ঐযৎ হিসাবে ; যদি টাকি লাগিলে তবে ।

সে বলিল—না মা চা থাক—তুমি খাবার দাও বরং—

নিধুর মা ছেলেকে যেকাষিতে করিয়া ভালের ফুলুরি ও গুড় আনিয়া দিলেন । নিধু খাইতে ভালোবাসে বলিয়া বিপ্রহরে রন্ধন সারিয়া এগুলি নিজ হস্তে করিয়া রাখিয়াছেন । বলিলেন—খা তুই—আর লাগে আরও দেব, আছে ।

এমন এক সময় আসে জীবনে, আসল মাতৃস্নেহও মনকে তৃপ্তি দিতে পারে না, বরং উত্যক্ত করিয়া তোলে । নিধুর জীবনে সেই সময় সমাগত । সে এতগুলি ভেলে-ভাজা ভালের বড়া এখন বসিয়া-বসিয়া খাইতে রাজী নয় । তাহাতে প্রথমত ভো সময় বাইবে, তারপর যদি মজুরা জল খাবার খাইবার জন্ত বলে—কিছুই খাওয়া বাইবে না ।

গ্রোগ্রাসে কতক বড়া খাইয়া কতক বা ফেলিয়া নিধু তাড়াতাড়ি উঠিয়া পড়িয়া মুখ ধুইয়া বাহিরে বাইতে উত্তম হইল ।

নিধুর মা ডাকিয়া বলিলেন—হ্যারে, ওমা এ কি করে খেলি তুই ? সবই বে ফেলে গেলি ? ভালোবাসিল বলে বসে-বসে করলাম—তা পান খাবি নে ?

উত্তরে দরজার বাহির হইতে নিধু কিবে বলিল—ভালো বোঝা গেল না ।

মজুরের বাড়ীর দরজাতে পা দিতেই নুপেনের দিকে দেখা ।

—ও দিদি, নিধুমা এসেচে—এই বে—ওমা—বলিতে-বলিতে সে ভাহার হাত ধরিয়া টানিতে-টানিতেই বাড়ীর মধ্যে লইয়া গেল ।

মজুরা নিধুকে ধর হইতে রোয়াকে আসিয়া বলিল—এই বে আত্মন নিধুমা, আমি আজ তিনবার নুপেনকে পাঠিয়েছি আপনার খেঁজে । এই মাস্তর বলছিলাম ওকে আর একবার গিয়ে বেখে আসতে এলেন কিনা । কতক্ষণ এসেচেন ?

—এই ষষ্ঠখানেক । সন্দের পর এসেছি—এসে নেয়ে এলাম পুঙ্খ—

—আত্মন বহন । কিছু মুখে দিন—

—সব সেয়ে এসেছি বাড়ী থেকে—

—এটাও তো বাড়ী নিধুমা । সেয়ে এসেচেন বলে কি যেহাই পাবেন ? বহন—

মঞ্জুকে নিধুর আজ বড় ভালো লাগিল। সে একখানা কিকে ধূসর রঙের জরির কাজ করা চাকাই শাড়ী ও ঘন-বেগুনি রঙের সাটিনের ব্লাউজ পরিয়াছে, পিঠে লম্বা চুলের বিহুনির অগ্র-ভাগে বড়-বড় টাসেল হোলানো, খালি পায়ে আলতা, স্ক্রম্ব ফরসা মুখে ঠিকই পাউডারের আবেজ—বড়-বড় চোখে প্রসন্ন বন্ধুত্বের হাসি।

নূপেন বলিল—কাল আপনি আছেন তো? আমাদের আবৃত্তি প্রতিযোগিতা জানেন-না?

নিধু বিস্ময়ের স্বরে বলিল—কোথায়, কে করবে—

—বাবা এখানকার পাঠশালার ছেলেদের আর মেয়েদের মেডেল দিচ্ছেন। অবিশিষ্ট যে কাষ্ট হবে তাকে দেবেন। বাবা সভাপতি, স্কুল সাব-ইনস্পেক্টার বিচার করবেন। বাবা মেডেল দেবেন, বাবা তো বিচার করতে পারেন না?

—কাল কখন হবে?

—এই বেলা দুটো থেকে আরম্ভ হবে, আমাদের বাড়ীর বৈঠকখানাতেই হবে। বেশি তো ছেলে নয়, জিশ না বজিশটি ছেলেতে মেয়েতে—

এই সময় মঞ্জু খাবারের প্লেট হাতে ধরে ঢুকিতে ঢুকিতে বলিল—অমনি সব ফাঁস করে দেওয়া হচ্ছে! কোথায় আমি ভাবচি খাবার খাইয়ে স্বহ করে নিধুদাকে সব বলব—না উনি অমনি—

নূপেন অভিমানের স্বরে বলিল—বাবা, তুমি কি আমায় বারণ করে দিয়েছিলে? তাছাড়া আসল কথাটা তো এখনো বলি নি, সেটা তুমিই বল!

নিধু মঞ্জুর দিকে জিজ্ঞাসু দৃষ্টিতে চাহিল।

মঞ্জু হাসিয়া বলিল—অল্প কিছু নয়, আপনাকেও একজন জজ হতে হবে, বাবাকে আমি বলিচি বিশেষ করে। আপনাকে নিতেই হবে। কেমন রাজী?

নিধু বিস্ময়ের স্বরে বলিল—তুমি কি যে বল মঞ্জু! আমি ভালো আবৃত্তি করেচি কোনো কালে যে জজ হতে বাব! সব বাজে।

—ওসব বললে আমি গুনচিনে—হতেই হবে আপনাকে!

—কি ব্রকর কি করতে হবে তাই জানিনে!

—সব বলে দেব, তা হলেই হল তো?

মঞ্জুদের বাড়ী আসিলেই তাহার ভালো লাগে। লগ্নাহের লস্কর পরিশ্রম, বহু-স্নোক্তারের পেছনে-পেছনে জামিননামার উন্মোচনী করা, মন্ডেলদের মিথ্যা কথা শেখানো—সব জন্মের সার্থকতা হয় এখানে। সারা লগ্নাহের জুখ, একঘেরেমি কাটিয়ে যায় যেন। ইহাদের বাড়ীতে সব সময় যেন একটা আনন্দের স্রোত বহিতেছে—যে আনন্দের স্বাদ সে সারাজীবনে কোনোদিন পায় নাই—এখানে আলিয়াই তাহার প্রথম সন্ধান পাইল। কিন্তু মঞ্জু আছে বলিয়াই এই বাড়ীটি লম্বীব হইয়া আছে, মঞ্জু যেন ইহার অধিষ্ঠাত্রী।

নিধু বলিল—কি কবিতা আবৃত্তি হবে শুনি।

—রবীন্দ্রনাথের 'ছইবাঁধা জমি' আর মাইকেল মধুসূদনের 'রসাল ও বর্ণলভিকা'—

—আমি নিজে কখনোই ও ছুটো ভালো করে আবৃত্তি করতে পারিনে—

—তাহলেই তো আপনি সব চেয়ে ভালো জজ হতে পারবেন—

—আমি কেন তবে ? আমাদের গায়ের হরি কলুকে জজ কর না কেন তবে ?

মঞ্জু হি-হি করিয়া হাসিয়া উঠিল। নিধুর মনে হয় এমন বীণার স্বাক্ষরের মতো সুমিষ্ট হাসি সে কখনো শোনে নাই।

নূপেন বলিল—নিধুদা, দ্বিধিকে একবার বলুন না ও ছুটো আবৃত্তি করতে ?

নিধু বলিল—কর না মঞ্জু, কখনো শুনি নি তোমার মুখে—

মঞ্জুর একটা গুণ, বেশিক্ষণ ধরিয় তাহাকে কোনো বিষয়ের জঞ্জই সাধিতে হয় না—যদি তাহার অভ্যাস থাকে, সেটা সে তখনি করে। মঞ্জুর চরিত্রের এ দিকটা নিধুর সব চেয়ে ভালো লাগে—এমন সপ্রভিত্ত মেয়ে সে কখনো দেখে নাই।

মঞ্জু ছুটি কবিতাই আবৃত্তি করিল। নিধু মুগ্ধ হইয়া শুনিল—এমন গলার স্বর, এমন হাত নাড়িবার সুকুমার ভঙ্গি এলব পল্লী অঞ্চলে মেয়েদের মধ্যে কল্পনা করাও কঠিন।

মঞ্জু বলিল—নিধুদা, আমরা একটা অভিনয় করব সেদিন বলি—

—নিশ্চয়ই থাকবে—

—কি বই প্লে করা যায় বলুন না ?

—আমি কি বইয়ের কথা বলব বল ? আমি কখনো কিছু দেখিনি—

নিধুর এই সরলতা মঞ্জুর বড় ভালো লাগে। চাল-ধেওয়া ছোকরা সে তাহার মামার বাড়ীর আশে-পাশে অনেক দেখিল, কিন্তু নিধুদার মধ্যে বাজে চাল এতটুকু নাই, মঞ্জু তাবে।

নূপেন বলিল—রবীন্দ্রনাথের একটা বই করা থাক—ধর 'মুক্তধারা'—

মঞ্জু বলিল—বড় শক্ত হবে—সে আমাদের ছুলে মেয়েরা করেছিল সেবার, অনেক লোক দরকার—বড় শক্ত। নিধুদা একটা লিখুন—

নিধু এ ধরনের কথায় বড় লজ্জা পায়। তাহাকে ইহারা ভাবিয়াছে কি ? কোন কালে সে বাংলা লিখিল ?

সে লঙ্কোচের সহিত বলিল—আমাকে কেন মিথ্যে বলা ? আমি লিখতে জানি ?

মঞ্জু বলিল—আপনার কবিতা তো দেখেছি—দেখি নি ?

—সে স্বীকের মাথায় লেখা বাজে কবিতা—তাকে লেখা বলে না।

—তাই আমাদের লিখে দিন, সেই বাজে বই-ই আমরা প্লে করব।

—তার চেয়ে তুমি কেন লেখ না মঞ্জু ?

—আমি ! তাহলেই হয়েছে ! আমি এইবার কলম ধরে অক্ষরপা দেবী হব আর কি !

—ভালো কথা, মঞ্জু, আমি বই পড়তে পাই নে—আমার খান-ছই বই দিয়ো—এবার যাবার সময় নিয়ে যাব।

—এতদিন বলেননি কেন ? বই অনেক আছে। দিয়ো দিতাম—বখন বা দরকার হবে

নিরে যাবেন।

—কি-কি বই আছে ?

—অনেক, অনেক—কত নাম করব ? যবীন্দ্রনাথের কাব্যগ্রন্থ বায়ো ভল্যুম আছে—
মাইকেল আছে—

—কবিতা নয়, উপভাস আছে ?

—তাও আছে। মা'র কাছ থেকে চাৰি আনব ? দেখবেন ?

—না এখন থাক, রাত হয়ে গিয়েচে। কাল সকালে আসব—

—আচ্ছা, নিধু! আপনি কেন ছুটি নিন না দিন-কতক ?

নিধু বিস্ময়ের স্বরে বলিল—কেন বল তো ?

—আপনি থাকলে বেশ লাগে। এই অজ পাড়াগায়ে মিশবার লোক নেই আর কেউ।

আপনি আসেন শুধু দুদিন বেশ আনন্দে কাটে।

—আমার আবার ছুটি কি ? আমি তো কারো চাকরি করি না ?

—তবে ভালোই তো। এ হুণ্ডায় আর যাবেন না—কেনন ?

—না গেলে পসার নষ্ট হয়ে যাবে যে ! নতুন প্র্যাকটিসে বসে কামাই করা চলে না।

সেদিন রাত্রে বাড়ী আসিয়া নিধুর আর ঘুমই হয় না।

মঞ্জু তাহাকে থাকিবার জন্ত অহরোধ করিয়াছে। সে থাকিলে নাকি মঞ্জুর ভালো লাগে—মঞ্জুর মুখে এ কথা সে কোনেদিন শুনিবে, ইহা বহুদূর নীল সমুদ্রের পারে স্বপ্নবীপের মতো অবিশ্রান্ত ও অবাস্তব। তবুও সে নিজের কানে শুনিয়াছে মঞ্জুই একথা বলিয়াছে।

ভোরে উঠিয়া সে বাড়ীতে থাকিতে পারিল না। গ্রামের পথে-পথে কিছুক্ষণ ঘুরিয়া বেড়াইল। তাহার পর বাড়ী ফিরিয়া পুরুষে মনে করিয়া আসিল।

নিধুর মা বলিলেন—না খেয়ে বেরিও না যেন—

—মা, ধোপার-বাড়ী থেকে কাপড় এসেচে ?

—কই না বাবা, বিষ্টির জন্তে ধোপা তো আসেনি এ কদিন।

—আমার ফরসা কাপড় তোমার বাক্সে আছে ?

—ছেলের আমার সব বিদ্যুটে। কাপড় সব নিয়ে গেলি রামনগরের বাসায়। আমার বাক্সে তোমার কাপড় থাকবে কোথা থেকে ? তোমার কিছু খেয়াল যদি থাকে ! নিজের কাপড়-চোপড়ের পর্যন্ত খেয়াল নেই। একটি বোমা বাড়ীতে না আনলে—

নিধু ঘরের মধ্যে পালাইবার উপক্রম করিতে মা বলিলেন—দাঁড়া,—যাসনে কোথাও যেন। একটু মিছরি ভিজিয়ে রেখেচি, আর শশা কেটে—

ঘরের মধ্যে ঢুকিয়া নিধু দেখিল তাহার ফরসা কাপড় নিজের কাছেও কিছু নাই। আজ সত্যার মোক্তারগিরি করিবে কি করিয়া তবে ? মাকে লেখা জানাইল। নিধুর মা বলিলেন—তা আমি এখন কি করি বাপু ! এ যে অস্তায় কথা হল ! কর্তার একটা সেকেলে পাঞ্জাবী আছে—সেটা তোমার গায়ে হয় ?

—তা বোধ হয় হতে পারে। বাবা তো মোটামুহু নন, আমারই মতো—দেখি কেমন ?

কিন্তু শেবে দেখা গেল সে পাঞ্জাবীর গলার কাছে পোকায় কাটরা ফেলিয়াছে অনেক-খানি। তাহা পরিয়া কোথাও বাওয়া চলে না।

নিধুর মা স্মৃতিবিহ্বল দৃষ্টিতে পাঞ্জাবীটার দিকে চাহিয়া বলিলেন—উনি তৈরি করিয়েছিলেন তখন এই ভিন-চার মাস আমাদের বিয়ে হয়েছে। তখন কি চেহারা ছিল কর্তার! চুম্বোড়্যুডার জমিদারী সেরেস্তার চাকরি করতেন। তোর মত শনিবার-শনিবার বাড়ী আসতেন—

মায়ের চোখে এমন অতীতের স্মরণের দৃষ্টি নিধু আরও দু-একবার দেখিয়াছে। তখন সে নিজে চুপ করিয়া থাকে, কোনো কথা বলে না। তাহার মন কেমন করে মায়ের জন্ত। বড় ভালোমাহু। সৎমা বলিয়া নিধু বাল্যকাল হইতেই কখনো ভাবে নাই—তিনিও সৎছেলে বলিয়া দেখেন নাই। নিজেই মায়ের কথা নিধুর মনেই হয় না। মা বলিতে সে ইহাকেই বোঝে।

—চাকর জামা তোর গায়ে হয় না ? দেখি গিয়ে না হয় চাকর মার কাছে চেয়ে ?

—থাক মা, তোমার এখানে-ওখানে বেড়াতে হবে না আমার জন্তে। আমি বা আছে তাই গায়ে দিবে যাব এখন। কি খেতে দেবে দাও—

হঠাৎ মা ও ছেলে যেন কি দেখিয়া মুগ্ধপন্থ আড়ট হইয়া গেল। ভূত নয় অবিভি—লকালবেলা। মজ্জ সঘর ঘরজা পার হইয়া উঠানে পা দিয়াছে—সন্ধ্য কেহ নাই। সন্তান করিয়া ভিজে চুল শিঠে এলাইয়া দিয়াছে, চণ্ডা জমিলাড় কিকে নীল রঙের শাড়ী পরনে, তার লম্বা ষোর বেস্তনি রঙের ব্লাউজ, খালি পা, হাতে খানকতক বই, মুখে হাসি।

—এস মা-মণি এস, এস—

—কই, লকালে এসুন জ্যাঠাইমা, খাবার কই ! খিদে পেয়েচে—নিধু কোথায় ?

—এই তো এখানে—বোধ হয় ঘরের মধ্যে—বল মা বল।

—নিধু কাল বই পড়তে চেয়েছিলেন তাই নিয়ে এলাম।

—তুমি আমাদের লক্ষী মা-টি। বোল আমি আসি—

ইতিমধ্যে নিধু চুল ঝাঁচড়াইয়া কিটকাট হইয়া ঘর হইতে বাহির হইল।

তাহার পালানোর কারণ তাহার অসংযত কেশ। বলিল—এই বে মজ্জ ! কখন এলে ? ওগুলো কি ?

—এগুলো আপনার জন্তে এনেছি—বই—

—দেখি কি-কি বই—

—এখন থাক। আপনি জল হবেন আবৃত্তি কমপিটিশনে, তা গী হুত সবাই জেনে গিয়েচে জানেন ?

—কি রকম ?

—বাবার কাছে লব এলে জিপ্সেস করছিল সে আজ লকালে।

নিধুর মা এই সময় এক বাটি মুড়ি মাথিয়া আনিয়া মঞ্জুর হাতে দিয়া বলিলেন—খেতে চাইলে, কিন্তু তোমার গরীব জ্যাঠাইমার আর কিছু দেওয়ার—

মঞ্জু কথা শেষ করিতে না দিয়াই প্রতিবাদের স্বরে বলিল—অমন যদি বলবেন জ্যাঠাইমা, তাহলে আপনাদের বাড়ী কখনো আসবো না—তাহলে ভাববো পর ভাবেন তাই ভদ্রতা করচেন। বাড়ীর মেয়ের সঙ্গে আবার ভদ্রতা কেন? সে যা ছুটেবে তাই থাকে—কি বলেন নিধুদা? কই নিধুদার কই?

—এই যে ওকেও দিই—মিছরীর জলটা আগে—

—খেয়ে নিধুদা চলুন আমাদের বাড়ী—আবৃত্তির কবিতাগুলো একবার পড়ে নেবেন তো?

—হ্যাঁ ভালোই তো, চল।

নিধুর মা বলিলেন—যাবে এখন মা, এখানে একটু বস। ও পুঁটি, মঞ্জুকে জল দিয়ে যা মা। পান থাকে?

—না জ্যাঠাইমা—পান খেলেও আমি সকালবেলা খাইনে। একটা পান খাই দুপুরে খাওয়ার পর, আর বিকেলে একটা। রাত্রে খাইনে—আমার বড় মামামার দাঁত খারাপ হয়ে গিয়েচে অতিরিক্ত পান দোস্তা খাওয়ার দরুন। আমি দেখে-তনে ভয়ে ছেড়ে দিয়েচি।

মঞ্জু আরও আধঘণ্টা বসিয়া নিধুর মা ও বাড়ীর ছেলে-মেয়েদের সঙ্গে গল্পগুজব করিল। সে যে নিধুকে দুপুরে নিমন্ত্রণ করিতে আনিয়াছে, সে কথা প্রকাশ করিল উত্তীয়ার কিছু পূর্বে।

মঞ্জু চলিয়া গেলে নিধুর মা বলিলেন—সামনের রবিবারে ওদের দুই ভাই-বোনকে খাওয়াতে হবে নেমস্তম্ব করে। রোজ-রোজ ওদের বাড়ী খাওয়া হচ্ছে—মান থাকে না নইলে—

—বেশ তো মা, তাই কোরো। আমি আসবার সময় রামনগর থেকে কিছু ভালো সন্দেশ আর রসগোল্লা নিয়ে আসব—কি বল?

—তাই আনিব বাবা। যা ভালো বুঝিস।

সারাদিন হৈ-হৈ করিয়া কোথা দিয়া কাটিয়া গেল। নিমন্ত্রণ খাওয়া, মঞ্জুর হাসি, আলাপ, আবৃত্তি-প্রতিযোগিতায় সময় গ্রামবাসীর ঈর্ষা-প্রশংসা-মিশ্রিত দৃষ্টির সম্মুখে মঞ্জুর বাবার ও সুল ইনস্পেক্টরের পাশে চেয়ারে বসিয়া আবৃত্তির ভালোমন্দ বিচার করা, আবার সন্ধ্যায় মঞ্জুরের বাড়ী জলখাবার খাওয়া, আবার আড্ডা, গল্প, মঞ্জুর গান, মঞ্জুর হাসি, মঞ্জুর মেহবর্বা-দৃষ্টির প্রসঙ্গ আলো।

নিধুর মা রাত্রে বলিলেন—হ্যারে তুই নাকি জজবাবুর পাশে বসে কি করেছিলি সুলে?

—কে বললে?

—পালিতদের বাড়ী শুনে এলাম। ভোর বজ্র স্বখ্যাতি করছিল সেখানে সবাই।

বললে...হীরের টুকরো ছেলে হারচে নিধু, অত বড়-বড় লোকের পাশে বসে ঐটুকু ছেলে—

—তা তোমার ছেলে কম কেন হবে বল না ?

—আমার বুকখানা শুনে বাবা দশ হাত হল।

নিধুর বাবা বাড়ীতে থাকিয়াও বড় কাহারো একটা খোঁজ-খবর রাখেন না। তিনি পর্যন্ত ডাকিয়া নিধুকে জিজ্ঞাসাবাদ করিলেন সত্য লম্বা।

তিনি লোকের মুখে শুনিয়াছেন। সত্য যান নাই—কোথাও বড় যান না।

সোমবার সকাল। সপ্তাহে এমন দিন কেন আসে ?

অত ভোরে মঞ্জুর সঙ্গে দেখা হওয়ার কোনোই সম্ভাবনা ছিল না। নিধুর মায়াজি থাকিতে উঠিয়া ভাত চড়াইয়াছিলেন। স্নান করিয়া ছুটি ভাত মুখে দিয়া নিধু পথে বাহির হইল।

কি আশ্চর্য! চোথকে বিশ্বাস করা শক্ত। অত সকালে গ্রামের বাহিরের পাকা রাস্তা দিয়া নুপেন, বীরেন ও মঞ্জু বেড়াইয়া কিরিতেছে।

নিধু বলিল—বীরেন বে! কখন এলে ?

—কাল অনেক রাত্রে। রাত দশটার ঝেঁনে স্টেশনে নেমে বাড়ী পৌঁছতে একটা হয়ে গেল।

—ভায়পার মঞ্জু যে বড় বেড়াতে বেরিয়েচ ? কখনো তো—

—বেড়াতে বেরুই নি। মেজদা কাল রাত্রে ফাউন্টেন পেন হারিয়ে এসেচে—তাই তোরে কেউ উঠবার আগে আমরা তিনজনে খুঁজতে বেরিয়েছিলাম। পাওয়া গেল না।

—স্টেশন পর্যন্ত সারা পথ না খুঁজলে—

বীরেন বলিল—তা নয়, পূব-পাড়ার শাম বাপ্পীর বাড়ী পর্যন্ত ফাউন্টেন পেন পকেটে ছিল। শাম বাপ্পী রামনগরের হাটে গিয়েছিল, তার গাড়ী কিরছিল—সেই গাড়ীতে এলাম। তাকে পরসা দিতে গিয়ে দেখেচি পেনটা তখনও পকেটে আছে। বাড়ী এসে আর দেখলাম না।

মঞ্জু বলিল—চলো মেজদা, নিধুদাকে একটু এগিয়ে দিই।

নিধু সঙ্কভক্ত দৃষ্টিতে মঞ্জুর দিকে চাছিল। মঞ্জু বলিল—খেয়ে যাবেন না নিধুদা ?—

মা কি না খাইয়ে ছেড়েছেন ? সেটি হবার যো নেই তাঁর কাছে। সেই কোন ভোরে উঠে—

—চমৎকার মাহু বটে জ্যাঠাইমা। সামনের শনিবারে আসা চাই নিধুদা।

—আসব বই কি—

—পূজো তো এসে গেল, পূজোর সময় আমরা সবাই মিলে একটা ছোটখাটো প্লে করব—আপনি আসুন, সামনের শনিবারে তার পরামর্শ করা যাবে। মেজদা এসেচে, বড়দাও সামনের হপ্তায় আসবে। বেশ মজা হবে।

—কে অরুণবাবু ? তাঁকে কখনো দেখিনি।

—দেখবেন এখন সামনের রবিবারে ।

—তোমরা যাও মঞ্জু, আর আসতে হবে না ।

—আর একটু বাই—এই সাকোটা পর্য্যন্ত—ভারি ভালো লাগে শরভের সকালে বেড়াতে । কি সবুজ গাছপালা ! চোখ জুড়িয়ে যায় । আমার কাছে এসব নতুন ।

—তুমি এর আগে পাড়াগাঁ দেখে নি বুঝি মঞ্জু ?

—মধুপুর দেখেছি ছম্কা দেখেছি । বাঙলাদেশের পাড়াগাঁয়ে এই প্রথম—

সাঁকোর কাছে গিয়া সকলে সাঁকোর উপর কিছুক্ষণ বসিল । বীরেন বলিল—মঞ্জু একটা গান কর তো ? বেশ লাগছে সকালটা । নিধুও সে অল্পবোধে যোগ দিল । মঞ্জু দু-তিনটি গান গাহিল । ক্রমে বেলা উঠিয়া গেল । দুধারের গাছপালার মাঝার শরভের যৌত্র বলমল করিতে লাগিল । নিধু উহাদের কাছে বিদায় লইয়া জোর পায়ে পথ হাঁটিতে লাগিল ।

সেদিন এজলাসে চুকিতেই সাবডেপুটি সুনীলবাবু জিজ্ঞাসা করিলেন—কি নিধিরামবাবু, লালবিহারীবাবুকে আমার খবরটা দিয়েছিলেন তো ? সর্বনাশ ! নিধু তাহা একেবারে ভুলিয়া গিয়াছে ! সে কথা একেবারেই তাহার মনে ছিল না ? মঞ্জুর সঙ্গে দেখা হইলে তাহার কোনো কথাই ছাই মনে থাকে না ।

সে আমতা-আমতা করিয়া বলিল—হজুর—খবরটা দেওয়া হয় নি । আমার বাড়ীতে অল্পখবিস্বখ—উনিও জ্বলে কি সব কাজে বড় ব্যস্ত—বড়ই দুঃখিত—

—না, না, সেজ্ঞে কি ? সেজ্ঞে কিছু মনে করবেন না । দেখি যদি সুবিধে পাই—

সামনের রবিবারে আমি নিজেই সাইকেল করে যাব । সামনের শনিবারে আপনি শুধু আনিয়ে দেবেন হয় করে যে আমি রবিবারে যেতেও পারি । তাহলেই হল ।

সাধন-মোক্তার কোজদারী কোর্টের বটভলা হইতে নিধুকে দেখিতে পাইয়া তাহার দিকে আসিতেছিলেন, সাবডেপুটির এজলাসের বাহির হইবার সঙ্গে সঙ্গে নিধু একেবারে সাধনের সামনে গিয়া পড়িল ।

—আরে এই যে নিধিরাম, আজ এলে সকালে ? বেশ, বেশ । চল একটা আমিননামা আছে, বড়দা তোমায় খুঁজছিলেন যে, দেখা হয়েছে ?

—আজ্ঞে না—এই তো আমি পা দিয়েছি কোর্টে । কারো সঙ্গে এখনো—

—সুনীলের এজলাসে কি কেস ছিল ?

সাধন-মোক্তার প্রবীণ লোক—সাবডেপুটির সামনাসামনি যদিও কখনো ‘হজুর’ ছাড়া সম্বোধন করেন না কিন্তু সেই সাবডেপুটি বা অল্প জুনিয়ার হাকিমদের প্রথম পুরুষে উল্লেখ করিবার সময় তাহাদের নামের শেষে ‘বাবু’ পর্য্যন্ত যোগ করেন না—ইহাতে সাধন ভাবেন তাঁহার চরিত্রের নির্ভীকতা প্রকাশ পায় ।

নিধু তাঁহার প্রশ্নের জবাব দিয়া বহু-মোক্তারের খোঁজে গেল । বার লাইব্রেরীতে বহু বাফুঘো, ধরণী পাল ও হরিবাবু বসিয়া কি লইয়া ভর্কবিভর্ক করিতেছেন—এমন সময় নিধুকে

চুকিতে দেখিয়া বহু বলিলেন—আরে নিধিরাঙ্গ যে, এল। সেদিনের রূপনারায়ণপুরের মারাযারির
কেসের ব্যাপ্ত বেকবে—আসামী ছজন এখনো এসে পৌঁছল না। ওদের টাকা আগে হাত
করতে হবে—নয়তো কিছু দেবে না—ভূমি এখানে বসে থাক। ভূমিও তো কেসে ছিলে,
তোমারও পাওনা আছে। ওয়া এলে কোর্ট-মুখে বেন না হয়।

—কেন ?

—আসামী সব বেকহুর খালাস হয়েছে রায়ে। আমি খবর নিয়েচি।

—এ তো ভালো কথা। তবে তারা এলে—বা টাকা বাকি আছে—

ধরনী ও হরি-মোক্তার নিধুর কথা শুনিয়া হাসিলেন। বহু বাঁদুঘো মুখে হতাশার ভাব
আনিয়া বলিলেন—জুনিয়ার মোক্তার কিনা, এখনো গায়ে ইস্কুল কলেজের বেকির গজ। বুর্তে
তোমার এখনো অনেক দেরি, বাবা।

নিধু ভিনিসটা এখনো ভালো করিয়া বুর্তিতে পারে নাই দেখিয়া প্রবীণ হরি-মোক্তার
বলিলেন—নিধিরাঙ্গবাবু, বুর্তিলেন না? আসামী যদি যুগান্তেরও জানতে পারে সে খালাস
পাবে, তবে সে আপনাকে বা বহুদ্বাকে আর সিকি পরসাত ঠাাকাবে না। কোর্টের ওদিকে
গেলে ওই পেয়ার-টেকার পরসাত আদায় করার জন্তে খবরটা শুনিয়ে দেবে—কারণ সবাই তো
ওৎ পেতে আছে পবের ষাড্ড ভাঙবায়—

—আজ্ঞে বুঝেচি হরিবা—এই যে এয়া এসেচে। রূপনারায়ণপুরের সেই মকেল ছজন—

বহুবাবু অমন তাহাদের উপর বেন ছো মারিয়া পড়িয়া বলিলেন—এই যে, এলে? এল
বল বাবা। খবর তো বড় খারাপ।

আগন্তক মকেল দুটি পল্লীগ্রামের লোক, পরনে হাঁটু পর্যন্ত তোলা ময়লা কাপড়, পায়ে
কাধা, গায়ে ময়লা আকার-প্রকার-হীন পিরাণ বা কতুরার উপর গামছা ফেলা—বগলে ছোট
পুঁটুলি। ইহাদের মধ্যে একজনের চেহারা খুব লম্বা-চওড়া, একমুখ দাড়ি, গোল-গোল তাঁটার
মতো চোখ—দেখিলে মনে হয় বেশ বলবান, তবে নিরীহ ও নির্কোষ ধরনের।

ছজনই উৎসুক ভাবে বলিল—কি খবর বাবু ?

—খবর খারাপ। হাকিম খুব চটেছেন—

—কারণ ওপর চটলেন বাবু ?

—তোমাদের ছজনের ওপর। জেলে বেতে হবে। রায়ের গতিক ভালো নয়। আজ
একবার হৃদয়ুদ শেখ চেটা করে দেখি যদি খালাস করতে পারি—কিন্তু—

এই সময় বহু বাঁদুঘো নিধুর হাতে একটা স্লিপে কি লিখিয়া দিলেন।

নিধু স্লিপটা পড়িয়া বলিল—বাবু আজ বিশেষ চেটা করবেন তোমাদের জন্তে, স্তিন টাকা
ভেরো আনা ন' পাই প্রত্যেকের খরচ চাই—

—বাবু, টাকা তো অত মোরা আনি নি? মোরা জানি ব্যর বেকবে—

বহু বাঁদুঘো মুখ খিঁচাইয়া বলিলেন—ব্যর বেকবে? রায়ে তোমাকে একেবারে বেকহুর
খালাস দিয়ে বেবে যে। বাও সিয়ে এখন দুটি বছর আনি টানো পে বাও জেলে—তবে

তোমাদের চৈতন্য হবে। সেদিন কি বলে দিয়েছিলাম ?

—তা বাবু, বলে তো দেলেন—কিন্তু ইদিকি যে মোদের দিন চলে না এমনভা হয়েছে। এই মোকদ্দমায় এপর্যন্ত বাইশ-তেইশ টাকা উকীল-মোক্তারের দেনা, আর পুলিশ—

—ওসব প্যানপ্যানানি রাখ্গে যা তুলে। টাকা না আনিস, এক পা নড়ব না এখান থেকে—দেখি কি হয়—ক-বছর ঘানি টানতে হয় দেখি একবার—

—না বাবু আপনি একবার চেষ্টা করে দেখুন—আমি ট্যাকার সন্ধান করে আসছি—বাজারের দিকি যাই—আমাদের গায়ের দুটা লোক এসেচে—তাদের কাছে—

—তা যা শিগগির যা—আর শোন, একটা কথা—কাছে আয়—

তাহারা কাছে সরিয়া আসিলে ষড়-মোক্তার গলার স্বর নিচু করিয়া বলিলেন—ধবরদার যেন কোর্টের দিকে যাবিনে—ভোদের দেখলে হাকিমের রাগ হবে—শেষকালে বাঁচাতে পারব না ভোদের—টাকা এনে আমার হাতে দিয়ে চূর্ণি করে এই বার লাইব্রেরীতে বারান্দায় বলে থাকবি, বুঝলি ?

—বেশ বাবু, যা বলবেন।

লোক দুটি চলিয়া গেলে হরি ও ধরনী-মোক্তার হো-হো করিয়া হাসিয়া ঘর ফাটাইবার উপক্রম করিলেন। হরি-মোক্তার বলিলেন—বাবা, পাকা-লোক ষড়-দা। ঠিক কাছে মকেলের চালাকি ? না কোর্টের আমলাদের চালাকি ?

ষড় মগর্কে বলিলেন—আরে ভায়্যা, টাকা রয়েছে ওদের কাছে। দেবে না—দিশে চায় না! এই কাজ কর্গি এই রামনগরের কোর্টে আজ চল্লিশ বছর প্রায়। দেখে-দেখে মূণ হয়ে গেলাম। এখুনি দেখ এসে টাকা দিয়ে যাবে। বাইরে দুজনে পরামর্শ করতে গেল আর কাছা থেকে টাকা খুলতে গেল। আমি জান হয়ে অবধি এই দেখে আসছি—কত হাকিম এল, কত হাকিম গেল! রমেশ দত্তকে এই কোর্টে দেখেচি—ভখন তিনি জয়েন্ট ম্যাজেস্ট্রেট—সিভিলিয়ান রমেশ দত্ত—আমি আজকের লোক নই!

নিধুকে ডাকিয়া ষড় বাঁড়ুঘ্যে বলিলেন—তুমি বস এখানে। আমি এজলাসে যাব একবার। কোথাও বেও না টাকা আদায় না করে।

আজ ব্যরো মাসের মোক্তারী জীবনে নিধু এরকম অনেক দেখিল। এক-একবার তাহার মনে হয় এর চেয়ে ফুল-মাস্টারি করা অনেক ভালো ছিল। এ দুঃখের কথা—পলে-পলে মনুষ্যের এই মরণ—কাহার কাছে এসব কথা ব্যক্ত করিবে সে ?

একজন মাত্র মাহুস আছে। সে মজু। মজুর কাছে সামনের শনিবারে সব লে খুলিয়া বলিবে। এ জীবন আর ভালো লাগে না।

কোর্টের কাজ সারিয়া বাহির হইতে প্রায় পাঁচটা বাজিল। সাধন-মোক্তার তাহাকে বাসায় বাইবার পথে ধরিয়া বলিলেন—ওহে নিধিরাম শোনো শোনো। আমার লে ব্যাপারটা—

—আজ্ঞে, বুঝিচি। সে এখন হবে না।

—কেন বল তো ? জিগগেস করেছিলে বাড়ীতে ?

—বাড়ীতে আর জিগগেস করব ? এখন নিজেরই মন নেই। এই তো যোজগায়ের দশা—দেখচেন তো সব।

—ওসব কথা কাজের নয় হে। তুমি ছেলেমানুষ এখুনি কি যোজগায় করতে চাও ? দিন থাক, সিনিয়র মোক্তারগুলো আগে পটল তুলুক।

—ভভদিনে আমাদেরও পটল তুলতে হবে দাদা।

—তুমি তুল করচো ভায়া। ভেবে দেখ আগে ! তোমাকে এ কাজ করতেই হবে—বাড়ীতে এরা তোমাকে পছন্দ—

নিধু বাসায় আসিয়া দোর খুলিল। এখানে নিজেরই রাখিতে হয়, একটা ছোকরা চাকর কাজকর্ম করে। ঘর-দোর বড় অপরিষ্কার দেখিয়া সে চাকরটিকে ডাকিয়া ধমক দিল। বলিল—উত্থনে ঝাঁচ দে, রান্না চড়িয়ে দেব। ভালো বিপদে ফেলিয়াছে সাধন-মোক্তার ! বাড়ীতে পছন্দ করিয়াছে তো তাহার কি ? কাল সকালে স্পষ্ট জবাব দিয়া দিবে।

হাত-মুখ ধুইয়া রান্না চাপাইবার উত্তোগ করিতেছে, এমন সময় সাবভেপুটির আরদালি আসিয়া একথানা পত্র তার হাতে দিল।

সুনীলবাবু তাহাকে একবার এখনি দেখা করিতে লিখিয়াছেন। সেখানেই সে চা খাইবে।

সন্ধ্যা ভখনো হয় নাই। সুনীলবাবু বৈঠকখানায় বসিয়া মুলেকবাবুর সঙ্গে গল্প করিতেছেন।

—আসুন নিধিরামবাবু, বহন। আপনার জন্ত আমরা অপেক্ষা করছি, কেউ চা খাই নি—

—আজ্ঞে, আমি তো চা খাইনে—আপনারা খান। নমস্কার মুলেকবাবু, বেশ ভালো আছেন ?

মুলেকবাবুটি নবাগত। সুনীলবাবু নিধুর পরিচয় করাইয়া দিয়া বলিলেন—এঁর কথাই বলছিলাম। বেশ প্রসিঙ্গ মুকটিরার, যদিও এই সবে—

মুলেকবাবু বলিলেন—আপনার নাম শুনাচি এঁর মুখে নিধিরামবাবু। আপনার বাচ্চী বৃষ্টি লালবিহারীবাবুর স্বগ্রামে ?

—আজ্ঞে। আপনি তাঁকে চেনেন ?

—হ্যা—আলাপ নেই—তবে একই সান্তিসের লোক, যদিও তিনি আমাদের চেয়ে সিনিয়র। নাম খুব জানি। আচ্ছা, আপনাকে একটা কথা জিগগেস করব—

—আজ্ঞে বলুন—

—লালবিহারীবাবুর বড় ছেলে অরুণকে আপনি জানেন ?

—দেখি নি তবে নাম শুনেছি—তিনি এখানে আসেন নি—তবে শুনেছি সান্নেয় রবিবার নাকি আসবেন।

সুনীলবাবু বলিলেন—তবে তো ভালো হল অরুণবাবু, চলুন আপনিও সান্নেয় রবিবারে

ওদের ওখানে। অরুণবাবুকে দেখে আসবেন—কি বলেন নিধিরামবাবু ?

—আজ্ঞে এ তো খুব ভালো কথা।

মুল্লেকবাবু বলিলেন—আপনাকে বলি, আমার একটি ত্রায়ীর সঙ্গে অরুণবাবুর বিবাহের প্রস্তাব হয়েছে—মানে এখনোও ফরম্যালি করা হয়নি ওদের সঙ্গে—আমরা দেখে এসে—

—আজ্ঞে খুব ভালো কথা।

সুনীলবাবু বলিলেন—আমরা রবিবারে যাব দুজনে। আপনি হয় করে শুধু লাগবিহারী-বাবুকে যদি জানিয়ে রাখেন—

—এ আর বেশি কথা কি বলুন—আমি নিশ্চয়ই বলব এখন। আজ্ঞে না, আমি তো চা খাইনে—এ কাপ নিয়ে যাও—

—আচ্ছা বাড়তি কাপ আমাদের এখানে দিয়ে যা, চা ফেলা যাবে না আমাদের কাছে—
কি বলেন অরুণবাবু—আপনাকে কি ওভালটিন দেবে ?

—আজ্ঞে না, আমি শুধু এই খাবার— একগ্লাস জল দিলেই—

—ওরে বাবুকে একগ্লাস জল—আর পান নিয়ে আর তিন খিলি—

আরও আধঘণ্টা কথাবার্তার পরে নিধিরাম বিদ্যায় লইয়া বাসায় আসিল। তাহার মনটা বেশ প্রফুল্ল। এত বড়-বড় অফিসায়ের সঙ্গে বসিয়া চা খাইয়া আড্ডা দিবে—সে কখনো ভাবিয়াছিল ? গ্রামে তাহারাত্যন্ত গরীব—তাহার বাবা তো কোথাও মুখ পান না গরিব বলিয়া। কাছারীর নায়ের দুবেলা ডাকিয়া শাসন করে। আর আজ সে কি না মহকুমার হওমুণ্ডের কর্তাদের সঙ্গে সমানে-সমানে বসিয়া জলখাবার খাইল, গল্পগুজব করিল। গ্রামে গিয়া একটা গল্প করিবার জিনিস হইয়াছে বটে ! কিন্তু তাহার চেয়েও—এ সবেই চেয়েও গর্কের বিষয় তাহার জীবনে—মঞ্জুর সঙ্গে আলাপ, মঞ্জুর মতো শিক্ষিতা, হৃন্দরী, বড় দরের গভর্নমেন্ট অফিসায়ের মেয়ের সঙ্গে তাহার আলাপ, তাহার বন্ধুত্ব।

তাহার এ সৌভাগ্যের তুলনা হয় ? কজনের ভাগ্যে এমন ঘটে ?

কিন্তু মুশকিল ঘটয়া গেল। সামনের রবিবারে যদি ইহার গিয়া উপস্থিত হন, তবে গোলমালে এমন সকলে ব্যস্ত হইয়া উঠিবে যে মঞ্জুর সহিত দেখা-শোনা হয়তো ঘটাই উঠিবে না। তাহাদের গ্রামে যখন ইহার বাইতেছেন—তখন তাহাকে ইহাদের লইয়াই ব্যস্ত থাকিতে হইবে—মঞ্জুর সহিত সে দেখা করিবে কখন ? মঞ্জু যে বলিয়াছিল আগামী রবিবারে অভিনয়ের সম্বন্ধে পরামর্শ করিবে—সে সব গেল উল্টাইয়া। তাহার সময় কই ? সামনের রবিবার একেবারে মাটি।

পরদিন বহু বাঁদুখ্যে কতকটা আবিধাস, কতকটা আগ্রহের হুরে তাহাকে জিজ্ঞাসা করিলেন—হ্যাঁ যে নিধু, সুনীলবাবু আর মুল্লেকবাবু নাকি সামনের ছুটার ভোম্বাদের গাঁয়ে ভোম্বাদের বাড়ী যাচ্ছেন ?

নিধু হাসিয়া বলিল—কে বললে ?

—সব শুনে পাই যে, সব কানে আসে। পেশকারবাবুর মুখে শুনেলাম। সুনীলবাবুর

চাপরাশি বলেচে ।

—আজ্ঞে হ্যাঁ কাকা, তবে আমাদের বাড়ী তো নয়—আমাদের প্রতিবেশী লালবিহারীবাবু মুলেক—তাদেরই বাড়ী ।

—সে বাই হোক, তুমিও একটু তোমার বাড়ীতে নিয়ে যেও, খাতির-বস্তু কোরো হে !, হাকিমদের বাড়ী যাতায়াত করলে বা হাকিম বাড়ীতে যাতায়াত করলে মক্কেলের চোখে উকীল-মোক্তারের কদর বেড়ে যায়—ও একটা মস্ত খাতির হে !

যত্ন-মোক্তার যেন একটু স্তম্ভ হইয়াছেন মনে হইল ।

তিনি এতকাল রামনগরে মোক্তারি করিতেছেন—তাহার এখানে শহরের বাসার নিয়ম উপলক্ষে অনেকবার হাকিমদের পদধূলি যেন পড়িয়াছে তাহা নয়—কিন্তু কই, কোনো হাকিম তো তাহার পৈতৃক গ্রামের বাসবনের অঙ্ককারে কখনো যান নাই ? এ যান অনেক বড়, এর মূল্য অনেক বেশি । এই অর্কাটীন জুনিয়ার মোক্তারটার অদৃষ্টে কিনা শেষে এই শস্যান জুটিল !

শনিবার সুনীলবাবু নিধুকে এজলাসে বলিলেন—লালবিহারীবাবুর নামে চিঠি আর দিলাম না, বুঝলেন ? যদি না যাওয়া হয় ? আপনি মুখেই বলবেন—

বাড়ী বাইবার পথে নিধু কস্তাবর ডাবিল—ভাই যেন হয় হে ভগবান ! গুদের যাওয়া যেন না ঘটে !

যত্ন মোক্তারের বর্ণিত মান খাতির বা মক্কেলের চোখে মূল্যবৃদ্ধি সে চায় না বর্তমানে—শনি-রবিবারগুলি যেন এ ভাবে নষ্ট না হয়—ভগবানের কাছে এই তাহার প্রার্থনা । মক্কেলের মান খাতিরে কি হইবে ?

বাড়ী পৌঁছিয়া বিপদের উপর বিপদ—তাহার এক বৃদ্ধ মেসোমশাই আসিয়াছেন, তাহার বকুনিরও বিয়াম নাই, তামাক খাওয়ারও বিয়াম নাই । নিধুকে দেখিয়া তিনি যেন তাহাকে আঁকড়াইয়া ধরিলেন, বাজে বকুনিতে নিধুর কান ঝালাপালা হইয়া উঠিল । নিধুর মাকে দেখাইয়া বলিলেন—চিহ্ন তো কালকের মেয়ে । আমি যখন ওর জ্যাঠতুতো দ্বিধিকে বিয়ে করি, তখন চিহ্নর বয়স কত—এতটুকু মেয়ে । বাঙা ছোট্ট শাড়া পরে গুটগুট করে হাঁটত ! বস হে নিধুবাবু, তোমরা হলে আমার নাতির বয়সী ।

সন্ধ্যা উত্তীর্ণ হইয়া প্রায় বটাখানেক কাটিল । মেসোমশায় তাহাকে আর ছাড়েন না । তিনি কোন কালে চা-বাগানে কাজ করিতেন সেই আমলের সব গল্প । নিধুর মা তাহার পিতার বয়সী স্ত্রীপতির ঘন-ঘন ভদারক করিতেছেন—বাড়ীস্বত্ব সরগরম । আজ কি মজ্ঞও একবার খোঁজ লইল না ?

নিধুর মন রীতিমতো দমিয়া গেল ।

সন্ধ্যার প্রায় বটা দুই পরে নিধু একবার বাড়ীর বাহির হইল । লালবিহারীবাবুর বাড়ীতে বাইবার খুব ভালো অজুহাত তাহার রহিয়াছে । হাকিমবাবুদের আসিবার সংবাদটা দেওয়া । সে চাহিয়া দেখিল উহাদের বৈঠকখানার তাহার বাবা বলিয়া আছেন—পাড়ার আরও দু-একটি

বৃদ্ধ সেখানে উপস্থিত। দাবা খেলা চলিতেছে।

নিধু ঘরে ঢুকিতেই লালবিহারীবাবু বলিলেন—আরে নিধু বে! এখন এলে? এম-এম—

—আজ্ঞে কাকাবাবু, একটা কথা বলতে এলাম। আমাদের সাবভেপুটি স্কুলবাবু আর মুলেক অমরবাবু কাল আপনার বাড়ী বেড়াতে আসবেন বলে দিয়েছেন—

—ওঁ! স্কুল। সিমলে তাঁতিপাড়ার স্কুল—বুঝেচি। অগত্যাভরণের ছেলে স্কুল।—
তবে অমরবাবুকে তো আমি ঠিক চিনি নে। নাম শুনেচি বটে। ছোকরা মতো—না? হ্যাঁ তাই হবে—আমাদের সার্ভিসের সিনিয়র লোকদের অনেককেই জানি কিনা! অমরবাবু ছোকরাই হবে—

আজ্ঞে হ্যাঁ, বয়েস বেশি নয়—নতুনও খুব নয়, পাঁচ-ছ বছরের সার্ভিস।

—ওই হল—আমাদের সার্ভিসে ওসব জুনিয়রের হল। তা তুমি একবার বাড়ীর মধ্যে গিয়ে তোমার কাকীমাকে কথাটা বোলো যে—

নিধু দুরু-দুরু বকে বাড়ীর মধ্যে ঢুকিল। রান্নাঘরের দাঁওয়ার কি বসিরা কি করিতেছে, হু-একটা চাকর ঘুরিতেছে—আর কেহ নাই। নিধু ঝিকে বলিল—কাকীমা কোথায়?

—এই তো এখানে ছিলেন—দেখুন বোধ হয় ঘরের মধ্যে কি দোতলায়—

—ও কাকীমা—

দোতলার জানালার মুখ বাড়াইয়া মঞ্জুই জিজ্ঞাসা করিল—কে?

নিধু বকে কিসের চেউ হঠাৎ যেন উষেল হইয়া উঠিল—বুক হইতে গলা পর্যন্ত যেন অবশ হইয়া গেল। সে দিশাহারা ভাবে উত্তর দিতে গেল—এই যে আমি— আমি নিধু?

—নিধুমা? বেশ, বেশ লোক বা হোক—দাঁড়ান সার্ভিস—

মঞ্জু জানালা হইতে মুখ সরাইয়া লইল। চক্ষের পলকে সে একেবারে নিচের বায়ান্দার দোরের কাছে আলিয়া হাসিমুখে বলিল—বা বে, আপনি কেমন লোক বলুন তো নিধুমা? কখন এলেন বাড়ী?

—সন্দের আগে এসেচি তো—

—এতক্ষণ কোথায় ছিলেন? আমি আপনার জন্তে কতক্ষণ বসে। নিজে চপ করলাম বাবা খেতে চেয়েছিলেন বলে—আপনার জন্তে যথেষ্ট বসে-বসে এই আসেন, এই আসেন—ও মা, একেবারে রাত নটার সময় এলেন?

নিধু অস্তিমানেয় হয়ে বলিল—তা তুমিও তো খোঁজ কর নি মঞ্জু?

—আমি ছবার নুপেনকে পাঠিয়েচি যে—কেন জ্যাঠাইমা বলেন নি?

—কৈ, না তো?

—বাঃ, সন্দের আগে বিকেলের দিকে ছবার নুপেন গিয়েচে—আপনাদের বাড়ী কে এক ভদ্রলোক এসেছেন, তিনি ওকে তেকে গল্প করলেন—কাছে বসালেন—ও বলছিল

আমায়—ভাঙ্কে জ্যাঠাইমা বলতে তুলে গিয়েচেন। ব্যস্ত আছেন কিনা অভিশি নিয়ে।
আম্বন বহন—দালানের মধ্যে বসবেন না যোগ্যকে? আজ বড় গরম—তাত্র মালের
গুন্ট—

—যোগ্যকেই বসি, বেশ হাওয়া আছে—

মঞ্জু বেন খানিকটা আপন মনেই বলিল—দেখুন তো চপগুলো সব জুড়িয়ে জল হয়ে
গেল—এখন কি খেতে ভালো লাগে? বিকেলে বেশ গরম ছিল—খেয়ে কিছু নিলে করতে
পারবেন না।

নিধু হাসিয়া বলিল—কেন, নিলেই তো করব, খারাপ হলেও ভালো বলতে হবে?

—খারাপ কখনো হয় নি। রান্নায় আমি তুলে সার্টিফিকেট পেয়েছি—জানেন তা? তবে
জুড়িয়ে গেল—আপনি বহন, আমি গুলো গরম করে নিয়ে আসি—

আধঘণ্টা পরে মঞ্জু, নূপেন, বীরেন ও নিধু বসিয়া গল্প করিতেছিল। হঠাৎ মঞ্জু বলিল—
চলুন ছাদে বাই নিধুমা, বড় গরম এখানে—চল মেজদা—

সবাই মিলিয়া খোলা ছাদে শতরঞ্জি পাতিয়া আসির জমাইল। নানা ভূতের গল্প, শহরের
গল্প, বীরেনের মুখে উৎসাহের সহিত বর্ণিত গত সপ্তাহে কলিকাতার ফুটবল খেলার গল্প
ইত্যাদিতে আড্ডা মূখর হইয়া উঠিল। ছাদের উপরে দুইয়া পড়া বাঁশঝাড়ে রাতচরা
কোনো পাখির ডানা-ঝটাপটি। পরিষ্কার শরতের আকাশে সুস্পষ্ট জলজলে নক্ষত্ররাজি ও
টের্চা ছায়াপথ।

নিধু বেন নূতন মাহুৎ হইয়া গিয়াছে। জীবনে বেন সে এই প্রথম আনন্দ কাহাকে বলে
জানিয়াছে। এরা কত ভালো-ভালো আয়গার গল্প বলিতেছে, কখনো নিধু সে সব দেশে
যায়ও নাই—কলিকাতায় গেলেও সেখানকার শিক্ষিত বড়লোকদের সঙ্গে এদের মতো যেশেও
নাই—জজ-মুন্সেফের বাড়ীতে শিক্ষিত ছেলেমেয়েদের সঙ্গে এত রাত্রি পর্যন্ত বসিয়া গল্পগল্প
করিবে—আর বছর এমন সময় সে-ই কি সে কথা ভাবিতে পারিত?

হঠাৎ তাহার মনে পড়িল—বেঙ্গল সে বাড়ীর ভিতর আসিয়াছিল—সুনীলবাবু ও মুন্সেফ
বাবুর আসার কথা বলিতে—সেকথা এখনো বলা হয় নাই। মঞ্জুকে দেখিয়া সে সব তুলিয়া
গিয়াছে। কথাটা সে এ আসরেই বলিল। বীরেন বলিল—ও! সুনীলবাবু এখানে এসেছেন
নাকি সাবভেপুটি হয়ে? তা তো জানিবে।

—তীর সঙ্গে আলাপ আছে বুঝি?

—খুব। সিমলেতে আমাদের মামার বাড়ীর পাশের বাড়ীতেই—

মঞ্জু বলিল—ওঁর বোন তাতু আমার সঙ্গে এক ক্লাসে পড়ত—গত বছর বিয়ে হয়ে গেল।
খুব জাঁকের বিয়ে। সুনীলবাবুর বাবা বেশ বড়লোক—তিনিও বিটার্ড সাবভেপু—

—কাল এলে কখন আসবেন?

—বোধহয় লকালের দিকেই—কাকীমাকে বোলো বীরেন। আমি বলতে তুলেই গিয়েছি—

রায়ে নিধু মা জিজ্ঞাসা করিলেন—হ্যাঁয়ে কাল বলব নাকি খেতে মঞ্জুদের ? বীরেনও যে এসেচে—ভাকোও বলতে হয় ।

—কিন্তু মা, কাল একটু গোলমাল আছে । মাঝেপুটি আর মুন্সেফবাবু আসবেন বেড়াতে ওদের বাড়ী । কাল দরকার নেই—সেই সব নিয়ে ওরা কাল ব্যস্ত থাকবে ।

সকালে উঠিয়া নিধু রায়নগরের পাকা রাস্তার উপর পায়চারি করিল বেলা আটটা পর্য্যন্ত । তখনো পর্য্যন্ত কাহাকেও আসিতে দেখা গেল না । না আসিলেই ভালো । দ্বিনটা একেবারে ঘাটি হইয়া বাইবে উছারা আসিলে । এত বেলা যখন হইয়া গেল—হয়তো আর আসিবে না । মাড়ে-আটটা পর্য্যন্ত রাস্তার উপর অপেক্ষা করিয়া নিধু বাড়ী ফিরিতেছে, পথে নুপেনের সঙ্গে দেখা । সে বলিল—বা রে, কোথায় গিয়েছিলেন বেড়াতে ? আপনার বাড়ী বসে-বসে—

—কেন ?

—দ্বিদি সেই মাড়ে-সাতটার সময় আপনাকে ভাকতে পাঠিয়েচে—জলখাবার খাবেন বলে খাবার সাজিয়ে বসে আছে—

—আচ্ছা, তুমি যাও নুপেন । আমি নেয়ে নিই পুকুরে—তারপর যাচ্ছি—স্নান সারিয়া ফিটকাট হইয়া মঞ্জুদের বাড়ী বাইতে নটা বাজিয়া গেল ।

বাড়ীর ভিতর পা না দিতেই মঞ্জু রান্নাঘরের দাওয়া হইতে বলিল—আজকাল আপনার হয়েচে কি ? সূঁচি জুড়িয়ে জল হয়ে গেল । কখন ভাকতে পাঠিয়েচি নুপেনকে—বেশ লোক যা হোক !

• মঞ্জু মা বলিয়া নিজের হাতেই গুল ফুটিতেছেন, তিনিও বলিলেন—এস বাবা । মঞ্জু এখনো খায় নি, বলে—অতিথিকে না খাইয়ে আগে খেতে নেই । আমি বললাম, ও তো ঘরের ছেলে, ও আবার অতিথি কোথায় মা, তুই খেয়ে নে । মেয়ের সবই বাড়াবাড়ি ।

নিধু অপ্রতিভ হইল । সঙ্গে-সঙ্গে এক অপূর্ণ উত্তেজনা ও আনন্দে তাহার সারা শরীর যেন ঝিমঝিম করিয়া উঠিল । মঞ্জু না খাইয়া আছে সে খায় নাই বলিয়া—কেন ? কই, কোনো মেয়ে তো এ পর্য্যন্ত তাহার না খাওয়ার অঙ্গ নিজেকে অতুস্ত রাখে নাই ! অস্তুত কোনো শিক্ষিতা ভরপী বড়লোকের মেয়ে তো নয়ই । নিজের সৌভাগ্যকে সে যেন বিশ্বাস করিতে পারে না । মঞ্জু তাহাকে ভিতরের ঘরের বারান্দার খাইতে দিয়া কাছে দাঁড়াইয়া রছিল । বলিল—আজ যে সেই প্লে গিলেট করার দিন—তাও আপনি তুলে বসে আছেন নিধুমা ?

—কেন তুলব ? তবে আজ অরুণবাবুর আসার কথা ছিল না ?

—বড়মা বেলা বারোটার কম কি পৌঁছবেন এখানে ? যদি আসেন তো জ্বেলা সরাই মিলে বসে—

—আচ্ছা, মঞ্জু একটা কথা বলব ?

—কি ?

তুমি না খেয়ে রইলে কেন এত বেলা পর্যন্ত ? অস্তায় নয় তোমার ? কাকীমা কি ভাবলেন ?

—মা আবার কি ভাববেন—বা রে ।

নিধুর একটু ছটুনি বৃদ্ধি আসিয়া জুটিল—কেউ কোনো দিকে নাই দেখিয়া সে স্বর, নামাইয়া বলিল—ভাবচেন কি শুনবে ? ভাবচেন মঞ্জর সঙ্গে নিধুর খুব ভাবশাব হয়েছে কিনা, তাই ও না খেলে মেয়েও খায় না—

মঞ্জু চোখ পাকাইয়া বলিল—ভজ্রলোকের বাড়ীতে বসে ভজ্রলোকের মেয়েদের সখাঙ্কে এ সব কি কথাবার্তা হচ্ছে ?

নিধু হাসিমুখে বলিল—বেশ করচি যাও । কাকীমা ভাবতে পারেন কিনা বল ?

—পাড়াগাঁয়ের ভূত কি আর সাথে বলে ?

—আর তোমার পৈতৃক ভিটেও নো এই পাড়াগাঁয়েই—বিলেভ থেকে তো আস নি ?

—না এসেচি তো না এসেচি—যান্—কি হবে তার ?

—পাড়াগাঁয়ের ভূত বলে তাহলে আমার গালাগাল দেওয়ারটা কি ভালো তবে ?

এমন সময় হঠাৎ বৌরেন ও নূপেন এক সঙ্গে ব্যস্তসমস্ত ভাবে ঘরে ঢুকিয়া বলিল—ও নিধুমা, ও দ্বিদি—ওঁরা সব এসেচেন—মুলেক অমরবাবু আর সাবডেপুটি—বাইরের ঘরে বাবার সঙ্গে—আসুন শিগগির—

—আমার কথা ওঁরা জিগগেস করলেন নাকি ?

—না তা কিছু বলেন নি, তবে বলছিলেন আপনাকে দিয়ে খবর দেওয়া ছিল—

মঞ্জু বলিল—অত তাড়াতাড়ি গোত্রাসে গিলতে হবে না । এমন তো লাটসাহেব কেউ আসে নি—ও লুচি ছুখানা খেয়ে নিরেই—একটু পরেই না হয়—আপনাকে তো তাঁরা ডেকে পাঠান নি—

কিন্তু নিধুর পক্ষে ধীরে স্থস্থে বসিয়া-বসিয়া লুচি খাওয়া আর সম্ভব নয় । বাঁহার আসিয়াছেন—তাঁহারা তাহার পক্ষে লাটসাহেবই বটে । এ অবস্থায় আর থাকা চলে না ।

নিধু একপ্রকার ছুটিতে-ছুটিতে বাহিরে আসিল ।

বৈঠকখানায় অনেক লোক । লালাবিহারীবাবু, নিধুর বাবা, সাবডেপুটি ও মুলেকবাবু, উপেন হালদার ও স্থানীয় স্কুলের পণ্ডিত উমাশঙ্কর তট্টাচার্য্য সকলে মিলিয়া বসিয়া পল্লীগোত্রের বর্জনান দুর্দশার কথা আলোচনা করিতেছেন ।

স্থনীলবাবু নিধুকে দেখিয়া বলিয়া উঠিলেন—আরে এই যে নিধিরামবাবু । মশাই, রাত্তা বড় ভয়ানক, আরগার-আরগার এমন কাহা যে সাইকেল চলে না—কাঁধে তুলে আনতে হয়েছে—বহন ।

মুলেকবাবু বলিলেন—আপনার ঘর বাড়ীটা কোন দিকে ? আমরা সেখানেও যাব—

নিধুর বাবা রামতারণ বিনয়ে ভাঙিয়া পড়িয়া বলিলেন—যাবেন বই কি! গরীবের কুঁড়েতে আপনাদের মতো মহৎ লোকের পায়ের ধূলো পড়বে এ আমরা আশা করতে পারিনে—লালবিহারী ভায়া আমাদের গ্রামের চুড়ো—উনি আজ এসেচেন বলেই আপনাদের মতো লোকের—

সকলে মিলিয়া গ্রাম দেখিতে বাহির হইল। গ্রামে দ্রষ্টব্য স্থানের মধ্যে একটা ভাঙা শিবমন্দির ছাড়া অস্ত্র কিছুই নাই। উমাপদ পণ্ডিত সেটির মধ্যে নিজে চুকিয়া সকলকে ভিতরে আসিতে বলিলেন। সাপের ভয়ে কেহই ভিতরে গেল না—কবাটহীন দয়জার কাছে দাঁড়াইয়া উকি মারিয়া দেখিল।

নিধুর বাড়ীর বাহিরের ঘরেও সকলে একবার আসিয়া বসিলেন। নিধু চাও খাবারের ব্যবস্থা পূর্ব হইতেই করিয়া রাখিয়াছিল—সকলকে বেকাবি করিয়া খাবার দেওয়া হইল—সুনীলবাবু ও মুলেকবাবু ছাড়া আর কেহ খাইতে চাহিলেন না। কারণ বাকি সকলে বুদ্ধ—উহারা সঙ্ঘাতিক না করিয়া খাইবেন না। সকলে মিলিয়া আবার মঞ্জুদের বাড়ী ফিরিল। সুনীলবাবুকে মঞ্জুর মা বাড়ীর ভিতরে ডাকিয়া পাঠাইলেন। বীরেন তাঁহাকে লইয়া গেল। নিধু সন্দেশ দাঁড়াইয়া ছিল—কিন্তু তাহাকে বীরেন ঘেন দেখিতেই পাইল না আজ।

নিধু বাড়ী ফিরিয়া আসিতেই তাহার মা বলিলেন—হ্যাঁরে, মোহনভোগ খাওয়া হয় নি তো?

—কেন খাওয়া হবে? বেশ হয়েছিল—

—ওঁরা খেয়েছিলেন তো? হাকিমবাবুরা?

—সবটা খেয়েছিল। ভালো হলে খাবে না কেন?

—হ্যাঁ রে তুই এখানে খাবি, না জজবাবুদের বাড়ী খেতে বলেচে?

এ ধরনের সোজা প্রশ্নের উত্তরে নিধু প্রশ্নমটা কি বলিবে ঠিক করিতে পারিল না। পরে বলিল—না—বাড়ীতেই খাব। ওয়া খেতে বলেছিল, কিন্তু আমার লজ্জা করে মা যোজ-য়োজ ওদের বাড়ী—

নিধুর মা ক্লম্বরে বলিলেন—তা আজকের দিনটা কেন খেলি নে—ভালোটা-সন্দটা হত—বড়-বড় বাবুরা এসেছে বাড়ীতে—

—তা হোক মা—কি রবিবারেই তো ওখানে খাচ্ছি। তোমার হাতের রান্না খাওয়া বহৎ হয়েই ওঠে না আজকাল।

নিধুর মা মনে-মনে খুশি হইলেন। ছেলের মতো ছেলে নিধু। এখন বাঁচিয়া থাকিলে হয়। আজ তাহার মৌলভেই তো তাঁহাদের খড়ের ঘরে হাকিম-সকুমের পায়ের ধূলা পড়িল। বংশের নূণ উজ্জল-করা ছেলে বটে।

দুপুরের পরেই তিনি পুকুরের ঘাটে বাসন মাজিতে গিয়া বুকিলেন কথাটা সারা গ্রামে বাই হইয়াছে।

ভিক্ষু মা বুড়ো রায়গিনি বলিলেন—হ্যাঁরে ও নতুন বোঁ, তোদের বাড়ী নাকি রাননপর

থেকে ডিপুটিবাবু আর মন্দববাবু এসেছিল ?

—হ্যাঁ দিদি—কার মুখে শুনলে ?

—ওমা এই দৃষ্টি পিসি বললে—অগোষ্ঠাকরূপ তাকে বলেছে। দকলেই ভোঁ বলেচে। তা বেশ, ভালো-ভালো।

—অজবাবুদের বাড়ী এসেছিলেন। তা নিধুকে খুব ভালোবাসেন কিনা তাই এখানেও এলেন। বড় ভালো লোক—

ইতিমধ্যে আরও দু-তিনটি পাড়ার বি-বোঁ পুকুরের ঘাটে বাসন হাতে আসিলেন। সকলের মুখেই ওই এক প্রশ্ন। হাকিমদের বয়স কত ? নিধুর মা কি খাইতে ছিল তাহাদের ?

বড়ো রায়গিন্নি বলিলেন—তা বেঁচে থাক নিধু। ওকে সবাই ভালোবাসে—অমন ছেলে গায়ে নেই—

—তাই এখন বল দিদি—তোমাদের আশীর্বাদে, তোমাদের মা-বাপের আশীর্বাদে নিধু এখন—

নিধুকে কিন্তু সারাদিনের মধ্যে ও-বাড়ী হইতে কেহই ডাকিতে আসিল না। বৈকালের দিকে সে নিজেই একবার মঞ্জুদের বৈঠকখানায় গিয়া খোঁজ লইয়া জানিল সুনীলবাবু ও মুল্লুকবাবু বাড়ীর মধ্যে জলযোগ করিতেছেন—এখনি রামনগরে ফিরিবেন। লালবিহারী-বাবুকেও বাহিরে দেখা গেল না—সম্ভবত অন্তঃপুরে অভিষেকের আদর-আপ্যায়নে নিমুক্ত আছেন।

কিছু ভালো লাগিল না। পৃথিবীটা হঠাৎ যেন ফাঁকা হইয়া গিয়াছে।

রামনগরের পাকা রাস্তার উপরে খানিকটা উদ্ভ্রান্ত ভাবে পায়চারি করিতে-করিতে সে একটা সাঁকোর উপরে আসিয়া বসিল। হঠাৎ সে দেখিল দূরে ছুখানা সাইকেলে সুনীলবাবু ও মুল্লুকবাবু আসিতেছেন।

তাহারাও তাহাকে দেখিয়াছেন মনে করিয়া সে উঠিয়া দাঁড়াইল—নতুবা হয়তো গাছের আড়ালে লুকাইয়া পড়িত।

সুনীলবাবু কাছে আসিয়া বলিলেন—নিধিরামবাবু বেড়াতে বেরিয়েছেন বুঝি ? খুঁজলাম আপনাকে আসবার সময়, পেলাম না। আপনি কাল সকালে যাবেন ?

দুজনেই সাইকেল হইতে নামিয়াছিলেন। নিধু কিছুকাল পর্যন্ত তাহাদের সঙ্গে হাঁটিয়া আগাইয়া দিয়া আসিল।

দুজন্মের পরে সে বাড়ী ফিরিল। নিধুর মা বলিলেন—বিকেলবেলা কিছু খেজিনে—অজবাবুদের বাড়ী খাবার খেয়েছিল বুঝি ?

—হ্যাঁ।

—সে আমি তখনই বুকেচি—তোকে না খাইয়ে-কি ওরা ছাড়ে কখনো ? হাকিমবাবুৱা চলে গেল বুঝি ?

বি. দ. ১০—৫

—গেল।

এমন সময় একটা লর্ডনের আলো তাহাদের উঠানে পড়িল—এবং আলোর পিছনে লর্ডন ধরিয়। যে দুজন মেটে পাচিলের ছোট দরজা দিয়া বাড়ীর ভিতরে ঢুকিল—তাহাদের দেখিয়া নিধু বিশ্বয়ে আড়ষ্ট হইয়া দাঁড়াইয়া রহিল। মঞ্জু আগাইয়া আসিয়া বলিল—ও জ্যাঠাইমা, কি করচেন ? নিধু কোথায় ? ওমা এই যে নিধু।

হৃৎস্ব নিধু কিছু জবাব দিবার পূর্বেই মঞ্জু বলিল—বড়দা এসেছেন, আপনাকে খুঁজছেন কখন থেকে। জ্যাঠাইমা, নিধু আজ রাতে ওখানে থাকে কিন্তু—চলুন নিধু—আসুন—বলিয়া নিধুকে বিশেষ কিছু বলিবার স্বযোগ না দিয়াই মঞ্জু ও নুপেন তাহাকে লইয়া বাড়ীর বাহির হইয়া গেল। নুপেন আগে, মঞ্জু ও নিধু পিছনে। পথে মঞ্জু বলিল—কি হয়েছে আপনার ? সারাদিন দেখি নি কেন ? ছিলেন কোথায় ?

—বাড়িতেই ছিলাম—বাব আবার কোথায় ?

—আমাদের ওখানে যাননি যে বড় ?

—সব সময়েই যে যেতে হবে তার মানে কি ?

মঞ্জু নিধুর উত্তর শুনিয়া অবাক হইয়া তাহার দিকে অল্পক্ষণ চাহিয়া থাকিয়া বলিল—কি হয়েছে আপনার ?

—কিছুই না। আমরা গরীব মানুষ আমাদের আবার হবে কি ?

—কেন, রাগ হল কেন হঠাৎ শুনি ? কি হয়েছে ?

—কিছুই না। কি আবার হবে ?

—রাগ হয়েছে তা বুঝতে আমার বাকি নেই। কিন্তু আমি কি করব নিধু, বাড়ীতে আজ সবাই ওদের নিয়ে ব্যস্ত। আমি ওদের সামনে কবার বেরিয়েচি ? ডাকবার সুবিধে থাকলে ডাকতাম।

নিধুর রাগ নিবিয়া জল হইয়া গেল। বেচারী মঞ্জু ! সে কি করিবে ?

বাড়ী ঢুকিয়া মঞ্জু হাকে ডাকিয়া বলিল—নিধুদা রাতে আমাদের এখানে থাকে বলে এসেছি মা—আজ সারাদিন আমাদের বাড়ীতে আসে নি মা—এখন গিয়ে ধরে আনলাম—আসুন বড়দার সঙ্গে দেখা করিয়ে দিই—

পাশের ঘরে মঞ্জুর বড়দা অরণের সঙ্গে আলাপ হইল। অরণকে নিধুর ভেমন ভালো লাগিল না। কথার মধ্যে বেশির ভাগ বীকা স্বরে ইংরাজি বলে, ঘনঘন সিগারেট খায়—একটু নাক সিঁটকানো গর্কের ভাব কথা-বার্তার মধ্যে। অরণের প্রতি কথার পাড়াগাঁয়ের সব কিছুর উপর একটা স্থগা ও ভাঙ্কিল্যের ভাব বেশ স্পষ্ট।

—উঃ, কাল কি লোজা কষ্ট গিয়েচে এখানে শৌঁছেতে ! বাবারও যেমন কাণ্ড। বলেছিলুম দেশে পূজো করে কি হবে ? ছুটি নিয়ে এই অজ পাড়াগাঁয়ে বলে আছেন—তারপর যখন ম্যালেরিয়াতে ধরবে শুধন বুঝবেন। বাঃবাঃ—এই জগলে মানুষ থাকে ?

—তা বটে। আমরা উপায় নেই বলে পড়ে আছি—

—আপনি বুঝি রামনগরে প্র্যাকটিস করেন ? কিন্তু কি রকম ?

—আগে ভালোই ছিল। এখন দেশে নেই পরমা—আপনিও 'তো ল' পড়ছেন
শুনলাম—

—আমি যদি বসি, আলিপুরে বেরুব। এ সব জায়গায় লাইফটা নষ্ট করে কোনো লাভ
নেই। পরমা পেলেও না—

—না, আপনাদের মতো লোক কেন এখানে থাকতে যাবেন ?

আর আধঘণ্টা পরে মঞ্জুকে সে কিছুক্ষণের জন্য একা পাইল।

মঞ্জু বলিল—বড়হার সঙ্গে আলাপ হল ? বেশ লোক বড়দা। কাল সকালে যাবেন নাকি
আপনি ?

—যাব না তো কি ? এখানে থাকলে তো চলবে না—

—এখনো আপনার রাগ যায়নি নিশ্চয়—

—আমরা গরীব মানুষ, আমাদের আবার রাগ—

—ও রকম বলবেন না নিশ্চয়—আমার মনে কষ্ট হয় না শুভে ?

—হলে কি সারাদিন না ডেকে থাকতে পারতে ?

—কিছু লাভ ছিল না ডেকে। সামনে বেরুতে পারতাম না তো ?

—কেন ?

—ঊঁরা সব সময় ঘরের মধ্যে। অমরবাবুর সামনে আমি বেরুই নি—ঊঁর সঙ্গে আলাপ
নেই আমার।

—আমি ভাবলুম আমাকে ওদের সামনে কি করে বার করবে ভেবে আর ভাকনে না—

—ছুট্টে বৃদ্ধি আপনার হাড়ে-হাড়ে। কুটিল মন কিনা।

—সে তো জানোই—পাড়াগাঁয়ের মানুষের মন কখনো সরল হয় ?

—হয়ই না তো। সেটা মিথ্যে কথা নাকি ?

—তার প্রমাণ পেয়েই গেলে। হাতে-হাতেই পেলে—

—এমন আড়ি দেব আপনার সঙ্গে যে আর কখনো কথা বলব না—

—না তা করো না লক্ষ্মীটি—তাহলে থাকতে পারব না—

—ভবে! ভবে ও রকম করেন কেন ? এখন বলুন, আর ওসব কথা বলবেন না ?

—কক্ষনো না।

—পূজোর সময় প্লে করার কি হবে ?

—ঠিক করে ফেল—অরুণবাবু তো আছেন—

—বড়দা বলছিলেন বিবি ঠাকুরের 'ফান্ডনৌ' প্লে করতে—কলকাতার লক্ষ্মীভি হয়েছে—উনি

দেখে এসেছেন—

—উনি যা বলেন। বইখানা জানতে বোলো—

—আপনি কি বলেন ?

—আমি ওসবের কি জানি ? আমরা জানি ব্যক্তার মে—রামনগরের উকীল-মোক্তারদের একটা থিয়েটার আছে—তার পূজোর সময় গিরিশ ঘোষের 'জন' করবে। আমাকে পার্ট নিতে বলেচে—

—কি পার্ট নেবেন ?

—তা এখনো ঠিক হয়নি—

—ভালো পার্ট করতে পারেন ?

—কখনো কার্য নি, কি করে বলি ? তবে চেষ্টা করলে মন্দ হবে না—

—আমার মনে হয় খুব ভালোই হবে।

—তুমি পার্ট করবে তো ?

—আমি তো স্থলে পার্ট করে এসেছি কি বছর। আমার অভ্যাস আছে। গান বাজে আছে এমন পার্ট আমার দিত।

—এখানেও তাই নিতে হবে আমরা, গান তুমি ছাড়া কে গাইবে ?

—আচ্ছা, একটা কথা। পাড়াগায়ে কেউ কিছু বলবে না তো ?

—তোমরা করলে কেউ বলবে না। কাকাবাবুর নামে সবাই তটস্থ, অল্প কেউ হলে রক্ষে রাখত না—

—সে আমি জানি। আচ্ছা, গানের আর কোনো মেয়ে পার্ট নিতে পারে ?

—আমার তো মনে হয় না—তবে ভুবন গাঙ্গুলির এক মেয়ে এসেচে বাপের বাড়ী। বিয়ে হয়েছে, জামাই রেলের আফিসে ভালো চাকরি করে—তুমি ডাকিয়ে জিগগেস কোরো—ও বিয়ের আগে গোরাড়ী গার্লস্‌ স্থলে পড়ত মামারবাড়ী থেকে—সেখানে পার্ট করত—

—কি নাম ? আমি তো জানিনে—কালই আলাপ করব—

—নাম হৈমবতী। এখন সুনর্চি নাম হয়েছে হেমপ্রভা—ও চিরকাল মামারবাড়ীতে মাহুয, এখানে বড় একটা আসত না। তা ছাড়া গুয় বাবাও নাকি এখানে থাকত না। থাক—সে কথা বাদ দাও মঞ্জু। ডেকে নিয়ে আসতে পার 'তো এস—

—তারপর সেই কাগজ বার করার কথা মনে আছে তো ?

—সে তো পূজোর পর ?

—না, পূজোর সময় প্রথম সংখ্যা বার করব।

—যা তোমার হঁচ্ছা। তুমি যা বলবে আমি তাই করব।

—মনের কথা বলচেন নিধুদা ?

—মনের কথা নিশ্চয়ই। বিশ্বাস কর মঞ্জু।

স্বাভে আহারাধির পরে নিধু চলিয়া আসিল।

আসিবার সময় মঞ্জু দরজায় দাঁড়াইয়া বলিল—সামনের শনিবারে আসবেন তো ?

—কেন আসব না ?

—না এলে আপনার লকে আড়ি দেব—

—বেশ আসি কিনা।

সারা সপ্তাহ ধরিয়া নিধু একটি পয়সা যোজগায় করিতে পারিল না। মক্কেলের যেন হৃতিক লাগিয়া গিয়াছে—সকাল হইতে তীর্থে কাকের মতন বাসায় বসিয়া ঘন-ঘন হাই তুলিয়া ও বাহিরের দিকে মত্ক নরনে চাহিয়া থাকিয়া নিধুর মোক্তারী ব্যবসাতার উপরই অশ্রদ্ধা ধরিয়া গেল। নিধুর মূহুরী বলে—বাব, এ হস্তাটায় হল কি? মক্কেলের যেন আকাল পড়েচে দেখি—

—চল, কোর্টে আসতে পারে।

কিন্তু কোর্টেও কেহ আসে না। বহু-মোক্তার একদিন বলিলেন—ওহে সুনীলবাবুর কোর্টে তো তোমার খাতির আছে—এই জামিনের জন্তে মৃত্ করে জামিনটা করিয়ে দাও না?

নিধু কেস শুনিয়া বৃষ্টিল এ ক্ষেত্রে জামিন হওয়া অসম্ভব। বাড়ীতে চোরাই মাল পাওয়া গিয়াছে—পুলিশ যে রিপোর্ট দাখিল করিয়াছে—তাহার গতিকও খুব খারাপ। বহু-মোক্তার নিজের নাম খারাপ করিতে রাজী নন, তিনি খুব ভালোই জানেন কোর্ট জামিন দিতে রাজী হইবে না। খাত্তিরে পড়িয়া বহি সুনীলবাবু জামিন মঞ্জুর করেন—ইহাই বহুবাবুর তরলা।

সে বলিল—কাকাবাবু, এ আমার দ্বারা স্তবিধে হবে না—

—কেন হবে না? বাও না একবার—

—মাপ করুন কাকাবাবু, সুনীলবাবু কি মনে করবেন?

—চেষ্টা করতে হবে কি? বাও একবার—

বহুবাবুর অহুরোধ এড়াইতে না পারিয়া নিধু গিয়া জামিনের দরখাস্ত দিয়া জামিনের প্রার্থনা করিল।

সুনীলবাবু জামিন মঞ্জুর করিলেন।

মক্কেল নিধুকে দুইটি টাকা দিল। নিধু সে দুটি টাকা লইয়া গিয়া বহুবাবুর হাতে দিতে তিনি কোনো কথা না বলিয়া তাহা পকেটস্থ করিলেন—কারণ মক্কেল আসলে তাহার। অবস্ত জামিননামার টাকাটা নিধু পাইল।

বাসায় আসিয়া সে দেখিল সাধন-মোক্তার তাহার জন্তে যোয়াকে বলিয়া অপেক্ষা করিতেছেন। তাহাকে দেখিয়া সাধন বলিলেন—তোমার জন্তে বলে আছি যে নিবিয়াস—

—আজ্ঞে, বহন-বহন। বড় কষ্ট হয়েছে?

—কিন্তু কষ্ট নয়। তুমি আমা কাপড় ছেড়ে স্থস্থ হও—আমি একটা বিশেষ দরকারে এসেছি। ওবেলা তোমার কেসটা বেশ ভালো হয়েছে—কিন্তু বহু-দা নাকি তোমায় টাকা দেননি?

—কে বল আপনাকে?

—আমি সব জানি যে—আমার কাছে কি লুকোনো থাকে কিছু? তাই কিনা?

—আজ্ঞে না, তা নয়। তবে ওই মক্কেল—

—কিসে ঠর মত্বেল ? তুমি আমিনের দরখাস্ত দিয়ে আমিন মৃত্ করে জিতলে—তবে ঠর মত্বেল হল কি করে ? মত্বেলের গায়ে লেখা আছে নাকি কার মত্বেল ?

—আজ্ঞে ঠর কাছেই প্রথম তারা গিয়েছিল, আমার কাছে তো আসে নি ? ভাই—

—তবেই ঠর মত্বেল হয়ে গেল ? অস্ত শূক্ষ ওজন-জান করে মোক্তারী ব্যবসা চলে না ভায়। হরি আমার বলছিল, বড়দার আক্কেলটা দেখলে ? ছোকরা আমিন মজুর করিয়ে দিলে—আর বড়দা দিবিটা টাকাটা গাপ করে ফেললে বেমানুম। ঘোর কলি। আমার পরামর্শ শোনো আমি বলি—

—আজ্ঞে কি ?

—সুনীলবাবুর কোটে তোমার খাতির হয়ে গিয়েচে সবাই জানে। ইতিমধ্যে প্রচার হয়ে গিয়েচে। তুমি এখন বড়দার চাত পেকে কেম পেলেনে কি-এর টাকা তাঁকে দিও না। বড়দা চিরকাল ওই করে এলেন—যার সঙ্গে যার খাতির, তাঁকে দিয়ে কাজ করিয়ে নিয়ে নাম কেনেন নিজে।

নিধিরাম দেখিল সাধন-মোক্তারের কথায় সামান্ত মাত্র সায় দিলেও আর রক্ষা নাই—ইনি গিয়া ঐ কথা অস্ত কোথাও গল্প করিবেন। সে ব্যক্তি বড়বাবুর কানে কথা উঠাইলে ভাহার উপর বড়বাবু চিটা রাইবেন। ভাহার ব্যবসার প্রথম দিকে তাঁহার মতো প্রধান মোক্তারের সাহায্য ও উপদেশ হইতে বঞ্চিত হইলে নিজের সমূহ ক্ষতি। সে একটু বেশ জোরের সঙ্গেই বলিল—না সাধনবাবু—আমি তা মনে করি না। বড়বাবু খুব বিচক্ষণ মোক্তার --সত্যিকার কাজের লোক। আমার তিনি পিতৃবন্ধু—আমায় ছেলের মতো দেখেন।

সাধন বিক্রপের সুরে বলিলেন—ছেলের মতন দেখেন—তা তো বেশ বোঝাই গেল। মুখে ছেলের মতন দেখি বললেই তো হয় না—সে রকম দেখাতে হয়—ছুটো টাকার লোভ ছাড়তে পারলেন না—ছেলের মতো দেখেন।

—যাক ও নিয়ে আর—

—তুমি আমার ছুটো মত্বেলের কেস কাল নাও না ? আমার প্রাপ্য টাকার অর্ধেক তোমায় দেব। করবে ?

—কেন করব না বলুন ! দেখেন আপনি—

নিধু একটু আশ্চর্য হইয়া গেল যে সাধন এবার ভাহাকে বিবাহ সংক্রান্ত কোনো কথাই জিজ্ঞাসা করিলেন না।

হঠাৎ সাধন বলিলেন—হ্যাঁ হে, সেদিন ঠরা বুঝি তোমার বাড়ীতে—

—আমার বাড়ী কোথায় ? লালবিহারীবাবু মূলক আছেন আমার প্রতিবেশী—তাঁর বাড়ীতে গিয়েছিলেন।

—তুমি বাড়ী নিয়ে গিয়ে খাতির করেছিলে তো ?

—হ্যাঁ তা অবিশি সামান্ত—আমায় আর কি ক্ষমতা—

—বেশ ! বেশ ! সেই কথাই বলি—ভালো কথাই তো। তোমার সঙ্গে সুনীলবাবুর

বেশ আলাপ হয়ে গিয়েচে, একথা শুনে অনেকেরই খুব হিংসে তোমার ওপর জানো তো ?

নিধু আশ্চর্য্য হইয়া বলিল—সে কি ! এর অস্তে কিসের হিংসে ?

—তুমি কেন হাকিমদেহ সঙ্গ আলাপ করবে, বাড়ী নিয়ে যাবে—যখন বারে এত প্রবীণ মোক্তার রয়েছে—কই আর কারো বাড়ী তো হাকিম যার নি ?

—এসব নিয়ে কথাবার্ত্তা হয় নাকি ?

—তুমি শুনলে অবাক হয়ে যাবে বারের প্রবীণ মোক্তারেরা পর্য্যন্ত এই নিয়েই বলাবলি করচে । সবারই হিংসে ।

—করুক গিয়ে । ভালোই তো, আমার একটু পসার হবে হয়তো ওতে ।

—না ভায়া—মকেল ভাঙিয়ে নিতেও পারে । হিংসে করে যদি তোমার পেচনে সবাই লাগে—তবে তোমার মকেল পাওয়া মুশকিল হয়ে দাঁড়াবে । আমি তোমার হিতৈষী বলেই তোমায় বলে গেলাম ।

সাধন কি মন্তলবে আসিয়াছিল নিধু বুঝিতে পারিল না । কিন্তু তাহার মনে হইল সাধনের কথার মূলে হয়তো সত্য আছে । বার-লাইব্রেরী হুঙ্ক সব মোক্তার তাহার বিরুদ্ধে দাঁড়াইল নাকি ? নতুবা মায়া সপ্তাহে সে একটি পয়সা পাইল না কেন ?

শনিবার দিন সকালে বাড়ীওয়ালার লোক ও গোয়ালী আসিয়া তাগাদা দিল । নিধু তাহাদের বুঝাইয়া দিল এ চাকুরি নয় যে মাগকাবারে মাহিনা হাতে আসে—টাকা দিতে ছু-চার দিন বিলম্ব হইবে । কিন্তু বাড়ীওয়ালার লোক যেন ভাড়াইল—বাড়ীতে আজ বাইবার সময় জিনিসপত্র সওদা করিয়া লইয়া বাইতে হইবে—হাতে এদিকে একটি পয়সা নাই । তাহার আয়ের উপরই আজকাল সংসার চলে—থরচ দিয়া না আসিলে পরবর্ত্তী সপ্তাহে সংসার অচল ।

নিধুর মুহূর্ত্তী এই সময় আসিয়া বলিল—বাবু আজ বাড়ী যাবেন ?

—তাই ভাবচি । কি নিয়ে যাই, একটা পয়সা তো নেই হাতে—

—মোক্তারী ব্যবসার এই মজা । মাঝে-মাঝে এমন হবেই বাবু । মকেল কি সব সময়ে জোটে । হুহুবাবুর কাছে একবার যান না ?

—কোথাও যাব না । ওতে আরো ছোট হয়ে যেতে হয় । না হয় আজ বাড়ী যাব না, সেও ভালো ।

শুধু সে শনিবার নয়, পরের শনিবারেও নিধুর বাড়ী যাওয়া হইল না । মকেলের দেখা নাই আদৌ, মূর্খী ধারে জিনিসপত্র দেয়, তাই বাসা থরচ একরূপ চলিল, কিন্তু অস্ত্রান্ত পাওনা-দায়ের তাগাদায় নিধু অস্থির হইয়া উঠিল । ইতিমধ্যে সে বাড়ী হইতে বাবার চিঠি পাইল—শনিবার বাড়ী কেন আসে নাই—সংসারে খুব কষ্ট বাইতেছে—বাড়ী হুঙ্ক লোককে অনাহারে থাকিতে হইবে যদি সে সামনের শনিবারে না আসে—আসিবার সময় যেন হেন আনে তেন আনে—জিনিসপত্রের একটা লখা কর্দ পত্রের শেষে জুড়িয়া দেওয়া আছে । চিঠিখানা ছাড়া হইয়াছে শুক্রবার—রবিবার সকালে সে চিঠি পাইল । সে সম্পূর্ণ নিরুপায়—হাতে পয়সা না আসিলে বাড়ী গিয়া লাভ কি ?

সোমবার সে কি কাজে একবার সুনীলবাবু কোর্টে গিয়াছিল, তাহাকে দেখিয়া সুনীলবাবু বলিলেন—নিধিরামবাবু, তাপনি এ শনিবারে বাড়ী যান নি তো।

—না, একটু অল্প কাজে ব্যস্ত ছিলাম।

—আমি গিয়ে আপনাকে কত খুঁজলাম, তা সবাই বললে আপনি যান নি।

—ও! আপনি গিয়েছিলেন বুঝি?

—হ্যাঁ—আমি গিয়েছিলাম মানে ষাবার জন্তে বিশেষ করে পত্র দিয়েছিলেন পিসিমা—মানে লালবিহারীবাবুর স্ত্রী—আমাদের এক পাড়ার মেয়ে কিনা।

—ও! আপনি একা গিয়েছিলেন?

—এবার একাই। সেই জন্তেই তো বিশেষ করে আপনার খোঁজ করলাম। কার সঙ্গে বসে দুহণ্ড কথা বলি। লালবিহারীবাবু প্রবীণ লোক—তার সঙ্গে কতক্ষণ গল্প বলা যাবে—আপনি যে যাবেন না—আমার সে কথা মনেই হয় নি। আপনিও তো গত সপ্তাহে আমার কোর্টে একদিনও আসেন নি কিনা।

নিধু মনে-মনে ভাবিল—কেস থাকিলে তো কোর্টে আসিবে। মন্ডেল নামক জীব হঠাৎ পৃথিবীতে যে কত দুর্লভ-দর্শন হইয়া উঠিয়াছে—তাহার খবর হাকিমের চেয়ারে বসিয়া কি করিয়া রাখিবেন আপনি?

মুখে বলিল—আজ্ঞে হ্যাঁ—আমি যদি জানতাম আপনি যাচ্ছেন, তাহলে নিশ্চয়ই যেতাম। তা তো জানি না—

সন্ধ্যার সময় সুনীলবাবুর আরদালি আসিয়া নিধুর হাতে একখানি চিঠি দিল—বিশেষ দয়াকর, নিধিরামবাবু কি দয়া করিয়া একবার তাঁহার বাসার দিকে আসিতে পারেন?

নিধু গিয়া দেখিল বাহিরের ঘরে একা সুনীলবাবুই বসিয়া আছেন—মুল্লেকবাবু এ সময় এখানে বসিয়া আছা দেন, আজ তিনি আসেন নাই। নিধুকে দেখিয়া সুনীলবাবু চেয়ার ছাড়িয়া উঠিয়া বলিলেন—আসুন আসুন—সেদিন আপনাদের বাড়ী গিয়ে আদর-বন্দে বড় আনন্দ পেয়েছিলাম। বহন—

নিধু লজ্জিত মুখে বলিল—আমাদের আবার আদর বন্দ! আপনাদের মতো লোককে কি আমরা উপযুক্ত আদর-অভ্যর্থনা করতে পারি? সামান্য অবস্থার মাল্লুক আমরা—

—ও সব বলবেন না নিধিরামবাবু। ওতে মনে কষ্ট পাই—বহন, আমি দেখি চায়ের কি হল—আপনার সঙ্গে খাব বলে বসে আছি—আপনি চা খান না বুঝি আবার? একটু মিষ্টিমুখ করে—

চা ও জলযোগ পূর্বক চুকিয়া গেলে সুনীলবাবু বলিলেন—আপনার সঙ্গে আমার একটা কথা আছে।

নিধু একটু বিস্মিত হইলেও মুখে তাহা প্রকাশ করিল না। তাহার মতো লোকের সঙ্গে কি কথা আছে একটা মহকুমার লোকের, সে ভাবিয়াই পাইল না।

লালবিহারীবাবকে আপনি তো ভালো করেই জানেন ?

—আজ্ঞে হ্যাঁ, তা জানি বৈকি ! এক গাঁয়ের লোক । তবে উনি এবার অনেকদিন পরে গাঁয়ে এলেন । একবার দেখেছিলামি ছেলেবেলায়—আর এই দেখলাম এবার—বাবার সঙ্গে খুব আলাপ—

—তা তো হবেই । আপনার বাবাকে এ রবিবারেও দেখলাম লালবিহারীবাবুর বৈঠক-খানাতেই । গুঁরা সম্বয়সী প্রায়—

—ঠিক সম্বয়সী নয়, বাবার বয়েস বেশি ।

—আচ্ছা, আপনি লালবিহারীবাবুর মেয়ে মঞ্জরীকে দেখেচেন তো ?

নিধু প্রায় চমকাইয়া উঠিয়া সুনীলবাবুর মুখের দিকে চাহিয়া বলিল—

—মঞ্জরী ?—ও মঞ্জু ? আজ্ঞে হ্যাঁ, তাকে দেখেছি বই কি, তা—

সুনীলবাবু সম্ভবত নিধুর ভাবান্তর লক্ষ্য করিলেন না । তিনি সহজ হুগেই বলিলেন—
তাকে দেখেচেন তাহলে ?

—আজ্ঞে হ্যাঁ—দেখেছি বই কি । কেন বলুন তো ?

সুনীলবাবু সজচ্ছ হাসিয়া বলিলেন—সেদিন লালবিহারীবাবু ওর সঙ্গে বিবাহের প্রস্তাব করলেন কিনা । তাই বলছি ।

—কায় বিবাহ ?

—মানে আমার সঙ্গেই ।

—ও !

—আপনি কি রকম মনে করেন ? মেয়েটি ভালোই—কি বলেন ? আপনার গাঁয়ের মেয়ে তাই জিগগেস করছি ।

—ইয়ে—হ্যাঁ—ভালো বৈকি ! বেশ ভালো ।

—অবিন্দি আমার মতে হবে না । আমার বাবা কর্তা, তাঁকে জিগগেস না করে কোনো কাজ হতে পারে না । তাঁরা মেয়েটি দেখেচেন কারণ একই পাড়ায় ওর আমার বাড়ী, সেখানে থেকে ফুলে পড়ে । আমাদের বাড়ীও ওদের বাতারাও আছে—তবে আমি কখনো দেখি নি—কারণ আমি থাকি বিদেশে । কলকাতায় থাকি আর কদিন ?

—কেন রবিবারে তাকে দেখলেন না ?

—ঠিক মেয়ে দেখানো উদ্দেশ্য ছিল না । তা ছাড়া বাবা মেয়ে না দেখে গেলে আমার দেখার কিছু হবেও না । তবুও গুঁরা একবার মেয়েটিকে দেখাতে চাইলেন তাই দেখলাম । দেখতে ভালোই অবিন্দি—সে আমি আগেও শুনেছিলুম । কিন্তু শুধু বাইরে দেখে—

নিধুর মনের ভিত্তর হইতে কে যেন বলিল, একখার উত্তর তাহার হেওয়া উচিত । মঞ্জুকে সে সব সময় সর্বত্র বড় করিয়াই রাখিতে চায় । কাহারও মনে তাহার সম্বন্ধে ছোট ধারণা না হয়, এটা দেখা তাহার সর্বপ্রথম কর্তব্য । সুতরাং সে বলিল—আজ্ঞে না শুধু বাইরে নয়—মেয়েটি সত্যিই ভালো ।

সুনীলবাবু একটু আগ্রহের স্বরে বলিলেন—আপনার ভাই মনে হয় ?

—আমার কেন শুধু, আমাদের গ্রামের সকলেরই ভাই মত। সত্যিই গুরুকম মেয়ে আজকাল বড় একটা দেখা যায় না—

—বেশ, বেশ। আপনার মুখে একথা শুনে খুব খুশি হলাম। দেখুন মশাই, কিছু মনে করবেন না—যার সঙ্গে সারা জীবন কাটাতে হবে—তাকে অন্তত একটু ঘাচাই'না করে নিয়ে—আমার অন্তত ভাই মত। বাবা যা দেখবেন, সে তো দেখবেনই।

নিধু একধার বিশেষ কোনো জবাব দিল না।

নিধুর মনের মধ্যে কেমন এক প্রকার অব্যক্ত যন্ত্রণা। সুনীলবাবুর শেষ কথাটা তাহার কানে যেন অনবরত বাজিতেছিল—সারাজীবন মঞ্জুর সঙ্গে থাকিবেন কে ? না সুনীলবাবু।

মঞ্জু সুনীলবাবুর জীবনসঙ্গিনী ?

বাসায় ফিরিবার পথে সুনীলবাবু তাহার সহিত গল্প করিতে-করিতে খানিক দূর পথ আসিলেন। শুধু মঞ্জুর সম্বন্ধেই কথা। নানা ধরনের আগ্রহভরা প্রশ্ন, কখনো খোলাখুলি, কখনো প্রশ্নের উদ্দেশ্য নিধুর কাছে ঠিক বোধগম্য হইল না।

—আচ্ছা, নির্ধরামবাবু, মঞ্জু কিরকম লেখাপড়া জানে বলে আপনার মনে হয় ?

—বেশ জানে। এবার তো ফার্স্ট ক্লাসে উঠবে—

—আমি তা বলিচি নে—পড়াশুনোতে কেমন বলে মনে হয় আপনার ? বেশ কালচার্ড ?

—নিশ্চয়ই। হাতের লেখা কাগজ বার করবে শিগগির। লেখাটেখার বৌক আছে, গান করে ভালো—

—গান শুনেচেন আপনি ?

এখানে কি ভাবিয়া নিধু সত্যকথা বলিল না। তাহার সামনে বসিয়া মঞ্জু গান গাহিয়াছে, এ কথা এখানে বলিবার আবশ্যক নাই, না বলাই ভালো। সে বলিল—কেন শুনব না। দেখেচেন তো আমাদের বাড়ীর সামনেই ওদের বাড়ী। মাঝে-মাঝে গান করে ওদের বাড়ীতে, আমাদের বাড়ী থেকে শোনা যায় বই কি।

মোটের উপর নিধুর মনে হইল মঞ্জুকে দেখিয়া সুনীলবাবু মুগ্ধ হইয়াছেন। মঞ্জুর চিন্তাই এখন তাঁহার ধ্যান-জ্ঞান—ইহার প্রয়োজ্য ও কথাবার্তা সবই এখন রূপমগ্ন ভ্রূষণ প্রেমিকের প্রলাপের পর্যায়ভুক্ত।

বাসায় আসিয়া নিধু মোটেই স্থির হইতে পারিল না। মনের সেই যন্ত্রণাটা যেন বড় বাড়িয়াছে। মঞ্জু সুনীলবাবুর সারাজীবনের সাথী হইবে—একথা যেন সে কিছুতেই সহজভাবে গ্রহণ করিতে পারিতেছিল না।

সেদিন আর বাঁধিল না। চাকর জিজ্ঞাসা করিল—কি খাওয়ার যোগাড় করে দেব বাবু ?

—ভুই দুটো পয়সা নিয়ে গিয়ে বরং চিঁড়ে কিনে আন—ভাই খাব এখন। শরীর ভালো নয়, রান্না আজ পারব না।

—সে কি বাবু ? চিঁড়ে খেয়ে কষ্ট পাবেন কেন ? আমি সব বন্দোবস্ত করে দিচ্ছি—

—না, না—তুই যা এখন। আমার শরীর ভালো না—আর কিছু খাব না।

আহারাদির পরে ভিনঘন্টা কাটিয়ে গেল। রাত প্রায় একটা। নিধু দেখিল সে মাথাযুত কি যে ভাবিতেছে। নানা অভূতচিন্তা। জীবনে সে কখনো এরকম ভাবে নাই।

গভীর রাত্রে ঠাণ্ডা হাওয়ার তাহার উত্তপ্ত মস্তিষ্ক একটু শীতল হইল। আচ্ছা, সে এত রাত পর্যন্ত কি ভাবিয়া মরিতেছে? কেন তাহার চক্ষে ঘুম নাই? মঞ্জু বাহারই জীবনের সাথী হউক—তাহার তাহাতে আসে-যায় কি?

আজ একটি সপ্তাহের মধ্যে যে একটি পরমা আয় করিতে পারে নাই—তাহার পক্ষে মঞ্জুর চিন্তা করাও অসম্ভব। কখনো কি সম্ভব হইবে মঞ্জুকে তাহার জীবনসঙ্গিনী করা?

আকাশকুহুমের আশা ত্যাগ করাই ভালো।

মঞ্জুর বাপ-মা তাহার সঙ্গে কখনো কি মঞ্জুর বিবাহ দিবেন বলিয়া সে ভাবিয়াছিল? সে নিজের মনের মধ্যে ডুবিয়া দেখিল এমন কোনো ছুরাশা তাহার মনে কোনোদিনই আগে নাই। তবে আজ কেন সে সুনীলবাবুর কথায় এত বিচলিত ও উত্তেজিত হইয়া উঠিয়াছে? মঞ্জুর সঙ্গে মুখের আলাপ আছে মাত্র। ইহার অভিরিক্ত অন্ত কিছই নয়।

অপর পক্ষে মঞ্জু বড়মামুয়ের মেয়ে—সে লালিত হইয়াছে সচ্ছলতার মধ্যে, প্রাচুর্যের মধ্যে, অল্প ধরনের জীবনের মধ্যে! সুনীলবাবুর সঙ্গে বিবাহ হইলে মঞ্জু খল হইতে ডাঙার পড়িবে না—নিজেদের শ্রেণীর মধ্যেই সে থাকিতে পারিবে; চিরাত্যন্ত জীবনযাত্রায় জোর করিয়া পরি-বর্তন নিতান্ত আবশ্যক হইয়া পড়িবে না।

সুনীলবাবুর ঘরে সে মঙ্গলময়ী গৃহলক্ষ্মী রূপে—

না, কথাটা ভাবিতে গেলে আবার ঘেন বৃকের মধ্যে খচ করিয়া বাজে।

পরদিন সকালে জন তুই মস্কল আসিল। ধানের জমি লইয়া মারপিটের মোকদ্দমা, তবে নিধুর মনে হইল ইহার। বাচাই করিয়া বেড়াইতেছে কোন মোক্তারের কত দর—শেষ পর্যন্ত বড়বাবুর কাছে গিয়াই ভিড়িবে।

নিধু নিজের দর কিছুমাত্র কমাইল না—কিন্তু বিশ্বাসের সহিত দেখিল লোক দুটি তাহাকেই মোক্তার নিযুক্ত করিল। ঘন্টাখানেক ধরিয়া তাহাদের লইয়া ব্যস্ত থাকিবার পর নিধু বলিল—তোমরা যাও বাজার থেকে খাওয়া-দাওয়া সেরে এস—প্রথম কাছারীতেই তোমাদের মোকদ্দমা রুজু করে দেব—আমার টাকা আর কোর্টের খরচটা দিয়ে যাও—

—কত টাকা বাবু?

—এই যে বললাম সবস্বত্ব চারটাকা সাড়ে ন' আনা—

—বাবু, টাকা কাছারীতেই দেবো—

—না বাপু, ও সব দেবো—টেবো—জনচিনে—টাকা দিয়ে যাও—ডেমি কিনতে হবে, আর্জির স্ট্যাম্প কিনতে হবে—সে সব কে কিনবে ঘরের পরমা দিয়ে?

—বাবু, এখন তো মোদের কাছে নেই—

—কাজে নেই তো মোকদ্দমা করতে এসেচ কেন মরতে? জানো না যে রাননগরে

এলেই পরমা সঙ্গে করে আনতে হয় ?

—তবে বাবু যদি আপনি একটা ঘণ্টা সময় দেন—প্রথম কাছারীতেই মোরা ট্যাকা দেবামু—ট্যাকা না পেলে আপনি মোদের মোকদ্দমা করবেন না—

ইহার চলিয়া কিছুদূর যাইবার পরেই আরও জন চারেক মঞ্চল আনিয়া হাজির হইল। তাহাদের সহিত কথা কহিয়া নিধু বুলিল—ইহার পূর্বের মারপিটের মোকদ্দমারই কহিয়া দী পক্ষ। ইহারাই মার খাইয়াছে। একজন প্রকৃত ব্যক্তি মাথায় লাঠির দাগ সমেত আনিয়াছে।

ইহাদের মোড়ল বলিল—বাবু, আমাদের হক মোকদ্দমা—মাথায় এই দেখুন লাঠির দাগ—ট্যাকা যা লাগে আপনাকে দেবামু—এখনি এই পাঁচটা টাকা রাখুন আপনি—মোকদ্দমার এজাহারটা করিয়ে দিন—

যদিও ইহাদের কথাবার্তা শুনিয়া নিধুর মনে হইল ইহারাই ঠিক কথা বলিতেছে—টাকাও দিতে এখনি প্রস্তুত—তবুও নিধু দুঃখিতচিত্তে বলিল—বাপু আমি অপর পক্ষের কেস নিয়ে ফেলেচি—তোমাদেরটা নিতে পারব না—

—বাবু, আপনি যা লাগে নেন মোদের কাছ খে। ক-ট্যাকা দিতে হবে বন্দু আপনাকে মোরা দিয়ে যাই। মোদের গায়ের একটা মোকদ্দমায় আপনি জামিন করিয়ে দিয়েছিলেন—বড় স্বখ্যাতি পড়ে গিয়েছে। মোক্তার যদি দিতে হয় তবে আপনাকেই দেব—

—না, সে হবে না। আমি তাদের কথা দিয়েচি—

নিধুর মুহুরী আড়ালে ডাকিয়া লইয়া বলিল—নিরে ফেলুন ওদের কেস বাবু, মনে হল পরমা দেবে—পরমা হাতে আছে এদের। অপরপক্ষ তো আপনাকে টাকা দেয়নি তবে কিসের বাধ্য-বাধকতা তাদের সঙ্গে ?

—না হে, যখন কথা দিয়ে ফেলেচি, কেস নেব বলেচি—তখন কি আর টাকার লোভে অন্তদিকে ঘুরে দাঁড়ানো চলে ?

—টাকা পেলে না হয় সে কথা বলতে পারতেন বাবু—কিন্তু টাকা তো আপনি হাত পেতে নেননি তাদের কাছে ?

—ও একটা কথা হে। মুখের কথা টাকার চেয়েও বড়—

—বাবু, এ মহকুমায় এমন কোনো উকিল-মোক্তার নেই যিনি এমনধারা করেন। মঞ্চল টাকা দিলে না তো কিসের মঞ্চল ?

—না সে আমার দ্বারা হবে না। অপরে যা করেন, তাঁদের খুশি। আমি ভা করতে পারব না—

অগত্যা ইহার চলিয়া গেল। কিন্তু কোর্টে গিয়া নিধু লবিন্ময়ে তনিল ধরণী-মোক্তার পূর্ব-পক্ষের মোকদ্দমা রুজু করিতে সুনীল বাবুর কোর্টে ছুটিতেছেন।

নিধুর মুহুরীই বলিল—দেখলেন বাবু, বললাম তখন আপনাকে। ধরণীবাবুকে ওয়া মোক্তার দিয়েছে—আপনার কাছে বাচাই করতে এসেছিল—টাকার কথা বলতেই পিছিয়ে পড়েছে—

—এ তো স্মারি অন্তর কথ। ধরনীবাবুই বা আমার কেন নিতে গেলেন কেন ?

—ওরা তো ধরনীবাবুকে আপনার কথা কিছু বলে নি ? তিনি হয়তো কম টাকাতে রাজী হয়েচেন—

—ওদের একজনকে আমার কাছে ডেকে আনতে পার ?

—ভারা বাবু আসবে না। আমি কতখোশামোহ করলাম ওদের। ধরনীবাবু মোক্তার-নামার সই করেছেন—তীর বৃহরী তেমি লিখে কেলেচে—

—এ পক্ষ ?

—ভারা বহুবাবুকে মোক্তার দিয়েচে। বহুবাবু সাবডেপুটি বাবুর এজলাসে দাঁড়িয়ে আছেন তীর মকেল নিয়ে—

—এ কিরকম ব্যাপার হল হে ?

—এই বকসই হয় এখানে। আপুনি নতুন লোক, এসব জানবেন কোথ। থেকে ? তাইতো তখন আপনাকে বললাম ওদের টাকা নিয়ে ফেলুন—

—টাকার জন্তে একটা অন্তর কাজ আমি তো করতে পারিনে ? তাহলেও ধরনীবাবুকে আমি একবার বলব—

—বলবেন না বাবু, তাতে উন্টে ধরনীবাবু ভাববেন মকেলের জন্তে আমার সঙ্গে ঝগড়া করচে। সেটা বড় খারাপ দেখাবে। ধরনীবাবুর তো কোনো ঘোষ নেই—তিনি না জেনেই কেন নিয়েচেন। আমার কথাটা শুনবেন বাবু, এই কাজ কয়ে-করে আমার মাথার চুল পেকে গেল—এখানে মোক্তারে-মোক্তারে কম্পিটিশন্—উকিলে-উকিলে কম্পিটিশন্—যিনি যত কম হাঁকবেন, টাকা বাকি রাখবেন, তীর কাছে তত মকেল যাবে।

—তাহলে তুমি কি ভাব না যে ধরনীবাবু আমার মকেল ভাঙিয়ে নিয়েচেন ?

—মোক্তারনামার সই যখন করেন নি, টাকা ভারা যখন দেয় নি—শুধু মুখের কথায় কি কেউ কারো মকেল হয় বাবু ? আপনি মুখের কথায় দাম দিলেন, আর কেউ যদি না দেয় ? সবাই কি আপনার মতো ? সত্যি কথায় এসব লাইনে কাজ হবে না বাবু সে আপনাকে আমি আগেই বলেছি। মফখলে সৰ্ব্বত্রই এই অবস্থা দেখবেন।

বায়ের মধ্যে নিধুর বয়সী আর একজন ছোকরা মোক্তার ছিল। তাহার নাম নিয়জন বন্দ্যোপাধ্যায়—সেও নিধুর মতোই গরীব গৃহস্থ পরিবারের ছেলে—নিধু শুধু কিছু-কিছু উপার্জন করিত—সে বেচারীর অদৃষ্টে তাহাও জুটিত না—বেচারী তাহার মাসীমার বাড়ী থাকিয়া মোক্তারী করে বলিয়া অনাচারের কষ্টটা ভোগ করিতে হয় না—কিন্তু কিছু করিতে পারিতেছে না বলিয়া তাহার মন বড় খারাপ। নিধুর কাছে মাঝে-মাঝে সে মনের কথা বলিত। নিধুর মনে খুব দ্বন্দ্ব হইয়াছিল এই ব্যাপারে—সে নিয়জনের কাছে ঘটনাটি পব বলিল।

নিয়জন হাসিয়া বলিল—তোমার মতো লোকের মোক্তারী করতে আসা উচিত হয়নি নিখিরাব—

—কেন হে ? কি দেখলে আমার অল্পশব্দতা ?

—এত সরল হলে এ ব্যবসা চলে ? যে কোনো সুস্থ মোস্তার হলে কৌশলে তার কাছে টাকা বার করে নিতো ।

—আমি ভেবেচি বহুকাকাকে কথাটা বলব । তিনি কেন আমার মকেল নিলেন ?

—তোমার কথা শুনে আমার হাসি পাচ্ছে হে ! ছেলেমানুষের মতো কথা বলচ যে । একথার মানে হয় ? মকেলের গায়ে কি নামের ছাপ আছে নাকি ? শোনো আমার পরামর্শ । যদুবাবু তোমার হিতাকাঙ্ক্ষী—তাকে মধ্যে চটিও না । তুমি ভবুও কিছু কিছু পাও—আমার অবস্থাটা ভেবে দেখো তো ? মাসীমার বাড়ী না থাকলে না খেয়ে মরতে হত—

—আর ব্যবসা চলে না—অচল হয়েছে তাই । এক পরমা আস নেই আজ দু-হপ্তা—

—দু-হপ্তা তো ভালো । আমি তোমার এক বছর আগে বসেচি, এ পর্যন্ত ডেজিশ টাকা মোট উপার্জন হয়েছে । ভবুও ভাবচি, ভবিষ্যতে হতে পারে—নইলে কোথায় যাব ?

—বুড়োগুলো না ম'লে আমাদের কিছু হবে না । যদুবাবু, ধরণীবাবু, শিব ভট্টাচার্য, হরিহর নন্দী—এগুলো পলাশীর যুদ্ধের বছর জন্মে আজও বার জুড়ে বসে আছে । এরা সরলে তবে যদি আমাদের—তা সবাই অশখামার পরমারু নিয়ে এসেচে—

—সেই ভরসাভেই থাক—ওহে, একটা কথা শুনেছ ?

—কি ?

—সাধনবাবু নাকি গুর ভাইবির সঙ্গে সাবডেপুটিবাবুর বিয়ের চেষ্টা করচে—

নিধু আশ্চর্য হইয়া বলিল—সে কি ।

নিরঞ্জন হি-হি করিয়া হাসিয়া বলিল—সে বড় মজা । সাধন-মোস্তার আর তার মামা দুর্গাপদ ভাস্কার দুজনে গিয়ে আজ সকালে স্থনীলবাবুর বাসায় খুব ধরাধরি করেছে—আজ ওবেলা বাড়ীতে চায়ের নৈমস্ত্র করচে—উদ্বেগ মেয়ে দেখানো ।

—তুমি জানলে কি করে ?

—দুর্গাপদ ভাস্কারের ছেলে আমার ক্লাসফ্রেণ্ড, সে বলছিল—সে আবার একটু বোকা মতো, তার বিশ্বাস এ বিয়ে হয়ে যাবে । মেয়ে নাকি ভালো ।

নিধু আপন মনেই বলিল—ও তাই !

—তাই কি ?

—কিছু না এমনি বলচি—

—আমি একটা কথা বলি শোনো । সিরিয়াসলি বলচি । তুমি বার ছেড়ো না, তোমার হবে । তোমার মধ্যে ধর্মজ্ঞান আছে, তোমার ধরনের মোস্তার বারে নেই । বুড়োগুলো সব বদমাইস, স্বার্থপর । তোমার অনেষ্ট্রি আছে, বুদ্ধিও আছে, তুমি এরপরে নাম করবে, তোমার গুণ বেশিদিন চাপা থাকবে না ।

—বই নেই যে ?

—বরাত তাই, লব বরাত—নইলে সি. ডবলিউ. এন. আর. সি. এল. জে-র লাইব্রেরী নিয়ে বলে থাকলেও কিছু হয় না। যত্নবাবু বা হরিহর নন্দী এরা ইংরিজি পড়ে বুঝতে পারে না, সেকালের ছাত্রবৃত্তি পাশ স্নাতক—ওদের হচ্ছে কি করে? তবে আমাকে বোধ হয় শিগগির ছাড়তে হবে—

—ছাড়বে কেন? বুড়োগুলো মরুক—অপেক্ষা কর—

—ততদিনে আমার বাড়ীর সব না খেয়ে মরে যাবে—বিষয় সম্পত্তি বেচে চলচে এখন—

—যত্নবাবুকে বলে তোমার দুচারটে জমিননামা দেব—জামিনের ফি'টা পাবে এখন।

—তোমার নিজের পেনে তাতে উপকার হবে—তুমি আমায় দেবে কেন?

—যদি আমি দিই—

—সেই জগ্গেই তো বলচি। তোমার মতো অনেস্ট লোক বারে আসে নি—অন্তত রামনগরের বারে। তুমি অনেক দূর যাবে—

নিধু বাসায় আসিবার পথে সাধন-মোক্তারের কাণ্ডটা ভাবিয়া আপন মনেই হাসিল। তাই আজকাল তাহার সঙ্গে এতবার দেখা হওয়া-সঙ্গেও বিবাহের কথা একবারও মুখে আনে না—এমন বড় গাছে বাসা বাঁধিবার দুরাশায় তাহার মতো নগণ্য জুনিয়ার মোক্তারের কথা তুলিয়াই গেল বেমালুম। ভালোই হইয়াছে—নতুবা একে পরসার টানাটানি—তাহার উপর সাধন-বুড়োর বিবাহের ঘটকালির উৎপীড়নে ও তাগাদায় তাহাকে রামনগর ছাড়িয়া পলাইতে হইত এতদিন। সপ্তাহের বাকি দিনগুলিও ক্রমে কাটিয়া আসিল। একটি মক্কেলও আসিল না।

আধিন মাসের প্রথম সপ্তাহ। পূজা আসিয়া পড়িল। রামনগরে পূজাকমিটি দুদিন মিটিং করিল, তাহার পাঁচ টাকা চাঁদা ধরিয়াছে—তাহার নামেও চিঠিও আসিয়াছে। এদিকে বাড়ীওয়ালার তাগাদার উপর তাগাদা করিয়া হরমান হইয়া গেল—এখনও ভয়ভা দেখাইয়া চলিতেছে বটে—কিন্তু পূজার ছুটির আগেও যদি টাকা না দিতে পারে—তবে হয়তো বাড়ী ছাড়িবার নোটিশ আসিয়া হাজির হইবে একদিন।

শনিবার।

আগের দিন যত্ন-মোক্তারের অজ্ঞেয়ে একটা জামিনের ফি পাওয়া গিয়াছে—আরও অন্তত দুটি টাকা হইলে আজ বাড়ী যাওয়া চলে। নইলে শুধুহাতে বাড়ী গিয়ে লাভ কি?

বার-লাইব্রেরীতে বসিয়া-বসিয়া নিধু কল্পি আঁটিতেছে—কি উপায়ে তাহার মছরীর কাছে দুটি টাকা ধার লওয়া যায়—কারণ নিধুর অপেক্ষা তাহার মছরীর অবস্থা ভালো—বাড়ীতে জায়গা জমি, চাষবাস—এখানেও তাহার দাদা স্ট্যাম্পডেওয়ারি করিয়া এই কোর্টের প্রাক্তন হইতেই মাসে দেড়শো-দুশো টাকা রোজগার করে—দুটি টাকা দিতে তাহার কষ্ট হইবার কথা নয়—কিন্তু বাবু হইয়া ছুতোর কাছে সোজাস্বজি টাকা ধার করা চলিবে না—কোনো একটা কৌশল খাটাইতে হইবে।

এমন সময় সাধন-মোক্তার ঘরের মধ্যে ঢুকিয়া বলিলেন—এই বে নিধু বলে আছ। ওহে একটা জামিনের দরখাস্ত মূত করবে? তিনটে টাকা পাবে যদি মঞ্জুর করে দিতে পার। মক্কেলের সঙ্গে আমি ঠিক করে ফেলেছি। ছেলে আসামী, বাপ টাকা দিয়ে কেস চালাচ্ছে, টাকা নির্ধাত আদায় হবে।

নিধু নিরর্থক নয়—সাধন-মোক্তারের আসল উদ্দেশ্য সে বুঝিয়া ফেলিল। বুঝিয়া জিজ্ঞাসা করিল—কার কোর্টের কেস?

—সাবভেপুটির কোর্টে।

এই কথাই নিধু ভাবিয়াছিল। শক্ত কেসের আসামী, জামিন সহজে মঞ্জুর হইবার সম্ভাবনা কম, স্থানীয়বাবুর সঙ্গে আজকাল নিধুর খাতির জমিতেছে একথা বায়ে রাষ্ট্র হইতে দেরি হয় নাই। তাহার খাতিরের চাপে যদি জামিন মঞ্জুর হইয়া যায়—জামিননামা সই করিয়া শতকরা সাড়ে বায়েটাকা জামিনের কি মারিবেন সাধন-মোক্তার।

সে বলিল—কত টাকার জামিন হবে মনে হয়?

—বা মঞ্জুর করাতে পার—পাঁচশো টাকার কম হবে বলে মনে হয় না।

অনেকগুলি টাকা জামিনের কি। সাধন-মোক্তার তাহাকে ভাগ দিবে না বা তাহার চাওয়াও উচিত নয়—তবে সে যদি জামিন মঞ্জুর করাইতে পারে—সে নিজেই জামিন দাঁড়াইবে না কেন? কথাটা সে বলিয়া ফেলিল। সাধন বিশ্বাসের তান করিয়া বলিলেন—তুমি জামিন দাঁড়াবে অত টাকার? বড্ড রিস্ক। তারপর ধর যদি পালিয়ে-টালিয়ে যায়—বেলবও বাজেয়াপ্ত হলে অতগুলো টাকা গুনোগায় দিতে হবে—

—তা সে তখন পরে দেখা যাবে—

—না হে না—আমি তোমার হিতাকাঙ্ক্ষী, আমি তোমায় সে রিস্কের মধ্যে বেতে দিতে পারি নে—এ লোকটা বহুমাইশ, যদি পালিয়ে যায় তোমাদের মতো জুনিয়ার মোক্তারের এখন এ সব বিপদের মধ্যে যাওয়া ঠিক নয়।

নিধু আর বেশি কিছু বলিতে পারিল না—টাকার ভাগ লইয়া প্রবীণ সাধন-মোক্তারের সঙ্গে ইতরের মতো ভর্কীভকি করিতে তাহার প্রবৃত্তি হইল না। সে শুধু বলিল—বেশ, তাই হবে। তবে জামিন মূত করার কি আশায় কিছু বেশি করিয়ে দেন, তিন টাকার পারব না—

সাধন নিধুর দিকে চাহিয়া বিশ্বাসের সুরে বলিলেন—বল কি হে? জুনিয়ার মোক্তারেরা কেন, অনেক সিনিয়র মোক্তার ছু-টাকার এ কেস করবে—তুমি বেশি পাচ্ছ শুধু আশায় বলা কওয়ার, নইলে যত্ন বা হরিবাবু মনেচেন কি জন্তে? তোমায় বেহ করি বলে আমি ওদের বুঝিয়ে-জুজিয়ে তোমার কাছে নিয়ে আসছি—ভাবলাম—যদি পায় তো, আমাদের আপনার লোকেই টাকাটা পাক—

নিধুর রাগ হইল। সাধন সবদিক হইতেই তাহাকে ঠাকি দিতে চাহিবেন—এ তাহার পক্ষে অসম্ভব। সে দৃঢ় কর্তে বলিল—আজ্ঞে না, আমি পাঁচ টাকার কমে পারব না—আপনি

আলানীদের বলে যেন—

—সে কি হে! তুমি আবার কি ভিকটেই করতে আরম্ভ করলে নাকি ?

—আজ্ঞে মাণ করবেন। আমি ওর কয়ে পারব না—আর একটা কথা, কিয়ের টাকা আগাম দিতে হবে—

—নাঃ, তোমাদের মতো ছোকরাদের নিরে দেখি মহাবিপদ। তোমরা বুঝলেও বুঝবে না। তা নিও, তাই নিও। কি আর করব ? আপনার লোকের মতো দেখি তোমাকে—

সুনীলবাবু এজলাসে জামিন মঞ্জুর করাইতে বেলা তিনটা বাজিয়া গেল।

তাহার সাক্ষ্য দেখিয়া হয়তো বা কোনো-কোনো প্রবীণ মোক্তার কিছু ঈর্ষাভিত্ত হইয়া উঠিবেন তাবিয়া নিধু এজলাসে উপস্থিত হরিহর নন্দীর কাছে গিয়া বলিল—হরিবাবু, কোনো ফুল করি নি তো ?

হরিহর মোক্তার বলিলেন—ফেন ফুল করবে ? চমৎকার সওয়াল জবাব—

নিধু বিনীতভাবে বলিল—আপনাদের কাছেই শিখেছি হরিদা। আপনাদের দেখে-দেখেই শেখা—এখন আশীর্বাদ করুন—

হরিহর নন্দী অভিমাত্রয় উৎফুল্ল হইয়া বলিলেন—না, না, আশীর্বাদ তোমার কি করব—তুমি ব্রাহ্মণ, ওকথা বলতে নেই। তোমরা ছেলে-ছোকরা তাই বোঝ না। তোমরা আমাদের প্রণয়—ভবে তোমার কল্যাণ কামনা করচি, উন্নতি তুমি একদিন করবে—

কোর্ট হইতে চলিয়া আসিবার সময় সুনীলবাবু বলিলেন—নিধিরামবাবু আজ যেন যাবেন ?

—আজ্ঞে হ্যাঁ—

—আমার খাসকামরার একবারটি আসেন যদি, একটা কথা আছে—

কোর্টে উপবিষ্ট অনেকগুলি তরুণ ও প্রবীণ মোক্তারের ঈর্ষাভিত্ত দৃষ্টির সম্মুখে নিধু দ্রুতপদে সুনীলবাবু খাসকামরার প্রবেশ করিল।

সুনীলবাবু বলিলেন—আপনার সঙ্গে একটা চিঠি য়েব।

—বেশ, দিন না—আমি য়েব এখন।

—আর একটা কথা—আপনি দাখনবাবুকে কতটা জানেন ?

—তালোই জানি। কেন বলুন তো স্তর ?

—উনি লোক কেমন ?

—লোক মন্দ নয়।

সুনীলবাবু একটু তাবিয়া বলিলেন—তাই ভিগ্গেস করচি। আজ্ঞা, আপনি সোমবারে আসুন, একটা কথা বলব আপনাকে।

—বেশ, স্তর।

—লাগবিহারীবাবুকে আমার প্রণয় জানাবেন—আর আপনি তো বাড়ীর মধ্যে যান,

বি. র. ১০—৬ . .

পিসিমাকে বলবেন সামনের শনিবারে আমার নেমস্তন্ন করেচেন, কিন্তু ভিত্তিকৈ ম্যাজিস্ট্রেট আসবেন সেদিন—দুদিন থাকবেন—সুতরাং কোথাও যাওয়া-আসা হবে না। আপনারও যাওয়া হবে না।

—আমার ? কেন ?

—আপনার সঙ্গে ইন্টারভিউ করিয়ে দেব ম্যাজিস্ট্রেটের।

—আমার মতো লোকের সঙ্গে ইন্টারভিউ ?

—এসব ভালো। আপনার পদায়ে পক্ষে এগুলো বড় কাজের হবে।

—আপনার যা ইচ্ছে, স্তর।

শনিবারে কোর্ট বন্ধ হইতে চারিটা বাজিল। নিধু সঙ্গে-সঙ্গে বাসার আশিয়া কোর্টের পোশাক ছাড়িয়া সাধারণ পোশাক পরিয়া কিছু খাইয়া লইল। পরে বাসার চাবি চাকরের হাত দিয়া কুড়ুলগাছি রওনা হইল।

এতদিন সে ভাবিবার অবসর পায় নাই। নানা গোলমালে দিন কাটিয়াছে। জামিন মুক্ত করিবার ফি না পাইলে আজ বাড়ী যাওয়াই ঘটয়া উঠিত না। এতদূর রাত্তা হাঁটিয়া বাড়ী পৌঁছিতে সন্ধ্যা হইয়া যাইবে। তা হইলেই বা কি ? মঞ্জুর সঙ্গে সে আর দেখা করিবে না। তাহার সঙ্গে মঞ্জুর আর দেখাশোনা হওয়া তুল। দুদিন পরে সে পরত্নী হইতে চলিয়াছে—এখন তাহার সঙ্গে মেলাশোনা মানে কষ্ট ডাকিয়া আনা। অতএব আর গিয়া সে মঞ্জুর সহিত দেখা করিবে না। মিটিয়া গেল। কিন্তু সে বতই গ্রামের নিকট আসিতেছিল—তাহার সন্দের দৃঢ়তা সন্দেরে নিজের মনেই সন্দেহ জাগিল। মঞ্জুরকে না দেখিয়া থাকিতে পারিবে তো ? কেন পারিবে না ? কতদিনেরই বা আলাপ ? খুব পারিবে এখন। পারিতেই হইবে।

নিধুর মা বলিলেন—বাবা ! কি ছেলে তুমি ! এতদিন পরে মনে পড়ল ?

—কি করি বল। এক পরমা যোজগার নেই, এসে কি করব ?

—না-ই বা থাকলে যোজগার। তোকে বেখতে ইচ্ছে করে না আমাদের ? কালী, জল নিয়ে আর।

নিধু হাত ধুইয়া খাবার খাইয়া মায়ের সঙ্গে রান্নাঘরের দাঁওয়ার বলিয়া পল্ল করিতে লাগিল। হঠাৎ নিধুর মা মনে পড়িয়া দাঁওয়ার সুরে বলিয়া উঠিলেন—ভালো কথা ! তোকে যে মঞ্জু কতবার আজ ভেবে পাঠিয়েছিল ! আগের ছ শনিবারও ঠিক সন্দের আগে লোক পাঠিয়েচে খোজ নিতে তুই এসেচিস কিনা। একবার গিয়ে দেখা করিস সকালে। আজ বড় রাত হয়ে গেল।

কথা ভালো করিয়া শেব হয় নাই, এমন সময় বাহির হইতে নুপেনের কণ্ঠস্বর শোনা গেল—ও কালী, ও পুঁটি-দ্বিদি, নিধু! আসে নি ? নিধু ভাড়াভাড়া বাহিরে গিয়া বলিল—এই তো এলাম। এস, এস, ভালো আহ নুপেন ?

—আমি আসব না, আপনি আসুন নিধু! বাবা, আপনাকে খুঁজে খুঁজে—

—এতরাজে বাব ? নটা সাড়ে-নটা হবে যে।

—দ্বিধি পাঠিয়ে দিলে দেখতে আপনি এসেচেন কিনা—

—কিন্তু নিয়ে যেতে তো বলে নি ? কাল সকালে যাব—

—আম্বন আপনি—কিছু রাত হর নি। আমাদের বাড়ীর খাওয়া-দাওয়া মিটতে রাত বারোটা বাজে যোজ। এখন আমাদের সঙ্গে।

মঞ্জু অনেক অল্পযোগ করিল। এতদিন কি হইয়াছিল—গ্রামের কথা কি এমন করিয়া তুলিতে হয় ? কি হইয়াছিল তাহার ?

নিধু বলিল—পয়সার অভাব মঞ্জু। বাড়ীভাড়া দিতে পারি নি বলে ছুবেলা ভাগাদা সহিচি। কি করে বাড়ী আসি বল। কথাটা ঝোঁকের মাধ্যমে বলিয়া ফেলিয়াই নিধু ভাবিল টাকা-পয়সা বা নিজের কষ্ট-দুঃখের কথা মঞ্জুর কাছে বলা উচিত হয় নাই। কিন্তু নিধুর উক্তি মঞ্জুর মূখে কেমন এক পরিবর্তন আনিল। সে সহানুভূতির স্বরে বলিল—সত্যি নিধুদা ?

—মিথ্যে বলব কেন ?

—আপনি চলে এলেন না কেন ? টাকা আমি দিতাম—আমায় বললেন না কেন এসে, মঞ্জু আমার টাকার দরকার, দাও।

সেখানে অগ্নি কেহ তখন ছিল না—থাকিলে মঞ্জু একথা বলিতে পারিত না। নিধু বলিল—কেন তোমাকে অনর্থক বিরক্ত করব ?

মঞ্জু তীব্রকণ্ঠে বলিল—অনর্থক বিরক্ত করা ভাবেন এতে নিধুদা ? বেশ তো আপনি ?

মঞ্জুর রাগ দেখিয়া নিধু অপ্রতিভ হইল—কিন্তু পরক্ষণেই তাহার কথার মধ্যে একটা অভিমানের স্বর আসিয়া পৌঁছিয়া গেল। সে বলিল—সে জন্তে না মঞ্জু। তোমার টাকা নেব—ভারপর পুজোর পর এখান থেকে চলে যাবে তোমরা, টাকাটা শোধ দিতে হয়তো দেরি হবে—

—এ ধরনের কথা আপনি বললেন আমায় ! বলতে পারলেন আপনি ?

—কেন পারব না ? তোমার সঙ্গে আর দেখা করা উচিত নয় আমায়—জানো মঞ্জু ?

মঞ্জু বিস্ময়ের স্বরে বলিল—কেন ?

—জানো না কেন ? আর দুদিন পরে তোমরা চলে যাবে এখান থেকে। আবার হয়তো আসবে না কতদিন। হয়তো দু-দশ বছর। আমরা সামান্য অবস্থার মাল্ধব—বিদেশে যাওয়ার পয়সা নেই—দেখাই হবে না আর।

—ওঃ এই ! নিশ্চয়ই দেখা হবে। আমরা আসব মাঝে-মাঝে।

—তাতে কি ? তোমার আর কতদিন ? দুদিন পরে পরের ঘরে চলে গেলেই ফুরিয়ে গেল।

—কেন নিধুদা, এসব কথা আপনার মাঝার মধ্যে আজ এল কেন শুনি ?

—কারণ না থাকলে কার্য হয় না। ভেবে জাখ—

মঞ্জু ব্যস্তসমস্ত আগ্রহে বলিল—কি হয়েছে নিধুদা ? কি অন্তায় করে ফেলেচি আমি ? এমন কি কথা—

—আমি কিছু বলতে চাইনে। তুমি বুদ্ধিমতী—বুঝে দেখ—

মঞ্জু অল্প কিছুক্ষণ ভাবিয়া বলিল—বুকেচি নিধুরা।

—ঠিক বুকেচ ?

—হ্যাঁ।

—তবেই ভেবে ছাখ তোমার সঙ্গে আর আমার দেখা হওয়া উচিত মঞ্জু ? তুমি বড়লোকের মেয়ে—তুলে যাবে। কিন্তু আমি গরীব জ্বনিয়ার মোক্তার—আমার প্রথম জীবনে যদি উৎসাহ ভেঙে যায়—উত্তম নষ্ট হয়ে যায়—আর কিছু করতে পারব না বার-এ। সব ফিনিশ—

মঞ্জু নিরুত্তর রইল। নিধু চাহিয়া দেখিল তাহার বড়-বড় চোখ দুটি জলে টসটস করিয়া আনিতোছে—এখনি বুঝি বা গড়াইয়া পড়িবে।

নিধু বলিল—রাগ আমি করি নি, তোমার কোনো দোষ নেই তাও আমি জানি। দোষ আমারই, আমারই বোকা উচিত ছিল। তুল আমার।

মঞ্জু এবারও কিছু বলিল না, নতমুখে সিমেন্টের মেঝের দিকে চাহিয়া রহিল। নিধু বলিল—ও কথা আর তুলব না, থাক গে। তোমাদের প্রতিমা কই মঞ্জু ? পূজো তো এসে গেল।

মঞ্জু জলভরা চোখে নিধুর দিকে চাহিল। কোনো একটা অন্তর্য কাজ করিয়া ফেলিলে ছোট মেয়ে বকুনি খাইবার ভয়ে যেমন ভাবে গুরুজনের দিকে চায়—মঞ্জুর চোখে তেমনি মিনতি মাথানো ভয়ের দৃষ্টি। যেন সে এখনি বলিয়া ফেলিবে—বা হয়ে গিয়েচে, হয়ে গিয়েচে—আমায় আর বকে না তুমি।

নিধুর মন এক অপরূপ দয়া ও সহানুভূতিতে ভরিয়া উঠিল।

তাহার কপালে বাহাই থাক—এই সরলা করুণাময়ী বালিকাকে সকল প্রকার ব্যথা ও লজ্জার হাত হইতে বাঁচাইয়া লইয়া চলাই যেন তাহার জীবনের কাজ।

সে বলিল—বললে না প্রতিমা হচ্ছে না কেন ? পূজো হবে না ?

—প্রতিমা এখানে হচ্ছে ন' তো। দেউলে-সরাবপুরের কুমোরবাড়ী ঠাকুর গড়া হচ্ছে—সেখান থেকে দিয়ে যাবে।

—তোমরা সেই প্লে করবে তো ?

—আপনি যে রকম বলেন—

মঞ্জু যেন হঠাৎ ভরসাহারা ও অসহায় হইয়া পড়িয়াছে। যে মঞ্জু চিরকাল হুকুম করিতে অভ্যস্ত, নিজের ইচ্ছায় পথে কোনো বাধা যে কোনোদিন পায় নাই, বাপ-মায়ের আদরের মেয়ে বলিয়াও বটে, সম্বল অবস্থার মধ্যে লালিত-পালিত বলিয়াও বটে—আজ যেন সে তাহার সমস্ত কাজের জন্তে নিধুর পরামর্শ খুঁজিতেছে। 'নিধু মঞ্জুর করিলে তবে যেন সে কাজে উৎসাহ পাইবে। একথা ভাবিতেই নিধুর মন আবার যেন পত্তেজ হইয়া উঠিল, মধ্যের হুঃখ ও অবলাদের ভাবটা কাটিয়া গেল।

—ভা তুমি কর না মঞ্জু, আমি পেছনে আছি—

—পেছনে থাকলে চলবে না, আপনাকে পাঁট নিতে হবে—

—যদি বল, তাও নেব।

—আপনি পাট নেবেন না, পেন্স-র মধ্যে থাকবেন না শুনে আমার ওতে আর মন যায় না। উৎসাহ চলে যায়।

—কেন এরকম হল মজু? কোথায় ভোমরা ছিলে, কোথায় আমরা ছিলাম ভাব তো।

—সে তো সব জানি। কিন্তু তা বললে মন কি বোঝে নিধুদা? মনে যা হয়, তাই হয়।^০ বোঝালে কি কিছু বোঝে?

—কি বই করবে ঠিক করলে।

—বড়দা বলে গিয়েচেন রবি ঠাকুরের ‘ফাস্তনী’ করতে—ওঁদের কলেজে এবার করবে। উনি শিখিয়ে দেবেন। পড়েচেন আপনি?

—পাগল তুমি মজু? আমাদের বিজ্ঞেবুদ্ধি জানতে ভোমার আর বাকি নেই। নাম তনেচি, এই পর্যন্ত।

—কবিতা পড়েন নি তাঁর?

—খুব কম।

—আমার কাছে, ‘চরনিকা’ আছে—নিয়ে যাবেন। ভালো বই—

—সে তো জানি। তাই থেকে সেবার ‘কচ ও দেবদানী’ করেছিলে—চমৎকার হয়েছিল, এখনো যেন দেখতে পাই চোখের সামনে।

—আর লজ্জা দেবেন না নিধুদা। ওকথা থাক। আপনাকে পাট নিতে হবে—নেবেন তো?

—তুমি বললেই নেব। কবে থেকে মহলা হবে?

—কি হবে?

—ভোমরা থাকে বল রিহার্গ্যাল—কবে থেকে শুরু করবে?

—আপনার কথা শুনে এমন হাসি পায় আমার নিধুদা। দুঃখের মধ্যেও হাসি পায়। আমার মনে হয় আপনি সব সময় আমাদের মধ্যে থাকুন—আপনি যখন নিজের বাড়ী চলে যান জ্যাঠাইয়ার কাছে খেতে—আমি তখন কতদিন মাকে বলেচি, নিধুদা এখানেই তো ছুপুরবেলা পর্যন্ত থাকে, বাড়ী যাবে কেন খেতে, তার চেয়ে এখানে কেন খেতে বললে না? যা বলতেন—দুঃ, হোজ-রোজ ও যদি তোদের বাড়ী না থাক? আমার কিন্তু মনে হত, বা রে, আমরা নিধুদার পর হলাম কি করে? তা কেন লজ্জা করবে নিধুদার?

—আমিও তাই ভাবতাম কিন্তু। যদি খেতে না হয়, যদি সব সময় ভোমাদের বাড়ীর আদোহ-আহ্লাদের মধ্যে থাকি—

—আজ্জা, রামনগরে থাকবার সময়ে আমাদের বাড়ীর কথা আপনার মনে পড়ে না?

—পড়ে।

—কার-কার কথা মনে পড়ে?

—কাকাবাবুর কথা, কাকীমার কথা, বীরেনের কথা, নূপেনের কথা, বুড়ো বিচার কথা, কুকুরটার কথা, বেড়ালটার কথা।

মঞ্জু মুখে ঝাঁচল দিয়া ছেলেমাছরের মতো খুশিতে খিল-খিল করিয়া হাসিয়া উঠিল।

—উঃ, মোস্তারী আপনি করতে পারবেন বটে নিধুদা। কথাই বুদ্ধি সাজিয়ে ফেললেন যে। এদের সকলের কথা মনে পড়ে—না ?

—বা পড়ে, তাই বলেচি।

—ভালোই তো। আমি কি বলেচি আপনি তা না বলেচেন ? আমি আর কে, যে আমার কথা মনে পড়বে ?

—তা, পড়লেই বা কি ?

—আপনি মনে ব্যথা দিয়ে বড় কথা বলেন কিন্তু—সত্যি বলচি নিধুদা—কেন ওরকম করেন ? আমার মন তো পাথরে তৈরি নয় ?

মঞ্জু এইমাত্র হাসিবার সময় সে ঝাঁচল মুখে দিয়াছিল—ভাহাই তুলিয়া চোখে দিল। নিধু দেখিল সভ্যই ভাহার চোখ জলে ভরিয়া আসিতেছে। “সেকেও ক্লাসে পড়ে, শিক্ষিতা মেয়ে—অথচ কি ছেলেমাছব মেয়ে মঞ্জু ! আর কি অদ্ভুত লীলাময়ী। হাসি অশ্রু একই দময়ে মুখে চোখে বিরাজমান।

নিধু হাসিয়া বলিল—আচ্ছা, সত্যি মঞ্জু তুমি তাবলে এলব সত্যি ? আর সকলের কথা মনে পড়েচে—আর তোমার কথাই পড়ল না ? এ তুমি বিশ্বাস কর ?

—দেখুন মন বা বলে, মাঝে-মাঝে মাছবের কাছ থেকে তার জন্তে উৎসাহ পাওয়া চাই। তবেই মন খুশি হয়ে ওঠে। মুখে শোনা এজন্তে বড় দরকার। বলুন এবার ?

—না, বা বলেচি, তার বেশি আর কিছু সুনতে পাবে না আমার কাছে মঞ্জু।

নিধু সে রাতে বাড়ী আসিয়া একটি অদ্ভুত স্বপ্ন দেখিল।

কোথায় যেন সে একটা পথ বাহিয়া চলিয়াছে—ভাহার সামনে একটা বড় পুকুর—পুকুরে একরাশ পদ্মফুল ফুটিয়া আছে, পুকুরের পাড়ের ছোট্ট একটা কুঁড়েঘর হইতে হাত্তমুখী মঞ্জু বাহির হইয়া আসিল, অথচ ছুজনেই ছুজনকে জানে ও চিনিতে পারিয়াছে। মঞ্জু যেন ছলে-বাড়ীর মেয়ে, ব্রাহ্মণের মেয়ে নয়, ছুজনে অবাধে অসঙ্কোচে পুকুরপাড়ে বসিয়া জলে ডিল ফেলিতেছে ও অনর্গল বাকিয়া বাইতেছে—মঞ্জু জন্মের মেয়ে নয়, ভাহার লগ্নে মেশার কোনো বাধা নাই যেন।

স্বপ্নের মধ্যেই নিধুর মন আনন্দে ভরিয়া উঠিয়াছে যখন, ঠিক সেই সময় শাঁখের আওয়াজে ভাহার ঘুম ভাঙিয়া গেল। বিছানার উপর উঠিয়া বসিয়া চোখ মুছিতে মুছিতে সে বাহিরের রোয়াকে কালীকে দেখিয়া বলিল—কি রে কালী, শাঁখ বাজে কোথায় ?

—পুকুরঘাটে। আজ যে ওদের ঠাকুর-পূজার বট পাভা হচ্ছে—না গেল—

—কাদের বট পাভা হচ্ছে ?

—জলবাবুদের বাড়ীর দুর্গাপূজার বট আজ পাভতে হবে না ? এরোয়ী মেয়ে চাই, বা

গিয়েচে অনেকক্ষণ—

—আর কে-কে এসেচে ?

—কাকীমা ভো আছেন, ওশাড়া থেকে হৈম-দিদি এসেচে—

পুকুরঘাট হইতে শাঁখের আঙুরাজ যখন আবার পথের দিকে আসিল, তখন নিধু কিসের টানে উঠিয়া জানালা দিয়া চাহিয়া দেখিল আগে-আগে মঞ্জুর মা, তাহার পিছনে মঞ্জু, তাহার মা, হৈম, তুবন গাছুলির স্ত্রী আরও পাড়ার ছ-চারজন ঝি-বোঁ জল লইয়া ফিরিতেছে। মঞ্জুর পরনে লালপাড় সাদা শাড়ি, অনাড়ম্বর সাজগোজ—এতগুলি মেয়ের মধ্যে তাহার দিকে চোখ পড়ে আগে, কি চমৎকার গতিভঙ্গি, কি স্নন্দর মুখশ্রী, সাবান্দেহের কি অনবদ্য লাবণ্য—

নিধুর মনটা হঠাৎ বড় ধারাপ হইয়া গেল।

নিজেকে সে বুঝাইবার চেষ্টা করিল।

কেন এমন হয় ? কোনদিন কি সে ভাবিয়াছিল মুন্সেফবাবু তাহার সঙ্গে মেয়ের বিবাহ দিবেন ? তাহার মতো জুনিয়ার মোক্তারের সঙ্গে ? গ্রামের মধ্যে যাহারা সব চেয়ে দরিদ্র, যাহার বাবা সর্বদা মুন্সেফবাবুদের বৈঠকখানায় বসিয়া তোষামোদ বর্ষণ করিয়া বড়লোকের মন রাখিতে চেষ্টা করেন—যাহার মা জঙ্গগিরি বলিতে ভয়ে সঙ্কোচে এতটুকু হইয়া যায়—মুখ ভুলিয়া সমানে-সমানে কথা বলিতে ভরসা পায় না—এই বাড়ী, এই ঘর তোখে দেখিয়াও উহার সে বাড়ীর ছেলের সঙ্গে এমন স্নন্দরী, শিক্ষিতা মেয়ের বিবাহ দিবে—এ কি কখনো সে ভাবিয়াছিল ?

যদি এ আশা সে না করিয়া থাকে, তবে আজ তাহার ছুই পাঁচবার কি কারণ আছে ?

মঞ্জু ছুদিনের জন্তে এ গ্রামে আসিয়াছে—বড়লোক পিতার খেয়াল এবার গ্রামে তিনি পূজা করিবেন, খেয়াল মিটিয়া গেলে হয়তো আর দশ বৎসর তিনি এদিক বাড়াইবেন না—ভভদিনে মঞ্জু কোথায়। তাহার বিবাহ হইয়া ছেলেপুলে বড় হইয়া ফুলে পড়িবে। মিথ্যা আশার কুহক।

সে উঠিয়া হাতমুখ ধুইয়া কালীকে বলিল—কালী, একটু তেল দে, নেয়ে আসি পুকুর থেকে—

—এত সকালে দাদা ?

—ভা হোক—দে ছুই—

এমন সময় নিধুর মা বাড়ী চুকিয়া বলিলেন—নিধু, ওদের বাড়ী যা—দুজন ব্রাহ্মণকে জল খাইয়ে দিতে হয় দুর্গাপুজোর পিঁড়ি পাভবার পরে। জঙ্গগিরি তোকে এখনি বেতে বলে দিলেন।

নিধু মন সারিয়া আসিয়া ওবাড়ী গেল। মঞ্জুও ইতিমধ্যে মন সারিয়া ধাবার সাজাইয়া বসিয়া আছে—একজন ব্রাহ্মণ সে, অপর জন তুবন গাছুলি।

তুবন গাছুলি বলিলেন—এস বাবা, তোমার জন্তে বসে আছি—এঁরা ব্রাহ্মণকে না খাইয়ে কেউ জল খাবেন না কিনা!

—କାକା ବେଶ ଭାଲୋ ଆଛେନ ? ହୈମ ଏସେଟେ ଦେଖିଲ୍ୟ ନା ?

—ହୈମ ତୋ ଏ ବାଢ଼ୀତେହି ଆଛେ, ବୋଧ ହସ—

ରଞ୍ଜୁ ବଲିଲ—ହୈମଦି ତୋ ସାମ୍ନାଦେ, ଡାକବ ନାକି ? କାକାବାବୁକେ ବଳିଲିଲ୍ୟ ହୈମଦି
'ଆମାଦେର ଥିରେଟାରେ ପାର୍ଟି କରବେ—

ତୁବନ ଗାଞ୍ଜୁଲି ବାଢ଼ ନାଢ଼ିରା ବଲିଲେନ—କରବେ ନା କେନ ? ଆମି ତୋ ବଲେଟି । ଲାଲବିହାରୀ-
ଦାଦାର ବାଢ଼ୀତେ ସେରେଦେର ନକ୍ସେ ଥିରେଟାର କରବେ, ଏ ତୋ ଓର ଡାଗିଆ । ଆମାର ଆପଣ୍ଡି ନେହି—
ଓ ହୈମ, ହୈମ—

ହୈମ ଆମିରା ଦୋବେର କାଛେ ଦାଢ଼ାଇଲ । କୁଢ଼ି-ଏକୁଶ ବହର ବୟେନ, ରଠ ତତ କରନା ନା ହୈଲେଠ
ଦେହେର ଗଢ଼ନ ଓ ଯୁଖଣ୍ଡି ଭାଲୋ । ସେ ସେ ବେଶ ସଜ୍ଜଲ ଦେରେ ପଢ଼ିରାଛେ ତାହାର ମିକ୍ସେର ଶାଢ଼ି, ଦୁହାତେ
ମୋଟା ମୋନାର ବାଲା ଓ ବାହତେ ଆଢ଼ାଇ ମେଚେର ଡାଗା ଦେଖିଲେ ତାହା ବୋକା ସାୟ—ଏ ଛାଢ଼ା
ଆଛେ କାନେ ହିରାସିଂ, ଗଲାର ମୋଟା ଶିକଲି ହାର ।

ନିଧୁ ବଲିଲ—ଚିନତେ ପାର ହୈମ ?

ହୈମ ହାମିରା ବଲିଲ—କେନ ପାରବ ନା ? ଏ ଗାଁୟେର ସେରେ ନହି ?

—କବେ ଏଲେ ?

—ସାମଧାନେକ ହଲ ଏସେଟି । ତୁମି ଭାଲୋ ଆଛ ନିଧୁଦା ?

—ହଁୟା, ଏକ ସକସ ସନ୍ଦ ନୟ ।

ରଞ୍ଜୁ ବଲିଲ—ଆମି ହୈମଦିକେ ବଲେଟି ଆମାଦେର ନକ୍ସେ ଥିରେଟାର କରତେ ।

ହୈମ ହାମିରା ବଲିଲ—ତା କରବ ନା କେନ ? ବାବା ତୋ ବଲେଚେନହି । ନିଧୁଦା, ବହି ଠିକ
କରେଟ ?

—ସେ କରବେ ରଞ୍ଜୁ ।

ରଞ୍ଜୁ ଡାଢ଼ାଡ଼ାଢ଼ି ବଲିଲ—ଆମି ପାରବ ନା ନିଧୁଦା, ଆପନି ଠିକ କରେ ଦିନ ନା । ସବି
ଠାକୁରେର 'କାନ୍ତନୀ'ର କଥା ବଢ଼ଦା ବଲେଲିଲେନ—

ହୈମ ଦେଖା ଗେଲ 'କାନ୍ତନୀ'ର ନାମଠେ ଶୋନେ ନାହି, ସେ ବଲିଲ—ସେ କି ଭାଲୋ ବହି ?

—ସେ ଧୁବ ଭାଲୋ ବହି । ଏବାର କଲକାତାର ହୈ-ହୈ କରେ ମ୍ଲେ ହସ୍ତେ ଗିରେଟେ ।

—ତା ତୋସରା ଦେସନ ବଲ । ନିଧୁଦା ଆମାଦେର ଥିଧିରେ ଦେବେନ—

—ଆମି ଆବ କହିନ ଆଛି ? କାଲ ତୋ ମକାଲେହି—

—ହୁଦିନ କେନ ହୁଟି ନାଠ ନା ?

ରଞ୍ଜୁଠେ ନକ୍ସେ-ନକ୍ସେ ବଲିରା ଉଠିଲ—ତାହି କେନ କରନ ନା ନିଧୁଦା ?

—ସେ କି କରେ ହସ ? ତୋସରା ବୋକ ନା । ଏ କି କାରୋ ଠାକୁରି ସେ ହୁଟି ନିତେ ହବେ ?

ନା ଗେଲେ ଆମାରହି ଲୋକମାନ—

ହୈମ ବଲିଲ—ତାହଲେ ଆଜ ଓବେଲା ବହିଟା ଦେଖିରେ ଏକହି ମଢ଼େ ଦିରେ ସାଠ—

—ରଞ୍ଜୁ ତୋ ଯରେଟେ । ଓ ନବ ପାରେ । ଓର 'କଚ ଓ ଦେବଦାନୀ' ଦେଖିନ ଶୋନୋ ନି ହୈମ, ସେ
ଏକଟା ଶୋନବାର ଭିଲିଲ ।

মঞ্জু সলজ্জ স্বরে বলিল—ছাই। নিধুদার যেমন কথা। না ভাই হৈমদি—
তুবন গাঙ্গুলি জলযোগান্তে উঠিয়া বিদায় লইলেন। হৈম বলিল—বাবা, তুমি যাও—আমি
এর পরে যাব। নিধুদা না হয় দিবে আসবে এখন।

মঞ্জু বলিল—হৈমদি, আমার ভাইয়েরা আর নিধুদা কিন্তু পাট নেবে—
হৈম চিন্তিত মুখে বলিল—ভাই তো ভাই, এ সুনলে আমার কি বাড়ীতে প্লে করতে দেবে
ভাই ?

—কেন দেবে না ?

—পাড়াগাঁয়ের গতিক তো জানো না—কে কি বলবে সেই ভয়ে বাড়ীর লোক যদি
আপত্তি করে, তাই ভাবচি।

নিধু বলিল—ভাতে কি ? আমি না হয় না-ই করলাম—

মঞ্জু বলিল—তবে হবে কি করে ? পুরুষসাহসের পাট মেয়েরা করতে গেলে অস্ত মেয়ে
কোথায় পাব এখানে।

—কেন, ভোমাদের বাড়ীতে তো অনেকে আসবেন পূজোর সময়—

—ভাদের সকলকে দিয়ে এ কাজ হবে না—তু-একজনকে দিয়ে হতে পারে। ভাছাড়া
বিহার্গ্যাল দেওয়া না থাকলে তারা প্লে করবে কি করে ? এ ভো ছেলে খেলা নয় ! তুমি
ভাই হৈমদি, বাড়ীতে বলে এস ওবেলা—জিগগেস করে দেখ—

হৈম বলিল—এতে আমার ওপর যেন রাগ কোয়ো না নিধুদা, হয়তো ভাববে—

—আমি কিছু ভাবব না হৈম—মঞ্জু শহরে থাকে, ও পাড়াগাঁয়ের অনেক খবরই রাখে না
—ওকে বরং বল—

মঞ্জু বলিল—চা হয়ে গিয়েচে—বসো হৈমদি—নিরে আমি—

মঞ্জুর কথা শেষ হইতেই মঞ্জুর বিধবা খুড়ীমা ট্রে-র উপর চায়ের পেয়ালা সাজাইয়া লইয়া
ঘরে ঢুকিয়া বলিলেন—এই নে চা, ওড়ের দে—মঞ্জু—

—ভিন পেয়ালা কেন কাকীমা, নিধুদা তো চা খায় না—

—নিধু তুমি চা খাও না ? আমি তা জানিনে বাবা—গরম দুধ খাবে ? এখনি দুধ দিয়ে
গেল—

—না কাকীমা—দুধ চুমুক দিয়ে খাব, ছেলেসাহস নাকি ? আমার দরকার নেই—ব্যস্ত
হবেন না মিছিমিছি—

নুপেন আলিয়া বলিল—বাবা একবার নিধুদাকে বাইরে ডাকচেন দিদি—

বাইরের বৈঠকখানায় লালবিহারীবাবু ও তুবন গাঙ্গুলি বসিয়া। লালবিহারীবাবু প্রকাণ্ড
গড়গড়াতে ভানাক টানিয়া বৈঠকখানা প্রায় অন্ধকার করিয়া ফেলিয়াছেন। তিনি লনান-
পহী লোক—বাড়ীতে ন-হাত কাপড় পরিয়া থাকেন—গায়ে সব সময় জামা বা ফতুয়া থাকেও
না। কোনো প্রকার বড়লোকী চালচলন বা সাহেবিয়ানা এ গ্রামের লোক দেখে নাই
তঁাহার। সাধারণ লোকের সঙ্গে গ্রামের পাঁচজনের মতোই বেশেন।

নিধু বলিল—আমায় ডাকচেন কাকাবাবু ?

—হ্যাঁ হে, সুনীল কি সামনের শনিবারে আসবে না ?

—আজ্ঞে না—চিঠি লিখেচেন তো সেই বলেই বোধহয়—পরের শনিবারে আসবার চেষ্টা
‘করবেন—

—তুমি কি কাল যাচ্ ?

—আজ্ঞে হ্যাঁ—

—তাহলে একবার বিশেষ করে অহরোধ কোরো ওকে এখানে আসবার জন্তে—

—নিশ্চয়ই বলব—

—তুমি সুনীলের সঙ্গে মেশো তো ?

—আজ্ঞে মিশি—তবে আমরা হলাম জুনিয়ার মোক্তার—আর তিনি হলেন আমাদের
হাকিম—বুঝতেই তো পারেন—

—একখানা চিঠি দেব নিয়ে গিয়ে ওর হাতে দিও—

—আজ্ঞে নিশ্চয়ই দেব—

নিধু পুনরায় বাড়ীর মধ্যে ফিরিয়া দেখিল হৈম ওরকে হেমপ্রভা দালানে বসিয়া নাই। মঞ্জু
একা বসিয়া অনেকগুলো শিশিবোতল জড়ো করিয়া কি করিতেছে। মুখ তুলিয়া বলিল—
আসুন নিধুদা, হৈমদি ওপরে গিয়েচে কাকীমার সঙ্গে কথা বলতে—বহন—

—ওসব কি ?

—মা’র কাণ্ড। আসবার সময় আচার এনেছিলেন, জ্যাম, জেলি— বর্ষায় সব নষ্ট
হয়ে গিয়েচে—জু-একটী যা ভালো আছে দেখে-দেখে তুলচি—বাকি ফেলে দিতে হবে
—থাবেন নিধুদা ? এই একরকম জিনিস আছে—মাত্রাজি জিনিস—একে বলে ম্যাডো
পার্গ—চিনির মতো দেখতে। একটু খেয়ে দেখুন, ল্যাঙড়া আমের গন্ধ—আম খাচ্চি
মনে হবে—

নিধু একটু চিনির মতো শুঁড়া হাতে লইয়া মুখে ফেলিয়া বলিল—বাঃ, সত্যিই তো আমের
গন্ধ ! আমরা পাড়াগাঁয়ের লোক, এসব কোথায় পাব বল।

মঞ্জুর বড়-বড় চোখে যেন বেহনার ছায়া পড়িল—সে নিধুর দিকে চাহিয়া বলিল—ওসব
বলতে আছে—ছিঃ—কষ্ট হয় না ?

মঞ্জুর স্বর হঠাৎ এমন ঘনিষ্ঠ আত্মীয়তার মাখানো, এমন স্নেহপূর্ণ মনে হইল নিধুর
—যে তাহার বুকের তিতরটা যেন কেমন করিয়া উঠিল। নিজের অজান্তসারেই তাহার
মুখ দিয়া বাহির হইয়া গেল যে কথা—তাহার জন্ত সে সার্বাদিন অহুতাপ করিয়াছিল
মনে-মনে। দোষও নাই—নিধু ভরপ সুবক, এই তাহার জীবনে অন্যতম প্রথম নারী,
যে তাহাকে স্নেহের ও শ্রীতির চোখে দেখিয়াছে। জীবনের এক লক্ষ্য নূতন অভিজ্ঞতা
তাহার। নিধু বলিয়া ফেলিল—আর আমার কষ্ট হয় না মঞ্জু ? তোমার জন্তে আমার মন
কাঁদে না বুঝি ?

মঞ্জু পাখয়ের মূর্তির মতো অবাক ও নিশ্চেষ্ট ভাবে নিধুর দিকে চাহিয়া বসিয়া রহিল।
নিধু আবার বলিল—আমি এখন দু-শনিবার আসব না—

—কেন নিধুদা ?

—শায়নের শনিবারে ডিল্লিক্টে ম্যাজিস্ট্রেট আসবেন—তার পরের শনিবারে তোমাদের
এখানে সুনৌলবাবু আসবেন—এই মাত্র কাকাবাবু ডেকে বললেন—

—কি বললেন ?

—সেই শনিবারে আসবার জন্তে বললেন—আমি আর কক্ষনো আসব না মঞ্জু।
আমার বুকি মন বলে জিনিস নেই, না ? আমি আসতে পারব না—তুমি কিছু মনে
কোয়ো না।

মঞ্জু অপলক দৃষ্টিতে কিছুক্ষণ নিধুর মুখের পানে চাহিয়া থাকিয়া অন্তহিকে মূখ ফিরাইল।
তাহার পদ্মের পাপড়ির মতো ডাগর চৌখ দুটি বাহিয়া জল গড়াইয়া পড়িল। নিধুর কথা
সে কোনো জবাব দিল না—হঠাৎ যেন সব কাজে সে উৎসাহ হারাইয়া ফেলিল—জ্যায়
জেলির শিশি-বোতল অগোছালো ভাবে ইতস্তত পড়িয়াই রহিল—তাহার মধ্যে তরসাহারা
কুত্র বালিকার মতো মঞ্জু বসিয়া চোখের জল কেলিতেছে—ছবিটা চিরকাল নিধুর মনে গাঁথিয়া
গিয়াছিল।

নিধু বলিল—ওঠ মঞ্জু, আমার ভুল হয়ে গিয়েচে—আর কিছু বলব না।

মঞ্জু জলভরা চোখে তাহার দিকে চাহিয়া বলিল—আসবেন ভো ওবেলা—এখানে কিছু
থাবেন।

—খাওয়ানোর লোভে তোমার নিধুদা ভুলবে ভেবেচ তুমি ? অমন লোক পাও নি—

—আমি কি তাই ভাবচি ? গায়ে পড়ে বগড়া বাধান আপনি—

—আমি এখন আসি; ওবেলা আবার আসব—

—না বন্ধন, এখুনি গিয়ে কি করবেন ? আপনাদের বন্ধ হবে কবে ?

—এখনো চোদ্দ-দিন বাকি, মহালয়ার দিন থেকে বন্ধ হবে স্তনচি—

—কোর্ট বন্ধ হলে এখানে চলে আসবেন ভো ?

—ঐ যে বললাম, নয় তো আর বাব কোথায় ! বড়লোক নই যে হিন্দি-হিন্দি-মঞ্চা বাব।

এই বাঁশবনেই কাটল চিরকাল, এই বাঁশবনেই আসতে হবে।

—এক কালে বড়লোক হবেন ভো, তখন কোথায় যাবেন ?

—আমি হব বড়লোক ! তবেই হয়েছে ! তুমি হাসালে দেখচি মঞ্জু !

মঞ্জু গভীর ভাবে বলিল—কে বলেচে আপনি বড়লোক হবেন না ? আমি বলচি দেখবেন
আপনি খু—উ—ব বড়লোক হবেন।

—তোমার মুখে ফুলচন্দন পড়ুক মঞ্জু—

—তা বহি হয়, আজকের দিনের কথা আপনার মনে থাকবে ? দাঁড়ান আজ কি তারিখ,
ক্যালেন্ডারটা দেখে আসি ওপর থেকে—

কথা শেষ করিয়াই মঞ্জু লক্ষ্মণতি হরিণীর মতো উদ্ভঙ্কিত্তে ছুটিয়া গেল পাশের ঘরে—এবং তখনই হাসিমুখে ফিরিয়া আসিয়া বলিল—আপনার ভায়েরী আছে ? লিখে রাখবেন গিয়ে সতেরোই সেপ্টেম্বর—আমি বলেছিলুম আপনি বড়লোক হবেন—আমি, মঞ্জুরী দেবী—

° নিধু হাসিতে-হাসিতে বলিল—বয়েস বোলো, মাকিন কুড়ুলগাছি মহকুমা রামনগর—থানা—ওই—পিতার নাম শ্রীযুক্ত বাবু লালবিহারী—

মঞ্জু খিল-খিল করিয়া হাসিতে-হাসিতে বলিল—থাক, থাক—ওকি কাণ্ড ! বাবারে আপনি এতও জানেন ! আমি ভাবি নিধুদা বড় ভালোমানুষ, নিধুদা আমাদের মোটে কথা বলতে জানে না। নিধুদা দেখচি কথার ঝুড়ি।—

—কথার ঝুড়ি না হলে কি মোক্তার হয় মঞ্জু ? তবে আর ব্যবসাতে উন্নতি করব কি করে বড়লোকই বা হব কি করে বল !

—আচ্ছা, যদি বড়লোক হন, আমার কথা মনে থাকবে ?

হঠাৎ তাহার মুখ হইতে তরল কৌতুকের হাসি অপসৃত হইল—চোখের কোণে বেদনার ছায়াপাতে মুখখানি অপরূপ ব্যাথাভরা লাগে ও শ্রীতে মণ্ডিত হইয়া উঠিল—এক মুহূর্ত্তে যেন মনে হইল এ মঞ্জু ষোড়শী বালিকা নয়, বহুযুগের শ্রৌচা জ্ঞানময়ী, বহু অভিজ্ঞতা ও বহু-কল্প-কৃতি-দ্বারা লক্ষ্যক্তি পুরাতন নারী—বালিকা হইয়া আজ আসিয়াছে যে, সে ইহার নিতান্তই লীলা—আরও কতবার এইভাবে আসিয়াছে।

নিধু মুগ্ধ হইয়া গেল, তাহার বৃকের মধ্যে যেন কেমন করিয়া উঠিল। মঞ্জুকে সে আর খোঁচা দিয়া কথা বলিবে না, বালিকার মনে কেন সে মিছামিছি কষ্ট দিতে গিয়াছিল ? মঞ্জু চপলা বটে, কিন্তু সে গভীর, সে ধীর বুদ্ধিমতী, অভলম্পর্শ তাহার মনের রহস্য। এতদিন সে মঞ্জুকে ঠিক চিনতে পারে নাই। নিধু কোনো কথা বলিতে পারিল না, কথার সে উত্তর দিতে পারিল না। জীবনে এমন সময় আসে, এমন মুহূর্ত্তের সন্ধান মেলে—যখন কথা মুখ দিয়া বাহির হইলেই মনে হয় এই অপরূপ মুহূর্ত্তটির জাহ কাটির। বাইবে, ইহার পবিভ্রাতার ব্যাঘাত ঘটবে। তাহার বৃকের মধ্যে কিসের যেন চেঁটে উপরের দিকে থাকা দিতেছিল—সেটাকে আর একটু প্রস্রয় দিলেই সেটা কার্যরূপে চোখ দিয়া গড়াইয়া সব ভাসাইয়া ছুটিবে।

কিছুক্ষণ দুজনেই চুপচাপ—নিস্তব্ধতা যে একটা মনোরম মায়ী সৃষ্টি করিয়াছে এই ঘরের মধ্যে—তা বড় কম সময়ের জন্তেই হোক না কেন, কেহ চাহে না যে আগে কথা বলিবার রূঢ় আঘাতে তাহা ভাঙিয়া দেয়।

এমন সময় হঠাৎ ঘরে ঢুকিলেন নিধুর মা।

—হ্যাঁরে, ও নিধু—এখানে বসে ? মঞ্জু মা কি করচ শিশি-বোভল নিয়ে ? ওগুলো কি মা ?

—আহ্নন, আহ্নন, জ্যাঠাইমা—সকালে যে !

—তোমাদের পূজার পাটাপাতা দেখতে এলাম—তা এত সকালে পাটা পাতলে যে

তোমরা! এখনো তো পূজোর সন্ধ্যের দিন বাকি—

—তা তো জানিনে জ্যাঠাইমা, পুরুতমশাই কাল নাকি কাকাকে বলে গিয়েচেন—

—দ্বিধি কোথায় দেখচিনে কে ?

—মা ? ওপরের ঘরে পূজো করচেন বোধ হয়—তাকব ?

—না, না, মা পূজো করচেন, তাকতে হবে কেন—থাক। আমি এমনি দেখতে এলাম—

—জ্যাঠাইমা, একটু চা খাবেন না ?

—না মা, আমি এখনো নাই নি-খুই নি—বেলা হয়ে গেল। এইবার নাইতে যাব গিয়ে। নিধু থাকবি নাকি না আসবি ?

মজু হাসিয়া বলিল—জ্যাঠাইমা, নিধুমা যেন আপনার ছোট্ট খোকাটি, ওকে কোথাও ছেড়ে দিয়ে ঠাণ্ডা থাকতে পারেন না, বাইরে কোথাও দেখলে সঙ্গে করে বাড়ী নিয়ে যেতে হবে।

নিধু সলজ্জমুখে বলিল—তুমি যাও না মা, আমি যাব এখন। নিধুর মা কিছু তখনি চলিয়া গেলেন না, তিনি আরও আগাইয়া আসিয়া বলিলেন—ওগুলো কিসের শিশি-বোতল মা ? খালি আছে ?

—এগুলো আম-জেলি—ইয়ে—আচারের-মোরোস্বার শিশি—জ্যাঠাইমা, বর্ষার খারাপ হয়ে গিয়েছিল তাই বেছে রাখছিলাম—

—আমি ভাবলাম বুঝি খালি আছে।

—কি হবে খালি শিশি ? দরকার জ্যাঠাইমা ?

—এই জিনিসটা পস্তরটা রাখতে—এলব জায়গায় তো পাওয়া যায় না—বেশ শিশিগুলো—

নিধু সন্ধ্যাটে এতটুকু হইয়া গেল। সে বুঝিল রঙচঙওয়াল শিশিগুলি দেখিয়া মা'র লোভ হইয়াছে—সেরেমাছবের কাণ্ড। তা দরকার থাকে, এখানে চাহিবার দরকার কি ? মাকে লইয়া আর পারা যায় না। ঘটে যদি কিছু বৃদ্ধি থাকে এদের।

মজু শশব্যস্ত হইয়া বলিল—হ্যা, হ্যা, জ্যাঠাইমা—শিশির দরকার ? আমি ভালো শিশি এনে দিচ্ছি। বিলিতি জেলির খালি বোতল আছে মা'র ঘরে মোতলায়। আমি আসচি এখুনি—বসুন জ্যাঠাইমা।

মজু ঘর হইতে জন্তপদে বাহির হইয়া গেল এবং কিছুকণ পরেই ছুটি স্তূপ্ত লেবেলমার খালি বোতল আনিয়া নিধুর মা'র হাতে দিয়া বলিল—এতে হবে জ্যাঠাইমা ?

নিধুর মা বোতল ছুটি হাতে পাইয়া যেন স্বর্গ পাইলেন এমন ভাব দেখাইয়া বলিলেন—খুব হবে মা, খুব হবে। আশীর্বাদ করি বেঁচে-বর্তে থাক—বাজবানী হও মা—আমি আসি তাহলে এবেলা—

নিধুও মায়ের শিষ্ট-শিষ্ট বাড়ী আসিল। বাড়ীতে পা দিয়াই সে একেবারে অধিশূন্য হইয়া মাকে বলিল—আজ্ঞা, মা, তোমার কি একটা কাণ্ডজান নেই ? কি বলে ছুটা

খালি বোতল ভিক্ষে করতে গেলে ও-বাড়ী থেকে ? তোমার এই মাগুনতুড়ে স্বভাবের জন্যে আমার মাথা হেঁট হয় তোমার সে জ্ঞান আছে ? ছিঃ-ছিঃ—এতটুকু কি কাণ্ডজ্ঞান ভগবান দেন নি ?

নিধুর মা বৃষ্টিতে না পারিয়া বিশ্বয়ের স্বরে বলিলেন—ওমা, তা তুই আবার বকিস কেন ? কি করেচি আমি !

—তোমার মৃত্যু করেচ, নেও—এখন শিশিবোতল সাজিয়ে রেখে ঘরে ধুনা দেও । ওভে তোমার কি মালমসলা, অপকরণ সম্পত্তি থাকবে শুনি ?

—তুই তার কিছু বুঝবি ? লবঙ্গ, ধনের চাল, হল গিয়ে গোটার গুঁড়ো কত কি মাথা যায় ! কেমন চমৎকার বোতল ছুটো ! এখানে কোথায় পাবি ওরকম ?

নিধু আর কিছু বলিল না । মাকে বুঝাইয়া পারা যাইবে না—নিতান্ত সরলা, নিধুর লক্ষ্যে যে কোথায়—তাহা তিনি বুঝিবেন না ।

জগোষ্ঠাকরণ পুরুষঘাটে নিধুর মাকে বলিলেন—বলি বড় বাড়ীর পূজোর কতদূর, ও নিধুর মা ?

—পিরতিমে গড়ানো হচ্ছে—আজ পাটা পাতা হল ওবেলা—

—পাটা এখন আবার কে পাতে ? বিধেন দিলে কে গা ?

—কি জানি—তবে মঞ্জু বলছিল ওদের ভটচাক্কি দিয়েচেন । আমিও ওকথা বলেছিলাম ওবেলা ।

—হ্যাঁগা নিধুর মা, একটা কথা শুনলাম, কি সত্যি ? নাকি মেয়ে-পুরুষে মিলে খিয়েটার করবে ? ওদের বাড়ীর মেয়েরা আর ওই ভূবন গাজুলির মেয়ে হৈম, তোমাদের নিধু—আরও নাকি কে-কে ?

—তা ভো দ্বিধি বলতে পারলাম না—আমি কিছু শুনি নি—

বাস্তবিকই নিধুর মা একথার কিছুই জানিতেন না ?

জগোষ্ঠাকরণ বলিতে লাগিলেন—আর কি লেহিন আছে গাঁয়ের ! ছোট্টাকুরের প্রত্যাপে এক সময়ে এ গাঁয়ে যা খুশি করে পায় পাবার উপায় ছিল না—তা সবাই গেল মরে হেজে—এখন টাকা যার, সমাজ তার । নইলে এ সব খিষ্টিয়ানি কাণ্ড কি হতে পারত কখনে এখানে ? আমি ভূবনকে আচ্ছা করে শুনিয়ে দ্বিইচি ওবেলা । বললাম—মেয়েকে যে খিয়েটার করতে দ্বিচ্ছ ওরা না হয় জজ মেজেষ্টার লোক, টাকার জোরে তবে যাবে—তোমার মেয়ের কুচ্ছে রটলে যদি পণ্ডরবাড়ী থেকে না নেয় ?

—ভূবন ঠাকুরপোকে বললেন ?

—কেন বলব না শুনি ? জগোষ্ঠাকরণ—কারো এক চালে বাসও করে না, কাউকে কুকুরের মতো খোশামোদও করে বেড়ায় না—কারো কাছে কোনো পিত্ত্যশ মাখি নে কোনোদিন—

শেষের কথাটা নিধুর মাকে লক্ষ্য করিয়াই বোধ হয় বলা—কিন্তু নিধুর মা তাহা বুঝিতে

পারিলেন না—খুব অল্প উক্তি বা একটু বাক্য ধরনের কথাবার্তা হইলে নিধুর মা তাহা আর বুঝিতে পারেন না।

কথাটা তিনি নিধুকে আসিয়া বলিলেন। নিধু বৈকালের দিকে মঞ্জুদের বাড়ী গেল মঞ্জুর বাবাকে দেখিতে—কারণ তাঁহার রক্তের চাপ হঠাৎ বৃদ্ধি হওয়ার দুপুরের পর হইতেই তিনি অসুস্থ হইয়া পড়িয়াছেন—সেখানে গিয়া দেখিল মঞ্জু বাবার ঘরের বাহিরে দোতলার বায়ান্ধাতে বসিয়া সেলাই করিতেছে। নিধুকে দেখিয়া বলিল—আস্তে-আস্তে নিধুদা, বাবা এবার একটু সুস্থিয়েচেন। চলুন আমরা নিচে যাই বস—

—একবার শুঁকে দেখে যাব না ?

—এখন থাক। ঘুম যদি সন্দের আগে ভাঙে, তবে দেখতে আসবেন এখন। সিঁড়িতে নামিবার সময় নিধু মায়ের কাছে যাহা শুনিয়াছিল, সব বলিল। মঞ্জু শুনিয়া বিশেষ আশ্চর্য হইল না, বলিল—হৈমদি নিজেই একখণ্ড তো ওবেলা বলে গেল। আমরা যদি পুরুষ না নিই—ভবুও তাঁরা বাড়ীতে করতে দেবেন না ?

—তাও বলতে পারি নে—আপত্তি যদি করে তাতেও করতে পারে—

বলিতে-বলিতে হৈমের গলা শোনা গেল, বাহির হইতে ডাকিতেছে—ও মঞ্জু ও নুপেন—মঞ্জু ছুটিয়া আগাইয়া লইয়া আসিতে গেল। এবেলাও হৈম খুব সাজগোজ করিয়া মুখে ঘন করিয়া পাউন্ডার মাখিয়া, চুলে ফ্যান্সি খোপা বাঁধিয়া ও ফুল গুঁজিয়া আসিয়াছে। বাড়ী চুকিয়াই সে বলিল—নিধুদা আসে নি ?

—এসে বসে আছেন। এস দালানে হৈমদি—

—আজ অনেকক্ষণ পর্যন্ত রিহার্গ্যাল দিতে হবে কিন্তু—

—শোনেন নি হৈমদি, বাবার বড় অসুস্থ যে—

হৈম বিশ্বাসের স্বরে বলিল—জ্যাঠামশায়ের অসুস্থ ? কি অসুস্থ ?

—ব্লাড প্রেসার বেড়েচে—ওই নিয়েই তো ভুগছেন। তাই আজ আর রিহার্গ্যাল হবে না।

—না, তা আর কি করে হবে ! এখন কেমন আছেন উনি ?

—এখন একটু ভালো। এসব কলকাতার রোগ হৈমদি, পাড়ারগায়ে এসব নেই বলে মনে হয় আমার।

হৈম একটু পরেই বলিল—তাহলে আজ যাই মঞ্জু—আমি—

হঠাৎ মঞ্জুর মনে পড়িয়া গেল কথাটা। বলিল—হৈমদি, তোমার বাবা কিছু বললেন নাকি তোমায় এ বিষয়ে ?

—কি বিষয়ে ?

—এই বিষয়েটা নয়।

—তা তিনি বলতে পারেন না। আমার খণ্ডরবাড়ী থেকে আপত্তি না করলেই হল।

আমি ওলব মানিনে—

—সে কথা নয় হৈমদি—গায়ের কে এক বৃদ্ধি (নিধু নাম বলিয়া দিল)—হ্যাঁ সেই

অগোষ্ঠাকরণ আপনার বাবাকে কি সব বললেন। পুরুষের সঙ্গে মিশে খিয়েটার করলে বা এমনিই খিয়েটার করলে তোমার মেয়ের বদনাম ঘটবে।

হৈম ভাঙ্ছিল্যেঃ সুরে বলিল—ওঃ, এই কথা! ও আমি গ্রাহি করি নে। আমি বা খুশি করব—তাতে বাবা পর্যন্ত কি বললে তুমি নে তো অগোষ্ঠাকরণ! আচ্ছা এখন তাহলে আমি—

—না রে, চা খেয়ে যান হৈমসি—

—না ভাই, আর একদিন এসে খাব। নিধুদা আমার একটু এগিয়ে দাও না? নিধু মঞ্জুকে বলিল—বস মঞ্জু, আমি ওই তেঁতুল-ভলার মোড় পর্যন্ত হৈমকে এগিয়ে দিয়ে আসছি—
পথে পড়িয়া হৈম বলিল—তুমি খিয়েটার করবে তো নিধুদা?

—আমার আর করা হয় হৈম? গাঁয়ের মধ্যে যদি কথা ওঠে এ নিয়ে—

—ওঃ, ভাবি কথা। তুমি না করলে আমিও করব না নিধুদা, তুমি আছ তাই করছি।

নিধু আশ্চর্য হইয়া হৈমের মুখের দিকে চাহিল। হৈম বলে কি!

হৈম পুনরায় বলিল—আমার কথা মনে হয় নিধুদা? বল না নিধুদা—

নিধু একটু বিব্রত হইয়া পড়িল। হৈমর এ সব কথায় সে কি উত্তর দিবে?

হৈম একটু গায়ে-পড়া ধরনের মেয়ে তাহা সে পূর্কেই জানিত। ভাবিয়াছিল, আজকাল বিবাহ হইয়া ও বয়স হইয়া বোধ হয় সায়িয়া গিয়াছে। এখন দেখা যাইতেছে তা নয়।

পরে মুখে বলিল—হ্যা—তা মনে হত না কি আর? গাঁয়ের মেয়ে—ছোটবেলা থেকে দেখে আসছি—

—আজ সন্ধ্যাবেলা আমাদের বাড়ী এস না কেন নিধুদা—ওখানে চা খাবে—বেশ গল্প করা যাবে এখন—

—আমি চা তো খাইনে হৈম—তা ছাড়া সন্ধ্যাবেলা মঞ্জুদের বাড়ী খিয়েটার সম্বন্ধে হেস্ত-নেস্ত একটা করে ফেলতে হবে, যাই কি করে?

—কাল আসবে? না—ও, কাল তো তুমি চলেই যাবে। কাল দিনটা নাই বা গেলে নিধুদা?

কি বিপদ! ইহার এত জোর আসিল কোথা হইতে? নিধু বলিল—না গেলে চলে হৈম? কত দরকারি কেস সব হাতে রয়েছে। বেতেই হবে।

হৈম অভিমানের সুরে বলিল—আমার কথা রাখবে কেন? মঞ্জুর কথা হত তো রাখতে—
আচ্ছা, সামনের শনিবার এসে তোমাদের ওখানে যাব, হৈম।

হৈম হাসিয়া নিধুর দিকে চাহিয়া বলিল—ঠিক যাবে তো? তাহলে কথা রইল কিন্তু। এ গাঁয়ে এসে আমার মন মোটে টেকে না নিধুদা—মোটে মিশবার মাছব নেই—আমি চিরকাল গোরাডাী স্থলে থেকে পড়েছি—জানো তো? আমি গাঁয়ে এসে যেন হাঁপিয়ে উঠি—
একটু আমোদ নেই, আছাছা নেই—এমন একটা লোক নেই, যার সঙ্গে ছুও কথা বলে স্তম্ভ হয়। শুকুও মঞ্জুরা এসেছিল, ওরা শহরের মেয়ে, আমোদ করতে জানে। ওই বলতে খিয়েটার

করবে—আমার ওতে তারি উৎসাহ। সময়টা তো বেশ কাটবে? তাই আমি—তুমি থাক—
আমার বেশ ভালো লাগে—হৈম নিধুর দিকে অপাঙ্গ দৃষ্টিতে চাহিয়া হাসিয়া ফেলিল। বলিল
—সত্যি কিন্তু আসবে সামনের শনিবারে নিধুদা, আমার মাথার দ্বিবি—সেদিন কিন্তু আমাদের
বাড়ীতে চা খাবে—

—চা আমি খাই নে হৈম—

—চা না খাও, খাবার খেও। আর আমরা গল্প করব, ঠিক রইল কিন্তু—

—থিয়েটার তাহলে তুমি করবে। কিন্তু অগোষ্ঠাকরণ কি বলেচে আজ মা'র কাছে
তুনেচ তো?

—বলুক গে। আমি ওসব মানি নে। আমার শক্তরবাড়ী তেমন নয়—কেউ কিছু
বলবে না।

—সে তুমি বোঝ, আমার স্তানে কথাটা উঠেচে যখন জোমাদের কাছে বলা আমার
উচিত। মঞ্জুদের কেউ কোনো দোষ ধরবে না, কেন না ওরা হল বড়লোক—ওরা এখানে
থাকবেও না। ওদের কে কি করবে?

—আমায়ও কেউ কিছু করতে পারবে না। জীবনে দুঃখ মোক্ষ করব না, আহ্লাদ
করব না—মুখ বুজিয়ে বসে থাকব এই অজ পাড়াগাঁয়ের মধ্যে, সে আমার দ্বারা হবে না।

—আচ্ছা, তুমি এস হৈম—

—কোথায় যাবে এখন? মঞ্জুদের বাড়ী?

—না বেলা হয়েছে—এখন বাড়ী যাব।

—ওবেলা যাবে ওখানে—তাহলে আমিও আসি।

নিধু মনে-মনে বিরক্ত হইলেও বলিল—তার এখন কিছু ঠিক নেই—আসতেও পারি।
এখন বলতে পারি নে—

বৈকালের দিকে নিধু ভাবিল সে মঞ্জুদের বাড়ী যাইবে কিনা। মন সেখানে যাইবার জন্মই
উন্মুখ হইয়া আছে যেন। অথচ বেশ বোঝা যাইতেছে সেখানে আর তাহার যাওয়া উচিত
নয়। বেলা পড়িয়া আসিল—তবুও নিধু ইতস্তত করিতে লাগিল—এবং তারপরই সে হঠাৎ
কিলের টানে সব কিছু ত্যাগ করিয়া কখন উহারের বাড়ীর দিকে রওনা হইল।

মঞ্জুদের বৈঠকখানার কাছে গিয়া মনে হইল—আজ মঞ্জু তাহাকে ডাকিয়া পাঠায় নাই
তো! অথচ বোঝাই ডাকিয়া পাঠায়। মনের মধ্যে কোথা হইতে অভিমান আসিয়া জুটিল।
নিধু আর মঞ্জুদের বাড়ী না চুকিয়া গ্রামের বাহির রাস্তার দিকে বেড়াইতে গেল।

পূজার আর বেশি ঘেরি নাই। আকাশে বাতাসে যেন আসন্ন শারদীয় পূজার আভাস,
আকাশ মেঘমুক্ত, সুনীল—পাকা রাস্তার ধারে ঝোপে-ঝোপে মটরলতার খোকা-খোকা ফল
ধরিরাজে—আউশ ধান কাটা হইয়া গিয়াছে—আমন ধানের নারাল খেত ভিন্ন মাঠ প্রায়
শূন্য। পনেরোদিন বৃষ্টি হয় নাই—শুষ্ক গরম, কোনোদিকে একটু হাওয়া নাই।

একটা সাঁকোর উপর বসিয়া নিধু ভাবিতে লাগিল—মঞ্জু আজ তাহাকে কেন ডাকিল না?

ওবেলা তাহার কথাবার্তার হয়তো মনে দুঃখ পাইয়াছে। শিশিবোজলের মাঝখানে উপবিষ্ট মঞ্জুর ভরসাহারা করণ মুখের ছবি মনে আসিল। মঞ্জুকে সে কোনো দুঃখ দিবে না। এ ব্যাপার লইয়া আর কোনো কথা সে মঞ্জুকে বলিবে না।

কিন্তু রবিবার তো ফুরাইয়া আসিল। সন্ধ্যার দেরি নাই। আর কতক্ষণ? সত্যিই কি সে মঞ্জুদের বাড়ী দেখা করিতে যাইবে না? তাহা হয় না। এখন গেলে তবুও রাত্রে নটা পর্যন্ত থাকিতে পারিবে। নয় তো আবার সাতদিন অদর্শন। খাকা অসম্ভব তাহার পক্ষে।

নিজের বাড়ীর সামনে আসিয়া নিধু ইতস্তত করিতেছে—এমন সময় সে দেখিল মঞ্জু এবং তাহার পিসতুতো বৌদিদি ওদিকের পথ দিয়া আসিতেছে। নিধুকে দূর হইতে দেখিয়া মঞ্জু বলিল—ও নিধুদা, দাঁড়ান—

নিধু বলিল—ভোমরা কোথাও গিয়েছিলে নাকি, মঞ্জু?

—আমি আর বৌদি হৈমদির বাড়ী, আর ওদের পাশে পরেশকাকাদের বাড়ী বেড়াতে গিয়েছিলাম যে। সেই কখন বেলা ছুটোর সময় গিয়েচি—আসব-আসব করচি—কিন্তু হৈমদি'র মা চা খাবার না খাইয়ে ছাড়লেন না—তাই একেবারে সন্দেহ হয়ে গেল।

—তা তো জানি নে—ও!

—আপনি গিয়েছিলেন আমাদের বাড়ী?

—আমি একটু বেড়িয়ে কিরচি—তোমাদের ওখানে যাওয়া হয় নি—

—আমিও ভাবচি নিধুদা এসে কি বসে আছে? আরও তাড়াতাড়ি করচি। জিগ্গেস করুন বৌদিকে—না বৌদি?

মঞ্জুর বৌদিদি বলিলেন—হ্যাঁ, ও তো অনেকক্ষণ থেকে আসবার যৌক করচে—তা একজনের বাড়ী গেলে কি শুকুনি আসা ঘটে? বিশেষ কখনো যখন যাই নে—

মঞ্জু বলিল—আসুন নিধুদা, চলুন আমাদের বাড়ী—

নিধুর অভিমান অনেক আগেই কাটিয়া গিয়াছিল। মঞ্জু যে আজ তাহাকে ডাকিয়া পাঠায় নাই, তাহার সম্পূর্ণ যুক্তিসঙ্গত কারণ বিদ্যমান।

বাড়ীতে পৌঁছিয়া মঞ্জু বলিল—কি খাবেন বলুন নিধুদা—

মঞ্জুকে আজ ভারি সন্দেহ দেখাইতেছে। নিজের বাড়ীতে বসিয়া থাকে বলিয়া মঞ্জু কখনো সাজগোজ করে না—আজ পাড়ায় বেড়াইতে বাহির হইয়াছে বলিয়া সে চওড়া শাদা জ্বরির পাড় বসানো চাঁপা রঙের ভালো সিন্ধের শাড়ী ও ফিকে গোলাপী রঙের ব্লাউজ পরিয়াছে—কপালে টিপ, চমৎকার চিলে খোঁপা বাঁধিয়াছে—পার্সে মাত্রাজি স্কাওল—খুব মুছ এসেন্সের মৌরভ তাহার চারিপাশের বাতাসে। মুখশ্রীতে প্রগলভতা নাই, অথচ বুদ্ধি ও আনন্দের দীপ্ত সজীব ভঙ্গি তাহার মুখে, হাত-পা নাড়ার ভঙ্গিতে, কথা বলিবার ধরনে।

নিধু আমতা-আমতা করিয়া বলিল—তা—বা খাওয়াবে—

—আপনার জন্তে কি খাবার করে রেখেছিলাম জানেন? বলুন তো?

নিধু বিস্মিত কণ্ঠে বলিল—আমার জন্তে?

—হ্যা, আপনার জন্মেই। নিমকি ভেজেছিলুম নিজে বসে, দুপুরের পর একষণ্টা ধরে। বৌদি বেলে দিলে আমি ভাজলাম—গরম গরম দেব বলে আপনাকে ডাকতে পাঠাচ্ছি নুপেনকে—এমন সময় হৈমদির স্না, হৈমদি সবাই এলেন ঠেদের বাড়ী নিয়ে যেতে—

—ও, ওঁরা এসেছিলেন বুঝি ?

—ভবে আর বলচি কি ? এসে কিছুতেই ছাড়লেন না—যেতে হবে। মা বললেন— তবে তুই যা, আমি নিখুকে ডেকে খাওয়াব এখন। আমি বললাম—তা হবে না মা। আমি ফিরে এসে ডেকে পাঠাব।

—এত কথা কিছুই জানি নে আমি।

—কি করে জানবেন ? একবার ভাবলাম আপনাদের বাড়ী হয়ে যাই—কিন্তু ওঁরা সব ছিলেন—হৈমদি কিন্তু বলেছিল—

—কি বলেছিল হৈম ?

—হৈমদি বললে নির্ধূদাকে ডেকে নিয়ে গেলে হত। ওর মা বারণ করলেন।

—হৈমর মা বারণ করে ঠিকই করেচেন। হৈম শহরে-বাজারে কাটিয়েচে, পাড়াগাঁয়ের ব্যাপার ও কিছু বোঝে না। মেয়েরা যাচ্ছে বেড়াতে, তার মতো একজন পুরুষমানুষ সঙ্গে যাওয়া—লোকে কি বলবে ?

মঞ্জর উপর অভিমানের বিন্দুমাত্রও এখন আর নিধুর মনে নাই বরং মঞ্জর মেহে ও প্রীতিতে অস্বা স্বন্দেহ করার দরুন নিধু মনে-মনে বধেই লজ্জিত ও দুঃখিত হইল। মঞ্জ বলিল—বসুন, নিমকি নিয়ে আসি গরম করে, ঠাণ্ডা হয়ে গেছে খেতে পারবেন না।

—শোনো-শোনো, অত-শত করে কাজ নেই—যা আছে তাই ভালো।

মঞ্জ কিন্তু কিছুক্ষণ বিলম্ব করিয়াই গরম-গরম নিমকি আনিয়া দিল নিধুকে। বলিল—আমার ভারি মন খারাপ হয়ে গিয়েছিল নিধুদা, আপনাকে না খাওয়াতে পেরে। ভাবলাম সন্দেহ হয়ে গেল—আপনার সঙ্গে আর কখনই বা দেখা হবে! সকালে উঠে তো চলেই যাবেন—

নিধু হাসিয়া বলিল—সত্যি বলতে গেলে আমার রাগ হয়েছিল ভোমার ওপর—

—কেন, কি অপরাধ হল ?

—রোজ বিকেলে ডাকতে পাঠাও, আজ কেউ গেল না ডাকতে। আমি বড় রাত্তার দিকে বেড়াতে বার হলাম—

মঞ্জ ভ্রুকৃষ্ণিত করিয়া বলিল—ওইখানে আপনার দোষ। আমাদের পর ভাবেন কিনা তাই না ডাকলে আসেন না—

—সে জন্ত নয় মঞ্জ, ভোমরা বড়লোক, যখন তখন ঢুকতে ভয় করে—

—ওই ধরনের কথা শুনে আমার কষ্ট হয় বলেচি না ?

—মঞ্জ, তুমি আমার ক্ষমা কর। ওবেলা ভোমার মনে বড় কষ্ট দিয়েচি চোখের জল ফেলিয়েচি। সেই থেকে আমার মন মোটেই ভালো নেই। তুমি ছিলে কোথায় আর

আমি ছিলাম কোথায়, এতদিন তোমার নামও জানতাম না। কিন্তু আলাপ হয়ে পর্যন্ত তোমাকে আর পর বলে মনে হয় না। তাই এমন কথা বলে ফেলি যা হয়তো পরকে বলা যায় না। তুমি জজবাবুর মেয়ে বলে তোমার সবাই সম্মত করে চলবে—কিন্তু আমি ভাবি ও তো মঞ্জু।

মঞ্জু চূপ করিয়া রহিল।

সে কিছুক্ষণ যেন আপন মনে কি ভাবিল। পরে ধীরে ধীরে বলিল—কিন্তু মনে করি নি নিখুদা, আপনিও কিছু মনে করবেন না। ও কথা আর তুলবেন না।

তাহার কণ্ঠস্বর ঈষৎ বেদনারিষ্ট। অল্পক্ষণ পূর্বের সে হালকা স্বয় আর তাহার কথার মধ্যে নাই।

নিখু অল্প কথা পাড়িবার অল্প জিজ্ঞাসা করিল—তাহলে কি প্লে করা ঠিক করলে এবার ?

মঞ্জু যেন নিখুর প্রশ্ন শুনিতে পাইল না—সে অল্পমনস্ক হইয়া কি ভাবিতেছে। তাহার পর হঠাৎ নিখুর মুখের দিকে ব্যাখ্যান ডাগর চোখের পূর্ণ দৃষ্টিতে চাহিয়া বলিল—নিখুদা, আমার কথা বিশ্বাস করবেন ?

—কি, বল ?

—আপনার সঙ্গে আমার মন কেমন করে, আপনি এখান থেকে চলে গেলেই—

নিখু কি একটা বলিতে বাইতেছিল, মঞ্জু বাধা দিয়া বলিল—আরও জানেন, দু-শনিবার আপনি আসেন নি, ভেবেছিলুম আপনাকে চিঠি লিখে দিই আসবার সঙ্গে—কিন্তু বাড়ীর কেউ সেটা পছন্দ করত না বলে কিছু করি নি—

—আমার সৌভাগ্য মঞ্জু—কিন্তু সেই অন্তরেই মনে হয় আর তোমার সঙ্গে মেশা উচিত নয় আমার—

—কিন্তু ভাববেন না, নিখুদা। আমি ছেলেমানুষ নই—কষ্ট করতে পারব জীবনে। ও জিনিস কষ্টের অন্তরেই হয়। আপনি আশীর্বাদ করবেন যেন সহ্য করতে পারি—

নিখুর মুখ দিয়া কথা বাহির হইল না। তেঁতুলগাছে সন্ধ্যার অন্ধকারে বাহুড়ফল ডানা ঝটাপট করিতেছিল। সম্মুখে আধার রাত।

বাড়ী হইতে কিরিতে নিখুর ঘেরি হইয়াছিল। বাসায় তালা খুলিতেছে, এমন সময় বিনোদ মুহুরী আসিয়া বলিল—বাবু, এত ঘেরি করে কেললেন ? প্রায় দশটা বাজে—কেস আছে।

—মকেল কোথায় ?

—কোর্টের অশুভল্যায় বসিয়ে রেখেছি—তা আপনি এত বেলা করে কেললেন।

—চল বাই। এজাহার করিয়ে দিতে হবে ?

—হ্যাঁ, বাবু। আমি তাহলে বাই—বেহাতি হয়ে যাবে। হরিহর নন্দীর দালাল বুঝতে।

আমি ছুটে বেগতে এলাম আপনি এলেন কিনা বাড়ী থেকে—

—টাকা দেবে ?

—দু-টাকা দেবে কথা হয়েছে—

—তবে তো ভারি মক্কেল খরচ দেখি—হরিহর নন্দী দু-টাকার এজাহার করবে ?

—বাবু, এক টাকাতোও করবে। আপনি জানেন না—সাধনবাবু আট আনার^০ করবে। ওই নিরঞ্জন-মোক্তার আট আনার করবে—আপনার একটু নাম বেরিয়ে গিয়েচে—তাই। আমি যাই বাবু, সামলাই গিয়ে আগে—

পথে নিরঞ্জন-মোক্তারের সঙ্গে দেখা। নিধু বলিল—শুনচ হে, মক্কেল একে নেই—তার ওপর দালালে বোধ হয় ভাঙিয়ে নেয়—তাই ছুটুটি—

নিরঞ্জন হাসিয়া বলিল—ছুটো না হে, বিনোদ যতটা বলেচে ততটা নয়। কেউ কাব্যে মক্কেল ভাঙয়ে না ওভাবে।

—কি করে জানব—বিনোদ বললে তাই শুনলাম—

—হরিহরবাবু দালাল লাগিয়ে তোমার-আমার দু-টাকার মক্কেল ভাঙিয়ে নেবেন—সে লোক তিনি নন। ছুটো না, হোঁচট খেয়ে পড়ে যাবে—আস্তে আস্তে চল।

না তাই, বিশ্বাস নেই কিছু। মক্কেল বেহাতি হয়ে গেলে তখন কেউ দেখবে না—আমি এগুই—

না, মক্কেল ষ্ট্রিক হাভেই আছে, বিনোদ দাঁত বাহির করিয়া আসিয়া জানাইল। নিরঞ্জন অল্পক্ষণ পরে কোর্টের প্রাঙ্গণে পৌঁছিয়া বলিল—কি হে হাঁপাচ্চ যে। মক্কেল পেলো ?

—হ্যাঁ তাই—

—ওসব মুহুরীদের চালাকি। কোথায় যাবে মক্কেল ? মুহুরীরা কাজ দেখাচ্ছে তোমার কাছে। নিজের বাহাদুরী করবার স্বযোগ কি কেউ ছাড়ে ?

সাধন-মোক্তার দূর হইতে নিধুকে দেখিতে পাইয়া বলিলেন—ও নিধিরাম, বাড়ী থেকে এলে কখন ? ভালো সব ? শোনো—

—কি বলুন সাধনবাবু—

—ওহে ইন্টারভিউ-লিস্টে তোমার নাম উঠেচে দেখলাম যে ! কে নাম দিলে হে ?

—তা তো জানিনে। তবে আমার মনে হয় সাবডেপুটিবাবু—উনিই এস. ডি. ও.-কে বলে করিয়েছেন।

—বেশ, বেশ—দেখে খুশি হলাম।

বেলা তিনটার সময় নিরঞ্জন গোপনে নিধুকে বলিল—একটা কথা আছে, বেকরবার সময় আমার সঙ্গে একা যাবে। জরুরী কথা। কাউকে সঙ্গে নিও না।

—কি এমন জরুরী কথা হে ?

—এখন বলব না। কে শুনে ফেলবে।

আরও আধঘণ্টা পরে দুজনে বাহির হইয়া চলিয়া যাইতেছে—এমন সময় বার-লাইব্রেরীর চাকর কিরিঞ্জি আসিয়া বলিল—বাবু ছুটি ভো এলে গেল—হামার বখশিস ? এবার পূজোতে

নিধিরামবাবুর কাছে ধুতি-টুতি নিবো। ফিরিকির বাড়া ছাপরা জেলায়—আজ প্রায় চল্লিশ বছর রামনগরে আছে—কথাবার্তায় ও চালচলনে বতদূর বাঙালী হওয়া তাহার পক্ষে সম্ভব তাহা সে হইয়াছে। ফিরিকির ছেলে-মেয়েরা বড়-বড় হইয়াছে, তাহাদেরও বিবাহ হইয়া ছেলে-মেয়ে হইয়া গিয়াছে ; ফিরিকির বাড়ীর ছেলে-মেয়ে ভালো বাংলা বলে।

নিধিরাম বলিল—কেন, এত বড় বড় বাবু থাকতে আমার কাছে কেন রে ?

—আপনিও একদিন বড় হবেন বাবু। বাবু-লাইবিরিতে আমি আজ তিশ বছর নোকরি করছি, কত বাবু এল, কত বাবু গেল। ওই হরিবাবু নেংটি পিন্‌হে এসেছিল—আজকাল বড় সওয়াল-জবাব করনেওয়াল। সব দেখছ, আপনারও হোবে নিধিরামবাবু। একটা ধুতি নিব আপনার কাছ থেকে—মেজিস্ট্রেটের সঙ্গে আপনার মোলাকাৎ হবে সুনন্দ শনিবারে—

—তুই কোথা থেকে সুনন্দি রে ফিরিকি ?

—সব কানে আসে, বাবু, সব সুনন্দে পাই—

ফিরিকি হাসিতে-হাসিতে চলিয়া গেল। আর কিছু আগাইয়া নিরঞ্জন বলিল—তোমার সঙ্গে ম্যাজিস্ট্রেটের ইন্টারভিউ আছে শনিবারে। তার জন্তে অনেকে তোমার ওপর বড় চটেচে হে—বিগ ফাইন্ডের মধ্যেও কেউ-কেউ আছেন। ওঁদের অনেকের নাম ইন্টারভিউ লিস্টে নেই—অথচ তুমি জুনিয়ার মোক্তার তোমার নাম উঠল—ভয়ানক চটেচে অনেকে—

নিধু বিস্মিত হইয়া বলিল—ভাতে আমার হাত কি হে! তা আমি কি করব।

—সবাই বলে, বড় হাকিমের খোশামোদ করে বেড়াও নাকি। চোখ টাটিয়েচে অনেকের। হাকিমে তোমার কথা বেশি শোনে আজকাল—এই সব। বিশেষ করে এই ইন্টারভিউয়ের ব্যাপারে তুমি কি কারো কারো নাম দিতে বারণ করেছিলে? এ সম্বন্ধে কোনো কথা হয়েছিল তোমার সুনীলবাবুর সঙ্গে?

—আমি! আমার সঙ্গে পরামর্শ করবেন সাবডেপুটি বাবু! আমি বারণ করেছি নাম দিতে!

—অনেকের ভাই ধারণা।

—কার-কার নাম দিতে বারণ করেচি?

—এই ধর হরিহর নন্দীর নাম নেই, শিববাবুর নাম নেই—বড়দের মধ্যে। আর ছোটদের মধ্যে তো কারো নাম নেই—এক তুমি ছাড়া।

—তুমি বিশ্বাস কর আমি বারণ করেচি?

—আমার কথা ছেড়ে দাও। আমার বিশ্বাস-অবিশ্বাসে কিছু আসবে বাবে না—কিন্তু বাবু-লাইব্রেরীর সবাই তোমার ওপর একজোট হলে তোমার বড় অসুবিধা হবে। মক্লেসের কানে মন্ত্র ঝাড়বে, আমিন পাবে না—নানাদিক থেকে গোলমাল—

—বহুকাকাও কি এর মধ্যে আছেন নাকি?

নিরঞ্জন দ্বিত কাটিয়া বলিল—আরে রামো:—নাঃ। তা ছাড়া তিনি মামী লোক,

তিনি ইন্টারভিউ লিস্টে প্রথম দিকে আছেন—কোনো ছ্যাচড়া কাজে তিনি নেই।

—আমি এর কিছুই জানি নে ভাই। সুনীলবাবু সেদিন বললেন, আপনার সঙ্গে ম্যাজিস্ট্রেটের ইন্টারভিউ করিয়ে দেব—আমার ইচ্ছে ছিল না। উনি হাকিম মাহুদ, অল্পরোধ করলেন—কি করি বল। আর আমি দিয়েছি বারণ করে তাঁকে। নিজের জন্তেই বলি নি, অপরের জন্তে বারণ করতে গেলাম ?

—আমায় বলে কি হবে ভাই ? আমি তো চুনো-পুঁটির দলে। কথাটা কানে গেল তোমাকে বললাম। আমি বলেছি, কারো কাছে যেন বলো না যে—

সন্ধ্যার পর তাহার বাসায় হঠাৎ সাধন-মোক্তারকে আসিতে দেখিয়া নিধু একটু আশ্চর্য হইল। সাধন বলিলেন—এই যে বসে আছ নিধিরাম ? বেড়াতে বার হওনি যে ?

নিধু বুকিল ইহা ভূমিকা মাত্র। আসল কথা এখনও বলেন নাই সাধন। অবশ্য অল্প পরেই তিনি তাহা প্রকাশ করিলেন। ম্যাজিস্ট্রেটের সহিত তাঁহার ইন্টারভিউ করাইয়া দিতে হইবে নিধিরামের। তাঁহার নামে যেন একখানা কার্ড আসে।

নিধু অবাক হইয়া গেল। সে সাধনকে যথেষ্ট বুঝাইতে চেষ্টা করিল যে এ ব্যাপারের মধ্যে সে নাই। এ কি কখনো সম্ভব—সাধনবাবুর মতো প্রবীণ মোক্তার কি একথা ভাবিতে পারেন যে এস. ডি. ও. তাহার মতো একজন জুনিয়র মোক্তারের পরামর্শ লইয়া লিস্ট ভৈরি করিবেন ? এসব কথা ভিত্তিহীন। তাহার কোনো হাত নাই, সে জানেও না কিছু। একথা সাধন কতদূর বিশ্বাস করিলেন তাহা বলা যায় না—বিদায় লইবার সময় বলিলেন—আর ভালো কথা, ওহে আমি আর একটা অল্পরোধ তোমায় করছি, এই অত্রাপে এইবার শুভ কাজটা হয়ে থাক—তোমার আশাতে বাড়ীস্বল্প বসে আছে। বাড়ীতে এদের তো তোমাকে বড় পছন্দ—আমায় কেবল খোঁচাচ্ছে। কোর্ট বন্ধের দিন তোমায় যেতেই হবে।

নিধু মনে-মনে ভাবিল—বোধ হয় তাহলে বড় ভাল আঁকড়াতে গিয়ে ফসকে গিয়েচে। তাই গরীবের ওপর কৃপাদৃষ্টি পড়েচে আবার। মুখে বলিল—আপনার বাড়ী যাব, সে আর বেশি কথা কি—বলব এখন পরে। তবে ইন্টারভিউর ব্যাপারে আপনি একেবারে সত্যি জেনে রাখুন সাধনবাবু, ধর্মত বলছি, এর বিন্দুবিসর্গের মধ্যে নেই আমি। বিশ্বাস করুন আমার কথা।

সাধন-মোক্তার দাঁত বাহির করিয়া হাসিতে হাসিতে চলিয়া গেলেন।

শুক্রবার রাতে সাবভেপুটির চাপরাশি আসিয়া নিধুকে ডাকিয়া লইয়া গেল সকাল-সকালই।

সুনীলবাবু বলিলেন—খবর সব ভালো ?

—আজ্ঞে হ্যা—

—লালবিহারীবাবুদের বাড়ীয সব—চিঠি দিয়েছিলেন ?

—আজ্ঞে হ্যা।

—কাল শনিবার যেতে পারব না—পরের শনিবারে যাব—আপনিও থাকবেন। এবার বোধ হয়, আপনাকে বলি—

সুনীলবাবু হঠাৎ সলজ্জকণ্ঠে বলিলেন—বাবা বোধ হয় আসবেন রবিবারে। উনিও যেয়ে দেখতে যাবেন—উনি লিখেচেন—আপনার শরীর অসুস্থ নাকি ?

নিধু আড়ষ্ট হয়ে বলিল—না, এই—আজকাল কাজের চাপ হুটের আগে, তা ছাড়া মাঝে-মাঝে ম্যালেরিয়াতে ভুগি—

—একটু গরম চা করে দেবে ? ও আপনি চা খান না, ইয়ে কোকো খাবেন ? *

—থাক গে। বয়ং জল এক গ্লাস—

—হ্যা, হ্যা—ওরে বাবুকে এক গ্লাস জল। তারপর শুয়ে একটা কথা—

—আজ্ঞে বলুন—

—ভুললোকের কাণ্ড। কি করি—সাধনবাবু সেদিন এসেছিলেন ঠাঁর বাড়ী আমাদের নিয়ে যেতে মেয়ে দেখতে—শুনেনেন সে কথা ? শোনেন নি ?

—না। আপনি গিয়েছিলেন নাকি ?

—যাই নি। আমি ঠাঁকে খুলে বললুম—কুড়ুলগাছির লালবিহারীবাবুদের সঙ্গে এ নিয়ে কথাবার্তা এগিয়েচে। বোধ হয় সেখানেই—বাবা নিজে আসচেন মেয়ে দেখতে। এ অবস্থায় অন্তত আর—

তাই। নিধু আগেই আন্দাজ করিয়াছিল সাধন বুড়োর দরদেব আসল কারণ। কথাটা নিরঞ্জনকে বলিতে হইবে। ওই একজন সমবয়সী বন্ধু আছে রামনগরে—সুখহুঃখের কথা বাহার কাছে বলিয়া সুখ পাওয়া যায়। যে বুদ্ধিতে পারে, দরদ দিয়া শোনে।

শনিবার ম্যাজিস্ট্রেটের সহিত ইন্টারভিউ পর্ক বেলা দেড়টার মধ্যে যিটিয়ে গেল। মহকুমার অনেক বিশিষ্ট লোক উপস্থিত। ভিড়ও খুব। এ ঘে সময়ের কথা বলা হইতেছে—তৎকালে ম্যাজিস্ট্রেটের সঙ্গে করমর্দন করা সুখবিরল ও বশবিরল পৃথিবীর একটা প্রধান সুখ, একটা প্রধান সম্মান। ম্যাজিস্ট্রেট আহেলা বিলাতী আই. সি. এস.। নাম রবিনসন—লম্বা বলিষ্ঠ চেহারা। চেহারার দিকে কিছুক্ষণ চাহিয়া থাকিতে ইচ্ছা করে।

এস. ডি. ও. হাসিয়া নিধুকে আগাইয়া দিয়া বলিলেন—বাবু নিধিরাম চৌধুরী—মুক্টিয়ার—

ঠিক পূর্বে সরিয়া গিয়াছেন লোকাল বোর্ডের মেম্বর শশিপদ বাবু। সাহেব সহাস্তবধনে হাত বাড়াইয়া দিয়া বলিলেন—গুড্, আফটারহুন, বাবু, সো গ্যাড্ টু মিট ইউ—

নিধু ঘামিয়া উঠিয়াছে। সে হাত বাড়াইয়া ম্যাজিস্ট্রেটের হাতে দিবার সঙ্গে-সঙ্গে মাথা নিচু করিয়া সেলাম হুকিল। মুখে বলিল—গুড্, আফটারহুন, স্যর—ইরোর অন্যর—

ম্যাজিস্ট্রেট তাহার দিকে চাহিয়া ভদ্রতা-সুচক হাসিলেন। ইন্টারভিউ শেষ হইয়া গেল। আজ আর কান্নকর্ম নেই।

ডাক-বাংলা হইতে বাসার আসিবার পথে নিধু তাবিয়া ঠিক করিল আজ সে কুড়ুলগাছি

যাইবে। যদিও বলিয়া আসিয়াছিল যাইবে না, কিন্তু যখন সকাল-সকাল কাজ মিটিয়া গেল—তখন আজই এখনি বাহির হইয়া পড়িতে হইবে। সামনের শনিবারে বরং যাইবে না বাড়ী—সুনীলবাবু এবং তাঁহার বাবা বেদিন-মেয়ে দেখিতে যাইবেন—সেদিন তাহার না থাকিলেও কোনো পক্ষের ক্ষতি নাই।

আজ শরীরটা কিন্তু সকাল হইতেই ভালো নয়। জরআড়ি হইতে পারে। সারা গায়ে যেন বেঘন। তবুও বাড়ী আজ তাহার যাওয়া চাই-ই। আজ মঞ্জুক সে পাইবে পূর্বানো দিনের মতো। বাড়ীতে ভাবী আত্মীয়-কুটুম্বেরা ভিড় করিবে না আজ।

শরতের রৌদ্র নীল আকাশের পেয়লা বাহিয়া উপ্চাইয়া পড়িতেছে। পথের ধারে ছায়া, ঝোপে সেই দিনের মতো মটরলতার তুলুনি। ছোট গোরালে লতার ফুল ধরিয়াছে। শালিক ও ছাতারে পাখির কলরব মাথার উপরে।

পথ হাঁটিতে আরম্ভ করিয়াই নিধু দেখিল তাহার শরীর যেন ক্রমশ খারাপ হইয়া আসিতেছে। শরতের ছায়াভরা বাতাস গায়ে লাগিলে যেন গা শিরশির করে। নিধু মাঝে মাঝে কেবলই বসিতে লাগিল—এ সাঁকোর বসে, আবার ও সাঁকোর বসে। সাঁকোর নিচেই গত বর্ষার বন্ধ জল, অল্প সময় তাহার যে একটা গছ আছে—ইহাই নিধুর নাকে লাগিত না—আজ গছটার তাহার শরীরের মধ্যে যেন পাক দিতেছিল। সাঁকোর বলিয়া অল্পমনস্কভাবে বাঁশবনের মাথার উপরে মেঘমুক্ত নীল আকাশে শরতের শুভ্র মেঘের খেলা লক্ষ্য করিতেছিল। মেঘের দল লঘুগতিতে উড়িয়া চলিতে-চলিতে কত কি জিনিস তৈরি করিতেছে—কখনো ছুর্গ, কখনো পাহাড়, কখনো সিংহ, কখনো বহুদূরের কোন অজানা দেশ—উপরের বায়ুস্তোভ আবার পর-মুহূর্তে সেগুলোকে চূর্ণ করিয়া উড়াইয়া দিতেছে—এই আছে, এই নাই—আবার নব-নব শুভ্র মেঘসজ্জা, আবার কল্পনার কত কি নতুনের সৃষ্টি। শুভ্র মেঘের সৃষ্টি—সে আবার টেকে কতক্ষণ ?

কে একজন ডাকিয়া বলিল—বাবু, আপনি এখানে শুয়ে আছেন সাঁকোর ওপর ? কবে যাবেন ?

পথ-চলতি চাষা লোক। নিধু বলিল—যাব কুড়লগাছি। জ্বর এসেচে তাই একটু শুয়ে আছি।

—আমি আপনাকে সঙ্গ করি নিয়ে যাবামু, উঠুন আমি—কতক্ষণ শুয়ে থাকবেন ?

—না বাপু। আমি একটু জিরিয়ে নিলেই আবার ঠিক হাঁটব—তুমি যাও।

লোকটা চলিয়া গেল—কিন্তু যাইবার সময় বাব-বাব পিছনে তাহার দিকে চাহিতে চাহিতে গেল। লোকটা ভালো। শরীর ভালো না থাকিলে কিছুই ভালো লাগে না। ম্যাজিস্ট্রেটের সঙ্গে হাঁটারভিড় হইল—কোথায় মন বেশ খুশি হইবে, গায়ে গিয়া গল্প করিবার মতো একটা জিনিস হইল—তা না, সে যেন মনে কোনো ধাগই দেয় নাই। কিন্তু এই জ্বরের ঘোরে মঞ্জুক যেন কোন অপাখির দেশের দেবী হইয়া তাহার লক্ষ্মণে আসিতেছে। মঞ্জুকের একদিন থাকুনো হইল না—পরশা জমে না হাতে তা কি করা যায় ? সামনের শনিবারে তো বাড়ী

যাইবে না—পরের শনিবারে হইবে। আচ্ছা, বার-লাইব্রেরীর সকলে কি তাহাকে বয়কট করিবে? যদি করে সে তো নিরুপায়। তাহার কোনো দোষ নাই, আর কেউ না জানে, সে তো জানে! সে খেছার কাহারো অনিষ্ট করিতে যাইবে না।

অতি কষ্টে আরও কয়েক মাইল পথ সে অতিক্রম করিল।

পথ তাহাকে যে করিয়াই হোক, অতিক্রম করিতেই হইবে। এই দীর্ঘ, ক্রান্ত পথের ওপ্রান্তে হান্সমুখী মঞ্জু যেন কোথায় তাহার জন্ম অপেক্ষা করিয়া আছে। আজ না গেলে আর তাহার সহিত যেন দেখাই হইবে না। দুদিনের জন্ম আসিয়াছিল—আবার বহু, বহু দূরে চলিয়া যাইবে।

সন্ধ্যার আর দেরি নাই। ওই সন্দেশপুর—সেই মৌলবীসাহেবের পাঠশালা সন্দেশপুর বাওড়ের ধারে। বাওড়ের বর্ষার জল রাস্তায় কিনারা ছুঁইয়াছে—ওদিকে গাছের গুঁড়ির সাঁকোর উপর দিয়া ধান বোঝাই মহিষের গাড়ী পার হইতেছে।

আর এইটুকু গেলেই তাহাদের গ্রাম। সন্ধ্যার শীথ বাজিবার সঙ্গে-সঙ্গেই গ্রামের পথে সে পা দিবে।

অমনি মা আগাইয়া আসিয়া বলিবে—এই যে নিধু এলি বাবা! বলেছিলি আজ যে আসবি নে?

হয়তো বা বাড়ী পৌঁছিলে একথা তাহার মা তাহাকে বলিয়াও থাকিবেন—কিন্তু আচ্ছন্ন ঘোর-ঘোর ভাবে সন্ধ্যার অন্ধকারে কখন সে বাড়ী চুকিয়াছিল টলিতে-টলিতে—কখন বাড়ীর লোকে তাহাকে ধরিয়া লইয়া গিয়া বিছানায় শোয়াইয়া দিয়াছিল—এ সকল কথা বলিয়া তাহার মনে নাই।

দুইমাস যোগের ঘোরে কখনও চেতন, কখনও অচেতন বা অর্ধচেতন ভাবে কাটিবার পর নিধুর জীবনের আশা হইল। ক্রমে সে বিছানার উপর উঠিয়া বসিতে পারিল। ডাক্তার গিয়াছে আর ভয় নাই।

নিধুর মা পুত্রের সেবা করিতে-করিতে রোগা হইয়া পড়িয়াছেন। সে চেহারা আর নাই মায়ের।

নিধুর সামনে সাবুর বাটি রাখিয়া বলিলেন—আঃ বাবা, রামগড় থেকে শশধরবাবু ডাক্তার পর্যন্ত এসেছিলেন দুদিন—

নিধু ক্রীণ স্বরে বলিল—শশধরবাবু। সে তো অনেক টাকার ব্যাপার!

—টাকা কি লেগেছে আমাদের? আহা, আর জয়ে পেটের ঘেরে ছিল ওই মঞ্জু—মিন-রাতের মধ্যে যে কস্তার আস্ত, বলে থাকত—সে-ই তো সব বোগাড়বন্দ করে দিলে জজবাবুকে বলে—জজবাবুও হামেশা আসতেন—গাঁয়ের লবাই আসত-বেত। সেদিনও জজগিরি বলে গেলেন—টাকা খরচ সার্থক হয়েছে, প্রাণ পাওয়া গেল এই বড় কথা। বিখ্যে কথা বলব কেন, লবাই বেখেচে, ডনেচে, করেচে। তুবন গাভুলির ঘেরে হৈম পর্যন্ত শস্তর-বাড়ী বাওয়ার আগে বোজ একবার করে আসত। মা শিচ্ছেবরী কালী মুখ তুলে চেয়েচেন।

সকলে ভো বলেছিল এই বয়সে টাইকয়েড—

মঞ্জু! অনেক দিন পরে নিধুর রোগক্ষীণ শ্রুতিপটে একখানি আনন্দময়ী বালিকাশ্রুতি
অপট ভাসিয়া উঠিল। অনেক দিন এ নাম কানে যায় নাই। কঠিন রোগ ভাহাকে মৃত্যুর
যে ঘনাকার রহস্তের পথে বহুদূর টানিয়া লইয়া গিয়াছিল, হয়তো সে পথের কোথাও
কোনোদিন চেতনাহীন মূর্ছেরে সে একটি বালিকা-কণ্ঠের মহাহুভূতিমাখা উৎসুক স্বর শুনিয়া
থাকিবে, হয়তো তাহার দয়ালু হস্তের মৃদু পবন অঙ্গে লাগিয়া থাকিবে—নিধু তাহা চিনিতে
পারে নাই—ধারণাও করিতে পারে নাই।

সে কিছু বলিবার আগেই তাহার মা বলিলেন—ও শনিবারে বাবার দিনটাতেও মঞ্জু এসে
কতক্ষণ বসে রইল। বললে, বাবার ছুটি ফুরিয়ে গেল তাই যেতে হলে আঠাইয়া, নইলে
নিধুদ্বাকে এ ভাবে দেখে যেতে কি মন সরে! বাবার কোট ধুববে অগছাত্ত্রী পূজোর পরে,
আর থাকবার ঘো নেই। চোখের জল ফেললে সেদিন বাছা আমার! একেবারে খেন
আমার পেটের মেয়ে—বললাম 'খে'। অমন মেয়ে কি হয় আজকালকার বাজারে! তাই
ভো বলি—

মায়ের বাকি কথা নিধুর কানে গেল না।

আরও দিন পনরো কাটিয়া গিয়াছে।

নিধু এখন লাঠি ধরিয়া সকালে-বিকালে একটু করিয়া বাড়ীর কাছের পথে বেড়ায়।

মঞ্জুদের বাড়ী তালাবদ্ধ। কেহ কোথাও নাই।

আগেও তো কেহ ছিল না এ বাড়ীতে, কখনো কেহ থাকিত না, এখনো কেহ নাই,
ইহাতে নতুন কি আছে?

এই শেষ হেমস্তের ঈষৎ শীতল অপরাহ্নগুলিতে আগে-আগে বন ছোট গোরালে-লতার
জলে জজবাবুদের বাড়ীর সদর-দরজা ঢাকিয়া থাকিত—সে আবাল্য দেখিয়া আসিত্তেছে—
বছরের পর বছর কাটিবার সঙ্গে-সঙ্গে সে বন আবার গজাইবে। মধ্যে যে আসিয়াছিল, সে
তো ছুদিনের স্বপ্ন।

ছহুজলে মাছের ডালা মাথায় করিয়া চলিয়াছে। তাহাকে দেখিয়া বলিল—এই যে
দাদাঠাকুর, আজকাল একটু বল পাচ্ছেন?

—হ্যাঁ ছহু, ডাক্তার বলেচে একটু বেড়াতে সকাল-বিকাল।

—তা বান, বেলা গিয়েচে, আর ঠাণ্ডা লাগাবেন না—কার্ত্তিকে হিম—আপনার ভো
পুনরজন্ম গেল এবার।

—কপালে ভোগ থাকলে—

—তাই দাদাঠাকুর তাই। কপালই সব। এখন পূজোভা গেল জজবাবুদের বাড়ী।
কি খাওয়ান-দাওয়ান, আমাদের এতক হেল তেল। জজবাবু নিজে মাঝে দাঁড়িয়ে—ছহু,

ভাল করে খাও বাবা, যা ভালো লাগে মুখে চেয়ে নিও। অমন মাহুঁষ আর হয় না।

নিধু বাড়ীর দিকে কিরিবার আগে কেহ কোনোমিকে নাই দেখিয়া বহু সময় কাক
দিয়া লজবাবুর বাড়ীর মধ্যে একবার উঁকি দিয়া দেখিবার চেষ্টা করিল।

ভালো দেখা গেল না! হেমন্ত সম্ভার অঙ্ককার বনাইয়া আনিয়াছে গাছপালার।